সমাচার দর্পণ

১১২১ সংখ্যা। বালম ১৯।] ৭ জানুআরি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ২৫ পৌষ। SATURDAY, JANUARY 7TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1121. Vol. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price— Rupee monthly.

ইশতেহার।

সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাত আপীলকরণবিষয়ে খবর দেওয়া যাইতেছে যে এক মাতবর সাহেব বিলাতে এক এজেন্সি হৌস করিয়াছেন। সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাতে বাদশাহী কৌ.. (সে)লে আপীল করিবার কারণ ঐ সাহেব সদর দেওয়ানীহইতে আপীলের মোকদ্দমা কিছু লইয়া বিলাত গিয়াছিলেন তাহা হাসিল করিয়া সংপ্রতি কলিকাতায় আসিয়াছেন এবং প্রিবি কৌন্সেলের ভারি জমিদারীসম্পর্কীয় আর এক ডিক্রী রদ করিয়াছেন এমত্প্রকার কেহ কখন করিতে পারেন নাই। সদর দেওয়ানীর মোকদ্দমার উপর বিলাত আপীল করিবার কারণ এবং যে সকল ভারি মোকদ্দমা বহুকালাবধি বিলাত আপীলে শেষ হয় নাই তাহাও হাসিল করিবার কারণ বিলাতে অতিউপযুক্ত কৌন্সেলি মোকরর করিয়াছেন এবং বিলাতে কোম্পানির তরফ উকীল মিসর্স এড্‌য়ার্ড ও জান লাফোর্ড সাহেব মোকরর আছেন তাঁহারদিগকে উকীল নিযুক্ত ক[রি]য়াছেন অতএব যাঁহারদিগের মোকদ্দম[া বি]লাত আপীলে আছে কিম্বা করা আব... ক হয় ... মেরনেল ও এ... সাহেবের আপীসে আসিয়া আপনং ... হওয়াল জানাইবেন ঐ সাহেবের দ্বার ... [মো]কদ্দমার তদবীরাত হইতে পারিবে[ক]। ইতি।

ভূ...

...তলার রাস্তা ... বহু ...

ইশতেহার ... মি ১২ জানুআ[রি] ... কুক সাহে[ব] ... আজ্ঞাক্র[মে] ... হাজার ... নীচে লি[খিত] ... ব্যক্তি ... ক্রয় ক[রি]... বিশে[ষ] ... ...কাতে ... কেরায়া ... বধি সাড়ে ... ইয়াছেন ... বাটীর মের[ামত] ... চে করিবেন। ঐ ভূমি স... কাঠা তাহা ... উক এবং তা... ারা কোম্পা[নি] ... পূর্ব্বরূপে মে... অনেক বৎস[র] ... র্ব্বসাধারণ ... ার প্রস্তাব ... শে এই ...

বিক্রয়।

... মৃত জান কুক সাহেবের ...ূল্য ভূমি। ...ওয়া যাইতেছে যে আগা... বৃহস্পতিবারে মৃত জান ...ষ্টেটের একসেক্যুটরের ... হিকি কোম্পানি বাটি ...০ কোম্পানির টাকাতে ... ভূমি নীলামে ধরিয়া যে ...কিবে তাহার নিকটে বি...

... রাস্তায় যে অতিপ্র... ২ বাটী ও ভূমিতে ... সাহেবের লিবরি... লা ছিল তাহা এই ... মাসে সিক্কা ৫০০ টা... রয়া আছেন তাঁহারা ঐ ...মি ১ দিসেম্বর তারিখঅ... বৎসরের নিমিত্ত ভাড়া ল... এই বন্দোবস্ত আছে যে ঐ ...ীকার্য্য তাঁহারা নিজ খর...

...সুদ্ধ ৪।।২ চারি বিঘা বার ...ছু কমী হউক বা বেশী হ... । সংপ্রতি বর্ণ কোম্পানির ...র ৫২৭৮৬৵৯ খরচে স...মৎ হইয়াছে। ...রাবধি ধন অর্পণের নিমিত্ত ...লাকের প্রতি যেমন সুযো... ...য়ে নাই তদ্রূপ সুযোগ এই ... বিক্রয়েতে দর্শান যাইতে...

ইশতেহার

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোনং আইনহইতে সংগ্র হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোনং স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোনং আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম ... লি... যে স্থ...

...পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোনং আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জম হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যেং বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ইশতেহার।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত [হ]ইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকা[শক অ]নেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড [ও] তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইশতেহার।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীম ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূ[ল্য] ৪ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ১ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং [চা]ণক্যের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধানং পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ১০ টাকা।

Just published from the Serampore Press,

THE

HISTORY OF INDIA,

FROM

REMOTE ANTIQUITY TO THE ACCESSION OF THE MOGUL DYNASTY;

COMPILED

FOR THE USE OF SCHOOLS,

BY

JOHN C. MARSHMAN.

Price, Eighteen Annas.

সমাচার দর্পণ

শনিবার ৭ জানুআরি ১৮৩৭।

শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের রাত্রীয় সমাজ।

গত মঙ্গলবার সায়ংসময়ে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের রাত্রীয় তৃতীয় সমাজে ইউরোপীয় ও এতদ্দেশীয় অনেক [illegible] লোকের সমাগম হইয়াছিল তাহাতে সুদর্শনার্থ যে সকল বস্তু বিস্তারিত থাকে তন্মধ্যে অতিসুদৃশ্য দুই রৌপ্যের গাড়ু ছিল তাহার এক গাড়ু শ্রীলশ্রীযুক্তের ব্যয়ে পিটর কোম্পানিকর্তৃক প্রস্তুত হয় দ্বিতীয়টা শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুরের ব্যয়ে হামিল্টন কোম্পানিকর্তৃক নির্মিত হয়। শেষোক্ত গাড়ুর ওজন হাজার ভরির ন্যূন নহে উভয়েরি কারুকার্য্য অতিবিস্ময়নীয় তাহাতে এতদ্দেশীয় কারিকরেরদের অত্যন্ত প্রশংসা হয়। ঐ উভয় গাড়ু আগামি ঘোড়দৌড়ে পুরস্কারার্থ প্রদত্ত হইবে। ঐ বৈঠকের অপর এক প্রকোষ্ঠে অত্যদ্ভুত মাইক্রোস্কোপ অর্থাৎ যাহার দ্বারা অতিক্ষুদ্র পদার্থ অতিবৃহৎ দৃষ্টি হয় এমত এক দূরবিন বিশেষ দর্শিত হইল [illegible] হওয়া গেল যে তদ্দ্বারা [illegible] তিন সহস্র গুণ অধিক বড় দেখা গেল তৎকরণক প্রজাপতি ও [illegible] ও পদ দর্শিত হইলে পর ঐ দূরবিনের মধ্যে কিঞ্চিৎ জল নিক্ষেপ করাতে তৎক্ষণাৎ প্রত্যক্ষ হইল যে যে নির্ম্মল জলে চক্ষুর দ্বারা কিঞ্চিন্মাত্র দৃষ্টি গোচর হয় না ঐ জল সহস্র২ অনেক কীটেতে পরিপূর্ণ তন্মধ্যে কতক কীট অতিবৃহৎ বোধ হওয়াতে যৎপরোনাস্তি বিস্মিত হওয়া গেল অধিকন্তু এতদ্দেশীয় যে সকল মহাশয়েরা তৎসভায় উপস্থিত ছিলেন তাঁহারা অতি চমৎকৃত হইলেন। অতএব দেখুন অনেক ধার্ম্মিক হিন্দু জীবহিংসাবিষয়ে মহাভীত হইয়াও নিঃসন্দেহে জল পান করিয়া থাকেন কিন্তু দূরবিনের দ্বারা দৃষ্ট হইল যে এক গণ্ডূষ জলপানকরণেতেও সহস্র২ জীবহিংসা হয়।

আফীম নীলাম।

বর্ত্তমান বৎসরে ৪ জানুআরি বুধবারে আফীমের প্রথম নীলাম হইল। ঐ নীলামে ৫০০০ সিন্দুক পাটনাই এবং ২০০০ সিন্দুক বারাণসীর আফীম বিক্রীত হয়। নীলামের পূর্ব্বে বাজারের মত অনুভব করা গিয়াছিল যে আফীমের মূল্য সিন্দুকপ্রতি ১৩৭৫ টাকার অতিরিক্ত অধিক হইবে না কিন্তু পাটনাই আফীম ১৬০০ টাকা এবং বারাণসীর ১৪৭০ টাকা মূল্যে গড়ে বিক্রয় হইল। প্রথম লাট ১৩৭০ টাকায় বিক্রয় হয় তৎপরে ক্রমশঃ ১৬৮৫ টাকাপর্য্যন্ত বৃদ্ধি হইল অতএব এই অদ্ভুত নীলামে যত টাকার মাল বিক্রয় হয় তাহার জুমলা ১ কোটি ১০ লক্ষ টাকার ন্যূন নহে ঐ টাকা গত বৎসরীয় প্রথম নীলামের টাকাপেক্ষা দ্বিগুণ হইয়াছে। গবর্ণমেণ্টের এমত অপেক্ষা ছিল না যে এক নীলামে এমত অসীমপ্রায় টাকা পাওয়া যাইবে। ইহাতে সরকারী কোষ পূর্ণ হইবে এবং ভরসা হয় যে গবর্ণমেণ্ট দৈশিক মঙ্গলার্থ নানা ব্যাপারে প্রবর্ত্তনে অনায়াসে সমর্থ হইতে পারিবেন।

ব্যবস্থাপক কমিস্যন।

ব্যবস্থাপক কমিস্যনের এক জন মেম্বর শ্রীযুত কামিরণ সাহেব অস্বাস্থ্যপ্রযুক্ত উত্তমাশা অন্তরীপে গমন করাতে শ্রীযুত ফ্রেডরিক মিলেট সাহেব তৎপদে নিযুক্ত হইয়াছেন ইনি বহুকালাবধি উক্ত কমিস্যনের সেক্রেটরীপদে নিযুক্ত ছিলেন এবং শ্রীযুত জন পিটর গ্রাণ্ট সাহেব শ্রীযুত মিলেট সাহেবের পরিবর্ত্তে সেক্রেটরীপদাভিষিক্ত হইলেন।

SUMACHAR DURPUN.

SATURDAY, 7TH JANUARY, 1837.

Lord Auckland's Soiree.

Lord Auckland's third Soiree was numerously attended by Europeans and Natives last Tuesday evening. Among the objects laid out for inspection were two splendid silver cups, one prepared at the expense of his Lordship by Pittar and Co. the other at the expense of Baboo Dwarkanath Tagore by Hamilton and Co. The weight of the latter is not less than a thousand tolas. The workmanship of both is most exquisite, and does infinite credit to the workmen of this country. They are both to be given as prizes at the ensuing races. At this soire in another chamber, a most splendid microscope was exhibited, by which objects were magnified, we heard, three thousand fold. After the wings and legs of moths and flies had been exhibited, a quantity of water was placed in the microscope, when it immediately appeared that this pure water, in which the eye could detect nothing, was filled with thousands of living animalculæ, some of them of a very large size. This excited very great astonishment, especially among the Native gentlemen who were present. The Hindoos, who are afraid to take away life, drink water without hesitation; but by this microscope it is discovered, that in every handful of water which is drunk, hundreds of living creatures are constantly put to death.

The Opium Sale.

The first opium sale of the season took place on Wednesday, the 4th of January. It consisted of 5000 chests of Patna, and 2000 chests of Benares. It was supposed in the Bazar that the price would not be much above 1375 Rupees; but the Patna opium averaged 1600 Rupees and the Benares 1470. The first lot went off at 1370 Rupees, and it at length reached 1685. The aggregate amount of this enormous sale is not less than a crore and ten lakhs of Rupees, which is nearly double the amount of the first sale of the last year. The vast amount realized at this sale was unexpected by Government; it will contribute to enrich the public treasury, and we hope, enable Government to engage freely in works calculated to benefit the country.

Law Commission.

Mr. Cameron, one of the members of the Law Commission, having been obliged from ill health to proceed to the Cape, Mr. Frederick Millett, who has long acted as Secretary to that Commission, has been appointed to succeed Mr. Cameron, and Mr. John Peter Grant takes Mr. Millett's place as Secretary.

গোলা গোলন্দাজেরদের মুক্ত হওন।

গোলা গোলন্দাজেরদের সিপাহীর পদ হইতে মুক্তকরণ বিষয়ে কোর্ট অফ ডিরেক্টর্সের সংপ্রতি এক ব্যবস্থা প্রকাশ হইয়াছে। পূর্ব্বে কোন সিপাহী পদ হইতে মুক্তহওনার্থ আট শত টাকা দিতে হইত কিন্তু ইদানীং এমত হুকুম হইয়াছে যে গোলা সিপাহীরদের মধ্যে [illegible] ৪০০ টাকার অধিক নহে। এবং ১৭ বৎসর পর্য্যন্ত যাহারা গোলন্দাজী কর্ম্ম করিয়াছেন তাঁহারা [illegible] মুক্ত হইতে পারিবেন কিন্তু যুদ্ধ উপস্থিত হইলে গবর্ণমেণ্ট এই ব্যবস্থা [illegible] কোন সিপাহীর মুক্তি [illegible] পারেন।

[illegible]

এক্ষণে কলিকাতা ও এলাহাবাদের মধ্যে [illegible] ও আরোহি [illegible] আগুনের জাহাজ নিযুক্ত আছে [illegible] অতএব শুনা গেল যে আরো অনেক আগুনের জাহাজ আনাইবার নিমিত্ত ইঙ্গলণ্ডে [illegible] নিশ্চয় হইয়াছে। অতএব ভরসা হয় যে অত্যল্পকালের মধ্যে আগুনের জাহাজের দ্বারা প্রেরণীয় দ্রব্যের ভাড়া ন্যূনতা হইতে পারে। প্রথম যখন আগুনের জাহাজ নিযুক্ত করা যায় তখন এতদ্দেশীয় বাণিজ্যকারিরা তদ্দ্বারা পশ্চিম প্রদেশে দ্রব্যাদি প্রেরণ করিতে সন্দিগ্ধ হইতেন কিন্তু তাঁহারা এইক্ষণে নিশ্চিত অবগত হইয়াছেন যে অন্যান্য নৌকাতে যত দিনে যায় তাহার তৃতীয়াংশ সময়ে আগুনের জাহাজের দ্বারা দ্রব্যাদি প্রেরিত হয় তাহাতে কোন শঙ্কা নাই [illegible] অতএব কলিকাতা হইতে মির্জাপুর প্রভৃতি স্থানে প্রেরিত [illegible] বাণিজ্য [illegible] উত্তরকালে এই [illegible] প্রেরণ হইতে পারে।

শ্রীযুত ডাক্তর হেলফর সাহেব।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে শ্রীযুত ডাক্তর হেলফর সাহেবকে গবর্ণমেণ্ট ধাতু ও পশ্বাদির তত্ত্বানুসন্ধানার্থ তেনাসরিমের তটে নিযুক্ত করিয়াছেন।

কয়লা ও লৌহান্বেষণার্থ কমিটি।

সংপ্রতি গবর্ণমেণ্ট এই অভিপ্রায়ে বিজ্ঞবর কএক জন সাহেবকে লইয়া এক কমিটি নিযুক্ত করিয়াছেন যে তাঁহারা দেশের স্থানে২ গমনকরত কয়লা ও লৌহ কোন্২ স্থানে পাওয়া যাইতে পারে তাহার অনুসন্ধান করেন। অবগত হওয়া গেল তাঁহারা প্রথম শ্রীহট্টের সন্নিহিতস্থানে অনুসন্ধানার্থ মনোযোগী হইবেন।

খিদিরপুরস্থ জাহাজের গদি।

গত ৩০ দিসেম্বর তারিখে মৃত জেমস কিড সাহেবের খিদিরপুরস্থ জাহাজের গদিপ্রভৃতি এক্সচেঞ্জ হৌসে নীলামে ধরা গেলে শ্রীযুত রস্তমজী কওয়াসজী সওদা

Discharges from the Artillery.

A new law has just been promulgated from the Court of Directors relative to the discharges from the Artillery. Formerly the sum which was demanded of any soldier for his discharge was 800 Rupees, but it has just been ordered that the highest sum which any soldier will be required to pay is not to exceed 400 Rupees, and that those who have served seventeen years will be allowed a free discharge. But if a war should break out, Government reserve the power of modifying these rules, and of refusing permission to any soldier to obtain his discharge.

The River Steamers.

Four Steamers, with vessels in tow, are at the present time constantly employed in conveying goods and passengers between Calcutta and Allahabad. But so great is the quantity of merchandize which the merchants are anxious to send up by this mode of conveyance, that the present steamers can scarcely take half that which is offered. And it has, therefore, we hear, been determined to send home to England for an additional number of Steamers. It is also to be hoped, that at no distant period, the charge for freight will be reduced. When the Steamers were first established, the native merchants hesitated to send up goods, but they now find that goods are conveyed in one-third of the time without any risk, and that the expense is not much greater. Hence a very large proportion of the merchandize which is sent from Calcutta to Mirzapore and other stations, is at present conveyed by the Steamers; and this plan is likely very much to increase in time to come.

Dr. Helfer.

We are happy to perceive that Government have appointed Dr. Helfer to proceed to the Tenasserim Coast to make researches in natural history.

Coal and Iron Committee.

Government have just appointed a committee of scientific gentlemen to proceed to various parts of the country, and examine where coal and iron can be obtained. We have been informed that their first attention will be directed to the neighbourhood of Sylhet.

Kidderpore Docks.

On the 30th of December, the Kidderpore Docks, &c. the property of the late Mr. James Kyd, were knocked down at the Exchange, to a company of merchants, formed by Rustomjee

ারী সমাজের নিমিত্ত ৩,৫১,০০০ সিক্কা টাকাতে তাহা ক্রয় করিলেন। বাষ্পীয় জাহাজের তাবৎ সরঞ্জাম রাখণার্থ গবর্ণমেণ্ট ঐ গুদি ক্রয় করিতে ৩ লক্ষ টাকা পর্য্যন্ত ডাকিতে হুকুম করিয়াছিলেন।—বাঙ্গাল হরকরা।

চীন দেশে আফীম ও চার বাণিজ্য।

এই সপ্তাহের মধ্যে ২৩ নবেম্বর তারিখ পর্য্যন্ত চীনদেশীয় সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহাতে দৃষ্ট হইতেছে যে চীনদেশীয় বাণিজ্যকারকেরা অদ্যাপি এমত ভরসা করিতেছেন যে আফীমের বাণিজ্য অবাধিতরূপে হইতে পারে কিন্তু ইতিমধ্যে ঐ বাণিজ্যনিষেধক যে আইন প্রচলিত তাহা পূর্ব্বাপেক্ষা অধিক বলবৎকরণার্থ মানস আছে যেহেতুক হাউকুয়ানামক হঙ্গ সওদাগর রিপোর্টকারি কমিস্যনরেরদের আজ্ঞানুসারে শ্রীযুত ডেণ্ট সাহেবের নিকটে জিজ্ঞাসাসূচক এক লিপি অর্পণ করেন তাহাতে যে কতিপয় প্রশ্ন আছে তাহা ঐ স্বর্গীয় রাজ্যের এলাকার মধ্যবাসি বিদেশীয় বাণিজ্যকারিরদের তাদৃশ অনুরঞ্জক নহে। এবং বোধ হয় যে অন্যান্য বাণিজ্যকারকেরদের নিকটেও তদ্রূপ লিপি প্রেরিত হইয়াছে তাহাতে আফীমের বাণিজ্যসম্বন্ধীয় কার্য্য প্রায় স্থগিত হইয়াছে এবং যে চীনীয় ও অন্যান্য বাণিজ্যকারিরা বিক্রয়ার্থ আফীম ক্রয় করিয়াছিলেন তাঁহারা এইক্ষণে ক্ষতি স্বীকার করিয়াও তাহা বিক্রয়ের নিমিত্ত মহোদ্বিগ্ন আছেন। তথাপি যে সকল নৌকার দ্বারা আফীম তটে উঠিয়া চুরি হয় সেই নৌকাসকল পুনশ্চ তথায় ঘুরিয়া বেড়াইতেছে।

কালবর্ণ চা ব্যবসায়ি ও হঙ্গ সওদাগরেরদের মধ্যে অদ্যাপি বিবাদ হইতেছে এবং দিসেম্বর মাসের পত্রে লেখে যে এই বৎসরের শেষে এইবিষয়ের একটা নিষ্পত্তি না হইলে কোম্পানির দাদন দেওয়া যাইবে না যেহেতুক এমত নিয়ম হইয়াছিল যে জাহাজে চা না উঠাইলে কোম্পানি দাদন দিবেন না। উক্ত চা ব্যবসায়িরা এই বিষয় অবগত হইয়া এমত ভাব করেন যে ইউরোপীয়েরা দাদন দেওন বিষয়ে উৎসাহ রহিত না হন এই নিমিত্ত আমরা যত উচ্চ মূল্য চাহিব তাহাই তাঁহারদের দিতে হইবে। ইহাতে সর্ব্বসাধারণেরই মহোদ্বেগ জন্মিয়াছে যেহেতুক সকল জ্ঞাত আছেন যে চা ব্যবসায়িরা যদি সচ্ছলতারূপে বাণিজ্য করিতে স্বীকৃত না হন তবে হঙ্গ সওদাগরেরদের মধ্যে হাউকুয়া ও মাউকুয়াব্যতিরেকে অন্য কোন বাণিজ্যকারিরা এই ধাক্কা সামলাইতে পারিবেন না।

জেনরল আলার্ড ও বর্দ্ধমানের রাজা।

জ্ঞানান্বেষণে প্রকাশিত এক পত্রে লেখে যে শ্রীযুত জেনরল আলার্ড সাহেব হুগলির কারাগারে যাইয়া রাজা যিনি কারাবদ্ধ আছেন তাঁহাকে সম্পূর্ণরূপে চিনিলেন অনুমান তিন ঘণ্টা বেলার সময়ে শ্রীযুত সৈন্যাধিপতি তত্রস্থ কএক জন সাহেবের সমভিব্যাহারে কারাগার প্রবেশ করিবাতে রাজা তৎক্ষণাৎ তাঁহাকে চিনিয়া সমাদরপূর্ব্বক চৌকিতে বসাইলেন পরে অনেক কথোপকথন হইল তাহাতে শ্রীযুত কহিলেন যে তোমার দুর্ভাগ্য দেখিয়া অত্যন্ত দুঃখিত হইলাম এবং সাধ্যমতে যদি কোন সাহায্য করিতে পারি তবে করিব অনন্তর বেলা ৪।০ টার সময়ে শ্রীযুত প্রস্থান করিলেন।

Cowasjee, Esq. for three hundred and fifty-one thousand Sicca Rupees. The Government had given orders to purchase the concern for three hundred thousand Rupees, for the purpose of obtaining a portion for a Steam boat depot.—*Beng. Har.*

China.—The Opium and Tea Trade.

China news to the 23d of November, has been received during the week. The merchants in China still appear to entertain hopes that the opium trade will be legalized; but in the mean time there is at least a semblance of an intention to adopt more vigorous measures than hitherto, to enforce the existing laws; for an inquisitorial letter has been addressed officially to Mr. Dent by Howqua, on the part of the Reporting Commissioners, containing interrogatories not very agreeable to a foreign merchant residing within the jurisdiction of the Celestial Empire. Other parties, it seems, have been subjected to a similar inquisition. The business in the opium trade was nearly at a stand, and the Chinese and others who had bought on speculation, evinced much anxiety to resell even at a sacrifice. The smuggling boats, however, have again made their appearance.

The dispute between the black tea men and the Hong Merchants still continued, and unless something was done by the end of the year the advances by the Company were not to be given; the stipulation being that bills of lading must be produced by that date. The tea men, aware of this, will not yield, in the expectation that the Europeans will give their price rather than be disappointed in the advance. In the meantime intense anxiety prevails, as it well is known that Howqua and Mowqua are the only Hong Merchants that can stand the shock, should the tea men refuse to trade upon credit.—*Beng. Hur.*

General Allard and the Raja of Burdwan.

A letter which appeared in the Gyaunneshun states, that General Allard paid a visit to the Hooghly jail, and perfectly identified the Raja of Burdwan in the person of the individual who is now in confinement there. The General entered the prison room at about 3 o'clock in the forenoon, accompanied by some local officers of the place, and was immediately recognized by the Raja, who gave him a chair with great respect. A long conversation ensued, in which His Excellency expressed himself very much concerned at the Raja's hard case, and offered to give him any assistance that lay in his power. He left him about half past 4 o'clock.—*Engl.*

বরফ।

কলিকাতাস্থ বরফের গুদাম গত ২২ দিসেম্বর তারিখে শূন্য হয় এমত রিপোর্ট হইয়াছিল। কিন্তু এই সম্বাদ প্রকাশ হইবামাত্রই আমেরিকাহইতে পুনর্ব্বার অধিকতর বরফ পঁহুছিল অতএব ভরসা হয় যে উত্তরকালে এই বস্তুর আর অনটন হইতে পারিবে না।

শাকশবজী দর্শন।

আগ্রিকল্‌চুরাল সোসৈটির শাকশবজী দর্শন ও সায়ংকালীন ভোজ এবং ঐ ভোজে ঐ শাকশবজীভক্ষণার্থ বর্ত্তমান মাসের ১২ তারিখ নির্দ্ধারিত হইয়াছিল। কিন্তু তাহা ১৮ তারিখপর্য্যন্ত স্থগিত হইয়াছে।

নূতন পাঠশালা।

কিয়ৎকাল হইল শ্রীযুতবাবু তারকনাথ সেন সুখচর গ্রামে এক পাঠশালা স্থাপন করিয়াছেন এইক্ষণে জ্ঞাত হওয়া গেল ঐ বিদ্যালয়ের ছাত্রেরদের পরীক্ষা দর্শনেতে তাবৎ দর্শকেরা পরমসন্তোষ জ্ঞাপন করিয়াছেন।

সিবিল সাহেবেরদের বেতন।

হুকিওয়াকর ইতিস্বাক্ষরকারক এক জন পত্রপ্রেরকের যে এক পত্র গত শনিবারীয় হরকরা সম্বাদপত্রে প্রকাশ হয় তাহাতে দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বসম্বন্ধীয় নানাবিধ পদস্থ সাহেবেরদের বৈতনিক হারের বিষয়ে নীচে লিখিতব্য বার্ত্তা প্রকাশ হইয়াছে।

	কোং টাকা
সদরের শ্রীযুত জজ সাহেবেরা বার্ষিক	৪৫,০০০
রেবিনিউ বোর্ডের মেম্বর	৪৫,০০০
ভূমি বাজেয়াপ্তকরণের কমিস্যনর	৪৪,০০০
রেবিনিউ ও দায়রসায়েরী কমিস্যনর	৩৯,০০০
সিবিল ও সেসন জজ	৩০,০০০
মাজিস্ত্রেট ও কালেক্টর	২৩,০০০
জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর	১২,০০০
প্রধান আসিষ্টাণ্ট	৮,৪০০
দ্বিতীয় আসিষ্টাণ্ট	৪,৮০০

গুমশূর।

গুমশূরহইতে আগত সাধারণ ব্যক্তির এক পত্রের দ্বারা নীচে লিখিতব্য সংক্ষিপ্ত বিবরণ প্রাপ্ত হওয়া গেল। বলীয়ার সিংহকে ধরা গিয়াছে এবং শ্রীযুত রসল সাহেব কহিয়াছেন যে দোরাবিসইকেও তিন চারি দিনের মধ্যে ধরা যাইবে ইহাতে সন্দেহ নাই যেহেতুক তাহার সঙ্গে কেবল আট দশ জন আছে অবশিষ্ট সকলই শ্রীযুত রসল সাহেবের হাতে পড়িয়াছে।

খেদজনক বার্ত্তা।

অতিখেদপূর্ব্বক প্রকাশ করা যাইতেছে চট্টগ্রামের নিকটবর্ত্তি এক জন নিমক দারোগার অত্যাচারের অতিদুঃখদ এক বার্ত্তা সংপ্রতি প্রকাশ হইয়াছে। তদ্বিশেষ এই যে কএক ব্যক্তি বিনা পাসে লবণ লইয়া যাইতেছিল এবং তাহারা কহিয়াছিল যে গবর্ণমেণ্টের নীলামে ইহা খরিদ করা গিয়াছে। ইহাতে মাসুল চোর বলিয়া তাহারদিগকে গ্রেপ্তার করিয়া কয়েদ করা যায়। পরে দারোগা তাহারদিগকে পিটমোড়ারূপে বাঁধিয়া ছাদে উদ্বন্ধনকরত অত্যন্ত যন্ত্রণা দেন তৎপ্রযুক্ত তাহারদের কএক জন ঐ চণ্ডালকে কিঞ্চিৎ ঘুস গ্রাস দিয়া পলায়ন করে। এবং অন্য কএক জন মুক্ত হওনার্থ ঘুস দিতে অসমর্থ বা অস্বীকৃত হওয়াতে দারো

Ice.

The ice-house in Calcutta was reported on the 22d of December, to have been exhausted, but the information was scarcely announced before a large fresh supply was received from America, and it is therefore to be expected, that in future the supply of this article will be steady and regular.

Exhibition of Vegetables.

The exhibition of vegetables by the Agricultural Society, and the dinner in the evening, at which those vegetables were to have been eaten, was fixed for the 12th of the present month, but it has been unavoidably postponed to the 18th instant.

New School.

Some time ago, an English school was opened by Baboo Tarucknath Sen at *Sookchur*, the boys of which, we hear, lately underwent an examination to the satisfaction of the spectators. —*Poorun Chundroday.*

Pay of the Civil Service.

A correspondent of the *Hurkaru*, who signs himself *Hookey Walker*, in a letter to the Editor published in the paper of Saturday last, gives the following as the actual rate of pay enjoyed by the various grades of Civilians in the Civil, Criminal and Revenue Departments.

	Co.'s Rs.
Judges of the Sudder, *per annum*,	45,000
Members of the Revenue Board	45,000
Commissioners of Resumption,	44,000
Revenue and Circuit Commissioners,	39,000
Judges Civil and Session,	30,000
Magistrates and Collectors,	23,000
Joint Magistrates and Deputy Collectors,	12,000
Head Assistant,	8,400
Junior Assistants,	4,800

Goomsoor.

We have been favoured with the following extract from a private letter from Goomsoor.

"Bulear Sing is taken, and Dora Bissoye is now so hard pressed, that Mr. Russell has no doubt he will be [illegible]ured in three or four days. He has but 8 or 10 men with him the rest have fallen into Mr. Russell's hands."—*H[illegible]k.*

Extortion.

We lament to state, that a shocking instance of oppression has recently been brought to light near Chittagong, on the part of a salt daroga. A party of men who were conveying salt without a pass, which salt they declared had been purchased at a Government sale, were seized and confined as smugglers. The daroga forthwith proceeded to put them to torture, by tying their arms behind them and then hauling them up by ropes to the roof. One of the party escaped by bribing the rascal; the others were either unable or unwilling to pay for their release, and, [illegible]orrible to

গা তাহারদের চারি জনকে নিরবচ্ছিন্ন অনাহারে মারিয়া ফেলে রিপোর্ট করেন যে ইহারা ওলাউঠা রোগে মরিয়াছে কিন্তু ঐ চারি জনের শব চিকিৎসালয়ে প্রেরিত হওয়াতে এক জন চিকিৎসক পরীক্ষা করিয়া দেখিলেন যে ইহারদের ওলাউঠা রোগে মৃত্যুর রিপোর্ট মিথ্যা কিন্তু ঐ অভাগারদের অনাহারেই কোষ্ঠ নষ্ট হইয়াছিল অতএব জঠরাগ্নি দাহেতেই তাহারদের প্রাণ বিয়োগ হয় ইহাতে সন্দেহ নাই। ফলত এমত নিষ্ঠুরতার বার্ত্তা প্রায় শুনা যায় নাই কিন্তু তন্মধ্যে কিঞ্চিৎ ইষ্টবিষয় এই যে ঐ দারোগা ও তদনুষঙ্গিরা এইক্ষণে চট্টগ্রামের জেহেলে কয়েদ আছে এবং ঐ মোকদ্দমা শ্রীযুত জজ সাহেবের বিচারাধীন আছে অতএব অবিলম্বেই এই দোষ সাব্যস্ত হইয়া অপরাধিরা স্বস্বাপরাধানুরূপ দণ্ড পাইবে।

বরেলি।

বরেলি জিলায় শস্যের মূল্য বৃদ্ধি হওয়াতে রাজপথে অনেকেই দস্যুবৃত্তিতে প্রবৃত্ত হইয়াছে। ঐ সকল দস্যুরা লোকের সমক্ষেই অতিসাহসপূর্ব্বক দস্যুতা করিতেছে ফলতঃ শস্যের এমত অভাব হইয়াছে যে ঐ শহরঅবধি সৈন্যেরদের ছাউনিপর্য্যন্ত রাস্তায় প্রায় প্রতিদিনই ডাকাইতী হইতেছে। বর্ত্তমান মাসের ১০ অবধি ১৪ তারিখের মধ্যে ঐ দস্যুরা এতদ্দেশীয় এক জন পোদ্দারের বাটীতে পড়িয়া সর্ব্বস্ব লইয়াছে এবং সৈন্যেরদের সদর মুন্সী ভোলানাথনামক ব্যক্তির পালকী দিবা দুই প্রহরের সময় আক্রমণ করিয়া তাঁহার সঙ্গে যাহা ছিল তাহা হরণ প্রহার করিয়া প্রস্থান করিল।

বিকানীর রাজা।

গত সপ্তাহে আমরা প্রকাশ করিয়াছিলাম যে বিকানীর রাজা আগ্রা নগরের সন্নিহিত শিবির স্থাপন করিয়া অবস্থান করিয়াছেন এবং তৎসঙ্গে যে পাঁচ সহস্র লোক আছে তাহারদিগকে বৃটিস গবর্ণমেণ্টের আহারাদি দিতে হইতেছে। এইক্ষণে অবগত হওয়া গেল যে তাহারদের কেবল তিন দিনের আহারার্থে নীচে লিখিত তফসীল মত সরকারি টাকা ব্যয় হইয়াছে

মোন সের ছটাক		জুমলা মুল্য
৫০০।৷৩	ময়দা টাকায় ।০ সের	১০০১৷০
৬০	দাল ।৷৮	৮৫।৶১০
৩৵২।৷৶	লবণ ।৩	১১৸৵
৪৪৴১।৵	ঘৃত ৴৩৴	৪৯৪৴০
১০৴	চিনি মোনকরা ১২।০ টাকা	১২২৷৷০
২০৴	দলুয়া চিনি টাকায় ।৷২	৬৬৷৵১০
৮৴	ফটকিরি মোন ৬।৷০ টাকা	৫২
৩৮৫৸৩	জ্বালানিকাষ্ঠ টাকায় ২।০ ও ২।০ মোন	১৭১।৴১৫
২৬০৸৩	উপলা টাকায় ৮।৯ মোন	৩০৸৵১০
জিনিস বাজারহইতে ছাউনিতে লইয়া যাওনার্থ গাড়িভাড়া ও মুটেখরচ		২৮৶০

কোং টাকা ২০৬১৷৵৫

১৬ [illegible]সেম্বর ১৮৩৬ —আগ্রা আকবর।

মিরট।

মিরট প্রদেশে বর্ষাভাবে এই অনিষ্ট হইয়াছে যে শস্যের মূল্য শতকরা ২৫ টাকা বৃদ্ধি হইয়াছে।

relate, after a continuance of the above treatment, the daroga actually starved four of them to death, and then reported that they had died of cholera. But the bodies being sent for and examined by a medical officer, it was found that the report of cholera was false, and that the stomachs of the poor wretches had been destroyed by the pecation of the gastric juice, for want of food. No doubt exists of their having actually perished from starvation. We have seldom heard of a more truly diabolical proceeding. It is, however, some satisfaction to state, that the daroga and his accomplices are now in custody at Chittagong, and as the case is under investigation before the Judge of that station, it is to be hoped many days will not elapse, ere, if convicted, the guilty parties will be made to pay the penalty of their crime.—*Hurk.*

Bareilly.

The high price of grain in this district has thrown a number of persons into the commission of highway robbery, which is carried on with the greatest openness and daring. So heavy is the pressure of want, that the road from the city to cantonments is almost daily the scene of some robbery. Between the 10th and 14th inst. a native pedlar was beset and robbed, and Baloonath, the principle Moonshee of the Commissariat, was taken from his palkee at mid-day, stripped of every thing he had, and beaten. - *Agra Ukh.*

Bekaneer Raja.

We stated last week that the Raja of Bekaneer was encamped near Agra, and that the English Government was obliged to feed his followers to the number of 5000. We learn that their expenses in *three* days were as follows: -

Mds. Srs. Chs.		Amount
500 25 0	Flour at 20 seers per Rupee. . .	1001 4 0
60 0 0	Daul at 28 seers per do.	85 11 6
3 32 11	Salt at 13 seers ditto ditto	11 14 0
44 1 10	Ghee at 3 seers and 9 cks. do. do.	494 1 0
10 0 0	Sugar at 12½ Rs. per maund	122 8 0
20 0 0	Coarse Sugar at 12 seers per R.	66 10 6
8 0 0	Alum at 6¼ Rs. per maund	52 0 0
385 35 0	Fire Wood at 2¼ and 2¼ mds. per Rupee.	171 9 9
260 35 0	Oopla at 8 and 9 maunds per R.	30 12 6
Hackery and Cooly-hire for conveying the articles from the Bazar to Camp.		28 3 0
Total Co's Rupees		2061 10 3

16th December, 1836. - *Agra. Ukh.*

Meerut.

The price of grain has risen 25 per cent in the last week, in consequence of the clouds having passed off without a fall of rain.—*Agra Ukh.*

বিবি কারী।

অত্যন্ত খেদপূর্ব্বক জ্ঞাপন করা যাইতেছে যে মান্দ্রাজের লার্ড বিসপ শ্রীযুত ডাক্তর কারি সাহেবের বিবি গত দিবসীয় অপরাহ্ণে পরলোকগতা হইয়াছেন। অদ্য সায়ংকালে ৫. ঘণ্টার সময় প্রধান গির্জা ঘরের নিকট কবরস্থানে তাঁহার সমাধি সম্পন্ন হইবে। —মান্দ্রাজ কুরিয়র।

মান্দ্রাজের শ্রীযুত গবরনর।

শ্রীযুত সর ফ্রেডরিক আদম সাহেব বিলাতে গমনার্থ লেডি ফ্লোরানামক জাহাজে আরোহণের নিশ্চয় করিয়াছেন তাহাতে আগামি ২৯ জানুআরি তারিখপর্য্যন্ত ঐ জাহাজ যাত্রার বিলম্ব হইবে।

মান্দ্রাজে পুস্তকের মাশুল রহিত হওন।

[illegible] শ্রীযুত গবরনর সাহেব ইঙ্গলণ্ডে মুদ্রাঙ্কিত যে সকল পুস্তক মান্দ্রাজে বা ঐ রাজধানীর অধীন কোন বন্দরে আমদানী হয় তাহার মাশুল লইবেন না।

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

আমরা বর্দ্ধমানের এক পত্র পাইয়াছি তাহাতে দেখিলাম যে দুই মহাফেজের বিষয় গত সপ্তাহে প্রকাশ হইয়াছিল তাঁহারা ছয় মাস কারাগারে বাস করিবেন এবং প্রত্যেকের পাঁচশত টাকা করিয়া দণ্ড দিতে হইবেক

বর্দ্ধমানে চাসকর্ম্মের নিমিত্ত যে বাগান হইয়াছে তাহার কর্ম্ম উত্তমরূপে চলিতেছে এবং শাকসবজী ও অনেক হইয়াছে এবং শ্রীযুত মহারাজ ঐ বাগানের মধ্যস্থানে এক ডিম্বাকৃতি পুষ্করিণী খনন করিয়াছেন। আমারদিগের অভিলাষ এই বিষয় উত্তমরূপে সফল হয় এবং বোধ করি সাধারণ লোকেরদের যে ভ্রম ছিল তাহাও ক্রমে দূর হইতেছে —জ্ঞানান্বেষণ

গত রবিবারে বঙ্গভাষা প্রকাশিকা সভার অন্তঃপাতি সভাতে সভারা যাহা [illegible] বিবরণ [illegible] পাঠ করিয়া [illegible] লোকেরদের [illegible] অতএব [illegible] গবর্ণমেণ্টের [illegible] নিষ্কর ভূমির করগ্রহণকরণ উচিত কার্য্য [illegible] কেবল গবর্ণমেণ্ট অন্যায় করিতেছেন [illegible] অতএব বঙ্গভাষা প্রকাশিকা সভা এই বিষয়ে [illegible] সকলকে নিমন্ত্রণ করিবেন [illegible] প্রার্থনা করি [illegible] সময় [illegible] অনুৎসাহ প্রকাশ না করেন

গত রবিবার বেলা দুই প্রহর এক ঘণ্টা কালে বঙ্গভাষা প্রকাশিক সমাজের এক অন্তঃপাতি সভা হইয়াছিল তাহাতে শ্রীযুত গৌরীশঙ্কর তর্কবাগীশ শ্রীযুত দুর্গাপ্রসাদ তর্কপঞ্চানন শ্রীযুত কালীনাথ রায় শ্রীযুত রামলোচন ঘোষ শ্রীযুত পেয়ারীমোহন বসু শ্রীযুত মহেশচন্দ্র সিংহ শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্ত শ্রীযুত তারকনাথ মু

Mrs. Corrie.

It is with extreme regret we announce to the public, that Mrs. Corrie, the Lady of the Right Reverend the Lord Bishop of Madras, is no more. She died yesterday afternoon, and her remains are to be interred this evening in the Cathedral Burial Ground, at half-past 5 o'clock. *Mad. Cour.*

Governor of Madras.

Sir Frederick Adam has engaged a passage on the *Lady Flora*, which vessel has, in consequence, postponed her departure till the 29th of January.

Remission of Duties on Books at Madras.

With the sanction of the Supreme Government, the Governor of Madras has exempted from duty all books printed in the United Kingdom, and imported on British bottoms into Madras, or any of the ports subordinate to that Presidency.

Spirit of the Native Papers.

We learn from a private letter received from Burdwan, that the two Record-keepers regarding whom we published an extract last week, have been punished with six months' imprisonment and a fine of 500 Rupees each.

The Experimental Form at the station, is, we understand, in a prosperous and thriving condition. Many sorts of plants and vegetables have sprung up. The Raja has caused an oval tank to be dug in the centre of the garden. We wish all success to the farm, and trust that the people in general have begun to divest themselves of their prejudices against the objects of the Branch Agricultural Society. *Gyan.*

We have been kindly favoured with the following account of the proceedings of a special meeting of the *Bungo bhasha Prukashika*, held on Sunday last. The great importance of the resolutions come to, demands the earnest attention of our countrymen. There is not, we believe, one among the natives, except perhaps a few in the employ of Government, or otherwise interested in the matter, who does not consider the resumption of rent-free tenures an act of gross injustice on the part of the British Government. But it is not sufficient that our countrymen should merely think and feel so—it is their duty also to act; and they will shortly be called upon by the *Bungo-bhasha Prukashika* to do that. We trust they will not be backward in responding to the call.

At a special meeting of the *Bungo-bhasha Prukashika*, held on Sunday last, at one o'clock P. M., were present Baboos Goureesunkur Turkobagis, Doorgaprusad Turkopunchanun, Kaleenath Roy, Ramlochun Ghose, Pearymohun Bose, Muheschunder Sing, Issurchunder Goopto, Tarucknath Mookerjea, Bholanath Bose, and many other

খোপাধ্যায় ও শ্রীযুত ভোলানাথ বসু ইত্যাদি বহুব্যক্তি উপস্থিত ছিলেন। প্রথমতঃ সভাপতি প্রস্তাব করিলেন রাজারা নিষ্কর ভূমির করগ্রহণ আরম্ভ করিলেন অতএব এতদ্দেশীয় চারি পাঁচ সহস্র লোকের নাম স্বাক্ষরপূর্ব্বক রাজদ্বারে এই বিষয়ের এক দরখাস্ত করা উচিত কি না এই বিষয় বিবেচনার্থ অদ্য সভা হইয়াছে ইহাতে অনেক বাদানুবাদের পর স্থির হইল কলিকাতা ও তচ্চতুর্দিগস্থ এতদ্দেশীয় সর্ব্বসাধারণ লোকসকলকে জ্ঞাত করা যায় যে তাঁহারা এক দিবস কোন স্বতন্ত্র স্থানে সভা করিয়া এই বিষয় বিবেচনা করিবেন এবং সকলকে জ্ঞাপনজন্য এক অনুষ্ঠানপত্রও লিখিত হইল এই অনুষ্ঠানপত্র ছাপিয়া সর্ব্বত্র প্রেরণ করিবেন এবং তাহাতে হিন্দু মোসলমান সাধারণ সকলের নাম স্বাক্ষর হইলে সভার স্থান ও দিন স্থির করিয়া সমাচারপত্রে বিজ্ঞাপন দিবেন।

অনুষ্ঠানপত্র।

বঙ্গভাষা প্রকাশিকা সভা সাধারণকে জ্ঞাত করিতেছেন রাজকর্ত্তৃক নিষ্কর ভূমির করগ্রহণের যে মহান উদ্যোগ হইয়াছে ইহাতে বহু লোকের অনিষ্টসম্ভাবনা অতএব তন্নিবারণার্থ কোন বিশেষ সদুপায় চেষ্টাকরণকারণ দেশস্থ শিষ্ট বিশিষ্ট মান্যাগ্রগণ্য মহাশয়দিগের কোন স্থানবিশেষে একত্র হইয়া বিশেষ পরামর্শ করা উচিত।

এতদ্দেশোপকারকবিষয়ে উৎসাহি মহাশয়েরা এই স্বাক্ষর পুস্তকে স্বং নাম স্বাক্ষর করিলে পশ্চাৎ একত্র হওনের দিন ও স্থানের নিরূপণপূর্ব্বক বিজ্ঞাপন করা যাইবেক।—ঐ।

শ্রীযুত রস্তমজীর মজ্‌লিস

৩০ তারিখে রাত্রিতে ঐ বাবু মহাশয় দিয়াছেন তাহাতে [illegible] নিমন্ত্রণ করেন তন্মধ্যে [illegible] বাহাদুরের দুই ভগিনী বিবি ইডেন শ্রীযুত সর জন গ্রাণ্ট সাহেব ও বিবি গ্রাণ্ট শ্রীযুত সর জেঞ্জামিন ও বিবি মালকিন ইত্যাদি অনেকে উপস্থিত ছিলেন এই ভোজের সকল দ্রব্য মর্টিমর কোম্পানি প্রস্তুত করিয়াছেন এবং সকল দ্রব্যই অত্যুত্তম সুস্বাদু ও সুদৃশ্য বটে ঐ কোম্পানির এই কার্য্যেতে যে ছয় জন সহকারি সেং করিয়াছেন তাঁহারা সমব্যবসায়ি সর্ব্বাপেক্ষা উত্তম করিতে পারেন।—ঐ।

বালিগঞ্জের পুষ্করিণী।

বালিগঞ্জের জলাশয়ঘটিত মোকদ্দমার বিবরণ যাহা সমাচারপত্রে প্রকাশ হইয়াছিল শ্রীযুত বড় সাহেব মহাশয়পূর্ব্বক তাহা দেখিয়া নিজামত আদালতের অধ্যক্ষকে বলিয়াছেন তাঁহারা ঐ মোকদ্দমার নথি সংশোধনকরত গবর্ণমেণ্টের নিকট পাঠাইয়া দেন পরে গবর্ণমেণ্ট তাহা বিবেচনা করিয়া হুকুম দিবেন।—ঐ।

persons. The President stated that as Government has begun to resume all rent-free lands, the meeting was specially convened for the purpose of considering the propriety of presenting a petition to Government signed by some 4 or 5000 individuals. After a warm and very animated discussion on the subject, it was resolved—1st, that the native public in general be informed that a public meeting is to be called in some place, to consider the matter—2d, that the following requisition, drawn up in the meeting, be published and circulated for general information, and 3d, that when it had obtained a sufficient number of signatures both of Hindoos and Moosulmans, the day and place of the meeting be fixed, of which due notice will be given through the newspapers.

Requisition.

The members of the *Bungo-bhasa Prukashika*, having witnessed with grief that the British Government have set earnestly to resume all descriptions of rent-free lands, now in the possession of the natives of India, would most impressively beg to call the attention of their countrymen to the momentous importance of meeting together to take every vigorous measure, admitted to be legal, and considered most advisable, to dissuade their rulers from the invasion of the vested rights of their subjects.

They request, therefore, that the well wishers of their country who are alive to the importance of discussing the question at a public meeting, will be pleased to sign their names in this book. On a future day, they shall be informed of the day and place of meeting.—*Gyan.*

Rustomjee Cowasjee's Ball.

Rustomjee Cowasjee gave a splendid ball and supper to about five hundred friends, on the night of the 30th of December. Amongst the guests were the Honorable Misses Eden, Lady Ryan, Sir John and Lady Grant, Sir Benjamin and Lady Malkin, &c. The party broke up at three o'clock in the morning. The supper consisting of most deliciously prepared and tastefully ornamented viands, was almost entirely supplied by Messrs. Mortimer and Co., who, aided by their six European assistants, succeeded in excelling in the ornamental way, any thing yet supplied by their baking and boiling cotemporaries.—*Gyan.*

Twenty-four Pergunnahs.—Ballygunge Tank Case.

The discussion in the papers relative to the decision in the Ballygunge Tank Case, having attracted the attention of His Lordship, the Nizamut authorities, we are informed, have been authorized to call for the proceedings of the case, to revise them, and hand them up to Government with their opinion for final orders.—*Gyan.*

প্রেরিতপত্র।

ওরিএণ্টল সিমিনরি।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

হর্ষবিষাদ হইয়া আমি মহাশয়ের নিকটে কএক পংক্তি লিখিতেছি যদ্যপি মহাশয় আপনকার অমূল্য দর্পণে কিঞ্চিৎ স্থান দান করেন তবে আমাকে চিরবাধিত করিবেন।

সম্পাদক মহাশয় কলিকাতার গরাণহাটাতে যে ওরিয়েণ্টল সেমিনারিনামক এক স্কুল আছে তাহা মহাশয় শুনিয়া থাকিবেন। পরে যে ঐ স্কুল হিন্দুকালেজের সদৃশ হইয়াছে তাহা শুনিয়া পরমাপ্যায়িত হইয়া এক জন বালককে ঐ স্কুলে পাঠ করাইতে দিবার জন্য গত শনিবাসরীয় দিবসে ঐ স্থানে গমনোত্তর সকল ছাত্রদিগকে আপনং পাঠে নিযুক্ত দেখিয়া আনন্দসাগরে মগ্ন হইতে লাগিলাম কিন্তু মম দুর্ভাগ্যক্রমে ঐ অধ্যয়নশালার প্রথম ও দ্বিতীয় ক্লাসের ছাত্রেরদিগের পাঠ ও চরিত্র পশ্চিমা ঝড়ের স্বরূপ হইয়া আমাকে ঐ সুখসাগরহইতে উত্থান করিয়া দুঃখসাগরে নিপাত করিলেক।

সম্পাদক মহাশয় আমার ইহা লিখিবার প্রধান অভিপ্রায় এই যে ঐ স্কুলের হেড টিচর তাঁহার ছাত্রদিগকে সুপথে লইয়া সুশিক্ষা দিবেন।

কস্যচিৎ দর্পণপাঠকস্য।

শ্রীযুত ওয়াল্টর্স সাহেব।

শ্রীযুতদর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনকার ২৬ নবেম্বর তারিখের দর্পণে দৃষ্টি করিলাম যে আমারদের সম্প্রতন কমিসনর শ্রীযুত ওয়াল্টর্স সাহেব সদর বোর্ডের তৃতীয় মেম্বর হইয়াছেন ইহা শুনিয়া পরমানন্দিত হইলাম যেহেতুক মুরশিদাবাদের এলাকাতে সরকারী কর্ম্মকারকেরদের মধ্যে কি মাজিষ্ট্রেট কি কালেক্টর কি কমিস্যনর কি বিচার প্রকারের সাধারণ হিতের নিমিত্ত উত্তম [illegible] কৌজদারী কর্ম উত্তমরূপ নির্বাহ করণেতে কোন ব্যক্তি এমত উৎসাহ করিতে পারেন নাই।

অতএব সম্পাদক মহাশয় [illegible] আপনকার নিকটে লিখিতেছি ও বদান্যতাক্রমে [illegible] শ্রীযুত ওয়াল্টর্স সাহেবের [illegible] সদর বোর্ডের উচ্চ পদ প্রাপণ [illegible] লিখিতেছি। [illegible] তাহার এই যে গবর্ণমেণ্ট উত্তম কর্মকারকেরদিগকে এতদ্রূপ উচ্চ পদ অর্পণ করেন।

শ্রীযুত ওয়াল্টর্স সাহেব গত জুন মাসাবধি [illegible] কমিসনরী পদ ধারণ করেন ইহার মধ্যে অন্যান্য সাহেব যে কার্য্য না করিয়াছেন তাহা শ্রীযুত সাহেব অল্পকালের মধ্যেই উত্তমরূপে নির্ব্বাহ করিয়াছেন অতএব সর্ব্বসাধারণের গোচরার্থ ঐ শ্রীযুত সাহেবের কৃতকার্য্য বিবরণ প্রকাশার্থ প্রেরণ করিতেছি।

প্রথমতঃ হুগলি ও বীরভূমিতে যে শাখা আগ্রিকলচুরাল সোসৈটি স্থাপিত হয় সে উঁহারই কার্য্য ঐ সকল সমাজে যে পর্য্যন্ত উপকার সম্পাদন হয় তাহা বিজ্ঞ মহাশয়েরা অনায়াসে অবধারণ করিতে পারিবেন এবং দুই এক বৎসরের পরীক্ষাতেই দৃষ্ট হইবে তদ্দ্বারা নিঃসন্দেহ মঙ্গল হইল।

দ্বিতীয়তঃ তাঁহার অধীন আদালতে যে সকল মোকদ্দমা মুলতবী ছিল তাহার বহুসংখ্যক নিষ্পন্ন করিয়াছেন তদ্বিষয়ে প্রতি মাসে যে রিপোর্ট হইয়া থাকে তাহা আমার নিকটে থাকিলে তাহার প্রচুর প্রমাণ দিতে সমর্থ হ

Correspondence.

ORIENTAL SEMINARY.

To the Editor of the Durpun.

SIR,—With due deference I beg to intimate to you that, having felt pleasure and regret, I hold my pen for these following few lines, and that, if you take them into your invaluable Durpun for insertion, you will certainly lay me under great obligations.

Mr Editor, I doubt not but you know, that there is a school in Calcutta's Gurranhatta called Oriental Seminary. Hearing that this Seminary is on equal footing with the Hindoo College, I was extremely happy, and went there on the Saturday last in order to get a boy admitted in the school in question, and on my entering the Seminary, I saw every boy engaged in his respective study, and consequently began to immerge myself in the ocean of pleasure, but owing to my evil destiny, the learning and behaviour of the first and second classes boys of the above school being West Indian Hurricane took me from the above-mentioned ocean, and threw me in the ocean of regret.

Mr. Editor, the chief end of my writing these above lines, is to recommend the attention of the head teacher of the Seminary as above, that he should not bring his boys in the wrong way in lieu of the right.

A certain Reader of your Durpun.

Calcutta, 21 Jan. 1837

[Printed verbatim. Ed.]

MR. WALTERS.

To the Editor of the Durpun.

SIR,—I have great pleasure in learning from your paper of the 26th Nov. last, the promotion of our late Commissioner, Mr. Walters, to the 3d membership of the Sudder Board of Revenue, as I believe few gentlemen who have acted as public servants in the Moorshedabad Division, as Magistrates, Collectors, or Commissioners, have done more for the general good of the people of the District, either in the hope of public improvement, or the administration of Criminal Justice.

It is with a mingled feeling of joy and sorrow, therefore, that I address you, Mr. Editor, on the subject of Mr. Walters's departure from our Zilah and promotion to the Sudder. Sorrow for the loss, which we have suffered on his departure, and joy in perceiving how Government rewards its best servants.

In the comparatively short period, during which Mr. W. was Commissioner, viz. from the month of June last to the 15th ultimo, he did more for the general improvement of the five Zillahs of his division, than any other Commissioner has done in as many years. A short recapitulation of his works is only called for, from the information of the public.

In the first place, the establishment of Branch Agricultural Societies in Hooghly, Burdwan, and Beerbhoom, owes their origin entirely to him. The amount of good, which these institutions will be the means of diffusing, all wise men can foretell, and the experience of a year or two will doubtless verify.

In the second place, the reduction of a vast quantity of pending suits in the subordinate courts, which can be proved, if I had access to the monthly returns made on these subjects, but of which we have abundance

ইত্যাম কিন্তু ইহাতে তাহা বিশেষ দৃষ্ট হইতেছে যে তাঁহার পূর্ব্বকার কাছারীতে এইক্ষণে অত্যল্প মোখ্তার আছে এবং সাধারণ্যে মোকদ্দমাও কমিয়াছে।

তৃতীয়তঃ তাঁহার দ্বারা ভূমি বাজেয়াপ্ত করণীয় আইনের বিষয়ে প্রকৃত ও যথার্থরূপ অর্থ সর্ব্বত্র জ্ঞাপন করা গিয়াছে। যেহেতুক আমি কোন২ স্থানে দেখিয়াছি যে কালেক্টর সাহেবেরা প্রথমত অনেক নিষ্কর ভূমি বাজেয়াপ্ত করিয়া তাহাতে কর বসাইয়াছিলেন কিন্তু তৎপরে বিষয় বিশেষে প্রকৃত বা অপ্রকৃত সনন্দি নিষ্কর ভূমি বাজেয়াপ্তকরণ বিষয় গবর্ণমেণ্ট যে আইন প্রকাশ করিয়াছেন তদনুসারে ঐ কমিস্যনর সাহেব ঐ কালেক্টর সাহেবের ডিক্রী মঞ্জুর করেন নাই। বর্দ্ধমানের রাজার পুষ্করিণী ও কএকখান বাগান কালেক্টর সাহেব বাজেয়াপ্ত করিয়াছিলেন। কিন্তু শুনা গেল যে কমিস্যনর সাহেবের বিজ্ঞাপন পত্র প্রকাশ হওনের পর ঐ পুষ্করিণী ও বাগানের উপর কর না বসান যায় এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত ওয়াল্টর্স সাহেবের চতুর্থ বিষয় অর্থাৎ আদালতে পারস্য ভাষা উঠাইয়া দেন তাহাতে আমরা অত্যন্ত কৃতজ্ঞ আছি। জমীদারেরদের ইহা স্মরণ থাকিবে যে তাঁহারদের বাকি রাজস্বের নিমিত্ত ক্ষুদ্র২ জমিদারীর নীলাম মৌকুফ রাখিলেন।

ইহা ব্যতীত নানা মহোপকারকতা বিষয় শ্রীযুত ওয়াল্টর্স সাহেবের সুপ্রসিদ্ধ আছে অতএব তদ্বিষয় লিখন অনাবশ্যক।

অতএব সম্পাদক মহাশয় আমারদের উচিত যে এতদ্দেশীয় লোকেরা উক্ত শ্রীযুক্ত সাহেবকর্তৃক যে মহোপকার প্রাপ্ত হইয়াছেন তাঁহারদের বিশেষ চিহ্ন অর্থাৎ এক আবেদন পত্র তাঁহাকে অর্পণ করেন ধনি জমীদারেরা এই বিষয় বিবেচনা করুন যদি তাঁহারদের এমত ইচ্ছা থাকে যে নিতান্ত এতাদৃশ মহোপকারক সাহেব কর্ত্তৃক করেন তবে উক্ত শ্রীযুক্ত সাহেবের প্রতি তাঁহারা মহোপকারকতার কোন এক বিশেষ চিহ্ন দর্শাউন।

জলা হুগলি নিবাসিনঃ।

এতদ্দেশীয়দিগের উপকারার্থ দাতব্য চিকিৎসালয়।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিনীত নম্র নিবেদনমেতৎ। আমি পূর্ণচন্দ্রোদয় পত্রদ্বারা অবগত হওয়া গেল যে এতন্মহানগর কলিকাতার মধ্যে জোড়াসাঁকোতে অর্থাৎ যে বাটীতে শ্রীযুত ডেবিড হেয়র সাহেবের পাঠশালা ছিল এইক্ষণে তথায় জানেক ইঙ্গলণ্ডীয় ডাক্তর সাহেব এতদ্দেশীয় সর্ব্বসাধারণের উপকারার্থ বিনা মূল্যে এক দাতব্য চিকিৎসালয় নানাবিধ ঔষধসম্বলিত স্থাপন করিয়াছেন। তাহাতে নানাবিধ দীন দরিদ্র প্রভৃতি লোক ঐ ডাক্তর সাহেবের নিকট আসিয়া ঔষধাদি লইতেছে... ইহাতে তাহারদের পীড়ার উপশম হইতেছে... প্রকার কঠিন২ পীড়াসকল বিনামূল্যে ঔষধ দান ও চিকিৎসাদ্বারা আরোগ্য করিয়া দিবেন ইহাতে তন্মহাশয়কে এদেশের মহোপকারি বলা যায় এবং তন্মহাশয়কর্তৃক এতদ্দেশের মহামঙ্গলসম্ভাবনা। তাহা হউক এতদ্বিষয়ে উক্ত গুণজ্ঞ বিজ্ঞানুবিজ্ঞ পীড়ানাশক দেশোপকারক শ্রীযুত ডাক্তর সাহেব মহাশয়কে আমরা অন্তঃকরণে অগণ্য ধন্যবাদ প্রদান করিতেছি যেহেতু পরোপকারে নিজ অর্থ ও শারীরিক শ্রমকরণে যে ব্যক্তি যত্নবান তাঁহার মহিমা বর্ণনা করিয়া কত জানাইব। অতএব নিবেদন মহাশয় এবং শ্রীযুত চন্দ্রিকা সম্পাদকপ্রভৃতি বাঙ্গলা পত্রপ্রকাশকেরা এবং শ্রীযুত হরকরা ইংলিসম্যানপ্রভৃতি ইঙ্গরেজী পত্র সম্পাদক মহাশয়েরা এই পত্রখানি করুণা প্রকাশ পূর্ব্বক স্বাস্ব পত্রে স্থানদানপূর্ব্বক সর্ব্বসাধারণের সুগোচর করিতে আজ্ঞা হইবেক।

কস্যচিৎ সংবাদ পূর্ণচন্দ্রোদয় ও দর্পণপাঠকস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক সেলামাবেদন মিদং। গত রবিবার দিবসে আমি চক্রবেড়ে

of evidence in the result it has produced, viz. a thin attendance of Mooktears at his Cutchery and the comparative absence of suits in general.

Thirdly. The diffusing through his means of correct and liberal notions of the Resumption Laws. For I have seen instances, in which lands held rent-free were at first resumed and assessed by Collectors, but whose decrees have not been confirmed by the Commissioners in conformity with certain regulations of Government, which provides for the resumption of revenue on lands held rent-free, on valid or invalid tenures, no matter in particular cases. The Raja of Burdwan's tanks and some gardens were resumed by the Collector, but since the promulgation of the Commissioner's instructions, those lands, I understand, have been reported specially that assessment on them may be remitted.

The abolition of the Persian as the Court language is another, and the fourth important measure of Mr. Commissioner Walters, for which we should be extremely grateful. The Zemindars will recollect another act of his, which shews how he consulted their good—the diminishing of the number of sales of petty Mehals for arrears of revenue.

These and many other praise-worthy acts of Mr Walters are well known all over the country. They require no comments.

It is highly desirable, therefore, Mr Editor, that some sort of public acknowledgement, an address for instance, be made by the people of our Zillas to Mr. Walters for the benefit he has conferred upon us. Let the rich Zemindars take the matter into their consideration, and if they desire always to have such persons, let them shew by their actions how much they appreciate their late worthy Commissioner.

Yours obediently,

A Resident of Zillah Hooghly

To the Editor of the Durpun.

I learn from the Poornochundrodoy, that at Jorasanko in this large city, the place where Mr. Duil's school was formerly held, some English medical men have established a Hospital for the benefit of the natives of this country, where advise and medicine are dispensed gratis; and that some most inveterate diseases are cured there without any charge to those who are distressed. This may certainly be considered as an extremely great favour to the natives of this country. And it may be said that those gentlemen are conferring great blessings upon the people. Be that as it may; we most cheerfully offer boundless thanks to those wise and well instructed, benevolent and disease-removing physicians. Who can adequately describe the virtues of those, who for the benefit of others, grant both their bodily labour and wealth? Wherefore I would entreat the Chundrika, and other native papers, and the Hurkaru and the Englishman and other English papers, graciously to give this letter a place in their columns and thus make its contents generally known.

A Reader of the Poornochundrodoy and the Durpun.

To the Editor of the Durpun.

Last Sunday having occasion to go to the houses of several of my friends at the

গ্রাম মধ্যে আমার অনেক আত্মীয় ভবনে উপস্থিত হইয়া দৃষ্টি করিলাম তত্রস্থ গ্রামের [illegible] এক২ [illegible] শ্রীযুক্ত ম্যাজিষ্ট্রেট সাহেবের এক [illegible] পত্র [illegible] [illegible] চব্বিশপরগনার ম্যাজিষ্ট্রেট সাহেবের হুকুমে [illegible] [illegible] ও [illegible] রায় [illegible] এবং [illegible] [illegible] চব্বিশপরগনার ম্যাজিষ্ট্রেট সাহেবের [illegible] [illegible] [illegible] [illegible] তাহারা কি প্রকার লোক [illegible] নাই।

কস্যচিৎ হিতৈষিণঃ।

জিলা চব্বিশ পরগনার শ্রীযুক্ত জজ বার্নেট সাহেবের কাছারির সম্বাদ।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক সেলামাবেদন মিদং। সম্প্রতি চব্বিশ পরগনার কাছারির অনেক ফিরিয়াদী এবং আসামীদিগের প্রমুখাৎ অবগত হওয়া যাইতেছে যে বর্ত্তমান জজ শ্রীযুক্ত বার্নেট সাহেব অতি বুদ্ধিমান লোক এবং বিচার দ্বারা বাদী এবং প্রতিবাদী উভয় পক্ষকেই সন্তুষ্ট করিতেছেন তাঁহার কারণ এই যে প্রথমত মোকদ্দমা সকলের বৃত্তান্ত বিশেষ মনোযোগপূর্ব্বক অনুভব করিয়া তৎপরে বিচার পূর্ব্বে বাদী এবং প্রতিবাদী অথবা উভয় পক্ষের উকীল এবং মোক্তার দিগকে মোকদ্দমার বিবরণ অবগত করাইয়া তাহারদিগের ওজর আপত্তি যাহা উপস্থিত হয় সে সকল শ্রবণ করিয়া উচিতমত প্রত্যুত্তর দ্বারা অন্যায় পক্ষ আপত্তি নিরাকরণ করাইয়া যথাযথরূপে মোকদ্দমা নিষ্পত্তি করিতেছেন। সুতরাং ইহাতে কে না সন্তুষ্ট হইবেন বিশেষতঃ পূর্ব্বকার জজ সাহেবদিগের অবকাশাভাবপ্রযুক্ত মিছিলের কাগজাত ভারি২ অনেক মোকদ্দমা বহু দিবসাবধি অর্থাৎ ইঙ্গরেজী সন ১৮২৬ সাল নাগাইদ অনেক মোকদ্দমা নিষ্পত্তি না হওয়াতে মুলতবি ছিল তাহাতে অনেক দুঃখি লোক যথেষ্ট ক্লেশ পাইয়া বরাবর ফিরিয়া হায়রান পেরেশান ছিল। তাহারদিগের অনেকের মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন অপিচ শ্রীযুতের নিকট এইক্ষণে কোন আমলার কিছুই ক্ষমতা নাই কারণ মিছিলের কাগজ ইত্যাদি আপনি দৃষ্টি করিয়া স্বয়ং তৎক্ষণাৎ রুবকারি লেখাইয়া দেন কেবল এক জন মুহুরির মিছিল পড়িবার এবং লিখিবার নিমিত্ত

village of Chuckerbaree, I perceived 20 or 30 of the most respectable inhabitants assembled together, and in a great bustle regarding a perwannah which had come from a Magistrate. On enquiring the particulars, they replied, that Moddun Roy and Gopal Roy, of Beltulla, being notorious characters, had been placed in confinement by the Magistrate of the 24-Pergunnahs, and that the Magistrate had issued a perwannah to the wealthy inhabitants of Chuckerbaree and Bhuwanecpore, in order to ascertain the real character of those individuals. The bustle was occasioned by a consideration of the reply which should be given. On hearing this, I enquired what necessity there was for such a bustle simply to pen a reply. They answered me with a smile, that a reply was a matter of great difficulty, because the two individuals are well known for notorious characters and we are not ignorant of it; this leads us to write the truth; but if they are liberated after a very short confinement, they will immediately begin a series of aggressions upon all those persons who have represented themselves as dangerous and notorious characters; hence we are afraid to write the truth. On hearing these particulars, it occurred to me that there was no other means of preventing such a misfortune than to mention the fact in the papers, and thus to bring it to the notice of the present Magistrate Mr Paton, with a request that although he would naturally attend closely to this affair, yet it appeared in our humble opinion reasonable that he should confine them for a considerable time, and take securities for their good behaviour and in liberating them forbid them to reside in this district. Thus the inhabitants of Chuckerbaree and Bhowanecpore will be delivered from all terror; otherwise those who may have informed him of the truth will, without any doubt, be hereafter subjected to many misfortunes.

A benevolent character.

To the Editor of the Durpun.

Intelligence of the Cutcherry of Mr Richard Barnett, of the Zillah of 24-Pergunnahs.

Receive my salutations. I have recently heard from many of the plaintiffs and defendants in the Cutcherry of the 24-Pergunnahs, that the present Judge, Mr. R Barwell, is a very intelligent man, and by his just decisions gives great satisfaction to both parties. And this arises from the course he pursues. Having made himself fully acquainted with the merits of a case before giving a final decision, he communicates it to the complainant or defendant, or to their vakeels or agents, and listens to all objections which they may bring forward, and after giving a proper reply to them, decides on the side of justice and thus completes the case. Who would not be satisfied with such proceedings? In the time of the former Judges, through their want of leisure, many very heavy cases had remained undecided in the year 1826, through which many poor individuals were reduced to the greatest distress, by being obliged constantly to attend the Court. Many such cases he has already decided. Moreover none of the Amlahs have any influence over him, because he himself looks to all the papers, and dictates a roobokaree without any delay. There is only one Moburrer employ-

দণ্ডায়মান থাকেন মাত্র। শ্রীযুক্তের প্রশংসা বিষয় গত ২৩ দিসেম্বর তারিখে হরকরা সম্বাদপত্র দ্বারা বিশেষরূপে প্রকাশ হইয়াছে। অতএব প্রার্থনা এমত নিরপেক্ষ বিচারশালি শ্রীযুক্ত মেং রিচার্ড বেরওয়েল সাহেব কিছুকাল উক্ত জিলায় থাকিলে মোকদ্দমা মুলতবি থাকিবেক না এবং জিলায় পরম মঙ্গল হইবেক।

এক জন যথার্থবাদী।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

বিবিধবিদ্য পুরন্দর মেলায় বহুবোধকেষু সন্দর্পণং। গত ১১ পৌষ শনিবারীয় দর্পণে কস্যচিৎ সন্দিগ্ধমনা ইত্যাখ্য যে এক পত্র কোন বিজ্ঞতম মহামহোপাধ্যায়কর্তৃক অতি সুকঠিন প্রশ্নসহ প্রকটিত হইয়াছে। যদ্যপি ঐ সন্দিগ্ধ বিজ্ঞের মতে স্বীয় মতের অনৈক্য মতের উত্তর অক্ষরাদি দুরূহ প্রদানে শক্য হইলেও। সম্পাদক মহাশয় মুর্ত্তিমান দেবতা কিম্বা বিগ্রহপ্রভৃতির চরণামৃত যে প্রকার কহা যায় তদনুসারে শালগ্রামশিলার চরণামৃত এবং তারকেশ্বরের চরণামৃত প্রায় সকলেই কহিয়া থাকেন। কিন্তু ইহা কি প্রকারে সম্ভব হইতে পারে ইত্যাদি। উত্তর আমরা বলি যে বিদগ্ধ মহাশয় কি মহৎ সাধু বিজ্ঞবর পুরুষ। তাঁহার শিবলিঙ্গ পূজা কি শালগ্রাম পূজা বা ঘট স্থাপন দ্বারা অন্যং কোন দেবতাদির পূজা অনুসরণে যদ্রূপ বিশ্বাস তাহাতে তাঁহার রসবতী লেখনী তাহার প্রত্যক্ষরূপেই বোধগম্য হইল। সম্পাদক মহাশয় কি আশ্চর্য্য ইহা কি বিজ্ঞতম সন্দিগ্ধের কি কস্মিন্‌কালেও কোন ব্যক্তির প্রমুখাৎ আরাধ্যের বা কখন শ্রুতও হয় নাই যে ঐ কৃত্রিমাকৃতি শিলাদিতে উপাস্যদেবতার হস্ত পদাদি ভাবরূপ ভাবনাপূর্ব্বক ঐ কৃত্রিমাকৃতি আধারের ভাবরূপতায় পূজা করিতে হয়। যে মত অন্যং দেবতাদির দেহের যন্ত্র উপাস্যদেবতার হস্তপদাদ্যবয়বের ঐ আধারে পূজা করিতে হয়। শিবলিঙ্গ ও শালগ্রাম তদ্রূপেই অবশ্য জ্ঞান করিতে হইবেক। যেহেতুক কোন ব্যক্তি পূজাকালীন এতদ্রূপ কহেন না যে শালগ্রামকে নমস্কার শিবলিঙ্গকে নমস্কার যদ্যপি কেবল শিলাদ্যাদের পূজা করিয়া তবে পাদ্যার্ঘ্য কোথায় দেওয়া যায়। অপিচ সন্দিগ্ধ বিজ্ঞ এ পত্রের শেষে স্বীয় প্রভুত্ব প্রকাশপূর্ব্বক লেখেন যে চরণামৃত না কহিয়া স্নানামৃত কহিলে ভাল হয়। উত্তর তাহাতে তাঁহাদিগের মতে যথার্থ বটে কিন্তু অস্মদাদির মতে অনুচিত কারণ স্নানামৃত কহনে জলীয় দ্রব্য বস্তুর স্বাদ এ প্রকারে নানা স্থলে চরণামৃত পানের বিধান আছে স্নানামৃত পানে কুত্রাপি বিধান দেখা যায় না আর স্নানকালীন আপাদমস্তক তাবৎ ঐ স্নানজলে ধৌত হয়। বিজ্ঞবর যদ্যপি কহেন যে শিলা বর্ত্তুলাকার হস্তপদাদিরহিত। উত্তর পূর্ব্বেই লিখিত হইয়াছে যে শিলাপ্রভৃতি কেবল দেবতার মাত্র স্থান ও পূজাপ্রভৃতি তাবৎ তদ্দেবতাতে বর্ত্তায় করা যায় তবেই সুতরাং চরণামৃত কহিতে হইল স্নানামৃত কোনপ্রকারেই সম্ভব নহে। দেখুন পৃথিবীস্থ তাবল্লোকেই যথাশাস্ত্র পূর্ব্বোক্ত ব্যবহারে আবহমান কালাবধি দেবতাদির অর্চ্চনা করিয়া আসিতেছেন। অতএব এমত প্রসিদ্ধ ব্যবহারে কাঠিন্য জ্ঞানপূর্ব্বক সন্দিগ্ধ বিজ্ঞবর মহাশয় শালগ্রাম ও শিবলিঙ্গের চরণামৃত দৃষ্টে স্নানামৃত কহিয়াই যদি আপন বিজ্ঞতা প্রকাশ করিলেন তবে এপর্য্যন্ত সন্দেহের আবশ্যক কি আছে এতদ্রূপ অনুসন্ধান করিয়া এত পাণ্ডিত্য প্রকাশ নিরর্থক তাঁহার যে চরণের অন্বেষণ কোন প্রকারেই নহে তেমত আশ্চর্য্য শালগ্রাম শিলা ও শিবলিঙ্গের কোথায় দেখিলেন অলং বাহুল্যেন ইতি পৌষস্য পঞ্চদশ দিবসীয়া লিপিরিয়ং।

কস্যচিৎ সত্যবক্তা বক্তব্য।

---

to read and to write papers. In the Hurkaru of the 23d of December, the qualifications of this gentleman were mentioned with great praise. I would therefore submit, that if so impartial a Judge as Mr. Richard Barwell continues for any time in this district there will be no arrears of cases, and the district will be in excellent order.

A Speaker of the truth.

To the Editor of the Durpun.

In the Durpun of Saturday, the 11th Pous, a letter sign d *A Doubter* and written by some extremely wise pundit, was published, in which he asks some very difficult questions. Although the matter may not appear clear to this doubting pundit, yet we find it perfectly easy to give him a reply. Mr Editor, he says, that as it is common to speak of water sanctified by the foot of an image, or the representatives of the gods, so it is usual to speak of the water of the feet of the salgram stone, and of Tarukeshur; and he asks how this can be. We reply, what an extremely wise and learned person must this doubter be, from the amusing specimen he has given us of his writing. It is easy to perceive how he performs the worship of the lingu, and the shalgram, or any other representatives of the gods. Mr. Editor, how marvellous are the ways of the gods! Has the wise doubter never at any time heard in any mode, or in any way learnt, that it is by mentally supposing the hands and feet of the gods to be in those representatives, whether made or unmade, that they become the objects of worship? Just as all the parts of the gods are supposed to exist in any representative of the god, upon the same principle is the shalgram, and any other object to be worshipped. The Shiva lingu, and shalgram, will also follow the same rule. For no one at the time of worship says, I venerate the shalgram, or I venerate the Shiva lingu. If the shalgram itself were worshipped then

Again; the great wisdom which the wise doubter has manifested by observing at the end of his letter, that it ought to be called the water in which the object has been bathed, not the water of its feet. I reply, this may be right according to his mode, but according to the opinion of those who differ from him, it would be exceedingly improper, because in many works there are rules for drinking the water in which the feet of the idol has been bathed, none for drinking that in which his body has been washed. And moreover at the time of bathing, the whole body from the head to the feet is washed. If the wiseacre should say, that the stone is a round thing without hands and feet: we reply, that it has heretofore been noticed that the stone is merely the object in which the god resides, and the worship is offered to the god who resides in it. Hence when speaking of the water of the feet, it would be highly improper to say the water in which it has been washed, for you must observe that all the people in the world have from time immemorial been worshipping all the gods, for the wiseacre therefore to suppose there is any difficulty in so public a matter, and to talk of the water in which the image has been bathed instead of the water of the feet is eminently ridiculous. For him to take so much labour upon so idle an enquiry would lead any one to suppose that he must have no want of feet himself (that is, that he must be an animal); and where will he then find a shalgram or a lingu with so many feet as himself?—*15th Pous.*

One who replies.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

বিবিধ বিদ্যা বিশারদেষু। মহাশয়ের পৌষস্য চতুর্থ দিবসীয় ১১১৮ সংখ্যক দর্পণে হুগলির মোগলপুরনিবাসি পত্রপ্রেরক ইমামবাড়ীর মতওয়ালী নিযুক্তকরণে যে অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন তৎপাঠে আমরা বিশেষ বিস্ময়াপন্ন হইলাম। যেহেতুক তিনি লেখেন যে ঐ ৺ বাটীর উক্ত পদের যোগ্য ও উপযুক্ত শ্রীযুক্ত ওয়াস আলী খাঁ কেন না তিনি সদর দেওয়ানী আদালতের দুই বিচারকর্ত্তা সাহেবদিগের বিচারে নির্দোষী হইয়া গবর্ণমেণ্টে ঐ কর্ম্মের প্রার্থনায় দরখাস্ত করিয়াছেন। উত্তর ঐ পত্রপ্রেরক লিখিয়াছেন যে ঐ বিচারে যে নির্দোষী এমত নহে বরঞ্চ অনেকের মতে তাঁহার নামে যে সকল অভিযোগ তাহা তদন্ত হওনের যোগ্য তবে তিনি একেবারে নির্দোষী ও ঐ কর্ম্মের যোগ্য ও উপযুক্ত কি প্রকারে কহা যাইতে পারে আর দর্পণকার মহাশয় তাঁহার দোষাদোষ বিচার উভয়ের অন্যতর না হইতে তাঁহার পক্ষে নির্দোষী ও উপযুক্ত কহা যায় না এ কেবল পত্রপ্রেরকের অবিবেচনা ও অজ্ঞানতা প্রকাশ। যে জন শত অপরাধ করিয়া সমুচিত দণ্ডে পদচ্যুত হইয়াছে সে ব্যক্তি পুনর্ব্বার ঐ পদে নিযুক্ত হইবার কোন প্রকারেই যোগ্য নহে তবে পত্রপ্রেরক এই বিবেচনা করিয়া তাঁহার কেন বৃথা পক্ষপাত করিয়া আপনাকে উপহাসাস্পদ করিলেন। দর্পণসম্পাদক মহাশয় আপনকার পত্রপ্রেরক আর এক অসম্ভব কথা লেখেন যে চুঁচুড়া ও হুগলির ভাগ্যবান লোকেরা একত্র হইয়া উক্ত ব্যক্তির ঐ পদে নিযুক্তার্থ গবর্ণমেণ্টে দরখাস্ত করিয়াছেন। কিন্তু ইহা অমূলক কেন না এতন্নগরস্থ ভাগ্যবান বিশিষ্ট লোকেরা ঐ ব্যক্তির উপর এমত কি তুষ্টি আছে যে তাঁহার জন্য দরখাস্ত করিবেন তবে যদি পত্রপ্রেরক মহাশয়ের আত্মীয় বন্ধু বান্ধব একত্রিত হইয়া গবর্ণমেণ্টে দরখাস্ত করিয়া থাকেন তবে বলিতে পারি না। দর্পণসম্পাদক মহাশয় ঐ পদাভিষিক্ত হওনে এতন্নগরস্থ বাসিলোকেরা তুষ্ট এমত কহা যাইতে পারে না বরং এমত কহা যায় যে অনেক মোসলমান সম্প্রতি বর্ত্তমান মতওয়ালীর প্রতি অসন্তুষ্ট। সে যাহা হউক যদ্যপি গবর্ণমেণ্ট এ বিষয় বিবেচনা করিয়া এক জন সুবিজ্ঞ ধার্ম্মিক সত্যবক্তা শিয়ামত ধর্ম্মাবলম্বি ব্যক্তিকে ঐ পদে অর্পণ করেন তবে ঐ ৺ বাটীর কার্য্য সকল সুচারুরূপে সম্পাদন হইতে পারিবেক। এইক্ষণে এই পর্য্যন্ত লিখিলাম পরে প্রয়োজন বিবেচনা করিলে পুনর্ব্বার লিখিব। দর্পণকার মহাশয় এই কএক পংক্তি আপনার দর্পণে কিঞ্চিৎ স্থল প্রদান করিয়া আনন্দ করিবেন কিমধিকং।

কস্যচিৎ উচিতবাদিনঃ।

To the Editor of the Durpun.

In the 1118th No. of the Durpun of the 4th Pous, a letter was published regarding the Mutuwallee of the Emambaree of Hooghly by a resident of Mogulpore, in the district of Hooghly; on reading which we have felt no little astonishment. He says, that Was Ali Khan is not only fit to superintend that institution, but has a right to the place, for he has been declared innocent by two Judges of the Sudder Dewannee Adawlut, and hence has petitioned Government for that situation. We reply, that it is untrue that this candidate has been thus cleared from imputations by those Judges; rather in the opinion of many, the allegations against him are considered worthy of being examined; how then can it be said that he is entirely guiltless, and that he is fit for the situation and has a claim to it, and how can it be said that he is without fault before the question of his guilt or innocence has been decided, and that he is the best person for it? Can he not understand that he who has committed a hundred transgressions, and has been dismissed from a high situation, is not exactly the person to be reappointed to it. Why does the writer thus stupidly expose himself and became ridiculous through his partialities? Mr. Editor, your correspondent has mentioned another ridiculous thing, that the wealthy men of Chinsurah and Hooghly assembled together, petitioned Government for him to be appointed to the situation; but this is unfounded, for the respectable inhabitants of this town have no such regard for the individual in question as to offer such a request; but if your correspondent has assembled his own friends and sent a bewailing letter to Government it may possibly be. Mr. Editor, it can never be said, that a large proportion of the inhabitants are favourable to the candidate. It may even be said, that there are some Moosulmans who are by no means satisfied with the intelligent man who now acts as mutuwallee. Be that as it may; if Government would take the matter into their consideration and appoint to that situation a wise, holy, faithful man, of the Shea profession, the affairs of the institution would prosper. Thus far have I written at present; if it appear necessary I will resume my pen. Oblige me, Mr. Editor, by publishing these lines in your Durpun.

A correct Speaker.

কোম্পানির কাগজ।

৬ টাকা সুদের লোন	১৭	১৮	প্রিমিয়ম
পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৸০	॥০	ঐ
২ ক্লাস	১	৸০	ঐ
৩ ক্লাস	১।০	১৸০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৸০	১	ঐ
৪ টাকার লোন	১৸০	২	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৬০০০—৬১০০ প্রিমিয়ম

Government Securities.

6 Per Cent loan	17	0	18	0	Prem.
Old 5 Per Cent loan,					
1st Class,	0	4	0	0	
2d. Class,	0	5	0	0	
3d. Class,	4	0	3	8	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	11	8	10	8	
4 per Cent loan,	0	2	0	6	Dis

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1600—171

সমাচার দর্পণ

১১২২ সংখ্যা। বালম ১৯।] ১৪ জানুআরি ১৮৩৭ সাল শনিবার ১২ ৪৩ সাল ২ মাঘ। SATURDAY, JANUARY 14TH, 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1122 VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. Price 1 Rupee monthly.

ইশতেহার।

সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাত আপীলকরণবিষয়ে খবর দেওয়া যাইতেছে যে এক মাতবর সাহেব বিলাতে এক এজেন্সি হৌস করিয়াছেন। সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাতে বাদশাহী কৌন্সোলে আপীল করিবার কারণ ঐ সাহেব সদর দেওয়ানীহইতে আপীলের মোকদ্দমা কিছু লইয়া বিলাত গিয়াছিলেন তাহা কাসিল করিয়া সম্প্রতি কলিকাতায় আসিয়াছেন এবং প্রিবি কৌন্সেলের ভারি জমিদারীসম্পর্কীয় তার এক ডিক্রী রদ করিয়াছেন এমতপ্রকোর কেহ কখন করিতে পারেন নাই। সদর দেওয়ানীর মোকদ্দমার উপর বিলাত আপীল করিবার কারণ এবং যে সকল ভারি মোকদ্দমা বহুকালাবধি বিলাত আপীলে শেষ হয় নাই তাহাও কাসিল করিবার কারণ বিলাতে অতিউপযুক্ত কৌন্সেলি মোকরর করিয়াছেন এবং বিলাতে কোম্পানির তরফ উকীল মিসর্স এডবার্ড ও জান লাফার্ড সাহেব মোকরর আছেন তাঁহারদিগকে উকীল নিযুক্ত করিয়াছেন অতএব যাঁহারদিগের মোকদ্দমা বিলাত আপীলে আছে কিম্বা করা আবশ্যক হয় তাঁহারা মিসর্স মেরনেল ও এলেন সাহেবের আপীসে আসিয়া আপন২ আহওয়াল জানাইবেন ঐ সাহেবের দ্বারা মোকদ্দমার তদবীরাত হইতে পারিবেক ইতি।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৯ জানুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম হিকি সাহেব গুরুচরণ দাস নবকৃষ্ণ দাস পিতাম্বর দাস গয়ারাম দাস এবং ইসপ মল্লির বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। কলিকাতার অন্তঃপাতি মাগুরা পরগনায় দক্ষিণেশ্বরের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত দোতালা এক গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩/ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী গুরুচরণ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কালীশঙ্কর ঘোষালের ভূমি। পশ্চিম দিগে মির্জা সাহেবের বাগাৎ ভূমি। দক্ষিণ দিগে রামনাথ মণ্ডলের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে জগন্নাথ সরকারের এক খণ্ড ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত উপরি উক্ত বাটীর পুর্ব্বে লাগাও যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ২।০ দুই বিঘা দশ কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে কএকটা নারিকেল গাছ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী গুরুচরণদাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগন্নাথ সরকারের বাগাৎ ভূমি। উত্তর দক্ষিণ ও পশ্চিম দিগে উক্ত জগন্নাথ সরকারের ধান্য ভূমি

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২ ০ দুই বিঘা দশ কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গুরুচরণ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সুধা ঠাকুরাণির এক খণ্ড ভূমি। দক্ষিণ পূর্ব্ব ও পশ্চিম দিগে কানাই ঘোষের ভূমি।

৪ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গুরুচরণ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কিনু মল্লিকের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে কালীশঙ্কর বাবুর এক খণ্ড ভূমি। পশ্চিম ও দক্ষিণ দিগে উক্ত কিনু মল্লিকের ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গুরুচরণ দাসের যে স্বত্বাধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত গুরুচরণ দাসের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে কিনু মল্লিকের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে [illegible] ঘোষের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে কালীশঙ্কর বাবুর এক খণ্ড ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমচার দেওয়া যাইতেছে যে আগামি ১৯ জানুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড কাকেরল সাহেব নিত্যানন্দ দাসের বিরুদ্ধে ফাইরিফাসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন

বিশেষতঃ কলিকাতানগরের মলঙ্গাতে লেবুতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ বসত বাটী নং ৩৫ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬ ছয় কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নিত্যানন্দ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কৃষ্ণচন্দ্র মিত্রের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে এক গলি উত্তর দিগে রামকৃষ্ণ মিত্রের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে পঞ্চু পালের এক খণ্ড ভূমি।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে খোলার ঘর ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১০ ছয় কাটা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নিত্যানন্দ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে পীতাম্বর সাত্রার বাটী ও ভূমি। উত্তর দিগে গঙ্গারাম পোদ্দারের বাটী ও ভূমি। পূর্ব্ব ও দক্ষিণ দিগে সদর গলি

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হৌ কাকেরল সাহেব পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের বিরুদ্ধে বেন্দিসিয়োনি এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। এবং জিলা সারণের মাহাজি পরগনার রেবেল গঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত রেবেল গঞ্জ তালুকনামে খ্যাত বা বিদিত বা কথিত আছে যে গঞ্জ বা বাজার এবং তৎসঙ্গে ইষ্টকনির্ম্মিত যে বাটী ও গুদাম ও বৈঠকখানা ও অশ্বশালা ও রন্ধনশালা ও গোলা ও চকোর কাষ্ঠের বাজার ও [illegible] ভূমি অনুমান বড় বিঘার ২০/ বিশ বিঘা ও কলিকাতার বিঘার ৪০/ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বাগান ও পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে নদী ও উত্তর দিগে গোদনানামক এক গ্রাম পূর্ব্ব দিগে নদীতে যাইবার এক গলি। পশ্চিম দিগে রঞ্জ বাজার নামে খ্যাত এক বাজার।

২ দফা। এবং পূর্ব্বোক্ত জিলার [illegible] কিরতপুরের শামিল ও তন্মধ্যস্থিত কিরতপুরের কুটীনামে খ্যাত বা বিদিত বা কথিত যে সোরার কুটী বা সোরার কারবার হয় যে কারখানাতে তাহা ও তৎসঙ্গে যে এক খান ছোট বাঙ্গলা ঘর ও তাহার তাবৎ ভূমি অনুমান বড় বিঘার ৫/ পাঁচ বিঘা ও কলিকাতার বিঘায় ১০/ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা সারণের সরমস্তপুরের শামিল ও তন্মধ্যস্থিত গোদনার কুটীনামে খ্যাত বা বিদিত বা কথিত যে সোরার কুটী বা সোরা যে কারখানায় উৎপন্ন হয় তাহা এবং টাটল হাওস যে কাচা দোতালা বাটী এবং তৎসঙ্গে যে ভূমি অনুমান বড় বিঘার ৪/ চারি বিঘা বা কলিকাতা বিঘার ৮/ আট বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সদর রাস্তা। উত্তর দিগে জমীদারেদের বাটী ও পূর্ব্ব দিগে শ্রীকৃষ্ণ ভকতের সোরার কুটী এবং পশ্চিম দিগে মতীলাল শীলের সংপ্রতিকার সোরার কুটী।

৪ দফা। এবং পরনা বারাসতে আন্দাবকের গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও বাটীর সম্মুখস্থ ভূমি ও আওলাত অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসী

মানকের শরহঃ পূর্ব্ব দিগে অক্রুর নাপিতের বাটী। পশ্চিম দিগে মদনমোহন গঙ্গোপাধ্যায়ের বাটী। দক্ষিণ দিগে উক্ত মদনমোহন গঙ্গোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে সদর রাস্তা।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত অর্দ্দাবাদের গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত নানাপ্রকার ফলের বৃক্ষসমেত যে অর্দ্ধেক এক বাগান তাহার ভূমি অনুমান ৪০ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বৃহৎএক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে [illegible] চট্টোপাধ্যায়ের বাটী। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামিদের নীচ লিখিতব্য বাগান। উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হলধর বন্দ্যোপাধ্যায়ের খানা ভূমি

৬ দফা। এবং পূর্ব্বোক্ত গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত নানাপ্রকার ফলের নানাজাতীয় বৃক্ষসমেত যে এক অর্দ্ধেক উদ্যান অনুমান ৩০ পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বৃহৎ এক পুষ্করিণী ও ইষ্টকনির্ম্মিত দুই কুঠরী আছে তাহার বিবরণ ডাইনে আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে আসামীর উপরি উক্ত উদ্যান। পূর্ব্ব দিগে রামধন বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হলধর বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি।

৭ দফা। এবং শেষোক্ত বাগানের সন্নিহিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক

৮ দফা। এবং কলিকাতা নগরের সুতানুটি অথবা আর্পিরিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অর্থাৎ ঐ বাটী যে ভূমির উপর স্থাপিত আছে তাহা অনুমান /৩ তিন কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বলরাম ভট্টাচার্য্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে রামধন মুখুয্যের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে নারায়ণ শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে বিশ্বেশ্বর চাটুয্যের বাটী ও ভূমি।

৯ দফা। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের সুতানুটিতে ছোগল কুড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত কিয়দংশ দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অর্থাৎ ঐ বাটী যে ভূমির উপর স্থাপিত আছে তাহা অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গুরুদাস মুখুয্যের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রামধন মুখুয্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে [illegible] বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী গলি।

১০ দফা। এবং চব্বিশপরগনাতে কলিকাতা পরগনার শামিল ও তন্মধ্যস্থিত যে আবাদিত ও অনাবাদিত ভূমি অনুমান ১১৬ এক শত ষোল বিঘা বিশেষতঃ গোপালপুরে ৮৩/৪০ পঁচাশি বিঘা ও চারি কাঠা ও নারায়ণপুরে ২৫৫ পঁচিশ বিঘা নওর কাট এবং বারাবাটিতে ৪৩।।১০ পঁয়তাল্লিশ বিঘা আড়াই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১১ দফা। এবং পরগনা [illegible] ও [illegible] শামিল ও তন্মধ্যস্থিত যে আবাদিত ও অনাবাদিত [illegible] ভূমি অনুমান ৩৪ [illegible] বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

শরিফের দপ্তরে আগমন করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন বদল না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেল শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞানুসারে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণে বিভাগে ঐ বিধি কোন২ আইনক্রমে সংগৃহীত হইয়াছে তাহা অক্ষরান্তরূপে লেখা গিয়াছে কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন চলিত হয়। তৎপরে তাহা অন্য সকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও পশ্চিমাঞ্চল ও দক্ষিণাঞ্চলে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে একইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম গ্রন্থ লিখিত আছে অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যেং বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

৪ জানুআরি ১৮৩৭।

শ্রীযুত এডুয়ার্ড জেমস স্মিথ সাহেব কোম্পানি বাহাদুরের কর্ম্মে ইস্তফা দিয়া ১৮৩৬ সালের বার্ষিক বৃত্তিভোগ প্রাপণার্থ অনুমতি প্রাপ্ত হইয়া ডুক অফ বেডফোর্ডনামক জাহাজে আরোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে আড়কাটি ছাড়িয়াছে ঐ তারিখঅবধি তাঁহার ইস্তফা দেওন মঞ্জুর হইবেক।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি পি মার্টিন সাহেব উত্তমাশা অন্তরীপে গমনার্থ মৌণ্ট ষ্টুয়ার্ট এলফিনষ্টোননামক জাহাজে আরোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জি আর কাম্বেল সাহেব স্কসিয়ানামক জাহাজারোহণে ইউরোপহইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি আর কার্টরাইট সাহেব ব্রুক্স বর্ণনামক জাহাজারোহণে ইউরোপহইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ গত ২০ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব ডুক অফ নর্থম্বর্লেণ্ডনামক জাহাজারোহণে ইউরোপহইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

হাসিল নিমক ও আফিম এবং মারিণ বোর্ডের দ্বিতীয় মেম্বর শ্রীযুত এচ এম পার্কর সাহেব গত মাসের ৭ তারিখে যে ছুটি পান তাহা ১১ তারিখে আরম্ভ হওনের হুকুম ছিল তাহা ১৪ তারিখ অর্থাৎ গাঞ্জেস বাষ্পীয় জাহাজ যে তারিখে কলিকাতাহইতে প্রস্থিত হয় সেই তারিখঅবধি চলিত হইবে।

শ্রীযুত এচ এম পার্কর সাহেব ইউরোপহইতে প্রত্যাগত হইয়া গত মাসের ২৯ তারিখে হাসিল নিমক ও আফিম এবং মারিণ বোর্ডের স্বীয় পদ পুনর্গ্রহণ করিলেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আন্দ্রু ড্রমণ্ড সাহেবকে সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি হাজারিবাগের ডেপুটি পোষ্টমাষ্টরের পদে নিযুক্ত করিলেন।

শ্রীযুত সিসিল বিডন ও শ্রীযুত আর্চিবল্ড আর ইয়ং সাহেব সিবিলসম্পর্কীয় রাইটর নিযুক্ত হইয়া গত মাসের ৩১ তারিখে কলিকাতা রাজধানীতে পঁহুছিলেন এমত রিপোর্ট করিয়াছেন।

বঙ্গদেশের ধর্ম্মোপদেশক শ্রীযুত ডাক্তর পারিস সাহেব বিলাতে গমনার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

৭ জানুআরি।

কলিকাতা রাজধানীর চিকিৎসক শ্রীযুত ডাক্তর আলেকজান্দর হালিডে সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন।

৩ জানুআরি।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর্থর স্মেল্ট সাহেব জিলা বর্দ্ধমানের দ্বিতীয় একটিং উপরি জজের কার্য্য নির্ব্বাহ করত অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার সেসন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত আর মাকান সাহেব সিবিল জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত রাবর্ট বারলো সাহেব ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ ও সারেরমারেরী কমিস্যনরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

গোলন্দাজেরদের লেপ্টেনস্ত শ্রীযুত এচ ই এল থুইলিয়র সাহেব জয়ন্তীর সংপ্রতিক রাজার যে দেশ কাছাড় ভুক্ত হইয়াছে ঐ দেশের জরীপকরণ কার্য্য নির্ব্বাহ করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বকর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

Civil Appointments.

4th January, 1837.

Mr. Edward James Smith having been permitted to resign the Honourable Company's Civil Service and to retire upon an Annuity of the year 1836, embarked on board the Ship *Duke of Bedford*, which vessel was left by the pilot at sea on the 3d instant, from which day the resignation will date.

Mr. T. P. Marten, of the Civil Service, embarked for the Cape of Good Hope on board the Ship *Mountstuart Elphinstone*, which vessel was left by the pilot at sea on the 3d instant.

Mr. G. R. Campbell, of the Civil Service, reported his return to the Presidency from Europe on board the Ship *Scotia*, which ship arrived off Kedgeree on the 26 h ultmo.

Mr. C. R. Cartwright, of the Civil Service, reported his return to the Presidency from Europe on board the Ship *Broxbornebury*, off Kedgeree, on the 20th ultimo.

Mr. J. F. Cathcart, of the Civil Service, reported his return to the Presidency from Europe on board the Ship *Duke of Northumberland*, off Kedgeree, on the 27th ultimo.

The leave of absence granted to Mr. H. M Parker, Junior Member of the Board of Customs, Salt and Opium and of the Marine Board, on the 7th, to take effect from the 11th ultimo, is to be calculated as taking effect from the 14th ultimo, the day when the Steamer *Ganges* actually left Calcutta.

Mr. H. M. Parker returned and resumed his seat in the Board of Customs, Salt and Opium and in the Marine Board, on the 29th ultimo.

The Right Honourable the Governor of Bengal has been pleased to appoint Mr. Assistant Surgeon Andrew Drummond, Deputy Post Master at Hazareebaugh from the 1st instant.

Messrs. Cecil Beadon and Archibald R. Young report d their arrival as Writers on this *Establishment* on the 31st ultimo.

The Reverend H. Parish, D. C. L., Chaplain on the Bengal Establishment, is permitted to proceed to Europe on Furlough.

7th January.

Dr. Alexander Halliday, Presidency Surgeon reported his return to the Presidency on the 5th instant.

3d January.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. Arthur Smelt to officiate, until further orders, as Session Judge of Burdwan, retaining his duties as Second officiating Additional Judge of that District. Mr. R. Macan will officiate as Civil Judge.

Mr. Robert Barlow to officiate, until further orders, as Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division.

Lieutenant H. E. L. Thuillier, of the Artillery, to conduct the Revenue Survey in the tract of country attached from the late Raj of Jynteeah to the jurisdiction of Cachar.

The following officers have obtained leave of absence from their stations:

সারণের সিবিল ও সেসন জজ শ্রীযুত এচ নিসবেট সাহেব গত ১৮ অক্টোবর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি বিংশতি দিবসের ছুটি পাইয়াছেন।

ত্রিপুরার সংপ্রতিকার একটিং মাজিস্ত্রেট শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব যে জাহাজারোহণে ইঙ্গলণ্ডে গমন করিবেন সেই জাহাজ প্রস্থিত না হওনপর্য্যন্ত অতিরিক্ত ছুটি পাইয়াছেন।

পাটনার প্রধান সদর আমীন শ্রীযুত অযোধ্যাপ্রসাদ তেওয়ারী বর্ত্তমান মাসের ৩১ তারিখঅবধি এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

৫ জানুআরি।

মুরশেদাবাদের শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এফ গোল্ডসবেরি সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত তালুকের উপরি জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

২ জানুআরি।

হৈদরাবাদের রেসিডেণ্ট শ্রীযুত কর্ণেল জে ষ্টুয়ার্ট সাহেব স্বাস্থ্যের নিমিত্ত পশ্চিম দিগে এবং পরিশেষে সমুদ্রপথে গমনার্থ ও তদপলক্ষে ১৮৩৮ সালের ১ ফেব্রুআরি তারিখপর্য্যন্ত অনুপস্থানের অনুমতি প্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত কাপ্তান কামিরণ সাহেবকে শ্রীযুত লেপ্তেনন্ট কর্ণেল ষ্টুয়ার্ট সাহেব কিছুকালের নিমিত্ত ঐ রেসিডেন্সীর তাবৎ কর্ম্মের ভার অর্পণ করিবেন।

৯ জানুআরি।

গত ২৮ নবেম্বর তারিখের পোলিটিকাল ডিপার্টমেণ্টের সাধারণ হুকুমক্রমে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর আজ্ঞা করিতেছেন যে পদাতিক নৈন্যের ৩৮ রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত হাকিন্স সাহেব বিকানিরের শ্রীযুত রাজার বর্ত্তমান পরিভ্রমণসময়ে তৎসমভিব্যাহারে থাকনার্থ কিয়ৎকালের নিমিত্ত নিযুক্ত হইয়াছেন।

৪ জানুআরি।

উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেবের স্থানহইতে শ্রীযুত জে পি গবিন্স সাহেব বোম্বাইর পথদিয়া বিলাতে গমনের অনুমতি পাইয়াছেন।

কষ্টম নিমক ও আফীম বোর্ডের আসিষ্টাণ্ট সেক্রেটরী শ্রীযুত সি এফ ইয়ং সাহেব গত মাসের ৩০ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

২৮ ডিসেম্বর।

শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের রাজপুতানা অধিকারস্থ এজেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্তেনন্ট আর্থর কনলি সাহেব ডাক্তরের সার্টিফিকেটক্রমে ১৮৩৭ সালের ১ ডিসেম্বর তারিখপর্য্যন্ত অতিরিক্ত ছুটি পাইয়াছেন। এবং আগামি ফেব্রুআরি মাসে মসূরিতে ডাক্তরসাহেবেরদের যে কমিটি একত্র হইবার হুকুম হইয়াছে তাঁহারদের সম্মুখে ঐ সার্টিফিকেট পুনর্নবীকরণার্থ তথায় উপস্থিত হইবেন।

সিবিলকম্পানীর শ্রীযুত এফ সি স্মিথ সাহেব উত্তমাশা অন্তরীপহইতে বর্ত্তমান মাসের ১১ তারিখে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন।

১২ ডিসেম্বর।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর এচ পি ক্লার্ক সাহেব সহেশানের মাজিস্ত্রেট ও কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ক্লার্ক সাহেব বান্দার একটিং মাজিস্ত্রেটের বর্ত্তমান পদ শ্রীযুত এস বৌরিং সাহেবকে অর্পণার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত এচ ডবলিউ ডিন সাহেব যেপর্য্যন্ত ঐ কর্ম্মহইতে তাঁহাকে মুক্ত না করেন সেইপর্য্যন্ত তিনি তৎকার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এচ ডবলিউ ডিন সাহেব বান্দার মাজিস্ত্রেট ও কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৩ ডিসেম্বর।

৩ সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরি কমিস্যনর শ্রীযুত এস এম বোল্ডরসন সাহেব মুশাহেরা প্রাপণার্থ বিলাতে গমনজন্য প্রস্তুত হওননিমিত্ত কলিকাতায় আসিতে আগামি মাসের ১৫ তারিখঅবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

১৬ ডিসেম্বর।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ উডকাক সাহেব মির্জাপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন এবং অন্য হুকুম না হওনপর্য্যন্ত মাজিস্ত্রেটের কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই এফ টেলর সাহেব মথুরার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা [illegible] ছুটি পাইয়াছেন।

১৭ ডিসেম্বর।

উত্তর মুরাদাবাদের মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত এচ লসিংটন সাহেব স্বীয় প্রয়োজনার্থ আগামি মাসের প্রথম তারিখঅবধি ৩ মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত লসিংটন সাহেব স্বীয় পদ [illegible] মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত সি ডবলিউ কিনলক সাহেবকে অর্পণকরণের হুকুম প্রাপ্ত হইয়াছেন।

২০ ডিসেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বান্দার ডেপুটি কালেক্টর শ্রীযুত ফতেহ উল্লা খাঁ ডাক্তরের সার্টিফিকেটক্রমে বর্ত্তমান মাসের ১৫ তারিখ [illegible] পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২২ ডিসেম্বর।

মুরাদাবাদের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত বি টেলর সাহেব গত ১৬ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় প্রয়োজনার্থ পাঁচ দিবসের ছুটি পাইয়াছেন।

১ সংখ্যক অর্থাৎ মীরট প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডি এচ ক্রাফোর্ড সাহেব স্বীয় কর্ম্মস্থানে গমনার্থ যে ছুটি পান তদতিরিক্ত সাত দিবসের ছুটি পাইয়াছেন।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ উডকাক সাহেব যেপর্য্যন্ত শ্রীযুত ট্রসকট সাহেবকর্তৃক মাজিস্ত্রেট ও কালেক্টরের পদ হইতে মুক্ত না হন সেপর্য্যন্ত শ্রীযুত টি পি উডকাক সাহেব মির্জাপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ পি মাসন সাহেব ফতেপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এন এচ ই প্রৌএট সাহেব ৩ সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশের ভূমির রাজস্ব [illegible] দাবির তদারককরণার্থ এক ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

২৪ ডিসেম্বর।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত ওয়াল্টর ইউর সাহেব স্বীয় প্রয়োজনার্থ ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

Mr. H. Nisbet, Civil and Session Judge of Sarun, for twenty days, from the 1st instant, in extension of the leave granted to him on the 18th October last.

Mr. W. S. Alexander, late Acting Magistrate and Collector of Tipperah, an extension of leave of absence until the departure of the ship on which he may take his passage to England.

Ajodhea Pershad Tewaree, Principal Sudder Ameen of Patna, for one week, from the 30th instant.

5th January.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment:

Mr. F. Gouldsbury to officiate, until further orders, as Additional Judge of Tahoot.

2d January.

Lieutenant Colonel J. Stewart, Resident at Hydrabad, is permitted to proceed to the Western Coast, and eventually to Sea for the benefit of his health, and to be absent on that account till the 1st of February, 1838. As a temporary arrangement, Lieutenant Colonel Stewart will make over charge of the duties of the Residency to Captain Cameron.

9th January.

With reference to the General Order in the Political Department, dated the 28th November last, the Governor General in Council is pleased to notify that Captain Hawkins, of the 38th Regiment Native Infantry, has been appointed to the temporary duty of attending the Rajah of Bikaneer on his present tour.

4th January.

Mr. J. P. Gubbins has obtained from the Lieut. Governor of the North Western Provinces, leave to proceed to Europe on Furlough via Bombay.

Mr. C. F. Young, Assistant Secretary to the Board of Customs, Salt and Opium, has obtained leave of absence for one month, from the 30th ultimo.

28th December.

Lieutenant Arthur Conolly, Assistant to the Agent to the Governor General for the States of Rajpootana, has obtained an extension of leave to the 1st of December 1837, on Sick Certificate; and will appear before the Medical Committee ordered to assemble at Mussooree in February next, for the purpose of having his certificate renewed.

Mr. F. C. Smith, of the Civil Service, reported his return from the Cape of Good Hope on the 11th instant.

12th December.

The Honourable the Lieutenant Governor has been pleased to make the following appointments:

Mr. R. H. P. Clarke to officiate as Magistrate and Collector of Suheswan. Mr. Clarke has been desired to make over charge of his present office of officiating Magistrate of Banda to Mr. S. Bowring, who will continue in charge till relieved by Mr. H. W. Deane.

Mr. H. W. Deane to officiate as Magistrate as well as Collector of Banda.

13th December.

Mr. S. M. Boulderson, Commissioner of Revenue and Circuit of the 3d or Bareilly Division, has obtained leave of absence for two months, from the 15th proximo, to visit the Presidency, preparatory to proceeding to Europe, on the Annuity, for Furlough.

16th December.

The Honourable the Lieutenant Governor has been pleased to make the following appointments:

Mr. W. H. Woodcock to be Joint Magistrate and Deputy Collector of Mirzapore, and to continue to officiate as Magistrate till further orders.

Mr. E. F. Tyler to be Joint Magistrate and Deputy Collector of Muttra.

The following Officers have obtained leave of absence:

17th December.

Mr. H. Lushington, Magistrate and Collector of N. Moradabad, for three months, from the 1st proximo, on his private affairs. Mr. Lushington has been directed to make over charge of his office to Mr. C. W. Kinloch, the officiating Joint Magistrate and Deputy Collector.

20th December.

Futteh Oolla Khan, Deputy Collector under Regulation IX. 1833, in Banda, from 15th instant to 1st February next, on medical certificate.

22d December.

Mr. B. Taylor, officiating Civil and Session Judge of Moradabad, for five days, on his private affairs, in extension of the leave granted to him on the 16th January last.

Mr. D. H. Crawford, Assistant under the Commissioner of the 1st or Meerut Division, for seven days, in extension of the time allowed for joining his appointment.

The Honourable the Lieutenant Governor has been pleased to make the following appointments:

Mr. T. P. Woodcock to officiate as Joint Magistrate and Deputy Collector of Mirzapore, until Mr. W. H. Woodcock be relieved of the offices of Magistrate and Collector by Mr. Trescott.

Mr. W. P. Masson to officiate as Joint Magistrate and Deputy Collector of Futtehpore.

Mr. N. H. E. Prowett to officiate as Deputy Collector for the investigation of claims to exemption from the payment of the Land Revenue in the 3d or Bareilly Division.

24th December.

Mr. Walter Ewer, Judge of the Court of Sudder Dewanny and Nizamut Adawlut, has obtained leave of absence for six weeks, on his private affairs.

সমাচার দর্পণ

শনিবার ১৪ জানুআরি ১৮৩৭।

সদর বোর্ড রেবিনিউর সম্বাদ

গত ৮ অক্টোবর তারিখের সমাচার দর্পণে কর্ম্মচ্যুত আমলারদিগকে পুনর্ব্বার কর্ম্ম দেওনবিষয়ে এক প্রস্তাব প্রকাশ হইয়াছিল তাহাতে তৎক্ষণাৎ গবর্ণমেণ্টের দৃষ্টিগোচর হইয়া তদ্বিষয়ের সত্যাসত্যতার নির্ণয়ার্থ হুকুম দিলেন। যে ব্যক্তির বিষয়ে ঐ প্রস্তাব উল্লিখিত হইয়াছিল তাহার নাম গোলামনবি এবং যে পদের বিষয় প্রস্তাবিত ছিল তাহা জিলা সারণের সিরিশ্তাদারী পদ। দর্পণের প্রস্তাবে প্রথমতঃ লেখেন।

SUMACHAR DURPUN.

SATURDAY, 14TH JANUARY, 1837.

Sudder Board of Revenue—Monday.

In the Sumachar Durpun of 8th Oct. last, there appeared an article headed 'Employment of Dismissed Amlahs,' which attracted the notice of Government, and caused enquiries to be instituted as to the accuracy of the statement. One Gholam Nubbee is the person alluded to, and the situation to which reference was made in the Durpun, is that of the Sheristadar in the Collector's office, zillah Sarun. The commencement of the paragraph is as follows:—

'পাটনার আফীন দপ্তরের এতদ্দেশীয় কোন প্রধান আমলা বহুকালাবধি অত্যন্ত উৎকোচাদি গ্রহণকরণের পর পাটনার প্রবিন্সিয়াল আদালতের তৃতীয় জজ সাহেবের অতিপ্রশংস্য মনোযোগের দ্বারা অপমানপুর্ব্বক তগীর হইলেন।'

এই বিষয় গবর্ণমেণ্ট তজবীজ করাতে গোলাম নবিকে যে সাহেব নিযুক্ত করেন অর্থাৎ শ্রীযুক্ত কমিস্যনর টকর সাহেব এক রিপোর্ট দিয়া লেখেন যে দর্পণের উক্তিসকল নিতান্তই অলীক। পরে ঐ সাহেব বোর্ড রেবিনিউর জ্ঞাপনার্থ ১৮২৮ সালের ৪ ফেব্রুআরি তারিখের নিমক ও হাসিলের ও আফীনের বোর্ডের সাহেবেরদের নিকটে শ্রীযুত ফ্লেমিং সাহেব যে রিপোর্ট দেন অবিকল ঐ রিপোর্টই শ্রীযুত টকর সাহেব বোর্ডে অর্পণ করেন তাহাতে ফ্লেমিং সাহেব লেখেন যে উক্ত সিরিশ্তাদারের তগীরহওনের দুই কারণ ছিল প্রথমতঃ তাঁহার কর্ম্মের বিষয়ে মন্দ সোবে হইয়াছিল দ্বিতীয়তঃ তাঁহার প্রতি আফীনের এজেণ্ট সাহেবের বিশ্বাস ছিল না কিন্তু তাঁহার উৎকোচাদি গ্রহণবিষয়ে কোন অপরাধ সাব্যস্ত হয় নাই। ঐ কর্ম্মে তগীর হওনের পর গোলামনবি যশোহরে গেলেন তদ্বিষয়ে দর্পণে লেখেন।

'ঐ স্থানে তাঁহার ঐ অপরাধ কেহ না জানা শুনাতে এবং তথায় তাঁহার অতিপরাক্রান্ত সুরব্বি থাকাতে উক্ত জিলার কালেক্টরী সিরিশতাদার হইলেন। কিন্তু ঐ জিলাতেও তাঁহার স্বভাবানুসারে কার্য্য করাতে ছুটিলওন ছল করিয়া তথাহইতে পলায়ন করিতে হইল। পলায়নকরণ মাত্রই যশোহরে তাঁহার উৎকোচাদি গ্রহণ ব্যাপার ব্যক্ত হইল। এবং তৎকালীন রেবিনিউ বোর্ডের সাহেবেরা অবিলম্বেই তাঁহার নামে নালিস করিতে হুকুম দিলেন কিন্তু সাহেবেরদের ঐ বারম্বার হুকুমের এই রিপোর্ট দেওয়া গেল যে ঐ ব্যক্তির অন্বেষণ কোন স্থানেই পাওয়া যায় না অতএব ঐ যাত্রার অপকর্ম্মেও তিনি রক্ষা পাইলেন।'

কিন্তু শ্রীযুত কমিস্যনর টকর সাহেব কহেন যে গোলামনবি পাটনাহইতে কর্ম্মচ্যুত হওনের পর যশোহরে যান নাই। তিনি ১৮১৬ সালঅবধি ১৮২০ সালপর্য্যন্ত যশোহরের কার্য্যে নিযুক্ত ছিলেন. শেষোক্ত বৎসরে শ্রীযুত সর চার্লস ডাইলি সাহেব স্বেচ্ছাপূর্ব্বক পাটনার আফীন এজেণ্টের দেওয়ানী কর্ম্মে তাঁহাকে নিযুক্ত করেন তাহাতেই তিনি পূর্ব্বের কার্য্য ইস্তফা দেন শ্রীযুত টকর সাহেব আরো লেখেন আমি ১৮২০ সালের জুন মাসপর্য্যন্ত যশোহরের কালেক্টরী কর্ম্মে ছিলাম এবং যদ্যপি যশোহরহইতে আমার প্রস্থানকরণের পর গোলামনবির কলঙ্কজনক কোন২ বিষয় প্রকাশ হয় তথাপি আমি তাহা কখন শুনি নাই এবং তৎপরকালীন যশোহরের কালেক্টর সাহেব এমত ওয়াকফ করেন যে গোলামনবির অনুসন্ধান পাওয়া যায় না তথাপি তৎকালে সকলই সুজ্ঞাত ছিলেন যে তিনি পাটনাতে কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

তৎপরে দর্পণে লেখেন।

'তানন্তর তাহার কএক বৎসর পরে রেবিনিউ বোর্ডের সাহেবেরা শুনিলেন যে ঐ বেটাই আবার বীরভূমের কালেক্টরী সিরিশ্তাদারী কর্ম্মে নিযুক্ত হইয়াছে সুতরাং তৎক্ষণাৎ তাহাকে ঐ কর্ম্মহইতে তগীর করিতে তথায় হুকুম পঁহুছিল। তৎসময়েও তাঁহাকে পুনর্ব্বার কর্ম্মে নিয়োগার্থ মহোদ্যোগ হইয়াছিল এবং অতি মান্য ব্যক্তিরাও তদ্বিষয়ে গবর্ণমেণ্টে দরখাস্ত করেন। কিন্তু সৌভাগ্যক্রমে শ্রীল শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক গবরনর্ জেনরল বাহাদুর তাহাতে এই উত্তর দিলেন

'The chief native officer of the Opium Department at Patna, after a long career of gross corruption, was, by the meritorious exertions of the third judge of the Patna Provincial Court, dismissed with disgrace.'

The inquiry of Government called forth a report from Mr. Commissioner Tucker, who had appointed Gholam, in which he stated that the Durpun's paragraph was a gross exaggeration, and enclosed, for the Board's information, Mr. Fleming's report to the Board of Customs, Salt and Opium, dated 4th February, 1828, in which that gentleman set forth two grounds for the dismissal of the Sheristadar, first, that the conduct of the latter had occasioned suspicion, and secondly, that he had lost the confidence of the agents. But no instance of 'gross corruption' was brought home to him. After his dismissal, Gholam went to Jessore, 'where' it is said in the Durpun,

'Owing to his delinquency being unknown, and his having powerful friends, he became Sheristadar to the Collector, but renewing his old habits he was obliged to absent himself by obtaining leave of absence. The discovery of his corruption was made immediately after his flight, and the late Board of Revenue issued orders for his being brought to trial. Returns to these orders were repeatedly made, that he could not be found, and thus for a time he also escaped.'

But Mr. Commissioner Tucker states that Gholam did not go to Jessore after having been dismissed from office at Patna. He was Sheristadar of the Collectorate of Jessore from 1816 to 1820, when Sir Charles D'Oyly offered him the situation of dewan to the opium agent at Patna, and in consequence he resigned his former office. Mr. Tucker adds, that he (Mr. T.) was Collector of Jessore till June 1820, and though circumstances may have transpired since his departure implicating the character of Gholam, he never heard of them, and that although the succeeding Collector of Jessore reported the Gholam was 'not to be found,' it was notorious that he had gone to an appointment at Patna.

The Durpun goes on to state:—

'Some years afterwards the late Board of Revenue discovered that this corrupt native had obtained the office of Sheristadar to the Collector of Beerbhoom, and orders were immediately issued expelling him from that office. On this occasion great exertions were made to get him restored, and the Government was petitioned by influential individuals, but, luckily, our late Governor General at once directed that the

যে বোর্ডের সাহেবেরা ঐ ব্যক্তির বিষয়ে যে হুকুম করিয়াছেন তাহা কদাচ অন্যথা হইবে না।'

তাহাতে শ্রীযুত কমিস্যনর সাহেব কহেন যে গোলামনবি বীরভূমের সিরিশ্তাদারী কার্য্যহইতে যে তগীর হইয়াছিলেন ইহা সত্য বটে কিন্তু ঐ জিলাতে তিনি অন্যান্য লোকের মন্দ সোবে হওয়াতেই বিপদগ্রস্ত হন যেহেতুক তাঁহার নামে যে কি অভিযোগ হইল তাহা তিনি কখন শুনেন নাই এবং তদ্বিষয়ে তাঁহাকে জওয়াব দেওনেরও কখন কোন হুকুম হয় নাই। তদনন্তর দর্পণে লেখেন যে

'এমত কঠিন হুকুম দেদীপ্যমান আছে জানিয়াও তথাপি ঢাকার কমিস্যনর গবর্ণমেণ্টে প্রার্থনা করিলেন যে ঐ ব্যক্তিকে আমার সিরিশ্তাদারী কর্ম্মে নিয়োগ করিতে অনুমতি হউক।'

কিন্তু শ্রীযুত কমিস্যনর টকর সাহেব কহেন যে ১৮২৯ সালের আপ্রেল মাসে গোলামনবিকে আমার সিরিশতাদারী কর্ম্মে নিযুক্তকরণার্থ গবর্ণমেণ্টে প্রার্থনা করিলাম তাহাতে গোলামনবি বীরভূমের সিরিশতাদারীতে নিযুক্ত হইলেন এবং ১৮৩২ সালে তিনি তৎপদহইতে তগীর হন। অপর দর্পণে লেখেন

'ঐ দরখাস্ত অতিসদ্বুদ্ধিপুর্ব্বক লিখিত হইয়াছিল। এবং তাহাতে ঐ অপরাধি ব্যক্তির দোষ খণ্ডনার্থ ও গবর্ণমেণ্ট কর্ত্তৃক তাঁহার প্রতি কৃপা প্রকাশ হয় এতদর্থ অনেক বিনীতিসূচক উক্তি ছিল কিন্তু ঐ আবেদনপত্রের এই উত্তর দেওয়া গেল যে ইহা কখন হইতে পারিবে না।'

কিন্তু শ্রীযুত টকর সাহেব কহেন যে আমি স্পষ্টই গবর্ণমেণ্টকে জ্ঞাপন করিয়াছিলাম যে গোলামনবিকে ঐ কর্ম্ম দিতে ইচ্ছা করি এবং পাটনার আফীন এজেণ্টের দেওয়ানী কর্ম্মহইতে যে ব্যক্তি তগীর হন তিনিই ঐ গোলামনবি বটেন এবং তাঁহার প্রতি যে নিমিত্ত অদ্যাপর্য্যন্ত আমার বিশ্বাস আছে তাহাও জ্ঞাপন করিলাম। তাহাতে গবর্ণমেণ্ট এই উত্তর দিলেন যে গোলামনবি পাটনার সরকারী কর্ম্মহইতে যেরূপে তগীর হইয়াছিলেন এমত ব্যক্তিকে অতিবিশ্বস্ত সিরিশতাদারী কর্ম্মে নিযুক্ত করিতে অনুমতি দেওয়া যাইতে পারে না কিন্তু শ্রীযুত টকর সাহেব কহেন যে ইহাতে এমত বুঝায় না গোলামনবিকে কর্ম্ম দেওনার্থ গবর্ণমেণ্ট আমাকে নিতান্ত নিষেধ করেন কেবল এই মাত্র হুকুম দিলেন যে যদ্রূপ বিশ্বস্ত পদে ঐ ব্যক্তিকে নিযুক্ত করিতে ইচ্ছা করিয়াছিলাম তদ্রূপ পদে নিয়োগার্থ গবর্ণমেণ্ট অনুমতি দিতে পারেন না। ফলতঃ সরকারী কর্ম্মে নিযুক্ত হওনের কোন ব্যক্তির অযোগ্যতা বিষয় যেপর্য্যন্ত ইশতেহারের দ্বারা প্রকাশ না হয় সেইপর্য্যন্ত তাদৃশ ব্যক্তি কর্ম্ম পাইতে অযোগ্য নহেন। পরিশেষে দর্পণে লেখেন যে

'ঐ অপূর্ব্ব ডাকাইত অতিপ্রতারণানিমিত্ত পুনঃ২ এতদ্রূপ কর্ম্মহইতে তগীর হইয়াও যে কিয়ৎকালাবধি ছাপরার কালেক্টরী সিরিশ্তাদারী কর্ম্মভুক্ত আছে ইহা কাহার প্রতীত হইতে পারে ফলতঃ তাহা সত্যই বটে। যিনি এইক্ষণে পাটনার কমিস্যনর তিনি পূর্ব্বে ঢাকার কমিস্যনর ছিলেন অতএব বোধ করি যে ঐ সাহেব শ্রীলশ্রীযুক্তের আজ্ঞা গ্রহণব্যতিরেকে ঐ ব্যক্তিকে কর্ম্মে নিয়োগার্থ মঞ্জুর করেন নাই।'

তাহাতে শ্রীযুত টকর সাহেব কহেন যে এই দুষ্ট ব্যক্তি ৩০ বৎসরাবধি সরকারী কর্ম্মে নিযুক্ত হইয়া কোন অপরাধপ্রযুক্ত তগীর হয় নাই বরং তাঁহাকে যাঁহারা চিনেন তাঁহারা সকলই জানেন যে তিনি সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ অত্যুপযুক্ত ও অতিসরল ইহা যদ্যপি বিশ্বাস করা

orders passed in regard to this individual should not be disturbed.'

That Gholam was expelled from the office of Sheristadar of Beerbhoom, Mr. Commissioner Tucker says, is perfectly true. But here again, Gholam was the victim of suspicion, never having heard the charges preferred against him, nor was he called upon to defend himself.

'Notwithstanding this decision [says the Durpun] the Commissioner of Dacca solicited the permission of Government to appoint him his Sheristadar.'

But Mr. Commissioner Tucker states, that he solicited permission of Government to appoint Gholam his Sheristadar in April, 1829. Gholam was subsequently appointed to Beerbhoom, and removed from thence under the circumstances above stated in 1832.

'The application was ingeniously drawn up, and great intelligence was employed to palliate the conduct of the delinquent, and to induce commiseration and forgiveness. But no other notice was bestowed on the letter than a peremptory refusal of any such consideration.'

Mr. Tucker says he plainly stated to Government his wish that Gholam should have the appointment, and that the latter was the person who had been dismissed from the situation of Dewan to the opium agent at Patna, and he stated also his reasons for still reposing confidence in him. The reply was, that 'Government cannot sanction the employment in the responsible situation of Sheristadar of an individual who has been dismissed from the public service under the circumstances which characterize *the removal from office at Patna* of Gholam Nubbee.' Mr. Tucker remarks, here is no absolute prohibition *against the employment of the native*, but merely, that his employment in the responsible situation to which I was desirous of *appointing him*, could not be sanctioned. Indeed no man is held to be debarred from employment that has not been proclaimed as unfit to serve the Government in a public capacity:—

'It is hardly to be believed, but it is nevertheless true, that this incorrigible native, so often discharged for abuse of office, is now and has been for some time Sheristadar of Chuprah. It is to be hoped that the Commissioner of Patna, who was the Commissioner of Dacca above referred to, has not allowed this appointment without reference *to his superiors*.'

Mr. Tucker states, 'it is hardly to be believed, but it is nevertheless true, "that this incorrigible native" has never, in the course of a service of thirty years, been discharged for abuse of office, but on the contrary has earned for himself, with those who know him, a

গার তথাপি সত্য বটে। তৎপরে শ্রীযুত কমিস্যনর সাহেব গোলাম নবির পূর্ব্বং কার্য্যসকল ব্যক্ত করিয়া তাঁহার প্রতি যে সকল অভিযোগ হইয়াছিল তাহার সত্যাসত্যতা বিষয়ের তত্ত্বাবধান করিলেন। তাহাতে এই ফল হইল যে শ্রীযুক্ত কমিস্যনর সাহেবের বিবেচনাতেই তিনি একেবারে নির্দ্দোষী হইলেন।

অপর বোর্ডের সাহেবেরা উক্ত তাবৎ বিষয় বিবেচনা করিয়া হুকুম দিলেন যে গোলাম নবি যে কর্ম্মে আছেন তাহাহইতে তগীর হন কিন্তু বোর্ডের কেবল দ্বিতীয় মেম্বর সাহেব ইহাতে সম্মত নহেন। তিনি কহেন যে বোর্ডের সাহেবেরা গোলামনবির তগীর করণবিষয়ে হস্তক্ষেপ করিতে পারেন না এবং যদি বোর্ডের সাহেবেরা আপনারদের অধীন কর্ম্মকারকেরদিগকে এমত হুকুম দেন যে তিনি তাঁহারদের কোন এক জনের অধীনে কর্ম্মে নিযুক্ত হইতে পারেন না তবে বোর্ডের সাহেবেরদের যে ক্ষমতা আছে তাহার অতিরিক্ত কর্ম্ম করা হয়। এবং বোর্ডের সাহেবেরা ইহার পূর্ব্বে এতদ্বিধ বিষয়ে যে সকল হুকুম দিয়াছেন তাহার বিপরীত করা হয় এবং বিষয় এইক্ষণে গবর্ণমেণ্টের নিকটে অর্পিত আছে অতএব আমারদের উচিত যে তাঁহারদের আজ্ঞাপেক্ষায় থাকি এবং বোর্ডের সাহেবেরদের রীতির বিপরীত কোন কার্য্য না করি।

---

character for integrity and zeal in the discharge of his official duties.' The Commissioner then enters into a detail of the career of Gholam, and investigates the various charges which have been brought against him. The result of which, on the Commissioner's mind, is the favourable opinion above set forth.

The whole of the proceedings above alluded to have undergone investigation by the Board, and the result is that orders have gone forth, under a protest by the Second Member, for the dismissal of Gholam from his appointment. The Second Member states 'To be consistent, the Board cannot interfere, to remove Gholam Nubbee; and to instruct their subordinates not to allow him to hold office under any of them, is a power with which the Board is not vested, and would be totally inconsistent with their orders in other cases' which he cites. 'The matter having been laid before Government, it will be a more becoming course to await the final decision of higher authority, and not to issue orders opposed in principle to the Board's previous practice in all other cases.' -*Engl Jan* 11.

সরকারী রাজস্ব।

সম্প্রতি কোন সুযোগক্রমে জিলা মুরশিদাবাদের কমিস্যনরী এলাকামধ্যেকএক জিলার তিন মাস অর্থাৎ মে জুন জুলাই মাসের পাওনা ও আদায় ও বাকি টাকার বিষয়ে রাজকর্ম্মকারকেরদের প্রস্তুত করা এক ফর্দ দৃষ্ট হইল বোধ হয় ইহাই শেষ ফর্দ এবং তৎপাঠে পাঠকবর্গের সন্তোষ জন্মিতে পারে অতএব তাহার সংক্ষেপ বিবরণ প্রকাশ করা গেল। বিশেষতঃ জিলা বর্দ্ধমানে পূর্ব্ব তিন মাসের শেষে বাকি ও বাকেয়া তাবৎ বাকি ৯,৮৩০ টাকা এবং ঐ তিন মাসের প্রাপ্য ৭৫,৯৪২ সর্ব্বসুদ্ধ ৮৫,৭৭২ তন্মধ্যে ১১৩ টাকা বিনা প্রায় সমুদায়ই উসুল হইয়াছে। যদ্যপি সূক্ষ্মরূপে হিসাব দেখা হয় তাহাও লিখিতেছি যে তন্মধ্যে আরো ৬ টাকা উসুল হইয়াছে এবং অবশিষ্ট টাকা ক্রমে শীঘ্র আদায় হইতেছে। জিলা বীরভূমে পূর্ব্ব তিন মাসের শেষে ৯৬,৫৬৯ টাকা বাকি ছিল এবং ১৮৩৬ সালের দ্বিতীয় তিন মাসের প্রাপ্য ৬৯.০৩২ সর্ব্বসমেত ১,৬৫,৬০১ ইহার মধ্যে বাকি ৯৭,৯২২ টাকা হিসাবের শেষ সময়পর্য্যন্ত আদায় হয় নাই এবং অবগত হওয়া গেল যে তৎপর অর্দ্ধও অধিক আদায় হয় নাই। বহুকালের নিমিত্ত বার্ষিক দুই শত টাকার অধিকে যেং মহাল জমা দেওয়া গিয়াছে সেই সকল মহাল বাবতে এইরূপ অনেক বাকি পড়িয়াছে। কথিত আছে যে প্রায় সর্ব্বসুদ্ধ ১৮,০০০ টাকা আদায় করা অসাধ্য হইয়াছে কিন্তু তন্মধ্যেও গত সেপ্তেম্বর মাসে অনেক টাকা আদায় হওনের সম্ভাবনা ছিল যেহেতুক ঐ সময়ে বকেয়া বাকির নিমিত্ত অনেক মহাল নীলামের কল্প ছিল। বর্দ্ধমানে পূর্ব্ব তিন মাসের শেষে ৯,৬৬,৫১১ বাকি ছিল এবং সন হালের পাওনা ৪,১০,৯৯৭ অতএব সর্ব্বসুদ্ধ পাওনা ১৩,৭৭,৫০৮ টাকা ছিল তন্মধ্যে যে দফাতে সম্ভাবিত প্রাপ্য তাহা বাদে ৭১,৪২৯ টাকার অধিক বাকি নাই। অতএব এই হিসাব পরমাহ্লাদজনক বটে। জিলা হুগলির রাজস্ব আদায় হওনীয় অবস্থা অতিসন্তোষক যেহেতুক

Public Revenue.

We have recently had an opportunity of inspecting an official statement of quarterly demands, collections, and balances of the several zillahs in the Moorshedabad district, for May, June, and July 1836. These, we believe, are the last returns, and as they may interest many of our readers, we give here a concise summary of their contents; In zillah Burdwan, the balance at the close of the preceding quarter, including all the Bukya balances, was Rs. 9,830, and then demand for the then quarter, Rs. 75,942, making a total of Rs. 85,772, all of which has been realized, but Rs. 113. Of this balance, if we may be so minute, Rs. 6 has been paid, and the remainder is in course of immediate liquidation. In zillah Beerbhoom the balance at the close of the preceding quarter was Rs. 96,569, and the demand for the second quarter 1836, Rs. 69,032, making a total of Rs. 1,65,601; of this a balance of Rs. 97 922 remained uncollected at the closing of the account, not much of which, as we are informed, has been since realized. The balance is mainly due on account of permanently settled mehals, engaged for by the proprietors, paying above Rs. 200 per annum; about Rs. 18,000 is said to be totally irrecoverable; large amounts, however, would be realized in September last, about which time several sales were to take place for arrears of revenue. In Burdwan the balance at the close of the preceding quarter was, Rs. 9,66,511, the demand for the quarter now under review 4,10,997. The total demand was Rs. 13,77,508, of which after deducting items satisfactorily explained, no more than Rs. 71,429 remain in balance. This is very satisfactory. The state of the collections in the Hooghly district is not less pleasing, and the improvement

---

উত্তরোত্তর আশ্চর্য্যরূপ আদায় হইতেছে। ১৮৩৬ সালের প্রথম তিন মাসের শেষে ৫.৩২,১০০ টাকা বাকি থাকে এবং দ্বিতীয় তিন মাসের ১.৫৯,৯৯৯ পাওনা সর্ব্বসুদ্ধ ৭.১২,০০০ টাকা তন্মধ্যে আদায় হওয়া টাকার সংখ্যা ৪ ০২,৭০৫ তন্মধ্যে ২১,২০৩ টাকা শেষ তিন মাসের রাজস্ব অতএব পূর্ব্ব বৎসরের বাকেয়া ৩.৮১,৫০২ টাকা উসুল হইয়াছে তাহাতে ১৮৩৬ সালের দ্বিতীয় তিন মাসের শেষে ৩.০৯.৩৯৪ টাকামাত্র বাকি ছিল। জিলা মুরশিদাবাদের অবস্থা তাদৃশ সন্তোষজনক নহে কিন্তু ১৮৩৫ সালের ঐ তিন মাসের রাজস্ব অপেক্ষা অধিক আদায় হইতেছে ১৮৩৫।৩৬ সালের প্রথম তিন মাসের শেষে ৪,০৩.৫৪০ টাকা বাকি পড়ে ১৮৩৬ সালের দ্বিতীয় তিন মাসের পাওনা ৯৮,০৬৬ টাকা অতএব সর্ব্বসুদ্ধ ৫,০১,৬০৬ টাকা।

এইক্ষণে ১৮৩৬ সালের দ্বিতীয় তিন মাসের রাজস্ব আদায়ের সংক্ষেপ শেষ বিবরণ প্রকাশ করা যাইতেছে মুরশিদাবাদের রাজস্ব বিবরণ প্রথমে লেখা গিয়াছে এইক্ষণে যশোহরের কালেক্টরী এলাকার রাজস্ব আদায়ের বিবরণ যদ্রূপ প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাই প্রকাশ করা যাইতেছে। জিলা বাখরগঞ্জের পূর্ব্ব তিন মাসের শেষে ৯.৩৫.৫৯৬ বাকি থাকে দ্বিতীয় তিন মাসের পাওনা ১,১৬.৯২২ সর্ব্বসুদ্ধ ১০,৫২.৫১৮ টাকা অতএব বকেয়া বাকি অত্যল্প আদায় হইয়াছে বোধ হয় ঐ জিলাতে যে উপস্থিত দুঃখের বিষয় কথিত হইয়াছিল তৎপ্রযুক্তই বকেয়া বাকি আদায় হয় নাই কিন্তু যদ্দ্বারা ইহার বিশেষ বিবরণ প্রকাশ করা যাইতে পারে এমত কোন বার্ত্তা প্রাপ্ত হওয়া যায় নাই। জিলা যশোহরের রাজস্ব আদায় বিষয়ও তাদৃশ আহ্লাদক নহে। ঐ জিলার তাবৎ মহালের পাওনা সর্ব্বসুদ্ধ ২.৭৩,৬৪২ টাকার মধ্যে এই তিন মাসে ১.৩৫,৬৬২ টাকার অধিক আদায় হয় নাই। ১৮৩৬ সালের প্রথম তিন মাসের শেষে ১,৯০,২০১ টাকা বাকি পড়ে দ্বিতীয় তিন মাসের পাওনা ৮৩,৪৪১ সর্ব্বসমেত উপরি লিখিতমত ২.৭৩.৬৪২ টাকা। জিলা নবদ্বীপে ১৮৩৬ সালের প্রথম তিন মাসের শেষে ৪.১৯.৯১৫ টাকা বাকি হয় দ্বিতীয় তিন মাসের পাওনা ৫৪,২৪০ সর্ব্বসুদ্ধ ৪.৭৪,১৫০ টাকা। পূর্ব্ব বৎসরের বকেয়া বাকির মধ্যে ২.৪৯.৯৫৯ টাকা আদায় হয় কিন্তু দ্বিতীয় তিন মাসের শেষে ২,০১,০৭৫ টাকা বাকি হয়। যে নানা কারণে এই জিলার রাজস্ব আদায়ের ব্যাঘাত হইয়াছে তাহা আমরা তাদৃশ অবগত নহি। চব্বিশ পরগনাতে পূর্ব্ব তিন মাসের শেষে বকেয়া টাকা ১১.৯৪.৫৪২ টাকা পাওনা ছিল। দ্বিতীয় তিন মাসের পাওনা ১০৭,৯১০ সর্ব্বসুদ্ধ ১৩.০২.৪৫২ টাকা। বাকি বকেয়ার মধ্যে ১,৭৫,৯৩৩ টাকা এবং দ্বিতীয় তিন মাসের পাওনার মধ্যে ৮,৩১৯ আদায় হইয়াছে তাহাতে ১১,১৮,২০০ টাকা বাকি আছে

জিলা ঢাকাতে প্রথম তিন মাসের শেষে ৬,৭৭,৩৮৬ টাকা বাকি হয় ও দ্বিতীয় তিন মাসের পাওনা ৯৩,২৮৬ টাকা সর্ব্বসমেত ৭.৭০,৬৭২ ঐ তিন মাসের ও তাহার পূর্ব্ব তিন মাসের রাজস্বের মধ্যে ৪৭,৬৪৬ টাকা আদায় হইয়াছে। ক্রমেং অধিক বাকি পড়িয়া এইক্ষণে ৭,২৩,০২৭ টাকা বাকি হইয়াছে। মৈমনসিংহে ১৮৩৫ সালের ঐ তিন মাসের শেষে যত টাকা বাকি ছিল তাহার সঙ্গে মিলাইয়া দেখিলে এই বৎসরের রাজস্ব অধিক বাকি পড়িয়াছে। শ্রীহট্টে পূর্ব্ব বৎসরের ঐ তিন মাসের শেষে

---

remarkable: the bar any length of time. the first quarter 1836, what the causes of demand for second quarter for the native total Rs. 7,12000, the collectio'fication, amounted to rupees 4,02,705, of which rupees 21,293 only was current revenue for the then quarter, rupees 3,81,502 being arrears of previous years, reducing the balance at the close of the second quarter 1836 to rupees 3,09,394. The condition of zillah Moorshedabad is less cheering, it exhibits, however, an improvement on the corresponding period in 1835. The balance at the close of the first quarter 1835-36, was rupees 4,03,540; demand for second quarter, 1836, Rs. 98,066, total Rs. 5,01,606. *Engl, Jan.* 7.

We proceed with our brief summary of the revenue collections for the second quarter 1836. Our last summary was Moorshedabad; we now give as much of Jessore as we have before us. For zillah Backergunge, the balance at the close of the preceding quarter was Rs. 9,35,596, demand for the second quarter Rs. 1,16,922, total Rs. 10 52,518. The reduction of amount due for arrears is small; possibly, on account of the distress which was said to prevail in this district. But we are not in possession of material which would enable us to enter into detailed explanation. Zillah Jessore is also unsatisfactory: in all the mehals of the district of a total demand of Rs. 2,73,642, no more than Rs. 1,35,662 have been realized within the quarter. The demand at the close of the first quarter 1836 was Rs. 1,90,201; demand for the second quarter Rs. 83,441, total, as above stated, Rs. 2,73,642. In zillah Naddeah the balance at the end of the first quarter 1836 was Rs. 4,19,915, the demand for the second quarter Rs. 54,240, total Rs. 4,74,150. Collections of arrears for previous years Rs. 2,49 959, balance at the close of the second quarter Rs. 2,01,075. Various causes with which we are not accurately acquainted, have interfered with the collections in this district. In the 24-Pergunnahs the balance of arrears at the close of the preceding quarter was Rs. 11,94,542, demand for the second quarter Rs. 1 07,910, total Rs. 13,02,452; of the arrears Rs. 1,75,933, and of the demand for the second quarter Rs. 8,319 have been collected, leaving a balance of about Rs. 11,18,200.

In zillah Dacca, the balance at the close of the first quarter was Rs. 6,77,386, - demand for the second quarter Rs. 93,286, total Rs. 7,70,672; the collections of arrears and current revenue amount to Rs. 47,646, leaving a growing increase of balance amounting to Rs. 7,23,027. In Mymensing there is also a large increase of balance as compared with the close of the corresponding quarter of 1835. In Sylhet the increase of balance as compared with the corresponding quarter of the preceding year, is Rs. 11,712, chiefly attributable, however, to the dilatoriness of the Meerasdars in paying in their

..ড়ে। ইহা কেবল ... রাজস্ব দাখিলকরণের ... য়াছে তাঁহারা শঙ্কা করেন ...রদের অংশিরা আপনারদের ...শ আর ফিরে পাইবেন না। ঐ জিলাতে ক্ষুদ্রং অধিকার এত ভাগানুভাগ হইয়াছে যে কেহই গবর্ণমেণ্টের রাজস্ব দেওনভাগী আপনাকে বোধ করেন না।

বোয়ালিয়ার কমিসনরী এলাকার মধ্যে জিলা বোগরাতে ১৮৩৫ সালের দ্বিতীয় তিন মাসের বাকি যত ছিল তাহার সঙ্গে ঐক্য করিয়া দেখিলে হালসালের তিন মাসের বাকি ৪,৮৫৭ টাকা অধিক হইয়াছে। তাহার কারণ এই যে ঐ জিলার মধ্যে আট দশ মহাল ব্যতিরেকে তাবং মহাল নীলামে ধরা গিয়াছে তৎপ্রযুক্তই অধিক বাকি পড়িয়াছে। এই নীলাম করণের কারণ যে ঐ জিলাতে ও তৎসন্নিহিত জিলাতে বিশেষতঃ দিনাজপুরে ১৮৩৫ সালে এমত অধিক ফসল হইয়াছিল যে তৎপ্রযুক্ত ঐ জিলাতে শস্যের মূল্য ন্যূন হয় ঐ দেশে প্রায় শস্যই জন্মে অতএব রাইয়তেরা জমিদারেরদিগকে খাজনা দিতে পারে নাই তন্নিমিত্ত জমিদারেরাও গবর্ণমেণ্টে খাজানা দাখিল করিতে পারিলেন না। দিনাজপুরে ঐ তিন মাসের রাজস্ব ১,২১,৫৩৭ টাকা বাকি হয়। ৩৪,৪১২ টাকা মাত্র আদায় হয় বোধ করি এমত অল্প আদায় হওনের কারণ এই যে ঐ জমিদারীর নীলাম মঞ্জুর না হওন এবং রাজকর্ম্মকারকেরদের বাকির ফর্দ প্রস্তুত হওনের ১৬ দিন পরেই কতকং জমিদারীর নীলাম নির্দ্ধার্য্যকরণ পূর্ব্ব বৎসরের ঐ তিন মাসের যত রাজস্ব আদায় হয় তাহা ঐক্য করিয়া দেখা গেল অধিক বাকি পড়িয়াছে।

চন্দন নগর।

গত বৎসরের ১৯ দিসেম্বর তারিখে কতিপয় সাহেব ও এতদ্দেশীয় মহাশয়েরা এই নিমিত্ত আহূত হইয়াছিল যে তাঁহারা শ্রীযুত উইলসন সাহেবকর্ত্তৃক স্থাপিত পাঠশালার ছাত্রেরদের বার্ষিক পরীক্ষা দর্শনার্থ ২০ তারিখে উপস্থিত হন। এবং অল্প কালের মধ্যে ছাত্রেরদের যে পাঠ হইয়াছে তাহা দেখিয়া তাঁহারা পরম সন্তুষ্ট হইলেন।

মুরশিদাবাদের নওয়াব।

শ্রীযুত হেনরি চীনরি সাহেবের স্থান হইতে প্রাপ্ত ইঙ্গলণ্ডহইতে আগত আগস্ত মাসের শেষ এক তারিখের পত্রে লেখে যে ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুক্ত বাদশাহকে প্রদানার্থ মুরশিদাবাদের শ্রীযুক্ত নওয়াবের স্থানহইতে আমি যে উপঢৌকন লইয়া আসিয়াছিলাম তাহা শ্রীলশ্রীযুক্ত বাদশাহ অতিসমাদরপূর্ব্বক গ্রহণ করিয়া শ্রীযুক্ত নওয়াবকে গুয়েল্‌ফ্‌ঝ্যাণ্ডিক অতি সম্ভ্রমসূচক উপাধি প্রদানার্থ নিশ্চয় করিয়াছেন।

কলিকাতাস্থ লোকেরদের ক্লেশ।

ছোট আদালতের ভাষানুভাসক ডিসাণ্টস সাহেব আত্মঘাতী হন। তৎপ্রযুক্ত তদীয় যে পদের কেবল ১৫০ টাকামাত্র বেতন ছিল তাহা গত সপ্তাহাবধি শূন্য হওয়াতে তৎপদাকাংক্ষায় শতাধিকও ব্যক্তি দরখাস্ত করেন। তাঁহারা অনেকে পূর্ব্বে ভাগ্যবন্ত ছিলেন। যে গোলাম হোসেন মৃত্যুকালে কলিকাতাতে মোগল সওদাগরের মধ্যে সর্ব্বাপেক্ষা ধনী ব্যক্ত হন তাঁহার পুত্র সেক আবদুল্লা ঐ সকল ব্যক্তির অন্তঃপাতী ছিলেন।

revenue they fearing that their coparcenies would not return their shares back again. The system of dividing and sub-dividing the petty estates has gone to so extraordinary an extent in this district, that the responsibility of paying the government revenue is felt by no one.

In the Bauleah Division, zillah Bograh, there has been an increase of balance as compared with the corresponding quarter of 1835, of Rs. 4,857. This, we understand, is to be attributed to the fact that every mehul with the exception of eight or ten, has been advertised for sale. The cause, we believe, may be correctly ascribed to the abundant harvest of 1835 in this, and in the adjoining districts, particularly Dinagepore, which has reduced the price of grain, the principal produce of this part of the country, so much, that the ryuts were totally unable to pay their rents to the zemindars, who, consequently, in their turn, fell in arrear of Government. In Dinagepore the demand for the quarter was Rs. 1,21,537, the collections amounting to Rs. 34,412, a disproportion, we believe, mainly arising from the circumstance of many of the estates sold wanting confirmation, and the sale day of certain mehuls having been fixed to take place sixteen days after the official statement was completed. There is a large increase of balance as compared with the corresponding quarter of the preceding year.—*Engl. Jan. 9.*

Chandernagore.

On the 19th December, 1836, several Gentlemen and Native Gentlemen were presented with invitation cards to witness the Annual Examination of a School on the 20th, instituted by Mr. Wilson, the spectators were highly gratified in the acknowledgement of the progress made by his pupils during a short period.

Radhanath Bose.

The Nawaub of Moorshedabad.

Letters of a late date in August have been received from England from Mr. Henry Chinnery, which state that the presents which he had conveyed from his Highness the Nawaub of Moorshedabad to the King of England, had been most graciously received by his Majesty, who had determined to confer the order of the Guelph on his Highness.

Local Distress in Calcutta.

In consequence of the untimely decease of Mr. D'Santos, the Interpreter of the Court of Requests, who put a period to his own existence, his post, which is worth only 150 Rupees a month, has become vacant during the past week. There have been more than one hundred candidates for this office, many of whom have assuredly seen better days. Among these were Sheikh Abdulla, whose father Golam Hossein, at the period of his death, was reputed to be one of the richest Mogul merchants in Calcutta.

সুপ্রিম কোর্ট।

শ্রীযুত ডিকিন্স সাহেব রিকার্ডকিপর পদে ইস্তফা দেওয়াতে শ্রীযুত রিচার্ড বান সাহেব তৎকর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

নীল।

সংপ্রতি কলিকাতাস্থ দালাল শ্রীযুত ব্লাঞ্চার্ড ও শ্রীযুত বেইলি সাহেব এক ফর্দ্দ প্রকাশ করিয়াছেন। তাহাতে ১৮৩৫। ৩৬ সালের নীলের ফসল অনুমান করেন যে ১,১৪,৩০০ মোন হইবে তাহা পূর্ব্ববৎসরীয় ফসলঅপেক্ষা ৭,২৪২ মোন ও ১৮৩৩। ৩৪ সালের ফসলঅপেক্ষা ৮,১৭০ মোন অধিক উৎপন্ন হইয়াছে।

শ্রীযুত জেনরল আলার্ড সাহেব।

শ্রীযুত জেনরল আলার্ড সাহেব শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহের নিকটে গমনার্থ গত শনিবারে কলিকাতাহইতে প্রস্থিত হইয়াছেন।

বরফ।

ব্রাইটননামক জাহাজের দ্বারা যে বরফ আনীত হয় তাহা জাহাজহইতে উঠান গিয়াছে। দেখা গেল যে ঐ বরফ উত্তমরূপ আছে এবং তাহা এক শত মোনের ন্যূন নহে। জাহাজ আগমনসময়ে অনেক মাসব্যাপিয়া জলপথে থাকাতে বরফ নিয়ত গলিয়া যাওনের যে সম্ভাবনা তদনুসারে এই বরফ অত্যল্প গলিয়াছে।

বাঙ্গাল বেঙ্ক।

বাঙ্গাল বেঙ্কের ডৈরেক্টরেরদের বর্ত্তমান মাসের ৫ তারিখের বৈঠকে এই স্থির হইল যে গত ছয় মাসের ডেবিডেণ্ড শতকরা বার্ষিক ১০ টাকার হিসাবে দেওয়া যাইবে অর্থাৎ কোম্পানির চারি হাজার টাকার প্রত্যেক শ্যারের উপর তিন মাসের নিমিত্ত ১০০ টাকা করিয়া দিতে হইবে।

হিউলিণ্ড্সি বাষ্পীয় জাহাজের দ্বারা প্রেরিত ডাকপুলিন্দা।

উক্ত জাহাজের দ্বারা ডাকের পুলিন্দা প্রেরণার্থ বর্ত্তমান মাসের ৫ তারিখ শেষ দিবস নির্দ্দিষ্ট হওয়াতে ডাকঘরে পত্রাদির এমত বাহুল্য হইয়াছিল যে রাত্রি সাড়ে দশ ঘণ্টা না হইলে বোম্বাইর ডাকবাহকেরা পত্র লইয়া বাহিরহইতে পারিল না ঐ দিবসে উক্ত বাষ্পীয় জাহাজে প্রেরণার্থ যে সকল পত্র ডাকঘরে উপস্থিত হয় তৎসংখ্যা ৭৯৩ এবং তৎপূর্ব্ব দিবসে ১৩০। বোধহয় বাষ্পীয় জাহাজের দ্বারা ভারতবর্ষহইতে এই খেপে যত পত্রাদি প্রেরিত হয় এত প্রায় কখন হয় নাই। কলিকাতা হইতেই কেবল হাজার বা এগার শত এবং বোধ হয় যে বঙ্গদেশীয় পশ্চিম অঞ্চলের নানা স্থানহইতে ইহাঅপেক্ষাও অধিক পত্রাদি সরল পথে অমনি বোম্বাইতে প্রেরিত হইয়াছে!

জাহাজের শীঘ্র বিদায়।

চীন দেশের বাণিজ্যার্থ নির্ম্মিত এন্‌নামক বাষ্পীয় জাহাজের বিষয়ে এমত সম্বাদ আগত হয় যে লণ্ডনগরহইতে গত ৩০ দিসেম্বর শুক্রবারে ঐ জাহাজ সাগরে পঁহুছে কিন্তু ৩০ জানুআরি মঙ্গলবারের পূর্ব্বপর্য্যন্ত কলিকাতায় পঁহুছে নাই। তথাপি সমুদ্রে যাত্রার্থ উক্ত জাহাজ এমত আশ্চর্য্যরূপ শীঘ্র প্রস্তুত করা গিয়াছিল যে তাহা ৪৫০ সিন্দুক আফীন বোঝাই সমেত কলিকাতা পঁহুছনের পর চতুর্থ দিবস গত শুক্রবারে কলিকাতাহইতে প্রস্থিত হইয়াছে।

Supreme Court.

Mr. Dickins having resigned his office as Keeper of the Records, that post has been conferred on Mr. Richard Vaughan.

Indigo.

Messrs. Blanchard and Bailey, Brokers of Calcutta, have published a statement, in which they estimate the indigo crop of 1835-36 at 1,14,300 maunds, which is 7242 maunds above the crop of the preceding year, and 8170 maunds above that of 1833-34.

General Allard.

General Allard quitted Calcutta on Saturday, en route to the head quarters of Runjeet Sing.

Ice.

The ice brought on the *Brighton*, has been landed. It is found to be in good order and turns out a hundred maunds,—a large proportion of the original quantity with reference to the length of the voyage.—*Beng. Her.*

The Bank of Bengal.

At the meeting of the Directors of the Bank of Bengal on the 5th instant, the dividend for the half year just expired, was fixed at the rate of ten per cent per annum, which will give 200 rupees per share of 4000 Company's rupees.—*Beng. Her.*

The Steam Mail for the Hugh Lindsay.

The 5th instant being the last day for despatching the Steam Mail for the *Hugh Lindsay*, the press of letters was so great, that the Bombay dawk did not leave the Post Office till half past ten at night. The number of letters received for the steamer that day was 793, and on the preceding day 130. This mail, it is believed, will be the largest ever sent from India by steam, being probably between 1,000 and 1100 from Calcutta alone, and perhaps almost as many more from out-stations in Bengal and the Western Provinces, sent direct to Bombay.—*Beng. Her.*

Rapid Despatch.

The Clipper *Ann*, destined for the China trade, was reported from London on Friday, the 30th of December last, but did not arrive off Calcutta before Tuesday, the 3d of January. Yet so unprecedented was the despatch used in getting her ready for sea, that 450 chests of opium were shipped on her, and she left Calcutta by steam on Friday last, on the fourth day after her arrival.

লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক জাহাজ বিনষ্ট হওন।

শুনিয়া অতিখেদিত হওয়া গেল যে লার্ড উলিয়ম বেণ্টীঙ্কনামক যে জাহাজ চীনদেশে যাত্রার্থ গত ২৪ সেপ্তেম্বর তারিখে প্রস্থিত হয় তদ্বিষয়ে এমত শঙ্কা জন্মিয়াছে যে উক্ত জাহাজ খাড়ির মধ্যে মারা পড়িয়াছে যেহেতুক ফ্রেণ্ডসনামক জাহাজ মানিলাহইতে শিঙ্গাপুর গমনকালে ভাসমান কএক গাঁইট তুলা কুড়াইয়া পাইয়াছে ঐ সকল গাঁইটে যে চিহ্ন আছে তাহা দেখিয়া কলিকাতার বাণিজ্যসম্পর্কীয় কুটীপতিরা কহেন যে পূর্ব্বোক্ত জাহাজে প্রেরিত তুলার গাঁইটে যে চিহ্ন দেওয়া গিয়াছিল সে এই চিহ্ন। গত বৎসরের মধ্যে ভারতবর্ষীয় সমুদ্রে জাহাজ যেমত বিনষ্ট হইয়াছে এমত প্রায় কোনকালে হয় নাই।

জয়পুরের মোকদ্দমা।

মিলেটরি অরফেননামক মুদ্রাযন্ত্রালয়ের অধ্যক্ষ শ্রীযুত হটমন সাহেব জয়পুরের মোকদ্দমা বিষয়ে নূতন এক গ্রন্থ প্রস্তুতকরণার্থ অনুষ্ঠানপত্র প্রকাশ করিয়াছেন এবং গ্রন্থের মূল্য ন্যূন সংখ্যায় ৫ টাকামাত্র স্থির করিয়াছেন কিন্তু নিশ্চিতসংখ্যক স্বাক্ষরকারি গ্রাহক না হইলে তাহা সম্পাদন হইতে পারিবে না। ভরসা হয় যে শ্রীযুত হটমন সাহেব তদ্বিষয়ে সংকৃতকার্য্য হইবেন।

বোম্বাইতে নূতন বেঙ্ক।

সংপ্রতি বোম্বাইতে এক বৈঠক নির্দ্ধারিত হয় যে হাজার টাকা করিয়া তিন হাজার শ্যার থাকে এমত এক বেঙ্ক তথায় স্থাপিত হয়। এই কল্পনাতে লোকসকল এমত সম্মত যে অত্যল্পকালের মধ্যে ৩০ লক্ষ টাকা সমুদায়ই স্বাক্ষরিত হইল। কিন্তু কথিত আছে যে তত্রস্থ প্রাচীন কতিপয় কুঠীপতিরা ঐ বেঙ্ক স্থাপনে সন্দিগ্ধ হইয়া এমত আশঙ্কা করিতেছেন যে হঠাৎ এতদ্রূপ ধন বৃদ্ধিতে কি জানি বাণিজ্যের ব্যাঘাতও হইতে পারে।

এতদ্দেশীয় জ্যোতিঃশাস্ত্র।

বোম্বাই দর্পণের এক জন পত্রপ্রেরক লেখেন যে পালিনগরস্থ জ্যোতির্ব্বেত্তারা অতিসঙ্কটাপন্ন হইয়াছেন যেহেতুক যে সকল ব্যক্তি কোষ্ঠী লিখনার্থ কিঞ্চিৎ২ পুরস্কার দিতে সমর্থ তাঁহারদের কোষ্ঠী লিখিয়া জ্যোতির্ব্বেত্তারা পরিবার ভরণ পোষণ করিতেছিলেন কিন্তু সংপ্রতি ঐ নগরে মহামারী উপস্থিত হওয়াতে নগরবাসি তৃতীয়াংশ লোক বিনষ্ট হইয়াছে এবং তাহারদের অনেকের জন্মপত্রিকাতে ঐ জ্যোতির্ব্বেত্তা মহাশয়রা দীর্ঘ পরমায়ু লিখিয়াছিলেন। অতএব ঐ সকল লোক এতদ্রূপ জ্যোতিঃশাস্ত্রসম্মত ভবিষ্যৎ কথনের সত্যতা বিষয়ে অপ্রত্যয় এবং তাহারদের কুলপুরোহিতেরদের প্রতি অশ্রদ্ধা করিতে আরম্ভ করিয়াছে। তাহাতে উক্ত জ্যোতির্জ্ঞেরদের উপজীবিকাহীনত্বভয়ে পুণ্যনগরস্থ এক জন জ্যোতির্জ্ঞ ব্রাহ্মণ শ্রীযুত বাবা যশোরোধের নিকটে নিবেদনার্থ ব্যগ্র হইয়াছেন যে তিনি তাঁহারদের এই সঙ্কট হইতে উদ্ধার করেন।

বোম্বাইর রাজসংক্রান্ত লোকেরদের অপরাধ।

বোম্বাই দর্পণে লেখে যে এমত এক সপ্তাহ অপ্রসিদ্ধ যে তাহাতে গবর্ণমেণ্টের এতদ্দেশীয় আমলারদের কর্ম্মচ্যুত বা শসপেণ্ডহওনের সম্বাদ শুনা যায় না। এবং সর্ব্বাপেক্ষা উচ্চ পদস্থাবধি ক্ষুদ্র পদস্থ এতদ্দেশীয় লোকেরদের মধ্যে প্রায় এমত লোক দৃষ্ট হয় না যে অধিককাল নিষ্কলঙ্ক আছে। ঐ সম্বাদপত্রে লেখে যে এতদ্দেশীয় আমলারদের মধ্যে এতদ্রূপ সাধারণ ভ্রষ্টতার দুই কারণ প্রথমতঃ সুশিক্ষাভাবপ্রযুক্ত নীতিজ্ঞানাভাব এবং আমলারদের নির্দ্দিষ্ট অত্যল্প বেতন।

Loss of the Lord William Bentinck.

We are sorry to perceive, that great fears are entertained, that the *Lord William Bentinck* which sailed from Calcutta to China on the 24th of September last, has been lost in the Straits. The ship *Friends* on her passage to Singapore from Manilla, picked up several bales of cotton which were floating, the marks on which have been identified by two mercantile firms as being those which were impressed upon the bales sent by that vessel. The past has been the most frightful year for shipwrecks in the Indian seas which has been known for a long time.

The Jeypore Trials.

Mr. Huttman, of the Military Orphan Press, has issued a prospectus of a new edition of the Jeypore Trials; the price has been fixed at the very moderate sum of 5 Rupees, but the publication depends upon the acquisition of a specific number of subscribers. We sincerely hope that he will meet with ample success.

New Bank at Bombay.

A meeting has just been held at Bombay, at which it was determined to establish a Bank, consisting of three thousand shares of 1000 Rupees each. The plan met with such good acceptance that the whole sum, *thirty lakhs* of Rupees, was subscribed in a very short time. It is stated, however, that some of the older houses of business view the establishment of the Bank with mistrust, and fear that the flush of Capital may be found injurious to trade.

Native Astrology.

A correspondent of the Bombay Durpun states, that the astrologers at Palee, are in a sad dilemma. They have hitherto derived their support from writing the horoscopes of those who were able to pay for them. The plague which has recently appeared at that town has swept away a third of the inhabitants, to many of whom a long lease of life had been assigned by the astrologers. The people have therefore begun to suspect the truth of these astrological predictions, and to mistrust their former guides, who in fear of losing their livelihood, are anxious to apply to Baba Joshey Roday, a learned brahmun of Poona to help them out of their difficulties.

Delinquency of Native Officers at Bombay.

The Bombay Durpun notices that scarcely a week passes without exhibiting the dismissal or suspension of some native officer of Government; and that from the highest to the lowest Native functionary, there can very few be found whose honour and integrity have remained untarnished for any length of time. That journal states, that the causes of this general depravity among the native servants are two, the want of Education, and the consequent absence of any moral principle, and the low salaries which are assigned to them.

পত্রপ্রেরকেরদের প্রতি।

শ্রীরামলোচনঘোষস্য ইত্যঙ্কিত পত্র এবং প্রভাকরপ্রকাশিত মহম্মদ আমীর প্রভৃতির পত্র ও সিহাটিহইতে আগত পত্র সমুদায় দুই পৃষ্ঠপরিমিত সংস্থাক হইয়াও সম্বাদের বাহুল্যে স্থানসঙ্কোচতাপ্রযুক্ত এই দর্পণে প্রকাশ করিতে অক্ষম হওয়াতে আমরা খেদিত রহিলাম আগামিতে দুই পৃষ্ঠা অধিক ছাপাইতে হইল

To Correspondents.

Two entire pages of Correspondence comprising the letters of Ram Lochun, and the letter of Muhmud Ahmud from the Probaaker, and a letter from Nyhatty, after having been set up in type, have been unavoidably omitted. We shall be obliged to give two pages extra next week.

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

শ্রীযুত জেনরল আলার্ড সাহেব যে হুগলির কারাগারে শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্রের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন আপনি এই সম্বাদ প্রকাশ করিয়াছেন কিন্তু তাহার বিস্তারিত বিবরণ প্রকাশ হয় নাই অতএব আমি বিশেষ করিয়া লিখিতেছি অনুগ্রহপূর্ব্বক জ্ঞানান্বেষণে অর্পণ করিবেন।

শ্রীযুত জেনরল সাহেব কলিকাতাতে আসিয়া প্রথমে শ্রীযুত মহারাজের উকীলের বাসাতে লোক প্রেরণ করেন তাহাতে উকীল শ্রীযুত রাধাকৃষ্ণ ঘোষাল সাহেবের ঘরে গিয়া সাক্ষাৎ করিবাতে সাহেব রাজার সমাচার জিজ্ঞাসা করিয়া কহিলেন তুমি সন্ন্যাসির নিকটে গিয়া আমার সম্বাদ জ্ঞাপন কর এবং তিনি যদি পত্র লেখেন তবে আমি তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিতে যাইব পরে শ্রীযুত রাধাকৃষ্ণ ঘোষাল ৬ পৌষে হুগলিতে গিয়া শ্রীযুত মহারাজকে সম্বাদ কহিবাতে শ্রীযুত মহারাজ তৎক্ষণাৎ সাহেবকে পত্র লেখেন তাহার পরেই সাহেব হুগলিতে গমন করেন।

শ্রীযুত জেনরল সাহেব হুগলিতে উত্তীর্ণ হইলে পর শ্রীযুত মহারাজ সাহেবকে সমাদরপূর্ব্বক গ্রহণার্থ রাধাকৃষ্ণ ঘোষালকে অগ্রে পাঠাইয়া দিলেন এবং শ্রীযুত সাহেব কারাগারের মধ্যে প্রবিষ্ট হইলে রাজা আপন বাসগৃহের বাহিরে আসিয়া সাহেবকে গ্রহণ করেন প্রথম সাক্ষাতে সাহেব রাজাকে অগ্রে সেলাম করিলেন পরে মহারাজ শ্রীযুতের হস্তগ্রহণপূর্ব্বক বক্ষস্থলে রাখিয়া আলিঙ্গনপূর্ব্বক শিষ্টাচারকরত গৃহের মধ্যে প্রবিষ্ট হইয়া বসিলেন পরে সাহেব জিজ্ঞাসা করিলেন আপনকার একরূপ দুর্দশা কেন হইল তাহাতে রাজা কহিলেন আমার অসৌভাগ্যের কথা কেন জিজ্ঞাসা করেন পঞ্জাবহইতে আসিয়া কতক লোক সহিত আপন বাটীতে যাইতেছিলাম এই অপরাধে বাঁকুড়ার মাজিষ্ট্রেট সাহেব সঙ্গি লোক সহিত আমাকে কয়েদ করেন এবং সেইখানে ছয় সাত মাস কারাভোগ করিয়া দোষিলোকের ন্যায় ধৃত হইয়া হুগলিতে আসিয়াছিলাম তাহাতে ভরসা ছিল হুগলিতে আসিয়া খালাস পাইব কিন্তু গ্রহবৈগুণ্যপ্রযুক্ত এখানেও ছয় মাসের মিয়াদে কয়েদ হইয়াছি।

শ্রীযুত রাজার এই সকল কাতরোক্তি শ্রবণে শ্রীযুত জেনরল আলার্ড সাহেব যে পর্য্যন্ত খেদ প্রকাশ করিলেন আমি তাহা এস্থলে বিস্তারিত করিয়া লিখিতে পারিলাম না কিন্তু তিনি ঐ দিবস সন্ধ্যার কিঞ্চিৎ পূর্ব্বে যখন প্রত্যাগমন করেন তখন শ্রীযুত রাজার হস্ত ধরিয়া কহিলেন আমি আপনকার নিমিত্ত সাধ্যানুসারে চেষ্টা করিব এবং শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহের নিকট যে পত্রাদি লিখিতে হইবে তাহা প্রস্তুত করিয়া রাখিবেন আমি অ

Spirit of the Native Papers.

To the Editor of the Gyananeshun.

SIR,—You have already published the news of General Allard's visit to the prisoner styling himself Raja Pratapchund, now in the Hooghly jail, but as it does not embrace all the particulars of the visit, allow me to send you a detailed account of it and to request that you will kindly insert it in your paper.

After arriving at Calcutta, General Allard sent for the Vakeel of the Raja and when Radakisto Ghosal saw him at his place and communicated all the particulars of the Raja, he desired the Vakeel to inform the Raja of his arrival, stating that he would pay him a visit if he wrote to him. On this Radakisto Ghosal went to Hooghly on the 6th of Pous, and when he informed the Raja of what the General had said, he wrote a letter to His Excellency, who on receipt of the same set out for Hooghly.

On General Allard's arrival at Hooghly the Raja sent Radakisto Ghosal to give him a respectful reception, and, on his Excellency's entering the jail, got out of his room and advanced to meet him. The General made a *salam* to the Raja who in return shook his hands and putting them close to his bosom embraced him. After which the General was conducted to the room and was seated by the Raja with due respect. The General asked him as to the cause of his misfortune, when the Raja said, "What you ask me of my misfortune! I committed no crime, but on my return from Punjab I was going home with several attendants, when the Magistrate of Bancoorah arrested and confined me with all those who accompanied me. After remaining at the Bancoorah jail for six months and upwards, we were brought to Hooghly like culprits. I expected, however, that here we would find justice, but I have been most sadly disappointed, having owing to my evil stars been sentenced to six months' imprisonment.

The General expressed extreme regret on hearing these unfortunate circumstances of the Raja. When his Excellency left the Raja a little before sunset, he gave his hand to him and said that he would do all that lay in his power for him. He also said that he would be happy to carry any letters which the Raja might send to the Muharaja Runjeet Sing, and desired him

রো এক দিবস আসিয়া তাহা লইয়া যাইবে সম্পাদক মহাশয় এই দিবস শ্রীযুত জেনরল সাহেব কারাগারে প্রবিষ্ট হইবার পূর্ব্বাবধি কারাগারের চতুর্দ্দিগে ন্যূনাধিক তিন সহস্র লোক দণ্ডায়মান হইয়াছিলেন এবং সাহেব কারাগারের বাহিরে আসিবামাত্র ঐ লোকসমূহ সাহেবকে বলিতে লাগিলেন আমরা ভাবিয়াছিলাম আপনি শ্রীযুত মহারাজকে খালাস করিতে আসিয়াছিলেন কিন্তু তাহা না করিয়া মহাশয় চলিলেন অতএব আমরা নিরাশ হইয়া মহাশয়কে অনুরোধ করিতেছি যাহাতে রাজা খালাস হইয়া সিংহাসন প্রাপ্ত হইতে পারেন আপনি অবশ্য তাহার চেষ্টা করেন।

লোক সকলের নানাপ্রকার বিলাপ বাক্য শ্রবণ করিয়া শ্রীযুত সাহেব খেদ করিয়া কহিলেন তোমরা পরমেশ্বরের নিকটে রাজার নিমিত্ত যে প্রার্থনা করিতেছ তাহার [illegible] হইতেছে সম্যক্ [illegible] পরিত্রাণ পাইবেন এই কথা বলিয়া সে দিবস বিদায় হইলেন পরে গত বুধবারে পুনরায় গমন করিয়াছিলেন তাহাতে শ্রীযুত রাজার সহিত গোপনে অনেক আলাপাদি করিয়া কহিলেন শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহের পৌত্রের বিবাহে উপস্থিত অতএব আমাকে শীঘ্র লাহোর যাইতে হইবেক কিন্তু পঞ্জাবাধিপতির নিকটে আমি আপনকার বিষয় বিস্তারিত করিয়া কহিব এই কথা বলিয়া রাজার লিখিত পত্র লইয়া বিদায় হইলেন এই দিবসেও লোক জমা হইয়াছিল কিন্তু পূর্ব্বদিবসাপেক্ষা সংখ্যা কম হইবে।

শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র এইক্ষণে বলিতেছেন তিনি পঞ্জাবে থাকিতে তত্রস্থ [illegible] বর্দ্ধমানের বৃদ্ধ মহারাজকে [illegible] রাজের বিষয়ে এক পত্র লিখিয়াছিলেন তাহাতে বৃদ্ধ মহারাজ উত্তর [illegible] পঞ্জাবহইতে লাল কবুতর আনিবার ছলে রণজিৎ সিংহের নিকটে তিন জন আর্দালি পাঠাইয়া দেন ঐ সময়ে বধূরাণীর সহিত বিবাদ উপস্থিত হইয়াছিল তাহার পরে শিখরাজ লাল কবুতর শব্দের অভিপ্রায় বুঝিয়া শ্রীযুত যুবরাজের বিশেষ সমাচার লিখিয়া ঐ তিন আর্দালির হস্তে বর্দ্ধমানে পাঠাইয়া দেন এবং এ পত্র আসিবামাত্রই বৃদ্ধ মহারাজ বধূরাণীদিগের সহিত আপোস করেন এবং বধূরাণীরাও সেই পত্রের মর্ম্ম শুনিয়া [illegible] চুপ করিয়াছিলেন পরে বৃদ্ধ মহারাজ ঐ পত্র কোন গোপন স্থানে রাখিয়াছিলেন কিন্তু লোকেরা এ সকল গোপন বিষয় জানে না শ্রীযুত যুবরাজ কহেন ঐ পত্র তাঁহার হস্তে আসিয়াছে যদি গবর্ণমেণ্ট তাঁহার পক্ষে সুবিচার করেন তবে ঐ পত্র এবং আরো অনেক দলিল গবর্ণমেণ্টকে দেখাইবেন আর যদি তাহা না করেন তবে যে ফকীর সেই ফকীর ভাবে থাকিতে দেবেন।

এইক্ষণে বর্দ্ধমান পুরাতন আমলা আসিয়া যুবরাজের শরণাগত হইয়াছেন এবং বৃদ্ধ মহারাজ তেজশ্চন্দ্রের নিকটে যে তিন জন আর্দালি পাঠাইয়াছিলেন তাহারাও বর্ত্তমান আছে অতএব যদি গবর্ণমেণ্ট সাক্ষ্যের অপেক্ষা করেন তবে শ্রীযুত রাজার পক্ষে সাক্ষী অনেক পাইবেন। এবং পূর্ব্বে সকলে ভাবিয়াছিল ছয় মাস কয়েদ উত্তীর্ণ হইলেও শ্রীযুত প্রতাপচন্দ্র জামিন দিতে পারিবেন না অতএব পুনরায় কয়েদ থাকিতে হইবেক কিন্তু এইক্ষণে সে সন্দেহ দূর হইয়াছে অনেক ভদ্র ভাগ্যধর লোক জামিন হইতে প্রস্তুত আছেন আর এক মাসপরেই তাঁহারা ব্যক্ত হইবেন বিশেষতঃ শ্রীযুত জেনরল আলার্ড সাহেবের সুযোগে অনেক ইঙ্গরেজেরাও পক্ষ হইয়াছেন।

সম্পাদক মহাশয় আমি শ্রীযুত যুবরাজের বিষয়ে অনেক সম্বাদ পাইয়াছি এবং ইহার পরে যে সকল ঘটনা হইবে তাহাও আমার নিকটেই অগ্রে আসিবে কিন্তু পত্র বাহুল্যপ্রযুক্ত অনেক বিষয় লিখিতে পারিলাম না যদি আপনকার পাঠকবর্গ শ্রীযুত যুবরাজের বিষয় জানিতে উৎসুক হন তবে পরে ক্রমিক লিখিয়া পাঠাইব ইতি।—জ্ঞানান্বেষণ।

দ্বিতীয় নারদ।

to keep them in readiness when he would call for them on another day. Allow me, Mr. Editor, to mention here, that previous to the General's entering the jail this day, there were about 3000 men standing on the outside. When his Excellency got out of the jail, they cried aloud and said, 'Ah General', we thought you came here to release the Maharaj, but we are grieved to see that you are going away without doing that. Though disappointed we would however entreat your Excellency will spare no exertion to set the Raja at liberty and place him on his *guddee*.'

Such words as these did not fail to excite the sympathy of General Allard who consoled them by saying that their prayers to God for the liberty of the Raja could not but be crowned with success. Saying this the General departed that day. On Wednesday last again he paid a second visit to the Raja, when after a long conversation in private, the General said that he was going to Lahore to witness the marriage of Runjeet Sing's grandson, and would not fail to inform the ruler of Punjab of all that had happened to him. He then took leave of the Raja, having taken all the letters which he had prepared for Runjeet Sing. There was also a crowd this day before the jail, though not so large as on the previous occasion.

The self-styled Raja Pratapchund now says that at the time of his residence in Punjab the ruler of the Sheiks had addressed a letter to the old Raja of Burdwan on the subject of his lost son, and that the Raja [illegible] sent three Ardullees with this message that they were sent to bring the *lal cubbooter* (red pigeon of Punjab). About this time there was some dispute between the Raja & his daughter-in-law. Runjeet Sing on receiving the Raja's message, understood the meaning of the *lall cubbooter* mentioned in it and sent the Ardullees with a reply in which he gave a full account of his son. On the receipt of this the old Raja instantly made a compromise with the Bohooranees, who, when they were informed of the happy intelligence contained in the letter of Runjeet, set aside all dispute and contented themselves with their monthly stipends. The old Raja kept this letter in some secret place, and no one knew any thing of it. Now what Raja Pratapchund says, is that he possesses this document, and will produce it with many others, should Government feel disposed to do him justice. If otherwise he will remain as he is—a faqueer—and see what can be done.

It may be mentioned here that several old Amlas of the Burdwan Raja have come under the young raj, and that the three Ardullees whom Tizachunder Bahadoor had sent to Lahore are also living. So that there will be no want of witnesses should Government require them for the purpose of deciding his case. It was doubted before that the Raja shall not be able to find securities after the expiration of the period of his imprisonment and will consequently remain in prison, but this doubt has at present been removed, many respectable persons being ready to stand as his securities, as soon as another month shall have passed away. The visits of General Allard have also made many Europeans favourable to the Raja.

I have, Mr. Editor, received a great deal of information regarding the Raja, and have made arrangements to receive all the news about him before it can reach any other person. The length of my letter prevents me from writing more in this. I will however continue to supply your readers with the Raja's news if they desire to hear of it.

Second Narud.

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

আপনকার গত শনিবারের দর্পণে কোন লোক প্রশ্ন প্রকাশ করিয়াছেন যে চরণযুক্ত দেবতার চরণামৃতভিন্ন ৺শালগ্রাম শিলা ও শিবলিঙ্গ অর্থাৎ যাঁহার চরণাভাব তাহার স্নানীয় জলকে চরণামৃত কি প্রকারে বলা যায়। যেহেতুক চরণামৃতের বাক্যার্থ চরণধৌত বারি এইমত কতিপয় সন্দেহ বাক্য প্রয়োগ করিয়া প্রত্যুত্তরাকাঙ্ক্ষী ছিলেন এতৎ প্রশ্নের উত্তরার্থ কএক পংক্তি নিম্নে লিখিতেছি অনুগ্রহপূর্ব্বক দর্পণে স্থান দান করিবেন।

প্রশ্নকর্ত্তা মহাশয় চরণামৃতের যেরূপ ব্যাখ্যা করিয়াছেন তাহার অর্থের অন্যথা নাই কিন্তু ভাবার্থ সংগ্রহ ভিন্ন শব্দার্থ [illegible] হইতে পারে না। [illegible] অঙ্গ প্রত্যঙ্গের মধ্যে চরণের [illegible] এবং [illegible] শালগ্রাম শিলার মধ্যে অধিষ্ঠান অতএব [illegible] চরণশূন্য হইয়া তাহাতে অধিষ্ঠিত এবং [illegible] তাহা হইলে এ কথা প্রশ্নকর্ত্তার আবশ্যক ছিল না ও অনীশ্বরবাদ অপবাদ হইত [illegible] চর্ম্মচক্ষুর অগোচর বিধায় ঈশ্বরের [illegible] ফলতঃ ঈশ্বরের আবির্ভাব প্রমাণে চরণের অভাব নাই [illegible] মান্য আবশ্যক নহে। ভাবক ভাবের বাধ্য যে ভাবে উপাসনা করিয়াছেন সে ভাবে ভাবিলে তাঁহার ঈশ্বরের প্রতি ভাবের বৈলক্ষণ্য নাই তথা কএক বর্ণবিশিষ্ট ও অন্যান্য পণ্ডিতের পাণ্ডিত্যে মনে করি তাহার অজ্ঞানের অভাব হইতে পারে। কিমধিকোনাল্পমিতি তারিখ ১৬ পৌষ।

কতিপয় তেলিনীপাড়া নিবাসিজনস্য।

Correspondence.

To the Editor of the Durpun.

In your paper of last Saturday you published the query of some one who stated, that not only was the word *water of the feet* applied to images with hands and feet, but that the water in which the Shalgram and the Lingu of Shiva were washed was called by the same name; and he asks how this can be, for the water of the feet means only the water in which the feet have been washed. He has published several queries of this nature to which he requests an answer, and I lose no time in sending you a few lines on the subject.

The enquirer has correctly explained the meaning of the word "water of the feet," but it is necessary to take the general bearing, and not the simple meaning, of the expression, because there is no separate meaning to the three words *Ay, Asoo, Ahsoo*, and yet they are applied to different individuals. The gods are the most excellent of all creatures, and of all the members of the body the feet are the most honourable; and those who acknowledge gods possessed of members, above all things honour the feet of the gods. More particularly it is stated in the Poorans that the ornaments of the feet of Krishna are reckoned more holy than his flute and crest; it is not therefore to be supposed that all parts of the body are equal to his feet, for they are distinct members, and they who consider the feet as the great object of their desire.

2dly. The gods made of stone are not contemplated and worshipped in reference to their appearance, but because the deity is supposed to reside in them; and the Shalgram stone and the eternal Lingu are contemplated according to the rules given for contemplation; that is, all the gods are supposed to reside in Saalgram. The god therefore who resides in the stone is not to be supposed without his feet. If the stone be suspected because the feet cannot be seen, then we may say, the deity itself is not seen, and there was no need of the enquiry, and men would be atheists. It is therefore improper to debate upon the subject, simply because the feet cannot be seen; in fact, if God reside in the stone, there can be no want of feet. If any man doubts this, what is there in the world that he will not doubt! He has not the first elements of knowledge. From the particular enquiries of that individual, it might be supposed that he has the strongest faith in God. Perhaps from these few lines and the remarks of other pundits, it may be supposed that his want of understanding will be removed.

Certain Residents of Telinpara.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৸০	।০	ঐ
২ ক্লাস	১	৸০	ঐ
৩ ক্লাস	১।০	১৸০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৸০	১	ঐ
৪ টাকার লোন	১৸০	২	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৬০০—১৭০০ প্র মহম

Government Securities.

5 Per Cent loan				
1st Class,	0 1	0 0	
2d. Class,	0 5	0 0	
3d. Class,	4 0	3 8	
Middle 5 per cent loan,	0 0	0 0	
New 5 per Cent,	11 8	10 8	
4 per Cent loan,	0 2	0 6	Disct.

Bank Shares.

Bank of Bengal .... Co's Rs. 1600—1700.

সমাচার দর্পণ

১১২৩ সংখ্যা। বালম ১৯।] ২১ জানুয়ারি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ৯ মাঘ। SATURDAY, JANUARY 21ST, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1123. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

বিজ্ঞাপন।

১১ জানুয়ারি সন ১৮৩৭ দুই কেতা কোম্পানির কাগজ ১২৮৬ নং সিক্কা ১০০০ ও ৭১০৩ নং সিক্কা ২০০০ যদ্যপি কেহ পান মিং বাইড কোং মুচ্ছুদ্দিকে দিলে ভাল পারিতোষিক পাইবে।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা

ইশতেহার

গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ

ইশতেহার।

বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন

অস্মদাদির বোধে ইষ্টইণ্ডিয়া কোম্পানি এ দেশরক্ষার্থে সংগ্রামাদির নিমিত্তে নিজহইতে যে টাকা দিয়াছেন অবশ্যই তাহা পাইবেন কিন্তু কোম্পানি বাহাদুর মনোপোলপূর্ব্বক বাণিজ্য করিয়া ২ শত পার্সেন্টের অধিক মুনাফা লাভ করিয়াছেন ঐ বাণিজ্য কর্ত্তৃক যে লোকসান পড়িয়াছে তাহা বিচারসিদ্ধ মতে দেশের ঋণযুক্ত হইতে পারে না বরং ঐ এক্‌চেটিয়া বাণিজ্যকর্ত্তৃক নানারূপ দেশের ক্ষতি ও অমঙ্গল হইয়াছে এবং আর এক আশ্চর্য্য বার্ত্তা [illegible] শুনিয়াছি যে তৎকালীন কোম্পানির বাণিজ্য কার্য্য ছিল তৎকালে কর্ম্মকারকেরা রেসমাদির প্রস্তুতকরণ নিমিত্ত এ দেশের চলিত নিরিখমতে টাকা পূর্ব্বেই দাদন করিতেন পরে ইঙ্গলণ্ডদেশের বিক্রয় জ্ঞাত হইয়া শুদ্ধ আপন যে স্থানে দর কাটিতেন তাহাতে যে ক্ষতি প্রাপ্ত হয় তাহাই মহাঋণ বলিয়া ধরিয়াছেন। রামলোচন বাবু আদালতের কর্ম্মে বিশেষ বিজ্ঞ তাঁহার বিচারে কি এ টাকা অস্মদ্দেশের ঋণ সাব্যস্ত হইবেক আর বিক্রেতার বস্তুর মূল্য কি কেবল ক্রেতার যে ইচ্ছা তাহা দিয়া প্রদান করাই বিচার হইতে পারে এবং তাহার প্রমাণার্থে উক্ত বাবু কোন্ আইন ও কোন্ রাজ্যের নিয়ম দেখাইবেন।

ইষ্টইণ্ডিয়া কোম্পানি দেওয়ানী ভার প্রাপণের সময়ে দিল্লীর বাদশাহের সহিত এবং মুরশিদাবাদের নওয়াব নাজিমের সহিত যে নিয়ম পত্র করেন তাহাতে স্পষ্ট প্রতিজ্ঞা করিয়াছেন যে বাদশাহ ও নবাবের নামকর্ত্তৃক এদেশে যে যে নিয়ম ও কর্ম্ম হইয়াছে তাহা কোন মতে বাতিল ও অন্যথা করিবেন না ঐ সন্ধিপত্র অর্থাৎ উক্ত চুক্তি পার্লিমেণ্টের ও সম্মত হইয়াছে এবং ১৭৯৩ সালের ১৯ আইনে প্রতিজ্ঞা আছে যে কোম্পানির দেওয়ানী প্রাপ্তের পূর্ব্বের দত্ত নিষ্কর ভূমির কর লওয়া যাইবেক না কিন্তু বর্ত্তমানসময়ের চলিত নিয়ম দৃষ্টে সে প্রতিজ্ঞা সমূলক অমূলক বোধ হইয়াছে যেহেতু উচিত ছিল যে ঐ প্রতিজ্ঞাকালীন অথবা চিরস্থায়ি বন্দোবস্তের সময় বিশেষানুসন্ধান ও বিচারপূর্ব্বক যে সকল ভূমি ১৭৬৫ সালের পূর্ব্বে নিষ্কররূপে দত্ত হইয়াছিল তাহার চিহ্ন ও নিরাকরণ করা। এইক্ষণে ৭০। ৭২ বৎসর গত তাহার অন্বেষণ ও বিচারে প্রবর্ত্ত হওয়াতে কি স্পষ্ট বোধ হইতেছে না যে তৎকালীন গবর্ণমেণ্ট নিশ্চয় জানিয়াছিলেন যে সেসময়ে ঐ বিষয়ের অনুসন্ধান করিলে তাবৎ নির্দ্দোষ পত্রাদি নিশ্চয় রূপে প্রাপ্ত হইবেক অতএব তখন স্থগিত রাখিয়া ঐ নিষ্কর ভূমি ভোগিদিগকে কৌশলক্রমে মাভৈঃ প্রদানে সতর্কতার ব্যাঘাত করাইয়া যখন বোধ করিলেন যে এতকাল গত পূর্ব্বদত্ত ভূমির সপ্রমাণ হওয়া অত্যন্ত কঠিন হইবেক তখন অনুসন্ধান ও বিচারে প্রবর্ত্ত হইলেন ইহাতেও কি উক্ত সেরেস্তাদার বাবু গবর্ণমেণ্টের প্রতিজ্ঞাকে শুদ্ধ চাতুরী জ্ঞান করিবেন না।

সেরেস্তাদার বাবু কহিয়াছেন নিষ্কর ভূমির অভাবে তদ্ভোগি ব্যক্তিরা ধনোপার্জ্জনার্থে নানারূপে উদ্যোগী ও পরিশ্রমী হইবেক আমরা ঐ বাবুকে জিজ্ঞাসা করি যে স

To us it appears that whatever sums the East India Company may have paid from their own pockets for the preservation of the country, ought to be returned to them; but the Company, by their monopoly, formerly gained from their trade 200 per cent, and therefore the subsequent loss upon that trade cannot justly be considered part of the debts of the State. On the contrary, that monopoly has been the cause of much distress and loss to the country. I would also humbly represent another thing; when the Company were engaged in trade, their agents made advances for silk and other articles according to the current rates, but when they had ascertained the price of the article in England, they purchased it in this country at their own price, and yet it is upon such a trade as this that the loss has accrued. Baboo Ramlochun is well acquainted with judicial procedures; will he then say that such losses are to be recognized among the debts of the state, and is it right that the seller should be obliged to sell his article at the price of the buyer? What law, or what rule of any country, can the Baboo adduce in support of this doctrine?

When the Company obtained possession of the Dewannee, they made a treaty with the King of Delhi and the Nawaub of Moorshedabad, in which it was distinctly promised, that all the rules and the acts of the King and the Nawaub in this country should be considered valid. These treaties were approved of by Parliament; and in Regulation XIX, of 1793, it was promised that no revenue should be demanded from the rent-free land which had been given before the Company obtained the Dewannee. But according to the present rule, that promise is considered as having no force; for it was necessary that at the time of the promise, or a little after the perpetual settlement, a specific examination should have been made of all the lands which were thus declared free before 1765, and that they should have been distinctly marked. But to begin to examine the deeds now after the expiration of 70 or 72 years, does it not prove that Government were at that early period well informed that if they had then examined the deeds, they would have been found perfect, and that the enquiry was quashed for the time, that confidence might be given to the holders of those tenures, that they might be thrown off their guard; and when Government well knew that from the lapse of time that it would be difficult to prove the existence of those tenures, they entered upon the examination of them. Must not the Sheristadar Baboo acknowledge that the promise of Government was a mere farce?

The Sheristadar Baboo says, that when those tenures are cancelled, the holders of them will exert themselves and labour for their own subsistence. Now we ask the

কল নিষ্কর ভূমিভোগি ব্যক্তিরা অধিক বয়স্ক হইয়া বিদ্যা সাধ্যের অভাবে উদযোগ ও পরিশ্রমে অশক্ত হইয়াছেন তাঁহারা কি ঐ সেরেস্তাদার বাবুর নামামৃত পান করিয়া কালযাপন করিবেন। যদি বলেন তাঁহারদিগের সন্তান ও পরিবারেরা চাকরি ইত্যাদি করিয়া অশক্তদিগের ভরণ পোষণ করিবেন এ কথা কেবল কথামাত্র নহে২ বর্ত্তমানকালে সাধারণ তথা নিঃসহায় ব্যক্তিবর্গের চাকুরি হওয়া নিতান্তই দুরূহ তস্য প্রমাণ আমারা ঐ সেরেস্তাদার বাবুকেই দেখাইতেছি যে তিনি গবর্ণমেণ্টের কর্ম্মে বিশেষ নৈপুণ্য ও বিখ্যাত বিচক্ষণ এবং বিশেষ২ সহায় সত্ত্বে অনেক দিনাবধি কোন এক বিশেষ চাকুরির নিমিত্ত বিশেষ২ চেষ্টা করিয়াও এপর্য্যন্ত তাহা প্রাপ্ত হইলেন না অতএব তিনি কি অন্য সাধারণ মনুষ্যের চাকুরি হওয়া কঠিন বোধ করেন না আর যাহারদিগের সন্তানাদি চাকুরির যোগ্য নহে এবং যাহারা সন্তানাদি বিহীন তাহারা কি কিস্তবের সেরেস্তাদার বাবুকে আশীর্ব্বাদপূর্ব্বক দিন যাপন করিবেক।

রাজ্য ও ভূমিতে যে সাধারণের তুল্য স্বত্ব আমরাও স্বীকার করি কিন্তু যৎকালীন এদেশ সাধারণের রাজ্য হইবেক অর্থাৎ এইক্ষণে আমেরিকা দেশে যদ্রূপ নিয়ম সেইরূপ হইলে সেরেস্তাদার বাবুর আপত্তি অবশ্যই গ্রাহ্য যোগ্য বটে।

আর বক্তব্য থাকিতেক যে মহম্মদ গোরি অর্থাৎ যবনেরা যুদ্ধ বিগ্রহে এরাজ্য অধিকার করেও ঐ যবনের সহিত ট্রিটি করিয়া ইঙ্গলণ্ডীয়েরা রাজ্য প্রাপ্ত হন অতএব যুক্তি ও বিচারসিদ্ধ কোন মতে যবনেরদের দত্ত নিষ্কর ভূমির কর গ্রহণে বর্ত্তমান গবর্ণমেণ্ট স্বত্বাধিকারী নহেন আর প্রকাশ্যরূপে সম্মুখ যুদ্ধে রাজ্য অধিকার করিলে তাহা দস্যু বৃত্ত বলা যাইতে পারে না অতএব যবনদিগের নিষ্কর ভূমির দান কোন রূপে অসিদ্ধ হওয়ার যোগ্য নহে।

মহম্মদ আমিরপ্রভৃতি কতিপয়
বঙ্গভূমিনিবাসিজনানাং।

Baboo, that the holders of those tenures being generally old, and passed the age for acquiring knowledge, how can they exert themselves for their own subsistence. Can they subsist by considering the mere name of the Baboo as the water of immortality? If it be said that their sons and their connections may obtain situations, and thus support the aged, this is mere idle talk; for in the present time no man without succour can obtain a situation, and as a proof of this we may even shew up the Baboo himself, who though celebrated for his knowledge of public affairs and well supported, has long been in search of a specific situation which he has not yet been able to find. Does he not therefore consider that it must be still more difficult for ordinary individuals to obtain situations. Those who are incapable of public duties, and those who have no situations, will such men be able to obtain a livelihood simply by praising the Baboo's discernment?

We acknowledge also that he who has the kingdom has the land; and we also acknowledge, that if ever this country should be governed like America, the Baboo's objection will have weight.

It cannot be unknown that Mahommed Gorie, that is to say the *Moosulmans*, have obtained the country by conquest; and that the English obtained this country by a treaty with the *Moosulmans*; and it follows that neither by reason nor by justice, can the Government upset the tenures which were created by the *Moosulmans*, and that those who obtained the country by the decision of battle, cannot be considered as robbers, therefore the rent-free lands which were given by Mahomedans cannot reasonably be resumed.

Mahommed Ameer
and other Residents in Bengal.

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

আপনি এই কতিপয় পংক্তি দর্পণের পার্শ্বে স্থান দান করিলে আমি আহ্লাদিত হই।

বৃটিস গবর্ণমেণ্ট বহুকালাবধি প্রধান২ পোদ্দারেরদিগকে মাসে ২০।২৫ টাকা করিয়া এবং তাহারদের অধীন ব্যক্তিরদিগকে ৮ অবধি ১৬ টাকাপর্য্যন্ত বেতন দিতেছেন। কিন্তু এই শহরের পারমিট পঞ্চাত্তরার পোদ্দারেরদিগকে অত্যল্প কিঞ্চিৎকররূপ বেতন দেওয়া যাইতেছে। উক্ত স্থানের প্রধান পোদ্দারেরা কেবল ১০ টাকা তদধীন ব্যক্তিরা মাসে ৭।০ টাকার অধিক পায় না ইহা নিতান্তই তাহারদের অনুপযুক্ত বেতন। তাহারা নিয়মিতকালে কুঠী করিয়া কখন২ নয় দশ ঘণ্টা কখন বা দুই প্রহর রাত্রিপর্য্যন্ত থাকে এবং সংপ্রতি ঐ দপ্তরের রীতির পরিবর্ত্তন হওয়াতে জিনিসের আমদানী রফ্তানীর অতিবাহুল্য হইয়াছে এইপ্রযুক্ত কর্ম্মও অতিভারি হইতেছে। সম্পাদক মহাশয় আপনি বিবেচনা করুন যে তাহারা অত্যল্প বেতন পাইয়া কিপর্য্যন্ত পরিশ্রম না করিতেছে। অতএব আমরা অবশ্যই কহিতে পারি যে তাহারদের বেতনাপেক্ষা তাহারদের পরিশ্রমের ভার অধিক অতএব গবর্ণমেণ্টের বিবেচনা কর্ত্তব্য যে আপনকার বহুকালাশ্রিত পুরাতন চাকরেরদিগকে উপযুক্ত বেতন ও পুরস্কার দেন।

সম্পাদক মহাশয় এই কএক পংক্তি আপনকার বহুব্যাপক দর্পণে প্রকাশকরণে আমার অভিপ্রায় এই যে তদ্দ্বারা এই বিষয় হাসিলের শ্রীযুত কালেকটর সাহেবের দৃষ্টিগোচর হয় ঐ সাহেবের অধীনে ঐ পোদ্দারেরা কর্ম্মকরে অতএব তিনি ইহার সত্যতার বিষয় বিবেচনা করিবেন। যদি আমার এই কথা সত্য হয় তবে অন্য স্থানীয় পোদ্দারেরা যে বেতন পাইয়া থাকে তদনুরূপ ইহারাও পাইতে পারে।

কস্যচিৎ যথার্থবাদিনঃ।

কলিকাতা ১৪ জানুআরি ১৮৩৭।

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—Should you kindly give insertion to the following lines in a corner of your valuable Durpun, you will confer upon me the greatest obligation.

As the English Government has in general been all along pleased to give native head poddars a salary of 20 or 25 Rupees, and their assistants from 8 to 16 Rs. a month, I cannot but regret to say, that the poddars of the Custom House of this city are very inadequately paid. I understand that its head poddar receives 10 Rs. and his subordinates 7½ Rs. per mensem, allowances, I must confess, comparatively too small for them. They attend the office at the proper hour, and leave it at 9 or 10 o'clock p. m. nay, sometimes 12 at midnight, as the importations and exportations of goods are known to be very great by the introduction of recent changes, and therefore the pressure of business is extremely heavy.

Mr. Editor, consider how much labour do these poor men undergo, and how low is their pay? In this point of view their labour of course exceeds their pay. It is a matter therefore worthy the consideration of Government who ought to reward its best and long standing servants. Mr. Editor, my sole object in publishing these few lines through the medium of your periodical is, because it is the most circulating one, and consequently the above I doubt not, will attract the attention of the Collector of the Custom House, who being the only high authority under whom these poddars serve, will first enquire the truth of the statement, and then allow them the advantages of those salaries which their contemporaries are hitherto enjoying.

I am, Sir, your obedient servant,
A True Speaker.

Calcutta, 14th January, 1837.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

আমার এই কতিপয় পংক্তি লিখনের অভিপ্রায় এই যে কস্যচিৎ দর্পণপাঠকস্য এই নামধারি আপনকার পত্রপ্রেরক গত ৭ জানুআরি তারিখের স্বীয় পত্রে যাহা লেখেন তাহাতে ভ্রম জ্ঞাপন করিতেছি। অতএব আপনকার বহুমূল্য ও বহু গৃহীত দর্পণের পার্শ্বে আমার এই কএক পংক্তি প্রকাশ করিলে পরম বাধিত হই। আপনার পত্রপ্রেরক লেখেন যে ওরিয়েণ্টল সিমিনেরিনামক পাঠশালাতে এক বালককে নিযুক্ত করণার্থ গিয়া দেখিলেন যে প্রত্যেক বালক স্ব২ পাঠেতে নিযুক্ত আছে কিন্তু প্রথম ও দ্বিতীয় সম্প্রদায়ের বালকেরদের আচার দেখিয়া তাঁহার অত্যন্ত বিরক্ত জন্মিল তাহাতে তিনি ঐ পাঠশালার প্রধান শিক্ষককে এই পরামর্শ দেন যে বালকেরদের সদাচরণবিষয়ে মনোযোগী হন।

সম্পাদক মহাশয় ইহা পাঠ করিবামাত্র ঐ পাঠশালাধ্যক্ষ শ্রীযুত গৌরমোহন আঢ্যকে তদ্বিষয়ক বার্ত্তা জিজ্ঞাসা করিলাম তাঁহার সঙ্গে আমার বিলক্ষণ আলাপ আছে তাঁহাকে কহিলাম যে গত শনিবারে আপনার পাঠশালাতে কি ব্যাপার হইয়াছিল তিনি কহিলেন যে এক ব্যক্তি এক বালককে সঙ্গে করিয়া পাঠশালাতে আনয়নপূর্ব্বক শিক্ষার্থ কেবল মাসে ২ টাকার হারে দিতে চাহিলেন সেই হার ঐ পাঠশালাতে চলিত নহে এবং সেই বালক আমার পিতামহের তুল্য স্থূলাকার অতএব তিনি অকৃতকার্য্য ও বিরক্ত হইয়া প্রস্থান করিলেন তৎসময় আহারের সময় হওয়াপ্রযুক্ত কোন শিক্ষক উপস্থিত ছিলেন না উক্ত ব্যক্তির প্রস্থানকরণ সময়ে কতিপয় বালক তাঁহাকে কএক কথা জিজ্ঞাসা করাতে তিনি উত্তর করিতে না পারিয়া ঠাট্টা করিয়া কহিলেন যে আমি নন্দের ইতিহাস পাঠ করিয়া থাকি তাহাতে বালক স্বভাবপ্রযুক্ত তাঁহাকেও বিলক্ষণ বিদ্রূপ ব্যঙ্গ করিল। ফলতঃ তিনি ঐ বালকেরদের সঙ্গে বিবাদ করিয়া প্রস্থান করেন কিন্তু প্রথম সম্প্রদায়িকেরদের সঙ্গে কোন বিবাদ হয় নাই ষষ্ঠ সম্প্রদায় অর্থাৎ অতক্ষুদ্র বালকেরদের সঙ্গে কলহ করেন এইপ্রযুক্তই তিনি স্বীয় পত্রে ঐ কতিপয় পংক্তি নিন্দোক্তি লেখেন।

সম্পাদক মহাশয় কোন ব্যক্তির কিঞ্চিৎ বুদ্ধি থাকিলেও ঐ পত্রপ্রেরকের ন্যায় বিবেচনা হইত না। যদ্যপি ঐ বালকেরদের আচার ব্যবহার ভদ্র না হয় তথাপি কোন বিশিষ্ট ভদ্র লোকের সঙ্গে তাহারা এতদ্রূপ ব্যবহার কদাচ করিত না। যদ্যপি শিক্ষক আপনার সম্মুখে বালকেরদের ক্রীড়া করিতে দেন তথাপি কোন বিশিষ্ট লোকের সমক্ষে তাহা করিতে দিতেন না বিশেষতঃ যে প্রধান শিক্ষকের প্রতি পাঠশালার তাবৎ কর্ত্তৃত্বভার আছে তিনি কদাপি তাহা করিতে দিতেন না এবং যদি পত্রপ্রেরক আপনাকে বিশিষ্টের ন্যায় দেখাইতেন তবে বালকেরা মন্দ হইলেও তাঁহার সম্মুখে কখন অশিষ্টাচার করিত না। অতএব আমি ঐ যুবব্যক্তিকে এইক্ষণে পরামর্শ দেই যে তিনি স্বীয় মঙ্গল বিষয়ে সাবধান হইয়া উত্তরকালে আপনার ঈর্ষাসূচক এমত উক্তি আর না লেখেন। পুনশ্চ ঐ পাঠশালা এইক্ষণে যদ্রূপ মূলবদ্ধ হইয়াছে এমত বদ্ধমূল বিষয় কখন উৎপাটনার্থ চেষ্টা করা বিফল ঐ পাঠশা

To the Editor of the Durpun.

SIR.—I am under the necessity of writing the few following lines, merely to convince a correspondent (A certain Reader of your Durpun,) in your paper of 7th January of an error into which he has fallen, and therefore you will kindly give a place to it in your valuable and popular paper, and highly oblige the undersigned. The correspondent writes that when he entered the school to have one of his boys admitted, he saw every boy engaged in his respective study, but the behaviour of the first and second class boys very much displeased him. He concludes therefore, by recommending the head teachers to take particular care to give them good breeding. Now, Mr Editor, no sooner did I peruse this, than I enquired of Baboo Gour Mohun Addy, the proprietor, with whom I am personally acquainted, to tell me what had happened in his school last Saturday. He informed me that a boy came that day with another, to have him admitted, who was refused, as he offered to pay 2 Rs. monthly, which rate is not now current in his school, and he was moreover as big as my grandfather. He therefore went away displeased and without success. As he was going some boys asked him some questions, (as it was tiffin time, and consequently no teacher was present) which he being unable to answer, turned them to vulgar jokes and began to say, "I read the history of Nundu," &c. Being school boys they treated him very badly, so that to tell the truth he went home having a quarrel with the boys, not of the senior department as he states, but of the junior, (the 6th class) and this is the cause of his writing the few lines in your paper.

Mr. Editor, any man possessing a grain of sense, would not think as he does. Is it possible, granting that the behaviour of the boys is bad, that they would shew the same before one who was a gentleman? Is it possible that any teacher, (granting he allows his boys to play before him,) would do the same before a gentleman? And particularly the head teacher on whose head is the whole weight of the school, so that if he was at all a gentleman and acted like a gentleman, the boys would never have treated him badly, though they themselves might be bad. I would advise the young fellow for his own good, not to write such things in future, to satisfy his private resentment. Furthermore, it is foolish to try to overturn that which is established, to

লা এইক্ষণে দৃঢ়মূল হইয়াছে অতএব তিনি তদ্বিষয়ে যে যুক্তি লিখিতেছেন তাহাতে ইহা কদাচ উন্মূলিত হইতে পারে না। উক্ত পাঠশালার কীর্ত্তি এইক্ষণে কলিকাতার সর্ব্বত্র প্রকাশ আছে।

কস্যচিৎ স্বাক্ষরকারি গ্রাহকস্য।

শ্রীযুত প্রভাকরসম্পাদক মহাশয়েষু।

১। নিষ্কর ভূমির কর গ্রহণবিষয়ে মহম্মদ আমির ইত্যাদি নামধারি মহাশয়েরদিগের প্রেরিত পত্রের যথাযোগ্যোত্তর মিদং। ব্রিটিস বারণ সিবিলিয়নেরা যে রাজকর্ম্মের যোগ্য না হইয়া প্রচুর অথবা কিঞ্চিদংশ বেতন পাইতে পারেন মদীয় উত্তরের এমত তাৎপর্য্য কদাচ নহে। প্রভাকরের উক্ত লেখক মহাশয় এ অকিঞ্চনের লিপির তাৎপর্য্য বিশেষ বিবেচনা করিলে কদাপি এতদ্রূপ ব্যঙ্গচ্ছলে কটূক্তি করিতেন না।

২। ঐ লেখক মহাশয় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির দেশ রক্ষাজন্য দত্ত টাকার প্রাপণবিষয়ে আমার সহিত ঐক্য হইয়া বাণিজ্যাদির লহমার তজ্জ্য দেশের ঋণ ভুক্ত হওনে যে২ আপত্তি দর্শাইয়াছেন তদুত্তরে আমার এই বক্তব্য যদি স্বদেশীয় বিজ্ঞবরেরা উক্ত তত্ত্ব দেশের ঋণভুক্ত হওয়া অবিহিত বোধ করেন তৎপ্রতিকারার্থে যথাবিহিত উদ্যোগী ও উৎসাহী হইতে সক্ষম হওয়া উচিত নচেৎ ভূমির উপস্বত্ব হইতে রাজাংশ প্রদানে প্রতিবাদী হওয়া কদাচ যুক্তিসিদ্ধ নহে। যেহেতুক রাজকর প্রদান করা সর্ব্বসাধারণের মঙ্গল ও দেশের স্বার্থে নির্দ্ধারিত হইয়াছে বরং অস্মদ্দেশীয়েরা ভিন্ন দেশীয়েরদিগের নিকট আস্পর্দ্ধা করিতে পারেন যে অনাদি কালাবধি ভারতবর্ষে অন্যান্য প্রকার রাজকরগ্রহণে সাধারণ বিধি না হইয়া কেবল ভূমির উপরিই রাজাংশ নিশ্চিতরূপে ধার্য্য আছে যাহা অন্য দেশের নিয়মাপেক্ষায় নিতান্তই সুনিয়ম।

৩। উক্ত লেখক মহাশয় কহেন যে মহম্মদ খাঁর যুদ্ধ বিগ্রহপূর্ব্বক এদেশ স্বাধীন করেন যুদ্ধে জয় করা রাজ্য দস্যুবৃত্তির ধনের ন্যায় গণ্য হইতে পারে না।

৪। মদীয় বোধে উক্ত মহাশয়ের ভারতবর্ষের প্রাচীন ইতিহাস ও তাবৎ দেশের রাজনীতি গ্রন্থে বিশেষ মনোযোগ না করিয়া এরূপ লিখিয়া থাকিবেন যেহেতুক রাজার রাজনীতি এমত নহে যে বিশেষ কারণ বিনা কোন রাজা শুদ্ধ স্বার্থাবে অন্য রাজ্য বলে কিম্বা ছলে লইতে পারেন যদি কেবল পরাক্রম দ্বারা রাজ্য অধিকার করা সুবিচার ও ন্যায্য হয় তবে দস্যুরা ও অনেকং স্থানে সম্মুখ যুদ্ধে হত ও আহতি করিয়া অন্যেরদিগের বস্তু অপহরণ করে তাহাও অসদ্বৃত্তির ধন বলা হয় না।

৫। ভারতবর্ষের ইতিহাস দৃষ্টা মহাশয়েরা অবগত আছেন যে গজনেনাধিপতি সোবক্তগিনের পুত্র উক্ত মহম্মদ গিরি অত্যন্ত লোভী হইয়া শুদ্ধ স্বার্থে দশত ভারতবর্ষ স্বাধীন করণার্থে বারশবার আক্রমণ করিয়া নানা দৌরাত্ম্য ও বহুতর প্রাণির হননপূর্ব্বক হিন্দুদিগের দেবালয় বিনাশ করিয়া বহুমূল্য নানা দ্রব্য লুঠ করিয়া লন এবং মথুরাহইতে স্বর্ণ রৌপ্যের অনেক দেবপ্রতিমা নষ্ট করেন ও দ্বাদশ প্রধান লিঙ্গের মধ্যে সোমনাথ শিব লিঙ্গকে ভাঙ্গিয়া তাহার কিয়দংশ গজনেনে পাঠাইয়া অঙ্গীকার করেন যে উহা তাহার মসজিদের দ্বারে রাখা যায় যে তদুপরে যবনেরা পাদবিক্ষেপ করিবে এবং মথুরাহইতে অনেক ধন লুঠিয়া লইয়া গজনেনে প্রস্থান করেন পরে

condemn such a school as the Oriental Seminary, which has already got a large basis, (so as not to be shaken by arguments like his) and whose fame has filled all Calcutta.

A Subscriber.

To the Editor of the Durpun.

A suitable reply to the letters of Mohamud Ameer and other native gentlemen regarding the assessment of rent-free land. It was certainly no part of my reply to say that the British Barons of Civil servants, though unworthy of employment, should still receive large or even small salaries. If the writer in the Prubhakur had comprehended the substance of my humble representation, he would not have indulged in ridicule and abuse.

2dly. The writer agrees with me in the assertion that the money which the East India Company have advanced for the preservation of the country, should be repaid. To the objections which he brought forward regarding the commercial losses of the Company being considered a part of the debts of the State, I beg leave to reply, that if wise natives consider it improper, that those losses should be considered part of the public debt, they ought to adopt some suitable efforts as a remedy for this measure; but it can never be reasonable that under this pretence they should raise opposition to the payment of the public share of the produce of the lands, for the payment of revenue is fixed for the welfare of all, and for the advantage of the country; and we may even boast before foreigners in regard to our own country that from time immemorial other modes of raising a revenue have not been adopted in India, and that the country is taxed simply by Government's taking a certain share of the produce of the lands, which is certainly a much more advisable mode of taxation than that which prevails elsewhere.

3dly. The writer farther says, that the Mahomedans obtained possession of this country by wars, and that a conquered country cannot be considered in the same light as property acquired by injustice.

4thly. In my opinion those gentlemen do not appear from their writings to have paid sufficient attention to the ancient history of India and to the rules of policy, for it is not according to just policy that any king without an adequate reason, simply for his own benefit should obtain possession of another country by force or fraud. If it be deemed just and equitable to obtain a kingdom by force, then robbers, who in many places acquire property by fighting with and wounding others, cannot be said to be possessed of stolen property.

5thly. Those who are acquainted with the history of India, know that Mahommed Ghory, the son of Soobuktgeen, the king of Ghizni, being exceedingly avaricious, was impelled for his own benefit to make twelve expeditions into India, in order to subdue it, and that he committed many outrages, put many men to death, destroyed many Hindoo temples, and robbed the country of its most valuable property. He destroyed many gold and silver images at Muthoora, and after breaking the image of Somenath, which was one of the twelve celebrated lingus of India, sent a part of it to Ghizni, with orders that it should be placed at the door of the great

১১১৪ শকাব্দায় অর্থাৎ ইঙ্গরেজী ১১৯২ সালে পুনর্ব্বার আক্রমণ করিয়া হিন্দুস্থানের রাজা পৃথুরাও ও চৌহনেরা এবং জয়দেব রাঠোরকে বধ করিয়া বাদশাহ হন ইত্যবস্থাতে নিরপেক্ষ বিজ্ঞ মহাশয়েরা বিবেচনা করুন যে ঐ অন্যায় রাজ্যাপহারি যবনদিগকে অসদ্বৃত্ত দস্যু বিনা আর কি বলা যাইতে পারে তবে কি না উক্ত যবনেরদিগকে সামান্য দস্যু না বলিয়া অবশ্যই বিশেষ ও প্রধান দস্যু বলিতে হইবেক এমতে যদি সামান্য দস্যুবৃত্তি ধনের দান বিচারসিদ্ধ না হয় তবে ঐ অন্যায় রাজ্যাপহারি প্রধান দস্যুদিগের দান বিশেষ রূপেই অসিদ্ধ হওনের যোগ্য।

৬। ব্রিটিস গবর্ণমেণ্টের বিচারসিদ্ধ উচিত ছিল না যে অন্যায় রাজ্যাপহারক যবনদিগের দত্ত নিষ্কর ভূমির কর গ্রহণহইতে বর্জনীয় রাখিতে সাধারণ প্রতিজ্ঞা করেন এবং যখন গবর্ণমেণ্ট উক্তরূপ স্বীকার করিয়াছিলেন শ্রেয় ও কর্ত্তব্য ছিল যে ঐ কালে অথবা তৎপরক্ষণাৎ উক্ত ভূমির নির্ণয় ও নির্দ্ধারিত করিতেন যদিস্যাৎ ও প্রসিদ্ধরূপে বাক্ত আছে যে গবর্ণমেণ্ট উক্ত সময়াবধি নানা স্থানে যুদ্ধ ইত্যাদি অশেষ কর্ম্মের বাহুল্যতাপ্রযুক্ত সম্পূর্ণরূপে অবকাশ কাল প্রাপ্ত হন নাই তথাপি একাল পর্য্যন্ত ঐ বিশেষ বিষয়ের অনুসন্ধান মৌন থাকা ও অধিক বিলম্ব করা অবশ্যই রাজ কর্ম্মকারিদিগের শৈথিল্য স্বীকার করিতে হইবেক পরন্ত ঐ শৈথিল্য ত্রুটি জন্য নিষ্কর ভূমির কর গ্রহণ পরিবর্ত্তে কি অন্যান্য প্রকার মাসুলাদি লইয়া সর্ব্বসাধারণের উপর দৌরাত্ম্যপূর্ব্বক দেশবিনষ্ট করা সবিচার হইবেক। আমি স্বদেশীয় নিষ্কর পক্ষাবলম্বি মহাশয়দিগের বিবেচনা ও বিচার দৃষ্টে আশ্চর্য্য বোধ করিতেছি যে ৭০।৭২ বৎসরাবধি যেন বজ্রাঘাতে ভূমির রাজাংশ ভোগপূর্ব্বক নির্ব্বিঘ্নে নিরাপদে কালযাপন করিয়াও ব্রিটিস গবর্ণমেণ্টের দয়া ও উপকারের কৃতজ্ঞতা স্বীকার ও তাহার ধন্যবাদ না করিয়া বিপরীত বিরাগ ও ক্লেশ করিতেছেন যদি ঐ মহাশয়েরা যবন রাজাদিগের রাজশাসন উচিতে বিশেষ দৃষ্টি করিতেন তবে কদাপি বর্ত্তমান গবর্ণমেণ্ট উক্ত বিজ্ঞবরদিগেরকর্ত্তৃক অনুযোগী হইতেন না।

৭। রাজ্য রক্ষার্থে উচিত ব্যয়ের সঙ্কলন যেরূপে হউক অবশ্যই কর্ত্তব্য বিশেষতঃ রাজকর দেশ রক্ষাজন্য সাধারণের মঙ্গলার্থে ব্যয় হইয়া থাকে অতএব ঐ রাজাংশ সর্ব্বোপরি প্রবল স্বত্ব কোন রাজা সাধারণের উপকার ভিন্ন তাহা রহিতকরণে ক্ষমতাপন্ন নহেন।

৮। শ্রীযুত প্রভাকর সম্পাদক মহাশয় পাদরিদিগের বেতনবিষয়ে যে আপত্তি করেন তাহার উত্তর এই যদি পাদরিদিগের বেতন স্বতন্ত্র না দেওয়া যায় তবে ঐ পরিমাণে তত্ত্ব সিবিল ও মিলেটরী কর্ম্মকারকদিগের বেতন বৃদ্ধি করিয়া দিতে হয় যেহেতু তাহারা চিকিৎসক ও ধর্ম্মোপদেশক ব্যতিরেকে কিরূপে এদেশে বাস্তব্য করিতে পারেন ইতি সন ১৮৩১ সাল তারিখ ৩ জানুআরী।

শ্রীরামলোচন ঘোষস্য।

পত্রপ্রেরকেরদের প্রতি।

নৈহাটিহইতে আগত পত্র এবং কস্যচিদ্দেশীয়ৈক দর্পণপাঠকস্য ইত্যঙ্কিত পত্র আগামি দর্পণে অবশ্যই প্রকাশ হইবে। মণ্ডল জমিদারদের অত্যাচারবিষয়ক পত্র বিবেচ্য রহিল।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৸৹	।৹	ঐ
২ ক্লাস	১	৸৹	ঐ
৩ ক্লাস	১।৹	১৸৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৸৹	১	ঐ
৪ টাকার লোন	১৸৹	২	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৬০০—১২০০ প্রিমিয়ম

mosque, that the Moosulmans might trample upon it. He despoiled Muthoora of much wealth which he sent to Ghizni. Furthermore, in the year 1192, Mahommed slew in battle many kings of Hindoosthan, Prithirao, and the Chowhans, and Jyedeb, and then himself became king. Let the impartial, considering these circumstances, judge whether these unjust Moosulman conquerors of the kingdom are to be considered in the light of robbers or not; only instead of calling them ordinary culprits, we must consider them as special and chief culprits, and if the gifts of ordinary culprits are not considered valid, how can the gifts of these extraordinary culprits be considered so?

6thly. It was not therefore proper for the British Government to have engaged to exempt from the payment of revenue the lands which had thus been given by the unjust Moosulman conquerors. When the Government had made such a promise it was proper that at that very time, or immediately after they should define these lands; and although it is well known that from that time onwards they have been engaged in wars and political arrangements which left them no leisure; yet the discontinuance of all enquiries regarding these lands, and the delay in settling the question, must be considered an act of neglect on the part of Government; but because of this neglect is Government, in lieu of collecting their dues from the rent free lands, to be obliged to establish other modes of taxation by which the country will be brought to the verge of ruin? I am astonished at the judgment and decision of those who are against the resumption of rent-free lands, who instead of feeling gratitude to the British Government, for having permitted them, during 70 or 72 years, to enjoy the Government share of the produce of the lands to which they have no title, and thus to pass their lives in comfort, are now enraged against the Government and consider themselves aggrieved. If they had paid any attention to the history of the Moosulman kings, the present Government would certainly not have been blamed by those wise men.

7thly. In whatever way the revenue may be collected for the defence of the country, it must be collected. The public revenues are expended for the general good in the defence of the country, and therefore that portion of the produce which belongs to the State cannot be given away by any king, except upon the strongest public grounds.

8thly. As it regards the objection which the Prubhakur has raised to the clerical establishment; my reply is this, that if the Clergymen be not paid separately, a sum equal to their allowances must be added to the salaries of the Civil and Military Service, for they cannot do without the services either of the physician or the clergymen.

3d January, 1837. **Ramlochun Ghose.**

To Correspondents.

We shall certainly publish next week the letter from Nyhatty and a Native Reader of the paper. The letter regarding the Mundul Zemindars is under consideration.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	4	0	0
2d. Class,	0	5	0	0
3d. Class,	4	0	3	8
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	11	8	10	8
4 per Cent loan,	0	9	0	6 Disct.

Bank Shares.

Bank of Bengal .... Co's. Rs. 1600—1700

সমাচার দর্পণ

১১২৪ সংখ্যা। বালম ১৯।] ২৮ জানুআরি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ১৬ মাঘ। SATURDAY, JANUARY 28TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1124. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত তামস ব্রাকেন সাহেব বীরভদ্র বাঁড়ুয্যের বিরুদ্ধে বেন্দিসিয়োনি এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরের গরানহাটার শামিল ও তন্মধ্যস্থিত ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৩৬ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৵০ পনর কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বীরভদ্র বাঁড়ুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২ দফা। এবং কলিকাতানগরস্থপাতি দিহি পঞ্চান্নগ্রামে বেলে ঘাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২০ বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ ও এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বীরভদ্র বাঁড়ুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানার প্রবেশ দ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হাউ কাকেরল সাহেব মৃত রঘুরাম চাটুয্যের পুত্র অথচ উত্তরাধিকারী দুর্গাপ্রসাদ চাটুয্যে ও রামচন্দ্র চাটুয্যে ও রাধাকৃষ্ণ চাটুয্যে ও নরসিংহ চাটুয্যে এবং দীনবন্ধু চাটুয্যের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরের বাহির শিমুলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রঘুরাম চাটুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সদর রাস্তা। উত্তর দিগে সরকারী নরদামা। পশ্চিম দিগে পীতাম্বর ঘোষের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে দক্ষিণানন্দ বাবুর এক খণ্ড ভূমি।

২ দফা। এবং কলিকাতানগরের সূতানুটিতে যোড়াসাঁকোর শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ বসতবাটী নং ৭ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২ সাত কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রঘুনাথ চাটুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দক্ষিণ ও পশ্চিম দিগে শান্তিরাম সিংহের বাটী ও ভূমি। উত্তর দিগে এক গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত হরানন্দ সরকারের বিধবা স্ত্রী টর্ণিল স্বর্ণমণি দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরে মানামাহঃ গুড়িয়ার মার পুষ্করিণীর গলিনামে খ্যাত গলিতে মঙ্গলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।।১ এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত হরানন্দ সরকারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জগমোহন চক্রবর্ত্তীর বাটী ও ভূমি। দক্ষিণ দিগের একাংশে বিশ্বনাথ দাসের বাটী ও ভূমি। অপরাংশে রামলোচন সরকারের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে ভরত আদকের এক পুষ্করিণী পশ্চিম দিগে পদ্মলোচন বড়ালের বাটী ও ভূমি।

এবং কলিকাতা নগরের মঙ্গলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৵৪ উনিশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত হরানন্দ সরকারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে মধুসূদন করের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে বিশ্বনাথ পালের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে সদর রাস্তা। পশ্চিম দিগে রামমোহন সরকারের বাটী ও ভূমি

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু মদনমোহন নন্দনের বিরুদ্ধে বেন্দিসিয়োনি এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের কলুটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু মদনমোহন নন্দনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে রামমোহন মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে এক রাস্তা। পূর্ব্ব দিগে গোলোক নন্দনের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে হারি কামেক নামক এক ব্যক্তির কতক বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ভূমি বিক্রয়।

রাজকিশোর সেন ওগয়রহ ইনশালবেণ্টেরদের ইষ্টেটের নীচে লিখিতব্য সম্পত্তির আটানা হিসাব বিক্রয় হইবে।

বিশেষতঃ।

লাট নং ১।

তুলা বাজার। খাঙ্গরা পটি। এই লাট ৭০০০ টাকায় নীলামে ধরা যাইবে

লাট নং ২।

রাধাবাজার ও মাছুয়া বাজার ও কাকুড় গাছা ও চিৎপুরের বাগান ও বারাণসী ঘোষ ও প্রসাদচন্দ্রের বাটী ও কাশীনাথ সেটের বাটী ও মনুচক্রবর্ত্তির বাটী ও গিরিধর নাপিতের বাটী ও প্রাচীন বাটী মাণিক ও গিরিধারি নাইর বাটী সমেত। এই লাট ৭০০০ টাকায় নীলামে ধরিয়া দেওয়া যাইবে।

উক্ত দুই লাট আগামি বুধবারে ১৮৩৭ সালের ১ ফেব্রুআরি তারিখে বেলা ঠিক দুই প্রহরের সময়ে উপরি উক্ত মূল্যে অথবা তদপেক্ষা অধিক মূল্যে কলিকাতার ইনশালবেণ্ট কোর্টে আসৈনি সাহেবের দপ্তরখানায় নীলামে বিক্রয় হইবে।

ইহার অধিক বেওরা যিনি জানিতে চাহেন তিনি উক্ত কোর্ট কোসে আসৈনি সাহেবের দপ্তরখানায় জিজ্ঞাসা করিলে জ্ঞাত হইতে পারিবেন।

জে ডবলিউ আলেকজান্দর।

কলিকাতায় আসৈনির আফীস।

ইনশালবেণ্ট আদালত।

২৬ জানুআরি ১৮৩৭।

NOTICE.

For Sale.

Eight Annas Share of the following Property appertaining to the Estate of Rajkissore Sen and others, Insolvents.

Lot, No. 1.

Toola Bazar and Khungra Putty, at an upset price of 7000 Rs.

Lot, No. 2.

Radha Bazar, Muchoa Bazar, Kakoor Gacha, Chitpore Garden, Baranasy Ghose, Persaud Chund's House, Kasheenath Sett's House, Monoo Chuckerbutty's House, Greedhur Parber's House, Old House including Manick and Greedary Nae's, at an upset price of 7000 Rupees.

The above two lots will be sold by public auction at the Assignee's Office, Court House, on Wednesday next, the 1st Feb. 1837, at 12 o'clock at noon, at or above the upset price above fixed.

For the Conditions, and for further particulars, enquire at the Assignee's Office, Court House.

J. W. ALEXANDER, Assignee.

Calcutta, Assignee's Office, Insolvent Court House, 26th Jan. 1837.

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

ফোর্ট উলিয়ম পোলিটিকাল ডিপার্টমেণ্ট

৯ জানুআরি ১৮৩৭।

ঠগির দলভুক্ত ব্যক্তিরা কিপর্য্যন্ত ঐ মহাপরাধের ব্যাপার করিয়া আসিতেছে ইহা সর্ব্বসাধারণ লোকেরদিগকে জ্ঞাপনকরণার্থ বিশেষতঃ এতদ্দেশীয় লোকেরা ঐ খুনি ব্যক্তিরদের হাতে না পড়েন এনিমিত্ত ঠগি অত্যাচার নিবারণার্থ এইক্ষণে যে সকল উদ্যোগ হইতেছে তদ্দ্বারা যে সকল বিষয় দৃষ্ট হইতেছে তাহা যথা সাধ্য সর্ব্বসাধারণ লোককে জ্ঞাত করা শ্রীল শ্রীযুত উচিত বোধ করেন। অতএব তিনি ইহা নিশ্চয় করিয়াছেন যে গত মাসের ৭ তারিখে সাগর ও নর্ম্মদা দেশে গবরনর্ জেনরল বাহাদুরের একটিং এজেণ্ট সাহেবের পত্রহইতে নীচে লিখিতব্য চুম্বক সর্ব্ব জন জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

তৎপত্র এই ১৮৩৬ সালের গত আগস্ট সেপ্তেম্বর অক্টোবর মাসে জবলপুর ও হয়দরাবাদের ঠগি মোকদ্দমার মিছিলের বিবরণ আপনকার হজুর কৌন্সেলে জ্ঞাপন করিতেছি।

জবলপুরের মিছিলে ৫৩ মোকদ্দমা হয় অনুমান হয় ঐ সকল হত্যার ব্যাপারে ৪২৮৮ জন লিপ্ত ছিল হন্তারদের সংখ্যা ২০২ তন্মধ্যে ৪৩ জন মোসলমান ১৫৯ জন হিন্দু কিন্তু অনেক আসামী নানা মোকদ্দমাতে লিপ্ত থাকাতে মোকদ্দমাবিশেষে অপরাধিরদের সংখ্যা করিতে হইলে ৫৫৭ জন হয় যত লোককে খুন করে তাহার সংখ্যা ৩৯২ তন্মধ্যে ২৬৫ ব্যক্তির শব মৃত্তিকার মধ্যে পাওয়া গিয়াছে এবং তাহার সুরতহালও হইয়াছে ১২৭ জনের খোঁজ পাওয়া যায় না। ইহারা যত টাকা হরণ করে তৎসংখ্যা ১,৭২,৭২০ তন্মধ্যে কিছুই পাওয়া যায় নাই।

হয়দরাবাদের মিছিলে ১৭টা মোকদ্দমা হয়। যত লোক খুন করে তৎসংখ্যা ৮২ তন্মধ্যে ৫২ শব মৃত্তিকার মধ্যে পাওয়া যায় ইহার সুরতহালও হইয়াছে এই সকল খুনেতে অনুমান ৪৮৯ ব্যক্তি লিপ্ত ছিল। হত্যাকারিরদের সংখ্যা ৩৯ জন তন্মধ্যে ৩৭ জন মোসলমান ২ জন হিন্দু কিন্তু এই সকল ব্যক্তিরদের মধ্যে অনেকে একের অধিক মোকদ্দমাতে লিপ্ত থাকাতে মোকদ্দমাবিশেষে ৬৪ জনের অপরাধের তজবীজ হইয়াছে।

জবলপুরের অপরাধিরদের এতদ্রূপ বিচার হইয়াছে।

প্রাণদণ্ড	৩০
যাবজ্জীবন দ্বীপান্তরে প্রেরণ	১৪৮
যাবজ্জীবন কয়েদ	১২
নির্দ্দোষী	৪
প্রাণদণ্ডের হুকুম হইয়া পরে অন্যাপরাধির সাক্ষ্যদেওনার্থ খালাস পায়	১
অস্বাস্থ্যপ্রযুক্ত অনুপস্থিত অথবা মোকদ্দমা হয় নাই ইহার সংখ্যা	৩
পুনর্ব্বিবেচিত হওনার্থ মুলতবী থাকে তৎসংখ্যা	১
কারাগারে মরে	২
অন্যোরসাক্ষী হয়	১
	২০২

হয়দরাবাদের অপরাধিরদের মোকদ্দমা এইরূপ হয়।

প্রাণদণ্ড	৭
যাবজ্জীবন দ্বীপান্তরে প্রেরণ	২৩
যাবজ্জীবন কয়েদ	৬
নির্দ্দোষীকৃত	২
প্রাণদণ্ডের হুকুম পাইয়াও সাক্ষ্য দেওনার্থ খালাস পায়	১
	৩৯

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

FORT WILLIAM, POLITICAL DEPARTMENT,

9th January, 1837.

Resolution.—It being deemed desireable that all possible publicity should be given to the facts which may transpire in the course of the operations now in progress for the Suppression of the Offence of Thuggee, in order that the public at large may be apprized of the extent to which that atrocious crime has been carried by the Thug Fraternity, and that the native portion of the community especially, may be put upon their guard against those insidious murderers, the Right Honourable the Governor General in Council has been pleased to resolve, that the subjoined Extract from a letter from the officiating Agent to the Governor General in the Saugor and Nerbudda Territories, dated the 7th ultimo, shall be published for general information:

"I have the honour to forward Abstracts of the Jubbulpore and Hyderabad Sessions of the Thug Trials for 1836, held by me during the past months of August, September and October."

"In the Jubbulpore Sessions, fifty-three trials were held, and it is supposed that four thousand two hundred and eighty-eight persons were concerned in perpetrating the murders; the actual number of prisoners is two hundred and two, of whom forty-three are Mussulmans, and one hundred and fifty-nine Hindoos; but as many of the prisoners are concerned in several of the different trials the number of prisoners tried, according to the cases, is five hundred and fifty-seven. The number of people murdered is three hundred and ninety-two, of which the remains of two hundred and sixty-five persons have been exhumated, and inquests held over them; having one hundred and twenty-seven bodies unaccounted for. The amount of the property robbed is 1 72,720 Rupees, the amount recovered is, as usual, scarcely worth mentioning."

"In the Hyderabad Sessions seventeen trials were held, the number of people murdered is eighty-two, of which fifty-two bodies have been exhumated and inquests held over them. Four hundred and eighty-nine persons are supposed to have been concerned in these murders, the number of prisoners is thirty-nine, of whom thirty-seven are Mussulmans and two Hindoos, but as many are concerned in more than one case, according to [illegible] the number tried [illegible] property robbed in these cases is 8.935 Rupees."

"Warrants have been issued as follows —in the Jubbulpore Cases:

Death,	30
Transportation for life,	148
Imprisonment for life,	12
Acquitted,	4
Under sentence of death, but admitted as an approver,	1
Committed, but not present from sickness and therefore not tried,	3
Postponed for further enquiry,	1
Died after commitment,	2
Made an approver,	1
	202

"In the Hyderabad trials as follows:

Death,	7
Transportation for life,	23
Imprisonment for life,	6
Acquitted,	2
Under sentence of death, but admitted as an approver,	1
	39"

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৬ জানুআরি ১৮৩৭।

প্রস্তাবিত আইনের নীচে লিখিতব্য পাণ্ডুলেখ্য ১৮৩৭ সালের ১৬ জানুআরি তারিখে প্রথমবার পঠিত হইল।

আক্‌ট নং —— ১৮৩৭।

১। হুকুম হইল যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন প্রদেশের মধ্যে উভয় সদর দেওয়ানী আদালতের প্রতি এমত ক্ষমতা দেওয়া গেল যে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেবের সহীকরা কোন হুকুমের দ্বারা এমত আজ্ঞা দিতে পারেন যে সদর দেওয়ানী আদালতের অধীনে কোন জিলা বা শহরের আদালতে যে কোন প্রথমোপস্থিত মোকদ্দমা কিম্বা কোন আপীল থাকে তাহা ঐ উভয় সদর দেওয়ানী আদালতের ব্যাপারে অন্য কোন জিলা বা শহরের আদালতে অর্পণ করিতে পারেন

২। হুকুম হইল যে উভয় সদর দেওয়ানী আদালত পূর্ব্বোক্ত ধারায় প্রাপ্ত ক্ষমতাক্রমে যখন কোন মোকদ্দমা বিচারার্থ অর্পণ করিতে হুকুম দেন তখন ঐ মোকদ্দমা অর্পণের হেতু ঐ সদর দেওয়ানী আদালত আপন রুবকারীতে লিখিবেন।

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজনগোচরার্থ প্রকাশিত হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ৬ মার্চ তারিখে [illegible] কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT,

16th January, 1837.

The following Draft of a Proposed Act was read in Council for the first time on the 16th January, 1837:

ACT No. —— OF 1837.

I. It is hereby enacted, that it shall be lawful for each of the Courts of Sudder Dewanny Adawlut, within the Territories subject to the Presidency of Fort William in Bengal, to direct by an order authenticated by the official signature of the Register of such Court of Sudder Dewannee Adawlut, that the Cognizance of any Original Suit or of any Appeal which may be brought before any Zillah or City Court subordinate to such Court of Sudder Dewannee Adawlut, shall be transferred to any other Zillah or City Court subordinate to the same Court of Sudder Dewannee Adawlut.

II. Provided always, that whenever either of the said Courts of Sudder Dewannee Adawlut shall, in the exercise of the power given by the preceding Clause, direct the transfer of the Cognizance of any Suit, such Court of Sudder Dewannee Adawlut shall cause the reasons for such transfer to be recorded on its proceedings.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 6th day of March next.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

রাজকর্ম্মে নিয়োগ।

১১ জানুআরি ১৮৩৭।

শ্রীযুত জে বি থরণহিল সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জন কাম্বেল সাহেব গবর্ণমেণ্টের কলিকাতাস্থ হাসিল কালেক্টরের প্রথম আসিষ্টান্ট পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত এস জি পামর সাহেবের অনুপস্থিতে শ্রীযুত আর হৌষ্টন সাহেব তৎপদে নিযুক্ত ছিলেন এইক্ষণে ঐ হৌষ্টন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত লেন মেঙ্গিয়াক সাহেব হাসিল নিমক ও আফীম বোর্ডের ডেপুটি সেক্রেটরী এবং ষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টের কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮৩৫ সালের ৯ আক্‌ট অর্থাৎ আইনানুসারে শ্রীযুত আর এস আই মালিং সাহেব যশোহরের নিমক চৌকির সুপরিণ্টেণ্ডেণ্টী পদে নিযুক্ত হইয়াছেন।

১৮ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি ফিলিপস সাহেব ইঙ্গলণ্ডে গমনার্থ লণ্ডননামক জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি এম কালডিকট সাহেব ইঙ্গলণ্ডে গমনার্থ লার্ড হঙ্গর ফোর্ডনামক জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৬ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত জোসেফ রিড সাহেব জিনোবিয়ানামক জাহাজারোহণে বিলাতহইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৫ তারিখে খাজুরিতে পঁহুছিয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি ডবলিউ ষ্টিয়র সাহেব ইঙ্গলণ্ডে গমনার্থ লণ্ডননামক জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

CIVIL APPOINTMENTS.

11th January, 1837.

Mr. John Campbell is appointed 1st Assistant to the Collector of Government Customs at Calcutta, in the room of Mr. J. B. Thornhill.

Mr. Lane Magniac is appointed to officiate as Deputy Secretary to the Board of Customs, Salt and Opium, and Superintendent of Stamps, vice Mr. R. Houstoun, acting for Mr. S. G. Palmer.

Mr. R. S. I. Maling is appointed Superintendent of Salt Chokies at Jessore under Act IX. of 1835.

18th January.

Mr. C. Phillips, of the Civil Service, embarked for England on board the Ship *London*, which vessel was left by the Pilot at Sea on the 10th instant.

Mr. C. M. Caldecott, of the Civil Service, embarked for England on board the Ship *Lord Hungerford*, which vessel was left by the Pilot at Sea on the 16th instant.

Mr. Joseph Reid, of the Civil Service, reported his return to the Presidency from Europe on board the Ship *Zenobia*, which Ship arrived off Kedgeree on the 15th instant.

Mr. C. W. Steer, of the Civil Service, embarked for England on board the Ship *London*, which vessel was left by the Pilot at Sea on the 10th instant.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

৫ জানুয়ারি।

শ্রীযুত এ এস আনান্দ সাহেব জিলা চট্টগ্রামের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিতে অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৪ জানুয়ারি।

শ্রীযুত জি আদমস সাহেব জিলা মেদিনীপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিতে অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

গোলেন্দাজ পল্টনের লেপ্তেনন্ত শ্রীযুত জর্জ এলিস সাহেব জিলা মুঙ্গের ও বিহারের রেবিনিউ সরবেয়রের কার্য্য নির্ব্বাহ করিবার অনুমতি পাইয়াছেন।

১৭ জানুয়ারি।

শ্রীযুত সি ডবলিউ ষ্টিয়র সাহেবের পদে শ্রীযুত জন হাকিন্স সাহেব ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ ও সাক্যুরেমা ন্তেরী কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত ই সি রেবেনসা সাহেব পাটনার উপরি জজ হইয়াছেন এবং শ্রীযুত জে হাকিন্স সাহেবের পরিবর্ত্তে ছাপরা ও মুরশিদাবাদে শ্রীযুত কাপ্তান রামজি ও শ্রীযুত লুইস সাহেবেরা যে সকল ঠগ ধরিয়াছিলেন তাহারদের মোকদ্দমা নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর পি নিসবট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত নবদ্বীপের সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ ডবলিউ রসল সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত মুরশিদাবাদের সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি আর ডেবিডসন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত আর টরেন্স সাহেব দিনাজপুরের মাজিস্ত্রেট ও কালেক্টর হইয়াছেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চট্টগ্রামের উপরি জজের কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত আনরবল রাবর্ট ফরবস সাহেব মুরশিদাবাদের কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব মুরশিদাবাদের মাজিস্ত্রেট হইয়াছেন কিন্তু মুক্ত না হওনপর্য্যন্ত বাঁকুড়ার কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি ডবলিউ বেটি সাহেব মালদহের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত ই ডিড্‌স সাহেব বারাসতের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত ডি জে মণি সাহেব বাঁকুড়ার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন কিন্তু মুক্ত না হওনপর্য্যন্ত মেদিনীপুরের কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত লফনান সাহেবের পদে শ্রীযুত জে এফ হৌল্টন সাহেব জিলা বিহারস্থ যে সকল মহলে রাজস্ব আদায় হয় নাই তাহার সাধারণ সুপরিন্টেণ্ডেন্ট এবং ঐ জিলার বন্দোবস্তকরণ কার্য্য কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতানুসারে নির্ব্বাহ করিবেন।

১৮১৯ সালের ২ ও ১৮২৮ সালের ৩ আইনানুসারে তাবৎ মোকদ্দমা নির্ব্বাহকরণার্থ শ্রীযুত হৌল্টন সাহেবের পদে শ্রীযুত সি টটেনহাম সাহেব জিলা ত্রিহুতের ডেপুটি কালেক্টর হইয়াছেন কিন্তু মিছিলের কার্য্য সম্পন্ন না হওনপর্য্যন্ত ভুলুয়ার কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত আর এন ফারকাসন সাহেব পাটনার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরী পদে নিযুক্ত হইয়া উক্ত জিলার মাজিস্ত্রেটের কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন এবং অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্পেসিয়ল ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি ডবলিউ বর্ট সাহেবের পদে আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জেমস ডাবেনপোর্ট সাহেব ত্রিপুরার সিবিল সম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহ করণের হুকুম পাইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং২ কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

ভাগলপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত ই লি ওয়ার্ণর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ যে দুই বৎসরের ছুটি পান তাহা কর্ণোয়াল জাহাজ প্রস্থিত হওনাবধি আরম্ভ হইবে। এতদ্ভিন্ন শ্রীযুত ওয়ার্ণর সাহেব গত ১৫ নবেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত উপরি উক্ত জাহাজ প্রস্থিত না হওনপর্য্যন্ত কলিকাতা রাজধানীতে থাকিবার অনুমতি পাইয়াছেন।

সারণের সিবিল ও সেসন জজ শ্রীযুত এচ নিসবট সাহেব বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত যে জাহাজারোহণে উত্তমাশা অন্তরীপে গমনের নিশ্চয় করিয়াছেন সেই জাহাজ প্রস্থিত না হওনপর্য্যন্তের ছুটি পাইয়াছেন।

পূর্ণিয়ার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত এফ ই রিড সাহেব সমুদ্র পথে গমনার্থ প্রস্তুত হইতে অনুমত্যর্থ দরখাস্ত দিও কলিকাতা রাজধানীতে আগমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

৭ জানুয়ারি।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে জাক্সন সাহেব গাজিপুরের সিবিলষ্টেশ্যনেরদের চিকিৎসকতা কার্য্যনির্ব্বাহকরণের অনুমতি পাইয়াছেন।

১৩ জানুয়ারি।

শ্রীযুত এফ মিলেট সাহেব কারাগারের রীতি স্থাপক কমিটির মেম্বর পদে নিযুক্ত হইয়াছেন।

১৭ জানুয়ারি।

১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে শ্রীযুত জি হর্লনটস সাহেব জিলা চব্বিশ পরগনার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

5th January.

Mr. A. S. Annand has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in Zillah Chittagong.

14th January.

Mr. G. Adams has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in Zillah Midnapore.

Lieutenant George Ellis, of the Regiment of Artillery, to conduct a Revenue Survey in the Districts of Monghyr and Behar.

17th January.

Mr. John Hawkins to be Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, vice Mr. C. W. Steer.

Mr. E. C. Ravenshaw to be Additional Judge of Patna, and to hold the Sessions for the trial of all commitments by Captains Ramsay and Lewis at Chuprah and Moorshedabad, vice Mr. J. Hawkins.

Mr. R. P. Nisbet to officiate until further orders, as Civil and Session Judge of Nuddeah.

Mr. F. W. Russell to officiate, until further orders, as Civil and Session Judge of Moorshedabad.

Mr. R. Torrens to be Magistrate and Collector of Dinagepore, vice Mr. T. R. Davidson, but to continue to act as Additional Judge of Chittagong, until further orders.

The Honourable Robert Forbes to be Collector of Moorshedabad.

Mr. W. H. Elliott to be Magistrate of Moorshedabad, but to continue at Bancoorah until relieved.

Mr. G. W. Battye to be Joint Magistrate and Deputy Collector of Malda.

Mr. E. Deedes to be Joint Magistrate and Deputy Collector of Baraset.

Mr. D. J. Money to be Joint Magistrate and Deputy Collector of Bancoorah but to continue at Midnapore until relieved.

Mr. G. F. Houlton to exercise the full powers of a Collector for the General Superintendence of the Unassessed Mehals and Settlement of Affairs in the District of Behar, vice Mr. Loughnan.

Mr. C. Tottenham to be Deputy Collector of the District of Tirhoot, for the conduct of Suits under Regulations II. of 1819, and III of 1828, vice Mr. Houlton, but to continue at Bulloah until the business of the season shall have been completed.

Mr. R. N. Farquharson to be Joint Magistrate and Deputy Collector of Patna, continuing to officiate as Magistrate of the about District, and to hold charge of the office of the Special Deputy Collector until further orders.

Mr. Assistant Surgeon James Davenport, M. D. to perform the Medical duties of the Civil Station of Tipperah, vice Mr. Assistant Surgeon T. W. Burt.

The following officers have obtained leave of absence from their Stations:

Mr. E. Lee Warner, Civil and Session Judge of Bhaugulpore, for two years, to proceed to the Cape of Good Hope, on Medical Certificate, to commence from the sailing of the Ship *Cornwall*. Mr. Warner has likewise been permitted to remain at the Presidency until the sailing of the above vessel, in extension of the leave granted to him on the 15th November last.

Mr. H. Nisbet, Civil and Session Judge of Sarun, until the sailing of the Ship on which he has taken his passage to the Cape of Good Hope, in extension of the leave granted to him on the 3d instant.

Mr. F. E. Read, Joint Magistrate and Deputy Collector of Purneah, for six weeks, on Medical Certificate, to proceed to the Presidency, preparatory to applying for permission to proceed to Sea.

7th January.

Assistant Surgeon J. Jackson to the Medical charge of the Civil Station of Ghazeepore.

23d January.

Mr. F. Millett is appointed a member of the Prison Discipline Committee.

17th January.

Mr. G. Herklots to be Deputy Collector in Zillah 24-Pergunnahs, under the Provisions of Regulation IX. of 1833.

সমাচার দর্পণ

শনিবার ২৮ জানুয়ারি ১৮৩৭

আমীন ও মুনসেফ

অবগত হওয়া গেল যে আদালতসম্বন্ধীয় ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরদের প্রতি গবর্ণমেণ্ট এক সাধারণপত্র দ্বারা এই হুকুম দিয়াছেন যে এতদ্দেশীয় বিচারকর্ত্তা অর্থাৎ আমীন ও মুনসেফেরদের নাম ও তাঁহারদের পূর্ব্ব পুরুষের নাম ও তাঁহারদের বাসস্থান ও বয়ঃক্রম ও তাঁহারা কোনং মতাবলম্বী ও কত বৎসরাবধি কোম্পানির কার্য্যে নিযুক্ত আছেন এবং ১৮৩১ সালে শ্রীল শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টিঙ্কের ৫ আইন জারী হওনঅবধি তাঁহারা প্রথমোপস্থিত কত মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন ও তন্মধ্যে কত মঞ্জুর হইয়াছে ও কত না মঞ্জুর হইয়াছে তৎসংখ্যা এবং সামান্যত আমীন ও মুনসেফেরদের রীতি চরিত্রের বিষয় লিখিয়া রিপোর্ট করেন ইহার অভিপ্রায় যে বিশ্বস্ত অথচ সম্ভ্রান্ত পদে এতদ্দেশীয় লোকেরদিগকে নিযুক্ত করণেতে কোন সুফল দর্শিয়াছে কি না ইহা নিশ্চয়করণ।

শ্রীযুত কর্ণেল মারিসন সাহেব

গত বৃহস্পতিবারে কলিকাতায় এমত জনরব উত্থাপিত হইয়াছিল যে শ্রীযুত কর্ণেল মারিসন সাহেব পরলোকগত হইয়াছেন তিনি কিয়ৎকালাবধি অস্বস্থ হওয়াতে স্বাস্থ্যার্থ গঙ্গাসাগরে গমন করিয়াছিলেন। কিন্তু এইক্ষণে পরমাহ্লাদপূর্ব্বক জ্ঞাপন করা যাইতেছে যে ঐ সাহেব বিলক্ষণ স্বাস্থ্য পাইয়া বর্ত্তমান মাসের ২১ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন।

ব্রামলি সাহেব।

অতিবিষাদার্ণবে মগ্ন হইয়া এতদ্দেশীয় চিকিৎসা শিক্ষালয়াধ্যক্ষ ডাক্তর ব্রামলি সাহেবের মৃত্যু সম্বাদ প্রকাশ করিতে হইল। দৃষ্ট হইতেছে যে ঐ সাহেব কোন জলা ভূমিতে গমনকরণপ্রযুক্ত জ্বরগ্রস্ত হইয়াছিলেন ঐ জ্বরেতেই মৃত্যু হয়। তি

SUMACHAR DURPUN.

SATURDAY, 28TH JANUARY, 1837.

Ameens and Moonsiffs.

We learn that the Government have issued a Circular to the Government offices in the Judicial Department calling upon them to make a report of the names of the Native Judges, that is, of the Ameens and Moonsiffs, the names of their ancestors, their places of abode their ages—their religion—the number of years they have served the Company—the number of original suits they have decided since Lord William Bentinck's Regulation V. of 1831—the number of those which have been confirmed, and the number which have not been confirmed, and generally on the character of the Ameen or Moonsiff. The object in view is to ascertain the effects, whether beneficial or not, which have been produced by the admission of natives into offices of trust and dignity.

Colonel Morison.

A rumour was gaining ground on Thursday last in Calcutta, that Col. Morison, who had been for some time indisposed, and who had gone down to the Sand Heads for the benefit of his health, had died; but we are happy to announce that he arrived in Calcutta on the 21st instant, improved in health.

The late Dr. Bramley.

It is with the deepest regret that we have to announce the death of Dr. Bramley, the Principal of the Medical College. He had been out, it appears, in some marshy ground, by which he caught a fever, which proved his death.

নি বন্ধুবর্গেরদের এবং বিশেষতঃ নূতন চিকিৎসা শিক্ষালয়স্থ ছাত্রেরদের বিশেষ প্রিয়পাত্র ছিলেন তাঁহারা শোকে অতি ব্যাকুল হইলেন।

বর্দ্ধমানের অপদস্থ রাজা শ্রীযুত প্রতাপচন্দ্র।

আগামি ৩ ফেব্রুআরি তারিখে শ্রীযুত রাজা প্রতাপচন্দ্র কারাবন্ধন কালহইতে মুক্ত হইবেন। গত সোমবারে শ্রীযুত টিড সাহেব ও শ্রীযুত বাবু রামরত্ন ঘোষ আলিপুরের কালেক্টরী কাছারিতে গমনপূর্ব্বক জামিনদিয়া নাজিরের কৈফিয়ৎ দাখিল করিয়াছেন। অপর শ্রীযুত রাজকৃষ্ণ রায় চৌধুরী ও শ্রীযুত গোপীকৃষ্ণ রায় চৌধুরী শ্রীযুক্ত রাজা প্রতাপচন্দ্রকে কারাগারহইতে মুক্তকরণার্থ চব্বিশ পরগনার অন্তঃপাতি দেওয়ারীপুরনামক আপনারদের বৃহৎ তালুকের অংশ জামিনস্বরূপ অর্পণ করিয়াছেন। আগামি মাসের ১৫ তারিখে আলিপুরের কালেক্টরী আপীসে উক্ত শ্রীযুক্ত রাজার শুভাগমন সম্ভাবনা অতএব বোধ হয় শ্রীযুক্তকে দর্শনার্থ তথায় বহুতর লোকের সমাগম হইবে

অবগত হওয়া গেল যে এইক্ষণে উক্তকে গ্রহণার্থ রিশড়ার উদ্যান সুপরিষ্কৃত হইতেছে।

চট্টগ্রামের দাঙ্গা।

সংপ্রতি চট্টগ্রামে যে দাঙ্গা উপস্থিত হইয়া দুই জন হত ও কএক জন আঘাতী হয় তদ্বিষয়ে কিয়ৎকালাবধি নানা জনরব হইতেছে। এই অশুভ ব্যাপার বিষয়ে সর্ব্বাপেক্ষা প্রামাণিক যে বার্ত্তা বোধ হয় তাহা নীচে প্রকাশ করা গেল।

বিশেষতঃ বঙ্গদেশ ও বিহার ও উড়িষ্যার অন্যান্য জিলাতে যদ্রূপ এলোমেলো দশসনা বন্দোবস্ত হইয়াছিল চট্টগ্রাম জিলায় তদ্রূপ না হইয়া ১৭৬৫ সালে কেবল জিলা জরীপ হইয়া তদনুসারে বন্দোবস্ত হয় অতএব স্পষ্টই দৃষ্ট হইতেছে যে জরীপের অতিরিক্ত যে সকল ভূমি তত্রস্থ জমিদারেরা ভোগ দখল করিতেছেন তাহার রাজস্ব সরকারে দেওয়া উচিত গবর্ণমেন্টের নিতান্ত অভিপ্রায় এই যে এইক্ষণে যে সকল ভূমির রাজস্ব না দেওয়া যায় সেই ভূমির সংখ্যার যথার্থ হিসাব জ্ঞাত হন অতএব সামান্যতঃ তাবৎ জিলা জরীপ না করিলে এই অভিপ্রায় সিদ্ধ হইতে পারে না। সময়২ গবর্ণমেন্ট স্থানবিশেষে কতক২ ভূমি জরীপ করিয়াছেন তাহাতেই অশেষ গোলযোগ উপস্থিত হইয়াছে অতএব এইক্ষণে গবর্ণমেন্ট একেবারে জিলাসুদ্ধ জরীপ করিয়া তাবৎ গোলমালের শেষ করিবেন ফলে ইহাতে জমিদারেরদের নিতান্তই অসম্মতি যেহেতুক তাঁহারা জ্ঞাত আছেন যে ভূমি জরীপ করিলেই একরারের লিখিত হইতে অতিরিক্ত যে সকল ভূমি আপনারা ভোগদখল করিতেছেন তাহা আর করিতে পারিবেন না।

সংপ্রতি রেবিনিউ সরবেয়রেরদের এক জন শ্রীযুত মর্টন সাহেব কোন গ্রামের নিকটস্থ একটা মাঠ জরীপ করিতেছিলেন তৎসময়ে দলবদ্ধ বহুসংখ্যক লোক আক্রমণপূর্ব্বক তাঁহাকে একটা পরিখার মধ্যে নিক্ষেপ করত লৌহযষ্টির দ্বারা এমত প্রহার করিল যে তাহাতে সাহেব মৃতকল্প হইলেন এবং জরীপ করণীয় তাবৎ যন্ত্রাদি ভাঙ্গিয়া হিসাব পত্র সকল লইয়া গেল তাহাতে প্রাণ ভয়ে সাহেবের লোকেরদের পলাইতে হইল। পরে এই দাঙ্গাতে যাহারা নিযুক্ত ছিল তাহারদের সরদারকে গ্রেফ্তারকরণার্থ পোলীসহইতে কএক জন বরকন্দাজ প্রেরিত হয় কিন্তু তাহারা ঐ দাঙ্গাবাজেরদিগকে গ্রেফ্তার করিলে পর অন্যান্য লোকেরা ঐ বরকন্দা

His loss will be long and deeply felt by his friends, and more especially by the students of the new Medical College, to whom he was particularly endeared.

Raja Pretab Chunder, the Ex-Raja of Burdwan.

The term of Raja Pretab Chunder's imprisonment will cease on the 3d of February. On Monday last, Mr. Tydd and Baboo Ramrutton Ghose appeared at the Collector's Cutcherry at Allipore to file the Nazir's Koifeeat on security. Rajkrishnoo Roy Chowdry and Goopeekrishnoo Roy Chowdry have tendered their shares of the extensive Talook of Dewreepore situated in the 24-Purgunnahs as security for the release of Raja Pretab Chunder. It is expected that he will be at the Collector's office on the 15th of next month, when it is supposed that many persons will assemble at the Cutchery to see him.

We have heard that the Garden at Ishera is now preparing for his reception.

The Chittagong Business.

Various rumours have for some time been abroad regarding an affray which has just taken place at Chittagong, and in which two men were killed and several wounded. The following is the most correct statement which we have been able to obtain of this unhappy affair.

The permanent settlement in the district of Chittagong was not made, as in other parts of Bengal, Behar and Orissa, upon vague reports, but upon a measurement which took place in the year 1765. It is therefore clear that all the lands which are enjoyed by the Zemindars in excess of that measurement, ought to pay rent to the state. It is of course the object of Government to obtain an exact account of such lands as now pay no rent, and this can be only effected by a general measurement of the whole district. From time to time Government have made partial measurements, and the result has been boundless confusion. Government recently commenced operations for measuring the whole district at once and for putting an end to all confusion. This measurement is of course disagreeable to the Zemindar, who expects to be called upon for the *Coonjuees*, that is, the excess of the lands which they enjoy over and above the quantity stated in their engagements.

Mr. Morton, one of the Revenue Surveyors, was employed near a certain village in the open plain, when he was attacked by a large body of people, thrown into a ditch and trampled on and beaten with an iron shod stick, so that he very narrowly escaped being murdered. His instruments were broken, his accounts carried away, and his people obliged to run for their lives. A party of the police was sent to apprehend the principals engaged in this riot, but after they had secured them, they were attacked and their prisoners rescued. The same thing happened

জেরদের উপর আক্রমণ করিয়া ধৃত ব্যক্তিরদিগকে ছাড়াইয়া দিল। ঐ জিলার অন্যান্য স্থানেও এতদ্রূপ ঘটনা হয়। তাহাতে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব এই ব্যাপার দেখিয়া তথায় স্বয়ং গমনপূর্ব্বক আপনার হুকুম জারী করিতে স্থির করিলেন এবং যে ৩৫ জন ঐ দাঙ্গাতে নিযুক্ত ছিল তাহারদের সকলকেই ধৃত করিয়া পোলীসে পাঠাইলেন কিন্তু জমিদারেরদের কুমন্ত্রণাতে ঐ জিলাস্থ লোকেরা দলবদ্ধ হইয়া ডঙ্কা বাজাইতে২ প্রায় দুই ক্রোশ ব্যাপিয়া শ্রীযুত কালেক্টর ও শ্রীযুত রেবিনিউ সরবেয়র সাহেবের পশ্চাদ্ধাবমান হইল তাহারদের ভরসা ছিল যে সাহেবেরদিগকে নদীর মধ্যে ফেলাইয়া ধৃত ব্যক্তিরদিগকে মুক্ত করিব কিন্তু [illegible] কালেক্টর সাহেব স্বীয় শিবিরে যাইতে পারেন এনিমিত্ত পূর্ব্বেই ঐ নদীতে নৌকা নিযুক্ত ছিল এবং সেই নৌকাতে বন্দুকধারি ১২।১৪ জন বরকন্দাজ ও কএক জন চাপরাশীর অধীনে ঐ ধৃত ব্যক্তিরা নীত হইল পরে পশ্চাদ্বর্ত্তি চাপরাশী নৌকারোহণের উদ্যোগকরণসময়ে দাঙ্গাকারি লোকসকল তাঁহারদের প্রতি আক্রমণ করিল। তাহাতে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব উচ্চৈঃস্বরে কহিলেন যদ্যপি তোমরা নৌকাতে উঠ তবে আমার বন্দুক করিতে হইবে কিন্তু তাহারা সাহেবের কথা না মানিয়া তাহারদের উপর পড়িল ফলতঃ ইহাতে দাঙ্গা উপস্থিত হইয়া দুই জন হত ও পাঁচ জন আঘাতী হয়। নৌকা খুলিয়া দিলে পরেও ঐ দাঙ্গাবাজেরা শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের উপরে যষ্টি ও ইষ্টক প্রস্তরাদি নিক্ষেপ করিতে লাগিল এবং শ্রীযুত হারবিস সাহেব স্বীয় নৌকায় উপবেশন কালে ঐ ইষ্টকের দ্বারা পদে আঘাতি হইলেন।

ভূমি জরীপকরণের সময়ে দুই থানাতে এতদ্রূপ গোলযোগ উপস্থিত হইয়াছে অতএব তাহারদিগকে দমন করণার্থ সৈন্যের আবশ্যক হইল। তদনুসারে পঞ্চান্ন রেজিমেণ্টের তিন কোম্পানি সিপাহীকে তৎক্ষণাৎ শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের ছাউনিতে গমনার্থ হুকুম দেওয়া গেল। তাহারা ঐ রাজবিদ্রোহিরদের পশ্চাৎ২ দুই তিনবার ধাবমান হইয়া এই ব্যাপারে যাহারা বিশেষরূপে লিপ্ত ছিল তাহারদের কএক জনকে ধৃত করিল এবং সৈন্যেরদের গুলি না করিতে করিতেই পুনর্ব্বার ঐ জিলার শান্তি হইল।

মাসুল।

অবগত হওয়া গেল যে ইঙ্গলণ্ডে গমনশীল জাহাজের এইপর্য্যন্ত যে সকল রওয়ানা করা যাইত তাহার গুরুতর পরিবর্ত্তন হইয়াছে। ইহার পূর্ব্বে জাহাজস্থ তাবৎ মালের অতিদীর্ঘ অথচ ভারি দোহারা তেহারা করিয়া ফর্দ্দ লিখিত হইত এবং ঐ ফর্দ্দে লিখিত কথা যদ্যপি প্রকৃতই কথিত হইত তথাপি সকলই বোধ করিতেন যে তাহা অলীক। এইক্ষণে তৎপরিবর্ত্তে কলিকাতাস্থ বাণিজ্যকুটী হইতে ইঙ্গলণ্ডগামি জাহাজের রওয়ানার নিমিত্ত জাহাজস্থ বোঝাই দ্রব্যের সংখ্যা কথায় না লিখিয়া অঙ্কেতে লিখিয়া কেবল একখানি দরখাস্তমাত্র করিতে হইবে।

জাহাজ মেরামৎকরণের কোম্পানি।

এই কোম্পানি আপনারদের কার্য্যের অনুষ্ঠান পত্র প্রকাশ করিয়াছেন এবং তাঁহারদের তাবৎ শ্যারের অর্থাৎ প্রত্যেকে হাজার টাকা করিয়া ছয় শত জন গ্রাহক হইয়াছেন।

গ্রেগসন জাহাজের একেবারে বিনাশ।

গ্রেগসননামক অত্যুত্তম নূতন এক জাহাজ ইঙ্গলণ্ডে গমনার্থ বর্ত্তমান মাসের

also to another party; and the Magistrate on seeing this, resolved to execute his own process. The Magistrate had secured 35 of the malcontents who had all been engaged in these riots, and he placed them under the charge of a police force, but the people of the district, instigated by the Zemindars, assembled in crowds by beat of tom-tom and pursued the Collector and the Revenue Surveyor for nearly four miles, in the hopes of driving them into the river and rescuing the prisoners again; but boats had been stationed fortunately on the river to re-convey the Collector to his Camp, and the prisoners were embarked on the boats under cover of 12 or 14 Burkundauzes, armed with carbines, and a few Chaprasees. When the last of the Chaprasees was endeavouring to embark, the mob rushed on them. The Magistrate cried out, that if they advanced he should be obliged to fire upon them, but instead of listening to him, they fell upon the Burkundauzes, and an affray of course ensued, in which two men were killed and five or six wounded. The mob, after the boats had put off, still continued to throw their bludgeons and clods, as hard as brickbats, after the Magistrate, and one of the brickbats struck Mr. Harvey in his leg on board his boat.

Two disturbances having thus occurred at the same time in two Thannahs of the district under measurement, it became necessary to use vigour in order to put them down. Accordingly three Companies of the 55th Regt. were ordered to go to the Magistrate's camp immediately; and they had two or three *dours* after the insurgents and apprehended some of the parties principally concerned. The peace of the district has been restored without the troops being obliged to fire a single shot.

Customs.

We are informed that a very important change has taken place in the forms hitherto observable in the clearance of vessels bound to the United Kingdom. Instead of the large and bulky manifests in duplicate or triplicate, and the abominably troublesome *true* list,—a list by the way, often found false—a simple application, detailing the cargo on board, the number of packages expressed in figures, not words, is all that is now required to clear a homeward bound vessel from this Custom House.—*Orient. Obs.*

The Calcutta Docking Company.

The Calcutta Docking Company have published their prospectus; and the whole of the shares, viz. 600, of Rs. 1,000 each have been subscribed for.—*Ibid.*

Total Loss of the Gregson.

That fine new ship, the *Gregson*, which left Kedgeree on the 15th instant

১৫ তারিখে খাজুরীহইতে প্রস্থিত হইয়া সমুদ্র যাত্রাকরণের তিন দিনপরেই অগ্নি লাগিয়া একেবারে ভস্মীভূত হইয়াছে কিন্তু তাহাতে কোন প্রাণিহানি হয় নাই। দৃষ্ট হইতেছে যে জাহাজস্থ একটি বালক সকলের অগোচরে জাহাজের পশ্চাদ্বর্ত্তি ফলকার দ্বারে আলোক লইয়া গিয়াছিল সেই অগ্নি দুর্ভাগ্যক্রমে জাহাজস্থ কিঞ্চিৎ পাটকোষ্ঠা ধরিয়া শীঘ্র জ্বলিয়া উঠিল ঐ অগ্নি নির্ব্বাণ করা দুঃসাধ্য হওয়াতে জাহাজস্থ লাঙ্গবোট ও জালিবোট নামাইয়া প্রত্যেক প্রাণী তাহাতে নির্ব্বিঘ্নে উঠিয়া রক্ষা পাইল। ঐ জাহাজারোহি মধ্যে পাদেশক শ্রীযুত টামলিন সাহেব ও শ্রীমতী বিবি টামলিন ও তাঁহারদের তিনটি সন্তান কেবল পরিহিত বস্ত্র সমেত রক্ষা পাইয়াছেন। ঐ জাহাজারোহিরা দুই রাত্রি এক দিবস ঐ ক্ষুদ্র নৌকোপরি সমুদ্রমধ্যে ছিলেন। পরে শুক্রবার পূর্ব্বাহ্নে সৌভাগ ক্রমে লণ্ডনগামি কমবৃয়াননামক জাহাজস্থ লোকেরা তাঁহারদিগকে দেখিয়া আপনারদের জাহাজে তুলিয়া লইল এবং কমবৃয়ান জাহাজের শ্রীযুত কাপ্তান সাহেব জাহাজ ফিরাইয়া ঐ দুরবস্থ ব্যক্তিরদিগকে জেননামক আড়কাটির জাহাজে তুলিয়া দিলেন।

প্রিন্সেস বিক্টোরিয়ানামক জাহাজের বিনাশ।

গ্রেগসননামক জাহাজ বিনষ্ট হওনের সম্বাদ প্রাপ্তির পরেই প্রিন্সেস বিক্টোরিয়ানামক অপর এক জাহাজেরও বিনাশ সম্বাদ জ্ঞাত হওয়া গেল ঐ জাহাজ অক্টোবর মাসের মধ্যে কলিকাতাহইতে লিবরপুলে গমন করে। দৃষ্ট হইতেছে ঐ জাহাজ বোরবোঁ উপদ্বীপহইতে যখন বিশ ক্রোশ অন্তরিত ছিল তখন অগ্নি লাগিয়া জ্বলিয়া যায় কিন্তু সৌভাগ্যক্রমে প্রাণি সকল রক্ষা পাইয়াছে। ইহা অত্যাশ্চর্য্য যে এই উভয় জাহাজই বোঝাই দ্রব্যের মধ্যে কিঞ্চিৎ পাট কোষ্ঠা থাকাতেই বিনষ্ট হয়।

এতদ্দেশীয় শিক্ষালয়।

সম্প্রতি বাজিপাড়াতে শ্রীযুত বাবু রামচন্দ্র চাট্টোপাধ্যায়ের বাটীতে শান্তিপুর বাসি শ্রীযুত বাবু মতিলাল রায় এক ইঙ্গরেজী পাঠশালা স্থাপন করিয়াছেন ঐ বিদ্যালয়ে বহুতর ছাত্রেরা উত্তমরূপ শিক্ষিত হইতেছেন।

দারুণ খুন।

গত ১০ অক্টোবর তারিখে নাসিকনামক স্থানহইতে প্রায় দশ ক্রোশ অন্তর সিনর গ্রামে ন্যূনাধিক একাদশ বর্ষীয়া এক বালিকা অতিদারুণরূপে খুন হইয়াছে। হত্যাকারিরা ধৃত হইয়া এইক্ষণে আহম্মদনগরে কয়েদ আছে। অবগম হইল যে ঐ বালিকার গাত্রে যে প্রায় সহস্র মুদ্রার আভরণ ধন ছিল তাহাই অভাগিনীর নিধনের কারণ হইয়াছিল। দস্যুরা আপনারদের বাটীতে বালিকাকে ফুসলাইয়া লইয়া গিয়া মুখ বন্ধ করত প্রস্তরের দ্বারা মস্তকটা ভাঙ্গিয়া শব পুঁতিয়া রাখে। তিনজন ব্রাহ্মণ ও তাহারদের দুই জনের মাতা ও তৃতীয় জনের স্ত্রী এই নিদারুণ ব্যাপারের অপরাধী হইয়াছে। তথাপি এপর্য্যন্ত ব্রাহ্মণ জাতীয়েরা হিন্দুরদের মধ্যে সর্ব্বাপেক্ষা মান্য হইয়া আসিতেছেন।—বোম্বাই দর্পণ।

আসামদেশীয় চা।

অবগম হইল যে আসাম দেশহইতে চার নমুনা পুনর্ব্বার প্রেরিত হইয়াছে ঐ চা ডিসেম্বর মাসের কুড়ান পত্র লইয়া প্রস্তুত হইয়াছিল ইহা বিবেচনা করিলে তাহা উত্তমই বোধ হইবে। যাঁহারা

for England, was totally burnt three days after at sea, but without any loss of life. It appears that one of the boys in the ship, unknown to any one, had gone down into the steerage hatchway with a light, which unhappily set fire to some jute, and the vessel was soon in flames. As it was found impossible to get the fire under, the long boat and the jolly boat were lowered down, and every individual on board was safely conveyed into them. The Rev. Mr. Tomlin with Mrs. Tomlin and their three children were passengers on board, and escaped only with the articles of clothes they had on them. The party were out at sea two nights and a day, and on Friday morning were kindly taken on board the *Cumbrian*, bound for London, the Captain of which put back and placed the sufferers on board the *Jane* Brig.

Loss of the Princess Victoria.

Since the loss by fire of the *Gregson* was announced, we have heard of the loss of another ship, the *Princess Victoria*, which sailed from Calcutta to Liverpool in the middle of October last. It appears that when the vessel was 40 miles from the Isle of Bourbon, she took fire and was destroyed. Happily all the people on board were saved. It is somewhat singular that both these vessels have been destroyed in consequence of their having hemp among their cargo.

Native School.

Baboo Moteelaul Roy, has lately established an English School, at the residence of Baboo Ramchunder Chatterjee, of Bajepara, at which a great number of children are receiving the benefit of a good education.—*Beng. Her.*

Atrocious Murder.

A most atrocious murder was committed on the body of a girl aged about 11 years of age, at the village of Sinnur, about 20 miles from Nassick, on the 10th of October last, in open day. The perpetrators have been seized, and are now in custody at Ahmednugur. The only cause assigned, is the jewels which the unfortunate victim had on her at the time, valued at about 1,000 Rs. The murderers decoyed the girl into their house, where they gagged her, fractured her head with stones, and buried the corpse within the compound. The parties implicated are three Bramhuns, with the mother of two, and wife of the third, prisoner—a caste hitherto held in the highest veneration by every sect of the Hindoos!—*Bombay Durpun.*

Assam Tea.

We understand that further specimens of tea have been sent down from Assam, which, considering that they were prepared from leaves gathered in the month

এই বিষয়ে বিবেচনাক্ষম তাঁহারা কহেন যে এই চা চীনদেশহইতে আগত চার তুল্যই হইয়াছে। ঐ চা এই অভিপ্রায়ে অকালে প্রস্তুত করা গিয়াছিল যে আমারদেশীয় কতিপয় লোকেরদিগকে চা প্রস্তুত করণের রীতি শিক্ষায়ণার্থ ঐ দেশে প্রেরিত কএক জন চীনীয় লোকেরদিগকে অবসর দেওয়া যায় এবং তাহার তাৎপর্য্য এই যে আর স্বর্গীয় চীন দেশের বাধ্য না থাকিতে হয়।

দিল্লী।

শ্রীযুত নওয়াব আকবল উদ্দৌলা স্বীয় পিতামহের সুচারু কবরের গঠনানুসারে দিল্লী রাজধানীতে অপর এক কবর প্রস্তুত করিয়াছেন। ঐ ব্যাপার গত মাসে সম্পন্ন হইয়াছে।

জয়পুরে ধনপ্রাপ্তি।

জয়পুর রাজ্যস্থ জওরাৎ অলঙ্কারের মধ্যে অপদস্থ মন্ত্রি যোধারাম যে কতক জওরাৎ অলঙ্করণ সরাইয়াছিলেন তাহা দৈবাৎ দৃষ্ট হইলে শ্রীযুত মেজর আলবস সাহেবের নিকটে প্রেরিত হয় তিনি তাহা জয়পুরের বর্ত্তমান মন্ত্রির নিকটে পাঠাইয়া দেন এবং ঐ মন্ত্রি তাহা শ্রীমতী রাণীর স্থানে প্রেরণ করেন। ঐ রাজ্ঞী দরবারস্থ লোক ও কএক জন স্বর্ণবণিকের সম্মুখে তাহা খুলিয়া দেখিলেন যে ঐ অলঙ্কার পূর্ব্বে ঐ সরকারেরই ছিল। এইক্ষণে তাহার মূল্য ৭ লক্ষ টাকা অনুমিত হইয়াছে।

বোম্বাইর শ্রীযুত গবরনর সাহেব।

কথিত আছে যে শ্রীযুত সর গ্রাণ্ট সাহেবের পরিবর্ত্তে পিল মাউথের সংপ্রতিকার লেপ্টেনন্ট গবরনর শ্রীযুত জেনরল সর উইলবি কটন সাহেব আগামি মাসে বোম্বাইর গবরনরী পদে নিযুক্ত হইবেন

সেতারার রাজা।

কএক দিবস হইল সেতারার প্রধান রাজমন্ত্রির দেওয়ানকে যোদ্ধসম্পর্কীয় এক দল প্রবল সৈন্যের অধীনে পুণানগরে পাঠাইয়া তত্রস্থ কারাগারে বদ্ধ করা যায় তাহাতে বোধ হয় গত দেওয়ালি উৎসবসময়ে ব্রিটিস গবর্ণমেণ্টের বিরুদ্ধে ঐ রাজা যে রাজদ্রোহ ব্যাপার করেন তাহার প্রযোজক ঐ দেওয়ানই থাকিবেন।

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

জোড়াসাঁকোতে যে নূতন চিকিৎসালয় স্থাপিত হইয়াছে তাহার কতক বিবরণ গত সপ্তাহের জ্ঞানান্বেষণ পত্রে প্রকাশ হইয়াছিল পূর্ণচন্দ্রোদয় পত্রে দেখিলাম শ্রীযুত এফ ডবলিউ ব্রিট সাহেব যিনি শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বাডিগার্ডের ডাক্তরি পদে নিযুক্ত আছেন ঐ মহাশয় পূর্ব্বোক্ত চিকিৎসালয় করিয়াছেন ঐ চিকিৎসালয়ে প্রতিদিন প্রাতে ৭০।৮০ জন রোগিকে ঔষধ বিতরণ করেন এবং ১৭ দিসেম্বরাবধি ১১ জানুআরিপর্য্যন্ত ২০১ জন পীড়িত ব্যক্তিকে ভাল করিয়াছেন আর যে সকল রোগির উপায়ান্তর নাই তাহারদিগকে আহারাচ্ছাদন বিতরণপূর্ব্বক ঐ স্থানেই থাকিতে দেন ঐ চিকিৎসালয়ে যাহা ব্যয় হয় তাহার অধিকাংশ পূর্ব্বোক্ত সাহেব দিয়া থাকেন তদ্ভিন্ন শ্রীযুত বাবু গৌরমোহন দে ও শ্রীযুত মনাকনামক আরমানি এক সদাগর অবশিষ্টাংশের আনুকূল্য করেন।

কথিত আছে এইক্ষণে ঐ চিকিৎসালয়ে যেরূপ বহু সংখ্যক রোগি আসিতেছে

of December, are very passable, and fully equal, as we are informed, by competent judges, to much of the tea imported from China. These were prepared out of season, merely to give the Chinese an opportunity of teaching some of the people of Assam, how to render us independent of the Celestial Empire. —*Orient. Obs.*

Delhi.

The Nawaub Akbal Ood Dowla, has just added another attraction to the Imperial City in the shape of a splendid mausoleum to his grandfather, which was completed last month.—*Beng. Her.*

Discovery of Treasure at Jeypore.

Part of the state jewels belonging to Jeypore which had been abstracted by the late Minister Jotharam, have been accidently discovered and taken to Major Alves, who sent them to the present Minister, by whom they were transmitted to the Ranee. She opened them in the presence of the Court and a number of jewellers. The jewels were identified as having formerly belonged to the state and are estimated at the value of seven lakhs of Rupees.

The Governor of Bombay.

It is said that Major-General Sir Willoughby Cotton, the present Lieut. Governor of Plymouth, will be appointed Governor of Bombay next month, in the room of Sir Robert Grant.—*Ori. Obs.*

Raja of Sattara.

The Dewan or Prime Minister of H. H. the Raja of Sattara was marched into Poona few days ago under a strong military escort, and lodged in prison, in consequence, it is supposed, of some treasonable acts against the British Government brought home to him in the affairs of last Dewalee.—*Bomb. Gaz.*

Spirit of the Native Papers.

In our last we published a short account of the hospital recently established at Jorasanko. We have since learnt from the *Poornachundrodoy* that the founder of this institution is Mr. F. H. Brett, the medical attendant of the Governor General's Body Guard. It appears that the number of patients supplied with medicine every morning ranges from seventy to eighty, and that the number of cures effected from the beginning (17th December) up to the 11th January last, amounts to two hundred and one. Friendless objects are accommodated with food, clothing and lodging at the institution, the expenses being chiefly defrayed by Mr. Brett; a portion of it is however borne by a native gentleman, Baboo Gourmohun Dey, and Mr. M. M. Manuk, an Armenian merchant.

It is stated that the funds of the hospital are inadequate to meet the demands

তাহাতে চিকিৎসালয়ের মূলধনে তাহারদিগের সকলের চিকিৎসা সম্পন্ন হইতে পারে না যদি একথা সত্য হয় তবে আমরা প্রার্থনা করি দানশীল ব্যক্তিরা প্রকাশ হইয়া ঐ চিকিৎসালয়ের ব্যয়ের আনুকূল্য করেন ঐ চিকিৎসালয়ে যত প্রকার পীড়ার চিকিৎসার কথা আমরা শুনিতেছি যদি সকল সত্য হয় তবে ইউরোপীয় লোকের ও বিশেষতঃ বঙ্গদেশীয় মহাশয়দিগের ভরসা হইতেছে ঐ চিকিৎসালয় যে প্রকার মাঙ্গলিক তাহা বিবেচনা করিলে গবর্ণমেণ্টও এবিষয়ে মনোযোগ করিতে পারেন —জ্ঞানান্বেষণ।

শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুর।
শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

আমি এইক্ষণে শ্রীযুত রাজার বিষয় নূতন সম্বাদ বলি বোধ করি পাঠকবর্গ তাহা শ্রবণে আহ্লাদ জ্ঞান করিবেন শম্ভু মুখুয্যা নামে এক ব্যক্তি পূর্ব্বে শ্রীযুত মহারাজের নিকট থাকিতেন দশ দিবস গত হইল ঐ ব্রাহ্মণ এক দিবস হুগলির কারাগারের সম্মুখদিয়া যাইতেছেন সেই সময়ে শ্রীযুত রাজাও দ্বারের গোড়ায় বসিয়াছিলেন তখন শম্ভু কিঞ্চিদ্দূরে থাকিয়া শ্রীযুতের প্রতি দৃষ্টি করিবাতে রাজা লোক দ্বারা তাঁহাকে ডাকিলেন এবং নিকট আসিবা মাত্র অগ্রেই কহিলেন ওহে শম্ভু তুমি কেমন আছ তোমার ভাই শ্যাম মুখুয্যা কোথা আছে পরে শম্ভু অতিভীত হইয়া কহিলেন মহারাজের অকৃপা হইয়া অবধি আমরা সুখী নাই আমার ভাই শ্যাম শ্রীযুত অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়ের নিকট কর্ম্ম করিতেছে অনন্তর অনেক বাক্যালাপের পর শ্রীযুত রাজা কহিলেন ভাল শম্ভু এইক্ষণে বিদায় হও যদি পরমেশ্বর আমাকে বিষয় দেন তবে তোমরা পুনরায় সুখে থাকিতে পারিবা পরে বিদায় হইয়া শম্ভু এইক্ষণে কলিকাতায় আসিয়াছেন তিনি কহিলেন শ্রীযুত মহারাজকে পূর্ব্বে যেরূপ দেখিয়াছেন সন্ন্যাসীকে ঠিক সেইরূপ দেখিলেন বাক্যোচ্চারণ কি লক্ষণেতে কোন অংশেই ভিন্নতা বোধ হইল না।

আর শ্রীযুত মহারাজের জামীন দাখিলের বিষয়েতেও নূতন সম্বাদ বলি পানিহাটি নিবাসি শ্রীযুত রাজকৃষ্ণ রায় চৌধুরী মহাশয় প্রকাশ হইয়া স্পষ্টরূপেই স্বীকার করিয়াছেন তিনি শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুরের জামীন হইবেন এবং হুগলির কালেক্টর সাহেবের নিকট এই বিষয়ের প্রত্যয়ার্থ তাঁহার জামীনির কাগজপত্রও দাখিল করিয়াছেন এতদ্ভিন্ন কলিকাতার এক ভারি জমীদার ঠাকুরও অগ্রসর হইয়াছেন যদি গবর্ণমেণ্ট অন্য জামীন অপেক্ষা করেন তবে তিনি তৎক্ষণাৎ জামীন হইবেন আর যদি কোম্পানির কাগজ বন্ধক রাখিলে জামিনী গ্রাহ্য হয় তবে জানিবেন অনেকে লোহার সিন্দুক খুলিয়া বসিয়াছেন ঐ কাগজ বগলে করিয়া ফেব্রুআরি মাসের ২ তারিখপর্য্যন্ত হুগলিতে গিয়া উপস্থিত হইবেন ইতি — ঐ।

কলিকাতানিবাসিনঃ।

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

প্রণতিপূর্ব্বক নিবেদনমিদং। মহাশয় কেবল দেশহিতার্থ এবং প্রেরিতপত্রসকল প্রকাশকরণার্থ সর্ব্বদা যত্নবান ইহা নিশ্চয় জানিয়া আমি কএক পংক্তি পাঠাইতেছি অনুগ্রহপূর্ব্বক আপনকার অতুল্য অমূল্য দর্পণে অর্পণ করিলেই অতিশয় বাধ্য হই। আমি পরম সন্তোষপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে ওরিএণ্টল ফ্রিস্কুলনামক বিদ্যালয়ের অতিসুপাত্র ছাত্রগণের

of the increasing number of patients. If so, we trust the charitable portion of the community will come forward to supply this want; for if the statement given of the cures already accomplished, be correct, the institution well deserves the support of the European, and especially of the native public. We trust too that Government will not be indifferent to the benefits conferred by the Jorasanko hospital.—*Gyan.*

PRATAP CHUNDER AGAIN!

To the Editor of the Gyanunneshun.

SIR,—Allow me to send you some particulars regarding Raja Pratap Chunder which, I trust, will be interesting to your readers. About ten days ago, Shumbhoo Mookerjee, one of the former associates of the Raja, was passing before the Hooghly jail, while his highness was seated near the gate. As the man stood observing the Raja from a distance, he was recognised by him and was immediately sent for. On approaching his highness, he was accosted in the following manner, "Well Shumbhoo, how do you do, where is your brother Shaum now?" Shumbhoo replied, that they were suffering great distress since they lost his highness's patronage, and that his brother was in the service of Baboo Annodaprusaud Banerjee. After some conversation the Raja desired him to retire, assuring him, at the same time, that if it pleased God to reinstate him in his possessions, he will not fail to promote their prosperity and happiness. Shumbhoo, who is now in Calcutta, gives it as his opinion, that he could not perceive the least difference between the speech and manners of this *Shynashee* and of those of Maharaja Pratapchund.

I have the pleasure also to inform you, that Baboo Rajkrishna Roy Choudry of Painhatty has declared his intention of standing as the Raja's security, and has, with that view, lodged a Zamin-namah in the Collector's office at Hooghly. Besides, a highly respectable zemindar of the Tagore family of Calcutta, is willing to bind himself for the Raja, in case Government require further security. Should Company's papers be accepted, many a wealthy Baboo would be ready with them on the 2d February next at the Cutcherry at Hooghly.

An Inhabtiant of Calcutta.

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—Receive my best compliments.—Knowing that you are continually striving to promote the welfare of the country, and are ever ready to promulgate the letters dispatched by the correspondents; I send you a few lines, that I hope your generosity will be kind enough to insert through the medium of your valuable Durpun, and confer a great obligation upon me.

প্রথম বার্ষিক সুশিক্ষার পরীক্ষা যোড়াসাঁকোনিবাসি দেওয়ান ৺ শান্তিরাম সিংহ মহাশয়ের আলয়ে হইয়াছিল। কিন্তু ঐ পাঠশালার সমস্ত বৃত্তান্ত লিখিতে হইলে লিপি অত্যন্ত বাহুল্য হয় তন্নিমিত্ত আমি ফার্ষ্ট ক্লাস অর্থাৎ প্রথম শ্রেণির বর্ণনা করি যে বর্গের গ্রন্থসকল রুমদেশীয় বাদশাহদিগের রাজত্ববর্ণনা ভূগোলবিদ্যা ব্যাকরণ ইত্যাদি শ্রীযুত ডবলিউ এচ পার্কিন্স ও শ্রীযুত জে এফ ডিলেনজেরিড শ্রীযুত ডবলিউ ম্যাথিউশ ইত্যাদি এবং শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র সিংহ তথা শ্রীযুত বাবু নন্দলাল সিংহ তথা শ্রীযুত দেওয়ান রামলোচন ঘোষ তথা শ্রীযুত বাবু প্যারিমোহন বসু তথা শ্রীযুত বাবু গোপাললাল মিত্রপ্রভৃতি অনেক গুণজ্ঞ বিজ্ঞ মহাশয়েরা ঐ পরীক্ষাস্থানে উপস্থিত ছিলেন শ্রীযুত ডি হ্যার সাহেব পরীক্ষা গ্রহণ করিলেন। নাটকারম্ভে শ্রীকৈলাসচন্দ্র দাস আসিয়া প্রথমতঃ সিজরকে হতকরত বুটস যে উক্তি করেন তাহাই ব্যক্ত করিলেন তদনন্তর শ্রীকালীকুমার মুখোপাধ্যায় এক অন্ধ বালকের বেশে যষ্টিহস্তে আস্তেং আগমনপূর্ব্বক অনেক সদুপযুক্ত সদুক্ত দ্বারা বিস্তর মনোদুঃখ প্রকাশ করিলেন তৎপর শ্রীসুধারাম বন্দ্যোপাধ্যায় নানা ভঙ্গিমায় সুবক্তৃতায় এক পিতৃ মাতৃহীন বালকের বিলাপবাক্য ব্যক্ত করিলেন শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় আরো এক আহ্লাদের বিষয় এই যে পরীক্ষক ও দর্শকেরা তাঁহারদিগের প্রশ্নের সন্তোষক প্রত্যুত্তর পাইয়া যথেষ্ট তুষ্ট হইলেন সুতরাং পরীক্ষা অত্যুত্তম হইয়াছিল যদ্দ্বারা আমি নিঃসন্দেহে উত্থাপন করি যে কলিকাতা নগরস্থ অন্যং দাতব্য বিদ্যালয় সংস্থাপক মহাশয়দিগের সদুৎসাহ বৃদ্ধি হইবার বিলক্ষণ সম্ভাবনা। সে যাহা হউক আমি অবিলম্বে প্রকাশ করিতেছি যে বহুগুণযুক্ত শ্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র মজুমদার ও শ্রীযুত বাবু ভোলানাথ বসু মহাশয়দিগের যথেষ্ট পরিশ্রমে এতদ্বিদ্যালয়ের ক্রমশঃ শ্রীবৃদ্ধি হইতেছে। তাঁহারা এমত পণ করিয়াছেন যে এতদ্দেশস্থ সমস্ত লোকদিগের উপকারার্থ স্বীয় সুখাভিলাষ ত্যাগ করিতে প্রস্তুত আছেন তাঁহারদের পরিশ্রম অতিপ্রশংসনীয় আমি তন্নিমিত্তই পরমাহ্লাদপূর্ব্বক দণ্ডবৎ হইতেছি। পরন্তু যদ্যপি আনরেবল গবর্ণমেণ্ট ও সর্ব্বসাধারণ মহাশয়েরা এই সদ্য বিশিষ্ট পুণ্যকর্ম্মে কিঞ্চিৎ মনোযোগ করেন তবে আমি দৃঢ়রূপে উক্তি করিতে পারি যে এতৎপাঠশালার দ্বিগুণ শ্রীবৃদ্ধি হইবে কখন শ্রীভ্রষ্ট হইবেক না। অন্যং সম্পাদক মহাশয়েরা যদি আমার এই লিপি তাঁহারদিগের অমূল্য কাগজের এক পার্শ্বে স্থানদানের যোগ্য বোধ করেন তবে আমি অতিশয় বাধ্য হই এবং আমার লিপি বিদ্যাভ্যাসার্থ জানিয়া অন্তঃকরণে এমত ভরসা করি যে সমাচারপ্রকাশক মহাশয়েরা এ বিষয় গ্রাহ্য করিতে পারেন।

কস্যচিৎ বিদ্যার্থি মঙ্গলাকাঙ্ক্ষিণঃ।
সুখচর গুরুবার।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

বিবিধ বিনয়পূর্ব্বক নিবেদনমিদং। ১৪ জানুআরি বোয়ালিয়ার গবর্ণমেণ্ট ইঙ্গরেজী ও বাঙ্গলা বিদ্যালয়ের ছাত্রগণের ষাণ্মাসিক পরীক্ষার দিন স্থির হইয়া তৎপূর্ব্বদিবসে ইস্কুলমাষ্টর শ্রীযুক্ত বাবু শারদাপ্রসাদ বসু ও পণ্ডিত শ্রীযুক্ত মধুসূদন বাচস্পতি শ্রীযুত সৈয়দ এবরাহিমহুসেনের সহায়তায় ঐ বিদ্যালয় সৌন্দর্য্যরূপে সুসজ্জীভূত করিলেন পরদিবসে ঐ বিদ্যালয়ে সভ্য ভব্য ব্যক্তিসমূহের শুভাগমন হইয়া সভা সুশোভনা হইল। পরে সভাস্থ ব্যক্তি সকলে উত্তমরূপে শ্রেণীপূর্ব্বক চৌকী অর্থাৎ উচ্চাসনোপবিষ্ট হইয়া দিবা এগার ঘণ্টার সময়ারম্ভপূর্ব্বক দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত

I am, with exceeding pleasure, informing the public, that the first Annual Examination of the Oriental Free School was held on the 19th instant, at the house of the late Dewan Santeram Singh. But were I to trace all the classes, my letter will be too lengthy; I therefore represent the first class only, the books of which were the History of Rome; Poetical English Reader, No. 1; Geography; and Grammar. The respectable gentlemen that were present in this examination are the following:—Mr. W. H. Perkins, Mr. J. F. Delanougerede, Mr. W. Matthews, &c. &c. and Baboo Krishnochunder Sing, Baboo Nundololl Singh, Dewan Ramlochun Ghose, Baboo Pearymohun Bose, Baboo Gopal-loll Mitter, and many others. Mr. D. Hare was the examiner. While the examination was going on, a boy named Koelaschunder Dass, first came and performed what Brutus had addressed the Romans in killing Cæsar; next, Kaleecoomar Mookerjee, in the resemblance of a blind man with a stick in his hand, coming forward with slow steps, declared many emotions; and the most afflicted expressions of a poor helpless orphan boy imitated a third, named Shoodaram Bundopadhya, with just and exact gestures. Mr. Editor, another cause of joy is, that the examiner and the visitors have been exceedingly pleased with the satisfactory answers to the questions proposed by them; consequently the examination was very good, which I doubt not will thereby cause to excite emulation among the managers of all the free schools that have been lately established in different parts of Calcutta, which is the seed of prosperity. Be that as it will; I could not help to mention, that through the efforts of Baboos Govindachunder Mojoomdar and Bholanath Bosoo, (who have in a manner resolved to sacrifice their own interest for the benefit of their countrymen) the said free school is rapidly improving; their labours are laudable; and therefore they are worthy of my thanks. Further, should the Honourable Government and the public in general have the pleasure to interfere in behalf of this virtuous undertaking, I dare say the institution shall doubly improve, and shall never meet its downfal. I conclude, by observing, that if the patriot Contemporaries of the Durpun think this my letter worthy of a little space in their valuable papers, I shall consider myself highly obliged. I am also of opinion, that it will not be regretted on the ground of its being the point of education.

S. C. B. *a Well-wisher of Education.*
Sookchur, Thursday.

To the Editor of the Durpun.

Receive my salutations. The 14th of January having been fixed for the half yearly examination of the students in the English and Bengalee Government school at Bauleah, on the previous day, the Master Baboo Sarodruprisad Bose, with the aid of the Pundit Modhoosoodun Bachusputee, and Syud Ibrahim Hoosein, made all the necessary preparations in the school-room. On the following day, the place was adorned with the presence of the most respectable inhabitants, who arranged themselves in due order upon the chairs, and from ½ past eleven to the hour of two in the afternoon, the examination of the progress which the children had made

বালকদিগের বিদ্যা পরীক্ষা করিলেন তাহাতে ইঙ্গলণ্ডীয় এবং এতদ্দেশীয় সভ্য বিজ্ঞতম সকলে অনেক২ প্রশ্ন করিলেন বালকেরা সাহসী হইয়া সহসা যথার্থ প্রত্যুত্তর করিলেন তাহাতে সভাস্থ সভ্য ভব্যগণের অশ্রাব্য শুশ্রাব্য বাক্য নব্য মুখে শ্রবণলভ্য হইয়া সন্তোষ জন্মিল। পরে সকলেই বালকদিগের সাধুবাদ করিয়া কহিলেন যে ছয় মাসের মধ্যে বালকেরা এই শিক্ষা করিয়াছেন অনুমান করি যে অল্প কালেই ইহাঁরদিগের গুণযোগ হইবে। ইহাতে অনেক ধনাঢ্যের মূর্খ সন্তানের গর্ব্ব খর্ব্ব হইল আর ইস্কুলমাষ্টর ও পণ্ডিত মহাশয়েরা বালকেরদিগের বিদ্যাভ্যাস বিষয়ে সমুহ শ্রমী আছেন বিশেষতঃ এইক্ষণকার একটিং জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদিগের ও ফৌজদারী আদালতের সিরিস্তাদারের এবিষয়ে সম্পূর্ণরূপ উৎসাহ আছে। আহা পরমেশ্বর অবশ্য তাঁহারদিগের উচ্চ পদ দিবেন। অপর কমরশ্যাল রেসিডেন্টসম্পর্কীয় কোন ব্যক্তি এবং এই নগরস্থ দুই এক জন রেশমের মহাজনের উক্ত সভায় শুভাগমন হয় নাই ইহাতে এই বিবেচনা হইল যে বুঝি তাঁহারদিগের রেশমের পাইছ হারাইয়া থাকিবেক। পরন্তু এই বিদ্যালয়ে যে চাঁদা আছে তদতিরিক্ত এতদ্দেশীয় এক জন ডেপুটি সেক্রেটরী নিযুক্ত হইলে অধিক আয় হইতে পারে এবং আর অনেক বিষয়ের সুধারা হওন সম্ভব বিশেষতঃ এদেশীয় অনেকের মানস যে ঐ বিদ্যালয়ে বালকেরদিগের যেমত ইঙ্গরেজী ও বাঙ্গলা পাঠ হইতেছে এমত পারস্য ও আরবী শাস্ত্র পাঠ হয় কিন্তু চাঁদা বৃদ্ধি হইলে অনায়াসে তাহা হইতে পারে গবর্ণমেণ্টের ব্যয়ের প্রয়োজন নাই কেবল যৎকিঞ্চিৎ মনোযোগমাত্র চাহি বিশেষতঃ পারস্য ও আরবী অধ্যয়ন হইলে অনেকে চাঁদা দিতে প্রস্তুত আছেন বিশেষ আমরা দেখিলাম যে এই বিদ্যালয়ে প্রায় ৯০ জন ছাত্র তাহার মধ্যে এক জনমাত্র মুসলমান আছে ইতি।

সভাসদগণ।

মেং এ সি হেলণ্ড। মিষ্ট্রিস হেলণ্ড। মেং এ উইলসন। মেং ডবলিউ এম ডাইরম্। মেং গ্রে। মেং জি পি গোড। শ্রীযুত রায় রামকুমার চৌধুরী। শ্রীযুত মৌলবী আবদুলআলী। শ্রীযুত আনন্দ গোপাল বিদ্যালঙ্কার। শ্রীযুত বাবু নবকিশোর সেন। শ্রীযুত সৈয়দ এব্রাহিম হুসেন। শ্রীযুত বাবু গোপীনাথ ঘোষ। শ্রীযুত বাবু দেবীপ্রসাদ মুন্সী। শ্রীযুত শিবনারায়ণ জোয়ারদার। শ্রীযুত চৈতন্য প্রসাদ রায় দিগর উকীল। শ্রীযুত রামকুমার রায় দিগর মোক্তার।

কস্যচিৎ বোয়ালিয়া প্রবাসি জনস্য।

—

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিনয় বিশিষ্টাবেদন মেতৎ। মহাশয়ের সর্ব্বব্যাপি সমাচার দর্পণে সর্ব্বদা সম্যক্‌লোকের নানাহিতজনক বিষয়ই উত্থাপিত হইয়া থাকে এই ভরসায় আমি এক বিষয় লিখিয়া পাঠাইলাম আপনি পোষ্টবর হইয়া ব্যক্তিপ্রায় সাহিত্য প্রকাশ করিলে বিচক্ষণগণের মনোরঞ্জন ও বহুজনের ভ্রমভঞ্জন হইয়া দেশের কল্যাণ হয়।

অর্থাৎ সম্পাদক মহাশয় এতদ্দেশীয় ভাই বন্ধুদিগের বিবেচনানুধাবনে বা ভ্রান্তিক্রমে এতদ্দেশীয় স্ত্রীগণেরা বিদ্যাবিহীনা হইয়া কীদৃশ দুঃখে কালক্ষেপণ করিতেছেন তাহা বিবেচনা করুন। কিন্তু ইহাতে আমরা ঐ স্ত্রী লোকদিগের উপর কোন দোষারোপ করিতে পারি না কেন না শৈশবাবস্থায় যখন তাঁহারা পিত্রালয়ে বাস করেন তখন তজ্জনক জননী তত্তদ্বালকদিগেরই বিদ্যোপার্জ্জনবিষয়ে বিশেষ যত্নবান হইয়া অজ্ঞানতানিবন্ধন বা শাস্ত্রানবলোকন জন্য স্ত্রীদিগের পাঠাদি বিষয়ে দোষাবধারণ করিয়া তাহারদিগকে কোন শিক্ষা না দিয়া কেবল পশুর মত করিয়া রাখেন সুতরাং তাহারদিগের মনঃস্বরূপ উর্ব্বরা ভূমিতে সদুপদেশ ও শিক্ষা রূপ উত্তম বীজবপন অভাবে শীঘ্র গৃহকর্ম্মরূপ কণ্টক বৃক্ষ জন্মিয়া চির দিনের জন্য ঐ ক্ষেত্র এককালে নষ্ট হয়। সম্পাদক মহাশয় স্ত্রীলোককর্ত্তৃক যত দুশ্চেষ্টা ও পাপ কর্ম্ম হইতেছে। ইহার প্রধান মূল কেবল তাহারদিগের বিদ্যাবিহীনতা কেন না স্ত্রীলোক পতিবিরহিণী বা বিধবা হইলে অজ্ঞানতায় ও মনের কাতরতায় বিবিধ পাতকজনক কর্ম্মে প্রবৃত্ত হয় যদ্যপি তাহারা শরীরে বিদ্যা বা ইচ্ছা থাকে তবে পাপ কর্ম্মে অনায়াসে ঘৃণা ও বিতৃষ্ণা জন্মিয়া অবশেষে মত্তবারণস্বরূপ মনকে জ্ঞানাঙ্কুশ দ্বারা নিবারণ করিয়া অনুক্ষণ বিলক্ষণরূপে স্বজাতি ও ধর্ম্মের রক্ষণাবেক্ষণে যত্নবান হইয়া ইহপরকালে পরমসুখে কালযাপন করিতে পারে। যদি কেহ কহেন স্ত্রীজাতি অল্প বুদ্ধি এতৎকারণ উহারদের বিদ্যা হইবেক না এই বিবেচনায় তদ্বিষয়ক যত্ন চেষ্টা করেন না। উত্তর ইহা কখনই কহিতে পারিবেন না। কেন না নীতিশাস্ত্রে পুরুষাপেক্ষা স্ত্রী বুদ্ধি অধিক স্থাপন করিয়াছেন যথা আহারো দ্বিগুণস্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণা ইত্যাদি ফলতঃ এতদ্দেশের স্ত্রীলোকদিগের পড়াশুনার বিষয়ে বুদ্ধি পরীক্ষা সংপ্রতি প্রায় কেহই করেন নাই। যদি শাস্ত্র বিদ্যা ও জ্ঞান ও শিল্প বিদ্যা শিক্ষাইলে তাঁহারা বুঝিতে ও গ্রহণ করিতে না পারেন তবে তাঁহারদিগকে নির্ব্বোধ কহা ন্যায্য কিন্তু এতদ্দেশীয় অধিকাংশ মহাশয়েরা স্ত্রীলোকদিগকে শিক্ষা না দিয়া বরং যদ্যপি তাঁহারা আপনারা শিক্ষা করেন তবে নানা অশাস্ত্রীয় প্রতিবন্ধক দর্শাইয়া ও ব্যবহার দুষ্ট বলিয়া তাহাহইতে পরাঙ্মুখ করেন। সম্পাদক মহাশয়ের পাঠকবর্গের মধ্যে কেহ কিছু এমত কহিতে পারিবেন না যে স্ত্রীলোকদিগের বিদ্যা শিক্ষাতে শাস্ত্রে নিষেধ আছে। যেহেতুক যদ্যপি উহারদিগের বিদ্যাধ্যয়নে শাস্ত্রে কোন নিষেধ কি থাকিত তবে পূর্ব্বকার সাধ্বী স্ত্রীসকল কি তাহা শিক্ষা করিতেন না। দেখুন মৈত্রেয়ী ও শকুন্তলা ও দ্রৌপদীপ্রভৃতানেক স্ত্রীসকল নানা শাস্ত্রাবলোকন করিয়া তত্তৎশাস্ত্রের পারদর্শিতারূপে কীদৃশ বিখ্যাতা ছিলেন তাহা মহাশয় জানিতে পারিবেন। ইহার বহু প্রমাণেতে সকলের জ্ঞান বিদ্যা ও বুদ্ধির ভাবৎ তাবৎ লিখিলে পত্র অত্যন্ত বাহুল্য হয় একারণ সংক্ষেপে দ্রৌপদীর জ্ঞান ও বুদ্ধির কথা কিঞ্চিৎ লিখি। যখন পাণ্ডবেরা যুদ্ধে জয়ী হইয়া পঞ্চপুত্র সাহিত্যে পাঞ্চালকে শিবিরে রাখিয়া যামিনীযোগে ভ্রমণার্থ বহির্গমন করিলেন কুরুরাজের আজ্ঞানুসারে অশ্বত্থামা খড়্গহস্তে করিয়া প্রকারান্তরে পুরে প্রবেশিয়া পঞ্চপাণ্ডব জ্ঞানে পাঞ্চালীর পাঁচ পুত্রের মস্তক ছেদন করিলেন প্রাতঃকালে অর্জ্জুন তাহা দেখিয়া অশ্বত্থামাকর্ত্তৃক পাঁচ পুত্রের পঞ্চত্ব শুনিয়া ক্রোধিত হইয়া গুরুপুত্রের প্রাণ দণ্ড করিতে প্রতিজ্ঞা করিলেন ইহাতে পুত্র শোকে মহাকাতরা হইয়াও দ্রৌপদী পার্থকে প্রবোধ দিয়া কহিলেন যে অশ্বত্থামা ব্রাহ্মণ বিশেষতঃ গুরুপুত্র অশেষ বিশেষে আততায়ী হইলেও বধের যোগ্য নহে দ্রৌপদীর এই উপদেশে শ্রীকৃষ্ণ কহিলেন যে হে অর্জ্জুন শান্ত হও দ্রৌপদী অতিযথার্থ কহিতেছেন যথা। ব্রহ্মবন্ধুর্নহন্তব্য আততায়ীবধার্হণঃ। মুণ্ডনং দ্রবিণাদানং স্থানান্নির্যাপণন্তথা। এষোহি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোস্তি দৈহিকঃ। অর্থাৎ ব্রাহ্মণাদি আততায়ী হইলেও বধের যোগ্য নহে মাথা মুড়ান ধন লওয়া স্থানহইতে দূরকরণ এই ব্রাহ্মণের

was conducted. Both the English and Native learned gentlemen who were present, put many questions to the scholars, who with great boldness and without hesitation, gave the most proper replies, on hearing which, unexpected answers from such young scholars, the assembly testified the greatest surprise and bestowed much praise on the students, remarking that it they had made such progress in six months, how much their qualifications would be if they remain a short time in the institution. At the examination, the pride of the many of the stupid sons of the wealthy men were humbled. The Schoolmaster and the Pundit are making the greatest exertions in the instruction of the children, and the present Acting Judge and Magistrate, and the Sheristadar of the Fouzdarre Court, afford the highest encouragement to it, for which they will certainly be rewarded by the Almighty. Some of the officers connected with the commercial Residency, and some of the rich silk merchants of this town were not present, which leads us to suppose that they have lost the silken thread. If a Deputy Secretary were appointed to the institution, it is possible that much greater sums might be obtained than our present subscriptions, whereby many beneficial arrangements would be secured. It is the wish of many natives in this place, that as English and Bengalee are taught in the Seminary, so Persian and Arabic must be taught. If our income were increased this might easily be accomplished. Even subscriptions from Government are not needed. All that we require is a little exertion. If Arabic and Persian were introduced into the Seminary many would assist the subscriptions. We perceive that there are ninety scholars in the Seminary, of whom only one is a Mahometan.

Amongst those present were the following: —

A. C. Heyland, Esq. Mrs. Heyland, A. Wilson, Esq. W. M. Dirom, Esq. E Grey, Esq. G. P. Goad, Esq. Shreejoot Ramkoomar Roy Chowdhoore, Shreejoot Moulovee Abdool Ali, Shreejoot Anundgopal Bidyalunkar, Shreejoot Baboo Nobokissore Sen, Shreejoot Syud Ebrahim Hosein, Shreejoot Baboo Gopinath Ghose, Shreejoot Baboo Deveepersad Moonshee, Shreejoot Baboo Shivnarain Joardar, Shreejoot Chytunnopursad Roy, and others, Vakeels, Shreejoot Ramkoomar Roy, and others, Mooktaars.

One residing at Bauleah.

—

To the Editor of the Durpun.

Receive my salutations. The Durpun frequently publishes articles tending to the improvement of society; and I am thus encouraged to write upon a particular subject, hoping that it will be published through your assistance. This will give great satisfaction to the wise and good, destroy the errors of many, and benefit the country.

Mr. Editor, through the prejudices or errors of many of my friends and connections in this country, the females of this land receive no instruction. In what distress therefore they pass their lives may be easily judged. But for this we cannot blame the women, for when in their tender years they reside in the family mansion, their parents confine all their attention to the instruction of boys, and at the same time through prejudice or by a wrong interpretation of shastras, consider it a sin to instruct females, and allow them to grow up in ignorance like the beasts of the field. And thus the fertile soil of their mind receiving no seed of instruction or knowledge, nothing grows up but the thorns and briars of domestic care, and the field is therefore entirely destroyed. Mr. Editor, it is easy to see how, under this system, the minds of the females are filled with evil desires and sin, the cause of this evil lies in their ignorance, and hence when absent from their husbands, or reduced to widowhood, their ignorance and weakness lead them to many errors. If they were possessed of knowledge, or a desire for knowledge, they would acquire a distaste and hatred of sin, and as a wild elephant is kept in order by the good, so their mind being rectified by knowledge, they would endeavour to preserve their cast and their religion, and secure happiness both in this life and the next. If it be said, that the women have little sense, and hence their parents shew no anxiety to instruct them: we reply, that this can never be admitted; for in our moral shastras it is said that women have twice the appetite and four times the sense of men. In fact, no one has recently made any efforts to draw forth the wisdom of the females of the country. If due instructions were given to them in the shastras and in various other works, and it was found that they could not comprehend or appreciate that instruction, this opinion might be just; but the majority of natives, so far from giving instructions to females when they find them desirous of knowledge, throw many unwarrantable impediments in the way and discourage it as evil habit. None of your readers can affirm that it is contrary to the shastras to give instruction to women, for if there was any prohibition on this subject in the shastras, the virtuous women of former times would never have applied to learning. We find that Moitie, Socuntola, Drupodee, and other females studied the shastras and became famous for their knowledge. This cannot be unknown to you. If I were to support this assertion by detailing the knowledge and acquirements of those females, my letter would become exceedingly long; I therefore confine myself to the knowledge and wisdom of Drupodee. When the Pandebs becomes victorious in war, the five brothers left Drupodee in their tent and set forth that night, Usuthwama, by order of King Kooroo entered the tent with a dagger in his hand, and put to death the five sons of Drupodee, mistaking them for the Pandebs. In the morning Urjoon seeing this, and hearing that the five youths had been murdered by Ussuthwama, became exceedingly enraged and vowed the death of Ussuthwama though he was the son of his spiritual guide. On this Drupodee, though grieving for the loss of her children, addressed Urjoon and said, Ussuthwama is not only a bramhun but the son of your spiritual guide. Although a bramhun should become a murderer he is not worthy of death. On hearing this advice of Drupodee, Krishnoo addressed him and said, O Urjoon, be composed, Drupodee has only said that which is true, for what says the shastras. A bramhun, who is a murderer, may not be put to death; let his head be shaved and his property be taken away, and he himself be banished. This is equal to death for a bramhun, but corporal punishment they

বধ তাঁহারদের দৈহিক দণ্ড নাই দ্রৌপদী এই রূপ উপদেশ করিয়া গুরুপুত্রের প্রাণ রক্ষা করিয়াছিলেন অতএব যদ্যপি তিনি বিদ্যাহী না হইতেন তবে তাঁহার এমত নীতিজ্ঞা হইতে পারিত না। তবে এখন সম্পাদক মহাশয় বিবেচনা করুন যদি ব্যবহার ও শাস্ত্রে স্ত্রীলোকদিগের বিদ্যা শিক্ষার বিষয়ে কোন দোষোল্লেখ থাকিত তবে অবশ্যই দ্রৌপদী অধ্যয়নে নিবারিতা হইতেন এবং মহাজ্ঞানী যাজ্ঞবল্ক্য মুনিও আপন স্ত্রী মৈত্রেয়ীকে ব্রহ্মজ্ঞান ও যোগ শিক্ষা করাইতেন না এতদ্ভিন্ন পূর্ব্বকার আরো অনেকানেক স্ত্রীরা যে বিদ্যা শিক্ষা করিয়াছিলেন ইহার প্রমাণ গ্রন্থাদিতে দেদীপ্যমান আছে। রুক্মিণীহরণ প্রকরণে শ্রীমদ্ভাগবতে বেদব্যাস লিখিয়াছেন যে রুক্মিণী এক পত্র লিখিয়া সুদামানামক ব্রাহ্মণের হাতে দিয়া শ্রীকৃষ্ণের সমীপে পাঠাইয়াছিলেন এবং একালেও অনেক স্ত্রী বিদ্যাবতী হইয়াছিলেন ইহা সর্ব্বসাধারণের সুগোচর আছে মুরশিদাবাদের রাণী ভবানী তিনি বাল্যকালে বিদ্যা শিক্ষা করিয়া স্বামির বিয়োগানন্তর রাজ্যের তাবৎকার্য্য সুচারু সম্পাদন করিয়াছিলেন। আর জিলা ফরিদপুরের কোটালিপাড়পুর গ্রামের শ্যামাসুন্দরীনামে এক বৈদিক ব্রাহ্মণের স্ত্রী ব্যাকরণাদি সমাপ্ত করিয়া ন্যায় দর্শনের শেষপর্য্যন্ত পড়িয়াছিলেন ইহা অনেকেই প্রত্যক্ষ দেখিয়াছেন এবং এইক্ষণে কলিকাতায়ও কোন২ বিচক্ষণ ধনির বাটীর পরিজনেরা লেখা পড়া ব্যবহার করিতেছেন তাহা ঐ মহানগরে ব্যক্ত আছে অতএব পূর্ব্বাবধি একালপর্য্যন্ত যে স্ত্রীলোকদিগের লেখা পড়ার ব্যবহার আছে ও শাস্ত্রেও দোষোল্লেখ নাই ইহা স্পষ্টই বুঝা হইতেছে। তবে দর্পণকার মহাশয় এতদ্দেশীয় আর২ বহুবর্গেরা স্ত্রীলোকদিগকে শিক্ষা না দিয়া কেন তাহারদিগকে পশুর মত করিয়া রাখিয়া যাবজ্জীবন জন্য দুঃখিনী করিতেছেন। আমি জানি যে স্ত্রীলোকদিগকে শিক্ষা দেওনে শাস্ত্রে কোন দোষ উক্তি নাই বরং নীতি শাস্ত্রে স্পষ্টই লেখা আছে যথা কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ ইত্যাদি অর্থাৎ কন্যাকে পুত্রের ন্যায় পালন ও শিক্ষা করাইবেক যদি প্রধানাস্ত্রীদিগের শিক্ষার প্রমাণ প্রাপ্তে সম্পাদক মহাশয় কহেন যে এই স্ত্রী শিক্ষা বিষয়ে শাস্ত্রে কোন নিষেধ নাই এবং ব্যবহার বিরুদ্ধও নহে তবে আপামর সাধারণের পরিজনের মধ্যে কেন এই ব্যবহার হইয়া আসিতেছে না। উত্তর পূর্ব্বকালে যখন রাজ্যে হিন্দু রাজা ছিলেন তখন প্রায় তাবল্লোকের পরিজনেরাই ইচ্ছামত বিদ্যাভ্যাস করিতেন এবং পুরুষের মত সর্ব্বত্রে গতায়াতও করিতে পারিতেন আর পূর্ব্বের রাজাসকল রাজ্যে অভিষেক সময়ে সস্ত্রীকাভিষিক্ত হইয়া সকল কর্ম্ম করিতেন ইহাতে তাঁহারদের কোন বাধ বুদ্ধি ছিল না কিন্তু তদনন্তর যবনাধিকার হওয়াতেও তাহারদের অত্যাচার দৌরাত্ম্য বিধায় লোকসকল হতাশ্বস্ত হইয়া আপনার২ স্ত্রীদিগকে শিক্ষাদি না দিয়া অন্তঃপুরে রাখিতেন যেহেতুক বিদ্যাতে বা সৌন্দর্য্যে কাহারো নাম প্রকাশ হইলে ঐ দৌরাত্ম্যকারি দুরাচারেরা তদুপরি অত্যাচার করিত এই ভয়ে লোকসকল স্ব২পরিজনকে শিক্ষাদি না দিয়া বরং যাহাতে সর্ব্বতোভাবে উহারদের নাম অপ্রকাশ থাকে এমত চেষ্টা করিতেন এইহেতু তৎপূর্ব্বকার রীতিনীতি সকলি লোপ হইয়া শেষ একান কদাকার প্রকরণ হইয়া উঠিল কিন্তু উহারদের যখন ক্রমশঃ উন্নতির অধোগতি হইতে লাগিল দেখিয়া কেবল তখন কতিপয় ভাগ্যবন্ত লোকের স্ত্রীলোকেরা বিদ্যাধ্যাপন ব্যবহারারম্ভ

may not suffer. And thus did Drupodee save the life of the spiritual guide by her advice. Had she been without instruction, she could not thus have quoted the shastras. Now, Mr. Editor, I beg you to judge, if there had been any censure cast in the shastras upon the women, Drupodee would not have been permitted to pursue her studies. Again, the great Yogya Vulku, the Munee, would not in this case have imparted a knowledge of the deepest mysteries of religion to his wife Moitreyee. Besides this our books afford many proofs that in former ages women pursued their studies without hinderance. In the Shree Bhagvut, Ved Vyas has told us in the Rookminee section that Rookminee wrote a letter and sent it by Soodama, a brahmun, to Krishnoo. In modern times also we hear of many learned females which must be known to all. Ranee Bhowvanee, of Moorshedabad, having received an excellent education in her youth, managed all public affairs after the death of her husband with great praise. In the Zillah of Fureedpore, in the village of Cotoleeparpore, Shamasoondurce, the wife of a Bydik brahmun, after having learnt the Grammar, applied to the Nya Shastras and studied them to the end. They have seen this with their own eyes. And in Calcutta, in the houses of many wealthy men, the females are taught to read and write, and this circumstance is not concealed. Hence it appears that from the earliest to the present time, many females have been instructed in reading and writing, and that it is not by any means forbidden by the shastras. Mr. Editor, why then do the wise men of this country, instead of imparting knowledge to the females bring them up like animals and make them miserable for life. I know that there is no censure in the shastras of female education. On the contrary, in the Nitee shastras, it is clearly ordered that a daughter shall be brought up and educated like a son. If then, Mr. Editor, it be evident from the example of the most eminent females that the shastras do not forbid the education of women, and that it is not contrary to our natural habits, then why are not the females, in every family, from the highest to the lowest, educated? The answer is, when the country was governed by Hindoos, families of all the people applied themselves to the acquisition of knowledge and each one travelled about as he liked. And when our former Rajas ascended the throne they were crowned in company with their queens, and applied themselves to the performance of their duties. In this arrangement there was nothing to complain of. But after this the Moosulmans having succeeded to the Government, their unparalleled outrages occasioned universal dismay, and each one, instead of instructing the females of his family kept them in complete seclusion, for if any female became remarkable for her beauty or her learning, those oppressors immediately commenced attempts upon her honour; through fear of this the people, instead of instructing their females used every endeavour to keep their names concealed. Hence our former customs fell into disuse and the most barbarous manners began to prevail; but it was only when their power began to decay, that some of our wealthy men commenced to give instructions to their females. Now the sway of the Moosulmans is entirely gone, yet many of the vices which arose out of

করিলেন। অধুনা ঐ মোসলমান রাজা সর্ব্বপ্রকারে মুমূর্ষু তথাপি এখনও তৎকালীয় প্রায় ঐ কুরীতি২ সমূহ ব্যবহারই চলিতেছে কিমাশ্চর্য্যমতঃপরং। যাহা হউক দর্পণপ্রকাশক মহাশয় আপনি সকলের হিতার্থী অতএব লোকেরদিগকে এই বোধ করা উচিত যে ক্লেশ নাশক সবিচারক বিদ্যানুরাগি ব্রিটিস গবর্ণমেণ্ট রাজ্যাধিপতি অতএব তাঁহারা কেন সংবর্দ্ধিতরূপে ঐ মাঙ্গলিক শুভ কর্ম্মের উপদেষ্টা করিতে উদ্যোগী না হন ইত্যালংং।

কস্যচিদেতদ্দেশীয়েক দর্পণপাঠকস্য।

their Governments still continue, how astonishing. Mr. Editor, as you seek the good of others, it is necessary early to inform the people that the British government is the destroyer of difficulties, just in judgment, and anxious to spread knowledge. Why therefore do they neglect the opportunity of embracing this liberal policy.

A Reader of the Durpun.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

মহাশয়ের গত ১৮ পৌষ শনিবাসরীয় দর্পণ দর্শনে প্রকাশ হইল যে ১৮৩৬ সালের ২০ ডিসেম্বর তারিখে ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে বিচারবিষয়ে অর্থাৎ মফঃসলের জজ সাহেব প্রভৃতির অবিচার হইলে সদর দেওয়ানী আদালতের সাহেবেরদের কর্ত্তৃক সেই অন্যায় ও অবিবেচনার হুকুম আপীল বিচারকালীন সংগ্রহপূর্ব্বক বার্ষিক রিপোর্ট সময়ে ঐ রিপোর্টের মধ্যে লিখিত হইয়া উক্ত কৌন্সেলে প্রেরিত হইবেক এ সংঐ দিবসের ঐ সকল বিষয়ের অন্য২ হুকুমেতে অত্যন্ত বিপর্য্যাপ্ত হর্ষ ও মহোপকারে মহাপ্যায়িত হইয়া শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে ধন্যবাদ দিয়া পূর্ব্বে এই বিচারবিষয়ে বিপর্য্যস্ত অমঙ্গল ঘটনের ও অবিচার হওনের ও শৈথিল্য থাকনের উপায় ছিল ও হইত অর্থাৎ জজ সাহেব প্রভৃতি এবং তদধীন বিচারভারাক্রান্ত মহাশয়েরা আপন আলস্যবশত প্রকৃত প্রস্তাবে যথার্থ বিচারের প্রতি মনোযোগী না হইয়া ষাণ্মাসিক নিয়মিত অর্থাৎ মাসকাবার প্রেরণকাল নিকটপ্রযুক্ত ব্যস্ত হইয়া মোকদ্দমা অবশ্য নিষ্পত্তি করিয়া আপন মাসিকসংখ্যক মোকদ্দমা নিষ্পত্তি দেওয়া অবশ্যক বোধে ডিক্রী ডিসমিস করিয়া মাসিক ভুক্ত করাই ধর্ম্ম জানিয়া এইরূপ কর্ম্ম নির্ব্বাহ করিতেন ইহাতে বিচার কি অবিচার তাহা যাহার ভাগ্যে যাহা হয় এবং কোন২ জজ সাহেব ও অন্য বিচারাধিপতি ধার্ম্মিক মহাশয়েরা অনুরোধপত্রের ও অনুরোধের অধীন হইয়া অনায়াসে একের সর্ব্বনাশে প্রবৃত্ত হইতেন। এইক্ষণে সকলে সে বিপদহইতে মুক্ত হওনের বিশেষ সম্ভাবনা বোধ হইতেছে। পূর্ব্বে যে আচরণ ছিল তাহাতে অন্যায় ও অবিচার হইলে ও করিলে কাহার কোন ব্যাঘাত হওনের উপায়মাত্র ছিল না যে যাহা করিত তাহার উত্তরাপত্তি হইত না। কেবলমাত্র যদি অবিচার হওয়া অন্য বিচারস্থলে প্রকাশ পাইত তবে অবিচারকারির কৃত নিষ্পত্তি অন্যথা হইত মাত্র আর কোন উপদ্রব ছিল না। সুতরাং এই ভরসাপ্রযুক্ত যাহার যাহা মনোনীত হইত তাহাই করিত। এইক্ষণে শ্রীলশ্রীযুক্ত বিচারবিষয়ে যে আজ্ঞা করিয়াছেন তাহাতে নিতান্ত ভরসা করি যে আর অবিচার হইবার ও অনুরোধ রক্ষার পথ রোধ হইল। তাহার কারণ যখন রাজা কৃপাবলোকন করিয়া কে কিপ্রকার সৎ কি অসদ্বিচারকরণের বিষয়ে অনুসন্ধান রাখণের সংকল্পিত হইলেন তখন আর কাহার সাধ্য অবিচার করে বোধ হয় না। যেহেতুক অবিচার করা নৃপতির নিকট ব্যক্ত হইলে তাহার প্রতিফল প্রাপ্তির সম্ভাবনা জানা যাইতেছে। হে সম্পাদক মহাশয় শ্রীলশ্রীযুক্ত দেশাধিপতি কি চমৎকার আজ্ঞা করিয়াছেন ইহার পর আর প্রজার কি সুমঙ্গল আছে কিন্তু যাঁহারা বিচারবিষয়ে অনুরোধ করিতেন তাঁহারদের প্রতি কি অমঙ্গল ঘটিয়াছে নিবেদন ইতি।

To the Editor of the Durpun.

SIR,—It appears from your Durpun of Saturday, 18th Pous, that on the 20th December, 1836, the Right Honourable the Governor General of India in Council has required the Court of the Sudder Dewannee Adawlut to notice in their annual report any serious defect that they may discover in the administration of Civil justice in the Mofussil, and bring it before Council. We are delighted with this order, and the other rules passed on that day; and with grateful hearts praise the Governor General Bahadoor. An effectual remedy will thus be applied to the Judicial Department, and to the carelessness and supineness of the functionaries from the Judge down to all under him, who often are very inattentive to their duty till the time arrives for giving in their monthly reports, and then they are all eagerness to get through the necessary number of causes, and decide them without any regard to the merits of the case. It then happens to the clients as their fortune may be, and as much is done on the strength of recommendations, many are thus ruined. But now we apprehend we shall be delivered from this calamity. Formerly there was no means of punishing those who were guilty of injustice. If it was brought before a higher tribunal the decree was only reversed. On this account persons did what they liked. But now we certainly hope from the above orders that injustice and improper favour will no longer be possible; because when the highest authority looks after what is just, and what is the contrary, who can do what is wrong? If any acts wrong it will come to his knowledge, and the person will reap his reward. How excellent, Mr. Editor, is this order that is passed! After this what distress can the people suffer? But those who have acted with partiality may expect trouble.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৸৹	॥৹	ঐ
২ ক্লাস	১	৸৹	ঐ
৩ ক্লাস	১৷৹	১৸৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৸৹	২	ঐ
৪ টাকার লোন	১৸৹	২	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৬০০—১৭০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st. Class,	0	4	0	0	
2d. Class,	0	5	0	0	
3d. Class,	4	0	8	8	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	11	8	10	8	
4 per Cent loan,	0	2	0	6	Disct.

Bank Shares.

Bank of Bengal .... Co's. Rs. 1600—1700.

সমাচার দর্পণ

১১২৫ সংখ্যা। বালম ১৯।] ৪ ফেব্রুয়ারি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ২৩ মাঘ। SATURDAY, FEBRUARY 4TH, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1125. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price 1 Rupee monthly.

ইশতেহার।

সরিফ আফিস।

২৪ জানুআরি ১৮৩৬।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৮ ফেব্রুআরি শনিবারে বেলা ঠিক দুই প্রহরের সময় শহর কলিকাতার ফোর্ট উলিয়মের ও তদন্তঃপাতি যে সকল স্থান তন্নিমিত্তে বঙ্গদেশে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট আপন ঘরে ওএর টরমিনর এবং আদমিরালতি অর্থাৎ মহাসমুদ্রসম্বন্ধীয় মোকদ্দমার নিষ্পত্ত্যর্থ এক সেসিয়ান অর্থাৎ মিছিল করিবেন।

T. HOLROYD, *Sheriff.*

ঐ সেসিয়ান যত কালপর্য্যন্ত বসিবেক তাহার প্রথম দিবস দুই প্রহরের সময় ও তাহার পর প্রতি দিবস দশ ঘণ্টার সময়ে বসিবেক তাহা সকলের স্মরণ রাখা আবশ্যক।

T. HOLROYD, *Sheriff.*

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৬ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব নবীনচন্দ্র গোস্বামীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সুতানুটিতে আহিরি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নবীনচাঁদ গোস্বামির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরিহর মুখুয্যের বাটী ও ভূমি। উত্তর দিগে সদর রাস্তা। পূর্ব্ব দিগে গগনমোহন গোস্বামির বাটী ও ভূমি। দক্ষিণ দিগে মদন দত্তের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৬ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হৌ ককেরল সাহেব গোবিন্দচন্দ্র শীলের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

ইশতেহার।

বিশেষতঃ কলিকাতানগরের সেণ্ট জেম্সটের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১০ ছয় কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গোবিন্দচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে নীলমণি মল্লিকের বাটী ও ভূমি। পশ্চিম দিগে ভবানীচরণ মল্লিকের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে কোম্পানির গলি। পূর্ব্ব দিগে বিশ্বনাথ নাহার রাইয়তী ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

আগ্রা ও বঙ্গরাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিসংক্ষিপ্তরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও কটকপ্রান্ত ও দক্ষিণদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

ইশতেহার।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি

সর্ব্বজনের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগ অর্থাৎ উদ্বাহতত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থে এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানা শাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে এই গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক উক্তি আছে এবং সপ্ত দ্বীপ ও তদন্তর্ব্বর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয় তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহারা গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কসরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৩৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

ইশতেহার।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪ ৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৩ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফোর্ট উলিয়ম ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট
২৫ জানুআরি ১৮৩৭।

বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর অবগত হইয়াছেন যে গবর্ণমেণ্টের যে কর্ম্মকারকেরা পয়সা লন বা দেন তাঁহারা ঘসা পয়সা পুনর্ব্বার চালানের উপযুক্ততা বিষয়ে কিছু স্থির করিতে পারেন না এই প্রযুক্ত সরকারী নানা দপ্তরের ব্যবহারের কিছুই ঐক্য নাই এবং এমত বিবাদও উপস্থিত হইয়া থাকে যে তাহা ভঞ্জন করা ভার অতএব এইক্ষণে সম্বাদ দেওয়া যাইতেছে যে পুরাণ ও ঘসা পয়সা পুনর্ব্বার চালান যায় কি না এই বিষয় নিশ্চয় করণার্থ টাকশালের অধ্যক্ষেরদের প্রতি পুনশ্চ ভার হইল। অতএব যে কর্ম্মকারকেরা সাধারণ ব্যক্তিরদের স্থানে পয়সা পাইয়া থাকেন তন্মধ্যে যে পয়সা ঘসা ও চলনের অযোগ্য ঠাহরেন এমত পয়সা তাঁহারা পূর্ব্ববৎ টাকশালে পাঠাইবেন কিন্তু যে পয়সা টাকশালে গ্রাহ্য হইয়া চলিত হইয়াছে এমত পয়সা সরকারী কোন কর্ম্মকারক অগ্রাহ্য করিতে পারিবেন না এবং যে পয়সা সাধারণ লোকেরা কোন কর্ম্মকারকের নিকটে লইয়া যান তাহা যদ্যপি অধিক ঘসা হয় এবং তাহার হরফসকল এমত অস্পষ্ট থাকে যে চলনের অযোগ্য তথাপি যদি তাহা প্রকৃত হয় তবে অগ্রাহ্য করিতে পারেন না।

বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুরের আজ্ঞাক্রমে এচ টি প্রিন্সেপ
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

২৬ জানুআরি ১৮৩৭।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের মুরশিদাবাদস্থ এজেণ্ট শ্রীযুত আনরবল ডবলিউ এচ এল মেলবিল সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ দশ দিনের ছুটি পাইয়াছেন।

২৫ জানুআরি।

শ্রীযুত ই জে হারিঙ্টন সাহেব ১৮৩৬। ৩৭ সালের মুশাহেরা প্রাপণার্থ উক্ত তারিখঅবধি কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

কোম্পানির কেরাণি শ্রীযুত এফ এ লসিংটন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর তাঁহাকে বঙ্গরাজধানীভুক্ত করিয়াছেন।

শ্রীযুত কে মর্চিসন সাহেব রিপলসনামক জাহাজারোহণে কলিকাতা রাজধানীহইতে প্রস্থিত হওয়াতে সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সামুএল জর্জ বনহাম সাহেব পুলোপিনাঙ্গ ও সিঙ্গাপুর এবং মালাক্কার গবরনর হইয়াছেন এই নিয়ম ভারতবর্ষহইতে শ্রীযুত মর্চিসন সাহেবের গমনোত্তর অর্থাৎ ২৫ ডিসেম্বর তারিখঅবধি চলিত হইবে।

শ্রীযুত বোনহাম সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত তামস চর্চ সাহেব উপরি লিখিত তারিখঅবধি সিঙ্গাপুরের রেসিডেণ্ট কৌন্সেলী পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত উলিয়ম বালহেচেট সাহেব পুলোপিনাঙ্গের রেসিডেণ্ট কৌন্সেলের আসিষ্টাণ্টী পদে নিযুক্ত হইয়াছেন এই নিয়ম তাঁহার কর্ম্মের ভার গ্রহণকরণ তারিখঅবধি চলিত হইবে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি জি বাইবার্ট সাহেব এই বৎসরের ছুটি লইয়া বিলাতগমনার্থ অনুমতি প্রাপ্ত্যর্থ দরখাস্ত করাতে সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুরের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ফ্রেদ্রিক ষ্টেনফোর্থ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বোম্বাই ও আলেকজান্দ্রিয়ার পথ দিয়া ১৮৩৬ সালের ২০ জুলাই তারিখে ইঙ্গলণ্ডে গমনার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন এবং গত মাসের ১ তারিখে বঙ্গরাজধানীর সীমাহইতে প্রস্থিত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন।

শ্রীযুত সি সি হাইড সাহেব উত্তমাশা অন্তরীপে গমনার্থ শ্রীযুত আর ডবলিউ বারলো সাহেব বিলাত গমনার্থ উইণ্ডসরনামক জাহাজারোহণ করিয়াছেন। শ্রীযুত আর ডবলিউ মাকসুএল সাহেব বিলাত গমনার্থ সেণ্ট জর্জ নামক জাহাজারোহণ করিয়াছেন এইসকল জাহাজ বর্ত্তমান মাসের ২১ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

কোম্পানির কেরাণি শ্রীযুত এফ এ লসিংটন সাহেব সরকারী কার্য্য নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত জর্জ এফ কোবর্ণ ও শ্রীযুত হেনরি মৌণ্টফোর্ড রিড সাহেব সিবিলসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হইয়া প্রথমোক্ত সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখে ও শেষোক্ত সাহেব ২০ তারিখে এতদ্দেশে পঁহুছিলেন এমত রিপোর্ট হইয়াছে।

অশুদ্ধ শোধন। ২১ জানুআরি তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুরের ১৮৩৭ সালের ২১ জানুআরি তারিখের হুকুমে লেখে যে শ্রীযুত কাম্বেল সাহেব গবর্ণমেণ্টের কলিকাতাস্থ মাসিল কালেকটরের প্রথম আসিষ্টাণ্টী পদে নিযুক্ত হইয়াছেন কিন্তু ঐ নাম জান কাম্বেলের পরিবর্ত্তে জেমস কাম্বেল পাঠ করিতে হইবে।

২৪ জানুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জে ডবলিউ টেম্পলর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মাকসুএল সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব বাখরগঞ্জের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত জি এফ ব্রৌণ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের রেবিনিউ ও সায়েরসায়েরী কমিসানরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি ফিলিফস সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব যশোহরের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত জে ডনবার সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ভাগলপুরের সিবিল ও সেসন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন কিন্তু শ্রীযুত জেমস সাহেবকর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেকটরের কার্য্যের ভার গ্রহণ করিবেন।

শ্রীযুত এচ এফ জেমস সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন কিন্তু বর্ত্তমান কর্ম্মহইতে মুক্ত হওনপর্য্যন্ত রঙ্গপুরের কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত সি জি উডনি সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত সারণের সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর ডবলিউ বারলো সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এফ কার্ড্য সাহেব মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জোসেফ রিড সাহেব ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের রেবিনিউ ও সায়েরসায়েরী কমিসানরের আসিষ্টাণ্ট হইয়াছেন।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব জিলা চব্বিশপরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটরের ক্ষমতানুসারে কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ ই রিড সাহেবের অনুপস্থান অবধি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি জি মাকিণ্টস সাহেব জিলা পুরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ ডবস সাহেব কর্ম্মে ইস্তফা দেওয়াতে শ্রীযুত জে গর্ডন সাহেব ছোট আদালতের তৃতীয় কমিসানর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
25th January, 1837.
NOTICE.

Mint.—The Right Honourable the Governor of Bengal having been informed, that the Public Officers of Government who receive and issue Pice in payments or exchanges have difficulty sometimes in determining as to the fitness of worn pice for circulation, and that in consequence the practice of different Officers is not uniform, and disputes ensue which there is no present means of settling, hereby gives notice, that the Officers of the Calcutta Mint have been appointed to decide finally upon the fitness of old and worn Pice for re-circulation. Officers receiving Pice from the public will as heretofore send to the Mint such as they may deem defaced and unfit for re-circulation, but no Public Officer will be entitled to reject as unserviceable pice sent from the Mint for reissue nor to refuse genuine Pice tendered by the public, however much worn, so long as the impression is sufficiently clear to place out of doubt the fact of their being genuine.

Published by Order of the Right Honourable the Governor of Bengal,

H. T. PRINSEP,
Sec. to the Govt. of Bengal.

CIVIL APPOINTMENTS.

26th January, 1837

The Honourable W. H. L. Melville, Agent to the Governor General at Moorshedabad, has obtained ten days' leave of absence to proceed to the Presidency, on private affairs.

25th January.

Mr. E. J. Harington has been permitted to resign the Honourable Company's Civil Service from this date, in order to retire upon an Annuity of the year 1836-37.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the Bengal Presidency Mr F. A. Lushington, Writer, reported qualified for the Public Service.

Mr. K. Murchison having taken his departure from this Presidency in the Ship *Repulse*, the Right Honourable the Governor of Bengal is pleased to make the following appointments:

Mr. Samuel George Bonham to be Governor of Prince of Wales' Island, Singapore and Malacca, to take effect from the date of Mr. Murchison's departure from India, viz. the 25th December last.

Mr. Thomas Church to be Resident Councillor at Singapore, vice Mr. Bonham from the present date.

Mr. William Balhetchet to be Assistant to the Resident Councillor of Prince of Wales' Island, from the date of his taking charge.

The Right Honourable the Governor of Bengal has complied with the application of Mr. T. G. Vibart, of the Civil Service, for leave to proceed to Europe on Furlough, in the present season.

Mr. Frederick Stainforth, of the Civil Service, obtained leave on the 20th July 1836, to proceed to England via Bombay and Alexandria, for one year, on private affairs, and reported his having left the limits of the Bengal Presidency on the 1st ultimo.

Mr. C. C. Hyde embarked for the Cape of Good Hope, and Mr. R. W. Barlow for Europe, on board the Ship *Windsor*, Mr. R. W. Maxwell embarked for Europe, on board the Ship *St. George*. These vessels were left by the Pilots at Sea on the 21st instant.

Mr. F. A. Lushington, Writer, is reported qualified for the Public Service by proficiency in two of the Native languages.

Messrs. George F. Cockburn and Henry Mountford Reid reported their arrival as Writers on this Establishment, the former on the 17th and the latter on the 20th instant.

Erratum in the Orders of the Right Honourable the Governor of Bengal, dated the 11th January 1837, published in the *Gazette* of the 21st January, appointing Mr. Campbell, 1st Assistant to the Collector of Govt. Customs at Calcutta—For "John" Campbell, read "James" Campbell.

24th January.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. J. W. Templer to officiate, until further orders, as Civil and Session Judge of Patna.

Mr. J. Staniforth to be Civil and Session Judge of Backergunge, vice Mr. Maxwell.

Mr. G. F. Brown to officiate, until further orders, as Commissioner of Revenue and Circuit of the 12th or Bhaugulpore Division.

Mr. J. F. Cathcart to be Civil and Session Judge of Jessore, vice Mr. C. Phillips.

Mr. J. Dunbar to officiate, until further orders, as Civil and Session Judge of Bhaugulpore, but to retain charge of the office of Magistrate and Collector of that District till relieved by Mr. James.

Mr. H. F. James to officiate until further orders, as Magistrate and Collector of Bhaugulpore, continuing in charge of his present duties at Rungpore till relieved.

Mr. C. G. Udny to officiate, until further orders, as Civil and Session Judge of Sarun.

Mr. F. Cardew to be Joint Magistrate and Deputy Collector of Monghyr, vice Mr. R. W. Barlow.

Mr. Joseph Reid to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 11th or Patna Division.

Mr. R. H. Snell has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in the 24-Pergunnahs.

Mr. G. G. Mackintosh to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of the second grade in Zillah Purnea, during the absence of Mr. F. E. Read.

Mr. G. J. Gordon to be Third Commissioner of the Court of Requests, vice Mr. A. Dobbs resigned.

The following officers have obtained leave of absence from their stations:

ঢাকার সিবিল ও সেসন জজ শ্রীযুত ডবলিউ ক্রেক্রাফট সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ গত ৪ অক্টোবর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের সিবিল ও সেসন জজ শ্রীযুত টি জি বাইবার্ট সাহেব বিলাত গমনের অনুমত্যর্থ দরখাস্ত করিয়া প্রস্তুত হইতে এক মাসের নিমিত্ত কলিকাতায় অবস্থিতিকরণের অনুমতি পাইয়াছেন।

পাবনার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জে বি ওগিলবি সাহেব গত মাসের ২৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি ফেব্রুআরি মাসের শেষপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বিহারের মাজিস্ত্রেট ও কালেকটরের আসিষ্টান্ট শ্রীযুত আর ডবলিউ হিউস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কলিকাতা রাজধানীতে আগমনার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৪ জানুআরি।

কোটার পলিটিকাল একেন্ট শ্রীযুত মেজর রস সাহেব গত ১৭ নবেম্বর তারিখের হুকুমে যে দশ মাসের ছুটি পাইয়াছেন তাহাসমেত স্বাস্থ্যার্থ পর্ব্বতে গমন করিতে গত মাসের ২৮ তারিখঅবধি এগার মাসের ছুটি পাইয়াছেন।

৩১ দিসেম্বর।

শ্রীযুত এস এস বোল্ডরসন সাহেব গত ৮ নবেম্বর তারিখে যে ১২ মাসের ছুটি পান তাহার অনুত্তীর্ণকাল আগামি মাসের ২০ তারিখঅবধি রহিত হইয়াছে।

২ জানুআরি।

শ্রীযুত এস এস বোল্ডরসন সাহেব প্রথম সংখ্যক অর্থাৎ মীরট প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত জে আর হচিনসন সাহেব ২ সংখ্যক অর্থাৎ আগ্রা প্রদেশের ঐ ঐ।

শ্রীযুত আর সি গ্লিন সাহেব মীরটের সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এফ ফ্রাঙ্কো সাহেব মীরটের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

৩ জানুআরি।

২ সংখ্যক অর্থাৎ আগ্রা প্রদেশের ডেপুটি কালেকটর শ্রীযুত জে লিন সাহেব গত ৬ দিসেম্বর তারিখে যে এক মাসের নিমিত্ত অতিরিক্ত ছুটি পান তাহার অনুত্তীর্ণকাল বর্ত্তমান মাসের ৩০ তারিখে অর্থাৎ যে তারিখে তিনি স্বীয় কর্ম্মের ভার গ্রহণ করিলেন সেই তারিখঅবধি রহিত হইয়াছে।

৭ জানুআরি।

পদাতিক সৈন্যের ৫১ সংখ্যক রেজিমেন্টের ইনসাইন শ্রীযুত এস এ আবট সাহেব রেবিনিউ সরবে ডিপার্টমেন্টের আসিস্টান্ট হইয়াছেন।

শ্রীযুত এচ রোস সাহেব বরেলির মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

৯ জানুআরি।

শ্রীযুত আর এস এস কাম্বেল সাহেব ফরক্কাবাদের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

২৩ জানুআরি।

আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত জে এম ব্রাণ্ডর সাহেব কর্ম্মে ইস্তফা দিয়া শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষের অধীনে নিযুক্ত হওয়াতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর তৎপদে মেঙ্গারওয়ারস্থ তৈনাতি সৈন্যের আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত হিউ মাক্লিন সাহেবকে ইন্দোরের রেসিডেন্টের চিকিৎসকতা কার্য্যে নিযুক্ত করিয়াছেন।

Mr. W. Cracroft, Civil and Session Judge of Dacca, for one month, in extension of the leave granted to him on the 4th October last, for the purpose of rejoining his station.

Mr. T. G. Vibart, Civil and Session Judge of Nuddeah, to remain at the Presidency, for one month, preparatory to his applying for leave to proceed to England on Furlough.

Mr. J. B. Ogilvy, Joint Magistrate and Deputy Collector of Pubna, to the end of February next, on Medical Certificate, in extension of the leave granted to him on the 13th ultimo.

Mr. R. W. Hughes, Assistant to the Magistrate and Collector of Behar, to proceed to the Presidency, on Medical Certificate.

14th January.

Major Ross, Political Agent at Kotah, is permitted to be absent for eleven months, from the 28th ultimo, to visit the Hills, for the benefit of his health, inclusive of the leave for ten months, notified in Orders of the 17th of November last.

31st December.

The unexpired portion of the leave of absence, for twelve months, granted to Mr. H. S. Boulderson, on the 8th November, is cancelled from the 20th proximo.

2d January.

Mr H. S. Boulderson to be Commissioner of Revenue and Circuit of the 1st or Meerut Division.

Mr. J R. Hutchinson ditto ditto of the 2d or Agra Division.

Mr. R. C. Glyn to officiate as Civil and Session Judge of Meerut.

Mr. G. F. Franco to officiate as Magistrate and Collector of Meerut.

3d January.

The unexpired portion of the extension of the leave of absence, for one month, granted to Mr. J. Lean Deputy Collector in the 2d or Agra Division, on the 6th December last, is cancelled from the 30th idem, on which date he resumed charge of his office.

7th January.

Ensign S. A. Abbott, 51st Regiment N. I. to be an Assistant in the Revenue Survey Department.

Mr. H. Rose to officiate as Magistrate and Collector of Bareilly.

9th January.

Mr. R. H. S. Campbell to officiate as Joint Magistrate and Deputy Collector of Furruckabad.

23d January.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to appoint Mr. Assistant Surgeon Hugh Maclean, of the Mhairwarrah Local Battalion, to the medical charge of the Residency at Indore, vice Assistant Surgeon J. M. Brander (resigned,) who is placed at the disposal of His Excellency the Commander-in-Chief.

সমাচার দর্পণ

SUMACHAR DURPUN.

শনিবার ৪ ফেব্রুআরি ১৮৩৭।

SATURDAY, 4TH FEBRUARY, 1837.

দিল্লীর শ্রীলশ্রীযুত বাদশাহের মুশাহেরা বৃদ্ধি।

উক্ত শ্রীযুক্ত বাদশাহের উকীল হইয়া প্রাপ্ত রামমোহন রায় ইঙ্গলণ্ডে গমন করিয়াছিলেন তিনি ঐ বাদশাহের মুশাহেরা মাসে ২৫০০০ অর্থাৎ বার্ষিক ৩ লক্ষ টাকাপর্য্যন্ত বৃদ্ধিকরণের চেষ্টা করিয়া তাহাতে কৃতকার্য্য হইয়াছিলেন। অবগত হওয়া গেল যে উক্ত বাদশাহের মুশাহেরা বৃদ্ধিকরণের এই নিয়ম হইবে যে উত্তরকালে ঐ বাদশাহ বা তদীয় কোন পরিজন ইঙ্গলণ্ডীয় বাদশাহের প্রতি আর কোন দাওয়া না করেন। ইঙ্গলণ্ডীয় রাজকর্ম্মকারকেরা ৪ বৎসরঅবধি উক্ত প্রকার মুশাহেরা বৃদ্ধি স্থির করিয়াছেন কিন্তু অবগত হওয়া গেল যে কেবল বর্ত্তমান বৎসরের প্রথমেই তাহার দান আরম্ভ হইবে। দিল্লীর শ্রীযুক্ত বাদশাহ রামমোহন রায়ের সঙ্গে এই বন্দোবস্ত করিয়াছিলেন যে রাজবংশ্যের নিমিত্ত যত টাকা বৃদ্ধি করিতে পারিবেন তাহার দশমাংশ আপনাকে ও আপনার পুত্র পৌত্রাদিক্রমে পরিবারকে দেওয়া যাইবে এইক্ষণে রামমোহন রায়ের পুত্র দিল্লীতে এই অঙ্গীকৃত বিষয় সিদ্ধকরণের চেষ্টায় আছেন ভরসা হয় যে তাহাতে কৃতকার্য্যও হইবেন।

সওদাগরী গুদাম।

পুরাতন খাতাবাটী ক্রয়করণার্থ উক্ত গুদামের কমিটিরা যে ১৮০০০০ টাকা দিতে চাহিলেন তাহাতে গবর্ণমেণ্ট সম্মত হইয়াছেন। বনাৎ গুদামের একং কাটা ভূমির মূল্য হাজার টাকা তদ্ভিন্ন ইমারতের মূল্যও দিতে হইত অতএব তাহা ক্রয় না করিয়া ইহা ক্রয় করাতে লভ্য হইয়াছে। উক্ত কমিটির নিয়ম ও ইমারত নির্ম্মাণের বন্দোবস্তকরণার্থ কল্য এক বৈটক হওনের কল্প ছিল। গবর্ণমেণ্ট অতি বদান্যতাপূর্ব্বক ঐ বাটীর মূল্য ক্রমেং লইতে স্বীকৃত হইয়াছেন অর্থাৎ যদনুসারে তাহাতে ইমারত গ্রস্থন হইবে তদনুসারে লইবেন। অতএব এইক্ষণে ঐ মূল্যের তিন ভাগের এক ভাগমাত্র দিতে হইবে।

ইণ্ডিয়া বেঙ্ক

উক্ত বেঙ্কের প্রস্তাবিত কল্পনার স্থূল নিয়ম কলিকাতার সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে এবং ঐ বেঙ্কের চার্টর প্রাপণার্থ শ্রীশ্রীযুত বাদশাহের হজুর কৌন্সেলে লণ্ডন ও ইঙ্গলণ্ডের অন্যান্য শহরের সওদাগরেরা যে দরখাস্ত করেন তাহাও তৎপ্রতি প্রকাশ হইয়াছে। ঐ বেঙ্কের অধ্যক্ষেরা এমত বিবেচনা করেন যে যেপর্য্যন্ত চার্টর অর্থাৎ রাজ পরওয়ানা পাওয়া না যায় সেইপর্য্যন্ত কৃতকার্য্যতার সম্ভবনা নাই। অপর এক সম্বাদপত্রে লেখে যে কোর্ট অফ ডৈরেক্টরের যে এক জন প্রধান মেম্বর পূর্ব্বে ভারতবর্ষীয় রাজস্বের তত্ত্বাবধারকতা কার্য্যে নিযুক্ত ছিলেন এই বেঙ্কের কার্য্য সফল হইলে তাঁহার কিঞ্চিৎ লভ্য হইতে পারে।

দেউলিয়ারদের ইস্টেট।

ইনশালবেণ্ট আদালতের গত শনিবাসরীয় বৈঠকে নীচে লিখিতব্য মত পুনশ্চ ডেবিডেণ্ড দেওনার্থ হুকুম হইয়াছে বিশেষতঃ

আলেকজান্দর কোং শতকরা....		৩
কালবিন কোং	ঐ	৭॥
ক্রুটণ্ডন মাকিলপ কোং	ঐ	১৫

ইনশালবেণ্ট আদালতের আগামি বৈঠকে ফারগিসন কোম্পানির ইস্টেটহইতে আরো শতকরা ১০ টাকা করিয়া ডেবিডেণ্ড দেওনের হুকুম হইতে পারে। যত টাকার নিমিত্ত এই ছয় ঘর দেউলিয়া হয় তদ্বিষয়ক অতিভ্রমাত্মক জনরব ব্যক্ত হওয়াতে কুরিয়রসম্পাদক মহাশয় অতিপ

Increase of the Allowances of the King of Delhi.

The late Ram Mohun Roy who proceeded to England as the envoy of the King of Delhi, succeeded in obtaining for him an increase of 25,000 Rs. a month, or 3 lakhs of Rupees a year, to his pension, and we have understood that this increase was to be allowed him on condition that he should receive it in lieu of all future claims on his own part, or on the part of any members of his family on the British. This augmentation has now been sanctioned for four years by the home authorities, but we now learn that it has begun to be paid only from the beginning of this year. The King of Delhi engaged with Ram Mohun Roy that the tenth of any increase which he might be successful in obtaining for the Royal family, should be paid in perpetuity to the family of Ram Mohun Roy. The son of Ram Mohun Roy is now at Delhi endeavouring to secure the fulfilment of this promise, and we hope he will be successful.

Bonded Warehouses.

Government have accepted the offer of the Bonded Warehouse Committee of 1,80,000 Rupees for the old Import Warehouse premises. This purchase will be found more economical than would have been that of the Export Warehouses, which were valued at 1000 Rupees a Cottah, besides a large sum for the buildings standing on them. A meeting was to have been held yesterday for the purpose of organizing the Company and making arrangements for commencing the buildings forthwith. Government have liberally engaged to apportion the payment of the purchase money for the ground, according as it shall be occupied, so that only a third of the money will be required immediately.

Bank of India.

The heads of the proposed plan of the Bank of India have been published this week in the Calcutta papers, together with the application from the merchants of London and other cities and towns in England to His Majesty in Council for a charter. The Projectors of the Bank consider that they have little chance of success until they have been successful in obtaining the charter. It is stated in a cotemporary journal that an influential member of the Court of Directors, formerly engaged in managing the finances of India, is interested in the success of the scheme.

The Insolvent Estates.

Farther Dividends were ordered to be paid in the Insolvent Court held on Saturday last, in the following proportions :

Alexander and Co. —*Three per cent.*

Colvin and Co.—*Seven and a half per cent.*

Cruttenden, Mackillop and Co.—*Fifteen per cent.*

At the next sitting of the Insolvent Court, it is expected that a farther dividend will be declared on the Estate of Fergusson and Co. of *Ten per cent.*

রিশ্রমপূর্ব্বক এইক্ষণে ঐ সকল হৌস হইতে যত টাকার উপরে ডেবিডেণ্ড দেওয়া যাইতেছে তাহার হিসাব করিয়া যদ্রূপ লেখেন তাহা অর্পণ করা গেল বিশেষতঃ

	সিক্কা টাকা।
আলেকজান্দর কোং ………	৩,৭৬,০০,০০০
কালবিন কোং …………	৯৫,০০,০০০
ক্রুটেণ্ডেন মাকিলপ কোং …	১,১৭,৩৩,০০০
ফারগিসন কোং ………	২,৮০,০০,০০০
মাকিণ্টস কোং …………	২,৫৬,০০,০০০
পামর কোং ………………	২,৫৫,০০,০০০
সর্ব্বসুদ্ধ	১৩,৭৯,৩৩,০০০

কারাগারের উত্তম নিয়মকরণ।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে হুগলির জেহেলখানার বন্দুয়ানেরদের খোরাকি দেওনের সুনিয়ম করা গিয়াছে যেহেতুক তদ্বিষয়ক এক সাধারণ পত্র শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের নিকটে প্রেরিত হইয়াছে।

রেবিনিউ সদর বোর্ড।

কএক জন কালেক্টরের খাতাতে অনেক বৎসরাবধি যে বহু সংখ্যক মিথ্যা নাম লেখা যাইতেছে অর্থাৎ তন্মধ্যে কতক ১৭৮৬ শালঅবধিও লিখিত আছে ঐ সকল নাম কাটিয়া ফেলিবার নিমিত্ত গবর্ণমেণ্ট ১৮২৬ শাল ও তৎপূর্ব্বপর্য্যন্ত যে সকল বকেয়া খাজানার আদায় সম্ভাবনা নাই তদ্বিষয়ের এক রিপোর্ট চাহিয়াছেন। অতএব বোর্ডের অধ্যক্ষেরা সাধারণ পত্রের দ্বারা এমত হুকুম দিয়াছেন যে কএক জিলার রেবিনিউসম্পর্কীয় কর্ম্মকারকেরদের খাতায় লিখিত সরকারের প্রাপ্য খাজানার আদায় সম্ভাবনা না থাকিয়াও যাহা কালেক্টরী খাতায় তোলা যাইতেছে তদ্বিষয়ক এক ফর্দ প্রাপ্ত হন তাহার অভিপ্রায় এই যে ঐ সকল হিসাব খাতাহইতে উঠিয়া ফেলা যায়।

ব্যাঘ্রকর্ত্তৃক মনুষ্য লওন।

সংপ্রতি এক নৌকার নাবিকেরদের মধ্যহইতে এক ব্যক্তিকে বাঘে লইয়া গিয়াছে ঐ দাঁড়ি মাজিরা খাজরী ও তাহার কিঞ্চিৎ উত্তর এক টেঁকের মধ্যে নামিয়াছিল। এক মাসের মধ্যে ঐ হিংস্র পশুরা ইহাকে লইয়া আট ব্যক্তিকে সংহার করিয়াছে।

কৃত্রিম টাকা।

এইক্ষণে দস্তা ও তাম্রনির্ম্মিত বহু সংখ্যক কৃত্রিম টাকা চলিতেছে। ঐ সকল টাকা এমত আশ্চর্য্যরূপ অবিকল নির্ম্মিত হইতেছে যে বণিকব্যতিরেকে কেহই কৃত্রিম ঠাহরাইতে পারে না।

তহবীল ভাঙ্গন।

সংপ্রতি মেদিনীপুরের কালেক্টরী আপীসে যে তহবিল ভাঙ্গা ও চাতুরী প্রকাশ পাইয়াছে তাহার অনেক অনুসন্ধানেতে দৃষ্ট হইল যে গবর্ণমেণ্টের পেনসিয়ন অর্থাৎ বৃত্তিভোগি কএক জন পরদানসিনের মৃত্যুর পরেও অনেক বৎসরপর্য্যন্ত তাহারদের প্রতিনিধিরদিগকে ঐ পেনসিয়ন দেওয়া যাইতেছে এইক্ষণে ঐ কালেক্টরীর সাধারণ আসিষ্টাণ্টেরদের তত্ত্বকার্য্যের বিষয়ে অতিশক্তাশক্তিরূপে তদারক হইতেছে। সংপ্রতি তদ্বিষয়ের তত্ত্বাবধারণার্থ গবর্ণমেণ্ট শ্রীযুত ডনেলি সাহেবকে নিযুক্ত করিয়াছেন।

ভারতবর্ষে ধর্ম্মোপদেশকের সংখ্যা বৃদ্ধি।

কথিত আছে যে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা ভারতবর্ষস্থ ধর্ম্মোপদেশকের সংখ্যা বৃদ্ধির নিশ্চয় করিয়াছেন

As very erroneous impressions have gone abroad respecting the amount for which the six old houses failed, the Courier has been at the pains of ascertaining the exact amount upon which dividends are now paid, and they stand as follows: –

	Sa. Rs.
Alexander and Co.	3,76,00,000
Colvin and Co.	95,00,000
Cruttenden, Mackillop & Co.	1,17,33,000
Fergusson and Co.	2,80,00,000
Mackintosh and Co.	2,56,00,000
Palmer and Co.	2,55,00,000
Total Sa. Rs.	13,79,33,000

Prison Improvement.

We are happy to learn that the improvement in the mode of dieting the prisoners, introduced in the Hooghly jail, will be introduced elsewhere, a circular to that effect having been addressed to the Magistrates.

Sudder Board of Revenue.

With a view to dispose of a vast number of mere nominal entries that have for years encumbered the books of the several collectorates some of them bearing date as far back as 1786, the Government have called for a report of arrears antecedent to 1826, which are considered irrecoverable. The Board have therefore issued a circular, calling for a return of all sums appearing on the books of the revenue officers in the several districts as arrears due to Government, but of which the recovery is absolutely hopeless, with the view of recommending them to be written off the revenue accounts.

A man carried away by a tiger.

A man was recently carried away by a tiger, from among a boat's crew which had landed between Kedgeree and Mud Point. This is the eighth person destroyed by these brutes within a month.

Counterfeit Rupees.

A large number of counterfeit Rupees composed of pewter and copper, is now in circulation; and they are so admirably constructed, that few persons, besides the money changers, could detect the fraud.

Embezzlement.

In the course of the enquiry into the recently discovered embezzlements and frauds in the office of the Midnapore Collector, it has been found that the Government pensions of some individuals have for many years been continued to be paid to the representatives of certain purdah nusheen's long since deceased. A rigid enquiry is now going on into the conduct of the uncovenanted assistants of the Collectorate, and Government have deputed Mr. Donnelly to conduct the investigation.

Ecclesiastical Appointments in India.

It is said that the Court of Directors have determined to increase the strength of the Ecclesiastical Establishment in India, and that hereafter Chaplains on

এবং উত্তরকালে ধর্ম্মোপদেশকেরা কর্ম্মে প্রথম নিযুক্ত হওনসময়ে যে ৮০০ টাকা পাইয়া থাকেন তাহা না পাইয়া কএক বৎসরের নিমিত্ত মাসিক কেবল ৫০০ টাকা করিয়া পাইবেন।

ঠগ।

অবগত হওয়া গেল যে মহীশূরে ভারি এক দল ঠগ ধৃত হইয়াছে এবং তদ্বিষয়ে অতিপ্রামাণিক সাক্ষ্য পাওয়া গিয়াছে অতএব তাহারদের অপরাধের নিশ্চয় সম্ভবনা বটে।

পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন যে ভারতবর্ষহইতে ঠগেরদের সমূলোৎপাটনার্থ বৃটিশ গবর্ণমেণ্ট মহোদ্যোগ করিতেছেন। অধিকন্তু ঠগেরদের আড্ডা অনুসন্ধান করিয়া তাহারদিগকে বিচারস্থলে আনয়নার্থ বিশেষ২ কর্ম্মকারককে নিযুক্ত করিয়াছেন।

নীচে লিখিতব্য বিবরণে দৃষ্ট হইতেছে যে ভারতবর্ষস্থ অন্যান্য প্রদেশের মত বঙ্গদেশহইতেও ঠগ বর্ত্তির হইয়া থাকে। সংপ্রতি দক্ষিণদেশস্থ ধারোয়ারনামক স্থানে মাজিস্ত্রেট শ্রীযুত বারবর সাহেব ১৫ জন ঠগকে ধৃত করিয়াছেন। তাহারা আপনারদিগকে পক্ষধারি বলিয়া দক্ষিণদেশ দিয়া ভ্রমণ করিতেছিল কিন্তু বোধ হইল যে তাহারা ঠগ। তাহারদের মধ্যে এক ব্যক্তি কবুল করিয়াছে যে আমি ঠগ বটি এবং ইহার আড়াইমাস পূর্ব্বে ধারোয়ার জিলাতে আমারদের দল আসিয়াছিল ঐ জন দেশপর্য্যটককে হত্যা করিয়া তাহারদের শব ও পুস্তকাদি কাগজপত্র একটা কূপের মধ্যে ফেলিয়া দিয়াছে। অন্য ব্যক্তিরা কহিল যে আমরা পক্ষধরব্যবসায়ব্যতিরেকে অন্য কর্ম্ম করি না কলিকাতার এক জন মহাজন আমারদিগকে ৫ টাকা করিয়া বেতন দিয়া এই কর্ম্মে নিযুক্ত করিয়াছেন। ঐ ঠগেরা জিলা চট্টগ্রামহইতে আসিয়াছিল এবং তাহারদের সঙ্গে বাঙ্গলা অক্ষরে লিখিত এক খান লিপি ছিল তাহারা কহিল যে এই লিপি আমারদের রাহাদারির পাশ। ঐ ঠগেরা প্রতিবৎসরেই শ্রীক্ষেত্রের রাস্তা দিয়া দক্ষিণ ভারতবর্ষে আসিয়া তাবদ্দেশ ভ্রমণ করে।

সকলেই অবগত আছেন যে শ্রীক্ষেত্র তীর্থে যাঁহারা যাত্রা করেন তাঁহারদের অনেক প্রায় প্রত্যাগত হন না। তদ্বিষয়ে এমত অনুভব হয় যে রাস্তার কিঞ্চিদন্তরে ঠগেরা ঐ যাত্রিরদিগকে ফুসলাইয়া আনিয়া খাসরোধকরত হত্যা করে পরে সর্ব্বস্ব লুটিয়া লয়।

আমারদের বিলক্ষণ স্মরণ আছে যে প্রায় আট বৎসর হইল এই শহরহইতে ৭।৮ জন গয়াধামে যাত্রা করিয়াছিল কিন্তু তাহারদের আর প্রত্যাগমন হইল না তাহারদের কোন লিপ্যাদি বা সম্বাদ বার্ত্তা কখন পাওয়া যায় নাই অতএব তাহারা ঠগহস্তে যে পতিত হইয়াছে সন্দেহ নাই।

গঙ্গাসাগরের মেলা।

প্রতি বৎসর প্রায় দিসেম্বর মাসের মধ্যসময়ে অনেক নৌকা ও মাড়সাগর উপদ্বীপের এক টেঁকে একত্রহইতে আরম্ভ হয়। ঐ স্থানে যে এক মন্দির আছে তাহা লোকে কহে যে ১৪০০ বৎসর হইল গ্রথিত হইয়াছে ঐ মন্দিরে কপিল মুনিনামে প্রসিদ্ধ দেবরূপ এক শিল্প মূর্ত্তি স্থিত আছেন। রামায়ত বৈরাগ ও সন্ন্যাসিরদের মধ্যে অন্যান্য জাতীয়েরা তাঁহাকে অতিপূজ্য করিয়া মানেন। ইঙ্গরেজী ৪৩৭ সালে ঐ মন্দির গ্রথিত হইলে জয়পুর রাজ্যস্থ গুরুসংপ্রদায়কর্ত্তৃক উক্ত সিদ্ধর্ষি প্রতিষ্ঠিত হন। এবং উক্ত মন্দিরে ৪০ বৎসরে দর্শনীর যত টাকা

their first appointment will receive only 500 Rupees a month for a certain period, instead of nearly 800 Rupees, the present salary. Two nominations have taken place in England upon this footing.

Thugs.

We hear that a large party of Thugs has been seized in Mysore, and that very strong evidence has been found against them, and it is therefore highly probable that they will be found guilty.

Our readers are aware that the British Government are making the most strenuous exertions to root out Thuggery from India, and that Officers have been especially appointed to discover the haunts of the Thugs and to bring them to trial.

The following account shews that Bengal furnishes its Thugs as well as the other provinces of India.

Mr. Barber, the Magistrate of Dharwar in the Deccan, recently arrested fifteen men, who were travelling through the south, nominally as bird catchers, but who were it is supposed Thugs. One of their number confessed that he was a Thug, and that two months and a half before his party had arrived in the Dharwar district, they had murdered three travellers and thrown their bodies together with books and papers into a well. The others however deny that they are engaged in any other trade but that of bird catchers; and that they are employed by a Mahajun in Calcutta at 5 Rupees a month. They were from the district of Chittagong, and had with them a paper written in the Bengalee character which they said was a *Rahadary*, or pass. They annually enter the south of India by way of Juggernath, and travel through the whole land.

It is well known that a very great number of those who go on pilgrimage to Juggernath never return; and it is strongly suspected that they are decoyed by these Thugs to a little distance from the road, and strangled and plundered.

We remember well, that about eight years ago, a party of seven or eight individuals started from this town on pilgrimage to Gya, but never returned. Not a single line was ever received from any of them, and no intelligence was ever obtained respecting them. There can be little doubt that they fell victims to the Thugs.

Mela at Saugor.

About the middle of every December a number of boats and rafts begin to collect at a point of Saugor island, just where an old pagoda, or temple, has been known to stand for the last fourteen hundred years. The temple contains an idol named Cafeel Menee, held in great veneration by the Rumta Byragees, and the several castes of Sunyasees. The temple was built in the year 437 A. D. when the idol was deposited in it by the Gooroos of the state of Jeypore, and the collections made so lately as forty years ago, became in succession the right of one

পড়ে তাহা পর্য্যায়ক্রমে জয়পুরস্থ রামানন্দনামক এক ব্যক্তি গুরুর অধিকৃত ছিল তাঁহার মৃত্যুর পরে ঐ অধিকার রাজগুরু শিবানন্দের হইল। তিনি বাঙ্গলা ১২ ৩৩ সালে ঐ মন্দির দর্শন করিতে আইসেন। এবং মেলার যোগের পরে কলিকাতায় আসিয়া একটা বন্দোবস্ত করত মেলার বার্ষিক উৎপন্ন টাকা সাত আকড়া অর্থাৎ দিগম্বর ও খাকি ও সন্তুকি ও নির্মহী ও নির্ব্বাণী ও মহানির্ব্বাণী এবং নিরালম্বীতে এক২ শত করিয়া বিভাগ করিয়া দেন। এবং এমত হুকুম করেন যদি ইহার অতিরিক্ত কিছু থাকে তবে ঐ মন্দিরের মেরামতে ব্যয় করা যায়।

বর্ত্তমান বৎসরের গত দিসেম্বর মাসের শেষে উক্ত তীর্থ মেলারম্ভ হইয়া ১৬ জানুআরি পর্য্যন্ত ছিল। ঐ যাত্রাতে সহ পিনিস ও ভাউলিয়া ও ক্ষুদ্র২ মাড় ইত্যাদি একত্র হইয়াছিল তৎসংখ্যা ৬০ হাজারের নূ্যন নহে এমত অনুমান হইয়াছে। এবং ভারতবর্ষের অতিদূর দেশ অর্থাৎ লাহোর দিল্লী অযোধ্যা ও শ্রীরাম পাটন ও বোম্বাইহইতে যে বহুতর যাত্রী সমাগত হইয়াছিল তৎসংখ্যা ৫ লক্ষের নূ্যন নহে এবং এই তীর্থ যাত্রাতে ব্রহ্ম দেশহইতেও অধিকতর লোক আসিয়াছিল। ভারতবর্ষের চতুর্দ্দিকহইতে বাণিজ্যকারি সওদাগর ও ক্ষুদ্র২ দোকানদারেরা যে ভূরি২ বিক্রেয় দ্রব্য আনয়ন করিয়াছিল তাহা লক্ষ টাকারো অধিক হইবে

ঐ মাসের ১৫ তারিখে যাত্রি লোকেরা স্নানপূজা ও দানাদি স্থান সঙ্কীর্ণতাপ্রযুক্ত অতিকষ্টে সম্পন্ন করিয়া প্রস্থান আরম্ভ করিল। এত জনতাতেও কোন প্রকার উৎপাত ও দাঙ্গা হঙ্গাম হয় নাই। যাত্রিরা কলই বোধ করিলেন যে অতিদুষ্প্রাপ্য ধর্ম্ম লাভ করিয়া এইক্ষণ আমরা স্ব২ গৃহে প্রত্যাগমন করি। কিন্তু ঐ মাসের ১৬ তারিখে ঐ দেবালয়ে প্রাণিমাত্রর [illegible] না ঠাঁহার একাকী পড়িয়া থাকিতে হইল।

জয়পুরস্থ অপরাধী।

জয়পুরহইতে আগত বর্ত্তমান মাসের ১৬ তারিখের পত্রে লেখে রাজদ্রোহাপরাধি যোধারাম ও ফতেলাল এই দুই ব্যক্তির কয়েদ হওনার্থ পাদাতিক সৈন্যের ৫২ রেজিমেণ্টের ও তৈনাতি অশ্বারূঢ়েরদের তৃতীয় রেজিমেণ্টের এক দল সৈন্য সওয়ারের সমভিব্যাহারে কল্য পূর্ব্বাহ্নে চণ্ডাল গড়ে প্রেরিত হইবে।

পঞ্জাবে গোলাম ক্রয় বিক্রয়করণ নিষেধ।

এতদ্দেশীয় সম্বাদ পত্রে লেখে যে শ্রীযুত রাজা রণজিৎ সিংহ স্বীয় রাজ্যের মধ্যে গোলাম ক্রয় বিক্রয়করণ নিষেধ করিয়াছেন এবং ঐ ব্যবহার নিবারণার্থ অতি কঠিন এক আইন জারী করিবেন।

নূতন বাষ্পীয় জাহাজ।

বোম্বাইহইতে আগত এক পত্রে লেখে লুফ সমুদ্র পথে নিযুক্ত হওনার্থ যে দুই বাষ্পীয় জাহাজ নির্ম্মিত হইয়া গত সেপ্তেম্বর মাসে ইঙ্গলণ্ডহইতে প্রস্থিত হওনের কল্প ছিল তাহা আরো দুই তিন মাস অতীত না হইলে ভারতবর্ষে পঁহুছনের সম্ভাবনা নাই।

গুমসর।

দৃষ্ট হইতেছে যে গুমসরের যুদ্ধ শেষ হওনের কোন পথ অদ্যাপি হয় নাই।

Ramanund Gooroo of Jeypore also; and at his death, the right was inherited by Sewanund Raj Gooroo, who, in the year 1233 B. S. visited the temple, and after the Mela came to Calcutta, and by deed of settlement, left the annual proceeds to seven Auckarahs (villages) named Deggumber, Khackee Suntookee, Neermoohy, Neervany, Mohaneervany and Neeralumbee, to be divided between them in the sum of a hundred rupees each, and of any overplus to be appropriated to the repairs of the temple

The Mela at the present year commenced at the latter end of December last, and continued up to the 16th of the present month. The assemblage of pinnaces, bhauleahs, and smaller craft amounted to sixty thousand, and pilgrims and visitors were computed at five hundred thousand people, from the remotest parts of India, from Lahore, Delhi, Oude, from Seringapatam, Bombay; and many from the Burmese states, comprised the great multitude at the Mela. Merchants and petty foggers from every corner of India resorted to it with wares and articles of Indian consumption, to the amount of more than a lakh of rupees.

About the fifteenth of the month, the multitude of beings began to disperse, after having performed the ablution, and worship, making pecuniary bestowals with curious rigidity. There was not an instance of assault or outrage of whatsoever description, and every person seemed to return to his or her respective home, conscious of having gained some incomprehensible virtues, and on the 16th of January the idol was left to enjoy its solicitude. *Hurkaru.*

Jeypore State Criminals.

A letter from Jeypore of the 16th instant, mentions that the state criminals, Jotha Ram and Futh Lal, were to be marched off the next morning for Chunar, escorted by three Companies of the 52d Regiment N. I. and a party of Suwars of the 3d Local Horse.

Suppression of Slavery in the Punjab.

The Native newspapers state, that Runjeet Sing has forbidden Slavery throughout his dominions, and that he is about to pass a very severe enactment for its suppression.

New Steamers.

A letter from Bombay states, that the two Steamers built in England for service in the Red Sea, and which it was at first said would have been ready to leave England in September last, are not likely to reach India for two or three months to come.

Goomsoor.

No progress seems to be making at Goomsoor towards bringing the war to

দোরাবিসাই অদ্যাপি ধরা পড়ে নাই কেবল ইহাও নহে কিন্তু তাহার কোন অনুসন্ধানও পাওয়া যায় নাই যদ্যপি তদ্বিষয়ে বহুতর উদ্যোগ করা যাইতেছে তথাপি অতিশীঘ্র ঐ সরদারের যে গোপনীয় স্থান লক্ষিত হইবে এমত বোধ হয় না

চীন দেশ।

চীন দেশহইতে শেষাগত সম্বাদপত্রে ২৩ দিসেম্বর তারিখপর্য্যন্তের বার্ত্তা লেখে সর্ব্বসাধারণ লোকই এমত অনুভব করিয়াছিলেন যে কাণ্টনলগরে এইক্ষণে বাদশাহের যে কমিস্যনর আছেন তিনি আফীঙ্গ বাণিজ্যের অনুমতি দিবেন কিন্তু ইতিমধ্যে আফীঙ্গের আমদানী না হইতে পারে এতদর্থ অতিকড়াকড়ী হইয়াছে আফীঙ্গের বাণিজ্যকারক অনেক ধরা পড়িয়াছে তন্নিমিত্ত অনেক দালালও পলায়ন করিয়াছে এবং নৌকারো গমনাগমন রহিত হইয়াছে অতএব প্রায় তাবৎ কর্ম্ম স্থগিত। [illegible] এক জন সওদাগর দেউলিয়া [illegible] সম্ভাবনা

বোধ হয় পাঠক মহাশয়েরদের মধ্যে কেহ২ জ্ঞাত [illegible] ঐ সকল ভিন্নদেশীয় সওদাগরেরা কাণ্টনের বন্দরে বাণিজ্য করেন [illegible] বন্দরে অবস্থিতি করণের অনুমতি [illegible] কিন্তু তাঁহারদের কার্য্য সম্পন্ন হইলে কাণ্টন নদীর মুখবর্ত্তি মাকাওনামক এক উপদ্বীপে প্রত্যাগমন করিতে হইবে। [illegible] এই হুকুমের বড় একটা [illegible] [illegible] কাণ্টন নগরের বাণিজ্য কুঠিতেই অবস্থান করিতেছিলেন এইক্ষণে তাঁহারদের উঠিয়া যাইতে হুকুম বাহির হইয়াছে। এবং প্রধান সওদাগরেরদের মধ্যে কোন২ ব্যক্তিকে কেবল চারিমাস অবস্থিতিকরণের মিয়াদ দেওয়া গিয়াছে

প্রিন্সেস বিক্টোরিয়া জাহাজের বিনাশ।

গত সপ্তাহে প্রকাশ করা গিয়াছিল যে গত বৎসরে যে প্রিন্সেস বিক্টোরিয়া জাহাজ এতদ্দেশহইতে প্রস্থিত হয় [illegible] বার্বো উপদ্বীপহইতে কিঞ্চিদ্দূরেই [illegible] [illegible] [illegible]

চুঁচুড়ার মোকদ্দমা।

[illegible] চুঁচুড়ার মোকদ্দমার বিবরণ দর্পণে প্রকাশ করিতে কোন ব্যক্তি আমারদিগকে [illegible] করাতে ঐ বিষয়ের [illegible] কেবল [illegible] [illegible] কারবলি মহম্মদ [illegible] বাসার্থ পুরুষ ও স্ত্রী লোকেরদের বাসার্থ দুই মহল এক বাটী প্রস্তুত করিয়া তাহাতে প্রতি বৎসর মহরমের ব্যাপার সম্পাদন করিতেন। এবং তাঁহার মৃত্যুর পরেও ঐ মহোৎসবের সমারোহের ক্রটি না হয় এতদর্থ তিনি দানপত্রের দ্বারা কতক ভূমি নিরূপিত করিয়া যান। তাহার অভিপ্রায় যে ঐ ভূমির রাজস্বহইতে ঐ বার্ষিক উৎসবের ব্যয়ার্থ ৮০০ টাকা করিয়া দেওয়া যাইবে। উক্ত মহাশয়ের মৃত্যুকালে ঐ বাটীর রক্ষণাবেক্ষণের তাবৎ ভার আপনার পুত্র শ্রীযুত মীর্জা মহম্মদ রুজা এবং ঐ রুজার উত্তরাধিকারিরদের প্রতি অর্পণ করেন। তিনি বার্ষিক মহরমের কার্য্য সম্পন্ন করত ঐ বাটীতেই বাসকরিতেন কিন্তু মীর্জার পরলোকানন্তর শ্রীযুত হাজি কারবলির দৌহিত্র শ্রীযুত হাজি আলি ও শ্রীযুত আগা সফর আলি প্রায় ত্রিশ বৎসর হইল ইরাণহইতে এতদ্দেশে আগমন করিয়া বহুকালপর্য্যন্ত ঐ বাটীতে বাস করত স্বীয় মাতামহ ও ম

a conclusion; Dora Bessoye is still at large, and not only so, but all traces of him, it would appear, are lost: and notwithstanding great exertions are being made, it is doubtful if the place of concealment of this chief will be very soon discovered. *Cal. Cour. Jan. 19.*

China.

The latest news which have been received from China extends to the 23d of Dec. It was generally supposed that the Imperial Commissioner, who was at Canton, would legalize the sale of opium, but in the mean time the prohibition to imports is very strictly enforced. Many have been seized, and hence the brokers have fled, and the boats have stopped running. Business was therefore almost at a stand. One of the greatest of the Hong merchants has failed, and other bankruptcies were expected.

Perhaps it may not be known to some of our readers, that the foreign merchants who trade in the port of Canton, are not permitted to reside there, but as soon as their business is completed, are obliged to return to Macao, an island at the mouth of the Canton river. Latterly however this order has not been enforced, and the merchants had continued to reside in the Factory at Canton; but peremptory orders have now been issued for their removal; and only four months are allowed to some of the chief merchants to remove from Canton.

Loss of the Ship Princess Victoria.

We mentioned last week, that the Ship *Princess Victoria*, which left this country last year, had been burnt at sea at a little distance from the island of Bourbon. We have now learnt that the loss of the ship was not occasioned by an accident, but that the hemp which was on board of her took fire of its own accord, in consequence of some water getting to it.

Chinsurah Case.

We have been requested to publish the following narrative of a case at Chinsurah. We have extracted the simple facts, and omitted all besides.

That the late respected and worthy Hajee Kurbullie Mahomed, in his life time built a family dwelling house with two apartments to it, one for males and the other for females, in which he annually celebrated the Mohurrum. To continue the celebration of this festival, after his death, he left by his will certain lands, from the rents of which the expences of this annual feast might be paid which amounted to 800 Rs. annually. At the time of his death the entire management of the establishment was made over to his son Mirza Mahomed Ruza and to his heirs, who continued to perform the Mohurrum annually and to reside in the same house. After the demise of Mirza Hajee Ally and Aga Suffer Ally, the sons of the late Hajee Kurbullie's daughter, who arrived in this country from Iran nearly 30 years ago, continued during that long period to reside in

তুলের ন্যায় মহরমের কার্য্য নিষ্পন্ন করিতেন এবং ঐ উৎসবের সময়ে কাহারো অবস্থাগত উচ্চনীচতা বিবেচনা না করিয়া সকলকেই বাটীতে প্রবেশ করিতে দিতেন এই নিমিত্ত শ্রীযুত হাজি আলি ও শ্রীযুত আগা সফর আলির বিপক্ষ পর্য্যায়ের হুগলির শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের নিকটে তাঁহারদের নামে অনেক গ্লানি করিলেন। তাহারা প্রথমতঃ মুরশিদাবাদের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে তাঁহারদের নামে এক দরখাস্ত করেন। ঐ কমিস্যনর সাহেব তদ্বিষয়ের তজবীজকরণার্থ প্রধান এজেণ্ট অর্থাৎ হুগলির শ্রীযুত কালেক্টর সাহেবের হস্তে ঐ বিষয় অর্পণ করিলেন। ঐ সাহেব তাহার তাবৎ বিষয় অবগত হইয়া হুকুম দিলেন যে ১৮১০ সালের ১৯ আইনঅনুসারে এই মোকদ্দমার তজবীজকরণে আমার ক্ষমতা নাই আমি ইহাতে হস্তক্ষেপ করিতে পারি না অতএব তিনি এই মোকদ্দমা ঐ স্থানের দ্বিতীয় এজেণ্ট অর্থাৎ শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের প্রতি অর্পণ করিলেন। ঐ সাহেব তদ্বিষয় গ্রহণ করিয়া শ্রীযুত হাজি আলি ও শ্রীযুত আগা সফর আলিকে তলপ করিয়া তাবৎ খরচের হিসাব চাহিলেন। তাঁহারা এই জওয়াব দিলেন যে ইহা মফসলের ধর্ম্মকর্ম্ম সাধারণবিষয় নহে এই মোকদ্দমা রামসেবক মল্লিকের মোকদ্দমার তুল্য। মল্লিকের মোকদ্দমায় তত্রস্থ এজেণ্ট খয়রাতী টাকা বলিয়া তাহার রক্ষণাবেক্ষণ করিয়াছিলেন কিন্তু পরে হুজুর কৌন্সেলে তদ্বিষয়ে এমত হুকুম হইল যে তত্রস্থ এজেণ্টের এমত কর্ম্ম গ্রহণের ক্ষমতা নাই। তাহাতে তিনি ১৮২৯ সালের ১০ ফেব্রুআরি তারিখের হুজুর কৌন্সেলহইতে আগত পত্রানুসারে তাহা ত্যাগ করিলেন। এই সকল বৃত্তান্ত ও তাবৎ কাগজপত্র দর্শাইলে পর শ্রীযুত আগা মীর্জা মহম্মদ মেহিদি মেস্কি ও শ্রীযুত আগা মীর্জা মহম্মদ হোসেন সিরাজী এবং শ্রীযুত আগা আবদুল কাশিম কারবলিপ্রভৃতি অতিভদ্র খ্যাতাপন্ন ব্যক্তিরা কহিলেন যে উক্ত হাজি আলির সঙ্গে আমারদের বিলক্ষণ আলাপ আছে তিনি বিশ্বস্ত ও যাথার্থিক মনুষ্য তাঁহার বার্ষিক যত আয় হয় তদপেক্ষা অধিক মহরমে ব্যয় করিয়া থাকেন কিন্তু শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব তাঁহারদিগকে ঐ বাটীর বিষয়ে ইমাম আলিনামক বিদেশীয় নিঃসম্পর্ক এক ব্যক্তিকে তৎপদে নিযুক্ত করিয়া ঐ সকল ভূম্যাদির কর্ত্তৃত্বভার অর্পণ করিয়াছেন। অতএব শ্রীযুত হাজি আলি ও শ্রীযুত আগা সফর আলির স্বং স্ত্রী পুত্র ঐ বাটীতে রাখিয়া ঐ বিষয় ত্যাগ করিতে হইল পরে তাঁহারা কলিকাতার রেবিনিউ বোর্ডে দরখাস্ত করিলেন এবং শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব চুঁচুড়ার দারোগার প্রতি হুকুম দেওয়াতে দারোগা ঐ বাটী বেষ্টনকরত কোন প্রাণিকে ঐ বাটীতে প্রবেশ করিতে বা বাহির হইতে দিলেন না এবং ঐ স্ত্রী সকল ও তাহারদের সন্তানসন্ততির নিমিত্ত কোন খাদ্য ও পানীয় দ্রব্য লইয়া যাইতে দিলেন না।

ফলতঃ ঐ পরিবারেরা যথার্থ খাদ্যাভাবেই অত্যন্ত ক্লেশ পাইয়াছে এবং মবারক আলিনামক এক বালক ঐ বাটীর মধ্যেই মরে যেহেতুক তাহাকে তথায় উপযুক্ত ঔষধাদি সেবন করাইতে পারা গেল না।

এই সম্পত্তিবিষয়ক প্রস্তাব মৃত হাজি কারবলির দানপত্রের সহিত ঐ সকল ব্যক্তির এক দরখাস্তসম্বলিত এইক্ষণে বোর্ডের অধ্যক্ষেরদের স্থানে অর্পিত হইয়াছে। শুনা গিয়াছে যে নিষ্পত্ত্যর্থ এই বিষয় প্রধান কাজির নিকটে সমর্পিত হইয়াছে।

the house, and to celebrate the feast as their late grandfather and uncle had done. During these solemnities every class was admitted without any regard to rank, character, or condition. Hence several enemies of Hajee Ally and Aga Suffer Ally, went and spoke evil against them to the Magistrate of Hooghly. At first a petition was presented against them to the Commissioner of Moorshedabad, who referred the case to the Collector of Hooghly (as the first local agent in the station) for enquiry. That Gentleman, after becoming acquainted with the facts, ordered, that the affair not being subject under the 19th Regulation of 1810 to his investigation, he would not interfere in that matter. The matter was therefore referred to the Magistrate, as the 2nd local Agent for his opinion. He took up the case and immediately called upon Hajee Ally and Aga Suffer Ally for an account. In reply to which they said, that this was a private charitable affair, and not a public one; and that it was similar to the case of Ramshewuck Mallick, wherein at first the local Agents took the management of it as a charitable fund, but as it was afterwards ordered by the Council, that the local Agent had no authority to do so, they yielded it up in conformity to a letter received from Council, dated the 19th February, 1829. All these circumstances and documents were brought forward, and Aga Mirza Mahomed Mehedy Maskee, Aga Mirza Mahomed Hakeem Sheerazee, and Aga Abool Casim Cuzbeeny, persons of character and respectability asserted in the Court, that they were well acquainted with the said Hajee Ally, who was a creditable and upright man, who expended more at the Moharrum than the income received by him annually. The Magistrate however dispossessed them of the place and substituted a person by the name of Imam Ally, a stranger not related to these persons, and gave over the management of the land to him. Hajee Ally and Aga Suffer Ally were obliged to quit their house, leaving behind them their wives and children, and came down to Calcutta to present a memorial to the Revenue Board. The Magistrate also issued an order on the Daroga of Chinsurah, who surrounded the house, preventing any person to get in or out, nor was any food or drink permitted to be conveyed to the females and children.

The members of the family suffered very great distress from want of proper food; and one boy of the name of Moobarik Ally, died in the house; as there was no adequate medical aid administered to him.

The question about this endowment is now before the Board, with the will of the late Hajee Kurboolie, accompanied by a petition from these parties. We hear that it has been referred to the head Cazee for decision.

[পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত]

শুভজন্ম।

সোমবাসরে ৩০ জানুআরি তারিখে কলিকাতার শোভাবাজারস্থ রাজবাটীতে শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরের দ্বিতীয়া রাণী এক নবকুমারী প্রসূতা হইয়াছেন এতদুপলক্ষে যথা হিন্দু রাজধর্ম্মক্রমে তৈল মাষকলায় এবং মৎস্য দানাদি মাঙ্গল্য কর্ম্ম সমাধা হইল আমরা অবগত হইলাম যে এই নৃপকন্যা মহারাজার প্রথমা অপত্য।

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

আমরা গত সপ্তাহের জ্ঞানান্বেষণে বর্দ্ধমানের সন্নিহিত রুক্মিনী দেবীর নিকটে যে নরবলির সম্বাদ প্রভাকরহইতে প্রকাশ করিয়াছিলাম এইক্ষণে গবর্ণমেণ্ট তাহার সন্ধান আরম্ভ করিয়াছেন এবং মুরশিদাবাদের কমিস্যনর সাহেবের প্রতি হুকুম দিয়াছেন বিলক্ষণরূপে এবিষয়ের সন্ধান করিতে হইবেক এই সন্ধানের ফল জানিবার নিমিত্ত আমরা অত্যন্ত আশাযুক্ত হইয়াছি যেহেতু সাধারণ লোকেরদের মধ্যে এমত জনরব উপস্থিত হইয়াছে যে তথাকার কোন প্রধান লোক এই নরবলিতে লিপ্ত আছেন এবং আমরা আরো শুনি এই রুক্মিনী দেবীর নিকটে পূর্ব্বেও বিস্তর নরবলি হইয়াছে।

এইক্ষণে জিজ্ঞাসা করি যাঁহারা বলিয়া থাকেন সমাচার পত্রে যে সকল সম্বাদ প্রকাশ হয় তাহাতে কোন উপকার নাই তাঁহারা বিবেচনা করুন এই এক সম্বাদ প্রকাশেতে অধিক উপকার হইবে কি না.

জ্ঞানান্বেষণ.

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

কিয়ৎকাল হইল চন্দ্রিকা সম্পাদক মহাশয় লিখিয়াছেন ব্যবস্থাপক সভা এতদ্দেশীয় কুলীনেরদের বিবাহ ব্যবসায় রহিত করণার্থ মনোযোগ দিয়াছেন তাহার পরে এবিষয়ের অন্য কোন সম্বাদ প্রকাশ হয় নাই এবং সমাচার পত্রসম্পাদকেরাও তদবধি মৌনাবলম্বন করিয়াছেন কিন্তু এই কুব্যবহার থাকাতে এতদ্দেশীয় কুলীন কন্যাদিগের পক্ষে নিতান্ত অন্যায় হইতেছে এবং আমি এক কুলীন কন্যার আত্মহত্যা বিবরণ যাহা অতিপ্রামাণিক লোকের মুখে শুনিয়াছি তাহা লিখিতেছি অনুমান করি ইহাতে আমার যেরূপ খেদ হইয়াছে দয়ানুব্রত জ্ঞানি মহাশয়েরা তদপেক্ষা অধিক মনস্তাপযুক্ত হইবেন।

এক মাসের অধিক হইয়া থাকিবে বড়িঝাটি গ্রামবাসি এক সম্ভ্রান্ত ব্রাহ্মণের কুলীন জামাতা বহুকালের পর এক দিন শ্বশুরালয়ে আসিয়াছিলেন পরে রাত্রিযোগে শয়নাগারে প্রবিষ্ট হইয়া ঐ মহাশয়ের কন্যাকে কহিলেন তুমি আমার নিমিত্ত কত টাকা রাখিয়াছ তাহা দেও কুলীন কন্যারা জানে স্বামী আসিলে তাহাকে টাকা দিতে হয় একারণ যে কিঞ্চিৎ রাখিয়াছিলেন তাহা দিলেন কিন্তু স্বামী অল্পে তুষ্ট হইলেন না তাহাতে ঐ স্ত্রীলোক উত্তর করিলেন আমি টাকা কোথায় পাইব তুমি স্বামী আমার ভরণপোষণ করিবা তাহা কর না পুনশ্চ টাকা কিরূপে চাহিতেছ ইত্যাদি প্রকারে কুলীন স্বামিকে অনেক বু

[*From a well known Correspondent.*]

Birth.

At Calcutta, in Sobha Bazar Palace Monday, the 30th January, The Second Ranee of Maha Raja Kalikrishna Bahadur, has safely delivered of a daughter. When customary usages including the distribution of *Oil, Grains* and *Fishes,* (being the indicative of good auspicies among the Hindoos,) were duly performed. We learn, this is the *First* Heiress of the Rajah.

Spirit of the Native Papers.

We are happy to be able to state that the information which we published in a late No. of our paper from the Sumbad Prubhakur, regarding the commission of a human sacrifice at the shrine of Rukinissur in Zillah Burdwan, has attracted the attention of Government, and the Commissioner of the Moorshedabad Division has been directed to cause investigation to be made into the case. We await with anxiety the result, implicated as a certain high native is by popular rumour stated to be with the commission of the horrid crime under allusion. We may add, that it is commonly believed that this shrine has often been the scene of such tragical species of devotion.

Is not this a very favourable instance of the beneficial effects of 'pernicious publicity?'—*Gyan.*

To the Editor of the Gyanunneshun.

SIR—Sometime ago the *Chundrika* stated that the attention of the Law Commission was directed towards the suppression of Koolin polygamy in this country, but nothing has since transpired, and the papers have consequently been silent on the subject. But the existence of this abominable practice is the cause of great misery to the daughters of Koolins, and I beg to send you an account of a suicide committed by one of those miserable beings, which I have heard from a very authentic source. I doubt not it will excite the same feelings of pity in the minds of the humane and generous which it has done in mine.

The case is as follows: The daughter of a respectable Brahmin in the village of Bureejhatty was given in marriage to a Koolin who had a number of wives. About eight months ago he visited his father-in law's house in the above village and was received with due respect. His wife, a young girl of 15 or 16, who had scarcely seen him more than two or three times after her nuptial night, considered it a very happy day and prepared herself to receive him with that joy which naturally arises in the mind of a woman to see her husband after a long absence. But all her hopes were in vain. The husband on en-

মাগিলেন এবং চরণে ধরিয়া বিস্তর বিনয়োক্তিও করিয়াছিলেন কিন্তু অর্থগ্রাহি সন্ন্যাসী কদাচ ধনে তুষ্ট হয় না টাকা না পাওয়াতে ঐ পশু কোন প্রকারেই স্ত্রীর সঙ্গে আলাপাদি করিলেন না অবশেষে বিস্তর বিলাপের পর ঐ স্ত্রী কহিলেন আমি নিশ্চয় জানিলাম টাকাতেই তোমার সহিত সম্পর্ক কিন্তু আমার টাকা নাই অতএব এইপর্য্যন্তই জীবনের সাক্ষাৎ শেষ হইল কুলীনকন্যা এই কথা বলিয়া রোদনেতে রাত্রি প্রভাত করিলেন কিন্তু স্বামী তাহাতে একবার জিজ্ঞাসাও করিলেন না পরদিবস প্রাতে জামাতা শ্বশুরালয়হইতে গমন করেন এইসময়ে প্রতিবাসি এক ব্যক্তি তাঁহাকে নিমন্ত্রণ করিলেন পরে সেইখানে আহার করিয়া কুলীনবর দুই প্রহর পর আপন বস্ত্রাদি লইয়া যাত্রা করিতে উদ্যত হইলেন কিন্তু ইহার পূর্ব্বেই ঐ স্ত্রী এক গৃহে কপাট বন্ধ করিয়াছিলেন পরে অনেকে তাঁহাকে ডাকাডাকি করিলেন তথাচ উত্তর দিলেন না এবং কপাটও খুলিলেন না অনন্তর জানালা দিয়া দেখিলেন পরিধেয় শাড়ি গলদেশে বন্ধন করিয়া কড়িকাষ্ঠে ঝুলিতেছেন এবং তৎক্ষণাৎ কপাট ভাঙ্গিয়া গৃহে প্রবেশ করিয়া দেখা গেল তিনি একেবারেই জীবন ত্যাগ করিয়াছেন এই ব্যাপার দৃষ্টে কন্যার পিতামাতাদি পরিবারেরা এবং ঐ কুলীন স্বামী অত্যন্ত বিলাপ করিলেন এবং পরিবারেরা দারোগার ভয়ে পায়ে কাঁটা বিদ্ধ করিয়া রাষ্ট্র করিলেন সর্পাঘাত হইয়াছে।

এইক্ষণে সম্পাদক মহাশয় বিবেচনা করুন কুলীন ব্রাহ্মণদিগের বিবাহ ব্যবস্থাতে কিপর্য্যন্ত অন্যায় ঘটিতেছে অতএব আমি প্রার্থনা করি আপনারা এ বিষয়ে মৌনাবলম্বী না থাকিয়া ধারাবাহিক আন্দোলন করেন তাহা হইলে দয়াশীল রাজজাতি সকল যাঁহারা বিশেষ মনোযোগপূর্ব্বক চেষ্টাতে সহদাহ নিবারণ করত এতদ্দেশীয় অসংখ্য স্ত্রীলোকের প্রাণ রক্ষা করিয়াছেন তাঁহারা কুলীনকন্যাদিগের প্রতিও করুণাবলোকন করিতে পারেন। —জ্ঞানান্বেষণ।

মান্দ্রাজের সমাচারপত্রে লেখে গুমশুর দেশীয় মূলাইজাতিরা প্রতিবৎসর নরবলি দিয়া থাকে নরবলির দিনে খান্দজাতিরা উত্তম পরিচ্ছদাদি পরিধানপূর্ব্বক নানা স্থানহইতে আসিয়া একত্র হয় এবং ঢাক ঢোল বাজাইয়া নৃত্যাদি করে এইরূপে বেলা দুই প্রহর হইলে সকল পুরোহিতের সহিত মিলিয়া প্রধান পুরোহিত ঐ অভাগাকে এক স্তম্ভেতে বন্ধন করে এবং ঐ অভাগা সেইখানে খাড়া হইয়া থাকিতে তৎক্ষণাৎ কাটিয়া ফেলে পরে খান্দজাতিরা ঐ বলির মাংস কিঞ্চিৎ২ কাটিয়া লয় বিশেষ ঐ মহামাংসের নিমিত্ত কোন২ সময়ে বিবাদও উপস্থিত হয় ঐ জাতিরা বোধ করে অগ্রে মাংস লইতে পারিলে তাহার গুণ অধিক আছে অতএব অগ্রভাগের জন্যই বিবাদ হয় এবং ঐ ভাগের সম্পূর্ণ ফল প্রাপণার্থ ঐ দিবসের মধ্যেই তাহা লইয়া ক্ষেত্রেতে পুঁতিয়া রাখে ইহার তাৎপর্য্য এই যে ক্ষেত্রে পুঁতিলে শস্য অধিক জন্মে।

tering her room, asked her what money she had kept for him. It is true the lady brought before him what little she had saved for him, knowing that a Koolin husband visits his wives with no other view than that of gain, but her offer was too little to satisfy her husband, who said that he would not speak to her unless she paid him a certain sum of money which he named. The poor girl had no means to meet the demand, and though she pleaded her inability, her entreaties and tears were of no avail. The inhuman husband remained deaf to her cries, and the poor victim of his avarice passed the night in grief and sighs near his feet. On the morning the Koolin left his father-in-law's house, but before he returned home, he was invited by a neighbouring family where after taking his dinner, he came back to his father-in-law's to take his clothes, &c. and sent for a beetle from his wife. But the room in which she resided was found shut, and no answer was obtained from within. On this a suspicion arose in the minds of the inmates of the house that she had killed herself; and the door being broken open the poor girl was found hanging lifeless to a beam, with her clothes fastened round her neck. It is needless to say that her parents felt her loss deeply and even the ruthless husband who had driven her to that desperate deed, repented of his behaviour, and confessed all that had passed in the night. But as they feared the consequence of a Darogah's investigation they thought it advisable to prick one of the legs of the deceased, and to give out that she was bit by a serpent, and thus the deed was kept in secrecy.

Now consider, Mr. Editor, in what a miserable situation are the daughters of Koolin Bramhins placed owing to the abominable system of Koolin marriage. I beg that you and your brother editors will not remain silent on this subject but continue to discuss it in your papers till you have brought the Government, who have saved innumerable lives by their benevolent exertion in putting a stop to the suttee practice, to pity the miseries of the Koolin's daughter.

A Villager.

We learn from the *Madras Conservative*, that human sacrifices are offered once a year in one or other of the confederate Moolas in succession in Goomsoor. The ceremony is thus performed: when the appointed day arrives, the khonds assemble from all parts of the country dressed in their finery, and they dance and rejoice beating drums, &c. Soon after noon the Jani or presiding priest with the aid of his assistants fastens the unfortunate victim to a strong post, which has been firmly fixed into the ground, and there standing erect he suffers the cruel death. His flesh is cut from the bones in small pieces by the knives of the savage crowd, who rush on him and contend with each other for a portion. Great value is attached to the first morsel cut from the victim's body, for it is supposed to possess greater virtues and a proportionate eagerness is evinced to acquire it; and in order to serve its full efficacy, it must be deposited in the field before the day has passed. The intention of this inhuman sacrifice is to propitiate Ceres!

গদাপুরেতেও এইপ্রকার বলিদান আছে কিন্তু তাহারা পূর্ব্বে আরো এক প্রকার নরবলি দিয়া থাকে তাহার বৃত্তান্ত এই যে সাত ফিট দীর্ঘ এক নালা করিয়া তাহার অগ্রপশ্চাতে দুই খুঁটি পোঁতে এবং অভাগা নরের গলাতে ও চরণেতে দড়ি বান্ধিয়া দুই খুঁটিতে ঝুলিয়া দেয় পরে সুতরাং ঐ হতভাগা নালার দুই পার্শ্বে হস্ত দিয়া থাকে পরে পুরোহিত তাহাকে [illegible] দেবীর পূজা করিয়া এক কুঠার লইয়া আইসে এবং মস্তকাবধি পাদপর্য্যন্ত সমান ব্যবহিত স্থানে ছয় কোপ দেয় এবং সপ্তম কোপেতে একেবারে কাটিয়া নালার মধ্যে ফেলে পরে ঐ শব মৃত্তিকা দিয়া ঢাকিয়া পূর্ব্বোক্ত প্রকার নরবলি দিয়া থাকে। —জ্ঞানান্বেষণ।

In Guddapoor another and equally cruel sacrifice frequently precedes the one already described. A trench 7 feet long is dug, along which a human being is suspended alive by the neck and heels fastened with ropes to stakes firmly fixed at each end of the excavation, so that to prevent strangulation he is compelled to support himself with his hands over each side of the trench.

The presiding Priest after performing some ceremonies in honour of the goddess Mankisni, takes an axe and inflicts six cuts at equal distances from the back of the neck to the heels, repeating the numbers one, two, &c. as he proceeds, and at the seventh decapitates the victim. The body falls into the pit and is covered with earth, when the devilish orgies first described are enacted. *Gyan.*

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরেষু।

আপনি নীচে লিখিত্য কএক পংক্তি আপনকার বহুমূল্য দর্পণে যদি স্থান দেন তবে আমাকে অনুগ্রহ করা বদ্ধ করিবেন।

পণ্ডিতেরা সকল কালে বিদ্যাকে তিন অংশে বিভাগ করিয়াছেন প্রথমতঃ ক্ষেত্র পরিমাণ বিদ্যা যাহাতে গণনা ও আকারের গুণ জানা যায় দ্বিতীয় স্বাভাবিক বিদ্যা অর্থাৎ আমরা আমাদের জ্ঞানের দ্বারা নানা বস্তুর গুণ অবগত হই তৃতীয় চিত্তবৃত্তীয় বিদ্যা যাহার দ্বারা মনের স্বভাব জানিতে পারি ইহারদিগের মধ্যে ক্ষেত্র পরিমাণ বিদ্যাকে উৎকৃষ্ট কহা যায় কেননা ইহাহইতে ছাত্রেরা জ্যোতিষশাস্ত্র ও নাবিক ও অন্যান্য বিদ্যা প্রাপ্ত হইতে পারে এইপ্রযুক্ত পণ্ডিতেরা ইহাকে সকলকালেই মান্য করিয়াছেন এই বিদ্যার আরো অধিক গুণ হইত যদি পণ্ডিতেরা অন্যান্য বিদ্যার অভ্যাসার্থে সময় নষ্ট না করিত।

সে যাহা হউক যথার্থ কহিতে হইলে আমারদের জ্ঞান আমারদের প্রধান ক্ষেত্র পরিমাণ উপদেশক যেহেতুক ঐ সকল জ্ঞানহইতে বোধ প্রাপ্ত হইলে আমরা ইহাকে এমত সহজ কথা দিয়া প্রকাশ করি যে তাহা সকলে অনায়াসে বুঝিতে পারে।

সম্পাদক মহাশয় ক্ষেত্র পরিমাণ বিদ্যাভ্যাসের লভ্য এই যে সকল মনের ভাব ও মানসিক শক্তিদিগকে প্রথম করে নতুবা তাহারদের প্রকাশ ও না প্রকাশ সমভাবে থাকিত।

এইপ্রযুক্ত সম্পাদকমহাশয় আপনাকে নিবেদন করি যে এদেশেতে যে সকল ইঙ্গরেজী বিদ্যালয়ে ক্ষেত্র পরিমাণ বিদ্যার প্রচার নাই তাহারদিগের অধ্যাপকেরা ছাত্রেরদের যদি ঐ বিদ্যা শিক্ষাণ তবে বোধ করি যে ঐ বিদ্যা জ্ঞানের দ্বারা তাহারা অন্যান্য বিদ্যা অনায়াসে প্রাপ্ত হইতে পারে।

কস্যচিৎ ছাত্রস্য।

২১ জানুআরি ১৮৩৭।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরেষু।

প্রথম বৎসরীয় ছাত্রগণের কিঞ্চিৎ পরিক্ষার বিবরণ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র মজুমদার ও শ্রীযুত ভোলানাথ বসু কৃত স্থাপিত যোড়াসাঁকোর অরিএন্টেল ফ্রিস্কুলনামক পাঠশালার সমাচার প্রভাকরহইতে লইয়া পাঠাইতেছি তরসা করি শ্রীযুত সম্পাদক মহাশয় অনুগ্রহপূর্ব্বক কিঞ্চিৎ অনুমান এক কোণে অর্পণ করিবেন এ দ্বৃ

Correspondence.

STUDY OF MATHEMATICS RECOMMENDED

To the Editor of the Durpun.

SIR,—I shall feel obliged by your giving these following few lines a place in your valuable Durpun.

Philosophers have in all ages divided the sciences into three classes; first, Mathematics which teach us the properties of numbers and figures; second, Natural Philosophy which treats of the properties of matter with which we acquaint ourselves by means of our senses; and third, Mental Philosophy which treats of the nature of the mind.

But of these, Mathematics is considered the best, as being the key, leading the students to attain the knowledge of astronomy, navigation, and other sciences. Philosophers have therefore, at all times, acknowledged the use of Mathematics. Methinks some more useful discoveries would have, ere now, been made, had but men applied their minds close to the study of this science, and not wasted their time in the acquisition of others.

To sooth, our senses however are our prime instructors, furnishing us with notions which we express in simple words that every body understands.

Mr. Editor, one mighty advantage that is likely to result from the study of the Mathematics, is that they expand the faculties of the human mind which would otherwise never have manifested their existence. Under these circumstances, I hope, Mr. Editor, that if the instructors of the schools established in this country, I mean where this science is not introduced, will instruct their pupils in it, I doubt not but it will facilitate them in the progress they will make of other sciences.

A Student.

Calcutta, 21st Jan. 1837.

To the Editor of the Durpun

SIR,—I have extracted from the Provubhakur a few lines concerning the first annual examination of the Oriental Free School, established by the joint efforts of Baboos Govindchunder Moojoomdar and Bholanath Bose at Jorasanko, which I hope you will greatly oblige me by inserting in a corner of your valuable Durpun. The examination of the above institution, which lasted more than three hours to the satisfaction of

সমাচার দর্পণ

১১২৬ সংখ্যা। বালম ১৯।] ১১ ফেব্রুআরি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ১ ফাল্গুণ। SATURDAY, FEBRUARY 11TH, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1126. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [*Price—1 Rupee monthly.*

ইশতেহার।

সরিফ আফিস।

২৪ জানুআরি ১৮৩৬।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৮ ফেব্রুআরি শনিবারে বেলা ঠিক দুই প্রহরের সময় শহর কলিকাতার ফোর্ট উলিয়মের ও তদন্তঃপাতি যে সকল স্থান তন্নিমিত্তে বঙ্গদেশে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট আপন ঘরে ওএর টরমিনর এবং আদমিরালটি অর্থাৎ মহাসমুদ্রসম্বন্ধীয় মোকদ্দমার নিষ্পত্ত্যর্থ এক সেসিয়ান অর্থাৎ সিটিং করিবেন।

T. HOLROYD, *Sheriff.*

ঐ সেসিয়ান যত কালপর্য্যন্ত বসিবেক তাহার প্রথম দিবস দুই প্রহরের সময় ও তাহার পর প্রতি দিন দশ ঘণ্টার সময় বসিবেক তাহা সকলের স্মরণ রাখা আবশ্যক।

T. HOLROYD, *Sheriff.*

সুবে বাঙ্গালায় ফোর্ট উলিয়মের শ্রীলশ্রীযুত বাদশাহের সুপ্রিম কোর্টে।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় নাবালক রাজা বরদাকণ্ঠ রায়ের উকিল বৈদ্যনাথ মুন্সী ফরি[illegible] এবং বিষ্ণুসুন্দরী দেবী ও শম্ভুচন্দ্র মু[illegible] ও রামনারায়ণ মুখুয্যে ও হরিমণি দেবী ও দুর্গা দেবী ও রাজচন্দ্র গাঙ্গুলি ও কালী প্রসন্ন গাঙ্গুলি ও রামগোপাল মল্লিক ও রামরত্ন মল্লিক ও রামতনু মল্লিক ও রামমোহন মল্লিক ও স্বরূপচন্দ্র মল্লিক ও নন্দলাল মল্লিক ও শ্রীমতী আনন্দময়ী দাসী ও নবকিশোর মল্লিক ও চুনিলাল মল্লিক ও দীনবন্ধু মল্লিক ও শ্রীমতী করুণাময়ী দাসী ও গোপীনাথ রায় আসামী ও সন্ধিমেণ্টরি বাইবেত ও ক্রশ কালিজেস সেই মোকদ্দমার সুবে বাঙ্গালায় ফোর্ট উলিয়মে শ্রীলশ্রীযুত বাদশাহের সুপ্রিম কোর্টে একটি পাসেগত ২৩ জানুআরি তারিখে যে ডিক্রী হয় তদনুসারেন আগামি ১৬ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব নীচে লিখিতব্য বিষয় বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের বাগবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী নং ৫৮ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩।।০ তিন বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও দুর্গা দেবীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে দুর্গাচরণ মুখোপাধ্যায়ের গলি। উত্তর দিগে উক্ত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ভূমি। পূর্ব্ব দিগে শম্ভুচন্দ্র মুখোপাধ্যায়ের বাটী ও ভূমি। পশ্চিম দিগে কোম্পানিবাহাদুরের নরদামা।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও দুর্গা দেবীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে দুর্গাচরণ গাঙ্গুলির বাটী ও ভূমি। উত্তর দিগে রামরত্ন গাঙ্গুলির বাটী ও ভূমি। পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। দক্ষিণ দিগে কাশীনাথ ঘোষের বাটী ও ভূমি।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগিচা ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে সামান্য ভাঁটী বৃক্ষ ও ইষ্টক নির্ম্মিত প্রাচীর আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও দুর্গা দেবীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের গলি। পশ্চিম দিগে কোম্পানিবাহাদুরের নর্দামা। পূর্ব্ব দিগে কিশোর দাস বৈরাগির বাটী ও ভূমি। দক্ষিণ দিগে রাজা রাজকৃষ্ণের বাগান ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৬ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানার প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত জেমস হি গিবনস সাহেব ঈশ্বরচন্দ্র রায় ও চণ্ডীপ্রসাদ রায়ের বিরুদ্ধে কাইরাই ফেসিয়াসনামক পরওয়ানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের মলঙ্গাতে শাঁখারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র রায় ও চণ্ডীপ্রসাদ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে এক গলি। পশ্চিম দিগে শ্রীযুত ক্রিষ্টিয়ানা সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে শাঁখারিটোলার গলি। উত্তর দিগে গঙ্গা উড়িয়ার বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুটীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক জার্ণেল সেসন অফ দি পীস অর্থাৎ সিটিং কলিকাতাস্থ ঘরের টৌনহালীয় উক্ত জষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৬ ফেব্রুআরি পূর্ব্বাহ্ন বেলা দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানায়
৭ নবেম্বর ১৮৩৬।

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুটীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক সেসন অফ দি পীস অর্থাৎ সিটিং কলিকাতাস্থ ঘরের টৌনহালীয় উক্ত জষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ১১ ফেব্রুআরি শনিবার পূর্ব্বাহ্ন বেলা এগার ঘণ্টা বা দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানায়।
১ ফেব্রুআরি ১৮৩৭।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লুকভট্টটীকান্বিত মনুসংহিতা

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে পাইবেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কসরডাঙ্গার থানার দক্ষিণ বহুবাজার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে

শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৩ টাকা প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪ ৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৩ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফোর্ট উলিয়ম লেজিস্লেটিব ডিপার্টমেন্ট।
১৮৩৭। ৩০ জানুআরি।

শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সোলের সুগোচর হইতেছে যে শ্রীযুক্ত বাদশাহের আদালতের এলাকার মধ্যে বহু মূল্য ভূমি সম্পত্তি এইক্ষণে পারসীয়েরদের হস্তে আছে এবং উত্তরাধিকারিত্ববিষয়ক ইঙ্গলণ্ডীয়েরদের ব্যবস্থার বিরুদ্ধে তাঁহারা ভোগ দখল করিয়া আসিতেছেন।

২। উত্তরাধিকারিত্ব ও বিবাহ ও নিয়মিক প্রাপ্য বিষয়ে হিন্দু ও মোসলমানেরদের যদ্রূপ ব্যবস্থা আছে তদ্রূপ পারসীয়েরদের দেশীয় রীত্যনুসারে ব্যবস্থা নাই তথাপি শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সোল এমত বিবেচনা করিতেছেন যে পারসীয়েরা আপনারদের দেশীয় ব্যবহারক্রমে যে ভূমি অধিকার করিয়াছেন এবং ভূমিসম্পর্কীয় ব্যক্তিরদের সম্মতিতে আপত্তি ব্যতিরেকে ভোগদখল করিতেছেন তাঁহারদের ঐ ভোগদখলের অন্যথাকরণ অনুচিত এবং শ্রীলশ্রীযুত হজুর কৌন্সোলে ইহাও বিবেচনা করিয়াছেন যে যেস্থলে অতিকঠিনরূপ আইন জারী করিলে যে অভিপ্রায়ে ঐ আইন করা যায় তাহা রহিত হয় তদ্রূপ বিষয়ের এক স্থল এই। তাহাতে তাবৎ সম্পত্তির অস্থৈর্য্য হয় এবং প্রজা লোকেরা যে আইনে বদ্ধ আছে সেই আইনের বিষয়ে তাঁহারদের বিশ্বাসের লাঘব হইতে পারে।

৩। অতএব শ্রীলশ্রীযুত হজুর কৌন্সোল এমত আইন করিতে চাহেন যে শ্রীযুক্ত বাদশাহের আদালতের এলাকার মধ্যে যে সকল ভূমি পারসীয় কোন ব্যক্তির উইলক্রমে অন্য ব্যক্তির হস্তগত হওনবিষয় উপস্থিত হয় অথবা উইল না করিয়া পারসীয় কোন ব্যক্তি মরিলে তাঁহার ভূমির হস্তান্তরকরণবিষয় উপস্থিত হইলে ঐ ভূমি চাটল্স রিয়ল অর্থাৎ ভূমিসম্পত্তির ন্যায়ই গণ্য হইবে এবং এমত বোধ করিতে হইবে যে তাহা পূর্ব্বাবধি তদ্রূপ গণ্য ছিল।

৪। এই আইনেতে দুই প্রকরণ থাকিবে প্রথম প্রকরণের অভিপ্রায় এই যাঁহারা এতদ্রূপ ভূমিসম্পত্তি এইপ্রকারে ভোগদখল করিয়া আসিতেছেন যে তাহা নিতান্ত আইনমতেই দখল করা গিয়াছে বোধ হয় সেই ব্যক্তিরদের সেই ভূমি দখলে থাকিবে। দ্বিতীয় প্রকরণের অভিপ্রায় এই যে পারসীয়েরা ইহার পূর্ব্বে স্বদেশীয় রীত্যনুসারে ভূমির বিষয়ে পরস্পর যে সকল বন্দোবস্ত করিয়াছেন যদ্যপি সেই বন্দোবস্তে কোন আপত্তি না হইয়া থাকে তবে তাহা আইনঅনুসারে বহাল থাকিবে।

৫। কলিকাতাহইতে অতিদূরে যে পারসীয়েরা বাস করেন তাঁহারা এতদ্বিষয়ে আপনারদের অভিপ্রায় জ্ঞাপন করিতে পারেন এনিমিত্ত শ্রীলশ্রীযুত হজুর কৌন্সোলে এই নিশ্চয় করিয়াছেন যে আইনের পাণ্ডুলেখ্য প্রকাশ ও আইন জারীকরণ উভয়ের মধ্যে সামান্যতঃ যে মিয়াদ দেওয়া যায় এই আইন জারীকরণের তদপেক্ষা অধিক মিয়াদ দেওয়া যাইবে।

এই আইনের নীচে লিখিতব্য পাণ্ডুলেখ্য সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হইতেছে।

আক্ট নং— ১৮৩৭।

১। হুকুম হইল যে অমুক মাসের অমুক তারিখঅবধি শ্রীযুক্ত বাদশাহের চার্টরক্রমে যে সকল আদালত স্থাপিত হয় সেই আদালতের এলাকার মধ্যে যে সকল ভূম্যধিকার থাকে সেই ভূমিতে পারসীয় কোন ব্যক্তির সম্পর্ক থাকিলে উইল না করিয়া তাঁহার মরণোত্তর হস্তান্তর হইলে অথবা ঐ ভূমি পারসীয় কোন ব্যক্তির উইলক্রমে হস্তান্তর হইলে তাহা ফ্রিহোলনামক ভূমির ন্যায় গণ্য না হইয়া চাটেলস রিয়েলনামক ভূমির ন্যায়ই গণ্য হইবে।

২। এবং হুকুম হইল যে উক্ত প্রকার ভূমি প্রাপণবিষয়ে কোন একুটি অথবা সামান্য লা সম্পর্কীয় কোন মোকদ্দমা উপস্থিত হইলে যদ্যপি ঐ ভূমি অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বে হস্তান্তর হইয়াছিল অথবা ফ্রিহোলনামক ভূমি যে বিধানুসারে হস্তান্তর হয় সেই বিধিমতে যদ্যপি ঐ ভূমি হস্তান্তর হইয়া থাকে অথবা যে বিধানুসারে চাটেলস রিয়ল সম্পত্তি হস্তান্তর হয় সেই বিধানুসারে পারসীয় ব্যক্তির মরণোত্তর সেই ভূমিতে যাহারদের উপকার বা অপকার আছে তাহারদের সম্মতিপূর্ব্বক যদি তাহা হস্তান্তর হইয়া

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
30th January, 1837.

Resolution.—It has been brought to the notice of the Governor General in Council that, Landed Property of great value within the jurisdiction of the King's Courts, is now held by Parsees, to whom it has descended in conformity with Parsee usages, but not in conformity with the English Law of Inheritance.

2. The national usages of the Parsees are not like the Hindoo and Mahomedan rules of Inheritance, Marriage, and Succession, recognized by Law. Nevertheless it appears to His Lordship in Council that Parsees who are in possession of Land which they have inherited according to their national usages and with the acquiescence of all interested parties, ought not to be disturbed in that possession. This appears to His Lordship in Council to be one of those cases in which the strict enforcement of the Law would defeat the end for which Laws are made, would render property insecure, and would shake the confidence of the people in the Institutions under which they live.

3. His Lordship in Council is disposed to enact that real Property within the jurisdiction of the King's Courts shall, as regards its transmission by the Will of a Parsee Testator, or on the death of a Parsee Intestate, be taken to be and to have always been of the nature of Chattels real.

4. This enactment will be restricted by two provisos. One of those provisos secures in their possessions all who hold such Property by what has hitherto been a strictly legal title. The other is intended to give legal validity to those family arrangements which Parsees have heretofore made according to their national customs, in cases in which no objection has been made to those arrangements.

5. In order that time may be given to Parsees who reside at a distance from Calcutta to express their wishes, His Lordship in Council has determined to leave a longer interval than ordinary, between the first publication and the final reconsideration of the Act which has been prepared on this subject.

The following Draft of that Act is here with published for general information:

ACT, No. —— OF 1837.

I. It is hereby enacted that from the —— day of —— all immoveable Property situate within the jurisdiction of any of the Courts established by His Majesty's Charter shall, as far as regards the transmission of such Property on the death and intestacy of any Parsee having a beneficial interest in the same, or by the last Will of any such Parsee, be taken to be and to have been of the nature of Chattels real and not of Freehold.

II. Provided always, that in any suit at Law or in Equity which shall be brought for the recovery of such immoveable Property as is aforesaid, no advantage shall be taken of any defect of title arising out of the transmission of such Property upon the death and intestacy of any Parsee having a beneficial interest in the same, or by the last Will of any such Parsee if such transmission took place before the said —— day of ——, and if such transmission were either according to

থাকে তবে ঐ ভূমিতে যে পারসীয় ব্যক্তির অধিকার উইল না করিয়া তাঁহার মরণোত্তর অথবা তাঁহার উইলক্রমে তাহা হস্তান্তর হয় তবে সেই হস্তান্তরকরণ কার্য্যে যদি কোন দোষ থাকে তবে সেই দোষপ্রযুক্ত ঐ হস্তান্তরকরণ কার্য্যের ব্যাঘাত চলিবে না।

—

হুকুম হইল যে উক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ৯ মে তারিখের পর ভারতবর্ষীয় ব্যবস্থাপক কৌন্সোলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

—

ফোর্ট উলিয়ম।
লেজিস্লেটিব ডিপার্টমেন্ট।
৬ ফেব্রুআরি ১৮৩৭।

নীচে লিখিতব্য আইন হজুর কৌন্সোলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৩৭ সালের ৬ ফেব্রুআরি তারিখে জারী করিয়া সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ করিয়াছেন।

১৮৩৭ সালের ১ নং আক্ট।

হুকুম হইল যে আগামি ১ মার্চ তারিখঅবধি তৃতীয় জর্জ বাদশাহের পার্লিমেণ্টের ৩৩ আক্টের ৫২ ধারা অনুসারে নির্দ্ধারিত বাকীর কিম্বা করের আদায়করণার্থ কলিকাতা নগরের কোন এক জন জুষ্টিস অফ দি পীস ডিষ্ট্রেস ক্রোকের পরওয়ানা জারী করিতে পারিবেন এবং দুই জন জুষ্টিসের দস্তখত ও মোহর করা এতদ্রূপ যে পরওয়ানা বাহির হয় তাহার যদ্রূপ ক্ষমতা ইহারো তদ্রূপ ক্ষমতা থাকিবেক।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

১ ফেব্রুআরি ১৮৩৭।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ এস আলেক্জাণ্ডর সাহেব বিলাতগমনার্থ রাবর্ট স্মাল নামক জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৭ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

শ্রীযুত এচ এম রিড সাহেব গয়ায় গমন করিয়া ঐ স্থানেই এতদ্দেশীয় ভাষা শিক্ষাতে অনুমতি পাইয়াছেন।

১৮৩৫ সালের ৭ আইনের বিধানুসারে সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুর ১২।১৪ ১৫।১৮ এবং ১৯ সংখ্যক প্রদেশের [illegible] কমিসানর সাহেবেরদের হস্তহইতে ঐ সকল জিলার ফৌজদারী আদালত সম্পর্কীয় তাবৎ কর্ম্ম নীচের লিখিতব্য জিলার সেসন জজেরদের হস্তে অর্পণ করিয়াছেন বিশেষতঃ।

ভাগলপুর ও মুঙ্গের ১২ সংখ্যক প্রদেশ।
পুরনিয়া ঐ ঐ
ত্রিহুত ঐ ঐ
বর্দ্ধমান ও বাঁকুড়া ১৪ সংখ্যক প্রদেশ।
ঢাকা ও ফরীদপুর ১৫ সংখ্যক প্রদেশ।
ময়মনসিংহ ঐ ঐ
শ্রীহট্ট ঐ ঐ
চব্বিশ পরগনা ও বারাসত ১৮ সংখ্যক প্রদেশ।
মেদিনীপুর ও হিজলি ১৯ সংখ্যক প্রদেশ।

৩১ জানুআরি।

সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এফ কার্ড্যু সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত বেণ্টাল সাহেব বগুড়ার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন কিন্তু কার্য্যহইতে মুক্ত না হওনপর্য্যন্ত দিনাজপুরের মাজিস্ত্রেট ও কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি সাণ্ডিস সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিনাজপুরের মাজিস্ত্রেট ও কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন কিন্তু শাহাবাদহইতে প্রস্থানের পূর্ব্বে এই বৎসরের তাঁহার বন্দোবস্তের কর্ম্ম সকল সম্পন্ন করিবেন।

the rules which regulate the transmission of Freehold Property, or else took place with the acquiescence of all persons to whom any interest in that Property would, according to the rules which regulate the transmission of Chattels real, have accrued upon the death of such Parsee.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 9th day of May next.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
6th February.

The following Act, passed by the Right Honourable the Governor General of India in Council, on the 6th February, 1837, is hereby promulgated for general information:

ACT, No. I. OF 1837.

It is hereby enacted, that from the first day of March next, it shall be lawful for any one Justice of the Peace for the Town of Calcutta, to issue a Warrant of Distress for the recovery of Arrears or Assessment occurring under the Act of Parliament 33 George III. Cap. 52, and every such Warrant shall have the same force as if it were under the hands and seals of two such Justices.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

CIVIL APPOINTMENTS.

1st February, 1837.

Mr. W. S. Alexander, of the Civil Service, embarked for Europe on board the Ship *Robert Small*, which vessel was left by the Pilot at Sea on the 27th ultimo.

Mr. H. M. Reid has been permitted to proceed to Gya and prosecute his study of the Oriental languages at that station.

31st January.

The Right Honourable the Governor of Bengal has been pleased, under the provisions of Act VII. of 1835, to transfer from the Commissioners of Circuit for the 12th, 14th, 15th, 18th and 19th Divisions, to the Session Judges of the undermentioned Districts, the whole of the duties connected with Criminal Justice, appertaining to those Zillahs; viz

District	Division
Bhaugulpore, including Monghyr,	12th Division.
Purnea,	12th Division.
Tirhoot,	12th Division.
Burdwan, including Bancoora,	14th Do.
Dacca, including Furreedpore,	15th Do.
Mymunsing,	15th Do.
Sylhet,	15th Do.
24-Pergunnahs, including Baraset,	18th Do.
Midnapore, including Hidgellee,	19th Do.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. E. Bentall to be Joint Magistrate and Deputy Collector of Bogra, vice Mr. F. Cardew; but he will continue to officiate as Magistrate and Collector of Dinagepore till relieved.

Mr. T. Sandys to officiate, until further orders, as Magistrate and Collector of Dinagepore; but he will finish his Settlement work of the season before leaving Shahabad.

শ্রীযুত জি আদম্স সাহেব মেদিনীপুরের জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

জিলা পাটনার নিষ্করভূমির দলিল তজবীজ করণ কর্ম্মের ভার অদ্য বিহারের স্পেশিয়াল ডেপুটি কালেক্টর শ্রীযুত এ রিড সাহেবের প্রতি অর্পণ হইল।

শ্রীযুত জে এস ক্রাফোর্ড সাহেব ঐ কার্য্য সম্পাদনার্থ মেদিনীপুর ও হিজলির স্পেশিয়াল ডেপুটি কালেক্টর হইয়াছেন।

জিলা যশোহরের পতিত আবাদী তালুকের তজ্ঞাবধারণকরণার্থ সুন্দরবনের কমিস্যনর শ্রীযুত জি টি শেক্ষ্পিয়র সাহেব যশোহরের ডেপুটি কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করণের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত এফ এ লসিংটন সাহেব ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ ও সাৰ্কেট কমিস্যনরের আসিষ্টাণ্ট হইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে শ্রীযুত মৌলবী সৈয়দ খয়রাত আলি জিলা পাটনার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে শ্রীযুত মুন্সী রহত আলী জিলা পাটনার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ এ গ্রিন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে মাক্লেলান সাহেব হাবড়ার সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহ করিবেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর ফরীদপুরের ডেপুটি কালেক্টরের যে ভূমি পদ্মা নদীর দক্ষিণ ও পশ্চিম তটে আছে তাহা যশোহর ও বাখরগঞ্জের স্পেশিয়াল ডেপুটি কালেক্টরের এলাকাভুক্ত করিয়াছেন এবং ঐ নদীর উত্তর ও পূর্ব্বে যে ভূমি আছে তাহা ঢাকা ও মৈমনসিংহের স্পেশিয়াল ডেপুটি কালেক্টরের এলাকাভুক্ত করিয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

সদর বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত জেম্স পাটল সাহেব পনর দিবসের ছুটি পাইয়াছেন তাহা ঐ সাহেবের কলিকাতানগরহইতে প্রস্থিত হওন তারিখঅবধি আরম্ভ হইবে।

দিনাজপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত টি ওয়াএট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ও স্বস্ব কর্ম্মস্থানে পঁহুছনার্থ আগামি মাসের প্রথম তারিখঅবধি একপক্ষের ছুটি পাইয়াছেন।

বিহারের মাজিস্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ হিউস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

রাজশাহীর সদর আমীন শ্রীযুত বাবু রামকুমার চৌধুরী আগামি মাসের ১ তারিখঅবধি ৮ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ঢাকার ডেপুটি কালেক্টর শ্রীযুত বাবু রামলোচন ঘোষ স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ সাত দিবসের ছুটি পাইয়াছেন।

৬ ফেব্রুআরি।

লক্ষ্ণৌর রেসিডেন্টের উপরি আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত জে ডি শেক্ষ্পিয়র সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ বর্ত্তমান মাসের ১৮ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

১ ফেব্রুআরি।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এম ব্রামলি সাহেব পরলোকগমন করাতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নীচে লিখিতব্য উপরি উপদেশক ও শিক্ষকপ্রভৃতিরদিগকে কলিকাতাস্থ এতদ্দেশীয় চিকিৎসা শিক্ষালয়ের কর্ম্মে নিযুক্ত করিয়াছেন বিশেষতঃ।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি সি এজিটন সাহেব অস্ত্র চিকিৎসা ও রোগিরদের অস্ত্র চিকিৎসা শিক্ষকতা পদে নিযুক্ত হইয়াছেন।

কলিকাতার উদ্যানের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর উয়ালিক সাহেব উদ্ভিদবিদ্যার উপদেশক হইলেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি চাপমেন সাহেব রোগিরদের ঔষধ দেওনবিদ্যার উপদেশকতা পদে নিযুক্ত হইয়াছেন। কলিকাতাহইতে শ্রীযুত ডাং চাপমান সাহেবের অনুপস্থানপর্য্যন্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মাককস সাহেব তৎকার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর ওসাকনেসি সাহেব চিকিৎসা বিদ্যালয়ের শরীরের অঙ্গ প্রত্যঙ্গ ছেদনীয় কামরার শিক্ষক এবং কিমিয়া বিদ্যাশিক্ষকের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডেবিড হেয়ার সাহেব ঐ বিদ্যালয়ের সেক্রেটরী পদে নিযুক্ত হইয়াছেন।

বারাণসীর আফীম এজেণ্ট শ্রীযুত জন ট্রটর সাহেব গত ৭ ডিসেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত দশ দিবসের ছুটি পাইয়াছেন।

Mr. G. Adams to be Joint Magistrate and Deputy Collector of Midnapore.

The District of Patna has this day been attached to the jurisdiction of Mr. A. Reid, Special Deputy Collector in Behar, for the investigation of Titles to hold Land free from the payment of Revenue.

Mr. J. H. Crawford to be Special Deputy Collector for the ditto ditto, in the Districts of Midnapore and Hidgellee.

Mr. G. T. Shakespear, Commissioner in the Sunderbuns, has been invested with the powers of a Deputy Collector in Jessore, while conducting enquiries in regard to the Putteet Abady Talooks of that Zillah.

Mr. F. A. Lushington to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division.

Moulavee Synd Khyrat Ally to be Deputy Collector in Zillah Patna, under the provisions of Regulation IX. of 1833.

Moonshee Ruhut Ally to be Deputy Collector in Zillah Patna, under the provisions of Regulation IX. of 1833.

Mr. Assistant Surgeon J. McCleland to take charge of the Medical duties of the Civil station of Howrah, during the absence of Mr. Assistant Surgeon W. A. Green.

The Governor of Bengal has been pleased to assign the portion of the Deputy Collectorship of Furreedpore, lying to the South and West of the River Pudda to the jurisdiction of the Special Deputy Collector of Jessore and Backergunge, and that lying to the North and East of that River to the jurisdiction of the Special Deputy Collector of Dacca and Mymunsing.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. James Pattle, Senior Member of the Sudder Board of Revenue, for fifteen days, to commence from the date of his leaving town.

Mr. T. Wyatt, Civil and Session Judge of Dinagepore, for a fortnight, from the 1st prox mo, on private affairs, and to enable him to rejoin his station.

Mr. R. W. Hughes, Assistant to the Magistrate and Collector of Behar, to proceed to the Cape of Good Hope, for two years, on medical certificate.

Baboo Ramkoomar Chowdry, Sudder Ameen of Rajeshahy, from the 1st to the 8th proximo.

Baboo Ramlochun Ghose, Deputy Collector of Dacca, under Regulation IX of 1833 for seven days, to enable him to join his station.

6th February.

Lieutenant J. D. Shakespear, Extra Assistant to the Resident at Lucknow, has obtained six weeks leave of absence, from the 18th instant, to visit the Presidency, on urgent private affairs.

1st February.

The Right Honourable the Governor General of India in Council is pleased to appoint the following additional Lecturers and Establishment to the Medical College consequent on the demise of the late Principal Mr. Assistant Surgeon M. J. Bramley.

Mr. Assistant Surgeon C. C. Egerton to be Professor of Surgery and Clinical Surgery.

N. Wallich, Esq. M. D., Superintendent of the Botanic Garden, to be Professor of Botany.

Mr. Assistant Surgeon T. Chapman, M.D. to be Lecturer on Clinical Medicine. Mr. Assistant Surgeon McCosh to officiate for Dr. Chapman during his absence from the Presidency.

Mr. R. O'Shaughnessy to be Demonstrator to the Dissecting Room in the Medical College and to give assistance to the Chemical Lecturer.

Mr. David Hare to be Secretary to the Institution.

Mr. John Trotter, Opium Agent at Benares, has obtained an extension of the leave granted to him under date the 7th December last, for a further period of ten days.

সমাচার দর্পণ

শনিবার ১১ ফেব্রুআরি ১৮৩৭

সুপ্রিম কোর্টের সঙ্গে সদর দেওয়ানী আদালতের বিবাদ।

সংপ্রতি সুপ্রিম কোর্ট ও সদর দেওয়ানী আদালতের হুকুমে পরস্পর বিবাদ উপস্থিত হইয়াছে তদ্বিবরণ হিউমনাম্নী এক আরমানি বিবি হিউমনামক এক জন ইঙ্গলণ্ডীয় সাহেবকে বিবাহকরণানন্তর ঢাকার সন্নিহিত স্থানে বহুমূল্য ভূমি সম্পত্তি রাখিয়া লোকান্তরগত হন। পরে সুপ্রিম কোর্টে উক্ত সম্পত্তির অধিকারিতা বিষয়ের প্রস্তাব হওয়াতে শ্রীযুত মাকনাটন সাহেব সুপ্রিম কোর্টের হুকুমাত ঐ সম্পত্তির রিসিবরীপদে বা তত্ত্বাবধারকতা কর্ম্মে নিযুক্ত হইলেন কিন্তু শ্রীযুত মাকনাটন সাহেব মফঃসলে ঐ বিষয়ের দখল প্রাপণার্থ উদ্যোগ করিলে দৃষ্ট হইল যে পূর্ব্বে জিলা আদালতের শ্রীযুত জজ সাহেব শ্রীযুত বার্ডনামক এক জন সাহেবকে ঐ সম্পত্তির রিসিবরী পদে নিযুক্ত করিয়া তাবৎ বিষয় তাঁহাকে অর্পণ করেন এবং তিনি শ্রীযুত মাকনাটন সাহেবকে ঐ বিষয় অর্পণ করিতে অসম্মত হইলেন অতএব শ্রীযুত মাকনাটন সাহেব সুপ্রিম কোর্টের হুকুমক্রমে ঐ সম্পত্তির দখলের দাবি দিয়া সদর দেওয়ানী আদালতে দরখাস্ত করিলেন কিন্তু সদর দেওয়ানী আদালত ইহা বলিয়া ঐ দরখাস্ত গ্রাহ্য করিলেন না যে ইহার দুই বৎসরপূর্ব্বে মফঃসল আদালতের শ্রীযুত জজ সাহেব এক ব্যক্তিকে ঐ বিষয়ের রিসিবরী পদে নিযুক্ত করিয়াছেন এবং এমত করণের ঐ আদালতের ক্ষমতাও আছে। এতদ্রূপে সুপ্রিম কোর্ট ও কোম্পানির কোর্টের ক্ষমতার বিষয়ে বিরোধ উপস্থিত হইল। এতদ্রূপ বিরোধ কেবল লেজিস্লেটিব কৌন্সেলের দ্বারা খণ্ডন হইতে পারে যেহেতুক উক্ত কৌন্সেলে ভারতবর্ষস্থ কি কোম্পানি কি বাদশাহের তাবৎ আদালতের ব্যবস্থা ও কর্ম্মের রীতি স্থাপনের ক্ষমতা আছে

কষ্টম হৌসের কর্ম্মের ত্বরা।

কলিকাতাস্থ কষ্টম হৌসে যে নূতন নিয়ম স্থাপন করা গিয়াছে তদ্দ্বারা অত্যাশ্চর্য্য শীঘ্র কার্য্য নিষ্পত্তি হইতেছে তাহার উদাহরণ এই রউলিনামক জাহাজ গত মাসের ২৩ তারিখে কলিকাতার বন্দরে প্রবেশপূর্ব্বক আমদানী তাবৎ বোঝাই মুক্ত হইয়া রপ্তানী ৪০০ টন লইয়া বর্ত্তমান মাসের ২ তারিখে প্রস্থান করিয়াছে।

SUMACHAR DURPUN.

SATURDAY, 11TH FEBRUARY, 1837.

Collision between the Supreme Court and the Sudder Dewannee Adawlut.

A collision has just taken place between the orders of the Supreme Court and the Sudder Dewannee Adawlut, the particulars of which are as follows:—A Mrs. Hume, an Armenian by birth, but married to an Englishman of the name of Hume, died lately, leaving considerable property in lands in the neighbourhood of Dacca. The question about the right to this property was soon after brought into the Supreme Court, and Mr. E. Macnaghten was appointed Receiver of the estate. But when Mr. Macnaghten endeavoured to obtain possession of the property in the Mofussil, it appeared that the Zillah Court had previously appointed a Mr. Bird as Receiver, to whom all the property had been made over, and who refused to give it up to Mr. Macnaghten. An application was therefore made by him to the Sudder Dewannee Adawlut, claiming to obtain possession of the property under the orders of the Supreme Court. The Court of Sudder Dewannee however refused the application upon the ground that the Mofussil Court had two years previously appointed a Receiver; and that it possessed the right to do so. Thus the authority of the Supreme Court and that of the Company's Court, is brought into direct collision, and the matter can only be settled by reference to the Legislative Council, which possesses authority to prescribe laws for all Courts in India.

Expedition of Business at the Custom House.

The new arrangements which have been made in the Calcutta Custom House, are found to be so admirably adapted to expedite business, that the *Rowley*, entered the port on the 23d of last month, discharged her import cargo, took on board 400 tons of export cargo, and cleared out on the 2d of this month.

শ্রীহট্ট জিলা।

শ্রীহট্ট জিলার অবস্থা [illegible] বোর্ড [illegible] রেবিনিউ [illegible] বিবে [illegible]। ঐ জিলাস্থ লোকেরা [illegible] দিন [illegible] যে সরকারী রাজস্ব আদায় করা দুঃসাধ্য হইয়াছে। ইহার দশ পনর বৎসর পূর্ব্বে এমত প্রায় কখন শুন যায় নাই যে ঐ জিলার বকেয়া খাজানার নিমিত্ত কোন জমিদারী নীলাম হইয়াছে। জিলাস্থ সকলই স্বচ্ছন্দ ছিলেন গবর্ণমেণ্টের রাজস্ব নিয়মতই অবাধে দেওয়া যাইত। এইক্ষণে শ্রীহট্ট জিলা হইতে যদ্যপি সরকারের কেবল ৩ লক্ষ টাকা উৎপন্ন হয় [illegible] দুই লক্ষ [illegible] রহিয়াছে [illegible] পঁচিশ হাজারেরও অধিক [illegible] ঐ জিলার প্রায় [illegible] জমিদারী নীলামের [illegible] ইশতেহার দেওয়া আবশ্যক হইয়াছে। [illegible]

[illegible]

এবং ইহাও [illegible] উপযুক্ত [illegible] হইতে [illegible] ক্লেশ হয়। উক্ত জিলাতে ধনি ব্যক্তি নাই সকলই দরিদ্র। প্রধান জমিদারেরদের মধ্যে এমত ১৫ জন জমিদার নাই যে তাঁহারদের পাঁচ হাজার টাকা পুঁজি আছে। একপ্রকার [illegible] ঐ দারিদ্র্যাবস্থার কারণ বলা যাইতে পারে যেহেতুক অনাবৃষ্টিপ্রযুক্ত দুই বৎসর ঐ জিলাতে প্রায় কোন শস্য জন্মে নাই এবং তৎপর বৎসরে অধিক জন্মিয়াছিল বটে তাহাতে শস্যের মূল্য এমত ন্যূন হইল যে কৃষকেরদের ভূমি আবাদকরণসময়ে যে খরচ হইয়াছিল তাহাও পোষাইল না। জিলাস্থ লোকেরদের অর্থাভাব এই সকল দুর্ঘটনার কারণ হইতে [illegible] কিন্তু অর্থাভাবের কারণ এই যে ঐ সকল জমিদারী অতিক্ষুদ্র২ [illegible] বিভক্ত হইয়াছে [illegible] ঐ জিলাতে [illegible] হাজার [illegible] ইহাতে [illegible] জমিদার [illegible] জমিদারী [illegible] অতিক্ষুদ্র২ [illegible] জমিদারেরা এমত [illegible] হইয়াছেন যে তাঁহারদের [illegible] নাই বস্তুতঃ [illegible] [illegible]

এই অনিষ্টের প্রতিকার এই যে ভূমি উর্ব্বরা করিতে পারে এমত যোত্রাপন্ন ব্যক্তিরদের হস্তে উক্ত জমিদারী সকল বিভক্ত না হইয়া একত্র থাকে কিন্তু জিলাস্থ লোকের পূর্ব্বে যদ্রূপ সৌভাগ্যাবস্থা ছিল পুনর্ব্বার তদবস্থ হওনার্থে কি উপায় করা কর্ত্তব্য এ বিষয়ক বিবেচনায় অনৈক্য হইয়াছে। শ্রীযুত কালেক্টর মিটন সাহেব প্রস্তাব করেন যে ঐ জিলাতে ১৮১৮ সালের ১০ আইন জারী করা যায় কিন্তু শ্রীযুত কমিসনর সাহেবের এমত বাঞ্ছা যে দশ হাজার জমিদারী বিক্রয় না হওনপর্য্যন্ত নীলাম হউক। বোর্ডের সাহেবেরদের মধ্যেও তদ্রূপ বিবেচনার ঐক্য নাই এমত দৃষ্ট হইতেছে। বোর্ডের তিন জন মেম্বরের পরস্পর বিরুদ্ধ বিবেচনাতে পরিশেষে এই স্থির হইল যে ঐ জিলার পূর্ব্ব কালেক্টর সাহেবকে এতদ্বিষয়ের [illegible] অর্পণ করা যায়। উক্ত সাহেবের আমলে ঐ জিলাস্থ লোকের যদ্রূপ ভাগ্যবত্তা ছিল পরে তদ্রূপ আর হয় নাই।

The Sylhet District.

The case of the Sylhet district is now under the consideration of the Board of Revenue. That district is now reduced to such a state of poverty, that it is become impossible to collect the public revenue. Ten or fifteen years ago, the sale of an estate for arrears of revenue was scarcely ever heard of; the district was in a flourishing state, and the Government dues were most punctually discharged. But now though Sylhet yields only about three lakhs of Rupees a year to the state, two lakhs of this sum remain unpaid; and in order to realize it, it has been necessary to advertise more than twenty-five thousand estates for sale, that is, nearly all the estates in the district. When estates are sold, they are generally bought by a set of men of no property, who can only muster the deposit money; and who endeavour to gain a little by reselling their purchase to advantage. This is a species of gambling, from which the poor ryots who live on these lands and obtain their subsistence from them, cannot but suffer severely. There is no man of wealth in the district. All are poor. Among all the Zemindars there are not fifteen persons who are possessed of 5000 Rs.

The cause of this poverty is supposed to be in some measure the calamity of the seasons. During the two years of drought, scarcely any thing was produced in the district; and in the next year the crop was so abundant that the prices fell, and the cultivator could not realize the sum which he had laid out in tilling the ground. This is no doubt the cause, in some measure, of the pauperism of the district, but the great reason is the subdivision of estates; so that there are more than thirty thousand Zemindars in the district; in fact, a Zemindar can not be distinguished from the peasant. In consequence of the estates being so very minute the Zemindars are wretchedly poor; and have no money to lay out on the cultivation of their lands; and in fact do not seem to care about the produce. For to improve lands capital is required as much as to carry on any other business.

The remedy for this evil is to consolidate estates, so that they shall fall into the hands of those who have the means of improving them. But on the subject of what was to be done to restore this district to its former prosperity, there appears to be a division of opinion. The Collector, Mr. Mytton, proposes that Regulation X. of 1818 should be introduced into the district; the Commissioner wishes the sale of Estates to go on, till not one, but ten thousand shall have been sold. In the Board there appears to be a like difference of opinion. The three members differ from each other. And it was at length agreed to ask the opinion of Mr. C. Tucker, the former Collector of the district, in whose time it enjoyed a degree of prosperity which it has never since attained.

রাজা প্রতাপচন্দ্র।

রাজা প্রতাপচন্দ্র অর্থাৎ এইক্ষণে যিনি আপনাকে বর্দ্ধমানের সিংহাসনের প্রকৃতাধিকারী কহেন তিনি গত শনিবাসরে কারামুক্ত হইয়া অতিসমারোহপূর্ব্বক কলিকাতা মহানগরীতে শুভ গমন করিয়াছেন। জ্ঞানান্বেষণহইতে তাঁহার মুক্তিবিষয়ক এক প্রস্তাব দর্পণে অর্পণ করা গেল তৎপাঠে পাঠক মহাশয়েরা পরম সন্তুষ্ট হইতে পারেন।

Raja Prutap Chunder.

Raja Prutap Chunder, who gives himself out as the real heir of the Burdwan guddee, was released from confinement on Saturday last, and proceeded to Calcutta in great state. We have copied from the Gyanauneshun an account of his release which we are certain will be found interesting to our readers.

বালির খালের সাঁকো।

পাঠক মহাশয়েরা প্রায়ই অবগত আছেন যে হুগলি চুঁচুড়া চন্দননগর ও শ্রীরামপুর দিয়া হাবড়াপর্য্যন্ত যে রাস্তা তাহার মধ্যে বালির এক খাল আছে ঐ খাল [illegible] ঐ রাস্তা দিয়া শকটাদি গমনাগমন করিতে পারে না তাহাতে নদীর পশ্চিম তীরস্থ ব্যক্তিরদের অত্যন্ত [illegible] যদ্যপি ঐ খালে সাঁকো প্রস্তুত করা যায় তবে ঐ রাস্তা দিয়া [illegible] যান বাহনাদিতে গমনাগমন হইতে পারে বিশেষতঃ দ্রব্যাদি [illegible] এবং ঐ রাস্তার নিকটবর্ত্তি লোকের পরম সুখ [illegible] একটা সাঁকো প্রস্তুত করা সর্ব্বসাধারণের পক্ষেই অত্যাবশ্যক বিষয় [illegible] শুনিয়া [illegible] হওয়া গেল যে এই ব্যাপারে হুগলির মাজিষ্ট্রেট শ্রীযুত ই এ সামুএলস সাহেব অত্যন্ত মনোযোগী হইয়াছেন এবং এই বিষয়ের এক লিপি প্রস্তুত করিয়া ঐ জিলাস্থ ভারি২ জমিদারেরদের নিকটে প্রেরণ করিয়াছেন তাঁহারা কেহ২ বদান্যতাপূর্ব্বক ঐ চাঁদা পত্রে স্বাক্ষরও করিয়াছেন। অনুমান করা গিয়াছে যে লৌহময় সেতু প্রস্তুত করিতে হইলে তাহার ব্যয় সমুদায়ে ৩০ হাজারের অধিক লাগিবে না ভরসা হয় যে দেশস্থ সদাচার [illegible] দানশৌণ্ডতাপূর্ব্বক যদ্যপি উক্ত [illegible] টাকার অর্দ্ধেকের আনুকূল্য করেন [illegible] গবর্ণমেণ্টের বদান্যতাক্রমে [illegible] সম্ভাবনা। অত এব এতদ্রূপ সংক্রমের দ্বারা [illegible] মহাশয়েরদের অনেক উপকার দর্শিবে [illegible] [illegible] পরমেশ্বর [illegible] নগর শ্রীরামপুর চাতরা তেলেনি পাড়া চন্দননগর চুঁচুড়া হুগলিপ্রভৃতিতে এত [illegible] জমিদার [illegible] ঐ [illegible] পারেন

জিলা হুগলির জমিদারান ও তালুকদারান ও ভাগ্যবন্ত ভদ্রলোকসমূহসমীপেষু।

এই জিলার দক্ষিণাংশে মোং বালির খালে সেতু না থাকাপ্রযুক্ত গাড়ি ঘোড়া লোকজন ও পশু ইত্যাদির গমনাগমনে যথোচিত ক্লেশ হওয়াতে শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব অনুসন্ধানের দ্বারা অবগত হইলেন যে ঐ খালে সেতু অর্থাৎ সাঁকো হইলে জমিদার ও অন্যান্য ভূম্যধিকারী ও প্রজাবর্গের অশেষ উপকার হইবার সম্ভাবনা কিন্তু তাহাতে অর্থব্যয় অপেক্ষা করে এবং এক জনহইতেও এই মহৎকর্ম্ম নির্ব্বাহ হইতে পারে না. সকল ভাগ্যবন্ত মহাশয়েরা কিঞ্চিৎ উদ্যোগী হইলেই অনায়াসে হইতে পারিবে। আরো বিদিত আছে যে এই জিলার জমিদার প্রভৃতি ভদ্রলোকের বদান্যতায় অনেক

Bridge at Balee.

We need scarcely remind our readers, that the road leading from Hooghly, Chandernagore, Chinsurah, and Serampore to Howrah, is intersected by a creek at Balee, which prevents the road's being used for wheeled conveyances, and which therefore subjects those who live on that side of the river to the greatest inconveniences. If a bridge were thrown across it the road would immediately be used by every kind of conveyance. The transportation of goods would be greatly facilitated; and all who reside in the vicinity of the road would experience the greatest comfort. The erection of a bridge is therefore a matter of very great importance to all; and we are happy to learn, that the Magistrate of Hooghly, Mr. E. A. Samuells, has taken the matter up in earnest, and circulated a paper on the subject among the most wealthy Zemindars in the district, some of whom have liberally come forward to contribute to the undertaking. It is calculated that the whole expense of an iron suspension bridge will not exceed 30,000 Rupees. It is hoped, that if the community will contribute one half this sum, the remainder may be expected from the liberality of Government. We would therefore earnestly recommend the plan to the wealthy natives who would benefit by such a bridge; and entreat them to give it their effectual aid.

There are so many wealthy zemindars at Balee, Konnagur, Serampore, Chatra, Telinpara, Chandernagore, Chinsurah, and Hooghly, that the sum might very easily be raised among them.

To the Zemindars and Talookdars of the Hooghly Zillah.

Great inconvenience having been experienced from the want of a bridge over the Balee Khal, on the road from Serampore to Howrah, and assurances having been conveyed to the Magistrate, from numerous quarters, that important advantages may be expected to accrue to the landholders, in the neighbourhood, and to the country in general, from the creation of such a structure, in that particular spot, it has been determined to appeal to that liberality and public spirit by the exercise of which the Hooghly Zemindars have ever been distinguished, and to set on foot a subscription with a view to the accomplish-

নেক সেতু ও রাস্তা ও ঘাট ইত্যাদি মহৎ২ কর্ম্ম সম্পন্ন হইয়াছে অতএব ঐ বদান্যতার নির্ভর করিয়া এই চাঁদার কর্ম্ম করা গেল। আপনারা সকলে স্বদেশের মঙ্গলাকাংক্ষী ও হিতৈষী হইয়া স্ব২ সাধ্যানুসারে এই বিজ্ঞাপনপত্রে স্বাক্ষর করিয়া যশ ও কীর্ত্তি বৃদ্ধি করিবেন এবং জ্ঞাত করা যাইতেছে যে যাঁহারা এই পুণ্যজনক কর্ম্মে সাহায্য করিবেন তাঁহারদিগের সুখ্যাতি দেশাধিপতি অর্থাৎ গবর্ণমেণ্টের সুগোচর করাণ যাইবেক ইতি।

ই এ সামুএল
একটিং মাজিস্ত্রেট।

সদর বোর্ড রেবিনিউ।
ডেপুটি কালেকটর নিযুক্তকরণ।
১৮৩৭। ৫ ফেব্রুআরি।

বর্ত্তমান মাসের ২ তারিখে হরকরা পত্রে প্রকাশিত সদর বোর্ড রেবিনিউর প্রস্তাবের বিষয়ে শ্রীযুত সেক্রেটরী মাঙ্গলস সাহেব এই উত্তর করিলেন যে উক্ত বোর্ডের প্রথম ও দ্বিতীয় প্রস্তাবিত বিষয়ে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের সম্পূর্ণ সম্মতি আছে। সেই প্রস্তাব এই যে সদর বোর্ডের সাহেবেরা আপনারদের বিবেচনামতে একই কমিস্যনরের এলাকার মধ্যে ডেপুটি কালেকটর এক জিলাহইতে উঠাইয়া অন্য জিলাতে নিযুক্ত করিতে পারেন। দ্বিতীয় প্রস্তাব এই যে ডেপুটি কালেকটরী কার্য্যে কোন ব্যক্তি মনোনীতকরণ বিষয়ে যদ্রূপ কমিস্যনর সাহেবের ক্ষমতা আছে তদ্রূপ বোর্ডের সাহেবেরদেরও ক্ষমতা থাকে। তৃতীয় প্রস্তাব এই যে উত্তরকালে ডেপুটি কালেকটরী কর্ম্মে নিযুক্ত হওনার্থ ইঙ্গরেজী ভাষাতে নিপুণ ব্যক্তির আবশ্যক। তাহাতে শ্রীল শ্রীযুত এই উত্তর করিলেন যে এতদ্বিষয়ে আমি এমত কোন নিশ্চয় হুকুম দিতে পারি না যেহেতুক তাহা হইলে সরকারী কর্ম্মের মধ্যে অত্যন্ত আকাঙ্ক্ষণীয় এই পদ অতিকর্ম্মণ্য অনেক ব্যক্তি পাইতে পারেন না কিন্তু শ্রীলশ্রীযুত এমত নিশ্চয় বোধ করিয়াছেন যে রিপোর্ট ও বন্দোবস্তের কাগজ পত্র ইত্যাদি যাঁহারা ইঙ্গরেজী ভাষা লিখনক্ষম এমত ব্যক্তিরদিগকে ডেপুটি কালেকটরী কর্ম্মে নিয়োগ করিলে সাহেব লোকেরদের পরিশ্রম ও সময়ের লাঘব হইতে পারে। অতএব ইঙ্গরেজী ভাষা শিক্ষা দেওনার্থ ও রেবিনিউসম্পর্কীয় কার্য্যের উদ্ভূতাকরণার্থ বোর্ডের সাহেবেরদিগকে এমত ক্ষমতা দেওয়া গেল যে ডেপুটি কালেকটরী পদাকাংক্ষী দুই ব্যক্তির প্রকারান্তর গুণ ও যোগ্যতার বিষয় সমভাবে থাকিলে তন্মধ্যে যিনি ইঙ্গরেজী ভাষা জানেন তাঁহাকে তৎকর্ম্ম দেওয়া যাইবে।

ঘুণধরা ও চিতিপড়ার প্রতিকার।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল বিলাতে কোং এতদ্দেশে এমত এক দ্রব্য আনাইয়াছেন যে তদ্দারা কাষ্ঠাদিতে উই ঘুণপ্রভৃতি ধরিতে পারে না। ঐ দ্রব্য লণ্ডন নগরে শ্রীযুত কায়েন সাহেব প্রথম প্রস্তুত করেন। দৃষ্ট হইয়াছে যে এই আশ্চর্য্য উপায়ের দ্বারা চকর কাষ্ঠে ঘুণ ধরিতে এবং কেনবিষ রজ্জু ইত্যাদিতে চিতি পড়িতে ও উই বা অন্যান্য কীটাদি ধরিতে পারে না। এই দেশে মৃত কিড় সাহেব ইহার পরীক্ষা করিয়া দেখিয়াছিলেন যে

ment of so desirable an object—all therefore who feel interested in the prosperity of their country, or who wish to have their names transmitted to posterity in connection with a work of great public utility, are earnestly invited to come forward and contribute to the success of this scheme according to their respective means. Should the subscription for any unforeseen cause fall short of the necessary sum a representation to the present liberal Government will, it is confidently anticipated, remove every difficulty.

E. A. Samuels,
Officiating Magistrate

SUDDER BOARD OF REVENUE.
Appointment of Deputy Collectors.
Feb. 8, 1837.

In reply to the propositions of the Sudder Board, published in the Hurkaru of the 2d instant, Mr. Secretary Mangles informed the Board that his Lordship entirely concurs with the Board in their first and second propositions, viz. that the Sudder Board be empowered at their discretion to transfer Deputy Collectors from one district to another within the same division; and that a discretionary power of nomination to the office of Deputy Collector be vested in the Sudder Board as well as in the Commissioner of Revenue.

To the third proposition "That a competent acquaintance with the English language be made, for the future, an indispensible condition of appointment to a Deputy Collectorship," his Lordship is not prepared to lay down a strict rule which would, in effect, exclude a greater number of highly efficient individuals from a very much coveted grade of the public service. At the same time His Lordship is alive to the superior advantages that would result, in the great economy of time and labour on the part of the superintending officers, more especially,—from the employment of Deputy Collectors able to draw up their reports, and settlement statements, and the like, in English. With a view, therefore, to the encouragement of the study of that language, and to the general benefit of the Revenue Department, the Board are authorized to announce publicly, when candidates for Deputy Collectorships are on a par in regard that to other qualifications, a preference will be given to the person who is most competent to transact business in English.—*Hurk.*

Cure for the Dry Rot and Mildew.

We are happy to perceive that Messrs. Biale and Co. have introduced into this country the white ant and dry rot preventative invented by Mr. Kyan in London. This most admirable contrivance has been found generally successful in preventing the dry rot in timber, mildew in canvas and cordage, and the effects of the white ants and other insects. It was tested in this country by the late Mr. Kyd, and found completely

তদ্দারা কোনপ্রকার কীট বা উই লাগিতে পারে না। দৃষ্ট হইতেছে যে ইঙ্গলণ্ডের সর্ব্বত্রই এই দ্রব্যের ব্যবহার হইয়াছে। এবং অবগত হওয়া গেল যে এতদ্দেশীয় গবর্ণমেণ্ট ঐ উপায়েতে আপনারদের অনেক জাহাজ ও দ্রব্যাদি রক্ষণার্থ কএক বৎসরের নিমিত্ত এজেণ্টেরদের সহিত চুক্তি করিয়াছেন। এবং এইক্ষণে শ্রীযুত কাপ্তান ফরবিস সাহেব ঐ মসলা জাহাজে কীটাদি ধরিয়াছে কি না তাহার পরীক্ষার্থ নিযুক্ত হইয়াছেন।

হুগলির কালেজ

পবলিক ইন স্ট্রকসন কমিটি অর্থাৎ সর্ব্বসাধারণের শিক্ষার্থ সমাজহইতে শ্রীযুত সর এডবার্ড রয়ন শ্রীযুত সর বেঞ্জামেন মালকিন শ্রীযুত শিক্ষপিয়র শ্রীযুত ত্রিবিলয়ন এবং শ্রীযুত সদর লণ্ড সাহেব এই মহাশয়েরা শ্রীযুত হেয়র সাহেব ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত বাবু রসময় দত্ত ও শ্রীযুত কাপ্তান জেনসন সাহেবপ্রভৃতিকে সমভিব্যাহারে লইয়া গত শনিবার হুগলির বিদ্যামন্দির দর্শনার্থ এবং তত্রস্থ ছাত্রেরদিগকে পারিতোষিক বণ্টনপূর্ব্বক প্রদানার্থ ধূমাগ্নির জাহাজে তথায় গমন করিয়াছিলেন পারিতোষিক বণ্টন সমাপনানন্তর তাঁহারা হুগলিতে গমন করত কিঞ্চিৎ কালপর্য্যন্ত ইমাম বাটী এবং তত্রস্থ কারাগারের নিকট দক্ষিণাংশে ঐ বাটীর যে ভূমি আছে তাহা দেখিলেন। ঐ ভূমিতে অত্যুত্তম এক বিদ্যালয় গ্রন্থনার্থ প্রস্তাবিত হইয়াছে এইক্ষণে তাহা নিশ্চিত হয় নাই। এক সময়ে এমত আন্দোলন হইয়াছিল যে শ্রীযুত জেনরল পেরেন সাহেবের যে বাটী এইক্ষণে মাসিক ১৪০ টাকাতে ভাড়া দেওয়া গিয়াছে সেই বাটী ক্রয় করা যায় কিন্তু ঐ বাটীর কর্ত্তা মনে করিলেন যে উক্ত কমিটি এমত আর অন্য কোন বাটী পাইতে পারিবেন না। অতএব পূর্ব্বে ঐ বাটী বিক্রয়ার্থ যে মূল্যে সম্মত ছিলেন এইক্ষণে তাহার দ্বিগুণ চাহিয়াছেন।

লিবরপুলে বঙ্গদেশজাত কাপাসের আমদানী।

শুনিয়া আহ্লাদিত হওয়া গেল ১৮৩৬ সালের মধ্যে বঙ্গদেশীয় যত কার্পাস লিবরপুলে আমদানী হইয়াছে তাহা ১৮৩৫ সালের আমদানী সংখ্যার সঙ্গে মিলাইয়া দেখা গেল যে দ্বিগুণ হইয়াছে যেহেতুক ১৮৩৫ সালে ৬৬,৪৩০ এবং তৎপর বৎসরে ১,২৯,৫৬৪ গাঁইট আমদানী হয়। ১৮৩৫ সালের আমেরিকায় আমদানী কাপাসের সঙ্গে বঙ্গদেশীয় আমদানীর সংখ্যা মিলাইয়া দেখা গেল যে বঙ্গদেশীয় কার্পাস আমেরিকীয় কাপাসের দশমাংশ হইবেক। কিন্তু তৎপর বৎসরে কিঞ্চিৎ কম পাচ অংশের একাংশ হইয়াছিল।

চিকিৎসা শিক্ষালয়।

গবর্ণমেণ্ট নিশ্চয় করিয়াছেন যে কলিকাতার চিকিৎসা শিক্ষালয়ের অধ্যক্ষতাপদে আর কোন ব্যক্তিকে নিযুক্ত করিবেন না কিন্তু ঐ পদের বেতনেতে নূতন দুই জন শিক্ষককে নিযুক্ত করিবেন এবং শ্রীযুত ডাক্তর এজিটন ও শ্রীযুত চাপমেন সাহেব উপরি শিক্ষকতা পদে নিয়োজিত হইবেন।

চিকিৎসকেরদের পুরস্কার।

শ্রীযুত গৌরমোহন বাবু এমত অঙ্গীকার করিয়াছেন যে বিনাযন্ত্রণায় বা কাটাকুটি না করিয়া যিনি মূত্রকোষ্ঠহইতে পাথুরি নির্গত করিতে পারিবেন তাঁহাকে সহস্র টাকা পুরস্কার দিবেন।

to prevent the ravages of white ants. It appears to have been universally adapted in England, and we learn that the Government in this country have contracted with the Agents for a fixed period of years for the extensive application of this preparation to the Government vessels and stores, and that Capt. Forbes is at present engaged in making some experiments with the material.

The Hooghly College.

A deputation from the Committee of Public Instruction, consisting of Sir Edward Ryan, Sir Benjamin Malkin, Mr. Shakespear, Mr. Trevelyan, and Mr. Sutherland, accompanied by Mr. Hare, Baboos Prussunnocoomar Tagore and Russomoy Dutt, and Capt. Johnston proceeded in one of the Iron Steamers on Saturday last, to visit the Hooghly College, and to distribute the prizes to the students. After having completed the distribution, they proceeded to Hooghly and minutely inspected the Emaunbarah and the lands belonging to the Estate to the Southward, extending near to the jail. On part of this land it has been proposed to erect a splendid structure as a College, but this point is not fully determined. It was at one time contemplated to purchase General Perron's house, now rented at 140 Rs. a month; but the owner, from an idea that the Committee could not obtain another, doubled the price which he had formerly agreed to take.

Import of East India Cotton at Liverpool.

We are happy to perceive that the increased importation of East India Cotton into Liverpool during 1836 as compared with 1835 was very nearly 100 per cent. The imports in 1835 having been 66,430 bags, and that of the following year, 129,564 bags. The proportion of East Indian to American Cotton in 1835 was as one bag to ten. In the succeeding year it was as one bag to less than five.

Medical College.

Government have determined not to nominate another Principal to the Medical College, but to appropriate the salary of that office to two new Professorships. Drs. Egerton and Chapman are to be the additional Professors.

Prize for Medical Men.

Baboo Gourmohun has offered to any medical gentleman the prize of 1,000 rupees, who may succeed in extracting the stone from the bladder without pain and cutting.

ইঙ্গরেজী টিকা।

শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব কহিয়াছেন যে কলিকাতা ব্যাপিয়া ইঙ্গরেজী টিকা ব্যবহারের বাহুল্যকরণার্থ শহরের প্রত্যেক সীমাতে এক২ নির্দ্দিষ্ট স্থান প্রস্তুতকরণের প্রস্তাব করিবেন এবং তিনি প্রত্যেক স্থানে ও স্বীয় বাটীতে স্বয়ং গমনপূর্ব্বক সপ্তাহের মধ্যে দুই২ দিন ঐ ব্যাপারের তত্ত্বাবধারণ করিবেন।

গুমশূর।

গুমশূরের যুদ্ধ ব্যাপারের প্রায় শেষ হইতেছে সরদার শান বিশায়ির উদ্যোগেতে ধরা বিশায়ীব্যতিরেকে খন্দ দেশস্থ অন্যান্য প্রায় তাবৎ সরদারেরা ধৃত বা হত হইয়াছে। বোধ হয় ধরা বিশায়ী অদ্যাপি সওরাদা স্থানে আছে। শ্রীযুত রসল সাহেবকে মান্দ্রাজে প্রত্যাগমনের হুকুম হইয়াছে এবং গুমশূরহইতে সৈন্যেরদেরও প্রস্থিতহওনের কল্প ছিল।

ক্ষেমচাঁদ মতিচাঁদ।

বোম্বাইস্থ প্রধান ধনি সওদাগর হাউস ক্ষেমচাঁদ মতিচাঁদনামক কোম্পানির কুঠীর এক জন প্রধান অংশী মৃত মতিচাঁদ আমীরচাঁদের পুত্র ক্ষেমচাঁদ মতিচাঁদ ১৩ জানুআরি তারিখে হেনানামক জাহাজারোহণে ভৌনগরের নিকটবর্ত্তি পালিথানানামক জৈনমতাবলম্বিরদের তীর্থস্থানে গমন করিয়াছেন। কথিত আছে উক্ত স্থানে তাঁহার গমনের কারণ এই বহুসংখ্যক টাকা ব্যয় করিয়া তাঁহার ৺ প্রাপ্ত পিতা তথায় যে মন্দির স্থাপন করেন তাহার প্রতিষ্ঠা করিবেন। এমত জনরব উত্থাপিত হইয়াছে যে বোম্বাই ও সৌরাষ্ট্র ও মাঙ্গলুরহইতে স্বীয় সমভিব্যাহারে যে সকল যাত্রিরা আসিয়াছে তাহারদিগকে দান ও ভোজনাদিতে তিনি ২ লক্ষ টাকা ব্যয় করিতে মানস করিয়াছেন। যাত্রিরদের সংখ্যা লক্ষের ন্যূন নহে এমত অনুমান।

পত্রপ্রেরকেরদের প্রতি।

কস্যচিৎ মফঃসলনিবাসি দর্পণপাঠকস্য ইতিস্বাক্ষরিত দীর্ঘ এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহাতে পোলীসের কার্য্যের সুধারার উপায় প্রস্তাবোপলক্ষে কতকগুলি ভদ্রসন্তানের অত্যাচারবিষয়ক উক্তি অভিব্যক্তরূপে লেখেন। তাহা বিলক্ষণরূপ প্রতীত না হওয়াপর্য্যন্ত প্রকাশকরণ ক্ষম হওয়া গেল না।

জিলা চব্বিশ পরগনার তাবৎ বিচার কর্ত্তারদের অত্যন্ত প্রশংসার এক পত্র আগত হইয়াছে। তাহা প্রকাশে কেবল অত্যল্প ফল প্রকাশ করা হয় সুতরাং অপ্রকাশ্য বিবেচনায় ক্ষেপিত হওয়া গেল।

বাওয়ালির মণ্ডল জমিদারেরদের দৌরাত্ম্যবিষয়ীয় অপর এক পত্র প্রেরিত হইয়াছে। ঐ জমিদারেরদের অত্যাচারবিষয়ক প্রস্তাব অনেকবার দর্পণে প্রকাশ করা গিয়াছে। তথাপি বিবেচনা করা যাইবে।

Vaccination.

Dr. Stewart has intimated, that with the view of extending more generally the benefits of vaccine innoculation throughout Calcutta, he proposes to establish a depot for the purpose at each end of the town, and to superintend personally at each place twice a week, as well as at his own house.

Goomsoor.

The Goomsoor affair is now nearly terminated. All the chiefs with the exception of Doro Bissoye, have been caught, or killed, in the Koond country, through the agency of the chief, Sa Bissoye, who is supposed to be still in Sowrada. Mr. Russell has been called back to Madras and the troops were about to be removed.

Khemchund Motichund.

Khemchund Motichund, the son of the late Motichund Ameechund, a great and wealthy merchant of Bombay, and the chief memb r of the firm of Khemchund Motichund and Co. proceeded to Palee Tanna, a religious place of the Jayan tribe near Bhownuggur, on the 13th January, on board the *Hannah*. The reason of his proceeding to the above-mentioned place, is stated to be that of consecrating a temple built there by his late father at an immense expense. It is reported that he intends expending about two lakhs of rupees in charity and in feeding the pilgrims who accompany him from this place as well as from Surat and Mangalore, the number of whom, it is estimated, will amount to about one hundred thousand.

To Correspondents.

We have received a long letter signed A Mofussil Reader of the Durpun. Under the disguise of suggesting improvements in the Police, he has brought forward charges against respectable men. But we cannot publish it, until well assured of the facts.

We have received a letter praising to the skies all the officers of the 24-Pergunas. Its publication can do little good, and we regret that we cannot give it.

We have another letter regarding the outrages of the Mundul Zemindars of Baulkah. We have frequently published letters on this subject, and must take time to consider.

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

Spirit of the Native Papers.

শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্রের কারামোচন।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

উক্ত মহারাজ গত শনিবারে খালাস হইয়াছেন তাঁহার খালাসের বিষয়ে হুগলির কালেক্টর সাহেব পূর্ব্বে আপত্তি করিয়াছিলেন অতএব নির্দ্দিষ্ট দিনে খালাস পাইতে পারেন কি না সন্দেহ ছিল ঐ কালেক্টর সাহেবের নিকট পানিহাটিনিবাসি দুই সম্ভ্রান্ত জমীদার চৌধুরী শ্রীযুত রাজার কারামোচনার্থ জামীনি দাখিল করিলে পর কালেক্টর সাহেব আপত্তি করিলেন নিয়মানুসারে তাঁহারদিগের জমীদারির ইশ্‌তেহার দিয়া এক মাস না গেলে শ্রীযুত রাজা খালাস হইতে পারিবেন না তাহা হইলে মিয়াদাতিরিক্ত আরো দশ বার দিবস অধিক থাকিতে হইত কিন্তু এতদ্দেশীয় এক ভাগ্যধর অথচ গবর্ণমেণ্টের ত্রেজুরীর খাজাঞ্চি শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ বসাক যিনি এপর্য্যন্ত শ্রীযুত রাজার বিষয়ে উৎসাহ প্রকাশ করিয়াছেন তিনি চতুর্দ্দশ ভাগের কমিস্যনর সাহেবের নিকট দরখাস্ত করিলেন জমিদারীর ইশ্‌তেহারের মিয়াদ উত্তীর্ণ হওনপর্য্যন্ত ৪০ হাজার টাকার কোম্পানির কাগজ রাখিয়া শ্রীযুত রাজাকে খালাস দেউন অনন্তর কালেক্টর সাহেবের প্রতি হুকুম হইল তিনি ৪০ হাজার টাকার কোম্পানির কাগজ রাখিয়া শ্রীযুতকে খালাস দেন এবং ঐ কাগজও তাঁহার নিকট প্রেরিত হইল এইরূপে শ্রীযুত রাজার কারামোচনের সকল নিশ্চয় হইলে শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ বসাক এক পিনিস ও দুই বোট লইয়া শ্রীযুতকে আনয়নার্থ হুগলিতে গমন করেন অনন্তর শ্রীযুত রাজা গত শনিবার বেলা একাদশ ঘণ্টাকালে কারাগৃহের নিকট বিদায় লইয়া সাত আট সহস্র লোকের মধ্যদিয়া নৌকাতে আসিলেন তৎকালীন ঐ লোকেরা শ্রীযুতকে দেখিয়া অত্যন্ত জয়ধ্বনিপূর্ব্বক আহ্লাদ প্রকাশ করিয়াছিলেন ঐ সময়ে যেপ্রকার লোকের ভিড় হইয়াছিল তাহাতে মধ্যে২ থামিয়া আসিতে হইল অনন্তর অনুকূল স্রোত পাইয়া বেলা দুই ঘণ্টা কালে নৌকা ছাড়িলেন এবং দিদৃক্ষু লোকেরদের অনেক পান্সি নৌকাও তাঁহার সঙ্গে২ আসিতে লাগিল কিন্তু ছয় ঘণ্টাকালে জোয়ার হইবাতে পানিহাটি আসিয়া নৌকা রাখিলেন এবং বিপক্ষের ভয়ে ন্যূনাধিক ৪০।৫০ জন বরকন্দাজ তৎকালীন ঢাল তলবার নিয়া পিনিসের উপর পাহারা দিতে লাগিল ঐ রাত্রি সেই খানেই ছিলেন পরদিবস ভোরে তথাহইতে আসিয়া বেলা আট ঘণ্টাকালে কলিকাতার ঘাটে দৃষ্ট হইলেন তৎকালীন শ্রীযুত রাজা পিনিসের ছাদের উপর ছিলেন এবং এক ব্যক্তি ছত্র ধরিয়া ও চারি জন লোক পাখা করিতেছিল ঐ দিবস পুণ্যাহপ্রযুক্ত কলিকাতা এবং নানা দিগহইতে স্ত্রী পুরুষ বালক বালিকাতে অনেক লোক গঙ্গাস্নানার্থ গঙ্গাতীরে আসিয়াছিলেন ঐ লোকেরা যখন শুনিলেন শ্রীযুত রাজা প্রতাপচন্দ্র নৌকাতে আসিয়াছেন তখন অতিসম্ভ্রমের পাত্র বলিয়া আহ্লাদপূর্ব্বক তাঁহার প্রতি দৃষ্টি করিতে লাগিলেন ফলতঃ জগন্নাথের ঘাটে রাজার নৌকা লাগিয়াছে এই কথা শুনিয়া নিমতলার ঘাটঅবধি ময়দার কলঘরের ঘাটপর্য্যন্ত ন্যূনাধিক ৪০৫০ হাজার লোক শ্রীযুতকে দর্শনার্থ জগন্নাথের ঘাটপানে কোলাহল শব্দে আহ্লাদপূর্ব্বক বেগে ধাবমান হইল তৎকালে কেবল মহারাজার জয়২ শব্দব্যতীত অন্য শব্দ শুনা যায় নাই এবং লোকেরা তাঁহাকে দর্শনার্থ এমত ব্যাকুল হইয়াছিলেন যে ভালরূপে দেখিবার নিমিত্ত অনেকে কটিদেশপর্য্যন্ত জলের মধ্যেও গিয়াছিলেন এইরূপে দশ ঘণ্টাপর্য্যন্ত তথায় থাকিয়া গাড়ি আরোহণপূর্ব্বক শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ বসাকের বাটীতে গেলেন বসাক বাবু পূর্ব্বেই রাজার বাসার্থ ঐ বাটী প্রস্তুত রাখিয়াছিলেন কথিত আছে পূর্ব্ব রাত্রি জাগরণপ্রযুক্ত ঐ দিবস অনেক বেলাপর্য্যন্ত নিদ্রিত ছিলেন একারণ অধিক লোকের সহিত সাক্ষাৎ হয় নাই এবং সকলেও জানিতে পারেন নাই সেই দিবস তিনি আসিয়াছিলেন তথাচ তিন শতের অধিক লোক তাঁহাকে দেখিতে বসাক বাবুর দ্বারে জমা হইয়াছিল অনন্তর সায়ংকালে শ্রীযুত রাধাকৃষ্ণ বাবুর এক

RAJA PRATAB CHUND'S RELEASE.

To the Editor of the Gyananneshun.

Saturday was the last day of the Raja's imprisonment in the Hooghly jail. It was at first doubtful whether he would be so fortunate as to be set at liberty on the expiration of the period of his imprisonment, as the Collector of Hooghly objected to receive the securities of Zemindarees tendered by two respectable Chowdrees of Penhattee on the score of their not being advertised for a month as usual. This would have prolonged the confinement of the Raja ten or twelve days more beyond the time of his imprisonment. But a respectable native gentleman Baboo Radhakissen Bysack, khazanchee of the General Treasury, who had hitherto taken a warm interest in his cause, not liking to suffer him to remain in confinement, made an application to the Commissioner of the 14th Division to deposit Company's paper to the amount of 40,000 Rupees until the time of the advertisement might expire. To this of course no objection could be raised, and the Collector was instructed to receive the securities which were accordingly sent. Things being ready for his release, Baboo Radhakissen Bysack went to Hooghly with a pinnace and two boats to bring down the Raja to Calcutta. At 11 o'clock on Saturday the Raja bade adieu to his prison room and made his way to the pinnace through an immense crowd of spectators (said to be 7 or 8000 men) who testified their joy to see him by loud acclamations. It was impossible for the Raja to proceed without stopping to shew himself to the eager multitude who surrounded him on all sides as if unwilling to part from him. At about 2 o'clock in the evening the pinnace sailed with a favourable current followed by a number of boats and pansees filled with spectators, but it anchored near Penhattee at about 6 o'clock on account of the opposite current; when a guard of about 40 or 50 Burkundauzes with shields and swords was placed in the pinnace to secure the Raja against any attempt to injure him by his enemies. The pinnace sailed again before dawn, and was seen to make its appearance in the river opposite to Calcutta at about 8 o'clock in the morning. The Raja was seated in a chair placed upon the terrace of the pinnace with two men on each side fanning him, while a third held an umbrella over his head to shelter him from the scorching rays of the sun. On that morning there being a grand *joge*, the whole strand was crowded with numberless men, women and children, who came not only from the town but from distant places to bathe in the Ganges, and when they heard that the Raja was on the boat they were all joy and seemed to view him with a veneration similar to that which is paid to some divinity. They all ran to the Juggernath ghaut where the pinnace had anchored, and the whole street from Nimtollah to Smithson's ghaut was filled with men amounting to 40 or 50 thousand all eager to see the Raja. Nothing was heard but *moharajky joi moharajky joi.* Every one appeared to be foremost to approach him, and numbers of men even went into the water about waist deep to have a clear view of the Raja. He remained on board the pinnace till 10 A. M. when having come down from it, he was assisted to mount a chariot, which conveyed him amid the loud acclamations of the gazing multitude to one of Baboo Radhakissen Bysack's houses in Juggernath ghaut Street, which was previously fitted up for his reception. It is said that the Raja passed the greatest part of the day in sleep after the fatigue of the whole night on the pinnace. He did not receive many visits that day, his arrival being un-

পুত্রের সহিত গাড়ি আরোহণপূর্ব্বক গঙ্গাতীরের পথে ভ্রমণে বাহির হইয়াছিলেন এবং সেই সময়েতেও পূর্ব্বের ন্যায় চতুর্দ্দিগে জয়২ শব্দ শুনিলেন পরে সোমবারে কতিপয় ভাগ্যবন্ত লোকের সঙ্গে সাক্ষাৎ হয় এবং পূর্ব্বদিবসাপেক্ষা সোমবারে বসাক বাবুর দ্বারের গলিতে অনেক লোক জমা হইয়াছিল তাহাতে শ্রীযুত রাজা জানালাদিয়া মুখ বাহির করিবাতে লোকেরা কেবল মহারাজার জয়২ এই শব্দ করিতে লাগিলেন যাঁহারা শ্রীযুতকে দর্শনার্থ আসিয়া থাকেন তাঁহারা বাটীর মধ্যে যাইতে পারেন কিন্তু একেবারে অনেকের যাইতে বাধা আছে শ্রীযুত রাধাকৃষ্ণ বাবু মানস করিয়াছেন শ্রীযুতের বাসার্থ চৌরঙ্গিতে এক বাড়ী ভাড়া করিবেন যেহেতুক ইউরোপীয় এবং এতদ্দেশীয় যে সকল প্রধান লোকের সহিত শ্রীযুতের আলাপাদি ছিল তাঁহারা আসিয়া ঐ স্থানে স্বচ্ছন্দে সাক্ষাৎ করিতে পারিবেন।—
জ্ঞানান্বেষণ। নারদ।

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনি অনুগ্রহপূর্ব্বক এই কএক পংক্তি দর্পণৈকপার্শ্বে স্থানদান করিয়া পত্রপ্রেরককে পরম বাধিত করিবেন।

আপনকার পাঠক মহাশয়েরা অবশ্য অবগত আছেন যে কলিকাতায় সুবিচক্ষণ এতদ্দেশীয় মহাশয়েরা পৌর্ব্বাহ্নিক ফ্রিস্কুলনামক পাঠশালা স্থাপন করিয়াছেন। এবং আপনকার সম্বাদপত্রে এই বিদ্যাধ্যাপনের যথার্থানুকূল ব্যক্তিরদিগকে যথোচিত ধন্যবাদপূর্ব্বক প্রতিপোষকতা করিতেছেন কিন্তু হে সম্পাদক মহাশয় এই সম্বাদ আমি বারম্বার প্রকাশিত দেখিয়া খেদিত হইতেছি যে ঐ পাঠশালাস্থাপক মহাশয় অনেককালপর্য্যন্ত সাহায্য করিতে না পারাতে অল্পকালের মধ্যেই অর্থাভাবে তাহা ক্ষয়ণীয়সম্ভাবনা। অতএব পাঠশালা চিরস্থায়ী হওনের কারণ এই যে এতদ্দেশীয় ধনি মহাশয়েরা চাঁদা করিয়া তাহার ব্যয় নির্ব্বাহ করেন। যদ্যপি তাঁহারা বাজিপোড়ান ও অন্যান্য তামসিক ব্যাপারে অর্থ ব্যয় করিতে পারেন তবে যাহাতে স্বদেশীয় লোকেরদের যৎপরোনাস্তি উপকার ও সকলের স্থানে ধন্যবাদ প্রাপ্তি ও ঈশ্বরের প্রিয়তা ও পরকালে মঙ্গল হয় এমত কার্য্যে তাঁহারদের মনোযোগ করা উচিত হয়। তাঁহারদের বাজিপোড়ানেতে পরকালে কি হইবে পরকালে বাজি কি সঙ্গে যাইবে।

K. C. G. এক জন দর্পণগ্রাহকের পুত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনি শুনিয়া থাকিবেন যে ত্রিপুরা জিলার কুমিল্লা স্থানে এক ইঙ্গরেজী পাঠশালা স্থাপনের কল্প হইয়াছে। তাহাতে সিবিলসম্পর্কীয় সাহেবেরা যথারীতি আপনারদের অধীন এতদ্দেশীয় লোকেরদের মঙ্গলাকাংক্ষী হইয়া অগ্রসর হইয়াছেন এবং এতদ্দেশীয় লোকেরদিগকে ইঙ্গরেজী ভাষা শিক্ষাণেতে কি উপকার হইবে তাহা দর্শিয়াছেন। কএক দিবস হইল এই বিষয়ের এক ইশতেহার প্রকাশ হইয়াছিল এবং এক বৈঠকও হইয়াছিল তাহাতে আমারদের বিজ্ঞবর শ্রীযুত জজ ও মাজিস্ত্রেট সাহেব ও প্রধান সদর আমীন ও এতদ্দেশীয় মান্য২ জমিদার মহাশয়েরা উপস্থিত ছিলেন এই বৈঠকের অভিপ্রায় স্পষ্টরূপ ব্যক্ত হইলে পর এতদ্দেশীয় মহাশয়েরা তদ্বিষয়ে কি অভিপ্রায়ী ও কিপর্য্যন্ত ব্যয় করিতে সমর্থ ইহা নিশ্চয় হইলে পর এক চাঁদাকরণ স্থির

known to many—but the door of his house was all the day crowded by men amounting to from 2 to 300 or perhaps more. On the evening he went to a drive in the Strand with one of Baboo Radhakissen's sons, and his ears met the same loud applauses of the people as they had done in the morning. On Monday he received some respectable visitors. The lane was more crowded this day than the previous one, and the Raja showed himself to the crowd from time to time from a window of the upper story, when nothing was to be heard but "*moharajki joi moharajki joi.*" Persons desirous of seeing the Raja were admitted to the house but not many at a time. It is the intention of Radhakissen Baboo to hire a house in Chowringhee for the Raja, that such native and European gentlemen as know him may conveniently see him.

Narud.

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—I beg you will kindly insert the following few lines in a corner of your valuable paper and highly oblige your correspondent.

Your readers are perhaps aware of the morning free schools, established by the most learned natives of Calcutta, and your paper never fails to encourage these true friends of learning by due praises and admiration; but, Mr. Editor, I most grievously observe, that these schools are often destroyed for want of pecuniary aid, as the conductors of these are unable to pay for a length of time. The only method that can be procured to hold these schools for a certain duration is by the subscriptions of the rich gentlemen of this city, for if they can throw their money in fireworks and other vain expences, ought they not to do things that will benefit thier countrymen in a most extraordinary degree, that will fill the mouths of the world with their praises, that will make them beloved of God, but what will their fireworks do; will they go with them after their death?

I am, yours obediently,

K. C. G. a Subscriber's son.

To the Editor of the Durpun.

SIR,—You will be glad to hear that we are about to establish an English school at Comillah, Zillah Tipperah. The Civil authorities with their usual regard to the interests of the Natives under their rule have come forward and pointed out very forcibly the great advantage of having a school for the purpose of educating the Natives in the English language. A notice was issued some days ago, and a meeting was held, at which the worthy Judge, and the Magistrate, and the Principal Sudder Ameen, and many respectable Native gentlemen attended. The purport of the meeting was explained, and a subscription paper opened for the purpose of ascertaining the feeling of the Natives, and the amount of funds likely to be raised. The Civil authorities have subscribed handsomely,

হইল তাহাতে সিবিলসম্পর্কীয় সাহেবেরা অনেক টাকার স্বাক্ষর করিয়াছেন। এবং ভরসা হয় যে ত্রিপুরার শ্রীযুক্ত মহারাজা স্বাভাবিক অতিবদান্যতাপূর্ব্বক এবং এতদ্দেশীয় জিলার সাহজিক হিতৈষিতা স্বভাবপ্রযুক্ত ঐ চাঁদাতে বহুসংখ্যক টাকা প্রদান করিতে পারেন তাহাতে জিলার অন্যান্য জমিদারেরাও তদনুগামী হওনের সম্ভাবনা। ইহার পরে এতদ্বিষয়ে যাহা জ্ঞাপনীয় তাহাও জ্ঞাপন করিব।

কস্যচিৎ এতদ্দেশীয় হিতাভিলাষিণঃ। জানুয়ারি ১৮৩৭।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সততানুগ্রহাকাঙ্ক্ষিণঃ সবিনয় নিবেদন মিদং।

যদ্যপিস্যাৎ জিলা রাজশাহীর কাচারীসকল কএক বৎসরাবধি রামপুর বোয়ালিয়ায় স্থাপিত হইয়াছে কিন্তু পূর্ব্বোক্ত স্থানে পথের ক্লেশের শেষ ছিল না চতুঃপার্শ্বে বন ও মধ্যে গহ্বর থাকাতে তথাকার বায়ু রোগবর্দ্ধক ও জীবন সংহারক বিশেষ ছিল এবং নিবাসি ও প্রবাসি লোকের সর্ব্বদা রোগ উপস্থিত হইত বিশেষ এদেশে বাসেন ও বিদেশস্থ লোকের গমনাগমনে অনেক ক্লেশ হইত তদপনয়ন নিবারণার্থ একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এ সি হেলণ্ড সাহেব ঐ নগরের রাস্তার পারিপাট্য আরম্ভ করিয়া তাহার সম্পাদকতার ভার ফৌজদারীর সিরিস্তাদার শ্রীযুত সৈয়দ এব্রাহিম হোসেনের প্রতি অর্পণ করিয়াছি তিনি একটিং জজ হইয়াছেন। তৎপরে জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব তৎপদাভিষিক্ত হইয়া রাস্তার সুব্যবস্থা নির্ম্মাণের সুব্যবস্থা করণে ততোধিক মনোযোগী হইয়া পূর্ব্বোক্ত সিরিস্তাদারের প্রতি ভারার্পণ করিয়াছেন এবং স্বয়ং প্রতিদিন কোন স্থানে অশ্বারূঢ়ে কোন স্থানে পদব্রজে গমন করিয়া স্বচক্ষে সকল অবলোকন করিয়া থাকেন। এবং সিরিস্তাদারও অবাধে প্রতিদিন রাত্রি শেষ ৬ ঘণ্টার সময় নির্গত হইয়া সাড়ে আট ঘণ্টা বিলা পর্য্যন্ত তাহার যথোচিত সুশৃঙ্খলার চেষ্টা করিতেছেন ইহাতে তাহার যে যশঃ প্রকাশ তাহার বিস্তার কি লিখিব। আর নগরস্থ কোনং লোক রাস্তার পার্শ্বে স্থানেং পুষ্করিণী ও তাহাতে ইষ্টকনির্ম্মিত সোপানে ঘাট বন্ধনের উদ্যোগ করিতেছেন তাহাতে তাবল্লোক হর্ষযুক্ত হইয়াছেন।

বোয়ালিয়ানিবাসি কতিপয়জনানাং

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আমরা সকল এতদ্দেশীয় সওদাগর এবং আমারদিগের সকল প্রকার বাণিজ্য দ্রব্য সর্ব্বদা শ্রীযুত গবর্ণমেণ্টের লৌহার জাহাজ বোঝাই করিয়া পশ্চিম দেশ অর্থাৎ বানারস মির্জাপুর আলাহাবাদ ইত্যাদি দেশ সকলে প্রেরণ করিয়া থাকি তাহাতে আমরা ব্যয়কুণ্ঠ না হইয়া এক টাকা আট আনা নয় পাই ফুট হিসাবে ভাড়া দিয়া থাকি কিন্তু এইক্ষণে এইমত শুনিতেছি যে খিদিরপুরের কিড সাহেবের ডকের এক অংশ ভাড়া কিম্বা ক্রয় করিয়া শ্রীযুত গবর্ণমেণ্ট বোট আপিস সেই স্থানেই চালান করিবেন ইহাতে আমারদিগের অত্যন্ত আশ্চর্য্য এবং দুঃখ বোধ হইল। যেহেতুক আমারদিগের শ্রীযুত গবর্ণমেণ্টকে এক দফা উপর লিখিতমতে জাহাজের ভাড়া দিতে হইবেক পরে বাণিজ্য দ্রব্যসকল ঐ খিদিরপুরের বোট আফীসে চালান করিবার নিমিত্তে গাড়ি ও মুটে ভাড়াতেও ব্যয় হইয়া অত্যন্ত ক্লেশ হইবেক। অতএব সম্পাদক মহাশয় আমারদিগের এই বক্তব্য যে শ্রীযুত গবর্ণমেণ্ট যদ্যপি মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়া অন্য কোন স্থানে অর্থাৎ খাড়াবাড়িতে বা পুরাতন টাকসালে কিম্বা পরমিট ঘরে আপীস করেন তবে আমারদিগের বড়ই ভাল হয়। নতুবা আমরা মহাজন সকলে এইপর্য্যন্ত লৌহার জাহাজের ভাড়াকে ভার বোধ করিয়া অন্যান্য প্রকারে আমারদের দ্রব্য প্রেরণ করিব। শ্রীযুত লার্ড বেণ্টিঙ্ক সাহেব কি লৌহার ষ্টীমজাহাজ স

and it is generally believed that his Highness the Maharaja of Tipperah, with his usual liberality, and tender regard to the interests of the Zillah, will subscribe largely to the school, by which means the other Zemindars will be stimulated to follow an example worthy of their imitation. You shall hear further particulars, as our plans progress. In the mean time I remain,

Yours, &c.

A Native Philanthropist.

January, 1837.

To the Editor of the Durpun.

Receive my salutations.—Although the Cutcherry of the Zillah of Rajshaye has been for some years removed to Rampore Bauleah, yet the inconveniences of the roads in that place were endless. It was surrounded on all sides with woods and holes, which not only created disease, but inflicted death; and the inhabitants of the town and its neighbourhood were constantly afflicted with disease, and the people were greatly impeded in their journeys. To remove these grievances, the acting Magistrate, Mr. A. C. Heyland, began to improve the roads, and imposed the labour of completing them on the Fouzdaree Sheristadar Syed Ibrahim Hossein, that gentleman having been appointed acting Judge. After this, the Joint Magistrate, Mr. W. M. Dirom, being appointed to that situation, applied with even greater ardour to the improvement of the roads, leaving the burden of the duty upon the above named Sheristadar, while he himself daily moved about in every direction, sometimes on horse-back, sometimes on foot, that he might see every thing with his own eyes. The Sheristadar also every morning, from six to half-past eight, is employed in perfecting these roads. The fame that he has hereby acquired, I cannot describe. In addition to this, many of the inhabitants of the town have dug tanks and built pucka ghauts on either side of the road, which has filled the people with delight.

A few Residents in Bauleah.

To the Editor of the Durpun.

We are native merchants of this country, who are in the habit of sending our merchandize by the Government Iron Steamers to Benares, Mirzapore, Allahabad, and other places. We are not deterred by the expense of freight, but most willingly contribute R. 1-8-9 the foot for freight. But we now hear that Government are about to rent, or to purchase a part of the late Mr. Kyd's dock at Kidderpore, and to transfer their office thither. This has filled us with surprise and regret, for in addition to the freight we pay Government for the use of their Steamers, we shall have to pay another sum for cart or bhur hire, and coolies to transport our goods thither. We therefore beg to remark therefore, Mr. Editor, that the Government would kindly take the matter into their consideration and fix their Steam Boat Office either at the old Import Warehouse, or the old Mint, or at the Custom House. This would be considered a great convenience. If this be not done, the merchants, who have hitherto supported the Iron Steamers, must resort to other modes of conveyance. When Lord William esta-

কল খিদিরপুরের ঘাটে রাখিয়া লোক সকলকে দেখাইবার নিমিত্তে করিয়াছিলেন কি যাহাতে আমারদিগের বাণিজ্যের সুগম হয় এবং তাহা উৎপত্তি হইয়া গবর্ণমেন্টের লভ্য হয় অতএব এইবিষয় বিশেষ বিবেচনা করিয়া বোট আফীস স্থানান্তরে লইলে ভাল হয়।

এক এতদ্দেশীয় সওদাগর।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

পূর্ব্বে এই বীরভূম কেবল বন ও দস্যু দুরাত্মার অত্যাচারেতে যে সকল ভদ্র লোকের বাস ছিল তাহাতে কেবল জীবনে সংশয়ছিলমাত্র পরে ইঙ্গরেজ আবাদে ক্রমে অনেক চয়ন হইতেছিল। কিন্তু সংপ্রতি জজ আদালতের আমলা সাহেবেরদিগের দৌরাত্ম্য যথা পূর্ব্বং তথা পরে হইতেছে। সেতাই দর্পণপ্রকাশক মহাশয় আপনি কিছু অনুগ্রহ করিয়া ইহাতে মনোযোগী হইলে অবশ্য শ্রীলশ্রীযুত গবর্নর সাহেবের ও আরং ঐ দেশের তাবৎ পুণ্য সাহেবেরদিগের কিছুং গোচর হইয়া উপকার অবশ্য হইবেক। জিলার জজ আদালতের এক জন আমলা বাঙ্গালিদিগের তৃতীয় অবতার ভক্ত মোসলমান এবং অন্য এক আমলা গোখাদক হিন্দু ঐ দুই আমলা বহুদিনের চাকর এবং পূর্ব্ব শ্রীযুত জজ মেলাট ও মনি সাহেবেরদিগের আমলে নির্দ্দোষী ছিলেন এবং আপনং তালুক ও জমিদারী ছিল না। এইক্ষণে সময়ের ফেরে তাঁহারা ব্যাঘ্র হইয়াছেন অতএব গোব্রাহ্মণ রক্ষা পায় না। প্রথম মহাশয় আপন বিবিদনামে এক জন বাবুর নিকটহইতে পত্তনি কিছু তালুক লইয়া সে সকল গ্রাম নিকাস করিলেন তাঁহার নামে কোন ব্যক্তিই কারণ তাঁহার তাবেদার সকল। যদি কেহ প্রাণের ব্যাকুলিতে নালীস করে তাহাতে কিছুই হয় না বরং দশ জন আমলা দশ কথা কহিয়া ডাসিত করিয়া দেন। যদিস্যাৎ কেহ তাহা অমান্য করিয়া জজ সাহেবের নিকট তদারকের দাবিতে যায় তাহাতে জজ সাহেবকে উল্টা বুঝাইয়া বিশেষতঃ নাফিরদিগকে নানা প্রবঞ্চনা করাতে তাহারা পরের দায়ে দায়ী হয় না পলায়ন করে ফৈরাদীর অবস্থার সীমা থাকে না এবং অধিক দৌরাত্ম্য হয়। দ্বিতীয় ঐ প্রধান দুই জন এইক্ষণে উভয় পক্ষের অর্থাৎ আসামি ও ফৈরাদীর উৎকোচ গ্রহণ করিতেছেন। এবং মোকদ্দমা সকলের যে গতিক তাহা সদরের সাহেবান দেখিতে পাইতেছেন। পূর্ব্বে এই বীরভূমের কত নালিস আপীল হইত এবং এইক্ষণে তথায় নারাজ হইয়া কত আপীল হইতেছে বিশেষতঃ যে সকল মোকদ্দমা তথায় চূড়ান্ত হয় অর্থাৎ সদর দেওয়ানী পর্য্যন্ত ওজার নাই জজ সাহেব আপীলে চূড়ান্ত করেন তাহারদিগের শূন্য পথে বসিতে হইতেছে যেহেতু মোকদ্দমা যদি আপীল হইয়া সদরে আসিত তবে সদরের সাহেবেরা অবশ্য বেগর আমারদিগের লেখাতে সুতরাং ও জিলার দৌরাত্ম্য নিবারণ করিতেন।

আর এক অপরূপ বিচার হইয়াছে তাহার কিঞ্চিৎ বর্ণনা লিখিতে হইল সদর হইতে শ্রীযুত বীরভূমের জজ সাহেবের উপর একটা এবং ইশ্‌তেহার আইসে বীরভূম জিলার মধ্যে তিন জন ধর্ম্মাক্রান্ত এবং সেক নামীর মুনসেফ যাঁহারা আছেন তাঁহারদিগের নাম সদরে রিপোর্ট করেন। আগামী সুবিধামত তাঁ

blished the River Steamers, was it that they might be planted at Kidderpore for idle admiration, or that they might be made subservient to the improvement of commerce and afford adequate return to Government? We hope this subject will be fully considered, and that the Steam Boat Office will be placed in a more convenient situation.

A Native Merchant.

To the Editor of the Durpun.

Formerly the district of Beerbhoom was a mere wilderness, and through fear of rogues and robbers, honest men appeared to live there only at the risk of their own lives, but after the English obtained possession of the district, affairs were much mended; but latterly the encroachments of the officers of the Judge have reminded us of the former period. We claim your assistance Mr. Editor, and if you will be propitious, our grievances may possibly reach the ears of the public officers and even of the Governor General, and thus procure us relief. One officer of the Judge resembles the third incarnation of the Hindoos, he is a Moosulman. Another Amlah is a beef-eating Hindoo. Both these men have long been in office and were considered blameless at the time of Mr. Millett and Mr. Money, the former Judges. Then they had neither estates nor farms. Now through the turns of time they are become tigers, and neither cows nor bramhuns have any security. The first mentioned Amlah has rented an estate on a puttunee tenure from a certain Baboo. These villages he *has settled*; no man may complain of him, because he has too many dependants. If any man through the anguish of his soul lodges a complaint, it comes to nothing, but a dozen of the Amlahs bring a dozen opinions and thus quash the enquiry. If any man being dissatisfied, appeals to the Judge for justice, the officers contrive to mislead his mind, and by confounding the evidence contrive to secure themselves from all censure. The case of the complainant is pulled to pieces and he is subject to the greatest distress. 2dly. Both these officers contrive to take bribes from both parties, the complainant and the defendant. What in such circumstances is the course of suits, the Sudder must well know. The fate of suits instituted in Calcutta every one knows. It is worthy of enquiry how many suits instituted under the old law, were appealed, and how many were confirmed. Now, all those suits which are decided finally in the Zillah Courts and cannot be appealed to the Sudder Dewannee Adawlut, the Judge himself makes the judgment final upon appeal and the plaintiffs are obliged to keep themselves quiet. But if the appealed cases came once to the Sudder Dewannee Adawlut, the Judges would be obliged to steer small. If the cases were appealed to the Sudder, the Judges of the Court even without any stimulus on our part would secure the performance of duties in that district.

A most singular decision had recently been passed in this district, of which I send you the particulars. A circular notice and letter were sent to the Judge from the Sudder Dewannee Adawlut for his report. In the district of Beerbhoom there are three well instructed able and respectable Moonsiffs, whose names have been duly reported to the Sudder, they are the first for appointment to the superior offices. Since

হারদিগের পদ বৃদ্ধি হইবেক। ঐ চিঠি এবং ইশ্‌তেহার পাওয়া অবধি ঐ প্রধান মহাশয়েরা সকল মুনসেফকে আনয়ন করিয়া আপনারদিগের মানস পূর্ণ প্রায় করিলেন পরে এক প্রকার প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় নম্বরে ৩ জন মুনসেফের নাম যে সদরে পাঠাইয়াছেন এই তিন জনের আহ্বাল অর্থাৎ কোন্ মুনসেফ কত দিন কোম্পানির আদালত সম্পর্কে চাকর এবং কি কর্ম্ম কি প্রকার খোসনামিতে করিয়াছেন এবং মুনসেফী কর্ম্মে কোন্ ব্যক্তি কত দিন চাকর ইস্তকনাগাদ কত মোকদ্দমা ফয়সলা করেন। তাহার মধ্যে কত আপীল হয় এবং আপীলে কত মুনসেফের চূড়ান্ত বহাল থাকে এবং কত রদ হয় এবং যদবধি আদালতসংক্রান্ত চাকর তাহার মধ্যে কত সর্টিফিকট আছে। এবং কোন্ জজ সাহেব কাহার পক্ষে কেমন লেখেন ইদানীর শ্রীযুত মেলাট সাহেব ও মনি সাহেব অতি বোদ্ধা প্রধান এবং যে প্রকার সূক্ষ্ম বিচারের দ্বারা এজিলার লোকেরদিগকে সুখী করিয়াছিলেন তাহাতে তাঁহারা অদ্যাপি সাহেবানদিগের আশিষ ও ধন বৃদ্ধি সর্ব্বদা ৺ দ্বারা প্রর্থনা করিতেছেন ঐ সকল সাহেবেরা কোন মুনসেফের পক্ষে কেমন লেখেন বরং ঐ জিলার সকল মুনসেফেরদিগের এক প্রকার তলপ করিয়া সদরের সাহেবেরা দেখেন তবে প্রথম দ্বিতীয় ও তৃতীয় যোগ্য কাহার নাম জানিতে পারিবেন এবং আমলারদিগের গণ্ডা হঠাৎ বুঝিতে পারিবেন।

কস্যচিৎ বিরভূমিবাসি মনুষ্যাণাং।

the arrival of this letter and of the advertisement, the chief officers of the Court have collected together all the Moonsiffs, and all but satisfied their own desires, after which the Moonsiffs were put down as first, second, and third, and handed up to the Sudder. The position of these three individuals, that is to say, how long each Moonsiff has served Government, what they did, what reputation they acquired, and how long each individual was employed as a Moonsiff in the public service, and how many causes he has decided; how many of these were approved, and how many were confirmed upon appeal, and how many were reversed, and how many certificates the Moonsiff has obtained of his employment, and how each successive Judge has been affected towards them; these particulars will be found of use. Lately the Judges of the district, Mr. Millett and Mr. Money, were very wise men, and are to this day remembered with gratitude for the happiness which they conferred on each individual by their very just decisions. The people still keep them in grateful remembrance, and pray for their continued prosperity and wealth. Let those gentlemen declare what they knew about each Moonsiff. Or if it be necessary, let the gentlemen of the Sudder call and examine each Moonsiff, and then they will be able to determine who is worthy of the first, second, and third place, and then they will be able to understand the contrivances of the Amlahs.

Certain Residents in Beerbhoom.

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোনং আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোনং স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দক্ষুদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোনং আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোনং আইন গবর্ণমেন্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যেং বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বগকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৬·	।০	ঐ
২ ক্লাস	১	৬·	ঐ
৩ ক্লাস	১।০	১৬·	৫
মধ্যম ৫ টাকার লোন	•	•	ঐ
নূতন ৫ টাকার লোন	৬·	১	ঐ
৪ টাকার লোন	১৬·	২	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ... ৬০০০—১১০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	4	0	0
2d. Class,	0	5	0	0
3d. Class,	4	0	3	8
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	11	8	10	8
4 per Cent loan,	0	2	0	6 Disct.

Bank Shares.

Bank of Bengal .... Co's Rs. 1000—1700.

সমাচার দর্পণ

১১২৭ সংখ্যা। বালম ১৯।] ১৮ ফেব্রুআরি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ৮ ফাল্গুণ। SATURDAY, FEBRUARY 18TH, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1127. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ১১ ফেব্রুআরি শনিবার কলিকাতা শহরে শ্রীলশ্রীযুত বাদশাহের জুস্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়াটর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর টাক্সের ফেরফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদসাহের জুস্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ২৫ ফেব্রুআরি শনিবার বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। আগামি ৪ মার্চ শনিবারের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহকরণার্থ সেসন অর্থাৎ মিসিল শেষোক্ত তারিখ বেলা ১১ ঘণ্টাপর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস আপীসে মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবারব্যতিরিক্ত অন্য বারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাস হওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেক্টরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গালা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা তিনি যে দিয়াছেন এমত রসীদ কালেক্টর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেক্টর দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দ্বারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মুক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিক কালে নহে।

এবং ঐ ঘরে পুনর্ব্বার বাস হইলে তাহার এত্তেলা তদ্রূপে কালেক্টর সাহেবকে দিলে তিনি তাহার রসীদ এবং ঘর শূন্য হওন এবং তাহাতে পুনর্ব্বার বাস করণের এত্তেলা যদ্যপি পূর্ব্ববৎ না দেওয়া যায় এবং যদ্যপি পূর্ব্ববৎ এত্তেলা পাইয়াছেন এমত রসীদ কালেক্টর সাহেব না দেন তবে ঘর শূন্য হইয়াছিল বলিয়া তাহার টাক্স রহিতের দাওয়া গ্রাহ্য হইবে না এবং এই সকল সেসনেতে যে টাক্স নির্দ্ধার্য্য করা গেল যে আগামি ১ মার্চ তারিখে জারী হইবে কিন্তু ঐ তারিখের পূর্ব্বে জারী হইবে না ইতি।

জেমস হিউম
ক্লার্ক অফ দি পীস

ক্লার্ক অফ দি পীস আপীস
১৩ ফেব্রুআরি ১৮৩৭।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্য ৫ ও পাঁচ টাকা স্থির হইয়াছে এক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এক বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।
শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লুকভট্টকৃতটীকাসহিত মনু [illegible]

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে পারিবেন কিম্বা আপন নাম পত্র লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

[illegible] রচিত ভুবন প্রকাশ গ্রন্থ [illegible] মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থ [illegible] ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তদন্তর্গত চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বহুবাজার ধারে ১৩৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে
শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরের লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৩ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৩ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৩ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৪ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৩ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জাগির ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত জানরবল বৈলি প্রাইডট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

৮ ফেব্রুআরি ১৮৩৭।

ডেপুটি কষ্টম কালেকটর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেবকে মুরে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি এক মাসের ছুটি দিয়াছেন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত উলিয়ম ওড রসপিনি সাহেব ফোর্ট উলিয়মের ধর্ম্মোপদেশকের পদে নিযুক্ত হইয়া জেনরল হাসপিটালের ও কার্য্য নির্ব্বাহ করিবেন।

৭ ফেব্রুআরি।

মুরে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এফ ফরনেল সাহেব বীরভূমের সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহ করিবেন।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কে এম স্কট সাহেব আসামস্থ গোয়ালপাড়ার সিবিলসম্পর্কীয়েরদের আসিষ্টান্ট চিকিৎসকতা পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বক্‌সিস আলী নামক ডাক্তর ওয়ালিকে গত ৩০ জুলাই তারিখের বাক্যানুসারে সদর দেওয়ানী আদালতের হুকুম অনুসারে শ্রীযুত সৈয়দ সলামত আলি জিলা ফিতের সদর আমীন হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

রেবিনিউ সদর বোর্ডের দ্বিতীয় মেম্বর শ্রীযুত সি ডবলিউ স্মিথ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

দিনাজপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত টি ওয়াএট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ গত মাসের ৩১ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

ত্রিপুরার সিবিল ও সেসন জজ শ্রীযুত জেম্‌স শা সাহেব স্বাস্থ্য নিমিত্ত সমুদ্র পথে গমনের অনুমতি জন্য দরখাস্ত করিতে প্রস্তুত হওননিমিত্ত কলিকাতা রাজধানীতে আগমন করিতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত ইয়ং সাহেবকে শ্রীযুত শা সাহেব ঐ জিলার তাবৎ চলিত কার্য্যের ভার অর্পণ করিবেন এবং শ্রীযুত ইয়ং সাহেবের অনুপস্থানপর্য্যন্ত ঐ জিলার একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ জে মনি সাহেবকে স্বীয় কর্ম্মের ভার অর্পণ করিবেন।

আরাকানস্থ কমিশ্যনরের দ্বিতীয় আসিষ্টান্ট শ্রীযুত এ সি রেনি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত ১৩ ডিসেম্বর তারিখঅবধি গত মাসের ৮ তারিখ বা যে তারিখে তিনি আকায়াবে স্বীয় কর্ম্মস্থানে পঁহুছিয়াছেন সেই তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

ফরীদপুরস্থ সিবিলসম্পর্কীয়েরদের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি মাকিনটয়র সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত ২২ নবেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটি পাইয়াছেন।

১০ ফেব্রুআরি।

বর্দ্ধমানের সিবিল ও সেসন জজ শ্রীযুত জেমস কর্টিস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কিয়উক ফিউ ও আকায়াবে গমনার্থ আসীরঘরনামক জাহাজারোহণে অনুমতি পাইয়াছেন।

৯ জানুআরি।

শ্রীযুত এচ এম এলিয়ট সাহেব গত ১০ ডিসেম্বর তারিখঅবধি রেবিনিউ সদর বোর্ডের সেক্রেটরী হইয়াছেন

১১ জানুআরি।

শ্রীযুত এ পি করি সাহেব গত মাসের ২১ তারিখঅবধি হমীরপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে থরণটন সাহেব গোরক্ষপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। শ্রীযুত থরণটন সাহেব আলিগড়ের ডেপুটি কালেকটরের কার্য্যও নির্ব্বাহ করিতে থাকিবেন।

CIVIL APPOINTMENTS.

8th February, 1837.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant to Mr. W. Bracken, Deputy Collector of Customs, leave of absence for one month, from the 22d instant

The Reverend William Odd Ruspini, A. M., is appointed Garrison Chaplain of Fort William and to perform the duties of the General Hospital

7th February.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. Assistant Surgeon F. Furnell to perform the Medical duties of the Civil station of Beerbhoom.

Mr. Assistant Surgeon K. M. Scott, confirmed in the appointment of Civil Assistant Surgeoncy of Gowahattee in Assam

The Governor has been pleased, on the Report of the Court of Sudder Dewanny Adawlut, under the Rules of the 30th July last, to appoint Syud Salamut Allee to be Sudder Ameen in Zilah Tirhoot, vice Buxshish Ali dismissed.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. C. W. Smith, Junior Member of the Sudder Board of Revenue, for two years, to proceed to the Cape of Good Hope, on medical certificate.

Mr. T. Wyatt, Civil and Session Judge of Dinagepore, a week's further leave of absence, in addition to the leave granted to him on the 31st ultimo, on private affairs, and to enable him to rejoin his station

Mr. James Shaw, Civil and Session Judge of Tipperah, for one month, on medical certificate, to proceed to the Presidency, preparatory to his applying for permission to proceed to sea for the benefit of his health. Mr. Shaw will make over charge of his current duties to Mr. T. Young, or to Mr. W. J. Money, the officiating Magistrate and Collector, until the arrival of the latter.

Lieutenant A. C. Rainey, Junior Assistant to the Commissioner of Arrakan, on private affairs, from the 13th December last, to the 8th ultimo, the date on which he rejoined his station at Akyab

Mr. Assistant Surgeon C. Mcintyre, attached to the Civil station of Furreedpore, for five days, in extension of the leave granted to him on the 22d November last, on private affairs.

10th February

Mr. James Curtis, Civil and Session Judge of Burdwan, to proceed to Kyouk Phyoo and Akyab, on the *Asseerghur* Buoy vessel, on medical certificate.

9th January, 1837.

Mr. H. M. Elliot to be Secretary to the Sudder Board of Revenue from the 10th December last.

11th January.

Mr. A. P. Currie to be Magistrate and Collector of Humeerpore, from the 21st ultimo.

Mr. J. Thornton to be Joint Magistrate and Deputy Collector of Goruckpore. Mr. Thornton will continue to officiate as Deputy Collector of Ally Ghur.

14th January.

Mr. M. F. Muir to be Assistant under the Commissioner of Revenue and Circuit of the 3d or Bareilly Division, from the 28th ultimo.

Mr. S. S. Brown to be Magistrate and Collector of the Western Division Delhi Territory, from the 25th ultimo.

The leave of absence from three months granted to Mr. C. C. Parks, Collector of Customs at Allahabad, on the 24th November last, is cancelled.

17th January.

Mr. B. Tayler to be Civil and Session Judge of Mooradabad, from the 4th instant

Mr. J. Davidson to be Civil and Session Judge of Etawah.

Mr. S. G. Smith to be Magistrate and Collector of Etawah.

Mr. J. Cumine to be Joint Magistrate and Deputy Collector of Etawah.

Mr. A. U. C. Plowden to be Joint Magistrate and Deputy Collector of Ally Ghur, from the 1st December, 1836.

Mr. R. H. P. Clarke to be Joint Magistrate and Deputy Collector of Bareilly. Mr. Clarke to continue to officiate as Magistrate and Collector of Saharunpore.

19th January.

Lieutenant R. C. Shakespear, of the Regiment of Artillery, to be an Assistant in the Revenue Survey Department.

The services of Mr. G. F. Brown, at present holding the appointment of Magistrate and Collector of Juanpore, have been placed at the disposal of the Right Hon'ble the Governor of Bengal.

20th January.

Mr. J. H. Batten, Assistant to the Commissioner of Kumaon, vested with the powers of Joint Magistrate and Deputy Collector in Gurwahl.

21st January.

Mr. C. C. Jackson, late officiating Magistrate and Collector of Allahabad, has obtained leave of absence until the date of his quitting the North Western Provinces.

Mr. W. R. Kennaway, Magistrate and Collector of Ghazeepore, has obtained leave of absence for one month, on his private affairs, from the 19th instant.

The appointment of Mr. T. P. Woodcock to officiate as Joint Magistrate and Deputy Collector of Muzapore, notified in Orders of the 22d ultimo, is to have effect from the 16th idem, the date on which he took charge of those offices.

1st February.

Mr. C. Macsween, Secretary to the Lieutenant Governor of the North Western Provinces, in the Judicial and Revenue Department, is permitted to proceed to the Cape of Good Hope for the benefit of his health, and to be absent from Bengal on that account for a period of two years, from the date of the sailing of the *Broxbournebury*.

2d January.

Mr. A. W. Begbie to be Civil and Session Judge of Mynpoorie.

25th January.

The following officers have obtained leave of absence:

Honourable F. J Shore, officiating Commissioner, Saugor and Nerbudda Territories, for four months, on medical certificate. Mr. Shore has been desired to make over charge of his offices to the Senior Assistant in the Division.

১৪ জানুআরি।

শ্রীযুত এম এফ মিউর সাহেব গত মাসের ২৮ তারিখঅবধি ৩ সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশের রেবিনিউ ও সায়েরসাহেরী কমিশ্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত এস এস ব্রৌণ সাহেব গত মাসের ২৫ তারিখঅবধি দিল্লী রাজ্যের পশ্চিম প্রদেশের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

আলাহাবাদস্থ কষ্টম কালেকটর শ্রীযুত সি সি পার্কস সাহেবকে গত ২৪ নবেম্বর তারিখে যে তিন মাসের ছুটি দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

১৭ জানুআরি।

শ্রীযুত বি টেলর সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি মুরাদাবাদের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত জে ডেবিডসন সাহেব এটোয়ার সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত এস জি স্মিথ সাহেব এটোয়ার মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে কমিন সাহেব এটোয়ার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন

শ্রীযুত এ ইউ সি প্লোডন সাহেব ১৮৩৬ সালের ১ ডিসেম্বর তারিখঅবধি আলিগড়ের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এচ পি ক্লার্ক সাহেব বরেলির জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। শ্রীযুত ক্লার্ক সাহেব সাহারানপুরের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন

১৯ জানুআরি

তোপখানার রেজিমেন্টের লেপ্তেনন্ট শ্রীযুত আর সি শেক্‌স্পিয়র সাহেব রেবিনিউ সরবে ডিপার্টমেন্টের আসিষ্টান্ট হইয়াছেন

জৌনপুরের এক্ষণকার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত জি এফ ব্রৌণ সাহেব বাঙ্গালার গবর্নর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

২০ জানুআরি।

কমাউনের কমিশ্যনরের আসিষ্টান্ট শ্রীযুত জে এচ বাটন সাহেব গড়ওয়ালের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের ক্ষমতানুসারে কর্ম্মকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

২১ জানুআরি।

আলাহাবাদের সাং প্রতিনিধি একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত সি সি জাক্‌সন সাহেব উত্তর পশ্চিম প্রদেশহইতে প্রস্থিত হওনপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

গাজিপুরের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ আর কেনেবে সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন

গত মাসের ২২ তারিখের হুকুমে প্রকাশিত মির্জাপুরের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত টি পি উডকাক সাহেবের কর্ম্মে নিয়োগ বর্ত্তমান মাসের ১৬ তারিখ অর্থাৎ যে তারিখে তিনি ঐ কর্ম্মের ভার গ্রহণ করিলেন সেই তারিখঅবধি চলিবে।

১ ফেব্রুআরি।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্টে উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নরের সেক্রেটরী শ্রীযুত সি মাকসুইন সাহেব স্বাস্থ্য উত্তমাশা অন্তরীপে গমনার্থ এবং তদুপলক্ষে বাঙ্গালাহইতে ব্রক্‌স্‌বরণবরি জাহাজ প্রস্থিত হওন তারিখঅবধি দুই বৎসরের নিমিত্ত অনুপস্থানের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

২ জানুআরি।

শ্রীযুত এ ডবলিউ বেগবি সাহেব মৈনপুরীর সিবিল ও সেসন জজ হইয়াছেন।

২৫ জানুআরি।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

সাগর ও নর্ম্মদা রাজ্যের একটিং কমিশ্যনর শ্রীযুত আনরবল এফ জে সোর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটি পাইয়াছেন। ঐ প্রদেশের প্রধান আসিষ্টান্টকে ঐ পদের তাবৎ কর্ম্মের ভার অর্পণার্থ শ্রীযুত সোর সাহেবকে হুকুম দেওয়া গিয়াছে।

গোরক্ষপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত জে কার্টর সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে ও এই বৎসরের মুশাহেরা প্রাপণার্থে কর্ম্মে ইস্তফা দেওন নিমিত্ত দরখাস্ত করিতে কলিকাতা রাজধানীতে আগমনার্থ দুই মাসের ছুটি পাইয়াছেন।

ফরক্কাবাদের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন এবং শ্রীযুত জে লিন সাহেবকে ঐ পদের তাবৎ চলিত কর্ম্মের ভার অর্পণকরণার্থ অনুমতি পাইয়াছেন ঐ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত তৎকার্য্য নির্ব্বাহ করিবেন।

মৈনপুরস্থ সিবিলঅসিষ্টান্ট সের্জনের আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ বোসফীল্ড সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে আগামি মাসের ১ তারিখঅবধি দশ মাসের ছুটি পাইয়াছেন পদাতিক সৈন্যের ৩ রেজিমেণ্টের আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত ডি মাকনাব সাহেবকে চিকিৎসকতা কার্য্যের ভার অর্পণার্থ শ্রীযুত বোসফীল্ড সাহেব অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত সি ডবলিউ ত্রস্কট সাহেব আলাহাবাদের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত ডবলিউ ইউর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসে যে ছয় সপ্তাহের ছুটি পান তাহা রহিত হইয়াছে

২৭ জানুআরি।

শ্রীযুত জি এচ এম আলেকজান্দর সাহেব জিলা বুলন্দশহরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের ক্ষমতানুসারে কার্য্য নির্ব্বাহকরণের অনুমতি পাইয়াছেন

Mr. J. Carter, Civil and Sessions Judge of Goruckpore, for two months, to visit the Presidency, on his private affairs, preparatory to applying for permission to retire from the Service on an Annuity of the present season.

Mr. H. Swetenham, officiating Civil and Session Judge of Furruckabad, for one month, on his private affairs. Mr. Swetenham to make over charge of the current duties of his office to Mr. J. Lean, who will conduct them until further orders.

Mr. H. Bousfield, Civil Assistant Surgeon Mynpoorie, for ten months, from the 1st proximo, on medical certificate Mr. Bousfield to make over charge of his medical duties to Mr. Assistant Surgeon D. Macnab, M. D. of the 3d Regt. N. I.

Mr. C. W. Truscott to officiate as Magistrate and Collector of Allahabad.

The leave of absence granted to Mr. W Ewer, Judge of the Sudder Dewannee and Nizamut Adawlut, on the 24th ultimo, for six weeks, on his private affairs, is cancelled

27th January

Mr. G. H. M. Alexander to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in the Boolundshuhur District.

সমাচার দর্পণ

শনিবার ১৮ ফেব্রুআরি ১৮৩৭।

SUMACHAR DURPUN.

SATURDAY, 18TH FEBRUARY, 1837.

রেবিনিউ সদর বোর্ড।

সংপ্রতি শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা গবর্ণমেণ্টের প্রতি লিখিয়াছেন যে উত্তরকালে ষ্টাম্প ও আবকারি ডিপার্টমেণ্ট এবং তহবিল ভাঙ্গনেতে যে সকল ক্ষতি হইবে তদ্বিষয়ে কালেকটর সাহেবেরা কিপর্য্যন্ত দায়ী হইবেন

১৮০০ সালের ৭ আইনের ১১ ধারাতে লিখিত আছে যে কালেকটরেরদের নিকটে প্রেরিত তাবৎ ষ্টাম্প কাগজ তাঁহারা বুঝিয়া লইলে পর যাহা নষ্ট ও অপচয় বা হারাণ যায় তাহার দায়ী তাঁহারাই হইবেন এবং তদ্রূপ দায়ী হওনবিষয়ে তৎপরের নানা আইনেও লিখিত আছে এবং কালেকটর সাহেবেরদিগকেও এমত ক্ষমতা অর্পণ করা গিয়াছে যে তাঁহারদের স্বীয় বিশ্বাসের নিমিত্ত তাবৎ দারোগা ও ষ্টাম্পবিক্রেতা এবং ষ্টাম্প বিক্রয়ার্থ তাঁহারদের অধীনে যে সকল কর্ম্মকারক নিযুক্ত আছেন তাঁহারদের স্থানে আবশ্যক মত জামিন লইতে পারিবেন অতএব শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা এমত বিবেচনা করেন যে ঐ সকল বিষয়ে যত টাকা ক্ষতি হইবে তাহার ভাগী গবর্ণমেণ্ট কালেকটরকেই করেন। তৎপরে ঐ কালেকটরেরা আপনার অধীন কর্ম্মকারক বা ঐ কর্ম্মকারকের জামিনের স্থানে বাকি টাকা বুঝিয়া লইতে যে উপায় চাহরেন তাহা করিবেন এবং কালেকটরের অসম্পর্কীয় কোন কারণে তহবিল ভাঙ্গা পড়িলে গবর্ণমেণ্ট সাবধান মতে কেবল তাহাই ক্ষমা করিবেন।

পূর্ব্বকার তহবিল ভাঙ্গন বিষয়ে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা লেখেন যে কলিকাতানগরস্থ কালেকটর শ্রীযুত চার্লস ত্রোবর সাহেবের বিষয়ে এই স্থির হইল যে ষ্টাম্প ডিপার্টমেণ্টে যে ১৪,৫১৬ টাকা তহবিল ভাঙ্গা যায় তাহার নিমিত্ত উক্ত সাহেবকে জরিমানা হইবে। অতএব তাঁহার বেতন হইতে উক্ত সংখ্যক টাকা কর্ত্তন করিয়া লওয়া গেল। অপর এক বিষয়ে ২৬৭১ টাকা কমিয়াছিল তাহা সাহেবের দিতে হইল না যেহেতুক প্রমাণ হইল যে ঐ ক্ষতি না হওনার্থ তিনি নানা উপায় চেষ্টা করিয়াছিলেন

পুরণিয়াতে ২৬৪২ টাকা তহবিল ভাঙ্গা যায় তন্মধ্যে ১৩৫৫ টাকা ষ্টাম্প ক্রেতা ও তাঁহার জামিনের স্থানে পাওয়া গেল। ঐ ক্ষতি তত্রস্থ পূর্ব্বতন কালেকটর শ্রীযুত লুইস সাহেবের ত্রুটিতেই এই ক্ষতি হইয়াছিল যেহেতুক তাঁহার নিকটে জামিনস্বরূপ যে বিষয় অর্পিত হইয়াছিল তাহা উক্ত সংখ্যক টাকা হইবে কি না বিবেচনা না করিয়া তাহাতে সম্মত হন। গবর্ণমেণ্ট ঐ বাকি টাকা উপেক্ষা করিয়াছেন দৃষ্ট হইতেছে শ্রীযুত হাকিন্স সাহেব ষ্টাম্প কাগজ কত মৌজুদ আছে তাহা না বুঝিয়া লইয়াই শ্রীযুত লুইস সাহেবকে তাহার রসীদ দেন অতএব শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা শ্রীযুত হাকিন্স সাহেবকে ঐ টাকার দায়ী করিতে স্থির করিলেন কিন্তু ঐ কাগজ পুনঃপ্রাপণার্থ উক্ত সাহেব স্বীয় সাধ্যপর্য্যন্ত উদ্যোগ করেন তাহাতে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা গবর্ণমেণ্টের নিষ্পত্তির অন্যথা করিলেন না।

ত্রিপুরা জিলাতে ৫১৪ টাকা তহবিল ভাঙ্গনেতে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা তত্রস্থ কালেকটর শ্রীযুত টি জি টেলর সাহেবের বেতনহইতে ঐ টাকা কাটিয়া লইতে সম্মত হইলেন।

পাটনাতে অনূন ২ লক্ষ টাকার ষ্টাম্প কাগজ চুরির বিষয় প্রকাশ হইয়াছিল। প্রত্যক্ষ হইল দারোগা তাহা হরণ করিয়া পলায়ন করিয়াছিল শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা কহেন যে ষ্টাম্প কাগজের রক্ষণাবেক্ষণার্থ যে নিয়ম স্থাপন করা গিয়াছে তথাকার কালেকটর শ্রীযুত জেনিংস সাহেব তদনুযায়ী হন নাই এবং প্রবঞ্চনা না হয় এনিমিত্ত মনোযোগ করেন নাই অতএব অপহৃত তাবৎ টাকার নিমিত্ত গবর্ণমেণ্ট তাঁহারই দায় নিশ্চয় করিয়াছেন

মিরাট দেওয়ানী আদালতে এক জন ষ্টাম্প বিক্রেতার লোকান্তর হওয়াতে ১৮২৪ টাকা তহবিল ভাঙ্গন বিষয় প্রকাশ হইয়াছে. দেখা যাইতেছে যে ১৮১৭ সালের হিসাবের কিছু তদারক না হওনপ্রযুক্তই এই অপহরণ হইয়াছে। অতএব শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা এমত হুকুম করিয়াছেন যে তত্রস্থ কালেকটর শ্রীযুত গ্লিন সাহেব অপহারক ব্যক্তির বিষয় বিক্রয় হইয়াও ঐ ক্ষতিপূরণে অবশিষ্টাংশের দায়ী হইবেন।

রেবিনিউ সদর বোর্ড

বলদা খালনামক জমিদারীর ১৮৩৬ সালের সেপ্তেম্বর ও অক্টোবর মাসের রাজস্বের মধ্যে ৪৭,০৫৩ টাকা বাকি পড়াতে কমিশ্যনর শ্রীযুত ডাম্পিয়র সাহেবের নিকটে এক লিপি প্রেরিত হয় যে ঐ টাকা বাকি পড়নের বিশেষ কারণ অবগত হইয়া তদ্বিষয়ে এক রিপোর্ট করেন তাহাতে তিনি এই রিপোর্ট করিলেন তাহার এক কারণ এই যে ঐ জমিদারীতে সামান্যতঃ ফসল হয় নাই অপর কারণ এই শ্রীযুত আলেকজান্দর সাহেবের জমার বিষয়ে যে বন্দোবস্তে তালুকদারেরা সম্মত হন নাই সেই বন্দোবস্তের হিসাবে বাকি পড়িয়া

Defalcations.

The Court of Directors have recently written out to the Government regarding the responsibility which should attach in future to Collectors in case of losses in the Stamp and Abkarry Departments and Treasury defalcation.

By Section 11, Reg. VII, of 1800, the Collectors are declared responsible for all the stamp paper transmitted to them which may be destroyed, damaged, or not forthcoming after they shall have received charge of it, and the same responsibility is repeated in subsequent Enactments. The Collectors are also empowered to require for their own assurance such security as they may think necessary from all Darogas, Venders, and others who are employed under them in disposing of stamp paper. The Court of Directors therefore think that Government should make the Collector responsible for whatever amount may be lost, leaving him to take whatever steps may be proper against the officers under him or against their security; and that Government should be careful to allow a remission only in cases in which the defalcation has occurred through circumstances beyond the Collector's control.

In the case of Mr. Charles Trower, the Collector of Calcutta, Government held that gentleman responsible for 14,516 Rs. which were embezzled in the Stamp Department, and this amount was retrenched from his allowances. In another case in which there was a deficiency of 2671 Rs. Mr. Trower was exempted from the repayment of it, because he appeared to have taken all reasonable precautions to guard against the loss.

In Purneah, a defalcation of 2642 Rs. occurred, of which sum 1355 Rs. were afterwards recovered from the Vender and his surety. The loss arose chiefly from the neglect of Mr. Lewis, the late Collector, in not satisfying himself that the property lodged as security, was not of the value it was stated to be. Government however allowed the balance to be written off to profit and loss. Mr. Hawkins, it appears, gave a receipt to Mr. Lewis for the amount of stamp paper said to be in store without examination, and the Court therefore were disposed to hold Mr. Hawkins responsible for the amount; but as he did every thing in his power to recover the missing paper, the Court of Directors have not altered the decision of Government.

The Court approves of the retrenchment of 514 Rs. from the allowances of Mr. T. G. Taylor, Collector of Tipperah, on account of an embezzlement in his district

There was an embezzlement of stamps to the extent of more than two lakhs of Rupees was discovered at Patna, which appeared to have been committed entirely by the Darogah who has since absconded. The Court of Directors observe, that Mr. Jennings, the Collector, did not observe the rules established for the management of stamps and took no precautions against fraud, he is therefore obliged to make good the whole of this sum to Government.

In Meerut, a defalcation of 1824 Rs. was discovered on the decease of a Vender of stamps in the Civil Court. It appeared that his accounts had been subject to no examination since 1817. Under these circumstances the Court of Directors have directed, that Mr. Glyn, the Collector, should be held responsible for the balance remaining due after the sale of the defaulter's property.

Sudder Board of Revenue.

In reference to the Puldakhal Estates, the sum of 47,053 Rs. having remained unpaid of the revenues for September and October, 1836, a request was sent to Mr. Commissioner Dampier to report upon the cause of it, who reports that it is partly to be attributed to the general failure of the crops in the estate, and partly to the statement, having been made on Mr. Alexander's Jumma, to which the Talookdars did

ছে। পরে বোর্ডের শ্রীযুত সাহেবেরা শ্রীযুত কমিস্যনর সাহেবকে তাহার এই উত্তর লেখেন যে ঐ বাকী টাকা আদায়করণার্থ অতিশয় উদ্যোগী হন এবং আরো লেখেন যে তালুকদারেরদিগকে উপযুক্ত মত ক্ষমা করাতে আমারদের কোন আপত্তি নাই।

জিলা সারণের সিরিস্তাদার।

জিলা সারণের সিরিস্তাদারী কর্ম্মহইতে গোলাম নবীকে বহিষ্করণ বিষয়ক রেবিনিউ বোর্ডহইতে যে হুকুম জারী হয় তাহাতে গবর্ণমেণ্ট সম্মত হইয়াছেন কিন্তু এমত হুকুম করিয়াছেন যে উত্তরকালে কোন২ ব্যক্তি সরকারী কর্ম্মে নিযুক্ত হইতে পারিবে না এই হুকুম দেওন বিষয়ে কেবল সুপ্রিম গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবে।

খ্রীষ্টীয়ান ধর্ম্মের প্রাতিকূল্য।

সংপ্রতি শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব কেশব ঘোষকে তলপ করিয়া ফেল জামিন লইলেন যে তিনি তাবৎ প্রজালোক অধিকন্তু ধর্ম্মোপদেশক শ্রীযুত ইউয়াট মিসনরি সাহেবের প্রতি কোন প্রাতিকূল্যাচরণে প্রবৃত্ত না হন। ঐ ঘোষজের পুত্র দ্বরকানাথনামক বালক পিত্রাদি আত্মীয় স্বজনগণের নিষেধ না মানিয়া খ্রীষ্টীয়ান ধর্ম্মাবলম্বনে অত্যুৎসুক আছেন। কিয়ৎকাল হইল ঐ ঘোষজ শ্রীযুত ইউয়াট সাহেবের বগি স্থগিত করিয়া ঐ পুত্রকে বলপূর্ব্বক নামাইয়া লন এবং তৎক্ষণাৎ আত্মীয়গণ ঐ বালককে বারাণসীতে প্রেরণ করেন কিন্তু তথাপি কোন যোগে পলাইয়া আইলেন এইক্ষণে স্বচ্ছন্দে তিনি মিসনরি সাহেবেরদের নিকটে আছেন। ঐ বালকের পিতা যে কএককঢ়কথা কহিয়াছিলেন তন্নিমিত্ত তাঁহার প্রতি হাজার টাকা করিয়া উত্তম দুই জন জামিন দেওনের হুকুম হইয়াছে।

রাজপ্রতিনিধি কর্ম্মসম্পর্কীয় পদ শ্রেণির পরিবর্ত্তন।

কলিকাতায় এমত জনরব উত্থাপিত হইতেছে যে শ্রীযুত কর্ণল ষ্টুয়ার্ট সাহেব উত্তমাশা অন্তরীপে গমন করাতে শ্রীযুত মেজর সদর্লণ্ড সাহেব হয়দরাবাদস্থ হইয়া তৎকার্য্য নির্ব্বাহ করিবেন এবং শ্রীযুত কর্ণল কালফিল সাহেব গয়লিয়ারে উত্তীর্ণ হইয়া শ্রীযুত মেজর সদর্লণ্ড সাহেবের কর্ম্ম গ্রহণ করিবেন কিন্তু শ্রীযুত কর্ণল কালফিল সাহেবের পরিবর্ত্তে মহীশূরের যুবরাজেরদের তত্ত্বাবধারণ কার্য্যে কোন মহাশয় নিযুক্ত হইবেন তাহা অদ্যাপি ব্যক্ত হয় নাই।

আসামে বকেয়া রাজস্বের উপর সুদ লওন বিষয়।

শ্রীযুত কাপ্তান জেনকিন্স সাহেব অর্থাৎ যাঁহার রাজকীয় সুশাসনে আসামদেশে পরম মঙ্গল হওনপ্রযুক্ত দেশস্থ তাবৎ লোক অতিবাধ্য হইয়াছেন তাঁহার বিশেষ অনুরোধক্রমে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সাহেবেরা গবর্ণমেণ্টে নিবেদন করিয়াছেন যে ঐ দেশে বকেয়া খাজানার উপর যে সুদ লওয়া যায় তাহা রহিত করেন। ঐ সুদ বাবতে যে টাকা আদায় হইত তাহা কথঞ্চিৎ বার্ষিক ৩ হাজারের অধিক নহে এবং ঐ টাকা আদায়করণে অত্যন্ত ক্লেশ ও প্রবঞ্চনার পথ ও কৃষি কর্ম্মের যে ব্যাঘাত জন্মে তাহা বিবেচনা করিলে ঐ সুদ লওয়া যুক্তিসহ উচিত বোধ হয় না অতএব গবর্ণমেণ্ট যদ্যপি উক্ত প্রকার সুদ উঠাইয়া দিতে সম্মত হন তবে তজ্জন্য দেশের যে পরম মঙ্গল হইবে তৎপ্রযুক্ত ঐ যৎকিঞ্চিৎ ক্ষতি অবশ্যই পোষাইয়া উঠিবে।

not agree. The Board in reply urge the Commissioner to use their best endeavours for the recovery of the outstanding balances, and say that they have no objection to such indulgence being granted to the Talookdars as the case may appear to require.

The Sheristadar of Zillah Sarun.

Government have approved of the orders issued by the Board of Revenue directing the removal of Golam Nubee from the Sheristadarship of Zillah Sarun; but direct that it shall in future rest with the Supreme Government alone to determine what persons shall be declared incapable of serving Government.

Opposition to Christianity.

Kesub Ghose was brought up last week before the Magistrate of Calcutta and bound over to keep the peace towards all His Majesty's subjects, more especially the Rev. Mr. Ewart, Missionary. He is the father of the boy Dwarkanath, who is anxious to embrace Christianity, notwithstanding the interdiction of his father and relatives. Mr. Ewart's carriage was some little time ago stopped by Kesub, and the boy forced out of it. He was immediately despatched by his relatives to Benares, but contrived to make his escape and is now in the safe keeping of the Missionaries. From some expressions which fell from the father, it became necessary to bind him over to keep the peace in two good securities of 1,000 Rupees each.

Changes in the Diplomatic Line.

It is rumoured in Calcutta, that Major Sutherland is to go to Hydrabad, to act for Colonel Stewart, who has gone to the Cape; and that Colonel Caulfeild will go to Gwalior in succession to Major Sutherland. It is not as yet known who is to succeed Colonel Caulfeild in the charge of the Mysore Princes.

Levy of Interest on Arrears in Assam.

At the special desire of Captain Jenkins, to whose enlightened administration Assam is *so greatly indebted* for its prosperity, the Board of Revenue have recommended to Government to abolish the levying of interest on arrears of revenue in that country. The amount realized on this score has seldom amounted to more than 3000 Rupees a year. Considering the annoyance it creates, the door it opens for fraud, and the impediment it throws in the way of cultivation, this sum is certainly not worth the trouble of realizing it. If Government therefore were to sanction its abolition, the sacrifice would be more than compensated by the increased prosperity of the district.

পুলবন্দি।

গবর্ণমেণ্ট এমত হুকুম করিয়াছেন যে হুগলি ও বর্দ্ধমান ও মেদিনীপুরের জমিদারেরা ইহার পূর্ব্বে যে কবুলিয়ত দেন তদ্বিষয়ে তজবিজ হয়। তাহার অভিপ্রায় এই যে দশসনী বন্দোবস্ত হওনসময়ে অথবা তৎপর কোন সময়ে জমিদারেরা স্বীয় ব্যয়েতে যেং পুলবন্দির মেরামৎকরণার্থ রাজস্বের রেয়াইত পাইয়াছিলেন সেই সকল পুলবন্দিতে গবর্ণমেণ্টের কিপর্য্যন্ত খরচ হইতে পারে ইহা নির্ণয় করা যায়। বোধ হয় যে এই তজবিজে ঐ বিষয়ে সরকারের অনেক টাকা বাঁচিতে পারে।

ইনশালবেণ্ট আদালত।

ফারগিসন কোম্পানির ইষ্টেটে শতকরা ১০ ও শ্রীযুত উলিয়ম ফের্লি ক্লার্ক সাহেবের ইষ্টেটে ১৫ টাকা চূড়ান্ত ডেবিডেণ্ড দেওনের হুকুম হইয়াছে।

চট্টগ্রাম।

সংপ্রতি চট্টগ্রামের কমিস্যনর সাহেব বোর্ডের শ্রীযুত সাহেবেরদের নিকটে নিবেদন করেন যে ঐ জিলাতে পাট্টার অত্যন্ত গোলমাল হওয়াতে এবং জমিরা সকল পরস্পর মিশ্রিত হওয়াতে উপর ডেপুটি কালেকটরেরদের যে সকল কাগজপত্র প্রস্তুত করা আবশ্যক তাহা এমত বাহুল্য যে এক্ষণকার ডেপুটি কালেকটরেরদের যে মুহুরিরা আছেন তাঁহারা তাহা শেষ করিতে পারেন না অতএব বোর্ডের শ্রীযুত সাহেবেরা গবর্ণমেণ্টে দরখাস্তের দ্বারা নিবেদন করিয়াছেন যে এইপর্য্যন্ত সিরিস্তার কর্ম্মের নিমিত্ত ডেপুটি কালেকটরকে মাসিক যে ৫০ টাকা দেওয়া যায় তৎপরিবর্ত্তে এই বৎসরের আরম্ভাবধি ১০০ টাকা করিয়া দেওনের অনুমতি দেন এবং কালেকটরের আপন নিজ আমলাব্যতিরেকে দুইজন ডেপুটি কালেকটরের অধিক বসিবার স্থান নাই অতএব এই পরামর্শ দিয়াছেন যে পঞ্চাশ২ টাকা খরচ করিয়া তাঁহারদের প্রত্যেকের নিমিত্ত একং কাছারি ঘর প্রস্তুত করিয়া দেন।

চট্টগ্রামের দাঙ্গা।

গত মাসের ২৯ তারিখের রিফার্মর পত্রে প্রকাশিত বিষয়ে আমারদের স্বাদি প্রায় লিখনের কিঞ্চিৎ পরেই অতিপ্রামাণিক এক ব্যক্তির স্থানে অবগত হওয়া গেল যে চট্টগ্রামের ব্যাপারে যে দাঙ্গা হয় তাহার কোন অংশেই শ্রীযুত হার্বি সাহেব লিপ্ত ছিলেন না কেবল স্পেসিয়ল কমিস্যনরের আদালতে আপীলের জওয়াব দাখিল করেন এবং জামিনস্বরূপ যে ভূমি অর্পিত হইয়াছিল তাহা বিক্রয় করেন কিন্তু কমিস্যনর ও সদর বোর্ডের হুকুমক্রমেই ঐ ভূমি বিক্রয় করেন। ওয়াল্টর সাহেবের কৃত কার্য্যের অনেক কাল পূর্ব্বে কুতপদিয়া নামক উপদ্বীপ ২ আইনঅনুসারে সদর বোর্ডের শ্রীযুত জজসাহেবেরদের হুকুমক্রমে বাজেয়াপ্ত হয়। অবগত হওয়াগেল যে ঐ উপদ্বীপের ভূমি কানুনগোরা যে দখল করেন তাহা বেআইনী মতে যেহেতুক তাঁহারা লাখেরাজ সনন্দের দাবি দিয়া ঐ উপদ্বীপের অধিকাংশ দখল করেন কিন্তু সদর দেওয়ানীর হুকুমক্রমে তাহা রদ হয় শ্রীযুত প্লৌডন সাহেব ঐ উপদ্বীপের বন্দোবস্ত করেন ও শ্রীযুত কমিস্যনর সাহেব তাহা মঞ্জুর করেন। ঐ ভূমি কমিস্যনর ও সদর বোর্ডের শ্রীযুত সাহেবেরদের হুকুমক্রমে গবর্ণমেণ্টের পক্ষে নীলামে ক্রয় বিক্রয় হয় হার্বি সাহেব কেবল তাহা সম্পাদন করেন মাত্র।

Embankments.

An enquiry has been directed to be instituted by the Government into the nature of cuboolents entered into by the Zemindars of Hooghly, Burdwan and Midnapore, for the purpose of ascertaining how far the Government are liable to bear the expense of poolbundee, or repairing embankments, while remissions were made to the landholders at the period of the perpetual settlement or subsequent periods to maintain them at their own expense. The enquiry will be attended with considerable saving to the state.

Insolvent Court.

An order was made for a dividend of ten per cent. in the estate of Fergusson and Co. and for a final dividend of fifteen per cent. in that of Mr. Wm. Fairlie Clarke.—*Beng. Her.*

Chittagong.

The Commissioner of Chittagong having lately represented to the Board, that from the complicated nature of the tenures, and the intermixture of the estates, the papers necessary to be prepared by the uncovenanted Deputy Collectors, are so voluminous as to make the establishment at present allowed to those officers inadequate to their efficient completion, the Board have made an application to Government recommending that a sum of one hundred rupees per mensem be allowed to the Deputy Collectors for establishments from the beginning of this year instead of the fifty rupees hitherto allowed; and also that as the Collector's office can only accommodate two of these officers besides his own amlah, suitable cutcheries should be allowed to the remainder at a cost of Rs. 50 for each.—*Orient. Obs.*

Chittagong Disturbances.

Since writing our articles on the above subject in the Reformer of the 29th ultimo, we have been assured upon unquestionable authority that Mr. Harvey had nothing further to do in the proceedings that led to the disturbance than filing the defence against the appeal in the Special Commissioner's Court, and selling the lands given as security, which latter act he performed under the orders of the Commissioner and the Sudder Board. The Island of Kootoobdeah was declared an escheat by the Sudder Dewanee long antecedent to Mr. Walters's proceedings under the Regulation II. and the possession of the Canangoes, we are told, was founded on pure official usurpation, and they occupied the greatest part of the Islands under an alleged lakheraj sunud which was declared invalid by the Sudder Dewanee. Mr. Plowden settled the Island, whose proceedings were confirmed by the Commissioner, under whose orders and those of the Sudder Board the sales and purchases on account of Government took place, Mr. Harvey acting, in these proceedings, only as an executive officer.—*Reformer.*

আসামদেশীয় বিষ।

মেডিকল অর্থাৎ বৈদ্যক সোসৈটির সংপ্রতিকার এক বৈঠকে আসামস্থ শ্রীযুত ডাক্তর গ্রি ফিথ সাহেবের প্রেরিত আসামদেশীয় বিষের কিঞ্চিৎ নমুনাসম্বলিত এক পত্র পঠিত হইল। তাহাতে সাহেব লেখেন যে এতদ্দেশীয় লোকের স্থানে এইপ্রকার বিষের বিশেষ বিবরণ শুনিয়া বোধ হয় যে ইহা নেপাল দেশীয় বিষের সদৃশ। এইবিষ অতিতীব্র যেহেতুক পশু মারণার্থ এই বিষ ঘটিত যে যন্ত্রের ব্যবহার হয় তদ্বিবরণ এই যে একটা বাণের অগ্রভাগে ঐ বিষবৃক্ষের শিকড় পুলিবৎ পেষণ করিয়া শ্রীযুত ডাক্তর উয়ালিক সাহেব যদ্রূপ বর্ণনা করিয়াছিলেন তদ্রূপ ওলেঞ্জার রস মুক্ষিত করিয়া বিলক্ষণরূপে লেপন করিতে হয় পরে ঐ শর বন্দুকে পুরিয়া কিঞ্চিৎ অগ্র বাহিরে থাকে এতদ্রূপে রীতিমত বন্দুক ছুটাইতে হয়। মিসমি জাতীয়েরা কহে যে এই বিষাক্ত অস্ত্রের দ্বারা হস্তির স্কন্ধ দেশে আঘাত করিলে কএক মিনিটের মধ্যেই মরে। কিন্তু এই অস্ত্র শরীরের পশ্চাদ্ভাগে লাগিলে পরদিবসপর্য্যন্তও বাঁচিতে পারে।

তহবিল ভাঙ্গন।

কালেকটরেরদের অধীন এতদ্দেশীয় খাজাঞ্চীরদের পুনঃ২ তহবিল ভাঙ্গনেতে বিশেষতঃ পুরণিয়া ওযশোহর ওগোরক্ষপুর জিলাতে যে তহবিল ভাঙ্গা যায় তদ্বিষয়ে ১৮৩১ সালের ৯ মার্চ ও ১৮৩৬ সালের ২৭ জুলাই তারিখের কোর্ট অফ ডৈরেক্তর্সহইতে আগত পত্রে যাহা লেখেন তাহাতে এই ফল দর্শিয়াছে যে বোর্ডের শ্রীযুত সাহেবেরা কএক জন কমিস্যনরেরদিগকে সাধারণ পত্রদ্বারা জ্ঞাপন করিয়াছেন যে খাজানাখানার রক্ষণাবেক্ষণ বিষয়ে এইক্ষণে যে নিয়ম আছে তাহাতে তহবিল ভাঙ্গনের বিলক্ষণ প্রতিবন্ধকতা হয় কি না এবং শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা তহবিল ভাঙ্গা না যায় এই বিষয়ে যে পরামর্শ দিয়াছেন তাহাতে কি উপকার দর্শিতে পারে তদ্বিষয়ে আপনারা স্বং অভিপ্রায় জ্ঞাপন করেন। শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের প্রস্তাব এই যে রাজকোষে যে সকল বেঙ্ক নোট লওয়া বা দেওয়া যাইবে তাহাতে কালেকটর সাহেবেরা সহী করিয়া অপর এক বহীতে টুকিয়া রাখেন।

মান্দ্রাজস্থ প্রধান ধর্ম্মোপদেশকের মৃত্যু।

আমরা বিষাদার্ণবে মগ্ন হইয়া প্রকাশ করিতেছি যে বর্ত্তমান মাসের ৫ তারিখে মান্দ্রাজের প্রধান ধর্ম্মোপদেশক ডাক্তর কারি সাহেব পরলোক গমন করিয়াছেন। তিনি হয়দরাবাদহইতে প্রত্যাগমন করণঅবধি পীড়িত ছিলেন কিন্তু তাঁহার মৃত্যুর পুর্ব্বে ৫।৬ দিন অতিশয় অস্বাস্থ্য ছিল। পাঠক মহাশয়েরদের মধ্যে অনেকেরি সহিত তাঁহার পরিচয়াদি ছিল এবং আদরণীয় স্বভাব ও সৌজন্যতাপ্রযুক্ত যেং লোকের সহিত আলাপাদি ছিল সেই সকলেরই তিনি প্রিয়পাত্র ছিলেন।

সিবিলসম্পর্কীয় কর্ম্মে যুদ্ধসম্পর্কীয় ব্যক্তির নিয়োগ।

সংপ্রতিকার মান্দ্রাজের সম্বাদপত্র পাঠে পরমাপ্যায়িত হওয়া গেল যে এক জন যুদ্ধসম্পর্কীয় সাহেব সিবিল কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। বিশেষতঃ সুপ্রিম কোর্টের এক জন উকীল শ্রীযুত টিড সাহেবের পরিবর্ত্তে মান্দ্রাজস্থ অশ্বারূঢ় সৈন্যের কাপ্তান শ্রীযুত মাকনিল সাহেব তত্রস্থ পোলীস মাজিস্ত্রেটী পদে নিযুক্ত হইয়াছেন।

Assam Poison.

At a late meeting of the Medical and Physical Society, a letter was read from Dr. Griffiths, of Assam, stating that he had forwarded some specimens of Assam poison. He states, that as far as he can learn from native accounts, it resembles closely the Nepaul plant. It is a very powerful venom. The apparatus employed for destroying animals with this poison consists of a short arrow, the head of which is plentifully smeared with the powdered root made into a paste by help of the ollenza juice as described by Dr. Wallich. The arrow is inserted into the barrel of a musket, the head projecting externally, and the gun is discharged in the ordinary way. It is said by the Mishmees that an elephant wounded in the shoulder by this empoisoned weapon dies in a few minutes, but when struck in the hinder part of the body, he lives until the next day.

Embezzlement.

In consequence of the observations made in the letters from the Court of Directors, dated the 9th March, 1831, and 27th July, 1836, regarding the embezzlements that have so frequently occurred by the native treasurers of Collectors, and especially with reference to those in Purneah, Jessore and Goruckpore, the Board have issued a circular to the several Commissioners, requesting their sentiments on the sufficiency of the checks against embezzlements provided for by the existing rules for the management of the treasuries, and the advantage which may be expected from the adoption of the precautionary measures suggested by the Honourable the Court of Directors. This measure being, that all notes paid and received into the treasuries should be endorsed by the Collector and entered in a separate book.—*Orient. Obs.*

Death of the Bishop of Madras.

We announce with great regret the death of Dr. Corrie, the Bishop of Madras, on the 5th of this month. He had been indisposed since his return from Hydrabad, but was seriously ill for five or six days previously to his decease. He was well known to many of our readers, and was beloved for his amiable manners and his benevolence by all who were acquainted with him.

Eligibility of Military Officers to Civil Employ.

We are happy to see by the Madras papers received yesterday, that another Military officer has obtained Civil employment. Captain McNeill, of the Madras Cavalry, has been appointed a Police Magistrate at Madras, in the room of Mr. Teed, a Barrister of the Supreme Court.

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

শ্রীযুত মহারাজাধিরাজ প্রতাপচন্দ্র বাহাদুর।

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

শ্রীযুত মহারাজের হুগলির কারামুক্তি অবধি কলিকাতাতে আগমনপর্য্যন্ত বার্ত্তা আমি গত সপ্তাহে প্রকাশ করিয়াছি অতএব তাহার পরের সম্বাদ এইক্ষণে পাঠকবর্গের গোচর করি প্রতিবৎসর বারুণীর সময়ে অগ্রদ্বীপের গোপীনাথকে দর্শনার্থ লোকেরদের যেরূপ মেলা হইয়া থাকে এতদ্দেশীয় লোকেরা তাহা বিশিষ্টরূপ জানেন অতএব দৃষ্টান্ত স্বরূপ কহিতেছি শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুরকে দর্শনার্থ কলিকাতাবাসি ধনাঢ্য শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ বসাক মহাশয়ের বাটীতেও প্রতি দিবস সেইরূপ মেলা আরম্ভ হইয়াছে। গত আট দিবসের মধ্যে এতদ্দেশীয় ভাগ্যধর সাধারণ অসংখ্য লোক শ্রীযুতকে দর্শনার্থ আসিয়াছিলেন বিশেষতঃ পূর্ব্বালাপিত এই সকল ব্যক্তিরা আসিয়া শ্রীযুত মহারাজকে চিনিতে পারিয়াছেন.

শোভাবাজারনিবাসি অতিবিখ্যাত চতুর্ভুজ ন্যায়রত্ন ভট্টাচার্য্যের পুত্র শ্রীযুত কান্তিচন্দ্র ভট্টাচার্য্য প্রথম সন্দর্শনেতেই শ্রীযুত রাজা বাহাদুরকে চিনিতে পারিয়া বিস্তর খেদ প্রকাশ করিলেন এবং শ্রীযুত গঙ্গানারায়ণ লস্কর যিনি পাঁচালি গান দ্বারা এতদ্দেশীয় লোকেরদের মধ্যে বিখ্যাত ঐ ব্যক্তি আসিবামাত্রই শ্রীযুত মহারাজ কহিলেন কহ লস্কর তুমি যে পূর্ব্বাপেক্ষা অধিক স্থূলকায় হইয়াছ তাহাতে লস্কর বাবু মহাপুরুষকে শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুর জানিয়া পূর্ব্বরীত্যনুসারে উত্তর করিলেন অপর হিন্দুকালেজের সরকার শ্রীযুত সীতানাথ মুখোপাধ্যায় আসিয়া দর্শন মাত্রেই কহিলেন আমি নিশ্চয় জানিলাম এই মহাশয় শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুর যৎকালীন হিন্দু কালেজের সাহায্যার্থ চাঁদা পত্রে শ্রীযুত মহারাজ স্বাক্ষর করেন তৎকালীন ঐ টাকা আনয়নার্থ আমি নিকট গিয়াছিলাম তখন যেরূপ দেখিয়াছি এবং যে স্বরে কথা শুনিয়াছি এইক্ষণেও সেইরূপ দেখিয়া অবিকল সেই স্বরে কথা শুনিলাম অনন্তর বর্দ্ধমান রাজবাটীর পূর্ব্ব দেওয়ান শ্রীযুত রামানন্দ মিত্র আসিবা মাত্র শ্রীযুতকে চিনিতে পারিয়া অশেষ খেদোক্তি প্রকাশ করত রোদন করিতে লাগিলেন এবং শ্রীযুত যুবরাজ বাহাদুরও পূর্ব্বের অনেক বিষয় স্মরণপূর্ব্বক দেওয়ানের সহিত আলাপ করত খেদ প্রকাশ করিলেন এতদ্ভিন্ন মুরশিদাবাদের নওয়াব সরকারের কর্ম্মকারক শ্রীযুত মুন্সী তুরাব ও হাকিম পানাউল্লা এবং আরমানিটোলার অতিমান্য সওদাগর শ্রীযুত হাজি স্মাইল এবং চুঁচুড়াবাসি প্রধান সওদাগর শ্রীযুত আগামহম্মদ পাহানীপ্রভৃতি পূর্ব্বালাপিত বহুব্যক্তি শ্রীযুতকে দর্শনার্থ আসিয়াছিলেন এইসকল ব্যক্তিরা সকলেই শ্রীযুত মহারাজকে চিনিয়াছেন।

অপর রাজা হরিনাথ কুমারের মুক্তিয়ার ও গবর্ণমেণ্টের ঢাকার উকীল শ্রীযুত খাজামহম্মদ হসেন এবং শ্রীযুত সেখ আসদউল্লা ইহাঁরা আসিয়া পূর্ব্বরীত্যনুসারে শ্রীযুতের সাক্ষাতে নজর ধরিয়া সাক্ষাৎ করিয়াছেন এতদ্ভিন্ন কলিকাতার খোট্টামহলের কতব্যক্তি আসিয়া শ্রীযুতকে কত প্রকার নজর দিয়াছেন আমি পত্রবাহুল্য ভয়ে তাহা এস্থলে বিস্তারিত করিয়া লিখিতে পারিলাম না ফলত সংক্ষেপে কহিতেছি এমত এক দিবসই নাই যে শ্রীযু

Spirit of the Native Papers.

To the Editor of the Gyanunneshun.

SIR,—Having in my last given an account of the release of Raja Pratapchund from the Hooghly jail and of his arrival in Calcutta, I beg to inform your readers of what has since transpired. I may here as well observe that as a mela takes place at Ugradeep every year at the time of Barooney to see the idol called Gopeenath so is the house of Baboo Radhakissen Bysack crowded every day by men desirous of seeing Raja Pratapchunder. During the last week the Raja received many respectable visitors, and the following is an account of those who have recognized him.

Kantichundra Bhuttacharjya, son of the celebrated Chuttoorbhooj Nayaratna Buttacharjya of Sobhabazar, has identified the Raja and expressed great regret at his present situation. Gunganarayun Nusker, so well known among the native community for his comedies and songs, was, on his appearing before the Raja, addressed by him in these words. "Well Nusker, I see you are become much more corpulent than before;" and he, the Nusker, recognizing him to be Raja Pratapchunder, replied with a reverence which he used to pay him formerly. Seetanath Mookerjea, a sirkar of the Hindoo College, perfectly identified the Raja Pratapchunder, as soon as he saw him, for he said that he found his person and voice to be the same as he had seen and heard when he had been sent to him to receive the payment of his subscription to the Hindoo College. The Raja was also recognized by Ramanund Mitter, ex-dewan of the present Raja of Burdwan, who began to weep as soon as he saw him. The Raja while engaged in conversation with him expressed much regret on the recollection of some former affairs. Besides these persons, the Raja received visits from Moonshee Toorab, an employee of the Nubob of Moorshedabad, Hakeem Panawoolah, Hakeem Tullyoola, Hazee Ishmael, a well known merchant in Armanectolla, Aga Mahomed Ispahanee, the chief merchant in Chinsurah, and many others, who have all recognized him.

The Raja also received presents from the Mooktear of Raja Hureenathcoomar, Khaza Mahomed Hossein, the Government Vakeel of the Court of Dacca, and Shekh Asudoola, in conformity with their former practice. There were many Hindoosthanees who likewise made presents of various things to the Raja, but I refrain from giving a detailed account of them for fear of lengthening my communication. In fact no day passed but the

তের সাক্ষাতে নজর উপস্থিত না হইতেছে।

অপর গত [illegible] বেলা তিনঘণ্টার পর আমি স্বচক্ষে দেখিলাম কলিকাতার অতিমান্য মহাধনাঢ্য শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সিংহ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মুখোপাধ্যায় শ্রীযুত বাবু হরলাল মিত্র শ্রীযুত বাবু নীলরত্ন হালদারপ্রভৃতি অনেকে শ্রীযুতের সহিত সাক্ষাৎকরণার্থে আসিয়াছিলেন তাঁহারদিগের মধ্যে শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সিংহ এবং শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মুখোপাধ্যায় এক কালীন সাক্ষাৎ করেন পূর্ব্বে শ্রীযুত মহারাজের সহিত মুখোপাধ্যায় বাবুর আলাপ ছিল এবং সন্দর্শনকালেও পূর্ব্ব প্রসঙ্গে অনেক বাক্যালাপ হইল অনন্তর সন্ধ্যাকালে শ্রীযুত বাবু হরলাল মিত্র এবং শ্রীযুত নীলরত্ন হালদার সাক্ষাৎ করেন প্রথমতঃ সন্দর্শন মাত্রেতেই হালদার বাবুর সন্দেহ দূর হইল এবং তৎক্ষণাৎ যোড়হস্ত করিয়া পূর্ব্ব রীত্যনুসারে শ্রীযুতকে আশীর্ব্বাদ জানাইলেন এবং এক ঘণ্টার অধিক সময় হইবে হালদার বাবু শ্রীযুতের সাক্ষাতে দণ্ডায়মানপূর্ব্বক পূর্ব্বকীয় বিবিধ বৃত্তান্ত ব্যক্ত করিলেন এবং শ্রীযুত মহারাজও তাঁহাকে অনেক বিষয় স্মরণ করাইয়া দিলেন অনন্তর অনেক বাক্যালাপ করিয়া হালদার বাবু যৎকালীন বিদায় হন তখন শ্রীযুত মহারাজ তাঁহাকে একখিলি তাম্বুল দিয়াছিলেন,তাহাতে হালদার বাবু ঐ তাম্বুল শিরোধার্য্য করিয়া বাহিরে আসিলেন পরে পানিহাটিনিবাসি শ্রীযুত রাজকৃষ্ণ চৌধুরী মহাশয় ঐ বাবুকে জিজ্ঞাসা করিলেন আপনি কিরূপ জানিলেন ইহাতে হালদার মহাশয় কহিলেন আমি পূর্ব্বে চুঁচুড়াতে প্রতিদিবস শ্রীযুত মহারাজকে যেরূপ দেখিয়াছি অদ্য ঠিক সেইরূপ দেখিলাম এবং আলাপ ব্যবহার স্বভাবাদি পূর্ব্বে যে প্রকার ছিল এখনও অবিকল সেইরূপ আছে কিন্তু আপনারা এই মহামহিম ব্যক্তিকে ক্ষুদ্র গৃহে রাখিয়া কেন ক্লেশ দিতেছেন অবিলম্বে গঙ্গাতীরে অতিপরিষ্কৃত এক বৃহৎ বাড়ী দেখিয়া ভাড়া করিয়া দেউন অনন্তর শ্রীযুত চৌধুরী মহাশয় পুনরায় কহিলেন তবে যে কলিকাতাবাসি কোন২ ধনাঢ্য মহাশয় সন্দেহ করেন আপনি তাহাতে কি বলেন হালদার বাবু পারস্য কবিতার একধার এই এক উত্তর করিলেন যে দিবান্ধ প্রাণিকল সূর্য্যকে দেখে না ইহাতে সূর্য্যের অপমান হয় না আরো কহিলেন এতদ্দেশীয় লোকেরা স্বাভাবিক স্থূলবুদ্ধি অগ্রে অগ্রপশ্চাৎ বিবেচনা করেন না কিন্তু ঐ মহাশয়েরা যখন শ্রীযুতকে দেখিবেন তখন তাঁহারদিগের ভ্রম থাকিবেক না এবং আমি এইক্ষণে চলিলাম যাঁহারা শ্রীযুতের প্রতি সন্দেহ করেন তাঁহারদিগকে বিশেষ করিয়া কহিব এই সকল কথা বলিয়া হালদার বাবু বিদায় হইলেন।—জ্ঞানান্বেষণ।

আমরা পাঠকবর্গকে এক ঠগের বিবরণ জ্ঞাত করিতেছি ঐ ঠগ বীরভূম জিলার মাজিষ্ট্রেট সাহেবের দপ্তরখানার এক জন প্রধান কর্ম্মকারক তাহার বৃত্তান্ত পাঠকরণ পাঠকবর্গের নিকট উপযুক্ত জ্ঞান হইবে।

ঠগ ধৃতকারি সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লুইস সাহেব ও বর্দ্ধমানের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব প্রকারান্তরে জানিয়াছিলেন বীরভূমের মাজিষ্ট্রেট সাহেবের মহাফেজ রাধামাধব ঘোষের সহিত ঠগেরদের যোগ আছে এবং পরামর্শ দ্বারা অথবা সম্বাদ জ্ঞাত করিয়া ঐ ব্যক্তি ঠগেরদের দস্যু বৃত্তির সাহায্য করেন অতএব পূর্ব্বোক্ত দুই

Raja received many presents from his visitors.

On Sunday last after 3 P. M. I observed many respectable and wealthy native gentlemen, particularly Baboos Nobin Kissen Sing, Lokhenarayun Mookerjee, Hurrolall Mitter and Neelruttan Haldar, who came to see the Raja. Baboo Nobinkissen Sing and Lakhenarayun Mookerjea were admitted at the same time: the latter was formerly acquainted with the Raja, and a long conversation was held with him on various subjects connected with their former acquaintance. Baboo Hurrolall Mitter and Baboo Neelruttun Haldar saw the Raja after evening, and no sooner did the latter cast his eyes on him, than all his doubts regarding his identity were removed, and he blessed him by extending both his hands according to custom. He stood before him for more than an hour, during which time he recited many of the former actions of the Raja who also reminded him of various things which had taken place before. At the end of a long discourse, the Raja presented him with a beetel with which he respectfully touched his head. After he had left the Raja, Rajkissen Chowdry of Panechatee asked him if he was satisfied with the Raja, when the Haldar Baboo observed, "I find him exactly the same person whom I had frequently seen at Chinsurah, and his discourse, manners, and temper are the same as they were before. But (added he) you should not keep him in this confined place. Hire a good large house for him in the Strand without delay." Here the Chowdry Baboo asked what he thought of certain rich natives who doubt the identity of the Raja. Baboo Neelruttun Haldar in reply quoted a Persian couplet, the meaning of which was this, that the blind never see the sun yet the glory of that luminary does not become the less. He also said that the natives were naturally thick headed, and never reflect upon things which they assert; but that those who now doubt the Raja will no longer do so when they shall have seen him. The Baboo further observed that he would speak on the subject to some of those wealthy natives who entertained any doubts regarding the Raja. So saying he took his leave.

Narud.

We beg to bring to the notice of our readers an instance of Thuggee in a person holding a respectable and responsible situation under the magistrate of Beerbhoom, which is well worth their perusal. The particulars are as follows:—

The Assistant to the General Superintendant for the suppression of Thuggee, Captain Lowis, as well as the magistrate of Burdwan, Mr. Skipwith, having cause to believe that a certain person who acted as Mohafiz or Record-keeper to the Magistrate of Beerbhoom, named Radhamadhub Ghose, keeps connection

সাহেব বীরভূমের মাজিষ্ট্রেট সাহেবকে লিখিয়াছেন ঐ মহাফেজকে অবিলম্বে তাঁহারদিগের নিকট পাঠাইয়া দিতে হইবেক এবং বীরভূমের মাজিষ্ট্রেট সাহেবও এইক্ষণে জানিতে পারিয়াছেন ঐ মহাফেজের দুই ভ্রাতা ঠগের মধ্যে ধরা পড়িয়াছে এবং তৃতীয় ভ্রাতাকেও ধৃত করণার্থে [illegible] জারী হইয়াছে।

রাধামাধব ঘোষের এবং তাহার ভাইদিগের বিচারেতে কি হয় এক্ষণে তাহা বলা যায় না কিন্তু আমরা গবর্নমেণ্টের নিকট এই নিবেদন করিতেছি গবর্নমেণ্ট মফস্বলের ফৌজদারী আদালতের প্রধান দিগকে বলেন যে তাঁহারা আপনারদের আমলার বিষয়ে সাবধান থাকেন কেননা এতদ্দেশীয় লোকেরদের মধ্যে কথিত আছে তাহারা হত্যা দস্যুবৃত্তি ইত্যাদি অপকর্ম্ম করে তাহারদিগের সহিত ফৌজদারী আমলারদের বিলক্ষণ যোগ আছে।—জ্ঞানান্বেষণ।

পত্রপ্রেরকেরদের প্রতি।

এতদ্দেশীয় পাঠশালাশিক্ষকের অধিক বেতনবিষয়ক কথাতে হিন্দুস্থানী ইতিস্বাক্ষরিত পত্র প্রকাশকরণাক্ষম হইলাম। কথাতে সত্যবাদির ইত্যঙ্কিত পত্র প্রকাশ করিতে পারিলেন না। কলিকাতায় এক পাঠশালার ছাত্রেরা অন্য এক ছাত্রকে অপমান করিয়াছিলেন ও বিষয়ে অভিপ্রায় এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা অপ্রকাশ্য থাকিল তদ্বিষয় পূর্ব্বে দুইবার প্রকাশ করিয়াছি। হুগলির পাঠশালাস্থ ছাত্রেরদের পরীক্ষাবিষয়ক প্রস্তাব ইহার পূর্ব্বে প্রকাশ করা গিয়াছে এই নিমিত্ত এন সি এম ইতিস্বাক্ষরিত পত্র প্রকাশ হইল না। কলিকাতাস্থ টাইড ওয়েটার বিষয়ে এস ইতিস্বাক্ষরিত পত্র প্রকাশে স্থানাভাব হইল এবং ঐ পত্রের অভিপ্রেত বিষয়ে তাদৃশ লোকানুরাগও নাই।

প্রেরিত পত্র।

শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড বাহাদুরের বিদ্যার সমাজ এবং শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর।

হিন্দু জনগণ প্রতি।

স্বদেশীয় [illegible]।

ভারতবর্ষীয় গবর্নর জেনেরল শ্রীলশ্রীযুক্ত রাইট অনরবল লার্ড অকলণ্ড বাহাদুরের আমন্ত্রণানুসারে গবর্নমেণ্ট হৌসে [illegible] অন্যান্য [illegible] এক [illegible] ও অন্যান্য [illegible] বিদ্যার উৎপরীক্ষা এবং আমারদিগের সদ্ভুতনিরীক্ষণাভিলাষিক চক্ষুর্দ্বারা তদ্দর্শনে আহ্লাদাতিশয্য জন্মিয়াছে বিশেষতঃ শ্রীশ্রীযুতের দয়ালু এবং কোমল স্বভাবে আমারদিগের গ্রহণে এবং উক্ত বিদ্যা নিষ্পাদক মহাশয়দিগের মনোযোগে ও উত্তমানুশীলনে যে নানাবিধ অপূর্ব্ব বস্তুগুণ দর্শাওনে যেরূপ আমোদদায়ক হইয়াছে অধিকন্তু আমারদিগের গুণশিক্ষা ও মঙ্গল মানসে যে শ্রীশ্রীযুতের সুচারু মনোযোগ প্রকাশ হইয়াছে তাহাতে তন্মাহাত্ম্য সমীপে প্রচুর কৃতজ্ঞতা স্বীকার আবশ্যক হেতু বিদ্যার স্বাভাবিক সাফল্যালোকনে এবং এতদ্রূপ অপরূপ পর্য্যালোচনে আশ্চর্য্যোদয় হইতেছে তদুপলক্ষে কিঞ্চিৎ স্বীয়াভিপ্রায় লিখিত হইল।

মনুষ্যজন্মের প্রধান লাভই বিদ্যা যদ্দ্বারা সদাশয় বৃদ্ধি ও জ্ঞান বিস্তার এবং সঞ্চিত তমোরূপ অজ্ঞতা নাশপূর্ব্বক দৃষ্টি কারক হয়। বিদ্যাতেই প্রথমদশায় মান্যতা ও ধার্ম্মিকতা বিষয়ে নিবিষ্টতা হয়

with Thugs and assists and advises them in their proceedings, wrote to that officer (magistrate of Beerbhoom) to send him over to them for trial. The Magistrate was also informed that two of the Record-keeper's brothers have been apprehended as Thugs, and that a *graftarce perwana*, or order for arrest, has been issued against a third!

What may be the issue of the trial of Radhamadhub Ghose and his brothers, it is of course impossible at present to say. We would however suggest to Government the propriety of directing the Fouzdary authorities in the mofussil to keep a sharp look out on the native officers employed under them, for rumours are loud and deep among the natives of these worthies being connected with men who pursue a systematic profession of robbery and murder.—*Gyan.*

To Correspondents.

The letter on the Overpayment of Native School Masters, signed *A Hindoosthanee*, is not admissible.

We cannot insert the letter of *A Speaker of the Truth.* He sends us two columns about the supposed rudeness of some boys in a Calcutta school, about which we have already inserted two letters.

We have already spoken of the examination of the students of the Hooghly College, and cannot make room for the letter of N. C. M.

The letter about the Tide Waiters signed *S.* we cannot make room for. The public care nothing about the subject of the letter.

Correspondence.

Lord Auckland's Scientific Society and Rajah Kalee Krishna Bahadoor.

To the Hindoo Public.

DEAR COUNTRYMEN,

Having with many of our countrymen been honored with invitations to Government House from the Right Honourable Lord Auckland, the Governor General of India, for the purpose of hearing lectures upon, and witnessing experiments in, chemical and various other sciences, and been pleased and delighted in a extraordinary degree, as well with the novel and curious sight and operations presented to our astonished eyes, as with the gracious and affable manner in which we were received by His Lordship; and the attention paid us by the gentlemen who superintended and directed these interesting and unexpected phenomena, I cannot refrain from a public acknowledgement of the gratitude which I feel to His Lordship for such kindness and consideration for our intellectual benefit and welfare, and from offering a few observations to you upon a subject which naturally offers itself upon the exhibition of discoveries so remarkable and wonderful—I mean *Education*.

The greatest benefit which can be conferred upon man is Education, as it is education which enlarges our minds, extends our views, and changes into sunshine and light that which before was all clouds and obscurity. Education infuses into our youth early notions of honour and justice; enables us to discriminate between what is right and wrong; promotes us to the performance of deeds laudable in themselves and beneficial to mankind; and render-

আর সত্যাসত্য প্রভেদ বোধ ও লোকোপকার প্রশংসনীয় কর্ম্মে উৎসাহ জন্মায় এবং সমাজ সকলের উপযোগী অধ্যক্ষতা কর্ম্মে নিপুণ করায়। ফলতঃ এতদভাবে দুঃখদ ও ক্লেশ কারক হয়।

গবর্ণমেণ্ট রাজ্যভুক্ত এতদ্দেশস্থ লোকাপেক্ষা বিদ্যার গৌরবত্তা ও ফলজনকতা অন্য কেহই অধিকানুভব করেন না। অধিকন্তু এতৎ প্রকরণ মনে আন্দোলনে ক্রমশঃ হিন্দু দিগের নিমিত্ত ঐ লাভে সৌভাগ্য ফলক হইয়া মূঢ়তা ও নির্ব্বোধতাবস্থা বিনাশ হইতেছে। যেহেতু পূর্ব্বে অদৃষ্টোপরি কেবল নির্ভর পুরঃসর অনুঃকরণে তিতিক্ষা হইত এক্ষণে সাহসপূর্ব্বক আত্মখেদ ও অপকারচয় বিজ্ঞাত করণে ইংরাজ গবর্ণমেণ্টকর্তৃক ক্ষমতা ও ন্যায় প্রাপ্ত হইবাতে ক্রমে বিচারপতি সম উন্নত হওন সম্ভাবনা।

পূর্ব্বকালে হিন্দু রাজগণ এবং তৎপরে হিন্দুস্থান জবনাধিকার হইলে বিদ্যাবিদ্যোত্তন কারণ পণ্ডিত ও জ্ঞানী ব্যক্তিদিগকে প্রধান অথচ বিশ্বস্ত কার্য্য ও বহুতর মুদ্রা ও ভূমি প্রভৃতি প্রদানে বদান্যতা প্রচার করিতেন অতএব উক্ত বিদ্যামোদ অনুভব হইতেছে যে শ্রীশ্রীযুত এবঞ্চ ইংরাজ গবর্ণমেণ্টের পূর্ব্বপদস্থ রাজা ও বাদসাহদিগের তুল্য এতদ্দেশে বিদ্যাশিক্ষার অনুরাগে পৌষ্টিকতা করিবেন অসংশয় হইলাম।

শ্রীকালীকৃষ্ণস্য।
কলিকাতা শোভাবাজার।
১৫ ফেব্রুআরি। ১৮৩৭।
[কুরিয়র]

those worthy and useful members of society, who without its benefits would have been its pests and its annoyance.

To none can the blessings of Education be more estimable and profitable than to the people of this country, in relation to the Government under whose sway they live; in as much as it is owing to the tone of mind which it has gradually imparted to such Hindoos as have been fortunate enough to receive its benefits that they have been enabled to emerge from their state of ignorance and apathy, and instead of as formerly submitting to their fate in silent resignation, they have boldly represented their wrongs and grievances, and have applied for, and obtained from the English Government and nation, privileges and rights which are gradually raising them to an equal height with the nation which governs them.

In former ages, the Hindoo Kings, and after them the Mahomedans, when they subsequently obtained possession of Hindustan, were munificent patrons and supporters of pundits or wise men, and *learning*; and favoured them with situations of trust and confidence, and with Jageers, &c.

With these few remarks and the joyful anticipation from the hopes thus afforded us, that His Lordship and the English Government will imitate the example of their Hindoo and Mahomedan Predecessors, by a similar encouragement of education and learning amongst the people of this country, I subscribe myself with every sentiment of regard,

Yours very sincerely,
Kalee Krishna.

Calcutta, Sobha Bazar,
15th Feb. 1837.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

যদি অনুগ্রহপূর্ব্বক আপনকার মূল্যবদ্দর্পণে নীচে লিখিতব্য কতিপয় পংক্তি স্থান দান করেন তবে আমরা অত্যন্ত বাধিত হই এবং আমারদের অনেক অনিষ্ট বিষয়ের প্রতিকার হয়। হে সম্পাদক মহাশয় আমারদের পরমদয়ালু রাজারা খিদিরপুরের লৌহময় সাঁকোর সন্নিহিত টালির খালের ধারে যে সকল ঘাট নির্ম্মাণ করিয়াছেন তাহা প্রজা লোকের এমত দুঃখ নিবারণার্থে হইয়াছে যে তাঁহারা সেই স্থানে স্বচ্ছন্দে গিয়া স্ব২ প্রয়োজনীয় কার্য্যসকল সাধন করেন। কিন্তু ১৮৩৩ সালঅবধি আমারদের ঐ সকল কার্য্যসাধনীয় সুগম স্থান গত হইতেছে যেহেতুক ঐ সনের ঝটকাতে যাঁহারা প্রাণ ধারণ করিয়াছিলেন তাঁহারা ঐ সুগম ঘাটে বাসকরিয়া থাকাতে ঐ স্থান এমত অপরিষ্কৃত করেন যে সে সকল প্রায় অগম্যই হইয়াছে এবং সেই২ স্থানে ময়লাদি থাকাতে অতিদুর্গন্ধ নির্গত হয় যে নাসিকা রোধ করিয়া থাকিতে হয় ইহাতে সর্ব্বসাধারণের অত্যন্ত অনিষ্ট বিশেষতঃ হিন্দু লোকের মহানিষ্ট যেহেতুক তাঁহারা তথায় গিয়া স্নান পূজাদি করেন। সম্পাদক মহাশয় এই অনিষ্ট বিষয়ের প্রতিকারের এই উপায় যে আমারদের অতিদয়ালু মাজিস্ত্রেট শ্রীযুত পাটন সাহেব অতিসূক্ষ্ম বিবেচনা করিয়া এমত হুকুম দেন যেহয় তাহারদিগকে তথাহইতে উঠাইয়া দেন কিম্বা তাহারা এমত কর্ম্ম না করে।

G. P. G. এবং P. T. B.

To the Editor of the Durpun.

We will consider it a mark of great favour of obligation conferred upon us, in giving a publicity to these following lines, in a corner of your valuable journal to redress our grievances.

Mr. Editor, the ghauts which have been erected by our merciful ruler, on the bank of Tolly's canal, under the Kidderpore iron bridge, were merely intended to relieve the troubles of the people, that they would with greater ease liberate themselves, or do whatsoever their necessities urge them; but since the year 1833, we have been deprived of those facilities, in a greater measure than we had before, on account of many of the survivors from the desolating storm of that year, have taken up their lodgings on the roads, which led to those ghauts, and made the place quite unclean, so much so, that it is impossible to pass that little space without injuring the noses, by the shocking stink which arise from the remains of the continual uncleanliness of the place, and which is most harmful, and unfavourable to the people, particularly to the Hindoos, who frequent the place for bathing and praying. Mr. Editor, we have no hope else to get relief from these uneasiness, unless our kind Magistrate, Mr. J. H. Paton, take into his deliberate consideration, and issue an order to the Darogah either to remove them from the place or to give a caution for the future.

G. P. G. and P. T. B.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

এতদ্দেশীয় লোকেরদের বিদ্যা শিক্ষা বিষয়ে আপনকার অত্যন্তানুরাগ আছে অতএব যে স্থানে কখন কোন ইঙ্গরেজী পাঠশালা ছিল না সেই স্থলে এইক্ষণে এক ইঙ্গরেজী পাঠশালা স্থাপিত হওন বার্ত্তা শ্রবণে পরমাহ্লাদিত হইবেন। অতএব বরাহনগরের মধ্যে যে শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ শীল যে পাঠশালা স্থাপন করিয়াছেন তদ্বিবরণ লিখি। আপনি অবশ্য অবগত থাকিবেন যে পূর্ব্বে চিৎপুরে ব্যাপটাইস সোসৈটির এক পাঠশালা শ্রীযুত পিয়র্স সাহেবের কর্তৃত্বাধীনে ছিল পরে তাহা শ্রীযুত এলিস সাহেবের অধীন হইয়াছিল। কিন্তু ১৮৩৭ সালে তাহা একেবারে বিলুপ্ত হইয়াছে। এই অভিপ্রায়ের যে কোন কারণ হউক [illegible] ছাত্রেরদের অতিবিলাপ হইয়াছে এবং ইউরোপীয় জ্ঞান ও বিদ্যাতে তাহারদের নৈপুণ্য হওনের যে প্রচুর প্রত্যাশা ছিল তাহা একেবারে দূর হইল। বিশেষতঃ কলিকাতাস্থ পাঠশালা অতিদূর হওয়াপ্রযুক্ত [illegible] এবং সুতরাং তাঁহারা [illegible] করিতে সমর্থ নহেন [illegible] দাতব্য বিদ্যালয়ে পাঠ করিতেন। অতএব এই চিৎপুরের বিদ্যালয়াধ্যক্ষ শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ শীল এবং বোধ করি শ্রীযুত গোমস সাহেব বরাহনগরে এক বিদ্যালয় স্থাপন করিতে মনস্থ করিয়া যে স্থানে তাহা স্থাপন করিলেন এমত উপযুক্ত অত্যুৎকৃষ্ট স্থান দুর্লভ।

বাবু গঙ্গানারায়ণ শীল আমার পরমাত্মীয় ব্যক্তি এবং শিক্ষা দেওনবিষয়ে তাঁহার বুদ্ধির পরিণাম দর্শিতাবিষয়ে আমার লিখন উচিত হয় না অতএব এইমাত্র বক্তব্য যে তিনি ৫।৬ বৎসরাবধি শিক্ষকতা কর্ম্মে নিযুক্ত আছেন এবং যত লোকের অধীনে থাকিয়া কর্ম্ম নির্ব্বাহ করিয়াছেন সকলেরই পরমসন্তোষ [illegible] অতএব বরাহনগরবাসি [illegible] লোকদিগকে আমি স্বচ্ছন্দে পরামর্শ দিতে পারি যে তাঁহারা আপনারদের বালকেরদিগকে বিদ্যার্থে তাঁহার হস্তে অর্পণপূর্ব্বক তাঁহার [illegible] যথাসাধ্য প্রতিপোষকতা করেন। [illegible] যেমত চিৎপুরস্থ পাঠশালা [illegible] হওয়াতেই ইহার [illegible] অতএব এই প্রাচীন পাঠশালাতে যে নিয়মানুসারে কার্য্য [illegible] এই পাঠশালার কার্য্য [illegible] শ্রীযুত এলিস সাহেব [illegible] অতএব এই পাঠশালা [illegible] এই বাসনা [illegible] ইহাই আমার পরম বাঞ্ছা।

এপ্‌সিলন

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু
নিবেদনমিদং। আমি [illegible] পরীক্ষাবিষয়ক [illegible] প্রকাশ করিতে [illegible] সকলকে [illegible] করিবেন।

প্রায় দুই মাস হইল [illegible] কমিটির আজ্ঞানুসারে এই কালেজের ছাত্রদিগের ষাণ্মাসিক পরীক্ষা হইয়াছিল তাহাতে আরবি ও পারস্য ও ইঙ্গরেজী বিদ্যা যাঁহারদের মধ্যে যাঁহারা পরীক্ষায় উত্তম উত্তীর্ণ হইয়াছিলেন তাঁহারদিগের সন্তোষার্থে ও আর২ ছাত্রদিগের বিদ্যা বৃদ্ধিবিষয়ে মনোযোগ ও পরিশ্রম বৃদ্ধি নিমিত্তে তাঁহারদিগকে ন্যূনাধিক ১৩০০ টাকার প্রাইজ অর্থাৎ পুরস্কার প্রদান করিতে অনুমতি হওয়াতে তথাহইতে ৫০০ টাকার নানাপ্রকার উত্তম২ পুস্তক প্রেরিত হয় এবং আরবি ও পারস্য ভাষাভ্যাসিদের [illegible] টাকা পুরস্কার প্রদান প্রথা বলিয়া তাঁহারদিগের জন্য ৮০০ টাকা আইসে। পরে গত ৪ ফেব্রুআরি শনিবার জেনরল কমিটির সেক্রেটরী শ্রীযুত

To the Editor of the Durpun.

SIR,—As you take so deep and unfeigned an interest in the cause of native education, the establishment of an English school where nothing of the kind existed, will, I am persuaded, be a piece of no unwelcome intelligence to you. I allude to the school opened in the very heart of Barranuggur by Baboo Gunganarain Seal. You have no doubt been aware by this time, that the Chitpore Baptist Missionary School, formerly superintended by the Rev. G. Pearce, but of late by the Rev. Mr. Ellis, has with the year 1837 paid its debt to nature. Whatever might have been the causes that brought about this melancholy consummation, it was a matter of deep regret to its pupils, and sufficient to droop their sanguine hopes of improvement in the arts and sciences of Europe; the more so, as the great distance of the Calcutta schools argues the necessity of *conveyances*, which, the circumstance of their being instructed in charity schools, sufficiently confirms, they could not well employ. It was on this emergent occasion that Baboo G. N. Seal and Mr. Gomes (though of the latter I am not very certain,) late teachers of the Chitpore school, proposed to set up a school at Barranuggur, than which they could have not been able to make a better choice of the place.

As an intimate friend of Baboo G. N. S. I hope to be excused for not dwelling upon his abilities and proficiency as a teacher. Suffice it however to say, that he has been engaged in the arduous task of teaching for these last five or six years, in which he has never failed to satisfy his employers. Upon this ground then I can very well recommend the respectable inhabitants in the vicinity of the school to entrust him with the education of their children and relatives, and to give him all possible encouragement. In conclusion, I would beg to remark, that sprung up as this school is, from the ruins of the Chitpore school, it would be well, at least in the commencement, to conduct it on the same principles with of course a few unavoidable modifications and necessary alterations, especially as Mr. Ellis has kindly promised to visit it occasionally. Wishing the proprietor success and the school long duration,

I remain, Sir, yours sincerely,
Epsilon.

Chinsurah, Jan. 20th, 1837.

To the Editor of the Durpun.

I beg to send you a few remarks regarding the examination of the students in the Hooghly College, which you will greatly oblige me by publishing in the Durpun.

It is now nearly two months since the half yearly examination of the students in the Hooghly College was completed in compliance with the orders of the General Committee, and as a gratification to those students of Arabic, Persian, and English who had passed an excellent examination, and with the view of encouraging the other scholars to greater attention and labour, it was determined to distribute about 1300 Rs in prizes. Upon this valuable books to the amount of 500 Rs. were sent thither, and also 800 Rs. in cash to be given away as prizes among the Arabic and

সদর্ল্যণ্ড সাহেব ও শ্রীযুত ট্রিবিলিয়ন সাহেব ও শ্রীযুত হ্যার সাহেব প্রভৃত্যনেক মান্যবরেরা সাহেবেরা কলিকাতাহইতে আগমনপূর্ব্বক পূর্ব্বলিখিত ছাত্রদিগকে পুরস্কার বিতরণ করিলেন যদ্যপিও ঐ দিবসে বর্দ্ধমানের শ্রীযুক্ত রাজা কারাগারহইতে মুক্ত হইলেন বলিয়া বিস্তর দিদৃক্ষু লোকের সমাগম হয় নাই তথাপি এতন্নগরস্থ অনেকানেক ইঙ্গলণ্ডীয় প্রধান২ রাজ কর্ম্মকারকেরা ও এতদ্দেশীয় কতিপয় ভাগ্যবন্ত সম্ভ্রান্ত মহাশয়েরা উপস্থিত ছিলেন। দর্পণ সম্পাদক মহাশয় জানিতে পারিবেন যে এতদ্বিদ্যালয়স্থ ছাত্র সমস্ত তিন অংশে বিভক্ত বিশেষতঃ আরবি ও পারস্য ও ইঙ্গরেজী বিদ্যার্থী এতন্মধ্যে আরবি ও পারস্য ভাষাভ্যাসি অন্বেষাদিগের পুরস্কার যেমন উপযুক্ত ও সন্তোষক হইয়াছে ইঙ্গরেজী ভাষাভ্যাসিদিগের তাদৃশ নহে। আমি দেখিলাম আরবি ওপারস্য পাঠার্থি ছাত্র অধিকাংশ পুরস্কার পাইলেন এবং তাহাও উর্দ্ধসংখ্যা বটে কেহ ৬০। কেহ ৫০ কেহ ৪০। কেহ বা ২০।১৫ ইত্যাদিরূপ। এইবার ইঁহারদের পুরস্কারের সংখ্যা ৫ টাকা অবধি ৬০ টাকা পর্য্যন্ত কিন্তু দেখিলাম যে ইঙ্গরেজী ভাষাভ্যাসি অন্বেষাদিরা তিন চারি জন ব্যতীত কেহই একং খান পুস্তকের অধিক পাইলেন না তাহারও কারণ এই যে পুরস্কার প্রদানার্থে যত পুস্তক কলিকাতাহইতে প্রেরিত হয় তাহা সমস্ত প্রদান করিলেই প্রকৃত পারিতোষিক প্রদানহইত এবং বিসদৃশ বিতরণও হইত না। কিন্তু ছাত্রদিগের গ্রহবৈগুণ্য এইকালেজের বিচক্ষণ কর্ম্মকর্ত্তারা ঐ প্রেরিত পুস্তক সমূহের মধ্যে অর্দ্ধেক যাহা অত্যুত্তম ও মূল্যবান ছিল বাছাই করিয়া সর্ব্ব আপাততঃ সুক্ষ্ম পুস্তকালয়ের শোভার্থে রাখিয়া বাকি বিতরণ করিলেন। সম্পাদক মহাশয় অস্মদ্বিবেচনায় এই বিবেচনা উত্তম বোধ হইল না যেহেতুক পুরস্কার প্রদান কেবল কালেজের কল্যাণ ও কর্ম্মকর্ত্তাদিগের যশ ও ছাত্রগণের বিদ্যাবর্দ্ধনের এক প্রধান সোপান ভিন্ন অন্য উপলব্ধি নহে তবে বিচক্ষণ মহাশয়েরা এমত বিবেচনা করিয়া কেন যশস্বিতার কিঞ্চিৎ খর্ব্বতা করিলেন। যাহা হউক শ্রীশ্রী৺ ইচ্ছায় গবর্ণমেণ্টের কৃপাকটাক্ষে কালেজের বিলক্ষণ বিচক্ষণ শিক্ষকেরা স্বং পদে নিরাপদে নিযুক্ত থাকিলে এইকালেজের ক্রমশঃ শ্রীবৃদ্ধি হইলে উত্তরোত্তর ঐ ছাত্রেরা উত্তম২ পারিতোষিক পাইবেন। ইহাতে অনুশোচের বিষয় কি।

কস্যচিৎ চুঁচুড়ানিবাসিনঃ

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

জয়পুরের পঞ্চাইতে যোথারাম ও তাহার অনুসঙ্গিরদের প্রাণ দণ্ডহওনের স্থির হইয়াছিল ইহা কোন আশ্চর্য্য নহে বরং ইহা না হইলেই আশ্চর্য্য বলা যাইতে পারিত। আপনি দর্পণে লেখেন যে যোথারাম জয়পুরের আঠার বৎসর বয়স্ক দুরাত্মাকে বিষপান করাইয়া হত্যা করে এবং কাগজ পত্রের দ্বারা সাব্যস্ত হইয়াছে যে ব্লাক সাহেবের হত্যাকরণের সূত্র যোথারামই। যাহা হউক এইক্ষণে যদ্যপি সম্পূর্ণ জানি গবর্ণমেণ্ট ঐ বধের বিষয়ে সন্দিগ্ধ হইয়াছেন তথাপি ঐ পঞ্চাইত মনোনীতহওনের মূলীভূত শ্রীযুতেরদের রাগের ভাবও প্রকাশ হইয়াছে। এইক্ষণে মৃত নওয়াব শোমসউদ্দিনের নিমিত্ত আমারদের খেদ জন্মিতেছে। অতঃপর সম্পাদক মহাশয় আপনকার দর্পণে প্রকাশিতাপ্রকাশিত নানা প্রেরিত পত্রের মর্ম্ম গ্রহণপূর্ব্বক বিবেচনা করুন যে আদালতে অবিচারের অন্যথা করণে বিচারার্থিরদের প্রকৃত ক্ষমতা না থাকার কোন২ প্রকারে প্রজার কত অমঙ্গল সম্ভবে এবং বক্তৃতা করুন যে জয়পুরের পঞ্চাইত এবং ঠগেরদের বন্ধন দৃষ্টে আমারদের দেশে আমার প্রস্তাবিত পঞ্চাইতে অনিষ্ট সম্ভাবনা কি।

পোলীসের বিশৃঙ্খল কার্য্যপ্রযুক্ত ভারতবর্ষস্থ প্রজারা বিপদগ্রস্ত ইহা জ্ঞাত হইয়া ঐ কার্য্য সুধারাকরণে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টস সাহেবেরদের উদ্বিগ্নতা এবং শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল লার্ড অকলণ্ড সাহেবের গাম্ভীর্য্য বিবেচনার মাধুর্য্য ভাব দৃষ্টে ভরসা করি যে বিদ্যালয়ের তত্ত্বাবধারণে প্রবর্ত্ত হইয়া যেমত মৈত্রভাবে বিজ্ঞবর ইঙ্গলণ্ডীয় মহাশয়েরা এতদ্দেশীয় বালকেরদিগকে বিদ্যাদান করিতেছেন তেমতি মৈত্রভাবে নানা সন্দেহ ভঞ্জন নিয়মাবলম্বনপূর্ব্বক পঞ্চাইতের তত্ত্বাবধারণ করিয়া ভালমন্দের বিবেচনা করণে লোকেরদিগকে বুদ্ধি দান করুন। ইহাতে দেশের ভদ্র লোকেরা আপনকারদের নিবেদিত দুঃখ বিমোচন হওনের মহোপায় প্রাপ্ত হইয়া পুনর্ব্বার দারোগা বিড়াল ভক্ষকের ভক্ষ্য মুষিক হওনে অবশ্য আত্যান্তিক ভয় করিবেন। যে দোষ বিশিষ্টসম্মান দারোগারা গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করেন অর্থাৎ তাঁহারদের বেতনের অল্পতা এবং দৈব ঘটিত কর্ম্ম দোষে এবং ক্ষুদ্র২ বিনা অপরাধেও অপমানিত হইতে হয় ঐ দোষ এইরূপে অতিবিজ্ঞতারূপে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব সুনিয়ম সকল সংস্থাপনপূর্ব্বক খণ্ডন করণে মনস্থ করিয়াছেন ইহাতে লোকেরদের বিলক্ষণ সন্তোষ জন্মিয়াছে। অধিকন্তু সম্পাদক মহাশয় আমি আপনকার নিকটে বিনা মূল্যে বিক্রীত হইয়াছি কিন্তু আদালতে নিষ্পত্তি মোকদ্দমার সংখ্যা বিবেচনায় আপনি পরমাহ্লাদিত হইয়া যে বক্তৃতা দর্পণের দ্বারা প্রকাশ করিয়া থাকেন তাহা আমারদিগের ভাল লাগে না অর্থাৎ যোত্র হীন শিষ্ট বিশিষ্ট সরল সুধার্ম্মিক প্রজারদের পক্ষে অনিষ্ট বোধ হয়।

এতদ্দেশীয় পঞ্চাইত পূর্ব্বাপর শুভদায়ক ইহার বিশ্বাসজনক প্রমাণ বিষয় আশয় বুঝিয়া আবশ্যকমতে পশ্চাৎ পত্রের দ্বারা দৃষ্টি করাইব তাহাতে আপনকার তুষ্টি না হয় পরে মনের বেদনা আর প্রকাশিব না।

বঙ্গদেশিবিচারান্বেষিণঃ

Persian scholars. On the 4th of Feb. last, the Secretary of the General Committee Mr. Sutherland, as well as Mr. Trevelyan, Mr. Hare, and many other most eminent characters came up from Calcutta and distributed the prizes among the forementioned students. Although this being also the day fixed for the liberation of the Rajah of Burdwan, many spectators were not assembled, yet many of the most respectable English officers of Government and many honourable natives attended on the occasion. Mr. Editor, you are probably aware that the students in this College are divided into three classes; the students of Arabic, Persian, and English; but the students of the latter did not receive such satisfactory prizes as those of the two former. I perceive that most of the Persian and Arabic, students received prizes, and of very large amount, some 60, some 50, some 40, and others 10 and 15. In fact the prizes extended from 5 Rupees to 60; but of the English students, none with the exception of two or three received any thing more than a book. And moreover, if all the books which had been brought up from Calcutta had been distributed, the prizes would have been sufficient, and there would have been no invidious distinction. But through the inauspicious fortune of the students, the Directors of the Institution selected one half of the very best books and placed them by way of ornament in the Library, and gave away only the rest. Mr Editor, in our opinion this was not a judicious step, for we can consider the prizes in no other light than as intended to promote the welfare of the College, to bring credit upon the Directors, and to stimulate the students; why then did the wise directors of the College thus attempt to lessen their own reputation? Be that as it may, may the benevolent eye of Government, through the favour of God rest on this institution, and may its various teachers pursue their avocations without impediment; and the institution will then flourish and the students may look forward to higher prizes in future. What cause is there therefore for grief?

A Resident of Chinsurah.

To the Editor of the Durpun.

In the Punchayet established at Jeypore, Jotharam and his associates were condemned to death, which is a matter of no astonishment. It would rather have been astonishing it they had not been condemned. You have written in the Durpun that Jotharam poisoned his master who was 18 years of age, and thus put him to death, and that it has been proved by evidence that he was the origin of the attack which ended in Mr. Blake's death. Be that as it may; although I fully know that Government have doubts upon this subject, yet it appears that the establishment of the punchayet arose from the wrath of Government, and hence we begin almost to regret the death of the Nawaub Shumshooddeen. Mr. Editor, I beg you to judge from those letters which have appeared in the Durpun, and which have been refused, how much the people are injured, when those who are desirous of justice, cannot reverse the unjust decision of a Court. And I beg you to point out upon viewing the Jeypore trials, and the examination of the Thugs, how beneficial would the establishment of a punchayet, be. The Court of Directors being informed, how much the people of the country suffered from the want of a proper police, became anxious upon this subject, and, Lord Auckland paid the most profound attention to it, and we were therefore lead to hope that as the English, from the most friendly motives, have established schools in order to impart instruction to Native youths, so they would from the same friendly motives establish the system of punchayet as the best mode of deciding differences among the natives. This would afford the respectable natives of this country the most effectual remedy for their distresses, and impress the greedy Darogah with the most salutary fear. The excuses which our most respectable Darogas offer to Government for their misconduct, viz. that their allowances are small, and that they are liable to dismissal for accidental and for small transgressions—these excuses, I say, our excellent ruler, Lord Auckland, is about to remove by the excellent rules which he has determined to establish, and which cannot fail to give satisfaction to the people. Now, Mr. Editor, I may say I am sold to you without price, yet allow me to say, that the remarks which you have made in your exultation regarding the number of causes decided, does not give us pleasure; that is to say, those remarks do not appear favourable to impoverished and yet respectable and holy people.

I will hereafter prove to you, on the most satisfactory evidence, the excellency of the rule of punchayet system. If this should not appear satisfactory to you, I will not trouble you with any more of my griefs.

A Native of Bengal desirous of justice.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

এতন্নগরে প্রায় এক মাসাবধি শ্রীযুত এ ই কিউন সাহেব কমরসিয়ল এডবর টাইজর নামক এক প্রাত্যহিক সম্বাদ পত্র নানাবিধ বাণিজ্য সম্বন্ধীয় ব্যাপার বহু পরিশ্রম ও ব্যয় ভূষণপূর্ব্বক সংগ্রহ করিয়া অতিক্ষুদ্র মূল্যে প্রকাশ করিতেছেন অর্থাৎ মাসিক ২৷৷০ মুদ্রা মাত্র তন্মধ্যে গ্রাহকবর্গের ৫০ পংক্তি বিজ্ঞাপন প্রকাশকরণের কর্তৃত্ব আছে তাহার অধিক পংক্তি কোন বিষয় প্রকটিত করিতে হইলে গ্রাহকবর্গের নিকটহইতে /০ আনার হিসাব অপর বাকি হইলে /১০ আনার হিসাবগ্রহণ করিবেন। এই পত্রের মূল্য অত্যল্প করাতে ইঙ্গলণ্ডীয় ও এতদ্দেশীয় অনেকানেক বাণিজ্যকারি মহাশয়েরা সাহায্য করিতেছেন এবং ভবিষ্যতে আরো সাহায্য প্রাপ্ত হইবার সম্ভাবনা বটে যেহেতুক হরকরাঅপেক্ষা কিঞ্চিৎ ছোট আকার কাগজে এক তক্তা করিয়া প্রত্যহ মুদ্রিত হইতেছে এবং তাহাতে বিষয় অনেক প্রকাশ হইয়া থাকে। এইক্ষণে অস্মদাদির প্রার্থনা এই যে উক্ত মহোপকারি পত্রে অন্যান্য সম্বাদ এবং প্রেরিত পত্রাদি কিছু২ প্রকটিত হইলে অনেকের মনোরঞ্জন ও উপকারি হইয়া নানামতে সাহায্য প্রাপ্ত হইতে পারেন নতুবা বাণিজ্যকারি ভিন্ন অন্যান্য লোকের মনোরম্য হওয়া সুদূর পরাহত। অতএব নিবেদন শ্রীযুত কম্পেণ্ডিয়াপ্রভৃতি ইঙ্গরেজী ও চন্দ্রিকা পূর্ণচন্দ্রোদয়প্রভৃতি বাঙ্গলা পত্র সম্পাদক মহাশয়েরা স্বীয়২ করুণা বিতরণপূর্ব্বক এই পত্রখানি স্বং পত্রে স্থান দানে বাধিত করিবেন।

কেষাঞ্চিৎ পূর্ণচন্দ্রোদয় ও কমরসিয়ল এডবর টাইজর পাঠকস্য।

To the Editor of the Durpun.

Mr. E. A. Kuhn has now for more than a month been in the habit of publishing a daily Commercial Advertizer, in which through much labour and great expense, he affords a variety of commercial intelligence, and yet has fixed the price at the low rate of 2 Rs. 8 As. a month. Each subscriber is at liberty to publish 50 lines of advertisement, and in excess of that to publish any notice at the rate of 1 anna and 1½ ann as a line. Many of the first mercantile Gentlemen, both European and native, afford this paper their support, in consequence of its very reasonable rate, and there is a prospect of its receiving even greater support. It is published daily on a sheet of paper a little less than the size of the Hurkaru, and gives a great deal of information; but we are anxious that this useful paper should contain more information and a greater variety of correspondence, and thus increase its usefulness, otherwise it will be found advantageous only to the commercial community. I beg the Editor of the Compendium, the Chundrika, the Poornochundrodoy, and other native papers kindly to give this letter a place in their columns.

A Reader of the Poornochundrodoy and the Commercial Advertizer.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৸০	৷৷০	ঐ
২ ক্লাস	১	৸০	ঐ
৩ ক্লাস	১৷০	১৸০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৸০	২	ঐ
৪ টাকার লোন	১৸০	২	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৬০০—১৭০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan.				
1st Class,	0	4	0	0
2d. Class,	0	5	0	0
3d. Class,	4	0	3	8
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	11	8	10	8
4 per Cent loan,	0	2	0	6 Disct.

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1600—1700.

সমাচার দর্পণ

১১২৮ সংখ্যা। বালম ১৯।] ২৫ ফেব্রুআরি ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ১৫ ফাল্গুণ। SATURDAY, FEBRUARY 25TH. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1128. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কক্স সাহেব মৃত মণি রুলমুলক রুসনউদ্দৌলানুরুদ্দিন মহম্মদ খাঁ বাহাদুর সউলৎ জঙ্গের পুত্র অথচ উত্তরাধিকারী নওয়াব সৈয়দ হুসেন খাঁ বাহাদুর তৌহর জঙ্গের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার ডিহি পঞ্চান্ন গ্রামের চিৎপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৭০০ সাতশত বিঘা তাহা কিছু কমি হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী মণি রুলমুলক রুসনউদ্দৌলা নুরুদ্দিন মহম্মদ খাঁ বাহাদুর তৌহর জঙ্গের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পশ্চিমদিগে হুগলিনদী পুর্ব্বদিগে চাণকের রাস্তা উত্তরদিগে লৌহা রখানা। দক্ষিণদিগে খাল।

এবং কলিকাতা নগরের তালতলার শামিল ও তন্মধ্যস্থিত ভাড়াটিয়া যে কএকটা একতালা গুদাম ও তাহার সঙ্গে যে এক খণ্ড ওবন্দ ভূমি অনুমান ১৮/ আঠার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী মণি রুলমুলক রুসনদ্দৌলা নুরুদ্দিন মহম্মদ খাঁ বাহাদুররে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পুর্ব্বদিগে বাহির রাস্তা। পশ্চিমদিগে এক গলি। দক্ষিণদিগে শ্রীযুত জে কেরিসাহেবের এক খণ্ড ভূমি উত্তরদিগে তালতলার রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই সকল বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

বিজ্ঞাপন।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

হবলাম মিশ্র ফরিয়াদী।

রামেশ্বর পাঁড়ে দিগর আসামী।

এই মোকদ্দমার এক ডিক্রী ১ জুলাই ১৮৩৬ সালে হইয়াছে ঐ ডিক্রীর হুকুমানুসারে মৌজে খুরিয়া সামরো পরগণা সাহাবাদ জিলায় যত জমি ও আওলাত ওগয়রহ যে কিছু ঐ ডিক্রীতে জিগির আছে তাহা যে দিবস আমি পবলিকসেলে যথার্থ মূল্যে বিক্রয় করিব তাহার পূর্ব্বে

ইশতেহার।

সুপ্রিম কোর্টে আমার আফিসে খবর দেওয়া যাইবেক।

ডবলিউ সা ফরিয়াদীর উকীল।

এ ডবস।

যদ্যপিস্যাৎ কেহ খরীদ করিতে বাঞ্ছা করেন তবে উকীল সা সাহেবের আফিসে কিম্বা মাষ্টর সাহেবের আফিসে তল্লাস করিলে বিশেষ বেওরা জানিতে পারিবেন।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা

ইশতেহার।

গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থে দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

ইশতেহার।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English, 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhutta, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition carefully revised under the orders of Government and printed *in Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 40 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youths Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Krittee-bass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The *Hitopudesha* or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Raja Vuli.

Raja *Vuli*, a History of India, composed in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* Price 2 Rs.

The Bengalee Letter-Writer.

Containing Forms of Bengalee Letters, Pottahs, &c. &c. *Third Edition.* Price 1 Rupee.

Dig-durshun.

The Dig-durshun, or Indian Youths Magazine, in Bengalee only. Price 6 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১৫ ফেব্রুআরি ১৮৩৭।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত রাবর্ট জেম্স লফনেন সাহেব বর্ত্তমান বৎসরে ছুটি পাইয়া বিলাতগমনার্থে যে দরখাস্ত করিয়াছিলেন তাহা সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব মঞ্জুর করিয়াছেন।

শ্রীযুত হিউ ডলরিম্পল হেমিল্টন ফরগিসন সাহেব কোম্পানির কেরাণী হইয়া বর্ত্তমান মাসের ১০ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত রাবর্ট উইগ্রাম হিউজ সাহেব উত্তমাশা অন্তরীপে গমনার্থ কর্ণওয়াল নামক জাহাজে আরোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৩ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জর্জ জেম্স মারিস সাহেব ইঙ্গলণ্ডে গমনার্থ জাবানামক জাহাজে আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব ধর্ম্মোপদেশক শ্রীযুত এডওয়ার্ড উয়াইট সাহেবকে সিঙ্গাপুরের ধর্ম্মোপদেশকতাপদে নিযুক্ত করিয়াছেন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত চার্লস রালিন্স সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে কলিকাতা রাজধানীতে ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

ধর্ম্মোপদেশক শ্রীযুত হেনরি পারিস সাহেব ইঙ্গলণ্ডে গমনার্থ জাবানামক জাহাজে আরোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৪ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

১৪ ফেব্রুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব ১৮৩৫ সালের ৭ আইনের বিধানুসারে ১৩ সংখ্যক প্রদেশের সার্কিট কমিসনরের অধীন নীচে লিখিতব্য জিলা সকলের ফৌজদারী আদালতসম্পর্কীয় কর্ম্ম ঐ সকল জিলার সেসন জজ সাহেবেরদের হস্তে অর্পণ করিয়াছেন।

জিলা দিনাজপুর মালদহ রঙ্গপুর।
রাজশাহী বগুড়া পাবনা।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব শ্রীযুত আরবিন সাহেবকর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত ত্রিপুরার একটিং সিবিল ও সেসন জজের কর্ম্ম করিবেন এবং অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্বীয় বর্ত্তমান কর্ম্ম নির্ব্বাহও করিবেন।

শ্রীযুত ই ভি আরবিন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত প্রিঙ্গল সাহেবের পরিবর্ত্তে মৈমনসিংহের একটিং মাজিস্ত্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত রঙ্গপুরের একটিং মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর আর ষ্টুট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীহট্টের একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কর্ম্ম করিবেন।

সদর বোর্ড রেবিনিউর প্রধান মেম্বর শ্রীযুত জে পাটল সাহেব গত মাসের ৩১ তারিখে ১৫ দিবসের নিমিত্ত যে ছুটি পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

সদর বোর্ড রেবিনিউর কিঞ্চিৎ কালের নিমিত্ত মেম্বর শ্রীযুত এচ ওয়াল্টর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে গঙ্গাসাগরে গমনার্থ ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

পাটনার সিবিল ও সেসন জজ শ্রীযুত জি জে মারিস সাহেব গত ২২ নবেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৯ তারিখ অবধি জাবা জাহাজের প্রস্থান তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

সুবে বেহারের খাস মহালের পূর্ব্বকার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর জে লফনেন সাহেব ছুটি লইয়া বিলাতগমনার্থ দরখাস্ত করিতে বর্ত্তমান মাসের ৮ তারিখপর্য্যন্ত বিদায় পাইয়াছেন

CIVIL APPOINTMENTS.

15th February, 1837.

The Right Honourable the Governor of Bengal has complied with the application of Mr. Robert James Loughnan, of the Civil Service, for leave to proceed to Europe on Furlough in the present season.

Mr. Hew Dalrymple Hamilton Fergusson reported his arrival as a Writer on this Establishment, on the 10th instant.

Mr. Robert Wigram Hughes, of the Civil Service, embarked for the Cape of Good Hope on board the Ship *Cornwall*, which vessel was left by the pilot at sea on the 13th instant.

Mr. George James Morris, of the Civil Service, embarked for England on board the Ship *Java* which vessel was left by the pilot at sea on the 14th instant.

The Right Honourable the Governor of Bengal is pleased to appoint the Reverend Edward White, A. M. Chaplain of Singapore.

The Reverend Charles Rawlins, A. B reported his return to the Presidency, from England on the 11th instant.

The Reverend Henry Parish, D. C. L. Chaplain on the Bengal Establishment, embarked for England on board the Ship *Java*, which vessel was left by the pilot at sea on the 14th instant.

14th February.

The Right Honourable the Governor of Bengal has been pleased, under the Provisions of Act VII. of 1835, to transfer from the Commissioner of Circuit of the 13th Division, to the Session Judges of the undermentioned Districts the whole of the duties connected with Criminal Justice, appertaining to those Zillahs, viz.

Dinagepore including Malda, ... } 13th Division.
Rungpore, ...
Rajeshahye including Bogra and Pubna, ...

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr David Pringle to officiate, until further orders, as Civil and Session Judge of Tipperah, continuing in charge of his present office until relieved by Mr. Irwin.

Mr. E. V Irwin to officiate, until further orders, as Magistrate and Collector of Mymunsing, in the room of Mr. Pringle.

Mr. H. C. Metcalfe to officiate, until further orders, as Magistrate and Deputy Collector of Rungpore.

Mr. R. R. Sturt to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Sylhet.

The leave of absence granted to Mr. J. Pattle, Senior Member of the Sudder Board of Revenue, on the 31st ultimo, for fifteen days, is cancelled at his request.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. H. Walters, Temporary Member of the Sudder Board of Revenue, for fifteen days, to proceed to the Sand Heads, on Medical Certificate.

Mr. G. J. Morris, Civil and Session Judge of Patna, from the 9th instant, until the sailing of the Ship *Java*, in extension of the leave granted to him on the 22d November last.

Mr. R. J. Loughnan, late Superintendent of Khas Mehals in Behar, from the 8th instant, preparatory to applying for permission to proceed to Europe on Furlough.

৮ ফেব্রুআরি।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর্ সাহেব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত মাক্কার্ডি সাহেবকে কানপুরের সিবিলসম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসকতা পদে নিযুক্ত করিয়াছেন।

৩০ জানুআরি।

শ্রীযুত ডবলিউ এচ বেনসন সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি বরেলির মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন। ঐ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জবনপুরের একটিং সিবিল ও সেসন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এচ ডিন সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি বান্দার মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

তৃতীয় সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশে নিষ্কর ভূমিবিষয়ক মোকদ্দমার তজবীজ করণার্থ শ্রীযুত এন এচ প্রৌএট সাহেব ডেপুটি কালেকটর হইয়াছেন।

৩১ জানুআরি।

সাহরণপুরের জজ শ্রীযুত জি ডবলিউ বেকন সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে যে ছুটি পান তদতিরিক্ত দুই মাসের ছুটি পাইয়াছেন।

১ ফেব্রুআরি।

শ্রীযুত এস জে বিচর সাহেব বান্দার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

৩ ফেব্রুআরি।

শ্রীযুত জান কিনলাক সাহেব মৈনপুরীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

২০ ফেব্রুআরি।

শ্রীযুত তামস ব্রুস সুইনহ সাহেব শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টরসকর্ত্তৃক ইষ্টইণ্ডিয়া কোম্পানির উকীলীপদে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১১ তারিখে তৎপদ গ্রহণ করিয়াছেন।

৮ ফেব্রুআরি।

শ্রীল শ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি ফ্রেজর সাহেব সাগর ও নর্ম্মদা প্রদেশের লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের একটিং এজেণ্ট হইয়াছেন।

লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের দিল্লীস্থ এজেণ্ট আসিষ্টান্ট শ্রীযুত লেপ্তেনন্ত টি এচ ফিলিপ্স সাহেব যে ছুটি পাইয়াছিলেন অস্বাস্থ্যপ্রযুক্ত তদতিরিক্ত ১৮৩৭ সালের ১ দিসেম্বর তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন। এবং মশূরীতে বর্ত্তমান মাসে চিকিৎসার কামিটির সাহেবেরদের যে বৈঠক হইবে তথায় উপস্থিত হইয়া পুনর্ব্বার নূতন সার্টিফিকট লইবেন।

১১ ফেব্রুআরি।

দিল্লী রাজ্যের আমল শ্রীযুত আর বেল সাহেব স্বাস্থ্যার্থ পর্ব্বতে গমন করিতে আগামি ১ তারিখঅবধি এক বৎসরের ছুটি পাইয়াছেন।

8th February.

The Honourable the Lieutenant Governor is pleased to appoint Mr. Assistant Surgeon Charles McCurdy to be Civil Assistant Surgeon of Cawnpore.

30th January.

Mr. W. H. Benson to be Magistrate and Collector of Bareilly from the 10th instant. Mr. Benson to continue to officiate as Civil and Session Judge of Juanpore until further orders.

Mr. H. W. Deane to be Magistrate and Collector of Banda from the 10th instant.

Mr. N. H. E. Prowett to be Deputy Collector for the investigation of claims to exemption from the payment of the Land Revenue in the 3d or Bareilly Division.

31st January.

Mr. G. W. Bacon, Judge of Seharunpore, has obtained an extension of leave of absence for two months, on his private affairs.

1st February.

Mr. S. J. Becher, to officiate as Joint Magistrate and Deputy Collector of Banda.

3d February.

Mr. John Kinloch to be Joint Magistrate and Deputy Collector of Mynpoory.

20th February.

Mr. Thomas Bruce Swinhoe, appointed by the Honourable the Court of Directors Solicitor to the East India Company at Calcutta, assumed charge of that office on the 11th instant.

8th February.

The Honourable the Lieutenant Governor is pleased to make the following appointment:

Mr. C. Fraser to officiate as Agent to the Lieutenant Governor in the Saugor and Nerbudda Territory.

Lieutenant T. H. Phillips, Assistant to the Agent to the Lieutenant Governor at Delhi, has obtained an extension of leave to the 1st of December, 1837, on account of ill health, and will appear before the Medical Committee ordered to assemble at Mussooree during the current month, for the purpose of having his Certificate renewed.

11th February

Mr. R. Bell, on Deputation in the Delhi Territory, is permitted to be absent for twelve months, from the 1st proximo, to visit the hills, for the benefit of his health.

সমাচার দর্পণ

SUMACHAR DURPUN.

শনিবার ২৫ ফেব্রুআরি ১৮৩৭।

SATURDAY, 25TH FEBRUARY, 1837.

মুনসেফ।

সদর দেওয়ানী আদালত বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে লিপিরদ্বারা জিজ্ঞাসা করিলেন যে মুনসেফেরা এইক্ষণে ক্রোকী জিনিস বিক্রয় করিতেছেন অতএব কমিস্যনর সাহেবেরদের প্রতি ঐ ভার অর্পণ করিয়া মুনসেফেরদিগকে মুক্ত করা যায় কি না। তাহাতে বোর্ডের সাহেবেরা উত্তর করিলেন যে এমত নিয়ম করা যুক্তিসহ পরামৃশ্য বোধ হয় না। কিন্তু ডেপুটি কালেক্টরেরা বিলক্ষণরূপে নিযুক্ত হইলে তাঁহারদের প্রতি ক্রোকী জিনিস বিক্রয়ের ভার দেওয়া যাইতে পারে ঐ নিয়োগ যেপর্য্যন্ত সম্পন্ন না হয় সেই পর্য্যন্ত মুনসেফেরদের ক্রোকী জিনিস বিক্রয় করণ কার্য্য নির্ব্বাহ করিতেই হইবে। সম্প্রতি গবর্ণমেণ্ট বোর্ডের সাহেবেরদিগকে ডেপুটি কালেকটরি কার্য্যে ব্যক্তি নিযুক্ত করণের ক্ষমতা দিলেন অতএব তৎক্ষমতানুসারে এইক্ষণে ঐ সাহেবেরা যাঁহারদের ইঙ্গরেজী ভাষাতে নৈপুণ্য আছে এমত ব্যক্তিরদিগকে তৎকার্য্যে নিযুক্ত করিতেছেন। সম্প্রতি যাঁহারা ডেপুটি কালেকটরী কার্য্যে নিযুক্ত হইয়াছেন তাঁহারদের মধ্যে এক জন শিবচন্দ্র পালিত রিকার্ড কিপর ছিলেন তাঁহাকে রাজসাহীর ডেপুটি কালেক্টরী কার্য্যে নিযুক্ত করিয়াছেন।

মুনসেফের বিষয় সদর দেওয়ানী আদালত শেষ যে হুকুম করেন তাহা এই।

বঙ্গাদি দেশের জিলা ও শহরের জজ সাহেবেরদের প্রতি বরাবরেষু।

১৮১৪ সালের ২৩ আইনের ৫০।৫১।৫২।৫৩।৫৪ ধারানুসারে জজ সাহেবেরদের প্রভৃতি ক্ষমতা দেওয়া যায় যে স্থান বিশেষের কোন কার্য্য বিষয়ক প্রশ্ন হইলে তাহার তজবীজ করণার্থ ও ডিক্রীক্রমে ভূমি সম্পত্তির দখল দেওনার্থ ও ডিক্রীজারী করিয়া অস্থাবর বিষয় বিক্রয় করণার্থ ও জমিন চুড়ান্ত কি না এই বিষয়ের নির্ণয় করণার্থ ও যোত্রহীন বলিয়া যাঁহারা মোকদ্দমা উপস্থিত করেন তাঁহারদের দরিদ্রতা বিষয় নির্ণয়ার্থ তাঁহারা মুনসেফেরদিগকে নিযুক্ত করিতে পারেন।

২ উক্ত আইনের ৫৪ ধারাক্রমে পূর্ব্বোক্ত কার্য্যসকল নিষ্পত্তি করণার্থ আমীনেরদিগকে ব স্বীয় আমলারদিগকে নিযুক্ত করিতে জজ সাহেবের প্রতি নিষেধ নাই কিন্তু জজ সাহেবেরদের প্রতি হুকুম হইল তাঁহারা সাবধান হইবেন যে এইনানা কার্য্যে মুনসেফেরদের সময় হরণ না হয় যে তাঁহারদের নিকটে উপস্থিত মোকদ্দমা অতি শীঘ্র বিচার ও নিষ্পত্তি করিতে না পারেন।

৩ উক্ত কার্য্যে মুনসেফ ও আমীনেরদিগকে নিযুক্তকরণের ক্ষমতা ১৮৩১ সালের ৫ আইনের ২৮ ধারা এবং ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারা ক্রমে ডিক্রীজারী করণবিষয়ক ক্ষমতা এতদ্দেশীয় জজসাহেবেরদের প্রতি অর্পণ করা গিয়াছে এবং জিলা ও শহরের জজ সাহেবেরা যেমন আপনারদের ডিক্রী জারী করিতে পারেন তদ্রূপ ইঁহারাও আপনারদের স্বকৃত ডিক্রী জারী করিতে পারিবেন।

৪। ১৮৩১ সালের ৫ আইন ও ১৮৩২ সালের ৭ আইনক্রমে মুনসেফেরদিগকে অতি ভারি কর্ম্ম দেওয়া গিয়াছে অতএব উচিত হয় যে তাঁহারা আপনারদের জজী কর্ম্ম অনায়াসে নির্ব্বাহ করিতে পারেন এই নিমিত্ত অন্যান্য কার্য্যের ভার হইতে মুক্ত হন অতএব সদরদেওয়ানী আদালতের সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে তদ্বিষয়ে নীচে লিখিতব্য আজ্ঞা করিয়াছেন এবং ঐ আজ্ঞা এইক্ষণে আপনাকে জ্ঞাপনার্থ প্রেরণ করা যাইতেছে।

প্রথম। অতিবিশেষ কারণ না থাকিলে ১৮১৪ সালের ২৩ আইনের ৫১।৫২।৫৩ ধারায় লিখিত কোন মুৎফরক্কার কার্য্য মুনসেফেরদের হস্তে অর্পণ করা যাইবে না। যদ্যপি তাঁহারা তৎকার্য্যে নিযুক্ত হন তবে তাহার কারণ রুবকারীতে লিখিতে হইবে।

দ্বিতীয়। জিলা ও শহরের জজ সাহেবেরা যত যোগ্য ব্যক্তি উপযুক্ত বোধ করেন তত ব্যক্তি মনোনীত করিয়া উক্ত মুৎফরক্কার কার্য্য নির্ব্বাহার্থ আমীনস্বরূপ নিযুক্ত করিবেন। সুতরাং জজসাহেবেরা আপনার

Moonsiffs.

A reference has been made by the Sudder Dewannee Adawlut to the Board suggesting the expediency of appointing Commissioners for the sale of distrained property to relieve the Moonsiffs from that part of their present duties. The Board are of opinion, however, that such a plan would not be advisable, but that wherever there are a sufficient number of Deputy Collectors, they might be required to conduct distraining sales, but that otherwise the Moonsiffs must continue to perform the duty. The Board are in conformity with the recent permission received from Government, availing themselves of the patronage of the appointments of uncovenanted Deputy Collectors, giving them to those natives who understand the English language. Among others is their late Record-keeper Seeb Chunder Paulit, whom the Board have appointed in the Rajshahye district.—*Eng.*

The following are the latest rules which have been issued from the Sudder Dewannee Adawlut regarding Moonsiffs.

To the Zillah and City Judges in the Lower Provinces.

SIR,—By the Provisions of Sections 50, 51, 52, 53, and 54 of Regulation XXIII. of 1814, the Judges are authorised to employ Moonsiffs in the investigation of questions regarding local rights and usages; in giving possession of real property under decrees; in selling personal property in satisfaction of decrees; and in ascertaining and reporting on the sufficiency of securities and the indigence of persons suing in forma pauperis.

2. By Section 54 of the same regulation before cited are declared not to preclude the Judges from deputing Ameens or employing their officers in the execution of the abovementioned duties; and the Judges are particularly required to be careful that the time of the Moonsiffs be not so much occupied in the miscellaneous duties above described, as to interfere materially with the early trial and decision of the regular suits pending before them.

3. The power of employing Moonsiffs or Ameens in any of the abovementioned duties has been extended, as regards the execution of decrees by the provisions of Section 22 Regulation V. of 1831, and Section 7 Regulation VII. of 1832, to the native judges, who are authorised to execute their own decrees under the same rules as are applicable to the zillah and city judges.

4th. The Moonsiffs have now under the extended powers vested in them by Regulation V. of 1831 and Regulation VII. 1832, very important duties to perform, rendering it highly desirable that they should be relieved as far as possible from all other duties which interfere with their judicial functions. The Court of Sudder Dewannee Adawlut have therefore, with the sanction of Government, been pleased to pass the following rules on the subject, which are herewith forwarded to you for your information and future guidance.

First.—No Moonsiff shall in future be called upon to perform any of the miscellaneous duties described in Sections 51 to 53 of Regulation XXIII. of 1814; except in very special cases, to be fully recorded on the proceedings of the court.

Second.—The zillah and city judges shall select and appoint as many duly qualified persons as they may deem requisite to act as Ameens, who shall perform the miscellaneous duties above-

দের অধীন শহর ও পরগনার কাজিরদের কর্ম্ম শৈথিল্য পড়িলে তাঁহারদিগকেও ঐ কার্য্যে নিযুক্ত করিতে পারিবেন।

তৃতীয়। যাঁহারা এতদ্রূপ কার্য্যে নিযুক্ত হন তাঁহারা উত্তমরূপে কার্য্য নির্ব্বাহ করিতে ও সর্ব্বদা হাজির থাকিতে জামিন দিবেন।

চতুর্থ। প্রত্যেক আমিনকে এক২ সনন্দ দেওয়া যাইবে ঐ সনন্দের মধ্যে আমীন আপন এলাকার মধ্যে কোন্২ কর্ম্ম করিবেন তাহা নির্দ্দিষ্ট থাকিবে এবং সামান্যতঃ প্রত্যেক মুনসেফের এলাকার মধ্যে এক২ আমীন নিযুক্ত হইবেন। কিন্তু বিশেষ কারণ থাকিলে এক মুনসেফের এলাকার মধ্যে দুই জন আমীনও নিযুক্ত হইতে পারেন কিম্বা দুই বা তদধিক মুনসেফের এলাকার মধ্যে একই আমীন নিযুক্ত হইতে পারেন।

পঞ্চম। পূর্ব্বোক্ত ধারাক্রমে মুনসেফেরদের যে মেহনতআনা নির্দ্দিষ্ট আছে অর্থাৎ টাকায় ৵০ তাহাই পাইবেন এবং মুনসেফ ও আমীনেরা যে বিধ্যনুসারে কার্য্য করিয়া থাকেন সেই বিধ্যনুসারে এই নূতন আমীনেরাও কার্য্য করিবেন।

ষষ্ঠ। আমীনেরা এই সকল কার্য্য স্বয়ং করিবেন কোন প্রকারে নায়েবের দ্বারা করিতে পরিবেন না।

সপ্তম। যত ব্যক্তি এতদ্রূপে আমীনী পদে নিযুক্ত হন তাঁহারদের নামের এক ফর্দ্দ এতদ্দেশীয় ও ইউরোপীয় জজেরদের কাছারীতে লটকান যাইবে এবং সদরে তাহার নকল পাঠাইতে হইবে।

অষ্টম। কিন্তু এই হুকুমের এমত অর্থ করিতে হইবে না যে ইউরোপীয় বা এতদ্দেশীয় জজেরা আবশ্যকমতে আপনারদের কোন উপযুক্ত আমলাকে ঐ কার্য্যে নিযুক্ত করিতে নিষেধ আছে।

৫ আপনার সিরিস্তায় এতদ্দেশীয় যত জন জজ আছেন তাঁহারদিগকে এমত হুকুম করিবেন যে কোন মুৎফরক্কার কার্য্য নির্ব্বাহার্থ আমীনের আবশ্যক হইলে এই আইনঅনুসারে কার্য্য করিবেন।

কেশবরামবসু।

নীচে লিখিত প্রস্তাব ইঙ্গলিসমেন সম্বাদ পত্রহইতে গ্রহণ করা গেল।

কেশবরাম বসুর দ্বারকানাথ বসুনামক এক পুত্র আছেন তিনি কলিকাতাস্থ পাদরি শ্রীযুত ডফ সাহেবের পাঠশালাতে পাঠ করিয়া পরে খ্রীষ্টীয়ান ধর্ম্মাবলম্বনে ব্যাপ্টাইজ হওনের ইচ্ছা জ্ঞাপন করিলেন এমত সময়ে তিনি ষোল বৎসর বয়স্ক ছিলেন ইহা শুনিয়া তাঁহার পিতা তাঁহাকে আগস্ত মাসে ঐ পাঠশালাহইতে উঠাইয়া লন কিন্তু ঐ বালক পুনর্ব্বার নবেম্বর মাসে ফিরে আইলেন পরে আর বার জানুয়ারি মাসে তাঁহাকে লইয়া যান এবং শ্রীযুত মাকাই সাহেব ও শ্রীযুত ইউয়াট সাহেবের সঙ্গে তাঁহার মিল না হয় এতদর্থ অনেক বাধা জন্মাইলেন তথাপি তিনি কোন প্রকারে তাঁহার ঐ প্রতিবন্ধক পিত্রাদির হস্তহইতে পলায়ন করিলেন এবং তাহার কিঞ্চিৎ কাল পরে এক দিন কেশবরাম বসু ঐ পুত্রকে শ্রীযুত ইউয়াট সাহেবের সঙ্গে গাড়িতে আরোহণ করিতে দেখিয়া কএক লোকের সাহায্যে রাস্তার মধ্যেই ঐ সাহেবের উপরে আক্রম

mentioned; of course the judges will be at liberty to nominate the city and pergunnah Cazees to those duties when their services may be available.

Third.—The persons so appointed shall be required to furnish security for their personal appearance and for the faithful discharge of their duty.

Fourth.—Each Ameen shall receive a regular sunnud of appointment, describing the jurisdiction, within which he is to act as Ameen, and which should correspond exactly with the jurisdictions of the Moonsiffs, unless special reasons exist for dividing a Moonsiff's jurisdiction, or for combining two or more jurisdictions under one Ameen.

Fifth.—The Ameens shall receive the same commission of one anna in the rupee which is allowed to Moonsiffs by the section above cited, and they shall perform their duties under the same rules which are applicable to Moonsiffs or Ameens under existing Regulations.

Sixth.—The Ameen shall perform the duties entrusted to him in person, and shall not be permitted to act by deputy on any account whatever.

Seventh.—Lists of the persons so appointed shall be affixed in the court of all the judges, European and Native throughout the district, and an annual list shall moreover be furnished to this court.

Eighth.—Nothing contained in these rules shall be understood to prevent the judges, European and Native, from deputing the officers of their own establishment, to perform any of the prescribed duties, whenever they may consider such a measure necessary.

5.—You are requested to issue the necessary instructions to the native judges on your establishment to conform to the orders of this circular, whenever they have occasion to require the services of an Ameen for any miscellaneous duties.

I am, &c.

(Signed) J. F. M. Reid, *Register.*

Fort William, Jan. 13, 1837.

Kishub Ram Bhose.

The following account has just appeared in the *Englishman:*

Kishub Ram Bhose has a son, Dwarkanath Bhose, who, after two or three years' attendance at the Scotch Mission school, professes Christianity, and desires to be baptized, being at the time upwards of 16 years of age. His father removes him, in consequence, from the school in August last, but allows him to return in November, again removing him in January. Some restraint is used to prevent his joining his instructors, Messrs. Mackay and Ewart, but he contrives to elude observation, and escape to them. Kishub Ram seeing him some days afterwards, in Mr. Ewart's carriage, commits an assault in the open street upon that gentleman, aided and abetted by several other persons. Mr. Ewart's horse is stopped and thrown down, the boy forcibly removed from the carriage and carried off to his father's house, where chains are put on his legs. While

করিলেন বিশেষত ঘোড়া আটক করিয়া ফেলাইয়া বলপূর্ব্বক পুত্রকে আপন বাটীতে লইয়া গেলেন এবং বাটীতে তাঁহাকে শৃঙ্খল বন্ধন করিয়া রাখিলেন। পরে দ্বারকানাথ বসু কহিলেন যে তাহার কএক দিবস পরে বর্দ্ধমান জিলায় আমার জন্মভূমিতে আমার স্ত্রী সমেত পাঠাইবার কল্প করিয়া কিঞ্চিৎ কালের নিমিত্ত শৃঙ্খল মুক্ত করিয়াছিলেন ঐ যোগেই দ্বিতীয়বার পলায়ন করি। পলায়ন করণের এক দিবস পূর্ব্বে পিতা আমাকে মাদক দ্রব্য মিশ্রিত মিষ্টান্ন খাওয়াইয়া অচেতন করণের উদ্যোগ করিয়াছিলেন। একজন সাক্ষী কহিল যে ঐ বসু কহিয়াছিলেন ইহাকে প্রহার করিলে কিন্তু হইবেনা অতএব মাদক দ্রব্য খাওয়াইয়া পাগল করা যাউক। এবং ঐ বালক কহিলেন যে ঐ মিঠাই খাইলে পর আমি পাগলের ন্যায় হইলাম এবং ঐ দিবসে ১৩। ১৪ বৎসর বয়ক্রম উমেশ নামক এক বালক তাঁহাকে কহিয়াছিল যে তাঁহার ঘরের লোকই তাঁহাকে ক্ষিপ্ত করণার্থ ঐ মাদক দ্রব্য খাওয়াইয়াছিলেন। দ্বারকানাথ আরো কহিলেন যে ইহার পূর্ব্বে আমি খ্রীষ্টীয়ান না হই এই নিমিত্ত আমার পিতা আমাকে বিষ খাওয়াইয়া মারাও ভাল জ্ঞান করিতেন যখন আমাকে আম্বুয়াতে লইয়া গেলেন তখন আমার পা ভাঙ্গিয়া ফেলিবেন এমত কহিয়াছেন। অপর দৃষ্ট হইল যে কেশব বসু ঐ পুত্রকে ইউয়াট সাহেবের স্থানহইতে ছিনাইয়া লওনার্থ কএক জন মগকে বেতন দিয়া রাখিয়াছিলেন। এবং একজন সাক্ষী কহিল যে ঐ মগেরা উক্ত বসু নিকট কহিয়াছিল যে আমরা ইউয়াট সাহেবকে একেবারে সংহার করিতে প্রস্তুত আছি ইহার পর অতিরিক্ত আর লেখনের আবশ্যক কি আছে। এই মোকদ্দমাতে দুইজন সাক্ষ্য দেওনার্থ উপস্থিত হইলে যখন তাঁহারদিগকে শপথ পূর্ব্বক সাক্ষ্য দিতে কহাগেল তখন এক জন কহিল যে আমি বাইবেল কি কোরাণ কি গঙ্গাজল কিছুই মানিনা কি শপথ করিব। অপর ব্যক্তি কহিল যে আমি হিন্দু ধর্ম্ম কি কোন ধর্ম্মই মানিনা।

ত্রিপুরার রাজার বিষয়ে সম্প্রতি চট্টগ্রামের কমিশ্যনর ও বোর্ড রেবিনিউর সাহেবেরদের যে ব্যাপার হইয়াছে তদ্বিষয়ে নীচে লিখিতব্য অতিবিশ্বসনীয় রিপোর্ট আমরা প্রকাশ করিতেছি

ত্রিপুরার রাজা।

গত জুন মাসে শ্রীযুত এম এ বিগনল সাহেব শ্রীযুক্ত ত্রিপুরার রাজার পক্ষে সদর বোর্ডে দরখাস্তদ্বারা প্রার্থনা করেন যে ১৮৩৩ সালের ৯ আইনের ১৪। ১৫ ধারার হুকুম শ্রীযুক্ত রাজার বিরুদ্ধে জারী করণার্থ কালেকটর সাহেবকে কমিস্যনর শ্রীযুত ডাম্পিয়র সাহেব যে আজ্ঞা করেন তাহা মৌকুফ হয়।

শ্রীযুত বিগনল সাহেব কহিলেন যে কিঞ্চিৎপূর্ব্বে কালেকটর সাহেব শ্রীযুক্ত রাজাকে যে হিসাব পাটওয়ারীর হিসাব বলিয়া প্রসিদ্ধ তাহা দাখিল করিতে হুকুম দিলেন সেই হুকুমক্রমে শ্রীযুক্ত রাজা সাধ্যমতে তদনুরূপ হিসাব দাখিল করিলেন কিন্তু সুতরাং ঐ হিসাব সম্পূর্ণ ছিল না। ঐ হিসাব দাখিল করিয়া রাজা নিবেদন করিলেন যে রাজস্বের কর্ম্মকারক সাহেবেরা যদ্রূপ হিসাব চাহেন তদ্রূপ হিসাব প্রস্তুত করিতে ক্ষম হই এনিমিত্ত ঐ হিসাবের এক নক্সা আমাকে দেন এবং আমার জমীদারী বুঝিয়া জরীপকরণার্থ চারি বৎসর মিয়াদ দেন তাহা না হইলে ঠিক হিসাব দিতে পারি না। পরে এই আবেদন কালেক্টর সাহেবের নিকটে পঁহুছিলে কমিস্যনর

the parties are consulting a day or two afterwards, as appears by Dwarkanath Bhose's evidence, how to contrive to send him and his wife away into the Burdwan district, to his native village, he takes advantage of being temporarily relieved from his fetters and escapes a second time. An attempt was made, the day before he left the house, to stupify him with noxious drugs, administered in sweetmeats, his father, according to the deposition of one of the witnesses, having declared his intention, 'as it was of no use to beat the boy, to give him drugs to make him pagul,' i. e. to render him idiotic. The lad's own account of the matter is, that, after eating the said sweetmeats, he felt drunk or like a fool: on the same day Oomesh, a boy of 13 or 14, told me they had given me things that make men drunk. My father told me formerly that he would rather poison me, or kill me, than see me a Christian, and when he took me to Amhooa, he said he would break my legs. Kishub Bhose appears to have hired Mugs to aid him in forcibly taking his son from Messrs. Mackay and Ewart; these hired bravoes being, according to the deposition of one of the witnesses, by Kishub Bhose's account 'ready to do injury to Mr. Ewart.' The above needs no comment. There are two persons who come forward to give evidence, one of them, on being put upon his oath, says, that he cannot be sworn, as 'I do not believe on the Bible, the Koran, or the Ganges water,' while the other declares more explicitly that he does not believe in the truth of Hindooism, or any other religion.—*Engl.*

The Raja of Tipperah.

The following appears to be a faithful account of the recent transactions of the Commissioner of Chittagong and the Board of Revenue in reference to the Raja of Tipperah:—

In June last, Mr. M. A. Bignell submitted a petition, on behalf of the Rajah of Tipperah, praying for the reversal of the orders of Mr. Commissioner Dampier, directing the Collector to enforce against the rajah, sections 14 and 15 of Regulation 9, of 1833.

Mr. Bignell set forth, that some time since the rajah was called upon by the Collector to give in zemindaree papers comprized under the denomination of 'village accounts.' In compliance with this requisition the rajah furnished the best accounts he was able to make out, but which were necessarily imperfect. The Collector objecting to these, the rajah desired that, in order to enable him to prepare the accounts in such way as the revenue authorities desired, he might be favoured with a form of the papers required, and that four years might be allowed him to measure his extensive zemindaree, without doing which it was impossible for him to render the accounts with any degree of accuracy. This petition was sent to the Collector, with a recommendation by the Commissioner that its prayer should

সাহেব তাহা গ্রাহ্যকরণার্থ পরামর্শ দিলেন এবং আপনিই তাহা সদর বোর্ডের সাহেবেরদের নিকটে প্রেরণ করিয়া লিখিলেন যে রাজার এই দরখাস্ত অতি যথার্থ এবং তদ্বিষয়ে শ্রীযুত ডাম্পিয়র সাহেবও তৎসময়ে পারস্য ভাষাতে যে রুবকারী লিখিয়া ছিলেন তাহাতেও ঐ বিষয় সপ্রমাণ হইল। ঐ রুবকারীর দ্বারা দৃষ্ট হইয়াছে যে তাহার পুর্ব্ব বৎসরে শ্রীযুত কমিস্যনর সাহেব ১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে উক্ত রাজা পাটওয়ারীর কাগজ দাখিল করেন নাই বলিয়া বাকি খাজানার নিমিত্ত ঐ রাজা যে কএক সরাসরী মোকদ্দমা উপস্থিত করিয়াছিলেন তাহা নথিহইতে উঠাইয়া ফেলিতে হুকুম দেন তাহাতে রাজা শ্রীযুক্ত কমিস্যনর সাহেবের নিকটে আপীল করাতে তিনি কালেকটর সাহেবকে ঐ সকল মোকদ্দমার বিচার করিতে হুকুম দিলেন যেহেতুক রাজা হিসাব দাখিল করিতে চারি বৎসরের মিয়াদের নিমিত্ত যে দরখাস্ত করিয়াছিলেন তাহা সদর বোর্ডে প্রেরণ করা গিয়াছে অদ্যাপি তাহার উত্তর পঁহুছে নাই। কমিস্যনর সাহেবের ঐ হুকুমক্রমে বাকিদারেরদের সঙ্গে শ্রীযুক্ত রাজারযে সকল মোকদ্দমা ছিল তাহা গত বৎসরের ৯ মে তারিখপর্য্যন্ত নিষ্পত্তি হয় কিন্তু ঐ তারিখে শ্রীযুত কমিস্যনর সাহেব হঠাৎ শ্রীযুত কালেক্টর সাহেবের নিকটে লিখিলেন যে ১৮৩৩ সালের ৯ আইনের ১৪।১৫ ধারার হুকুম রাজার প্রতি জারী করেন।

গত বৎসরের ৯ মে তারিখে শ্রীযুত ডাম্পিয়র সাহেব বোর্ডের সাহেবেরদের নিকটে লিখিলেন যে রাজার কার্য্যবিষয়ে আমার যেরূপ অনুভব ছিল এইক্ষণে তাহার রূপান্তর হইয়াছে এবং পাটওয়ারীর হিসাব দাখিল করিতে রাজা যে শৈথিল্য করিতেছেন ইহাও নিশ্চয় বোধ হইয়াছে অতএব কালেক্টর সাহেবকে পূর্ব্বে যে হুকুম দেওয়া গিয়াছে তাহা আমি অন্যথা করিলাম অতএব এই বিষয় এইক্ষণে বোর্ডের সাহেবেরদের হস্তে অর্পণ করিলাম তাহাতে বোর্ডের সাহেবেরা উত্তর লিখিলেন যে আপনি আমারদের হস্তে এই বিষয় অর্পণ করিয়াছেন লেখেন কিন্তু আমারদের বিলক্ষণ বোধ হইতেছে যে আপনি অত্যাশ্চর্য্য নিয়ম অবলম্বন করিয়া কালেক্টর সাহেবকে এই হুকুম দিয়াছেন যে ১৮৩৩ সালের ৯ আইনে যে সকল দণ্ডের হুকুম আছে তদনুসারে তাহা অতিত্বরায় রাজার প্রতি জারী করেন এবং রাজার যে সকল মোকদ্দমা এইক্ষণে উপস্থিত আছে বা হইবে তাহা অগ্রাহ্য করেন এবং রাজস্বের কিস্তি বাকি পড়িবামাত্র তাঁহার জমিদারী নীলাম করেন।

অনন্তর বোর্ডের সাহেবেরা কমিস্যনর সাহেবকে লেখেন যে আপনার ১৮৩৫ সালের জুন মাসের পত্র এবং ১৮৩৬ সালের জুলাই মাসের পত্র পরস্পর বিপরীত দেখিয়া আমরা আশ্চর্য্য বোধ করিলাম এই বিষয়ে আপনার কার্য্য অতিবেআইনী ও অনৈক্য ও অতিকঠিন ও অবিবেচনার হইয়াছে। পরে ডাম্পিয়র সাহেবকে আরো লেখেন যে আমারদের নানাপত্রের দ্বারা আপনি অবশ্য অবগত হইয়া থাকিবেন যে রাজার জমিদারীবিষয়ে যে সকল বিঘ্ন জন্মিয়াছে তাহাহইতে তিনি উদ্ধার হন এতদর্থ আমরা সাহায্য করিতে অত্যুৎসুক আছি এবং তদ্বিষয়ে সাহায্য আমরা যথার্থ ও উচিত দয়ার কার্য্য বলিয়া করিতেছি। অপর লেখেন যে আমারদের অধীন কর্ম্মকারক সাহেবেরদের নিষ্পত্তি কার্য্য অন্যথা করিতে সামান্যত আমরা ইচ্ছুক নহি তথাপি এই স্থলে অগত্যা কমিস্যনর

be granted and the Commissioner forwarded it to the Sudder Board, expressing his opinion, strongly in favour of the reasonableness of the application. The general accuracy of the above statement is strengthened by a Persian robukaree of Mr. Dampier himself. From this, it appears, that the Collector having last year struck off his file, certain summary suits for arrears of rent instituted by the rajah, on the ground that the putwarree papers had not been filed according to Regulation 9, of 1833, the rajah appealed to the Commissioner, who ordered the Collector to investigate all such suits, inasmuch as a petition for a delay of four years had been forwarded for approval to the Sudder Board by the local authorities, and no answer had been received. In consequence of the above orders of the Commissioner, the rajah's suits against his defaulting tenants were admitted and adjudicated, in due course, until 9th May last, when the Commissioner wrote to the Collector, directing the enforcement of sections 14 and 15, Regulation 9, 1833.

On the 9th of May last, Mr. Commissioner Dampier announced to the Board an entire change in his opinion, stating his belief of the rajah's previous insincerity in the matter of the village accounts, and advising them that he had recalled his instructions to the Collector, leaving the matter entirely in the hands of the Board. 'This mode of leaving the matter entirely in the hands of the Board,' say the latter in reply to Mr. Dampier, 'it now appears was the very singular one of directing the Collector with great urgency to enforce all the penalties of Regulation 9, of 1833, against the rajah—to throw out all his suits pending, or to be filed hereafter, and to advertise his estates with the utmost strictness in case of a failure on his part to meet the instalments as they fell due.

The Board then contrast the Commissioner's letters of June 1835, and May 1836, censuring his proceedings in this matter as not only irregular and inconsistent, but harsh and inconsiderate. They state that Mr. Dampier must have seen in the communications of the Board their strong desire to facilitate in every possible way the rajah's efforts to retrieve his affairs,—a desire founded no less upon justice and humanity than prudence and expediency. They express their reluctance to interfere with the orders of their subordinate officers, but in the present case they are constrained to suspend the Commissioner's orders of the 9th and 21st May, and to attec him to restore to the file all the

সাহেবের ৯ ও ২১ মে তারিখের হুকুম স্থগিত করিতে এবং ঐ হুকুমক্রমে ত্রিপুরার রাজার জমিদারীবিষয়ে যে সকল মোকদ্দমা হের হইয়াছেন তাহা পুনর্ব্বার উত্থাপন করিয়া গ্রাহ্যকরণার্থ হুকুম দিতে হইয়াছে এবং উত্তরকালে রাজাকে আপনার খাজানা আদায়করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে অনুমতি দিতেছি এবং অদ্যকার তারিখঅবধি পাটওয়ারীর হিসাব প্রস্তুতকরণার্থ রাজাকে আমরা তিন বৎসর মিয়াদ দিলাম।

অপর শ্রীযুত ডাম্পিয়র সাহেব এই পত্রের উত্তর বোর্ডে লিখিলেন যে ইহার পুর্ব্বে রাজার বিষয়ে অনুগ্রহ করণার্থ আমি যখন পরামর্শ দিয়াছিলাম তখন তদ্রূপ অনুগৃহীত হইয়া রাজা সারল্যরূপে ব্যবহার করিতেছেন কি না ইহার তদারক করিতে নিষেধিত হইয়াছিলাম না এবং তৎসময়ে যদি দেখিতাম যে তিনি সারল্য ব্যবহার করিতেছেন না তবু সেই হুকুমের অন্যথা করিতেও আমি বদ্ধ ছিলাম না।

পরে ঐ রাজা হিসাব দাখিল করিতে যে বিলম্ব করিয়াছিলেন তদ্বিষয়ে অনেক লিখিয়া এবং আপনার হুকুমের বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা করিয়া এই পরামর্শ দিলেন যে রাজার স্থানে এমত একরার লিখিয়া লওয়া উচিত যে পাটওয়ারী হিসাব প্রস্তুত করিতেছেন এমত প্রমাণ তিনি ছয়২ মাস অন্তরে কালেক্টর সাহেবের নিকটে দেন এবং ঐ প্রমাণ বোর্ডের সাহেবেরদের নিকটে প্রেরিত হয় আরো লেখেন যে রাজাকে যে অনুগ্রহ করা গেল যদ্যপি রাজা ঐ হিসাব প্রস্তুত করিতে উদ্যোগী না হন তবে তাঁহার প্রতি আর অনুগ্রহ প্রকাশ করা যাইবে না।

আফীণ নীলাম।

গত সোমবারে কলিকাতার এক্সচেঞ্জ ঘরে যে আফীণের নীলাম হয় তাহা ২৪৮০ সিন্দুক। ও ২০ টা অর্দ্ধ সিন্দুক বারাণস ও বেহারের আফীণ বিক্রয় হয় তাহার মূল্য ৩৮,১৬,২১৫ টাকা হইয়াছে।

মিলেটরি বোর্ড।

শ্রীযুত কর্ণল ক্রেগ সাহেবের বিলাত গমন করাতে ফোর্ট উলিয়মের এইক্ষণকার টৌন মেজর শ্রীযুত মেজর টেলর সাহেব মিলেটরি বোর্ডভুক্ত হইবেন। আরো কথিত আছে যে এইক্ষণকার ডেপুটি কোয়ার্টর মাষ্টর জেনরল শ্রীযুত কর্ণল বার্টন সাহেব টৌন মেজরি কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

ইনশালবেণ্ট আদালত।

গত সোমবারে ইনশালবেণ্ট আদালতে ইঙ্গলিসমেন সাম্বাদক শ্রীযুত ষ্টকলর সাহেবের ৫০০ টাকা দণ্ডহইল যে হেতুক তিনি ক্রেডিটর ইতি স্বাক্ষরিত এক প্রেরিত পত্র স্বীয় সম্বাদপত্রে প্রকাশ করিয়াছিলেন ঐ পত্রে শ্রীযুত কলন সাহেবের গ্লানি ছিল। তাহাতেঐ দোষ উদ্ধারার্থ শ্রীযুত স্ত্রটেল সাহেব প্রায় এক ঘটিকা পর্য্যন্ত উত্তম বক্তৃতা করিলেন তদ্দ্বারা বোধ হইল যে ঐ পত্রসম্পাদক ঐ পত্র প্রকাশ করিবামাত্র তাহার আদর্শ পত্র নষ্ট করিয়া ছিলেন বটে। কিন্তু ঐ পত্র লেখক ব্যক্তিকে তিনি সুজ্ঞাত ছিলেন। শ্রীযুত সর বেঞ্জিমেন মালকিন সাহেব ঐ সাহেবের গুনাহগারীকরণ সময়ে কহিলেন যে আমি এইরূপ দণ্ড করিব যে পত্র প্রেরক ঐ পত্র প্রকাশককে ইচ্ছা করিলে ঐ দণ্ডের ভারহইতে মুক্ত করিতে পারেন। এবং আমরা শুনিয়াছি যে তদ্রূপই হইয়াছে অর্থাৎ ঐ পত্রলেখক ঐ সম্পাদককে গুনাহগারীর ৫০০ টাকা দিয়াছেন।

suits of the Rajah of Tipperah which have been struck off in consequence of those orders; to allow the Rajah full power to secure his rents by filing suits in future, and three years from the date of instructions for the preparation of village accounts.

Mr. Dampier, in his reply, brings to the notice of the Board, that he did not consider himself by the previous recommendation of indulgence to be shewn to the Rajah, precluded from taking steps to ascertain if that indulgence was abused, and cancel it, if such appeared to be the case. He enters at length into the delay on the part of the Rajah, offering explanations in regard to his order, and suggests the necessity of taking a written engagement from the Rajah that he will produce once in six months to the Collector proofs of his having been in earnest in the prosecution of measures for the production of the putwarree papers, to be reported to the Board, and also that he should be given to understand that the continuance of the indulgence depends on his showing himself to be sincere in his endeavours to produce the papers.—*Engl.*

Opium sale.

At the opium sale held at the Exchange on Monday last, 2480 chests and 20 half chests of Behar and Benares opium were sold for the sum of 38,16,215 Rupees.

The Military Board

Major Taylor, Town Major of Fort William, is to be the new Member of the Military Board, vice Col. Craigie, who goes to Europe. It is also understood that Col. Barton, the Deputy Quarter Master General of the Army succeeds Major Taylor as Town Major.

Insolvent Court.

At the Insolvent Court held on Monday last, Mr. Stoqueler, the Editor of the *Englishman*, was fined 500 Rupees for having inserted a letter in his Journal, signed *A Creditor*, in which reflections were cast on Mr. James Cullen. Mr. Strettell made an eloquent address of more than an hour in extenuation of Mr. Stoqueler's conduct, from which it appeared, that though the Editor had destroyed the letter as usual after its insertion, he was acquainted with the name of the writer. Mr. Justice Malkin in awarding the punishment said, that he would put it in a shape which would enable the concealed author of the letter to indemnify his publisher if he chose to do so; and we gather from the *Englishman* that the writer has already done so.

মফঃসলীয় স্বামী স্ত্রী।

পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালত সংপ্রতি এই নিশ্চয় করিয়া হুকুম দিয়াছেন যে স্বামী যদি পলায়িতা স্ত্রীকে তাহার অনিচ্ছাতে পুনঃ প্রাপণার্থ মাজিস্ত্রেট সাহেবের নিকটে দরখাস্ত করেন তাহাতে মাজিস্ত্রেট সাহেব হস্তক্ষেপ করিতে পারেন না তদ্বিষয়ে জাবেতামত মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত করিতে হইবে।

Husbands and Wives in the Mofussil.

According to a recent decision of the Sudder Dewannee Adawlut for the Western Provinces, it has been determined that a Magistrate is not competent to interfere with a view to restore a wife to her husband on the application of the latter, contrary to her wishes. Applications of this nature must be made to the Civil Courts in the form of a regular suit.

সুপ্রিমকোর্ট।

গত ১৭ ফেব্রুআরি তারিখে সুপ্রিমকোর্টে ভগবানগোলার সন্নিহিত মহিষাদলের কুঠীপতি শ্রীযুত জর্জ রুস সাহেব বেআইনী আক্রমণ বিষয়ে শ্রীযুত কখ্রল কোম্পানির নামে নালিস করেন। ঐ আক্রমণেতে জর্জ রুস সাহেব একবারে খানেখারাপ হন অতএব যোত্রহীন বলিয়া তাঁহার মোকদ্দমা উপস্থিত করিতে হইল তাহাতে সুপ্রিমকোর্ট ঐ ফরিয়াদী রুস সাহেবের পক্ষে ২০০০ টাকার ডিক্রী করিলেন।

Supreme Court -Feb. 16th & 17th.

The Supreme Court was engaged during these days, in trying an action for trespass, brought by George Roots, formerly of Mysothul factory, near Pegwangolah, against the firm of R. H. Cockerell and Co. by which act of the said firm, the aforsaid George Roots became totally ruined, and has been consequently constrained to bring this action in *forma pauperis*.

A verdict was given for the plaintiff. Damages 2000 Rupees.

ঠগি।

ঠগ নিবারণীয় সাধারণ সুপরিন্টেণ্ডেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান লুইস সাহেব ও বর্দ্ধমানের মাজিস্ত্রেট শ্রীযুত স্কিপ উইথ সাহেবের এমত অনুভব হইয়াছিল যে রাধামাধব বসুনামক যে ব্যক্তি বীরভূমের মাজিস্ত্রেটের মহাফেজী পদে নিযুক্ত ছিলেন তাঁহার সঙ্গে ঠগেরদের সম্পর্ক আছে এবং তিনি তাহারদিগকে ঠগি ব্যাপার করিতে পরামর্শ দেন অতএব ঐ সাহেবেরা বীরভূমের মাজিস্ত্রেট সাহেবের নিকটে লিখিলেন যে ঐ মোকদ্দমার বিচারার্থ তাঁহাকে আমারদের নিকটে প্রেরণ করেন। এবং ঐ মাজিস্ত্রেট সাহেবকে আরো জ্ঞাত করা গেল যে ঐ ঘোষের দুই ভ্রাতা ঠগ বলিয়া ধৃত হইয়াছে এবং তৃতীয় ভ্রাতাকেও ধরণার্থ গ্রেফ্তারী পরওয়ানা বাহির হইয়াছে।

Thuggee.

The Assistant to the General Superintendent for the suppression of Thuggee, Captain Lowis, as well as the Magistrate of Burdwan, Mr. Skipwith, having cause to believe that a certain person who acted as Muhafiz or Record-keeper to the Magistrate of Beerbhoom, named Radhamadhub Ghose, holds connexion with Thugs and assists and advises them in their proceedings, wrote to the Magistrate of Beerbhoom, to send him over to them for trial. The Magistrate was also informed that two of the Record-keeper's brothers have been apprehended as Thugs, and that a griftaree perwanna, or order for arrest, has been issued against a third! —*Beng. Herald.*

বেলুন যন্ত্র।

সংপ্রতি শুনাগেল যে শ্রীযুত রাবর্টসন সাহেব লক্ষ্ণৌতে অত্যুত্তম রূপে বেলুন যন্ত্রারোহণে উর্দ্ধগত হইয়াছিলেন। তাহাতে শ্রীযুত রাজা ও প্রজাবর্গ সকলই বিস্ময়াপন্ন হইলেন। ঐ আশ্চর্য্য ব্যাপারে শ্রীযুক্ত সাহেব ঐ শহরে ৮০০০ টাকা উপার্জন করিয়া আগ্রাতে গমন করিয়াছেন।

Mr. Robertson the Aeronaut.

Mr. Robertson made a very beautiful and lofty ascent at Lucknow recently. He quite astonished the King and the people, cleared about eight thousand rupees, and has proceeded on to Agra.

মুঙ্গেরে ভূমিকম্প।

১০ ফেব্রুআরি তারিখে আট ঘণ্টার কিঞ্চিৎ পরে মুঙ্গেরে প্রবল ভূমি কম্প হইয়া কিঞ্চিৎ কাল থাকে। ঐ কম্প পূর্ব্বহইতে পশ্চিমদিগে বর্ত্তে এমত উপলব্ধি হইল. বৎসরের এমত সময়ে যেরূপ ভাব থাকে তাহার বিপরীত ভাব প্রকাশ হইতেছে অতএব এই কম্পে আশ্চর্য্য বোধ হয় না।

Earthquake at Monghyr.

Monghyr, Feb. 10.—At five minutes past eight this morning, Monghyr was visited by a smart shock of an Earthquake, which lasted but a few seconds. *The vibration seemed to be from east to west.* The very unusual state of the weather at this season of the year, for some time past, may in some measure account for the before-mentioned visitation.—*Beng. Herald.*

সংঘীবেগ।

সংঘীবেগনামক অভিমশহুর কোতোয়াল ও ফিজৌর নাজিরের জরীমানা হইয়া সসপেণ্ডের হুকুম হইয়াছে এবং এমত কথিত যে তাঁহারদের তগীর হওনেরও সম্ভাবনা।

Sunghee Beg.

Sunghee Beg, Cutwal, of notorious fame, and the Nazir of the Criminal Court, have been each fined and suspended from office, and are, it is said, likely to be dismissed.

যোথারাম।

যোথারাম ও তৎপুত্র ৫২ রেজিমেণ্ট তৈনাতি সৈন্যের জিম্মায় ৩১ জানুআরি তারিখে আগ্রাতে পঁহুছেন এবং ২ ফেব্রুআরি তারিখে চণ্ডালগড়ে তাঁহারদের উত্তর কালে যে বাস স্থান স্থির হইয়াছে ঐ স্থানে শ্রীযুত কাপ্তান ব্লেক সাহেবের অধীন ৪৭ রেজিমেণ্ট সৈন্যের জিম্মায় গমন করিলেন।

Jotharam and his Son.

Jotharam and his son, under an escort from the 52nd Regiment, arrived at Agra on the 31st of January, and on the 2d instant proceeded on towards their future residence, Chunar, with a detachment from the 47th under command of Captain Blake.

আশ্চর্য্য ব্যাপার।

প্রবাদ হইয়াছে যে কিয়ৎকাল হইল লাহোর শহরে এক সিন্দুক খুলিয়া দৃষ্ট হইল তাহার মধ্যে এক জন ফকির দুই মাসঅবধি বিনাপানে বিনাহারে বসিয়া ছিলেন। অপর ইহার পূর্ব্বে তাঁহাকে কেহ দেখিতে না পায় এই নিমিত্ত মহারাজ রণজিৎ সিংহ যথাসাধ্য উদ্যোগে স্বয়ং সিন্দুক বন্দ করিয়া এবং ঐ সিন্দুক যে কুঠরীর মধ্যে ছিল সেই কুঠরী বন্দ করিলেন এবং ঐ কুঠরীর চতুর্দিগে একটা কাঁচা ভিত্তি গাঁথাইয়া তাহার দ্বারও রুদ্ধ করিলেন। ঐ ফকির একটা চটের থলিয়ার মধ্যে উপবেশিত হইয়া সংবদ্ধ ছিলেন। পরে ঐ সিন্দুক মুক্ত করিলে তাঁহাকে অচৈতন্য বোধ হইল তাঁহার নাক মুখ চক্ষু বদ্ধ ছিল। প্রথমতঃ চৈতন্য হওনার্থ তাঁহার মস্তকোপরি উষ্ণ জল ঢালা গেল এবং মস্তকের তেলুয়াতে একখান তপ্ত লৌহপত্র অর্পণানন্তর নাসা রন্ধ্র মুক্ত করিলে তাহা হইতে শিশুমারে যেমন শব্দ করে তদ্রূপ শব্দ হইতে লাগিল। অনন্তর অতবলপূর্ব্বক মুখ খোলা গিয়া তালু সংলগ্ন জিহ্বাকে আকর্ষণ করা গেল। প্রথমতঃ মণিবন্ধে নাড়ী উপলব্ধি হইল না। এবং যেপর্য্যন্ত তাঁহার বাহ্বাদি আকর্ষণ করিয়া দলন না করা গেল সেইপর্য্যন্ত নাড়ী স্বস্থানে বোধ হইল না। কিন্তু তাহার কিঞ্চিৎ পরেই বাক্য কহিতে লাগিলেন অপর তাঁহাকে চিনি মিশ্রিত কিঞ্চিৎ উষ্ণ দুগ্ধ পান করিতে দেওয়া গেল তদনন্তর এমত দেখা গেল যে বোধ হইল না এত কালপর্য্যন্ত উপবাসী ছিলেন যেমন স্বস্থ ব্যক্তির গাত্রে তাপ থাকে প্রথমাবধি ইহাঁর গাত্রেও তদপেক্ষা অধিক উত্তাপ ছিল এবং সেই গ্রীষ্ম যেমন কিঞ্চিৎ কমিতে লাগিল তদনুসারে রক্ত অধিক চলিতে লাগিল।

শ্রুত হওয়া গেল যে শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহ শ্রীল শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবকে এমত বিনয় করিয়াছেন যে তিনি লাহোরে আগমনপূর্ব্বক মহারাজের পৌত্র শ্রীযুক্ত নৌনেহাল্ সিংহের শুভ বিবাহে বিরাজমান হন অতএব শ্রীল শ্রীযুক্ত সাহেব কর্ণয়াল ও লুধিয়ানা দিয়া লাহোরে আগমনার্থ স্থির করিয়াছেন। তৎপরে হিমালয়ান্তঃপাতি সিমলাতে গমনপূর্ব্বক আগামি নবেম্বর মাসে দিল্লীতে উত্তীর্ণ হইবেন।

Lahore.

A short time since a box was opened in this city, in which a fakeer had been enclosed for two months without food or drink! Runjeet had taken every precaution to prevent access to him, having first locked the box, and locked the door of the room inclosing it. The latter was surrounded by a wall, the door of which was locked and built up with bricks and clay. The man was sewn up in a bag, in a sitting posture, and appeared, on first opening the box, inanimate; his eyes, mouth, and nostrils had been shut. The first part of the resuscitation consisted in pouring hot water on his head, and placing a hot cake on the crown of it: the nostrils were next opened, through which he breathed like a porpoise; next the mouth was forced open by main strength, and the tongue brought forward, it having been laid back on the roof of his mouth; the pulse was not felt at the wrist for some time, and not plainly, until the legs and arms had been stretched and rubbed; he soon began to talk, after getting some warm milk and sugar, and in a short time appeared none the worse for his abstinence; the heat of the body was greatly above the standard of health from the first, and as it subsided, the circulation became established.

We hear that Runjeet Sing has invited the Commander-in-Chief to visit Lahore and honour the nuptials of his grand-son Now-Nihal Singh with his presence, and that His Excellency intends accordingly to proceed from Meerut direct to Lahore, by the route of Kurnaul and Loodhiana. *After this visit His Excellency will go direct to Simlah, and visit Delhi in November next.*—*Cal. Courier.*

মান্দ্রাজের ব্যাপার।

গুমশূরের যুদ্ধ এইক্ষণে নিবৃত্ত হওয়াতে তথাকার কমিস্যনর শ্রীযুত রসল সাহেব মান্দ্রাজে এই নিমিত্ত আহূত হইয়াছেন যে শ্রীযুত সর ফ্রেদূক আদম সাহেব বিলাতে গমন করিলে তথাকার গবরনরী পদ ধারণ করেন এবং শ্রীযুত রসল সাহেব তথায় উত্তীর্ণ হইয়া শপথপূর্ব্বক ঐ পদ গ্রহণ করিতে পারেন এতদর্থ শ্রীযুত সর ফ্রেদূক আদম সাহেবের বিলাতযাত্রা কিঞ্চিৎকাল বিলম্ব করিতে হইয়াছে।

Movements at Madras.

The Goomsur war having now been brought to a close, Mr. Russell, the Commissioner, has been recalled to assume the functions of Acting Governer on Sir Frederick Adam's departure, which has been postponed to admit of Mr. Russell's being sworn in.

শ্বেত হস্তী।

সংপ্রতি মান্দ্রাজের সন্নিহিত কৈম্বিতুর স্থানে এক শ্বেতহস্তী দৃষ্ট হইয়াছে ঐ হস্তী ব্রিটিসগবর্ণমেণ্ট আবার শ্রীলশ্রীযুক্ত রাজাকে উপঢৌকনস্বরূপ প্রদানার্থ স্থির করিয়া প্রেরণ করত মান্দ্রাজে পঁহুছিয়াছে কথিত আছে যে এই সম্বাদ যখন ব্রুহ্মদেশীয় রাজদরবারে পঁহুছিল তখন রাজার প্রধানমন্ত্রী ও রাজ্যের প্রধান২ আমলা ঐ শ্বেতহস্তী আনয়নার্থে রাঙ্গুণে প্রেরিত হইলেন। মান্দ্রাজের সম্বাদপত্রে লেখে যে ঐ হস্তির বিষয়ে এই মাত্র কহিতে পারায় যে তাহা বড় কৃষ্ণবর্ণ নহে শরীরের মধ্যে২ ঈষৎ শ্বেত ও শ্বেতবর্ণ লোম আছে কিন্তু তাহার চক্ষু উস্‌মান রক্তবর্ণ ইহাই শ্বেতহস্তির এক বিশেষ লক্ষণ বটে।

শ্রীযুত জেনরল আলার্ড।

গত ৮ বুধবারে শ্রীযুত জেনরল আলার্ড সাহেব আগ্রাতে উত্তীর্ণ হইয়া শ্রীল শ্রীযুত সর চার্লস মেটকাপ সাহেবকর্ত্তৃক অতি সমাদরপূর্ব্বক গৃহীত হইলেন এবং তৎপর দিবসে শ্রীযুত সর চার্লস মেটকাপ সাহেব অনেক ব্যক্তির সঙ্গে শ্রীযুত জেনরল সাহেবকে এক মহা ভোজ দিলেন।

White Elephant.

A white elephant has lately been discovered at Coimbatore, which has reached Madras on its way to Ava, to be presented on the part of the British Government to the King of Ava. It is said that when this intelligence reached the Capital of the Burmese dominions, the Prime Minister and all the chief officers of State were despatched to Rangoon to await his arrival. The *Madras Herald* states, that the animal is not quite black, and that the hair on various parts of the body is grey or whitish. His eyes are blood red, which is the distinguishing mark of an *Albino* in all animals.

General Allard.

General Allard reached Agra on Wednesday, the 8th instant, and was graciously received by Sir Charles Metcalfe, who invited a large party to meet him on the following day.

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

আমরা আহ্লাদপূর্ব্বক এক মহাবদান্যতার সম্বাদ প্রকাশ করিতেছি লোকেরদের উচিত হয় এই দান দেখিয়া তদনুসারে চলেন শ্রীযুত মানক সাহেব নামক এক ব্যক্তি সাধারণ পুস্তকালয়ের অংশী ও পুস্তকপাঠকদিগের সভাতে গিয়া পুস্তকালয়ের সাহায্যার্থ সহস্র টাকা দিয়াছেন। ঐ সাহেবের আরো ইচ্ছা আছে আগামি বৎসরের ঘোড়দৌড়েতে একশত মোহর মূল্যের এক বাটি দিবেন এবং যে মহাশয় ইঙ্গরেজিতে আলীলালানামক বৃহৎ পুস্তকের অনুবাদ করিতেছেন পুস্তক ছাপা হইলে তাঁহাকে দুই সহস্র টাকা দিবেন।

সাধারণ পুস্তকালয়ের প্রসঙ্গ লিখনকালীন আমরা আরো কহিতেছি ক্রমে ঐ পুস্তকালয় বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে এইক্ষণে পাঠক লোকেরদের টাকাতে প্রতি মাসে দুই শত টাকা জমা হয় তাহাতে খরচ বাদ কিঞ্চিৎ অবশিষ্ট থাকে গত বৎসরে ১৭৭৬৩ কোম্পানির টাকা আদায় হয় তাহার মধ্যে ১৬৮০৭ টাকা ব্যয় হইয়াছিল এবং বর্ত্তমান বৎসরের ব্যয়ার্থে ন্যূনাধিক পাঁচসহস্র টাকা আদায়ের সম্ভাবনা আছে।

কুরিয়রসম্পাদক লেখেন টালির খাল ও বালিয়াঘাটার খালএবং বাহিররাস্তার খালের মাসুল গ্রহণ আরম্ভ করিয়া অবধি এতটাকা আদায় হইয়াছে।..........

নবেম্বরমাসে ১৬০০০
ডিসেম্বরমাসে ......—......১৭৫০০
জানুআরিমাসে ১৯০০০

এইক্ষণে যেরূপে আদায় হইতেছে ইহাতে অনুমান হয় প্রথম বৎসরেতেই দুই লক্ষ টাকার অধিক আদায় হইবে কিন্তু ইহার পূর্ব্বে কখনও লক্ষ টাকার অধিক আদায় হয় নাই আমরা আরো শ্রবণে আহ্লাদিত হইলাম গবর্ণমেণ্ট মানস করিয়াছেন একশত মোন প্রতি এক টাকা মাসুল যাহা নির্দ্দিষ্ট আছে পরে তাহাতে বার আনা করিবেন যদি এরূপ করেন তবে বাণিজ্যের আরো শ্রীবৃদ্ধি হইবে এবং দক্ষিণদিগের নদী পথে যে সকল নৌকা গমন করে তাহাও খাল দিয়া আসিবে।

উক্ত সম্পাদক মহাশয় আরো লেখেন কাষ্ঠাদি বোঝাই ভারি২ নৌকা টালির খালেতে আসিলে নির্দ্দিষ্ট সময়ে বাহির হইতে পারে না একারণ তাহার দ্বিগুণ মাসুল লাগে আর যদি মহাজনেরা ভারি২ নৌকার জিনিস ক্ষুদ্র২ নৌকাতে ভাগ করিয়া দেয় তবে ছোট বড় দুই নৌকার মাসুলই দিতে হয় কিন্তু অন্যান্য খালেতে এরূপ হইলে দ্বিগুণ মাসুল সচারচলাগেনা তাহার কারণ এই যে চৌকী ঘাটের অনেক দূরে থাকিতেই ভারি নৌকার জিনিস উঠায় আমরা শুনিতেছি মাসুল আদায় কর্ত্তা অতি সকালে গিয়া সাতঘণ্টারাত্রি পর্য্যন্ত থাকেন এবং তাহার অনবস্থান কালে জিনিস বোঝাই নৌকা আটক করিয়া রাখে কেবল মানুষ বোঝাই নৌকা মাসুল দিয়া চলিয়া যায় গত সপ্তাহের মধ্যে দুই দিবস পর্ব্বানুরোধে মাসুল আদায় কর্ত্তা উপস্থিত হইতে পারেন নাই অতএব দুই দিবস বোঝাই নৌকা সকল আটক ছিল কিন্তু এই দোষ বারণার্থ খালের মুখে এক নূতন বাড়ী প্রস্তুত হইতেছে মাসুল আদায় কর্ত্তাকে সর্ব্বদা ঐ বাড়ীতেই থাকিতে হইবেক এতদ্ভিন্ন আরো এক দোষ আছে যদি ও তাহা গুরুতর নহে তথাপি চিরস্থায়ি বটে এবং আমারদিগের পত্র প্রেরকও এবিষয় জ্ঞাত করিয়াছিলেন বোঝাই নৌকা খালের মধ্যে আসিলে দারগার লোকেরা টিকিট দিয়া বড়২ নৌকাতে দুই২ পয়সা ও ক্ষুদ্র২ নৌকাতে এক২ পয়সা করিয়া লয় এবং পুনরায় টিকিট দিয়া নৌকা বাহির হইবার কালেও ঐ হারে পয়সা লইয়া থাকে এবং জালিয়াডিঙ্গির মাসুল নিবার হুকুম নাই তথাচ তাহারা এক২ পয়সা নিয়া ছাড়ে কিন্তু ইংরেজের নৌকা জানিলে তাহার নিকট যায় না।

Spirit of the Native Papers.

We are glad to record an instance of public spirit and liberality well worthy of imitation. Mr. Manuk, at the annual meeting of proprietors and subscribers to the Public Library, held on Saturday last, presented to the Library the very handsome donation of 1000 Rupees.

Besides this, the gentleman has signified his intention to present to the Calcutta races next year a Cup, value 100 Goldmohurs, and has subscribed the still greater sum of 2000 Rupees towards the publication of an English version of the celebrated *Alif Leila*, now making by a highly talented individual.

Having alluded to the Public Library, we may as well here mention that the institution seems now to be getting on much better than it used to do. The subscriptions at present amount to 200 Rupees per mensem, which gives a small excess beyond the cost of establishment 192-13. The receipts for the past year were Co.'s Rs. 17,763, and the disbursements Co.'s Rs. 16,807. The fund available for the current year is about 5000 rupees.—*Gyan.*

The *Courier* states that since a uniform rate was fixed for the canal tolls in Tolly's nullah and the Ballya Ghaut and circular canal, the amount of collections has been as follows:—

November.................. ... 16 000 Rs.
December.................. ... 17 500 Rs.
January........................ 19,000 Rs.

It may pretty safely be assumed that in the first year they would at this rate exceed 2,00,000 Rupees; whereas the amount formerly collected was somewhere about a lakh at the time of the change. We are glad to hear, however, that it is in contemplation to reduce the toll from one Rupee to twelve annas per 100 maunds. This reduction will tend to increase the traffic and will probably bring into the canals a considerable number of large boats which now take the southern passage through Channel creek.

The *Courier* further states, that in Tolly's nullah the large wood boats and others which cannot pass through, are subjected to a double toll if they tranship their cargoes into small boats, that is, the toll is taken on the small boats so employed as well as the large. In the other canal such cases of double toll from the same cause will be rare, it being the practice to anchor all the large wood boats in the Lake Channel at some distance from the Chowkee in deeper water and there to unload them. It is said the Toll Collector now attends his business from an early hour in the morning to 7 or 8 o'clock at night, and the rule is that after he is gone no boats liable to duty except only passage boats are to pass. Last week there were two holidays and during all that time the Collector was absent and the boats were stopped. To remedy this inconvenience a toll house is now building exactly at the mouth of the canal, where the Collector is in future expected to reside altogether. But there is another grievance of a more constant though less serious nature which our contemporary has brought to light. The Darogah's peons are in the habit of exacting from every large boat two pice and from every small boat one pice in addition to the toll, upon giving them their ticket, and when the ticket is taken, on going out of the canal, the same exaction is repeated. The small fishing boats which are not liable to toll are also subjected to an exaction of one pice per each. But boats having Europeans in them or known to be in European employ are prudently exempted from such demands.—*Gyan.*

কলিকাতার লোক ও বাড়ীর সংখ্যা।

পোলীসের সুপ্রিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান বর্চ সাহেব কলিকাতার লোকের ও বাড়ীর পশ্চাৎ লিখিত সংখ্যা প্রকাশ করিয়াছেন॥

কলিকাতা ১ জানুআরি ১৮৩৭ সাল।

	স্ত্রী পুরুষ
ইংলণ্ড জাত	৩১৩৮
খ্রিষ্টীয়ান	৪৭৪০
পোর্ত্তুগালজাত	৩১৮১
ফ্রান্সদেশীয়	১৬০
চীনদেশীয়	৩৬২
আরমানি	৬৩৬
য়িহুদি	৩০৭
পশ্চিমদেশীয় মোসলমান	১৩০৭৭
বঙ্গদেশীয় মোসলমান	১৫০৬৭
পশ্চিমাহিন্দু	১৭৩৩৩
বাঙ্গালিহিন্দু	১২০৩১৮
মোগল	৫২৭
পারসি জাতি	৪০
আরব	৩৫১
মোগ	৬৮৩
মান্দ্রাজি	৫৫
বাঙ্গালি খ্রিষ্টিয়ান	৪৯
নীচজাতি	১৯০৮৪
...	২২৯৭১৪
ইহার মধ্যে পুরুষ	১৪৪৯১১
স্ত্রীলোক	৮৪৮০৩
পাকাবাড়ী	১৪৬২৩
খোলার ঘর	২০৩০৪
খড়ুয়া ঘর	৩০৫৬৭
...	৬৫৪৯৫
পোলীস সম্পর্কীয়	১৩৫৮

কিন্তু খিদিরপুর মুচিখোলা শিবপুর হাবড়া শালিখা কাশীপুর বাহিররাস্তার পূর্ব্বাংশ এই সকল স্থানের লোকসংখ্যা ইহার মধ্যে নহে

Census of Calcutta.

The following is an abstract of the census taken of the inhabitants of Calcutta, by Capt. F. W. Birch, Superintendent of Police:—

Calcutta, January 1, 1837.

	Males and Females.
English, ...	3,138
Eurasians, ...	4,740
Portuguese, ...	3,181
French, ...	160
Chinamen, ...	362
Armenians, ...	636
Jews, ...	307
W. Mahomedans	13,077
B. Mahomedans, ...	15,067
W. Hindoos, ...	17,333
B. Hindoos, ...	1 20,318
Moguls, ...	527
Parsees, ...	40
Arabs, ...	351
Mugs, ...	683
Mudrassees, ...	55
N. Christians, ...	49
Low Castes, ...	19,084
Tot. pop. {Males 1 44,911; Females 84,803}	229,714
Puckah Houses, ...	14,623
Tiled Huts, ...	20,304
Straw ditto, ...	30,567
Total Houses, ...	65,495
Police Force	1,358

The above calculations do not include Kidderpore, Garden Reach, Seebpore, Howrah, Sulkeah, Cossipore, or the other side of "the ditch."

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

দর্পণে আবশ্যক প্রস্তাব সকল বারম্বার প্রকাশ হয় জানিয়া নীচে লিখিতব্য প্রস্তাব প্রেরণ করিতে সাহসী হইলাম। ইহা প্রকাশ করাতে বোধ হয় এতদ্দেশীয় লোকের কিঞ্চিৎ সন্তুষ্টি হইতে পারে। ব্রিটিস গবর্ণমেণ্ট এতদ্দেশীয় প্রজারদের পক্ষে সর্ব্বপ্রকারে শুভানুধ্যায়ী আছেন। কিন্তু কএক বিষয়ে বিশেষতঃ দুই বিষয়ে কিঞ্চিৎ ত্রুটি দৃষ্ট হইতেছে তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্টের মনোযোগ করা উচিত।

প্রথমতঃ ইঙ্গরেজী ডাক্তরেরা সাধারণ্যে উত্তম ও সুশিক্ষিত হন যেহেতুক তাঁহারা স্বদেশে উত্তম সর্টিফিকিট না পাইয়া নিযুক্ত হইতে পারেন না কিন্তু এতদ্দেশস্থ ডাক্তরেরা তদ্রূপ হন না তাঁহারা ইচ্ছাক্রমে ঐ পদ ধারণ করেন ঐ পদ ধারণে তাঁহারা নিতান্তই অযোগ্য। তাহাতে এই অকার্য্য যে অনেকের প্রাণ নষ্ট হয় যদি গবর্ণমেণ্ট খুনের বিষয়ে তদারক করেন তবে এতদ্রূপ খুনকরণের বিষয়ে মনোযোগ করেন না কেন। যদ্যপি গবর্ণমেণ্ট প্রজারদের উপকারার্থ সাঁকো খাল রাস্তা করিয়া দিতে পারেন তবে যাহাতে প্রজারদের নিত্য অনিষ্ট হইতেছে এই বিষয়ের নিবারণ কি নিমিত্ত না করেন এবং আমার বোধে অজ্ঞান চিকিৎসককে হত্যা ব্যক্তিঅপেক্ষা অধিক দণ্ড দেওয়া উচিত। পূর্ব্বোক্ত ব্যক্তি গোপনে লোককে হত্যাকরে শেষোক্ত ব্যক্তি সকলের সমক্ষেই হতকরে।

দ্বিতীয়তঃ নির্ম্মল দ্রব্যের সঙ্গে দ্রব্যান্তর মিশ্রিত করিলে অনেক অনিষ্ট হয় যেহেতুক অন্য দ্রব্য দেওয়াতে ঔষধের প্রকৃত ফল দর্শিতে পারে না যদি চিকিৎসক পীড়িত ব্যক্তিকে দুগ্ধ পান করিতে অনুমতি দেন এবং তাহার প্রকৃত দুগ্ধ না পাওয়াতে জলমিশ্রিত দুগ্ধ পান করিতে হয় তাহাতে দুগ্ধের কার্য্য না হইয়া বিগুণ হওনে প্রাণ নষ্ট হয়। ইহার পূর্ব্বকার মনুষ্য দুই তিন শত বৎসর করিয়া বাঁচিত ইহার কারণ কি আমার বোধ হয় যে এইক্ষণে যেমন প্রকৃত দ্রব্যেতে দ্রব্যান্তর মিশ্রিত করা যায় এমত পূর্ব্বে হইত না এবং যে দ্রব্য আহার করিত তাহা প্রকৃত ও নির্ম্মল অতএব তদ্দ্বারা প্রকৃত ফল জন্মিত অতএব যদি ব্রিটিস গবর্ণমেণ্ট প্রজারদিগকে বহুকাল জীবিত রাখিতে ইচ্ছা করেন তবে এই সকল বিষয়ের নিবারণ করা উচিত হয়। যেহেতুক মনুষ্য যত অধিক কাল বাঁচিয়া থাকে তত কালপর্য্যন্ত অধিক উত্তম কার্য্য ও বিবেচনা ও নূতন২ বিষয়ের সৃষ্টি করিতে পারে।

কে সি জি'

কস্যচিৎ স্বদেশ হিতৈষিণঃ।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

বর্দ্ধমানের রাজার বদান্যতা অতিপ্রসিদ্ধই আছে তথাপি বোধ করি যে এতদ্দেশীয় পাঠক মহাশয়েরা শুনিয়া আপ্যায়িত হইবেন যে ঐ মহারাজকে এতদ্দেশীয় এক চিকিৎসালয়ের সাহায্যার্থ স্বাক্ষর করিতে প্রার্থনা করা গেল তাহাতে মহারাজ ঐ চিকিৎসালয় স্থাপনের অভিপ্রায় জিজ্ঞাসা করিলেন পরে তদ্বিষয় স্পষ্ট জ্ঞাপন করা গেল তখনি তাহার আনুকুল্যার্থ সহস্র মুদ্রা প্রদান করিলেন। এবং পরমাহ্লাদপূর্ব্বক কহিলেন যে এতদ্রূপ উপকারক বিষয়ের সততই পোষকতা করিতে ইচ্ছা করি।

আরো শুনিয়া আপ্যায়িত হইবেন যে মহারাজা মৃগয়াতে অত্যাসক্ত হইয়াছেন এবং ইঙ্গরেজী কুক্কুরও আনাইয়াছেন।

সচ বাৎ।

বর্দ্ধমান ৯ ফেব্রুআরি ১৮৩৭।

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—Knowing that the Durpun contains matters full of importance, I am thus encouraged to send you the following lines, the publication of which, I hope, will benefit my countrymen.

The English Government in this country is ever studying to promote the welfare of its subjects by every means it possibly can; but as there are several things still left, particularly two, I beg the Government to take proper care for them.

1st.—The English Doctors are generally good and experienced, as they cannot obtain that situation without proper certificates from England; but this not being the case with our native doctors, they take that office by their own choice and are consequently unqualified for the employment, so that the ultimate result is the loss of many lives; if the Government takes notice of murders, robberies, &c. is it not its duty to observe things like these too? If it can make canals, bridges, and public roads for the convenience of its subjects, ought it not to check such things that greatly injure a country? An unskilful doctor in my opinion deserves a greater punishment than a murderer; the former kills a man in secret, the latter does it openly.

2d. The mixture of one thing with another that is pure causes great mischiefs to a country, as by the addition of a strange matter, it must naturally lose its destined effects. If a man is sick, and ordered by the doctor to drink milk, he, instead of having the pure thing, is obliged to drink that mixed with water, so that this milk having no longer its effects, injures the life of the man. What is the reason that we hear of persons who used to live two or three hundred years? It was only owing to their food, because there were not formerly such forgeries practised as we see now, the things that persons used to eat were pure, and never mixed with others to have their effects destroyed; therefore, if the English government ever wishes long lives of its subjects, I beg it to check such things; I hope it will check such tricks; for the longer a man is possessed of his life, the greater the improvement he will make; the longer the time he will have for contemplation, the greater the discoveries he will make.

I am, yours obediently,

K. C. G.

A well wisher of his country.

To the Editor of the Durpun.

SIR,—The liberality of the Raja of Burdwan is notorious, but I think it will interest your Native subscribers to hear that on being requested to subscribe towards the establishment of a Native Hospital, he first asked to have the objects of it fully explained to him; which being done, he immediately gave a donation of one thousand rupees, and expressed himself very much pleased with it, saying he would always patronize institutions clearly beneficial to his country.

It may also be interesting to them to know that he is a keen sportsman and keeps a pack of English fox hounds.

Yours obediently,

Such bat.

Burdwan, Feb. 9th, 1837.

ইশতেহার।

রিসিবরআফিস।

তালুকদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে যে মোকদ্দমায় রাজবল্লভ রায় চৌধুরী ফরিয়াদী ও মহেশচন্দ্র দত্ত দিগর আসামী সেই মোকদ্দমায় সন ১৮৩৭ সালের ১৪ ফেব্রুআরি তারিখে সুপ্রিম কোর্টের হুকুমঅনুসারে উপর উক্ত রাজবল্লভ রায় চৌধুরীর তালুকাৎ দিগর বিষয়ে শ্রীযুত এলিআট মাকনাটন সাহেব রিসিবর মোকরর হইয়া তালুকাৎ দিগর ইজেরা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব আগামি ৪ মার্চ শনিবার বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফিসে নীচের লিখিত জমিদারী দিগর ২ দুই খণ্ড করিয়া ইজেরা দেওয়া যাইবেক ইজেরার মিয়াদ ঐ সময়েই নিরূপিত হইবেক অতএব যাঁহারা ইজেরা লওনইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন ইজেরার সরৎ ও বেওরা রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

১ খণ্ড জিলা ২৪ পরগণার মহলমাল পরগণে মেদনমল্ল ২৬ তরফ।

জায়।

তরফ বারুইপুর।
তৎ হরিহরপুর।
তৎ পাঁচঘরা।
তৎ বোন মুক্তিয়া।
তৎ ধানখোলা।
তৎ নবগ্রাম।
তৎ কুমড়াখালি মাহিমপুর।
তৎ সূর্য্যপুর।
তৎ ধপধপি।
তৎ উত্তরভাগ।
তৎ মলঙ্গা।
তৎ কাঁটাপুখরিয়া।
তৎ সাহেবপুর।
তৎ তাঁটা।
তৎ পাতপাতা।
তৎ বনমালিপুর।
তৎ কুলাডি।
তৎ তুগুরিয়া।
তৎ গোপীনাথপুর।
তৎ সুলতনাবাদ।
তৎ খড়মপাড়া।
তৎ বৈকুণ্ঠপুর।
তৎ কোতপুখরিয়া।
তৎ সুবুদ্ধিপুর।

মৌজে রাজারামপুর।

তৎ বাদগড়।
পৎ পেঁচাকুলি ১ তরফ।
জায়।
তৎ চাদপালা।
তৎ ফতেপুর।
তৎ নারায়ণি।
তৎ দৌলাতপুর।
তৎ বাড়াইবতপুর।
তৎ রসুলপুর।
তৎ চণ্ডী দেউল।
তৎ বাসু লাট।
তৎ আসুরানি।

পৎ খাসপুর ২ তরফ।

জায়।
তৎ খুড়িগাছি।
মৌৎ ইবরামপুর।
পৎ পাইঘাটি।
তৎ চান্দনেশ্বর।
কিসমৎ পৎ মুক্তাগাছা।
মৌৎ নলগাছিয়া।
কিসমৎ পৎ মাদুরা।
মৌৎ তালপুখরিয়া।
কিসমৎ পৎ হাতিয়াগড়॥

তৎ ধানখোলা।
ও হরেক জায়গার বাগান ওগয়রহ।

দ্বিতীয় খণ্ড

জিলা ২৪ পরগণার মহল দেবেত্তোর পৎ মেদনমল্ল ২ তরফ।

তৎ বেতবেড়্যা।
তৎ বেলেগেছে

এবং প্রথম খণ্ডের পরগণা হায়ের মধ্যে খোরদা দেবত্তোর ওগয়রহ যাহা আছে।

রিসিবরস আফিস।
২৪ ফেব্রুআরি ১৮৩৭।

সমাচার দর্পণ

১১২৯ সংখ্যা। বালম ১৯।] ৪ মার্চ ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ২২ ফালগুণ। SATURDAY, MARCH 4TH, 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1129. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price 1 Rupee monthly.

ইশতেহার।

সুবে বাঙ্গালায় ফোর্ট উলিয়মের শ্রীলশ্রীযুত বাদশাহের সুপ্রিম কোর্ট।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় নাবালক রাজা বরদাকণ্ঠ রায়ের টর্ণি বৈদ্যনাথ মুন্সী ফরিয়াদী এবং বিষ্ণুসুন্দরী দেবী ও শম্ভুচন্দ্র মুখুয্যে ও রামনারায়ণ মুখুয্যে ও হরিমণি দেবী ও দুর্গা দেবী ও রাজচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলি ও রামগোপাল মল্লিক ও রামরত্ন মল্লিক ও রামতনু মল্লিক ও রামমোহন মল্লিক ও স্বরূপচন্দ্র মল্লিক ও মতিলাল মল্লিক ও শ্রীমতী অন্নমণি দাসী ও নবকিশোর মল্লিক ও চুনিলাল মল্লিক ও দীনবন্ধু মল্লিক ও শ্রীমতী করুণাময়ী দাসী ও গোপীনাথ রায় আসামী ও সপ্লিমেণ্টরি বাইবেড ও ক্রশ কালিজেস সেই মোকদ্দমায় সুবে বাঙ্গালায় ফোর্ট উলিয়মে শ্রীলশ্রীযুত বাদশাহের সুপ্রিম কোর্টে একুয়িটি পক্ষে গত ২৩ জানুআরি তারিখে যে ডিক্রী হয় তদনুসারে আগামি ৯ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব নীচে লিখিতব্য বিষয় বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের বাগবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী নং ৫৮ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩।০ তিন বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও দুর্গা দেবীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে দুর্গাচরণ মুখোপাধ্যায়ে গলি। উত্তর দিগে উক্ত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ভূমি। পূর্ব্ব দিগে শম্ভুচন্দ্র মুখোপাধ্যায়ের বাটী ও ভূমি। পশ্চিম দিগে কোম্পানিবাহাদুরের নরদামা।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও দুর্গা দেবীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গুরুচরণ গাঙ্গুলির বাটী ও ভূমি। উত্তর দিগে রামরত্ন গাঙ্গুলির বাটী ও ভূমি। পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। দক্ষিণ দিগে কাশীনাথ ঘোষের বাটী ও ভূমি।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ ও ইষ্টক নির্ম্মিত প্রাচীর আছে

ইশতেহার।

তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও দুর্গা দেবীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের গলি। পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের নরদমা। পূর্ব্ব দিগে কিশোর দাস বৈরাগির বাটী ও ভূমি। দক্ষিণ দিগে রাজা রাজকৃষ্ণের বাগান ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৯ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত নাথানিয়েল আলেকজান্দর সাহেব শিবনারায়ণ ঘোষ ও শ্রীধর ঘোষের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ বঙ্গপ্রদেশের জিলা চব্বিশ পরগনাতে তরফ খোবামানপুরার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ৬ ছয় বিঘা তাহা কিছুকমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শিবনারায়ণ ঘোষ ও শ্রীধর ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তরদিগে মনু খোবির বাড়ি ভূমি। দক্ষিণদিগে গোপী বাবুর ধান্য ভূমি। পূর্ব্বদিগে উক্ত আসামীরদের এক জন শ্রীধর ঘোষের ধান্য ভূমি। পশ্চিম দিগে ভৈরবচন্দ্র দত্তের ধান্য ভূমি এবং আরো যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১৮/ আঠার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শিবনারায়ণ ঘোষ ও শ্রীধর ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিতকাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিগে তনু প্রধানের ধান্য ভূমি। দক্ষিণদিগে জাঙ্গাল। পূর্ব্বদিগে উক্ত শ্রীধর ঘোষের ধান্য ভূমি। পশ্চিমদিগে জাঙ্গাল। এবং আরো যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ২৪/ চব্বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিমদিগে গোপী বাবুর ধান্য ভূমি। দক্ষিণদিগে মৃত ফকির

ইশতেহার।

চাঁদ দত্তের বাটী। পূর্ব্বদিগে কার্ত্তিক মণ্ডল ও বালক মণ্ডল ও সুন্দর পাইকরের ধান্য ভূমি। এবং আরো যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ৩/ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিগে রামপ্রসাদ মণ্ডলের ধান্য ভূমি। দক্ষিণদিগে মৃত ফকিরচাঁদ দত্তের বাটী। পূর্ব্বদিগে কাসাম সরদারের ধান্য ভূমি পশ্চিমদিগে উক্ত শ্রীধর ঘোষের ধান্য ভূমি। এবং আরো যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ৩/ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্বদিগে জাঙ্গাল। দক্ষিণদিগে মাণিক মণ্ডলের ধান্য ভূমি। পশ্চিমদিগে উক্ত শ্রীধর ঘোষের ধান্য ভূমি এবং আরো যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১০/ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিতকাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিগে উক্ত শ্রীধর ঘোষের ধান্য ভূমি। দক্ষিণ ও পশ্চিমদিগে শ্যাম তরফদারের ধান্য ভূমি। পূর্ব্বদিগে গঙ্গারাম কাওরার ধান্য ভূমি। এবং আরো যে এক খণ্ড ও বন্দ বাগাত ভূমি অনুমান ১২/ বার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিতকাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিগে তনু প্রধানের ধান্য ভূমি। দক্ষিণদিগে হাবিল মণ্ডলের ধান্য ভূমি। পূর্ব্বদিগে গঙ্গারাম কাওরার ধান্য ভূমি। পশ্চিম দিগে বুধ মণ্ডলের ধান্য ভূমি। এবং আরো যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১৯/ উনিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্বদিগে উক্ত শ্রীধর ঘোষের ধান্য ভূমি। দক্ষিণ দিগে মৃত ফকীরচাঁদ দত্তের বাটী। পশ্চিমদিগে গোপী বাবুর ধান্য ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৯মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুইপ্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হী কক্‌রেল সাহেব নিত্যানন্দ দাসের বিরুদ্ধে বেণ্ডিসিয়োনৈ এক্স পোনাস নামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের মলঙ্গাতে নেবুতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টক নির্ম্মিত এক একতালা গৃহ বসত বাটী নং ৩৫ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমি হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নিত্যানন্দ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পশ্চিমদিগে কৃষ্ণচন্দ্র মিত্রের এক খণ্ড ভূমি। পূর্ব্বদিগে এক গলি। উত্তরদিগে রামকৃষ্ণ মিত্রের এক খণ্ড ভূমি দক্ষিণদিগে পঞ্চু পালের এক খণ্ড ভূমি।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে খোলার একখানা ঘর ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১।০ ছয় কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নিত্যানন্দ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পশ্চিমদিগে পীতাম্বর সরকারের বাটী ও ভূমি উত্তরদিগে গঙ্গারাম পোদ্দারের বাটী ও ভূমি পূর্ব্ব ও দক্ষিণদিগে সদর গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

রিসিবর আফিস

তালুকদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে যে মোকদ্দমায় রাজবল্লভ রায় চৌধুরী ফরিয়াদী ও মহেশচন্দ্র দত্ত দিগর আসামী সেই মোকদ্দমায় সন ১৮৩৭ সালের ১৪ ফেব্রুআরি তারিখে সুপ্রিম কোর্টের হুকুম অনুসারে উপরি উক্ত রাজবল্লভরায় চৌধুরীর তালুকাৎ দিগর বিষয়ে শ্রীযুত এলিআট মাকনাটন সাহেব রিসিবর মোকরর হইয়া তালুকাৎ দিগর ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব আগামি ৫ মার্চ শনিবার বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফিসে নীচের লিখিত জমিদারী দিগর ২ দুই খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজারার মিয়াদ ঐ সময়েই নিরূপিত হইবেক অত

এব যাঁহারা ইজেরা লওনইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন ইজেরার সরং ও বেওরা রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

১ খণ্ড জিলা ২৪ পরগণার মহলমাল পরগণে মেদনমল্ল ২৬ তরফ।

জায়।

তরফ বারুইপুর।
তং হরিহরপুর।
তং পাঁচহরা।
তং বন সুন্দরিয়া।
তং ধানখোলা।
তং নবগ্রাম।
তং কুমড়াখালি মহিমপুর
তং সূর্য্যপুর।
তং ধপধপি।
তং উত্তরভাগ।
তং মলঙ্গ।
তং কাঁটাপুষ্করিয়া
তং মাহেশপুর।
তং কঁটা
তং পাঁচপোতা।
তং বনমালিপুর
তং কুলাড়ি।
তং ডুমুরিয়া।
তং গোপীনাথপুর।
তং মুকুন্দনারায়ণ।
তং খড়মপাড়া
তং বৈকুণ্ঠপুর।
তং কোচপুষ্করিয়া।
তং মুকুন্দপুর।

মৌং রাজারামপুর

তং বাদপাড়া।
তং পেচাবেলি ২ তরফ।

জায়।

তং চাকপোলা।
তং ফতেপুর।
তং নারায়ণ।
তং দৌলাতপুর।
তং বাড় হৈবতপুর
তং রসুলপুর।
তং চন্দ্রী দেউল।
তং বামু নাটি।
তং আমুরানি।

পং খাসপুর ২ তরফ।

জায়।

তং খুড়িগাছি।
মৌং হৈরামপুর
পং পাইহাটি।
তং চান্দনেশ্বর।
কিসমৎ পং মুড়াগাছা।
মৌং নলগাছিয়া।
কিসমৎ পং মালুর
মৌং তালপুষ্করিয়া।
কিসমৎ পং হাতিয়াগড়।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতের রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদাম স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম দস্তখত লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারি রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়া জ্ঞাপ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোনং আইনহইতে সংগৃহ হইয়াছে তাহা অঙ্কস্বরূপ লেখা গিয়াছে কোনং স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও ফরুখাবাদ ও দ স্থানদেশে বিস্তারিত হইয়াছে। এই সকল ঐ বিধান বহুবার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে একমাত্র লেখা আছে যে কোনং আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোনং আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যেং বিধান তাহা নানা আইন হইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্ব সকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens; containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octave, Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhuttu, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. *A new edition*, carefully revised under the orders of Government and printed *in Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey in three Volumes, 4to. Price 50 Rs.

Bengalee Dictionary.

In two Volumes. 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, complied by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youths Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kritebass, and revised by a learned bard. Second Edition, Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhobodha, or Grammar of Voja Deva with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by *Mritoonjuya* Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Raja Vali.

Raja *Vali*, a History of India, composed in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* Price 2 Rs.

The Bengalee Letter-Writer.

Containing Forms of Bengalee Letters, Pottahs, &c. &c. *Third Edition.* Price 1 Rupee.

Dig-durshun.

The Dig-durshun, or Indian Youths Magazine, in Bengalee only. Price 6 Rs.

দের সুতরাং অভিপ্রায় নহে যে ঐ বেঙ্ক নূতন বেঙ্ক ভুক্ত হইয়া একেবারে লুপ্ত হয়।

ডেপুটি কালেকটরী পদ।

...ল্পকাল হইল আমরা প্রকাশ করিয়াছিলাম যে গবর্ণমেণ্ট সংপ্রতি বোর্ড রেবিনিউর সাহেবেরদিগকে এই ক্ষমতা দিয়াছেন যে তাঁহারা নূতন ডেপুটি কালেকটরী পদে স্বেচ্ছামত ব্যক্তি নিযুক্ত করিতে পারেন এবং ঐ পদাভিলাষিরদের মধ্যে যোগ্যতার বিষয় যদি সমান হয় তবে যে ব্যক্তি ইঙ্গরেজী অধিক বুঝেন তাঁহাকেই তৎপদ দিবেন। এইক্ষণে শ্রুত হওয়াগেল যে বোর্ডের শ্রীযুত সাহেবেরা শ্রীযুত বাবু রসিক কৃষ্ণ মল্লিককে ডেপুটি কালেকটরী পদ অর্পণ করিয়াছেন এই নিয়োগেতে বোর্ডের সাহেবেরদের অত্যন্ত প্রশংসা হয়। উক্ত বাবু কলিকাতাস্থ বহুতর ব্যক্তিরদের মধ্যে অতিবিজ্ঞ সুশিক্ষিত ইঙ্গরেজী ভাষাতে অতিনিপুণ এবং আমরা নিশ্চয় জানি যে তাঁহার দ্বারা ডেপুটি কালেকটরী পদের অবশ্যই সম্ভ্রম হইবে।

যাঁহারদের ইঙ্গরেজী ভাষাতে নিপুণতা আছে তাঁহারদিগকে গবর্ণমেণ্ট সরকারী কার্য্যে নিযুক্তকরণেতে এই ফল দর্শিবে যে সুতরাং পারস্য ভাষা ক্রমশঃ উঠিয়া যাইতে পারে। যদ্যপি গবর্ণমেণ্ট হঠাৎ এমত হুকুম দিতেন যে উত্তরকালে ইঙ্গরেজী ভাষানভিজ্ঞ কোন ব্যক্তি সরকারী কর্ম্ম পাইতে পারিবেন না তবে একপ্রকার অযথার্থ হইত যেহেতুক সরকারী কর্ম্মে যাঁহারা বহুকালাবধি নিযুক্ত আছেন অথচ ইঙ্গরেজী জানেন না তাঁহারা উচ্চপদের দাওয়া করিতে পারিতেন।

মেদিনীপুরের ব্যাপার।

মেদিনীপুরের কালেক্টরী দপ্তরখানাতে বহুকালাবধি যে নানা প্রকার প্রতারণা চলিতেছে তাহার তজবীজকরণার্থ যে গিলমোর সাহেব নিযুক্ত হইয়াছিলেন তাঁহার রিপোর্ট এইক্ষণে বোর্ডের সাহেবেরদের নিকটে পঁহুছিয়াছে ঐ রিপোর্টে তিনি বর্ণনা করেন যে বহুকালাবধি ঐ জিলাস্থ প্রজারদের বহুবিধ ক্লেশ হইতেছে ইহার পূর্ব্বে কমিস্যনর শ্রীযুত রিকিটস সাহেব বালেশ্বরের খাজাঞ্চী পদ্মচরণ মণ্ডলকে মেদিনীপুরের হিসাব দেখিতে ও অন্যান্য কার্য্য নির্ব্বাহার্থে প্রেরণ করিয়াছিলেন তিনি এই বিষয়ের প্রবঞ্চনা প্রথম ধরিয়া দেন তাঁহার রিপোর্টক্রমে গত অক্টোবর মাসের শেষে শ্রীযুত কমিস্যনর সাহেব শ্রীযুত গিলমোর সাহেবকে এই হুকুম দেন যে এই বিষয়ে আপনি গিয়া অবিলম্বে তজবীজ করিবেন। পাঠক মহাশয়দের জ্ঞাপনার্থে ঐ রিপোর্টের সারাংশ আমরা প্রকাশ করিলাম ঐ ব্যাপারে যেরূপ প্রতারণা ব্যক্ত হইয়াছে তাহাতে বোধ হয় যে অন্যান্য জিলাতেও এতদ্রূপ চাতুরী চলিতেছে।

১৭৯৫ সালের ৬১ আইনের ২ ধারাতে হুকুম আছে যে পুরাতন ১৯ সনী যত টাকা যদ্যপি শতকরা ছয় আনা ক্ষয় না পাইয়া থাকে তবে তাহা বিনা বাট্টায় লওয়া যাইবে।

১৮১৮ সালের ১৪ আইনের ৪ ধারাতে হুকুম আছে যে নূতন টাকা যে পর্য্যন্ত শতকরা ১ টাকা অর্থাৎ ২ পয়সার অধিক ক্ষয় না পাইবে ততকাল তাহা বিনা বাট্টায় লওয়া যাইবে।

১৮৩১ সালের ৮ সেপ্টেম্বর ও ৩০ দিসেম্বর ও ১৮৩২ সালের ১৬ জানুআরি তারিখে মেদিনীপুরের কালেক্টর সাহেব যে রুবকারী প্রকাশ করিয়া এই হুকুম

stitutions should be extinguished, by being absorbed in the new Bank.

Deputy Collectorships.

We mentioned some little time ago that Government had given the Board of Revenue authority to nominate to the office of Deputy Collector, and had granted them permission when the qualifications of two candidates were equal, to give the appointment to the individual who was best acquainted with English. The Board have, we see, accordingly nominated Baboo Russick Krishna Mullick to a Deputy Collectorship. This appointment reflects great credit on the Board. The Baboo is one of the most enlightened and able men in Calcutta, very intimately acquainted with English, and will, we are confident, do honour to the service.

The appointment of those who are acquainted with English to the service of Government, will lead gradually to the disuse of the Persian language. If Government had made any sudden change, and had determined to admit none in future but those who had learned English, they would have acted unjustly towards many of their own native servants, who have long been in the public service, and have claims to the higher appointments, but who know nothing of English.

Embezzlements at Midnapore.

The Board have recently received a report from the special Commissioner (Mr. M. J. Gilmore,) appointed to enquire into some of the affairs connected with the embezzlements which have so long been going on in the office of the Collectorate of Midnapore, which details an imposition that has been for many years inflicted on the community. The system was first brought to the notice of Mr. Commissioner Ricketts by the native treasurer of Balasore who has been sent on deputation to Midnapore to examine the accounts, and perform other duties in the Midnapore treasury; his name is Puddum Churun Mundul, and his information led the Commissioner to address Mr. Gilmore, directing his urgent attention to the subject in the latter end of October last. We give the following summary of the report for the information of our readers, as it exposes a system of fraud which there is little doubt extends beyond the Zillah in which this discovery has been made.

The law laid down in Sect. 2, Reg LXI. of 1795 declares that old nineteenth sun Rupees shall be considered as of standard weight, if they have not lost by wear and tear more than six annas per cent.

It is held by Section 4, of Regulation XIV. of 1818, that the new Rupees coined according to the law should be received until they had lost 2 pice each or Rupees 1.0.8 per cent.

From three rubukarees of the Midnapore collectorship, dated 8th September and 30th December, 1831, and the 16th January, 1832, orders were issued direct-

দেন যে উক্ত উভয় সনী টাকার মধ্যে যত টাকা শতকরা ছয় আনাপর্য্যন্ত ক্ষয় পাইয়াছে সেই টাকা খাজানাখানায় দাখিল হইলে তাহার বাট্টা দিতে হইবে। এইক্ষণে দৃষ্ট হইতেছে ১৮১৮ সালের মুদ্রিত যত টাকা তাহা ছয় আনার অধিক কম আছে এবং মেদিনীপুরের খাজানাখানার আমলারা যদ্যপি ১৮৩১ সাল অবধি নূতন তাবৎ টাকার উপরে সেই হারে বাট্টা লইয়াছেন তথাপি কেবল যে টাকা শতকরা ১ টাকার হিসাবে ক্ষয় পাইয়াছে সেই টাকার বাট্টা তাঁহারা হিসাবে তুলিয়া কলিকাতায় প্রেরণ করিয়াছেন। এবং শতকরা এক টাকার কম যে টাকা ক্ষয় পাইয়াছিল তাহার উপরেও বাট্টা লইয়া আপনারা খাইয়াছেন অতএব অতি ন্যূন সংখ্যায় হিসাব করিলেও প্রতি বৎসরে তাঁহারা ৭১৭০ টাকা লোকের স্থানে বেআইনীমতে লইয়াছেন। ইহাতে ঐ অপরাধি ব্যক্তিরা এই জওয়াব দেন যে মেদিনীপুরের সংপ্রতিকার কালেক্টর শ্রীযুত ডাইলি সাহেবের সহীকরা রুবকারীক্রমে ঐ বাট্টা আমরা লইয়াছি। বোধ হয় চাতুরী করিয়াই ঐ রুবকারীতে শ্রীযুত ডাইলি সাহেবের স্থানে তাঁহারা সহী করিয়া লন যেহেতুক ঐ সাহেব কহেন যে ঐ রুবকারীতে বেআইনীমতে বাট্টা লওন বিষয়ে হুকুম দিতে কদাচ আমার মানস ছিল না। সাহেব আরো লেখেন যে কালেক্টরী সিরিস্তাদার মহম্মদ হুসেন যদ্যপি এইক্ষণে এমত কহেন বাট্টার বিষয়ে আইনে যাহা লেখে তাহা আমি জ্ঞাত ছিলাম না তথাপি তিনি ঐ বাট্টাবিষয়ক আইন অবশ্যই জ্ঞাত ছিলেন। তৎপরেই ঐ সিরিস্তাদার কর্ম্মচ্যুত হইয়াছেন। এইক্ষণে শ্রীযুত গিলমোর সাহেব এই পরামর্শ দিতেছেন যে মেদিনীপুরের সংপ্রতিকার কালেক্টরী খাজাঞ্চী গুরুপ্রসাদ বসুর নামে তহবিল ভাঙ্গন বিষয়ে যে অভিযোগের এইক্ষণে প্রথম তজবীজ হইতেছে তদতিরিক্ত সংপ্রতি যে নূতন চাতুরীর বিষয় ধরা পড়িয়াছে ইহা লইয়া পুনর্ব্বার তাহার নামে নালিশ হয়।

জমিদারেরদের মোক্তারেরদের স্থানে যে সম্বাদপাওয়া গিয়াছে তদ্দ্বারা বোধ হইল যে সরকারী তহবিলে যে সকল টাকা দাখিল হইত তাহার বাট্টা খাজাঞ্চীরা কোন নির্দ্দিষ্ট হারঅনুসারে লইতেন না বটে কিন্তু জমিদারেরদের সঙ্গে এমত বন্দোবস্ত ছিল যে জমিদারেরা প্রতিবৎসরে শতকরা আট বা দশ আনা আমারদিগকে দিলে কোন প্রকার টাকা দাখিল করিলেই গ্রাহ্য হইবে এবং বোধ হইতেছে যে দেশের অন্যান্য জিলাতেও এতদ্রূপ ব্যবহার হইয়া থাকে অতএব এইক্ষণে সর্ব্বত্র ইশতেহারের দ্বারা ঘোষণা করাগিয়াছে ঐ ইশতেহারে গবর্ণমেণ্ট কিরূপ হারে টাকার বাট্টা লওন স্থির করিয়াছেন তাহা সর্ব্বসাধারণকে জ্ঞাপন করাগেল এবং মেদিনীপুরের কালেক্টর সাহেবকে হুকুম দেওয়া গিয়াছে এইক্ষণকার একটিং কালেকটরী খাজাঞ্চী ব্যক্তি এবং গুরুপ্রসাদ বসুর আদায় করা ১৮১৮ সালের সাবেক ১৯ সনী যত টাকা এইক্ষণে সরকারী তহবীলে আছে তাহা স্বতন্ত্র করিয়া কলিকাতার টাকশালে প্রেরণ করেন। তাহার অভিপ্রায় যে ঐ খাজাঞ্চীরা বাট্টা বলিয়া যত টাকা আদায় করিয়াছেন তাহা সরকারে জমা করিয়াছেন কি না জানা যায়।

বোর্ডের সাহেবেরা এই বিষয়ে কোন উপায় অবলম্বন করণের পূর্ব্বে হুকুম করিয়াছেন যে কালেকটর সাহেবের আসল রুবকারী দাখিল করায় এবং বাট্টা বলিয়া তাঁহারা যে টাকা আদায় করিয়াছেন তাহা সরকারে জমা হইয়াছে

ing that *on all rupees of both coinages batta should be received when they weighed 6 annas per cent. less than the standard.* Now, it appears, that the rupees of the coinage of 1818 in circulation are nearly all more than 6 annas per cent. below the standard, and the treasury officers although they have demanded batta at that rate on all the rupees of the new coinage paid in since 1831, have only forwarded to Calcutta, and entered as light weight, such as have wasted more than Rs. 1.0.8 per cent. embezzling the batta on all that have wasted less than that portion. Thus, on a moderate computation, a sum of about Rs. 7170 per annum has been illegally wrung from the people for the last six years. The delinquents rest their defence on the orders conveyed in the three rubukarees referred to, and bearing the *signature* of Mr. D'Oyly, the late Collector of Midnapore, which appears to have been fraudulently obtained, as that gentleman declares that he had no intention to authorize an illegal rate of batta; he moreover adds that he does not consider it probable that the Sheristadar, *Mahomed Hussein*, could have been ignorant of the orders regarding batta, notwithstanding he denies all knowledge of them. The Sheristadar has, however, been already discharged from his situation. Mr. Gilmore recommends that the present discovery be made, the ground of a charge of embezzlement, as a second count in the original case of embezzlement, now under preliminary investigation, against the late treasurer of Midnapore, Gooroopersaud Race.

From the information gathered from the Mookteears of the Zemindars, it also appears that the treasurers were not generally in the habit of levying any fixed rate of batta on the different payments made into the treasury, but that they compounded with the Zemindars and others, engaging to receive all rupees remitted by them on a regular per centage annually, which varied from 8 to 10 annas per cent. according to circumstances; a practice which, it is feared, prevails in other districts in the country. Proclamations have been issued making the people acquainted with the rates prescribed by Government for the payment of batta, and the Collector of Midnapore has been directed to keep separate all the new nineteen sun rupees of 1818 in the treasury, being the collection of the present acting treasurer and Gooroopersaud Race, and to send them separately to the Mint, in order that it may be seen whether the new treasurer has credited all sums levied by him as batta.

The Board, before deciding on the measures to be adopted in this case, had called for the originals of the *rubukarees*, as well as some further evidence of the full sum levied by the parties, in the shape of batta, not having been credited to Govern-

কিনা ইহার স্পষ্ট প্রমাণ দেওয়াযায় তাহা হইলে ঐ চাতুরীর অভিযোগ প্রমাণহইতে পারে এবং তাহা পাইয়া ঐ অপরাধিরদের আইনমত দণ্ড দেওনার্থ উদ্যোগ করিতে পারেন এবং এতদ্বিষয়ে যেসকল লিখন পঠন হইয়াছে তাহা তাবৎ কমিস্যনর সাহেবেরদের নিকটে প্রেরণ করিয়া এই হুকুম দিয়াছেন যে প্রত্যেক কালেকটরী এলাকার মধ্যে কিহার অনুসারে বাট্টা লওয়া যাইতেছে এই বিষয়ের তাঁহারা সূক্ষ্ম তজবীজ করেন।

ment, so as to substantiate the charge of embezzlement, and adopt legal proceedings for their more effectual punishment, and have moreover ordered the circulation of the correspondence to all the Commissioners requiring strict enquiry as to the mode in which batta is levied in the treasuries of the several Collectors in each division.

—

বাদশাহী সনন্দ।

শুনাগেল যে সদর বোর্ডের সাহেবেরা নানা কমিস্যনর সাহেবেরদিগকে এই হুকুম দিয়াছেন যে বাদশাহী সনন্দী ভূমির বন্দোবস্তকরণ বিষয়ক যে নূতন আইন কিয়ৎকাল হইল আমরা প্রকাশ করিয়াছিলাম ঐ আইন যতকাল বিবেচ্যাবস্থায় থাকিবে ততকাল ঐ কমিস্যনর সাহেবেরা ঐ বন্দোবস্ত করণে নিবৃত্ত থাকিবেন এবং ঐ ভূমির বিষয়ে মালিক ও তৎসম্পর্কীয় কোন ব্যক্তির দস্তখৎ লইবেননা।

Badshahee Grants.

The Government, through the Sudder Board of Revenue, have issued orders to the several Commissioners that, pending the consideration of the rules for the settlement of Resumed Badshahee Grants, which we published a short time back, they should keep in abeyance the completion of such settlements and refrain from accepting durkhasts of maliks and others for such lands.—*Eng.*

—

রেবিনিউ সরবে বিষয়।

গত অক্টোবর মাসে গবর্ণমেণ্ট শ্রীযুক্ত কর্ণল বার্টন ও শ্রীযুক্ত মেজর আরবিন ও শ্রীযুক্ত কাপ্তান পিচ জরলড ও শ্রীযুক্ত হালেডি সাহেবকে কমিটি স্বরূপ নিযুক্ত করিয়া হুকুম দিলেন যে সরবে অর্থাৎ ভূমি জরীপ করণ বিষয়ে গবর্ণমেণ্ট যাহা নিশ্চয় করিয়াছেন তাহা কোন্২ নিয়মে বিলক্ষণরূপে নির্ব্বাহ হইতে পারে এই বিষয়ে বিবেচনা করিবেন। ঐ সাহেবেরা এইক্ষণে আপনাদের রিপোর্ট দাখিল করিয়াছেন তাহাতে এই পরামর্শ দেন প্রথমতঃ রেবিনিউ সরবে অর্থাৎ রাজস্ব নিরূপণার্থ ভূমি জরীপ করণীয় কর্ম্মকারক এক সম্প্রদায় অন্যান্য কর্ম্মকারকহইতে পৃথক রূপে বহুকালের নিমিত্ত নিযুক্ত হইয়া নানা শ্রেণীতে বিভক্ত থাকেন। দ্বিতীয় পরামর্শ এই যে তাঁহারদিগকে বিদ্যোপদেশ দেওনার্থ গবর্ণমেণ্ট সরকারী খরচে এক পাঠশালা স্থাপন করেন পরে ঐ পাঠশালা হইতে তাঁহারা সর্টিফিকট পাইয়া সরকারী কার্য্যে নিযুক্ত হন। তৃতীয় পরামর্শ এই রাজস্ব নিরূপণ বিষয়ে ভূমি জরীপ করণীয় কর্ম্মকারকেরদের মধ্যে এক জন সুবিজ্ঞ ব্যক্তিকে ঐ কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্টী পদে নিযুক্ত করেন। অপর ঐ কমিটির সাহেবেরা আপনারদের এই কার্য্য বিষয়ে এতদ্রূপ ব্যাখ্যা করিয়া লেখেন যদ্যপি গবর্ণমেণ্ট এই বিষয়ে সম্মত হন তবে আমরা এই ব্যাপারের পাণ্ডুলেখ্য সম্পূর্ণরূপে প্রস্তুত করিয়া দিতে পারি এবং তাহাতে কিপর্য্যন্ত খরচ হইতে পারে তাহার বরাওর্দ্দের ফর্দ্দও দেই।

Revenue Surveyors.

Government having appointed in October last the following public officers, viz. Colonel E. Barton, Major Irvine, C. B., Capt. Fitzgerald, and F. Halliday, Esq. as a committee to consider and report on the best mode of carrying into effect the resolutions of Government regarding the survey system, they have just drawn up their reports and recommend, viz. 1st. the constitution of the class of subordinate revenue surveyors into a distinct and in some respects permanent order of public servants distributed into graduations; 2dly. the establishment of a school at the expense of Government for their education, certificates therefrom qualifying for entrance into the public service; and 3dly. the appointment of an experienced and judicious officer as superintendent of revenue surveys. In explaining their views, the Committee conclude by stating that they are prepared to enter into the details of the plan and furnish estimates of the expence if the Government coincide with them.

—

ইউরোপহইতে শেষাগত সম্বাদ।

ইঙ্গলণ্ডহইতে ২১ অক্টোবর তারিখপর্য্যন্তের সম্বাদ বোম্বাইতে পঁহুছিয়াছে তদ্দারা যে সম্বাদপত্র আইসে তাহা এই২ বাণিজ্য বিষয়ে যে গণ্ডগোল উপস্থিত হইয়াছিল তাহা কিঞ্চিৎ থামিয়াছে এবং স্পাইনদেশস্থ ডন কর্লাস রাজার সেনাপতি গোমেস স্পাইনের দক্ষিণ অঞ্চলে সম্পূর্ণরূপ জয়ী হইয়াছেন। আরো লেখে যে পেরোনে ও সাণ্টলূস সাহেবেরদের অত্যন্তাস্বাস্থ্যপ্রযুক্ত ফ্রান্সদেশের শ্রীযুক্ত বাদশাহ তাঁহারদিগকে এই অনুমতি দিয়াছেন যে এক জন জিরণ্ড প্রদেশে অপর জন লোয়ার প্রদেশে বাস করিতে পারিবেন কিন্তু তাঁহারদের এমত করার করিতে হইবে যে সেই স্থানের বাহিরে না যান এইক্ষণে তাঁহারা ছয় বৎসরে অধিক কারাবদ্ধ আছেন।

England.

Papers to the 21st of October from England have reached Bombay, the only articles of intelligence in which are, that the state of the money market as it regards commercial business had improved; that the Carlist General Gomes appears to be pursuing a victorious career in the south of Spain, and that Messrs. Peyronnet and Chantelouze whose health is deeply injured, had obtained permission of the King of France to reside, the one in the department of Gironde, the other in the department of the Loire, on their parole.

—

ইনশালবেণ্ট আদালত।

গত ১ মার্চ তারিখে শ্রীযুত চীফ জুষ্টীস সাহেব ইনশালবেণ্ট আদালতে বৈঠক করিয়া এমত হুকুম করিলেন যে পতিত কুঠীর উপরে বাঙ্গাল বেঙ্কের যে ৬ লক্ষ টাকার দাওয়া আছে সেই ৬ লক্ষ টাকা তিন কুঠী অর্থাৎ ফার্গসন কোং ক্রুটেণ্ডেন কোং ও মাকিণ্টস কোম্পানির কুঠীর ডেবিডেণ্ডহইতে পাইবেন কিন্তু তাঁহারদের দাওয়া বলিয়া খরচা বাবতে ছয় হাজার টাকা বাদ দিতে হুকুম হইল এবং তাহাতে বাঙ্গালবেঙ্ক স্বীকৃত হইলেন।

Insolvent Court.

On the 1st instant, the Chief Justice proceeded to the Insolvent Court, and ordered that the Bank should be admitted to receive dividends from each of the three Estates, viz. Fergusson and Co. Cruttenden and Co. and Mackintosh and Co. upon the whole of its claim of about six lakhs of Rupees, striking off from the claim about 6000 Rupees for costs which the Bank agreed to abandon.

—

শ্রীযুত ডাইস সমরু।

পাঠক মহাশয়েরা অবশ্য অবগত থাকিবেন যে মৃত বেগম সমরু আপন পৌত্র ডাইস সমরুকে স্বীয় তাবৎ সম্পত্তি প্রদান করিয়া যান কিন্তু ডাইস সমরুর পিতা স্বীয় জামাতা কর্ণল ডাইসকে কিছু দেন নাই এইক্ষণে অবগত হওয়া গেল যে কর্ণল ডাইস গত শনিবারে কলিকাতা শহরে ২০ লক্ষ টাকার দাওয়া করিয়া আপন পুত্রের নামে গ্রেপ্তারী এক পরওয়ানা বাহির করেন। তাহাতে সমরু সাহেবও তৎক্ষণাৎ তত্তুল্য টাকার জামিন দিলেন যেহেতুক কোম্পানির খাজানাখানাতে তাঁহার তত্তুল্যেরো অধিক ৪০ লক্ষ টাকা ন্যস্ত আছে।

Mr. Dyce Sombre.

Our readers are of course aware that the whole of the personal property of the late Begum Sumroo has devolved by her will on her grandson, Mr. Dyce Sombre, to the entire exclusion of her son-in-law Col. Dyce, the father of the youth. We now learn that Mr. Dyce Sombre was on Saturday last seized at the suit of his father, for 20 lakhs of Rupees. Mr. Sombre however was able immediately to put in bail to that amount, having nearly forty lakhs of Rupees in the Company's treasury.

—

রাধা বিবির খুন।

কিয়ৎকাল হইল কলিকাতায় রাধা বিবিনামে এক বেশ্যা খুন হইল এবং ঐ বেশ্যার চাকরেরা তৎসময়কালে অদৃশ্য হওয়াতে তাহারদের প্রতিই ঐ হত্যার সন্দেহ পড়িয়াছে কিয়ৎকালাবধি চৌকিদারেরা ঐ হন্তারদের অনুসন্ধান করাতে তাহারদের এক জনকে গ্রেপ্তার করিয়া কলিকাতায় আনিয়াছে এবং ঐ বিবির কতক টাকা ও আভরণ তাহার স্থানে পাওয়া গেল অতএব ঐ বিষয় তদবধি মাজিস্ত্রেট সাহেবের বিবেচনাধীন আছে।

Murder of Radha Beebee.

Some little time ago, one Radha Beebee, a courtezan in Calcutta, was murdered, and the servants of the woman simultaneously disappeared, which naturally excited strong suspicions against them. The Chowkeedars have been for some time looking out for the assassins, and have at length brought one to Calcutta with a part of the gold ornaments and the cash in his possession. The case is in the hands of the Chief Magistrate.

—

রুসীয়েরদের দুই জন গোয়েন্দা।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে যে কিয়ৎকাল হইল আমরা জ্ঞাপন করিয়াছিলাম জয়পুরে যে দুই ব্যক্তি ধৃত হইয়াছে তাহারদের প্রতি এমত সন্দেহ হইতেছে যে তাহারা রুসীয়ারদের গোয়েন্দা। কিন্তু পরে জানা গেল যে ইহার পূর্ব্বে যাহারা কলিকাতাহইতে কিছু জিনিস হাত মারিয়া দেশান্তর হয় তাহারাই এই দুই ব্যক্তি তাহারা ছদ্ম বেশে এমত ভরসা করিয়া নানা স্থানে ভ্রমণ করিতেছিল যে আমারদিগকে কেহ ধরিতে পারিবে না কিন্তু এইক্ষণে শুনা গেল যে তাহারা ধৃতহওনান্তে কলিকাতায় আনীত হইয়া ২৮ ফেব্রুআরি তারিখে প্রধান মাজিস্ত্রেট সাহেবের নিকটে অর্পিত হইয়াছে। অপর ওয়াল্টর রুসাইক কোং কুঠী অর্থাৎ যে কুঠীহইতে ঐ ব্যক্তিরা ইহার পূর্ব্বে ৪০০০ টাকা হাত মারিয়াছিল সেই কুঠীপতিরদের মধ্যে শ্রীযুত রুসাইক সাহেব তাহারদের নামে নালিস করিলেন কিন্তু তাহারা মোগলের বেশ ধারণ করিয়াছিল এই প্রযুক্ত রুসাইক সাহেব তাহারদিগকে চিনিতে পারিলেন না পরন্তু রুসাইক সাহেবের সঙ্গে অন্য যে দুই জন সাহেব আইসেন তাঁহারা তৎক্ষণাৎ চিনিয়া কহিলেন যে ইহারা দুই সহোদর ইহারদের নাম খ্রীষ্টীয়ান পূর্ব্বে ইহারা কলিকাতায় থাকিত।

The two Russian Spies.

Our readers may remember that we stated some time ago that two individuals had been seized at Jeypore, who were suspected to be Russian Spies, but it was subsequently discovered that they were two individuals who had formerly committed depredations in Calcutta and left the country and had now returned in disguise, in the hope of escaping detection. They have now, we understand, been brought down to Calcutta, and on the 20th of Feb. last were brought before the Chief Magistrate. Mr. Roussac, of the firm of Walker, Roussac and Co. from whom the prisoners some years ago swindled the sum of 4000 Rs. appeared to prosecute them. Mr. Roussac, in consequence of their being dressed as Moguls could not recognize them, but two gentlemen who were in company with Mr. Roussac recognized them as being two brothers of the name of Christian who formerly lived in Calcutta.

বিকানীর রাজা।

বিকানীর শ্রীযুক্ত রাজা গত মাসের ২২ তারিখে গয়াধামে পঁহুছিলেন এবং তৎপরদিবসে তিনি পর্ব্বতে গমনপূর্ব্বক তত্রস্থ মন্দিরে মহাদেবার্চ্চনাদি করিলেন। কথিত আছে যে তৎসময়ে ঐ মন্দিরাধিকারি ব্রাহ্মণেরদিগকে ৫০০০ টাকা নগদ ও নানাবিধ বস্ত্রালঙ্কার প্রদান করিলেন।

গুমশূর।

গুমশূরের যুদ্ধ এইক্ষণে শেষ হইল তথাহইতে সৈন্যেরা উঠিয়া যাইতেছে এবং শ্রীযুত রসল সাহেব মান্দ্রাজে প্রত্যাগমনের উদ্যোগে আছেন। বলিয়ার সিংহ ও সনিয়ার সিংহনামক যে দুই জন রাজবিদ্রোহী গত ২৩ নবেম্বর তারিখে ধরা পড়িয়াছে তাহারা কোর্ট মার্শ্যালের দ্বারা বিচারে দোষিকৃত হইয়া যুদ্ধসম্বন্ধীয় আদালতের বিচারে প্রাণদণ্ডের হুকুম পাইয়াছে। পরে গলির স্থানে নীত হইয়া ঐ অঞ্চলে তাহারদের জন্মভূমি অর্থাৎ যে স্থানে পূর্ব্বে তাহারদের উন্নতি দৃষ্ট হইয়াছিল এবং সম্প্রতি অত্যাচার ও নির্দয়তা ব্যবহার প্রকাশ হয় সেই স্থানে তাহারদিগকে ফাঁসি দেওয়া গেল। এই প্রাণদণ্ডের মধ্যে বিশেষ স্মরণীয় বিষয় এই যে গত বৎসরের এমত সময়ে যে দুই জন অভাগা ইঙ্গলণ্ডীয় সেনাপতিরা অতিনির্দয়তারূপে হত হইয়া কবরস্থ হইয়াছিলেন সেই কবরের অতিসন্নিহিত দুই বৃক্ষোপরি এই দস্যুরা উদ্বন্ধনে লটকান থাকিল ঐ সেনাপতিরদের হত্যাকরণে ইহারা লিপ্ত ছিল এমত দৃষ্ট অনুভব হইয়াছে।

চীনদেশ।

চীনদেশহইতে শেষাগতসম্বাদপত্রে লেখে আফীণের বাণিজ্য নিবারণার্থ চীনীয় গবর্ণমেন্টের পূর্ব্বে যে সতর্কতা ছিল এইক্ষণে তদপেক্ষাও অধিক কর্ত্ত্ক্য হইয়াছে তাহাতে এক মাসের মধ্যে কেবল ২ সিন্দুক আফীণ অতিগোপনে বিক্রয় হয় বাণিজ্য প্রায় স্থগিত হইয়াছে। গোপনে আফীণের বাণিজ্যেতে যাহারা নিযুক্ত ছিল তাহারদের মধ্যে অনেকের বাণিজ্য নৌকাসকল পুড়িয়া ফেলিতে হইয়াছে এবং যে সকল জাহাজ ইঙ্গলণ্ড দেশহইতে আসিয়াছিল তাহারদের অনেকেরই মাল না পাইয়া শূন্য চলিয়া যাইতে হইয়াছে। পিকিন রাজধানীহইতে বহুকালাবধি যে কর্ম্মকারকের আগমনাপেক্ষা ছিল তিনি কাণ্টন নগরে ১৭ দিসেম্বর তারিখে পঁহুছেন ঐ কর্ম্মকারক অষ্ট বিষয়ের তত্ত্বাবধারণ করিবেন তন্মধ্যে পঞ্চম ও ষষ্ঠ বিষয় এই যে চীন দেশহইতে রূপা রপ্তানী ও আফীণ আমদানী করণ এবং বিদেশীয় লোকেরদের জাহাজ গমনাগমন।

পালির মারী।

আগ্রা আকবরে লেখে যে পালির মারীর যে নবানুরাগ ছিল তাহা এইক্ষণে কম পড়িয়াছে অতএব তদ্বিষয়ে আর কেহ বড় একটা চিন্তা করে না তথাপি ঐ মারী এইক্ষণে প্রায় তাবৎ মাড়বার দেশ ব্যাপিয়াছে এবং মেবার দেশেও একপ্রকারে উদিত হইয়াছে।

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

হুগলিহইতে আগত পত্রের কিয়দংশ।

এইখানে লিখনোপযুক্ত কোন সম্বাদ এইক্ষণে উপস্থিত নাই মাজিস্ত্রেট শ্রীযুত সামিয়ল সাহেব আপন অধীন পোলীসের কার্য্য দর্শনার্থ মফঃসলে গিয়াছিলেন

The Bikaneer Raja.

The Bikanere Rajah arrived at Gya on the 22d ultimo; the next day he proceeded up into the mountain to offer his devotions at the shrine of Mahadeb. He is said to have given to the bramhuns of the temple 5,000 Rs. and honorary dresses.

Goomsoor.

The Goomsoor war has now been brought to a termination. The field force is rapidly breaking up, and Mr. Russell has proceeded to Madras. Two of the insurgents, Bolur Sing and Sunyar Sing, who were caught on the 23d of December, were subsequently tried by a Court Martial, convicted, and condemned to the punishment of death by Martial law. They were sent back to Gullery, where they were hanged close to their native village, the scene of their former prosperity, and latterly of their misdeeds and atrocities. What rendered this example more impressive was, that the criminals were hanged upon trees close to the graves of the two unfortunate young officers who were barbarously slain near this place about this time last year, in which cruel massacre both the prisoners were believed to have been implicated.

China.

Late letters from China state, that the vigilance of the Chinese Government in preventing the sale of opium was greater than ever; that only two chests had been smuggled in the course of a month, and that the trade was almost at a stand. Many of those who are employed in smuggling opium had been obliged to burn their boats, and many of the vessels which arrived from England had returned without cargoes. The long expected Commissioner from Pekin arrived at Canton on the 17th December. He is to investigate eight subjects, the fifth and seventh of which relate to the smuggling of sycee silver and of opium and the situation of foreign shipping.

Palee Plague.

A notice in the Agra Ukhbar states, that the terrors of the plague at Palee having lost their novelty, its existence is scarcely recognized, and yet it has already extended all over Marwar and is said to have appeared in Mewar.

Spirit of the Native Papers.

Extract of a Letter, dated Hooghly, 26th February.

There is no news from this station worth writing. The Magistrate, Mr. Samuells, who was in circuit for the last month, enquiring into the efficiency and inefficiency of the mofussil police, has returned to his

তিনি প্রত্যাগত হইয়াছেন কিন্তু কি করিয়া আসিয়াছেন তাহা জানিতে পারি নাই বোধ হয় তাঁহার পরিশ্রমে দেশের উপকার হইবে আমি বোধ করি আপনি জানেন কোর্ট অফডৈরেক্টর্স সাহেবেরা হুকুম করিয়াছেন শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব বিচার ও করগ্রহণ সম্বন্ধীয় যে উৎকৃষ্ট নিয়ম করিয়াছেন লোকের ধন প্রাণরক্ষণ ও বিচার উত্তমকরণ বিষয়ে তাহার ন্যায় কোন সদুপায় করিতে হইবেক এইক্ষণে গবর্ণমেণ্ট জিলা সকলেতে ঐ হুকুম ব্যক্ত করিয়াছেন শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক বিচার বিষয়ে উপযুক্ত বেতনে মুনসেফ সদর আমীন নিয়োগ ও করগ্রহণ বিষয়ে ডেপুটি কালেক্টর নিয়োগের ব্যবস্থা করিয়াছিলেন এইক্ষণে কোর্ট অফডৈরেক্টর্সসাহেবদিগের মানস বিচার এবং প্রজার ধন প্রাণরক্ষণ বিষয়ে সেইরূপ কোন সুযোগ করিবেন এই হুকুম প্রমাণে গবর্ণমেণ্ট শ্রীযুত সামিয়ল সাহেবকে মফঃসল দেখিতে আজ্ঞা করিয়াছেন শ্রীযুত সামিয়ল সাহেব দেশের উপকারকরণক্ষম বটেন এবং এবিষয়ে তাঁহার চেষ্টা আছে তাহাও সকলে জানেন অতএব তিনি যে ভ্রমণে গিয়াছিলেন তাহা বিফল হইবেক না।

শ্রীযুত মহারাজাধিরাজ প্রতাপচন্দ্র বাহাদুর।

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

এইক্ষণে কলিকাতার মধ্যে মহারাজ প্রতাপচন্দ্রের প্রসঙ্গই সর্ব্বত্র শুনা যাইতেছে সাধারণ লোকেরদের মধ্যে এমত বিশ্বাস জন্মিয়াছে যে দশজন লোক একত্র হইলে তাহার মধ্যে যদাকদাচিৎ এক জন বিপক্ষ হয় এবং শিষ্ট লোকেরদের মধ্যেও যাহারা শ্রীযুত মহারাজাকে পূর্ব্বে দেখিয়াছেন তাঁহারা অনেকে আসিয়া শ্রীযুতকে দর্শন করিয়া কেহ বলেন না যে ইনি প্রতাপচন্দ্র বাহাদুর নহেন নড়াগাছার জমীদার ক্ষত্রিয়বংশ্য শ্রীযুত দুর্গাপ্রসাদ রায় পূর্ব্বে শ্রীযুত মহারাজকে বিশিষ্টরূপে জানেন এবং এইক্ষণেও দর্শনানন্তর নিশ্চয়রূপে চিনিয়া কহিলেন মহারাজের এস্থানে থাকিয়া কেবল গোল হইতেছে অতএব প্রকৃত বিষয়ের উপায় করাউচিত আপনারদিগের পরামর্শ স্থিরকরণের এক সময় নিরূপণ করুন তাহা জানিলে সে সময়ে কেহ সাক্ষাৎ করিতে আসিবেন না অপর ত্রিবেণীনিবাসি অতি বিখ্যাত জগন্নাথ তর্কপঞ্চানন ভট্টাচার্য্যের প্রপৌত্র শ্রীযুত হরদেব তর্কালঙ্কারপ্রভৃতি অনেক ব্রাহ্মণ পণ্ডিত যাঁহারা শ্রীযুতের নিকট পূর্ব্বে দানগ্রহণ করিয়াছেন তাঁহারদিগের একেবারে বিশ্বাস হইয়াছে অপর চন্দ্রিকা সম্পাদক ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় সাক্ষাৎ করিয়া স্বীয় পত্রে লিখিয়াছেন আমরা নিঃসন্দিগ্ধ হইয়া নিঃশঙ্কে পাঠকবর্গের সন্দেহ ভঞ্জনার্থ শ্রীযুত মহারাজাধিরাজের বৃত্তান্ত প্রকাশ করিতেছি পাঠকবর্গের স্মরণে আছে রাজাধিরাজের আগমনাবধি আমরা মধ্যেং সংবাদ প্রকাশ করিয়া থাকি কিন্তু গত তাবৎকাগজে সন্দিগ্ধ রাজা বলিয়া লিখিয়াছি তাহার কারণ আমারদিগের সন্দেহ দূর হয় নাই এইক্ষণে সন্দেহ ভঞ্জন হইয়াছে ঐ সম্পাদক মাহাশয় বিশ্বাসের কারণ এই কহেন শ্রীযুত বাবু দেবনারায়ণ দেবের সাক্ষাতে শ্রীযুত মহারাজকে কম্পটন সাহেবের বাগান ক্রয় এবং বিচর সাহেবের সঙ্গে কিরূপ ব্যবহার ছিল এই সকল জিজ্ঞাসা করিবাতে মহারাজ উত্তর করিলেন কম্পটন সাহেবের বাগান ক্রয় করণার্থ দেখিতে গিয়া ছিলেন আর সওদাগর বিচর সাহেব তাঁহার নিকট এক লক্ষ টাকা ধার করেন এবং যে সাহেব তাহাতে জামীনছিলেন তিনি এক

Cutchery. I know not what is the result of his labours, but hope something substantially beneficial to the country will be elicited. You know that Government lately circulated an order from the 'Home authorities" for the improvement of the Zillah machinery for the preservation of public life and property and peace, by some such method as that by which Lord Bentinck strengthened the Revenue and Judicial Civil Service, viz. the appointment of better paid native functionaries for those purposes, Moonsiffs, Sudder Ameens, &c. to boot in the latter and Deputy Collectors in the former department. It was in pursuance of an order of Government for this express reason that Mr. S. was deputed into the interior. From the known abilities and zealous exertions for the country's welfare, for which that gentleman is conspicuous, I would be led to expect his tour will not be without its use.—*Gyan.*

RAJA PRATAPCHUND.

To the Editor of the Gyanunneshun.

SIR,—Nothing is to be heard now-a-days in Calcutta but news about Pratap chand. So firmly do the common people believe in the truth of his claims, that scarcely one in ten is against him. Even persons moving in high circles who had seen Pratapchund before, do not disacknowledge his identity. For example, Baboo Doorgaprusaud Roy, the Khettree Zemindar of Mooragachee, who had formerly seen the Raja, came the other day to see him and after recognizing him addressed him thus: "Muharaj, noise and bustle are the only consequence of your living here; it is therefore desirable that you should take some vigorous measures for regaining your guddy." Hurrodeb Turkolunkar of Trebannee, son of the late celebrated Juggurnath Turkopunchanun, with many other respectable Brahmins, who had formerly taken gifts from the Raja, firmly believe in his identity. Besides Bhoobaneechurn Banerjee, the Editor of the *Chundrika*, writes thus in his paper. "To remove the doubts of our readers we can say without doubt or fear, that this person is the real Pratapchund. It is true, for many days past, from the coming of the Muharaj here, we had written against him; the reason is we had our doubts then, but those doubts have since been removed." The Editor brings the following proof for his belief. Baboo Seebnarayun Ghose, he says, asked the Muharaj in the presence of Baboo Deb-narayun Deb respecting the purchase of Mr. Compton's garden and also respecting his dealings with Mr. Beecher. To this the Muharaj replied, "I had gone to see the garden of Mr. Compton in order to purchase it, and Mr. Beecher had borrowed of me a lakh of rupees." The Muharaj also told the name of a gentleman

জন প্রধান কর্ম্মকারক তাঁহার নামও কহিলেন।

এতদ্দেশীয় প্রাচীন লোকেরা এই সম্বাদ শ্রবণে আশ্চর্য্য জ্ঞান করিতে পারেন শ্রীযুত বিরূপাক্ষ ভট্টাচার্য্য যিনি গণনাতে লোকেরদের বিশ্বাস্য এবং অনেকে বিশ্বাস করেন তিনি দৈবীশক্তিতেই ভূতভবিষ্যদ্বিষয় কহিতে পারেন ঐ ভট্টাচার্য্য আসিয়া বহুলোকের সাক্ষাতে গমনপূর্ব্বক কহিলেন আমি সাহস করিয়া বলিতেছি এই মহাশয় মহারাজাধিরাজ তেজশ্চন্দ্র বাহাদুরের পুত্র শ্রীযুত মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুর বর্দ্ধমান রাজ্যাধিকার অবশ্য প্রাপ্ত হইবেন যদি একথা মিথ্যা হয় তবে শাস্ত্র এবং আমার ব্রহ্মণ্যদেব মিথ্যা হইবেন। — জ্ঞানান্বেষণ। নারদ।

high in the Government service who had stood security for Mr. Beecher.

The old men of this country have reason to be astonished at this strange event. Bhuttacharjee Beeropakya who is endowed with the knowledge of the past and the future and who is believed by all, expressed himself, after carefully consulting his auguries, before a large assembly of respectable men to the following effect :—"This person is the real Pratapchund, son to the late Muharaja Tejchunder Bahadoor, and he will without doubt get the Burdwan guddee. If this my prophecy prove false, then all the shastras connected with Hindooism are false likewise."

Narud.

প্রেরিত পত্র।

দর্পণ প্রকাশক মহাশয় বরাবরেষু।

সর্ব্বসাধারণ লোক বিশেষতঃ ব্যবস্থাপক কমিসান সাহেবেরা বহু বিবাহ করণ ব্যবহার নিবারণ বিষয়ে সচেষ্ট আছেন। এবং বরিজহাটি স্থানে বহুবিবাহ করণ নিমিত্ত যে আত্মহত্যা হয় এবং প্রকার অত্যাচার নিবারণের চেষ্টাতেও আছেন। অতএব এই সুযোগে ঐ কুব্যবহারের দোষ সাধারণ লোকেরদিগকে জ্ঞাপন করিলাম। অতএব সম্পাদক মহাশয় ভরসা হয় ঐ প্রস্তাবে আপনি দর্পণে স্থান দানে কার্পণ্য করিবেন না। বাঙ্গলীয় লোকেরদের মধ্যে যে সকল পাপ হইতেছে তন্মধ্যে বহু বিবাহ করণ এক প্রধান পাপ তথাপি অতি নির্দ্দয় কুলীনেরা উক্ত প্রকার বিবাহের দ্বারা স্ব২ জীবিকা নির্ব্বাহ করিতেছেন এই অতি দুষ্কর্ম্ম আমারদের স্বাভাবিক ভাবের বিপরীত ও অতি নির্দ্দয়। আমারদের প্রাচীন শাস্ত্রেও বহুবিবাহকরণ নিষিদ্ধ যেহেতুক যাজ্ঞবল্ক্য এই বিধি স্থাপন করিয়াছেন যে প্রথমাস্ত্রী জীবিত থাকিতে ঐ স্ত্রীতে এই অষ্ট দোষ উপস্থিত হইলে বিবাহান্তর করিতে পারে প্রথম দোষ মদ্যপান দ্বিতীয় চির রোগ তৃতীয় ধূর্ত্ততা চতুর্থ বন্ধ্যাত্ব পঞ্চম অর্থঘ্নত্ব ষষ্ঠ অপ্রিয়বাদিত্ব সপ্তম কেবল কন্যা প্রসূত্ব অষ্টম পতির প্রাতিকূল্য। এবং মনুও লেখেন মদ্যপান ও অসচ্চরিত্রতা ও পতির প্রাতিকূল্য ও রুগ্নতা ও হিংসুতা ও অর্থঘ্নতা এমত স্ত্রী জীবিত সত্ত্বেও বিবাহান্তর করিতে পারে। অতএব আমারদের কোন শাস্ত্রেই বহু বিবাহ করিতে অনুমতি নাই বরং প্রথম স্ত্রী সত্ত্বে দ্বিতীয় বিবাহ করিতে উপরি উক্ত দোষব্যতিরেকে নিষেধই আছে। হে সম্পাদক মহাশয় ব্রিটিস গবর্ণমেন্ট আদালতের মধ্যে মনুসংহিতা অতি মান্য করেন এইক্ষণে আমারদের প্রধান ধর্ম্ম শাস্ত্র মনুসংহিতাকারক বা তদপেক্ষা লঘু ধর্ম্ম সংহিতাকারক কোন ঋষি এমত বিধি দেন নাই। কেবল আমরা দেখিতেছি যে বঙ্গদেশের এক জন রাজা বল্লাল সেনের রাজ্য অবধিই এই অমূলক কুব্যবহার চলিয়া আসিতেছে তবে যদ্যপি এই ব্যবহার আমারদের শাস্ত্রমূলক নহে এবং তাহা লোকের মঙ্গলদায়কও নহে এবং তাহা আমারদের স্বভাবের বিরুদ্ধ ও স্ত্রীরদের অত্যনিষ্ট জনক তবে কিনিমিত্ত গবর্ণমেন্ট ঐ কুব্যবহার নিবারণ না করেন। হে সম্পাদক মহাশয় ১৭৯৩ সালের বন্দোবস্ত করণ সময়ে এমত প্রায় কোন ইউরোপীয় সাহেব ছিলেন না যে সংস্কৃতভাষা ও হিন্দুরদের আচার ব্যাভার জানিতেন এই প্রযুক্ত তাদৃশ বিজ্ঞ ইউরোপীয় ও বিজ্ঞ ব্রাহ্মণ লইয়া হিন্দুরদের শাস্ত্র বিষয়ের মীমাংসা করণের উপায় ছিল না। অতএব তৎসময়ে গবর্ণমেন্ট যে নানা জিলা আদালতে ও কোর্টে পণ্ডিত নিযুক্ত করেন ইহা পরামৃশ্য বটে কিন্তু এইক্ষণে দেখা যাইতেছে যে গবর্ণমেন্টের কর্ম্মকারকেরদের অনেক সাহেবেরা পণ্ডিতের ব্যবস্থা না লইয়াও কর্ম্ম নির্ব্বাহ করিতে পারেন। অতএব ভরসা হয় যে আমারদের ব্যবস্থাপক কমিসান সাহেবেরা অবশ্যই হিন্দুর অবলারদের প্রতি করুণা প্রকাশ করিবেন। ঐ অবলারা আমারদের ব্যবস্থাপকের দ্বারা ক্লিষ্টা নহেন কিন্তু এক জন রাজার কেবল অবিবেচনীয় নিয়মেতে চিরকাল দুঃখ পাইতেছেন।

বেহারিলাল দে।

চুঁচুড়া ১৩ ফেব্রুআরি ১৮৩৭।

Correspondence.

To the Editor of the Durpun.

Sir,—As the attention of the public and our Law Commission has been directed towards the abolition of Polygamy and the atrocious suicides, such as that lately committed in the village of Burreejhatty, which result from it, we hail it a favourable opportunity to lay its defects before the public, and hope, Mr. Editor, you will kindly allow a little place in your valuable periodical for this letter.

Of all the enormities and sins which we generally find in the conduct of our countrymen, Polygamy is the greatest; yet the cruel koolins make it the means of gaining their livelihood. This abominable practice is repugnant both to the laws of nature and humanity. This horrible Polygamy is directly contrary to the law of ancient authors: for Yugnavulku authorizes second marriages while the first wife is alive only under eight circumstances :—1st. The vice of drinking spirituous liquors; 2dly. Incurable sickness; 3dly. Deception; 4thly. Barrenness; 5thly. Extravagance; 6thly. Frequent use of offensive language; 7thly. Producing only female offspring; or 8thly. Manifestation of hatred towards her lord; "সুরাপী ব্যাধিতা ধূর্ত্তা বন্ধ্যার্থঘ্ন্যপ্রিয়ংবদা। স্ত্রীপ্রসূশ্চাধিবেত্তব্যা পুরুষদ্বেষিণী তথা॥" And also Munoo says, chap. 9. v. 80. "A wife who drinks any spirituous liquors, who acts immorally, who shews hatred to her lord, who is incurably diseased, who is mischievous, who wastes his property, may at all times be superseded by another wife; "মদ্যপাসাধুবৃত্তা চ প্রতিকূলা চ যা ভবেৎ। ব্যাধিতা বাধিবেত্তব্যা হিংস্রার্থঘ্নী চ সর্ব্বদা॥" Now the law established by our legislator in no way obliges one to a plurality of wives, but on the contrary strongly dissuades from marrying a second wife in the lifetime of another, except under the above circumstances. Mr. Editor, our local Government have unobjectionably admitted the laws of Munoo in all the Courts of Justice in India. Polygamy is by no means permitted by the law of Munoo, or any of our petty law-givers; it is the mere fabrication of Rajah Bulloll Sen, one of the ancient monarchs of Bengal; then why should not this practice be abolished as it is not the established law of any of our legislators, nor conducive to the prosperity of the people, but on the contrary is repugnant to nature and most prejudicial to the prospects of the females? Mr. Editor, at the time of the decennial settlement, in the year 1793, there were among European gentlemen so very few acquainted with Sungskrit and with Hindoo law, that it was hardly possible to have formed a Committee of European oriental scholars and learned bramhuns to decide on points of Hindoo law. It was then highly judicious in our local Government to appoint pundits in the different Zillah Courts, and Courts of Appeal. But as we now fortunately find several of our Government functionaries capable of investigating legal questions, with but little assistance from learned natives, we conceive that our Law Commissioners will not fail to give a favourable consideration to the cause of the females, who are unfortunately groaning, not under the immediate fault of their legislators, but under the mere fabrication of an inconsiderate monarch.

We remain, Sir,

Your most obdt. servants,

Behareelall Day and Friends.

Chinsurah, 13th Feb. 1837.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

বিবিধ বিনয়পূর্ব্বক নিবেদন মিদং। মহাশয়ের নির্ম্মল দর্পণে শ্রীলশ্রীযুক্ত মহারাজা প্রতাপচন্দ্র বাহাদুরের কারামোচন এবং মহাসমারোহপূর্ব্বক কলিকাতা মহানগরে শুভাগমন সম্বাদাবগতে আনন্দসাগরে মগ্ন হইয়া শ্রীশ্রী পরমেশ্বরকে ধন্যবাদ করিলাম। ধর্ম্মো রক্ষতি ধার্ম্মিকং। এক্ষণে বিপক্ষ দল ভগ্নোদ্যম হইলেন। সম্প্রতি কলিকাতার অনেকং মান্য ধনাঢ্য মহাশয়েরদিগের লোকর্ণদ্বয়ের বিরোধ ভঞ্জন হইল মহারাজকে সিংহাসনাভিষিক্ত করণের কি সদুপায় করিতেছেন। আহা এত দিন যে না হওয়া এই আশ্চর্য্য। মহারাজাধিরাজ শ্রীযুত প্রতাপচন্দ্র বাহাদুরকে সিংহাসনে অভিষেক করা এ বড় আহ্লাদের বিষয়। ফল প্রাণপ্রতিষ্ঠা করিয়া অর্চ্চনা করামাত্র। যুধিষ্ঠির প্রভৃতি যদি পুনর্ব্বার সিংহাসন প্রাপ্ত হইয়াছিলেন তবে মহারাজও অবশ্য সিংহাসনস্থ হইবেন। অত্র সন্দেহো নাস্তি। আহা কি খেদ। রাজা প্রতাপচন্দ্র আজ সিংহাসনে আপন রাজ্যেতে আবার দরবার করিলেন। লীলা দিলেন। তাহে দোষ কি। এখন পরাণ কি নিবেদন করেন। তাঁহার তো সময় এই। এইক্ষণে আশুতোষ আভয়ানু মহারাজার শরণ লইয়া ও আকুতি ছাড়িয়া এক মুঠি বা রুটি বজায় রাখুন না কেন। রাজার তো রাবণের প্রতাপ। শেষ উপদেষ্টা তুল্য খল বাতুল অতুলরূপে বাপায়। অলমতি বিস্তারেণ নিবেদনমিতি। ১০ ফাল্গুনস্য।

কস্যচিৎ দুর্গাপুর নিবাসিনঃ

To the Editor of the Durpun.

I have been made acquainted through your excellent Durpun with the fact of the liberation of the Rajah of Burdwan and his triumphant entry into Calcutta, with which I am greatly delighted, and for which I bless God. Righteousness protects the righteous. His opponents must now be broken-hearted, while the doubts of many wealthy respectable men have been overcome by the evidence of their eyes and ears. What efforts are then in progress to restore the Rajah to his guddy? Alas! it is only surprising that he has been so long absent from it. To reseat Muharaj Prutabchunder Bahadoor in his paternal inheritance would indeed be a great matter. Every thing is ready, and nothing remains but to give a soul to the image. If Yoodhisteer regained his paternal throne, the Muharaj will not lose his; of this there can be no doubt. Alas! what sorrow that Rajah Prutabchunder should not retain his paternal seat and hold his Court. His wanderings have been an amusement. What harm is there in this? What has Pran determined to do? This is his time of action. If now he submits himself to the merciful, easily entreated Muharajah, and lays aside his pride, he may yet secure a handful of rice. The present Rajah is like Ravunu, and the fool who advises him may yet meet with the fate of Ravun's uncle. What more shall I write? 10th Falgoon.

A Resident at Doorgapore.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

বহুদিবসাবধি তাবৎ সম্বাদ পত্রেই দৃষ্টি হইতেছে নব্য রসিক পত্রপ্রেরক মহাশয়েরা কাব্য রসে কালের বশে অনায়াসে বাক্যেতে যে কতকগুলি কুলাঙ্গার ব্রাহ্মণের দোষে কুলীন ঠাকুর মহাশয়েরদিগের নিন্দা করিয়া বারং অত্যন্ত স্পষ্ট করিয়া লিখিয়া থাকেন। হে সম্পাদক মহাশয় মহাত্মাদের বিষয় এই পত্র প্রেরক মহাশয়েরা যত্ন পত্র শুদ্ধ করিয়া পত্র লিখিয়া থাকেন অথচ কৌলীন্য কত মান্য এবং কুলীন শব্দের বাক্যার্থই বা কি ইহা ভ্রমেও বিবেচনা করেন না বাস্তবিক কুলীন শব্দে নৈষ্কৌষ্যপদ যে পদে অদ্যাপিও তাবৎ সুধারাই নিরাপদে অবাধে চলিয়া আসিতেছে তবে কুলবংশজ কুলাঙ্গার যাহারদিগকে কুললক্ষ্মীত্যাগ করিয়াছেন তাহারদিগের দোষে কুলীন ঠাকুর মহাশয়েরা অপরাধী হইতে পা

To the Editor of the Durpun.

I perceived from some of the papers, that some of our new wits of correspondents, under the influence of the times, in the spirit of poetry, are covertly endeavouring to bring discredit upon the koolins, through the errors of those who are but the dross of the koolins; and are thus bringing forth to light their desires. Mr. Editor, it is a matter of regret, that these writers while they are very attentive to their spelling, are unacquainted with the dignity of the koolins, and scarcely know what the word means. The word koolin means excellent, in which excellency all the unbroken koolins continue to this day, and those excellent koolins ought not to be involved in the disgrace of those who are but the dross

রেন না। এবং কুলাঙ্গারগণকেও কুলীন বলা যাইতে পারে না বরঞ্চ তাহারদিগের সমুচিত শাস্তিতে বাঞ্ছিত আছি। কারণ উত্তরকালে কুলীন সন্তান কাহারো এমত কুপ্রবৃত্তি না হয় কিন্তু যদি কোন নিন্দক মহাশয় আপন স্বভাব গুণে। মনাপ্তনে কিম্বা বিবাহ বিহীনে লেখনী ধারণে কুলীনকে নিন্দা করিতে প্রবৃত্ত হন তেষাং প্রতি সম্প্রতি স্তুতি নতিপূর্ব্বক মিনতি এই যে তাঁহার নাম জাতি ও বসতি বিস্তারিত করিয়া পত্রে লিখিলে চিত্তের মালিন্য শূন্য হয়। কারণ নিন্দকদিগের এরূপ পত্রাবলোকনে মহাজনগণ সর্ব্বসাধারণে মনেং স্থির সিদ্ধান্ত করেন যে এরূপ নিন্দা রচা কোন পাঁঠী বেচার সন্তানভিন্ন অন্যের কর্ম্ম নহে তবে যে নাম জাতি বসতি জানিতে ইচ্ছা হয় কি জানি যদি কোন ভদ্র সন্তানই এরূপ ভদ্রতা প্রকাশ করেন তাঁহাকে কোন সভাতে আনয়নপূর্ব্বক পাঁচ জন কুলাচার্য্য ও কুলীন সম্মুখে বিচার করিয়া পরাস্তই করি বা নিরস্তই থাকি ইতি।

শ্রীঈশ্বরচন্দ্র সিমলাই
সাং শ্রীবরা।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নিবেদন মেতৎ অ অনুক্তি নিম্নে লিখিত কএক পংক্তি মহাশয়ের অতুল্য দর্পণে অর্পণ করিলে অনেকং ভদ্র সন্তানের জাতি কুল রক্ষা পাইয়া মহাশয়ের মঙ্গলোন্নতি শ্রীশ্রী৺ সন্নিধানে কায়মনে বাঞ্ছা করি। তদ্বিবরণ এই সত্য ত্রেতা দ্বাপর এবং কলির প্রথমে ক্ষত্রিয় মহাশয়েরা যিনি যখন রাজা হন্ বহু নাম প্রকাশ এবং বিবিধ সৎকর্ম্ম করাতে অদ্যাপি তাঁহারদের গুণ কীর্ত্তন হইতেছে অবশেষে বৎকালীন হিন্দুরদিগের দুরদৃষ্ট হইল তৎসময়ে বল্লালসেন বৈদ্যরাজ রাজা হইয়া রাজার নীতি এমত কোন চির স্মরণীয় কার্য্য না করিয়া কেবল এই কীর্ত্তি করিয়াছেন যে কতক গুলিন ব্রাহ্মণ সন্তানের জাতি নষ্ট করিয়াছেন পরমেশ্বরেচ্ছায় তদবধি হিন্দুরদিগের রাজত্ব যাইয়া দুর্বৃত্ত যবনাধিকার হইলেও তাহারাও তদ্রূপ আচরণ করাতে তাঁহারদিগের প্রতি রুষ্ট হইয়া অতি ধার্ম্মিক দুষ্টদমন শিষ্ট পালন ইষ্ট ইণ্ডিয়া শ্রীযুত ইংলণ্ডাধিপতি মহাশয় দিগের প্রতি রাজ্যভার অর্পণ করিলেন তাঁহারদিগের প্রশংসার লক্ষাংশের একাংশ বর্ণিতে বর্ণ হারে তবে নাগরাজ হইলে কিঞ্চিৎ প্রকাশ হয় কি না হয়। বিশেষতঃ সম্প্রতি হিন্দুদিগের পক্ষে এক সদুপায় করিয়াছেন যে অনেকং হিন্দুর বিধবাসকল স্বং স্বামির লোকান্তর পর তৎপরিবারের পরামর্শ ক্রমে সতীনাম প্রকাশার্থ ভর্ত্তৃশবসহিত দাহ হইতেছিল। এই প্রকারে প্রতিবৎসর সহস্রং স্ত্রীহত্যা হইতে ছিল পরে শ্রীলশ্রীযুত লার্ড উলিয়ম বেন্টিঙ্ক বাহাদুর সন ১৮২৯ সালের ১৭ আইন নির্দ্ধার্য্য করাতে ঐ অনিষ্ট ব্যাপার একেবারে স্থগিত হইয়া তাঁহার গুণকীর্ত্তন বিবেচকবর্গেরা করিতেছেন কিন্তু শ্রীযুত ইষ্ট ইণ্ডিয়া ইংলণ্ডাধিপতি রাঢ়ীয় শ্রেণী কুলীন ব্রাহ্মণেরদের প্রতি কোন নিয়ম না করাতে লক্ষ ২ সধবা থাকিয়াও বৈধব্যাচরণ ও বেশ্যা হইতেছে। যদি ধর্ম্মাবতার শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড গবর্নর জেনরল বাহাদুর কৃপাবলোকন পূর্ব্বক কোন নূতন চার্টর করেন তবে ভূরিং স্ত্রীলোকের জাতি ও ধর্ম্ম রক্ষা পাইয়া তাঁহার পুত্র পৌত্রাদিদিগের আশীর্ব্বাদে নিযুক্ত থাকেন বিশেষতঃ প্রজার পাপ যথাশাস্ত্র রাজার হইতে পারে। এবং এই বিষয়ের নিমিত্ত ৺ রামমোহন রায়ের একান্ত মানস ছিল তাঁহার ইউরোপে গমনেতে নিতান্ত ভরসা ছিল যে একসল বিষয় শ্রীলশ্রীযুত বাদশাহের হজুরে প্রস্তাব করিবেন কিন্ত এদেশের দুর্ভাগ্যবশতঃপ্রযুক্ত তিনি ইহলোক ত্যাগ করিলেন। সম্পাদক মহাশয় কুলীন ব্রাহ্মণের রীতি নীতি কিঞ্চিৎ এই যে প্রায় তাবৎ কন্যারি ১৫। ২০। ২৫। ৩০ বৎসরে বিবাহ হইয়া থাকে কোন স্ত্রী ভর্ত্তার পিতামহীর বয়সী হন সে যে হউক। কন্যাগণের জনক একটি কুলীন আনিয়া আপনার বংশের মধ্যে যার যত কন্যা থাকে এককালে তাহাকেই সম্প্রদান করিয়া দেন তাহাতেও কুলীন মহাশয়দিগের আশা পূর্ণ না হইয়া মত্ত হস্তির ন্যায় দিগ্বিজয়ী হইয়া নানা স্থানে এইরূপ বিবাহ করিয়া ফেরেন ৫। ৭ বৎসরের মধ্যেও স্ত্রীর মুখাবলোকন করেন না যদিও ভাগ্য বশতঃ কখন কালে আগমন করেন তৎকালে স্ত্রী বা তজ্জনক জনীর নিকটে দস্যুর ন্যায় টাকা না লইয়া গৃহমধ্যে প্রবেশ করেন না। সম্পাদক মহাশয় বিবেচনা করুন যে ঐ হতভাগা স্ত্রীরদিগের কিপর্য্যন্ত ক্লেশ ও মনস্তাপ বিশেষ কুলীন মহাশয়েরা দর্প পূর্ব্বক গল্প করিয়া থাকেন যে আমার দিগের সহস্র বিবাহ করবের বিধি আছে। পরন্তু নলডাঙ্গা নিবাসি কোন ভদ্র এতদ্রূপ কুলীনের কন্যা বাসর সংপরো নাস্তি অপকীর্ত্তি বিবরণ প্রকাশ করিতে অক্ষম হইলাম এতএব সম্পাদক মহাশয় ব্রাহ্মণের অনিষ্ট নিবারণার্থ প্রার্থনা এই যে ধর্ম্মাবতার শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এমত কোন নিয়ম নির্দ্ধার্য্য করেন যে কোন ব্রাহ্মণ কন্যা ক্রয় বিক্রয় করিতে এবং প্রত্যেক ব্যক্তি একং বিবাহের অধিক করিতে নাপারেন ইহা হইলে শ্রীলশ্রীযুতের কীর্ত্তি চন্দ্র সূর্য্যের চিরকাল দেদীপ্যমান থাকে ইতি।

কস্যচিৎ পাবনাজিলার দর্পণ পাঠকস্য।

of their race, and whose ancestral dignity is destroyed. Those men can scarcely be called koolins and no terms of disgrace can be too strong for them, if it prevent the sons of koolins in future from entering upon a disgraceful course of life. But if any despiser of the race, through his own evil dispositions or failing, to obtain a wife, has taken his pen and thus slandered the koolins, I would most humbly intreat him to give us his name, caste, and residence, at the foot of his letter, that our conjectures may be dispelled. And the reason is this, that the illustrious koolins knowing, by whom the letter was written, will be able to determine that these slanders originate with no other person than the son of some poor fellow who sold his daughter for money. Another reason for knowing the name, caste, and residence of the writer is, that if any respectable man has thus written, he may be brought before an assembly and have an opportunity of confounding the genealogist of the koolins, or of being confounded by them.

To the Editor of the Durpun.

Receive my Compliments.—If you will kindly publish in the Durpun the few lines which I send you below, the caste and honour of many respectable men will be preserved, and they will pray to God, continually for your prosperity. I would particularly observe, that all the kings and in three first and the first part of the fourth yoga performed many actions by which their fame has been preserved in remembrance. At length, when the inauspicious fortune of the Hindoos begun to wane, the Buddya King Bulial Sen having succeeded to the throne, instead of performing any illustrious action, sought fame in one single deed by which the caste of many descendants of bramhuns has been destroyed. From that period, through the appointment of God, the sovereignty of the Hindoos has passed away and the violent Mahomedan came into power; but pursuing the same course, the wrath of God has pursued them also, till at length the holy East India Company, the protector of the good, the discourager of the wicked, has been seated upon the throne of India, to describe the thousandth part of whose excellency is beyond our power. Possibly the eternal serpent with his thousand heads might in some measure adequately extol them. To write more particularly, one measure has been carried into execution for the benefit of the country. Many Hindoo widows, immediately on the death of their husbands, advised by their relatives in the hope of obtaining the honours of a Suttee, were burnt to death with the dead body of the husband. Thus thousands of women were murdered annually, but at length Lord William Bentinck prohibited this most infamous practice by Regulation 17 of 1829 and thus acquired the suffrage of all wise men; but as the English East India Company have established no rule regarding the Raree Section of the Koolin bramhuns, thousands of women are doomed to widowhood and prostitution during the life-time of their husbands. If our excellent Governor General, Lord Auckland, in the exercise of his benevolence, would publish a new charter of rights, thousands of widows would preserve their caste and religious integrity, and their sons and grandsons would continue to bless his Lordship. The shastras affirm, that the sins of the people are chargeable upon the king. The deceased Rammohun Roy was peculiarly anxious upon this subject, and his journey to Europe afforded a hope that this question would be brought through him under the notice of the King of England; but through the inauspicious fortune of this land he was snatched away from society. Mr. Editor, the fact regarding the koolin bramhuns is in short this, that the daughters of koolins are not married before the age of 15, 20, 25 or 30 years; that some of the brides are as old as the bride-grooms' grandfathers. Be that as it may; the father of the girl gets hold of a koolin bramhun, and marries him at once to all the unmarried girls in the collateral branches of his family, and yet even this does not satisfy the desires of the koolin, who like a drunken elephant roams about every where seeking for fresh wives. He rarely sees the face of any of his wives more than once in five or seven years. It through good fortune at any time he comes to the house where he has a wife, he approaches the parents of the girl like a robber and refuses to enter the house till he has received some money. Mr. Editor, you can judge what must be the keen feelings of the women when a koolin is heard to boast that he has the privilege of marrying a thousand wives. I would inform you of the disgrace to which two daughters of a koolin bramhun of Nuldanga were subject, but I cannot venture to do it. In order therefore, Mr. Editor, to prevent these evil actions of the bramhuns, I would intreat that the Governor General would establish a law that no bramhuns should be at liberty to sell or purchase brides; and that no man should be allowed more than one wife. If this were established, the fame of the Governor General would be as permanent as the sun and the moon.

A Reader of the Durpun,
residing at Pubna.

ভূবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সমপূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

সমাচার দর্পণ

১১৩০ সংখ্যা। বালম ১৯।] ১১ মার্চ ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ২৯ ফাল্গুণ। SATURDAY, MARCH 11TH, 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1130. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পুর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চার টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

আগ্রা ও বঙ্গরাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত ক...গচ্ছ তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নি...র। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান শ্রীরামপুরের মদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ১ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ১০ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য কা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমনির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনারি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাক. পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens' containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to, Price 20 Rupees.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition, carefully revised under the orders of Government and printed *in Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youths Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kritteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopu Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Raja Vuli.

Raja *Vuli*, a History of India, composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

The Bengalee Letter-Writer.

Containing Forms of Bengalee Letters, Pottahs, &c. &c. *Third Edition.* Price 1 Rupee.

Dig-durshun.

The Dig-durshun, or Indian Youths Magazine, in Bengalee only. Price 6 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

---

১ মার্চ ১৮৩৭।

উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ট গবর্নরের অধীন কর্ম্মে নিযুক্ত বঙ্গরাজধানী ভুক্ত সিবিল সরবেন্ট শ্রীযুত ডবলিউ বি জাক্সন সাহেব গত মাসের ২২ তারিখে সমুদ্র হইতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জর্জ রামজি কাম্বেল সাহেব বার্ষিক মুশাহেরা প্রাপণার্থ স্বীয় কর্ম্মে ইস্তফা দেওনে অনুমতি পাইয়া ডিউক অফ নর্থম্বরলণ্ডনামক জাহাজারোহণ করিয়াছেন। ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

২৮ ফেব্রুআরি।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি ডবলিউ স্মিৎ সাহেব চিকিৎসকের সার্টিফিকেটক্রমে উত্তমাশা অন্তরীপে গমন করাতে তৎপদে শ্রীযুত সি টকর সাহেব রেবিনিউ সদর বোর্ডের মেম্বরী কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টকর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত সি হার্ডিং সাহেব কিয়ৎকালের নিমিত্ত সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ই আর বারবেল সাহেব ১৮২৮ সালের ৩ আইনানুসারে অন্য হুকুম না হওনপর্য্যন্ত কলিকাতা প্রদেশের স্পেশিয়ল কমিস্যনরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ পি রসল সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা বর্দ্ধমানের সিবিল ও সেসন জজ এবং তাঁহার অধীন তাবৎ জিলার সুপরিণ্টেণ্ডেণ্টের কার্য্য নির্ব্বাহ করিবেন।

মেদিনীপুর ও হিজলি এক জিলাভুক্ত হইল এবং শ্রীযুত এ এফ ডানলি সাহেব তাহার কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত এম এস গিলমোর সাহেব ঐ জিলার মাজিস্ত্রেট হইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে শ্রীযুত বাবু শিবচন্দ্র পালিত জিলা চট্টগ্রামের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

১৮২৯ সালের ৯ আইন অনুসারে শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক জিলা চট্টগ্রামের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বস্বকর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

ঢাকার সিবিল ও সেসন জজ শ্রীযুত ডবলিউ ক্রেক্রাফ্ট সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ গত মাসের ২৪ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত আগামি মাসের ৩ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

মেদিনীপুরের স্পেশিয়ল ডেপুটি কালেক্টর শ্রীযুত জেন ক্রাফোর্ড সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ২১ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ ও সার্কিট কমিস্যনরের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ এ লসিংটন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে জলঙ্গীনামক জাহাজ আরোহণে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছিবার নিশ্চয় করিয়াছেন ঐ জাহাজ বোয়ালিয়াতে না পঁহুছনপর্য্যন্তের অতিরিক্ত ছুটি পাইয়াছেন।

১৩ ফেব্রুআরি।

শ্রীযুত এচ আরমষ্ট্রং সাহেব ফতেপুরের মাজিস্ত্রেট ও কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এস ডনিথর্ণ সাহেব ফতেপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কালিন মেকেঞ্জি সাহেব আগরার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

CIVIL APPOINTMENTS.

1st March, 1837.

Mr. W. B. Jackson, Civil Servant of the Bengal Presidency, employed under the Lieutenant Governor for the N. W. Provinces, reported his return from sea on the 22d ultimo.

Mr. George Ramsay Campbell, of the Civil Service, having been permitted to proceed to Europe on board the Ship *Duke of Northumberland*, preparatory to his resignation of the Service upon the retiring Annuity for a Junior Servant, embarked on that vessel, which was left by the pilot at sea on the 28th ultimo.

28th February.

The Governor of Bengal, with the sanction of the Governor General of India in Council, has been pleased to make the following appointments:

Mr. C. Tucker to officiate as a Member of the Sudder Board of Revenue, in the room of Mr. C. W. Smith, who has proceeded to the Cape of Good Hope on medical certificate.

Mr. C. Harding to officiate as a temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, in the room of Mr. Tucker.

The following appointments have been made by the Right Honourable the Governor of Bengal:

Mr. E. R. Barwell to officiate, until further orders, as Special Commissioner under Regulation III. of 1828 for the Division of Calcutta.

Mr. H. P. Russell to officiate, until further orders, as Civil Judge of Zillah Burdwan, including the superintendence of all the subordinate Courts.

Mr. A. F. Donnelly is appointed Collector of Midnapore and Hidgelee, as one District.

Mr. M. S. Gilmore to be Magistrate of do do as do.

Baboo Seeb Chunder Paulit to be Deputy Collector in Zillah Rajeshahy, under the provisions of Regulation IX. of 1833.

Baboo Obey Churrun Mullick to be Deputy Collector in Zillah Chittagong under the provisions of Regulation IX. of 1833.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. W. Cracroft, Civil and Session Judge of Dacca, till the 3d proximo, in extension of the leave granted to him on the 24th ultimo, to enable him to rejoin his station.

Mr. J. H. Crawford, Special Deputy Collector of Midnapore, from the 21st to the 30th ultimo, on private affairs.

Mr. F. A. Lushington, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, extension of leave of absence, on private affairs, until the *Jellinghee* Steamer, by which he proposes to proceed to join his station, reach Bauleah.

13th February.

Mr. H. Armstrong to be Magistrate and Collector of Futtehpore.

Mr. W. S. Donnithorne to be Joint Magistrate and Deputy Collector of Futtehpore.

Mr. Colin Mackenzie to be Joint Magistrate and Deputy Collector of Agra.

শ্রীযুত ডবলিউ পি মেসন সাহেব বান্দার জাইন্ট মাজিস্ত্রেট ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এ ক্রেগি সাহেব সহেশ্বানের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কর্ম্ম তানুসারে কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ ক্রাফোর্ড সাহেব মুজঃফরনগরের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি ডবলিউ ট্রুস্কট সাহেব আজিমগড়ের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত কালিন মাকেঞ্জি সাহেব আগ্রার মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ কমিং সাহেব আলিগড়ের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ উডকাক সাহেব মির্জাপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত পি সি ট্রেঞ্চ সাহেব মির্জাপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর জে টেলর সাহেব গোরক্ষপুরের সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর বি মর্গান সাহেব হমিরপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮ ফেব্রুয়ারি।

চিকিৎসক শ্রীযুত কুপর সাহেব ছুটি লইয়া বিলাত গমনের অনুমতি পাওয়াতে তৎপদে শ্রীযুত চিকিৎসক হিউ গথরি সাহেব বরেলি প্রদেশের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহ করণের হুকুম পাইয়াছেন।

২১ ফেব্রুয়ারি।

শ্রীযুত জি এ বুসবি সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে কলিকাতায় গমনার্থ তিন মাসের নিমিত্ত স্বীয় কর্ম্মস্থানে অনুপস্থানের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত সি জি মানসল সাহেবকে শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ট গবর্নর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত পোলিটিকাল ও জেনরল ডিপার্টমেণ্টে এবং জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ট গবর্নর সাহেবের সেক্রেটরীর কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

২১ ফেব্রুয়ারি।

শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ট গবর্নর সাহেবের উক্ত তারিখের হুকুমক্রমে শ্রী সি জি মানসল সাহেব শ্রীলশ্রীযুতের পোলিটিকাল ও জেনরল ডিপার্টমেণ্টে ও জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে ঐ সেক্রেটরীর তাবৎ কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

২৭ ফেব্রুয়ারি।

বোম্বাইস্থ পদাতিক সৈন্যের ১৫ সংখ্যক রেজিমেণ্টের লেপ্টেনন্ট শ্রীযুত ই পি লিঞ্চ সাহেব পারস্য দেশের কর্ম্মে নিযুক্ত ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের সহিত কর্ম্ম করণার্থ নিযুক্ত হইয়াছেন।

৬ মার্চ।

গোলন্দাজেরদের দ্বিতীয় লেপ্টেনন্ট শ্রীযুত নরমেন মাকলৌড সাহেব যমুনার পশ্চিম খালের সুপরিন্টেণ্ডেণ্টের দ্বিতীয় আসিষ্টাণ্টী পদে নিযুক্ত হইয়াছেন।

৮ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত হিউ ফ্রেজর সাহেব ইঙ্গলণ্ড গমনার্থ ডিউক অফ নর্থম্বলণ্ডনামক জাহাজারোহণ করিয়াছেন। ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

শ্রীযুত এস এম বৌলডরসন সাহেব কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দিবার অনুমতি পাইয়া ১৮৩৬ সালের বার্ষিক মুশাহেরা প্রাপণার্থ ফার্গিসননামক জাহাজারোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

২৮ ফেব্রুয়ারি।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর হুকুম করিয়াছেন যে এইক্ষণে বিশেষরূপে রাজস্বনিরূপণার্থ ভূমি জরীপের কার্য্যে নিযুক্ত নীচে লিখিত কর্ম্মকারকেরা আপনারদের রেবিনিউ সরবের কর্ম্মের সরহদ্দের মধ্যে কেবল ভূমির সীমাবিষয়ক বিবাদের বিশেষ নিষ্পত্ত্যর্থ ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটি কালেকটরী পদে নিযুক্ত হইলেন সেই সকল স্থান তাঁহারদের নামের নীচে ক্রমে লেখা গেল বিশেষতঃ।

শ্রীযুত লেপ্টেনন্ট এচ সিডন্স সাহেব জিলা চট্টগ্রাম।

শ্রীযুত লেপ্টেনন্ট জে এস ফিলিপস সাহেব পরগনা বোলদাখাল জিলা ত্রিপুরা।

শ্রীযুত লেপ্টেনন্ট জে এফ এজর্টন সাহেব পরগনা ফতকেরা জিলা ভাগলপুর ও মুঙ্গের।

শ্রীযুত লেপ্টেনন্ট জি এলিস সাহেব পরগনা রাজচর ও আমর্থু জিলা মুঙ্গের ও বিহার।

শ্রীযুত লেপ্টেনন্ট এচ ই এল থুলিয়র সাহেব জিলা শ্রীহট্ট ও কাছাড় ভুক্ত জয়ন্তী রাজ্য।

২৫ ফেব্রুয়ারি।

শ্রীযুত আর এচ স্কট সাহেব পোলিটিকাল ও জেনরল ডিপার্টমেণ্টে উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত গবরনর সাহেবের সেক্রেটরীর কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত স্কট সাহেব উপস্থিত না হওয়া পর্য্যন্ত শ্রীযুত সি জি মানসল সাহেব ঐ কার্য্য নির্ব্বাহ করিবেন

Mr. W. P. Masson to officiate as Joint Magistrate and Deputy Collector of Banda.

Mr. J. A. Craigie to exercise the powers of Joint Magistrate and Deputy Collector of Saheswan.

Mr. W. Crawford to officiate as Magistrate and Collector of Mozuffurnugur.

21st February.

Mr. C. W. Truscott to be Civil and Session Judge of Azimghur.

Mr. Colin Mackenzie to officiate as Magistrate and Collector of Agra.

Mr. A. Cumming to be Magistrate and Collector of Alyghur.

Mr. W. H. Woodcock to be Magistrate and Collector of Mirzapore.

Mr. P. C. Trench to be Joint Magistrate and Deputy Collector of Mirzapore.

Mr. R. J. Tayler to officiate as Civil and Session Judge of Goruckpore.

Mr. R. B. Morgan to officiate as Joint Magistrate and Deputy Collector of Humeerpore.

18th February.

Surgeon Hugh Guthrie, M. D. is appointed to the Medical Charge of the Civil Station of Bareilly in succession to Surgeon Cooper, who has obtained permission to visit Europe on Furlough.

21st February.

Mr. G. A. Busby is permitted to be absent from his Station for three months to visit Calcutta, on urgent private affairs.

The Hon'ble the Lieutenant Governor is pleased to appoint Mr. C. G. Mansel to take charge, until further orders, of the offices of Secretary to the Lieutenant Governor, in the Political and General Department, and Secretary to the Lieutenant Governor in the Judicial and Revenue Department.

21st February.

In pursuance of the orders of the Honorable the Lieutenant Governor of this date, Mr. C. G. Mansel has received charge of the offices of Secretary to the Lieutenant Governor in the Political and General Department, and Secretary to the Lieutenant Governor in the Judicial and Revenue Department.

27th February.

Lieutenant E. P. Lynch, of the 15th Regiment Bombay Native Infantry, has been appointed to do duty with the British Detachment serving in Persia.

6th March.

Second Lieutenant Norman Macleod, of Engineers, is appointed Second Assistant to the Superintendent of Canals West of the Jumna.

8th March

Mr. Hugh Fraser, Senior, of the Civil Service, embarked for England on board the Ship *Duke of Northumberland*, which vessel was left by the pilot at sea on the 28th ultimo.

Mr. S. M. Boulderson, having been permitted to resign the Honourable Company's Civil Service, and to retire upon an Annuity of the year 1836, embarked on board the Ship *Fergusson*, which vessel was left by the pilot at sea on the 4th instant.

28th February.

The Right Honourable the Governor of Bengal has been pleased to appoint the following officers,—now severally employed in the conduct of Revenue Surveys,—to be Deputy Collectors under Regulation IX. of 1833, *for the special and exclusive duty of deciding boundary disputes, within the limits of their operations as Surveyors, as specified opposite to their names respectively : viz.*

Lieutenant H. Siddons, Zillah Chittagong.

Lieutenant J. S. Phillips, Pergunnah Buldakhal, Zillah Tipperah.

Lieutenant J. F. Egerton, Pergunnah Fotkerah, Zillahs Bhagulpore and Monghyr.

Lieutenant G. Ellis, Pergunnahs Rajeer and Ameerthoo, Zillahs Monghyr and Behar.

Lieutenant H. E. L. Thuillier, the Jyntea Territory attached to Zillah Sylhet and Cachar.

25th February.

Mr. R. H. Scott to officiate as Secretary to the Lieutenant Governor of the North Western Provinces in the Political and General Departments.

Mr. C. G. Mansel will continue in charge until relieved by Mr. Scott.

সমাচার দর্পণ

শনিবার ১১ মার্চ ১৮৩৭

আদালতের জোবানবন্দী।

আদালতে জোবানবন্দী লওনবিষয়ে শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যেরূপ শেষ হুকুম প্রকাশ করিয়াছেন তাহা নীচে প্রকাশ করা যাইতেছে।

এই পত্র সদর দেওয়ানী আদালতের শ্রীযুত জজ সাহেবেরা বঙ্গাদি প্রদেশের তাবৎ সেসন জজ ও মাজিস্ত্রেট সাহেবেরদের নিকটে লিখিলেন।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা আমার প্রতি আজ্ঞা করিয়াছেন যে নিম্ন লিখিত আইন ও হুকুমের বিষয় আপনকার দৃষ্টি আকর্ষণ করা যায়। [illegible]

২ আদালতের হুকুম হইল যে সেসন জজের কোন সাক্ষী বা আসামীর জোবানবন্দী লইতে হইলে তাঁহারা আপনারদের সাক্ষাতেই লইবেন অন্যের দ্বারা লইবেন না এবং প্রিন্সিপাল সদর আমীন ও সদর আমীনেরা অন্য কোন এতদ্দেশীয় কর্ম্মকারকের হাতে এই ভার অর্পিত হইলে তাঁহারাও সেই প্রকার জোবানবন্দী লইবেন।

৩ পুনশ্চ আদালত হুকুম করিতেছেন যে আপনি যদি জানিয়া শুনিয়া এই নিয়মের অন্যথা করেন এবং তাহা যদি আদালত জানিতে পারেন তবে তাঁহারা যথোচিত শাসন করিবেন এবং আপনার অধীন কর্ম্মকারকেরদিগকে এই হুকুম মত নিয়ম প্রতি পালন করিতে অতিশয় হুকুম দিবেন।

৪ আদালতের শ্রীযুত জজসাহেবেরা অবগত আছেন যে মধ্যেং কর্ম্মের অতিবাহুল্য হইলে সিবিল জজ ও জাইন্ট মাজিস্ত্রেট ও তাঁহারদের আসিষ্টাণ্টেরদের সমক্ষে জোবানবন্দী লওনার্থ যে সকল ব্যক্তি আনীত হয় ঐ জোবানবন্দী লইতে আমলারদিগকে হুকুম দিতেই হইবে। এই

* ১৭৯৩ সালের ৯ আইনের ১৬ ধারা।

১৭৯৭ সালের ৪ আইনের ৭ ধারা।

১৭৯৬ সালের ২৮ ডিসেম্বর তারিখের সর্কুলর অর্ডর।

১৮০৯ সালের ১২ ডিসেম্বর তারিখের ঐ ঐ।

SUMACHAR DURPUN.

SATURDAY, 11TH MARCH, 1837.

Depositions.

The following are the latest rules prescribed for the taking of depositions.

To the Magistrate and Session Judges, Lower Provinces.

SIR,—I am directed by the Courts to call your immediate attention to the regulations and circular orders noted in the margin.*

2 The Court direct that every witness, or prisoner examined by a Session Judge be examined exclusively and entirely in the presence of that officer, and that the same rule be considered applicable to the Principal Sudder Ameens, Sudder Ameens, or other native judicial officers entrusted with criminal jurisdiction.

3 I am directed by the Courts to state that very serious notice will be taken of any wilful inattention to this rule, which may be brought to their notice, and you are particularly enjoined to enforce the due observation of this order, on the part of your subordinate officers.

4. The Court are aware that a pressure of public business may occasionally oblige the Civil Judges, the Magistrates, Joint Magistrates, and their assistants to empower their native officers to record the depositions of parties in cases coming before them, but the Court

* Sect. 16, Reg. IX. 1793.
Sect. 7, Reg. IV. 1797.
Cir. Order 28th Dec. 1796.
Ditto ditto 12th Dec. 1809.

ক্ষণে হুকুম হইল যে কোন অনাবশ্যক ক্ষুদ্র বিষয়ের জোবানবন্দী হইলে আমলারদের দ্বারা লওয়া যাইতে পারে এবং তাহাও ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরদের সম্মুখে লওয়া যাইবে।

৫। ১৭৯৬ সালের ২৮ দিসেম্বর তারিখের সাধারণ হুকুম যে নিত্য প্রতিপালন হইতেছে এমত আমারদের বোধ হয় না অতএব আদালত হুকুম করিতেছেন যে প্রত্যেক প্রধান সদর আমীন ও সদর আমীন প্রত্যেক জোবানবন্দী ও প্রত্যেক তজবীজের কাগজের নিম্নে পারস্য অক্ষরে নীচে লিখিতব্য মত লিখিবেন যে আমার সম্মুখেই ঐ জোবানবন্দী লিখিত হইয়াছে।×

৬। এইহুকুম মাজিস্ট্রেট সাহেব ও ইউরোপীয় অন্যান্য কর্ম্মকারক সাহেবেরদের প্রতিও অর্হিবে কিন্তু অতিভারি বিষয় হইলে এবং অপরাধের বিষয় সেসন জজের আদালতে অর্পিত হইলে আদালত হুকুম করিতেছেন যে নীচে লিখিত মতে ঐ জোবানবন্দীর নীচে ইঙ্গরেজীতে লিখিতে হইবে ✝

৭। পুনশ্চ আপনাকে জ্ঞাপন করিতেছি যে গবর্ণমেণ্টের বিশেষ হুকুমক্রমে সাক্ষী বা আসামী উত্তরকালে যে ভাষায় জোবানবন্দী দিবে কেবল সেই ভাষাতেই জোবানবন্দী লিখিয়া লইবেন। যদ্যপি ঐ মোকদ্দমা বিষয়ে কোন আপত্তি উঠে এবং তাহার কাগজ পত্র এই অদালতে অর্পণ করিতে হয় তবে পূর্ব্ববৎ পারস্য ভাষাতে তাহার এক তর্জমা করা যাইবে।

আপনার অধীনে যে সকল আদালত আছে তাহাতে এই বিধি ও নিষেধানুসারে কার্য্য করিতে হইবে।

জে এম এফ রিড। রেজিষ্টর।

এতদ্দেশহইতে ইঙ্গলণ্ডে টাকা রপ্তানী।

ভারতবর্ষের রাজস্বহইতে ইঙ্গলণ্ড দেশে দুই বৎসরের মধ্যে অর্থাৎ ১৮৩৪ সালের মে মাসঅবধি ১৮৩৬ সালের আপ্রেল মাসপর্য্যন্ত যত টাকা ইঙ্গলণ্ড দেশে প্রেরিত হয় তাহার সংখ্যা এইক্ষণে আমরা পাঠক মহাশয়েরদিগকে জ্ঞাপন করিতে ক্ষম হইলাম। প্রথম বৎসরে কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা লণ্ডন নগরে যত টাকা লইয়া ভারতবর্ষের খাজানাখানার উপরে বরাৎ দেন তৎসংখ্যা ৭৩,২৮,০০০।

দ্বিতীয় বৎসরে তাঁহারা তদ্রূপ ইঙ্গলণ্ড দেশে যত টাকা লইয়া ভারতবর্ষের উপরে বরাৎ দেন তাহার সংখ্যা ২,০৪,৫২,৫০০।

প্রথম বৎসরে কোম্পানি বাহাদুর এতদ্দেশীয় জিনিসে ইঙ্গলণ্ডদেশে ২৩,২৫,১২০ টাকা প্রেরণ করেন। দ্বিতীয় বৎসরেও তদ্রূপে ১,১৩,১২,২৮০ টাকা পাঠান এবং ঐ সময়ের মধ্যে চীন দেশ দিয়া ১,৮৪,৯৫,১৩০ টাকা প্রেরণ করেন। এই সকল টাকা জুমলাতে দৃষ্ট হইয়াছে যে গত দুই বৎসরের মধ্যে কোম্পানি বাহাদুর এই দেশের রাজস্বহইতে অন্যূন ৬ কোটি টাকা প্রেরণ করিয়াছেন।

আমার সম্মুখে আসামীর জোবানবন্দী লইয়া আমার সম্মুখেই আসামীকে স্পষ্ট করিয়া বুঝান গেল ইতি অমুক মাস অমুক তারিখে।

অমুক সদর আমীন।

কোন সাক্ষী বা আসামীর জোবানবন্দী লইতে হইলে এইরূপ লিখিতে হইবে যে আমার দ্বারা জোবানবন্দী লওয়া গেল অথবা অমুক সিরিশতাদারের দ্বারা লওয়া গেল এবং আমার সম্মুখেই আসামী প্রভৃতিকে বিলক্ষণরূপে বুঝান গেল ইতি ১৮৩৬ সাল ১ নবেম্বর।

direct that such proceedings be confined entirely to matters of minor importance, and that in all instances the depositions be taken in the presence of the European Officer presiding.

5. The circular order of the 28th December 1796, does not appear on all occasions to be regularly attended to. The Court therefore direct that the Principal Sudder Ameens and Sudder Ameens be directed at the end of each deposition or examination to certify in the Persian language in the mode indicated in the margin* that the same has been taken in their presence.

6. The same rule will also be considered applicable to the Magistrates and other European officers, but in cases of a heinous nature, and in all cases wherein a commitment may be made to the Sessions Court, The Court desire that the deposition or examination may be certified in the English language and in the mode noted in the margin.✝

7. I am further directed to inform you that under the express order of Government, you will consider yourself strictly prohibited in future from taking down the examination of parties or witnesses in any other language than that in which it is delivered; Persian translations will be as heretofore annexed to the original proceedings in the event of the trial being referred to, or called for by this Court. The above prohibition will of course be considered to extend to all the courts and tribunals over which you may exercise any jurisdiction.

I am, &c.

(Signed) J. F. M. Reid, *Register.*

Remittances from this Country to England.

We are now enabled to lay before our readers an account of the money which has been remitted to England from the revenues of India for two years extending from May 1834 to April 1836.

In the first year the Court of Directors received cash in London for which they gave orders on the Treasurers in India to the amount of 73,28,000 Rs.

In the second year they, in the same manner, received cash in England for which they gave orders on India to the amount of 2,04,52,500 Rs.

In the first year, the Company by advancing upon goods sent home 23,25,120; in the second year they sent home in the same manner 113,32,280; and during this period they sent home by way of China 1,84,95,130. It thus appears that the amount remitted during these two years, has been to the extent of *six crores* of Rupees.

---

* Taken before me and duly explained in my presence, this —— day of ——

A. B. Sudder Ameen.

✝ 'For a witness or prisoner' taken before me, or taken before A. B. Sheristadar, and duly explained in my presence, this 1st day of November 1836. *C. D. Magistrate.*

কৃত্রিমমুদ্রা করণ।

গত শনিবারে পোলিসের ডেপুটি সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত মকান সাহেব কৃত্রিম মুদ্রাকারি তিন জনকে ধরিলেন এবং তাহারদের বাটীতে ২০ কৃত্রিম মুদ্রা পাইলেন

নূতন খালের মাসুল।

কুরিয়র পত্রের দ্বারা অবগম হইল যে গত দুই মাসের মধ্যে নূতন খালে যত মাসুল আদায় হইয়াছে তাহা ২৪০০০ টাকার কম নহে। খালের খরচ পোষায়ণার্থ যত টাকার আবশ্যক তাহার তিন গুণেরো অধিক উৎপন্ন হইতেছে এবং প্রতিমাসেই বৃদ্ধি হইতেছে।

সদর বোর্ডরেবিনিউ।

১৮১৯ সালের ৮ আইনে হুকুম আছে যে পত্তনি তালুক বিক্রয়ের সময়ে ঐ নীলাম নিষ্পত্তিকরণার্থ যে নূতন কর্ম্মকারক নিযুক্ত করিতে হয় তাঁহারদের খরচ পোষায়ণার্থ শতকরা ১ টাকা করিয়া রসুম লওয়া যাইবে। মেদিনীপুরের সংপ্রতিকার কালেকটর এই টাকা আপনার অধীনে আছে বুঝিয়া ঐ কাছারীর যে এতদ্দেশীয় আমলারা লাটবন্দি কার্য্যে ও নীলাম নিকাশার্থে নিযুক্ত ছিলেন তাঁহারদের মধ্যে ঐ ৩০০ টাকা বিলি করিয়া দেন কিন্তু এতদ্রূপ টাকা বিলিকরণ অতি বেআইনী যেহেতুক আইনে হুকুম আছে যে এই প্রকার টাকা সরকারে জমা হইবে এবং ঐ স্থানে তৎকার্য্যার্থ কোন উপরি আমলাও নিযুক্ত হয় নাই অতএব কমিসানর সাহেব এই সকল বৃত্তান্ত বোর্ডে জ্ঞাপন করিলেন কিন্তু বোর্ডের সাহেবেরা বিবেচনা করিলেন যে ডাইলি সাহেবই এই টাকার দায়ীহইতে পারেন। পরে এই বিষয় বিবেচনার্থ গবর্ণমেণ্টে অর্পিত হইয়াছে।

জিলা নবদ্বীপের ফৌজদারী আদালত।

গত ১৬ ফেব্রুআরি তারিখে শ্রীযুত জান ব্রোদৃক নামক এক জন নীলকর সাহেব শ্রীযুত মতিলাল রায় ও শ্রীযুত শিবচন্দ্র রায় জমিদারেরদের গোমাস্তা মহেন্দ্রনাথ মিত্র অন্য কএক ব্যক্তির নামে নালিস করেন যে ঐ সকল লোক আমার উপর চড়াউ হইয়াছে।

অপর ১ মার্চ তারিখে ফরিয়াদীরদের সাক্ষী ও আসামী মহেন্দ্রনাথ মিত্র হাজির হওয়াতে মোকদ্দমার শুনানি হইল তাহাতে ফরিয়াদীর পক্ষে নীচে লিখিতব্য ব্যাপার অতিপ্রামাণ্যরূপে সাব্যস্ত হয় যে গত ১৫ ফেব্রুআরি তারিখে শান্তিপুর থানার সরহদ্দের মধ্যে গঙ্গাধরপুর গ্রামে এক ক্ষেত্রে ঐ সাহেবের কএক জন কৃষক কৃষি করিতে ছিল তাহাতে মহেন্দ্রনাথ ঐ স্থানে জন কতক লাঠিয়াল সঙ্গে করিয়া উপস্থিত হইয়া ঐ কৃষকদিগকে গালি দিয়া ধমকাইতে লাগিলেন তৎপরে ঐ সাহেব কোন দাঙ্গা না হয় এতদর্থে তথায় অশ্বারোহণে উপস্থিত হওয়াতে কিছু বাকছল হওনের পর মহেন্দ্রনাথ ও ঐ সকল লোক সাহেবের উপর চড়াউ হইয়া ঠেঙ্গাইতে লাগিল তৎপ্রযুক্ত ঐ সাহেবের ও অশ্বের শরীরে আঘাত হইল। তাহাতে আসামীরা দোষীকৃত হইয়া ছয় মাস কয়েদ ও ১০০ টাকা জরীমানার হুকুম হয় এবং ঐ টাকা সাত দিবসের মধ্যে না দিতে পারিলে ছয়

Coiners.

Three coiners were detected on Saturday last by Mr. M'Cann, the Deputy Superintendant of Police, and no fewer than 20 pieces of counterfeit new coins were found in the house.

Collection of Tolls at the New Canals.

We learn from the Courier, that the collections of the past month in the two canals have been little short of 24,000 Rs. which is three times as much revenue as is required, and yet the revenue is rapidly increasing from month to month.

Sudder Board of Revenue.

Regulation VIII. of 1819 declares that a fee of one per cent. on the sale of Puttunee Talooks, to meet the expense of any extra establishment which might be required to conduct those sales. The late Collector of Midnapore fancying, that this sum was at his disposal, distributed upwards of 300 Rupees among the native officers of his cutcherry who had been employed in making up the Latbundees and otherwise conducting these sales; but this mode of appropriation is altogether irregular as the Regulation directs that such sums shall be credited to Government. As no extra establishment was employed, the Commissioner reported the circumstances to the Board, who considered that Mr. D'Oyly should be held responsible for the amount, but referred the case for the decision of Government.

Zillah Nuddea.

On the 16th February last, Mr. John Brodrick, an indigo planter, lodged a complaint against Mohindronath Mitre, Gomastah, and others, in the service of Moteelol Roy and Sibchunder Roy, Zemindars, for an assault and battery.

On the 1st March the complainant, his witnesses, and one of the defendants, Mohindronath Mitre, being in attendance, the case was gone into, when the evidence for the prosecution established satisfactorily the following facts:—That on the 15th of Feb. while certain labourers in the employ of Mr. Brodrick, were at work in a field under his cultivation in Gungadhurpore, within the Santipore Thanah, Mohindronath came to the spot, accompanied with a number of men armed with clubs and sticks; that the latter began to make use of abusive and threatening expressions to the said labourers; when the former arrived there mounted on a horse to prevent any breach of the peace; that some words then passed between them; and that on this the men of Mohindronath being ordered, attacked Mr. B., who as well as his horse received several blows of sticks.

Defendant was convicted and sentenced to be imprisoned for six months, and to pay a fine of 100 Rupees, and unless paid within seven days, to be kept on hard labour during the imprisonment; and in default of the fine the

মাস না হইয়া নয় মাস কঠিন পরিশ্রম যুক্ত কয়েদ থাকিতে হইবে। অপর হুকুম হইল যে অবশিষ্ট অপরাধি লোক ও জমিজার মতিলাল রায় ও শিবচন্দ্র রায়ের পাঁচ দিবসের মধ্যে হাজির হইতে হইবে।

term of imprisonment to be enlarged to nine months.

Orders were then given that the rest of the defendants, as also Moteelal Roy and Seebchunder Roy, should be in attendance in the Court within five days.—*Hurk. Mar. 7.*

হরিপালে খুন।

হরিপালের থানার দারোগার রিপোর্ট পাঠে দৃষ্ট হইল যে ছয় ব্যক্তির মধ্যে যে চারি ব্যক্তির চৈতন্য হইয়াছে তাহারা কহে যে আমরা কলিকাতাস্থ বড় বাজারের গোপীচাঁদ অজবালের ভৃত্য আমারদের নাম রূপরাম মসুরাম হীরালাল কানাই লাল আমারদের স্থানে পাঁচ গেঁজে মোহর ছিল এতদ্ভিন্ন ষোল হাজার টাকার সোণার বাইট ছিল তাহাতে দারোগা আরো কহিলেন যে এই বিষয় জানিবার নিমিত্ত আমি কলিকাস্থ গোপীচাঁদের নিকটে লিখিয়াছি।

Murder at Hurripaul.

By a report from the darogah of Hurripaul Thannah, it appeared that the four surviving of the six individuals having come to their senses, stated that they were men in the employ of Gopee Chunder Oswall, of Burra Bazar, Calcutta; that their names were Roopram, Mosooram, Heralaul and Conuyelaul; and that they had with them five purses of Goldmohurs, and gold ingots to the amount of sixteen thousand rupees. The darogah further stated that he had written to Gopee Chunder at Calcutta on the subject.

মহিষাদল ও তমোলক জমিদারী।

কটক জিলাতে মহিষাদল ও তমোলুক এই প্রধান দুই জমিদারীতে রাজস্ব অনেক বাকি পড়িয়াছে বিশেষ মহিষাদলে ৩,৭১,০০০ টাকা তমোলুকে ৩ লক্ষ টাকারো অধিক। এই সকল বাকি পড়নের কারণ কেবল ঐ সকল জমিদারেরদের অপরিমিত ব্যয় কিয়ৎকালাবধি তাঁহারদের ঐ জমিদারীর নীলামকরণ বিষয়ে মনোযোগ হইতেছে কিন্তু জমিদারেরা আপনারদের ঐ সম্পত্তি নীলাম না হয় এই নিমিত্ত অতিব্যগ্র আছেন তথাপি তদ্বিষয়ে কোন বিশেষ উদ্যোগ করেন না। ঐ সকল জমিদারেরা গবর্ণমেণ্টের স্থানে নিমক মুশাহেরা বলিয়া অনেক টাকা পাইতা থাকেন অর্থাৎ পূর্ব্ব রাজার আমলে তাহারদের নিমক প্রস্তুত করিয়া দেওনের ক্ষমতা ছিল পরে কোম্পানি বাহাদুর যখন নিমকের একচেটিয়ারূপ বাণিজ্য করিতে আরম্ভ করিলেন তখন ঐ সকল জমিদার ও অন্যান্য জমিদারেরদিগকে নিমক প্রস্তুতকরণের ক্ষমতা রহিত করিয়া তৎপরিবর্ত্তে বার্ষিক নগদ টাকা নির্দ্দিষ্ট করিয়া দিলেন। তাহাতে তমোলুকের জমিদারকে নিমকের মুশাহেরা বলিয়া প্রতিবৎসরে ১৪৬৯১ টাকা এবং মহিষাদলের জমিদারকে বার্ষিক ২০৭৩৭ টাকা দিতে স্বীকৃত হইলেন। যদ্যপি তাঁহারদের জমিদারী বাকি খাজানার নিমিত্ত নীলাম হয় তবে তৎসঙ্গে ঐ বার্ষিক মুশাহেরারো নীলাম হইবে এবং তাহাতে জমিদারেরা কেবল আপনারদের ভূমি সম্পত্তি খোয়াইবেন এমত নহে অধিকন্তু গবর্ণমেণ্টের স্থানে বার্ষিক যাহা পাইয়া থাকেন তাহা সুদ্ধ যাইবে অতএব কএকমাসাবধি এই বিষয়ে সূক্ষ্ম বিবেচনা হইতেছে যেহেতুক গবর্ণমেণ্টের কদাচ এমত ইচ্ছা নহে যে ঐ সকল জমিদারেরদের বহুকালীন জমিদারী এককালে নীলাম হইয়া যায়। পরিশেষে বোর্ডের সাহেবেরা অতিসচ্ছীলতাপূর্ব্বক গবর্ণমেণ্টে এই নিবেদন করিলেন যে উক্ত জমিদারেরা বার্ষিক যে মুশাহেরা পাইয়া থাকেন তাহা একেবারে বিংশতি বৎসরের মূল্যে ক্রয়করত রহিত করা যায়। এইরূপ বন্দোবস্ত করিলে তমোলুকের জমিদার ২৯৩৮২০ টাকা একেবারে থোকে পাইবেন মহিষাদলের জমিদার প্রায় ৪ লক্ষ টাকা পাইবেন। তমোলুকের জমিদার যত টাকা পাইবেন তাহাতে প্রায় তাঁহার বাকি পরিশোধ হইবে মহিষাদলের জমিদারের তাবৎ বাকি শোধ গিয়া প্রায় লক্ষ টাকা হাতে থাকিবে এতদ্রূপে তাঁহারদের জমিদারী রক্ষা পাইতে পারে কিন্তু তাঁহারা নিমক বাবতে যত টাকা পাইতেন কেবল তাহাই যায়।

Moisadol and Tumlook Zemindarees.

The proprietors of two large estates in Cuttack called Moisadol and Tumlook have latterly fallen into heavy arrears of revenue; the latter to the extent of 3,71,000 Rs. the former to above three lakhs of Rupees. These arrears have been accumulated solely in consequence of the extravagance of the Zemindars. Means have been for some time projected for the settlement of their accounts, but though the Zemindars are very anxious to save their property from being put up to sale they are not disposed to make any exertion whatever. They received from Government annually a sum on account of salt mosohera, that is to say, they had formerly the privilege of making salt upon their own land; but when Government established the salt monopoly, they agreed to pay these and other zemindars an annual sum in lieu of those privileges. The Tumlook Zemindar receives annually for salt mosohera the sum of 14,691 Rs. The Moisadol receives 20,737 Rs. If the Zemindaries were put up to sale for arrears, this mosohera will be sold with the estate, and the Zemindars will lose not only their estates but this sum which is annually paid to them by Government. For several months this subject has been very anxiously enquired into, as Government are very anxious that the Zemindars should not be deprived of their estates, and the Board have very liberally proposed to Government to purchase from the Zemindars this mosohera by paying them at once its value for 20 years. This will give to the Tumlook Zemindar 2,93,820 Rs. and to the Moisadol Zemindar more than four lakhs of rupees. In the Tumlook case this sum will be nearly equal to the arrears, in the case of the Moisadol Zemindaree, it will pay off all his arrears and leave him one lakh of Rupees in hand. Thus their Zemindarees will be saved from being sold, and they will lose only the annual mosohera which they used to receive for salt.

অপ্রাপ্য রাজস্ব।

বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টে এই পরামর্শ দিয়াছেন যে নীচে লিখিতব্য অপ্রাপ্য রাজস্বের হিসাব কালেক্টরী বহীহইতে একেবারে উঠান যায়। ঐ রাজস্ব ১৮২৬ সাল অবধি বাকি পড়িয়াছে এবং ঐ বৎসর অবধি প্রতি সনেই কালেক্টরী বহীতে বাকির হিসাব তোলা যাইতেছে কিন্তু সকলই অবগত আছেন যে ঐ টাকা আদায় করণের কিছুমাত্র ভরসা নাই যেহেতুক যে ব্যক্তিরা মরিয়াছে অথবা কিছুমাত্র দৃষ্ট সম্পত্তি না রাখিয়া পলায়ন করিয়াছে তাহারদের স্থানেই ঐ টাকা বাকি আছে তাহার সংখ্যা এই

বাখরগঞ্জ	টাকা	৭৭৮৯০
নবদ্বীপ		১,০২,৯৮২
মুরশিদাবাদ		২,৯২৪
বীরভূম		১৬,৬৭৮
মালদহ		৬,১৩১
		২,০৬,৬০৫

Irrecoverable Claims.

The Board have submitted to government the expediency of writing off the following amounts of irrecoverable balances, accruing prior to 1826, and which have long encumbered the books of the respective Collectorates, although well known to be utterly hopeless of recovery, they chiefly arising from the death or absconding of the defaulters without leaving any discoverable property from which the balances might be realized.

Backergunge	Rs. 77,890
Nuddeah	1,02,982
Moorshedabad	2,924
Peerbhoom	16,678
Malda	6,131
Engl.	Rs. 2,06,605

যে মোকদ্দমায় দ্বারকানাথঠাকুর ফরিয়াদী ফাগিসন কোং আসামী।

সেই মোকদ্দমা ৭ মার্চ তারিখে সুপ্রিম কোর্টে উপস্থিত হইয়া বিচারিত হয়। তদ্বিবরণ এই লক্ষ টাকার এক নোট ফর্গিসন কোং পুরাতন ওরিএণ্টল ইনসুরেন্স কোম্পানির সেক্রেটরী মাকিণ্টস কোম্পানিকে দেন। শ্রীযুত আদবোকেড জেনরল সাহেব ও শ্রীযুত ক্লার্ক সাহেব ও শ্রীযুত অজবরন সাহেব দ্বারকানাথ ঠাকুরের পক্ষে ও শ্রীযুত প্রিন্সপ সাহেব ও শ্রীযুত সাণ্ডস সাহেব আসামী সাহেবেরদের পক্ষে উকীল ছিলেন। তাহাতে কোর্ট শ্রীযুক্ত বাবুর পক্ষে ৭৫,৪৮২।৵ টাকার ডিক্রী করিলেন এবং ১৮৩৩ সালের ২৬ নবেম্বর তারিখঅবধি শতকরা ৬ টাকার হিসাবে সুদ দেওনের হুকুম দিয়া কহিলেন যে ইহার মধ্যে ফার্গসন কোম্পানির স্থানে ফরিয়াদী যে তিন খেপ ডেবিডেণ্ড পাইয়াছেন তাহা বাদ যাইবে।

Baboo Dwarkanath Tagore, versus the Assignee of Fergusson and Co.

On the 7th of March this suit was brought on in the Supreme Court. The money was due on a promissory note given by Fergusson and Co. for Mackintosh and Co. as Secretaries of the old Oriental Insurance Company. The Advocate General, with Mr. Clark and Mr. Osborn appeared in favour of Dwarkanath Tagore, and Mr. Prinsep and Mr. Sandes in favour of the Assignees. The Court gave a verdict in favour of the Baboo for Sicca Rupees 75,482 11 as. with interest at 6 per cent. from the 26th November, 1833, deducting three dividends which the plaintiff had received from the estate of Fergusson and Co. as creditors.

যশোহর।

ইঙ্গলিসমেন পত্রের এক জন পত্রপ্রেরকের পত্রপাঠে অবগত হওয়া গেল যে যশোহরস্থ বণিকেরা কিয়ৎকালাবধি কোম্পানির টাকাতে ঘসা পয়সা চৌদ্দ সওয়া চৌদ্দ গণ্ডা করিয়া এবং সিক্কা টাকাতে সওয়া পনর গণ্ডা দিতেছে কিন্তু গত কএক মাসাবধি কোং টাকাতে পৌনে তের গণ্ডা সিক্কা টাকায় সওয়া তের গণ্ডা দিতেছে।

Jessore.

We learn from a Correspondent of the *Englishman*, that the money changers in Jessore, who had for some time been in the habit of giving 56, 57 and 58 of the ghatee pice for Company's Rupees and 61 for a Sicca Rupee, have for the last month been giving only 51 and 52 pice for a Company's Rupee, and 53 for a Sicca one.

পাবনা।

কএক দিবস হইল পাবনা জিলার পাশা নামক থানাহইতে একশত হাত অন্তরিত এক গ্রামে ডাকাইতী হয়। তাহাতে যদ্যপি গ্রামস্থ লোকেরা সোরসরাবৎ করিতে লাগিল এবং থানার বরকন্দাজ বা তৎসংক্রান্ত লোক ছিল তথাপি ভয়প্রযুক্ত ঘরহইতে তাহারা বাহির হইল না। ঐ স্থানে ন্যূনাধিক ১১০০০ টাকার সম্পত্তি লুঠ হয়।

Pubna.

Some few days ago a dacoity took place in a village within 50 yards of the Thanna Pasha in Pubna, and though the alarm was given by the villagers, neither the Dewan of the Thanna who was then present, nor any of the Burkundauzes moved out of their huts for fear. The property and money taken away is valued at 11,000 Rupees.

কোলেরদের দেশ।

ইঙ্গলিসমেন পত্রপাঠে পরমাপ্যায়িত হইলাম যে কোলেরদের অঞ্চলে শ্রীযুত কাপ্তান উলকিনসন সাহেব যেরূপ উদ্যোগ করিতেছেন তদ্দ্বারা বিলক্ষণ সুফল

The Cole Country.

We are happy to learn from the *Englishman*, that the exertions of Captain Wilkinson among the Coles have been productive of the happiest effect. The

দর্শিয়াছে একটি গোলা ক্ষেপ করিতে না হইয়াই মশহূর দস্যুর. ধরা পড়িয়াছে এবং বৃটনীয় প্রজারদের স্থানহইতে তাহারা যে সকল গরুপ্রভৃতি লুঠিয়া লইয়াছিল তাহা ফিরে পাওয়া গিয়াছে এতদ্রূপে সাধারণ লোকেরদের উৎপাতি ব্যক্তিরদের দমন হওয়াতে ও হৃত সম্পত্তি পুনঃপ্রাপণেতে পুনর্ব্বার ঐ অঞ্চলে বাণিজ্যের উন্নতি সম্ভাবনা আছে। এবং বোধ হয় ইহার পর অনেক বৎসরপর্য্যন্ত ঐ প্রদেশে শান্তি স্থিরীকরণার্থ কোন সৈন্য প্রেরণের আবশ্যক থাকিবে না। ফলতঃ ঐ সীমাতে যে উৎপাত উপস্থিত হইয়াছিল তাহা দুই জন ক্ষুদ্র জমিদারেরদের দ্বারা তাঁহারাই তাবৎ গোলযোগের মূল।

শ্রীযুত টকর সাহেব।

অবগত হওয়া গেল যে শ্রীযুত টকর সাহেব সদর বোর্ডের মেম্বরী পদে মনোনীত হইয়া কলিকাতায় উত্তরণানন্তর বোর্ডে উপবেশনারম্ভ করিয়াছেন।

পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন আমরা কিয়ৎকাল পূর্ব্বে জ্ঞাপন করিয়াছিলাম যে শ্রীহট্ট জিলার দুরবস্থাবিষয় গবর্ণমেণ্ট এইক্ষণে বিবেচনা করিতেছেন। পূর্ব্বে শ্রীযুত টকর সাহেব ঐ জিলার কালেক্টর থাকিতে জিলার যে রূপ উন্নতি ছিল তদ্রূপ পরে আর হয় নাই তাহাতে গবর্ণমেণ্ট শ্রীযুত টকর সাহেবের নিকটে লিপির দ্বারা এই জিজ্ঞাসা করিতে হুকুম দেন যে তিনি কি উপায়ের দ্বারা ঐ জিলার সৌষ্ঠব করিয়া ছিলেন তাহাতে শ্রীযুত টকর সাহেব এই কহিলেন যে আমি এইক্ষণে কলিকাতায় গমনোন্মুখ হইয়াছি কলিকাতায় পঁহুছিয়া শ্রীহট্ট জিলার অবস্থাবিষয়ে বোর্ডের সাহেবেরদের সঙ্গে যে সকল লিখন পঠন হইয়াছে তাহা পাঠ করিয়া অতিবিবেচনাপূর্ব্বক তথাহইতে উত্তর লিখিব।

বাকিরাজবের সুদ মৌকুফ।

গত অক্টোবর মাসে বোর্ডের সাহেবের দিগকে গবর্ণমেণ্ট এই হুকুম দেন যে কটক জিলাতে যে জমিদারীর চির বন্দোবস্ত হইয়াছে সেই জমিদারীতে খাজানা বাকি পড়িলে সুদ মৌকুফকরণ বিষয়ে বোর্ডের সাহেবেরা রিপোর্ট করেন। তাহাতে কমিস্যনর শ্রীযুত রিকিটস সাহেব এই রিপোর্ট দেন যে তাঁহার এলাকার মধ্যে যে জমিদারী চিরকালীন বন্দোবস্ত হইয়াছে তাহার সংখ্যা কটক জিলাতে ১১ খোর্দাতে ১ এবং ঐ সকল জমিদারীর রাজস্ব বাকির উপরে সুদ লওয়া পরামৃশ্য নহে যেহেতুক ১৮১৮ সালের ১০ আইনের বিধি বিলক্ষণরূপে জারী হইলে অধিক বাকি হইতে পারে না এবং শ্রীযুত কমিস্যনর সাহেব আরো জ্ঞাপন করিলেন ঐ মহলে সুদ আদায়করণ বা না করণের ক্ষমতা আইন অনুসারে আমার প্রতি অর্পিত হইয়াছে। বোর্ডের শ্রীযুক্ত সাহেবেরা এই উত্তর গবর্ণমেণ্টে অর্পণ করিয়া লেখেন যে শ্রীযুত রিকিটস সাহেবের মতে আমারদের সম্পূর্ণ সম্মতি আছে।

আসাম।

আসাম দেশে দেওয়ানী মোকদ্দমা নির্ব্বাহার্থ এইক্ষণে নানা আইন মুদ্রিত হইয়া প্রকাশ হইয়াছে এবং তাহার এক চুম্বক কুরিয়র সম্বাদপত্রে প্রকাশিত হয় দেশের মধ্যে সামান্য যে আইন চলিত আছে তৎসহে এই আইনের তাদৃশ বৈলক্ষণ্য নাই। ঐ দেশে দেশীয় জজেরদের দুই শ্রেণী থাকিবে প্রথম মুনসেফ তাঁহারা এক শত টাকাপর্য্যন্ত মোকদ্দমা নির্ব্বাহ করিবেন দ্বিতীয় সদর আমীন হাজার টাকাপর্য্যন্ত মোকদ্দমার নিষ্পত্তি করিবেন এবং মুনসেফের কৃত নিষ্পত্তির আপীল শুনিতে পারিবেন। দেওয়ানী মোকদ্দমা নির্ব্বাহার্থ ঐ প্রদেশে ইউরোপীয় সাহেবেরা অর্থাৎ স্পেসিয়ল কমিস্যনর ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবেরা নিযুক্ত থাকিবেন তাবৎ জোবানবন্দী আসিষ্টাণ্ট বা নাএব আসিষ্টাণ্ট অথবা আদালতের প্রধান আমলার সমক্ষে বঙ্গ ভাষাতে লেখা যাইবে এবং তাঁহারা তাহাতে দস্তখৎ করিবেন।

---

ringleader marauders have almost, without firing a shot, been secured, and the cattle plundered by them from the subjects of the British Government have been restored. The disturbers of the public peace being thus put down, and the property being thus secured, trade will again revive. It is not supposed that for years to come there will be any necessity of sending a military force into the Cole country; in fact the disturbances arose in a great measure from two petty Zemindars who embroiled the whole frontier.

Mr. Tucker.

We understand that Mr. Tucker, who has been appointed to officiate as member of the Sudder Board of Revenue, has reached Calcutta and taken his seat at the Board.

Our readers may remember, that we stated some time ago, that the distressed condition of the Sylhet district was under the consideration of Government, that the district had never attained such property as it enjoyed when Mr. Tucker was the Collector of it, and that the Government have directed a letter to be written to Mr. Tucker to request him to explain by what means he contrived to manage that district. Mr. Tucker in his reply stated, that he was on the point of going to Calcutta, that on his arrival there he would examine all the correspondence which had passed upon the subject and send in his deliberate opinions on the subject to Government.

Exemption from Interest on Arrears.

In October last Government required the Board of Revenue to report on the subject of exempting the permanent estates in Cuttack from the payment of interest on their arrears. The Commissioner, Mr. Ricketts, stated that the numbers of the permanently settled states in his division were, 11 in Cuttack and 1 in Khoorda, and that it would be inexpedient to levy interest on these estates; for if the spirit of Reg. X. of 1818 were acted up to, no considerable arrears could be ever realized. The Commissioner also asserts, that according to that Regulation it is discretionary with him to levy interest from the muhals or not. This reply the Board have forwarded to Government and expressed their concurrence in the opinion of Mr. Ricketts.

Assam.

The rules of administration of Civil justice in Assam, have just been printed for circulation, and an Analysis of them has now been published in the *Courier.* They do not appear to differ much from the rules which prevail in the Regulation code. There are to be two classes of Native Judges, Moonsiffs to try suits not exceeding the value of a Hundred Rupees, and Sudder Ameens with similar powers in cases of original suits not exceeding in value 1,000 Rupees. They are likewise to hear appeals from the Moonsiffs. The European functionaries for the administration of Civil justice, are the Commissioner and his Assistants. Depositions are to be taken in Bengalee in the presence of the Assistant or a Junior Assistant, or the head officer of the Court, who is to attest the same with his own signature.

নৌনেহাল সিংহের বিবাহ।

এইক্ষণে পশ্চিম প্রদেশে সর্ব্বাপেক্ষা যে গুরুতর বিষয় উপস্থিত তাহা আগামি হোলাকোৎসবসময়ে শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহের পৌত্র শ্রীযুত নৌনেহাল সিংহের শুভবিবাহ। শ্রীযুক্ত রাজা ইঙ্গলণ্ডীয় প্রধান সৈন্যাধ্যক্ষ শ্রীযুত সাহেবকে এই বিনয়ামন্ত্রণ করিয়াছেন যে তিনি এই বিবাহে স্বয়ং শুভাগমন করেন এবং শ্রীযুত সাহেবকেও গবর্ণমেণ্ট তদ্রোপস্থানে অনুমতি প্রদান করিয়াছেন। ঐ সাহেব অতিভারি এক দল ইঙ্গলণ্ডীয় সৈন্য লইয়া তথায় অধিষ্ঠান করিবেন। এতদ্বিষয়ে মিরট অবজরবরে লেখে যে বহুতর প্রযত্নপূর্ব্বক মহারাজ রণজিৎ সিংহ যে স্বীয় সিংহাসন স্থাপন করিয়াছেন ঐ সিংহাসনে তদীয় লোকান্তরোত্তর যাঁহাকে উপবেশনের সঙ্কল্প করিয়াছেন অর্থাৎ ঐ পৌত্রকে তাঁহার বিবাহ সময়ে এমত পরাক্রান্ত বড় মনুষ্যকে আহ্বান করণের অভিপ্রায় এই যে ঐ পৌত্র ইঙ্গলণ্ডীয়েরদের আশ্রয়ে থাকেন অথবা ইঙ্গলণ্ডীয়েরা তাঁহার কোন বিরুদ্ধাচরণ না করেন। যদ্যপি তাঁহার উত্তরাধিকারিত্ব বিষয়ে কোন বিরোধ উপস্থিত হয় তবে ইঙ্গলণ্ডীয় ঐ প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের এই বিবাহ কালে উপস্থিত হওনেতে তৎপদাভিলাষি অন্যান্য ব্যক্তির এমত বোধ হইবে যে অবশ্য বৃটিস গবর্ণমেণ্টের সঙ্গে ইহাঁর কোন বন্দোবস্ত হইয়া থাকিবে এবং ইহাতে উত্তর কালে ঐ রাজার পক্ষে বিলক্ষণ শুভ সম্ভাবনা বটে। শুনাগেল যে মহারাজ রণজিৎ সিংহের অধীনে যে ভারিং জমিদারেরা আছেন তাঁহারা এইক্ষণে এই বিবাহোপলক্ষে আহূত হইয়া অতিত্বরায় রাজধানীতে আগমনপূর্ব্বক মহারাজকে বিহিত সম্ভ্রমাদি করিবেন।

পুণ্যনগরে সংস্কৃত কালেজ।

বোম্বাইর সমাচার দর্পণে লেখে যে পুণ্যনগরের সংস্কৃত কালেজ উঠিয়া যাওনের যে আশঙ্কা ছিল তাহা এইক্ষণে দূরীকৃত হইয়াছে। তদ্বিষয়ে বোম্বাইর গবরনর শ্রীযুক্ত সর রাবর্ট গ্রাণ্ট সাহেবের এই প্রশংসা হয় যে বোম্বাই অঞ্চলে সংস্কৃত বিদ্যা শিক্ষার্থ যে একটি পাঠশালা লুপ্ত প্রায় হইয়াছিল তাহা শ্রীযুক্ত সাহেবের উদ্যোগেতেই রক্ষা পাইয়াছে।

ডাইনে খাওয়া ও তৎপ্রতি দণ্ড।

বোম্বাই দর্পণহইতে নীচে লিখিত বিবরণ প্রাপ্ত হওয়া গেল। নাইদুরবার পরগনে নেজর গ্রামে গোবিন্দ চামারের রাজী নামে যে স্ত্রী সর্ব্বত্র ডাইন বলিয়া প্রসিদ্ধ সে ঐ স্থানীয় মণ্ডলের দুই পুত্রকে খায় এমত প্রবাদ আছে ফলতঃ এক পুত্র চারি পাঁচ বৎসর পূর্ব্বে পীড়িত হইয়া মারা পড়ে দ্বিতীয় পুত্র চারি মাসঅবধি অসুস্থ হইয়া মরে তাহাতে সকলে কহিল যে ঐ ডাকিনীই ইহারদিগকে খেয়ে ফেলিয়াছে। তাহাতে মণ্ডলের হুকুমেতে উক্ত ডা

Lahore.

The most important affair on the tapis in the Western Provinces is the marriage of Runjeet Sing's grandson, Now-Nihal Sing, at the approaching festival of the Hoolee. The Lahore Chieftain besought the Commander-in-Chief to honour the nuptials with his presence, and the Government have authorized the Commander-in-Chief to accept the invitation. He proceeds with a good escort composed of some of our finest troops. We should apprehend, says the Meerut Observer, that the chief aim of the wily old Lion in soliciting the presence of so distinguished a guest at the nuptials of the relation he had chosen to succeed him on the throne which he has established with infinite labour for himself, is to secure for that heir the protection, or at all events the neutrality of his powerful British allies, should his right to the succession be disputed. The presence of the Commander-in-Chief at these nuptials will impress the other pretenders with an idea that some arrangement has been entered into upon the subject with the British Government; and this will doubtless have due weight on their ulterior measures. It is said that all the chieftains under Runjeet Sing's authority are hastening to the Capital to pay their respects to their Sovereign on this occasion.

Poona Sungskrit College.

The Poona Sungskrit College, we are glad to hear, is not likely to meet the fate, which it was feared, it had been doomed to suffer. It reflects great credit on Sir Robert Grant and his Government, that the only institution that existed on this side of Hindoosthan for the encouragement and cultivation of the classical literature of India, has been preserved from destruction under their rule.—*Bomb. Durp.*

Cruelty to an Imp.

The following intelligence is taken from the Bombay Durpun.

In the village of Nizur in the Pergunnah of Naidoorbar there lived a Chambhareen, named Rajee, wife of Govinda Chambhar. She was reported to have been Dankeen (female imp) and the killer of the two sons of the Mundul Kaunjee of that place. One has died 4 or 5 years since, and the other who had been ill four months ago, was represented to have been eaten by the Dankeen. She was in consequence suspended by the Mundul's desire to a Pimpul tree to make her confess the fault she was charged with—This having

কিনী আপনার দোষ কবুল করে এই নিমিত্ত তাহাকে পিপ্পল বৃক্ষে লটকান গেল। তাহাতেও কবুল না করাতে নানাপ্রকার যন্ত্রণা অর্থাৎ প্রথমতঃ গাত্রে মশালের ছেকা এবং চক্ষে গাচ মরিচ রগড়াইয়া দেওয়া যাইতে লাগিল এই অতিদারুণ নির্দয় যন্ত্রণার্তে ঐ স্ত্রী দশ দিবস পরেই মরিল।

তাহাতে নাইদুরবার তালুকের মামলৎদার ঐ মণ্ডলকে এই দারুণ অত্যাচার করাতে ধরিয়া মাজিস্ত্রেট সাহেবের নিকটে পাঠাইলেন। মাজিস্ত্রেট সাহেব এই মোকদ্দমা সেসন জজ সাহেবের নিকটে অর্পণ করিলেন। গত মাসের ৬ তারিখে শ্রীযুত জজ সাহেব এইবিষয় বিবেচনা করিয়া যে মণ্ডলের হুকুমেতে ঐ স্ত্রীকে উক্ত প্রকার যন্ত্রণা দেওয়া যায় তাহাকে ফাঁসি এবং যে তিন জন ঐ অপরাধের অংশী ছিল তাহারদিগকে কঠিন পরিশ্রমযুক্ত চৌদ্দ বৎসর কয়েদের হুকুম দিলেন এবং যে ব্যক্তি ঐ স্ত্রীকে ডাইন কহিয়াছিল সেও যদ্যপি গুরুতর দণ্ড প্রাপণের যোগ্য তথাপি অন্ধপ্রযুক্ত কেবল পাঁচ বৎসর কঠিন পরিশ্রমযুক্ত কয়েদের হুকুম পাইল।

proved ineffectual, they contrived a severe mode of torture to force her to admit the crime, which did she not commit—They, in the first place, scalded her with burning fuels; next they tortured her with covering her eyes with balls of pounded red pepper, so that the victim of such unspeakable cruelties expired after ten days.

The Mamlutdar of the Talooka of Naidoorbar arrested the perpetrator of this atrocious guilt, together with his accomplices, and sent them to the Magistrate, who referred the case to the decision of the Session Judge. On the 6th instant the Judge decided it, decreeing the person (the Mundul) by whose orders the tortures were inflicted, to be hanged, and the three individuals who committed the cruelties, to be imprisoned with hard labour 14 years; and though the hero who gave out her being Dankeen was entitled to a more severe punishment, blindness pleaded in his favour, and he is punished with five years imprisonment with hard labour.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

অত্যাবশক বোধ করিয়া আপনকার নিকটে পত্রপ্রেরণ করিতেছি ভরসা করি আপনি অনুগ্রহ করিয়া দর্পণৈক পার্শ্বে স্থান দান করিবেন। তাহাতে আমারদের উপরিস্থ বিচারকর্ত্তারদের অবশ্য কর্ণগোচর হইতে পারিবে।

১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে জিলা রাজশাহীতে এক জন ডেপুটি কালেকটর নিযুক্তকরণের আবশ্যক হওয়াতে এই এলাকার শ্রীযুত কমিস্যনর সাহেব শ্রীযুত সদর বোর্ডের সাহেবেরদের দ্বারা তদ্বিষয় গবর্ণমেণ্টে নিবেদন করিলেন ঐ আবেদন মঞ্জুর হইলে কমিস্যনরের প্রতি তদনুসারি আজ্ঞা হইল এবং জিলার কালেকটর সাহেব শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে অনেক ব্যক্তির নামাঙ্কিত করিয়া ফৌজদারী সিরিশতাদার অতিবিজ্ঞ এক ব্যক্তিকে তৎকর্ম্মে নিযুক্ত করিতে পরামর্শ দিলেন এবং ঐ সিরিশতাদারের তৎকর্ম্মে নিযুক্তকরণ বিসয়ে কালেকটর সাহেব আপনার কোন আপত্তি বা তৎকর্ম্মে তাঁহার অযোগ্যতা বিষয় কিছুই লিখিলেন না এবং তদ্বিষয়ে শ্রীযুত কমিস্যনর সাহেব লেখেন যে জমিদারসম্পর্কীয় প্রাচীন বংশ্য অনেক ব্যক্তি এই কর্ম্ম প্রাপণার্থ আমার নিকটে প্রার্থক আছেন এবং তাঁহারা উপযুক্তও বটেন অতএব তাঁহারদের নিমিত্ত আমি গবর্ণমেণ্টে জ্ঞাপন করিতে উদ্যত ছিলাম কিন্তু তাঁহারা কহিলেন যে ফৌজদারী সিরিশতাদারকে কালেকটরসাহেব অবশ্যই মনোনীত করিয়া নিযুক্ত করিবেন অতএব তাঁহার নিকটে প্রেরণ করা বিফল হইবে। ঐ পদের ভার ও গৌরব বিষয়ে বোর্ডের সাহেবেরা বিবেচনা করিলেন যে এবম্বিধ পদে পূর্ব্বাপেক্ষা অধিক উচ্চ বিত্ত ব্যক্তি মনোনীতকরণ উচিত এবং এতাদৃশ ব্যক্তিরদের সঙ্গে আমারদের সংপ্রীতি রাখা কর্ত্তব্য এবং তাঁহারদিগকে দেশের আন্তরিক কর্ম্মে নিযুক্ত করিয়া কর্ম্মক্ষম করা যাইতে পারে অতএব তাঁহারা হুকুম করিলেন যে এতদ্রূপ যত ব্যক্তি আপনার মনোনীত হইয়াছে এবং কালেকটর সাহেব যাঁহারদের নামাঙ্কিত করিয়াছেন তাঁহারদের নামের ফর্দ আমারদের নিকটে প্রেরণ করিবেন অতএব এখানকার রেবিনিউ কর্ম্মকারক সাহেবেরা কএক দিবসপর্য্যন্ত অনেক বাচনিকরণপূর্ব্বক কতিপয় ব্যক্তির নাম নির্দ্দিষ্ট করিয়া প্রত্যেক ব্যক্তির কর্ম্মযোগ্যতা বিষয়ে আপনারদের অভিপ্রায়ও লিখিলেন কিন্তু বোর্ডের সাহেবেরা ঐ সকল লিখিত কাগজ পত্র কিছু বিবেচনা না করিয়া আপনারদের দপ্তরের রিকার্ড কিপর শ্রীযুত শিবচন্দ্র পালিতকে ঐ কর্ম্মে নিযুক্ত করিতে গবর্ণমেণ্টকে পরামর্শ দিলেন কিন্তু ঐ মহাশয়ের রীতি চরিত্র কর্ম্মক্ষমতা বিষয় কিপর্য্যন্ত তাহা এখানকার রেবিনিউ কর্ম্মকারক সাহেবেরা বুঝিতে পারিলেন না।

অতএব সম্পাদক মহাশয় যদ্যপি রেবিনিউ বোর্ডের সাহেবেরা আপনারদের রিকার্ড কিপরের বিষয় বুঝিয়াছেন যে কমিস্যনর সাহেব যেপ্রকার ব্যক্তিরদিগকে নিয়োগার্থ মনোনীত করিয়াছিলেন ইনিও তাদৃশ ব্যক্তি এবং কালেকটর সাহেব যে ফৌজদারী সিরিশতাদারকে মনোনীত করিয়াছিলেন তদপেক্ষা ইনি উত্তম ব্যক্তি তবে কি নিমিত্ত তাঁহাকে এককালে নিযুক্ত না করিয়া কালেকটর ও কমিস্যনর সাহেবেরদের তদ্বিষয়ে মিথ্যা পরিশ্রম করাইয়া সময় হরণ করিলেন।

এই পদাভিলাষি ব্যক্তিরদের নাম এই২।

ফৌজদারী সিরিশতাদার ইবরাহিম হুসেন অতিমান্য বংশ্য পারস্য ও বাঙ্গলা ও আরবীয় ভাষাতে অতিনিপুণ তাঁহার রীতি চরিত্র ও যোগ্যতার বিষয় বোর্ডের সাহেবেরা সর্টিফিকট দৃষ্টি করিয়া বোধ করিয়া থাকিবেন।

ঠাকুরদাস বাঁড়ুয্যে বঙ্গ ও পারস্য ভাসাতে অতিবিজ্ঞ এবং ইঙ্গরেজী ভাষাতেও দৃষ্টি আছে গবর্ণমেণ্টের রেবিনিউ আইন বিলক্ষণ জ্ঞাত সর্টিফিকট দৃষ্টি করিলেই বোধ হইবে।

রামগোবিন্দ সেন ১৮১৯ সালের ২ আইনের বিধিক্রমে সিরিশতাদার এবং অন্য ব্যক্ত্যপেক্ষা তৎকর্ম্ম প্রাপণের অতিযোগ্য যেহেতুক এই মহাশয় কালেকটরী কর্ম্মবিষয়ক তাবৎ আইন বিজ্ঞ।

মধুসূদন মুখুয্যে সরকারী ইমারতের তত্ত্বাবধারক অতিপ্রসিদ্ধ বংশ্য হিসাবে অতিনিপুণ বিংশতি বৎসরাবধি সরকারী কর্ম্মে নিয়ত নিযুক্ত আছেন। অবশিষ্ট মহাশয়েরদের কর্ম্ম যোগ্যতাবিষয়ে আমি তাবৎ জ্ঞাত নহি কিন্তু আমি জানিতে ইচ্ছা করি যে উপরিউক্ত মহাশয়েরদের যোগ্যতাঅপেক্ষা বোর্ডের রিকার্ড কিপরের কি অতিরিক্ত যোগ্যতা আছে।

এইক্ষণে হে প্রিয় স্বদেশীয় মহাশয়বর্গ এইকর্ম্মেরদ্বারা আপনারা জ্ঞাত হইতে পারিবেন যে রিকার্ড কিপরের পদ বোর্ডের সাহেবেরা তাবৎ বিদ্যার মূল জ্ঞান করিয়া অতিশ্রেষ্ঠ বোধ করেন অতএব ইহা বিবেচনা করিয়া যে মহামহা পদ এইক্ষণে আপনারদের প্রতি মুক্ত হইয়াছে তাহা প্রাপণের নিমিত্ত আমি পরামর্শ দেই যে আপনারা যথাসাধ্য ঐ রিকার্ড কিপরের পদ প্রাপণে উদ্যোগী হন এবং তাহাতে কৃতকার্য্য হইলে অবশ্যই অন্যান্য উচ্চ পদ পাইতে পারিবেন।

২৬ ফেব্রুআরি ১৮৩৭।

B G.

Correspondence.

To the Editor of the Durpun.

Sir —Nothing short of absolute necessity has compelled me to address you on the following subject, which I hope you will be good enough to insert in a corner of your paper for the purpose of its being brought under the immediate notice of our superior Rulers.

1st. There being an urgency of appointing a native Deputy Collector under Regulation IX. of 1833, in the district of Rajshahye, the late Commissioner of the Division had applied to Government through the Sudder Board of Revenue, which being approved of, the said Commissioner was directed accordingly, and the Collector of the District sent in his nomination Roll to his superior, recommending an individual (the Foujdaree Sheristadar) of great abilities, who, in recording his opinion thereon, stated no objections whatever as to his general character and fitness for the appointment. But with reference to that gentleman's observation he remarks, "Several applications on the part of persons possessing landed property descendants of old families, and sufficiently qualified for the purpose, have been made to me, whom of course I referred to the Collector, but they thought it useless doing so, knowing that the Foujdaree Sheristadar had been selected for the nomination," As to the nature and importance of the office, the said Board consider. that of course if possible, a higher class of their native subjects should be selected for these situations and whom in the present times it should be their policy by all means in their power to conciliate, and by regular training to render them qualified to assist in administering the internal affairs of the country, and requested transmission of all the Durkhasts presented on the occasion accompanied by the Collector's nomination Roll. The Local Revenue Officers, so directed, took some days to select such persons and to record their opinions under the respective heads of "Remarks" but on consideration of *all* the papers in the case, the Board have had the pleasure of recommending Seebchunder Paulit, late Record-keeper in their office to Government for the appointment, whose character and qualifications were unaccountable to the gentleman of the Revenue branch at the station.

2d. Under these circumstances, Mr. Editor, I am at a loss to know, why the Board had not thought proper to prevent such an unnecessary labour, as well as loss of time, on the part of their subordinates, by directly appointing the said Record-keeper if they found him to be a man of the same grade as solicited by the Commissioner and better qualified than the Foujdaree Sheristadar (the first nominee) recommended by the Collector

List of Applicants at the Station.

Ebraim Hossien, Foujdaree Sheristadar, of a respectable family, well acquainted with the Persian, Bengalee and Arabic languages, and whose character and qualifications are well known to the Board by the certificates which accompanied his application.

Thakoordass Banerjee, Moonsiff of Nattore, well educated in Bengalee and Persian, and possesses a competent knowledge of English, as also an idea of all the Revenue Regulations. Vide Certificates.

Ramgobind Shen, Sheristadar under Regulation II. of 1819, better qualified than any to fill such vacancy, being thoroughly acquainted with all the regulations relating to the appointment in question.

Modhoo Soodun Mookerjea, Assistant Overseer in the Department of Public Works, descendant of an old family, and possesses an efficient knowledge of English and Bengalee; also a perfect master of accounts, he has been in Government service upwards of 20 years.

I am not aware of any of the rest. I shall feel greatly obliged if any one explains to me, what more qualifications the Board had found in the Record-keeper than the above named Applicants possess.

Now, my dear Countrymen, learn from this example, that the situation of Record-keeper is highly esteemed by the Superior authorities, as the root of every language. Consequent on this information, I, with a view of your succeeding to the high appointments now open to natives, do intreat you all, my dear Countrymen, to try your best endeavours in seeking the office of Record-keeper, whenever vacant, and on its success I have no room to doubt that you will, to your superior's satisfaction, be able to advance to so high an appointment.

I am, Sir,

Your most obedient servt.

26th February, 1837. B. G.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সবিনয়পূর্ব্বক নিবেদন মিদং। ভবদীয় অমূল্য দর্পণৈক পার্শ্বে মদীয় কএক পংক্তি সংশোধনপূর্ব্বক স্থান দানে মান দান করিবেন।

আপনকার ১১০৩ সংখ্যক দর্পণে মাজিস্ত্রেটী সংখ্যা বৃদ্ধি বিষয়ে যে প্রস্তাব লিখিত হইয়াছে তদ্ভিন্ন পোলীসের কার্য্য সুধারামত নির্ব্বাহের অন্য কোন উপায় দৃষ্ট হয় না। মাজিস্ত্রেট সাহেব আপন এলাকার মধ্যে স্বয়ং পরিভ্রমণপূর্ব্বক তাবদ্বিষয়ের তত্ত্বাবধারণ করিলে যে রূপ ফল দর্শিতে পারে সেরূপ অন্য কোন প্রকারেই সম্ভবে না।

শ্রীযুত টি সি উডকাক সাহেব যৎকালীন ব[illegible]ভার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কর্ম্মে নিযুক্ত ছিলেন তৎকালীন ঐ রূপে তথাকার পোলীসের কার্য্য নির্ব্বাহ করিতেন ঐ দয়ালু সাহেব আপন এলাকার নিকটবর্ত্তি গ্রামমণ্ডলে সাবকাশমতে ভ্রমণ করিয়া অনেকানেক দস্যু ও নীলকর সাহেবদিগের দৌরাত্ম্যের শৈথিল্য করিয়াছিলেন যদি কোন দীন দরিদ্র প্রজা প্রতি তৎপ্রদেশীয় দস্যু অথবা যে কেহ অত্যাচার করিত সে ব্যক্তি বাঙ্গলা কাগজে আপনার দুঃখের বিবরণ লিখিয়া পথ মধ্যে দিলে তাহা গ্রহণ করিয়া তাহার শাসন করিতেন ভূম্যধিকারিরা প্রজার প্রতি কোন অত্যাচার করা দূরে থাকুক পোলীসের আমলারাও তাহার প্রতি কোন অত্যাচার করিতে সমর্থ হইতেন না। কোন অনাথা স্ত্রী লোক যাহার দরখাস্ত করাবের সম্ভাবনা নাই তাহারা সাহেবের ভ্রমণ সময়ে সম্মুখে দাঁড়াইয়া কৃতাঞ্জলিপূর্ব্বক স্বং দুঃখবিবরণ নিবেদন করিলে সে নালিশ গ্রহণপূর্ব্বক বিচার করিতেন। অতএব এরূপ নিয়ম সর্ব্বত্র প্রচলিত হইলে পোলীসের কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হইতে পারে নচেৎ মাজিস্ত্রেট সাহেবেরা কেবল বিচার গৃহে বসিয়া স্বং জিলার সমুদায় স্থানের তদারক কি করিবেন বরং বিচারস্থলের অতিনিকটে যে সকল অত্যাচার হইতেছে তাহার শতাংশের একাংশও জানিতে পারেন না ইহার এক উদাহরণের স্থল দেখুন জিলা চব্বিশ পরগনার ফৌজদারী কাছারিহইতে তিন ক্রোশ অন্তর বোড়াল নামক গ্রামে কতিপয় ভদ্র সন্তান বিদ্যাহীনতা প্রযুক্ত কুসংসর্গ গ্রস্ত হইয়া লোক লজ্জা ধর্ম্মভয় পরিত্যাগপূর্ব্বক গাঁজা তাড়ি ইত্যাদি মাদক দ্রব্যের পান ও ব্যভিচারাদি দুষ্কর্ম্ম করত বাজারিয়া দলনামে বিখ্যাত হইয়াছে ঐ দলের প্রধান দুই কায়স্থ সন্তান এবং তাহারদিগের সহায় কতকগুলিন অন্য নীচজাতীয় মন্দ লোক আছে ঐ দলাধিপতি ভদ্র সন্তানেরা কএক বৎসরাবধি লোকের উপরে যেরূপ অত্যাচার করিতে প্রবর্ত্ত হইয়াছে এবং বিবিধ প্রকারে ধন শোষণ করিতেছে তাহা সমুদায় লিখিয়া শেষ করা দুঃসাধ্য সুতরাং সংক্ষেপে স্থূল বিবরণ কিঞ্চিৎ লিখিতে হইল। তাহারা যে লোকের কিঞ্চিৎ সঙ্গতি আছে দেখে অথবা যে লোক চাকুরি করিয়া দিনপাত করে তাহার নিকট কিছু চাহিলে যদি না দেয় তবে তাহাকে মিথ্যা প্রবঞ্চ দিয়া মারিপিট করে এবং অনেক প্রকারে দণ্ড চেষ্টা পায়। গরিব দুঃখি লোক গ্রামে বিবাহ দিতে আইলে তাহার বাপের নিকট গ্রামভাটী বলিয়া টাকা লয় আকাঙ্ক্ষামত না দিতে পারিলে তাহারদিগকে মারিপিট করিয়া বিবাহ দিতে দেয় না। গ্রামের বাহিরে তাহারদিগের এক বাগান আছে যদ্যপি কাহার গরু ছাগল তাহাতে গেলে ঐ সকল গরু ছাগল কয়েদ রাখিয়া তাহারদের নিকট খণাখারি লয় কাহার বা গরু ছাগল চুপেং বিক্রয় করে ঐ বাগানে বসিয়া তাহারা দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা নিষ্পত্তি করে যেহেতু গ্রামে সামান্য চুরি ছিনালি লুকাচুরি দাঙ্গা মারিপিট ও সরাগতি কাজিয়া ইত্যাদি কোন বিষয় উপস্থিত হইলে আপনারদিগের লোক অথবা চৌকিদারকে দিয়া তাহারদিগকে ধরিয়া আনিয়া মারপিট করিয়া বিষয় বুঝিয়া পাঁচ সাত দশ টাকা খণাখারি করিয়া ছাড়িয়া দেয়। এ গ্রামের ফৌজদারী মোকদ্দমা মাজিস্ত্রেট সাহেবের নিকট প্রায় যায় না। কিছু দিন পূর্ব্বে ইহারা রাস্তাহইতে লোকের বৌ ঝি ধরিয়া নিয়া বলাৎকার করিত তাহার মধ্যে এক সেকরাণীকে বলাৎকার করিবায় স্বর্ণকারেরা তৎকালের মাজিস্ত্রেট মেং বেরওয়েল সাহেবের নিকট নালিস বন্দ হইবাতে ঐ দুষ্টেরদিগের নামে গ্রেপ্তারি হয় তাহাতে কিছু দিন পলাতক থাকিয়া আমলা লোককে উৎকোচ দানদ্বারা ত্রাণ পায়। এক ধোপার কন্যাকে তাহার পিতৃ গৃহহইতে বাহির করিয়া কিছু দিন আপনারদিগের নিকট রাখিয়াছিল যখন তাহার ভ্রাতা মাজিস্ত্রেট সাহেবের নিকট নালিস করিলেক তখন তাহাকে টালিগঞ্জের এক বেশ্যার নিকট বিক্রয় করে। এইক্ষণেও ঐ গ্রামের এক কৈবর্ত্তের কন্যা ও পুত্র বধূকে এবং এক পোদের কন্যাকে বাহির করিয়া ঐ গ্রামের মধ্যে তিন স্বতন্ত্র স্থানে তিন জনকে রাখিয়াছে যেখানে ঐ দুষ্টেরা সর্ব্বদা যাইয়া জটলা করে। তাহারা যে কিপর্য্যন্ত দাঙ্গাবাজ তাহা লিখিয়া কি জানাইব। জজ সাহেবের মকরুরি পিয়াদাকে মারিয়া আসামী ছিনাইয়া লইয়াছে এবং বেতন লইয়া অনেকের পক্ষ হইয়া ভারিং লড়াই ফতে করিয়াছে অদ্যাপিও করিতেছে অনায়াসে মানি লোকের মানহানি করিতেছে। সম্পাদক মহাশয় যে লোকের উপর তাহারদিগের দৌরাত্ম্যের কথা কি কহিব।

কস্যচিৎ মফঃসলনিবাসি দর্পণপাঠকস্য।

To the Editor of the Durpun.

SIR—I intreat you to do me the favour of giving the following lines a place in your Durpun.

In the 11031 No. of the Durpun you have written about the increase of the Magistrates, and besides this we see no other means of improving the administration. The good results which may be expected from the Magistrates travelling through the district and examining into its state can be expected from no other arrangement.

When Mr. T. C. Woodcock was the acting Joint Magistrate and Deputy Collector, he was in the habit of administering the Police in this manner. That benevolent gentleman embraced every occasion of visiting the villages near his residence, and was thus enabled to repress the outrages of many of the evil disposed and of the planters. When any individual oppressed his poor neighbour, the man had only to write an application in Bengalee, with an account of his distress and give it to that gentleman in the street, and it was immediately received and the evil redressed. So far from any of the Zemindars afflicting their ryuts, even the Amlahs of the Police dared him not to do it. Many unprotected females who had not the means of writing out applications, were in the habit of standing on the road and informing him of their distress, when he heard and redressed their complaints. If this rule universally prevailed, the business of the Police would move on smoothly; but how can a Magistrate examine into every part of his district while he is seated at home? Indeed of the oppressions which are practised in places which are close to him, he cannot know one in a hundred. To prove this I would state, that in the village of Burral only six miles from the Cutchery of the 24-Pergunnahs a number of the sons of respectable men have been led into evil society through their ignorance, and having overcome the shame of society and the fear of religion, have given themselves up to the use of intoxicating drugs, and to the practice of impurity, and called themselves the circle of Bazaria. The heads of this party are the two sons of a kayastha, and their accomplices are a set of low and wicked people. The heads of the party, though men of respectable family, have for several years, entered upon a course of oppression, and in many ways deprive the people of their property in such a way as I cannot describe, although I give you a general outline of their conduct. When they see a man possessed of property, or a man who earns money by service, they first ask him for some, and if it be denied them, proceed to beat him, and in various ways seek to injure him. When a poor man comes to the village to celebrate a wedding, they levy contributions upon him, and if he does not give them what they require, they proceed to beat him and prevent the wedding. They have a garden without the village, and when the cattle of any individual stray into it they are impounded and not let go until a fine is paid. And often they quietly sell the goats and cows of others. In that garden they hold a civil and criminal Court, and when there is any theft, or robbery, or riot, or contusion in the town, they seize the people through their chowkedars, or through their own people and punish them, and according to circumstances they fine them 5, 7, or 10 Rupees. Scarcely any criminal complaints go from that village to the Magistrate. A few days ago they began to seize women in the streets and to use violence against them. Among the women was the wife of a goldsmith, and the goldsmith immediately complained against them to the Magistrate, Mr. Barwell, who ordered a Purwannah to be issued to seize them; upon which they fled for some time and then got off by bribing the Amlahs. They took away from her father's house the daughter of a washerman whom they kept among them for some time. When the brother complained to the Magistrate they sold the girl into a brothel at Tallygunge and even now they have got out the daughter of a Coibut o and his daughter-in-law as well as the daughter of a Pode, whom they have put in three separate places, to which those wicked men continually resort. I cannot adequately describe their conduct; they have beaten away the peon of the Magistrate, and on receiving money they have by means of force, obtained the victory of causes, and are still doing so. They can at any time dishonour respectable men. Mr. Editor, it is impossible for me to describe all their enormities.

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

আমারদিগের নিকট মফঃসলহইতে সংপ্রতি এক পত্র আসিয়াছে তাহাতে লেখক বলেন কোম্পানি বাহাদুরের ক্ষুদ্র চাকরেরা কোনং স্থলে অত্যন্ত অত্যাচার আরম্ভ করিয়াছেন অতএব আমরা শাসনকারি মহাশয়দিগের গোচর নিমিত্ত ঐ পত্রের মর্ম্ম সর্ব্বসাধারণের নিকট প্রকাশ করিতেছি।

লোকের গলদেশে গামছা মোড়া দিয়া হত্যা করে এই কারণ যাহারা গামছা মোড়ানামে খ্যাত ঐ সকল দস্যুরা পদ্মা এবং ব্রহ্মপুত্রেতে ডাকাইতী করিতেছে বহরমপুরের মাজিস্ত্রেট সাহেব মনে করিয়াছিলেন এই দস্যু বৃত্তি বারণ করিবেন কিন্তু তদর্থে যে উপায় করিয়াছিলেন তাহাতেই অন্য এক মহা অনিষ্ট উপস্থিত হইয়াছে এতদ্বিষয় বারণার্থ তিনি এক বক্সী এবং জমাদার হাওয়ালদার ও দশ জন সিপাহী নিযুক্ত করেন এবং তাঁহারদিগকে বলিয়াছিলেন যে কতিপয় দস্যু ধৃত হইয়াছে তাহারদের তিন জনকে সঙ্গে নিয়া প্রত্যেক থানাতে ভ্রমণ করিতে হইবে কিন্তু ঐ নিযুক্ত লোকেরা যেং গ্রামদিয়া যাইতেছে তাহারা গ্রাম বুঝিয়া ১২ টাকা অবধি পাঁচ শত টাকা পর্য্যন্ত হাত মারিতেছে পদ্মার নিকট মথুরানামে এক গ্রাম আছে ঐ ব্যক্তিরা যখন সেইখানে গিয়াছিল তখন প্রজারা অত্যন্ত ভয় পাইয়াছে তাহারদিগের সঙ্গে যে তিন জন দস্যু আছে তাহারা প্রতারণাপূর্ব্বক ভদ্রসন্তানকেও চোর বলে বিশেষতঃ সাল কিম্বা উত্তম পরিচ্ছদ ধারি লোক দেখিলেই স্বচ্ছন্দে তাঁহাকে আপনারদের সঙ্গি বলিয়া দেখাইয়া দেয় অতএব দস্যুদমনার্থ যে দস্যুরা নিযুক্ত হইয়াছিল তাহারাই প্রতারণাপূর্ব্বক এপর্য্যন্ত ২৫ হাজার টাকা সংগ্রহ করিয়াছে আমারদিগের বোধ হয় লেখক মহাশয় টাকার বিষয়ে কিঞ্চিৎ বাহুল্যরূপে লিখিয়া থাকিবেন কিন্তু এই বিষয় যে যথার্থ তাহাতে সন্দেহ নাই।—জ্ঞানান্বেষণ।

Spirit of the Native Papers.

We have lately received a letter from the Mofussil, by which it appears that a set of Government servants are committing the most unjust and oppressive acts in certain villages. We proceed to lay the particulars before the public, hoping that they may attract the notice of the proper authorities. The rivers Pudda and Burmapooter were infested with pirates, who went under the name of Gaumchha Morra. The way in which these murderers effect their horrid purposes, is by twisting a towel or Gaumchha round the neck. The Magistrate of Berhampore, in his endeavours to check this evil, has created (unknowingly we admit) another, which we are about to notice. For the purpose of apprehending these robbers he has appointed a Bucksy, a Jamadar, a Havildar and ten Sepoys to go round to the different Thannas, with three of the convicted pirates in their charge. "They are levying," says our correspondent, "a tax of from 12 to 500 rupees from every village they are passing. They were at Mothoora, a village on the Pudda, where during their continuance, the people were in a state of continual terror. The pirates maliciously declare respectable and innocent people to have been their associates, and should they happen to have shawls or fine dresses on, they are identified by the pirates as those that were obtained in their company. It is said that this gang of robbers, whom the Government have employed to check piracy, have collected about 25,000 rupees in the manner we have described. It is not unlikely there may be some exaggeration in the information we have received; but we have no manner of doubt that the main statements are founded upon truth.—*Gyan.*

১১৩১ সংখ্যা। বালম ১৯।] ১৮ মার্চ ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ৬ চৈত্র। SATURDAY, MARCH 18TH. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1131. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৩মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব ভোলনাথ রক্ষিতের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সূতানুটিতে হাটখোলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গুদাম ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১ এক কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী ভোলানাথ রক্ষিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে শ্রীশ্রী৺ প্রাপ্ত রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ভূমি। উত্তর দিগে রামচন্দ্র দের ভূমি। পশ্চিম দিগে চৈতন কুণ্ডের গোলাবাটী। পূর্ব্ব দিগে কোম্পানির রাস্তা।

এবং কলিকাতানগরের সূতানুটিতে ধর্ম্মতলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩॥০ আট কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী ভোলানাথ রক্ষিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে মৃত ভগবান পালের ভূমি। উত্তর দিগে গোরাচাঁদ দত্তের পুষ্করিণী। পূর্ব্বে দিগে মৃত নন্দরাম সেনের ভূমি। দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

রিসিবর আফীস।

জমিদারী ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় উমেশচন্দ্র পাল চৌধুরী দিগর ফরিয়াদী ও ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগর আসামী ইত্যাদি সেই মোকদ্দমায় ১৮২৮ সালের ১৬ সেপ্তেম্বর তারিখের সুপ্রিম কোর্টের হুকুম প্রমাণ শ্রীযুত জেমেস ওয়েরহাগ সাহেব উপর উক্ত উমেশচন্দ্র পাল চৌধুরীও ৺ রত্নচন্দ্র পালচৌধুরী উত্তরাধিকারির জমিদারী দিগরের রিসিবর মোকরর হইয়াছেন অতএব ১৮৩৭ সাল সোমবার ২৭মার্চ বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফীসে নীচের লিখিত জমিদারী ১ খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজরার মিয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফীসে উপস্থিত হইবেন ইজারার সরৎ ও ব্যাওরা রিসিবর আফীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

জায়।

পরগনা বাগমারা জিলা নদীয়া মং ৪২ মৌজা।

ঐ জিলার চাকলে শ্রীনগরের ডিহি অনন্তপুর ওগয়রহ মং ৮৩ মৌজা।

তরফ মুনশিবপুর ঐ জিলা মং ২৫ মৌজা।

ডিহি রাজাপুর ঐ জিলা মং ১৮ মৌজা।

চাকলে ধুলিয়েপুর ও ডিহি কৃষ্ণপুর ঐ জিলা মং ১৪৯ মৌজা।

ঐ জিলার ও ২৪ পরগনার শামিল তালুক দিগলগ্রাম মং ৬ মৌজা।

ডিহি বাজিতপুর পরগনা দাঁতিয়ে জিলা যশোহর মং ৮৬॥০ মৌজা।

রিসিবর আফীস ১৩ মার্চ ১৮৩৭ সাল।

রিসিবর আফীস।

তালুক ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় এলিআট মেকলাটন দিগর ফরিয়াদী ও হরমোহন রায় দিগর আসামী সেই মোকদ্দমায় সন ১৮৩৭ সালের ২ ফেব্রুআরি তারিখের সুপ্রিম কোর্টের হুকুম প্রমাণ শ্রীযুত এলিআট মেকলাটন সাহেব জিলা ২৪ পরগনা লক্ষ্মীপুর তালুকের রিসিবর মোকরর হইয়া ঐ তালুক ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব আগামি সোমবার ২০ মার্চ বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফীসে ঐ তালুক লক্ষ্মীপুর ইজারা দেওয়া যাইবেক ইজারার মিয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক অতএব যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফীসে উপস্থিত হইবেন ইজারার সরৎ ও ব্যাওরা রিসিবর আফীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফীস ১৩ মার্চ ১৮৩৭ সাল।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

হরনাম মিশ্র ফরিয়াদী

বামেশ্বর পাড়ে দিং আসামী

ইং ১৮৩৬ সাল ১ জুলাই তারিখে এই মোকদ্দমার যে ডিক্রী হয় ঐ ডিক্রীর হুকুমঅনুসারে মৌজে খোরিয়া পরগনা সামরো সাহাবাজ জিলায় যত জমি ও আওলাত ওগয়রহ যে কিছু ঐ উপর লিখিত ডিক্রীতে কথিত আছে ঐ সকল বিষয় আমার আফীসে সুপ্রিম কোর্টে ১৭ আপ্রিল বেলা দুই প্রহর নাং দুইটাপর্য্যন্ত আমি পবলিকসেলে যথার্থ মূল্যে বিক্রয় করিব।

A. Dobbs.

W. D. Shaw, কৈং উকীল।

২। যদ্যপিস্যাৎ কোন ব্যক্তি খরিদ করিতে বাঞ্ছা করেন তবে আমার আফীসে কিম্বা উকীল সাহেবের আফীসে বিশেষ বেওরা জানিতে পারিবেন।

A. Dobb.

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ।।০ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপুর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্স্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

৬ মার্চ ১৮৩৭।

মহীশূরের কমিসানরের একটিং আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত এচ মনগমেরি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ভারতবর্ষীয় সমুদ্রের পশ্চিম তটে গমনার্থ ১ ফেব্রুআরি তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

৮ মার্চ।

বঙ্গরাজধানীস্থ সিবিল সরবেণ্ট শ্রীযুত উলিয়ম ক্রেক্রাফ্‌ট সাহেব গত ১০ জানুআরি তারিখে সমুদ্রহইতে প্রত্যাগত হইলেন এমত রিপোর্ট করিয়াছেন।

সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

২৮ ফেব্রুআরি।

শ্রীযুত ডনেলি সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত পি জি ই টেলর সাহেব সদর দেওয়ানী ও নিজামত আদালতের ডেপুটি রেজিষ্টর ও রিপোর্ট প্রস্তুতকারক হইয়াছেন।

৭ মার্চ।

শ্রীযুত ডবলিউ ক্রেক্রাফ্‌ট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত চাকার একটিং সিবিল ও সেসন জজের তাবৎ চলিত কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ বেল সাহেবকে অর্পণ করিয়া চব্বিশ পরগনার সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

উক্ত শ্রীযুত বেল সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত তৎকার্য্য নির্ব্বাহ করিবেন।

পাটনা জিলা শ্রীযুত এ রিড সাহেবের এলাকার শামিল বিষয়ে গত মাসের ৪ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত হুকুম রদ হওয়াতে সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর অন্য হুকুম করিয়াছেন যে শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব পাটনা জিলার নিষ্কর ভূমি বিষয়ক তজবীজ করণার্থ স্পেসিয়ল ডেপুটি কালেকটরী পদে নিযুক্ত হইয়াছেন কিন্তু শ্রীযুত জেনিংস সাহেব কর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ ফরবস সাহেব গত মাসের ২৮ তারিখঅবধি কটকের মধ্য প্রদেশের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি বি ট্রিবর সাহেব যশোহরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে আলেকজান্দর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সাণ্ডিস সাহেবের দিনাজপুরে গমনার্থ যে তারিখে জিলা সাহাবাদহইতে প্রস্থিত হইবেন সেইতারিখঅবধি সাহাবাদ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

পাটনার মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ আর জেনিংস সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ গত ২০ দিসেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত সাত দিবসের ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের রেজিষ্টর শ্রীযুত জে এফ এম রিড সাহেব স্বীয় কর্ম্মোপক্ষে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি পনর দিবসের নিমিত্ত ছুটিপাইয়াছেন।

পবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জে বি ওগিলবি সাহেব গত ২৪ জানুআরি তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের শেষপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

জিলা বীরভূমের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলিম অস্বাস্থ্যপ্রযুক্ত গত দিসেম্বর মাসের ৬ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত আড়াই মাসের ছুটি পাইয়াছেন।

রেবিনিউ সদর বোর্ডে কিয়ৎ দিবসের নিমিত্ত মেম্বরী পদে নিযুক্ত শ্রীযুত এচ ওয়াল্টর

CIVIL APPOINTMENTS.

6th March, 1837.

Lieutenant H. Montgomery, Officiating Assistant to the Mysore Commissioner, has obtained leave of absence from the 1st of February to the 15th instant, to proceed to the Western Coast, on Sick Certificate.

8th March.

Mr. William Cracroft, a Civil Servant of the Bengal Presidency, reported his return from sea on the 10th of January last.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

28th February.

Mr. P. G. E. Taylor to be Deputy Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, and Prepaier of Reports, vice Mr. Donnelly.

7th March.

Mr. W. Cracroft to officiate, until further orders, as Civil and Session Judge of the 24-Pergunnahs, making over charge of the current duties of his office of Civil and Session Judge of Dacca to Mr. W. Bell, who will conduct those duties until further orders.

In supercession of recent orders issued in the *Calcutta Gazette* of the 4th ultimo, annexing Patna to Mr. A. Reid's jurisdiction, the Governor of Bengal has this day been pleased to appoint Mr. R. N. Farquharson to be Special Deputy Collector for the investigation of Titles to hold Land free from the payment of Revenue in Zillah Patna, retaining charge of the Magistracy till relieved by Mr. Jennings.

Mr. A. Forbes to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in the Central Division of Cuttack, from the 28th ultimo.

Mr. C. B. Trevor to be Joint Magistrate and Deputy Collector of Jessore.

Mr. J. Alexander to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Shahabad, from the date on which Mr. Sandys shall leave that District to proceed to Dinagepore.

The following officers have obtained leave of absence from their Stations.

Mr. W. R. Jennings, Magistrate of Patna, for seven days, in extension of the leave granted to him on the 20th December last, to enable him to rejoin his station.

Mr. J. F. M. Reid, Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, to be absent from the duties of his office for fifteen days, from the 7th instant, on private affairs.

Mr. J. B. Ogilvy, Joint Magistrate and Deputy Collector of Pubna, further leave of absence to the end of the current month, on medical certificate, in extension of the leave granted to him on the 24th January last.

Moulavee Mahommed Kulleem, Sudder Ameen in Zillah Beerbhoom, further leave of absence for two months and a half, in extension of the leave granted to him on the 6th December last, on account of illness.

The unexpired period of the leave of absence granted to Mr. H. Walters, a Temporary Member of the Sudder Board

সাহেব গত মাসের ১৪ তারিখে যে ছুটি পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত টি সি স্কট সাহেব গত ২৭ সেপ্টেম্বর তারিখে যে ছুটি পান তাহা গত মাসের ২৩ তারিখ অর্থাৎ তাঁহার স্বীয়পদ পুনর্ধারণ করণ তারিখঅবধি রহিত হইয়াছে।

২১ ফেব্রুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত টি জি বাইবার্ট সাহেব ছুটি লইয়া ইঙ্গলণ্ডে গমন করাতে শ্রীযুত আর পি নিসবট সাহেব নবদ্বীপের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত নিসবট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এফ ডবলিউ রসল সাহেব মুরশিদাবাদের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

৭ মার্চ।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

ঠগ ধৃতকরণ কার্য্যের সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এচ এম রামজি সাহেব স্বীয় বর্ত্তমান কার্য্যাতিরিক্ত জিলা ভাগলপুর পুরণীয়া ও মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবার অনুমতি পাইয়াছেন এতদ্ভিন্ন শ্রীযুত কাপ্তান রামজি সাহেব মুরশিদাবাদে কাপ্তান শ্রীযুত লুইস সাহেবের সহিত এবং দিনাজপুরে শ্রীযুত লেপ্তেনন্ত স্লিমন সাহেবের সহিত তুল্য ক্ষমতানুসারে কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ঠগ ধৃতকরণ কার্য্যের সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এন লুইস সাহেব বর্ত্তমান যে কর্ম্মে নিযুক্ত আছেন তদতিরিক্ত জিলা হুগলি ও যশোহর ও বাখরগঞ্জ ও চব্বিশ পরগনা ও মানভূমের জাইণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্মকরণের হুকুম পাইয়াছেন এতদ্ভিন্ন শ্রীযুত কাপ্তান লুইস সাহেব জিলা রাজসাহিতে শ্রীযুত লেপ্তেনন্ত স্লিমন সাহেবের সহিত ও ভাগলপুরে শ্রীযুত কাপ্তান রামজি সাহেবের সহিত তুল্য ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ঠগ ধৃতকরণ কার্য্যের সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত জে স্লিমন সাহেব জিলা দিনাজপুর রঙ্গপুর রাজশাহী পবনা ফরীদপুর ঢাকা শ্রীহট্ট মৈমনসিংহ ও উত্তরপূর্ব্ব রঙ্গপুরের ত্রিপুরা এবং চট্টগ্রামের জাইণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্ম করিবার হুকুম পাইয়াছেন। এতদ্ভিন্ন শ্রীযুক্ত লেপ্তেনন্ত স্লিমন সাহেব জিলা মুরশিদাবাদে নবদ্বীপে ও যশোহরে শ্রীযুত কাপ্তান লুইস সাহেবের সহিত ও মালদহে শ্রীযুত কাপ্তান রামজি সাহেবের সহিত তুল্য ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

২২ ফেব্রুআরি।

আলিগড়ের সিবিলসম্পর্কীয়েরদের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই ট্রিটন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে লান্দোরে গমনার্থ ১০ মার্চ তারিখঅবধি আগামি ২০ নবেম্বরপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২৩ ফেব্রুআরি।

শ্রীযুত এচ সেণ্ট জর্জ টকর সাহেবকে শ্রীযুত ডবলিউ এচ বেনসন সাহেব জৌনপুরের স্বীয় সিবিল ও সেসন জজের তাবৎ চলিত কর্ম্মের ভার অর্পণ করিবার অনুমতি পাইয়াছেন। উক্ত সাহেব শ্রীযুত কাথকার্ট সাহেবের না পঁহুছনপর্য্যন্ত তৎকার্য্য নির্ব্বাহ করিবেন।

২৪ ফেব্রুআরি।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা বান্দার ডেপুটি কালেক্টর শ্রীযুত ফতেউল্লা খাঁ ১৮৩৬ সালের ২০ দিসেম্বর তারিখে যে ছুটি

of Revenue, on the 14th ultimo, is cancelled at his request.

The unexpired portion of the leave of absence granted to Mr. T. C. Scott, Magistrate and Collector of Balasore, on the 27th September last, has been cancelled from the 23d ultimo, the date on which he resumed charge of his office.

21st February.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. R. P. Nisbet to be Civil and Session Judge of Nuddea, vice Mr. T. G. Vibart, who has proceeded to England on Furlough.

Mr. F. W. Russell to be Civil and Session Judge of Moorshedabad, vice Mr. Nisbet.

7th March.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Captain H. M. Ramsay, Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, has been authorized to exercise the powers of a Joint Magistrate in Zillahs Bhaugulpore, Purnea, and Malda, in addition to his present charge. Captain Ramsay will likewise exercise concurrent jurisdiction with Captain Lowis in Moorshedabad and with Lieutenant Sleeman in Dinagepore.

Captain N. Lowis, Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, has been authorized to exercise the powers of a Joint Magistrate in Zillahs Hooghly, Jessore, Backergunge, 24-Pergunnahs, and Manbhoom, in addition to his present charge, from which the Districts noted on the margin* have been detached. Capt. Lowis will likewise exercise concurrent jurisdiction with Lieutenant Sleeman in Zillah Rajeshahye, and with Captain Ramsay in Bhaugulpore.

Lieutenant J. Sleeman, Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, has been authorized to exercise the powers of a Joint Magistrate in Zillahs Dinagepore, Rungpore, Rajeshahye, Pubna, Furreedpore, Dacca, Sylhet, Mymensing, North East Rungpore, Tipperah and Chittagong. Lieutenant Sleeman will likewise exercise concurrent jurisdiction with Captain Lowis in Zillahs Moorshedabad, Nuddea, and Jessore, and with Captain Ramsay in Malda.

22d February.

Mr. E. Tritton, Civil Assistant Surgeon of Ally Ghur, has obtained leave of absence from the 10th of March to the 20th November next, on medical certificate, to visit Landour.

23d February.

Mr. W. H. Benson has been authorized to make over charge of the current duties of the office of Civil and Sessions Judge of Juanpore, to Mr. H. St. George Tucker, who will conduct them until the arrival of Mr. Cathcart.

24th February.

Futteh Oollah Khan, Deputy Collector under Regulation 9 of 1833, in the District of Banda, has obtained extension to

* ভাগলপুর মালদহ শ্রীযুত কাপ্তান রামজি সাহেবের এলাকা ভুক্ত।

উত্তর পশ্চিম রঙ্গপুর ঢাকা ফরিদপুর মৈমনসিংহ শ্রীযুত লেপ্তেনন্ত স্লিমন সাহেবের এলাকাভুক্ত।

* Bhaugulpore, Malda .... } Transferred to the jurisdiction of Capt. Ramsay.

North East Rungpore, Dacca, ... Furreedpore, ... Mymunsing, ... } Transferred to the jurisdiction of Lieut. Sleeman.

পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২১ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২৭ ফেব্রুআরি।

শ্রীযুত সি আলেন সাহেব মুরাদাবাদের উত্তর প্রদেশের মাজিস্ত্রেট ও কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত রৌলাণ্ড মনি সাহেব মুরাদাবাদের দক্ষিণপ্রদেশের বন্দোবস্তের নিমিত্ত ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি ডবলিউ ফেগন সাহেব মুরাদাবাদের উত্তর প্রদেশে পরগনা কাশীপুর ও ঠাকুরদ্বারার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ হণ্টর সাহেব সাহরাণপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য নির্ব্বাহ করিবেন।

গোরক্ষপুরের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত আর জে টেলর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১৭ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন শ্রীযুত টেলর সাহেব তত্রস্থ মাজিস্ত্রেট ও কালেকটরের প্রধান আসিষ্টাণ্ট সাহেবকে এবং যদ্যপি তিনি উপস্থিত না থাকেন তবে গোরক্ষপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরকে স্বীয় তাবৎ চলিত কর্ম্মের ভার অর্পণকরণের অনুমতি পাইয়াছেন।

২ মার্চ।

শ্রীযুত আর মণ্টগমেরি সাহেব আজিমগড়ের মাজিস্ত্রেট ও কালেকটরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ সি টকর সাহেব আজিমগড়ের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহকরণের হুকুম পাইয়াছেন।

গাজিপুরের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ আর কেনবে সাহেব গত জানুআরি মাসের ২১ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত পর্ব্বতে অবস্থিতিকরণার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি দিসেম্বর তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২৭ ফেব্রুআরি।

ধর্ম্মোপদেশক শ্রীযুত হেনরি পারিস সাহেব ছুটি লইয়া ইঙ্গলণ্ডে গমনার্থ জাহাজারোহণ করাতে তৎপরিবর্ত্তে ধর্ম্মোপদেশক শ্রীযুত আর চেম্বরস সাহেবকে শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেব আগ্রার ধর্ম্মোপদেশকতাপদে নিযুক্ত করিয়াছেন।

উপরি উক্ত ঐ নিয়ম বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি চলিত হইবে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে ডবলিউ নাইট সাহেব মুরাদাবাদস্থ দক্ষিণ প্রদেশের সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতাপদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত নাইট সাহেব মুক্ত না হওনপর্য্যন্ত বিজনৌর বর্ত্তমান স্বীয় কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

২ মার্চ।

শ্রীযুত জে তামাসন সাহেব জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের সেক্রেটরীর কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি জি মানসল সাহেব শ্রীযুত তামসন সাহেবকর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত তৎকর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

the 21st instant, of the leave of absence granted to him on the 20th December, 1836.

27th February.

Mr. C. Allen to officiate as Magistrate and Collector of the Northern Division of Moradabad.

Mr. Rowland Money to officiate as Deputy Collector for Settlements in the Southern Division of Moradabad.

Mr. C. W. Fagan to the separate charge of Pergunnahs Kasheepore and Thakoordwara in the Northern Division of Moradabad, and to exercise the powers of Joint Magistrate and Deputy Collector.

Mr. W. Hunter to exercise the powers of Joint Magistrate and Deputy Collector of Seharunpore.

Mr. R. J. Tayler, officiating Civil and Sessions Judge of Goruckpore, has obtained leave of absence from the 17th to the 31st proximo, on his private affairs. Mr. Tayler to make over charge of the current duties of his office to the Head Assistant to the Magistrate and Collector, and if none present, to the Joint Magistrate and Deputy Collector of Goruckpore.

2d March.

Mr. R. Montgomery to officiate as Magistrate and Collector of Azimghur.

Mr. H. C. Tucker, authorized to perform the duties of Joint Magistrate and Deputy Collector of Azimghur.

Mr. W. R. Kennaway, Magistrate and Collector of Ghazeepore, has obtained leave of absence to the 1st December next, to remain in the Hills, on medical certificate, in extension of the leave granted to him on the 21st January last.

27th February.

The Honourable the Lieutenant Governor is pleased to appoint the Rev. Richard Chambers to be Chaplain at Agra, vice the Rev. Henry Parish, D. C. L., embarked for England on Furlough.

The above appointment is to take effect from the 15th instant.

Assistant Surgeon J. W. Knight to the Medical charge of the Civil station of the Southern Division Moradabad.

Mr. Knight will continue to perform the duties of his present office at Bijnour, until relieved by his successor.

2d March.

Mr. J. Thomason to officiate as Secretary to the Lieutenant Governor of the North Western Provinces in the Judicial and Revenue Department.

Mr. C. G. Mansel will continue in charge until relieved by Mr. Thomason.

সমাচার দর্পণ

SUMACHAR DURPUN.

শনিবার ১৮ মার্চ ১৮৩৭।

SATURDAY, 18TH MARCH, 1837.

এতদ্দেশীয় উত্তম কার্পাস জন্মান।

উত্তর পশ্চিম প্রদেশে উৎকৃষ্ট আমেরিকীয় কার্পাস উৎপাদনার্থ শ্রীযুত কর্ণল কালবিন সাহেব যে উদ্যোগ করিয়াছেন তাহাতে বিলক্ষণ কৃতকার্য্য হওয়া গিয়াছে এইপর্য্যন্ত কার্পাস জন্মানের যে সকল উদ্যোগ ও পরীক্ষাদি হইয়াছিল তাহাতে তাদৃশ ভরসা ছিল না যেহেতুক সাধারণ ব্যক্তিরদের বোধ ছিল যে উৎকৃষ্ট কার্পাসের বীজ এতদ্দেশে বপন করিলে ক্রমে এমত মন্দ হইয়া যাইবে যে পরিশেষে তাহা অত্যপকৃষ্ট কার্পাসের তুল্য হইবে। কিন্তু সম্প্রতি শ্রীযুত কালবিন সাহেব আগ্রিকলতুরাল সোসৈটিকে আমেরিকাহইতে আমদানী করা বীজজাত পঞ্চমবর্ষীয় কার্পাস প্রদান করিয়াছেন এবং ঐ কার্পাস সোসৈটির কএকজন সুবিজ্ঞ মেম্বরেরদের নিকটে উৎকর্ষাপকর্ষ বিবেচনার্থ প্রেরণ করা গিয়াছিল তাহাতে শ্রীযুত ডাক্তর ষ্টুয়র সাহেব সূক্ষ্ম বিবেচনা করিয়া দেখিলেন যে এতদ্দেশীয় উৎকৃষ্ট কার্পাস অপেক্ষা তাহার আঁশ কিছু লম্বা আছে কিন্তু তাহার মধ্যে কিঞ্চিৎ২ ছোট আঁশের কার্পাসও আছে তাহাতে শ্রীযুত কর্ণল কালবিন সাহেব কহিলেন যে এই কার্পাস যাহারা তুলিয়া থাকে তাহারা কিছু২ দেশীয় কার্পাসও ইহাতে মিশ্রিত করিয়াছিল। ফলতঃ শ্রীযুত ডাক্তর ষ্টুয়র সাহেব কহিলেন যে ক্ষুদ্র আঁশের কার্পাস ব্যতিরেকে আর২ কার্পাসের আঁশ আমেরিকীয় কার্পাসের আঁশের তুল্য লম্বা সূক্ষ্মাংশও তুল্য কিন্তু কিঞ্চিৎ কম জোর। শ্রীযুত উলিস সাহেব লেখেন যে ইহা নিতান্ত অপ্লাণ্ড জর্জিয়া কার্পাস এবং উত্তরামেরিকার উৎকৃষ্ট কার্পাস অপেক্ষাও উত্তম এবং তাঁহার বোধ হয় যে পশ্চিম প্রদেশে যে সামান্য কার্পাস জন্মে তদপেক্ষা এই কার্পাসের শতকরা ২০।২৫ টাকা অধিক মূল্য ইঙ্গলণ্ড দেশে হইতে পারে।

ওটাহিটার অত্যাশ্চর্য্য বৃহৎ ইক্ষু শ্রীযুত শ্লিমন সাহেবের উদ্যোগে জবলপুরে উত্তমরূপ জন্মিয়াছে এবং এইক্ষণে পশ্চিম প্রদেশ ব্যাপিয়া ক্রমে২ তাহার কৃষি হইতেছে। এতদ্দেশীয় কৃষাণেরা তাহা বহুমূল্য জ্ঞান করে যেহেতুক দেশীয় সাধারণ ইক্ষু অপেক্ষা তাহাতে অধিক প্রাপ্তি হয় অতএব ভরসা করি যে এইক্ষণে এই অত্যুৎকৃষ্ট ইক্ষু তাবৎ পশ্চিম প্রদেশ ব্যাপ্ত হইবে। এবং এতদ্দেশীয় চিনির উপরে ইঙ্গলণ্ড দেশে যে ভারি মাসুল নির্দ্দিষ্ট ছিল তাহা উঠিয়া যাওনেতে এতদ্দেশজাত চিনি অত্যাধিক্যরূপে ইঙ্গলণ্ড দেশে বিক্রয় হইতে পারিবে।

শ্রীযুত ক্রে ক্রাফ্ট সাহেব।

গত শনিবাসরীয় কলিকাতা গেজেটের দ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুত ক্রে ক্রাফ্ট সাহেব চব্বিশ পরগনার সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত লার্ড বিসপ সাহেব।

শ্রীযুত লার্ড বিসপ সাহেব অষ্টাদশ মাসপর্য্যন্ত পরিভ্রমণ করিয়া গত বুধবাসরে কলিকাতায় উত্তীর্ণ হইয়াছেন।

জলঙ্গীর খালের মাসুল।

সম্প্রতি জলঙ্গীরখালের মাসুল বিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ হইয়াছে। যশোহরের শ্রীযুত কমিস্যনর সাহেব ঐ খালের মাসুল আদায়করণার্থ কৃষ্ণনগরের শ্রীযুত ডাক্তর ফুলর সাহেবকে নিযুক্ত করিয়াছেন যেহেতুক ঐ সকল খালের মাসুল আদায় হওন নিমিত্ত পূর্ব্বে ইজারা দেওনার্থ অনেক চেষ্টা করিয়াছিলেন কিন্তু কৃতকার্য্য হইতে পারেন নাই। তাহাতে গবর্ণমেণ্টে ঐ বিষয়ের দরখাস্ত হওয়াতে হুকুম হইল যে কৃষ্ণনগরের শ্রীযুত ডাক্তর সাহেবের কি২ কার্য্য করিতে হয় এবং জলঙ্গীর মাসুল আদায় করণার্থই বা তাঁহার কিপর্য্যন্ত পরিশ্রম করিতে হয় তদ্বিষয়ের এক রিপোর্ট করেন। তাহার কিঞ্চিৎ পরে শ্রীযুত কমিস্যনর সাহেব গত তিন বৎসরে ১৭ সেপ্তেম্বর অবধি ৩১ জানুআরিপর্য্যন্ত ঐ খালে কত মাসুল আদায় হইয়াছিল তাহার রিপোর্ট দিলেন যেহে

Growth of excellent Cotton in this Country.

The exertions of Col. Colvin to acclimate Upland Georgia Cotton in the North Western Provinces, appear to have been crowned with the most cheering success. Our experiments in cotton have hitherto been conducted without confidence, from a general idea that superior cotton seed, when introduced into this country, was subject gradually to such deterioration, as threatened in time to bring it down to a level with the inferior cotton of the country. Col. Colvin has however lately presented to the Society samples of the *fifth year's* crops from seed originally imported from America; and they have been referred for examination to several of the best informed members of the Society. Dr. Speirs reported upon this cotton that it was of considerably longer staple than the best Native cotton, but that there was also mixed with it a number of pods of short staple cotton, which Col. Colvin explained, by saying that the people employed in collecting it had gathered along with it the produce of some plants of country cotton. Upon the whole, remarks Dr. Speirs, the staple, with the above exception, is equal to the American in length and also in fineness, but has lost a little in strength. Mr. Willis pronounces it to be Upland Georgia, superior to the best and better descriptions of North American Upland Georgia. He thinks it would sell for 20 or 25 per cent. more in England than the cottons common to the Upper Provinces.

The Otaheite sugar-cane, of the most extraordinary dimensions, has been acclimated at Jubbulpore through the exertions of Major Sleeman, and is now gradually in course of introduction into the other Provinces of Upper India. It is highly prized by the Native cultivators, as affording them a far richer produce than the best indigenous cane of the country. There appears therefore to be every probability that this superb cane will be diffused through the whole of the Western Provinces, and that our sugars, now relieved from the discriminating duties which oppressed them, will continually find greater acceptance in the home market.

Mr. W. Cracroft.

We learn from Saturday night's Gazette, that Mr. W. Cracroft has been appointed Civil and Session Judge of the 24-Pergunnas.

The Lord Bishop.

The Lord Bishop returned to Calcutta on Wednesday last, having been absent more than eighteen months.

The Tolls in the Jellinghee.

The Tolls in the Jellinghee have lately received the attention of Government. The Commissioner of Jessore has recently appointed Dr. Fuller to collect the Tolls at Kishnaghur, after having offered to farm them without effect. An application having been made to Government on the subject, it was ordered that a report should be made of the Medical duties at the station, and his duty as Collector of the Jellinghee tolls. The Commissioner shortly after sent in a statement of collections for the last three years between the 17th September

ভুক ১৭ সেপ্টেম্বরঅবধি ৩১ জানুআরি পর্য্যন্ত মাসুল আদায়ের ভার ঐ ডাক্তর সাহেবের প্রতি ছিল তাহাতে এই ফল দৃষ্ট হইল।

১৮৩৪ ৩৫ সালে সাড়ে চারি মাসের মধ্যে আদায়	২২,০৪৭
১৮৩৫।৩৬ সালে	১৬,০৫৩
১৮৩৬ ৩৭ সালে	২১,৪৩৬

অপর শ্রীযুত কমিসানর সাহেব আরো লেখেন যে খাসে রাখিয়া নদীর মাসুল আদায় হওনের পরীক্ষা এই বৎসরে কিছু নিশ্চয় হইতে পারে না যেহেতুক গত বৎসরে অতিলঘু বৃষ্টি হয় তৎপরেও অনেক মাসপর্য্যন্ত অনাবৃষ্টি হইয়াছিল তাহাতে জলঙ্গীর উত্তর মহানা সামান্যতঃ যে সময়ে বন্দ হইয়া থাকে গত বৎসরে তাহার ছয় সপ্তাহ পূর্ব্বে বন্দ হয়। অতএব গবর্ণমেণ্টের জিজ্ঞাসাবিষয়ে কমিসানর সাহেবের উত্তর প্রতীক্ষাকরত ইতিমধ্যে বোর্ডের সাহেবেরা মাথাভাঙ্গার মাসুল আদায়করণের ভার ডাক্তর ফুলর সাহেবের অধীনে রাখণার্থ মুরশিদাবাদের কমিসানর সাহেবকে লিখিলেন। বোর্ডের সাহেবেরা আরো বিবেচনা করিয়া জঙ্গীপুরের নদীর মাসুল এইক্ষণে শ্রীযুত লারলেটা সাহেব আদায় করিতেছেন তাঁহাকেও এই বিষয় জিজ্ঞাসা করিলেন বোধ হয় যে ঐ সাহেব স্বীয় কর্ম্মদক্ষতাপ্রযুক্ত জলঙ্গী ও মাথাভাঙ্গার মাসুল আদায়করণবিষয়ক আবশ্যক উত্তম সম্বাদ দিতে পারিবেন।

দেশীয় ভাষা প্রচলিতহওন।

আগ্রা আকবরেরদ্বারা অবগত হওয়া গেল যে শ্রীল শ্রীযুত গবরনর সাহেব তাবৎ পশ্চিম প্রদেশ ব্যাপিয়া দেওয়ানী আদালতের জজ সাহেবেরদিগকে আজ্ঞা করিয়াছেন যে তাঁহারা উচিত বুঝিয়া আদালতে পারস্য অক্ষরে লিখিত উর্দু ভাষার ব্যবহার করিতে পারিবেন।

আগ্রা।

পশ্চিম প্রদেশের সিবিল আডিটর ও আকৌণ্টাণ্ট জেনরল আপীস এইপর্য্যন্ত আলাহাবাদে স্থাপিত ছিল এইক্ষণে আগ্রায় স্থাপনার্থ চালিত হইয়াছে এবং শেষাগত সম্বাদে জ্ঞাত হওয়া গেল যে ঐ আপীস তথায় পঁহুছিয়াছে।

আগ্রার সেক্রেটরী।

আগ্রায় গবর্ণমেণ্টের দুই জন সেক্রেটরী শ্রীযুত মাকস্বীন সাহেব ও শ্রীযুত বুসবি সাহেবের কিঞ্চিৎ কালের নিমিত্ত ঐ রাজধানী পরিত্যাগ করণের আবশ্যক হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুত স্কট সাহেব ও শ্রীযুত তামসন সাহেব তৎকর্ম্ম করিতে আজ্ঞপ্ত হইয়াছেন। ইহার পূর্ব্বে শ্রীযুত তামসন সাহেব কিয়ৎ কালের নিমিত্ত কলিকাতার গবর্ণমেণ্টের সেক্রেটরীর কার্য্যে নিযুক্ত ছিলেন তৎপরে আজিমগড়ের সিবিল ও সেসন জজের কর্ম্মে নিযুক্ত হন।

দানাপুর।

দানাপুরে নিযুক্ত সিপাহীরদের এক দলের জিম্মায় ২ লক্ষ টাকা সংপ্রতি দানাপুরহইতে প্রেরণ করা গিয়াছিল। তাহারা ডাঙ্গাই পর্ব্বতীয় পথ দিয়া যাইতে এক দল দস্যুপড়িয়া তাহারদের তিন জনকে খুন করে। কিন্তু তৎক্ষণাৎ সোরসরাবৎ হওয়াতে দস্যুরা টাকার উপরে কোন আক্রমণাদি না করিয়া পলায়ন করিল।

পালির মারী।

মেরবারাহইতে কুরিয়র সম্বাদ পত্রে এক জন এতদ্রূপ পত্র লেখেন যে আমারদের পরম শত্রু মারক তাবৎ মাড়বার দেশ উচ্ছিন্ন করিতেছে। ঐ রোগ এইক্ষণে মেওবার দেশেও প্রকাশ হইয়াছে যদ্যপি গ্রীষ্মকালীন বায়ুতে তাহা প্রতিরুদ্ধ না হয় তবে দক্ষিণ পশ্চিম দেশও আক্রমণ করিতে পারে। সংপ্রতি বিংশতি দিবসের মধ্যে ঐ রোগ দেব গ্রাম কুসানী গঙ্গাপুর থান্না বিদনূর স্থান আক্রমণ করিয়াছে। ফলতঃ মেরবারা পর্ব্বত শ্রেণীর ইতস্ততঃ ৪০ ক্রোশপর্য্যন্ত কোন স্থানে আধিক্য কোন স্থানে কিঞ্চিন্ন্যূনতারূপে এই রাক্ষস রোগ ব্যাপক হইয়াছে। আমি অত্যাহ্লাদপূর্ব্বক আপনাকে জ্ঞাপন করিতেছি যে এই যমসম শত্রু মেরবারাতে প্রবেশ না করিতে পারে এতদর্থে আমরা যে উদ্যোগ ও উপায় করিয়াছি তাহাতে এইক্ষণ পর্য্যন্তও কৃতকৃত্য আছি।

and 31st January, this being the period in which Dr. Fuller had held the appointment. They were as follows:—

	Rs.
1834—35	22.047
1835—36	16,053
1836—37	21,436

The Commissioner also observes that the present year cannot be considered as a fair criterion of the experiment of collecting the tolls through Dr. Fuller, as in consequence of the light rains of last year and the drought which succeeded, the northern mouth of the Jellinghee was closed six weeks earlier than usual. While awaiting the reply of the Commissioner to the enquiries of Government, the Board have written to the Commissioner of Moorshedabad as it regards putting the Matabhanga tolls under Dr. Fuller. The Board also consider it necessary to obtain the opinion of Mr. Laruletta, the Collector of tolls at Jungypore, whose experience will enable him to furnish valuable information as it regards the subject of the Jellinghee and Matabhanga tolls.

Further introduction of the Vernacular Languages.

We learn from the Agra Ukhbar that the Honourable the Lieutenant Governor of Agra has directed that the Civil Judges in the Western Provinces, may conduct suits when it appears to them proper so to do in the Oordoo language and the Persian character.

Agra.

The Offices of Civil Auditor and Accountant General of the Western Provinces, which has hitherto been stationed at Allahabad, have been removed to Agra, and had arrived at the date of the last accounts.

The Agra Secretariat.

Mr. Macsween and Mr. Bushby the two Secretaries to the Agra Government having been obliged temporarily to leave that Presidency, Mr. Scott and Mr. Thomason have been appointed to act for them. Mr. Thomason for some time officiated as Secretary to Government in Calcutta, and has latterly been Civil and Session Judge of Azimghur.

Dinapore.

A treasure party from the force at this station, in charge of two lakhs of rupees, had lately three picquets killed near Dungaee, by a party of thieves. The alarm however having been given, the thieves made off without a further attempt on the money.

The Palee Plague.

A correspondent of the *Courier* from Mhairwarah writes:—

"The enemy, plague, is still devastating Marwar. The disease has now obtained a footing in Meywar, and it is to be apprehended, will continue to spread in the countries to the South and East, unless arrested by the hot winds. Deogurh, Loosanee, Gungapore, Thanah, Bednore, are among the places afflicted with the disease during the last 20 days. In a word, all the towns and villages East and West of the Mhairwarah range of Hills to a distance of 80 miles, are more or less being subjected to the influence of the foul Demon. I am happy to say our care and attention to keep the enemy out of the Mhairwarah territory have, up to the present moment, been attended with complete success."

ধন প্রাপণার্থ মৃত্তিকাখনন।

সকলই অবগত আছেন দিল্লীনগরের আট অংশের একাংশ লোকেরদের এতদ্রূপে দিনপাত হয় যে ঐ সকল লোক স্বং গৃহহইতে অতিপ্রত্যূষে গিয়া দিল্লীর প্রাচীনং ভগ্ন অট্টালিকা স্থানখনন করিয়া যাহা পায় তাহা লইয়া দিবাবসানে গৃহে আইসে এবং যদ্যপি তাহারা তাহাতে ধনী না হউক তথাপি অনায়াসে গুজরান করিতে পারে কিন্তু কখনং এমত বহুমূল্য বস্তুও পায় যে তদ্দ্বারা একেবারে ধনী হয়।

লাহোরে শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের যাত্রা।

লূধিয়ানাহইতে পৌনে চারি ক্রোশ উজানে শতদ্রু নদী পারহওনের যে কল্প ছিল তাহাতে শ্রীযুক্ত বিরত হইয়াছেন এবং এইক্ষণে আমারা উভয় নদীর সঙ্গম সন্নিহিত স্থানে যাইতেছি। ঐ স্থানে আমরা ৪ তারিখে পার হইয়া ৫।৬ তারিখে অমরেশ্বরে পঁহুছিব। অমরেশ্বরেই বিবাহ হইবে। এবং তাবচ্চতুর্দিগ দেশাধ্যক্ষরাও তথায় গমন করিতেছেন। এমত প্রবাদ হইয়াছে যে ঐ স্থানে ত্রিশ হাজার অশ্বারূঢ় ও দেড় শত আগ্নেয়াস্ত্র মহারাজ রণজিৎ সিংহ শ্রীযুক্ত সৈন্যাধ্যক্ষ সাহেবকে দর্শানার্থ সংগ্রহ করিয়াছেন কথিত আছে যে বিবাহে ভোজ ও রোসনাইপ্রভৃতি ব্যাপারে কোটি টাকারো অধিক ব্যয় হইবে।

গয়া।

বিকানীর শ্রীযুক্ত রাজা সংপ্রতি গয়াধামে গমনপূর্ব্বক তত্রস্থ ব্রাহ্মণ পণ্ডিতেরদিগকে ২ লক্ষ টাকা এবং রোপ্যময় জিনসমেত ১২ অশ্ব ও ৫ হস্তী ও জয়পুরের ৪ রথ ও অন্যান্য দক্ষিণাদি প্রদান করিয়াছেন।

বিকানীর রাজা গত মাসের ২৮ তারিখে গয়াহইতে স্বদেশে প্রস্থিত হইয়াছেন।

ডাকাইতী।

উক্ত হইয়াছে যে মথুরার নিকটে পরমিট পঞ্চত্তরার শাহমদ খাঁনামক যে চাপড়াশী স্বকার্য্য নির্ব্বাহ করত হত হয় তাহার হত্যা ব্যাপারে যে ১৮ জন নিমকের মাসুল চোর লিপ্ত ছিল তাহারদের প্রত্যেক জনকে শ্রীযুত সেসন জজ সাহেব পাঁচ২ বৎসর কয়েদের হুকুম দিয়াছেন।

Digging for Treasure.

It is well known that nearly one-eighth of the population of this Imperial City derive their means of subsistence by going out, at the dawn of day, and digging amidst the ruins of the old City of Delhi, and, at the close of day, bringing home something which they find buried in the earth, and which, if not calculated to enrich them, at least proves sufficient for ensuring the immediate wants of life: but it often happens that they come into contact with something, which at once enriches them!—*Delhi Gaz.*

Journey of the Commander-in-Chief to Lahore.

The original intention of crossing the Sutledge 7½ miles above Loodhiana has been abandoned, and the Commander-in-chief is now in full march to Hereekee, situate near the junction of the two rivers, at which place he will ford about the 4th March, and on the 5th or 6th reach Umbritsir, where the marriage celebration is to be held, and where the chieftains of all the neighbouring states are congregating. About 30,000 cavalry, it is reported, and 150 pieces of cannon will be assembled by Runjeet Singh to display to the Commander-in-Chief, and it is said that several crores of rupees will be expended in the revellings, illuminations, &c. &c. on the occasion."

Gyah.

The Bikaneer Raja has just given two lakhs of Rupees to the chief bramhuns of the holy brotherhood of this shrine, together with twelve silver caparisoned horses, five elephants, four Jeypore rhuts, and other bramhunical gifts.

The Bikaneer Raja left, on his return, on the 28th ultimo.

Smuggling.

We understand that the Sessions Judge has awarded 5 years' imprisonment to each of the eighteen Smugglers, who were parties in the affray wherein a Custom Chuprassee, Shahamut Khan, was killed while in the execution of his duty, in the Muttra beat.—*Delhi Gaz.*

দিল্লীররাস্তা।

অবগম হইল যে সংপ্রতি দিল্লী নগরস্থ বহুতর ধনি ব্যক্তিরদিগকে ঐ শহরের মধ্যে উত্তম রাস্তা প্রস্তুতকরণার্থ অনুরোধ করা গিয়াছিল তাহাতে কেবল দুই মহাশয় অর্থাৎ হিন্দুরাও এবং আহমদ আলী খাঁ ঐ মহৎকার্য্য সাধনার্থ অর্থ প্রদান করিতে স্বীকৃত হইয়াছেন ঈদৃশ মহোপকারক ব্যাপারে হিন্দুদিগের উৎসাহের বিষয় আর কি লেখ্য আছে।

—

অতিসাহসিক দস্যুতা।

গত শুক্রবারে চোরবাগানে শ্রীযুত বাবু রাজেন্দ্র মল্লিকের বাটীতে এক ভারি ডাকাইতী হইয়া বহুবিধ স্বর্ণ রৌপ্য দ্রব্য অপহৃত হয়। কথিত আছে তাহারদের অনেক দস্যু পোলীসেরদ্বারা বমাল সুদ্ধ ধরা পড়িয়াছে।

—

অযোধ্যার নওয়াবের উকীল।

২৩ অক্তোবর তারিখের আটলাস্নামক সম্বাদ পত্রের দ্বারা অযোধ্যার নওয়াবের উকীলের বিষয়ে নীচে লিখিতব্য সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে।

অযোধ্যার শ্রীযুক্ত নওয়াব উকীল স্বরূপ যে মৌলবীকে ইঙ্গলণ্ড দেশে প্রেরণ করিয়াছিলেন তিনি গত বৃহস্পতিবারে শ্রীযুত কাপ্তান গ্রিনল সাহেবের সমভিব্যাহারে বোর্ড কন্ট্রোলের সভাপতি শ্রীযুক্ত হবহৌস সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিলেন এবং শ্রীযুত সাহেব রাজার উকীলকে অতিসমাদরপুর্ব্বক পত্রাদি গ্রহণ করিলেন। অযোধ্যার রাজা ইঙ্গলণ্ডের শ্রীল শ্রীযুত বাদশাহকে যে পত্র লেখেন তন্মধ্যে এই আবেদন ছিল যে ইউরোপের নানা বিদ্যা ও গ্রন্থ আমার প্রজারদের শিক্ষার্থ লক্ষ্ণৌতে এক পাঠশালা স্থাপন হইবে আপনি উপযুক্ত এক জন শিক্ষক প্রেরণ করেন। আমরা অত্যাহ্লাদপুর্ব্বক লিখিতেছি যে উক্ত শ্রীযুক্ত রাজার অভিপ্রায় সফল করণার্থ ঐ মৌলবীকে তদ্বিষয়ক নিয়ম করণার্থ ক্ষমতা অর্পিত হইয়াছে এবং বাদশাহের লণ্ডনগরস্থ কালেজের এক জন বিজ্ঞ অধ্যাপক শ্রীযুত সিডন্স সাহেব লক্ষ্ণৌর এই কল্পিত কালেজের অধ্যাক্ষতা পদে নিযুক্ত হইয়াছেন তিনি অতিশীঘ্র শ্রীলশ্রীযুত বাদশাহের মন্ত্রির ও ইষ্টইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের আনুকূল্যে ভারতবর্ষের পরমহিতজনক এই কালেজের বিদ্যাধ্যাপনার্থ আগমন করিবেন। যাঁহারা ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে সম্পর্ক দৃঢ় থাকন বিষয়ে অনুরক্ত তাঁহারা এই সম্বাদ শ্রবণে আহ্লাদিত হইবেন। এতদ্রূপ পাঠশালাসংস্থাপনের দ্বারা ভারতবর্ষীয় প্রজারদের জ্ঞানোন্নতিকরণ অত্যাবশ্যক বিষয় এবং আমারদের ভরসা হয় যে যাঁহারদের প্রতি এই অতি সৎকল্পনার ভার অর্পিত হইয়াছে তন্নির্ব্বাহার্থ তাঁহারদিগের বহুতর সাহায্য করা যাইবে।

—

খুনী মোকদ্দমা।

কএক দিবস হইল বাথর গঞ্জে কলিন নামক এতদ্দেশীয় এক ব্যক্তি স্বীয় ভাতৃভার্য্যাকে হত্যাকরণাপরাধে দণ্ডের হুকুম পাইয়াছে। এই মোকদ্দমায় মহম্মদ হসেন সাক্ষ্য দিল গত দিসেম্বর মাসের এক বৃহস্পতিবারে আমি কারবারের নিমিত্ত কোন দূর স্থানে গিয়াছিলাম। তৎপরের শনিবারে ঐ অঞ্চলস্থ কএক জন ডিঙ্গীতে আসিয়া আমাকে এই সম্বাদ যে কেলানিনামে আমার স্ত্রীকে আমার ভ্রাতা খুন করিয়াছে। ঐ স্ত্রী উনবিংশবর্ষবয়স্কা গর্ভিণী ছিল তাহাতে আমি তৎক্ষণাৎ ঘরে ফিরে গিয়া দেখিলাম যে ঐ স্ত্রীর গলার এক প্রান্তাবধি অপর প্রান্তপর্য্যন্ত দাত্রে কাটা গিয়াছে। পরে ঐ আসামী স্বীয় দোষ স্বীকার করিল তাহাতে শ্রীযুত একটিং সেসন জজ সাহেব কহিলেন যে এই অভিযোগে জ্ঞানকৃত হত্যাকরণ সম্পূর্ণরূপে প্রমাণ হইল অতএব ইহার উপযুক্ত দণ্ডের বিষয়ে কিছু ক্ষমা হইতে পারে এমত কোন উপায় দৃষ্ট না হওয়াতে ঐ অপরাধিকে ফাঁসি দেওনের হুকুম হইল।

—

Roads in Delhi.

A proposition, we are told, was made to the rich natives of Delhi to subscribe towards the construction of good roads in the city, but only *two*, Hindoo Rao and Ahmud Ally Khan, would consent to contribute aught towards so desirable a measure. This speaks volumes for the public spirit of the natives of India! --*Delhi Gaz*.

—

Daring Robbery.

A daring robbery was committed on the premises of Baboo Rajendru Mullick, at Chore-bagan, on the night of Friday last, and property, consisting chiefly of gold and silver ornaments to a considerable amount, carried away. It is stated that some of the offenders are apprehended by the police, together with a portion of the stolen property.

—

Oude.

The following information respecting the Ambassador of the King of Oude appears in the Atlas of the 23d October last:—

On Thursday last, the Moolvee ambassador from the King of Oude, accompanied by Captain Grindlay, had an interview with Sir J. Hobhouse, at the India Board, when he received dispatches from the Governor General and the King of Oude. The letter from the latter to our Sovereign, contained a request that his Majesty would send out a competent person to found a college at Lucknow, for instruction of his people in the literature and sciences of Europe. We are happy to be enabled to state that, in consequence of this application, the Moolvee has been empowered to make the necessary arrangements to carry the proposed object into effect, and that Professor Seddon, of the King's College, has been appointed to the office, and will shortly proceed to India under the sanction of the India Board and the East India Company for the purpose of fulfilling the wise and paternal suggestions of the government. This circumstance will be hailed with satisfaction by every one who takes an interest in the cultivation of our relations with India. The consequences of encouraging by such foundations the growth of knowledge and refinement amongst our fellow-subjects in the East, are of highest importance, not only to stability, but to the character, of our rule in those provinces; and we hope that all available facilities will be rendered to those to whose hands this important design is entrusted.

—

Case of Murder.

Within the last few days *Kulleen*, a native, charged with the wilful murder of his wife at Ballygunge was tried in the Sudder Nizamut Adawlut. The prosecutor Mahomed Hossein deposed, that on a Thursday in December last, he left his house and proceeded to some distance to reap grain. On the Saturday following some of his neighbours followed him in a dingee, and informed him that his wife Phelanee, aged nineteen years and then pregnant, had been murdered by his brother Kulleen. He immediately returned home and was shewn the body of his wife whose throat had been cut. The prisoner confessed the crime which he had committed. The Officiating Session Judge, considered the charge of wilful murder to be fully proved, and did not discover a single circumstance which could be urged in mitigation of punishment. The prisoner was accordingly sentenced to be hung.

—

কাশ্মীরের রাজস্ব।

লাহোরহইতে সম্বাদ শ্রুত হওয়া গেল যে মহারাজ রণজিৎ সিংহের দরবারে শ্রীযুত দিননাথ কর্ম্মকারক ইহা জ্ঞাপন করিলেন যে কাশ্মীরের অধ্যক্ষ শ্রীযুত সরদার মোহন সিংহ গত বৎসরে আপন এলাকার মধ্যে কত টাকা আদায় করেন তাহার বার্ষিক রিপোর্ট প্রেরণ করিয়াছেন। ঐ টাকার সংখ্যা ১৮ লক্ষ এবং তিনি ঐ টাকা এইরূপে বিভাগ করিতে প্রস্তাব করিয়াছেন বিশেষতঃ সৈন্যেরদের বাকি বেতন পরিশোধার্থ ৪ লক্ষ ও শ্রীযুত কুমার খড়্গসিংহকে দেওনার্থ ১ লক্ষ ও দেওয়ানী সিরিশতার খরচের নিমিত্ত ২ লক্ষ ২৮ হাজার অবশিষ্ট ৮৪ হাজার টাকা হজুরে চালান করিতে প্রস্তুত আছেন তাহাতে শ্রীযুত বেনচুরা সাহেব এই পত্র পাঠসময়ে উপস্থিত হইয়া নিবেদন করিলেন যে কাশ্মীর দেশে নিয়ত ন্যূন সংখ্যায় বার্ষিক বিংশতি লক্ষ টাকা আদায় হইতেছে তথাপি শ্রীযুক্ত মহারাজ কহিলেন যে ঐ দেশে অনেকবার দুর্ভিক্ষ হওয়াতে প্রজারা অতিদরিদ্র হইয়াছে অতএব তথাকার বার্ষিক জমা এইঅবধি ১৮ লক্ষ টাকা নির্দ্দিষ্ট করিলাম

—

হয়দরাবাদে হিন্দু ও মোসলমানেরদের বিবাদ।

হয়দরাবাদে অতিদারুণ উপদ্রব হইয়াছে সংপ্রতি সৈন্যেরদের শিবিরের নিকটে মোসলমানেরদের যে প্রধান মসজিদ আছে তাহাতে মোসলমানেরা গিয়া দেখিলেন যে পূর্ব্বরাত্রে ঐ স্থানে একটা শূকর ছেদন করিয়া তাহার মাংস খণ্ড২ করত মসজিদের মেজিয়াতে ছড়িয়া রাখিয়াছে এবং প্রাচীরে রক্ত লেপন মসজিদের সোপানোপরি মজ্জা অর্পণ করিয়া মস্তকটা বারান্দার মধ্যস্থলে রাখিয়াছে ইহা দেখিয়া মোসলমানেরা কিপর্য্যন্ত রাগোন্মত্ত হইলেন তাহা সকলেই বোধ করিতে পারেন। এই সম্বাদ অতিশীঘ্র সর্ব্বত্র রাষ্ট্র হওয়াতে আরবীয় ও রুহেলা ও পাঠানেরা অতিশীঘ্র বাহির হইয়া যে ব্যক্তি এই অপকার্য্য করিয়াছিল তাহার প্রতি অতিকোপে অভিসম্পাত করিতে২ তথায় উপস্থিত হইলেন ঐ জনসমূহ রাগোন্মত্ত হইয়া একত্র হইলে যে ইউরোপীয় সেনাপতি সাহেব ঐ শিবিরে নিযুক্ত ছিলেন তিনি স্বীয় সৈন্যের দিগকে স্ব২ স্থানে সাবধানে থাকিতে হুকুম দিয়া ঐ ঘৃণ্য মাংসাদি উঠাইয়া স্থান পবিত্র করিতে মোসলমানেরদিগকে আজ্ঞা করিলেন এবং অত্যাচারি ব্যক্তিকে ধরণার্থ বিলক্ষণ চেষ্টিত হইলেন। মোসলমানেরা কহিলেন যে এই অপকারক ব্যক্তি কে আপনারা ঠাহরাউন পরে স্থান পরিষ্কার করিতেছি কিন্তু ঐ সেনাপতি ইহাতে সম্মত না হইয়া তখনি স্বীয় অধীন এক জন সেনাপতির সমভিব্যাহারে এক শত ইউরোপীয় সৈন্য তথায় প্রেরণ করিলেন এবং তাহারা গিয়া তৎক

—

Revenues of Cashmere.

Deenanath intimated, that Sirdar Mohun Sing, Governor of Cashmere, had sent in his annual reports of the amount of collections made during the past year, within his jurisdiction, giving credit for 18 lakhs of Rupees, which he proposed disposing of as follows: 4 lakhs to pay off arrears to the army, 1 lakh to Koonwar Kurruck Sing, 2,84,000 Rupees for the Civil establishment, and the remainder to be remitted to the Huzoor in cash and specie. Monsieur Ventura who was present when this communication was made, submitted that Cashmere always yielded at the least 20 lakhs of Rupees; but the Huzoor said, that owing to the impoverished state of the country, consequent upon the severe famines it had experienced, he had been induced to fix the annual jumma at 18 lakhs of Rupees.

—

Hydrabad.

There has been a serious disturbance at Hydrabad. On the Moosulmans proceeding to the principal mosque in the Cantonment, they perceived that a great pig had been killed there the night before and its carcase strewed over the floor, the blood sprinkled on the wall, the brains deposited on the step, and the head placed in the centre of the vestibule. The horror of the Moosulmans at the sight of this may be easily conceived. The news spread over with rapidity, and Arab, Rohilla and Puttan hastened forth, breathing curses on all who had been engaged in the assault. An infuriated mob soon collected around the place. The European Military Officer in command ordered the troops to their parades, directed some of the Moosulmans to remove the offence of the object, and purify the place while he set on foot to discover the guilty party. The Moosulmans insisted that the enquiries should be prosecuted before the offensive articles were removed; but the officer determined not to be foiled and sent his Adjutant with 100 Europeans to remove the pig, blood, and its brains, and turned up all the earth around to purify the place. This being effected, the mob became more

পাৎ ঐ মাংসাদি ও রক্ত চিহ্ন সকল উঠাইয়া ঐ স্থানের মৃত্তিকা তুলিয়া পরিষ্কার করিল। তাহাতে জনকজনতা কিঞ্চিৎ থামিয়া ভিন্ন২ রূপে স্ব২ স্থানে গেল তৎপরে ঐ অত্যাচারি ব্যক্তি ধৃত হইয়া দৃষ্ট হইল যে সৈন্যেরদের এক জন চাকর এবং সে কবুল করিল যে আমি কোত্তোয়ালের প্রতি কেবল রাগ করিয়া এই ব্যাপার করিয়াছিলাম অন্য কোন কারণ ছিল না। অতএব ঐ সেনাপতি সাহেবের উদ্যোগেই ঐ শহরের শান্তি হইল। যেহেতুক হয়দরাবাদের মোসলমানেরা যেমত রাগোন্মত্ত তদ্রূপ আসিয়ার মধ্যে বোখারা ভিন্ন অন্য কোন স্থানে নাই।

সুহব পণ্ডিতের লোকান্তর।

বোম্বাই দর্পণে লেখে যে সেতারার শ্রীলশ্রীযুক্ত রাজার সুহবনামক পণ্ডিত সংপ্রতি স্বীয় জায়গীর ভোর স্থানে লোকান্তর প্রাপ্ত হন। এই যুব ব্যক্তি পূর্ব্ব পণ্ডিতের পোষ্যপুত্র ছিলেন এবং ইনি স্বীয় তাবৎবিষয় স্বহস্তস্থিত করণের উপযুক্ত হইয়া লোকান্তর গতহন। ইঁহার অপত্যাদি নাই কিন্তু কথিত আছেযে মৃত্যুর পূর্ব্ব দিবসে এক পোষ্য পুত্র করেন এবং বোধ হয় যে নিয়মিত নজর দিলেই সেতারার শ্রীযুক্ত রাজাও তাঁহাকে পোষ্য পুত্র স্বীকার করিবেন। ঐ জায়গীরে বার্ষিক ৩ লক্ষ টাকা উৎপন্ন হইয়া থাকে।

বোখারা।

বোখারার শ্রীযুত রাজার সংপ্রতি স্বীয় প্রজারদের মঙ্গলবিষয়ে শৈথিল্যাচরণেতে এবং সৈন্যেরদিগকে সুশিক্ষা ও উপযুক্ত মত সরঞ্জাম না দেওয়াতে ঐ রাজ্য পতৎ কল্প হইয়াছে। তৎপ্রযুক্ত ঐ রাজ্যের কোন২ জিলার প্রজারা ইরাণ রাজ্যের আশ্রয় লইয়াছে এবং কথিত আছে ইরাণের বাদশাহ তাবৎ বোখারা ও কর্ম্মান দেশ অধিকার করিতে মনস্থ করিতেছেন। কিন্তু ঐ বাদশাহের এক জন কুটুম্ব সেরাজের পূর্ব্বকার অধ্যক্ষ মির্জা হসেন আলী ঐ কল্পে তাদৃশ পরামর্শ দেন না যেহেতুক তাঁহার কোন প্রকারেই এমত ইচ্ছা নাই যে ইরাণের বাদশাহ সিংহাসন ভ্রষ্ট হন অতএব তিনি ঐ কল্প হইতে বাদশাহের মন পরিবর্ত্তন করিতে বিলক্ষণ উদ্যোগী আছেন এবং ঐ বাদশাহ যে প্রদেশ এইক্ষণে হস্তগত করিয়াছেন তাহাও প্রত্যর্পণ করেন এমত পরামর্শ দিতেছেন।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সংপ্রতি অনেক দিবসের পর ঘোর অচৈতন্য জাড্যইতে এতদ্দেশীয় লোকেরা মন উত্থাপন করিতেছেন ও শোধনার্থে বহুকালাবধি চলিত কোন আচার ব্যবহারের ব্যাবৃত্তি করিলে তৎকর্ম্মে পূর্ব্ববৎ কুৎসা ও ঘৃণা এইমহানগরের মধ্যে প্রায় কেহই করেন না এবং সভ্যতা ক্রমে প্রায় তাবৎ লোকের উত্তর২ বৃদ্ধি প্রাপ্ত হইতেছে। অতএব এমত বিশিষ্টকালে কথঞ্চিৎ আলোক নাই বিষয়ে পাঠকবর্গের মনোযোগ অর্পণ করাইতে অহংযু অপবাদ বিনা মহাশয়কে অনুরোধ করিতে পারি। বৈদ্য শাস্ত্রে অনভিজ্ঞ কপিরাজের চিকিৎসাতে যে কতি সংখ্যক লোকনষ্ট হইয়াছে তাহা এইরূপে পরি তাহার উক্ত হইয়া থাকে আর আমারদিগের মধ্যে যাঁহারা কিঞ্চিৎ জ্ঞান প্রাপ্ত হইয়াছেন তাঁহারা জ্বর ও অন্যান্যসামান্য রোগে ইউরোপীয়ানেরদিগের চিকিৎসার গুণ অল্প২ বুঝিতেছেন অতএব কেবল কালের গতির দ্বারা মূর্খ কপিরাজেরদিগের ব্যবসায় শেষ হইতে পারে। কিন্তু প্রসবানন্তর স্ত্রী লোকেরদের ও তদ্গর্ভজাত সন্তানগণের চিকিৎসাশোধন সম্বন্ধে এপর্য্যন্ত কোন অনুরাগ দেখা যায় নাই এবম্ভূত অসুস্থতাসময়ে অনভিজ্ঞ কপিরাজেরও চেষ্টা কেহ করেন না সর্ব্বাপেক্ষা মহৎ এই স্ত্রৈণ পীড়া উপস্থিত হইলে সকলে কেবল দুই এক জন নির্ব্বোধ নারীকে কর্ম্ম সমর্পণে পারগা জ্ঞান করেন। আমি বৈদ্য শাস্ত্রের বও জানি না এবং এই নিমিত্তে শাস্ত্র সিদ্ধ কোন উক্তি করিবার যোগ্য নহি বটে কিন্তু তথাপি প্রসূতিকা ও প্রসূতির চিকিৎসা এতাবৎ নির্দয়া ও অসঙ্গতান্বিতা যে অনেক মতে অনিষ্টজনক বলিয়া তাহার নিন্দা করিতে আমার সংকোচ নাই স্থূর২ নারী ঐ কালের কর্ম্মকর্ত্রীর মৌঢ্যতাতে নষ্ট হইয়াছে অনেক২ নিরাশ্রয় শিশুও ঐ কারণ দুই তিন দিন মাত্র ইহ জগতে বাঁচিয়া লোকান্তর প্রাপ্ত হইয়াছে আর এতদ্দেশে সভ্যতার বৃদ্ধি হইলে যখন আমারদিগের গৃহিণীরা রন্ধনাদি হেয় কর্ম্মের পরিশ্রম ত্যাগ করিয়া সুক্ষ্মতর কার্য্যে নিযুক্ত হইবেন ইহাতে সুতরাং যখন তাহারদের সর্ব্বদা কষ্ট সহ্য অভ্যাস অভাবে শরীর কিঞ্চিৎ সুখী হইবেক তখন ঐ রূপ মূর্খ চিকিৎসাতে আরো অনেকের মৃত্যু হইবেক। কি আশ্চর্য্য যে অনেক জ্ঞানবান লোকেও বলিয়া থাকেন যে প্রজ্বলিত অগ্নির উত্তাপ ও রসুন তৈল ও কৃষ্ণ বর্ণ ধূম ও উষ্ণ মসালা ও তীব্র রৌদ্র এসকল আমারদিগের শরীরের হিতকারক কেন না আমরা কেবল শাক মৎস্য খাইয়া থাকি ইউরোপীয়ানদিগের চিকিৎসার বিষয়ে ইঁহারা স্বীকার করেন বটে যে দ্রাক্ষারস ও মাংসভুক শরীরে ঐ সকল উষ্ণদ্রব্যের অভাব হইলে হানি নাই এবং ইউরোপীয়ান স্ত্রীদিগকে ইউরোপীয়ান চিকিৎসাতে ইঁহারদের কোন অসম্মতি নাই কিন্তু মানব দেহের প্রকৃতিতে ঐক্যতাপ্রযুক্ত সকলের শারীরিক ধর্ম্ম যদ্যপি স্বভাবতঃ সমান হয় তবে আহারে কিঞ্চিৎ ভেদহেতুক শারীরিক ধর্ম্মে এমত বৈলক্ষণ্য কখন হইতে পারে না যে যাহাতে এক জনের মৃত্যু হইতে পারে তাহাই অন্যের জীবনের মূল হইবেক এতন্নিমিত্ত আমারদিগের স্বদেশীয় চিকিৎসাতে আপত্তি না করিয়া ইউরোপীয় চিকিৎসাতে সম্মত হওনে যুক্তি নাই।

আর কেবল তর্কদ্বারাতেই যে আমি স্বদেশীয় চিকিৎসাতে আপত্তি করিতেছি এমত নহে অনেকে যে মীমাংসা সিদ্ধান্ত বাক্যে নিতান্ত বিশ্বাস করেন না তাহা আমি জানি এবং আমারদিগের নারীরদের প্রসবসময়ে জ্বাল ও তাপের কারণে কোন হানি হইতে পারে কি না এবিষয়ে আপনি স্বয়ং অনেকবার মনে সন্দেহ করিতাম কিন্তু নিজ পরিবারে প্রত্যক্ষ নিরীক্ষণ দ্বারা যে এবিষয় সপ্রমাণ করিতে পারিতেছি ইহাতে আনন্দিত আছি। অতএব মহাশয়ের এতদ্দেশীয় পাঠকগণকে তাঁহারদের নিজ পরিবারের ভদ্রতার জন্য বিনীতি করি যে তাঁহারা আমার বাক্য শ্রবণ করুন আমারদিগের কোন স্ত্রী লোকের সম্বন্ধে ইউরোপীয় চিকিৎসা কখন শুনি নাই বটে তথাপি কএক দিবস হইল আমার ভার্য্যার অপত্য প্রসবকাল প্রাপ্তে কি কর্ত্তব্য ইহাতে আমার কোন সন্দেহ জন্মে নাই ইউরোপীয় চিকিৎসকেরা যথার্থ শাস্ত্রী ও তাঁহারা যে প্রত্যক্ষ প্র

peaceful and dispersed. The villain has been since discovered, and turns out to be a camp follower, who confesses that his only motive for the act was a personal quarrel with the Kutwal. The peace of the city was preserved by the energy of the Commanding Officer; for Hydrabad is as full of fanatics as any place in Asia, Bokhara perhaps excepted.

Death of Sucheevah Punt.

The Sueeheevah Punt of His Highness the Raja of Sattara, died at Bhore the seat of his jagheer, about a week or ten days ago. This young man was the adopted son of the late Punt, and had just arrived at an age fit for managing his own affairs. He has left no male issue behind him; but it is said, he was induced to adopt a child the day before he died, which probably will be recognized by the Raja of Sattara on payment of the usual Nuzzur. His jagheer yields a revenue of 3 lakhs of Rupees every year.—*Beng. Her.*

Bokharah.

The chief of Bokharah turning apathetic in regard to the interests of his subjects, and negligent to keep his troops in order, and supply them with military stores, the empire is threatened with much jeopardy. The inhabitants of certain districts have already placed themselves under the Government of Iran; and it is stated that the King of this latter place is ambitious to make himself master of Bokhara and Kerman. But Mirza Hosein Ali, the Governor of Sheraz, a relation of His Majesty, does not approve of the measure, it not being consonant to his feelings that the chief of Iran should be hurled from the throne. He is trying, accordingly, to dissuade His Majesty from the purpose in question, and also from retaining in his possession the district above alluded to.—*Lood. Ukh.*

European Advice recommended in the treatment of Diseases among Native Females of respectability.

To the Editor of the India Journal of Medical and Physical Science.

SIR,—At a time like the present, when the native mind is just rising from the apathy into which it had for a considerable period been lulled—when in Calcutta at least renovation in manners and customs is no longer reflected upon with horror and disgust—and when almost every class of my countrymen is moving onward to a higher grade in civilization—I may, without being guilty of presumption, request you to direct the attention of your readers to a subject of serious importance. The number of lives sacrificed at the shrine of quackery among the natives has become proverbial, and the educated portion of them are beginning to appreciate the value of European advice in cases of fever and other common diseases. We have therefore only to look to the silent work of time for the total abolition of quackery in many respects. But with reference to the case of females in their confinement, and to that of their infants, no spirit of improvement, so far as their treatment is concerned, has hitherto manifested itself. On such occasions the aid even of quacks is not sought, and one or two ignorant women are deemed competent to advise on the greatest and the most painful trial that the sex ever becomes subject to. Although I do not myself pretend to be even a *tyro* in medical knowledge, and therefore am not competent to pronounce a scientific judgment on the subject, yet the treatment given to the mother and the infant is so grossly cruel and opposed to every idea of reason, that I feel no hesitation in noting it down as the cause of much mischief. Many a female has fallen a sacrifice to the ignorance of women that had to advise and direct at the trying season alluded to. Many a poor little infant has been carried away from the world after an existence of no more than two or three days, owing to the same cause. And as civilization will increase and our ladies be called from the rude labours of the kitchen to finer work, while they will thus grow more delicate by less exposure to bodily hardships, deaths will to a certainty multiply on those occasions. Strange is it that the burning heat of a fierce fire, the garlic oil, the blackening smoke, the hot spices, and the beating sun are well adapted to our constitution as to that of persons subsisting upon vegetables and fish. With respect to the better treatment prescribed by European doctors, it is not denied by people of this class that the want of these scorching and stimulating substances is proper in the case of individuals that live upon meat and wine, and accordingly they do not object to the advice of European doctors being followed in cases of European women. But surely if the physical constitution of man be universally the same by nature, and if the human body be the same in frame and substance in all countries, the circumstance of a slight variation in the food cannot occasion such a disparity in the constitution as that what would be destruction to the one should be the very support of life to the other by necessity. As a principle therefore it appears inconsistent to approve of the European theory of medicine without condemning the native one.

But it is not on theory alone that I rely for the strength of my observation. I know that many are backward to trust too much to speculations, and I myself often felt rather doubtful whether, in the case of a native lady's confinement, European advice might be safely followed, and the *jhal* and *tap* be dispensed with. I am happy however that I am able to bear testimony to the truth of my statement upon the strength of actual experience in my own family, and I intreat your native readers, for the sake of their own females, to bear with me here. Upon the confinement of my wife lately, although I had known of no case wherein any of my countrywomen had the benefit of European advice, yet I did not hesitate as to my duty. I

মাণ কিম্বা যথার্থ নৈয়ায়িক বিচার বিনা কোন মত স্থাপন করেন না ইহা জানিতাম আর বহুকালের রচিত গ্রন্থের বচন দ্বারা এতদ্দেশীয়েরা যে অন্ধবৎ চালিত হইয়া প্রাচীনেরদের সর্ব্বজ্ঞত্ব বিষয়ে আশংসা করিলে মহাপাপ জ্ঞান করেন ইহাও জানিতাম। অতএব যাহা কেবল প্রাচীন গ্রন্থকর্ত্তারদের আখ্যাত বুদ্ধি সিদ্ধ বচনমাত্র তদপেক্ষা প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধমত যে সত্য হইবেক ইহা আমার সম্ভব্য বোধ হইল এপ্রযুক্ত ঐ উক্ত বিষয়ে প্রসব পীড়া উপস্থিত হইলে আমি ডাং মাকষ্টন সাহেবের পরামর্শানুযায়ি হইতে মনস্থির করিলাম ইহার কএক মাস পূর্ব্বে আপনার জ্বর সময়ে এই ডাক্তরের চিকিৎসাতে আরোগ্য প্রাপ্তে তাঁহার প্রতি আমার অত্যন্ত শ্রদ্ধা জন্মিয়াছিল আর প্রসব পীড়ার কয় দণ্ড পরে সন্তানের জন্ম হইবেক এবিষয়ে তাঁহার বাক্য সত্য হওনে তাঁহার পরামর্শ পালনে আমি আরো সাহস প্রাপ্ত হইলাম সামান্যরূপে অস্মদীয় স্ত্রীগণের যে চিকিৎসা হইয়া থাকে তদপেক্ষা এই চিকিৎসা সূক্ষ্মতাতে ও অক্রূরতাতে অবশ্যই শ্রেষ্ঠ প্রসূতিকা ও প্রসূতি বহিস্থিত বায়ুর হিম হইতে আবৃত হইলে দগ্ধকরণার্থ আর কোন অগ্নিকুণ্ড করা যায় নাই উত্তপ্তকরণার্থ তাপ কি উষ্ণ করণার্থ মসালা কৃষ্ণ বর্ণন ধুম কি শরীর দুস্পৃশ্য ও দুর্গন্ধকরণার্থ রসুন তৈল এসকলের কোন ব্যবস্থা হয় নাই দেহের প্রকৃতিপ্রযুক্ত স্বভাবতো যাহা ভবিতব্য তাহাতেই ডাং সাহেবের সম্মতি ছিল কেবল যাহাতে কিঞ্চিৎ হানি হইতে পারিত না অথচ কোন২ প্রকারে ভালহইতে পারিত এমত ঔষধের প্রলেপ হইয়াছিল এইরূপে দশ দিনের মধ্যে প্রসূতিকা ও প্রসূতি সুস্থ হইয়াছিল এবং যে অনিষ্টকারক ঔষধের ব্যবহার চলিত আছে তদ্ব্যতিরেকে এই ঘোর ভয়ঙ্কর অবস্থার উত্তরণ হইয়াছিল।

সম্পাদক মহাশয় ডাং মাকষ্টন সাহেবের চিকিৎসাতে ইউরোপীয় বৈদ্যশাস্ত্রহইতে আমার পরিবারের যে হীত হইয়াছে তাহাতে আমার এমত চমৎকার বোধ হইয়াছে যে স্বদেশিরদিগকে তাহা জ্ঞাপন না করিয়া থাকিতে পারিলাম না ইহাতে আমার বাসনা এই যে ইহারা উক্ত বিষয় বিবেচনা করিয়া ভরসান্বিত হন এবং রোগ উপস্থিত হইলে যথার্থ বিজ্ঞ লোককে আমন্ত্রণ করেন দরিদ্রেরা অর্থাভাবে ইহা করিতে পারে না কিন্তু ভাগ্যবান ও মধ্যবীত লোকেরা যাঁহারদের অনটন নাই তাঁহারা অল্প ব্যয়ে প্রাপ্তব্য অভিজ্ঞ ডাক্তর থাকাতেও যদ্যপি মূর্খ কপিরাজেরদের হস্তে আপনারদিগের নিজ পরিবারের জীবন সমর্পণ করেন তবে তাঁহারদের দোষের কোন মার্জ্জন নাই যাবৎ ইহাঁরা মূর্খ কপিরাজের আদর করেন তাবৎ বিদ্যার পক্ষে অনেক হানি হইতেছে সুতরাং মনুষ্যেরদের অনিষ্ট হইতেছে এবং যদ্যপি ধনীরা যাহা কর্ত্তব্য তাহা করেন তবে দরিদ্রেরও ভাল হইবেক কেন না যখন তাহারা বারম্বার ডাক্তরের আদর করিবেন তখন ইহারা বিনা বেতনে দরিদ্রের প্রতি মনোযোগ করিতে পারিবেন।

কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়।

knew that European doctors were scientific men; that they took nothing for granted as a theory which they did not before substantiate by actual experience or by a train of logical arguments founded upon observation. I knew likewise that the native physicians were blindly led by the dogmas of works written ages past, and that they considered it almost a sin to question the wisdom of their predecessors. I thought therefore that theories built upon arguments demonstrable by actual observation were more likely to be true than dogmatical doctrines founded upon no other authority but merely the asserted wisdom of ancient authors. Accordingly when the labour came on in the case alluded to, I resolved to abide by the directions of Dr. Maxton, whose advice I had been led to value very highly from the benefit I had myself derived under him while afflicted with fever a few months ago. This gentleman's opinion as to how long after the commencement of the labour the child should be born being verified by the event, I was the more encouraged to continue following his directions. The treatment in point of simplicity and humanity was far superior to that which is generally given to my countrywomen. The mother and the child were protected from the damp and cold of the wind without; but no fire was lighted to scorch them—no *tap* to heat them—no hot spices to stimulate—no smoke to blacken—and no garlic oil to render their bodies offensive to the touch and the smell. Nature was allowed to have her own course with only the help of such simple medicines as were considered useful for certain ends but injurious in no respects. The mother and the child became accordingly in about ten days perfectly well, and the very trying labour of child-birth was thus safely got through without the application of those dangerous remedies which are usually administered in native cases.

Mr. Editor, the blessing which the European theory of medicine, under Dr. Maxton's good management, proved to my family in the case alluded to, has so struck me, that I feel myself constrained to notify it to my countrymen, that they may take courage from this example and cherish the principle of calling scientific men in cases of illness. The poor I know cannot do this, owing to the poverty of their circumstances; but the higher and the middling classes, or such as may have been blessed with better means, can have no excuse if they trust their lives and those of their families to ignorant quacks, when at a little expence scientific persons are available. While they continue to encourage quackery, great is the mischief done to the cause of truth and science, and consequently to that of human happiness. The poor too will be sufficiently provided for if the rich do their duty and act upon a better principle; for I believe that, when doctors will be called in to any great extent by the wealthy, they will be unpaid for attending the poor.

Your obedient servant,

KRISHNA MOHANA BONARGIA.

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

ছোট আদালত।

চারি বৎসর হইল ফরিয়াদীর মোকদ্দমার খরচা আমানৎকরণার্থ ছোট আদালতের যে ব্যবস্থা হইয়াছিল বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট এইক্ষণে তাহা রহিত করিবেন এবং এই চারি বৎসরের পূর্ব্বে যে নিয়ম ছিল যদ্যপি আসামি খরচার বিষয়ে দায়ী না হয় এতদর্থে ফরিয়াদীর জামিন দিতে হইত সেই আইন এইক্ষণে প্রচলিত হইবে আরো স্থির হইয়াছে ছোট আদালতের বিচার কর্ত্তারা সহস্র টাকাপর্য্যন্তের মোকদ্দমা করিতে পারিবেন।

অস্ত্র চিকিৎসালয়।

সেণ্ট্রল হাসপাতাল ও নূতন স্থাপিত অস্ত্র চিকিৎসালয় এই উভয়ের বৃদ্ধির উপায় করণার্থ শ্রীযুত ডাক্তর ব্রেত সাহেব গত সপ্তাহে এক ভূমিকা প্রকাশ করিয়াছেন এই বিষয়ে দেশের অত্যন্ত উপকার সম্ভাবনা বটে অতএব প্রার্থনা দেশস্থ হিতৈষি ব্যক্তিরা টাকার থলিয়ার মুখ কিঞ্চিৎ সরল করেন ঐ চিকিৎসালয়ে ১৮৩৬ সালের ১৭ দিসেম্বর অবধি ৩৭ সালের ১৭ ফেব্রুআরিপর্য্যন্ত দুএক মাসের মধ্যে অস্ত্র চিকিৎসা দ্বারা ১১০১ লোক ভাল হইয়াছে অতএব ঐ চিকিৎসালয়ের উন্নতি হইলে কি পর্য্যন্ত উপকার তাহা বলা যায় না।

পীতরং।

বহরমপুরের শ্রীযুত ডাক্তর বর্ট সাহেব সংপ্রতি সেগুণ কাষ্ঠের পত্র দিয়া বহুমূল্য পীতরং প্রস্তুতকরণের ধারা প্রকাশ করিয়াছেন তামার কিম্বা মৃত্তিকার পাত্রেতে ঐ বৃক্ষের পত্র একঘণ্টাকাল সিদ্ধ করিলে পীতরং হয় এবং শীতল জলেতে রাখিলেও পীতরং বাহিরহইতে পারে ঐ সাহেব ফিটকারি ও লৌহ মিশ্রিত করিয়া রেশমিকাপড়ে দিয়া পরীক্ষা করিয়াছেন প্রথমোক্ত দ্রব্যের সহিত একত্রকরণেতে পীত ও শেষোক্ত দ্রব্যের সহিত একত্রকরণেতে উত্তম সবুজবর্ণ হইয়াছিল ঐ দুই প্রকার বর্ণই পাকা হয় তাহার তারতম্যে ফিকাগাঢ়া দুই প্রকারই হইতে পারে আর তিন কিম্বা চারি বোতল জলেতে দুই অথবা তিন ছটাক শুষ্ক পত্র সিদ্ধ করিলেই জানা যায় ঐ পরিমিত কতরং প্রস্তুত হয় এবং সিদ্ধ হইলে পত্র ছাঁকিয়া এতরং থাকে যে তাহাতে অনেক গজ রেশমী কাপড় রঙ্গান হয়।

গবর্ণমেণ্ট সদর বোর্ডের প্রতি হুকুম দিয়াছেন বৈঠকখানার বাজার বিক্রয় করিতে হইবেক কিন্তু যদি বাজারের স্থানে সাধারণের উপকারজনক কোন কার্য্য হইতে পারে তবে স্থান গবর্ণমেণ্ট রাখিবেন এবং যশোহরের কমিস্যনর সাহেবের প্রতি বোর্ড হুকুম দিয়াছেন তিনি এই বিষয়ের বিহিত বিবেচনা করেন ঐ বাজার রাখিয়া গবর্ণমেণ্টের লাভ নাই অতএব গবর্ণমেণ্টের অভিপ্রায় প্রজাবর্গের মধ্যে যদি কেহ ক্রয় করেন তবে লাভ করিতে পারিবেন।—জ্ঞানান্বেষণ।

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

এইক্ষণে যিনি আপনাকে বর্দ্ধমানের রাজা বলিয়া লোকেরদিগকে প্রতারণা করিতেছেন তাঁহার পরিচয়ের বিষয় আমার এক জন মিত্রের স্থানে সম্বাদ পাইয়া আপনকার নিকটে

Spirit of the Native Papers.

Court of Requests.

The Government of Bengal, have determined, that a rule of some four years' standing in the Petty Court, viz. the requiring from the plaintiff a deposit of the costs of a suit previous to its being entertained, shall be forthwith abolished: and that the old rule, merely requiring the plaintiff to give security for the payment of costs, in the event of the defendant not paying them, shall be revived. It is also said to be decided, that the Commissioners shall be empowered to try cases for sums up to a thousand rupees.—*Gyan.*

Hospital of Surgery, &c.

Dr. Brett has published, during the week, a prospectus of a plan for enlargening the Central Hospital of Surgery recently established. The establishment is worthy of support from the public, and we hope the philanthropists of Calcutta, will not be found backward in aiding with their purses, &c. an institution which has already done so much good. No less than one thousand one hundred and one surgical cases having received assistance, and relief from it from the 17th December, 1836, to the 17th of February, 1837. With ample means at its command, what incalculable benefit might it not confer on the suffering poor!—*Ibid.*

Yellow Dye.

Dr. Burt, of Berhampore, has lately discovered a valuable yellow dye in the leaves of the teak tree. The dye is obtained by boiling the leaves for upwards of an hour in an earthen or copper vessel; but steeping in cold water will also extract it. Dr. Burt, has yet only tried the dye on silk cloth, using mordants of alum and acetate of iron; the former produces a bright yellow, the latter an olive green; both fixed permanent colours, which can be varied from the most delicate straw to the brightest yellow and olive green. Some idea of the quantity of dye contained in the leaves may be found from boiling four ounces of the dried leaves slowly in 3 or 4 quarts of water; when the liquor is strained there will be a sufficient quantity to dye several square yards of silk cloth.—*Ibid.*

It appears that Government have desired the Sudder Board of Revenue to dispose of the Boitaconnah Bazar, unless there be a prospect of its site being required for public purposes. The Board have accordingly ordered the Jessore Commissioner to do what is needful. We are glad that the Government are come to this decision from a conviction that such property as this is more likely to become profitable by individual than by public management.—*Gyan.*

Correspondence.

To the Editor of the Durpun.

DEAR SIR,—I would not have touched upon so worthless a subject, had it not been for the sake of the material I have been favoured with by a friend, regarding

লেখিতেছে। দশম বর্ষবয়স্ক অবধি অশীতি বর্ষবয়স্ক বৃদ্ধপর্য্যন্ত ভুরিং ব্যক্তির স্থানে শুনা যাইতেছে যে ইনি বর্দ্ধমান রাজার প্রকৃতোত্তরাধিকারী ইনিই প্রকৃত প্রতাপচন্দ্র। ইনি গঙ্গাতীরে আসিয়া গঙ্গাতে ডুব দিয়া আশ্চর্য্যরূপে রক্ষা পাইলেন যেহেতুক কএক ঘন্টাপর্য্যন্ত জল মগ্ন থাকনের ক্ষমতা ছিল। যাঁহারা সুদ্ধ স্বার্থ পর হইয়া ঐ ব্যক্তির সাহায্য করিতেছেন তাঁহারাই এই গপ্প উঠাইয়াছেন। হিন্দুরদের ধর্ম্ম গ্রন্থ পাঠে অবগম হয় যে তাহাতে ইহা অপেক্ষাও অনেক আশ্চর্য্য গপ্প আছে অতএব এই গপ্পও কিছু কালের নিমিত্ত প্রকাশ থাকিতে পারে কিন্তু এমত সময়ে অধিককালপর্য্যন্ত থাকিবে না।

এইক্ষণে লোকের অনেক জ্ঞানোদয় হইয়াছে অতএব এমত অসম্ভব বিষয় গ্রাহ্য হইতে পারিবে না ইহার পূর্ব্বে লোকেরা যে মানসিক অন্ধকারাচ্ছন্ন ছিল তাহাহইতে মুক্ত হইয়া এইপর্য্যন্ত আলোক প্রাপ্ত হইয়াছেন যে সদা কাল অনায়াসে চিনিতে পারেন। এইক্ষণে যে কএক ব্যক্তি প্রতাপচন্দ্র নামধারি ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করিয়া ইনি যে ইহা বিশেষ অবগত হইয়াছেন তদ্বিষয়ক যেরূপ সম্বাদ এইপর্য্যন্ত কোন সম্বাদ পত্রে প্রকাশ হয় নাই তাদৃশ সম্বাদ আপনকার নিকটে পাঠাইতেছি। ঐ সকল ব্যক্তি শুনিয়াছিলেন এই যে জাল রাজা কৃষ্ণনগর নিবাসি শ্যামানন্দনামক এক ব্রহ্মচারির পুত্র অতএব তাঁহাকে দেখিবার নিমিত্ত উদ্যোগী হইয়া যে স্থানে তিনি ছিলেন সেই স্থানে গমন করিলেন। কিঞ্চিৎকাল ঐ সকল লোক বাহিরের বারাণ্ডায় থাকিয়া পরিশেষে রাজকীয় রীত্যনুসারে ঐ জাল ব্যক্তির সম্মুখে আনীত হইলেন। তাহাতে যাঁহারদের সঙ্গে পূর্ব্বে পরিচয়াদি ছিল এমত অনেক ব্যক্তির মুখাবলোকনেতে তাঁহার চমৎকার বোধ হইল কিন্তু কিঞ্চিৎপরে তাঁহারদিগকে দর্শনমাত্র যে ভাব হইয়াছিল তাহা সামলাইয়া ধৈর্য্যাবলম্বনে রাজার ন্যায় ধীরেং তাঁহারদের নিকটে গেলেন। পরে ঐ সকল লোক তাঁহাকে এতদ্রূপ গমন করিতে দেখিয়া নিশ্চয় করিলেন যে ইনি নিতান্তই ঐ ব্রহ্মচারির পুত্র কৃষ্ণলাল। অর্থাৎ যাঁহার সঙ্গে দশ বৎসরপর্য্যন্ত নিত্য পরিচয়াদি ছিল বিশেষতঃ ঐ কৃষ্ণলালের মস্তকে যে দাগ ছিল তদ্দ্বারা তাঁহারা বিশেষ চিনিতে পারিলেন এবং তাঁহারা চাহরাইলেন যে এই ব্যক্তি তালতলার বাসাতে অনেক কালপর্য্যন্ত আমারদের নিকটে থাকিয়া পাকাদি করিত। এই ভাব দৃষ্টি করিয়া তাঁহারদের মধ্যে এক জন তাঁহার সঙ্গে আলাপাদি করিতে লাগিলেন। তাহা ঐ জাল ব্যক্তির ভাল লাগিল না যেহেতুক এইকথার তাঁহার যে বেশ তাহার প্রতিবন্ধকতা হয়। এবং তাঁহার সঙ্গে যিনি এইরূপ আলাপাদি করিতে চাহেন তাঁহার প্রতি অতি কোপাবিষ্ট হইয়া অনেক তর্জনাদি করেন। এইপ্রকার সাক্ষাৎ করণের পর প্রতাপচন্দ্রের পক্ষীয় লোক তাঁহারদিগকে জিজ্ঞাসা করিলেন যে আপনারা রাজাকে কিরূপ দেখিলেন কিন্তু তাঁহারা জিজ্ঞাসুদিগকে কিছু উত্তর দিতে সাহসিক হইলেন না যেহেতুক জিজ্ঞাসুরা রাজার প্রতি অত্যন্তানুরক্ত দৃষ্ট হইল। তাঁহারদের এক জন চাপল্যপ্রযুক্ত যেষ্টমত কথা ব্যক্ত করিয়া কহিলেন তাহাতে জিজ্ঞাসুরা অত্যন্ত রাগান্ধ হইলেন।

এই ব্যক্তিরা যে কেবল আপনারাই গিয়া রাজার পরিচয়ার্থ লইয়াছেন এমত নহে কিন্তু তৎপরে অন্যান্য অপক্ষপাতি ব্যক্তিরদিগকেও তথায় পরিচয়ার্থ লইয়া গিয়াছিলেন তাঁহারাও দেখিয়া তাঁহারদের কথাতে সায় দিলেন যেহেতুক তাঁহারা পূর্ব্বে এই ব্যক্তিকে দেখিয়াছিলেন বিশেষতঃ বৃদ্ধ রাজার যে দুই উপপত্নী ছিল তাঁহারদিগকেও সেই স্থানে লইয়া গিয়া সেখান গেল কিন্তু তাঁহারা ঐ ব্যক্তিকে কএক কথা জিজ্ঞাসা করাতে স্পষ্ট উত্তর না পাওয়াতে বোধ হইল যে ইনি রাজা নহেন।

the real identification of the personage who has taken the liberty to style himself Raja Pretabchunder of Burdwan. From the boy of 10 years up to the adult turned of 70, you will hear nothing but that this person is the lawful successor to the Burdwan guddee. The identical Pretabchunder, is said to have made a miraculous escape by diving through the water when on the brink of the Ganges, being possessed of the power of concealing himself under it for several hours. Judging from the religious books of the Hindoos which abound with more wonderful legends and fictions, it may pass for a while. But this is not the age in which it will take; the world has grown wise and advanced too much in intellect to swallow such glaring absurdities. Mankind have recovered from that mental darkness in which they then groped, and have gained light enough to distinguish white from black.

I now venture to give you an account of the interviews between several individuals who have discovered who this person is, and which have not as yet been published in any of the papers. Excited by curiosity raised in them by a rumour that was some time abroad, that this pseudo Raja is the son of a Brumhacharee named Shamanundo, an inhabitant of Kishnaghur, these individuals went to visit him at the place where he has been kept. After dancing attendance for a little time in the audience hall, he was ushered in with all the pomp due to a Raja, who no sooner saw so many faces, with whom he was too familiar, than he made an effort, by shrinking a little to evade discovery. He, however, soon recovered himself, and after stifling the confusion that such occasion gave rise to, and giving himself an air of composure, he walked up with an affected gait to keep pace with his assumed dignity. His visitors having now a perfect view of his person, easily recognised in him Kistolall Brumhacharee, the son of the Brumhacharee above alluded, with whom they were fully acquainted, having known him for nearly ten years continually; besides by the marks he had and still bears on the temple of his head. Moreover he lodged in the house of one of them at Taltolah nearly six months, where he cooked his meals. On this discovery one of them could not help saluting him in a familiar style, which he seemed very little to relish, of course being inconsistent with his present assumed character, not to mention the indignation at his being so free, which passed not unreprimanded.

After this interview was over, the warm advocates on his side wanted to know what they thought of him, but no one desired to answer, as it appeared that every one of them was a blind zealot, until one was silly-tongued enough to venture out with what was in his mind, which was not taken without some feelings of irritation.

These individuals not only experimented upon him with their personal investigation, but took with them another day other unprejudiced persons, who likewise corroborated their testimony, having seen this man before, and particularly two public women who were kept by the late Raja in his life time. These women, though not knowing what they took them for, clearly demonstrated, that he was not the Raja, by the questions they put him to, which were answered unsatisfactorily.

এই ব্যক্তি কিয়ৎকালপর্য্যন্ত যশোহরে থাকিয়া যে মাকসুয়েল সাহেব এইক্ষণে ইঙ্গলণ্ড দেশে গমন করিয়াছেন তাঁহার নিকটে কোন পদ প্রাপণের নিমিত্ত দরখাস্ত করেন এবং কলিকাতার সিমলায় এতদ্দেশীয় মান্য এক ব্যক্তির স্থানেও একটা কর্ম্মের নিমিত্ত প্রার্থনা করিয়াছিলেন। এবং ঐ ব্যক্তি কোনং সময়ে বরাহনগরে ও কৃষ্ণনগরে থাকিতেন যখন কলিকাতায় থাকিতেন তখন কোনং ব্যক্তি তাঁহাকে কহিতেন তোমার মুখ ঠিক মৃত রাজা প্রতাপচন্দ্রের মুখের ন্যায় ঐ ব্যক্তি সকল কথা শুনিয়া কখনং কোন বিবাদে লিপ্ত হইয়া কহিতেন যে আমি যদি কখন বর্দ্ধমানের রাজা হই তবে যাহারা আমার সঙ্গে বিবাদ করিতেছে তাহারদের মস্তক ছেদন করিব। এই প্রযুক্ত তিনি কখনং লোকের নিকটে তিরস্কৃত হইতেন। যেহেতুক তাঁহার এতদ্রূপ উক্তিতে পাগলা গারদে যাইতে হয়।

ঐ ব্যক্তি কলিকাতায় উপস্থিত হইলে পর কি তিনি ও আত্মীয়গণের এইপর্য্যন্ত আইন মত আদালতে কিছু জ্ঞাপন করিতে সাহস হয় নাই। অতএব ইহাতেও অন্যান্য অনেক বিষয় বিবেচনাতে কৃত্রিম বোধ হইতেছে বিশেষতঃ তাঁহার যে এক জন ভৃত্য ৫ টাকা বেতন পায় তাহার কিঞ্চিৎ অপরাধ হইলে ৫০০০ টাকা খেসারত করেন এবং কিছুমাত্র সম্বল না রাখিয়া কএক সহস্র মুদ্রা দান করেন। প্রতাপচন্দ্র রাজার এমত সুশীল ও সদাচার ব্যবহার কখন ছিল না অতএব ইহাতেই তাহার কৃত্রিমতা সুস্পষ্টই প্রকাশ হইতেছে। এতদ্দেশীয় অনেক সম্বাদ পত্রে ও দর্পণে বারম্বার দেখা যাইতেছে যে বহুতর মান্য ব্যক্তি তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিয়াছেন এবং কহিয়াছেন যে ইনিই প্রকৃত রাজা প্রতাপচন্দ্র এইসকল প্রস্তাবেতে আমার অতিঘৃণা জন্মিয়াছে। হালদার বাবু রাজার ন্যায় তাঁহাকে সম্মানপূর্ব্বক তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিতে গিয়াছিলেন এবং ঐ জাল ব্যক্তিরবিষয়ে তিনিও আপনার মিত্রগণকে কহিলেন যে ইনি রাজা বটেন এবং চুঁচুড়াতে অবস্থানসময়ে ইহাঁর সঙ্গে মধ্যেং আমার সাক্ষাৎ হইত। এবং তৎপর দিবসে তিনি অপর এক আত্মীয় ব্যক্তির নিকটে কহিয়াছেন যে আমি তাঁহার সম্মুখে অত্যন্ত সম্মানপূর্ব্বক প্রতাপে কম্পিত হইয়া ভয়েতে না কহিতে পারিলাম না এবং এমত কিছু চিহ্নও দৃষ্ট হইল না যে তাহাকে প্রতাপচন্দ্র জ্ঞান না হইল। তাঁহার প্রতি বাঁড়ুয্যের শ্রদ্ধা বা অশ্রদ্ধাতে কিছু আইসে যায় না সুতরাং এমত আশ্চর্য্য ব্যাপার বিষয়ে আমার যে রূপ শ্রদ্ধা ছিল তাহা গিয়াছে এবং এই ঘোর কলিযুগে এমত ব্যাপারই বা না হইবে কেন। তিনি নিতান্তই জানেন যে এক পক্ষে লাভ আছে পরিশেষে আমি একটা লাটিন কথাতে এইপ্রস্তাবের শেষ করিলাম অর্থাৎ কালই সকল ব্যক্ত করেন।

পর

কলিকাতা।

পুনশ্চ এইস্থলে আমার বিশেষ স্মরণ হইল যে দুই ব্যক্তি পৃথিবীর নানাস্থানে প্রতারণা করিয়া পরিশেষে আগ্রা শহরে রুশীয়েরদের গোয়েন্দা বলিয়া ধরা পড়িল এইক্ষণে তাহারা কলিকাতার পোলীসে কয়েদ আছে। তাহারদের বিষয়ে তজবীজও হইতেছে ঐ ব্যক্তিরা সর্ব্বত্র জয়ী হইয়া কেবল আগ্রাতে ধৃত হইল তাহারদের ব্যাপারের সঙ্গে ইহার তুলনা হইতে পারে না।

পর।

This person was some time in Jessore, where he applied to Mr. Maxwell (who has proceeded to England) for a situation, and also to a respectable native gentleman at Simlah in Calcutta. He was in Burranuggur and Kishnaghur for some period. When in Calcutta, some persons occasionally remarked to him, that he had a great resemblance in his features to the defunct Raja Pretapchund. Taking advantage of which, he used to exclaim when engaged in a feud, that if ever he became Raja of Burdwan, he would decapitate those who have now the impudence to oppose him, for which he was often upbraided in consequence of the probability of being taken to the mad house.

This man, after his arrival at Calcutta, has not, neither have his friends as yet dared to do any thing in a legal manner in his behalf, which combined with other facts, such as fining a servant 5,000 Rs. of only 5 Rs. pay for a little derilection of duty, and at another time awarding several thousands, of which he has nothing; a conduct at perfect variance with that of Pretapchund's amiable and affable manners, give us ample proofs of the imposition.

I have often seen accounts in the native papers and the Durpun, of the meeting of respectable individuals, with their notions regarding this personage, who have declared him to be the real Raja. On which I cannot help remarking with feelings of disgust. Baboo Holdar, who visited him with all the respect due to a Raja, and expressed in the presence of the duped friends his conviction that this man was the identical Raja, whom he had seen occasionally in Chinsurah, said the next day to a respectable native gentleman that he was strangely overcome, through fear, at that moment, to speak in the negative, and that he has not found any thing in this man that would lead him to believe him to be Raja Pretapchund.

As for Banerjee's believing and disbelieving, it cannot be taken into any account. Of course his former doubts regarding the possibility of such a wondrous thing, has been removed, and no easy matter, in these days perhaps. He knows well how to butter his bread. I conclude for the present with annexing the Latin phrase, *Tempus omnia revelat.*

Yours obediently,

Calcutta, 8th March, 1837. P. R.

P. S. I cannot forego noticing here prominently the many deceitful parts played by the two men, in the different parts of the globe, who were captured at Agra under suspicion of being Russian spies, and are now in the custody of the Police of Calcutta, and undergoing investigation, and who were not detected but at the former place; in comparison to which the above is nothing. P. R

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৷৶	ঐ
২ ক্লাস	১০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩	১৪	ঐ
৪ টাকার লোন	১৸৶	১৸৶	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৬০০—১৭০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	13 0	14 0
4 per Cent loan,	1 10	1 14 Disct

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1600—1700.

সমাচার দর্পণ

১১৩২ সংখ্যা। বালম ১৯।] ২৫ মার্চ ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ১৩ চৈত্র। SATURDAY, MARCH 25TH, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1132. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩০ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব ঈশ্বরচন্দ্র মুখুয্যের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার ভবানীপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টক নির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। উত্তর দিগে প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের বাগাৎ ভূমি। দক্ষিণ দিগে রত্ন মিত্রের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গোপাল দের বাটী ও ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ১৷৷০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এরূইপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে দুর্গাপ্রসাদ রায়ের বাগাৎ ভূমি। পূর্ব্ব দিগে রামমোহন গোহরের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রাসু ধোবার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা।

৩ দফা। এবং পুর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান তিন ৩/ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর পূর্ব্ব ও দক্ষিণ দিগে গঙ্গামণি দেবীর বাটী ও ভূমি। পশ্চিম দিগে পণ্ডিত যুগীর বাটী ও ভূমি।

৪ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিতকাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। উত্তর ও পূর্ব্ব দিগে মাণিক ঘোষের এক পুষ্করিণী ও ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দক্ষিণ ও উত্তর দিগে কোম্পানিবাহাদুরের রাস্তা। পশ্চিম দিগে বিপ্রদাস মিত্রের বাটী ও ভূমি।

৬ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷৷২ বার কাঠা কাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে এক রাস্তা। পশ্চিম দিগে বেনী ময়রার বাটী। দক্ষিণ দিগে স্বরূপ ডাক্তরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গৌরমোহন বাঁড়ুয্যের বাটী ও ভূমি।

৭ দফা। এবং পূর্ব্বোক্ত জিলাতে মুদিসানগরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহারমধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃপশ্চিম ও উত্তর দিগে কোম্পানিবাহাদুরের রাস্তা। পূর্ব্ব দিগে বৈদ্যনাথ হালদারের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে লক্ষ্মীকান্ত কাঁসারির বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

রিসিবর আফীস।

জমিদারী ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় উমেশচন্দ্র পাল চৌধুরী দিগর ফরিয়াদী ও ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী দিগর আসামী ইত্যাদি সেই মোকদ্দমায় ১৮২৮ সালের ১৬ সেপ্তেম্বর তারিখের সুপ্রিম কোর্টের হুকুম প্রমাণ শ্রীযুত জেমেস ওয়েরহাগ সাহেব উপরি উক্ত উমেশচন্দ্র পাল চৌধুরী ও ৺ রত্নচন্দ্র পালচৌধুরী উত্তরাধিকারির জমিদারী দিগরের রিসিবর মোকরর হইয়াছেন অতএব ১৮৩৭ সাল সোমবার ২৭মার্চ বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফীসে নীচের লিখিত জমিদারী ১ খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজরার মিয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফীসে উপস্থিত হইবেন ইজারার সরৎ ও ব্যাওরা রিসিবর আফীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

জায়।

পরগনা বাগমারা জিলা নদীয়া মং ৪২ মৌজা।

ঐ জিলার চাকলে শ্রীনগরের ডিহি অনন্তপুর ওগয়রহ মং ৮৩ মৌজা।

তরফ মুনশিবপুর ঐ জিলা মং ২৫ মৌজা।

ডিহি রাজাপুর ঐ জিলা মং ১৮ মৌজা।

চাকলে ধুলিয়েপুর ও ডিহি কৃষ্ণপুর ঐ জিলা মং ১৪৯ মৌজা।

ঐ জিলার ও ২৪ পরগনার শামিল তালুক দিগলগ্রাম মং ৬ মৌজা।

ডিহি বাজিতপুর পরগনা দাঁতিয়ে জিলা যশোহর মং ৮৬৷৷০ মৌজা।

রিসিবর আফীস ১৩ মার্চ ১৮৩৭ সাল।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

হরনাম মিশ্র ফরিয়াদী

বামেশ্বর পাড়ে দিং আসামী

ইং ১৮৩৬ সাল ১ জুলাই তারিখে এই মোকদ্দমায় যে ডিক্রী হয় ঐ ডিক্রীর হুকুমঅনুসারে মৌজে খোরিয়া পরগনা সাসরো সাহাবাজ জিলায় যত জমি ও আওলাতওগয়রহ যে কিছু ঐ উপরি লিখিত ডিক্রীতে কথিত আছে ঐ সকল বিষয় আমার আফীসে সুপ্রিম কোর্টে ১৭ আপ্রিল বেলা দুই প্রহর নাং দুইটাপর্য্যন্ত আমি পবলিকসেলে যথার্থ মূল্যে বিক্রয় করিব।

A. DOBBS.

W. D. SHAW, ফৈং উকীল।

২। যদ্যপিস্যাৎ কোন ব্যক্তি খরিদ করিতে বাঞ্ছা করেন তবে আমার আফীসে কিম্বা উকীল সা সাহেবের আফীসে বিশেষ বেওরা জানিতে পারিবেন।

A. DOBBS.

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয়বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃকরচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাংভাসাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত মূল্য ।০ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈল প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯১৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

আগ্রা ও বঙ্গরাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

রাজকর্ম্মে নিয়োগ।

১১ মার্চ ১৮৩৭।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত হাকিন্স সাহেব পীড়িত হওয়াপ্রযুক্ত রাজশাহীর সিবিল ও সেসন জজ শ্রীযুত রাবর্ট বার্লো সাহেব অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করত তৎসময়েই ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ সায়েরসায়েরী কমিস্যনরের তাবৎ চলত কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

১৪ মার্চ।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব বিশেষ কোন কর্ম্মে নিযুক্ত হওয়াতে শ্রীযুত আর হাম্পটন সাহেব বগুড়ার জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরের কর্ম্মহইতে তাঁহাকে মুক্ত করিয়া অন্য হুকুম না হওনপর্য্যন্ত তৎকার্য্য নির্ব্বাহ করিতে থাকিবার হুকুম প্রাপ্ত হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের কিঞ্চিৎকালীন জজ শ্রীযুত উইগ্রাম মনি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান তারিখঅবধি পাঁচ দিবসের ছুটি পাইয়াছেন।

বর্দ্ধমানের একটিং দ্বিতীয় উপরি জজ ও সেসন জজ শ্রীযুত এ স্মেল্ট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ বর্ত্তমান মহরমের ছুটিপর্য্যন্ত বিদায় পাইয়াছেন।

ত্রিপুরার সিবিল ও সেসন জজ শ্রীযুত জেমস শা সাহেব গত মাসের ৭ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে মরিচ উপদ্বীপে গমনার্থ হিরিফোর্ডসৈয়র নামক জাহাজ প্রস্থানের তারিখঅবধি আট মাসের ছুটি পাইয়াছেন।

১৭ মার্চ।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জে এফ জি কুক সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঢাকার সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৯ সংখ্যক অর্থাৎ কটক প্রদেশের রেবিনিউ ও সায়েরসায়েরী কমিস্যনর শ্রীযুত আর বি ডবলিউ রামজি সাহেব ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের কমিস্যনরী পদে নিযুক্ত হইয়াছেন।

১৫ মার্চ।

ঢাকার ধর্ম্মোপদেশক শ্রীযুত সেফর্ড সাহেবকে কলিকাতার শ্রীযুত আর্চডিকন সাহেব যে ছুটি দেন তাহা ২৮ তারিখঅবধি আরম্ভ হইবে।

৮ মার্চ।

শ্রীমতী বাইজাবাইয়ীর সমভিব্যাহারি কমিস্যনর শ্রীযুত কাপ্তান জে মেনসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে লক্ষ্ণৌতে গমনার্থ বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি পনর দিবসের ছুটি পাইয়াছেন।

৬ মার্চ।

বুলন্দ শহরবাসি মীরটের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত বিশম্ভর পণ্ডিত স্বীয় কর্ম্মোপলক্ষে পনর দিবসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত সি আর কার্টরাইট সাহেব আলাহাবাদের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

৯ মার্চ।

শ্রীযুত আর এন সি হামিল্টন সাহেব ২ সংখ্যক অর্থাৎ আগ্রার রেবিনিউ ও সায়েরসায়েরী কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কলিন লিণ্ডি সাহেব দিল্লীর সিবিল ও সেসন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত লিণ্ডি সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিল্লীর স্বীয় মাজিস্ত্রেট ও কালেকটরের এবং সিবিল ও সেসন জজের কার্য্য নির্ব্বাহ করিবেন।

CIVIL APPOINTMENTS.

11th March, 1837.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. Robert Barlow, Civil and Session Judge of Rajeshahye, to take charge of the current duties of the Office of Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, until further orders, in consequence of Mr. Hawkins' illness, retaining charge at the same time of the Judge's office.

14th March.

Mr. R. Hampton is authorized to relieve Mr. G. U. Yule, deputed to the performance of a special duty from the charge of the Joint Magistracy and Deputy Collectorship of Bogra, and to continue to conduct the duties thereof until further orders

The following officers have obtained leave of absence from their stations :

Mr. Wigram Money, a Temporary Judge of the Courts of Sudder Dewannee and Nizamut Adawlut, for five days, from the present date, on private affairs.

Mr. A. Smelt, officiating Second Additional Judge and Sessions Judge of Burdwan, during the ensuing Mohurrum Vacation, for the purpose of visiting the Presidency, on private affairs.

Mr. James Shaw, Civil and Session Judge of Tippera, to proceed to the Mauritius, on medical certificate, for eight months, from the date of the sailing of the Ship *Herefordshire*, in extension of the leave granted to him on the 7th ultimo.

17th March.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. J. F. G. Cooke to officiate, until further orders, as Civil and Session Judge of Dacca.

Mr. R B. W. Ramsay, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 19th or Cuttack Division, is transferred under the Commissionership of the 12th or Bhaugulpore Division.

15th March.

Leave for ten days has been granted to the Reverend H. R. Shepherd, District Chaplain at Dacca, by the Venerable the Archdeacon of Calcutta, to take effect from the 28th instant.

8th March.

Captain J. Manson, Commissioner with Bajie Rao, has obtained leave of absence for fifteen days, from the 14th instant, to visit Lucknow, on private affairs.

6th March.

Pundit Bissumber, 2d Principal Sudder Ameen of Meerut, stationed at Boolundshahur, has obtained leave of absence for fifteen days, on his private affairs.

Mr. C. R. Cartwright to officiate as Magistrate and Collector of Allahabad.

9th March.

Mr. R. N. C. Hamilton to officiate as Commissioner of Revenue and Circuit of the 2d or Agra Division.

Mr. Colin Lindsay to officiate as Civil and Sessions Judge of Delhi. Mr. Lindsay will continue in charge of his present office of Magistrate and Collector of Delhi, as well as of that of Civil and Sessions Judge, until further orders.

১১ মার্চ।

শ্রীযুত টি জে টর্ণর সাহেব ৩ সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর লোথর সাহেব ৪ সংখ্যক অর্থাৎ আলাহাবাদ প্রদেশের রেবিনিউ কমিস্যনরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

11th March.

Mr. T. J. Turner to officiate as Commissioner of Revenue and Circuit of the 3d or Bareilly Division.

Mr. R. Lowther to officiate as Commissioner of Revenue and Circuit of the 4th or Allahabad Division.

সমাচার দর্পণ

শনিবার ২৫ মার্চ ১৮৩৭।

সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার ভূমির রাজস্ব বাকি ও আদায়হওয়া টাকার হিসাব সদর বোর্ডের সাহেবেরদের নিকটে দাখিল হইয়াছে।

বৎসর	হাল দাওয়া	বকেয়া বাকি
১৮২০-২১	২,৯৩,৯১,৪২৩	৭৮,০৩,৯১৯
১৮২১-২২	২,৯৪,৬৪,১০০	৮০,৬১,৮১৭
১৮২২-২৩	২,৯৪,৯৮,৬০৪	৭৮,২০,৭৯৪
১৮২৩-২৪	২,৯৫,২৫,৩০৮	৭৬ ৫৬,০৩০
১৮২৪-২৫	২,৯৫,৫৯ ৮৮৭	৮২,৭৩,৩২১
১৮২৫-২৬	২,৯৬,১৩,৭৫২	৮০,৮৫,৭৫৮
১৮২৬-২৭	২,৯৭,৫৪ ৪৮০	৮০,০২,০৬৩
১৮২৭-২৮	২,৯৯,৫০,৩১৯	৯৩,১৮,৭৪৪
১৮২৮-২৯	৩,০১,২৫,৩১৮	৯৩,৬৮,৪৬৮
১৮২৯-৩০	২,৯৯,৪৬,৩৩৩	৯৫,৬৫,৭৮৪
১৮৩০-৩১	২,৯৯,৭৫,৫০৬	৯৭,৯১,৮০৭
১৮৩১-৩২	৩,০০,০৬,৬৯৭	১,০০,৮৮,৯৯৯
১৮৩২-৩৩	৩,০০,২২,৪৭৩	১,০১,৩৩,১২৩
১৮৩৩-৩৪	৩,০০,৯২,২০৪	১,০০ ৫৩ ৫৭৮
১৮৩৪-৩৫	৩০১,৬৪,৯৬২	১,২৫,৮৬,৪৬৯
১৮৩৫-৩৬	৩০১,৬৪,৯৬২	১,২৭,৬৮,০০০
	৪৭,৭২,৫৫ ৩২৭	১৫ ১১,৭৮,০৭৪

	হাল আদায়	বকেয়া আদায়
১৮২০-২১	২,৭০,৪৩ ৫১৪	১৮,১৬,৬৫০
১৮২১-২২	২,৭৪,১৩ ৭৪৮	২১,০৪,০২০
১৮২২-২৩	২,৭৪,৭১,৩৬৫	১৮,০৯,০৪৭
১৮২৩-২৪	২,৬৯ ৪৬ ৮০৩	১৭,৮৭,০৩৭
১৮২৪-২৫	২,৭১ ৮৩,০৫৫	২২ ৮৮ ৩৬৬
১৮২৫-২৬	২,৬৭ ৩৮,৭৫৫	১৯ ৯১,৮৭৫
১৮২৬-২৭	২,৬৪,৭৭,৬৩০	২৫ ৭৩,০৯৪
১৮২৭-২৮	২,৭৭,০২,৫৩৪	২৯,৭৭,৪৮৪
১৮২৮-২৯	২,৬৬,০৫,৭১৫	২৯,৪৯ ৩৫৮
১৮২৯-৩০	২,৬৩ ২৬,৮১৮	৩১,৬৪,৫৩৮
১৮৩০-৩১	২,৬০ ৩০,০৫৪	৩২,৯০,২৬৬
১৮৩১-৩২	২,৪৩ ৯৫,৪৬১	৩৫ ৮০,৬২৯
১৮৩২-৩৩	২,৩৭,৭৬,০৫৭	৪৭ ৮৮,৬৭৬
১৮৩৩-৩৪	২,২৫,৪৪,৬৮৫	৫২,২৭ ৩৬৯
১৮৩৪-৩৫	২,২৫ ৮৫,৬৭৪	৬০,১৩,৩৩১
১৮৩৫-৩৬	২,২৫,৭৬,৪৪২	৬০,১৪,০০০
	৪১,০৭,০৮,৩১০	৫,২৩ ৭৪০

এই হিসাবের দ্বারা দৃষ্ট হইল যে ১৮২৮। ২৯ সালে অর্থাৎ রেবিনিউ কমিস্যনর সাহেবেরদের নিযুক্তহওনের পূর্ব্বে হালের রাজস্ব দাওয়া ৩ কোটি টাকারো অধিক ছিল ঐ সনের ২ কোটি ৬৬ লক্ষ টাকা হাল সনে আদায় হয় কিন্তু ১৮৩৫। ৩৬ সালে অর্থাৎ নূতন কমিস্যনরী পদ স্থাপিতহওনের ৭ বৎসর পরে হালের দাওয়া ৩ কোটি টাকা ছিল আদায় হয় কেবল ২ কোটি ২৫ লক্ষ টাকা তাহাতে ৭৫ লক্ষ টাকা অর্থাৎ সরকারী তাবৎ ভূমির রাজস্বের চতুর্থাংশ বাকি পড়িল।

SUMACHAR DURPUN.

SATURDAY, 25TH MARCH, 1837.

The following Statement of the Demand and Collections of the land Revenue in Bengal, Behar and Orissa, has been laid before the Sudder Board of Revenue.

Years.	*Hal. Demand.*	*Bukya. Demand.*
1820-21	2,93,91,423	78 03,319
1821-22	2,91,61,100	80 61,817
1822-23	2 94 97,604	78,20,794
1823 24	2 95,25,308	76 56,030
1824 25	2 95,59,887	82,73,321
1825-26	2,96,13,752	80,85,758
1826 27	2,97,54,480	80,02,063
1827 28	2,99,50,319	93,18,744
1828-29	3,01,25,318	93,68,468
1829-30	2,99,46,333	95,65,784
1830-31	2,99,75,506	97 91,807
1831-32	3,00 06,697	1,00,88,999
1832-33	3.00 22,473	1,01 33,123
1833-34	3 00,92 204	1,00,53,578
1834-35	3,01,64,962	1 25 86 469
1835-36	3 01 64,962	1,27,68 000
Total,	47,72,55 827	15,11,78 074

	Current or Hal Collections.	*Bukya. Collections.*
1820-21	2 70 43 514	18 16 650
1821-22	2,74.13.748	21,04,020
1822-23	2.74,71,365	18,09 047
1823-24	2 69,46,803	17,87,037
1824 25	2,71,83,055	22 88,366
1825-26	2 67,38,755	19 91,875
1826 27	2,64,77,630	25,73,094
1827-28	2,66,02,534	29,77,484
1828-29	2,66,05,715	29.49.358
1829 30	2 63,26 818	31,64,538
1830-31	2,60,30,054	32.90,266
1831-32	2,43.95.461	35,80,629
1832-33	2,37.76,057	47,88 676
1833-34	2,25 44.685	52,27,369
1834-35	2 25,75,674	60,14.331
1835-36	2,25,76 442	60,14.000
Total,	41.07,08,310	5,23 76.740

From this Statement it appears, that in the year 1828-29, before the Revenue Commissionerships were appointed, the Demand for the year was about *three crores* of Rupees; the Collections, *two crores and sixty-six* lakhs; leaving a deficiency of only *thirty-four* lakhs of Rupees. In the year 1835—36, after the new office had been established seven years, the demand of the year was about the same, or *three crores* of Rupees; the collection, only *two crores and twenty-five* lakhs, leaving a deficiency of no less than *seventy-five* lakhs of Rupees; or nearly one-fourth of the whole demand of Government for land Revenue.

সদর বোর্ড রেবিনিউ।

বোর্ড রেবিনিউ সাহেবেরদের এবং আসামের কর্ম্মকর্ত্তারদের পরামর্শক্রমে গবর্ণমেণ্ট আসামদেশের রাজস্ব প্রতিদিন বৃদ্ধি হইতেছে দেখিয়া বকেয়া রাজস্বের উপর যে সুদ নির্দ্দিষ্ট ছিল তাহা ক্ষমা করিতে হুকুম দিয়াছেন। কেবল শঠতারূপে যে স্থলে রাজস্ব দেওয়া যায় নাই সেই স্থলের সুদ লইতে ক্ষমা করিবেন না কিন্তু শঠতাক্রমে রাজস্ব বাকি রাখিলে রেবিনিউসম্পর্কীয় আমলারদিগকে দণ্ডদেওনার্থ ক্ষমতার্পণ করণাবশ্যকবোধে বোর্ডের সাহেবেরদের প্রতি হুকুম হইল যে শ্রীযুক্ত কমিস্যনর সাহেবকে ১৮১৮ সালের ১০ আইনের ৬ ধারার বিধি দৃষ্টি করিতে এবং প্রতারণারূপে রাজস্ব বক্রী হইলে ঐ বিধ্যনুসারে রাজস্ব আদায় করিতে আজ্ঞা করেন।

ষ্টিমটগ সমাজ অর্থাৎ বাষ্পীয় জাহাজের দ্বারা সামান্য জাহাজাকর্ষণীয় সমাজ।

বাষ্পাকর্ষক জাহাজীয় সমাজের প্রথম বার্ষিক বৈঠক গত সোমবার পূর্ব্বাহ্নে কার টাকুর কোম্পানির দপ্তরখানায় হইয়া সমাজের হিসাবপত্রসকল অংশিরদিগকে দর্শান গেল তাহাতে দৃষ্ট হইল যে গত ছয় মাসের মধ্যে মূল ধনের উপরে শত করা ১৫॥০ টাকা করিয়া লভ্য হইয়াছে। কিন্তু সামাজিকেরা স্থির করিলেন যে ছয় মাসের নিমিত্ত শতকরা ৭ টাকার হিসাবে ডেবিডেণ্ড দেওয়া যাইবে এবং অবশিষ্ট লভ্য কলিকাতাবন্দরে সামান্য জাহাজের উপকার নিমিত্ত নূতন বাষ্পীয় জাহাজ ক্রয়করণার্থ ন্যস্ত থাকিবে। তাহাতে সমাজ প্রথমঅবধি যে কল্পনা করিয়াছিলেন তাহা সিদ্ধ করিতে পারিবেন অর্থাৎ জাহাজাকর্ষণের ভাড়া ন্যূন করিবেন। ঐ বৈঠকে আরো এই স্থির হইল গবর্ণমেণ্টের নিকটে এক দরখাস্ত করা যায় যে তাঁহারদের ঐরাবতীনামক বাষ্পীয় জাহাজ উপযুক্ত মূল্যে বিক্রয় করেন কি না।

মান্দ্রাজে নূতন বড় সাহেবের আগমন

বর্ত্তমান মাসের ৫ তারিখে বাদশাহের প্রিন্স রিজণ্টনামক জাহাজ মান্দ্রাজে পঁহুছিল। ঐ জাহাজে মান্দ্রাজের বড় সাহেব শ্রীলশ্রীযুত লার্ড এলফিনষ্টোন সাহেব ও তাঁহার নিজ সেক্রেটরী শ্রীযুত ওয়াল্টর এলিয়ট সাহেব আরোহী ছিলেন। ঐ দিবসেই পূর্ব্বাহ্নে মান্দ্রাজের পূর্ব্বকার বড় সাহেব শ্রীযুত সর ফ্রেদৃক আদম সাহেব জাবানামক জাহাজারোহণে মান্দ্রাজহইতে প্রস্থান করেন। কিন্তু শ্রীলশ্রীযুক্ত লার্ড এলফিনষ্টোন সাহেব যখন শুনিলেন যে জাবা জাহাজে শ্রীযুত সর ফ্রেদৃক আদম সাহেব এইমাত্র প্রস্থান করিলেন অর্থাৎ এখনো দৃষ্টিগোচরাতীত হন নাই তখন পূর্ব্বকার ঐ শ্রীযুত গবর্নর সাহেবের সঙ্গে সাক্ষাৎকরণাভিপ্রায়ে স্বীয় জাহাজ জাবা জাহাজের সঙ্গে মিলনার্থ পুনঃসমুদ্রে গমন করিতে হুকুম করিলেন তাহাতে প্রিন্স রিজণ্ট জাহাজ মান্দ্রাজহইতে পুনঃগমনানন্তর উভয় সাহেবের সঙ্গে সাক্ষাৎ হইলে তাঁহারা একত্র কথোপকথনেতে রাত্রি দুই প্রহরপর্য্যন্ত যাপন করিলেন। পরদিবসে প্রিন্স রিজণ্ট জাহাজ প্রত্যাগত হয় তৎপরদিবসে শ্রীলশ্রীযুক্ত লার্ড এলফিনষ্টোন সাহেব মান্দ্রাজে উত্তীর্ণ হইলেন।

নওয়াব নাজিম।

অবগত হওয়া গেল যে শ্রীযুত চিনারী সাহেবকে শ্রীযুক্ত নওয়াব নাজিম শ্রীলশ্রীযুক্ত বাদশাহকে বহুমূল্য উপঢৌকন প্রদানার্থ ইঙ্গলণ্ড দেশে প্রেরণ করিয়াছিলেন তিনি কলম্বোনামক জাহাজারোহণে এতদ্দেশে প্রত্যাগত হইয়াছেন এবং শ্রীযুক্ত

Sudder Board of Revenue.

The Government, in compliance with the representations of the Board and the local authorities, and with reference to the circumstance that the land revenue of the province has been progressively increasing, has authorized the discontinuance in Assam of the demand of interest upon arrears of revenue except in cases of wilful default. It has been considered, however, desirable, that the revenue officers should be empowered to inflict some penalty on wilful default, and the Board have therefore been desired to direct the attention of the Commissioner to Sect. VI. Regulation X. of 1818, desiring that that law should be acted upon at the discretion of the local authorities when even the public due is fraudulently withheld.—*Engl.*

Steam Tug Association.

The first annual meeting of the Steam Tug Association took place at the office of Messrs. Carr, Tagore and Co. on Monday morning last, when the accounts were laid before the subscribers, and it appeared that during the last half year the profits had amounted to 15½ per cent. upon the subscribed Capital; but it was determined to make a dividend of only 7 per cent. per share, and reserve the rest of the profits for procuring one or more vessels to supply the increasing demand on the shipping in this port, and to enable the Association to effect an object it has from the first desired to accomplish, viz. to lower the rates of charge for tugging vessels. At this meeting it was also resolved, that applications be made to Government to ascertain if they will part with the *Irrawaddy* upon a fair valuation.

Lord Elphinstone and Sir F. Adam.

On the 5th inst. the royal yacht *Prince Regent*, arrived at Madras, having on board the Right Honourable Lord Elphinstone and Walter Elliot, Esq. Private Secretary. The *Java*, with Sir Frederick Adam on board, sailed the same morning, a few hours before the signal of the yacht was made out. Lord Elphinstone no sooner learned that the *Java*, having on board Sir Frederick Adam, was scarcely out of sight of the roads, than he directed the *Prince Regent* to be put to sea again, in order that he might communicate with the Ex-Governor. The *Prince Regent* accordingly left the roads in pursuit of the *Java*, came up with her, and the two Governors continued together till midnight, after which the vessel returned the next day, when Lord Elphinstone disembarked.

The Nawaub Nazim.

We understand that Mr. Chinnery, who has arrived in the *Colombo*, and who was sent to England by His Highness the Nawaub Nizam with costly presents for His Majesty, the King of England, is now in charge of very va-

নওয়াব নাজিমকে শ্রীলশ্রীযুত বাদশাহ কর্তৃক যে বহুমূল্য পারিতোষিক প্রদত্ত হইয়াছে তাহা সমভিব্যাহারে আনয়ন করিয়াছেন। শুনা গেল যে ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুক্ত বাদশাহ্ শ্রীযুত চিনারী সাহেবকে গুএল্‌ফ নামে অতিপ্রসিদ্ধ সম্ভ্রমসূচক উপাধি দিয়াছেন। অবগম হইল যে শ্রীযুত চিনারী সাহেব যখন উইণ্ডুরনামক রাজবাটীতে শ্রীলশ্রীযুক্ত বাদশাহ্‌কে ঐ সকল উপঢৌকন অপর্ণ করেন তৎসময়ে শ্রীলশ্রীযুত বাদশাহ্ অতিসমাদরপূর্ব্বক তাহা গ্রহণ করিয়া ঐ সাহেবকে স্বীয় পরম সন্তোষক চিহ্নস্বরূ অত্যুত্তম জিঞ্জিরসমেত স্বর্ণময় এক ঘড়ী প্রদান করিলেন। ঐ ঘড়ীর স্বর্ণাবরণোপরি এই বাক্য খোদিত আছে যে ইঙ্গলণ্ডের চতুর্থ উলিয়ম বাদশাহ্ শ্রীযুত চিনারী সাহেবকে এই ঘড়ী প্রদান করিলেন।

মেজর জেনরল আদম সাহেব।

অত্যন্তখেদপূর্ব্বক আমরা জ্ঞাপন করিতেছি যে মেজর আদম সাহেব ৭৪ বৎসর বয়স্ক হইয়া সাবাতু স্থানে ৯ মার্চ তারিখে লোকান্তর প্রাপ্তি হন।

মেদিনীপুর ও হিজলি।

শ্রীযুত সেক্রেটরী মাঙ্গলস সাহেব গত মাসের ২৮ তারিখে শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুরের এক নির্দ্ধারিত নিয়ম বোর্ডে জ্ঞাপন করিলেন যে শ্রীলশ্রীযুক্ত এই স্থির করিয়াছেন মেদিনীপুর ও হিজলি এক জিলা হইবে কিন্তু তাহার মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম পৃথক২ সাহেবেরদিগকে অর্পণ করা যাইবে। এবং কটকের কমিস্যনর সাহেবের প্রতি হুকুম হইয়াছে যে এই নিয়ম সফলকরণার্থ যে ইতিকর্ত্তব্যতার আবশ্যক তাহা তিনি সম্পাদন করিবেন। এবং শ্রীযুত এফ ডনেলি সাহেব মেদিনীপুরের কালেকটরী কর্ম্মে নিযুক্ত হইলেন।

শ্রীলশ্রীযুক্তের নির্দ্ধারিত নিয়ম।

শ্রীযুত ষ্টানিফোর্থ সাহেবমেদিনীপুরের মাজিস্ত্রেটী ও কালেকটরীকর্ম্মহইতে মুক্ত হওয়াতে বঙ্গদেশে শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব ঐ জিলা ও তন্নিকটবর্ত্তি হিজলি জিলার পোলীস ও রেবিনিউসম্পর্কীয় কার্য্য বিষয়ক নূতন ধারা স্থির করিতে সুযোগ প্রাপ্ত হইলেন। শ্রীলশ্রীযুতের ভরসা আছে যে এই নূতন ধারা করণেতে সুপ্রতুল হইতে পারে।

মেদিনীপুর ও হিজলির পার্থক্যরূপ মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম রহিত হওন অবধি সম্প্রতি শ্রীযুত উলিয়ম আলেক্জান্দর সাহেবের ইঙ্গলণ্ড দেশে যাত্রার পূর্ব্বকালপর্য্যন্ত ঐ উভয় জিলার পোলীস ও রেবিনিউসম্পর্কীয় কার্য্য এক জন সাহেবের হস্তেই ছিল এবং নীচে লিখিতব্য সাহেবেরদের দ্বারা তৎকার্য্য নির্ব্বাহ হইয়া বার্ষিক ব্যয় ৫০০০ টাকা হইত এইক্ষণে নানা কারণপ্রযুক্ত ঐ ব্যয়ের বৃত্তান্ত কথনের আবশ্যক নাই কিন্তু পূর্ব্বকার নিয়মের ফল তাদৃশ মঙ্গলাবহ দৃষ্ট হয় নাই। মেদিনীপুরের পোলীসের কার্য্য বহুকালাবধি জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের দ্বারা নির্ব্বাহ হইত এইক্ষণে তাহার সৌষ্ঠবকরণ আবশ্যক বোধ হইতেছে এবং কালেকটরী ব্যাপার কারণান্তরপ্রযুক্তই হউক বা বারম্বার নানা দুর্ঘটনা

* অর্থাৎ মেদিনীপুরের মাজিস্ত্রেট ও কালেক্টর	২৬,০০০
ঐ জিলার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর	১২,০০০
হিজলির জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর	১২,০০০
সর্ব্বযুদ্ধ	৫০,০০০

luable presents to His Highness from the King. He has likewise been entrusted with the insignia of the Most Honourable the Order of the Guelph. Mr. Chinnery was, we hear, received with great kindness by their Majesties at Windsor on the presentation of His Highness's presents, and the King was graciously pleased, as a mark of approbation, to present him with a handsome gold watch and chain with the inscription "From His Majesty, King William the Fourth, to Henry Chinnery, Esq."—*Orient. Obs.*

Major General Adams.

We are sorry to perceive the death of Major General Sir John Whittington Adams announced. He died at Subathoo on the 9th of March, in the 74th year of his age.

Hidgelee and Midnapore.

Mr. Secretary Mangles, on the 28th ultimo, forwarded a Resolution passed by His Lordship uniting Midnapore and Hidgelee as one district, and entrusting the magistracy and collectorship to separate officers. The Commissioner of the Cuttack division has been requested to take the necessary measures for carrying the plan into effect, and Mr. A. F. Donnelly has been appointed to be Collector of Midnapore and Hidgelee.

Resolution.

The vacation by Mr. Staniforth of the office of Magistrate and Collector of Midnapore affords the Governor of Bengal an opportunity for placing the Police and the Revenue administration of that district, and of the adjacent jurisdiction of Hidgelee, upon a new, and as His Lordship trusts, an improved footing.

Up to the date of Mr. William Alexander's recent departure for England, the Police and Revenue of Midnapore and Hidgelee have been administered (since the abolition of the separate magistracy and collectorship of the latter district) by the officers specified in the margin,* at an aggregate expence of Rupees 50,000 per annum; circumstances which it is unnecessary to state in this place, have rendered the results very far from satisfactory. The Police of Midnapore, which has been long virtually managed by the Joint Magistrate and Deputy Collector, stands much in need of improvement; the affairs of the Collectorate, partly from the occurrence of repeated calamities of season, and partly from other causes, have fallen into much disorder, and as regards Hidgelee, though the Governor believes that the

* Magistrate and Collector of Midnapore, Co's Rs.	26,000
Joint Magistrate and Deputy Collector of Midnapore	12,000
Ditto ditto of Hidgelee	12,000
Total charge, Co's. Rs.	50,000

প্রযুক্ত অতি গোলযোগে পতিত হইয়াছে এবং যদ্যপি একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত গিলমোর সাহেব ঐ দুই কর্ম্মের ভার প্রাপ্ত হইয়া যথাসাধ্য তদ্বিষয়ে সুনিয়মকরণার্থ কৃতযত্ন হওয়াতে শ্রীলশ্রীযুক্তের নিকটে অত্যন্ত প্রশংসাযোগ্য হইয়াছেন তথাপি ঐ অঞ্চলে আরো অনেক উদ্যোগ না করিলে ঐ গোলমাল শুধরিতে পারে না।

অতএব এই বিষয়ের তাবদ্বিবরণ বিবেচনা করিয়া এবং তৎস্থানীয় কর্ম্মকারক সাহেবকে ও সদর বোর্ডের সাহেবেরদিগকে জিজ্ঞাসাবাদ করিয়া শ্রীলশ্রীযুক্ত এই নিশ্চয় করিয়াছেন যে এইক্ষণকার ও উত্তরকালীন সৌষ্ঠব যে নিয়মের দ্বারা হইতে পারে তাহা এই অর্থাৎ মেদিনীপুর ও হিজলি এক জিলা করা যায় এবং তথাকার মাজিস্ত্রেটী ও কালেকটরী পদ পৃথক২ সাহেবেরদের প্রতি অর্পিত হয় এবং কালেক্টর সাহেবের সহকারিতার্থ আবশ্যকমতে ১৮৩৩ সালের ৯ আইনের ব্যবস্থানুসারে এক জন ডেপুটি কালেকটর নিযুক্ত হন ঐ জিলার দক্ষিণ পূর্ব্ব থানা মেদিনীপুরহইতে অতি দূর হওয়াপ্রযুক্ত শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ সাহেব বিবেচনা করিবেন দারোগাঅপেক্ষা উচ্চপদস্থ কোন কর্ম্মকারকের হস্তে ঐ পদ অর্পণ করা উচিত কি না তাহা হইলে উচ্চপদস্থ ব্যক্তি দারোগার উপর কর্তৃত্ব করিয়া মাজিস্ত্রেট সাহেবের নিকটে রিপোর্ট দিতে পারেন। এতদ্রূপে কার্য্য নির্ব্বাহকরণের প্রস্তাব গত ২৯ সেপ্তেম্বর তারিখের পত্রে লিখিত ছিল। শ্রীলশ্রীযুক্ত আরো জ্ঞাপন করিতেছেন হিজলির জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরী পদ রহিত করণেতে ঐ জিলাস্থ কর্ম্মকারকেরদের নিকটে প্রজা লোকের গমনাগমনের ক্লেশ পূর্ব্বাপেক্ষা অধিক বোধ হইবে না যেহেতুক হিজলি স্থানের অস্বাস্থ্যজনকতাপ্রযুক্ত বৎসরের অধিকাংশ সময় তত্রস্থ কর্ম্মকারকেরদিগকে মেদিনীপুরে অবস্থিতি করিতে অনুমতি ছিল। এবং বর্ত্তমান নিয়মানুসারে মাজিস্ত্রেট সাহেবের প্রতি কেবল পোলীসের কার্য্যভার থাকনেতে প্রতি শীত ঋতুতে তাঁহার কেবল এক২ বার দূর থানাতে গমন করিতে হইবে।

নূতন নিয়মেতে বৎসরে ঊর্দ্ধসংখ্যায় ব্যয় ৩৮,০০০ টাকা হইবে অর্থাৎ পূর্ব্বাপেক্ষা ১২,০০০ টাকা ন্যূন তাহা এই প্রস্তাবের ২ ধারা পাঠ করিলে দৃষ্ট হইবে। উদ্বৃত্ত টাকা পূর্ব্বোক্ত প্রকরণানুসারে যে সকল অধীন কর্ম্মকারক নিযুক্তকরণের প্রস্তাব হইয়াছে ঐ নিয়োগের আবশ্যক হইলে তত্তদ্ব্যয়ার্থ ভুক্ত হইবে।

হিজলি ও মেদিনীপুর এক জিলাকরণ বিষয়ে কমিস্যনর শ্রীযুত রিকিট্‌স সাহেব ১০ তারিখের লিখিত পত্রে যে আপত্তি দর্শিয়াছেন তাহা ঐ সম্মিলিত জিলাতে

* মেদিনীপুর ও হিজলির কালেক্টর	২৩,০০০
ঐ জিলার মাজিস্ত্রেট	১৫,০০০
	৩৮,০০০

† আরো আপনাকে জ্ঞাপন করিতেছি যে আমার পরামর্শ এই যেপর্য্যন্ত এই জিলার তত্ত্বাবধারণ না করা যায় এবং এই জিলায় যে বহুসংখ্যক ভূমি তাহার রাজস্ব নির্দ্দিষ্ট না হয় সেইপর্য্যন্ত ঐ উভয় জিলা এককরা উচিত হয় না।

present officiating Magistrate and Collector, Mr. Gilmore, is entitled to much credit for his strenuous exertions to re-organize both the departments under his charge, much remains to be done in that quarter also, before the effects of visitations of the nature above alluded to can be repaired.

On a full consideration of all the circumstances of the case, after consulting the local officers, and, personally, the members of the Sudder Board, His Lordship has come to the conclusion that the plan which holds out the best prospects of present efficiency and permanent improvement, is this, to wit, the junction of Midnapore and Hidgelee as one district, the Magistracy and the Collectorship being entrusted to separate officers, the hands of the Collector being strengthened, if necessary, by the appointment of an additional Deputy Collector under Regulation IX. of 1833, to be ordinarily employed in Hidgelee, should the Magistrate require assistance. In consequence of the remoteness of the southern, and south-eastern thannahs from Midnapore, the Governor will be prepared to consider whether it would not be expedient to entrust the immediate management of the executive agents of the Police in that direction to an officer of superior rank to the darogas, whose proceedings he would superintend, reporting himself to the Magistrate, a scheme of administration proposed for discussion in the printed Circular requisition of the 29th of September last. It may be added that the abolition of the Joint Magistracy and Deputy Collectorate of Hidgelee will but slightly effect the inhabitants of that district, in regard to the difficulty of resort to the chief local authority in either department, as owing to its unhealthiness that officer has been necessarily permitted to reside, during the greater part of the year at Midnapore; and under the present plan, the Magistrate having the Police alone to attend to, will be required to visit the more distant thannahs every cold season:

The aggregate of the new arrangement will be Rupees 38,000, or rupees 12,000 less than that hitherto incurred, as noted opposite to paragraph 2, of this Resolution;* which saving will abundantly suffice to provide the subordinate officers referred to in the foregoing paragraph, should their employment be found to be indispensable to the efficiency of either department.

The objection to the junction of Hidgelee with Midnapore, urged by Mr. Commissioner Ricketts in the passage quoted on the margin† from his letter

* Collector of Midnapore and Hidgelee, Rs.	23,000
Magistrate of Ditto ditto	15,000
Total	38,000

† I beg at the same time to submit my opinion, that Hidgelee should not be united with Midnapore till the district has been surveyed, and the rights of Government successfully asserted over the immense tract of lands now held free of assessment.

যাঁহারা নিষ্করুরূপে ভূমি ভোগকরণের দাওয়া করেন তাঁহারদের দলীল দস্তাবেজ তজবীজকরণার্থ সংপ্রতি শ্রীযুত স্পেশিয়ল কমিস্যনর শ্রীযুত জে এচ ক্রাফোর্ড সাহেব নিযুক্ত হওয়াতে খণ্ডন হইতে পারে এবং শ্রীযুত সাহেব বৎসরের কএক মাস হিজলিতে অবস্থান করিবেন।

মেদিনীপুরের কালেক্টরী ও মাজিস্ট্রেটী কর্ম্ম বিশেষতঃ কালেক্টরী কর্ম্ম লঘুকরণার্থ শ্রীলশ্রীযুক্ত হুকুম করিতেছেন যে মহারাষ্ট্র মহাল ভুগরু ও কমারডিচর ও শাখা বরদা মেদিনীপুর জিলাহইতে পৃথক্‌ হইয়া বালেশ্বরভুক্ত হয় যেহেতুক বোধ হয় ঐ সকল জিলা মেদিনীপুর অপেক্ষা বালেশ্বরের নিকট।

অতএব হুকুম হইল যে শ্রীযুত এফ ডানলি সাহেব মেদিনীপুরের কালেক্টরীপদে নিযুক্ত হইলেন এবং তিনি ঐ পদের ন্যূন সংখ্যক বেতন অর্থাৎ বার্ষিক ২১,০০০ টাকা পাইবেন এবং শ্রীযুত এম এস গিলমোর সাহেব ঐ জিলার মাজিস্ট্রেটী পদের ন্যূনসংখ্যক বেতন বার্ষিক ১২,০০০ টাকা পাইবেন।

of the 10th instant, has been entirely obviated by the recent appointment of Mr. J. H. Crawford as special Deputy Collector to investigate the titles of parties claiming to hold lands free of assessment in the united districts with a particular provision for his residence during a portion of each year in Hidgelee.

In order to relieve both the Collector, and the Magistrate of Midnapore, but especially the former officer, his Lordship has been pleased to resolve that Mahratta Mehals Bogrue, Kumardachore, and Shakabunda, be separated from that Zillah and attached to Balasore, to the Sudder station of which district they are understood to be much nearer than to Midnapore.

Ordered, that Mr. A. F. Donnelly be appointed Collector of Midnapore and Hidgelee with the salary of the lower grade, viz. rupees 21,000 per annum, and that Mr. M. S. Gilmore be appointed Magistrate of the same jurisdiction on the salary of the lower grade, viz. rupees 12,000 per annum.—*Beng. Her.*

ইউনিয়ন বেঙ্ক।

গত ২১ মার্চ তারিখে ইউনিয়ন বেঙ্কের অধ্যক্ষেরদের এক বৈঠক হইয়া এই স্থির হইল যে এক সাধারণ সভা করিয়া অংশিরদিগকে এইনিমিত্ত আহ্বান করা যায় যে ইউনিয়ন বেঙ্কের মূলধন ১০০০ টাকা করিয়া ৬০০ অংশপর্য্যন্ত বৃদ্ধি হয় এবং এইক্ষণে যে অংশ ২৭০০ টাকা করিয়া আছে তাহা ৩০০০ টাকা এবং যে অংশ ৯০০ টাকা আছে তাহা ১০০০ টাকা হয়। এমত হইলে ঐ বেঙ্কের মূলধন ৮ লক্ষ টাকাপর্য্যন্ত বৃদ্ধিসম্ভাবনা। আরো হুকুম হইল যে প্রত্যেক স্যার ১০০০ টাকা করিয়া নির্দ্ধার্য্য করা যাইবে।

সংপ্রতি বাঙ্গাল বেঙ্কের মূল ধন ২০ লক্ষ টাকাপর্য্যন্ত বর্দ্ধিত হইয়াছে। এবং বোম্বাইর নূতন বেঙ্কে ৫০ লক্ষ টাকার সহী হইয়াছে ইউনিয়ন বেঙ্কে এইক্ষণে যত টাকা অর্পিত করা যাইবে ঐ সকল টাকা সমুদায়ে সংখ্যা করিলে দৃষ্ট হইবে যে ভারতবর্ষের মধ্যে বেঙ্কের মূল ধন এই বৎসরের মধ্যে ৮০ লক্ষ টাকা হইল।

Union Bank.

A meeting of the Directors of the Union Bank was held on the 21st March, when it was determined to convene a general meeting for the purpose of meeting the capital stock of the Bank by 600 additional shares of 1000 Cos'. Rs. each, besides filling up the original Bank Shares from 2700 Cos'. Rs. to 3,000 Cos'. Rs. and a supplementary share from 900 to 1000 Rs. This will give an increase to the Capital stock of the Bank of about six lakhs of Rupees. All the shares are to be clipt to shares of 1000 Rs. each.

Twenty lakhs of Rupees have recently been added to the capital stock of the Bank of Bengal, and 50 lakhs have been subscribed to the new Bank at Bombay. This together with the increase of the Union Bank, makes an increase of nearly 80 lakhs of Rupees in the Banking capital of India

---

রাহাজানি ডাকাইতী।

গত রবিবার রাত্রি নয় ঘণ্টাসময়ে বারাকপুরের রাস্তার নিকটে আড়িয়াদহনিবাসি বাবু হরনাথ রায় পালকিগাড়ি চড়িয়া আসিতেছিলেন তৎসময়ে চারি জন গোরা রাজা কল্যাণসিংহের চিৎপুরস্থ বাগানের নিকটে আক্রমণপূর্ব্বক বাবুকে গাড়িহইতে বাহির করিয়া কহিল যে তোমার স্থানে যাহা আছে তাহা আমারদিগকে দেও না দিলে গুলি করিয়া খুন করিব। তাহারদের এক জনের হস্তে পিস্তল ছিল ঐ পিস্তলের দ্বারা বাবুর মস্তক লক্ষ করিতে লাগিল কিন্তু তাঁহার নিকটে কিছু ছিল না যেহেতুক তিনি ৺প্রাপ্ত রাজা গোপীমোহন বাহাদুরের বাটীতে লোকতার্থ গমন করিয়াছিলেন তথাপি তাঁহার পরিধেয় বস্ত্রাদি যে ছিল সমুদায় কাড়িয়া লইয়া উলঙ্গ করিল ইহাতেই কিছু সুযোগ পাইয়া পলায়নেতে রক্ষা পাইলেন। দস্যুরা সহীস ও কৌচমেনপ্রভৃতিকে অত্যন্ত প্রহার করিল পরিশেষে তাহারা তিন জন গাড়িতে আরোহণ করিয়া এক জন গাড়ি চালাইয়া চলিয়া গেল।

প্রবাদ হইয়াছে দস্যুরা দমদমাস্থ সৈন্যেরদের অন্তঃপাতী। কথিত আছে যে তাহারদের দুই জন কলিকাতাস্থ পোলীসের সার্জনের দ্বারা ধরা পড়িয়াছে তাহারদের এক জনের হস্তে পিস্তল ছিল তৎপরে গাড়িও পাওয়া গিয়াছে।

Highway Robbery.

On Sunday night last, about nine o'clock, as a Baboo of the name of Hurronath Roy, residing at Ariada, in the Barrackpore Road, was from Calcutta returning home in a palanquin carriage, he was attacked by four Europeans near Rajah Cullian Sing's garden, Chitpore. The Baboo was pulled out of the carriage and was told that unless he gave up every thing he had about him, he would be shot dead. One of the men had a pistol at the time in his hand, which he held to the head of the Baboo. The Baboo had nothing to give them, as he had been in town merely on a visit to the family of the late Rajah Gopee Mohun. Every thing but the clothes he had on his person was forced from him so as to leave him naked, when finding an opportunity he was glad to escape with life. The syce was thrashed, and so was the coachman; the latter was knocked off the coach box, and one of the Europeans got on it, and the rest inside the carriage, and drove away.

It is stated, that the offenders are private soldiers belonging to the Artillery Regiment at Dum-Dum, two of whom were apprehended the same night by the Police Constables in town; on one of them was found a pistol; —subsequently the palanquin carriage was discovered.—*Beng. Hurk.*

ইঙ্গলণ্ড ও ভারতবর্ষে বাষ্পীয় জাহাজের গমনাগমন।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে বাষ্পীয় জাহাজ যাতায়াতের যে কল্প তাহা সিদ্ধকরণার্থে লণ্ডননগরের মধ্যে ৫ কোটি টাকা চাঁদায় স্বাক্ষর হইয়াছে কাপ্তান শ্রীযুত বারবর সাহেব অতিভরসাপূর্ব্বক লেখেন যে লণ্ডননগরের মধ্যে এই ব্যাপার সম্পাদনার্থ আরো ২। ৩ কোটি টাকা সংগ্রহ হইতে পারিবে

Steam Navigation.

We are happy to learn that £50,000 are already subscribed in aid of the scheme of steam navigation between England and India, got up in London of which Major Head is the chairman. Capt. Barber says with much confidence, that in London £20,000 or £30 000 more will be readily obtained.

শ্রীযুত লেপ্টেনন্ত কর্ণল বিটসন সাহেব।

শ্রীযুত লেপ্টেনন্ত কর্ণল বিটসন সাহেব রোবার্টসনামক জাহাজারোহণে ইঙ্গলণ্ড দেশে গমন করিতেছেন তৎপ্রযুক্ত কমিস্যারী জেনরলী পদ শূন্য হইল

Lieut. Col. Beatson.

Lieut. Col. Beatson has taken his passage for England in the *Robarts*. This will vacate the office of Commissary General. *Beng Her.*

টালিগঞ্জে ফাঁসি।

রামনারায়ণ পুরুখাইতনামক যে ব্যক্তি রামধন দাসকে খুনকরণাপরাধে দোষীকৃত হইয়াছিল সেই ব্যক্তির বর্ত্তমান মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্ণ আট ঘণ্টাসময়ে টালিগঞ্জের রাস্তাবর্ত্তি সাঁকোর অপরপার্শ্বে ফাঁসি হইয়াছে।

ঐ রামনারায়ণের সহকারি রূপচাঁদ মণ্ডলনামক যে ব্যক্তি কয়েদ হইয়াছিল তাহার যাবজ্জীবন শৃংখল বন্ধনে কঠিন পরিশ্রমযুক্ত কয়েদের হুকুম হইয়াছে।

Execution at Tallygunge.

Ramnarain Poorkyte, convicted of the murder of Ramdhone Dass, was executed at 7 o'clock A. M. of the 17th instant, on the other side of the bridge leading to Tallygunge, Ramnarain's fellow prisoner and accomplice, Roopchund Mundul, has been sentenced to imprisonment, with labour in irons, for life.—*Beng. Her.*

পয়সা।

এইক্ষণে বণিকেরা কোং টাকাতে ১৪৬ গণ্ডা এবং দোলযাত্রা মহরম বলিয়া কেবল ১৪ গণ্ডা করিয়া পয়সা দিতেছে।

The Copper Currency.

Money changers give now only fourteen gundas and three pice for the new rupee, and propose giving during the Dole Jattra and Mohurum festivals, &c. &c. only fourteen gundas and two pice. This is batta with a vengeance.

টকর সাহেব।

শ্রীযুত চার্লস টকর সাহেব ১৭ মার্চ তারিখে রীতিমত শপথকরণপূর্ব্বক বোর্ডের মেম্বরীপদ গ্রহণ করিলেন।

Mr Tucker.

Mr. C. Tucker had the usual oath administered to him this day, after which he took his seat as a Member of the Board. *17th March.*

পালির মারী।

পালির মারীবিষয়ক যে সম্বাদ সংপ্রতি প্রাপ্ত হওয়া গিয়াছে সে অতিভয়ঙ্কর ঐ মারক এইক্ষণে ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যের মধ্যে প্রবেশ করিয়া জালিনগরপর্য্যন্ত আক্রমণ করিয়াছে। চিকিৎসক সাহেবেরা কহেন যে মিসর দেশে ও গ্রীক প্রভৃতি দেশে যে মারক হইয়া থাকে সে এই রোগই। শেষাগত সম্বাদে অবগত হওয়া গেল যে এই রোগের শেষ আক্রমণ স্থানে দুই দিবসের মধ্যে ৫০ জন মারা পড়িয়াছে।

এই রোগাক্রান্ত স্থান ও আজমীরের মধ্যবর্ত্তি স্থানে ব্লের সাহেবের অধীনে অশ্বারূঢ় সৈন্যেরা লোকের গতায়াত বারণার্থ শ্রেণীবদ্ধরূপে রক্ষিত হইয়াছে এবং ব্রিগডিয়র বর সাহেবের প্রতি ওনছিরাবাদের সীমা এতদ্রূপ রক্ষণার্থ হুকুম হইয়াছে।

The Palee Plague.

The accounts which have been received of the Palee plague are exceedingly alarming. It has now entered the Company's territories and spread to Jallee. The Medical officers declare it to be the real plague of Egypt and the Levant. By the latest accounts it had swept away 50 inhabitants in two days in the village into which it has last entered.

A cordon between Ajmere and the infected places is to be established and maintained by Blair's horse, and Brigadier Burgh has been instructed to guard the Nusseerabad frontier.

জয়ন্তীপুর।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে জয়ন্তীপুররাজ্য শ্রীহট্ট জিলাভুক্ত হইয়াছে এবং তাহা জরীপও হইবে।

Jynteah.

The territory of Jynteah has, by order of Government, been annexed to the Sylhet district, and a measurement of it recommended.

কান্দহার।

শিকেরা শিকারপুরের প্রতি আক্রমণ করিবে এমত জনরব উত্থাপিত হওয়াতে কান্দহারপর্ব্বতীয় অধ্যক্ষেরা অত্যন্ত ভীত হইয়া তাঁহারদের দুই জন অধ্যক্ষ অপরম্বা কিং ভবিষ্যতি এই ভাবনাতে বিশ হাজার সৈন্য সংগ্রহ করিয়াছেন এবং ঐ সৈন্যেরদের দ্বারা শিকেরদের গমনাগমনের প্রতি প্রহরিতা করিবেন যখন দেখিবেন যে শিকেরদের কর্ত্তৃক শিকারপুর নিতান্ত আক্রান্ত হইল তখন তাঁহারা প্রত্যাগত হইয়া আপনারদের পর্ব্বতীয় স্থানসকল সুরক্ষিত করিবেন।

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

ভারতবর্ষীয় চিনির মাসুল আমেরিকা জাত চিনির মাসুলের তুল্য হওয়াতে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অভিপ্রায় প্রকাশ করিয়াছেন ইঙ্গলণ্ডীয়াধিকারের মধ্যে যে সকল জমীতে ইক্ষু জন্মে তাহার সকল জমীর খাজানা সমান করিবেন কেননা তাঁহার ইচ্ছা এক দেশের জমীর খাজানাঅপেক্ষা অন্যদেশীয় জমীর খাজানা অধিক না লাগে শ্রীযুত বোধ করেন জমীর গুণাগুণ বুঝিয়া রাজস্বের নিয়ম করাই উচিত ইক্ষু চাস বলিয়া অধিক করা অন্যায় হয় অতএব রেবিনিউ বোর্ডের সাহেবদিগকে বলিয়াছেন ইঙ্গলণ্ডীয়াধিকারের মধ্যে ইক্ষুর জমীর খাজানা অধিক সংখ্যা কিপর্য্যন্ত আছে আর ঐ জমীর খাজানার হারের ভিন্নতাই বা কিপর্য্যন্ত এবং ঐ ভিন্নতা কি কারণপ্রযুক্ত হইয়াছে তাঁহারা এই সকল বিষয় নিশ্চয় জানিয়া জ্ঞাত করেন কিন্তু গবর্ণমেণ্টের খাসের মধ্যে যে সকল জমীর চিরস্থায়ি বন্দোবস্ত হয় নাই তাহার বিষয়ে এই সকল সন্ধান করিতে হইবে অন্যত্র নহে

এইরূপে রেবিনিউ বোর্ডের সাহেবেরা সকল কমিস্যনর সাহেবদিগের প্রতি হুকুম দিয়াছেন এই সকল বিষয়ের বিশেষ জানিয়া তাঁহারদিগের লিখিয়া পাঠাইতে হইবেক।—জ্ঞানান্বেষণ।

আমারদিগের নিকট হুগলির যে পত্র আসিয়াছে তাহাতে লেখক অত্যুৎকৃষ্ট বিষয় লিখিয়াছেন অতএব প্রার্থনা পাঠকবর্গ ঐ বিষয়ে মনোযোগ করেন.

শ্রীযুত কমিস্যনর সাহেব সংপ্রতি এক মোকদ্দমার বিচার করিতেছেন তাহাতে সর্ব্বসাধারণের মন আকর্ষণ হয় তাহার বৃত্তান্ত এই যে কোন ব্যক্তি এক জনকে টাকা ধার দিয়াছিল পরে তাহার নামে নালীস করিয়া জজ সাহেবের আজ্ঞাক্রমে আসামীর সম্পত্তি বিক্রয় করে এবং ঐ টাকা গবর্ণমেণ্টের কালেকটরীতে জমা হয় অতএব এইরূপে কালেকটর সাহেব কহেন অন্যের দরখাস্তক্রমে যে টাকা জমা হইয়াছে তাহা থাকিয়া গবর্ণমেণ্টের টাকা রাখিয়া অবশিষ্ট যাহা থাকিবে ফরিয়াদীকে তাহাই দিবেন এবং আপনার মত প্রবলকরণার্থ কালেকটর সাহেব আরো কহেন পূর্ব্বেও একবার এইরূপ হইয়াছে কিন্তু শ্রীযুত কমিস্যনর সাহেব যথার্থ বিচার করিয়া কহিলেন এবিষয়ের যাথার্থ্যের প্রতি তাঁহার সন্দেহ জন্মে যেহেতু ডিক্রীদারের প্রতি অত্যন্ত অন্যায় হয় কেননা ফরিয়াদী অনেক ব্যয় পরিশ্রমপূর্ব্বক ডিক্রী করিয়া যাহা পাইয়াছেন তাহার অংশ গবর্ণমেণ্টকে দিলে গবর্ণমেণ্টের পক্ষেই লাভ হয় ফরিয়াদীর কিছু থাকে না।

এইরূপে শ্রীযুত কমিস্যনর সাহেব এই বিষয় সদর বোর্ডের বিচারে অর্পিত করিয়া তাঁহারদিগের আজ্ঞা প্রাপণার্থ অপেক্ষা করিতেছেন।

Candahar.

The reported invasion of Shikarpore by the Sikhs, has alarmed the mountain chiefs of Candahar, two of whom, supposing that there is some other ulterior object in view, have assembled a body of 20,000 men with which they propose to watch the movements of the Sikhs, and when they find them fairly in possession of Shikarpore, to return to, and protect their mountain fastnesses.

Spirit of the Native Papers.

The Governor General in Council being of opinion that the opening of the British markets to East India sugar will probably cause a great increase in the growth of that valuable article, have expressed a desire to establish a uniform principle of assessment as far as regards the cultivation of sugar, so that the inhabitants of one district may not be subjected to heavier imposts than those of another. His Lordship thinks that sugarcane lands should be subject to the same assessment as lands of the same quality and advantage under ordinary crops. His Lordship in Council have desired the Revenue Board to ascertain what may be the maximum rate of assessing such lands, and, where rates vary greatly, the causes of the variation. This enquiry refers chiefly to lands that have fallen under the immediate managem nt of the Government, and such lands as those in which temporary settlements have been made with the holders or proprietors.

The Board have addressed all the Commissioners, in order to obtain their sentiments upon this subject.—*Gyan.*

The following is an extract from a letter lately received from Hooghly; and we beg to direct the attention of our readers to the important nature of the subject alluded to therein.

"A very interesting case is under investigation in the Commissioner's office. A reference was made by the Collector of Hooghly, desiring to appropriate on account of Government the proceeds of a sale as per decree of Judge obtained by a private individual on account of a private loan. The Collector wished to realize the dues of Government from the defendant in the first place, and then to pay to the decreedar any surplus that may remain. The Collector urged former practice as the ground of his reference. The Commissioner however very justly considered that the practice was of a very questionable wisdom, and dangerous to the interests of a decreedar, as by such a course, the labour and *expence he has been at to obtain the* decree, go for nothing and Government reaps the profit, whenever it so happens that the person against whom the decree may be issued is in balance of his revenue to the state.

"*The Commissioner therefore referred the matter for the consideration and orders of the Sudder Board of Revenue.*"
—*Ibid.*

দাঙ্গা।

১৬ তারিখে ধর্ম্মতলার বাজারে ভারি দাঙ্গা হইয়াছিল ডাস সাহেবনামক ব্যক্তি প্রথমতঃ বাজারের এক দোকানির শরীরে প্রহার করেন তাহাতে বাজারস্থ সমস্ত দোকানি রাগান্ধ হইয়া বাজারের কপাট রুদ্ধ করত সকল ইঙ্গরেজকেই মারিতে লাগিল তৎকালীন তাহারদিগের কোপানল এমত প্রবল হইয়াছিল যে ধৃত ব্যক্তি সকলকে বিহার করিয়া আনাই দুঃসাধ্য হইল.

স্ত্রীলোক ঘটিত প্রতারণা।

লাম্পট্য কার্য্যে খ্যাত এক ধনাঢ্য বাবুর উপর সংপ্রতি যে দুই প্রতারণা হইয়াছে তাহাতে বাবু লাম্পট্য কর্ম্মের বিলক্ষণ প্রতিফল পাইয়াছেন এক পরম সুন্দরী যুবতী এক দিবস বাবুর নিকট আসিয়া কোন কৌশলদ্বারা তাঁহার এমত প্রবৃত্তি জন্মাইল যে তাহার বাটীতে বাবু সন্দেশ পরিপূর্ণ থাল পাঠাইয়া দেন অতএব বাবু সন্দেশপূর্ণ রূপার থাল তাহার বাটীতে পাঠাইয়াছিলেন কিন্তু ঐ থাল নিয়া প্রতারিকা বারাঙ্গনা কোথায় পলায়ন করিল পরে কোন প্রকারে তাহার সন্ধান হইল না বারান্তরে কোন প্রতারক জানিতে পারিয়াছিল এক গৃহস্থ স্ত্রীলোকের প্রতি বাবুর মন পড়িয়াছে অতএব প্রতারক এক সামান্য স্ত্রীকে ঐ গৃহস্থস্ত্রী বলিয়া অন্ধকার গৃহে বাবুর নিকট আনিয়াদিল এবং বাবু যৎকালীন গোপনস্থানে সেই অঙ্গনা সঙ্গে রঙ্গভাবে ছিলেন তৎসময়ে প্রতারক বৈঠকখানাহইতে স্বর্ণরৌপ্যাদি নির্ম্মিত দ্রব্যাদি লইয়া প্রস্থান করিল এইরূপে প্রতিফল পাইয়া বাবু কহেন তাঁহার মনকে এমন প্রবোধ দিয়াছেন যে কামদেবের স্ত্রী আসিয়া প্রার্থনা করিলেও তিনি কদাচ ভুলিবেন না।

মহারাজ গোপীমোহন বাহাদুরের পরলোক প্রাপ্তি।

আমরা মহাখেদপূর্ব্বক প্রকাশ করিতেছি এতন্নগরনিবাসি অতিমিষ্টভাষী বহুদর্শী বাঙ্গলা পার্সি আদি নানা বিদ্যার পারদর্শী বিচক্ষণাগ্রগণ্য দেশাধিপতিপ্রভৃতির মান্য অতিবদান্য বিজ্ঞতম ধর্ম্ম সভাধ্যক্ষ ধার্ম্মিকবর মহারাজ গোপীমোহন বাহাদুর ৭৪ বৎসর বয়স্ক হইয়া উর্দ্ধগতি পীড়োপলক্ষে গত ৫ চৈত্র শুক্রবারে উত্তরায়ণে শুক্লপক্ষীয় একাদশী নন্দাতিথিতে পুষ্যানক্ষত্রে দিবা ৪ দণ্ডসময়ে দিলজ্ঞান জ্ঞানপূর্ব্বক গুরুপুরোহিত পুত্র পৌত্র প্রপৌত্রাদি স্বজনগণ সাক্ষাতে মায়া মোহ পরিত্যাগ পুরঃসর শ্রীমন্নারায়ণ স্মরণকরণক শরীরার্দ্ধ নারায়ণক্ষেত্রে অপরার্দ্ধ কারণবারিতে বিন্যাস করিয়া নশ্বর দেহ ত্যাগ করতপরলোক প্রাপ্ত হইয়াছেন তৎকালে জাহ্নবীকূলে ধনিগুণি মানি আবাল বৃদ্ধ বনিতা লোক সমূহের সমারোহ হইয়াছিল মহারাজার মৃত্যুদর্শনে খেদ প্রকাশক হাহাকার ইত্যাদি শব্দোচ্চারণপূর্ব্বক নয়ননীরে অভিষিক্ত হইয়াও ধন্য পুণ্যবান্ কহিয়াছিলেন যেহেতু সামান্য মৃত্যু নহে।

যথা।

শুক্লপক্ষে দিবা জহ্নৌ গঙ্গায়ামুত্তরায়ণে। ধন্যা দেহং বিমুঞ্চন্তি হৃদয়স্থে জনার্দ্দনে।

এতাদৃশ ব্যক্তির মৃত্যু সম্বাদে কাহার না খেদ জন্মিতে পারে বিশেষতঃ রাজা বাহাদুর বৈকুণ্ঠবাসি মহারাজ নবকৃষ্ণ বাহাদুরের জ্যেষ্ঠ পুত্র তৎকর্ত্তৃক সুশিক্ষিত এবং তন্নিয়মানুসারী

Affray.

A serious affray occurred on the 16th instant, in the Dhurrumtollah Bazar. The shopkeepers, on one of their body being struck by a Mr. Dawes, rose *en mass*, shut the gates of the bazar, and commenced a most violent assault on all the Christian gentlemen who had visited the bazar; and the assaulted could not for a long time be rescued from them.—*Ibid.*

Fraud.

A rich Baboo of this city, celebrated for his amorous dispositions has recently had two successful frauds practised on him, by which he has been made to pay rather dearly for his partiality for the sex. In one instance a frail fair one of surprizing beauty, called on the Baboo and induced him to send home with her, several silver trays filled with sweetmeats, with which she decamped. In the other case, a woman, *no better than she should be*, passed herself off in the dark, as a respectable widow with whom the amorous Baboo had fallen deeply in love; and while she was conversing with the Baboo in a private apartment, her accomplice made off with all the silver and gold paraphernalia of the Baboo's boitocanah. These losses, have worked such a change in the Baboo's disposition, that he says that he would defy Venus herself now to delude him with her fascinations.—*Ibid.*

Death of Rajah Gopee Mohun Deb.

We publish with great regret that Raja Gopee Mohun Deb, a resident in this city, genteel in his speech, far seeing, well acquainted with Bengalee, Persian, and other languages, foremost among the wise, beloved by the rulers of the country, liberal, learned, the head of the Dhurma Subha and holy, at the age of 74 being afflicted with the disease called Oordhougutee, on the 5th Choitree, Friday, in the sun's northern passage, in the first fortnight of the moon, on the 11th or Nunda lunation, in the Poosha stellar mansion, 4 o'clock in the afternoon, with all his faculties about him, in the presence of his spiritual guide, his son, grandson, great grand children, and relatives, forsaking this state of delusion, pronouncing the name of Narayan with half of his body in water and half of it out, forsook this perishing body and ascended into another state. At that time, in the banks of the river were assembled the rich, the wise, the respectable, the infant and as well as the old man. At the sight of the Raja's death lamentable cries were uttered, the eyes were suffused with tears, and every one blessed him, for this is no ordinary loss. As says the shastras, "blessed are those who die in the first fortnight of the moon in the day, on the earth, on the banks of the river, in the sun's northern declination, pronouncing the name of Narayan."

Who will not regret to hear of the death of the Raja, he was the eldest son of Muharaj Nubukrishnu Bahadoor of Boikoon by whom he was well instructed, and

হইয়া এতাবৎ কাল দৈবপিত্র্যাদি কর্ম্ম যথা কর্ত্তব্য অর্থাৎ শ্রীশ্রীদুর্গোৎসব এবং বাসন্তীপ্রভৃতি পূজার ব্যয় বাসনে পূর্ব্বরীতির অন্যথা মাত্র করেন নাই তদ্বিশেষ লিখনে প্রয়োজনাভাব যেহেতু প্রধান লোক মাত্রেই বিদিত আছেন। অপর স্বদলস্থ ব্রাহ্মণ পণ্ডিতাদির বিশেষ মর্য্যাদা ও প্রতিপালনে তৎপর ছিলেন পরন্তু অনুগত আশ্রিত আত্মীয় আলাপিত পরিচিত ব্যক্তিদিগের কায়িক মানসিক বাচনিক এবং অর্থ ব্যয় দ্বারা সর্ব্বদা উপকারে যত্নবান হইতেন অধিকন্তু বিপক্ষপক্ষ লোকও পরামর্শ নিমিত্ত নিকট উপস্থিত হইলে সৎপরামর্শ দ্বারা তাহার হিত চেষ্টা করিতেন ইহাতেই সুমন্ত্রিরূপে বিখ্যাত ছিলেন এনিমিত্ত রাজ পুরুষেরাও সর্ব্বসাধারণের উপকার বা অপকার নিবারণ কারণ উপায় জিজ্ঞাসা করিতেন তাহাতে কত শত বার সৎপরামর্শ প্রদানজন্য ধন্যবাদ পাইয়াছেন তদ্বিশেষ লেখা লিপি বাহুল্য মাত্র। অপরঞ্চ ধর্ম্মপরায়ণ যাহাতে ধর্ম্ম রক্ষা পায় তদুপায়ে চির চিন্তিত ছিলেন গত ইং ১৮২৯ সালে শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেবকর্ত্তৃক সতী নিবারণের আইন হইলে ঐ ধর্ম্ম পুনঃ সংস্থাপন নিমিত্ত এবং চলিত ব্যবস্থত ধর্ম্ম চিরস্থায়ি জন্য যে ধর্ম্ম সভা স্থাপন হয় তদুদ্যোগে অগ্রগণ্য অর্থাৎ সভার রীতিবর্ত্ম ধারা নিয়মাদি ঐ মহাপুরুষকর্ত্তৃক রচিত হইয়াছিল তাহা সমাজে পাঠ হইবামাত্র তাবদধ্যক্ষের গ্রাহ্য হইয়া প্রচলিত হয় ইহাতে এতদ্দেশীয় ধার্ম্মিক মাত্রের নিকট ধন্যবাদপ্রাপ্ত হন এবং মরণপর্য্যন্ত ঐ নিয়ম বিলক্ষণরূপে রক্ষা করিয়াছেন নিয়ম বহির্ভূত অতি নিকট কুটুম্বও তাঁহার নিকট ত্যাজ্য হইয়াছে। তাঁহার গুণ বর্ণন করিতে আমারদের লেখনী শক্তা নহেন স্থূলং কিঞ্চিৎ লিখিলাম বিজ্ঞ বিচক্ষণ প্রাচীন কোন কোন পাঠক যদ্যপি গুণবর্ণনপূর্ব্বক আমারদিগের নিকট পাঠান তবে তাহা আমরা সমাদরপূর্ব্বক চন্দ্রিকায় উজ্জ্বল করিব। যাহা হউক এতাদৃশ ব্যক্তি এইক্ষণে আর দৃষ্টিগোচর নহে একথা সকলেই স্বীকার করিবেন কেন না যে কাল উপস্থিত ইহাতে কেহ কাহারো অধীন হয় না এবং লজ্জা ভয় শূন্য অনেক লোক হইয়াছে এমত সময়ে সেই সকল লোকের নিকটেও তাঁহার বিশেষ মান্যতা ছিল তৎপ্রমাণ কাহারো কোন সৎকর্ম্ম রাজা বাহাদুরের কর্ণগোচর হইয়াছে কর্ম্মকর্ত্তা জানিতে পারিলে মহাসুখী হইতেন এবং কাহারো কুকর্ম্ম অন্যত্র রাষ্ট্র হইলে কিছু মাত্র লজ্জিত হইত না কিন্তু রাজা গোপীমোহন বাহাদুরের কর্ণগোচর হইয়াছে শুনিলে কুকর্ম্মকারী লজ্জিত ও ভীত হইত অতএব এমত ব্যক্তির মৃত্যুতে কিপ্রকার খেদাপন্ন হওয়া গিয়াছে তাহা কি লিখিয়া জানাইব।—চন্দ্রিকা।

whose footsteps he continually trod. During his long life he performed all the deeds ordered in the *shastras*, and followed by his ancestors and according to ancient usage, expended money in the worship of Doorgah and the great vernal poojah without any deviation. A particular description of which need not be given, for it must be well known to all. He supported the honour and dignity of the bramhun pundits in his party, and was always ready to assist his followers, friends and acquaintances with mind, body and speech, and also with his purse. And even whenever his enemy approached him for the sake of advice, he assisted him with it. He was therefore a wise councillor, and even those intrusted with the Government of the country, were in the habit of taking his advice as to what was to be done or not done. How often has he therefore received the blessing of the host of those to whom he imparted advice. It would be redundant to describe this more particularly. Morever he was always anxious to protect the Hindoo Religion, and when in 1829, Lord William Bentinck abolished the burning of widows, he was foremost in establishing the Dhurma Subha which was instituted for the restoration of this rite and the general protection of the Hindoo faith. It was he who drew up its rules and regulations, and which were no sooner read in the meeting than they were immediately adopted by the meeting and published; hence the holy reposed confidence in him. He adhered to those rules to the day of his death and even his nearest relatives who violated these rules were forsaken by him. We have not powers adequate to his virtues, of which we have only given a brief outline. But if any ancient learned reader of this paper will send us the character of the Rajah, we will most cheerfully give it insertion in the Chundrika. Be that as it may; no individual equal to him survives; this all will acknowledge. In this age every one is independent; and many had lost all fear of shame, yet even these men treated him with the greatest respect. A proof of which is this; when any one heard that the Rajah became acquainted with his good deeds it filled him with delight; and those who are not ashamed whose evil deeds were proclaimed elsewhere, felt both ashamed and afraid when they knew that Rajah Gopee Mohun was acquainted with them. It is impossible therefore to describe the distress with which the death of such a man fills the mind.

প্রেরিত পত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

নীচে লিখিতব্য বিষয় যদি ইহার পূর্ব্বে সম্বাদ পত্রে প্রকাশ না হইয়া থাকে তবে অনুগ্রহপূর্ব্বক আগামি দর্পণে প্রকাশ করিয়া বাধিত করিবেন।

১৮৩৬ সালের ৫ আগস্ত তারিখে সদর দেওয়ানী আদালত যে সাধারণ পত্র জিলার জজ সাহেবেরদের নিকটে লেখেন তাহার চুম্বক।

এই আদালতের বোধ হইতেছে যে আমানতী ৫০ টাকাপর্য্যন্ত জিলার খাজানাখানাহইতে লওয়া গেলে তাহার রসীদ কখনং ষ্টাম্প কাগজে ১৮১৪ সালের ১ আইনের ১১ ধারানুসারে লওয়া যাইতেছে অতএব এইক্ষণে আদালত এই হুকুম করিলেন ১৮২৯ সালের ১০ আইনের বিধ্যনুসারে আমানতী ৫০ টাকাপর্য্যন্তের রসীদে ষ্টাম্পকাগজ লাগিবে না কিন্তু ষ্টাম্প লাগিবার ভয়ে পঞ্চাশের অধিক সংখ্যক টাকা দুইবারে লওয়া গেলেও তাহার রসীদে ষ্টাম্প লাগিবে।

কস্যচিৎ মফঃসল নিবাসিনঃ।

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—If not heretofore published in the papers, will you kindly insert the following in your next number.

Extract from a Circular Letter addressed to the Zillah Judges by the Court of Sudder Dewannee Adawlut, Calcutta, dated 5th August, 1836.

"The Court having reason to believe that receipts for sums of money not exceeding 50 Rs. paid from the Treasuries of the Civil Courts are still occasionally *taken on stamp paper, in accordance* with the rule contained in Sect. 11, Reg. I. of 1814, direct me to observe that such receipts should, under Article 45, Schedule A. Reg. X. of 1829, be exempted from stamp duty, provided the sum paid on the receipt be the full amount in deposit, and not a fractional part only of a sum subdivided with a view to evade payment of the stamp duty."

Yours obediently,
A Mofussilite.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

দৃষ্ট হইল যে সদর বোর্ড রেবিনিউ গবর্ণমেণ্টকে এই পরামর্শ দিয়াছেন যে তমোলুক ও মহিষাদলস্থ কতক জমিদারেরদের নিমক বাবতে যে বার্ষিক মুশাহেরা ছিল তাহা গবর্ণমেণ্ট ২০ বৎসরের টাকা একেবারে দিয়া ক্রয় করিয়াছেন। যে মহালের চির বন্দোবস্ত হইয়াছে সেই মহাল হস্তান্তরকরণ সময়ে তাহার সম্পূর্ণ রাজস্ব দাখিল করিলে গবর্ণমেণ্ট হস্তান্তর করিতে অনুমতি দিবেন কি না বলিতে পারা যায় না কিন্তু আমি এই জানিতে ইচ্ছা করি যে কোন জমিদার বৎসরে যে রাজস্ব দেন উপরিউক্ত মতে তাহার বিংশতি গুণ একেবারে দিলে তিনি চিরকালের নিমিত্ত ঐ ভারহইতে মুক্ত হইতে পারেন কি না অর্থাৎ আমি দুই গ্রামের নিমিত্ত বার্ষিক ২০০০ টাকা রাজস্ব দিতেছি অতএব জানিতে ইচ্ছা করি যে একেবারে ঐ রাজস্বের বিশ গুণ ৪০০০০ দিলে চিরকালের নিমিত্ত মুক্ত হইতে পারি কি না এই প্রস্তাব পাঠকরিয়া আপনকার কোন বিজ্ঞ পাঠক মহাশয় উত্তর দিলে বাধিত হই।

কস্যচিৎ জমিদারস্য।

To the Editor of the Durpun.

SIR,—It appears that the Sudder Board of Revenue have recommended to Government to redeem the allowance paid to certain Zemindars of Tumlook and Muesadul in lieu of the privilege of manufacturing *salt*, at the valuation of 20 years or 5 per cent. Whether Government will allow the assets (compensation in money is still an asset) of permanently settled Muhals to be alienated while the estates remain in other's hands bearing the full assessment, or not, is not for me to enquire, but I should like to know if a Zemindar will be permitted to redeem his annual Jumma from Government on the above terms; for instance I pay annually to Government 2000 Rs. rent for 2 villages in my possession, suppose I pay now 40,000 Rs. or 20 years value to Government, shall I be exempted from paying rent in perpetuity? I hope some of your readers will enlighten me on the subject.

I remain, yours obediently,
A Zemindar.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

এতাদৃশ হিন্দু এবং মোসলমান রাজাদিগের রাজ্য থাকিতে লোকের প্রতি নানামত অন্যায় হইতেছিল পরে ধর্ম্মশীল ইঙ্গলণ্ডীয় রাজার রাজ্য হওয়াতে সে দুঃখ দূরে যাওয়া নানামতে সম্ভাবনা কিন্তু অস্মদাদির ভাগ্য বশাৎ দুঃখ দূর হইয়াও হয় না তাহার বিবরণ এই গত কএক বৎসরাবধি এক স্থান হইতে অন্য স্থানে লোক যাতায়াত করিতে নৌকা কিম্বা শুকতে দস্যু দ্বারা অনেক লোকের ধন অপহৃত হইয়া অনেকং লোক ঐ সকল দস্যুরা গলায় গামছা মোড়া দিয়া নষ্ট করিত। অতিপ্রসিদ্ধ জিলা পাবনা ঐ সকল দস্যু গামছা মোড়া খ্যাতিতে ধৃত হইয়া দওরাতে সোপর্দ্দ হইয়াছিল দওরাতে তাহারদিগেরমিয়াদের হুকুম হয়। কিন্তু সদরের সাহেব লোক গামছা মোড়াতে লোক মরে না এই গ্রাহ্য করিয়া দস্যুদিগের খালাস দিয়াছিলেন পরে গত সন ফরিদপুরের মাজিস্ত্রেট সুদয়ালু শ্রীযুত মার্টিন সাহেব অনেক পরিশ্রম করিয়া ঐ সকল দস্যুদিগের মধ্যে কতক লোক গ্রেপ্তার করিয়া ঠগ খ্যাতিতে দওরাতে সোপর্দ্দ করাতে কাহার যাবজ্জীবন কাহার ১৪ বৎসর মিয়াদ হইয়াছে। ঐ সকল দস্যু মধ্যে কেহং দওরার সাহেবের নিকট জোবানবন্দী দিয়াছে যে তাহারদিগের সমভিব্যাহারি অনেক লোক এই অঞ্চলে আছে। তদনুযায়ি ঐ সাহেব এক জন মুন্সী এক জন হাওয়ালদার আর কএক জন সিপাহী সঙ্গে দিয়া চারি জন গামছা মোড়া দস্যু মফঃসল পাঠাইয়াছেন। তাহারা মফঃসল পঁহুছিয়া কতক দস্যু গ্রেপ্তার করিয়াছে তাহাতে এপ্রদেশ শান্ত হওয়া সম্ভব। কিন্তু দর্পণপ্রকাশক মহাশয় অস্মদাদির গ্রহ এমত বিরূপ যে দেশাধ্যক্ষ মহাশয়ের অভিপ্রায় এবং মার্টিন সাহেবের পরিশ্রমে শান্ত হওয়া দূরে থাকুক দেশ উচ্ছিন্ন হইল। কেন না কোনং গ্রামে দুই এক জন গামছা মোড়া দস্যু আছে। তাহাতে ঐ সকল লোক মথুরা ও জাফরগঞ্জের থানার মোতালক তাবৎ গ্রামে যাইয়া ১০ টাকা অবধি ২০০ টাকা পর্য্যন্ত লইতেছে এমত গ্রাম নাই যে তথাহইতে টাকা না লইয়াছে। খলঃ কেন নিবাধিতে

To the Editor of the Durpun.

While the Hindoos and Mahomedans governed the country, it was filled with injustice of various kinds, but when the English took possession of the country there was every prospect that its distresses would cease; but through our evil fortune our distresses, appear to be even greater. And I would therefore state, that for several years past, many individuals travelling over the country by land or by water, have had their property taken away by villains, who generally take their lives by putting the gamcha round their necks. In the Zillah of Pubna, those villains under the name of Gamcha Morahs have been seized, sent for trial before the Commissioner, and by him condemned to imprisonment. But the Sudder Dewannee thinking that men could not be put to death let them go. Last year the benevolent Magistrate of Furreedpore, Mr. Martin, seized upon some of those villains, and conceiving them to be Thugs, sent them in for trial, and some were sentenced to imprisonment for life, others for 14 years. Some of those villains deposed before the Commissioner that they had many accomplices in these parts; upon which that gentleman sent a Moonshee, Havildar, and some Sepoys, with four of these Thugs, into the Mofussil. On reaching the Mofussil, they seized upon several villains, by which the country was restored to peace; but, Mr. Editor, our fate not being propitious, the country, so far from being tranquillized by the exertions of Mr. Martin, has been nearly destroyed. In some villages there are some of these gamcha morahs, but under pretence of seizing them, the villains have proceeded to every village in the Mothoorah and Jaffergunge Thannahs and gained from 10 to 200 Rs. from each. There is scarcely a village which they have not

যে সকল লোকের সহিত ঐ সকল গামছা মোড়া দস্যুদিগের আড়ি ছিল অর্থাৎ পূর্ব্বে কাহার শস্য ক্ষেত্রে কাহার গোরু পড়িয়াছিল। কিম্বা কাহার সহিত কোন কথার বচসা হইয়াছিল তাহারদিগের গামছা মোড়ার সমভিব্যাহারি বলিয়া যথাসর্ব্বস্ব বিক্রয় করিয়া লইতেছে। এবং বিশিষ্ট লোকদিগের ধরিয়া বলে মহাশয় আপনাকে যে সালখান কিম্বা অন্য জিনিস দিয়াছিলাম তাহা কোথায়। তাহাতে সুতরাং মুন্সী এবং সিপাহী লোক ঐ বিশিষ্ট লোকদিগের খলিয়াৎ বলিয়া গ্রেপ্তার করে। পরে বন্দোবস্ত করিয়া কাহার স্থানে ৫০ কাহার স্থানে ৬০ কাহার স্থানে ১০০ টাকা লইতেছে।

ভোলানামে এক জন দস্যু যে গ্রামে বসত করিত গুরুপ্রসাদ চৌধুরী সেই গ্রামের গোমস্তা দস্যু ব্যক্তি বসতবাটীর খাজানা না দেওয়াতে তাহাকে একবার একপ্রহরপেয়াদার জিম্মা রাখিয়াছিলেন। এইক্ষণে ঐ ভোলানাথ চৌধুরীকে তাহার সমভ্যারি বলিয়া গ্রেপ্তার করাতে ঐ ব্যক্তি গ্রেপ্তার হইয়া ৭০ টাকা তাহারদিগকে দেয়। তথাচ মুন্সী সাহেব তাহাকে ফরিদপুর মাজিস্ত্রেট সাহেবের নিকট পাঠান তাহার তাহার ১০০ টাকা খরচ হইয়া খালাস পাইয়া আইসে প্রথম গামছা মোড়াদিগের গ্রেপ্তার করার সময় যে সকল গ্রামের গোমস্তা থানার লোকের সঙ্গে ছিল তাহারদিগের দুরবস্থার সীমা নাই রামধন ফকিরনামে এক গৃহস্থ ঐ ভোলাকে গ্রেপ্তার করার সময় থানার লোকের সাহায্য করিয়াছিল তাহাকে সাথী বলিয়া গ্রেপ্তার করিয়া মুরশিদাবাদে পাঠাইয়াছে এইমত অনেক লোকের পর উপদ্রব হইয়াছে বিশেষতঃ ঐ গামছা মোড়ার দলের সহিত একজন ভাগ্যবন্ত হরনারায়ণ চৌধুরীর বচসা হইয়াছিল তাহাতে ভারি গোল হইয়া ২০০০ টাকা মুন্সী সিপাহী এবং দস্যুরা নিয়াছে এই প্রকারে ৭০০০ টাকা নিয়া থাকিবেক। ফলিতার্থ গামছা মোড়ার দৌরাত্ম্যে এদেশ উচ্ছিন্ন হইল তাহারা যে গ্রামে যায় সে গ্রামের লোক গামছা মোড়ার দল আইল এই শব্দ শুনামাত্রই অচৈতন্য হয় মার্টিন সাহেব যে পরিশ্রম করিয়া দেশ শান্তকরণার্থ যত্ন করিয়াছিলেন তাঁহার যত্ন বিপরীত হইয়াছে দেশের লোক কোন মতে তিষ্ঠিতে পারে না। দর্পণপ্রকাশক মহাশয় বিবেচনা করুন পূর্ব্বে গামছা মোড়াওয়ালারা অপ্রকাশ্যরূপে ঝাড়ে জঙ্গলে মাঠে নদীতে ডাকাইতী করিয়া লোক নষ্ট করিত এইক্ষণে রাজসম্পর্কীয় লোকের সঙ্গে তাঁহারদিগের সাক্ষাত দিবসে ডাকাইতী করিতেছে ইহার কোন উপায় নাই। এমত লোকেরনামে কেহ দরখাস্ত করিতে পারে না তাহার দুই মন্দা প্রথম এই জামালপুর এতদূর কে যায় গেলে ১০।১৫ জন সাক্ষী সমেত যাইতে হয় ২০।২৫ টাকার কারণ নালীস করিতে যাইয়া শত টাকা খরচ করে। দ্বিতীয় এই যে নালীস করে তাহাকে গামছা মোড়ার সঙ্গী বলার আটক নাই। লোকের অজ্ঞাতে হাটেমাঠে ঝোপজঙ্গলে যে ডাকাইতী হইয়াছে তাহাই নিবেদনার্থে রাজসম্পর্কীয় লোকের সম্মুখে দিবসে ডাকাইতী হইতেছে এবং মার্টিন সাহেব পূর্ব্বে যশপ্রাপ্ত হইয়াছিলেন এইক্ষণে শাপ প্রাপ্ত হইতেছেন।

কস্যচিৎ ফরিদপুরনিবাসি পাঠকস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

আপনি সর্ব্বদাই দেশ হিতার্থে সচেষ্টিত হওয়া নিশ্চয় জানিয়া আমারদের এই পত্র পাঠাইতেছি অনুগ্রহপূর্ব্বক স্বীয় অমূল্য দর্পণে শীঘ্র অর্পণ করিলে অতিশয় বাধ্য হই।

আমরা পরমাহ্লাদপূর্ব্বক অবগত হইলাম যে ইণ্ডীয়ার বর্ত্তমান শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর চাণকগ্রাম নিবাসিরদিগের উপকারার্থ যে দাতব্য বিদ্যালয় স্থাপিত করিয়াছেন তাহার কার্য্য শুক্রবার ৩ মার্চ তারিখে আরম্ভ হইয়াছে। উক্ত স্থানে যাহা বহুকালাবধি ঘোরান্ধকার অজ্ঞানতা মেঘ ও অবৈধকর্ম্মের দ্বারা আচ্ছন্ন হইয়া তিমিরময় ছিল এবং যে স্থানে উপদেশকস্বরূপ ব্যক্তি কখন পাদার্পণ করেন নাই এইক্ষণে এমত ভরসা করি যে তাহা

thus robbed, who can prevent them. All the individuals with whom they have any disputes about corn or fields, or with whom they have any contention whatever, they charge with being accomplices of Gamcha morah and despoil them of every thing; and when they can find any respectable man, they ask him, where is the shawl, or where such an article which they gave you. Of course the moonshee, or those who are with him seize upon them as the receivers of stolen goods. At length a compromise is made among them, one man 50, another 60, and another 100. In the village in which one of these rogues named Bhola lived, Gooroo-prisad Chowdry was the Gomastah, and in consequence of his not paying the rent on one occasion, kept him in confinement for half a day; but now he charges the Chowdry with being one of his accomplices; the Chowdry was seized and was obliged to him for 70 Rs. yet the Moonshee sent him on to the Magistrate of Fureedpore, and it cost him 100 Rs. to get clear. All those individuals who were at the Thannas when the gamcha morahs were first seized, have suffered incredible distress.

A man of the name of Ramdhon Fukeer, assisted the Thannah in seizing this Bholanath; he has therefore been accused of being his accomplice, seized and sent to Moorshedabad. Many individuals have thus been distressed, more particularly one Hurrynarain Chowdry, was charged with being accomplice of these villains, and it cost him nearly 2000 Rs. I should not think that less than 7000 Rs. have thus been taken. In fact the oppression of gamcha morahs are destroying the country. Whenever they enter a village, people cry out, the gamcha morahs are come, and continue in great terror. The exertion, which Mr. Martin had made for the country, has turned out quite the contrary, and the people can bear it no longer. Mr. Editor, formerly the gamcha morahs committed their depredations in the jungles, in the fields, or in the rivers, and there destroyed their victims; but now, with the aid of the public functionaries, in open day they commit their depredations and there is no help for it. No man may complain against these men. First, because Jemalpore is very far, and no one is willing to go there, and a man moreover must take 10 or 15 witnesses with him, and it appears most ridiculous to spend 100 Rs. in order to recover 25. Secondly, any man who complains may easily be charged with being an accomplice. In order to prevent those murders which were committed in secret, have Government taken these efforts; but the difference is, that these oppressions are now committed in the day

A Resident at Fureedpore.

To the Editor of the Durpun.

SIR,—Knowing that you are continually striving to promote the interest of the country, we send you this letter which we beg you will confer upon us a great obligation by inserting in the Durpun in an earliest opportunity.

We are extremely happy to learn that the Free School established by the present Honourable Governor of India at Chanuck for the benefit of its inhabitants, was opened on Friday, March 3d. This country which has for many ages been clouded by the gloomy shades of ignorance mixed with superstition, and re-

দীপ্যমান হইবে কারণ বিদ্যা সর্ব্বত্র চন্দ্রের ন্যায় চাণক ও তস্য নিকট গ্রামসকল সুদীপ্ত করিবে। অতএব ঐ গ্রামনিবাসি মহাশয়েরদিগের উচিত হয় যে তাঁহারা তাঁহারদিগের দানশীলের প্রতি কৃতজ্ঞতা এবং অগণ্য নমস্কার দেন। সম্পাদক মহাশয় আমারদিগের দুরদৃষ্ট বিষয়ের নিমিত্ত কএক পঁক্তি লিখিতেছি যাহা মহোপকারক পাঠকগণের ও অন্যান্য পুণ্যাত্মা ব্যক্তিরদিগের পাঠ কিম্বা শ্রবণ মাত্র কোন সদুপায় হইবার বিলক্ষণ সম্ভাবনা আমরা অতিশয় খেদান্বিত হইয়া ব্যক্ত করিতেছি যে আমারদিগের গ্রাম চতুঃসীমাতে প্রায় দেড়ক্রোশ হইবে এবং অতিশয় বসতিযুক্ত কিন্তু কোন পাঠশালা না থাকাতে ও দীনহিন নগরস্থ ব্যক্তিরদিগের ক্ষীণতাপ্রযুক্ত তাঁহারদের বালকগণের বিদ্যাভ্যাসার্থ কোন উপায় নাই সুতরাং তাহারা অবিদ্যা বোঝার ভারাক্রান্ত প্রযুক্ত অগ্রান্ত হইবার উপায় শূন্য হইয়াছে। যদ্যপি সর্ব্বসাধারণ কিম্বা পরোপকারক মহাশয়রা আমারদিগের প্রতি কিঞ্চিৎ কটাক্ষ দ্বারা কোন দাতব্য বিদ্যালয় স্থাপিত করিয়া আমারদিগের এই অপার দুঃখ মোচন করেন তবে আমরা কৃতাঞ্জলি ও বিনয়পূর্ব্বক প্রণিপাত হইতে প্রস্তুত আছি আমরা আমারদিগের জীবনাবধি ও তৎপর আমারদিগের পুত্র পৌত্রাদি বংশাবলি ও পরোপকারক মহাশয়দিগের সৎকর্ম্মের অনুরাগকে ধন্যবাদ করিয়া অগণ্য মান্য করিবে আমরা সর্ব্বদা দৃষ্টি করি যে কলিকাতানগরস্থ প্রায় সমস্ত রাস্তার ধারে একং দাতব্য বিদ্যালয় হইয়াছে কিন্তু যদি অন্যান্য স্থানে নিয়মানুসারে পাঠশালা হয় যে স্থানে অতিশয় আবশ্যক তবে যথেষ্ট মঙ্গলদায়ক হইতে পারে ও তৎস্থাপক মহাশয়েরদিগের অমোচনীয় যশে ধরা পরিপূর্ণ হইবে। অন্যান্য সম্পাদক মহাশয়েরদিগের প্রতি নিবেদন যে তাহারা অনুগ্রহ প্রকাশ করিয়া আমারদিগের এই কএক খেদজনক পঁক্তি স্বং অমূল্য কাগজের এক পার্শ্বে স্থাপিত করিলে অতিশয় বাধ্য হইব ইতি।

কোননগর।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

mained untrod by education, is at length, it may be expected, soon to be enlightened. For education like the summer moon would dart its influence, and illumine not only the small state of Chanuck, but all its contiguous parts. It becomes therefore the inhabitants to shew their gratitude to such a benefactor in return for the inestimable gift he has conferred upon them. Mr. Editor, it may not be improper to add here a few lines respecting the wretched fate of our own country for, through the medium of your valuable paper, they will not fail to catch the eye of some benevolent individual. We regret to say that in our country, which is about three miles in circumference, and very thickly inhabited, having no school, and through the poverty of the inhabitants, the boys cannot receive instruction, consequently they are labouring under great disadvantage.

If therefore the public in general, or some kind individuals take pity on us, and remove this our distress by instituting a charitable school in our country, we will offer them innumerable thanks. And their praise for this act of goodness will not terminate with the end of our existence but come down to posterity. We see the free schools in almost all the lanes at Calcutta, but if they are established in some other parts where they are most wanted, they might produce still more good effects and bring lasting fame upon those that establish them. We conclude, by observing, that if your brother Editors kindly give a little space to this our unhappy case in a corner of their valuable paper, we shall feel highly obliged.

Some of the Inhabitants at Kunnagur.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	১০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩	১৪	ঐ
৪ টাকার লোন	১৸৶	১৸৶	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৬০০—১৭০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	13 0	14 0
4 per Cent loan,	1 10	1 14 Disct.

Bank Shares.

Bank of Bengal, ... Co's. Rs. 1600—1700.

সমাচার দর্পণ

১১৩৩ সংখ্যা। বালম ১৯।] ১ আপ্রিল ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ২০ চৈত্র। SATURDAY, APRIL 1ST, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1133. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সুপ্রিম কোর্ট কলিকাতা।
হরনাম মিশ্র ফরিয়াদী
রামেশ্বর পাঁড়ে দিং আসামী

ইং ১৮৩৬ সাল ১ জুলাই তারিখে এই মোকদ্দমার যে ডিক্রী হয় ঐ ডিক্রীর হুকুমঅনুসারে মৌজে খোরিয়া পরগনা সামরো সাহাবাজ জিলায় যত জম ও আওলাতওগয়রহ যে কিছু ঐ উপরি লিখিত ডিক্রীতে কথিত আছে ঐ সকল বিষয় আমার আফীসে সুপ্রিম কোর্টে ১৭ আপ্রিল বেলা দুই প্রহর নাং দুইটাপর্য্যন্ত আমি পবলিকনেলে যথার্থ মূল্যে বিক্রয় করিব।

A. DOBBS

W. D. SHAW, কৈং উকীল।

২। যদ্যপিস্যাৎ কোন ব্যক্তি খরিদ করিতে বাঞ্ছা করেন তবে আমার আফীসে কিম্বা উকীল সা সাহেবের আফীসে বিশেষ বেওরা জানিতে পারিবেন।

A. DOBBS.

আগ্রা ও বঙ্গরাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ

ইশতেহার।

করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের সে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।
সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্য ও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।
শ্রীরামপুরের ছাপাখানাতে
কুলুকভট্টকৃতটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।
শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখা

ইশতেহার।

নকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪ ৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ নাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ নাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ নাং ১৮২১ সালেরসপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল নাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল নাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল নাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

ইশতেহার।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ম্যেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্দ্ধারার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।
ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।
ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সানরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদগুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদগুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
১৮৩৭ সাল ১৩ মার্চ।

১৮৩৭ সালের ১৩ মার্চ তারিখে নীচে লিখিতব্য পাণ্ডুলেখ্য পুনর্ব্বার কৌন্সেলে পঠিত হইল।

১৮৩৭ সালের আক্‌ট নং।

১। হুকুম হইল যে বঙ্গাদি দেশে চলিত আইন সকলের মধ্যে ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারা মতান্তর হইয়া অমুক মাসের অমুক তারিখঅবধি বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন প্রদেশের মধ্যে কোন জিলা বা শহরের জজের নিকটে বিষয় প্রাপণার্থ যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় সেই বিষয়ের বাহুল্য বা সংখ্যা দৃষ্টে ঐ মোকদ্দমা নিষ্পত্ত্যর্থ প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করিতে বাধা নাই।

২। এবং হুকুম হইল যে যে মোকদ্দমা চলিত আইনানুসারে ইঙ্গলণ্ড দেশের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের হজুর কৌন্সেলে আপীল হইতে পারে এমত কোন মোকদ্দমা যদি এই আইনক্রমে প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করা যায় তবে ঐ প্রধান সদর আমীনের কৃত নিষ্পত্তির আপীল সদর দেওয়ানী আদালতে হইবে এবং জিলার জজ সাহেবের কৃত নিষ্পত্তির আপীল যে রীত্যনুসারে সদর দেওয়ানী আদালতে হইত সেই রীত্যনুসারে এই আপীল নির্ব্বাহ হইবে।

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজন গোচরার্থ প্রকাশ হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ২৮ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে। ডবলিউ এচ মাকনাটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

২২ মার্চ ১৮৩৭।

শ্রীযুত চার্লস স্মিথ সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি কোম্পানি বাহাদুরের কর্ম্মে ইস্তফা দেওয়াতে ১৮৩৬ সালের বার্ষিক মুশাহেরা প্রাপণার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

ফোর্ট উলিয়মস্থ সৈন্যেরদের ধর্ম্মোপদেশক শ্রীযুত অর্ড রসপিনি সাহেব অদ্য কলিকাতা রাজধানীতে পঁহুছিলেন এমত রিপোর্ট করিয়াছেন।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

১৪ মার্চ।

শ্রীযুত আর ত্রাটর সাহেব স্বীয় কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিতে পারগ না হওনপর্য্যন্ত বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি এফ হৌল্টন সাহেব জিলা বেহারের কালেকটরের কার্য্য ও শ্রীযুত জে এস ডুমের্গ সাহেব উক্ত জিলার মাজিস্ত্রেটের কার্য্য নির্ব্বাহ করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বংকর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

বিহারের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত আর ত্রাটর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি তিন মাসের ছুটি পাইয়াছেন।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

১৭ মার্চ।

শ্রীযুত জি জি গার্ডন সাহেব কর্ম্মে ইস্তফা দেওয়াতে শ্রীযুত জে ডবলিউ আলেকজান্দর সাহেব ছোট আদালতের তৃতীয় কমিস্যনর হইয়াছেন।

২১ মার্চ।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর ডবলিউ রাইটসন সাহেব ছুটি লইয়া ইঙ্গলণ্ডে গমন করাতে তৎপরিবর্ত্তে আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই ডবলিউ ক্লারিবট সাহেব আক্যাবস্থ সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহ করিবেন।

FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT,

13th March, 1837.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 13th March 1837 :

ACT, No. —— of 1837.

I. It is hereby enacted, in modification of Section XVIII. Regulation V. 1831, of the Bengal Code, that from the day of no Zillah or City Judge within the Territories subject to the Presidency of Fort William in Bengal, shall be precluded, by reason of the amount or value of the property for the recovery of which a Suit is instituted from referring that Suit to any Principal Sudder Ameen.

II. And it is hereby enacted, that if any Suit which according to the rules now in force, would be Appealable to the King in Council, shall under the Authority of this Act, be referred to a Principal Sudder Ameen, the Appeal from the decision of such Principal Sudder Ameen shall be direct to the Court of Sudder Dewanny Adawlut, and shall be conducted in all respects according to the same rules as if it were on Appeal from the decision of a Zillah Judge to the said Court of Sudder Dewanny Adawlut.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 28th day of April next.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

CIVIL APPOINTMENTS.

22d March, 1837.

Mr. Charles Smith has been permitted to resign the Honourable Company's Civil Service from the 1st instant, and to retire upon an Annuity of the year 1836.

The Reverend William Ord Ruspini, M. A., Garrison Chaplain of Fort William, reported his arrival at the Presidency on this day.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

14th March.

Mr. G. F. Houlton to officiate as Collector of Zillah Behar, and Mr. J. S. Dumergue to officiate as Magistrate of Ditto, until Mr. R. Trotter shall be able to resume charge, or until further orders.

The following officer has obtained leave of absence from his station :

Mr. R. Trotter, officiating Magistrate and Collector of Behar, for a period of three months, from the 2d instant, on medical certificate.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

17th March.

Mr. J. W. Alexander, to be Third Commissioner of the Court of Requests, vice Mr. G. J. Gordon resigned.

21st March.

Mr. Assistant Surgeon E. W. Clarributt to perform the Medical duties of the Civil station of Akyab, vice Mr. Assistant Surgeon R. W. Wrightson proceeding to England, on Furlough.

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর উকীলেরদের মনোনীতকরণ ও নিয়োগকরণ ও মেহনতআনা দেওনবিষয়ে ১৮৩৩ সালের ১২ আইনের যে বিধি আছে তাহা মেদিনীপুরের জিলা আদালতে জারীহওনার্থ হুকুম দিয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

বীরভূমের সিবিল ও সেসন জজ শ্রীযুত জে এচ ডয়লি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ৮ তারিখঅবধি পনর দিবসের ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের রেবিনিউ ও সাৰ্কেটসায়েরী কমিস্যনরের আসিষ্টাণ্ট শ্রীযুত আর বি ডবলিউ রামজি সাহেব ১৯ সংখ্যক প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেবকর্তৃক যে এক মাসের ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ১ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

আসামস্থ কমিস্যনরের একটিং দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত এচ টি টকর সাহেব ২৩ আগষ্ট তারিখে যে ছুটি পাইয়াছেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ৩১ ডিসেম্বরঅবধি বর্ত্তমান মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বেহারের উপরি প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নিয়ামৎআলি খাঁ বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি ২২ তারিখপর্য্যন্ত ও মহরমের ছুটিপর্য্যন্ত বিদায় পাইয়াছেন।

বিহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ফতে আলি খাঁ ও সদর আমীন শ্রীযুত আসরফ হোসেন খাঁ মহরমের ছুটি পর্য্যন্ত বিদায় পাইয়াছেন।

২২ মার্চ।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এচ মোর সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখ অর্থাৎ শ্রীযুত চার্লস স্মিথ সাহেবের কর্ম্মে ইস্তফা দেওন তারিখঅবধি চট্টগ্রামের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

১১ মার্চ।

দিল্লীস্থ সিবিলসম্পর্কীয়েরদের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মার্ক রিচার্ডসন সাহেব স্বীয় প্রার্থনামতে শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষের অধীন কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

১৬ মার্চ।

চিকিৎসকের সর্টিফিকটক্রমে শ্রীযুত ট্রিটন সাহেবের অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি পাটন সাহেব কিয়ৎকালের নিমিত্ত আলিগড়স্থ সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহকরণের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ আর কেনেওয়ে সাহেব হমিরপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এ পি করি সাহেব গাজিপুরের মাজিস্ত্রেট কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জেমস লিন সাহেব হমিরপুরের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

২ সংখ্যক অর্থাৎ আগ্রা প্রদেশের নিষ্করভূমিবিষয়ক দাওয়ার তজবীজকরণার্থ শ্রীযুত সি ডবলিউ কিনলক সাহেব ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি এচ সিম্‌সন সাহেব উত্তর মুরাদাবাদে জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের ক্ষমতানুসারে কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮ মার্চ।

শ্রীযুত আর এন সি হামিল্টন সাহেব দিল্লীর সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত জি এফ ব্রোণ সাহেব সহেশ্বানের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি আর টলো সাহেব জনপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এচ বি হারিংটন সাহেব জনপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to extend the Provisions of Regulation XII. of 183·, regarding the selection, appointment and remuneration of authorized Pleaders to the Zillah Court of Midnapore.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. J. H. D'Oyly, Civil and Session Judge of Beerbhoom, for fifteen days, from the 8th proximo, on private affairs.

Mr. R. B. W. Ramsay, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhaugulpore Division, for six weeks, from the 1st proximo, on medical certificate, in extension of the leave granted to him for one month, by the Commissioner of the 19th Division.

Lieut. H. T. Tucker, officiating Junior Assistant to the Commissioner of Assam, from the 31st December last to the 1st instant, on medical certificate, in extension of the leave grant to him on the 23d August last.

Moulavee Niamut Ali Khan, Additional Principal Sudder Ameen of Behar, from the 17th to the 23d instant, and also during the ensuing Mohurrum vacation.

Moulavee Futteh Ali Khan, Principal Sudder Ameen, and Moulavee Ashruff Hossein Khan, Sudder Ameen of Behar, during the ensuing Mohurrum vacation.

22d March.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Mr. H. Moore to be Civil and Session Judge of Chittagong, from the 1st instant, being the date of Mr. Charles Smith's resignation of the service.

11th March.

Mr. Assistant Surgeon Mark Richardson, M. D., in Medical charge of the Civil station of Delhi, is, at his own request, placed at the disposal of His Excellency the Commander-in-Chief.

16th March.

Mr. Assistant Surgeon G. Paton, M. D., is temporarily appointed to the medical charge of the Civil Station of Ally Gurh, during the absence, on medical certificate, of Mr. Tritton, or until further orders.

Mr. W. R. Kennaway to be Magistrate and Collector of Humeerpore.

Mr. A. P. Currie to be Magistrate and Collector of Ghazeepore.

Mr. James Lean to officiate as Magistrate and Collector of Humeerpore.

Mr. C. W. Kinloch to officiate as Deputy Collector, for the investigation of claims to exemption from payment of Land Revenue in the 2d or Agra Division.

Mr. T. H. Sympson to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in North Moradabad.

18th March.

Mr. R. N. C. Hamilton to be Civil and Sessions Judge of Delhi.

Mr. G. F. Brown to be Magistrate and Collector of Suheswan.

Mr. C. R. Tulloh to be Magistrate and Collector of Juanpore.

Mr. H. B. Harington to be Joint Magistrate and Deputy Collector of Juanpore.

উপরি উক্ত নিয়োগসকল বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি চলিবে।

শ্রীযুত আর এচ স্কট সাহেব ৩ সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশের রেবিনিউ ও সায়েরসায়েরী কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত আর সি গ্লিন সাহেব মিরটের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত জি এফ ফ্রাঙ্কো সাহেব মিরটের মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ ক্রাফোর্ড সাহেব মুজঃফরনগরের মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ পি মেসন সাহেব বান্দার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

পূর্ব্বোক্ত নিয়োগ সকল বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি চলিবে।

সমাচার দর্পণ

শনিবার ১ আপ্রিল ১৮৩৭।

গুমশূরে নরবলি।

সংপ্রতি কটকের কমিস্যনর শ্রীযুত রিকিট্‌স সাহেব স্বীয় শিবিরহইতে শ্রীযুত রসল সাহেবের সহিত সাক্ষাৎকরণার্থ গমন করিয়া তাঁহার স্থানে শুনিলেন যে সামান্যতঃ গুমশূরস্থ খোন্দ জাতীয়েরদের মধ্যে ভূরি২ নরবলি হইয়া থাকে। তাহাতে শ্রীযুত রিকিট্‌স সাহেব মহাদেব কোঁওয়ারের রাজ্যস্থ খোন্দ জাতিয়েরদের নিকট গমন করিয়া দশপলাস্থানে ২৪ বেচারা অর্থাৎ ৮ বালিকা ১৬ বালকের প্রাণ বাঁচাইলেন। খোন্দ জাতীয়েরা তাহারদিগকে বলিদানার্থ প্রস্তুত করিয়া রাখিয়াছিল।

শ্রীযুত সাহেব খোন্দ সরদার ও অন্যান্যেরদের স্থানে এই রীতিবিষয়ে অনুসন্ধানকরত অবগত হইলেন যে তাহারা পৃথিবীকে নরবলি প্রদান করে যেহেতুক তাহারা বোধ করে যে এতদ্রূপে নরবলি প্রদান করাতে আমরা অধিক ফসল পাইব ও নিরাপদ অর্থাৎ পীড়া ও দৈবঘটনাপ্রভৃতিহইতে মুক্ত হইব। যখন হরিদ্রার ফসল হয় তখন তাহারা এমত বিবেচনা করে যে আরো বিশেষরূপে এই বলিদান করা অত্যাবশ্যক। তাহারা কমিস্যনর সাহেবকে কহিল যে নররক্তপাত ব্যতিরেকে হরিদ্রার উত্তম ঘোরবর্ণ হয় না তাহারা জ্ঞাতসারে কোন খোন্দজাতীয় বা কোন ব্রাহ্মণকে বলি প্রদানার্থ হত্যা করে না কিন্তু তদ্ভিন্ন অল্পবয়স্ক বা অধিক বয়স্ক বা যে কোন মতাবলম্বী হউক কি স্ত্রী কি পুরুষ সকলকেই তুল্যভাবে বলি প্রদানার্থ গ্রাহ্য করে। তত্রাপি স্থূলকায় ব্যক্তিকে অস্থূলকায়াপেক্ষা উত্তম বোধ করে। এবং অর্দ্ধবয়স্কেরদিগকে অতিপ্রাচীন বা অতিশিশুহইতে শ্রেয় বোধ করে ঐ বেচারারা ৬০ অবধি ১৩০ টাকাপর্য্যন্ত মূল্যে ক্রীত হয়। শিশু বালক ও বালিকারদিগকে ক্রয় করিয়া অনেক বৎসরপর্য্যন্ত পোষে পরে যখন তাহারা এমত বয়ঃপ্রাপ্ত হয় যে কি নিমিত্ত তাহারা ক্রীত হইয়াছে বোঝে তখন শৃংখলে তাহারদিগকে বদ্ধ করে।

শ্রীযুত কমিস্যনর সাহেব নিশ্চয় অবগত হইতে পারেন নাই যে কতবার এই নরবলি হয়। প্রায় ৪৬ বৎসরবয়স্ক খোন্দ এক জন তাঁহাকে কহিল যে স্বচক্ষেই পঞ্চাশটা দেখিয়াছি। কেবল গ্রামস্থ সরদারেরদের বাটীতে বলিদানার্থ মনুষ্য পাওয়া যায়। কিন্তু রাইয়তেরদের প্রতি এমত অনুমতি নাই যে তাহারা এতদ্রূপ বলিদান করে ফলে তাহারদের যোত্রও নাই যেহেতুক এতদ্রূপ বলিদানেতে অত্যন্ত ব্যয় হয় যে নিয়মেতে এই ক্রিয়া সমাধা হয় তদ্বিষয়ে শ্রীযুত সাহেব অনেক বিপরীত কথন শুনিলেন সামান্যতঃ শ্রুত হওয়া গেল যে দুই খান শক্ত তক্তা বা দুইটা বাঁশের মধ্যে ফেলিয়া তাহারদিগকে চাপিয়া মারে। কিন্তু কিঞ্চিৎ জীবিত থাকিতে২ মৃত্তিকাতে রাখিয়া দুই খণ্ড করিয়া কাটিয়া ফেলে। কেহ২ কহে যে বহুবিধ অসভ্য ক্রিয়া ও অনেক ভোজের পর ঐ ভিন্নীকৃত শব আর না কাটিয়া মৃত্তিকাতে পুঁতিয়া রাখে অন্যান্যেরা কহে যে ঐ শব দুই খণ্ড হইবামাত্রই উপস্থিত ব্যক্তিরা তাহা একং খণ্ড কাটিয়া লয় পরে তাহা আপনং ভূমিতে প্রোথন করে। অনেকে কহিলযে গুমশূরেতে জীবদ্দশাতেই কাটিয়া ফেলে। তাহারা বোধ করে যে শব যদি অখণ্ডই প্রোথন করা যায় তবে যে ব্যক্তি সেই শব পায় তাহার ভূমিব্যতিরেকে অন্যান্য ভূমিতে ঐ স্বস্ত্যয়নের ফল ফলে না কিন্তু ঐ শবের তাবদঙ্গ যদ্যপি বিতরণ করা যায় তবে যে খণ্ড ভূমিতে তাহার একং খণ্ড প্রোথন করা যায় তাহাই ফলবতী হয়

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুরের নিকট এতদ্বিষয়ক সম্বাদ পঁহুছনেতে শ্রীযুত রিকটস সাহেবকে তাহার উত্তর লিখিয়া এমত আজ্ঞা করিলেন যে এই কুরীতি সমূলোৎপাটনার্থ স্বীয় সাধ্যপর্য্যন্ত নানা উপায় চেষ্টা করিবেন শ্রীলশ্রীযুত আরো লিখিয়াছেন যদ্যপি এমত দৃষ্ট হয় যে খোন্দের সরদারেরা এই কুকর্ম্ম নিবারণার্থ আপনারা অপারগ বা অনিচ্ছু হয় তবে ঐ দেশে ইঙ্গলণ্ডীয় সৈন্য নিযুক্তকরণবিষয়ক বিবেচনা করা যাইবে।

The foregoing appointments to have effect from the 1st instant.

Mr. R. H. Scott to be Commissioner of Revenue and Circuit of the 3d or Bareilly Division.

Mr. R. C. Glyn to be Civil and Sessions Judge of Meerut.

Mr. G. F. Franco to be Magistrate and Collector of Meerut.

Mr. W. Crawford to be Magistrate and Collector of Moozuffernugger.

Mr. W. P. Masson to be Joint Magistrate and Deputy Collector of Banda.

The foregoing appointments to have effect from the 5th instant.

SUMACHAR DURPUN.

SATURDAY, 1ST APRIL, 1837.

Goomsoor Sacrifices.

Mr. Ricketts, the Commissioner of Cuttack, went lately from his Camp to pay his respects to Mr. Russell, and heard from him, that among the Koonds of Goomsoor, human sacrifices were exceedingly common. Mr. Ricketts accordingly went among the Koonds into the territory of Muhadeb Coonwar, and there in Duspullah, he succeeded in rescuing 24 victims, 8 girls and 16 boys, whom the Koonds were preparing for sacrifice.

He made enquiries from the Koond Chiefs and others respecting the custom, and found that they sacrificed to the earth, to the *muttee*. They suppose that by thus slaughtering victims, they will possess good crops and safety, and be preserved from diseases and accidents. When the crop is huldee, they consider it to be more particularly necessary to perform these sacrifices. They told the Commissioner, that without this shedding of blood it was impossible that the *huldee* should be of fine deep colour. They would not knowingly sacrifice a Koond or a bramhun, but victims of all ages, and of every religion, and of both sexes, are considered equally acceptable; although those victims who are fat are considered better than the thin, and those in their prime better than either the very old or very young; the victims are purchased at from 60 to 130 Rs. each. The children, after having been purchased, are often kept for many years. When of age to understand for what purpose they are intended, they are chained.

The Commissioner was not able to ascertain how frequent these sacrifices were. One Koond of about 46 years of age told him that he had witnessed full fifty. Victims are found in the houses of village sirdars only, mere ryuts are not permitted to slay them. Indeed they have not the means, as the expense of such a sacrifice is very considerable. Of the mode in which these ceremonies are conducted very contradictory stories were told; but the most common, it appears to be, is to squeeze them to death between two strong planks or bamboos. While there is still life the body is thrown on the ground and chopped in two pieces. Some accounts say, that after the performance of several savage ceremonies and much feasting the divided corpse is buried unmutilated. Others say that as soon as it is divided into two parts, those who are in attendance, fall on it and each cuts away a piece which is carried away and buried in his own land.

Several persons admitted that in Goomsoor the victims were cut up while they were alive. They believe that if the body is buried whole, the benefit of the sacrifice will not extend farther than the lands of the person who found the victim; but if the members are distributed every piece of land in which a part of it is buried, will receive benefit.

On the communication of this letter to the Right Honourable the Governor of Bengal, he directed a reply to be sent to Mr. Ricketts, directing him to use all means in his power to eradicate this system. His Lordship also stated, that if it appeared that the chiefs of the Koonds were unable or unwilling to exert themselves to repress this crime, he would consider the propriety of taking military possession of the country.

পোলীস দপ্তরে তহবিল ভাঙ্গন।

কএক দিবস হইল কলিকাতার পোলীসের সেরেশতাদার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনীত হইয়া এই অভিযুক্ত হইলেন যে তাঁহার তহবিলে ৭০ হাজার টাকা বাকি হইয়াছে তাহাতে জামিন দিতে না পারাতে তিনি কয়েদ হন এবং তাঁহাকে ২৭ তারিখে বিচারিত হওনার্থ হাজির হইতে হুকুম হইয়াছে।

পালামৌ স্থানে কয়লার আকর।

পালামৌ প্রদেশে যে কয়লার আকর আছে তাহার তত্ত্বাবধারণার্থ গবর্ণমেণ্ট শ্রীযুত হম্‌ফ্রি সাহেবকে প্রেরণ করিয়াছেন ঐ সাহেব শ্রীযুত কাপ্তান সেজ সাহেবের সঙ্গে ঐক্য হইয়া ঐ আকর প্রাপক সদুপায় বিষয়ে রিপোর্ট করিবেন।

লাহোরে শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের গমন।

পাঠক মহাশয়েরা অবশ্য অবগত হইয়া থাকিবেন যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ রণজিৎ সিংহ এইক্ষণে স্বীয় পৌত্র শ্রীযুক্ত নৌনেহাল সিংহের শুভবিবাহ সমারোহপুরঃসর নির্ব্বাহ করিতেছেন। এবং এমত সময়ে শ্রীলশ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব ঐ দেশে স্বীয় কর্ম্মোপলক্ষে অবস্থিতি করণেতে তাঁহাকে মহারাজ অত্যন্তানুনয়ে নিমন্ত্রণ করিলেন যে এই বিবাহে তিনি অধিষ্ঠান করেন অতএব শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের তত্র গমন বিষয়ে আমরা নীচে লিখিতব্য বিবরণ প্রাপ্ত হইলাম। শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব ৬ তারিখে অমরেশ্বরের নিকট পঁহুছিলে তৎসময়ে মহারাজের জ্যেষ্ঠ পুত্র ও মন্ত্রিবর্গ এবং দরবারস্থ অমাত্য ভৃত্য অগ্রসর হইয়া রাজধানীঅবধি আড়াই ক্রোশ অন্তরিত শিবিরহইতে শ্রীযুক্ত সাহেবকে গ্রহণপূর্ব্বক আগমন করিলেন। এতদ্রূপে

Defalcation in the Police Office.

The Sheristadar of the Police Office in Calcutta, was brought before the Chief Magistrate on an alleged charge of the defalcation in his cash returns to the amount of seventy thousand rupees. Being unable to find bail, he was committed and ordered to be brought up again on the 27th instant for trial.

Palamow Coal Fields.

It is said that Government have deputed Mr. Homfray to examine the coal fields of the Palamow district, in conjunction with Captain Sage, and to report upon the best means of communicating with them.

The Commander-in-Chief in Lahore.

Our readers are of course aware that Runjeet Singh has recently married his grandson Now Nihul Sing with great pomp. As the Commander-in-Chief happened to be in the vicinity of the Punjab, the Muha Raja entreated him to be present at the nuptials. The following account has been received concerning the progress of His Excellency.

The Commander-in-Chief approached Umritser on the 6th instant, when the Muharaja's eldest son, his Minister, and the chiefs about the Court came out five miles to meet His Excellency and escort him to his camp; the march was thus concluded exactly on the day desired. The following morning His Excellency went to pay his respects to Runjeet Sing at a small garden house which he occupied; on approaching it,

শ্রীযুক্তের যে দিবসে কর্ম্মস্থলে উত্তরণের আবশ্যকতা ছিল সেই দিবসেই সমুত্তীর্ণ হইলেন। তৎপরদিবস প্রত্যূষে মহারাজ রণজিৎ সিংহ যে ক্ষুদ্রোদ্যানস্থ প্রাসাদে ছিলেন সেই স্থানে শ্রীযুক্ত সাহেব মহারাজের সঙ্গে সাক্ষাদর্থ গমন করিলেন। যৎক্ষণে শ্রীযুক্ত সাহেব তৎস্থল গত হইলেন তৎক্ষণেই মহারাজ স্বীয় সরদার সমভিব্যাহারে আগমনপূর্ব্বক শ্রীযুক্ত জেনরল সাহেবের সঙ্গে সাক্ষাৎকরত তাঁহাকে স্বীয় সওয়ারিতে লইয়া সৈন্যশ্রেণীর মধ্য দিয়া দরবারশালাতে গমন করিলেন। অপরাহ্নে মহারাজ শ্রীযুত জেনরল সাহেবকে অমরেশ্বরে পৌত্রবর বরের ঘরে লইয়া গেলেন। অপর পঞ্জাবের তাবৎ জমিদারেরা বরের সঙ্গে সাক্ষাৎ করিয়া যথাযোগ্য উপঢৌকন প্রদান করেন এমত নিয়ম হইয়াছিল। এবং ঐ দেশীয় বিবাহাঙ্গ মঙ্গলাচরণের মধ্যে বরের উত্তমাঙ্গাবরণ অর্থাৎ ঘোমটা দেওয়াই এক মুখ্য ব্যবহার। শ্রীযুক্ত সৈন্যাধ্যক্ষ সাহেবও তদ্ব্যবহার সাধনে সহকারী ছিলেন অতএব সকলই তাহা অত্যাহ্লাদজনক বোধ করিলেন। অপর বরযাত্রগণ অমরেশ্বর হইতে কন্যার পিত্রালয় আটারি [illegible] গমন করিলেন।

বরাধিষ্ঠানার্থ ঐ বাটী অতিসুশোভনরূপে সাজান গিয়াছিল। এবং শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব ঐ বাটীতে মহারাজের সঙ্গে একত্র হইলেন অনন্তর মহারাজ শ্রীযুক্ত সাহেবের হস্ত্যারোহণে মহাদল শিকসৈন্য সমভিব্যাহারে ন্যূনসংখ্যক পশ্চাৎগামি ৩ লক্ষ লোক পুরস্কৃত হইয়া গমন করিলেন। এই মহাজনসমারোহ যেমন অনুগামী হইতে লাগিল তেমনি তাহারদের মধ্যে অনেক টাকা ছড়ান গেল মহারাজ আবালবৃদ্ধ বনিতা সর্ব্বসাধারণ ব্যক্তিকেই ১ টাকা করিয়া দান করিলেন এতদ্রূপে অন্যূন ১০ লক্ষ টাকা বিতরণ হইল।

দিবাবসানে অতিসুদীপক সুদৃশ্য রোসনাই হইয়াছিল এবং শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব মহারাজের তাম্বুতে ভোজন পানাদি করিলেন।

বিবাহকালীন কন্যার যৌতুকস্বরূপ প্রায় অসংখ্যক ধন প্রাপ্তি হয় বিশেষতঃ উত্তম সুসজ্জিত ১১ হস্তী এবং ১০১ অশ্ব ১০১ উষ্ট্র ১০১ মহিষ ১০১ গাবী ১০১ বৎস। পঞ্জাব দেশে বিযুগদানই অতিশুভাবহ। যদপেক্ষা উৎকৃষ্ট প্রায় দৃষ্টিচর নহে এমত অত্যুৎকৃষ্ট শাল এবং বহুমূল্য উত্তমং মণিমুক্তা প্রবালাদি ও নানাবিধ অলঙ্কার ও কন্যা প্রকোষ্ঠ সুসজ্জকরণোপযুক্ত বহুবিধ দ্রব্য ও গাড়ি পালকী প্রভৃতি যান বাহনাদি এবং পাকশালার উপযুক্ত সর্ব্বপ্রকার দ্রব্য মহারাজকর্ত্তৃক প্রদত্ত হইল।

ছোট আদালতের দোভাষী।

ডি সাণ্ডস সাহেবের মৃত্যু হওয়াতে উক্ত আদালতের ভাষান্তর ভাবির কর্ম্মের নিমিত্ত অশীতি জন আকাঙ্ক্ষী হইয়াছিলেন তাঁহারদের ঐ কর্ম্ম প্রাপণের যোগ্যতাবিষয়ে ঐ আদালতের শ্রীযুক্ত কমিস্যনর সাহেবকর্ত্তৃক অতিপক্ষপাতবিহীনতারূপে সূক্ষ্ম বিবেচনা হইয়াছিল তাহাতে বেট এলিয়ট কোম্পানির কুঠীতে যে শ্রীযুক্ত জন রোজারিয়ো সাহেবের জিম্মায় হিসাবের বহী থাকিত তিনিই সৌভাগ্যপ্রযুক্ত এই কর্ম্ম প্রাপ্ত হইলেন।

পালির মারক।

পালির মারকবিষয়ক আগ্রা আকবরের দ্বারা যে শেষ সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা নীচে প্রকাশ করা যাইতেছে। এক জন পত্রপ্রেরকের লিপিদ্বারা জ্ঞাত

the Muharaja advanced with his Sirdars to meet the General, and invited him into his howdah, and thus they proceeded together through the troops to the place appointed for the durbar. In the evening the Muharaja conducted the General into Umritser to the house of the bridegroom, his grandson. Preparations had been made for the vassals of the Punjab to pay their compliments on this occasion, and to make their offerings. To place a veil on the head of the bridegroom is a part of the ceremony of marriage in that country, and the General's having had a hand in doing so, was supposed to be highly advantageous. From Umritser the party marched to the Castle of Attari, the residence of the bride's father.

At this place a most splendid procession was formed, to conduct the bridegroom to the house of his betrothed. His Excellency here joined the Muharaja, who removed into the howdah of the Commander-in-Chief. In this way the party proceeded, with a very large body of Seikh Troops, and at least three hundred thousand people, to Attari. Among this immense concourse of people money was scattered in considerable quantities as they passed along: and his Highness distributed a rupee to every individual, man, woman, and child, who was present. The distribution thus exceeded *ten lakhs*.

In the evening there was a most splendid display of fireworks; and His Excellency had to eat, and drink, in the Muharaja's tent.

The Lady's fortune was superb.—There were eleven elephants, completely caparisoned; 101 horses, and the same number of camels, buffalos, cows, and calves. Odd numbers are considered fortunate in the Punjab. A magnificent collection of shawls, some of the handsomest ever seen; a very beautiful collection of jewellery, and ornaments for the person, of every sort and kind; every article for the bride's rooms; carriages, palanquins, and all varieties of conveyances, even down to pots and pans for the kitchen.

Interpreter of the Court of Requests.

About 80 candidates for the interpretership of the Court of Requests (vacated by the demise of Mr. J. de Santos) went through an impartial and diligent examination by the Commissioners of the above Court as to their qualification to hold the situation, and we are now informed that Mr. John Rozario, who was the book-keeper in the office of Messrs. Bates, Elliott and Co. is the lucky young man who has been appointed to the post.—*Scott's Compendium, March 22.*

The Palee Plague.

The latest accounts we have of the Palee Plague is the following from the Agra Ukhbar received yesterday:—

হওয়া গেল যে এই মারক অতিমন্দং রূপ আক্রমণ করিয়াও নিতান্ত দেশ ব্যাপক হইয়াছে। আমারদের দেশের উভয়পার্শ্ব পশ্চিম ও পূর্ব্বাঞ্চলে ঐ মারক অতিব্যাপক হইতেছে। এবং এইক্ষণে আমারদের নিকট ৪।৫ ক্রোশপর্য্যন্তও আক্রমণ করিতেছে বোধ হয় ঐ রোগ উভয় দিগহইতেই আসিতেছে। সংপ্রতি আজমীরের অন্তঃপাতি ঝালিয়র গ্রামে প্রাদুর্ভূত হইয়া ১০ দিবসের মধ্যে ১০০ লোককে সংহার করিয়াছে। ইহার পূর্ব্বে যে চিকিৎসক সাহেবেরা এই রোগ স্পর্শাক্রামক ও সংহারক নহে কহিয়াছিলেন তাঁহারা এইক্ষণে সংহারক বোধে ভীত হইতেছেন। নছিরাবাদের সাহেব লোকেরাও অত্যন্ত শঙ্কিত হইয়া লোকের গতিরোধার্থ চতুর্দ্দিগে সৈন্য শ্রেণিবদ্ধ করিয়াছেন কিন্তু এইপর্য্যন্ত প্রতীকারের কোন উদ্যোগ হয় নাই এইক্ষণে ঐ রোগ প্রায় আমারদের দ্বারপর্য্যন্ত আইল অতএব উপযুক্ত উদ্যোগ হইতে পারিবে।

বিজয়গাপাটামে হত্যা।

শুনিয়া অত্যন্ত খেদিত হওয়া গেল যে উক্ত স্থানের কালেকটরীর প্রধান শিরিস্তাদার ঐ স্থানহইতে ৭ বা ৭॥ ক্রোশ অন্তরে এক গ্রামে অতিনিষ্ঠুরতাপূর্ব্বক হত হন। কালেকটর সাহেবের সমভিব্যাহারে সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তর গমনকালীন ঐ অভাগার ভাগ্যে রাত্রি ৯ ঘণ্টা সময়ে এই ব্যাপার ঘটে।

শ্রীযুত লেপ্তেনন্ত বার্ণস সাহেব।

শ্রীযুত লেপ্তেনন্ত বার্ণস সাহেব ও তৎসঙ্গি লোকেরা দুই জাহাজে সিন্ধুনদীর তীরস্থ হয়দরাবাদে পঁহুছনেতে তত্রস্থ লোকের মানসিক অত্যন্ত বৈকল্য হইয়াছে। কেহং কহেন ইহাঁরা কাবল দেশের তাবৎ বিষয় স্থিরকরণার্থ আসিয়াছেন কেহ কহেন ইরাণে গমন করিতেছেন।

নূতন বাষ্পীয় জাহাজ।

অতিপ্রামাণিক ব্যক্তিদ্বারা প্রমাণ হইয়াছে যে এইক্ষণে আমরা যে নূতন বাষ্পীয় জাহাজাগমনপ্রতীক্ষায় আছি ঐ জাহাজের দ্বারা সুয়েজনগরে ডাকের পুলিন্দা প্রেরণবিষয়ে গবর্ণমেণ্ট অসম্মত নহেন কিন্তু তাঁহারদের ইচ্ছা যে সাধারণ লোকেরা কয়লার খরচ দিয়া ঐ জাহাজের দ্বারা আরোহি ও পত্রাদি প্রেরণে যে লাভ হয় তাহা পান। আরো কথিত আছে যে ইঙ্গলণ্ডদেশহইতে বহুকালাবধি ঐ বাষ্পীয় জাহাজের আগমনপ্রতীক্ষা হইতেছে কিন্তু না পঁহুছনের কারণ এই যে ঐ জাহাজনির্ম্মাতারা কহিয়াছেন যে শীতকালে জাহাজ প্রেরণ করা উচিত নহে। অতএব ঐ জাহাজ আগমনের গ্রীষ্মকাল আগমনপর্য্যন্ত বিলম্ব হইতে পারে।

চীন দেশ।

পূর্ব্বে যে কোন জাহাজ অতিশীঘ্রগামী ছিল তদপেক্ষা অধিক শীঘ্র আণ্টোনিয় পেরেরানামক জাহাজ চীন দেশহইতে আসিয়াছে। ঐ জাহাজ গত সপ্তাহের শেষে কলিকাতায় পঁহুছে। কলিকাতহইতে চীনে গমনে ও প্রত্যাগমনে কেবল ৭০ দিবস লাগিয়াছে। তদ্দ্বারা তত্রত্য ২০ ফেব্রুআরি তারিখপর্য্যন্তের সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে ঐ সম্বাদ তাদৃশ শুভাবহ নহে। আফীমের বাণিজ্যবিষয়ক যে আন্দোলন হইয়াছিল তাহা অদ্যাপি নিবৃত্ত হয় নাই ঐ বাণিজ্যের শৈথিল্যই আছে। কথিত ছিল যে চীনীয় গবর্ণমেণ্ট এক বৎসরের নিমিত্ত মাসুল দিয়া আফীম আমদানী করিতে অনুমতি

Extract of a letter from a Correspondent.

"The plague is progressing silently, slowly, surely. We have it in perfection on both sides of us, on the west and on the east, and are not unlikely to "catch it right and left," for it is within nine or ten miles of us. It appeared lately at a village called Jhaliah in the Ilaka of Ajmere, where it carried off about a hundred people in ten days. The quondam sceptics among our medicals as to its pestilent and contagious nature, now bow in faith and fear. The Nusseerabad folks have at last taken the alarm, and there is talk of *cordons* and what not. None but half measures have as yet been adopted; now, I suppose, that the danger is at our doors, more energetic ones will be called into action."—*Agra Ukhbar.*

Murder at Vizagapatam.

We regret to hear that the head Sheristadar of the Vizagapatam Collectorate was barbarously murdered at a village 14 or 15 miles from that place. The deed was perpetrated at 9 o'clock at night, when the unfortunate man was travelling on public duty with the Collector.

Lieut. Burnes.

The arrival of Lieut. Burnes and his party in two vessels at Hyderabad, has excited great curiosity on the part of the natives, some of whom maintain that they are come to settle the affairs of Cabul, and others that they are proceeding to Iran.

The New Steamers.

It is said, we believe on good authority, that Government are not disinclined to despatch the new Steamers, expected from England, with packets to Suez, provided the public will find the coals, taking in exchange the profits on the passage money and letters.

It is now reported as the reason for the detention of the long expected Steamers, that the builders or Engineers had remonstrated against their despatch in the middle of winter, in consequence of which they were likely to be detained in England until the spring.

China.

The *Antonio Pereira* has made the quickest voyage to and from China ever known. She returned to Calcutta at the close of the last week, having been absent not more than seventy days. The intelligence which she brings extends to the 20th February. It is by no means satisfactory. The opium question was not settled, and business was exceedingly languid. It was said that the Emperor would shortly allow opium to be imported legally upon the payment of duty, for one year; and the latest letters affirm, that such an edict

দিবেন। এবং শেষ তারিখের পত্রে লেখে এমত হুকুম চীনীয় গবর্ণমেণ্টের নিকটহইতে পঁহুছিয়াছে কিন্তু ইহাতেও কোন বিশেষ প্রমাণ দৃষ্ট হয় নাই। তুলার ক্রয় বিক্রয়ে কিছুই হয় নাই ফেব্রুআরি মাসের মধ্যসময়ে ঐ স্থানে অত্যধিক তুলা জমা ছিল ৭৫ হাজার গাঁইটের ন্যূন নহে।

সুমাত্রাতে হলণ্ডীয়েরদের অতিদুর্ঘটনা।

কিয়ৎকাল হইল আমরা প্রকাশ করিয়াছিলাম। যে সুমাত্রা উপদ্বীপে হলণ্ডীয়েরা বুঞ্জালি জাতীয়েরদিগকে একেবারে নিরস্ত করিয়া তাহারদিগকে বুঞ্জাল নগর ছাড়াইয়া পর্ব্বতে পলায়িত করিয়াছেন এইক্ষণে অবগত হওয়া গেল যে শ্রীযুত জেনরল ক্লারন সাহেবের অধীনে হলণ্ডীয় সৈন্যেরা বুঞ্জালনগরের পর্ব্বতীয় দুর্গ আক্রমণার্থ উদ্যত হইয়াছিল কিন্তু তত্রস্থ পাদ্রি জাতীয়েরা তাহারদিগকে দূরীকরণোদ্যোগে কৃতকার্য্য হইয়াছেন। ঐ স্থানের নিকটবর্ত্তি যে সকল ইউরোপীয় সৈন্য ও সাহেব লোকেরা ছিলেন তাঁহারাও ঐ নগরের প্রতি আক্রমণ করিলেন কিন্তু যদ্যপিও তোপের দ্বারা নগরীয় ভিত্তি ভেদ হইয়াছিল তথাপি দুর্গস্থ সৈন্যেরা তাঁহারদিগকে যথাসাধ্য নিবারণ করিল। তাহারা হলণ্ডীয় সৈন্যরদের ভিত্তি ভেদিত পথ দিয়া কিল্লার মধ্যে প্রবেশকরণের প্রতিবন্ধক না হইয়া প্রবেশ করিবামাত্র অনবরত গোলাবর্ষণেতে তাহারদিগকে তাড়াইয়া দিল ঐ স্থানে সৈন্যেরা পুনর্ব্বার আক্রমণ করে এতদর্থ সেনাপতি সাহেবেরা অনেক উদ্যোগ করিলেন কিন্তু বিফল হইল। কথিত আছে যে সৈন্যেরা পরাঙ্মুখ না হয় এই নিমিত্ত সেনাপতি সাহেবেরা ঐ ভিত্তি ভেদিত পথে দণ্ডায়মান হইয়া স্বহস্তেই আপনারদের অনেক পলায়মান সৈন্য কাটিয়া ফেলিলেন। এবং ঐ সেনাপতি সাহেবেরা যেমন সৈন্যেরদিগকে সাহস দিতে লাগিলেন তেমনি ঐ বিপক্ষ পাদ্রি জাতীয়কর্ত্তৃক তাঁহারাও হত হইলেন হলণ্ডীয়েরদের রিপোর্টে লেখে যে ঐ আক্রমণেতে তাঁহারদের ১৫০ জন সিপাহী ও ১১ জন সেনাপতি হত হন পরে তাঁহারা শিবিরপর্য্যন্ত হঠিয়া আইসেন এবং শ্রীযুত জেনরল ক্লারন সাহেব গবর্ণমেণ্টের নিকটে এতাবৎ বার্ত্তা বিজ্ঞাপনার্থ এক জন সেনাপতিকে প্রেরণ করেন ইহাতে বোধ হয় যে তাঁহারা অতিসঙ্কটাবস্থায় পতিত হইয়াছেন।

[কস্যচিৎ পত্রপ্রেরকস্য পত্রং।]

হিন্দুকালেজ।

উক্ত বিদ্যামন্দিরের বার্ষিক পুস্তক বিতরণ মার্চ মাসের ২৯ তারিখে গবর্ণমেণ্ট হৌসে হইয়াছিল এবং বেলা ১১ ঘণ্টার সময়ে শ্রীশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর তৎপরিবার ও মোসাহেব এবং সর মালকিন সাহেব ও আনরবল মাকালে ও সেক্সপিয়ের সাহেব ও কলিকাতার লার্ড বিসোপ সাহেবপ্রভৃতি প্রধান দালানে আগমন মাত্র বিতরণীয় পুস্তক সকল পরীক্ষোত্তীর্ণ বালকদিগকে শ্রীশ্রীযুত মাকালে সাহেবকর্ত্তৃক প্রদত্ত হইল। তৎপরেই নাট্য বক্তৃতা আরম্ভ হইয়া সর্ব্বজন আহ্লাদবর্দ্ধনপুর্ব্বক সমাধা হইল তৎপ্রমাণ দর্শকদিগের করধ্বনিদ্বারা বোধ হইল।

এতদুপলক্ষে অনেকানেক হিন্দু মহাশয়েরা অর্থাৎ শ্রীযুক্ত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত বাবু রসময় দত্ত এবং অধিকাংশ বালকদিগের পিতা ও তত্ত্বাবধারকেরা উপস্থিত হন।

সাধারণ অবলোকন কারণ নানাবিধ চিত্রিত কাগজ যাহা কালেজের ছাত্রদ্বারা

had actually arrived; but of this there is no proof. In the sale of cotton nothing was doing; the stock was exceedingly heavy; nearly 75 000 bales being in store in the middle of February.

Sumatra.

We stated some time since, that the Dutch had nearly driven the Bonjalites to desperation, and had forced them to evacuate the town of Boonjal and fly to the mountains. We now learn, that a recent attempt of the Dutch forces under General Clarens, on the mountain fort of Boonjal, had been successfully repelled by the Padries. The whole of the European and native forces before the place, were led up to an assault, after a practicable breach had been effected in the walls, but the enemy within were bent on a resolute resistance. They permitted the Dutch troops to enter through the breach into the fort, when they opened a most destructive fire, and drove them back. The most undaunted exertions on the part of their officers were unavailing to induce the men to renew the attempt—of whom it is reported that a good many were in their flight cut down by their own officers, who themselves fell in numbers under the sabres and shots of the *Padries*, while standing in the breach and urging and exciting their men to the assault. By the Dutch report there are 150 rank and file, and 11 officers killed in this attack. They retreated on their own position, and General Clarens sent down an officer to explain their situation to Government, from which it may be concluded it was sufficiently perilous.

(From a Correspondent.)

Hindoo College.

The annual exhibition of the boys belonging to the above institution, held at the Government House on the 29th March, at 11 A. M. when the Governor General, family and suit, as well as Sir B. Malkin, the Honourable Messrs. Macaulay, Shakespear, the Bishop of Calcutta, &c. &c. appeared in the grand hall, the prizes of books assigned to the approved boys, were then distributed to them by His Lordship supported by Mr. Macaulay. Immediately after Recitations were followed, and ended with the entire satisfaction of the Visitors, signalized by the claps of their hands.

On this ceremony, a good many Hindoo gentry were present, among whom were Rajah Kaleekrishna Bahadoor, Baboos Prussunno Coomar Tagore, Russomoy Dutt, and others, chiefly the fathers and guardians of the pupils, and friends to Native improvement.

For the public inspection, a number of Drawings, prepared by the Collegians,

প্রস্তুত ও লিখিত হইয়াছিল তাহা শ্রীশ্রীযুতের সম্মুখস্থ টেবিলোপরি রক্ষিত ছিল তাহাতে বালকদিগের নিপুণতা অবশ্যই প্রকাশ পাইল।

ঐ দিবসের রাত্রে তথাকার বিদ্যার্থিদিগের আমোদ নিমিত্ত অগ্নিক্রীড়া সুন্দররূপে কালেজের সন্নিহিত গোল পুষ্করিণী নামক স্থানে সমাধা হয়।

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

আমরা আহ্লাদপূর্ব্বক জ্ঞাত করিতেছি শ্রীশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব নিজ ব্যয়ে চাণকে এক বিদ্যালয় স্থাপন করিয়াছেন কোম্পানি বাহাদুরের চাণকের বাগানের মধ্যে ঐ বিদ্যাগার নির্ম্মাণেতে ৩৫০০ টাকা ব্যয় হইয়াছে এবং শ্রীযুত বাবু রসিকলাল সেন যিনি মেদিনীপুরের বিদ্যালয়ের শিক্ষক ছিলেন তিনি এই বিদ্যালয়ের অধ্যাপক হইয়াছেন বর্ত্তমান মাসের ৬ তারিখে ৩০ জন বালক নিয়া বিদ্যালয়ের কার্য্যারম্ভ হয় পরে গত সোমবারে আরো বিংশতি বালক ভর্ত্তি হইয়াছেন এবং কথিত আছে চাণকের নিকট গ্রামবাসি বালকেরাই তথায় পাঠ করিবেন আরো আহ্লাদের বিষয় এই যে শ্রীযুতের বিদ্যালয়ে বালক গ্রহণে জাতিভেদ করা হইবেক না এবং কাগজ কলম পুস্তকাদি সমস্তই শ্রীযুত লার্ড সাহেব ছাত্রগণকে দিবেন আর যে সকল বালকেরা নীচের শ্রেণীর বালকদিগকে শিক্ষা দিতে যোগ্য হইবেন তাঁহারা প্রতিমাসে বেতন স্বরূপ কিঞ্চিৎ পাইবেন ইহাতে এই উপকার হইবে যে বেতনের আশাতে বালকেরা বিশেষতঃ গরীব লোকের সন্তানেরা উৎসাহপূর্ব্বক বিদ্যাভ্যাস করিবে শ্রীলশ্রীযুত লার্ড সাহেব আরো কহিয়াছেন এই বিদ্যালয়ের সর্ব্বোৎকৃষ্ট ছাত্রগণকে মেডিকেল কালেজে অথবা হিন্দুকালেজে শিক্ষার্থ বসিয়া দিবেন আমরা জানি এই বিদ্যালয় স্থাপনে অধিক লোকের উপকার হবে না তথাচ আহ্লাদপূর্ব্বক বলিতেছি ভারতবর্ষের প্রধান মহাশয় যে তৎকার্য্য করিলেন তাহার সুফল অবশ্য ফলিবে অতএব শ্রীশ্রীযুত লার্ড সাহেব যে এতদ্দেশীয় লোকেরদের শিক্ষার প্রধান মিত্র হইবেন তাহাতে সন্দেহ নাই। নূতন বিষয় স্থাপন ভারি২ চাঁদাতে স্বাক্ষর করণ কালেজাদি বিবিধ বিষয় দর্শন এসকল কার্য্য লোকেরা লোকেরদিগকে দেখাইবার ইচ্ছাতেও করিতে পারেন কিন্তু দেশের প্রধান হইয়া যিনি গোপনে অর্থ ব্যয় করিতেছেন তাঁহাকে অবশ্য সারগ্রাহী বলিতে হইবেক।—জ্ঞানান্বেষণ।

were laid on the table before His Lordship, which were certainly creditable to them.

There was a grand display of *fireworks* on the night of that day, took place on the adjacent ground called *Gole Talao*, for recreation to the Elevés attached thereto.

Spirit of the Native Papers.

We have a very gratifying duty to perform in bringing to notice the establishment of a private English school at Barrackpore, the expenses of which are to be defrayed entirely from the pockets of Lord Auckland. A suitable building which has cost his Lordship about 3500 rupees has been erected for this purpose in the Barrackpore Park. Baboo Russicklall Sen, who was for some time a teacher in an English school at Midnapore, has been entrusted with the management of this seminary. It was opened with 30 boys on the 6th of this month and 20 more were admitted on Monday last. We understand that boys residing in the villages situated near Barrackpore are only admissable. We are glad that no distinction of caste is to be observed at his Lordship's school. Boys of any creed or profession may therefore apply for admittance. The pupils are furnished *gratis* with such books and stationary as may be necessary for their instruction. In time when the best boys will be sufficiently advanced to instruct the junior ones, they will receive a renumeration for their labours, which is a powerful motive to improvement especially with the poorer classes of people, from whom the boys will in all probability be selected. His Lordship, we are told, has made another proposal which affords to minds of a higher mettle, a far greater inducement than the one we have just mentioned. The most promising youths after they go through a course of elementary instruction at Barrackpore, will be removed by Lord Auckland to the Medical or the Hindoo College of Calcutta where they will have the opportunity of receiving a better education.

With regard to the benefits that will arise from the establishment of Lord Auckland's school, we are aware they cannot be extensive from the very nature of the institution. Yet it is with infinite pleasure that we bring the above circumstances to the notice of the public, because it is a matter of congratulation to find the head of the local Government setting an example which cannot fail to produce its due influence—and because it leaves no doubt on our mind that in Lord Auckland we have a true and a devoted friend to the cause of native education. To become patrons of institutions, to head subscriptions for grand projects, or to pay visits to colleges, *may* we say be done for show: but when we see an illustrious individual *quietly* expending a part of his income for a useful purpose we cannot be mistaken as to the character of the man. His professions must be sincere.—*Gyan.*

সংপ্রতি যে সকল নিষ্কর ভূমির বন্দোবস্ত হইতেছে তাহার কতক জমীর বিষয়ে কিছু আশ্চর্য্য আছে তাহা সর্ব্বসাধারণের গোচর হয় নাই অতএব সমাচার পত্রেতে ঐ আশ্চর্য্য বিষয় প্রকাশ করা উচিত।

বর্দ্ধমানের রাজা অনেক নিষ্কর ভূমি দখল করেন এবং তাহা বহুমূল্যও বটে ঐ সকল ভূমির কতক বর্দ্ধমান রাজধানীর মধ্যে কতক তাহার চতুর্দ্দিগে আছে বর্দ্ধমানের পূর্ব্ব রাজারা সময়েং মধ্যেং রাস্তা সাঁকো ইত্যাদি দ্বারা ঐ সকল জমীকে সাধারণের কর্ম্মণ্য করিতেন কিন্তু নিষ্কর ভূমির দলিলাদি কিছুই রাখেন নাই অতএব প্রমাণরহিত অন্যান্য নিষ্কর ভূমির যেরূপ খাজানার বন্দোবস্ত হইতেছে বর্দ্ধমানের মহারাজের নিষ্কর ভূমিতেও সেইরূপ করা উচিত পরন্তু সাধারণ মাঙ্গলিক বিষয়ে শ্রীযুত যুবরাজের যে উৎসাহ আছে তাহা বর্দ্ধমানের শ্রীযুত কমিস্যনর সাহেব ঐ সকল জমী ছাড়িয়া দিবার নিমিত্ত সদর বোর্ডে রিপোর্ট করিয়াছেন এবং বোর্ডের অধিক ব্যক্তি ও শ্রীযুত কমিস্যনর সাহেবের মতস্থ হইয়াছেন তাহাতে গবর্ণমেণ্ট ঐ মতে হেলিয়া বর্দ্ধমানের শ্রীযুত যুবরাজকে জিজ্ঞাসা করিয়াছেন যদি ঐ সকল জমী নিষ্কররূপেই তাঁহাকে দেওয়া যায় তবে তিনি বাড়ীর সীমানা ছাড়া জমী অধীন রাখিয়া সর্ব্বসাধারণকে ব্যবহার করিতে দিবেন কি না এবং আরো জিজ্ঞাসা করিয়াছেন শ্রীযুত রাজা ঐ সকল জমীর কিছু উপস্বত্ব পান কি না আর যদি পাইয়া থাকেন তবে তাহার সংখ্যা কত কিন্তু শ্রীযুত যুবরাজ এপর্য্যন্ত তাহার কোন উত্তর করেন নাই।

অদ্য দশ ঘণ্টা সময়ে কলিকাতাস্থ রাজবাটীতে শ্রীশ্রীযুত গবরনর বাহাদুরের অনুমত্যনুসারে হিন্দুকালেজের ছাত্রেরদের বার্ষিক পরীক্ষা ও পারিতোষিক বিতরণ হইবে এই পরীক্ষা দর্শন এতদ্দেশীয় লোকেরদের বিদ্যা শিক্ষার মিত্রেরদের সুখজনক বটে অতএব তাঁহারা যে তৎকালীন উপস্থিত হইবেন তদর্থে অনুরোধ করিতে হয় না আমরা প্রতিবৎসর দেখিয়াছি বালকেরা যে ভঙ্গিপূর্ব্বক নাটকের কোনং অংশ পাঠ করিয়া থাকেন তাহা দেখিয়া শুনিয়া সাহেব লোক ও বিবি সাহেবেরা আহ্লাদিত হন এবং আমরা শুনিতেছি এবৎসর বালকেরা কালেজের মধ্যে শিক্ষকদিগের সাক্ষাতে ঐ বিষয় যেরূপ অভ্যাস করিয়াছেন তাহাতে বোধ করি পরীক্ষাকালীন তাহা দেখিয়া উপস্থিত ব্যক্তিরা অত্যন্ত আহ্লাদ জ্ঞান করিবেন অতএব যেং নাটক হইতে যাঁহারা এবৎসর যেং অংশ পাঠ করিবেন আমরা ঐ সকল নাটক এবং পঠিতব্য অংশের নাম সহ তাঁহারদিগের নাম অগ্রেই প্রকাশ করিলাম। —ঐ।

প্রথমত রাজাও জাতাঁকরের বক্তৃতা।

গোবিন্দচন্দ্র দত্ত রাজা নরোত্তম দাস জাতাকর দ্বিতীয় সৈন্যের এক ব্যক্তির স্বপ্ন দর্শন।

সেই ব্যক্তির প্রতিরূপ শ্রীযুত শশিচরণ দত্ত তৃতীয় টবিটাস্পোটের বক্তৃতা

শ্রীযুতবাবু গোপাল মুখয্যা টবিটাস্পোট হইবেন চতুর্থ গ্রন্থকার সিক্স পিয়র সাহেব যে মনুষ্যের সাত অবস্থাবর্ণন করিয়াছেন শ্রীযুত বাবু অবতারচন্দ্র গঙ্গোপাধ্যায় তাহা কহিবেন।

পঞ্চম অবিবাহিত লোকের বাসা।

শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র ঘোষ তাহা করিবেন।

ষষ্ঠ বেণীশদেশীয় সদাগরের যাত্রা।

ডিউক। রাজেন্দ্রনাথ সেন।
সায়লাক। উমাচরণ মিত্র।
এণ্টোনীয়। গোবিন্দচন্দ্র দত্ত।
পর্সীয়া। অভয়াচরণ বসু।
গ্রেসীএন। রাজনারায়ণ দত্ত।
বেশেনীয়। রাজেন্দ্র বসু।
নেরিসা। রাজেন্দ্র মিত্র।
সেলেরিণ। গোপাল মুখুয্যে।

সপ্তম নেলিগ্রে।

গোবিন্দচন্দ্র দত্ত তাহার বক্তৃতা করিবেন।

অষ্টম তামাসাকরণেচ্ছু।

পেটেণ্ট। কালীকৃষ্ণ ঘোষ।
ডাউলাস। গিরীশ ঘোষ।

নবম ইতিহাস।

ভুবনমোহন ঠাকুর তাহা কহিবেন।

আমরা বোধ করি কালেজের পরীক্ষার প্রসঙ্গ লিখনকালীন অদ্য রাত্রিতে যে কালেজের পুরোবর্ত্তি পুষ্করিণীর চতুর্দ্দিগে বাজী দাহসময়ে আলোকেতে দক্ষিণ দিগ প্রকাশ করিবে এ বিষয় লেখা অসঙ্গত হয় না পাঠকবর্গ জানিতে পারেন কালেজের বর্ত্তমান ছাত্র এবং পূর্ব্বকার ছাত্র ও শিক্ষক অধ্যক্ষ এবং কালেজ সম্পর্কীয় ব্যক্তিরা চাঁদার দ্বারা এই বাজীদাহের ব্যয় নির্ব্বাহ করেন এবং শুনিতেছি এবৎসর চাঁদাতে পূর্ব্ববৎসরাপেক্ষা প্রায় দ্বিগুণ সাত শত টাকা সংগ্রহ করিয়াছেন অতএব বোধ করি অদ্য রাত্রিতে বাজীর তামাসা ভারি হইবে কিন্তু যাহাতে নিকটস্থ গৃহাদিতে অগ্নি সংযোগ না হয় এতদর্থে পোলীসের লোকেরদের উচিত হয় তৎকালীন সাবধান থাকিবেন।—জ্ঞানান্বেষণ।

The public are not perhaps aware that amongst the innumerable losses relative to Lakhraj lands which are now under trial, some are of a peculiar nature and deserve a prominent mention in a journal.

The Raja of Burdwan possesses Lakhraj lands of great extent and value, and on some of these, situated in and about the town; improvements partaking of a public nature have been made from time to time by the ancient Rajas. The conditions necessary to the validity of a rent-free tenure were not fulfilled in these cases and the lands ought accordingly to be brought under assessment, as in other cases. But the Commissioner of the Division, acting under the liberal provision of the resumption regulations, made for such cases, reported to the Sudder Board for the remission of revenue on the lands in question, on the ground of the propriety of giving encouragement to the laudable public spirit manifested by the Raja. A majority of the Board concurred in the recommendation of the Commissioner, and the Government obviously leaning to the opinion of the majority, have called upon the Raja to say, whether, in the event of the revenue on those lands being relinquished, he would consent to allow the public freely to make use of the lands consistent of course with the privacy of his house. The Raja has been at the same time desired to state whether he receives any and what amount of pecuniary advantage from the lands. The Raja has not yet, we understand, sent in his reply.—*Ibid.*

The annual exhibition of the Hindoo College and distribution of prizes will take place this morning at 10 o'clock at the Government House by permission of the Right Honourable the Governor General. We need scarcely express our hope that the friends of native education will be present on the occasion as such a scene cannot fail to interest them. We have observed year after year that the European ladies and gentlemen are usually much amused by the recitations which the little boys perform before them at these exhibitions. From what we hear of the rehearsals that have taken place at the College we may lead those to anticipate a considerable degree of amusement who intend being present at the Government House this morning. We annex a list of the several parts with the names of the respective performers.

The King and the Miller.

King........Gobindchunder Dutt.
Miller............Nurrutum Doss.
The solder's dream Shoshe Churn Dutt.
Toby Tasspot Gopaulchunder Mookerjee
Shakespear's seven ages Obotar Chunder Gangole.
Lodgings for single gentlemen...Pratap chunder Ghose.

Merchant of Venice Act IV. scene I.

Duke ....Rajendernath Sen.
Shylock ......Umachurn Mitter.
Antonio ....Gopaulchunder Dutt.
Portia ....Obhoychurn Bose.
Gratiano ....Rajnarain Dutt.
Bassanio ....Rajendernarain Bose.
Nerissa ....Rajendernarain Mitter.
Salarino. Gopaulchunder Mookerjee.
Nelly Gray..Gobindchunder Dutt.

Dramatic Aspirant.

Patent ....Kallykristo Ghose.
Dowlas......Greeschunder Ghose.
An anecdote Bhoobunmohun Tagore.

It may not be out of place to mention that a display of fireworks will take place this evening in the tank adjoining the College buildings, the whole of the southern front of which will be illuminated. Our readers are perhaps aware that the expenses of this pyrotechnic exhibition are defrayed by a subscription which is confined to the present and the ex-students and the teachers, managers and others connected with the institution. We understand that upwards of seven hundred rupees have been collected this time, which is nearly double of what was scraped together last year. We may therefore reasonably expect a good display to night. The Police ought on this occasion to be particularly careful in preventing any fire breaking out in the neighbourhood. We subjoin.—*Ibid.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

নীচে লিখিতব্য বিষয়ে আপনকার অনেক পাঠক মহাশয়েরদের শুশ্রূষা জন্মিতে পারে অতএব অনুগ্রহপূর্ব্বক তদ্বিবরণ দর্পণে কিঞ্চিৎ স্থানার্পণ করিয়া বাধিত করিবেন। এই অঞ্চলে বহুকালাবধি এতদ্দেশীয় এক চিকিৎসালয় স্থাপনের আবশ্যক ছিল এইক্ষণে তাহা সিদ্ধ হইয়াছে। হুগলি শহরের মধ্যস্থলেই অর্থাৎ পোলীস থানার চৌকির নিকটে নিরূপিত ঐ চিকিৎসালয়ে সর্ব্বজাতীয় রোগিব্যক্তিরা বিনা ব্যয়েতে আরোগ্য প্রাপ্ত হইতেছেন। উক্ত স্থানে উত্তম বৃহৎ এক বাটী কেরায়া হইয়া তাহাতে হিন্দু মোসলমান রোগিরদিগকে স্বতন্ত্রং কুঠরী দেওয়া গিয়াছে ঐ চিকিৎসালয়ের কর্ম্মকারক ও তদ্বিষয় ব্যয়ের ফর্দ প্রকাশ করিতেছি তাহাতে অনায়াসে বোধ হইবে যে রোগিরদের জাতীয় মানবিচের বিষয়েও কোন হানি সম্ভাবনা নাই। গত ফেব্রুআরি মাসে তথায় কত রোগির চিকিৎসা হয় তাহার সংখ্যা নীচে লিখিতেছি তৎদৃষ্টে পরমসন্তোষ জন্মে। মৃত ব্যক্তিরদের সংখ্যা দৃষ্টি করিলে অনুভব হয় রোগিরা অন্যত্র চিকিৎসাবিষয়ে ভগ্নাশ না হইয়া প্রায় এ স্থলে আইসে নাই।

এই চিকিৎসালয়ের খরচ অতিপ্রসিদ্ধ ইমামবাটীর যে জমিদারী ৺ প্রাপ্ত হাজি মহম্মদহসেন দান করিয়া যান তাহার উপস্বত্বহইতে চলিতেছে। এবং শ্রীযুত ডাক্তর ওয়াইস সাহেবের উদ্যোগেতে এই অতিপ্রশংস্য ব্যাপার নির্ব্বাহ্য হইয়াছে। উক্ত শ্রীযুক্ত সাহেব উদ্যোগ ও প্রযোজকতাবিষয়ে নিতান্ত অশ্রান্ত উৎসাহী। এই চিকিৎসালয় স্থাপন এবং হুগলির বিদ্যালয় স্থাপন ও হর্টিকল্‌চুরাল সোসৈটি স্থাপনে শ্রীযুত সাহেব যেরূপ মহোদ্যোগ করিয়াছেন তৎপ্রযুক্ত তিনি অতিপ্রশংসা ও ধন্যবাদযোগ্য হন।

কেবাঞ্চিৎ হুগলিনিবাসিনাং।

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—The following cannot fail to interest many of your readers, will you therefore oblige us by inserting it in your widely circulated Journal.

The desideratum of a Native Hospital was long felt in this neighbourhood, but it is at last supplied with an establishment of that nature, within the heart of the town of Hooghly, i. e. in the Chouk near the Police Thana, where patients of all classes are admitted free of expence. They are lodged in a comfortable, airy house, hired for the purpose, and separate apartments being assigned to Moosulmans and Hindoos respectively. The undermentioned list of servants will shew that due attention has been paid to the prejudices of their caste. I have furnished below an abstract of the relief afforded during the month of February last. The result is indeed gratifying. In calculating the number of deaths, it must be borne in mind that patients do not come to a public hospital, until they are given up in every other quarter.

The expences of the institution are defrayed from the proceeds of the celebrated Emambarah estate, bequeathed by the late Hajee Muhummud Muhseen. We owe this excellent institution to the exertions of Dr. Wise, who is indefatigable in his zeal to benefit his fellow creatures. For this and the share he took, and still takes in the welfare of the Hooghly College, and the Horticultural Society, we offer our heartfelt thanks to the worthy Doctor.

Yours, &c.

Certain Inhabitants of Hooghly.

এতদ্দেশীয় চিকিৎসালয়ে নিযুক্ত কর্ম্মকারকবর্গ।

১ মোসলমান হকিম মাসিক ………		৭৫
১ হিন্দু কবিরাজ ……•	ঐ ………	৩০
১ তদধীন কবিরাজ … …	ঐ ………	৮
২ ঔষধ প্রস্তুতকারক ……	ঐ ………	১২
১ মুহুরীর .. …… ••••••	ঐ ………	৫
১ পাচক ব্রাহ্মণ … ………	ঐ ………	৫
২ পাচক মোসলমান ……	ঐ ………	৭
১ ভিস্তিওয়ালা … ………	ঐ ………	৪
১ মেহতর … ………………	ঐ ………	৪
৩ দরওয়ান ও হরকরা …	ঐ ………	১৪
		১৬৪

হুগলির এতদ্দেশীয় চিকিৎসালয়ে ১৮৩৭ সালের ফেব্রুআরি মাসে যত রোগী আরোগ্য হয় তৎসংখ্যা।

অর্থাৎ চিকিৎসালয়ে গৃহীত পূর্ব্ব মাসের রোগী … … … ………………	১৪
ফেব্রুআরি মাসে নূতন আইসে … …	১৪
	১৮
তন্মধ্যে বিলক্ষণ আরোগ্য প্রাপ্ত হইয়া বিদায় হয় … .. ………………	১০
উপশম প্রাপ্ত … ……………… ….	৪
চিকিৎসালয়ে বর্ত্তমান……… …….	৯
লোকান্তর গত ………………………	৫
চিকিৎসালয়ের বাহিরের রোগী	
পূর্ব্ব মাসের অবশিষ্ট ………………	৫১
ফেব্রুআরি মাসের ……… ………	২৪৫
	২৯৬
তন্মধ্যে স্বাস্থ্য পাইয়া বিদায় হয়… …	২৩৩
বর্ত্তমান… ……….. …………………	৬৩

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আমারদের পত্রের উত্তরস্বরূপ ঈশ্বরচন্দ্র সিমলাই ইতিস্বাক্ষরিত এক পত্র আপনকার দর্পণে প্রকাশ হইয়াছে। আমরা কুলীনের বহুবিবাহকরণরূপ অত্যাচারবিষয়ক যে বিবরণ লিখিয়াছিলাম তন্মধ্যে কেবল কুলীনের বিবাহ ভাগ ধরিয়া তাহার উত্তরাভাস লিখিয়াছেন অতএব এতদ্বিষয়ে সাধারণ ব্যক্তিরদের যে মনোযোগ হইয়াছে ইহা দেখিয়াই আমরা পরম সন্তুষ্ট হইলাম। ভরসা হয় যখন এইবিষয় ব্যবস্থাপক কমিস্যনের সম্মুখে উপস্থাপিত হইবে তখন আমারদের উদ্যোগের সাফল্যবিষয় দৃষ্ট হইতে পারে। এইক্ষণে আমরা ঐ লেখকের কিঞ্চিৎ প্রত্যুত্তর প্রদান করিতেছি ভরসা করি আপনি তাহা দর্পণে স্থান দানে কৃপণতা করিবেন না।

আপনার পত্রপ্রেরক সদ্বংশ্য হইতে পারেন অতএব তদীয় পত্রের যথাসাধ্য প্রত্যুত্তর দিতে প্রবর্ত্ত হইলাম। আমরা কুলীনের বহুবিবাহকরণ বিষয়ে মৌনাবলম্বন করিয়াছি দেখিয়া তিনি রাগ প্রকাশ করিয়াছেন অথবা আমরা আপনকার পত্র প্রেরককে সম্ভ্রান্ত ব্যক্তি শ্রেণীর মধ্যে গণিত করিয়াছিলাম ইহাই ভ্রান্তি হইয়াছে যেহেতুক তিনি আমারদিগকে অনেক কটু কহিয়াছেন। আমরা ঐ পত্রপ্রেরকের নিজ কথা ধরিতেছি তিনি ইহা লেখেন যে সম্পাদক মহাশয় খেদের বিষয় যে এই সকল লেখকেরা কথা বিন্যাসের বিষয়ে মনোযোগী হইয়াও কুলীনের বিষয় বা কৌলীন্য পদার্থের অর্থ কি তাহা অবগত নহেন। আপনকার পত্রপ্রেরক যাহা লেখেন তাহা আমরাও স্বীকার করি কুলীন পদার্থ উত্তম ও সম্ভ্রান্ত কিন্তু তিনি যখন লেখেন যে তাবৎ নিকোষ কুলীনই সেই সম্ভ্রান্ত শ্রেণীর মধ্যে আছেন ইহার অর্থ আমরা কিছু বুঝিতে পারিলাম না। এইক্ষণে আমরা পত্রপ্রেরককে জিজ্ঞাসা করি যে তিনি নিকোষ কুলীনের কি অর্থ করেন। সম্পাদক মহাশয় যদ্যপি নিকোষ কুল থাকে তবে অবশ্যই ভগ্ন কুলও থাকিবে অতএব নিকোষ শব্দে অভগ্ন তদ্ভিন্ন ভগ্ন এই দুই শব্দ লইয়া বিবাদ হইতেছে। লেখকের উক্তিক্রমে আমরা স্বীকার করি যে তাবৎ নিকোষ কুল অতিসম্ভ্রান্ত ও উৎকৃষ্ট কিন্তু ইতিমধ্যে আমরা জিজ্ঞাসা করি যাঁহারা বহুবিবাহ করেন তাঁহারা কি ঐ কুলীন বংশ্য নহেন কি তাঁহারা কুলীন সন্তান নহেন অবশ্যই তাঁহারা ঐ কুলীন সন্তান এবং তদ্বংশ্যের মধ্যে গণ্য হইতে পারেন এইপ্রযুক্ত তাঁহারদিগকে আমরা কুলীন বলিয়া গণ্য করিতে পারি। সম্পাদক মহাশয় হিন্দুর বংশ্য কি হিন্দু নহেন এবং ইঙ্গলণ্ডীয়েরদের বংশ্য কি ইঙ্গলণ্ডীয় নহেন অবশ্যই তদ্বংশ্য বলিয়া জ্ঞান করিতে হইবে কিন্তু আপনকার লেখক যদি তাঁহারদিগকে আর কোন উপাধিবিশিষ্ট করিতে পারেন তবে বিবাদ নাই। ক্ষুদ্র লোকের সঙ্গে কলহ করিলে কেবল ধূলিলিপ্তই হইতে হয়।

সম্পাদক মহাশয় স্মরণ হয় যে একটা অতিঘৃণ্য বিষয় তিনি আমারদের প্রতি আরোপ করিয়াছেন অর্থাৎ আমরা টাকা লইয়া কন্যা প্রভৃতির বিবাহ দেই কিন্তু আমারদেরই মুখ্যাভিপ্রায় যে ঐ অনিষ্ট ব্যাপার রহিত হয়। আমরা শুনিয়াছি যে নবদ্বীপের স্বর্গীয় রাজা কৃষ্ণচন্দ্র রায় মহাশয় নিজ রাজ্যের মধ্যে কন্যাদির ক্রয় বিক্রয় অতিঘৃণ্য ব্যাপার নিবারণ করিয়াছিলেন। আমরা অতি খেদপূর্ব্বক লিখিতেছি যে কুলীনেরা কন্যা প্রভৃতিকে শারীরিক দোষী অথবা বয়োধিক ব্যক্তির সঙ্গে বিবাহ দেন তাহাতে ঐ স্ত্রীসকল অতিশীঘ্র বিধবা বা যাবজ্জীবন দুঃখিনী থাকে ইহাতে এই নির্দ্দয় ও ঘৃণ্য কার্য্যে যে ঐ স্ত্রীরা নিতান্ত দুঃখভাগিনী হয় এমত নহে কিন্তু মনুপ্রভৃতি তাবৎ প্রাচীন ধর্ম্মগ্রন্থের বিধি উল্লঙ্ঘন করাও হয়। সম্পাদক মহাশয় পত্রপ্রেরক লেখেন যে আমরা স্বীয় পত্রের নিম্নে স্বীয় নাম ধাম জাতীয়বিবরণ লিখি তাহাতে যদি আমরা নিতান্ত সম্ভ্রান্ত এমত বুঝেন তবে কএক জন কুলাচার্য্য ও কুলীনেরদের সভাতে আমারদিগকে ডাকিয়া উপযুক্ত বিবেচনা করিবেন। কিন্তু কুলীনমাত্রের প্রতি দোষারোপ করিতে কিম্বা কাহারো সঙ্গে অনাবশ্যক বিবাদ করিতে আমারদের কদাচ অভিপ্রায় নহে। যে সম্ভ্রান্ত সাহেব লোকেরা ব্যবস্থাপক কমিস্যনী পদে নিযুক্ত আছেন তাঁহারদিগকে এই বিষয় আমরা জ্ঞাপন করিয়াছি ভরসা করি যে তাঁহারা এই বিষয়ে অবিলম্বেই সদ্বিবেচনা করিবেন।

সম্পাদক মহাশয় পত্রপ্রেরক স্বীয় পত্রের শেষে অনেক কটুকাটব্য কহিয়াছেন ইহাতে বোধ হয় যে তিনি সদ্বংশ্য না হইয়া আধুনিক হইবেন নতুবা তাদৃশ কটূক্তি প্রকাশ করিতেন না। অতএব তাহার উত্তর প্রদান করিলে কেবল আপনকার নির্ম্মল দর্পণ মলিন করা হয়।

বেহারিলাল দে ও তন্মিত্রগণ।

চুঁচুড়া ১০ মার্চ ১৮৩৭।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

জিলা হুগলির থানা বেণিপুরের শামিল বলাগড়ি গ্রামে ঈশানচন্দ্র মুখোপাধ্যায়ের এক বন্দ জমী অনুমান ৬/ ছয় বিঘা তাহাতে একটা ডোবা ও আম্র বৃক্ষাদি আছে ঐ গ্রামের অচুতানন্দ গোস্বামী ও রোহিণীনন্দন গোস্বামিদিগের বাটীর দক্ষিণাংশে ঐ জমীর মধ্যস্থান দিয়া একটা রাস্তা গোস্বামিরদিগের প্রজার দ্বারা করাণে এবং ডোবার মৎস্য ধরণেও বৃক্ষাদির ডাল কাটনে ঐ মুখোপাধ্যায় গালি দে

List of Servants attached to the Native Hospital.

A Moosulman Hakeem, Rs. 75 per month.	
A Hindoo Kubeeraj, …	30
Assistant ditto, · …. … …	8
2 Druggists,…………..	12
A Writer, ……… .. ……	5
A Bramhun Cook, … …	5
2 Moosulman Cooks, …. ·	7
1 Water Carrier, … … …	4
1 Mater, … .. · …. …	4
3 Durwans and Hurkarus,	14
	Rs. 164

Abstract number of Patients in the Hooghly Native Hospital for the month of February, 1837.

In-Patients.—	
Remaining from last month……….	14
Admitted during the month, … …	14
Total	28
Discharged—Cured, … ……… ….	10
Relieved, …… … … ……. ………	4
Under Treatment, …… … · · …	9
Died, ……… ……….. ………..	5
Out-Patients.—	
Remaining from last month, … …	51
Admitted during the month, … …	245
Total	296
Discharged—Cured, …… · …. …	233
Under Treatment, ……………….	63

To the Editor of the Durpun.

SIR,—Having observed in your paper a correspondence in the way of answer, under the signature of *Isserchunder Simlie*, slandering us for the words "koolin polygamy" contained in our letter on the absurdities of that abominable practice, we are very happy to perceive that the subject has awakened public attention; and we expect success will attend it when all its defects are laid before the Law Commission. We now proceed to reply to the writer, and hope, Mr. Editor, you will not deny a place to this letter in your paper.

We ought in the beginning to do justice to the *words* penned by a writer of no mean extraction. He has been irritated by finding us mistaken in using words "koolin polygamy," or else we must admit our carelessness in classifying your writer among that honourable class since he has used several absurd terms about us. We take the very words of the writer. He says, "Mr. Editor, it is a matter of regret that these writers (meaning us) while they are very attentive to their spelling are unacquainted with the dignity of the koolins and scarcely know what the word means." We admit that the fact is, as the writer says, that koolin means excellent and honourable; but we are at a loss to conjecture what he means when he says, "in which excellency all the unbroken koolins continue to this day." Now we request your writer to consider deliberately what he means by the word "unbroken koolins." Mr. Editor, if there be a set of unbroken koolins, then we can fairly take it for granted that there must be a set of broken koolins. Now the question stands upon these two words, Broken and Unbroken. We admit according to the words of the writer, that all the unbroken koolins are excellent and honourable, but in the mean time we beg to ask your writer, Mr. Editor, Are not these polygamists descended from koolins? Are they not the legitimate sons of those koolins? Certainly they are, and they have also a fair claim to the koolin genealogy. We may therefore call them koolins. Mr. Editor, would not the legitimate descendants of a Hindoo be called Hindoos? Would not the legitimate descendants of an Englishman be called Englishmen? Certainly they are to be called so, as they have a fair claim to this origin; but if your writer gives them any other appellation, then we will not quarrel with chimney sweepers lest we should dirty ourselves.

Mr. Editor, this recalls to our memory that there is another practice of an equally abominable nature, which he has wrongfully said is practised by us, that is to say, selling daughters or sisters for money. But we have no other object in view than to wish for its total abolition. According to the practice of our cotemporaries, a daughter or a sister is often a source of emolument to the koolins of less respectable caste. We are given to understand that Raja Kissenchunder, the great grandfather of the present Raja of Nuddea, prevented this cruel practice of the sale of daughters and sisters throughout his dominions. These persons, we regret to say, frequently marry their female relations to men with natural defects, or who are worn out with old age or disease, whereby they either bring widowhood upon them soon after marriage, or render their lives miserable. They not only degrade themselves by such cruel and unmanly conduct, but violate entirely the express authorities of Munoo and all other ancient lawgivers. Mr. Editor, your writer requests us to give our names, caste, and residence, at the foot of our letter to dispel his conjectures, that if we satisfactorily prove ourselves respectable, we may be brought before an assembly for the purpose of discussing the question with the genealogists of the koolins. Mr. Editor, we have no desire to impeach the general character of the great body of the koolins, or to engage in a groundless discussion with any party whatsoever. We have represented the question to the honourable gentlemen who compose the Law Commission, and we expect that they will give an early and favourable consideration to the subject.

Mr. Editor, in the conclusion of your writer's letter we see some vituperative terms. It would appear from his own writing, that he is not a man of decent origin, he must be the son of some common individual, otherwise such abusive language would not have emanated from him which, if we reply to, would corrupt your valuable Durpun.

Your most obdt. servants,

Beharrylall Day and Friends.

Chinsurah, 10th March, 1837.

To the Editor of the Durpun.

SIR,—Be pleased to have the following facts inserted in your valuable paper.

In Zillah Hooghly at Baneypore Thannah in the village of Bolahkoree, a bramhun named Issen Chunder Mookerjee, possess a piece of ground containing six bigahs, on which is a small tank and some mango trees. The ground is to the Southward of Oochootanundu Gosain and Rohinneynundun Gosain's house, the Go-

ওয়াতে গোস্বামিরা মুখোপাধ্যায়ের উপর রাগান্ধ হইয়া ঐ জমীল ওনের নিতান্ত ইচ্ছা ভয় ও-মৈত্রতায় কোনমতে প্রাপ্ত হইলেন না। ১ মাঘ প্রাতে ঐ মুখোপাধ্যায় ঐ জমীর পথ রুদ্ধ করিতে ২ জন চাকর লইয়া যাওয়াতে এক জন চাকরের দ্বারা পথ রুদ্ধ করিতেছিলেন ইতিমধ্যে গোস্বামিরা সম্বাদ পাইয়া যে সকল দুষ্ট প্রজা ও চাকর আছে ঐ সকল লোককে হুকুম দিয়া ঐ ঈশানচন্দ্র মুখোপাধ্যায়কে প্রায় খুন করিয়া ফেলিয়া স্বং স্থানে গমন করেন। কিছুকাল পরে ঐ ঈশানচন্দ্র মুখোপাধ্যায় কিঞ্চিৎ চৈতন্য পাইয়া বাটীর নিকটস্থ থানার দারোগার নিকট রক্তাক্ত ও অজ্ঞান হইয়া পতিত হইলেন প্রাণবিয়োগের অনেকই কারণ ছিল কিন্তু বড় সজোর এবং দারোগা ডাক্তর আনাইয়া উহাঁর মস্তকে আঘাতি তিন স্থানে আরক পটি দিয়া আপন পালকিতে উঠাইয়া সরে জমীতে যাইয়া গোবিন্দ ঘোষ ও গোরা দুলিয়া ও মধু দুলিয়াদিগর ১০ জনকে গ্রেপ্তার করিয়া গোবিন্দ ঘোষ যে কোপ মারে উহার বাটীতে একখান চাঁচদা ও রক্তমাখা একটা লাঠি গোরা ও মধু দুলিয়ার বাটীতে সাতগাছা রক্ত মাখাল ঠি খানাতল্লাসি করিয়া তাবৎ থানায় চালান করেন। অচ্যুতানন্দ ও রোহিণীনন্দন গোস্বামী আপন বাটীর ভিতর থাকেন। দুই দিবসপর্য্যন্ত ফরিয়াদীকে সেক তাপ দিয়া আসামী গোস্বামিদিগের সহিত সাজোসে দারোগা ও তারাচাঁদ মুখোপধ্যায় গোস্বামির চাকর ২ জনে ফরিয়াদীকে অনেক দম দিয়া একখান সাদা কাগজে দস্তখত করাইয়া লইয়া থানায় গমন করেন। পরে ফরিয়াদীর ভ্রাতা মধুসূদন মুখোপাধ্যায় স্থানান্তরহইতে সম্বাদ পাইয়া বাটী পঁহছিয়া আপন ভ্রাতাকে লইয়া হুগলি আসিবার পূর্ব্বে গোস্বামির প্রজা মধু দুলিয়া ঐ আসামী এক জন ও গোস্বামির চাকর তারাচাঁদ মুখোপাধ্যায় অগ্রে হুগলি গমন করিয়া ফেলসানি এস্তেগাস দিয়া ঐ ঈশানচন্দ্র মুখোপাধ্যায়ের নামে দরখাস্ত দাখিল করে। পরদিবস ঈশানচন্দ্র মুখোপাধ্যায় দরখাস্ত দাখিল করিলে শ্রীযুত ইনচার্জ মাজিস্ত্রেট মেং গ্রোট সাহেব হুকুম দিয়া দুই গোস্বামী ও কোপ মারে যে গোবিন্দ ঘোষ তাহাকে তলব করাতে আসামী গোস্বামির শিষ্য মাধবচন্দ্র দত্তের পুত্র দীননাথ দত্ত হুগলি যাইয়া আমলার সহিত সাজোসে গোস্বামিদিগের তলব মৌকুফ করিয়া মোক্তারনামা দাখিল করে কেবল গোবিন্দ ঘোষ হাজির হয় উভয় মোকদ্দমার সাইদানের জোবানবন্দীতে ফেলসানি মোকদ্দমা ডিসমিস হইয়া ফরিয়াদী মধু দুলিয়ার ৩ মাস ফটক ও ২৫ টাকা জরীমানা হয় এবং গোস্বামি আপনার যে চাকর ও প্রজার দ্বারা মিথ্যা সাবুদ দেন ঐ ৫ জনের একং মাস ফটক ও দশং টাকা জরীমানা হয় ফরিয়াদী ঈশানচন্দ্র মুখোপাধ্যায় সাইদানের দওরায় হাজির হইবার মুচলকা লইয়া রোকসোদ হয়। পরে দীননাথ দত্ত আসল মাজিস্ত্রেট সাহেবের নিকট ঘাটাল মোকামে যাইয়া এক পত্র আনিয়া ইনচার্জ মাজিস্ত্রেট সাহেবকে দেয় তাহাতে পুনরায় মিছিল হইয়া গোবিন্দ ঘোষের তিন মাস ফটক ও ৫০ টাকা জরিমানা না হয় আর তিন মাস ফটক ও খাটুনির পরিবর্ত্তে ২৫ টাকা জরিমানার হুকুম হয় ও গোস্বামির প্রতি এই বিষয় সাফ সাবুদ হইয়া এবং গোরা দুলিয়াকে ৫ রোজমধ্যে মোক্তারের উপর তলব হুকুম হয় ৫ রোজমধ্যে না হাজির করে ঐ সাজা মোক্তারের প্রতি প্রকাশ হইবেক। আসামীয়ান হাজির হয় না সপ্তম দিবসে মাজিস্ত্রেট শ্রীযুত সামুয়েল সাহেব পঁহছিলে গোস্বামির মোক্তিয়ার এক দরখাস্ত করে যে ইং ২৮ পৌষ লাং ২ মাঘ অচ্যুতানন্দ গোস্বামী উহাঁর শিষ্য মাধবচন্দ্র দত্তের বাটীতে থাকেন তাহাতে পোলীসে রুবকারির দ্বারা মাধবচন্দ্র দত্ত আপন গুরুর নিমিত্তে মিথ্যা সাবদের দ্বারা সাবুদ দেয়।

১ দফা। যদ্যপি অচ্যুতানন্দ গোস্বামী কলিকাতায় আপন শিষ্য মাধব দত্তের বাটীতে ছিলেন তবে উহার পুত্র দীননাথ কি নিমিত্তে ২ মাঘ তারিখে জেনরল পোষ্ট আফিসের দ্বারা ইনছুরার ডাকে বলাগড়ি অচ্যুতানন্দ গোস্বামিকে কেন পত্র লেখে।

২ দফা। ফরিয়াদী ঈশানচন্দ্র মুখোপাধ্যায়ের মাথায় তিন চোটের চিহ্ন।

৩ দফা। ডাক্তর সাহেব ফরিয়াদীকে আরাম করিয়াছেন।

৪ দফা। জালিয়ারা চক্ষে দেখিয়াছে ফরিয়াদীকে কোপ ও লাঠি মারিয়াছে।

৫ দফা। গ্রামের ভদ্রলোক অনেকে দারোগার নিকট শুনিয়াছে যে গোস্বামিরা ফরিয়াদীকে মারিতে হুকুম দিয়াছে এবং হুকুম দেখিয়াছে।

৬ দফা। ফরিয়াদীর স্থানে রাজিনামা লেখাইয়া লয়।

sains' servants made a foot-path through the above garden and always caught fishes and cut the branches of the trees, for which the said Mookerjee abused the Gosains' servants, which when the Gosains heard they were much displeased with the Mookerjee. The reason is, the Gosains were very desirous of possessing the above ground, and found that neither good words or threats could put it into their possession.

On the 1st of Magh the above Mookerjee went with two of his servants to shut the above foot-path, which the Gosains hearing, ordered their gang of desperadoes who instantly fell upon the Mookerjee, and after leaving him nearly dead, departed to their respective houses. This was all done by the Gosains' orders, and in their presence. The said Mookerjee some time after got up, and as he was a strong man, went to the Thannah (which was rather near,) all bathed in blood, and fell senseless there. The Darogah procured a Doctor and had his head dressed in three places where he had received the cuts, and putting him into a palankeen, carried him in that state of insensibility to the place of disturbance. The Darogah apprehended ten of the rioters, found an instrument something like a chopper and a short club, all bloody, at the house of Gobindo Ghose, who dealt the blows on the head, and seven clubs at the houses of Modhoo Doolay and Gora Doolay. These three, with seven others, in all ten persons, with the instrument and clubs, were all sent to the Thannah. The above Gosains were in their houses and could not be seen then. The said Mookerjee was kept there two days and had medical assistance, and after some private settlement with the Darogah and the Gosains, the Darogah, together with Tarachund Mookerjee, one of the servants of the Gosains, forcibly made the Mookerjee sign his name to a blank paper, and went away to the Thannah. Three days after, Modhoosoodun Mookerjee, who is a brother of the above Mookerjee, and was absent, heard the particulars and both went to lodge a complaint at Hooghly; but prior to their arrival, Tarachund Mookerjee, by the orders of his masters, the Gosains, took one of the defendants Modhoo Doolay and made him lodge a complaint of rape against the said Mookerjee, before Mr. Grote, who had charge of the Magistrate's duty; the said Issenchunder Mookerjee presented his petition the next day. The officiating Magistrate ordered the two Gosains and Gobindu Ghose to appear before him. The said Gosain has a disciple at Calcutta, a very rich man named Madhub Chunder Dutt, whose son, named Deenanath Dutt, proceeded to Hooghly and after having some settlement with the Amlahs, appointed two attorneys, and the order for the Gosains' appearance was dispensed with; only Gobindu Ghose appeared. The two causes were tried together, but the case for rape, which was false, was dismissed. Gobindu Ghose was ordered into confinement, and Modhoo Doolay, who falsely accused the above Mookerjee, was sentenced to pay a fine of 25 Rupees or 3 months confinement, and 5 persons who are the servants of the Gosain, and had given false evidences on the case of rape, were each fined 10 Rs. and one month's confinement, but the witnesses of the plaintiff, Mookerjee, were each ordered to enter into engagement of 50 Rs. to appear at the session and then dismissed. The said Deenanath Dutt went to Ghattal to Mr. Samuell, the Magistrate of Hooghly, and brought a letter from him to Mr. Grote, on which the cause was tried. Gobindu Ghose the dealer of the blows with the chopper, was sentenced to 75 Rs. and three months' confinement, and in default to be further confined for three months. The two Gosains and Gorah Doolay were ordered to be produced in five days, and in default, the attorneys to suffer their punishment; but they were not produced, and Mr. Samuell, arrived on the seventh day. When Deenanath Dutt went to him, and had a petition presented through the attorneys, that one of the defendants Oochootanundu Gosain was not present at the time of the disturbance, but was at Calcutta at the house of Madhub Chunder Dutt, his disciple, from the 28th Pous to the 2d Maug. The Magistrate sent to the Chief Magistrate of Calcutta to enquire as to the truth of the assertion, but as Madhub Chunder Dutt is a rich man, and to assist his spiritual guide procured false witnesses to prove it; in the interim the Magistrate discharged the above three defendants prior to his sending for information to the Chief Magistrate.

1st. If the Gosain was at Calcutta on the above dates, why should Deenanath Dutt write to him on the 2d Maug through the General Post Office to the Inchoorah Post Office?

2d. The marks of the three cuts on his head and some on the body.

3d. The Doctor who cured him can prove it.

4th. The people who were eye-witnesses when the Gosain ordered his gang to maltreat him can prove it.

5th. The respectable people of the village who informed the Darogah, that they heard that the Gosains ordered it can prove it.

6th. Why did they make the Mookerjee sign a blank paper, and why did they make their servant lodge a false complaint of rape?

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	১৹	।৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	।৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নুতন ৫ টাকার লোন	১৩	১৪	ঐ
৪ টাকার লোন	১৷৶	১৸৶	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৬০০—১৭০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent.	13	0	14	0
4 per Cent loan,	1	10	1	14 Disct.

Bank Shares.

Bank of Bengal, ... Co's. Rs. 1600—1700.

সমাচার দর্পণ

১১৩৪ সংখ্যা। বালম ১৯।] ৮ আপ্রিল ১৮৩৭ সাল শনিবার ১২৪৩ সাল ২৭ চৈত্র। SATURDAY, APRIL 8TH, 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1134. Vol. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price— 1 Rupee monthly.

ইশতেহার।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

হরনাম মিশ্র ফরিয়াদী

রামেশ্বর পাঁড়ে দিং আসামী

ইং ১৮৩৬ সাল ১ জুলাই তারিখে এই মোকদ্দমায় যে ডিক্রী হয় ঐ ডিক্রীর হুকুমঅনুসারে মৌজে খোরিয়া পরগনা সামরো সাহাবাজ জিলায় যত জমি ও আওলাতওগয়রহ যে কিছু ঐ উপরি লিখিত ডিক্রীতে কথিত আছে ঐ সকল বিষয় আমার আফীসে সুপ্রিম কোর্টে ১৭ আপ্রিল বেলা দুই প্রহর লাং দুইটাপর্য্যন্ত আমি পবলিকসেলে যথার্থ মূল্যে বিক্রয় করিব।

A. Dobbs.

W. D. Shaw, বৈং উকীল।

২। যদ্যপিস্যাৎ কোন ব্যক্তি খরিদ করিতে বাঞ্ছা করেন তবে আমার আফীসে কিম্বা উকীল শা সাহেবের আফীসে বিশেষ বেওরা জানিতে পারিবেন।

A. Dobbs.

সরিফ আফিস।

১৭ মার্চ ১৮৩৭।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১২ আপ্রিল শনিবারে বেলা ঠিক দুই প্রহরের সময় শহর কলিকাতার ফোর্ট উলিয়মের ও তদন্তঃপাতি যে সকল স্থান তন্নিমিত্তে বঙ্গদেশে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট আপন ঘরে ওএর টরমিনর এবং আদমিরালতি অর্থাৎ মহাসমুদ্রসম্বন্ধীয় মোকদ্দমার নিষ্পাত্ত্যর্থ এক সেসিয়ান অর্থাৎ মিছিল করিবেন।

T. Holroyd, *Sheriff.*

ঐ সেসিয়ান যত কালপর্য্যন্ত বসিবেক তাহার প্রথম দিবস দুই প্রহরের সময় ও তাহার পর প্রতি দিবস দশ ঘণ্টার সময়ে বসিবেক তাহা সকলের স্মরণ রাখা আবশ্যক।

T. Holroyd, *Sheriff.*

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৩ আপ্রিল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কম্বেল সাহেব গোবিন্দচন্দ্র শীলের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের মলঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান।০।০ পাঁচ কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গোবিন্দচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে অভয়াচরণ শালের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে বিশ্ব নাগের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে এক গলি উত্তর দিগে জগন্নাথ ঠাকুরের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৩ আপ্রিল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকার সরিফ সাহেব মৌজরাম মহান্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সুতালুটিতে জগন্নাথের ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহাতে নানাজাতীয় পুষ্পবৃক্ষ আছে তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৌজরাম মহান্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে এক গলি। উত্তর দিগে এক দরগা পশ্চিম দিগে রাধাকৃষ্ণ বসাকের এক খণ্ড ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪.৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

পত্রধারা।

তন্মধ্যে পাটাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষানমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে· কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।
সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsifts' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes quarto, down to the year 1833.* Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

২৯ মার্চ ১৮৩৭।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব উত্তর পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের অধীন কর্ম্মকারক অথচ সুবেবাঙ্গলার সিবিলসম্পর্কীয় শ্রীযুত আনরবল এফ জে সোর সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্রপথে গমনার্থ দশ মাসের ছুটি দিয়াছেন।

২৮ মার্চ।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ই ই এচ রেপটন সাহেব কটক অঞ্চলের নিষ্কর ভূমির সনন্দ তজবীজ করণার্থ স্পেসিয়ল ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর হৌষ্টন সাহেব চব্বিশ পরগনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে জি কাম্বেলসাহেব ত্রিহুতের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জি লক সাহেব শ্রীহট্ট জিলার জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্মকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে এফ পণ্টেট সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে জিলা ভাগলপুরের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু চন্দ্রশেখর দেব ঐ আইনঅনুসারে জিলা চট্টগ্রামের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সৈয়দ আহম্মদ বক্স শ্রীযুত সৈয়দ ইজ্জৎ আলীর অনুপস্থানপর্য্যন্ত জিলা নবদ্বীপের একটিং প্রধান সদর আমীন হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

যশোহরের সিবিল ও সেসন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের ছুটিপর্য্যন্ত আগামি মাসের ৭ অবধি ২১ তারিখপর্য্যন্ত বিদায় পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের সায়েরসায়েরী ও রেবিনিউ কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর বি ডবলিউ রামজি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২১ তারিখের হুকুমানুসারে যে ছুটি পান তদতিরিক্ত ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ এবং সদর আমীন শ্রীযুত বাবু বৈদ্যনাথ সেন আগামি মহরমের ছুটিপর্য্যন্ত বিদায় পাইয়াছেন।

মুরশিদাবাদের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ খোর্শেদ আগামি মহরমের ছুটিপর্য্যন্ত বিদায় পাইয়াছেন।

নবদ্বীপের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ ইজ্জৎ আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটি পাইয়াছেন।

১ আপ্রিল।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেবের স্থানে মৌহানের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে বেল সাহেব স্বাস্থ্য নিমিত্ত মালাকার খাড়িতে গমনার্থ ছয় মাসের ছুটি পাইয়াছেন।

৫ আপ্রিল।

শ্রীযুত যশুয়া কার্টর সাহেব কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওয়াতে ১৮৩৬।৩৭ সালের বিশেষ মুশাহেরাযুক্ত হইয়া লার্কিন্সনামক জাহাজারোহণ করিয়াছেন। ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

শ্রীযুত জর্জ টাড সাহেব বর্ত্তমান মাসের ৩১ তারিখে কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত হেনরি লশিংটন সাহেব ও শ্রীযুত রাবর্ট জেমস লগনেন সাহেব লার্কিন্সনামক জাহাজারোহণে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

CIVIL APPOINTMENTS.

29th March, 1837.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant the Honourable F. J. Shore, a Civil Servant of the Bengal Presidency, employed under the Lieutenant Governor in the North Western Provinces, leave of absence for ten months, to proceed to sea, on medical certificate.

28th March.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. E. E. H. Repton to be Special Deputy Collector for the investigation of Titles to hold Land free from the payment of Revenue throughout the Province of Cuttack.

Mr. R. Houstoun to be Joint Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

Mr. J. G. Campbell to be Joint Magistrate and Deputy Collector of Tirhoot.

Mr. G. Loch has been authorized to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in Zillah Sylhet.

Mr. J. A. Pontet to be Deputy Collector in the District of Bhaugulpore, under the Provisions of Regulation IX. of 1833.

Baboo Chunder Seker Deo to be Deputy Collector in Zillah Chittagong, under the Provisions of Regulation IX. of 1833.

Syud Ahmud Buksh to officiate as Principal Sudder Ameen of Nuddea, during the absence of Syud Izzut Ali.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. F. Cathcart, Civil and Session Judge of Jessore, during the ensuing Mohurrum Vacation, from the 7th to the 21st proximo, on private affairs.

Mr. R. B. W. Ramsay, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhaugulpore Division, for six weeks, beyond the period granted to him by the orders of the 21st instant, on medical certificate.

Baboo Hurreenarain Ghose, Principal Sudder Ameen, and Baboo Byejnath Sein, Sudder Ameen of Jessore, during the ensuing Mohurrum Vacation.

Moulavee Mohummud Khorsheld, Sudder Ameen of Moorshedabad, during the ensuing Mohurrum Vacation.

Moulavee Syud Izzut Ali, Principal Sudder Ameen of Nuddea, for three months, on medical certificate.

1st April.

The Right Honourable the Governor of Bengal is pleased to permit the Rev. J. Bell, District Chaplain at Mhow, to proceed to the Straights of Malacca for six months, for the benefit of his health.

5th April.

Mr. Joshua Carter, having been permitted to resign the Honourable Company's Civil Service, and to retire upon an Annuity of the year 1836-37, embarked on board the Ship *Larkins*, which [illegible]sel was left by the Pilot at sea on the 28th ultimo.

Mr. George Tod resigned the Honourable Company's Civil Service on the 31st ultimo.

Messrs. Henry Lushington and Robert James Loughnan, of the Civil Service, embarked for England, on board the Ship *Larkins*, which vessel was left by the Pilot at sea on the 28th ultimo.

সমাচার দর্পণ

শনিবার ৮ আপ্রিল ১৮৩৭।

প্রধান সদর আমীন।

যে নূতন আইনের পাণ্ডুলেখ্য সপ্তাহদ্বয় হইল প্রকাশ পাইয়াছিল তাহাতে এতদ্দেশের দেওয়ানী আদালতের অতিগুরুতররূপ মতান্তর হইবে এবং বোম্বাই রাজধানীতে যে রীতি প্রচলিত আছে বঙ্গদেশের আদালতেও তদ্রূপ হইবে। নূতন আইনেতে দেওয়ানী আদালতের জজ সাহেবকে এমত ক্ষমতা দেওয়া গিয়াছে যে তিনি যত টাকার মোকদ্দমা হউক না কেন তন্নিষ্পত্ত্যর্থ প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে পারেন। জজ সাহেব এইক্ষণেপ্রায় বহুতর কার্য্যভারাক্রান্ত আছেন সুতরাং বোধ হয় তিনি এতদ্রূপ ক্ষমতা প্রাপ্ত হইয়া উক্ত প্রকার ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন। নূতন ব্যবস্থাতে আরো এই হুকুম হইয়াছে যদি ৫ হাজার পৌণ্ড ষ্টর্লিং অর্থাৎ ন্যূনাধিক ৪৭০০০ টাকাপর্য্যন্তের মোকদ্দমা হয় অর্থাৎ যে মোকদ্দমার আপীল শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ডাধিপতির নিকটে বিলাত আপীলহওনের যোগ্য এমত মোকদ্দমাতে প্রধান সদর আমীনের যে নিষ্পত্তি তাহার আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে হইতে পারে কিন্তু তদপেক্ষা ন্যূন বিষয়ের মোকদ্দমার আপীল কেবল জিলার দেওয়ানী আদালতের জজ সাহেবের নিকটে হইবে এবং ঐ জজ সাহেব তদ্বিষয়ে যে নিষ্পত্তি করিবেন তাহাই চূড়ান্ত থাকিবে।

এই প্রস্তাবিত ব্যবস্থা দৃষ্টি করিয়া অনেক লোকের উদ্বেগ জন্মিয়াছে বিশেষতঃ ইউরোপীয় লোকেরদের মোকদ্দমা বিষয়ে যেহেতুক ঐ সকল মোকদ্দমা এইক্ষণে প্রধান সদর আমীনেরদের হস্তে অর্পিত হইবে। মফঃসলে ইউরোপীয়েরদের মধ্যে যে দেনা পাওনা হয় তাহা ইঙ্গলণ্ডদেশীয় চলিত আইনঅনুসারেই হইয়া থাকে। অথচ হিন্দু বা মোসলমান সদর আমীনেরা ঐ আইনের মর্ম্ম কিছু মাত্র জ্ঞাত নহেন এবং ইউরোপীয়েরদের বন্দোবস্ত পত্র ইঙ্গলণ্ডীয় উকীলের দ্বারা ইঙ্গরেজী ভাষাতেই লেখা যায় ঐ সকল খতপত্রাদি ইঙ্গলণ্ডীয়েরদের মধ্যেও যিনি আইনের অনুশীলন না করিয়াছেন তিনিও বুঝিতে পারেন না সুতরাং এতদ্দেশীয় প্রধান সদর আমীনেরদের তাহা বোধগম্য হওয়া সুদূর পরাহত। অতএব ভয় হইতেছে যে নূতন ব্যবস্থাক্রমে ইঙ্গলণ্ডীয়েরা যে যথার্থ বিচারের প্রত্যাশা রাখেন তাহা পাইতে পারিবেন না এবং যদি অজ্ঞানতা বা পক্ষপাতপ্রযুক্ত প্রধান সদর আমীন অযথার্থ নিষ্পত্তি করেন তবে প্রায় ৫০ হাজার টাকা মূল্যের মোকদ্দমা না হইলে সদর দেওয়ানী আদালতে আপীলের দ্বারা তাহা সংশোধিত হইতে পারে না।

এতদ্দেশীয় লোকেরদের মোকদ্দমাবিষয়ে বোধ হয় যে নূতন ব্যবস্থানুসারি নিষ্পত্তিতে প্রায় সকলই বিশ্বাস করিতে পারিবেন। উত্তরকালে এতদ্দেশীয় লোকেরদের মোকদ্দমা প্রায়ই এতদ্দেশজাত ও এতদ্দেশীয় বিদ্যা শিক্ষিতেরদের হস্তেই অর্পণ হইবে এবং সিবিলসম্পর্কীয় ইউরোপীয় জজ সাহেবেরা কি জিলা কি সদর আদালতে ঐ এতদ্দেশীয় ব্যক্তিরদের কৃত নিষ্পত্তির আপীলমাত্র শুনিবেন।

সুন্দরবনের ভূমি বাজেয়াপ্তকরণ।

সম্প্রতি বোর্ড রেবিনিউর সাহেবেরা সুন্দরবনের ৭০।৭১ নং দত্ত ভূমির বি

SUMACHAR DURPUN.

SATURDAY, 8TH APRIL, 1837.

Principal Sudder Ameens.

The Regulation, of which the draft was published a week or two ago, introduces a most important change into the Civil Jurisprudence of this country, and assimilates the practice of the courts in Bengal with that in vogue at Bombay. It gives permission to the Civil Judge to refer all causes, whatever may be their amount, to the Principal Sudder Ameen. And as the Judges are at present crowded with work; it is of course natural to suppose that this will be done in almost all cases. The new law moreover enacts, that in cases of the value of 47,000 Rupees equal to £5000 sterling, which were open to an appeal to the King in Council, there shall be an appeal from the decision of the Principal Sudder Ameen, at once to the Sudder Dewannee Adawlut; but in all cases of inferior amount, the appeal shall only lie to the Civil Judge himself, and that his decision shall be final.

This law has given great umbrage, more especially in reference to the causes of Europeans, which will now be referred generally to the Principal Sudder Ameens. Many of the transactions between Europeans in the Mofussil are founded upon English law of which the Hindoo or Mahomedan Sudder Ameen knows nothing; and they are contained in English documents, drawn up by English lawyers, which not even an Englishman, unacquainted with the law, can comprehend, much less a Native. There is reason to fear therefore that under the new law Europeans will not obtain that justice which they ought to enjoy; and whenever, through ignorance or partiality, the Principal Sudder Ameen may give a wrong decision, there will be no appeal to the Sudder Dewannee Adawlut, unless the case is of the value of £5000.

As it regards the cases of Natives, the new law we think will give satisfaction. Every Native cause will now come before Judges, who are with few exceptions born and bred in this country. The European Judges of the Civil Service, whether in the Zillah Courts, or in the Sudder Dewannee Adawlut, will be employed exclusively in hearing appeal.

Sudder Board of Revenue—Soondurbun Grants.

The Board ordered enquiries some

য় তত্ত্বাবধারণার্থ হুকুম দিয়াছিলেন। ঐ নম্বরি ভূমি মহেশচন্দ্র ও গিরীশচন্দ্র দত্তকে দেওয়া গিয়াছিল। তদ্বিষয়ে এই রিপোর্ট হয় যে তাঁহারদিগকে যে নিয়মে ঐ ভূমি দান করা যায় তাঁহারা তন্নিয়ম প্রতিপালন করিতে পারেন নাই। সেই নিয়ম এই যে ঐ স্থানীয় যত ভূমি যাঁহাকে দেওয়া যাইবে তাহার চতুর্থাংশ জঙ্গল পাঁচ বৎসরের মধ্যে তিনি কাটাইবেন। অপর জিজ্ঞাসা করাতে যশোহরের শ্রীযুত কমিস্যনর সাহেব এই রিপোর্ট করিলেন যে সুন্দরবনের একটিং কমিস্যনর সাহেব স্বয়ং ঐ ভূমিবিষয়ক বিচার দেখিয়া এই বিবেচনা করিলেন যে ঐ ভূমি দানের নিয়মের প্রতিপালন করিতে ভূমি ভোগি ব্যক্তিরা অবশ্য ত্রুটি করিয়াছেন অতএব তাঁহারদের তদ্ভূমি ভোগকরণ বিষয়ে আর কোন দাওয়া চলিতে পারে না। অপর দৃষ্ট হইল যে ঐ সকল ব্যক্তি আবাদকরণার্থসেই ভূমি গ্রহণ করেন নাই কেবল ঐ স্থানের মধ্যে যে সকল খাল আছে তাহার জলকর উপস্বত্ব প্রাপণার্থ লইয়াছিলেন। যেহেতুক ঐ জল করে বার্ষিক প্রায় ৬০০ টাকা উৎপন্ন হইয়া থাকে। এইক্ষণে অনেক ব্যক্তি ঐ ভূমি প্রাপণার্থ গবর্ণমেণ্টের স্থানে প্রার্থনা করিতেছেন। কিন্তু বোর্ডের সাহেবেরা তাঁহারদের প্রার্থনা বিষয়ে কিছু স্থির না করিয়া এই মাত্র হুকুম করিয়াছেন যে সুন্দরবনের শ্রীযুত কমিস্যনর সাহেব এই বিষয়ের বিবেচনা করিয়া গ্রহীতারদিগকে এমত হুকুম দিবেন যে তাঁহারদের ঐ ভূমি বাজেয়াপ্ত না হইতে পারে এমত কোন আপত্তি থাকিলে তাহা দর্শান। পরে শ্রীযুত কমিস্যনর সাহেব ঐ গ্রহীতারদের ভূমি বাজেয়াপ্ত হওন না হওনবিষয়ে স্বাভিপ্রায় লিখিয়া বোর্ডের সাহেবেরদিগকে জ্ঞাপন করিবেন। এই সকল কার্য্য সমাপ্ত হইলে বোর্ডের শ্রীযুত সাহেবেরা ঐ ভূমি অপর ব্যক্তিকে দানকরণ বিষয়ে বিবেচনা করিবেন।

কৃত্রিম মুদ্রা।

কলিকাতাস্থ পোলীসের সতর্কতাপ্রযুক্ত সম্প্রতি ভূরি২ কৃত্রিম মুদ্রাকরণীয় দল ধরা পড়িয়াছে। গত বৃহস্পতিবারে ডেপুটি সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত মকান সাহেব বড়বাজারের এতদ্দেশীয় এক জন দোকানদারের ঘরে গিয়া কৃত্রিম টাকাকরণের সন্ধান পাইয়া অনেক কৃত্রিম টাকা পাইলেন এবং তৎপরে চোরবাগানে অপর এক স্থানে কৃত্রিম ১০০ টাকা ধরিলেন। ঐ দিবসের অপরাহ্নে শ্রীযুত কাপ্তান বর্চ সাহেব ও শ্রীযুত মকান সাহেব নদী পার হইয়া চব্বিশপরগনার মধ্যে বগুড়া গ্রামে গিয়া ঐ ব্যবসায়ি অপর এক ব্যক্তিকে গ্রেপ্তার করিলেন তাহার বাটীতেও কলিকাতাস্থ যে কএক জন ধরা পড়িয়াছে তাহারদের সঙ্গে কৃত্রিম টাকাবিষয়ক অনেক হিসাবের বহীপ্রভৃতি পাওয়া গেল ঐ সকল টাকা এমত উত্তমরূপ প্রস্তুত হইয়াছিল যে তাহা পোদ্দারেও চিনিতে পারে না। গত শুক্রবারে ঐ শ্রীযুত সাহেবেরা কলুটোলাতে গিয়া এক ব্রাহ্মণকে গ্রেপ্তার করিলেন এবং তাহার স্থানে কএকটা কৃত্রিম টাকা এবং তাহার চুলের গোছার মধ্যে একখান জাল বাঙ্গাল বেঙ্ক নোট পাইলেন। ঐ সকল টাকা প্রকৃতমতই প্রস্তুত হইয়াছিল বেঙ্ক নোটও তত্তুল্য ঠিক করিয়াছিল এবং ঐ নোটে সেক্রেটরী ও ডৈরেক্তরী সহীও অবিকৃতরূপ ছিল।

দস্যু ধৃতকরণ।

চব্বিশপরগনার অতিকর্ম্মদক্ষ অবিশ্রান্ত মাজিষ্ট্রেট শ্রীযুত পাটন সাহেব স্বীয় তীক্ষ্ণ

time since respecting the Soonderbun grants, numbered 70 and 71, made to Mohischunder and Gureeschunder Dutts, who were reported to have failed in fulfilling the condition of their grant, which requires one-fourth of the extent to be cleared within five years. In reply to this enquiry, the Commissioner of Jessore reports that the Officiating Commissioner of the Soondurbuns had personally examined the grants, and is of opinion that as they have totally failed in complying with this condition of the grant they have forfeited all title to their lands. It appears that cultivation never was the object of these grantees, but that they intended to profit by the juhlkar, or fisheries on the numerous kols, which intersect the jungle lands, and which yielded an annual amount estimated at 600 rupees. There are several applicants for the grants on their reverting to Government. The Board, however, have deferred deciding on the claims of any one of them, directing that the Commissioner of the Soonderbuns should be directed to hold proceedings, requiring the grantees to show cause why their grants should not be resumed, and then to record his judgment of the forfeiture or otherwise of the leases, submitting his proceedings to the superior authorities, and when these formalities shall be completed, the Board will reconsider the subject of otherwise disposing of the grants.—*Engl.*

Counterfeit Coin.

There has been a very extensive detection of coinings through the activity of the Calcutta Police. Mr. M'Cann, the Deputy Superintendent, proceeded early on Thursday morning to the shop of a native in the Burra Bazar, and on searching it found several counterfeit rupees. In searching a house at Chorebagan, 100 more counterfeit Rupees were found. At noon Capt. Birch and Mr. M'Cann crossed the river and proceeded to a place called Bogra in the 24-Pergunnahs, where they apprehended another native, in whose house were found several papers containing a debit and credit account with the parties seized in Calcutta. The counterfeit Rupees are very well executed and would deceive even the scrutiny of a poddar. On Friday morning Captain Birch and Mr. M'Cann proceeded to a house in Colootollah where they apprehended a bramhun in whose possession were found several counterfeit Rupees, and a forged Bengal Bank note; the latter concealed in the bramhun's hair. The Rupees are good imitations, the Bank note inimitable. The signatures of the Secretary and one of the Directors are admirable.

Capture of Robbers.

Mr. Patton, the active and indefatigable Magistrate of the 24-Pergunnahs,

বুদ্ধি ও স্থিরপ্রতিজ্ঞপ্রযুক্ত সংপ্রতি এক দল দস্যু ধৃতকরণে কৃতকার্য্য হইয়াছেন। দস্যুরা ডাকের পুলিন্দাহইতে কোম্পানির কাগজ বাহির করিয়া লওনার্থ ষড়যন্ত্র করিয়াছিল তাহারা অনেককালাবধি এই রূপ অত্যাচার করিয়া আসিতেছে এইক্ষণে তাহারদের ডাকের পুলিন্দা চুরি এবং কৃত্রিম স্বাক্ষর করণবিষয়ে অপরাধ সাব্যস্ত হইয়াছে।

কলিকাতার খালের মাসুল।

অবগত হওয়া গেল যে কলিকাতার খালের মাসুলে গত মাসে ১৮,৫০০ টাকা উৎপন্ন হয়। এই রাজস্বের অংশ ক্রমশঃ বৃদ্ধিবিষয়ক বিবরণ লিখনেতে আমারদের স্মরণ হইতেছে যে গবর্ণমেণ্ট এই অঙ্গীকার করিয়াছেন যে এই খালের মাসুল নির্দ্ধারিত অঙ্কের অধিক লইবেন না। অতএব সর্ব্বসাধারণ লোকের এই অপেক্ষা হইতেছে যে গবর্ণমেণ্ট ঐ অঙ্গীকৃত বিষয় প্রতিপালন করিয়া মাসুল ন্যূন করিবেন।

নীলের অশুভদিশয়

ত্রিহুতহইতে গত মাসের ৩০ তারিখে প্রাপ্ত এক পত্রে লেখে যে বৃষ্টি না হওয়াতে নীলকর সাহেবেরা অত্যন্ত খিন্ন হইতেছেন সর্ব্বত্র চারাসকল মরিয়া যাইতেছে তৎপ্রযুক্ত অতিভারি ক্ষতি এবং বীজ বপনেতে অধিক খরচ পড়িতেছে।

কলিকাতার ইউরোপীয় সরাই।

হরকরাপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে কলিকাতার মাজিস্ত্রেট সাহেব এই নিশ্চয় করিয়াছেন যে কলিকাতার মধ্যে কোন ইউরোপীয় সরাই অথবা তত্তুল্য কোন ভোজনাগার দুই জন মাজিস্ত্রেট সাহেবের পরওয়ানা না হইলে স্থাপিত হইতে পারিবে না। ঐ পরওয়ানা করিতে কিছু খরচ লাগিবে না কিন্তু তাহা কেবল ভদ্রলোকেরদিগকে এই নিয়মে দেও যাইবে যিনি পরওয়ানা পাইবেন তিনি আপন ঘরের মধ্যে কোন মত্ততা বা দাঙ্গা বা কোন গণ্ডগোল করিতে দিবেন না এবং কোন দাঙ্গাবাজ বা অন্যপ্রকার দুষ্ট ব্যক্তি ঐ ঘরে আসিয়া থাকিলে তৎক্ষণাৎ তাহার সংবাদ মাজিস্ত্রেট সাহেবের নিকটে দিবেন এবং তাঁহারদের ঐ ঘরে যাহারা প্রতিদিন গমনাগমন করিবে তাহারদের প্রাত্যহিক রিপোর্ট মাজিস্ত্রেট সাহেবের নিকটে দিবেন।

দিস্ত্রিক্ত চারিটেবল সোসৈটি।

শ্রুত হওয়া গেল শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ ঠাকুর অতিবদান্যতাপূর্ব্বক এই সোসৈটির উপকারার্থ প্রতিবৎসরে যে টাকা দান করিয়া থাকেন তদতিরিক্ত বর্ত্তমান বৎসরে আরো ৫০০ টাকা প্রদান করিয়াছেন।

ইউনিয়ন বেঙ্ক।

গত মঙ্গলবারে ইউনিয়ন বেঙ্কের বিশেষ সাধারণ বৈঠক হইয়া বহুতর অংশিরা উপস্থিত হইলেন যেহেতুক মেজের নিকটে যত ব্যক্তির উপবেশনার্থ আসন ছিল তদপেক্ষা দ্বিগুণ ব্যক্তির সমাগম হইল। অপর শ্রীযুত ব্রুস সাহেব সভাপতি হইলেন অনন্তর এই বেঙ্কের মতান্তর হইয়া যত নূতন নিয়ামক প্রস্তাবের আবশ্যক হয় তাহার এক রিপোর্ট ঐ শ্রীযুক্ত সভাপতি সাহেব পাঠ করিলেন।

এইক্ষণকার ঐ বেঙ্কের মূলধন ২১,৬০,০০০ টাকা। এই বৈঠকে অংশিরদের আহ্বানের অভিপ্রায় এই যে বেঙ্কের মূল ধন আরো ৮,৪০,০০০ টাকাপর্য্যন্ত বৃদ্ধি করা যায়। কিন্তু তৎসময়ে শ্রীযুত ডিক সাহেবের এই প্রস্তাবে সকলই

has through his ingenuity and perseverance, succeeded in capturing a gang of robbers, who had conspired to rob the mails of Company's paper, which they had long succeeded in doing with impunity. These men have been convicted of forgery as well as of robbing the mails. *– Beng. Her.*

The Calcutta Canal Tolls.

We hear that the Calcutta Canal Tolls produced about 18,500 Rupees last month. In thus recording the continued prosperity of this branch of revenue, we are reminded that Government is pledged to keep it at a limited amount, and that the public are anxiously expecting a reduction of the rates in satisfaction of the pledge. *–Cal. Cour.*

Indigo Prospects.

A letter from Tirhoot dated 30th ultimo, received yesterday, says that the planters are sadly in want of rain. The plant is dying off in every direction, causing a great loss and further expenditure of seed.*—Engl.*

Punch Houses.

We learn from the *Hurkaru*, that the Bench of Magistrates have unanimously determined that no tavern or punch-house, or house of entertainment in Calcutta, of similar description, shall be opened without a license signed by two Magistrates. This license is to be granted free of all expense or charge, but it will be given only to parties of known good character, and upon recognizances, the conditions of which are that the party obtaining the license will prevent riot, drunkenness and disorder, and give information to the Police of any disorderly or other evil characters who may harbour in it. They are moreover to make a daily report in writing of the inmates whom they may admit.

District Charitable Society.

We learn, that Baboo Dwarkanath Tagore, in addition to the sum which he is in the habit of sending to this Society has, with his usual liberality, added 500 Rupees to its funds.

Union Bank.

A general special meeting of the Union Bank was held on Tuesday last, which was attended by a very large body of Proprietors, there being twice as many persons present as could find seats at the table. Mr. Bruce, the chairman, then read a report which embraced all the alterations which it is proposed to make.

The present Capital of the Bank consists of 21,60,000 Rs. The object of the meeting was to sanction an increase to the capital stock of 8,40,000 Rs. but it was moved by Mr. Dick, and

সম্মত হইলেন যে উক্ত বেঙ্কের মূল ধন তদতিরিক্ত আরো ২ লক্ষ টাকাপর্য্যন্ত বর্দ্ধিত হয় তাহা হইলে বেঙ্কের মূলধন সর্ব্বসুদ্ধ ৩২ লক্ষ টাকা থাকে। এবং উত্তরকালে প্রত্যেক শ্যার কেবল কোং ১,০০০ টাকাকরিয়া থাকিবে।

চৌকিদারের ব্যবহার।

গত বৃহস্পতিবারে কবরডাঙ্গার থানার এক জন চৌকিদার থানাদারকর্তৃক পোলীসে আনীত হয়। এই মোকদ্দমার বিবরণেতে চৌকিদারেরদের বিলক্ষণ সারল্য ব্যবহার প্রকাশ হইতেছে বিশেষতঃ এক জন সাহেব চিৎপুরের রাস্তা দিয়া গমন করত যোড়াসাঁকোর রাস্তা চারিখান বলদের গাড়িতে একেবারে ব্যাপ্ত হইয়াছে দেখিয়া থানাদারের নিকটে নালিস করাতে ঐ চারি গাড়ি এক২ জন চৌকিদারকে থানায় লইয়া যাইতে হুকুম করিলেন তিন গাড়ি নির্ব্বিঘ্নে থানায় দাখিল হইল কিন্তু যে চৌকিদারের জিম্মায় চতুর্থ গাড়ি ছিল সেই ব্যক্তি পথিমধ্যে ৷৷০ ঘুস লইয়া ঐ গাড়ি ছাড়িয়া দিল। পরে রাস্তায় গিয়া যে গাড়ি প্রথম দেখিল তাহা ধরিয়া ফটকে চালান করিল। পরে এই বিষয় বিলক্ষণ সাব্যস্ত হওয়াতে ঐ চৌকিদার ৫ টাকা গুনাহগারী দিয়া তগীর হইল।

শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ।

শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের শিবিরহইতে যে পত্র আগত হইয়াছে তাহাতে লেখেন শ্রীযুত মহারাজ রণজিৎসিংহ তাঁহাকে অতিসমাদরপূর্ব্বক গ্রহণ করিয়াছিলেন এবং অশ্বারূঢ় গোলন্দাজেরদের নৈপুণ্যদৃষ্টে শ্রীলশ্রীযুক্ত এমত সন্তুষ্ট হইয়াছেন যে তৎক্ষণাৎ স্বীয় সন্তোষ জ্ঞাপনার্থ নীচে লিখিতব্য সাধারণ হুকুম প্রকাশ করিলেন।

"শ্রীলশ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব ১৮ মার্চ তারিখে অশ্বারূঢ় গোলন্দাজেরদের প্রাতঃকালীন কাওয়াজে নৈপুণ্য দেখিয়া পরম সন্তুষ্ট হইয়াছেন। ইহাতে ঐ সৈন্যেরদের অতিপ্রশংসা হইয়াছে এবং তদ্দ্বারা বঙ্গদেশীয় সৈন্যেরদের শৌর্য্য কীর্ত্তি সর্ব্বত্র ব্যক্ত হইতে পারে।"

শ্রীযুত পেসোয়া ও মাকসুয়েল সাহেব।

শ্রীযুত মাকসুয়েল সাহেব ইহার পূর্ব্বে কানপুরে অতিধনাঢ্য এক জন বাণিজ্যকারী ছিলেন সংপ্রতি ক্ষীণবিভব হইয়াছেন। এইক্ষণে কানপুরের আদালতের মাজিস্ত্রেট সাহেব তাঁহাকে ছয় মাস কারাবদ্ধকরণের হুকুম দিয়াছেন এবং পশ্চিম প্রদেশের প্রায় তাবৎ সাধারণ লোক এমত ভাবেন যে ঐ দণ্ডাজ্ঞা নিতান্ত অযথার্থ হইয়াছে। তদ্বিবরণ এই যে অপদস্থ পেসোয়া শ্রীযুত বাজি রাও এইক্ষণে ১৮ বৎসরঅবধি কানপুরের সন্নিহিত বৈঠুরে একপ্রকার কারাবদ্ধরূপ বাস করিয়া ব্রিটিস গবর্ণমেণ্টের স্থানে যে ৯ লক্ষ টাকা বার্ষিক মুশাহেরা পান তাহাতেই কালক্ষেপণ করিতেছেন। তাঁহার ইচ্ছা এই তিনি যে দুই পোষ্যপুত্র করিয়াছেন তাঁহারদিগকেও ব্রিটিস গবর্ণমেণ্ট এই মুশাহেরা উত্তরকালে নির্দ্দিষ্ট করিয়া দেন। অতএব তিনি শ্রীযুত মাকসুয়েল সাহেবের প্রতি এই বিনীতি করিলেন যে আপনি আমার মোক্তার স্বরূপ কলিকাতায় গমন পূর্ব্বক শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেবের নিকটে এই বিষয় নিবেদন করুন তাহাতে শ্রীযুত মাকসুয়েল সাহেবের সঙ্গে তাঁহার এই বন্দোবস্ত হয় যে তি

unanimously agreed to, that the Capital should be still farther increased two lakhs of Rupees, in order that the Capital might be raised at once to 32,00,000 Rs. The shares in future will contain 1000 Company's Rs. each.

Chowkeedar's Honesty.

A Chowkeedar belonging to the Kuberdangah Thannah, was brought up by his Thanadar to the Police on Thursday week. His story illustrates the honesty of the Chowkeedars. A gentleman passing through Chitpore road found Jorasanko to be blocked up by four hackeries. He complained to the Thanadar, who placed the hackeries in charge of four chowkeedars and sent them to the guard house. Three of them arrived safely, but the chowkeedar in charge of the fourth let it off for a bribe of eight annas, and then went into the street and seized the first hackery he met and took it to the conjee house. The facts were fully substantiated; and the chowkeedar was fined 5 Rupees and dismissed from the service.

The Commander-in-Chief.

Letters received from the Commander-in-Chief's Camp state, that he has been welcomed in the most gratifying manner by Runjeet Sing, and that the practice of the Horse Artillery afforded such high delight to him, that he immediately gave expression to his satisfaction in the following general order.

"The Commander-in-Chief congratulates the Horse Artilleries upon their successful practice, this morning the 18th March. Nothing more could be creditable to themselves or better calculated to spread the fame of the Bengal Army."

The Peshwa and Mr. Maxwell.

Mr. Maxwell, formerly a merchant at Cawnpore, of large property, but recently reduced in circumstances, has just been sentenced to six months imprisonment by the Magistrate of that Court; and a general feeling prevails in the Western Provinces that the sentence is unjust. The case is as follows:—Bajee Row, the Ex-Peshwa, who has now for more than eighteen years been a prisoner at Beitoor, near Cawnpore, living upon the large allowance of nine lakhs of Rupees a year settled on him by the British Government, being very anxious to get Government to continue his pension to his two adopted sons, asked Mr. Maxwell to proceed to Calcutta as his agent to solicit Lord Auckland on the subject. It appears that Mr. Maxwell was to receive for his services the sum of 2000 Rupees a month, besides other expences. And in furtherance of this agreement it appears that he actually received about 11,000 Rupees. The Commissioner who is in charge of the Peshwa, took offence at the communication established between that prince and Mr. Maxwell. It seems that the Prince has reason to

নি মাসিক ২০০০ টাকা এতদ্ভিন্ন তাবৎ খরচা পাইবেন। এই নিয়মক্রমে সাহেব তাঁহার স্থানে ন্যূনাধিক ১১,০০০ টাকা পাইলেন। তাহাতে যে কমিস্যনর সাহেবের জিম্মায় এইক্ষণে পেসোয়া আছেন তিনি মাকসুয়েল সাহেবের সঙ্গে বাজি রাওর এতদ্রূপ কথোপকথন হইতেছে শুনিয়া অত্যন্ত উদ্বিগ্ন হইলেন যেহেতুক কমিস্যনর সাহেবের কার্য্যেতে পেসোয়া তাদৃশ সন্তুষ্ট নহেন। সে যাহা হউক পশ্চাৎ মাজিস্ত্রেট সাহেবের নিকটে মাকসুয়েল সাহেবের নামে নালিস হইয়া মাকসুয়েল সাহেব পেসোয়ার স্থানে জবরদস্তিতে ঐ টাকা বাহিরকরণের উদ্যোগ করিয়াছিলেন এই অভিযোগে মোকদ্দমা হইল। কিন্তু ঐ সাহেব বলপূর্ব্বক টাকা বাহিরকরণের চেষ্টা পাইয়াছিলেন ইহার কিছুমাত্র প্রমাণ ছিল না এবং মাকসুয়েল সাহেব পেসোয়ার মোক্তারস্বরূপ কলিকাতায় যাইতে স্বীকৃত হইয়াছিলেন ইহাতেই বা তাঁহার কি অপরাধ হইতে পারে তথাপি মাজিস্ত্রেট সাহেব তাঁহাকে দোষী কহিয়া কয়েদের হুকুম দেন। এই বিষয় এইক্ষণে আলাহাবাদের সদর দেওয়ানী আদালতে আপীল হইয়াছে ভরসা করি ঐ আদালতে ঐ অদ্ভুত আজ্ঞার পরিবর্ত্তন হইতে পারে

এই বিষয় ব্যক্ত হওয়াতে পেসোয়ার সঙ্গে কমিস্যনর সাহেবের অকৌশলের যে নানা কারণ ছিল তাহা দৈবাৎ প্রকাশ হইল অতএব ভরসা হয় যে এইক্ষণে শ্রীলশ্রীযুত দেশাধিপতি অতিসূক্ষ্মরূপ বিচার করিয়া এই বিষয়ের নিষ্পত্তি করিবেন এবং শ্রীযুক্ত পেসোয়া মহাশয়ের যে কোন বিষয়ে আপত্তি থাকে তাহা গবর্ণমেণ্টের কর্ণগোচরকরণার্থ সুগম হইবে।

ব্যাঘ্র মুখে আশ্চর্য্য রক্ষা।

বোম্বাইর এক জন সেনাপতি সাহেব ব্যাঘ্রহইতে আপনার আশ্চর্য্য রক্ষাবিষয়ক বার্ত্তা লেখেন। ২৩ জানুআরি তারিখে আমি জবলপুর ও কাম্‌তির মধ্যস্থলে গমনকরত পালকিহইতে নামিয়া রীতিমত পদব্রজে গমনার্থ বাহির হইলাম যেহেতুক তৎসময়ে শীত ছিল বিশেষতঃ ঐ দিবসের প্রাতঃকালে অত্যন্ত শীত হওয়াপ্রযুক্ত এক যোড়া বনাতের ইজের পরিয়াছিলাম এবং তূলা পোরা একটা লবেদা গাত্রে ছিল। অপর ইউরোপীয়েরদের দৃষ্টিতে আশ্চর্য্যজনক এমতকতকগুলি পুষ্প দেখিয়া তচ্চয়নার্থ অরণ্যমধ্যে প্রবেশপূর্ব্বক কিঞ্চিৎ পুষ্পাহরণ করিলাম অপর আরো কতক পুষ্প কুড়িয়া লওনার্থ অধঃকায় হওনসময়ে পশ্চাদ্ভাগে ফোঁসং শব্দ শুনিতে পাইয়া তৎক্ষণাৎ মুখ ফিরাইয়া দেখিলাম যে কএক হাত অন্তরে একটা বৃহদ্ব্যাঘ্র আছে তদ্দৃষ্টে অত্যন্ত ভয়প্রযুক্ত যেমন ঊর্দ্ধকায়হইতে চেষ্টা করিলাম তেমনি লবেদার খুঁট পায়ে বাধিয়া উলটিয়া পড়িলাম। তৎক্ষণাৎ ব্যাঘ্র আক্রমণপূর্ব্বক আমার কটিদেশীয় ইজের ধরিল এবং ইজেরের সঙ্গে লবেদার বামপার্শ্বাংশ কিঞ্চিৎ মুখে করিয়া আমাকে টানিয়া লইয়া চলিল। ঐ লবেদা অত্যন্ত পুরুপ্রযুক্ত ব্যাঘ্রের মুখহইতে রক্ষা পাইলাম যেহেতুক তাহাতেই বাঘের মুখ ভরিয়া গেল মাংস ধরিবার যো পাইল না। ইতিমধ্যে আমাকে টানিয়া লইয়া যাওনসময়ে আমার কক্ষস্থ পিস্তল বাহির করিলাম কিন্তু ঐ পিস্তল অতিক্ষুদ্রপ্রযুক্ত কার্য্য সাধনে তাদৃশ নির্ভর ছিল না তথাপি অবস্থানুসারে সাধ্যমতে ঐ পিস্তলই ব্যাঘ্রের মুখ লক্ষ করিয়া ছুড়িলাম তাহাতেই মুক্ত হইলাম যেহেতুক ব্যাঘ্র তৎক্ষণাৎ কেবল কাপড় মুখে করিয়া একটা বৃহৎ ঝাঁপ দিয়া চলিয়া গেল।

বোম্বাই।

বোম্বাইহইতে আগত সম্বাদে অবগত হওয়া গেল যে তথাকার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব হুজুর কৌন্সেলে এমত হুকুম করিয়াছেন যে দক্ষিণ দেশ ও তন্নিকটাঞ্চলে যে সকল ভূমিতে কার্পাস ও উত্তম ইক্ষু রোপণ হয় সেই ভূমির পাঁচ বৎসরপর্য্যন্ত খাজানা দিতে হইবে না। এইপ্রযুক্ত দক্ষিণ অঞ্চলে এইক্ষণে আগামি বৎসরের নিমিত্ত কার্পাসের বীজবপনার্থ লক্ষ বিঘারো অধিক চাস হইয়াছে। এতদ্ভিন্ন সৌরাষ্ট্র পরগনাতে ইক্ষুর কৃষিনিমিত্ত ১০০০ বিঘা প্রস্তুত হইতেছে।

ঝিন্দের সিংহাসনে রাজা স্বরূপ সিংহের আরোহণ।

পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন যে ঝিন্দ রাজ্যের সংপ্রতিকার অধ্যক্ষ শ্রীযুত সঙ্গত সিংহের লোকান্তরোত্তর কোম্পানি বাহাদুরের কর্ম্মকারকেরা ঐ রাজ্য অধিকার করেন। এইক্ষণে শুনিয়া আপ্যায়িত হওয়া গেল যে উক্ত রাজ্য ৺প্রাপ্ত রাজার ভ্রাতৃপুত্র শ্রীযুত স্বরূপ সিংহকে তাঁহারা অর্পণ করিয়াছেন। সিংহাসন সমারোহের সমারোহ কৃত্য বর্ত্তমান মাসের ৭ তারিখে সম্পন্ন হইল। কথিত আছে যে পটিয়ালার রাজা কর্ম্ম সিংহ বাহাদুর এবং নাভথাইর রাজপুত্র ও অম্বালাস্থ শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের আনুকূল্যে রাজা স্বরূপ সিংহ এতদ্রূপে কৃতকার্য্য হইয়াছেন।

ফ্রাৎনামক বাষ্পীয় জাহাজ।

অবগত হওয়া গেল যে শ্রীযুত কর্ণল চেসনি সাহেবের অধীনে যে ফ্রাৎনামক বাষ্পীয় জাহাজ নিযুক্ত ছিল তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্ট স্বাধীন কার্য্যার্থে গ্রহণ করিয়াছেন এবং বোধ হয় ঐ জাহাজ সিন্ধুনদীর উজানে গমন করিবে। তাহা হইলে শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহ স্বীয় রাজ্যস্থ নদীতেই এই আশ্চর্য্য বিষয় দৃষ্টি করিতে পারিবেন।

গোলস্মিথ সাহেবের মোকদ্দমা।

সংপ্রতি বোম্বাইর সুপ্রিম কোর্টে পুণ্য নগরের প্রধান মাজিস্ত্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট সিবিলসম্পর্কীয় গোলস্মিথ সাহেবের নামে এই অভিযোগ হইল যে তিনি কলকরণীয় অর্থাৎ এক জন পদাতিকের উপর চড়াউ হইয়া খুন করেন ঐ পদাতিক কৃষাণেরদের স্থানে রাজস্ব আদায় ও হিসাব নিষ্পত্তিকরণ কার্য্যে নিযুক্ত ছিল তৎকর্ম্মসাধনে কৃষাণেরদের সঙ্গে ঐ কলকরণীয়ের কলহ হইয়া মারামারি হয়। তাহাতে উভয়ই যে স্থলে শ্রীযুত গোলস্মিথ সাহেব ছিলেন তথায় দৌড়িয়া গিয়া পরস্পরের দোষ কহিতে লাগিল কিন্তু কলকরণীয় ব্যক্তি পূর্ব্বে অত্যন্ত প্রহারিত হওয়াতে প্রায় বাক্য কহিতে পারিল না ইহাতে শ্রীযুত গোলস্মিথ সাহেবের বোধ হইল যে এই ব্যক্তি নিতান্ত কপটী আপনার দোষ সাব্যস্ত হইতে না পারে এই নিমিত্ত কোন উত্তর না দিয়া কাপট্য করিতেছে। তা

---

be highly dissatisfied with the Commissioner. Be that as it may, a complaint was lodged before the Magistrate, and Mr. Maxwell was tried for having endeavoured to extort money from the Peshwa. Though there appeared no evidence to shew that there had been any extortion in the case, and though there could not be any crime in Mr. Maxwell's accepting the offer of proceeding to Calcutta as the agent of the Peshwa, he was pronounced guilty and sentenced to fine and imprisonment. The case has been appealed to the Sudder Adawlut at Allahabad, by whom it is to be hoped that this sentence will be reversed.

These circumstances have accidentally brought to light the various causes of dissatisfaction which the Peshwa has with the Commissioner; and it is to be hoped that the matter will be closely examined by the Ruler of the Land, and an opportunity offered to the Peshwa of making his complaints to Government.

Extraordinary Escape from a Tiger.

A Bombay officer has given the following astonishing account of his escape from a tyger.

"On the morning of the 23d of January and between the stations of Jubbulpore and Kamptee, I got out of my palkee to walk, as I was in the habit of doing, the mornings being extremely cold, and this morning was particularly so, which induced me to wear a large pair of cloth trowsers, I had also on a dressing gown which was thickly wadded with cotton. Observing some flowers which were rather striking to an European eye, I was imprudent enough to go into the jungle some 100 or 200 yards for the purpose of getting some; after having plucked several. I was in the act of stooping to get another, when I heard a rustling noise behind me, I immediately turned my head to see what it was, when I beheld a huge Tiger within a few yards of me; in the fright and hurry of the moment (when endeavouring to rise) I trod on the skirts of my dressing gown and fell backwards, I was at the same moment seized by the brute, he caught me over the waistband of my trowsers and took part of the left sides of my dressing gown with the trowsers in his mouth. To the unusual thickness of those garments, I am indebted for having escaped one of the most horrible deaths that the imagination can conceive as it was sufficient grasp for the animal without taking up my flesh —in this position he was dragging me, when I got my hand into my pocket and drew a small double barrelled pistol in which I placed little confidence owing to its size; however I placed it as direct for his mouth as the position in which I lay would admit, fired, and in an instant I was free, for he made a tremendous spring forward carrying with him only the clothes which he grasped."

Bombay.

We learn from Bombay that the Governor in Council having exempted from the payment of land tax for five years, such lands in the Deccan and elsewhere as might be brought under cultivation for cotton and Mauritius sugar-cane, upwards of 1,00,000 acres of land in the Deccan have already been ploughed and prepared for the reception of cotton seed next year. Besides which, in the Surat Pergunnah, upwards of 1000 acres are now planted with sugar-cane.

Accession of Raja Surroop Sing to the Musnud of Jind.

It may be in the recollection of our readers, that on the demise of Raja Sunguth Sing, the late ruler of Jind, his territories were taken possession of by the officers of the Company. We are happy to learn that they were pleased at last to confer the possessions in question on Raja Surroop Sing Bahadoor, the Nephew of the late Raja. The ceremony of accession took place on the seventh of the current month. It is stated that Maha Raja Kurrum Sing Bahadoor, the chief of Puttiala, the son of the ruler of Naubhei, and the Governor General's agent at Ambala, are the personages to whom Raja Surroop Sing is indebted for his success.—*Lood. Ukh.*

Euphrates Steamer.

We understand that the *Euphrates* Steamer, which was lately employed in Colonel Chesney's expedition, has been taken over by the Indian Government, and that it is probable she may be sent up the Indus, and give Runjeet Sing an opportunity of seeing this new wonder upon some of the rivers in his dominions.—*Cour.*

Trial of Mr. Goldsmid.

Mr. Goldsmid, a Civil Servant and Assistant to the Principal Collector and Magistrate of Poona, has been tried in the Supreme Court at Bombay for having committed an assault upon a Kulkurnee by which the man died. The man was employed in the collection and adjustment of the revenue with the cultivators, in the course of which duty a squabble, accompanied with blows, having taken place between the Kulkurnee and the cultivators, both parties ran into the Court where Mr. Goldsmid' was sitting, each charging the other with assault; but the Kulkurnee, was so severely beaten as to be unable to speak any more. Mr. Goldsmid imagined, that the state of insensibility in which the Kulkurnee appeared to be, was coun-

হাতে বারম্বার তাহার উত্তর না পাইয়া চৈতন্য জন্মায়নার্থ সাহেবের হস্তস্থ জিনের দ্বারা তাহার মুখে দুই তিনবার প্রহার করাতে সে পড়িয়া গেল। পরে গোলস্মিথ সাহেব তাহাকে পালকিতে করিয়া আপন ঘরে পাঠাইয়া প্রধান মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত মাইল্‌স সাহেবকে সম্বাদ জ্ঞাপন করিলেন। ঐ শ্রীযুত সাহেব তাহার চিকিৎসার্থ এক জন ইউরোপীয় চিকিৎসক সাহেবকে প্রেরণ করিলেন। কএক দিবস পরে ঐ ব্যক্তি মারা পড়িল এবং শ্রীযুত মাইল্‌স সাহেব এই তাবদ্বিষয় গবর্ণমেণ্টকে জ্ঞাপনকরাতে গোলস্মিথ সাহেবের নামে নালিস হইল কিন্তু গ্রাণ্ডজুরির সাহেবেরা তাঁহার নামে খুনের নালিস গ্রাহ্য না করিয়া কেবল হত ব্যক্তির প্রতি আক্রমণকরণের নালিস গ্রাহ্য করিলেন। অপর গত মাসের ১৫ তারিখে ঐ মোকদ্দমা উপস্থিতমতে তাবৎ সাক্ষ্য শ্রবণে আসামীর ১০ টাকা জরীমানার হুকুম হইয়া খালাস হইল।

ইউরোপহইতে শেষাগত সম্বাদ।

ইউরোপহইতে স্থলপথে সংপ্রতি দিসেম্বর মাসীয় প্রথমপর্য্যন্তের সম্বাদ পঁহুছিয়াছে তদ্দ্বারা অবগম হইল যে তৎসময়ে ইউরোপে টাকার বাজার অত্যন্ত অস্থৈর্য্যাবস্থায় ছিল। ইঙ্গলণ্ডদেশের উত্তর ও মধ্যপ্রদেশের যে এক ভারি বেঙ্কের ৩০।৪০টাকুঠী ছিল তাহা বজায় রাখণার্থ ইঙ্গলণ্ড দেশের প্রধান বেঙ্কের অর্থ সাহায্য করিতে হইয়াছিল তাহা না করিলে এমত দুর্ঘটনাঘটিত যে তাবৎ শিল্পপ্রধান প্রদেশে অসীম গণ্ডগোল হইত। লণ্ডননগরের এক কুঠী একেবারে বন্দ হইয়াছিল ঐ কুঠীর কর্জ ৪০ লক্ষ টাকা এবং কার্লাইল নগরস্থ এক বেঙ্কও দেউলিয়া হইয়াছিল কিন্তু বোধ হয় যে পরিশেষে তাঁহারা প্রায় তাবৎ দেনা পরিশোধ করিতে পারিবেন। এবং গাণ্ডী নগরেও অনেক ক্ষুদ্র২ কুঠী দেউলিয়া হইয়াছে।

ফ্রান্সদেশীয় অপদস্থ রাজা চতুর্থ জজ ডসন চার্লস লোকান্তরগত হইয়াছেন।

ডন মিগুয়েল পোর্ত্তুগালদেশে পুনর্ব্বার পাদার্পণকরণের উদ্যোগ করিতেছেন।

অপর ১০ জানুআরি তারিখে দমাসেক হইতে পত্র আগত হইয়াছে। তাহার স্থূল বিবরণ যেপর্য্যন্ত ব্যক্ত হইয়াছে সে এই।

ইঙ্গলণ্ডদেশের রাজমন্ত্রিরা এইক্ষণে স্ব২ পদাবস্থানে অতিদৃঢ় দৃষ্ট হইতেছেন। সুরিয়াদেশ অতিশান্ত আছে। রেজশিড বাদশাহ পরলোকগত হইয়াছেন। ইস্তাম্বুলনগরে মারীতে ভূরি২ লোক মরিতেছে। ইবরাহিম পাশা মিসর দেশে প্রত্যাগত হইয়া মক্কার নিকটে আরবীয়েরদের সহিত যুদ্ধকরণার্থ প্রস্তুত হইতেছিলেন। রুসীয়ার বাদশাহ এমত হুকুম করিয়াছেন যে সরকাশিয়া দেশের সমুদ্রের তাবত্তট একেবারে অবরুদ্ধ হয় কেহ গমনাগমন করিতে না পারে।

অবগত হওয়া গেল যে রাজকার্য্য নির্ব্বাহার্থ ৩১ জানুআরি তারিখে পার্লিমেণ্টের একত্র সমাগম হইতে স্থির হইয়াছিল।

আশ্চর্য্য ধন বৃদ্ধি।

ইঙ্গলণ্ডহইতে শেষাগত সম্বাদের দ্বারা অবগত হওয়া গেল যে লণ্ডননগরস্থ ডে নামক এক জন সাহেব চর্ম্মপাদুকার কালী প্রস্তুতকরণ ব্যবসায়ে বহুকালাবধি নিযুক্ত থাকিয়া সংপ্রতি লোকান্তর গত হইয়াছেন এবং এইক্ষণে প্রত্যক্ষ হইল যে ঐ ক্ষুদ্র ব্যবসায়েতে তিনি ৪৫ লক্ষ টাকা সংগ্রহ করিয়া যান।

terfeited to avoid any interrogation which might lead to his detection, and accordingly to rouse him, after in vain endeavouring to get an answer from him, struck him two or three blows upon the face with a bridle, when he fell down, Mr. Goldsmid immediately placed him in a palkee, sent him off to his house, and reported the circumstances to Mr. Miles, the Principal Collector and Magistrate, who sent a European Surgeon to attend the man. In a few days afterwards he died, and Mr. Miles having reported the circumstances most fully to Government, a bill was presented against Mr. Goldsmid for man-laughter which the grand Jury ignored upon, but found one for assault. Upon the case being called on the 15th ultimo, and the evidence heard, the defendant was discharged on paying a fine of ten rupees.

European Intelligence.

Intelligence has been received from England to the beginning of December overland, from which we learn that the state of the money market still continued to be most unsatisfactory. The Bank of England has been obliged to come forward to the assistance of the Northern and Central Joint Stock Bank, which has from thirty to forty branches, in order to prevent a crisis which would have created the greatest distress among the manufacturing districts. One house had already stopped payment, and its engagements were said to be of £400 000. One of the Carlisle Banks had also stopped payment, but it was supposed would pay a good dividend. There had been a large failure at Dundee.

Charles the X. the Ex-King of France is dead.

Don Miguel has been endeavouring to make a descent upon Portugal.

Letters have been received from Damascus to the 10th January. The following items have transpired. The Ministry are supposed to be firm—Syria was tranquil—the Redschid Padsha was dead—The plague was making fearful ravages at Constantinople—Ibrahim Pasha was returning to Egypt to direct operations against the Arabs in the neighbourhood of Mecca—Russia has declared the Maritime Coast of Circassia in a state of blockade.

Parliament was appointed to meet for the discharge of business on the 31st of January.

Astonishing increase of wealth.

By the latest accounts from England we learn, that Mr. Day of London, who has been long engaged in the manufacture of blacking, has recently died, and has left, as the result of this business alone, the sum of *forty-five lakhs* of Rupees.

বাঙ্গালা সমাচার পত্রের মর্ম্ম।

সমাচার পত্রের বিজ্ঞাপনানুসারে গত বুধবারে শ্রীযুত বড় সাহেবের বাটীর প্রধান হালে হিন্দুকালেজের ছাত্রেরদের বার্ষিক পরীক্ষা হইয়াছিল তৎকালীন শ্রীযুত লার্ড বিসাপ সাহেব ও শ্রীযুত মেকালি সাহেব তথা শ্রীযুত সেক্সপিয়র সাহেব এবং অন্যান্য বহুতর সম্ভ্রান্ত সাহেবেরা উপস্থিত ছিলেন এতদ্দেশীয় লোকেরদের মধ্যে শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর শ্রীযুত বাবু রসময় দত্তপ্রভৃতি অনেক বাবুরাও গিয়াছিলেন এবং ছাত্রেরা নাটকের যে সকল বিষয় অভ্যাস করিয়াছিলেন তাহাতে পরীক্ষা উত্তমরূপ দিয়াছিলেন বিশেষতঃ সকলের দর্শনার্থ যে চিত্রি করিয়া টেবিলের উপরে রাখিয়াছিলেন তাহা দর্শনে দর্শকেরা অত্যন্ত আহ্লাদিত হইয়াছেন।

এই সুদৃশ্য পরীক্ষাকালীন অন্য এক ঘটনা হইয়াছিল তাহা সকলে জানিয়াছেন অতএব আমরা তদ্বিষয়ে কিঞ্চিৎ লিখিতেছি ঐ বিষয় ইঙ্গিতে কহিতেছি গবর্ণমেণ্ট হৌসে তৎকালীন উপস্থিত অনেক সম্ভ্রান্ত ব্যক্তিকে চোপদার ও চাপরাসিরা তথাহইতে বাহির করিয়া দিয়াছিল অনন্তর শ্রীযুত লার্ড সাহেবের গুপ্ত সেক্রেটরি সাহেবের সহিত আমারদিগের পত্র লেখালেখি হইয়াছিল অতএব আমরা পাঠকবর্গকে জ্ঞাত করিতেছি ঐ অন্যায় কার্য্য কেবল চাকরেরদের দোষেতেই হইয়াছে কেন না শ্রীযুত বড় সাহেবের অভিলাষ ছিল কোন গোলযোগ না হইয়া তাঁহার গৃহে যত লোকের সমাবেশ হয় তত লোকের স্থান দিবেন তাহাতে চাকরেরা এইরূপ করিবাতে চাকরদিগকে বিলক্ষণ দমন করিয়াছেন এবং হুকুম দিয়াছেন পুনর্ব্বার কোনপ্রকারে এরূপ অন্যায় হইবেক না অতএব আমরা সকলকে বলি আর কেহ সমাচার পত্রেতে এবিষয় উপস্থিত না করেন।

আমরা আহ্লাদপূর্ব্বক পাঠকবর্গকে বলিতেছি হিন্দু ফ্রিস্কুলের ছাত্রেরদের পরীক্ষা যাহা টাকার অভাবে গত দুই বৎসর হয় নাই ঐ পরীক্ষা অদ্য দশ ঘণ্টাসময়ে হিন্দুকালেজের হালেতে হইবে অতএব আমরা প্রার্থনা করি এতদ্দেশীয় বালকদিগের বিদ্যাশিক্ষাবিষয়ে যাঁহারদিগের অনুরাগ আছে তাঁহারা ঐ কালীন উপস্থিত হইয়া পরীক্ষা দর্শন করেন তাঁহারদিগের আগমনেতে দৃষ্টি সৌষ্ঠব আছে এবং শিক্ষক ছাত্রসকলেই বিদ্যা দান গ্রহণবিষয়ে উৎসুক হইবেন বিশেষতঃ হিন্দু ফ্রিস্কুলেতে কি উপকার হইতেছে তাহা সাধারণের গোচর হইলে ঐ বিদ্যালয়ের ব্যয়বিষয়ে অধিক সাহায্য হইতে পারিবে।

পাঠকবর্গের মধ্যে অনেকে জানেন প্রথমত হিন্দুকালেজের ছাত্রেরা এই বিদ্যালয় স্থাপন করেন এবং বেতনদানে অক্ষম লোকেরদের ন্যূনাধিক দুই শত বালক ঐ স্থানে বিদ্যাভ্যাস করিতেছে এই বিদ্যালয়ের খরচ এপর্য্যন্ত প্রজার দানেতেই চলিয়াছে কিন্তু শ্রীযুত বাবু ভুবনমোহন মিত্র যিনি অবিশ্রান্ত পরিশ্রমেতে নির্ব্বাহ

Spirit of the Native Papers.

Agreeably to the advertisement in the newspapers the annual exhibition of the Hindoo College took place on Wednesday last, at the grand Hall of the Government House, when prizes of books were distributed to the successful boys by his Lordship the Governor General. The Lord Bishop of Calcutta, the Honourable Messrs. Macaulay and Shakespear, and several other highly respectable individuals were present on the occasion. The attendance of native gentlemen, among whom were Rajah Kalee Krishna Bahadoor, Biboos Prussunno Coomar Tagore and Russomoy Dutt, was numerous. The ceremony went off with the usual *eclat*. Most of the pieces that were recited were delivered correctly and gracefully and the Drawings that were laid out for public inspection pleased the visitors.

Connected with the exhibition of the Hindoo College, a circumstance has been made known to the public, on which we beg to say a few words. We allude to the fact of several respectable native gentlemen being turned out of the Government House by the peons and chobdars in waiting. On this subject we had some communication with the Private Secretary of Lord Auckland, which enables us to assure our native readers that this incivility entirely originated with the servants, for his Lordship was particularly desirous that the attendance on this occasion should be as numerous and unrestricted as was consistent with good order. The servants have been spoken to and reprimanded, and we have no doubt that in future proper measures will be taken to check their impudence. We mention these particulars with a view to prevent further public discussion.—*Gyan.*

We are happy to announce to our readers that the annual public examination which did not take place the last two years for want of funds, &c. of the *Hindoo Free School* will be held this morning at 10 A. M. at the Hindoo College hall. We are particularly desirous to see on this occasion a full attendance of those respectable gentlemen both in the European and Native community who take an interest in the diffusion of knowledge among our countrymen as it will not only give a certain *eclat* to the scene which will encourage both the pupils and the teachers; but by making the usefulness of the institution more generally known elicit more of the public patronage than it has hitherto enjoyed. Many of our readers are no doubt aware that this is a private seminary which was first set up by some of the alumni of the Hindoo College, where upwards of two hundred children whose parents are generally very poor, receive every morning from 6 to 9 A. M. instruction in the rudiments of the English language. It has been always supported by private benevolence; but we understand that the fund at the disposal of the secretary

করিয়া থাকেন তাঁহার হস্তে এইক্ষণে টাকা অধিক নাই অতএব আমরা ভরসা করি এতদ্দেশীয় লোকেরদের শিক্ষার্থ এডুকেসন কমিটির হস্তে যে টাকা ন্যস্ত আছে প্রতিমাসে তাহার কিঞ্চিদংশ দিয়া এই বিদ্যালয় রক্ষা করিবেন এতদ্বিষয়ে এডুকেসন কমিটির নিকট প্রার্থনা করণেতে আমারদিগের লজ্জা বোধ হয় কিন্তু হিন্দু স্কুলের সাহায্যকরণ যাঁহারদিগের অবশ্য কর্ত্তব্য তাঁহারদিগের মনোযোগাভাবে অগত্যা প্রার্থনা করিতে হইয়াছে।—জ্ঞানান্বেষণ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

নীচে লিখিতব্য বিষয় আমার কোন মৈত্রের স্থানে অবগত হইয়া অতিশয় আহ্লাদপূর্ব্বক নিকট পাঠাইতেছি ভরসা করি অনুগ্রহ প্রকাশ করিয়া প্রকাশ করিবেন।

প্রায় দশ বার দিবস হইল এতদ্দেশীয় এক স্ত্রীলোক কোন কার্য্যান্তরে হুগলি জিলাতে গিয়াছিল। পরে কর্ম্ম নির্ব্বাহ হইলে একাকিনী এক নৌকা আরোহণপূর্ব্বক কলিকাতা নগরে ফিরিয়া আসিতেছিল। ঐ নৌকা রাত্রী দুই কিম্বা তিন দণ্ডেরসময়ে চিৎপুর সন্নিকটে পঁহুছিয়াছিল দাঁড়ি মাঝি লোকেরা স্ত্রীলোককে একাকি পাইয়া পরামর্শ করিল যে পথিমধ্যে ইহাকে নষ্ট করিয়া গহনাপত্রাদি লুঠিয়া লইব অতএব রাত্রি আগমনে নির্ভয় সময় পাইয়া কোন ভয় না করিয়া ঐ স্ত্রীলোককে বধ করিতে উদ্যত হইল। কিন্তু এমত বোধ হয় যে পরমেশ্বর আপনি ঐ অবলার রক্ষার্থে অনুকূল হইলেন কারণ তাহার চীৎকারশব্দ নিকটস্থ কতকগুলি লোকের কর্ণগোচর হইল। যেহেতুক নৌকা কিনারা দিয়া যাইতেছিল ঐ লোকেরা ঐ স্থানে আসিয়া সকলি জ্ঞাত হইল এবং জলে ঝাঁপিয়া পড়িয়া নৌকা ধরিল। এই সম্বাদ শীঘ্র প্রচারহওনে তথায় বিস্তর লোকের সমাগম হইল। যাহা হউক আমরা শ্রবণে অতিশয় আহ্লাদিত হইলাম যে দুষ্ট লোকেরা সমুদয় গ্রেপ্তার হইয়া চব্বিশ পরগনার মাজিস্ত্রেট সাহেবের নিকটে চালান হইয়াছে।

কস্যচিৎ কোননগরনিবাসি এন সি এম।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

১১২৩ সংখ্যক দর্পণে নিষ্করভূম্যাদি প্রসঙ্গে শ্রীযুত বাবু রামলোচন ঘোষজ মহাশয়ের লিখিত পত্র এবং শ্রীযুত প্রভাকর সম্পাদক মহাশয়ের উত্তর তথা শ্রীযুত মুন্সী আমীরপ্রভৃতির দ্বিতীয়োত্তর ও ঐ ঘোষ বাবুজীর প্রত্যুত্তর সকল প্রত্যেক পাঠান্তে মহানুভব মহাশয়েরদিগের অনেকানাধিকার চর্চ্চানাবশ্যকবক্তৃতামূলক বর্ণনাযুক্তোক্তিযুক্ত ভাক প্রশ্নোত্তর জানে তত্বাকাঙ্ক্ষী হইলাম। কারণ পাদ্রি ও সিবিলিয়ান সাহেবদিগের বেতন বিষয়ান্দোলনে অস্মদ্বিধজনের সম্বন্ধ কি। এবং কোম্পানির ঋণ ও বাণিজ্যবিষয় প্রস্তাবেও বা কি ফল। মহম্মদ গজনবি ও ছোবক্তীর সহিত ভূমি দত্ত রাজারদিগের সম্বন্ধ কি।

Baboo Bhobun Mohun Mitter, to whose active zeal and indefatigable exertions the school is much indebted, have since become very limitted. We trust therefore that the Education Committee by appropriating a very trifling monthly sum for its support from the fund set apart for national education, will place it on a much more efficient footing than it has hitherto been; though we must confess we are ashamed to ask their aid. The apathy of those whose duty it is to assist in such undertakings compels us however to seek for this support.—*Ibid.*

Correspondence.

To the Editor of the Durpun.

Sir,—Being furnished with the materials of the following subject by some of my excellent friends, I feel myself very happy in sending it to you, hoping at the same time, if it is worth public notice, you will kindly insert it in your next number.

About ten or twelve days ago, a female who had been on some occasion in Hooghly, was returning from that place unaccompanied by any one in a small boat to Calcutta; the boat no sooner came near Chitpore than the night approached. The boatmen finding her alone had proposed to rob her, as she had some golden ornaments on her person. Now, therefore, perceiving the night as the best opportunity for executing their wicked design, they were just ready to kill her. But providence seemed to interpose in her behalf. Her cries reached the ear of some men who had been at a little distance as the boat was passing along the coast. These persons, curious to know the matter, hastened to the strand, and when they were acquainted with it, they leaped forth upon the water and seized the boat. As the news spread over with rapidity, a multitude of persons soon resorted there. We are glad to hear that the villains are all apprehended and sent with their boat to the Magistrate of the 24-Pergunnah. So far we have been informed on the subject,

Yours obediently,

N. C. M.

Kunnagur.

To the Editor of the Durpun.

Seeing in the 1123d Number of the Durpun the article regarding rent-free lands from Baboo Ramlochun Ghose, and also the article of the Editor of the Prubhakur, likewise the reply of Moonshee Ameer and others, and the second reply of Baboo Ramlochun, and seeing that they were entering on subjects beyond their province, and into useless discussions, which had no foundation in reason, and were taking up fictitious questions, I am anxious to go to the root of the matter. What connection is there between men like us and the enquiry regarding the salaries of the clergy and the civilians; and what use is a discussion regarding the Company's debts and the question of their obligations? What association is there between the Mohamed of Ghizni or Soobuktgin and the sovereigns who have bestowed lands?

২। রাজা ও রাজকার্য্যকারী স্বীয় ধর্ম্মোপদেশকেরদিগের রাজকোষহইতে বেতনের বাহুল্যতা যত করেন ততই ভাল কেন না অন্যাপেক্ষা রাজধর্ম্মশাসক ব্যক্তির ধার্ম্মিকতা ও বিজ্ঞতার আবশ্যক করে তাহা নিশ্চিন্ততাভাবে অভাব হয় অতএব তাঁহারদিগের গরিষ্ঠপদ ও বহু বেতন সর্ব্বথাই যোগ্য যদ্দ্বারা নিষ্পক্ষপাতিত্ত্বাবলম্বনে সচ্ছন্দ নির্ব্বিঘ্ন ধন্যবাক্য জন্য রাজার পুণ্য জননে দেশের মঙ্গল সম্ভাবনা যদ্যপি তাঁহারা প্রজা পীড়ন ও ভাবুশ নিষ্কর কাড়িয়া লওন ব্যাপার চাক্ষুষ দেখিয়া মৌনাবলম্বন করেন তবে তাঁহারদিগের ধর্ম্মোপদেশকতা স্বয়ংই উপহাস্যহইবে। সিবিলিয়ান মহাশয়েরদিগেরও তদ্রূপ তাঁহারা নিজ ন্যায্য ব্যয় বিষয়ে যত নিশ্চিন্ত থাকিবেন ততই নিরুদ্বেগ হইবেন তাহাতেই দেশের মঙ্গল। এবং উপস্থিত বিষয়ে অনেক বিজ্ঞ মহাশয়েরা রাজোপদ্রব জানিয়া ন্যায্য২ বিচার দ্বারা ব্যক্তরূপে যুক্তোপদেশ করিতে অশক্ত হইয়া দুঃখার্ণবে পতিত প্রজাগণের উদ্ধার বিষয়ে মানস মজ্জমান দৃষ্ট হইতেছেন।

৩। এমত আদেশ প্রকাশ নাই যে নিষ্কর ভূমির কর স্থির করিয়া তাহাহইতে ইজারার নিয়ম মধ্যে কোম্পানি ঋণ পরিশোধ করিবেন অতএব সেটা আনুমানিক কল্পনা। তাহার আয় ব্যয় বিষয়ে আমারদিগের কোন প্রসঙ্গ করা উচিত নহে। এবং এক চেটিয়া বাণিজ্যের বিষয়েও তদ্রূপ যদ্যপি তদ্দ্বারা ভবিষ্যৎ কোন বিরূপ দৃষ্ট না হয় সংপ্রতি নানা দেশীয় প্রজাগণের মঙ্গল বটে। কিন্তু শ্রীযুত ইঙ্গলণ্ডাধিপতি ও মন্ত্রিগণ ভবিষ্যৎ বিষয় সকলই অনুধাবন করিতেছেন ও করিবেন যে ইজারার নিয়মকাল মধ্যে ঋণ পরিশোধার্থে প্রজ্বলিত বলবদনলরাশি দ্বারা বিকল নিষ্কর্ষানন্যাধিক ব্যক্তি সকলের কল্পিত তদ্দাহোপশামিকা নিষ্কর ভূমিরূপা জীবনধারা বারিতা হইলে সেই অকৃতি সকলের প্রজ্বলিত নিশ্বাসাগ্নি দ্বারা ভস্মসাৎ হইয়া ক্রন্দনের জল সমুদ্র প্লাবিত হইতে কি অবশিষ্ট থাকিবে যে ঐ নিয়মকালের পর তাহা লইয়া শ্রীশ্রীরাজাধিরাজ রাজ্য করিবেন।

৪। মহম্মদ গজনবি ও ছোবক্তগীর বংশীয় মোসলমান দিল্লীর রাজ্যাধিপতিরা নহেন তাহারা দিল্লীর ও তন্নিকটবর্ত্তি কএক স্থান একাদশ বারাক্রমণপূর্ব্বকানেক পরাজয় করিয়া অনেক ভৃত্যকে ঐ রাজ্যার্পণ করিয়া গমন করে। তৎপরে তাহারদিগেরহইতে অন্যের রাজ্য হয়। তবে শেষে মহাপ্রতাপী তৈমুরের রাজ্য হয় তাঁহার সন্তানেরা ক্রমে রাজ্য করিতেছেন ঐ মহাপ্রতাপী প্রজা পীড়ন করিয়া রাজ্য লন নাই। রাজ ধর্ম্ম দ্বারা রাজ্য গ্রহণ করেন যে মহাশয়েরা তৈস্ব হিন্দুস্থানীয় অর্থাৎ তোওয়ারিখ হেন্দাবলোকন করিয়াছেন তাঁহারা তোজক তৈমুরী পুস্তকাবলোকন করিলে নির্ভ্রম হইতে পারিবেন। যদি যুদ্ধাদি দ্বারা রাজ্য গ্রহণ বিষয়ে তর্ক করেন তাহা অনুচিত বিশেষ কারণসহকারে রাজ্য গ্রহণের প্রতি সমদমাদি নিয়ত কারণ তাহাতে কদাপি রাজা দোষাহ নহেন বীরভোগ্যা বসুন্ধরা। কথিত আছে যে ব্যক্তি সুশাণিত করবালাগ্র প্রতিক্ষণে চুম্বন করেন তিনি পৃথিবী রূপাকন্যা বশতাপন্না করিয়া ক্রোড়ে রাখিতে পারেন।

ভিন্নদেশীয় ভিন্নজাতীয় রাজার ও প্রজার যে সম্বন্ধ তাহা হিন্দুস্থানীয় মনুষ্যকর্ত্তৃক মোসলমান রাজার সহিত ছিল ও এইক্ষণেও আছে প্রজাস্থলে দাসোল্লেখ। প্রজাও যদি যো

2dly. The more the king or the ruler of the country increases the salaries of his spiritual instructors from the public treasury the better, because those who rule the country have peculiar need of knowledge and holiness, for if they are not informed on these subjects, they cannot govern; hence their situation ought to be honourable and their salaries large, because they will thereby become impartial and without difficulty or fear be able to promote the welfare of the country and secure credit to themselves, and merit to the sovereign. *If seeing with their own eyes the oppression of the people and the snatching away of rent free lands the clergymen remain silent, their religious instruction will be a mere farce.* The same may be said about the Civilians; the more their minds [illegible] ease on the subject of their private expenditure, the more will they be free from anxiety and the country will gain by it; and upon this subject many intelligent men, considering it an act of oppression on the part of Government, and being unable to make known their own reasonable opinion upon the subject, are still labouring with their minds for the relief of the people who have fallen into such distresses.

3dly There is no such order as to demand rent upon free lands and from this amount to liquidate the debts of the Company; that question therefore is quite gratuitous; it is not fit for us to entertain any question regarding the receipts and expenditures of our ruler. The same may be said with regard to the monopoly. If no eventual injury arises from it, then there is no immediate injury whatever to the people, but the King of England and his ministers have looked and will continue to look upon the future, and not deprive the natives who live entirely by rent-free lands of the only means they have of obtaining a subsistence. Mohamud of Ghizni and Soobuktgin, and their successors were not the sovereigns of Delhi; they made eleven incursions into India, *and having secured large* conquests gave the place to their descendants and retired. The empire was afterwards trasferred to others; at length it fell into the hands of the family of Timour whose descendants long continued to sit upon the throne. This family did not obtain the empire by injustice. They attained it by their royal virtues. Those who have read Touz Hindoosthannee, that is to say the Towarik Hindee, will have all their doubts dispelled, by reading the Tougauk Timooree. If you enquire about the acquisition of the country by conquest, the enquiry is unjust; for there are but two ways of acquiring empire, one by force the other by council, and the conqueror is not to be blamed for employing either of the means, for the earth belongs to the strongest; as they say he who can kiss the point of his sword is capable of conquering the world and bringing her like a female into his own lap. The intimate connections which subsisted between subjects and sovereigns of distant races, subsisted between the Hindoos and *Moosulmans* and still subsists, although those who once were subjects, have *under the British Government* become slaves. If the distress of the people is greater *under the English* than it was under the *Moosulman* Government then the people may bless God for

সলমান রাজার রাজ্যকালীন দুঃখাপেক্ষা ভ্রিম রাজার রাজ্যসময়ে দুঃখানুভব করেন তবে অর্থাৎ ঈশ্বরের ধন্যবাদ সেই পূর্ব্বকার মৃত চেলাপহারককে দেওয়া যোগ্য কহিতে পারি ইত্তিবৎ। যদি কহেন পূর্ব্বসময়ে ধর্ম্মকর্ম্ম ও ধন প্রাণের হানি ছিল কিন্তু তাহা কোন দেশে কোন ব্যক্তির প্রতি ছিল সংপ্রতি সর্ব্বসাধারণে সর্ব্ব দেশের তদ্বিষয়ের প্রতি বলিয়া ইহার গৌরব বলা যাইবেক।

৫। প্রকৃত প্রস্তাবিতবিষয়ে যে উল্লেখ হয় বিশেষ কারণবিশিষ্ট ব্যক্তিকে রাজা নিষ্কর রূপে ভূমি প্রদান করার ক্ষমতাপন্ন হন এবং সাধারণের তুল্য স্বত্ব রাজা কেবল বিচারকর্ত্তামাত্র। তদংশ পাঠদ্বারা বাবুজির যেপর্য্যন্ত অপূর্ব্বানির্ব্বচনীয় বিজ্ঞতমত্ত্বাবগত হওয়া গেল [illegible]সাধ্য। রাজ্য বিষয়ে রাজার স্বত্বাভাবকল্পনে করগ্রহণ নিষ্কারণ হইয়া দস্যুধর্ম্ম হইতে পারে একারণ রাজার স্বত্ববিশিষ্ট ভূমি ভোগকরণ কারণ করগ্রহণ ফল কল্পনাযুক্তি উক্তি করা উচিত। যদ্দ্বারা রাজত্ব প্রজাত্ব প্রভুত্ব ভৃত্যত্বপ্রভৃতি সম্বন্ধ সঙ্গতি বিষয়ে বিরোধাভাব সঙ্গত হয়। যদি ক্রম প্রাপ্ত স্বত্বাধিকারী বর্ত্তমান থাকিতে তদ্ভূমিতে অন্যের স্বত্ব কিরূপে হইতে পারে।

উত্তর রাজনীতিযুক্ত বিশেষ কারণসহকারে ধর্ম্মসংস্থাপনার্থ ও প্রজা রক্ষার্থ সমদমাদিতে করিয়া অন্যকে দমন করিয়া রাজ্য গ্রহণ করা রাজধর্ম্ম হয়। রাজার যে২ ধর্ম্ম তাহা রাজধর্ম্মাবলোকন করিলেই জানিতে পারিবেন এবং জ্ঞাতও আছেন ইহাতেই বোধ হয় পত্ররচনা পরিপাটী বাবুজির আন্তরিক না হইবেক কেবল রাজসন্তোষার্থই। অতএব ধর্ম্মতো রাজ্য গ্রহণকরণেই পূর্ব্ব স্বত্ব নাশ পর স্বত্বোৎপত্তি। কিন্তু পূর্ব্ব২ রাজাকর্ত্তৃক প্রজাগণকে কোন বিশেষ কারণবশতঃ দত্ত কিম্বা ধর্ম্মার্থ দত্ত ভূম্যাদিতে পূর্ব্ব রাজার স্বত্বাভাবপ্রযুক্তাপর রাজার স্বত্বাভাব। যদি তর্ক করেন প্রজার ভূম্যাদিতেও ঐরূপ স্বত্বোৎপত্তি হউক এমত কহা যায় না তাহা হইলে প্রজাপালকতা ও ধর্ম্মসংস্থাপকতা ও অপক্ষপাতিত্বাদি নিত্য ধর্ম্মতার হানিতে তদ্বিষয়রাজতার বিরোধ সম্ভবে। অতএব প্রজার ধন ও প্রজার স্বত্বাস্পদীভূত ভূম্যাদিতে রাজার স্বত্বাভাব। এতাদৃশ বিচারে নিষ্কর ভূমি কোনমতে কর যোগ্য হয় না। যদ্যপি কোন রাজা ছলে কিম্বা বলে গ্রহণ করেন তবে তিনি প্রধান দস্যু মধ্যে গণ্য হইতে পারেন।

৬। যদি প্রথম রাজ্যাধিকারকরণ সময়ে রাজার রাজ্য লইয়া তদ্দত্ত বলিয়া অপহরণ করিতেন কিম্বা উত্তরকালে লওয়া যাইবেক এমত ঘোষণা করিতেন তাহা হইলে রাজার রাজ্যের সহিত সর্ব্বস্ব গেল এমত জ্ঞানে এত দুঃখের বিষয় হইত না তৎক্ষণে কাল্পনিক স্থির রাখায় স্থির বিশ্বাস হওয়াতে অনেক২ ব্যক্তি পক্ষিবৎ কণোপরি বিস্তৃত জাল দর্শন না করিয়া বিষয়রূপ ফাঁদে পড়িয়াছেন অর্থাৎ ক্রমে অভিগৃহীতা ব্যক্তির হস্তান্তর হইয়া যত আসিয়াছে ততই অন্যে নির্ক্ষোভপূর্ব্বক ক্রয় করিয়াছেন। এবং তদ্রক্ষার্থ ও নিজ ন্যায্যস্থিরকরণার্থ রাজদ্বারে বহু সংখ্যকার্থ ব্যয় করিয়াছেন যাহা সংপ্রতি অন্যায্য কহিয়া লইতে উদ্যত এমত সঙ্কটেই প্রায়। অতএব জিজ্ঞাস্য এতাদৃশ

the *Moosulman* Government, just as the roguery of the father who stole the vestments of the dead was forgotten in the roguery of the son who not only stole the garments, but insulted the corpse. If it be said that formerly the religion, wealth and life of the people were in jeopardy, it must be acknowledged that this refers only to particular places and particular persons, whereas now, the same danger awaits every one every where.

5th. In reference to the real question in hand, it appears certain that the King has the power to give lands rent-free to particular individuals for particular reasons, and each one then has a particular right to the land; the sovereign being merely the judge. The unrivalled indescribable reasoning of this Baboo we cannot sufficiently admire. Now if it be said, that the sovereigns have no connection with the land, then the levying of revenue, having no adequate reason, will appear to be an act of robbery and the question is therefore about the levying of revenue from those who enjoy lands in which the sovereign has a right; and thus the connection between the King and his subjects, between the lord and his servants is established without controversy. If you say how can any other individual have a right in the land while the former owner who acquired it gradually, still exists; we reply, that according to the rules of Government it is one of the prerogatives of sovereignty to expel others and take possession of the country in order to establish religion and secure the welfare of the people. What are the peculiar obligation of the King, may be learnt from reading the Raj Dhurmu, and the Baboo cannot be ignorant of it, hence it would seem as though the opinions in the letter were not his own but were adopted to please his superiors. When therefore the country is taken possession of, the rights of the old possessors are destroyed and new rights are created. But as the old sovereign had no right in those lands which were given away to the subjects for any purpose secular or religious, so the new sovereign can have no right in them. If you should say that on this reasoning the king can acquire a right to the lands the people also, this cannot be, for then the King would be divested of all his Royal virtues, of cherishing the people and establishing religion and acting impartially, and he ceases to be a King. Hence the King can have no right over the wealth and lands of his subjects; and upon this reasoning the assessment of rent-free lands cannot be justified. If any sovereign through fraud or force take possession of them, he must be content to rank among depredators.

6th. If on first taking possession of the country these lands had been taken away as the grants of the former dynasty, or it had been proclaimed that they would be taken away, the people would have said that their old Kings having gone, every thing was gone with them, and would have felt less distress; but from carefully avoiding any such declaration at that time, confidence was created, and many persons not seeing, like birds who cannot perceive, the net fell into the snare, and these lands have changed hands throughout the country, and in order to preserve those lands and to establish their title, many have laid out much money among the public functionaries, and yet these lands they are now endeavouring

স্থানে তদ্ভূমিভোগির ভূমি কোন্ বিচারে লওয়া যায়।

৭। যে অভিপ্রায় লেখেন যে সনন্দ যথার্থ রূপে স্বাধীন ব্যক্তির লিখিত কি না বিচার হইবেক তাহাতে আপত্তি কি তাহাতেই আপত্তি সমূহ কারণ রাজার রাজ্য গ্রহণকালাবধি এইকালপর্য্যন্ত যে ভূমিতে যাহার স্বাধীনতা সূর্য্য মরীচি সদৃশ প্রত্যক্ষ থাকিতেও নেত্রপটাবচ্ছন্ন সদৃশ হইয়া এক টুকরা দানপত্র শত২ বৎসরান্তে তত্তকরণ কেবল ছলে লওন বই বিচারাভিপ্রায় কিরূপে কহা যাইতে পারে। কেন না সংপ্রতি কোম্পানির ও রাজকর্ম্মকারকেরদিগের অত্যল্পকালিকা পূর্ব্বাট্টালিকান্তর্গত ইষ্টকাদি নির্ম্মিত সুপরিষ্কৃত গৃহমধ্যে কাষ্ঠ লৌহাধার সম্পুটে সম্পুটিত ফণি সদৃশ ভৃত্য প্রভৃতির দ্বারা মহামল্লকর্ত্তৃক রক্ষিত কাগজ পত্র শত২ স্থানের নষ্ট হইয়াছে তাহা প্রথিতই আছে। অতএব তৎক্ষণের নানাবিধ বর্গী দস্যু তস্করপ্রভৃতির দৌরাত্ম্যতা জন্য নিকেতনহীন দীন ব্যক্তি সকলের কীট ও অগ্নি ও জল প্রভৃতিতে কাগজপত্র নষ্ট না হইয়া কাহারো২ যে আছে সেই অত্যাশ্চর্য্য।

৮। যদি এমত তর্ক করেন যে তৎসময়ে উত্তম রাজশাসনাভাবে রাজার অজ্ঞাতই অন্যায়তঃ প্রজাসকলে ভূমি লইয়াছেন। এমত যোগ্য নহে কারণ রাজার দ্রব্য বিশেষ ভূমি পদার্থ সিন্দুকে কিম্বা পুঁতিয়া রাখিবার ধন নহে যে অন্যায় করিয়া কোন রাজা ভিন্ন দরিদ্র প্রজা গোপে গ্রহণ করিতে পারেন এবং চিরকাল রাজ্য শাসনের বিশৃঙ্খল হয় না এবং হয়ও নাই। যদ্যপিও রাজার অননুমতিতে কোন মণ্ডলাধীশ ও রাজকার্য্যকারী ও প্রজাগণ কোন ব্যক্তিকে দিয়া থাকেন তবে তদ্বিষয়ে রাজার মৌনাবলম্বন ও তদ্বিষয়ের নানাসিদ্ধার্থ উদ্যোগাকরণ এবং তদ্দত্ত দাতাকে ভৎর্সনাকরণই তৎসম্মতি কহিতে হইবেক যদ্যপি কহেন তদ্বিষয় শ্রবণ না করিলে বিরোধী হইতে পারেন না এতাদৃশ বিতর্ক কুতর্ক বলিয়া বহিষ্কৃত হইতে পারে। কারণ সর্ব্বদেশাবচ্ছেদে প্রায় সর্ব্বজন কর্ত্তৃক সম্পাদিত এতাদৃশ বিষয়াশ্রুত হওয়া কদাচ যোগ্য হয় না।

৯। নিষ্কর ভূমি কাড়িয়া লওনের প্রত্যুপকারে কএক ক্ষুদ্র দ্রব্যাদির কর উঠান যে প্রকাশ হইয়াছে তাহাতে কেবল পথিক জনের স্থানে২ ঘাটওয়ালাকর্ত্তৃক নানা ক্লেশ দূর হইয়াছে এইমাত্র। ইহাতেও আমারদিগের উপকারাঙ্গীকার আছে। কিন্তু এই প্রার্থনা করি বরং ব্যবহার্য্য দ্রব্যাদির ও মাসুল মুক্ত দ্রব্যাদির দ্বিগুণ কিম্বা ত্রিগুণ মাসুল করিয়া নিষ্কর ভূমির কর ত্যাগ করা উচিত। কারণ তদ্বিষয় গ্রহণে অনেকের সমূলোৎপাটন হইবেক মাসুল করিলে প্রজার ক্লেশ বোধ হইবেক না এবং রাজকোষ পূর্ণ হইবেক নিষ্কর ভূমি বিষয়েও প্রথম রাজকোষ পূর্ণ হইতে পারে কিন্তু ভবিষ্যৎ নানা দোষাচ্ছন্ন হইয়া রাজ্য বিঘ্ন হওনের সম্ভব এবং রাজার অপকীর্ত্তি। রাজ্য কাহারই চিরস্থায়ী নহে কিন্তু কীর্ত্তির চিরস্থায়িতা আছে এবং ঈশ্বরের ধন্যবাদ রাজা প্রাপ্ত হন ইতি।

শ্রীগোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়স্য
বিজ্ঞাপন মিতি।

to take away; hence we enquire upon what reasoning such steps can be resumed.

7th. The writer enquires what objections there can be to the examinations of the sunnuds to see whether they were given by those who had a right to give them. We have every objection to this. At the end of hundreds of years after the possession of rent-free lands has been as conspicuous as the sun at noon day to demand of them a piece of paper called a sunnud, what is it but to take away these lands by contrivance? For we perceive that the documents which have been placed even for a short time in the grand houses of the Company and its officers, built of brick and secured in these houses in chests of wood and iron, and defended by a large force, are destroyed, a fact of which nobody can be ignorant. How many of the deeds of natives, who have scarcely a house, have been lost by the aggressions of enemies, of thieves, of robbers, and even by insects, or burnt in the fire or submerged in waters. In fact it is astonishing that any papers are to be found at all.

8th. If it be said, that at that time in consequence of the weakness of Government, the people unjustly took possession of lands unknown to the rulers. This is an unworthy argument, for the land was the property of the sovereign which he could either lock up in a box or bury under the earth, that any poor man without the knowledge of the King might get possession of. Nor was the Government always relaxed. If it be said that the Zemindars or the officers of Government gave away the lands without the knowledge of the King, then the King's remaining silent on the subject and his making no efforts to recover the lands, and his not censuring the donor, must be considered as conveying his consent. If you say how could he oppose the grant of which he heard nothing; this is no reasoning at all; for it is impossible but that he must have heard of that which every body knew of.

9th. As some recompence for the resumption of lands, he says the duties have been taken off on a number of little articles; that is to say that the difficulties which travellers were subject to, have been removed. We acknowledge our obligations for this; but really it would be better to establish double and treble duties upon the articles which have been exempt from it, than to assess our lands, because the assessment will ruin many, the levying of duties will scarcely be felt, and the public treasury will be filled. By the assessment of these lands, the treasury may, indeed, for a time, be filled, but the empire will eventually suffer and the sovereign will lose his credit. Sovereignty is never stable, but renown is eternal and the blessing of God is a great object.

Govindchunder Bundopadya.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	৷৵	ঐ
২ ক্লাস	৷৹	৷৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	৷৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৹	১৪৷৹	ঐ
৪ টাকার লোন	২	২৷৹	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan.					
1st. Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	13	8	14	8	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1800—1900.

সমাচার দর্পণ

১১৩৫ সংখ্যা। বালম ১৯।] ১৫ আপ্রিল ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৪ বৈশাখ। SATURDAY, APRIL 15TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1135. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price— 1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also at the Church Mission Press, Calcutta.

সুপ্রিম কোর্ট কলিকাতা।

হরনাম মিশ্র ফরিয়াদী

রামেশ্বর পাঁড়ে দিং আসামী

ইং ১৮৩৬ সাল ১ জুলাই তারিখে এই মোকদ্দমার যে ডিক্রী হয় ঐ ডিক্রীর হুকুমঅনুসারে মৌজে খোরিখা পরগনা গামরো সাহাবাদ জিলায় যত জমি ও আওলাতওগয়রহ যে কিছু ঐ উপরি লিখিত ডিক্রীতে কথিত আছে ঐ সকল বিষয় আমার আফীসে সুপ্রিম কোর্টে ১৭ আপ্রিল বেলা দুই প্রহর লাং দুইটাপর্য্যন্ত আমি পবলিকসেলে যথার্থ মূল্যে বিক্রয় করিব।

A. DOBBS.

W. D. SHAW, ফৈং উকীল।

২। যদ্যপিস্যাৎ কোন ব্যক্তি খরিদ করিতে বাঞ্ছা করেন তবে আমার আফীসে কিম্বা উকীল সা সাহেবের আফীসে বিশেষ বেওরা জানিতে পারিবেন।

A. DOBBS.

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাত ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃকরচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৩ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

পত্রধারা।

তন্মধ্যে পাটাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীম ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সানরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠার ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ।। আনা নির্দ্ধার্য্য হইয়াছে।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned band. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhabodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vali.

Raja Vali, a History of India composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

The Bengalee Letter-Writer.

Containing Forms of Bengalee Letters, Pottahs, &c. &c. *Third Edition* Price 1 Rupee.

Dig-durshun.

The Dig-durshun, or Indian Youth's Magazine, in Bengalee only. Price 6 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

৫ আপ্রিল ১৮৩৭।

শ্রীযুত জান জাকসন সাহেব গত মাসের ২০ তারিখঅবধি আফীমের যাচনদারী ও বারাণসীর আফীন একেন্টের প্রধান আসিষ্টান্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

রাইপুরের ডেপুটি পোষ্টমাষ্টরী পদে শ্রীযুত রেনিল সাহেব নিযুক্ত হইয়াছেন ঐ নিয়োগ সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব মঞ্জুর করিয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব ধর্ম্মোপদেশক শ্রীযুত উয়াইট সাহেবের কর্ম্মান্তরের তারিখঅবধি অথবা গত ফেব্রুআরি মাসের ১৫ তারিখঅবধি ধর্ম্মোপদেশক শ্রীযুত এ হামন সাহেবকে পাটনার ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত করিয়াছেন।

শ্রীযুত হামন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ধর্ম্মোপদেশক শ্রীযুত আর বি বাইস সাহেবের পরিবর্ত্তে পুরাতন গির্জায় কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

৩ আপ্রিল।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এচ পি রসল সাহেব শ্রীযুত আর মেকান সাহেবের অনুপস্থানপর্য্যন্ত বর্দ্ধমানের একটিং প্রধান উপরি জজ হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

মালদহের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জি ডবলিউ বাটি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত ই লাটুর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত উপরি উক্ত পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

৪ আপ্রিল।

সারণের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত সি জি অডনি সাহেব স্বীয় কর্ম্ম স্থানে গমনার্থ যে সময় প্রাপ্ত হন তদতিরিক্ত দশ দিবসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত লেপ্তেনন্ত বি ডবলিউ গোল্ডি সাহেব জিলা বাখরগঞ্জের যে স্পেসিয়ল সরবেের কর্ম্মে নিযুক্ত ছিলেন চিকিৎসকের সর্টিফিকটক্রমে তাহাহইতে মুক্ত হইয়া কলিকাতা রাজধানীতে অবস্থান করত জমির নকশা প্রস্তুত করণার্থ বর্ত্তমান মাসের ২৫ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত হগন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২০ তারিখঅবধি গৌহাটিতে অবস্থানার্থ এক পক্ষের ছুটি পাইয়াছেন।

দিনাজপুরের সদর আমীন শ্রীযুত মকাই সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে আগামি মহরমের বন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

জিলা চব্বিশ পরগনার সদর আমীন শ্রীযুত চন্দ্রশেখর চৌধুরী আগামি মহরমের বন্দের পর এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

হুগলির সদর আমীন শ্রীযুত রায় রাধাগোবিন্দ বাবু চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৫ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটি পাইয়াছেন

২৫ মার্চ।

সিবিলসর্বিসীয় শ্রীযুত চার্লস মাকসুইন সাহেব উত্তমাশা অন্তরীপে গমনার্থ ব্রকসবর্ণবেরিনামক জাহাজ আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ গত মাসের ১৯ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

দিল্লীর ধর্ম্মোপদেশক শ্রীযুত এবরাষ্ট সাহেব স্বাস্থ্যার্থ দেরার উত্তর পর্ব্বতে গমনার্থ বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি আট মাসের ছুটি পাইয়াছেন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত রুসপিনি সাহেব কলিকাতায় কিল্লার ধর্ম্মোপদেশক হওয়াতে তৎপরিবর্ত্তে ধর্ম্মোপদেশক শ্রীযুত সি রালিন্স সাহেব গাজিপুরের ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

5th April, 1837.

Mr. Assistant Surgeon John Jackson is appointed to the office of Opium Examiner and 1st Assistant to the Opium Agent at Benares, from the 20th ultimo.

The Right Honourable the Governor of Bengal has sanctioned the appointment of Mr. Rennil to be Deputy Post Master at Raepore.

The Right Honourable the Governor of Bengal is pleased to appoint the Rev. A. Hammond, District Chaplain of Patna, from the date of the Reverend Mr. White's removal, viz. the 15th February last.

Mr. Hammond will continue to do duty at the Old Church, vice the Reverend R B. Boyes, until further orders.

3d April.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Mr. H. P. Russell to officiate as First Additional Judge of Burdwan, during the absence of Mr. R. Macan.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. G. W. Battye, Joint Magistrate and Deputy Collector of Malda, for one month, on medical certificate.—Mr. E. Lautour will conduct the duties of the above offices, until further orders.

4th April.

Mr. C. G. Udny, officiating Civil and Session Judge of Sarun, for ten days, in addition to the time allowed to join his station

Lieutenant B. W. Goldie has been relieved, on medical certificate, from the Special Surveying duty on which he was deputy to Zillah Backergunge, and is permitted to remain at the Presidency till the 25th instant, to prepare his plans.

Mr. T. Hugon, Sub-Assistant to the Commissioner of Assam, to remain at Gowahatty for a fortnight, from the 20th ultimo, on medical certificate.

Mr. C. Mackay, Sudder Ameen of Dinagepore, during the ensuing Mohurrum Vacation, on private affairs.

Baboo Chunder Shikur Chowdry, Sudder Ameen of the 24-Pergunnahs, for one week, after the expiration of the ensuing Mohurrum Vacation.

Roy Radhagovind Baboo, Sudder Ameen of Hooghly, for two weeks, from the 25th February last, on medical certificate.

25th March.

Mr. Charles Macsween, of the Civil Service, embarked for the Cape of Good Hope, on board the Ship *Broxbournebury*, which vessel was left by the pilot at sea on the 19th ultimo.

The Reverend Robert Everest, Chaplain at Delhi, is permitted to visit the Hills North of Deyrah, for the benefit of his health, and to be absent on that account for a period of eight months, commencing from the 1st instant.

The Rev. C. Rawlins, A. B., to be Chaplain at Ghazeepore, vice the Rev. W. O. Ruspini, A. M. transferred to the Garrison Church of Fort William.

২৭ মার্চ।

গোলেন্দাজ পল্টনের শ্রীযুত মেজর পিউ সাহেব দিল্লীর একটিং ডেপুটি পোষ্ট মাষ্টর হইয়াছেন।

১৬ মার্চ।

সাহরণপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত জি ডবলিউ বেকন সাহেব গত জানুআরি মাসের ৩১ তারিখে যে ছুটি পান তাহার অনুত্তীর্ণকাল বর্ত্তমান মাসের ৯ তারিখে গৃহীত না হইয়া স্বীয় কর্ম্ম পুনর্গ্রহণ করিলেন।

২০ মার্চ।

শ্রীযুত এ পি করি সাহেব হমিরপুরের মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্মে থাকিয়া বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি তিন মাসের ছুটি পাইয়াছেন। কিন্তু ঐ তারিখে শ্রীযুত বৌরিং সাহেব করি সাহেবের স্থানহইতে মাজিস্ত্রেটী ও কালেকটরী ভার গ্রহণ করিয়াছেন।

বান্দার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এচ ডবলিউ ডিন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ বার মাসের ছুটি পাইয়াছেন।

গোরক্ষপুরের পূর্ব্বপ্রদেশের রেবিনিউ সরবেয়র শ্রীযুত লেপ্তেনন্ত এচ এম লরেন্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সাত মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এনশাইন এচ এ আবট সাহেব শ্রীযুত লেপ্তেনন্ত লরেন্স সাহেবের প্রত্যাগমন না হওনপর্য্যন্ত সরবেয়রী কর্ম্ম নির্ব্বাহকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

দিল্লীর উত্তর পশ্চিমপ্রদেশের কষ্টম কালেক্টর শ্রীযুত জি এচ স্মিথ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটি পাইয়াছেন। হোরলের ডেপুটি কষ্টম কালেক্টর শ্রীযুত ই উইলমট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্মিথ সাহেবের পরিবর্ত্তে একটিংরূপ কর্ম্ম করিবেন।

২৩ মার্চ।

শ্রীযুত আর আলেকজান্দর সাহেব মুজঃফরনগরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

সমাচার দর্পণ

শনিবার ১৫ আপ্রিল ১৮৩৭।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

গত বুধবারে হিউলিণ্ডি বাষ্পীয় জাহাজে ডাকের পুলিন্দা কলিকাতায় পঁহুছে। তদ্দ্বারা বর্ত্তমান বৎসরের ৩ ফেব্রুআরি তারিখপর্য্যন্তের সম্বাদ ৫৯ দিবসে কলিকাতায় পঁহুছিল।

জানুআরি মাসের শেষে কার্য্যনির্ব্বাহার্থ পার্লিমেণ্ট একত্র হইয়াছিলেন। তাহাতে এমত দৃষ্ট হইল যে বাদশাহের মন্ত্রিবর্গ স্বং পদে দৃঢ় থাকিতে পারিবেন।

ইঙ্গলণ্ড দেশে জানুআরি মাসে এক সাধারণ অস্বাস্থ্য উপস্থিত হইয়াছিল তাহাতে ইঙ্গলণ্ড দেশে পূর্ব্বে ওলাউঠা রোগে যত লোক মারা পড়িয়াছিল এই রোগে তদপেক্ষা অধিক লোক মারা পড়ে। অনেক শিষ্ট বিশিষ্ট লোক এই রোগগ্রস্ত হইয়াছিলেন শ্রীলশ্রীযুত বাদশাহও তাহাতে কিঞ্চিৎ অস্বস্থ হন। কথিত আছে যে তাবৎ ইঙ্গলণ্ড দেশের চারি অংশের তিন অংশ ব্যক্তি এই উপদ্রবে পীড়িত হইয়াছিল। লণ্ডননগরে এক দিবসের মধ্যে ঐ রোগে সহস্র লোক মারা যায় কিন্তু জানুআরি মাসের শেষে ঐ রোগের কিঞ্চিৎ খর্ব্বতা হইল।

স্পাইন দেশে ডন কার্লস পরাভূত হইয়াছেন এবং ভরসা হয় যে এইক্ষণে ঐ হতভাগা দেশের আন্তরিক যুদ্ধযন্ত্রণা শীঘ্র নিবৃত্ত হইতে পারে।

আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে পরিশেষে শ্রীযুত কোর্ট অফ ডৈরে

27th March.

Major P. L. Pew, of the Artillery, to officiate as Deputy Post Master at Delhi.

16th March.

The unexpired portion of the extension of leave of absence for two months, granted to Mr. G. W. Bacon, Civil and Sessions Judge of Seharunpore, on the 31st January last, is cancelled from the 9th instant, on which date he resumed charge of his office.

20th March.

Mr. A. P. Currie, while Magistrate and Collector of Humeerpore, obtained leave of absence for three months, on medical certificate; to commence from the 7th instant; the date on which Mr. Bowring received charge of the offices of Magistrate and Collector from Mr. Currie.

Mr. H. W. Deane, Magistrate and Collector of Banda, has obtained leave of absence for twelve months to proceed to the Hills, on medical certificate

Lieutenant H. M Lawrence, Revenue Surveyor Eastern Division, Goruckpore, has obtained leave of absence for seven months, on medical certificate; Ensign S. A. Abbott is authorized to conduct the duties of the Survey, till the return of Lieutenant Lawrence.

Mr. G. H. Smith, Collector of Customs North Western Frontier Delhi, has obtained leave of absence for six months, on medical certificate. Mr. E. Wilmot Deputy Collector of Customs at Hodul, is appointed to officiate in the room of Mr. Smith, until further orders.

23d March

Mr. R. Alexander to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Mozuffernuggur.

SUMACHAR DURPUN.

SATURDAY, 15TH APRIL, 1837.

Latest European News.

On Wednesday, the packets by the *Hugh Lindsay* were received in Calcutta, by which means intelligence to the 3d February was obtained, that is, in the short space of 69 days.

Parliament assembled for business at the latter end of January, and there was every appearance that His Majesty's present Ministers would keep their places.

An epidemic disease was raging in England in the month of January, which carried off more persons than even the Cholera when it raged in England. A great many persons of high rank had fallen victims to it. His Majesty had also been disposed. It is said, that three-fourths of the inhabitants of England were attacked by it. In London more than 1000 persons died in one day. Towards the end of January the disease subsided.

In Spain Don Carlos had been defeated, and it is expected that the contest will now be brought to a close in that unhappy country.

'We are happy to perceive that the Court of Directors appear at length to

ক্টর্স সাহেবেরা ভারতবর্ষে ও ইঙ্গলণ্ডদেশে বাষ্পীয় জাহাজ গমনাগমনের কল্প স্থির করিয়াছেন। দিসেম্বর মাসে নূতন এক বাষ্পীয় জাহাজ ইঙ্গলণ্ডদেশহইতে বোম্বাইতে প্রস্থিত হইয়াছে এবং মার্চ মাসে অপর একখান বাষ্পীয় জাহাজ এতদ্দেশে প্রেরণকরণের কল্প ছিল। আরো কথিত আছে যে সিংহলদ্বীপ ও মান্দ্রাজ বঙ্গদেশ ও ইঙ্গলণ্ডদেশের মধ্যে গমনাগমনার্থ অত্যুত্তম এক বাষ্পীয় জাহাজ ইঙ্গলণ্ডদেশে প্রস্তুত হইয়াছে।

জানুআরি মাসের ডাকের পুলিন্দা স্কিমর জাহাজের দ্বারা সুফসমুদ্র দিয়া এতদ্দেশে প্রেরিত হইয়াছিল কিন্তু দুর্ভাগ্যবশতঃ ঐ জাহাজ মারা পড়িয়াছে। কথিত আছে যে বোম্বাইতে প্রেরণীয় যে ডাকের পুলিন্দা ঐ জাহাজে ছিল তাহা নষ্ট হইয়াছে কিন্তু এতদ্দেশের পুলিন্দা রক্ষা পাইয়াছে।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে যে শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেবের এক প্রতিমূর্ত্তি কলিকাতায় স্থাপনার্থ ৩৫০০০ টাকা চাঁদায় স্বাক্ষর হইয়াছিল। এইক্ষণে উক্ত ডাকের দ্বারা অবগম হইল যে ঊর্দ্ধে সপ্ত হস্ত এমত এক প্রতিমূর্ত্তি ভারতবর্ষে প্রেরণার্থ ইঙ্গলণ্ড দেশে প্রস্তুত হইয়াছে। এবং তাহার মূল্য ও ইঙ্গলণ্ড দেশে তাহার খরচ ও প্রেরণার্থ জাহাজ ভাড়া প্রভৃতিতে সর্ব্বসুদ্ধ ৪০,০০০ টাকা ব্যয় হইবে।

ভারতবর্ষে এক নূতন বেঙ্ক স্থাপনার্থ যে উদ্যোগ হইয়াছিল তাহার অত্যন্ত শৈথিল্য পড়িয়াছে ফলতঃ এইক্ষণে ইঙ্গলণ্ড দেশের দুরবস্থাপ্রযুক্ত তদ্দেশীয় বেঙ্কের বহুতর টাকার প্রয়োজন হওয়াতে এতদ্দেশে আর কিরূপে টাকা প্রেরণ হইতে পারে।

ইঙ্গলণ্ডদেশে বাণিজ্য ব্যবসায়াদি কর্ম্মের অত্যন্ত মান্দ্য হইয়াছিল এবং সকলের ভয় ছিল যে ফেব্রুআরি ও মার্চ মাসে বাণিজ্যবিষয়ে পূর্ব্বাপেক্ষা অধিক কষ্ট হইবে

ভারতবর্ষজাত তাবৎপ্রকার দ্রব্যের মূল্য ইঙ্গলণ্ড দেশে ন্যূন হইয়াছে। রেশমের মূল্য পূর্ব্বে যাহা ছিল তদপেক্ষা শের করা ৩ ৪ টাকা কমিয়াছে এবং বঙ্গদেশজাত চিনি ইহার বারমাস পূর্ব্বে যে মূল্যে দাঁড়িয়াছিল তদপেক্ষা তিন ভাগের এক ভাগ কমিয়াছে

জেনরল ট্রেজুরী।

এই সপ্তাহে গবর্ণমেণ্ট এমত এক ইশতেহার প্রকাশ করিয়াছেন যে বাণিজ্যকারিরদের ইঙ্গলণ্ড দেশে দ্রব্যাদি প্রেরণার্থ গবর্ণমেণ্ট অগ্রে দাদন দিবেন অতএব কলিকাতায় এইক্ষণে যত টাকা এইরূপ হস্তান্তর করিতে স্থির হইয়াছে তৎসংখ্যা দেড় কোটির ন্যূন নহে এবং ঐ টাকা এইরূপে বিলি হইবে।

কলিকাতায়	৭০ লক্ষ
চীনদেশে	৫০ ঐ
বোম্বাইতে	২০ ঐ
মান্দ্রাজে	১০ ঐ

এই নিয়মে কলিকাতার বাণিজ্য বিষয়ের কিছু উপকার হইবে। যেহেতুক গত দশদিবসাবধি টাকার অভাবে বাণিজ্য কার্য্য প্রায় স্থগিত হইয়াছিল এই ইশতেহারের দ্বারা বোধ হইতেছে যে কোর্ট অফ ডৈরেক্টর্স ইঙ্গলণ্ডদেশহইতে টাকা লইয়া এই বৎসরে ভারতবর্ষের উপর হুণ্ডী পাঠাইলেন না। এবং যে দেড় কোটি টাকা এতদ্দেশহইতে ইঙ্গলণ্ডদেশে প্রেরণ করিতে হইবে তাহা এতদ্দেশজাত দ্রব্যস্বরূপ নগদ নহে।

have determined to establish a regular steam communication between England and India. A fine new steamer sailed in December from England for Bombay, and another steamer was to follow in the month of March. It is also said that a set of efficient steamers are built to complete the intercourse with Ceylon, Madras and Bengal.

The January packets were sent on to Bombay through the Red Sea by the Skimmer, but this vessel was unfortunately lost. It is said that the Bombay packets which were sent by this vessel have perished; but that the Calcutta packets are safe.

It will be in the recollection of our readers that the sum of about 35,000 Rs. was subscribed in Calcutta for a statue of Lord William Bentinck; and we hear by this opportunity that a statue 10 feet high is now ready to be sent out to India, and that it is to cost, including charges in England and freight, about 40,000 Rupees.

The question about the new Bank of India appears to move on very slowly; in the present distressed state of England while so many banks in that country are pushed for funds, there can be no money to send out to this country.

Trade and commerce were in a state of great stagnation, and it was expected that in the month of February and March still greater difficulties would be experienced in commercial business.

The price of all articles of Indian produce had fallen Silk was 3 or 4 shillings the pound lower than in October. Bengal sugars were full thirty per cent. lower than they were at twelve years before

The General Treasury.

During the week Government have issued a Notice, that money would be advanced on goods sent to England by the merchants. The sum to be thus expended by the Treasury is stated at a crore and a half of Rupees and is to be thus apportioned: --

For Calcutta, ...	70 lakhs.
For China, ...	50 „
For Bombay, ...	20 „
For Madras, ...	10 „

This will serve to relieve the market in Calcutta, which has for more than ten days been in a state of stagnation, owing to the great want of money. From this arrangement it would appear that the Court of Directors do not intend during this year to draw large bills on India, and that the crore and a half of Rupees which has to be remitted to England is to be sent chiefly by advances upon goods the produce of this country.

আবার রাজার লোকান্তর।

সংপ্রতি রাঙ্গুনহইতে যে পত্র আগত হয় তাহাতে আবার রাজার পরলোক বার্ত্তা লেখে। রাজার মৃত্যুতে দেশের মধ্যে অতিগণ্ডগোল হইয়াছে অর্থাৎ রাজার ভ্রাতা ও রাণীর ভ্রাতা এই দুই মহাশয় ঐ সিংহাসন প্রাপণার্থ যুদ্ধ করিয়া প্রকৃতোত্তরাধিকারিকে নিরাস করিতেছেন। তাহাতে তাবৎ বাণিজ্য স্থগিত এবং রাজধানী ও রাঙ্গুনের মধ্যে গমনাগমনাদি রহিত হইয়াছে তত্রস্থ ইউরোপীয় ও অন্যান্যদেশীয় বাণিজ্যকারিরা ভাবি উপদ্রব ভাবিয়া শঙ্কিত হইয়াছেন যদি ব্রিটিস রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল বার্ণ সাহেবের অতিপ্রবল সাহায্য আমারদের প্রতি না থাকিত তবে বহুকালাবধি বহুতর পরিশ্রম করিয়া আমরা যে কিঞ্চিৎ উপার্জ্জন করিয়াছিলাম তাহা থাকিত না কর্ণল বার্ণ সাহেবের নামোল্লেখেই আমারদের ধন প্রাণ সম্মান এই বিভ্রাটসময়ে রক্ষা পাইতেছে এইক্ষণকার এই উৎপাতপ্রযুক্ত অনেককালপর্য্যন্ত সেগুন কাষ্ঠ এখানহইতে রপ্ত হইতে পারিবে না।

৺ প্রাপ্ত পামর সাহেবের মর্ম্মরময় মূর্ত্তি।

৺ প্রাপ্ত পামর সাহেবের মর্ম্মরময় মূর্ত্তি প্রস্তুতকরণার্থ স্বাক্ষরকারিরা যে কমিটি নিযুক্ত করিয়াছিলেন তাঁহারা গত ৪ তারিখে টৌনহালে সমাগত হইয়া বিবেচনা করিলেন যে ঐ মূর্ত্তি নির্ম্মাণার্থ ইঙ্গলণ্ড দেশে শ্রীযুত সর ফ্রান্সিস চাণ্টরি সাহেবের সঙ্গে কথোপকথনার্থ যে দুই জন সাহেব শ্রীযুত এডমনষ্টোন ও কাম্বেল সাহেব নিযুক্ত হন তাঁহারদের স্থানে এইপর্য্যন্ত কোন সম্বাদ প্রাপ্ত হওয়া গেল না অতএব এই বিষয় শীঘ্র নিষ্পন্নার্থ কি উপায় কর্ত্তব্য। অপর ঐ কমিটির সভাপতি শ্রীযুত কর্ণল বিটসন সাহেব রোবার্ট নামক জাহাজারোহণে এইক্ষণে ইঙ্গলণ্ড দেশে গমনশীল হওয়াতে এই অবধারণ হইল যে তিনি ঐ উভয় সাহেবের সঙ্গে ঐক্য হইয়া এই বিষয়ের তাগীদ করিবেন এবং যদ্যপি তাঁহারা এমত দেখেন যে চাণ্টরি সাহেব ব্যস্ততাপ্রযুক্ত তৎকর্ম্ম নির্ব্বাহ করিতে পারেন না তবে ইঙ্গলণ্ড দেশে বা ইউরোপের অন্য স্থানে এই নির্ম্মাণবিষয়ে কোন নিপুণব্যক্তি পাইতে পারেন তাঁহার প্রতি এই কর্ম্ম অর্পণ করেন এবং অর্থাভাবে বিলম্ব না হয় এতদর্থ লণ্ডননগরে উক্ত সাহেবকে ৪৫০ পৌণ্ডের বরাৎ দেওয়া গেল। বোধ হয় যে চাণ্টরি সাহেব যদি স্বয়ং নির্ম্মাণ করেন তবে এই টাকাতেই তাবৎ খরচের নির্ব্বাহ হইবে।

দৈবঘটনা।

খাজুরিতে হেরিফোর্ডশ্যরনামক জাহাজে দুইটা অতিদুর্ঘটনা হইয়াছে। ১ তারিখে এক জন খালাসি জাহাজহইতে জল মধ্যে পতিত হইবামাত্র তৎক্ষণাৎ একটা হাঙ্গর তাহাকে লইয়া অদৃশ্য করিল। তৎপরদিবস প্রত্যূষে জাহাজস্থ ইউরোপীয় এক ছোকরা জল উত্তোলন করিতেং দৈবাৎ জলে পতিত হওয়াতে তাহার উদ্ধারার্থ পার্শ্বস্থ নৌকা প্রেরণ করা গেল। ঐ নৌকা নিকট পঁহুছিয়া যেমন এক জন মল্লা ঐ অভাগা ছোকরার চুলের টিকি ধরিয়া তুলিতেছিল ইতিমধ্যে একটা হাঙ্গর আক্রমণপূর্ব্বক ছোকরাকে লইয়া গেল।

আশ্চর্য্য নির্দ্দয়তা।

কৃষ্ণনগর জিলাতে সংপ্রতি জান ডি কর্সি সাহেব ও প্রাণ রায় ও মাধব রায় এই অপরাধে আদালতে দোষীকৃত হইয়াছেন যে তাঁহারা রামধন ঘোষ কানাই ঘোষ হলধর ঘোষ ও গোপাল ঘোষের গাত্রে উত্তপ্ত কলিকার ছেকা দেওয়াতে তাহারা অত্যন্ত তাপিত হইল এবং রামধন ঘোষের ত্বক্‌ছেদ করেন। পরে এই সকল অপরাধনিমিত্ত এই দণ্ড হইল যে জান ডি কর্সি সাহেব ১০০ টাকা গুনাহগারী দিয়া সাতবৎসর কয়েদ এবং অপর দুই জন বাঙ্গালি প্রত্যেকে ১০০ টাকা গুনাহগারী দিয়া তিন বৎসর কয়েদ থাকিবে।

Death of the King of Ava.

Letters just received from Rangoon, communicate the intelligence of the death of the King of Ava. The event is said to have been followed by commotions. The deceased King's brother, and the queen's brother, are determined to fight for the crown, and to exclude the true heir. Trade was stopped, and all communications between the Capital and Rangoon was entirely suspended. The British and Foreign merchants were seized with consternation at the imminent danger which threatened them. "Were it not for the powerful influence of the British Resident," says one of the letters, "we should have been by this time deprived of all that we earned during so many years of toil and trouble. Colonel Burney's name is a sufficient protection both of life and property in these days of anarchy." Timber, it is feared, will not be allowed to be exported for a time, in consequence of the existing disturbances.---*Cal. Cour.*

Marble Bust of the late Mr. Palmer.

The committee appointed by the subscribers for a marble bust of the late Mr. Palmer, met in the Town Hall on the 4th instant, for the purpose of considering what steps should be taken to accelerate the accomplishment of the object in consequence of the entire want of information from the two gentlemen, Messrs. Edmonstone and Dans Campbell, who were requested to communicate with Sir Francis Chantrey in England upon the subject. As Lieut. Colonel W. S. Beatson, the Chairman of this Committee, was proceeding to England in the *Roberts*, it was resolved to request his aid in co-operation with the above gentlemen, and to authorize him, in the event of finding Chantrey too much engaged to undertake the bust, to make the best selection he could among other artists in England or on the Continent; and that no delay may take place for want of funds, it was determined to remit £450 to London forthwith, which it is conceived, will be more than enough to defray all expenses, supposing the work to be executed by Chantrey himself.—*Beng. Her.*

Fatal Accident.

Two fatal accidents occurred on board of the *Herefordshire*, at Kedgeree. On the 1st instant a coolie fell overboard from the main-chains, and was instantly seized by a shark, which disappeared with him. On the following morning, a boy named Philpotts, whilst drawing water from the mizen chains, tumbled into the river. The quarter-boat was immediately lowered and sent to his assistance; but just as it came up to him and one of the crew had got hold of the unfortunate boy by the hair, a shark seized and tore him from the man's grasp, and bore him away.—*Beng. Her.*

Brutal Cruelty.

John De Courcy, Pran Roi, and Madhub Roi, of Kishnaghur, have been convicted of basing tortured Ramdhun Ghose, Kunnye Ghose, Hullodhur Ghose and Gopal Ghose, by applying hot chillums to their bodies, whereby they were dreadfully scorched, and with cutting off the prepuce of the said Ramdhun Ghose; and the prisoners have been sentenced, the former to pay a fine of one hundred rupees and to seven year's imprisonment; and the two latter to pay a fine of one hundred rupees each and to be confined for three years.

পালির মারক।

কথিত আছে যে পালির মারী এইক্ষণে যোদপুরপর্য্যন্ত পঁহুছিয়া তত্রস্থ পঞ্চসহস্র লোককে সংহার করিয়াছে। আগ্রার গবর্নর শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব এক বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়াছেন তাহাতে হুকুম করেন যে এই রোগ ব্রিটনীয় রাজ্যের মধ্যে আসিতে না পারে এতদর্থ সর্ব্বতোভাবে সাবধান হইতে হইবে যদ্যপি ঐ রোগ ইঙ্গলণ্ডীয়েরদের সীমা উল্লঙ্ঘন করিয়া কোন গ্রাম বা নগর আক্রমণ করে তবে এমত উদ্যোগ করিতে হইবে যে রোগাক্রান্ত ব্যক্তিরা তৎক্ষণাৎ চিকিৎসালয়ে প্রেরিত হয় এবং উপযুক্ত ঔষধ পথ্য তাহারদিগকে দেওয়া যায় কিন্তু অতিকাঠিন্যরূপ নিষেধ করিতে হইবে যে অরোগি ব্যক্তিরদিগকে তাহারা কদাচ স্পর্শ না করিতে পারে। কথিত আছে যে এই ভয়ঙ্কর মারকে রাজপুতানা দেশে পঞ্চাশ হাজার লোক মারা পড়িয়াছে। ঐ রোগ কেবল স্পর্শেতে চলে রোগাক্রান্ত ব্যক্তিকর্ত্তৃক স্পৃষ্ট এক টুকরা লেকড়াও অরোগি ব্যক্তি স্পর্শ করিলে তৎক্ষণাৎ রোগী হয় অতএব অতিকঠিন নিয়ম না করিলে এইরোগ তাবৎ ভারতবর্ষে ব্যাপিতে পারে। রাজপুতানাহইতে শেষ সম্বাদ পাওয়া গেল তদ্দ্বারা বোধ হয় না যে এইরোগ এপর্য্যন্ত নছিরাবাদে পঁহুছিয়াছে। নছিরাবাদ ঐ রোগাক্রান্ত দেশের অতিসন্নিহিত।

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব স্বীয় বিজ্ঞাপন পত্রে লেখেন যে এইরোগ ১৫ বৎসর পূর্ব্বে একবার মধ্যম হিন্দুস্থানে প্রকাশ হইয়াছিল কিন্তু তাহাতে দেশীয় লোকেরা কেবল স্পর্শেতেই রোগের সঞ্চার হয় ইহা নিতান্ত জানিয়া আপনং গ্রামে স্থানান্তরহইতে রোগি লোকের গমনাগমন রহিত করিয়া রোগের সঞ্চরণাদি রহিত করিল। অতএব ভরসা হয় যে দেশের মধ্যে এই রোগের আক্রমণ নিবারণার্থ ব্রিটিস গবর্ণমেণ্ট যথাসাধ্য উদ্যোগ করিবেন।

মান্দ্রাজের টাকশাল।

মান্দ্রাজের সম্বাদপত্রদ্বারা অবগত হওয়া গেল যে বঙ্গদেশের গবর্ণমেণ্ট মান্দ্রাজে নূতন টাকশাল স্থাপনবিষয়ে হুকুম না দিয়া রৌপ্যাদি ক্রয়করণার্থ এক দপ্তরখানা স্থাপন করিয়াছেন এবং মান্দ্রাজের টাকশালে কেবল পয়সা প্রস্তুতকরণের আজ্ঞা দিয়াছেন।

মৈনাক সাহেব।

কথিত আছে যে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের স্থানে যে পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে মৈনাক সাহেবের যে মোকদ্দমা হয় তাহা কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা দোষ দিয়া এই স্থির করেন যে উক্ত সাহেব ইহার পূর্ব্বে যে বেতন পাইতেন পূর্ণ সেই বেতনই পাইবেন।

The Plague.

It is said that the plague has spread to Joudpore, and has carried off 5000 persons there. Sir Charles Metcalfe, the Governor of Agra, has published a Minute, directing that every precaution is to be taken to prevent its spreading into the British territories. Should it reach any town or village within the frontier, the greatest exertions are to be made to place those who are infected by themselves in Hospitals, and to afford them every kind of medical aid. But the most severe restrictions are to be imposed on them that they do not come into contact with those who are not infected. This dreadful pestilence which has, it is said, carried off more than 50,000 persons in Rajpootana, is communicated only by contact. A single rag which has been touched by one who is attacked, if touched by another who is well, may communicate the disease to him. It is only by the strictest measures that it can be prevented spreading through India. By the latest accounts which have been received from Rajpootana, it does not appear to have entered the encampment at Nusserabad, which is the nearest station to the scene where it is raging.

Sir Charles Metcalfe states in his Minute, that this disease appeared about fifteen years ago in Central India; that the natives being fully convinced that it could be communicated only by contact, in many places kept it out of their villages by strictly preventing the ingress of any individual into the village from without. It is to be hoped that on the present occasion, the people of the country will afford their assistance to Government to prevent its spread.

Madras Mint.

We learn from the Madras *Conservative*, that the Bengal Government, instead of *authorizing the restoration of* the Madras Mint, have agreed to the establishment of a Bullion Office, and have confined the coinage at Madras to the manufacture of Pice.

Mr. Magniac.

It is reported that the despatches from the Court of Directors contain some severe comments upon the proceedings in Mr. Magniac's case, and order his restoration to the full emoluments he enjoyed.

লি সাহেব।

শুনিয়া অত্যন্ত খেদিত হইলাম যে মান্দ্রাজের অতিসম্ভ্রান্ত করনর লি সাহেব বিংশতি বৎসরাবধি মান্দ্রাজে অবস্থিতি করিয়া ঔষধভ্রমে বিষপানে হত হইয়াছেন।

গয়কবার।

কথিত আছে যে বৃটিস গবর্ণমেণ্ট শ্রীযুক্ত গয়কবার রাজার উপরে এই বিষয়ে অত্যন্ত উত্তেজনা করিয়াছেন যে তিনি ৺ প্রাপ্ত গঙ্গাধর শাস্ত্রিপতি বর্দ্ধনের পুত্রেরদের যে বার্ষিক ষষ্টিসহস্র মুদ্রা বৃত্তি ছিল তাহা বহাল রাখেন এবং তাহার মধ্যে যত টাকা তাঁহারা প্রাপ্ত হন নাই তাহা তাঁহারদিগকে দেন। কিয়ৎকাল হইল ঐ রাজা যখন স্বীয় দেশে সাত বৎসরের নিমিত্ত বন্দোবস্ত করেন ঐ টাকা কমাইয়া বার্ষিক ৪৮,০০০ স্থির করিয়াছিলেন এবং যে অবধি বৃটিস গবর্ণমেণ্ট কহিয়াছেন যে তাঁহারদের এই বৃত্তির দাওয়া যথার্থ এবং তাহা প্রাপণবিষয়ে আমরা তাঁহারদের সাহায্য করিব সেই অবধি অর্থাৎ তিন চারি বৎসর হইল রাজা ঐ বৃত্তি দেওয়া একেবারে রহিত করিয়াছেন এইক্ষণে ঐ শাস্ত্রির পরিবারের বক্রী অনেক লক্ষ টাকা হইবে সম্প্রতি গবর্ণমেণ্ট কহিয়াছেন যে বারোদার দরবার অর্থাৎ গয়কবার রাজা ১৫ দিবসের মধ্যে যদি ঐ টাকা পরিশোধ না করেন তবে কাট্টিওয়ার ও মহীকান্ত রাজ্যের রাজস্বের যে অংশ আমরা তাঁহাকে দিতেছি তাহাহইতে ঐ মুশাহেরা দেওয়া যাইবে।

ভরতপুর।

সম্প্রতি ভরতপুর শহরে পাঁচ হাজার সের বারুদপূর্ণ একটা ঘর আগুন লাগিয়া উড়িয়া গেল তাহাতে অনেক প্রাণ হানি হইয়াছে তৎক্ষণাৎ ত্রিশ জন হত হইল এবং তত্তুল্য ব্যক্তি আঘাতী তন্মধ্যে কেহ২ অত্যন্তাঘাতী হইয়াছে। এই ঘটনার কারণ এই যে বহুকালাবধি ঐ বারুদাগারে একটা প্রদীপ রাখা যাইত ঐ ঘর প্রস্তরনির্ম্মিত ছিল তথাপি সহস্র২ টুকরা হইয়া গেল এবং তন্নিকটস্থ অনেক বাটীরো অত্যন্ত ক্ষতি হইয়াছে।

খন্দ।

সপ্তাহদ্বয় হইল আমরা প্রকাশ করিয়াছিলাম যে গুমশূর প্রদেশে যে খন্দজাতীয়েরা বসতি করে তাহারা অতিনির্দ্দয়তারূপে নরবলি দান করিয়া থাকে পরে তদ্বিষয়ক শ্রীযুত ব্রোণ সাহেবের নীচে লিখিতব্য সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে।

তিনি লেখেন যে মেরিয়া অর্থাৎ মৃত্তিকা পূজা বৎসরের মধ্যে একবার ঐ দেশস্থ এক গ্রামে সম্পন্ন হয়। তাহারা বলিদানার্থ নরসকল পর্ব্বতের নিম্নভূমি অথবা কোন দূরস্থানহইতে আনয়ন করিয়া যে গ্রামে বলিদান করা যায় ঐ গ্রামের মঠ অর্থাৎ সেই গ্রামের সরদারেরদের নিকটে বিক্রয় করে। ঐ অতিনিদারুণ ব্যাপার এতদ্রূপে নির্ব্বাহ হইয়া থাকে। বলিদানের নিয়মিত সময় হইলে খন্দেরা সুপরিচ্ছদ পরিহিত হইয়া অর্থাৎ কাহারো স্কন্ধোপরি ভল্লুকের চর্ম্ম কাহারো বা পশ্চাদ্ভাগে ময়ূরপুচ্ছ কাহারো মস্তকোপরি আরণ্য কুক্কুটের পক্ষ এতদ্রূপ সজ্জা পূর্ব্বক চতুর্দিক্‌হইতে একত্র হয়। তাহারা এতাদৃশ সুসজ্জ হইয়া নাচিয়া কুঁদিয়া মহাহ্লাদকরত নানা বাদ্যোদ্যম করিতে থাকে। কিঞ্চিৎকাল পরে জানি অর্থাৎ পুরোহিত এবং তৎসহকারি কর্ম্মকারক ঐ মৃত্তিকাতে যে স্তম্ভ প্রোথিত হয় তাহাতে বলিরূপি ঐ অভাগাকে বন্ধন করে এবং যেমন ঐ বলি দণ্ডায়মান থাকে তেমনি ঐ নির্দ্দয় ব্যক্তিরা ধাবমান হইয়া ছুরিকার দ্বারা তাহার অঙ্গসকল খণ্ড২ করিয়া কাটিয়া লয় পরে ঐ মাংস খণ্ড লওনার্থ বিবাদ করে যেহেতুক ঐ নরবলির অঙ্গহইতে যে মাংস খণ্ড প্রথম ছেদিত হয় তাহা অতিবহুমূল্য জ্ঞান করে। তাহার কারণ অতিফলজনক বোধ করিয়া সকলই ঐ প্রথম ছেদিত মাংস খণ্ড লইতে ইচ্ছুক হয় কিন্তু যে ব্যক্তি প্রথম ঐ মাংস খণ্ড কাটে তাহারো মহাশঙ্কা হয় যেহেতুক নরবলির শরীরহইতে প্রথম মাংস খণ্ডের যে গুণ তত্তুল্য গুণ ঐ মাংস টুকরা যে প্রথম ছেদন করে তাহার শরীরের ছেদিত মাংস টুকরাতেও বর্ত্তে। অতএব তাহার শরীরের মাংস ছেদন না করা যায় এতদর্থ তাহার গ্রামস্থ লোকেরা নানাপ্রকার সাহায্য চেষ্টা পায়। যদ্যপি ঐ ব্যক্তি কোন আঘাতী না হইয়া পলাইতে পারে তবে ঐ গ্রামস্থ সকল লোকই গ্রামে শীঘ্র ফিরে যায় যেহেতুক যে দিনে ঐ প্রথম মাংস টুকরা কাটা যায় সেই দিনেই তাহা ভূমিতে প্রোথন করিলে উত্তম ফলজনক হয়। এই নরবলির কারণ পরম্পরা এতদ্রূপ শ্রুত হওয়া গিয়াছে।

ইহার শত২ বৎসর পূর্ব্বে ঐ খন্দ জাতীয়েরদের পূর্ব্ব পুরুষেরা দক্ষিণ দেশস্থ পাতি ধোরানামক পর্ব্বতহইতে আসিয়া প্রথম এইপর্ব্বতে বাস করে আগমনকালে আট্টানামে এক রাণীকে সঙ্গে আনে। তৎসময়ে মৃত্তিকা দৃঢ়তরা ছিল না পদভরে বসিয়া যাইত এবং তদানীং তাবদ্বিষয়ে মহাগণ্ডগোল ছিল তৎকালে দৈবাৎ বা জ্ঞানকৃত ঐ আট্টারাণী স্বীয় অঙ্গুলি ছেদন করাতে রক্তপাত হইলে মৃত্তিকা দৃঢ়তরা ও উর্ব্বরা বাসোপযুক্ত হইল তৎকালাবধি মৃত্তিকা উর্ব্বরাকরণার্থ নরবলির ব্যবহার হইয়া আসিতেছে। পরে ঐ আট্টারাণীর মৃত্যুর কিঞ্চিৎ কালান্তর কোন ব্যক্তিকে দর্শন দিয়া কহিলেন যে আমি পরলোকে একাকিনী আছি সহবাসার্থ কোন ব্যক্তিকে আমার নিকটে পাঠাইয়া দেও তাহাতে কএক নরবলিদান করা গিয়াছিল এবং তদবধি তদ্রূপ নরবলিদান হইয়া আসিতেছে। কথিত আছে যে এইক্ষণে ঐ পর্ব্বতস্থ অসভ্য জাতীয়েরদের এই ভয় জন্মিয়াছে যে বৃটিস গবর্ণমেণ্ট এইরূপ বলিদান নিবারণ করেন তাহাতে পৃথিবী পূর্ব্ববৎ অনিষ্টজনিকা হইবেন। কেবল এক প্রদেশের মধ্যে বলিদানার্থ যে ১২ জন রক্ষিত হইয়াছিল তাহারদিগকে শ্রীযুত কাপ্তান মিলর সাহেব মুক্ত করিলেন এবং তত্রস্থ লোকেরা সাহেবকে কহিল যে এইপর্য্যন্ত আমরা ৪০,৫০ টা নরবলিদান করিতে দেখিয়াছি।

ঐ প্রদেশে হিন্দুধর্ম্ম মাত্র নাই ফলতঃ পৃথিবী আকাশ বায়ুপ্রভৃতির আরাধনা ব্যতিরেকে তাহারদের অন্য কোনপ্রকার আরাধনাদি নাই এবং যাজক ও দেবালয়াদি কিছুই নাই তাহারা যেপ্রকার অর্চ্চনাদি করিয়া থাকে তাহা মাঠের মধ্যে করে। তাহারদের মধ্যে জাতীয় বা এক প্রকার ব্যবসায়ের প্রভেদ আছে তাহা পুরুষানুক্রমে হইয়া আসিতেছে। অতএব ঐ ব্যবসায় জাতীয় ধর্ম্মের ন্যায়ই জ্ঞান করিতে হয়। তাহারদের সর্ব্বাপেক্ষা উচ্চ জাতির নাম সন্দি কিন্তু আশ্চর্য্য বিষয় এই যে মাদক দ্রব্য প্রস্তুতকরণ ব্যতিরেকে তাহারদের অন্য কোন ব্যবসায় আছে বোধ হয় না। যেহেতুক খন্দেরা অন্যান্য পর্ব্বতীয় জাতীয়েরদের ন্যায় অত্যন্ত মদ্যপায়ী। গোন্দ জাতীয়েরা দেশের বাণিজ্য ব্যবসায়ী। দেশের মধ্যে যে কোন বাণিজ্য ব্যবহার আছে তাহা তাহারদের দ্বারাই চলে। কান্দ জাতীয়েরা ঐ

Mr. Lys.

We are sorry to observe the death of the much respected Coroner, Mr. Lys, a resident of nearly twenty years at Madras, occasioned by poison administered by mistake.

The Guicowar.

It is said that an imperative call has been made upon the Guicowar by our Government, requiring him to pay the arrears and restore the annual allowance of the sons of the late Gungadhur Shastree Putwurdhum to the guaranteed sum of 60,000 rupees, which was retrenched to 48,000 rupees at the time of the late septennial arrangements, and was totally withheld for the last three or four years, since the public avowal by the British Government of the justice of their claim and of its intention to put them in possession of their rights. The balance due to the family of the Shastree, amounting to several lakhs of rupees, is to be paid from the Guicowar's share of the Katteawar and Myheekanta tribute, should the Durbar of Baroda not discharge it within fifteen days.—*Beng. Her.*

Bhurtpore.

A magazine containing upwards of 10,000 pounds of powder recently exploded in this city and caused a fearful loss of life. Thirty persons were killed on the spot and as many wounded, some severely. The accident proceeded, it is supposed, from a lamp which by long custom had been kept lighted in the same building with the magazine. The building, of stone, was shattered into a thousand fragments, and the neighbouring houses received much injury—*Beng. Her.*

The Khunds.

We stated a fortnight ago that the Khunds, who live in the Goomsoor district, are in the habit of perpetrating the most abominable human sacrifices. We have since obtained the following account of them from a letter of Mr. Brown:—

"The *Meria Puja*, or human sacrifices, takes place in succession once every year amongst the confederate Mutas. The victims are brought from the low countries, or from some other distant part, and sold to the Mutas, or heads of the village, where the sacrifices are performed. This cruel ceremony is thus performed. When the appointed day arrives, the Khunds assemble from all parts of the country, dressed in their finery, some with bears' skins thrown over their shoulders, others with the tails of peacocks flowing behind them, and the long-winding feather of the jungle cock waving on their heads. Thus decked out, they dance, leap and rejoice, beating drums and playing on instruments. Soon after noon the Jani, or presiding priest, with the aid of his assistants, fastens the unfortunate victim to a post which has been firmly fixed in the ground, and there, standing erect, the flesh is cut from his bones in small pieces by the knives of the savage crowd who rush upon him and contend with each other for a portion. Great value is attached to the first morsel cut from the victim's body, for it is supposed to possess greater virtues, and a proportionate eagerness is evinced to acquire it; but there is considerable danger to the person who cuts off the first morsel, for it happens that equal virtues are also attributed to the flesh of the fortunate holder of the first slice. To guard against this, he is strongly supported by his village, who endeavour to rescue him. Should he escape unhurt, all his townsmen return speedily to their homes; for in order to secure its full efficacy, they must deposit in the fields before the day has passed, the flesh they have so cruelly won.

These sacrifices are founded on the following tradition. Many ages ago, when the forefathers of the present race, coming from a mountain in the south called Dodah, first settled on these mountains, they were led by a Ranee called Attah. The earth was unstable, and yielded to their footsteps. Every thing was in a state of disorder. Attah, by accident or design, cut her finger, and the blood dropping on the ground, it became stable and fruitful, and fit for human habitation. From that period onwards, the blood of human victims has been shed to keep up the fertility of the soil. Some time after her death, Attah appeared to some of her people, and complaining that she was alone in the other world, requested that a man might be sent to keep her company; upon which several human sacrifices were offered, and the practice has been kept up to the present date. The savages of the hills are said to entertain great fears lest the British Government should prohibit these sacrifices, and the earth should return to its primitive desolation. Captain Miller succeeded in rescuing about twelve victims in one district alone, and he was assured by several of the natives that they had witnessed forty or fifty sacrifices of this nature.

The Hindoo religion is unknown among them. Indeed they appear to have no notion of any religion beyond the worship of the earth, the sky and the elements. They have neither priests nor temples, and the barbarous ceremonies, which they practise, are invariably celebrated in the open air. They appear to maintain a distinction of ranks or rather of professions, which, as being hereditary, bears some analogy to the institution of caste. The highest caste is said to be that of Sundi; but, strange to say, their chief occupation seems to be that of preparing the intoxicating drugs in which, like every other wild and highland race, the Khunds indulge to excess. The Guandi, appear to be the

পর্ব্বতীয় ক্ষেত্রের কর্ম্মকারী এবং কথিত আছে ভুনা জাতীয়েরা তদ্দেশীয় তন্তুবায় সর্ব্বাপেক্ষা নীচ জাতীয় পান্না বোধ হয় তাহারা মাঠস্থ হিন্দুর মধ্যে অপকৃষ্ট কোনপ্রকার জাতি হইবে। তাহারা পর্ব্বতে প্রবেশ করিয়া কৃষ্যাদি কর্ম্ম করে এবং ঐ পর্ব্বতের মধ্যে যে ব্যবসায় চলিত আছে তাহা তাহারদের দ্বারাই নির্ব্বাহ হয়। পান্নাজাতীয় ভিন্ন আরং জাতীয়েরা মাংস ভোজন করে কেবল গোমাংস খায় না। তাহারদের বাটী ঘর মৃত্তিকাতে না করিয়া কাষ্ঠেতে নির্ম্মাণ করে। তাহারদের মধ্যে যে কোন বিবাদ সম্ভাবনা তাহা উপত্যকা ভূমির সীমা লইয়া হয়। এবং ঐ বিবাদ হইলে যুদ্ধব্যতিরেকে নিবৃত্ত হয় না। কখনং তদ্রূপ যুদ্ধ অনেক বৎসরপর্য্যন্ত থাকে। তাহারদের লিখনের বর্ণমালা নাই সুতরাং কোন গ্রন্থও নাই। সংপ্রতি ব্রিটিস গবর্ণমেণ্ট তাহারদের নিকটে যে ঘোষণা প্রকাশ করেন তাহা উড়িয়া অক্ষরে লিখিত হইয়াছিল কিন্তু ঐ অক্ষর খন্দজাতীয়েরা কতকং বুঝিতে পারিয়াছিল।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

পূর্ব্বোক্ত বিদ্যালয়ের হায়নিক পরীক্ষা এবং পুস্তক বিতরণকার্য্য বর্ত্তমান মাসের ৬ তারিখে বেলা কিঞ্চিদধিক ১০ ঘণ্টার সময়ে শ্রীশ্রীযুত লার্ড বিশোপ সাহেবের বাটীতে অনেকানেক প্রধান সাহেব ও বিবি ও এতদ্দেশীয় মান্য লোক অর্থাৎ শ্রীলশ্রীযুত লার্ড বিশোপ সাহেব ও শ্রীযুত আনরবল সর জন গ্রাণ্ট সাহেব ও শ্রীযুত আনরবল সর বি মালকীম সাহেব ও শ্রীযুত আর্চডিকন ডালটরী সাহেব ও শ্রীযুত আনরবল আশবরণ সাহেব ও শ্রীযুত পাদরী বেটমেন সাহেব ও শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর ও শ্রীযুত রাজা রাজনারায়ণ রায় বাহাদুর ও শ্রীযুত বাবু কালীনাথ রায় ও শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ রায় ও শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মুখুয্যেপ্রভৃতি উপস্থিত হন।

শ্রীশ্রীযুত বিশোপ সাহেবকর্ত্তৃক অঙ্ক ও ক্ষেত্র পরিমাপক শাস্ত্র ও ইতিহাস ইত্যাদি গ্রন্থের বিবিধ প্রশ্ন করিবাতে ছাত্রগণ বিলক্ষণ উত্তর প্রদানে এবং নাট্যক্রীড়ায় এতদ্বিদ্যোৎসাহি জনগণের বহুতর আমোদ জন্মিল।

ঐ পাঠশালা সাত বৎসরাবধি যাবৎ স্থাপনা হইয়াছে তাবৎ কাল হিন্দুরদিগের দ্বারাই নিয়ম নির্ব্বাহ্ণ এবং শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরের সাহায্যে এবক্ষ শ্রীযুত বাবু শারদাপ্রসাদ বসুর কর্ত্তৃত্বাধীনে চলিতা আছে।

পশ্চাল্লিখিত ছাত্রচয় নাট্যক্রীড়ান্তর্গত পাঠ গ্রহণ করেন।

আশায় দুঃখ সান্ত্বনা বোধক শ্রীকৃষ্ণমোহন বসু।

ভিক্ষুক ভ্রমরূপক শ্রীধর্ম্মদাস বসু।

কেটোর আত্মবাক্যজ্ঞাপক শ্রীরাধারমণ সরকার।

এডবার্ড রূপধারক শ্রীপ্রাণকৃষ্ণ মুখুয্যে।

দুর্ব্বলা যোদ্ধাদর্শক শ্রীনবীনচন্দ্র দেব।

চতুর্থ হেনরী রাজার মনন বাক্যপ্রকাশক শ্রীবেণীমাধব নেউগী।

জীবন পদার্থ আদর্শক শ্রীধর্ম্মদাস বসু।

তৎপরে শ্রীশ্রীযুত বিদ্যোদ্যুক্তবিষয়ক ও শ্রীযুক্ত রাজা কালীকৃষ্ণের প্রতি প্রশংসাত্মনিকা সুবক্তৃতা করিলেই সভা ভঙ্গ হয়।

traffickers of the country, and through them the exchange of all commodities is effected. The Kandos are the Kshetriyus of these Hills; the Dunas, are said to be the weavers. The lowest caste is that of the Pannas, who are supposed to be a degenerate race of the lowland Hindoos, who have obtained a footing in the hills, and exercise the arts of husbandry, and engage generally in the little business which is carried on. All castes except the Panna, partake without scruple of animal food, with the exception of beef. Their houses, unlike those in the plains, are constructed of wood. The only disputes among them appear to regard the boundaries of their respective valleys, and these disputes are settled by an appeal to arms, though the differences which thus arise are often protracted for years. They have no written character, and consequently no books. The recent proclamations of the British Government which were expressed in the Ooriya character, and read to them, appear to have been well understood.

(From a Correspondent.)

Hindoo Benevolent Institution.

The Annual Examination, Exhibition and Distribution of Prizes of the above Institution, was held at the Episcopal Palace, on the 6th inst. a little after 10 A. M. before a large party of European and Hindoo Gentlemen, among whom were present, The Right Reverend the Lord Bishop of Calcutta, the Honourable Sir J. P. Grant, Kt. the Honourable Sir B. Malkin, Kt., the Ven. Arch. T. Dealtry, L. L. B. Captain the Honourable W. G. Osborne, M. S. to the Governor General, the Rev. J. Bateman, M. A., Maharaja Kalee Krishna Bahadoor, Raja Rajnarayan Roy Bahadoor, Baboos Kaleenath and Bykuntnath Roys, Lukhinarayan Mookerjee, &c. &c.

The worthy Prelate questioned several demonstrations to answer from Mathematics, Geometry, History, &c. which the boys solved cleverly, and recited the Dramatic Pieces to the delight of all before whom they were presented on this literary entertainment.

This school has since seven years, been well regulated by Hindoos and adjuvated by Rajah Kalee Krishna Bahadoor, and established under the proprietory of Baboo Sharadaprusad Bosoo.

The following were the Recitals by the pupils:—

Hope soothes distress.—Krishnamohan Basu.

The Beggar Man.—Dharmadas Basu.

Cato's Soliloquy.—Radharaman Sircar.

Edward.—Prankrishna Mookerjee.

Warwick.—Navinchundra Deo.

Henry IV. Soliloquy.—Banimadhub Newgy.

What is Life?—Dharmadas Basu.

Afterwards, His Lordship dismissed the Meeting in delivering a fine Speech, dwelling upon complimenting the Raja Kalee Krishna and the Education.

পত্রপ্রেরকেরদের প্রতি।

উত্তরকালে ডেপুটি কালেকটরী কর্ম্মে ব্যক্তি নিযুক্তহওননবিষয়ক এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা বিবেচ্যাবস্থায় আছে।

কস্যচিৎ শালিখানিবাসি ব্রাহ্মণ কুলোদ্ভব ব্যক্তির পত্র প্রকাশ্য বোধ হইল না তাহাতে শালিখা ও ঘুসড়ির লবণ গোলার প্রধান কর্ম্মকারকেরদের প্রতি সঙ্কেতে গ্লানি লেখেন।

দক্ষঃ ইত্যঙ্কিত পত্র অপ্রকাশ্য বোধ করা গেল তাহাতে কোন রাজার প্রতি শ্লেষ করিয়া লেখেন।

শ্রীশিবচন্দ্র ঘোষ ইত্যঙ্কিত দীর্ঘ পত্র সংক্ষেপ করিয়া অর্পণীয় বটে।

এস জি আর ইত্যঙ্কিত দীর্ঘ পত্র চুম্বকে প্রকাশ করা যাইতে পারে।

কস্যচিৎ পাঠকস্য ইতিস্বাক্ষরিত পত্র দর্পণ যন্ত্রালয়ে পঁহুছে নাই।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

আমরা মফঃসলনিবাসি পত্রপ্রেরকের পত্রে জানিতে পারিলাম গবর্ণমেণ্ট স্বীকার করিয়াছেন বর্দ্ধমানের চিকিৎসালয়ে প্রতি মাসে ৫০ টাকা এবং উপযুক্ত ঔষধ দিবেন আরো বলিয়াছেন টীকা দিবার নিমিত্ত যদি প্রয়োজন হয় তবে এক জন উপযুক্ত টীকা দানের কবিরাজ নিযুক্ত করা যাইবেক এবং মাজিস্ত্রেট সাহেবের প্রতি হুকুম হইয়াছে বৎসরান্তে ঐ চিকিৎসালয়ের কার্য্যবিষয়ক রিপোর্ট পাঠাইতে হইবেক।—জ্ঞাং নাং।

বহরমপুরহইতে যে পত্র আসিয়াছে তাহার মধ্যে অনেক ভাল বিষয় লিখিত আছে অতএব আমরা ঐ সকল বিষয় প্রকাশ করিলাম।

আমি এইখানে আগমনকালীন কপিলেশ্বরনামক স্থানে অবস্থিত হইয়াছিলাম সেইখানে এক ব্যক্তি আমার নিকট আসিয়া কহিল সে থানার জমাদার এবং নফরা নামে যে ঠগদলের সরদার ছিল তাহাকে ধরিয়াছে আমার বোধ হয় একথা যথার্থ হইলেও হইতে পারে কেন না নফরা নামে যে প্রধান ঠগ আছে আমিও তাহার নাম শুনিয়াছি।

খাসমহালের তহসীলদার শ্রীযুত বাবু দিগম্বর মিত্র কি দোষে সসপেণ্ড হইয়াছেন আমি বোধ করি আপনি তাহা জানিতে ইচ্ছা করেন ঐ বাবু যে সকল জমী মাপ করিয়াছিলেন শ্রীযুত কালেকটর সাহেব পুনরায় তাহা পরীক্ষা করিয়া দেখিলেন অনেক বিষয়ে অন্যায় করিয়াছেন বিশেষতঃ যাহাতে প্রজার বাড়ী আছে তাহাও পতিত বলিয়া লিখিয়া দিয়াছেন পরে কালেকটর সাহেব জিজ্ঞাসা করিলে উত্তর দিলেন এ বিষয় ভ্রমপ্রযুক্ত হইয়াছে কিন্তু আমীন ও গোমস্তারা সাক্ষ্য দিল দিগম্বর বাবুর আজ্ঞানুসারেই তাহারা লিখিয়াছে তাহাতেও বাবু কহিলেন তিনি অন্য অনেক জমী মাপ করিয়াছেন তাহাতেও কালেকটর সাহেব তদারক করিয়া দেখুন তবেই জানিতে পারিবেন এ বিষয়ে ভুলিয়াছিলেন সম্পাদক মহাশয় যথার্থ পরীক্ষার্থ এ বিষয় আপনকার হস্তে সমর্পণ করিলাম তাহাতে দৃষ্ট হইবে গোয়েন্দার মুখে শুনিয়া হয় কালেকটর সাহেব ভুলিয়াছেন অথবা দিগম্বর বাবু টাকার লোভে এরূপ করিয়াছেন।

To Correspondents.

We have received a letter, which is under consideration, relative to the appointment of Deputy Collectors.

The letter of a *Bramhun Koolin of Sulkea,* we cannot publish; it contains much covert censure of the Amlas in the Salt Golahs at Sulkea and other places.

The letter signed *Dukhyu,* which abuses a certain Raja, is inadmissible.

Seebchunder Ghose's letter cannot be published except it be shortened.

The same may be said of *S. G. R.*

The letter signed, *A Certain Reader,* has never reached us.

Spirit of the Native Papers.

We are informed by a Mofussil correspondent that the Government has sanctioned for one year the monthly allowance of fifty Rupees and supply of medicine to the Burdwan Hospital. An efficient officer for the vaccine establishment is also to be engaged if necessary. The Magistrate has been requested to report at the close of the year on the state of the Hospital.—*Gyan.*

The following extract from a letter received from Berhampore, contains some interesting items of information.

"On my way up to this station, I stopped for some time at Kupilusser, and met with a person who styled himself a Jemadar of the Pharee Thanna; he stated he had lately apprehended a Thug leader by name Nafra. The statement may be true, for there is a Thug of that name.

"You will be anxious to know the nature of the charge under which Baboo Degumber Mittre, Tehsildar of Khas Mehals has been suspended. It is this. Among the measurements effected under his superintendance some which were tested by the Collector were gross misrepresentations:—a piece of land for instance upon which buildings, &c. were standing being represented to be *Puteet* or waste land. The Collector calling for an explanation of the matter, it was stated in reply that the alleged guilt was an oversight on the part of the Tehsildar. But the Ameens and Gomastahs stated that they were instructed to put down that statement by Degumber Baboo, who in his defence urges that the oversight was accidental and that he refers to the whole of the measurements under him as a proof of his innocence. I leave the matter in the scale, do you judge who is in the error, the Collector or the Tehsildar. Whether the former yielded to the information of the Goindahs or the latter to bribes?

পূর্ব্বে নিয়ম ছিল দশ ঘণ্টা রাত্রির পরে রাস্তাদিয়া লোক চলিতে পারিত না এবং এইক্ষণে খেদপূর্ব্বক বলিতেছি নূতন মাজিস্ত্রেট শ্রীযুত এলিএট সাহেব পুনরায় ঐ ধারা স্থাপন করিয়াছেন যাহা হউক শ্রীযুত এলিএট সাহেব উপযুক্ত লোক বটেন এবং বোধ করি বহরমপুর জিলা যাহাতে বিচার উত্তমরূপ হইত না তিনি এইক্ষণে যথার্থ বিচারদ্বারা প্রজাসকলকে সুখে রাখিবেন আর প্রজার ধন প্রাণ রক্ষাও ভালরূপে হইবে এবং ধনিলোকের অত্যাচার ও আমলাগণের ঘৃণিত ব্যবহারও ক্রমে দূর হইবে—ঐ।

"The old fashioned custom of our former Magistrates, viz. of preventing people going out abroad after 10 P. M. I am sorry to find revived at this District by the new separate Magistrate Mr. Elliot, who is however a very able officer, and I trust that under his administration, this ill-managed district will improve in the security of person and property and every kind of petty and great oppression to which the Zillah people are liable from the proud man's contumely and the Amla's hate will I hope be suppressed by his vigilance." – *Ibid.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সত্যকালাবধি ক্রমে মনুষ্যদিগের রীতি নীতি ব্যবহার বিবেচনাপ্রভৃতির শ্রেষ্ঠতা হ্রাস এবং কদর্য্যতা বৃদ্ধি পুরাণাদি শ্রবণে মনসগোচর হইতেছে। আমার বাল্যাবস্থাবধি ৬০।৬৫ বৎসরপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয় মহাশয়দিগের যদ্রূপ সুবিবেচনা সদ্ব্যবহার সুরীতি সুধারা সুবিচার শৌর্য্যবীর্য্য গাম্ভীর্য্য পরিপূর্ণরূপ দৃষ্টি হইতেছে তদ্রূপ হিন্দু কিম্বা মোসলমান প্রভৃতির হইতে পারে না তাঁহারদিগের তুষ্টি জন্য সন্তোষজনক বাক্য প্রয়োগ নহে। কারণ ইঙ্গণ্ডীয় রাজাধিরাজ নরবর কিম্বা বিচারকর্ত্তাপ্রভৃতি মহাজনগণ কেহই স্বেচ্ছাধীন নহেন সকলই নির্দ্ধারিত নিয়ম অর্থাৎ রিগিউলেসনের অধীন। স্বাধীন হইয়া আপন প্রজাদিপ্রতি দণ্ডাদি করণ কিম্বা শাস্তি প্রদান ক্ষম হন না পক্ষপাতিত্বের লেশমাত্র ধারা নাই। এতদ্বঙ্গদেশ মধ্যে ইঙ্গলণ্ডীয় রাজসাহায্যসম্পর্কীয় যে হিন্দু কালেজনামক উত্তম বিদ্যালয় কলিকাতা রাজধানীতে স্থাপিত হইয়া এতদ্দেশীয় হিন্দু বালকদিগের পক্ষে যৎপরোনাস্তি উপকার বিদ্যোপার্জ্জন হইতেছে এবং যে সকল ধারা নিয়োজিতা হইয়াছে তাহাও বালকদিগের অত্যন্ত উৎসাহজননী হইয়া পরমোপকার করে। সাম্বৎসরিক বিদ্যা পরীক্ষায় যে বালক যেরূপ পরীক্ষা দেয় তাহাকে পুস্তকাদি প্রদান দ্বারা হর্ষ প্রদান অর্থাৎ প্রায়িজ দেওয়া যায় তাহাতে কিঞ্চিৎ কালাবধি কিঞ্চিৎ পক্ষপাতিত্ব প্রকাশে কুধারা হইয়াছে অর্থাৎ যে বালক যেরূপ প্রাপণোপযুক্ত তাহার ন্যূনাধিক্য হয় এবং উত্তম প্রাপণোপযুক্ত বালক কিছুই না পাইয়া নিরুৎসাহী হয় এবং স্বল্পোপযুক্ত অধিক প্রাপ্ত হইয়া পরমোৎসাহী হয়। অতএব নিবেদন মহাশয় অনুগ্রহপূর্ব্বক এই পত্র মহাশয়ের পত্রৈক পার্শ্বে প্রকাশ করিলে এতদ্বিষয় কর্ত্তা মহাশয়দিগের সুদৃষ্টিগোচর হওয়াতে অবশ্য সুধারা হইবেক।

কস্যচিৎ সমাচার দর্পণপাঠকস্য।

Correspondence.

To the Editor of the Durpun

I learn from the Poorans that from the Suttya yog and downwards, the habits, customs and principles of mankind have gradually become deteriorated, and that wickedness has increased. During the last 60 or 65 years I have had an opportunity of witnessing the excellent judgment, good practices, the benevolent rules, the courage, propriety, and all other virtues of the English, to which neither the Hindoos nor the Moosulmans can produce any thing similar. I do not write this to curry favour with them. The reason is that the English Judges are in no cases independent, but are always bound by the established regulations. They have no authority of their own will to order punishment to be inflicted upon the people; and there is not the shadow of partiality among them. The excellent institution of the Hindoo College which has been established in Bengal through the assistance of Government has afforded the highest possible advantage to Hindoo youth, in the acquisition of knowledge; and the rules of the College are calculated to increase the spirit of the students. But after the examination of the present year there appeared to me to be some little partiality in the distribution of the books which were given as prizes among the most successful students; that is to say, that the prizes were not distributed exactly according to their merits. Some of the most deserving boys were discouraged by receiving nothing, and others who deserve little, obtained much, and became over confident. I beseech you therefore to publish this letter in a part of your paper, in the hope that it may catch the eye of the Directors, and lead to a reformation.

A Reader of the Durpun.

আশ্চর্য্য মৃত্যু।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিনয়বিশিষ্ট নিবেদনমিদং। গোন্দলপাড়া নিবাসি শ্রীযুক্ত বাবু রাধানাথ বসুর সাধ্বী স্বধর্ম্মপরিপালিতা স্ত্রী কিয়ৎকাল জ্বর রোগ ভোগকরত অন্তিমকালোপস্থানসময়ে শ্রীশ্রী৺ গঙ্গাদর্শনে যাত্রার্থ স্বেচ্ছাধীনে সজ্ঞানে সপরিবার সন্নিধানে প্রণামীয়গণে প্রণাম ও আশীর্ব্বাদীয় জনে আশীর্ব্বাদকরণপূর্ব্বক বিদায় লইলেন। ইতিমধ্যে প্রতিবাসিনী কতিপয় ব্রাহ্মণঠাকুরাণীদিগের তথায় শুভাগমন হইল তাহাতে প্রত্যেক ঠাকুরাণীকে কিঞ্চিৎ২ প্রণামি প্রদানপূর্ব্বক বিনীত স্তুতিপুরঃসরে করপুটে প্রণাম করিয়া ৺ গঙ্গাতীরে যাত্রা করিয়া কেবল গঙ্গাজল পানে নিরন্তর পরমেশ্বর ধ্যান ও জপকরত তিরাত্রি বাস করেন। পরে মঙ্গলবারে অতিজ্ঞানভরে স্বেচ্ছাপূর্ব্বক অর্দ্ধাঙ্গ নীরে স্বীয় পুরুষাঙ্গে উচ্চৈঃস্বরে সুস্বরে পরমেশ্বরের নামোচ্চারণ করিতে২ অন্তর্জলিকালীন স্বহস্তে গঙ্গোদক পানকরত মায়া মোহ পরিত্যাগ করিয়া অবলীলাক্রমে দেহত্যাগ করিলেন এমত চমৎকার মৃত্যু অতি সাধারণ হইয়া থাকে।

ASTONISHING DEATH.

To the Editor of the Durpun.

Receive my salutations. The excellent and virtuous wife of Baboo Radhanath Bosoo of Goudulpara, having been afflicted with fever, and her latter end approaching, she was of her own accord, in full possession of her senses, surrounded by her own people, taken down to the river, where she saluted those who were worthy of salutation, and blessed those who were to be blessed. At this time some of her neighbours, the wives of bramhuns, coming there she made to each one of them a small gift with great humility and praise, and saluted them with joined hands. She remained on the banks of the river for three days, drinking the water of the Ganges and absorbed in holy meditations. On Tuesday, while in full possession of her senses, with her body half out of and half in the water, pronouncing the name of God, and still drinking the water of the stream, she forsook this deceitful body, and with perfect calmness resigned herself to death. Such deaths are not common.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আমারদিগের অবগম হইল যে ঢাকা ইস্কুলের হেড মাষ্টর শ্রীযুত রিজ সাহেবের উপদেশমতে জেনারেল এডুকেসন কমিটি সংপ্রতি এক আজ্ঞা করিয়াছেন যে ইস্কুলের ছাত্রেরদিগের নিকট ব্যয়ানুকূল্যার্থে প্রতি মাসে কিঞ্চিৎ বেতন লওয়া যায়।

আমরা সাহসপূর্ব্বক কহিতেছি যে এডিউকেসন কমিটি এদেশের অবস্থা ও মনুষ্যদিগের ব্যবহার চরিত্রের বিশেষ বিবেচনা না করিয়া এমত আজ্ঞা করিয়া থাকিবেন। উপরি উক্ত রিজ সাহেবের বুদ্ধি ও ব্যবহারের বিষয় তত আমরা লিখিতে অশক্ত কিন্তু এইপর্য্যন্ত কহিতে পারি যে ঐ সাহেব আপন বুদ্ধি ও বিবেচনাকে সর্ব্বদাই শ্রেষ্ঠ ও প্রবল বোধ করেন অতএব যদি উক্ত সাহেব এইরূপ পরামর্শ দিয়া থাকেন তাহা নিশ্চয়ই তাঁহার নিজ বিদ্যা বুদ্ধির আধিক্যতার প্রকাশার্থে বটেন ঐ সাহেবের উক্ত ব্যবস্থানুসারে ব্যবহার হইলে যে অচিরাতে এই ইস্কুলের উন্নতির খর্ব্বতা হইবেক ইহা আমরা মুক্তকণ্ঠ হইয়া এডিউকেসন কমিটিকে নিবেদন করিতেছি।

ঢাকা প্রদেশের ভদ্র বিশিষ্ট মনুষ্যদিগের মধ্যে ডেপুটি কালেকটর শ্রীযুত রায় রামলোচন ঘোষ বাহাদুর ব্যতিরেকে ইস্কুল বিষয়ের উৎসাহ ও তদ্য উন্নতির আকুঞ্চন মাত্র কাহার নাই এবং বিদ্যাকর্ত্তৃক যে নানা উপকার সম্ভাবনা তাহা তাঁহারা কদাচ অবগত নহেন অতএব এসময়ে ইস্কুলের ছাত্রেরদের নিকট বেতন গ্রহণ উদ্যোগ কোন মতে সৎপরামর্শ নহে। প্রথমতঃ ঢাকার এই ইস্কুল হইলে পর নিজ ঢাকানিবাসি কেবল কতকগুলীন অন্ত্যজ জাতীয়দিগের বালক ঐ ইস্কুলে বিদ্যা উপার্জ্জনার্থে ভর্ত্তি হইয়াছিল গত সন উক্ত ডেপুটি কালেকটর মহাশয়ের এদেশে আগমন হওয়াতে তাঁহার উপদেশ ও বহুবিধ উদ্যোগে ১০।১৫ জন ভদ্র জাতীয় বালকেরা ঐ ইস্কুলে ভর্ত্তি হইয়াছে তদৃষ্টে এইক্ষণে অন্যেরো কিঞ্চিৎ উৎসাহের অঙ্কুর জন্মিয়াছে এইক্ষণে যদি বেতন দিতে হইবে এমত বিধি হয় তবে ঐ উৎসাহের বীজ অঙ্কুরেতেই বিনাশ করা হইবেক।

ঢাকা অঞ্চলের মনুষ্যেরা প্রায় নির্ধনি ও বিদ্যা বুদ্ধি বিহীন প্রায় তাবৎ লোকই অসভ্য যদি গবর্ণমেণ্ট দয়াপূর্ব্বক এস্থানে ইস্কুল স্থাপিত করিয়াছেন এডিউকেসন কমিটির উচিত হয় যে যেপর্য্যন্ত ঐ ইস্কুলের বালকেরদের কিঞ্চিৎ রসবোধ না জন্মে অর্থাৎ ঐ বিদ্যার মর্ম্মজ্ঞতা না হয় ততো দিনপর্য্যন্ত তাহারদিগের স্থানে কিছুই গ্রহণ করণে ক্ষান্ত থাকেন। আমরা নিশ্চিত লিখিতেছি যে এদেশস্থ ভদ্র লোক আপন সন্তানদিগকে অন্ন বস্ত্র দিয়া ঢাকা শহরে রাখিতে সর্ব্বদা অশক্ত তবে কেহ পরস্পর সম্পর্কীয় লোকেরদের নিকট যাচ্ঞাপূর্ব্বক অতিথির ন্যায় আপন২ সন্তানদিগকে রাখাইয়া বিদ্যা শিক্ষা করাইতেছেন। অনেকে এরূপ উপায়াভাবে ক্ষান্ত আছেন সংপ্রতি স্বদেশ হিতৈষি উক্ত ডেপুটি কালেকটর ঘোষজ মহাশয় ঢাকায় আসিয়া রাষ্ট্র করিয়াছেন যে২ বিশিষ্ট বালকেরা অন্ন বস্ত্রাভাবে ঢাকায় থাকিয়া বিদ্যাভ্যাস করিতে অশক্ত হন তাঁহার নি

To the Editor of the Durpun.

We learn that by the advice of Mr. Ridge, the Head Master of the Dacca Seminary, the benevolent Education Committee have recently passed a law, that a small sum be taken every month from each scholar in order to assist the funds.

We can boldly say, that this order must have been passed by the Education Committee in total ignorance of the condition, habits and feelings of the country. We cannot adequately describe the knowledge and qualifications of Mr. Ridge, but we can say, that he has a good opinion of his own attainments and judgment; and that if this advice originates with him, it must have been through some desire to shew the excellency of his knowledge; because, we will boldly affirm before the Education Committee, that if such a practice be introduced, the increase of the school will be greatly affected.

Of the respectable and leading men in Dacca there is no individual who cares for the welfare and increase of the school besides the Deputy Collector Roy Ramlochun Ghose. The great men of the town cannot as yet appreciate the benefits of education, and it is therefore unwise in present circumstances to demand pay from the students. When the school was first established only a few of the children of the lower classes entered it to obtain learning. Last year the aforesaid Deputy Collector came to this part of the country, and through his advice and exertions, 10 or 15 of the sons of respectable men entered it, and now the courage of others has been enkindled; but if money be demanded of them, the seeds of this courage will perish in the ground.

The inhabitants of the neighbourhood of Dacca are generally poor and ignorant and may be characterized as uncivilized; and it was therefore the duty of the Education Committee to have refrained from asking any thing of the scholars until they had some taste for learning and had acquired the first elements of knowledge. We can venture to say that the respectable men of the country have not the means of sending their children to Dacca and providing them with food and clothing; yet some of them by great entreaty have prevailed on their friends to receive their sons into their houses as guests, while they are acquiring knowledge; but many having no such advantages, cannot avail themselves of the school. The Deputy Collector above named, on his arrival at Dacca, proclaimed that those children of respectable men who could not come to Dacca for want of the means of maintenance, should be provided

কষ্টথাকিলে তিনি অন্ন বস্ত্রের আনুকূল্য করিবেন এমত মতে এপর্য্যন্ত ১০।১২ টি বালক তাঁহার আশ্রিত হইয়াছে বোধ করি ঐ মহাশয়ের মফঃসলহইতে শহরে আসিলে অধিক বালকেরা তাঁহার আশ্রয়ে আসিতে পারে কিন্তু বেতন দিতে হইবে এমত রাষ্ট্র হইলে সুতরাং কেহ কোন মতে ইস্কুলে পাঠ করিতে সমর্থ হইবেক না।

ঢাকা জিলাতে বিক্রমপুর ও ইদিলপুর ও কার্ত্তিকপুর ও রাজনগর ইত্যাদি কএক স্থানে অনেক ভদ্র ও বিশিষ্ট জাতীয় লোকেরা বসতি করেন কিন্তু ইহার মধ্যে অনেকেই দীন ভাবাপন্ন। ঢাকা শহরে ভদ্র জাতীয়দিগের বসতি নাই যে সকল অন্ত্যজ জাতীয়েরা বসত করে তাহারা প্রায় সকলেই বাণিজ্য ব্যবসায়ি তাহারদিগের মধ্যে অনেক ব্যক্তি যোত্রাপন্ন এবং অন্ন বস্ত্রের কাতর কেহই নহে যদি নিতান্তই এডিউকেসন কমিটি বালকদিগের স্থানে কিঞ্চিৎ২ লওয়া নিশ্চয় করিয়া থাকেন তবে বরং এইরূপ প্রথা হয় যে যে সকল বালকেরা নিজ ঢাকা নিবাসি তাহারদিগের স্থানে কিঞ্চিৎ২ লওয়া যায় মফঃসলনিবাসি বালকেরা তাহাহইতে বর্জ্জনীয় থাকেন।

শ্রীঈশ্বরচন্দ্র রায়স্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

জিলা চব্বিশ পরগনার অন্তঃপাতি আজিমাবাদ পরগনার বরোহানপুর গ্রামের জমীদার মণ্ডলের প্রায় দেড় শত জন লোক লাঠেল ও রাইয়ত উক্ত গ্রামের অতি দীনদুঃখি মোসলমান জাতীয় রাজু সেখনামক এক গরিব প্রজার গত বৎসর ২০ ফাল্গুণ রাত্রে তাহার বাটী আক্রমণপূর্ব্বক দাঙ্গা করে দারোগার রোঁদের গস্তি সেরাজনামক বরকন্দাজের সাক্ষাৎকারে প্রায় ত্রিশ বিঘা জমির ধান্যগাদা উঠাইয়া লইয়া যান এবং কতক দ্রব্যাদি অপচয় করেন তৎপ্রযুক্ত ঐ রাজু সেখ উক্ত জমীদারের ঐ সকল লোকের নামে ফৌজদারিতে নালিশ করিবায় খিদীরপুরের দারোগার উপর পরওয়ানা জারেদ হয়। উক্ত দৌরাত্ম্যবিষয়ক তদারক করিয়া হজুর রিপোর্ট করিতে দারোগা উক্ত গ্রামের সরেজমীনে গমনপূর্ব্বক বাসিন্দাগণের জুরথহালে ও ফরিয়াদী রাজু সেখের সাক্ষিদিগের ও রোঁদের বরকন্দাজ সেরাজের জোবানবন্দীতে উক্ত দৌরাত্ম্য প্রামাণিক হইবায় আসামী সকলকে গ্রেপ্তার করিয়া রিপোর্ট সমলিত হজুর চালান করেন। কিন্তু আমলাদিগের পক্ষপাত নিমিত্তক ফৌজদারী সুট ডিসমিস হওয়াতে ঐ ফরিয়াদী রাজু সেখ শ্রীযুত কমিসানর সাহেবের হজুর দরখাস্ত করে তাহাতে শ্রীযুত কমিসানর সাহেবের তজবীজে ফৌজদারী নথি কৈফিয়তদৃষ্টে আসামীদিগের মধ্যে কেবল উক্ত জমীদারের গোমাস্তা ঈশানচন্দ্র ঘোষ ও প্রধান লাঠেল মাধব পেয়াদার প্রত্যেকের তিন মাস মিয়াদ ও পঁচিশ টাকা জরিবানার হকুম দেন। কিন্তু আসামীর মধ্যে কেবল দুই ব্যক্তির অল্প মিয়াদ ও জরিবানা হকুম হওয়াতে ফরিয়াদী রাজু সেখ তাহাতে নারাজ হইয়া সদর নেজামতে দরখাস্তের উদ্যোগ করিতে করিতেই উক্ত জমীদার উক্ত অপরাধি দুই জনকে নির্দ্দোষীকরণের অভিপ্রায়ে উক্ত অপরাধি ঈশানচন্দ্র ঘোষ ও মাধব পেয়াদা দুই জনকে দিয়া সদর নিজামতে দরখাস্ত করান এবং শ্রীসদাসুখ পণ্ডিতকে ওকালতনামা দেওয়ান ঐ দরখাস্ত হইলে পরেই রাজু সেখ দরখাস্ত গুজরায় এবং হোসেন আলীকে ওকালতনামা দেয়। তাহাতে সদর নিজামতের বিচারে অন্য কোন হকুম না হইয়া শ্রীযুত কমিসানর সাহেবের ডিক্রী মঞ্জুর হয়। ইহা গত ভাদ্র মাসে উক্ত মোকদ্দমা নিষ্পত্তি হইয়া চূড়ান্ত হইয়াছে তথাচ উক্ত দুষ্ট জমীদারের নানা মন্ত্রণা দ্বারা ফৌজদারী আমলারদের সাপক্ষতায় উক্ত অপরাধি দুই জন অদ্যাপি কয়েদ না হওননিমিত্ত এবং গুরু পাপে লঘু দণ্ড হকুম নিমিত্তক উক্ত জমীদারের অত্যাচারের কিছু মাত্র লাঘব হয় নাই। তাহার দৃষ্টান্ত উক্ত জমীদার এইক্ষণে রাজু সেখের উপর ও তাহার উপর লিখিত মোকদ্দমার সাক্ষিদিগের উপর নানা উত্তেজনা করিতেছেন। তদ্বিশেষ গত অগ্রহায়ণ মাসে উক্ত জমীদার ঐ সাক্ষিদিগের বলপূর্ব্বক ধরিয়া লইয়া রাজু সেখের পক্ষে সাক্ষি দিয়াছিল জন্য তাহারদিগের প্রায় পোনর রোজ কয়েদ রাখিয়া যৎপরোনাস্তি শারীরিক শাস্তি দিয়াছেন এবং তাহারা হজুরে ব্যয় করিয়া নালিস ফরিয়াদ করিতে না পারে তজ্জন্য তাহারদিগের যথাসর্ব্বস্ব বিক্রয় করিয়া গুনাহাগার লইয়াছেন এবং তৎসামিলে রাজু সেখের গরু ইত্যাদি যাহা ছিল তাহাও বিক্রয় করিয়া লইয়াছেন। এইরূপে তাহারদিগকে এমত দুর্দ্দশাপন্ন করিয়াছেন যে উপস্থিত দৌরাত্ম্য হজুরে দরপেস করা দূরে থাকুক অন্নাভাবে স্ত্রীপুত্রাদি মারা যাইতেছে গরিব বেচারারা সকলেই কৃষিজীবী দুঃখ মেহনৎ করিয়া গুজরান করে তাহাতে তাহারদিগের দরখাস্তকরণের ইষ্টাম্প খরিদের আট আনারও সঙ্গতি নাই। উক্ত জমীদারের উপদ্রব ও নানা ভয় প্রদর্শনে ও প্রহারের ভয়ে স্থানান্তর হইয়া অস্পষ্ট আছে। এতাদৃক দৌরাত্ম্যের কারণ এই যে ভয়ে অন্য কোন অন্যায়গ্রস্ত ব্যক্তিরা হজুর নালিস করণে ভবিষ্যৎ অগ্রসর না হয় ইহাতে অন্যান্য অন্যায়গ্রস্ত প্রজাদিগের দুঃখ সাগরহইতে উদ্ধারের নিরুপায়জ্ঞানে ঐ অন্যায় হজুর দরপেস করণে অনেকেই ক্ষান্ত আছে। অনেকের প্রতি এতাদৃশ বলিষ্ঠৎ করিতেছেন সূক্ষ্ম তদারক হইলে সকল ব্যক্ত হইতে পারে। অতএব যদিস্যাৎ শাসনকর্ত্তা আমার লেখা প্রমাণ রাজু সেখের উপর কথিত মোকদ্দমার ফৌজদারীর সেরেস্তার নথি দৃষ্টি করিয়া অপরাধি দুই জনকে হজুর হাজির করাইয়া বন্দিগারে প্রেরণ করেন এবং রাজু সেখকে ও তাহার সাক্ষিদিগের অভয় দিয়া হজুর তলব করিয়া আমলা দ্বারা না হইয়া আপন সাক্ষাৎকারে বর্ত্তমান অত্যাচারের রীতি ও তাহারদিগের এজাহার লইয়া তাহারদিগের বাসগ্রামস্থ ও তন্নিকটগ্রামস্থ প্রধান ভদ্র২ প্রজাদিগের হজুর তলপ করিয়া উক্ত অত্যাচারের বিবরণ বিশেষাবগত হইয়া প্রতিকার করেন তবেই ক্লেশদায়ক ঐ জমীদারের শাসন হয় নচেৎ তাঁহার জুলুমে গরিব প্রজারা উচ্ছিন্ন হয়।

সাক্ষরকৃত দর্পণ পাঠকস্য।
জিলা চব্বিশ পরগনা।

with them from his own purse. And hence to the present time, ten or twelve boys are thus living under his protection, and when he comes from the Mofussil into this city he will possibly be able to give many others such a refuge, but if it be once proclaimed that the boys are to pay for their education, of course very few of them will attend the school.

At Bikrampore, Edilpore, Kartikpore, and other places in the district of Dacca, there are many respectable families, but they are generally poor. In the city of Dacca there are very few of the respectable orders. The lower classes who reside in it, are almost all engaged in trade and some of them are wealthy, and are in no respect in want. If the Education Committee have determined to take some thing from the scholars, let them at least make this modification, that it be demanded only from those who reside in the city, and that those whose residence is in the Mofussil be exempted from it.

Eeshurchunder Roy.

To the Editor of the Durpun.

In the 24-Pergunnahs, in the Pergunnah of Azimabad, in the village of Borahanpore, more than 150 of the clubmen and ryuts belonging to the Mundul Zemindars on the 20th of Falgoon last year entered the house of a poor Moosulman of the name of Rajoo Sheikh during the night and committed a disturbance, and in the presence of Sheraj, a Burkundauz, who was going his rounds, took away the corn which had been reaped from nearly 30 bigahs, and otherwise destroyed much property. Rajoo Sheikh upon this lodged a criminal complaint and a purwannah was sent to the Darogah of Kidderpore to examine into the complaint and make a report to the Magistrate. The Darogah proceeding to the spot, took the depositions of the inhabitants and heard the witnesses of Rajoo Sheikh and took down the evidence of the Burkundauz above-named. Finding that the fact of the disturbance was established, he seized the defendants and sent them with a report into the Court, but through the contrivance of the Amlahs, the suit was dismissed; on which the complainant presented a petition to the Commissioner, who examining into the proceedings of the Court, sentenced the Gomastah of the Zemindar, Eeshur Chunder Ghose, and his chief clubman Madhub to confinement for three months and to a fine of 25 Rupees. In consequence of the slightness of this punishment, the complainant, not satisfied with the proceedings, appealed to the Sudder Nizamut Adawlut, and the Zemindar hoping to get off the two culprits, caused them also to appeal to that Court, appointing Sudasook pundit their Vukeel. Rajoo Sheikh on the other hand appointed Hossein Ally his Vukeel. The Sudder Nizamut passed no other orders than to confirm the decision of the Commissioner. The cause was thus finally decided in the month of Bhaddur last, yet through the contrivance of that Zemindar, and the partiality of the Amlahs, those two culprits have not yet been placed in confinement, because on this account and also through the inadequacy of the punishment, the oppressions of that Zemindar have not been diminished. As a proof of this I would say that the Zemindar is most grievously annoying Rajoo Sheikh and the witnesses whom he forwarded in his cause. In the month of Aughran last, the Zemindar seized those witnesses by force, and confined them for 15 days, simply because they had given evidence in the case of Rajoo Sheikh, and has subjected them to the greatest bodily pain. And that they may not have the means of complaining, he has sold off their property on pretence of a fine, and at the same time has sold the cattle and other property of Rajoo Sheikh. In fact he has reduced them to such destitution, that far from being able to lodge a complaint in Court, they and their families are on the eve of starvation. They are all agriculturists and poor men, who live by their labour, and have not the means even of paying for an eight anna's stamp; but have been obliged to conceal themselves through the oppressions of the Zemindar and through the fear of being beaten. The object of all these oppressions is, that no one in future, who may be oppressed by him, shall venture to complain, and hence many who are subject to his oppressions, finding themselves without remedy, have given up the idea of bringing their griefs into the Court. Thus he is enabled to oppress many, but if an enquiry were instituted, all these oppressions would be unfolded. If therefore the Judge upon this representation of mine, would examine the file of the Commissioner's Court, and calling the two culprits before him, carry their sentence into execution, and give some confidence to Rajoo Sheikh and his witnesses call them into court and examine them in person, and not through the Amlahs, and at the same time make enquiry about these oppressions from the respectable residents in the village, there would be some relief and we should be relieved from the cruelty of the Zemindar; otherwise his oppressions will annihilate us.

A Reader of the Durpun
in the 24-Pergunnas

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	।।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
ধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।।০	১৪।।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	13 8	14 8
4 per Cent loan,	2 4	2 0 Dis

Bank Shares.

Bank of Bengal, ... Co's. Rs. 1800—190

সমাচার দর্পণ

১১৩৬ সংখ্যা। বালম ১৯।] ২২ আপ্রিল ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১১ বৈশাখ। SATURDAY, APRIL 22D. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1136. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price— 1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also at the Church Mission Press, Calcutta.

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৭ আপ্রিল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানার প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব ঈশ্বরচন্দ্র মুখুয্যের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১। বিশেষতঃ জিলা চব্বিশপরগনার ভবানীপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। উত্তর দিগে প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের বাগাৎ ভূমি। দক্ষিণদিগে রত্নু মিত্রের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গোপাল দের বাটী ও ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ১।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে দুর্গাপ্রসাদ রায়ের বাগাৎ ভূমি। পূর্ব্ব দিগে রামমোহন গোহোর বাটী ও ভূমি। পশ্চিম দিগে রামু ধোবার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্ব ও দক্ষিণ দিগে গঙ্গামণি দেবীর বাটী ও ভূমি। পশ্চিম দিগে পণ্ডিত যুগির বাটী ও ভূমি।

৪ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। উত্তর ও পূর্ব্ব দিগে মাণিক বসুর এক পুষ্করিণী এবং ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও দক্ষিণ ও উত্তর দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা পশ্চিম দিগে বিপ্রদাস মিত্রের ভূমি।

৬ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।২ বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে এক রাস্তা। পশ্চিম দিগে বেণী ময়রার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে স্বরূপ ডাক্তরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গৌরমোহন বাঁড়ুয্যের বাটী ও ভূমি।

৭ দফা। এবং পূর্ব্বোক্ত জিলার অন্তঃপাতি মুর্দিশাহানগরের মধ্য স্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ২ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ঈশ্বরচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। পূর্ব্ব দিগে বৈদ্যনাথ হালদারের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে লক্ষ্মীকান্ত কাঁসারির বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

যে মোকদ্দমায় রামচন্দ্র দাসফৈরিয়াদি ও গোপীমোহন দাসপ্রভৃতি আসামী গত ৫ সেপ্টেম্বর তারিখে ঐ মোকদ্দমায় যে ডিক্রী হয় ঐ ডিক্রী অনুসারে কলিকাতার সুপ্রিম কোর্টের শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে আগামি জুন মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর ও দুই প্রহর দুই ঘণ্টার মধ্যে পবলিকসেলে অর্থাৎ নীলামে নীচে লিখিতব্য বিষয় নিতান্তই বিক্রয় হইবে।

লাট নং। ১ কলিকাতার রাণীমুদীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী নং ১৩ অর্থাৎ যে বাটী এইক্ষণে ক্রাষ্টর চাকমেন কোম্পানির কুঠী হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং। ২ কলিকাতার শহরতলি খিদিরপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬০/.০ ষাটি বিঘা আট ছটাক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কুলিবারের পুরাণ রাস্তা দক্ষিণ দিগে মুচিখোলার নূতন রাস্তা পশ্চিম দিগে রাধামাধব বাঁড়ুয্যের ভূমি পূর্ব্ব দিগে মতি ঝিল ভূমি।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর সাহেবের আপীসে অথবা ফরিয়াদীয়ানের উকীল শ্রীযুত জি হিগিন্স সাহেবের নিকটে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আপীস

১৪ আপ্রিল ১৮৩৭।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইশতেহার।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধানং পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীম ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্স্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১॥০ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ॥০ আনা নির্দ্ধার্য্য হইয়াছে।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kritteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja *Vuli*, a History of India composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

The Bengalee Letter-Writer.

Containing Forms of Bengalee Letters, Pottahs, &c. &c. *Third Edition.* Price 1 Rupee.

Dig-durshun.

The Dig-durshun, or Indian Youth's Magazine, in Bengalee only. Price 6 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৩৭ ১০ আপ্রিল।

শ্রীযুত মার্কলিন সাহেব ইন্দোরের রেসিডেন্সী কর্ম্মে নিযুক্ত হন ঐ নিয়োগ তাঁহার প্রার্থনা মতে রহিত হইয়া তৎকর্ম্মে পদাতিক সৈন্যের অষ্টাবিংশ রেজিমেন্টের চিকিৎসক শ্রীযুত জে ক্রুস সাহেব নিযুক্ত হইয়াছেন।

১১ আপ্রিল।

সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব ১৮৩৫ সালের ৭ আক্টের বিধানুসারে বগুড়ার জাইন্ট মাজিস্ত্রেটী সংক্রান্ত তাবৎ ফৌজদারী কর্ম্ম ১৩ সংখ্যক প্রদেশের সার্কেরসার্কেটী ও রেবিনিউ কমিসানর সাহেবের হস্তহইতে লইয়া রঙ্গপুরের সেসন জজের প্রতি অর্পণ করিয়াছেন।

এই হুকুমক্রমে গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখের গেজেটে প্রকাশিতকরণবিষয়ে হুকুম হয় যে বগুড়া জিলা রাজশাহী ভুক্ত হয় তাহা রদ হইয়াছে।

সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব ১৮৩৫ সালের ৭ আক্টের বিধানুসারে ১৬ সংখ্যক প্রদেশের কমিসানর সাহেবের হস্তহইতে লইয়া ত্রিপুরা ও ভুলুয়া ও চট্টগ্রাম জিলার ফৌজদারী সংক্রান্ত তাবৎ কর্ম্ম ঐ সকল জিলার সিবিল ও সেসন জজের প্রতি অর্পণ করিয়াছেন।

সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব নীচে লিখিতবা নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এচ ষ্টেনিফোর্থ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্বীয় বর্ত্তমান কর্ম্মে থাকিয়া শ্রীহট্টের সিবিল ও সেসন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মহম্মদ ফারুক খাঁ বাহাদুর গত ফেব্রুআরি মাসের ২৮ তারিখঅবধি ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা কটকের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

নীচে লিখিতবা সাহেবেরা স্বকর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

কিঞ্চিৎকালের নিমিত্ত সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত উইগ্রাম মনি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিঙ্গাপুরে গমনার্থ ছয় মাসের ছুটি পাইয়াছেন। ঐ ছুটি যে জাহাজারোহণে তিনি গমন করিবেন সেই জাহাজের প্রস্থানের তারিখঅবধি গণিত হইবে।

২৭ মার্চ।

শ্রীযুত মহম্মদ অলিউদ্দীন খাঁ এটায়ার প্রধান সদর আমীন ও ঐ জিলার দেওয়ানী ও ফৌজদারী আদালতের মুফ্তী হইয়াছেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ অলি নকি জাওয়ার আজিমগড়ের প্রধান সদর আমীন এবং ঐ জিলার দেওয়ানী ও ফৌজদারী আদালতের মুফ্তী হইয়াছেন।

শ্রীযুত মুফ্তী গোলাম মহম্মদ বুন্দেল খণ্ডের প্রধান সদর আমীন এবং ঐ জিলার সদর দেওয়ানী ও ফৌজদারী আদালতের মুফ্তী হইয়াছেন।

২৯ মার্চ।

শ্রীযুত টি সি ত্রেঞ্চ সাহেব দিল্লীর একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত টি কে লাইড সাহেব মীর্জাপুরের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এস ডানিথরন সাহেব বান্দার একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এস জে বিচর সাহেব ফত্তেপুরের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

৩০ মার্চ।

শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেব গত ডিসেম্বর মাসের ১ তারিখঅবধি বঙ্গরাজধানীর সীমা ত্যাগকরণ তারিখঅবধি ছয় মাসের ছুটি পাইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

10th April, 1837.

Mr. Assistant Surgeon J. Bruce, of th 28th Regt. N. I., is appointed to the Me dical charge of the Residency at Indoo vice Mr. Assistant Surgeon H. Maclean whose appointment to that situation ha been cancelled at his own request.

11th April.

The Right Honourable the Governor o Bengal has been pleased, under the Provisions of Act VII. of 1835, to transfe from the Commissioner of Circuit of th 13th Division, to the Session Judge o Rungpore, the whole of the duties connect ed with Criminal Justice, appertaining t the Joint Magistracy of Bogra.

This Order supersedes that assigning Bogra to Rajshahye, which appeared in the *Gazette* of the 18th February last.

The Right Honourable the Governor of Bengal has been pleased, under the Provisions of Act VII. of 1835, to transfer from the Commissioner of Circuit of the 16th Division, to the Session Judges of the undermentioned Districts, the whole of the duties connected with Criminal Justice, appertaining to those Zillahs, viz.

Tipperah, including Bulloon } 10th Di-
and Chittagong,.......... } vision.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. H. Stainforth to officiate as Civil and Session Judge of Sylhet, retaining charge of his present appointment, until further orders.

Mahomed Farook Khan Bahadoor to be Deputy Collector in Zillah Cuttack, under the provisions of Regulation IX. of 1833, to take effect from the 28th of February last.

The following officer has obtained leave of absence from his station :

Mr. Wigram Money, a Temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, to proceed to Singapore, on medical certificate, for six months, to commence from the date of the sailing of the vessel on which he may take his passage.

27th March.

Mohummud Uleem Oodeen Khan to be Principal Sudder Ameen at Etawah and Mooftee of the Civil and Criminal Courts in that District.

Moulvee Mohummud Ullee Nukkee Zawur to be Principal Sudder Ameen at Azimghur and Mooftee of the Civil and Criminal Courts in that District.

Mooftee Gholam Mohummud to be Principal Sudder Ameen of Bundlekund and Mooftee of the Civil and Criminal Courts in that District.

29th March.

Mr. P. C. Trench to officiate as Magistrate and Collector of Delhi.

Mr. T. K. Lloyd to officiate as Joint Magistrate and Deputy Collector of Mirzapore.

Mr. W. S. Donnithorne to officiate as Magistrate and Collector of Banda.

Mr. S. J. Becher to officiate as Joint Magistrate and Deputy Collector of Futtehpore.

30th March.

Mr. F. Stainforth has obtained leave of absence for six months, from 1st December last, the date on which he left the limits of the Bengal Presidency.

শ্রীযুত মৌজলি স্মিথ সাহেব আলাহাবাদ প্রদেশের নিষ্কর ভূমির সনন্দ তজবীজকরণার্থ একটিং ডেপুটি কালেকটর হইয়াছেন।

১ আপ্রিল।

জেনরল ডিপার্টমেণ্টে গত মাসের ২ তারিখের হুকুমঅনুসারে শ্রীযুত টামাসন সাহেব উত্তর পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের সেক্রেটরীর কর্ম্ম শ্রীযুত সি জি মানসল সাহেবের স্থানহইতে অদ্য গ্রহণ করিলেন।

৩ আপ্রিল।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের হুকুম অনুসারে শ্রীযুত আর এচ স্কট সাহেব লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের পোলিটিকাল ও জেনরল ডিপার্টমেণ্টের সেক্রেটরীর কর্ম্ম শ্রীযুত মানসল সাহেবের স্থানহইতে গ্রহণ করিলেন।

Mr. Mosely Smith to officiate as Deputy Collector for the investigation of claims to exemption from payment of Land Revenue in the Allahabad Division.

1st April.

In pursuance to the Orders in the General Department dated the 2d ultimo, Mr. J. Thomason has this day received charge from Mr. C. G. Mansel, of the office of the Secretary to the Lieutenant Governor of the North Western Provinces in this Department.

3d April.

In pursuance of the Orders of the Honourable the Lieutenant Governor of the 25th February last, Mr. R. H. Scott has this day received charge of the office of Secretary to the Lieutenant Governor in the Political and General Department from Mr. C. G. Mansel.

সমাচার দর্পণ

শনিবার ২২ আপ্রিল ১৮৩৭।

মারী।

এই সপ্তাহে মারীর প্রাদুর্ভাববিষয়ক আর কোন সম্বাদ প্রাপ্ত হওয়া যায় নাই কিন্তু তদ্বিষয়ে শ্রীযুত ডাক্তর আরবিন সাহেব যে রিপোর্ট প্রস্তুত করেন তাহা আগ্রা আকবরপত্রে প্রকাশিত হইয়াছে। গবর্ণমেণ্ট ঐ শ্রীযুত সাহেবকে ঐ সংহারক রোগের ভাব লক্ষণাদির তত্ত্বাবধারণার্থ রোগাক্রান্ত দেশে প্রেরণ করিয়াছিলেন এইক্ষণে ঐ ডাক্তর সাহেব লেখেন যে মিসর দেশে যে মারক হইয়া থাকে সে এই রোগই স্পর্শের দ্বারা বৃদ্ধি হয় সাংঘাতিকও বটে। এই রোগাক্রান্ত ব্যক্তির প্রথমে জ্বর হইয়া সর্ব্বাঙ্গে বিস্ফোটক জন্মে। যদ্যপি রোগের শীঘ্র উপশম না হয় তবে চারি পাঁচ দিবসের মধ্যেই মারা যায়। ডাক্তর সাহেব রোগাক্রান্ত অনেক ব্যক্তিকে চিকিৎসা করিয়া কোন২ রোগিকে সুস্থও করিয়াছিলেন। তিনি লেখেন যে ঐ মারক জালি নগরের মধ্যে কেবল এক ব্যক্তির দ্বারা প্রবেশ করে ঐ ব্যক্তি রোগাক্রান্ত কোন স্থানহইতে আসিয়া জালিনগরস্থ এক বণিকের বাটীতে বাসা করিয়াছিল. ঐ বণিকের পরিবার নয় জন ছিল তন্মধ্যে আট জন উক্ত রোগে মারা পড়িয়াছে। চিকিৎসক সাহেব আরো লেখেন যে উক্ত নগরস্থ দুই জন তৈলীও তাহাতে মারা গিয়াছে। ইহা অত্যাশ্চর্য্য ব্যাপার বোধ হইল যেহেতুক ঐ রোগের গ্রাসনিবারণার্থ তৈল মর্দ্দনকরণ এক মহোপায়। যেহেতুক যে দেশে ঐ রোগের অতিপ্রাদুর্ভাব হইয়া থাকে সেই দেশে তৈল প্রস্তুতকারি বা বিক্রয়কারি লোক অত্যল্প মরে।

এইক্ষণে গবর্ণমেণ্টের অতিসাবধান হইতে হইবে যে আগামি স্নানযাত্রা ও রথযাত্রাতে উক্ত রোগগ্রস্ত দেশহইতে কোন ব্যক্তি শ্রীক্ষেত্রে আসিতে না পারে। যদ্যপি ঐ মারী একবার মহাজনতার মধ্যে প্রবিষ্ট হয় তবে একেবারে তাবৎ ভারতবর্ষ ব্যাপিয়া সংহার করিবে।

ভারতবর্ষের দক্ষিণ অঞ্চলে অতিভারি উৎপাত।

এই সম্বাদ এইক্ষণে পঁহুছিল যে ভারতবর্ষের দক্ষিণ অঞ্চল মঙ্গলূর শহরে অতি গুরুতর উপদ্রব ঘটিয়াছে তদ্বিষয়ে আমরা যেপর্য্যন্ত জ্ঞাত হইলাম তদ্বিবরণ এই। কএক দিবস হইল মান্দ্রাজের গবর্ণমেণ্ট জ্ঞাত হইলেন মঙ্গলূর প্রদেশ অত্যন্ত বিশৃংখল হইয়াছে। ডাকবাহকেরা হত ও গমনাগমনের তাবৎ পথ রুদ্ধ হইয়াছে এবং কালেকটর সাহেব ঐ প্রদেশের উৎপাত দমনার্থ মফঃসলে গমন করিয়াছেন আরো শুনা গেল যে কুরুগ দেশের এক জন অবাধ্য অধ্যক্ষ এই সকল উপদ্রবের কারণ। পরে শ্রুত হওয়া গেল যে কালেক্টর সাহেব ঐ অবাধ্য ব্যক্তিকর্ত্তৃক তাড়িত হইয়া মঙ্গলুরে ৩০ মার্চ তারিখে প্রত্যাগমন করেন এবং পাঁচ হাজার অশিক্ষিত উপদ্রাবক তন্মধ্যে অধিকাংশ কানারাদেশীয় মফলাজাতীয় লোকসমস্ত হইয়া মঙ্গলুর শহরের প্রতি আক্রমণ করে তৎসময়ে ঐ নগরের মধ্যে ইঙ্গলণ্ডীয়েরদের ২৫০ সিপাহীমাত্র নিযুক্ত ছিল উপদ্রাবকেরা অতিগোপনেই এই আক্রমণের কল্প স্থির করিয়াছিল এমত অধিকতর সৈন্যের আক্রমণ সম্বাদ ইঙ্গলণ্ডীয় সৈন্যের যেমন প্রথম শুনিলেন তেমনি শিবিরহইতে তাড়িত হইলেন অমনি বিদ্রোহিরা শিবিরে আগুন লাগাইয়া দিল বোম্বাই ও ইচ্ছাক্রমে [illegible] জাহাজ ঐ বন্দরের [illegible] বন্দরের মধ্যে প্রবিষ্ট [illegible] মঙ্গলূরের জজ শ্রীযুত বর্ড [illegible] ও শ্রীযুত ডুমর্গ সাহেব কেবল [illegible] ঐ স্থানে পরিজনযুক্ত ছিলেন [illegible] জাহাজের কাপ্তানের সঙ্গে [illegible] দিগকে জাহাজে [illegible] সাহেবকে [illegible] দেখিলেন যে [illegible] দণ্ডায়মান আছে এবং কালেকটর শ্রীযুত লুইন সাহেব ও শ্রীযুত মাল্টবি সাহেব ও শ্রীযুত রিড সাহেব ও শ্রীযুত চাটফিল্ড সাহেব সৈন্যের সঙ্গে থাকিয়া রাজবিদ্রোহিরদের চূড়ান্ত আক্রমণ দর্শন প্রতীক্ষায় ছিলেন তৎসময়ে রাজবিদ্রোহিরা ঐ নগর এমত সর্ব্বতোরূপে বেষ্টন করিয়াছিল যে তাহাতে সাহেবেরদের প্রায় পলায়নের ভরসা থাকিল না ইহা নিতান্ত অবগত হইয়া শ্রীযুত বর্ড সাহেব ও শ্রীযুত ডুমর্গ সাহেব কাপ্তান সাহেবের সঙ্গে জাহাজে গমন করিলেন এবং কাপ্তান সাহেব ২।৬ সেরগোলাধারি কএক কামান ও বন্দুক প্রেরণ করিতে স্থির করিলেন ঐ সাহেবেরা জাহাজে পঁহুছিবামাত্রই রাজবিদ্রোহিরা এককালে নগরের চতুর্দিগে [illegible] এক সীমাঅবধি অপর সীমাপর্য্যন্ত দগ্ধ করিল। দুর্ভাগ্যক্রমে তৎসময়ে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের বারুদখানায় আগুন লাগিয়া তাবৎ বারুদ উড়িয়া গেল

পরে ঐ ইমন জাহাজ ও তত্রস্থ লোকেরা কানানূর অভিমুখে পাল তুলিয়া চলিল তাহার অভিপ্রায় যে তাঁহারা ঐ ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের সাহায্যার্থ তথাহইতে কতক সৈন্য প্রেরণ করেন। এতদ্রূপে রণস্থলে যে হতভাগারা থাকিল শেষে তাহারদের কি দশা ঘটিল তাহা জানা গেল না। শ্রীযুত কর্ণল কবন সাহেব ও শ্রীযুত কাপ্তান হার্ডি সাহেবের স্থানহইতে উপরি ডাকের দ্বারা এক পত্র প্রাপ্ত হইয়া পরমাপ্যায়িত হইলাম তাহাতে লেখেন যে মহীশূর দেশে কিম্বা কুরুগ দেশে উৎপাতের কোন চিহ্নও নাই এবং ঘাট অর্থাৎ পর্ব্বতোপরিস্থ প্রজারদের প্রভুভক্তি বিষয়ে সম্পূর্ণরূপ বিশ্বাস আছে। উপরিউক্ত সম্বাদ মুদ্রাঙ্কিত হওনের পর শুনা গেল যে মান্দ্রাজহইতে ১২ আপ্রিল তারিখের যে সম্বাদপত্র প্রাপ্ত হওয়া যায় তাহাতে এই শুভ সম্বাদ লেখেন।

আমরা পরমাহ্লাদে এইক্ষণে জ্ঞাপন করিতেছি যে মঙ্গলুরহইতে যে শেষ সম্বাদ সংপ্রতি পঁহুছিয়াছে তাহাতে লেখেন যে তথাকার সৈন্যাধ্যক্ষ শ্রীযুত মেজর ডৌকর সাহেব বিপক্ষ পক্ষের আক্রমণ বারণে কৃতকার্য্য হইয়াছেন কিন্তু তাঁহার কিঞ্চিৎ নিজ ক্ষতি হইয়াছে।

SUMACHAR DURPUN.

SATURDAY, 22D APRIL, 1837.

The Plague.

No farther accounts have been received this week of the spread of the Plague; but a Report drawn up by Dr. Irvine on the subject has been published in the Agra Ukhbar. He was deputed by Government to the infected districts to examine into the nature of the disease; and he describes it as being the real plague of Egypt, which is communicated by contact, and is generally very fatal. The patient is attacked with a high fever, and then with buboes in various parts of the body, and unless he recovers, dies in about four days. Dr. Irvine attended many who were infected and was in some cases successful in curing them. He states that the plague was brought into the town of Jalee, by a single person who came from an infected town and lodged at the house of a Buneea, of whose family, consisting of nine persons, eight were carried off by the disease. He also states, that two oil men had died in the town; which is the more remarkable, as one of the most powerful remedies against this dreadful disease is the anointing of the body with oil. And in those countries in which it prevails, it is found that few men connected with the manufacture and sale of oil are attacked by it.

It will be necessary for Government to take great precautions, that no one from the infected districts is permitted to visit Pooree at the approaching festivals. Should the plague once get among the vast multitude, assembled there, it will spread throughout the whole of India.

Serious disturbances in the South of India.

Intelligence has just been received that a very serious disturbance has broken out in the South of India at Mangalore. The particulars, so far as we have been able to collect them, are these. It seems that the Government had for some days been informed that the district was in a disturbed state, that the dawk runners had been murdered, the communications cut off, and that the Collector had gone into the interior of the province for the purpose of quelling the disturbances, which it was also known were led by a discontented chief from the Coorg country. On the 30th March, the town of Mangalore, to which it appears the Collector had returned, driven back, we believe, by the insurgents, was invested by an irregular force of 5000 armed men, principally Moplas of the country of Canara, there being at the time no longer force in the town than 250 sepoys. The approach of this large force was hardly known (for they seem to have planned their attack with the utmost secrecy) before the troops were driven out of their lines which were set fire to by the insurgents. A vessel—the barque *Eamont* from Bombay—happened providentially to be passing the port and she stood into the roads. Mr. Bird, the Judge, and Mr. Dumergue, we believe, the only two European gentlemen having families in the place, immediately proceeded on board, left their wives and children, and returned with the Captain of the ship to the shore. On their return they found the troops drawn up on the beach, and Mr Lewin, the Collector, and Mr. Reade, Mr. Maltby, and Mr. Chatfield with them, awaiting the final attack of the rebels, who had already invested the town in every direction in such a manner as apparently to render escape utterly hopeless. With this conviction Messrs. Bird and Dumergue returned with the commander of the *Eamont* to the vessel; the latter having promised a reinforcement of two six-pounders, and a few muskets. Almost immediately after the party reached the vessel, it seems that one simultaneous attack was made on all quarters of the town which was on fire from one end to the other in an instant. The powder magazine blew up at the same moment.

The *Eamont* with her party on board immediately made sail for Cannanore, with the object of obtaining succour; and thus the fate of the unfortunate party who were left in the town is still unknown.

We are happy to learn that by expresses received from Col. Cubbon and Capt. Le Hardy, it is stated, that no sign of disturbance has shown itself in Mysore or Coorg; and that those authorities have every confidence in the devotion of all the people above the ghauts.

Since the above was in type, the Madras Conservative Extra of the 12th instant has come in; we subjoin it :—

We are most happy to be able to state, that according to the latest accounts received from Mangalore, Major Dowker had succeeded in repelling the attack made upon him, with trifling loss.

সংপ্রতি আগত পত্রে লেখে যে ৫ অপ্রিল তারিখের পূর্ব্বাহ্নে দশ ঘণ্টাসময়ে দুই দল কুরুগীয়েরা উত্তর ও পূর্ব্ব ও দক্ষিণ দিগহইতে মঙ্গলূরের প্রতি আক্রমণ করে শ্রীযুত মেজর ডৌকর সাহেবের নিকটে অত্যল্প সৈন্য থাকাতে কেবল বিপক্ষেরদের আক্রমণ বারণ করিতে পারিলেন কিন্তু নগরস্থ কারাবদ্ধ ব্যক্তিরদের মুক্তকরণ ও গৃহদাহ নিবারণ ক্ষম হইলেন না। প্রথমতঃ তাঁহার এক দল সৈন্য উত্তর দিগহইতে আক্রমণশীল কুরুগীয়েরদিগকে নিবারণার্থ প্রেরিত হইয়া হঠাইয়া দিল। কিঞ্চিৎ কাল পরে দক্ষিণ দিগহইতে তাহারা আক্রমণ করিল তাহাতেও সাহেব তাহারদিগকে তাড়াইয়া তাহারদের নৌকা পর্য্যন্ত ধাবমান হইয়া অনেককে হত ও আহত ও জলমগ্ন ও ধৃত করিলেন ধৃতেরদের এক জন সরদার তৎপরেই মৃত হইল।

এতদ্রূপ ক্ষতি হওয়াতে বিপক্ষেরা কিঞ্চিৎকালের নিমিত্ত হটিল বটে কিন্তু মফলারা ও শহরের অন্যান্য অবাধ্য লোকেরা যখন যো পাইল তখন সিপাহীরদের অনেক লুঠ ও মারিপিঠ করিল কাননূর হইতে যে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের আগমনের কল্প ছিল সাহেবেরা অতিব্যগ্রতাপূর্ব্বক তাহারদের প্রতীক্ষা করিতেছিলেন ইঙ্গলণ্ডীয়েরদের মধ্যে ৩৩ জন হত অথবা অনুদ্দিষ্ট এবং ৯ জন আঘাতী হইয়াছে কিন্তু টাকা রক্ষা পাইয়াছে সিবিলসম্পর্কীয় সাহেবেরদের বিষয়ে কিছু লিখিত নাই অতএব বোধ হয় যে তাঁহারদের কোন হানি হয় নাই।

Our information states, that on the 5th April, at about 10 o'clock A.M., Mangalore was attacked by two large bodies of Coorgs from the north, east and south. The small number of men at his disposal prevented Major Dowker from doing otherwise than acting on the defensive, and he was unable to prevent the prisoners in the town being liberated and many of the houses from being burnt. A party was in the first instance sent to repel the Coorgs lining the north parade road, and succeeded in driving them back. The attack made shortly afterwards from the southward was likewise repelled, and the Coorgs pursued to their boats where a considerable number were killed, wounded, drowned and taken prisoners—amongst whom was one of their leaders who, we believe, is since dead.

By the loss thus inflicted on the enemy, they were completely driven back for the time - but the Moplas and other disaffected persons in the town took every occasion to plunder and maltreat the sepoys. The re-inforcement from Cannanore was anxiously expected. The loss in killed and missing was 33, and 9 wounded. The treasure had been saved.

No mention is made of the civilians, but of course they are safe.

কালেক্টরী আপীসের কর্ম্মের রীতি।

কিয়ৎকাল হইল ফ্রেণ্ড অফ ইণ্ডিয়া সম্বাদপত্রে কালেক্টর সাহেবের খাজানাখানাতে সংপ্রতি যে সকল চাতুরী হয় তদ্বিষয়ক এক প্রস্তাব প্রকাশিত হইয়াছিল এবং তন্মধ্যে এমত পরামর্শ দেওয়া যায় যে কালেক্টর সাহেব উত্তরকালে আয়ব্যয়ের তাবৎ তত্ত্বাবধারণ করিতে পারেন এতদর্থ ইঙ্গরেজী ভাষায় তাবৎ হিসাব লেখা যায় তাহাতে জে এম ইতিব্যাক্ষরিত পত্রপ্রেরক এক জন সম্বাদকের নিকটে পত্রের দ্বারা এই পরামর্শ দেন যে প্রত্যেক কালেক্টরী দপ্তরে একং জন উপযুক্ত কেরাণি নিযুক্ত করিলে ভাল হয়। অপর কালেক্টরী তাবৎ কার্য্য অভিবিজ্ঞ এক জন সাহেব ঐ পত্রপ্রেরকের পত্রের উত্তর লিখনোপলক্ষে ঐ সকল দপ্তরে কিরূপে কার্য্য হইতেছে তাহার অতিস্পষ্ট বিবরণ ব্যক্ত করিয়াছেন। দর্পণপাঠক মহাশয়েরা ঐ সকল বিবরণ পাঠে বিরক্ত হইবেন না বোধে আমরা ঐ প্রস্তাব অনুবাদ করিয়া দর্পণস্থ করিলাম।

"এইক্ষণে আমি কেবল এই কহিতে ইচ্ছা করি যে আমলারদের প্রতি কালেক্টর সাহেবের এমত ক্ষমতা আছে যে সামান্যতঃ যে সকল টাকা খাজানাখানায় দাখিল হইতেছে তাহা তাঁহারদের হাতমারণ বারণার্থ শক্তি আছে। প্রত্যেক কালেক্টরী খাজানাখানায় এইপ্রকার বহী রাখা গিয়া থাকে অথবা রাখিতে হয় অর্থাৎ এক রোজবহী ও এক ওয়ারন বহী এবং যে কর্ম্ম সম্পন্ন হইয়াছে তাহার এক বহী এবং বাঙ্গলা ও ইঙ্গরেজীতে এক ক্যাসবুক এবং চালানের দুই রেজিষ্টরী বহী এই সকল বহীতে প্রতি দিনই কালেক্টর সাহেবের সহী করিতে হয়। রোজবহী ইঙ্গরেজী ও বাঙ্গলাতে লেখা যায় এবং তাহাতে প্রত্যেক বিষয়ানুসারে আয় ব্যয়ের জমা খরচ লেখা থাকে। ওয়ারন বহীতে খাজানাখানাহইতে যে সকল টাকা খরচ হয় তাহার হুকুম লেখা যায় এবং তাহাতে কালেক্টর সাহেব সেরেশতাদার ও খাজাঞ্চী ও মুহুরিরা সহী করেন এবং যদ্যপি ঐ সকল বহী পাতুরিয়া ছাপাখানাতে মুদ্রিত হয় তবে সকল বিষয়ই তাহাতে স্বচ্ছন্দে লেখা যাইতে পারে। ক্যাস বহীর পরিচয় বিশেষ কহিতে হয় না সকলই জ্ঞাত আছেন। বাঙ্গলা ক্যাস বহীতে কোন ফেরফার না হইতে পারে এতদর্থ তাহার এক নকল ইঙ্গরেজীতে রাখা যায়। উভয় বহীরই প্রত্যেক পৃষ্ঠাতে অঙ্ক দিতে হয় এবং প্রত্যেক বহীতে যত পৃষ্ঠা থাকে তাহার সংখ্যা প্রথম পৃষ্ঠাতে কালেক্টর সাহেব স্বহস্তেই লিখেন। চালানের রেজিষ্টরী বহীতে প্রত্যেক বিষয়ের সংখ্যা স্বতন্ত্রং শ্রেণীতে লেখা যায়। যথা ১৮৩৪ সালের ভূমির রাজস্ব। ১৮৩৩ সালের ভূমির রাজস্ব। সুদ। সৈন্যের খরচপ্রভৃতি। দিবাবসানে কালেক্টর সাহেব খাজানাখানায় গমন করিয়া রোজবহী স্বহস্তে লন খাজাঞ্চী ক্যাস বহীর জমা খরচ পাঠ করেন তৎপরে কালেক্টর সাহেব ঐ ক্যাস বহী ও রোজবহীতে সহী করেন এবং তাহা চালানের রেজিষ্টরীর সঙ্গে মিলাইয়া দেখেন। ঐ রেজিষ্টরীতে সেরেস্তাদার খাজাঞ্চী মুহুরীর সহী করেন শেষে কালেক্টর সাহেবও সহী করেন। ওয়ারনের বহী দৃষ্টি করিয়া কালেক্টর সাহেব জানিতে পারেন রোজবহী ও ক্যাস বহীতে যে খরচ লেখা আছে তাহা যথার্থ কি না। এবং প্রতি দিন যেং প্রকার খরচ হইয়াছে তাহার জুমলা যদ্যপি তিনি দিনং টিক দিয়া তত্তদ্দিনের হিসাবে বহীর শেষ পৃষ্ঠায় সংখ্যা লেখেন এবং যে ব্যক্তি ঐ হিসাব করিয়াছে তাহাতে যদি তাহার সহী করাণ যায় তবে তাবৎ কার্য্য নিষ্পন্ন হইতে পারে। সুতরাং কালেক্টর সাহেব মধ্যেং অনিয়মিত সময়েও জমা খরচের হিসাব বিশেষ তজবীজ করিবেন। হিসাবের বহী তজবীজ হইলে তিনি রোজনামা অর্থাৎ যে কর্ম্ম সমাপ্ত হইয়াছে তাহার বেওরার বহী আনাইবেন। ঐ বহীতে এইং লেখা থাকে যে প্রতিদিন কালেক্টর সাহেব কোন্ ঘণ্টায় কাছারীতে আইসেন কোন্ ঘণ্টায় যান কত মোকদ্দমার দরখাস্তপ্রভৃতি শুনেন এবং যে কোন বিশেষ কর্ম্ম হইয়া থাকে তাহার বিবরণ ও পূর্ব্ব দিবসে নগদ টাকা কত জমা ছিল ও বর্ত্তমান দিবসের আয়ব্যয় ও ঐ দিবসের অবসানে কত টাকা জমা রহিল ইত্যাদি বিবরণ। এই রোজনামা মুন্সীর দপ্তরখানাতে রাখা যায়। বাঙ্গলাতে লিখিত রোজবহী খাজাঞ্চী রাখেন এবং তাহার ইঙ্গরেজীতে নকল ইঙ্গরেজী আপীসে থাকে বাঙ্গলাতে ওয়ারন বহী হিসাবের দপ্তরখানায় থাকে এবং ঐ বাঙ্গলা বহীর পার্শ্বে তাহার এক নকল ইঙ্গরেজীতে লিখিত থাকে বাঙ্গলা ক্যাস বহী খাজাঞ্চী রাখেন এবং তাহার ইঙ্গরেজীতে এক তর্জ্জমা ইঙ্গরেজী দপ্তরে রাখা যায়। পরিশেষে চালানের রেজিষ্টরী একখান হিসাবের দপ্তরখানায় অপর একখান খাজানাখানায় রাখা যায় তৎপ্রযুক্ত উভয় বহীতে চুক থাকিতে পারে না। আমি নিশ্চয়ই কহিতে পারি যে প্রতি দিনের অবসানে কত টাকা জমা থাকে তাহা এই সকল বহী মিলাইয়া দেখা কেবল ১৫ বা ২০ মিনিটের কার্য্য। এবং উত্তম বাটখরা থাকিলে টাকা ওজন করিতেও বিস্তর সময় লাগে না। টাকার প্রত্যেক সিন্দুকে জমা খরচের হিসাবের একং ছোট বহী রাখিতে হয় এবং যে তারিখে যত টাকা সিন্দুকে রাখা যায় বা বাহির করা যায় তাহা ঐ বহীতে টুকিয়া রাখিতে হয়। তাহাতে প্রত্যেক সিন্দুকে কত টাকা আছে তাহা অনায়াসে ৫ মিনিটের মধ্যে জানা যাইতে পারে। প্রত্যেক সিন্দু

Course of business in a Collector's Office.

Some little time ago, an article appeared in the *Friend of India* on the subject of the frauds which were committed in the Collector's offices, and it was recommended in that paper that the accounts should be kept originally in English, in order that the Collector might have the complete control over the receipts and disbursements. A correspondent of the name of J. M. upon this wrote a letter to the Editor, recommending that a Europ[illegible]tant should be retained in every Collectorate. A gentleman well versed in the business of that office, has now addressed the Editor in reply and given a very lucid statement of the mode in which business is conducted in those offices. Thinking that this paper could not fail to interest the readers of the Durpun, we have transferred it to our columns, and now present our readers with a translation of it.

"At present I will only endeavour to shew that some Collectors have checks over this officer quite sufficient in ordinary cases to prevent peculation after the money has been delivered to him. There ought to be, and generally is, in every office, a daily book—a warrant book—a note book of business transacted—a cash-book in Bengalee, and English, and two registries of chelans, or invoices of cash paid into the treasury, all to be signed daily by the Collector. The daily book is in English and Bengalee, and contains a debit and credit of all receipts and disbursements of the day, under their several heads. The warrant book contains the order for the payment of money out of the treasury and is signed by the Sheristadar, by the writer of it, by the treasurer, and by the Collector, and if prepared in lithograph is easily filled up. The cash-book does not require explanation. The English copy is kept in the English department, to prevent a change in the Bengalee one; both ought to be paged and the number of pages entered at the commencement of each book in the Collector's hand-writing. The registry of chelans has different columns for the entry of each description of payment; Thus "Land Revenue of 1834"—"*Land Revenue of 1833*"—"*Interest*"—"Military Charges," &c. &c. At the close of the day the Collector goes to his treasury, and taking the daily book in his hand, the treasurer reads over the cash-book both on the debit and credit side. After this, the Collector signs the cash-book, and daily book, and compares them with the register of invoices, which are signed also by the treasurer, by the writers of them, by the Sheristadar, and lastly by the Collector. From the warrant book he can easily ascertain, whether the debit sides of the daily book and cash-book are correct if he will only have the total of each description of expenditure made during the day entered on the back of the last page used that day, and signed by the person who drew it up. Of course he will occasionally and at irregular intervals make a detailed examination of both credits and debits. When the account books have been examined, he will have the "roznamcheh" or "note book of business transacted" sent to him. This contains a specification of the hour at which the Collector came to, and retired from office, the number of cases heard, of petitions, &c. read during the day; and also a record of any particular occurrence that may have taken place, as well as a note of the cash balance of the preceding day, the receipts and disbursements of the present one, and the cash balance remaining in the treasury—"The note book of business transacted" is kept in the "Moonshee" or writing department of the office. The Bengalee daily book, is kept by the treasurer, and the English copy in the English office. The warrant book is kept in the "Accountant's department"—in Bengalee, there being on the same page an English counterpart. The Bengalee cash-book is kept by the treasurer, and an English translation is preserved in the English office; and lastly, one register of chelans or invoices, is kept in the "Accountant's department," and one in the treasury, so that they check each other. I speak advisedly when I say, that comparing these books with sufficient accuracy to ascertain the amount of cash remaining at the close of the day, will not take more than from 15 to 20 minutes, and with a good pair of scales weighing Rupees will not occupy much time. In every money chest there ought to be a small note book, with a debit and credit side, shewing the dates on which money has been put in, and taken out, by which means you can at any time ascertain in 5 minutes the exact amount of cash in each box. Of course it is scarcely necessary to say

:কের দুইং চাবি সুতরাং এক চাবি কালেকটর সাহেবের নিকটে থাকে।

রণজিৎ সিংহ ও প্রধান সৈন্যাধ্যক্ষের সাক্ষাৎ।

গত ১৪ মার্চ তারিখে শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহ ও প্রধান সৈন্যাধ্যক্ষ শ্রীযুক্ত সর হেনরি ফেন সাহেবের সাক্ষাৎ হয়। তাহাতে ইউরোপীয় সেনপতি সাহেব লোকেরা মহারাজকে গ্রহণার্থ অগ্রসর হইয়া উভয় শিবিরের মধ্যস্থলে পরস্পরের সাক্ষাৎ সম্পন্নকরাইয়া মহারাজকে প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের তাম্বুতে আনয়ন করিলেন। অনন্তর শ্রীযুত সৈন্যাধ্যক্ষসাহেব মহারাজ রণজিৎ সিংহ ও তাঁহার প্রধান মন্ত্রির সঙ্গে আলিঙ্গন করিয়া অবান্তর এক প্রকোষ্ঠে লইয়া গেলেন ঐ কুঠরীতে সকলের উপবেশনার্থ আসন প্রস্তুত ছিল। তাহাতে ঐ মহামহিম মহাশয়েরা অনেকক্ষণপর্য্যন্ত কথোপকথন করিলেন। অপর মহারাজ বিদায়হওনার্থ গাত্রোত্থান করিলে শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব তাঁহাকে একান্ন পার্চার এক খেলওয়াৎ এবং স্বর্ণময় জিনসমেত উত্তম দুই অশ্ব ও রৌপ্যময় হাওদাসমেত এক হস্তী প্রদান করিলেন এবং শ্রীযুক্ত কুমার খড়্গ সিংহ ও শ্রীযুত শের সিংহ ও শ্রীযুত নৌনেহাল সিংহ এই তিন মহাশয়কে একান্ন পার্চার একং খেলওয়াৎ এবং রাজা ধ্যায়ন সিংহকে ২১ থান কাপড় ও রাজা হীর সিংহ ও জমিদার খোসাল সিংহকে একং অশ্ব প্রদান করিলেন।

চরকপূজা।

চরকপূজার অতিঘৃণ্য ব্যবহার ১২ তারিখে দৃষ্ট হইল। ঐ দিবসীয় অপরাহ্ন সাড়ে পাঁচ ঘণ্টাসময়ে দক্ষিণ ইটালির রাস্তার পশ্চিম দিগবর্ত্তি প্রথম গলির মধ্যে রাধাকান্ত মুন্সীনামক এক ব্যক্তির ভূমিতে চরকগাছ প্রোথিত হইয়াছিল তৎসময়ে ঐ স্থানসমূহ সর্ব্বজাতীয় দিদৃক্ষু লোকেতে পরিপূর্ণ হইয়া অতিযুন এক ব্যক্তিকে পাক খাইতে দেখিতেছিল এবং তৎকালে ঐ মুন্সীর চাকরবাকর ও অন্যান্য অত্যন্তকলরব করিতেছিল কিন্তু যে রজ্জুতে সন্ন্যাসী ঘুরিতেছিল তাহা দৈবাৎ ছিঁড়ে যাওয়াতে ঐ ব্যক্তি বেগে গিয়া ৬০ হাত দূরে পড়িল পরে উঠাইয়া দেখা গেল যে শরীরটা একেবারে চূর্ণ হইয়া গিয়াছে মুখখান পিণ্ডাকার প্রায় কোন অঙ্গ অবিকল ছিল না। উত্তর ইটালির রাস্তার দক্ষিণ পশ্চিম পার্শ্বস্থ গারদের নিকটে অপর এক জন সন্ন্যাসী পিঠ ফুঁড়ে ঘুরিয়াছিল অন্য এক সন্ন্যাসী মদ্যপানে মত্ত হইয়া জঙ্ঘাতে বাণ বিদ্ধ করত প্রায় তিন পোয়া ঘণ্টাপর্য্যন্ত ঘূর্ণায়মান ছিল পরে তাহার অবরোহণসময়ে হুঁস হইয়া কহিল যে অত্যল্পকালমাত্র আমি পাক খাইলাম বোধ হয়।

নীলের বিষয়।

নীলপ্রধানক তাবদ্দেশহইতে সম্বাদ আগত হইয়াছে যে অনাবৃষ্টিপ্রযুক্ত নীল ফসলের অনেক হানি হইতেছে। বর্ত্তমান মাসের ৪ তারিখে ঢাকাহইতে আগত এক পত্রে লেখে যে গত মাসের ১০ তারিখঅবধি কেবল পশ্চিমে বাতাস অতিপ্রাবল্যরূপ বহিতেছে বিন্দুমাত্র বর্ষে নাই তাবৎ চর শুষ্কতরপ্রায় এবং অত্যন্ত অসহ্য গ্রীষ্ম হইয়াছে। কথিত আছে যে ঐ অঞ্চলের নীলকর সাহেবেরা অর্দ্ধেক ভূমিও বুনিতে পারেন নাই যাহা বুনিয়াছেন তাহাতেও তাদৃশ ফসলের ভরসা নাই। যশোহরহইতে আগত বর্ত্ত

that the Collector must keep one key of each chest."

Interview between Runjeet Singh and the Commander-in-Chief.

An interview took place between the Raja and Sir Henry Fane on the 14th March. The European officers proceeded to escort the Muha Raja whom they met half way between the two camps, and conducted him and his courtiers to the tent of His Excellency, who embraced Runjeet Singh and his principal officers of state, and led them into an inner room, where chairs were provided for the party. The principal personages were engaged for a long time in conversation. When the Muharaja rose to retire, His Excellency presented him with fifty-one pieces of cloth, two splendid horses with gold accoutrements, and one elephant with a silver howda. He also bestowed khilats of 51 pieces each on Koowers Kurruck Sing, Now Nihal Singh and Shere Sing; of 21 pieces on Raja Dheau Singh, and a horse each to Raja Heerah Singh and Jemadar Khosal Singh.

Churruck Pooja.

The brutal rites of the Churruck poojah were again enacted on the 12th instant. At about 5½ P. M. near south road Entally, in the first lane on the west of it, a tree, or churruck, was erected on a piece of ground belonging to one Radhakant Moonshee. The lane was crowded with spectators of all nations, viewing a native of rather good figure swinging round the tree amid the acclamations of the populace, and the retainers of the Moonshee. But the ropes by which the sunyasee was suspended, snapped, and he was flung to the distance of nearly a hundred feet. When he was picked up, he was literally torn to pieces. His face was completely smashed, and his body was not perfect in any part. On the south-west of north road, Entally, very near the guard, a sunyasee was first swung by hooks pierced through his back, in the ordinary way; but after him a man in a state of intoxication presented himself, with a pair of harpoons bored into his thighs, immediately above the knee joints. The man was swung round for nearly three quarters of an hour, and when let down, he was quite sober, and complained of having had but a short swing.—*Beng. Her.*

Indigo Prospects.

Sad complaints of want of rain are coming in from the indigo districts. A letter from Dacca of the 4th instant says, that since the 10th of last month there had been nothing but strong westerly breezes without a drop of rain, the churs all parched up, and the weather become intolerably hot. The planters in that district are reported not to have sown half their lands, and their hopes of a crop are at present very indifferent.

মান মাসের ১০ তারিখের পত্রে লেখে গত মাসের ২৬ তারিখেও এই মাসের ১ তারিখে যৎকিঞ্চিৎ বৃষ্টি হইয়াছিল কিন্তু তাহাতে যশোহর ও পবনা জিলার নীলকর সাহেবেরা অর্দ্ধেক ভূমিও বপন করিতে পারেন নাই এবং তদবধি এমত অনাবৃষ্টি হইয়াছে যে তৎপ্রযুক্ত অনেক চারার বিশেষ ক্ষতি হয় কতকং মরিয়াও গিয়াছে।

টর্টন সাহেব।

শ্রীযুত টর্টন সাহেবের ২৮ ফেব্রুআরি তারিখের পত্র মাল্টা উপদ্বীপহইতে প্রাপ্ত হওয়া গিয়াছে। তৎসময়ে সাহেব স্বস্থ থাকিয়াও চিকিৎসালয়ে ছিলেন।

হুগলি জিলায় ডাকাইতী।

বাঁশবেড়িয়ার থানার শরহদ্দের মধ্যে কুটা গ্রামের নিকটে রামধন বাঁড়ুয্যের বাটীতে গত ৩ আপ্রিল তারিখে রাত্রিযোগে এক দল অন্যুন ৩০ জন ডাকাইত পড়িয়া গৃহপতিকে অতিশয় যন্ত্রণা দিল বিশেষতঃ মশালের ছেকাতে পাদাবধি মস্তকপর্য্যন্ত পোড়াইয়া অস্ত্রের দ্বারা মস্তকে অত্যন্তাঘাতকরত যথাসর্ব্বস্ব লইয়া গেল। তৎপরদিবসে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব স্বয়ং তাঁহার বাটীতে গিয়া চিকিৎসকের প্রতি ঔষধাদি দেওনের আজ্ঞা করিলেন এবং জিলার দারোগাকে অতি কঠিন হুকুম দিলেন যে তিনি দস্যুরদিগকে যে প্রকারে হয় গ্রেপ্তার করেন।

হিন্দুর তীর্থ যাত্রা নিবারণ।

কাবলের অধ্যক্ষের কর্ম্মকারক এক জন স্বীয় পরিবারের নিকটে এতদ্রূপ এক পত্র লিখিয়াছেন যে হিন্দু লোকেরা গঙ্গাস্নানার্থ গমনোদ্যত ছিলেন আমিও তাঁহারদের সহচর হইতে স্থির করিয়াছিলাম। কিন্তু এখানকার অনেক আমীরেরা একত্র হইয়া শ্রীলশ্রীযুত রাজাকে কহিলেন যে গত বৎসরে তীর্থ যাত্রোপলক্ষে এই রাজ্যহইতে যে সকল হিন্দু লোক গমন করিয়াছিল তাহারদের এক প্রাণীও প্রত্যাগত হয় নাই সকলই পেসওয়ারে বাস করিতেছে অতএব বোধ হয় বর্ত্তমান বৎসরেও যাহারা তীর্থ যাত্রা করিবে গত বৎসরের যাত্রির ন্যায় তাহারদেরও অগম্য যাত্রা হইবে অতএব ঢেঁড়রার দ্বারা এই ঘোষণা করা গেল যে ব্যক্তিরা পরিবার ব্যতিরেকে যাইতে চাহে স্বচ্ছন্দে যাইতে পারে কিন্তু যাহারা পরিবারসুদ্ধ যাইবে তাহারদের সর্ব্বস্ব লুঠ করিয়া ঘর বাটী বিনষ্ট করা যাইবে। ইহাতে অনেক হিন্দু লোক তীর্থ যাত্রাতে নিবারিত হইয়াছে।

[পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত]

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসনের সংক্ষেপ বিবরণ।

১৮৩৬।৩৭ সাল।

উক্ত প্রাতঃকালিক বিনা বৈতনিক পাঠশালা মার্চ মাসে ১৮৩১ সালে শ্যামপুষ্করিণীর নিকটস্থ শ্রীলশ্রীযুক্ত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরের ঔদার্য্যানুকূল্যে শ্রীযুত বাবু শারদাপ্রসাদ বসুজকর্ত্তৃক স্থাপিতা হয়।

এইপাঠশালা স্থাপক শ্রীযুত বাবু শারদাপ্রসাদ বসু স্বয়ং এবং তন্মিত্রগণের সাহায্যে নির্লোভাকাঙ্ক্ষাপূর্ব্বক গত মে মাস পর্য্যন্ত তথাকার সাকল্যকার্য্য সম্পন্ন করেন কিন্তু কলিকাতা মহানগরীহইতে গবর্ণমেণ্টের জিলা রাজসাহীর স্কুলে গমনকালীন শ্রীশ্রীযুত লার্ড বিশোপ সাহেবের

A letter from Jessore of the 10th instant states, that there were slight showers on the 26th ultimo and 1st instant; but they had not enabled the planters in the Jessore and Pubna districts to complete half their sowings, and the drought had since been so severe that the plant was suffering and much of it was dead.—*Beng. Her.*

Mr. Turton.

Letters from Malta, to the 28th of February, have been received from Mr. Turton. That gentleman was then in health, and detained at the Lazaretto.

Dacoity in Hooghly Zillah.

The family dwelling-house of Ramdhun Banerjee, of Coota, within the thana of Bansbaria, was stormed by a gang of dacoits, on the night of the 3d of April. The ruffians were about thirty in number. The master of the house was dreadfully tortured; his body, almost from head to foot being burnt with a torch, and his head incised with a cutting weapon, and all his movables carried off. On the day following, the Magistrate called at the house of the poor man, and caused medical assistance to be administered to him, and he has given strict injunctions to the Police of the zillah to trace the offender.—*Beng. Her.*

Prohibition of going on pilgrimage.

One of the servants in the employ of the ruler of Cabool has written to his family to the following effect: "I intended to accompany the Hindoos on the occasion of their proceeding to bathe in the *Ganges*, but a host of Aumeers having come forward and represented to his Highness that such of the Hindoos as had left the empire last year, on a similar occasion, never returned, having settled at Peshawur, and that the probability was very great, therefore, that those who might be allowed to go this year would follow the footsteps of their brethren; it was ordered to be proclaimed by beat of *tom-tom* that people going by themselves were quite safe, but if they took their wives and children with them, their property would be plundered and their homesteads demolished. The Hindoos were thus prevented from going upon pilgrimage."

[*From a Correspondent.*]

A short Report of the Hindoo Benevolent Institution, 1836—37.

This Institution is a Morning Free School, founded in the month of March, 1831, at Shampukar, by Baboo Sharadaprasad Basu with the liberal contribution obtained from Muharaja Kalee Krishna Bahadoor, C. M. R. A. S., &c.

Baboo Sharadaprasad Basu, the proprietor of the School, has always, with the co-operation of some of his friends and colleagues, gratuitously conducted it since May last; but when he was obliged to quit Calcutta for the Rajshahye Government School, he committed the whole charge of the Institution to my sole care and management, with instructions to take wholesome

স্বীয়মাত্য সর্ব্বগুণালঙ্কৃত শ্রীযুত রিবেরেণ্ড যে বেট্‌মন সাহেব ও গবর্ণমেণ্টের সিক্রেট ও পোলিটিকাল প্রধান দপ্তরের ডেপুটি সেক্রেটরী বিচক্ষণাগ্রগণ্য শ্রীযুত সি ই ত্রিবিলিয়ন সাহেব অথচ এই বিদ্যালয়ের উপরি দর্শকদ্বয় মহাশয়ের এবং গুণনিপুণ শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরের পরামর্শ বিধায়ে পুর্ব্বোক্ত বিদ্যাগারের সমস্ত কার্য্য ধার্য্যকরণে আমার প্রতি অনুরোধ করেন।

কিঞ্চিৎকাল পরে যদিও স্বাক্ষরকারির মধ্যে কেহ২ আপন দানে বিরত হন তথাপি আমি সাধ্যানুসারে ইহার তত্ত্বাবধারণতায় রীতিমত কর্ম্ম নিষ্পান্ন করিবাতে সর্ব্বজন বিশেষতঃ এতদ্দেশীয় বিদ্যাবিতরণানুরাগী পরোপকারী মহাশয়দিগের বিজ্ঞাপন কারণ এই সংক্ষিপ্ত বিবরণ বিন্যস্ত পুরঃসর প্রার্থনা যে তাঁহারা স্ব২ বদান্যতা বিস্তারে এতদ্বিষয়ে উপকার করেন যদ্দ্বারা হিন্দু সন্তানদিগের অজ্ঞতা মোচনে ও বালক সমূহের বিদ্যাপ্রদানে ভদ্রতা প্রাপণ হইবেক কেবল এমত নহে বরং বাহুল্যবায়ে অন্যাধিক তর উৎসুক ছাত্র গ্রহণে তৎসংখ্যা বৃদ্ধি হইতে পারে।

সংপ্রতি এই পাঠশালা যেরূপ অবস্থায় আছে তাহাতে মাসিক ব্যয় কোম্পানির ৫০ তঙ্কা ব্যতীত ইহার অধিকাংশ টাকা শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর দ্বারা প্রাপ্তেও অধিক দিবস প্রচলিতা রাখণে অপারক হেতুখেদ করিতেছি।

বার্ষিক পরীক্ষাসময়ে প্রদানীয়পুস্তক ইত্যাদি ক্রয় জন্য প্রায় ২০০ তঙ্ক ব্যয় হয় ইহাতে শ্রীযুত বাবু শারদাপ্রসাদ বসু এবং বিদ্যাদানশীল মহাজনকর্ত্তৃক ১০০ টাকা আর মার্চ মাসপর্য্যন্ত স্বাক্ষরকারির ও ধনদাতার নিকট ৭৩৫ টাকা প্রাপ্ত হয়।

অধিকন্তু এই পাঠশালায় প্রায় এক শত বালক বিদ্যোপার্জ্জন করিতেছে এবং তাহারা সপ্ত শ্রেণীযুক্তে বিভক্ত। প্রথম শ্রেণী শ্রীযুত কালিদাস পালিতের অধীনে পশ্চাল্লিখিত পুস্তক পাঠ হইতেছে গ্রীস দেশের ইতিহাস ৬ নম্বর রিডর গেস্ ফেবিলস নেচেরেল ফিলাসোফি গোল্ড স্মিথ কৃত ভূগোল বৃত্তান্ত মরে সাহেবকৃত ব্যাকরণ জিয়ামিটরি বীজ গণিত বিদ্যা ইত্যাদি। দ্বিতীয় শ্রেণীর শিক্ষক শ্রীযুত দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় এবং অধ্যয়নীয় গ্রন্থ চয় এই২ ইতিহাসের সংক্ষিপ্ত বিবরণ প্রথম নম্বর কাব্য জগৎসম্বন্ধীয় ইতিহাস ক্লিফট সাহেবকৃত ভূগোল বৃত্তান্ত সংক্ষিপ্ত ব্যাকরণ অঙ্কবিদ্যা ইত্যাদি। তৃতীয় শ্রেণীর শিক্ষক শ্রীযুত মধুসূদন সরকার এবং পাঠ্যপুস্তক এই২ তৃতীয় নম্বর রিডর সংক্ষিপ্ত ব্যাকরণ ক্লিফট সাহেবকৃত ভূগোল বৃত্তান্ত দ্বিতীয় নম্বর স্পেলিং অঙ্ক শাস্ত্র ইত্যাদি চতুর্থ শ্রেণীর শিক্ষক শ্রীযুত কাশীনাথ ঘোষ এবং পাঠ্যপুস্তক এই২ প্রথম নম্বর রিডর ব্যাকরণ সার দ্বিতীয় নম্বর স্পেলিং অঙ্ক শাস্ত্র ইত্যাদি। পঞ্চম ও ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর শিক্ষক শ্রীযুত শ্রীনাথ বিশ্বাস এবং পাঠনীয় গ্রন্থচয় এই২ মরে সাহেব কৃত স্পেলিং।

কথিত পাঠশালার বার্ষিক পরীক্ষা ও পুস্তক বিতরণ কর্ম্ম আপ্রিল মাসের ৬ তারিখে শ্রীশ্রীযুত লার্ড বিশোপ সাহেবের ভবনে প্রধানাগ্রগণ্য মান্য এবং অন্যান্য দিদৃক্ষুমহানুভব মহাশয়দিগের সমক্ষে সুসম্পন্ন হয়।

ইতি ১১ আপ্রিল।১৮৩৭।

স্কুলের জেনরল সুপ্রেনণ্টেণ্ডেণ্ট শ্রীকৃষ্ণ হরি বসোঃ

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসনের জেনরল সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কৃষ্ণহরি

advice and able assistance in furtherance of that praiseworthy object, from the Rev. J. Bateman, M. A., the domestic chaplain of the Rt. Rev. the Lord Bishop of Calcutta, and C. E. Trevelyan, Esq., Deputy Secretary in the Secret and Political Department of the Bengal Government, the Honorary Visitors, and from Maharaja Kalee Krishna Bahadoor, the Visitor.

Although a little while after, some of the subscribers withdrew their names, and suspended their payment, I have, as far as my individual labour extends, superintended and kept it up to this period, and therefore, am emboldened to embrace the present opportunity of laying this my short report for the information of the public and friends to Native improvements, earnestly looking at the same time, to crave their generous support in such a laudable undertaking, which will not only tend to meliorate the degraded condition of the Hindoo population, and to improve the juvenile minds of our countrymen, but will enable me to enlarge its establishment and to receive new scholars, who often apply for admittance.

This school, on the footing it is now, it grieves me to represent, cannot further stand in existence without the monthly allowance of Company's Rupees fifty, the most part whereof is supplied by the Maharaja.

The Annual Examination is generally attended with the expence of Company's Rupees Two Hundred or thereabout, for purchasing Prize Books, &c., out of that sum, Baboo Sharadaprasad Basu and some of the friends have assisted with one hundred Rupees, and cash received by annual subscriptions and donations amounting to Company's Rupees 735, up to March last.

I further beg to add, that this school affords instruction to upwards of one hundred students, who are divided into *seven classes*, under the tuition of five remunerated instructors, namely, Baboo Kaleedas Paulit, the head teacher, charged with the following books—History of Greece, No. 6. Reader, Gay's Fables, Natural Philosophy, Goldsmith's Geography, Murray's Grammar, Geometry, Algebra, &c. The second, with Baboo Doorgachurun Bauerjee, and these books—Brief Survey of History. No. 1. Poetry, Universal History, Clift's Geography, Abridgement of Grammar, Arithmetic, &c. The third, with Baboo Madhushudan Sircar, and these books—No. 3. Reader, Abridgement of Grammar, Clift's Geography. No. 2. Spelling, Arithmetic, &c. The fourth, with Baboo Kasheenath Ghose, and these books—No. 1. Reader, Elements of Grammar, No. 2 Spelling, Arithmetic, &c. The fifth, sixth, and seventh, with Baboo Sreenath Biswas, and this book—Murray's Spelling.

The yearly Examination with the exhibition and distribution of prizes, was held at the Episcopal Palace, on the 6th of April, when and where the pupils acquitted themselves very satisfactorily before a most respectable and numerous audience.

Krishnahari Basu,

General Supt. to the H. B. I.

11th April, 1837.

Baboo Krishnahari Basu, the General Superintendent of the Hindoo Benevolent

বসু বিনাবেতন গ্রহণে বিদ্যোৎসাহমনে অস্মদাদির পাঠশালার কর্ম্ম সম্বন্ধে এবং তদুন্নতি প্রস্তাবালোকনে অবশ্যই ধন্যবাদ করা যায় আর তাঁহার এতদ্বিষয় প্রস্তুত বিবরণ পাঠনান্তর মনোযোগানুকূল্য প্রয়োজন ইতি।

১১ আপ্রিল ১৮৩৭।

বিদ্যালয়ের দর্শক।

শ্রীকালিকৃষ্ণস্য।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

মুরশিদাবাদহইতে আগত পত্রের কিয়ৎ।

আপনি জানিতে পারেন এই জিলাতে নূতন ব্যবস্থানুসারে দুই ব্যক্তি ডেপুটি কালেকটর নিযুক্ত হইয়াছেন তাহার মধ্যে এক ব্যক্তির নাম——মুখোপাধ্যায় দ্বিতীয় ব্যক্তি——রিজাক রামরত্ন মুখুয্যা রাজা রামমোহন রায়ের সঙ্গে কোন ক্ষুদ্র কর্ম্ম নিয়া বিলাতে গিয়াছিলেন এপ্রযুক্ত তাঁহার নাম সর্ব্বত্র প্রকাশ আছে কিন্তু দ্বিতীয় ব্যক্তিকে কেহ জানে না——মুখুয্যার কর্ম্মের বিষয়ে প্রশংসা নাই কিন্তু তিনি যে পরমধার্ম্মিক ও উৎকোচ লোভী নহেন একথা সকলে স্পষ্ট বলেন আর বিবেচনা করিলে ধার্ম্মিকতা ও নির্লোভিতা মুখুয্যার সামান্য গুণের মধ্যে বলা যায় না অপর ব্যক্তির বিষয়ে কেহ প্রশংসা করে না যেহেতুক ঐ ব্যক্তি কর্ম্মেতেও চালাক নহে বিশেষতঃ উৎকোচগ্রাহক রাক্ষস। দ্বিতীয় ব্যক্তি সকল জমীদারকে পেঁচে ফেলিয়া যে প্রকার ঘুসলয় আমি বোধ করি আপনি তাহা শ্রবণে আশ্চর্য্য জ্ঞান করিবেন ডেপুটি কালেকটরদিগের এমত কোন ক্ষমতা নাই যে নিষ্কর ভূমির খাজানার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করেন তাঁহারদিগের কার্য্য এই যে কালেকটর সাহেবদিগের অধীন থাকিয়া জমী মাপিয়া মহালের খাজানা বন্দোবস্ত করিবেন কিন্তু এই ব্যক্তি স্বয়ং কর্ত্তা হইয়া জমীদারদিগকে ভয় দেখান যে তাঁহারদিগের নিষ্কর ভূমির বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিবেন অতএব জমীদারেরা তাঁহাকে গবর্ণমেণ্টের পক্ষ দেখিয়া সুতরাং আপনারদিগের বিষয় রক্ষার্থ উৎকোচ দিয়া শান্ত করেন ইনি এই প্রকার ব্যবহার প্রায় সর্ব্বদাই করিয়া থাকেন এই ডেপুটি কালেকটর সংপ্রতি এক নাবালকি মহালের খাজানা আদায় করণার্থ নিযুক্ত হইয়াছিলেন তাহার সরবরাকার কেহ ছিল না তাহাতে অনেক রাজস্ব আদায় করিয়াছিলেন কিন্তু প্রায় সকল আপনি সাত করিয়াছেন অতএব কালেকটর সাহেব তাঁহার নামে এই বিষয়ের দাবি করিয়া ঐ মহালের কাগজ এবং আদায় রাজস্ব দাখিল করিতে বলিয়াছেন এবং কমিসানর সাহেবের নিকট কালেকটর সাহেব এই বিষয় গোচর করিয়া বলিয়াছেন এই প্রকার লোক দিয়া কর্ম্ম করা অসাধ্য হইবে অতএব কমিসানর সাহেব কালেকটরকে লিখিয়াছেন তুমি ঐ মহালের কাগজ ও রাজস্ব দাখিল করণার্থে পুনরায় ডেপুটি কালেকটরকে লিখিবা তাহাতে যদি না শুনেন তবে তাঁহাকে পদচ্যুত করণার্থ রিপোর্ট করিবা কিন্তু এইপ্রকার দুইবার হইল তথাচ ডেপুটি কালেকটর কাগজাদি দাখিল করেন নাই এবং করিবেন তাহাও বোধ হয় না যেহেতু শুনা যাইতেছে তিনি পলায়ন করিয়াছেন।

আমার বোধ হয় —— অনুমানে জানিয়াছিলেন পরে তাঁহার এই বিপদ ঘটিবে অতএব গবর্ণমেণ্টের নিকট অগ্রেই লিখিয়াছিলেন এজিলায় তিনি থাকিতে পারেন না গবর্ণমেণ্ট অনুগ্রহপুর্ব্বক তাঁহাকে অন্যত্র পাঠাইয়া দেন এইক্ষণে গবর্ণমেণ্ট আবদুলের নীত ব্যবহার জানিবার নি

Institution, is certainly entitled to every commendation for his gratuitous zeal and indefatigable labour in the promotion of our School, and I can only say, that his report is worthy of consideration and support.

Kalee Krishna,

Visitor.

Spirit of the Native Papers.

Extracts from a letter received from Moorshedabad

"You are I doubt not aware that in this district there are at present two Deputy Collectors under the New Regulation, by name R—— and A—— The former is well known as the Companion of Rammohun Roy to England in a humble capacity. The latter is unknown to fame. The popular voice does not award much activity or business like competence to the first, but is distinct in giving him a good name for honesty or freedom from corruption, which so far as it goes, is a great deal. The latter individual is however not in the highest estimation on many accounts. He is extremely corrupt and no man of business either. You will be astonished to hear of the various illegal means he has used to extort money from every description of Zemindar. You know perhaps that a Deputy Collector has no power himself to bring any suit for assessment against a Zemindar of Lakhraj lands in his possession. He is the Deputy of the Collector and at his orders he is to undertake the measurement, and settlement of Mehals. But this man used to threaten Zemindars that he will bring a suit against them for such and such Lakhraj lands, and as usual the zeal of the Deputy for Government interest is hushed up with a douceur. This he has done generally. He was lately appointed to Tehsil the revenues of a minor's estate here, called Bhuddurpore Sumskar, which had no Surburakur. He was in charge of the property for three months,—collected as much as he could, and embezzled the whole. For such is the recorded charge brought forward against him by the Collector who repeatedly ordered him to give up the papers of the estate and his collections from thence. He uniformly refused compliance. The Collector reported the matter to the Commissioner, and represented the impossibility of carrying on business with such an officer. The order was to call upon him for the papers and collections again and if he did not comply within five days, the Commissioner will report for his dismissal from office Two days have passed and no sign of his yielding, appears, on the contrary he is reported eloped."

"I have been told that A—— who expected, I suppose, expected all this made an application direct to Government praying to be transferred to another district, as he is suffering ill health in this district, which application

মিত্ত ঐ দরখাস্ত কমিসানর সাহেবের নিকট প্রেরণ করিয়াছেন তাহাতে কমিস্যনর সাহেব যেরূপ লিখিবেন তাহা সকলেই জানিতেছেন এবিষয়ে আমার কিছু লিখিবার প্রয়োজন নাই।—জ্ঞানান্বেষণ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের পূর্ব্বপদস্থ মহানুভব রেজিষ্টর সাহেবেরা অনুগ্রহ পুরঃসর এতাবৎকাল এতন্মহানগরনিবাসি ভূম্যাধিকারি দিগের জিলাজাতে মোক্তার নিয়োগকরণ জন্য মোক্তারনামা বিনাবেতনে স্বাক্ষর অর্থাৎ রেজিষ্টরী করিয়া আসিয়াছেন ইদানি বর্ত্তমান রেজিষ্টর সাহেবের প্রতি উক্ত কর্ম্ম অতি গুরুতর ভার বোধ হইয়া তাহার লাঘব জন্য গবর্ণমেণ্টে রিপোর্ট করিয়া অনুরোধ করেন যে উক্ত ভার সদরের সিরেস্তাদারের প্রতি অর্পণ হইয়া তাহার মাসিক বেতন শত মুদ্রা বৃদ্ধি হয় শ্রীলশ্রীযুত তাহা স্বীকার না করিয়া উক্ত কর্ম্ম বিনাবেতনে সদর দেওয়ানীর পণ্ডিতের দ্বারা নির্ব্বাহ হওনের অভিপ্রায় প্রকাশ করেন তজ্জন্য বর্ত্তমান রেজিষ্টর সাহেব ঈষৎ বিরক্ত হইয়া আদালতের রিত্যনুসারে লিপির দ্বারা সরকীউলর অর্থাৎ ঘোষণা না করিয়া কেবল পরওয়ানার দ্বারা পণ্ডিতের প্রতি উক্ত কর্ম্মের ভারার্পণ করিলেন সুতরাং পণ্ডিতকর্ত্তৃক রেজিষ্টরী মোক্তারনামা সর্ব্বত্র অগ্রাহ্য হইয়া প্রত্যাগত হইল বর্ত্তমান রেজিষ্টর সাহেব তাহার কোন উপায় না করিয়া পুনঃ পরওয়ানার দ্বারা পণ্ডিতের প্রতি নিষেধ অনুমতি করিলেন মোক্তারনামা দেওনিয়ারা দরখাস্ত করাতে হুকুম করিলেন যে পোলীসে রসুম দিয়া আপন২ মোক্তারনামা রেজিষ্টরী করা ও সন ১৮২৯ সালের দশম আইন মতে সাধারণ মোক্তারনামার ইষ্টাম্প অনোর যে গুরুতর ভার প্রজার উপর অর্পণ হইয়াছে তাহা সকলেই বিদিত আছেন। এইক্ষণে পোলীসে ঐ মোক্তারনামা রেজিষ্টরী করাতে প্রতি স্বাক্ষরের প্রতি দুই টাকা করিয়া রসুম বাড়িল তদ্ভিন্ন অশক্তপ্রযুক্ত সাক্ষ্যের দ্বারা রেজিষ্টরী করিতে হইলে থানাদার কিম্বা পোলীসসংক্রান্ত লোকের জানিত অপেক্ষা করে তাহাও বিনাদানে যে মত হইয়া থাকে অবিদিত নাই শ্রীলশ্রীযুত বর্ত্তমান গবরনর জেনরল বাহাদুর দেশের সুনিয়ম ও কর্ম্মাধ্যক্ষের শৈথিল্যতায় প্রজার ক্ষতি না হওন জন্য সন ১৮৩৩ সালের ২০ দিসেম্বর তারিখে নুটীফিকেসন অর্থাৎ সাধারণ সম্বাদ ঘোষণা করিয়া নিজে লেখেন যে আমি আত্মসাধ্যে ত্রুটি করিলাম না। কিন্তু কর্ম্মাধ্যক্ষদিগের মনোযোগভিন্ন সকলের সম্ভাবনা নাই বাস্তব তাহাই হইল। ফলতঃ আমারদিগের সমূহ দুরদৃষ্ট যেহেতু গবর্ণমেণ্ট প্রজাদিগের ধন মান জাতি প্রাণ রক্ষার্থে প্রধান বিচারাগার সদরদেওয়ানী আদালত নামে বিখ্যাত স্থাপন করিয়াছেন তাহারা প্রজার মঙ্গলামঙ্গল বিবেচনায় শৈথিল্যতা করিলে গবর্ণমেণ্ট কি করিতে পারেন। যাহা হউক যদ্যপি আপনি এবং অন্য২ সম্বাদ প্রকাশক মহাশয়রা অনুগ্রহ পুরঃসর উক্ত পঁক্তি কএকটি আপন২ পত্রিতে প্রকাশ করিয়া দেশের সুনিয়মকর্ত্তাদিগের গোচর করেন তবে অনেকে উপকৃত হইবেন।

প র।

শ্রীযুত দর্পণপ্রকাশকমহাশয় বরাবরেষু।

জিলা চব্বিশ পরগনার ছয়লাপী মহলে প্রজাপীড়ক জমিদারের মহদুপদ্রব উপস্থিত হওয়াতে পূর্ব্বে নিবেদন লিখিয়াছি পুনঃ কাতরতায় ব্যগ্রতাপূর্ব্বক নিবেদন করিতেছি সন ১৮৩৩সালের মে মাসে মহাঝড়িকায় ছয়লাপীতে জিলা চব্বিশ পরগনার দক্ষিণ অঞ্চলস্থ দুরবস্থ প্রজাদিগের দৈন্যতাপ্রযুক্ত গবর্ণমেণ্ট তাহারদিগের উক্ত সালের বাকী রাজস্ব জমীদারকে লইতে বারণ হুকুম দিয়াছেন। কিন্তু উক্ত জিলাস্থ অতিভারি জমীদার মণ্ডলবর্গ ঐ হুকুম উলঙ্ঘন করিয়া নির্দ্দয়তাচরণ বলপূর্ব্বক অত্যন্ত দৌরাত্ম্য করে। ছয়লাপী মহলের কোন২ গ্রামের ঐ ছয়লাপী সালের বাকী খাজানা আদায় করিয়াছেন ও করিতেছেন। উহা রাজকর্ম্মকারকদিগের গোচরার্থ পূর্ব্বলিখিত বিষয় দর্পণে আমার লিখনের তাৎপর্য্য তাহার সুফল কিছুই দৃষ্ট হইতেছে না। আমার লিখনের তাৎপর্য্য শুভানুধ্যায়ি রাজকর্ম্মকারকদিগের গোচর হইলে মণ্ডল জমীদারদিগের জমীদারির ছয়লাপী মহলের প্রকৃতার্থ তথ্যানু[illegible] হইতেক তাহার মুনার অন্যথে কিছু হইতেছে না। রাজকর্ম্মকারকদিগের না মনোযোগ হইতেছে মণ্ডল জমীদারদিগের ঐ খাজানা আদায়করণ দৃষ্টে দেখ এইক্ষণে ছয়লাপী অন্যান্য জমীদার অনেকেই গবর্ণমেণ্টের হুকুম উলঙ্ঘনে ঐ অযথার্থ খাজানা আদায়করণে প্রবর্ত্ত হইয়াছেন ইহাতে প্রজা লোকের সর্ব্বনাশ উপস্থিত হইয়াছে। গবর্ণমেণ্টের হুকুম প্রমাণ ঐ খাজানা ক্ষমা কেহ করেন নাই তাহারা যে কোন প্রকার আদায় না করিয়াছেন তথাপি প্রজার উপর ভারি সুদ সমেত দাওয়া রাখিয়াছেন। অতএব শাসনকর্ত্তাদিগের প্রজা রক্ষা করা ও হুকুম বলবৎ রাখা মত থাকে তবে আমার প্রার্থনা গ্রহণ করুন। অস্মদাদির প্রার্থনা কৌন্সেলহইতে কোন সুবিজ্ঞ কর্ম্মকারকের উপর হুকুম হয় যে তিনি উক্ত ছয়লাপী মহলে পরিভ্রমণে তথ্যানুসন্ধানদ্বারা সূক্ষ্ম তদারক করিয়া এতদ্বিষয়ের কৌন্সেলে রিপোর্ট করেন যে গবর্ণমেণ্ট ছয়লাপী হওয়াবধি যেং হুকুম দিয়াছেন ঐ হুকুমানুসারি ব্যবহার প্রজার সহিত জমীদার লোক করিয়াছেন কি না এবং জমীদার লোক ছয়লাপী বিষয়ে কালেক্টর সাহেবের নিকট যে একরার দেন ঐ একরারের পর ঐ অযথার্থ খাজানা অন্যায় করিয়াছেন কি না যদ্যপি আদায় করিয়াছেন তাহা কি প্রকার ব্যবহারে আদায় করিয়াছেন প্রজা লোকেরা কি প্রকারে দিয়াছে এবং প্রজা লোক ঐ খাজানা দেওয়াতেই বা কিরূপাবস্থায় আছে জমীদার ঐ খাজানা আদায় জন্য প্রজাদিগের কিরূপ অনিষ্ট করিতেছেন এবং শারীরিক শাস্তি ও ক্লেশ কিরূপ দিয়াছেন এতৎপ্রকারের তদারক হইয়া রিপোর্ট হইলে গবর্ণমেণ্ট সুস্পষ্ট জানিতে পারিবেন যে ছয়লাপীর প্রজারা জমীদারের দৌরাত্ম্যে কিরূপ অন্যায়গ্রস্ত হইয়াছে। হে সম্পাদক মহাশয় এই পত্রখানি স্বীয় বক্তব্য সম্বলিত দর্পণে অর্পণ করিবেন। এবং ভরসা করি হিতকারি ইঙ্গরেজী সম্পাদক মহাশয়েরা স্বপত্রে স্থানদানে কৌন্সেলে কর্ম্মকর্ত্তাদিগের গোচর করিবেন তাহাতেই অবশ্যই অন্যায়গ্রস্ত প্রজাদিগের পরিত্রাণের সুযোগ হইবেক কেন না ইঙ্গলণ্ডীয় কর্ম্মকর্ত্তাদিগের এবিষয়ে সুবিচার না করিলে সুবিচার সম্ভাবনা নাই!

ছয়লাপীর হিতাকাঙ্ক্ষি দর্পণ পাঠকস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

পূর্ব্বে এই ভারতবর্ষ হিন্দু রাজাদিগের অধীনে ছিল পরে যবনেরা বলাৎকার করিয়া রাজ্য লওয়াতে হিন্দুধর্ম্ম এককালীন বিনষ্ট হইল যবনাধিকার হওনাবধি ক্রমশঃ দৌরাত্ম্য বীজারোপিত হইয়া পাপ বৃক্ষের অঙ্কুর পল্লব শাখা ও ফল দর্শিতে লাগিল যেহেতুক গর্ব্ভিণী স্ত্রীদিগের উদর বিদারণ ও মনুষ্য পরিপূর্ণ নৌকা গঙ্গায় মগ্নকরণ ইত্যাদি পাপ কর্ম্মে প্রবিষ্ট হওয়াতে পরমেশ্বর সৃষ্টি রক্ষাহেতু জ

has been forwarded to the Commissioner that he might report upon the merits and conduct of the petitioner. I need not add what the report will be."—*Ibid.*

Correspondence.

To the Editor of the Durpun.

The former Registers of the Court of Sudder Dewanny Adawlut, in the exercise of kind feelings, have been in the habit of registering the Mooktearnamas of the Zemindars of this great city without any fee; but it appears that the present Register, considering this duty to be exceedingly onerous, to relieve himself from the weight of it, made a report to Government, and entreated that this duty might be laid upon the Sherishtadar of the Court and that his salary might be increased to the extent of 100 Rs. a month; but the Governor General instead of agreeing to this, directed that this duty should be performed without pay by the pundit of the Sudder Dewanny Adawlut. It is said, that the present Register was a little nettled at this, and therefore, instead of appointing the pundit to this duty, in the usual manner, by a circular order, he merely issued a purwannah upon the subject. Of course all the Mooktearnamas registered by the pundit were universally rejected and returned. The Register does not appear to have applied any remedy to this, but he contented himself with simply *forbidding the pundit by means of a purwannah to register the documents.* Those who gave the Mooktearnamas upon this sent in a petition, and it was ordered that they should go to the police, pay the fee, and register their Mooktearnamas. The great burden which has been imposed upon the people on account of the stamp duties on Mooktearnamas by the 10th Regulation of 1829, must be fully known to all. Now by registering the Mooktearnamas at the Police, we have to pay an additional fee for every subscribing witness; besides this when an individual is obliged to register his Mooktearnamah by means of a deputy, through being unable to go himself, the gentleman of the Police must be conciliated. Whether this is ever done without money, let others decide. Our present Gov. General, in order to prevent any injury to the people from the indolence of the public officers and to improve the Government, published a notification on the 20th of December, at the foot of which he says, he has not been wanting in his own duty, but that unless the public officers will exert themselves, there can be no hope of success;—and this is in fact the case; which we can attribute only to our own evil fortune, Government in order to preserve the property, honour, caste and life of the people, has established the Sudder Dewanny Adawlut. If they become indifferent to the welfare of the people, what more can the Government do? Be that as it may; *if you and the other editors will kindly give publicity to this paper, and thus inform our rulers how they may do good, many will be obliged.*

P. R.

To the Editor of the Durpun.

In the district of the 24-Pergunnahs, the relentless Zumindars having begun their oppressions in the districts which were inundated, I formerly wrote to you on the subject, and now with great caution as well as great distress, I again address you. In the month of May, 1833, there happened a storm, succeeded by inundation, which so afflicted the cultivators in the South of the 24-Pergunnahs, that Government generously forbid the Zumindars to exact any of their rent from them; but the first Zumindars of the Zillah, namely, the Munduls, violated this order, and with great cruelty and force and oppression exacted rent for the year of inundation from the districts which had been inundated. I formerly published this fact that it might reach the authorities, but I do not see that any benefit came from it. The object of my writing was this, that our enlightened rulers, examining into the real state of the districts which had been inundated, and making an honest enquiry, we might possibly be relieved from our distress; but nothing of the kind has happened. Through the indifference of Government, other Zumindars of the inundated districts, seeing that the rent is exacted with impunity by the Mundul Zumindars, have began to follow their example, and transgressing the rules of Government, have begun to collect that unjust tribute by which the people have been reduced to destruction. Few of them according to the orders of Government have given up those rents; and in addition to this they have been demanding a large interest from the people. If therefore the authorities have any desire to save their own subjects and maintain their own laws, let them attend to my petition. My prayer is, that an order be issued from the Council to some able officer, that he visit the districts that were inundated, and personally examine into their condition, and then make a report to the Council, whether the orders of Government, issued since the year of inundation have been obeyed by the Zumindars or not, and whether the Zumindars after having made an engagement with the Collector regarding the inundation have, or have not, unjustly collected the rents from the people. If they have collected them, then enquire in what manner they have done so, and what is the condition of the people who have been obliged to pay them, and in what oppressive manner those rents have been collected; what has been the bodily punishment, what has been the distress inflicted on them,—let an enquiry be made into this subject, and a report be given in, and the Government will then understand the extent of the oppression which the ryuts have suffered in the inundated districts from the Zumindars. Mr. Editor, I intreat you to publish this letter with your own remarks, and I hope that the other benevolent Editors will give it a place, and bring the matter before the Council and secure the relief of the oppressed people. If the English authorities will not pass a right judgment on the subject, where are we to get justice.

To the Editor of the Durpun.

Formerly Hindoosthan was under the government of Hindoos, but the Moosulmans having taken it by force, the Hindoo religion became almost extinct. From the time the Moosulmans obtained the country, the seeds of oppression were sown and the tree of iniquity sprouted up and was covered with foliage and fruit. Many of them went so far as to destroy women

বনদিগকে বিমুখ হইয়া ইঙ্গলণ্ডীয় মহাশয়দিগের হস্তে রাজ্য অর্পণ করিলেন। কিন্তু দুষ্ট জবনজাতীয়েরা পুনর্ব্বার এই দেশ লওনের প্রত্যাশায় স্থানে২ দলবদ্ধ হয় পরমেশ্বরের কৃপাতে কিছুই করিতে পারে না। কেবল কতকগুলিক লোকের ধন প্রাণ বিনষ্ট করে। হে সম্পাদক মহাশয় কিয়ৎকাল হইল জিলা মিরটে বহুতর জবন দলবদ্ধ হইয়া লসষ্টর সাহেবের পুত্রকে হত্যা করে লক্ষ্ণৌর নওয়াব উজির আলি এই দেশ লওনের অভিলাষে ঢাকার নওয়াব সমশদ্দৌলার সহিত যোগ করিয়া কাশীতে চেরি সাহেবপ্রভৃতি অনেক সাহেবদিগকে শমন ভবন দর্শায়। এক বৎসর মহরমের সময় কতক গুলিক জবন দলবদ্ধ হইয়া কলিকাতা রাজধানীর সুপ্রিম কোর্টের ঘরে চড়াও করে সংপ্রতি জিলা নদীয়ার অন্তঃপাতি নারিকেল বাড়িয়া গ্রামে তিতুমিরনামক এক জবন বাদশাহি লওনেচ্ছায় দলবদ্ধ হইয়া প্রথমত গোবর ডাঙ্গানিবাসি বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের ধন প্রাণ আঘাতের বিষয় এবং আরং হিন্দুদিগের জাতি প্রাণ ধ্বংস করণে প্রবর্ত্ত হইলে তথাকার মাজিস্ত্রেট সাহেব এ বিষয় লীলা বোধ করিয়া ফৌজদারী নাজির মহম্মদ পুলিষকে কএক জন চাপড়াশ সমেত নারিকেল বাড়িয়া পাঠাইয়াছিলেন। দুষ্ট জবনেরা নির্দ্দয়তারূপে ঐ অভাগা পুলিষ নাজিরকে বধ করিলে মাজিস্ত্রেট সাহেবের রিপোর্ট মতে কলিকাতাহইতে অশ্বারূঢ় ও পদাতিক সৈন্য প্রেরিত হইয়া তিতুমির জবন একবারেই নিপাত হইল। ইদানীং জিলা ফরিদপুরের অন্তঃপাতি শিবচর থানার সরহদ্দে বাহাদুর গ্রামে সরিতুল্লানামক এক জবন বাদশাহি লওনেচ্ছুক হইয়া ন্যূনাধিক ১২০০০ জোলা ও মোসলমান দলবদ্ধ করিয়া নূতন এক সরা জারী করিয়া নিজ মতাবলম্বি লোকদিগের মুখে দাড়ি কাছাখোলা কটি দেশে চর্ম্মের রজ্জু বন্ধন করিয়া তৎচতুর্দ্দিগস্থ হিন্দুদিগের বাটী চড়াও হইয়া দেব দেবী পূজার প্রতি অশেষ প্রকার আঘাত জন্মাইতেছে এবং এই জিলা ঢাকার অন্তঃপাতি মলকত গঞ্জ থানার সরহদ্দে রাজনগরনিবাসি দেওয়ান মৃত্যুঞ্জয় রায়ের স্থাপিত দ্বাদশ শিবলিঙ্গ ভাঙ্গিয়া নদীতে বিসর্জ্জন দিয়াছে এবং ঐ থানার সরহদ্দে পোড়াগাছা গ্রামে এক জন ভদ্র লোকের বাটীতে রাত্রিযোগে চড়াও হইয়া সর্ব্বস্ব হরণ করিয়া তাহার গৃহে অগ্নি দিয়া অবশিষ্ট যে ছিল ভস্ম রাশি করিলে এক জন জবন ধৃত হইয়া ঢাকার দওরায় অর্পিত হইয়াছে। ভরসা করি বিচারে পাপের প্রায়শ্চিত্ত বিলক্ষণরূপ হইবেক। আর শ্রুত হওয়া গেল সরিতুল্লার দলভুক্ত দুষ্ট জবনেরা ঐ ফরিদপুরের অন্তঃপাতি পাটকান্দা গ্রামের বাবু তারিণীচরণ মজুমদারের প্রতি নানা প্রকার দৌরাত্ম্য অর্থাৎ তাঁহার বাটীতে দেবদেবী পূজার আঘাত জন্মাইয়া গোহত্যা ইত্যাদি কুকর্ম্ম উপস্থিত করিলে মজুমদার বাবু জবনদিগের সহিত সম্মুখ যুদ্ধ অনুচিত বোধ করিয়া ঐ সকল দৌরাত্ম্য ফরিদপুরের ম্যাজিস্ত্রেট সাহেবের হজুরে জ্ঞাপন করিলে ঐ সাহেব বিচারপূর্ব্বক কএক জন জবনকে কারাগারে বদ্ধ করিয়াছেন এবং এবিষয়ের বিলক্ষণ অনুসন্ধান করিতেছেন। হে সম্পাদক মহাশয় দুষ্ট জবনেরা মফঃসলে এসকল অত্যাচার ও দৌরাত্ম্যে ক্ষান্ত না হইয়া বরং বিচার গৃহে আক্রমণ করিতে প্রবৃত্ত হইল। শ্রুত হওয়া গেল ফরিদপুরের মাজিস্ত্রেট সাহেবের হজুরে যে সকল আমলা ও মোক্তারকারেরা নিযুক্ত আছে তাহারা সকলেই সরিতুল্লা জবনের মতাবলম্বি তাহারদিগের রীতি এই যদি কাহার নামে মিথ্যা অভিযোগ করিতে হয় তবে কেহ ফরিয়াদী কেহ বা সাক্ষী হইয়া মোকদ্দমা উপস্থিত করে সুতরাং ১২০০০ হাজার লোক দলবদ্ধ ইহাতে ফরিয়াদী সাক্ষির

great with child, and to sink boats filled with living beings. On account of these iniquities, God, in order to preserve his creation, turned away from the Moosulmans and gave the country over to the English; but the Moosulmans with the hopes of again conquering the country, formed themselves into bands; but through the favour of God were unable to do any thing, excepting to destroy the wealth and lives of a few individuals. Mr. Editor, some years ago many Moosulmans formed a conspiracy at Meerut and put to death the son of Mr. Leycester. The Nawaub of Lucknow, Wuzeer Ali, hoping to get possession of the country, united himself to Shumsoodowla, the Nawaub of Dacca, and put Mr. Cherry and another gentleman to death at Benares. Some years ago at the time of the Mohurrum, some Moosulmans formed themselves into a band, and made an attack upon the Supreme Court. More recently in the Zillah of Nuddea, in the village of Narcoolbarry, a Moosulman of the name of Tetoo Meer, hoping to get possession of the country, formed a large party, and in the first place made an attempt on the wealth and life of Baboo Kaliprussunno Mookerjee, and also upon the lives of many other Hindoos. The Magistrate being made acquainted with the out-break, sent the Fouzdaree Nazir Mohamud Koolin, with a number of peons to Narcoolbarry. The Moosulman, having most cruelly put the unfortunate Nazir to death, the Magistrate reported the matter and horse and foot were sent, and Tetoo Meer was at once extinguished; but now in the district of Furreedpore in the Thanna of Seebchur, a Moosulman of the name of Suritoolla, hoping to get possession of the country, collected a band of 12,000 Jolahs and Moosulmans and proclaimed a new law. His followers have been distinguished by a long beard, by wearing the lower garment like women, tied before, and by a leathern girdle around the loins, and these men are attacking the houses of Hindoos, interrupting the worship of the gods and goddesses. In the district of Dacca, in the Thanna of Moolnutgunge, they have destroyed the twelve images of Shiva which had been established by Dewan Mittunjoy and thrown them into the river. They also attacked by night the house of a most respectable man in the village of Poragacha in that Thannah, carried away every thing and reduced the house to ashes. One Moosulman was taken on this account and sent in to the Magistrate, and we hope he will meet with the just reward of his offences. We have also heard that the wicked Moosulman, followers of Suritoolla, have commenced serious oppressions against Baboo Tarineechurn Moojoomdar of the village of Patcoonda in the district of Furreedpore, have stopped the worship of gods and goddesses, and slaughtered cows. The Baboo not judging it right to meet them in open combat, informed the Magistrate of Furreedpore of all these oppressions, who sent some of the Moosulmans to prison and is closely investigating the affair. Mr. Editor, the wicked Moosulmans of the Mofussil, not satisfied with these oppressions, had prepared to attack even the court itself. We hear that many of the Amlahs and Mooktears of the Furreedpore Magistrate are of the party of Suritoolla, and their practice is this; if it be necessary to bring a false accusation against any man, some appear as complainants, others as witnesses.

ত্রুটি কি আছে। শুনিয়া পরমাপ্যায়িত হইলাম ফরিদপুরের বর্ত্তমান মাজিস্ত্রেট শ্রীযুত রাবর্ট গ্রট সাহেব এমতপ্রকার কএক মোকদ্দমা অগ্রাহ্য করিয়া জবনেরদিগকে শাস্তি দিতেছেন কিন্তু জবন দল ভঙ্গের কিছু উপায় উদ্যোগ করিয়াছেন কি না শ্রুত হই নাই সবিশেষ তদন্ত জানিলে পরে মহাশয়ের নিকট নিবেদন পত্রের দ্বারা প্রকাশ করিব। আমি বোধ করি সরিতুল্লা জবন যেপ্রকার দলবদ্ধ হইয়া উত্তরং প্রবল হইতেছে অল্প দিনের মধ্যে হিন্দু ধর্ম্ম লোপ হইয়া অকালে প্রলয় হইবেক। সরিতুল্লার জোটপাটের শত অংশের এক অংশ তীতুমির করিয়াছিল না। অতএব আমরা শ্রীলশ্রীযুতের নিকট এই প্রার্থনা করিতেছি তিনি হিন্দুধর্ম্ম ও দেশ রক্ষার নিমিত্ত উক্ত ব্যক্তির দল ভঙ্গের বিহিত আজ্ঞা করুন। ইতি সন ১২৪৩ সাল তারিখ ২৪ চৈত্র।

জিলা ঢাকা নিবাসি দুঃখি তাপিগণস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

স্তুতিনতি বিনীতিপূর্ব্বক নিবেদনমিদং বিশেষঃ। দেশের হিতার্থে কএক পংক্তি সুযুক্তি লিখিতেছি অনুল্য দর্পণৈকপার্শ্বে স্থান দান করিবেন এবং আপনিও এ বিষয়ে কিঞ্চিৎ মনোযোগী হইবেন। যেহেতুক দেখিতেছি শ্রীল শ্রীযুক্ত গবর্ণমেণ্টের সর্ব্বদা এই মানস যে প্রজাবর্গ গবর্ণমেণ্টের তাবৎ আইন ও হুকুম জ্ঞাত থাকেন তাহা হইলে আদালত সকলের কর্ম্মকারি ব্যক্তিগণের চাতুরী ও প্রবঞ্চনার স্থান থাকে না। বোধ করি তন্নিমিত্তে তাবৎ আইন পারস্য ও ইঙ্গরেজী ও বাঙ্গালা ভাষায় প্রকাশ পায় কিন্তু সংপ্রতিকার এক বিষয়ে দেশের অনেক অহিতাচার হইতেছে এবং আমলাবর্গের উৎকোচ গ্রহণের পথ প্রশস্ত হইয়াছে তাহার প্রতি কারণ এই যে আইনব্যতিরিক্ত রেবিনিউ ও জুডিসিয়াল ডিপার্টমেণ্টের অনেক কর্ম্ম সরকিউলর চিটির হুকুমে চলিতেছে ঐ সকল চিটি কেবল ইঙ্গরেজী ভাষায় জারী হয় তাহার তর্জ্জমা স্বদেশী ভাষায় আইসে না ইহাতে আমলারা আনন্দিত আছেন। কারণ উভয় বিবাদিকে কহেন যে তোমার এ মোকদ্দমার বিষয়ে অমুক সনের অমুক তারিখের এক সরকিউলর চিঠী আছে তাহাতে তোমার পক্ষে ভাল হইবেক না। এইমত ভয় দর্শাইয়া অসরোতে উৎকোচ গ্রহণ করিতেছেন। অতএব আমরা শ্রীযুক্ত গবর্ণমেণ্টের নিকট প্রার্থনীয় যে পূর্ব্বের সরকিউলর চিঠী সকলের এবং ভবিষ্যৎ চিঠী সকলের তর্জ্জমা এদেশীয় ভাষায় হইয়া প্রত্যেক জিলায় প্রেরণ হয় ইহা হইলে দেশের নানামত হিত হইবেক এবং শিরিস্তারও অনেক কর্ম্মের সুগোম হইবেক কারণ সকল আমলার ইঙ্গরেজী ভাষায় পারগতা নাই। আমার প্রার্থনা এই যে এই পত্র টুকি ইঙ্গরেজী পত্রসম্পাদক মহাশয়েরা স্বং পত্রে প্রকাশ করিয়া বাধিত করিবেন।

কস্যচিৎ হিতার্থিনঃ।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	||০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩||০	১৪||০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০	প্রিমিয়ম

Among his 12,000 followers, there can be no want either of prosecutors or witnesses. We hear with great pleasure that the excellent Magistrate of Furreedpore, Mr. Robert Grote, has thrown out many such complaints, and has punished the Moosulmans, but whether he has adopted any means for breaking up the party, we have not heard. When we hear of it we will make it known by letter. It would almost appear from the mode in which that party was organized and increases in strength, that in a short time the Hindoo religion may be extinguished, and that there may be a premature destruction. Tetoo Meer did not at hundred times as much as Suritoollah has done to form a party. We would therefore pray that our excellent rulers would adopt some measures to extinguish this confederacy.

Some Residents in the district of Dacca.
24th Choitra, 1243.

To the Editor of the Durpun.

Receive my salutations. I send you a few lines intended to benefit the country, which I beg you to insert in the Durpun, and to assist my views by your own remarks. It appears to me to be the anxious desires of Government, that their subjects should always have been made acquainted with the Regulations and orders of the state; because when this is the case, the officers of the Court have no room for the practice of deceit and oppression. I suppose it is on this account that all the regulations are published in English and Bengalee and Persian; but on one subject the country suffers greatly, and a broad road is open for bribery and corruption by the Amlahs of the Court; and that is this. In addition to the regulations in the Revenue and Judicial Department a great many arrangements are published are made known through the Circular Orders, but these Orders are never published but in the English language. No translation of them ever appears in the native languages and this is a great source of delight to the native Amlahs, for they have thus an opportunity of saying to the parties in any suit, that according to the Circular Orders of such a date you are not likely to win your cause; by thus frightening the parties, they have an opportunity of taking bribes to a great extent. We would therefore earnestly entreat Government that all the former and all the future Circular Orders may be published in the native language and proclaimed through every Zillah. This would benefit the country in a variety of ways, and also be found beneficial to the offices of Government, for many of the Amlahs are not acquainted with the English languages. I would also pray the Editors of the English papers to give this letter a place in their Journals.

One desirous for the good of others.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	4	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	13	8	14	8
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1800—1900.

সমাচার দর্পণ

১১৩৭ সংখ্যা। বালম ১৯।] ২৯ আপ্রিল ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১৮ বৈশাখ। SATURDAY, APRIL 29TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1137. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

***Price*, 20 Co.'s Rs.**

Applications for the above to be made at the Serampore Press, and also at the Church Mission Press, Calcutta.

রিসিবর আফীস।

তালুক ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় উমাচরণ বন্দ্যোপাধ্যায় ফৈরিয়াদী ও রাধামাধব বন্দ্যোপাধ্যায় আসামী ঐ মোকদ্দমায় সন ১৮৩৭ সালের ১৬ মার্চ তারিখের সুপ্রিম কোর্টের হুকুম প্রমাণ শ্রীযুত এলিয়ট মাকনাটন সাহেব নীচের লিখিত জমিদারী তালুকাতের রিসিবর মোকরর হইয়া ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ২ মে মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের রিসিবর আফীসে নীচের লিখিত জমিদারী তালুকাত এক খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজারার মিয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক অতএব যাঁহারা লওনে ইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফীসে উপস্থিত হইবেন।

জিলা বাখরগঞ্জ পরগনা বুজর্গ উমেদপুর তালুক লক্ষ্মীপুরা দখল মৌ ১০ মৌজা।

ঐ জিলার পরগনা আজিমপুর তালুক হলতার ।৶১ গণ্ডার কম ১০ মৌজা।

ঐ জিলার পরগনা বুজর্গ উমেদপুর তালুক হাট আঙ্গারিয়া।

ঐ জিলার পরগনা চন্দ্রদিপ ও নাজিরপুরের পাঁটাই তালুক মেরজাগঞ্জ ৮ মৌজা।

ইজারার সরত ও বেওরা রিসিবর আফীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফীস কোর্ট হৌস
২৫ আপ্রিল ১৮৩৭ সাল।

ইশতেহার।

যে মোকদ্দমায় রাজচন্দ্র দাস ফৈরিয়াদি ও গোপীমোহন দাসপ্রভৃতি আসামী গত ৫ সেপ্তেম্বর তারিখে ঐ মোকদ্দমার যে ডিক্রী হয় ঐ ডিক্রী অনুসারে কলিকাতার সুপ্রিম কোর্টের শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে আগামি জুন মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর ও দুই প্রহর দুই ঘণ্টার মধ্যে পবলিকসেলে অর্থাৎ নীলামে নীচে লিখিতব্য বিষয় নিতান্তই বিক্রয় হইবে।

ইশতেহার।

লাট নং। ১ কলিকাতার রাণীমুদীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী নং ১৩ অর্থাৎ যে বাটী এইক্ষণে কাষ্টর চাকমেন কোম্পানির কুটী হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং। ২ কলিকাতার শহরতলি খিদিরপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬০/৷৷০ বাটি বিঘা আট ছটাক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কুলিবাজারের পুরাণ রাস্তা দক্ষিণ দিগে মুচিখোলার নূতন রাস্তা। পশ্চিম দিগে রাধামাধব বাঁড়ুয্যের ভূমি পূর্ব্ব দিগে মতি ঝিল ভূমি।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর সাহেবের আপীসে অথবা ফরিয়াদীয়ানের উকীল শ্রীযুত জি হিগিন্স সাহেবের নিকটে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আপীস
১৪ আপ্রিল ১৮৩৭।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোনং আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোনং স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোনং আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোনং আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা

ইশতেহার।

হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যেং বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্য ও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

প্রবোধ চন্দ্রিকা।

সম্প্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষর উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইশতেহার।

পত্রধারা।

তন্মধ্যে পাটাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধানং পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈল প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১৷৷০ টাকা।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৭ আপ্রিল ১৮৩৭।

প্রস্তাবিত আইনের নীচে লিখিতব্য পাণ্ডু লেখ্য হজুর কৌন্সেলে ১৮৩৭ সালের ১৭ আপ্রিল তারিখে পঠিত হইল।

১৮৩৭ সালের — নং আক্ট।

হুকুম হইল যে আসিয়া বা আফ্রিকার ভিন্ন দেশীয় কোন রাজা যে নিয়মক্রমে আপন প্রজারদের জিনিস জাহাজের দ্বারা আমদানী ও রফ্তানীকরণের হুকুম আছে সেই নিয়মক্রমে যদি ব্রিটনীয় জাহাজি দ্রব্য ঐ রাজ্যের মধ্যে আমদানী ও রফ্তানীকরণের হুকুম দেন তবে ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতা আছে যে ঐ ভিন্ন দেশীয় রাজার প্রজারদের জাহাজি জিনিস সেই নিয়মক্রমে ঐ ইঙ্গলণ্ডীয় রাজ্যের মধ্যে আমদানী রফ্তানী করিতে হুকুম দিতে পারেন।

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজনগোচরার্থ প্রকাশিত হয়।

এবং হুকুম হইল যে উক্ত আইনের পাণ্ডু লেখ্য আগামি জুন মাসের ৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

১৭ আপ্রিল ১৮৩৭।

শ্রীলশ্রীযুক্ত আনরবল কোর্ট অফ ডৈরেক্টর্সের ৩ নং ১ ফেব্রুআরি তারিখের পত্র সর্ব্বসাধারণ লোকেরদের বিজ্ঞাপনার্থ শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে প্রকাশ করিতেছেন।

১। ১৮৩৫ সালের ২৪ আগস্ত তারিখের ২ নং পত্রের ৭৮।৭৯ ধারায় আপনারা বিনীতি পূর্ব্বক ভারতবর্ষজাত লোকেরা যেরূপে ভারতবর্ষে ভূমি অধিকার করিতে ও দখল করিতে পারে সেইরূপে ইউরোপীয়েরদিগকে চিরকালের নিমিত্ত অথবা অন্য কোন প্রকারে ভূমি অধিকার ও দখলকরণার্থ ক্ষমতা দেওনের এক ব্যবস্থার প্রস্তাব করিয়া সেই ব্যবস্থা বিষয়ে অতিশীঘ্র আমারদিগের বিবেচনা করিতে আপনারা লিখিয়াছিলেন এইক্ষণে আমরা তদ্বিষয়ক উত্তর লিখিতেছি।

২। চতুর্থ উলিয়মের ৩ ও ৪ আইনের ৮৫ ধারার ৮৩প্রকরণে দৃষ্টি রাখিয়া এবং ইউরোপীয়েরদের ভারতবর্ষে ভূমি অধিকার করণে এই যে অভিপ্রায় বোর্ডের সাহেবেরা ও কর্ম্মকারক সাহেবেরা আমারদের নিকটে প্রেরিত পত্রের দ্বারা জ্ঞাপন করিয়াছেন তাহাতে আমরা ঐক্য হইয়া আপনারা যে আইনের বিষয়ে প্রস্তাব করিয়াছেন তাহাতে সম্মত হইলাম কেবল ঐ আইনে সর্ব্বদেশীয় লোক এই যে কথা লেখা আছে তাহার পরিবর্ত্তে উক্ত পার্লিমেণ্টের ব্যবস্থার উক্তিক্রমে শ্রীলশ্রীযুক্ত বাদশাহের প্রজা এই কথা লিখিতে হইবে এবং আমরা নিঃসন্দেহে জ্ঞান করি যে উক্ত আক্টের ৮৫ ধারার অলঙ্ঘনীয় আজ্ঞাক্রমে ভারতবর্ষীয় লোকেরদের উত্তমরূপ রক্ষণাবেক্ষণার্থ যে২ নিয়মের আবশ্যক সেই সকল নিয়ম আপনারা নিরূপণ করিবেন।

৩। ভিন্নদেশীয় লোকেরদের ভূমি অধিকারকরণবিষয়ে আপনারা গত ১ আগষ্ট তারিখে আমারদের নিকটে এক পত্র লিখিয়াছেন তদ্বিষয়ে আমরা স্বতন্ত্র উত্তর দিতে মানস করিয়াছি।

বিজ্ঞাপন।

উক্ত পত্রে শ্রীলশ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের মানস সিদ্ধকরণার্থ ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই নিশ্চয় করিয়াছেন যে ১৮৩৫ সালের ২৫ মে তারিখে যে আইনের পাণ্ডুলেখ্য কলিকাতা গেজেটে জুন মাসের ৩ তারিখে প্রকাশ হইয়াছিল তাহা আজ্ঞানুসারে ফেরফার করিয়া আইনস্বরূপ জারী হয়।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ১৮৩৭ সালের ১৭ আপ্রিল তারিখে নীচে লিখিতব্য যে আইন করিলেন তাহা সর্ব্বজনগোচরার্থ প্রকাশ হইল।

১৮৩৭ সালের ৪ নং আক্ট।

১। হুকুম হইল যে আগামি মে মাসের ১ তারিখের পর কোম্পানি বাহাদুরের অধিকারের সর্ব্বস্থানেই যে কোন জাতীয় যে কোন ব্যক্তি চিরকালের নিমিত্ত অথবা কোন নির্দ্দিষ্ট কালের মিয়াদে ভূমির অথবা ভূমিজাত কোন লভ্যের অধিকারী হইতে পারেন।

২। এবং হুকুম হইল যে উক্ত স্থানের মধ্যে এতদ্দেশীয় লোকেরা যেরূপে ভূম্যধিকার করিতে ও দখল করিতে পারেন তদ্বিষয়ক যে সকল আইন এইক্ষণে চলিতেছে সেই বিধি এই আইনের বলে যাঁহারা ভূমির অধিকার ও দখল পাইবেন তাঁহারদের বিষয়ে চলন হইল।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

17th April, 1837.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 17th April 1837:

Act, No. —— of 1837.

It is hereby enacted that whenever any Foreign State in Asia or Africa shall permit within the Dominions of such State, the importation or exportation of Goods in British Vessels on the same terms on which it permits the importation or exportation of Goods in Vessels belonging to the subjects of such Foreign State, it shall be lawful for the Governor General of India in Council by an order in Council to direct that Goods may be imported into the Territories of the East India Company or exported thence in Vessels belonging to the subjects of such Foreign State, on the same terms on which such Goods are imported into the said Territories or exported thence on British Vessels.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 6th day of June next.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

17th April, 1837.

The Right Honourable the Governor General in Council is pleased to direct that the following Dispatch from the Honourable the Court of Directors No. 3, dated the 1st of February, 1837, be published for general information:

1. "We now reply to paras. 78 and 79 "of your letter dated 24th August 1835, "No. 2, in which you request our early "decision on a proposed law for enabling "Europeans to acquire and hold lands in "perpetuity or otherwise in the same "manner in which they are now held by "the Natives of India.

2. "Referring to the provisions of the "Act of the 3d and 4th William 4th, Cap. "85, Sect. 83, and concurring in the opi- "nions so generally expressed by the "Public Boards and Officers in the Do- "cuments which you have sent us, that it "is desirable to encourage Europeans to "hold lands in India, we approve of the "law which you have proposed with the "substitution of the words of the Act of "*Gul. 4 Cap. 85 Subjects of His Majesty,* "for those of '*Persons of whatever nation,*' "not doubting that you will take care "under the imperative authority of the "85th Clause of that Act to make such "provision as may be required for the ade- "quate protection of the Natives of In- "dia.

3. "In reference to the holding of "lands by Aliens, on which subject your "Government has addressed us in a letter "dated the 1st August last, we intend to "reply to you in a separate dispatch."

Resolution —To meet the views of the Honourable the Court of Directors as expressed in the above Dispatch, His Lordship in council has been pleased to resolve that the Draft of the Act, published originally under date the 25th of May, 1835, in the *Calcutta Gazette* of the 3d day of June following, shall at once be passed into a law, with the substitution directed.

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 17th April 1837, is accordingly promulgated for general information.

Act, No. IV. of 1837.

I. It is hereby enacted, that after the 1st day of May next, it shall be lawful for any subject of His Majesty to acquire and hold in perpetuity or for any term of years property in land or in any emoluments issuing out of land in any part of the territories of the East India Company.

II. And it is hereby enacted that all rules which prescribe the manner in which such property as is aforesaid may now be acquired and held by Natives of the said Territories, shall extend to all persons who shall under the authority of this Act, acquire or hold such property.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

রাজকর্ম্মে নিয়োগ।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

১১ আপ্রিল ১৮৩৭।

শ্রীযুত হেনরি টরেন্স সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত রঙ্গপুরের একটিং কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেব জিলা ঢাকা ও মৈমন সিংহের অন্তঃপাতি বলদা খাল জমিদারীর সরহদ্দের মধ্যে জাইণ্ট মাজিস্ত্রেটী কর্ম্মকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত সৈয়দ এমদাদ আলি অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার উপরি একটিং প্রধান সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত এচ পি পেন সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে কলিকাতার দক্ষিণ অঞ্চলের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু উগ্রনারায়ণ সিংহ রায় বাহাদুর ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা বেহারের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু চন্দ্র সেন আসাম দেশে জিলা দোরঙ্গের সদর আমীন হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

যশোহরের সিবিল ও সেসন জজ শ্রীযুত জে এফ কার্থকার্ট সাহেব গত মাসের ২৮ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২১ তারিখঅবধি ৯ দিবসের ছুটি পাইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ গত মাসের ২৮ তারিখের হুকুমক্রমে মহরমের বন্দে যে ছুটি পান তদতিরিক্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

শাহাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ মনওয়ার আলি মহরমের বন্দে বর্ত্তমান মাসের ১১ অবধি ২০ তারিখপর্য্যন্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব উকীলেরদের বেতন নির্দ্দিষ্ট ও মনোনীতকরণ বিষয়ে ১৮৩৩ সালের ১২ আইনের বিধি সকল নীচে লিখিতব্য জিলা সকলে চলিত করণার্থ হুকুম করিয়াছেন।

বীরভূম।
বেহার।
ভাগলপুর।
বর্দ্ধমান।
কটক।
দিনাজপুর।
হুগলি।
মুরশিদাবাদ।

CIVIL APPOINTMENTS.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

11th April.

Mr. Henry Torrens to officiate, until further orders, as Collector of Rungpore.

Mr. W. J. Allen has been authorized to exercise the powers of a Joint Magistrate within the limits of the Bulda Khal Estate, in Zillahs Dacca and Mymunsing.

Syud Imdad Ullee to officiate as Additional Principal Sudder Ameen in Patna, until further orders.

Mr. H. P. Payne to be Deputy Collector in the Southern Division of Cuttack, under the Provisions of Regulation IX. of 1833.

Baboo Oogurnarain Singh Roy Bahadoor to be Deputy Collector in Zillah Behar, under the Provisions of Regulation IX. of 1833.

Baboo Chunder Sein to be Sudder Ameen in Zillah Durrung in Assam.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. F. Cathcart, Civil and Session Judge of Jessore, for nine days, from the 21st idem, in extension of the leave granted to him on the 28th ultimo.

Baboo Hurrynarain Ghose, Principal Sudder Ameen of Jessore, for ten days, in extension of the leave granted to him by the Orders of the 28th ultimo, during the Mohurrum Vacation.

Syud Munower Alee, Principal Sudder Ameen in Shahabad, for ten days, from the 11th to the 21st current, during the Mohurrum Vacation.

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to extend the Provisions of Regulation XII. of 1833, regarding the selection, appointment and remuneration of Authorized Pleaders, to the Districts mentioned below, viz.

Beerbhoom,
Behar,
Bhaugulpore,
Burdwan,
Cuttack,
Dinagepore,
Hooghly,
Moorshedabad,

নবদ্বীপ।
পাটনা।
রাজশাহী।
রঙ্গপুর।
সারণ।
শাহাবাদ।
শ্রীহট্ট।
ত্রিপুরা ও ত্রিহুত।

১৭ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে পাটনার শ্রীযুক্ত বাবু ছত্রধারী শাহকে মহারাজা বাহাদুর উপাধি প্রদান করিয়াছেন।

৭ আপ্রিল।

আজিমগড়ের জজ শ্রীযুত ত্রস্কট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ২ মাসের ছুটি পাইয়াছেন।

১৩ আপ্রিল।

এতদ্দেশীয় পদাতিকের ৫০ রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত জে গ্রেহাম সাহেব দিল্লীর শ্রীযুক্ত লেপ্তেনন্ত গবরনর্ সাহেবের এজেণ্টের আসিষ্টাণ্ট হইয়াছেন।

Nuddea,
Patna,
Rajeshahy,
Rungpore,
Sarun,
Shahabad,
Sylhet,
Tipperah, and
Tirhoot.

17th April.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to confer the Titles of Maharajah and Bahadoor upon Baboo Chutterdaree Sahee of Patna.

7th April.

Mr. C. W. Truscott, Judge of Azimghur, has obtained leave of absence for two months, on medical certificate, to commence from the 1st instant.

13th April.

Captain J. Graham, of the 50th Regiment N. I., to be Assistant to the Agent to the Lieutenant Governor at Delhi.

সমাচার দর্পণ

শনিবার ২৯ আপ্রিল ১৮৩৭।

মঙ্গলূরের উৎপাত।

শেষ দর্পণ প্রকাশহওনের পর মঙ্গলূরের উৎপাতবিষয়ক যে সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা শুভসূচক বটে। রাজবিদ্রোহকেরা শ্রীযুত মেজর ডৌকর সাহেবের প্রতি আক্রমণ করিয়াছিল কিন্তু তিনি তাহারদিগকে তাড়িয়া দেওনে পুনর্ব্বার কৃতকার্য্য হইয়াছেন। আশী জন সৈন্যের এক ক্ষুদ্র দল সাহেবের সঙ্গে মিলিয়াছে কিন্তু শ্রীযুত কর্ণল গ্রিন সাহেবের অধীনে যে নূতন দল সৈন্য তাঁহার সাহায্যার্থ প্রেরিত হইয়াছিল তাহারা পঁহুছে নাই বোধ হয় তাহারদের গমনেতে অতি বিলম্ব হইয়াছিল যেহেতুক তাহারা তিন দিবসেতে কেবল ১২৷০ ক্রোশ করিয়া চলিয়াছিল। এই উপদ্রবের সম্বাদ অতি শীঘ্র বোম্বাইতে শ্রীযুত সর রাবর্ট গ্রাণ্ট সাহেবের নিকটে পঁহুছে এবং তৎপ্রযুক্ত তিনি হিউলিণ্ডি বাষ্পীয় জাহাজের প্রতি হুকুম করিলেন যে ঐ জাহাজ সুয়েজ দিয়া ডাকের পুলিন্দা না লইয়া অবিলম্বে মঙ্গলূরের তট দিয়া সৈন্য লইয়া যাইবে।

মারী।

সংপ্রতি কএক দিবসাবধি কলিকাতার মধ্যে এইরূপ জনরব হইতেছেযে পালির মারীর ন্যায় মারীগ্রস্ত এক ব্যক্তি কলিকাতাস্থ সাধারণ চিকিৎসালয়ে প্রেরিত হইয়াছিল এই জনশ্রুতি দুর্ভাগ্যক্রমে কলিকাতার বাহিরেও ব্যক্ত হইয়াছে কিন্তু ইঙ্গলিসমেন সম্পাদকের এক জন পত্র লেখকের দ্বারা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে ঐ জনরব নিতান্ত অমূলক।

ইউরোপীয়েরদিগকে এতদ্দেশে ভূম্যধিকারকরণের অনুমতি।

পাঠক মহাশয়েরা অবশ্য জ্ঞাত থাকিবেন যে নূতন চার্টরের দ্বারা ইউরোপীয়েরদিগকে ভূম্যধিকারকরণের অনুমতি দত্ত হইয়াছিল। ঐ চার্টর জারীহওনের দুই বৎসর পরে ইউরোপীয়েরদিগকে ভূম্যধিকার করণার্থ কলিকাতার সুপ্রিম গবর্ণমেণ্ট এক আইনের পাণ্ডুলেখ্য প্রকাশ করেন কিন্তু শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের বিশেষ আজ্ঞাক্রমে ঐ আইন জারীহওনের পূর্ব্বে তদ্বিষয়ে তাঁহারদের অনুমতি হয় এতদর্থ কিঞ্চিৎকালের নিমিত্ত জারী হইতে মৌকুফ ছিল এইক্ষণে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্সেরদের স্থানহইতে তদ্বিষয়ে হুকুম পঁহুছিয়াছে এবং ইউরোপীয়েরদের ভূম্যধিকারকরণ বিষয়ে এক আইন সংপ্রতি জারী হইয়াছে ইহার সঙ্গে পূর্ব্বকার আইনের এই বৈলক্ষণ্য আছে পূর্ব্বতন আইনে এমত হুকুম ছিল যে সর্ব্বদেশীয় লোকেরাই এতদ্দেশে ভূম্যধিকার করিতে পারিবে কিন্তু এইক্ষণকার আইনে সেই অনুমতি কেবল শ্রীলশ্রীযুক্ত ইঙ্গলণ্ড বাদশাহের প্রজারদিগকেই দেওয়া গেল। ঐ আইন আমারদের দর্পণৈকপার্শ্বে প্রকাশ করিলাম।

এতদ্দেশীয় সিপাহীদের পুরস্কার

শ্রীযুক্ত কোম্পানি বাহাদুর এতদ্দেশীয় সিপাহীরদিগকে সৎশীল ও সাহসীকরণ কার্য্যে ছুক হইয়া শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টিঙ্ক সাহেবের পরামর্শক্রমে কতিপয় সুনিয়ম করিয়াছেন তাহা আমরা নীচে প্রকাশ করিলাম। তাহাতে এই হুকুম হইয়াছে যে সচ্চরিত্রতারূপে যে সিপাহীরা ১৬ বৎসরপর্য্যন্ত কর্ম্ম নির্ব্বাহ করিয়াছে তাহারা মাসে ১ টাকা অধিক পাইবে এবং যাহারা এইরূপে ২০ বৎসর পর্য্যন্ত কর্ম্মকারক তাহারা মাসে ২ টাকা অধিক পাইবে। এবং আরো হুকুম হইল যে তাহারদের দুই সম্ভ্রান্ত উপাধি হইবে তন্মধ্যে এক বৃটনীয় ভারতবর্ষোপাধি দ্বিতীয় শৌর্য্যোপাধি। এই হুকুমের তাবৎ বিবরণ নিম্নে প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের সাধারণ হুকুম।

এতদ্দেশীয় সিপাহীরদের অবস্থা উত্তম করণার্থ ভারতবর্ষের সংপ্রতিকার গবরনর্ জেনরল বাহাদুর ও প্রধান সৈন্যাধ্যক্ষ শ্রীলশ্রীযুত লার্ড বেণ্টীঙ্ক সাহেব তদ্বিষয়ে যে সকল পরামর্শ দেন তাহাতে শ্রীযুক্ত আনরবল কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা সুবিবেচনা করিয়াছেন এবং এইক্ষণে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তাবৎ সৈন্যেরদিগকে জ্ঞাপন করিতেছেন যে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা নীচে লিখিতব্য নিয়ম স্থির করিয়াছেন এবং ঐ নির্দ্ধারিত নিয়ম সর্ব্বসাধারণকে জ্ঞাপনার্থ প্রকাশ হইতেছে।

১ আপনারা যে সকল কারণ দর্শাইয়াছেন তদ্দৃষ্টে আমরা এইক্ষণে আপনারদের প্রতি হুকুম দিতেছি যে যত সিপাহী ১৬ বৎসরাবধি সরকারী কর্ম্মে নিযুক্ত আছে তাহারদিগকে মাসে ১ টাকা করিয়া অধিক বেতন দিবেন এবং যাহারা ২০ বৎসরাবধি আছে তাহারদিগকে ২ টাকা করিয়া অধিক দিবেন। কিন্তু এই অধিক বেতন কেবল যাহারা সচ্চরিত্র তাহারাই প্রাপ্ত হইবে।

২। আপনারা যে সকল কারণ দর্শিয়াছেন তদ্দৃষ্টে আমরা এইক্ষণে হুকুম করিতেছি যে এতদ্দেশীয় সিপাহীরদের নিমিত্ত সম্ভ্রান্ত উপাধি দুই শ্রেণীতে নিরূপিত হয় এবং আপনারা তাহারদিগকে যে সকল উপাধি ও শারীরিক চিহ্ন দেওনের পরামর্শ দিয়াছেন তদনুরূপই হইবে।

বৃটনীয় ভারতবর্ষ শ্রেণী ইতি সংজ্ঞক এক উপাধি যে সকল সুবাদার ও জমাদার বহুকালাবধি ভদ্রতারূপে কর্ম্ম নির্ব্বাহ করিয়াছে তাহারদিগকে দেওয়া যাইবে।

ঐ শ্রেণীর প্রথম সংপ্রদায়ে ১০০ জন সুবাদার থাকিবে এবং প্রত্যেক জন সুবাদার এইক্ষণে যে বেতন বা বর্ত্তন পাইতেছে তদপেক্ষা যাবজ্জীবন প্রতিদিন অধিক ২ টাকা করিয়া পাইবে। দ্বিতীয় সংপ্রদায়ে ১০০ এতদ্দেশীয় হুদ্দাদার থাকিবে এবং তাহারা যে বেতন বা মুশাহেরা পা

SUMACHAR DURPUN.

SATURDAY, 29TH APRIL, 1837.

Mangalore Insurrection.

The intelligence received since the publication of our last paper regarding the Mangalore insurrection had been satisfactory. Major Dowker had been again attacked by the insurgents and had again been successful in repelling them. He had been joined by a small detachment of 80 troops, but a re-inforcement sent to him from Cananore under the command of Col. Green had not reached him. It appears that there had been great delay in their march, and that in three days they had only been able to march twenty-five miles. Information of this insurrection was most speedily conveyed to Sir Robert Grant at Bombay, and he in consequence ordered that the *Hugh Lindsay* steamer, instead of proceeding with the mail packets to Suez, should go down the Coast with troops to Mangalore.

The Plague.

A report has been current in Calcutta for several days, that a man had been sent to the General Hospital in Calcutta with a complaint very much resembling the Palee plague. This rumour has unhappily been spread beyond the precincts of Calcutta. We are extremely happy to learn from a notice in the *Englishman*, that the rumour is entirely without foundation.

Permission for Europeans to hold lands.

Our readers are fully aware, that in the provisions of the last Charter it was ordered that Europeans should be permitted to hold lands in India. Two years after the Charter came into operation, the draft of an Act of the Supreme Government was published for granting permission to Europeans to hold lands, but under special orders from the Court of Directors it was withdrawn, in order that it might receive their sanction before it was passed into law. Orders have just been received from the Court of Directors to pass the law upon this subject, and a Regulation authorizing Europeans to hold lands, had just been published, but with this single difference; that whereas in the law formerly proposed all men of every nation were permitted to hold lands, in the present Regulation that indulgence is confined entirely to the subjects of His Majesty. We have published the Regulation in another part of our paper.

Rewards to Native Soldiers.

The Honourable Company being extremely anxious to encourage good conduct and courage in their Native troops, have, under the advice of Lord William Bentinck, passed a number of rules which we have given below. They provide that any Sepoy of uniform good conduct, who has served the Honourable Company 16 years, shall receive an addition of one rupee a month to his pay, and after a service of 20 years, of two rupees a month. They also provide for the institution of two orders, one to be called the "Order of British India," the other the "Order of Merit." The particulars regarding these orders will be found below.

General Orders by Government.

Fort William, 17th April.—Recommendations submitted by His Excellency the late Governor General and Commander-in-Chief in India, Lord W. C. Bentinck, for improving the condition of the Native soldiery, having received the consideration of the Honourable the Court of Directors; the Governor General of India in Council has high gratification in announcing to the Army, that, the following resolutions have been passed by the Honourable Court, and they are hereby published for information in General Orders:

1st. For the reasons urged by you in support of the measure we authorize you to grant an extra allowance of one rupee a month to every Native private in the army after sixteen years' service, and an additional rupee after twenty years' service; such increase of pay must however be dependent on good conduct.

2d. For the reasons given in support of it, we also sanction the proposed institution of the two orders of honorary distinction for the native soldiery, with the titles and personal distinctions recommended.

The "Order of British India," (to be given to Soobadars and Jemadars for long and honourable service.) is to consist:

The first class of 100 Soobadars, with an allowance of two rupees a day each, in addition to their regimental allowances or retiring pensions; and

The second class of 100 Native commissioned officers, with an allowance of one rupee a day each, in addition to their usual allowances and pensions.

ইয়া থাকে তদপেক্ষা প্রত্যহ ২ টাকা করিয়া অধিক পাইবে।

এই নিয়মিত সংখ্যাকেরদের মধ্যে ছয় অংশের তিন অংশ বঙ্গদেশীয় সিপাহী এবং ছয় অংশের দুই অংশ মাস্ত্রাজস্থ সিপাহী এবং ছয় অংশের এক অংশ বোম্বাইস্থ সিপাহী থাকিবে।

শৌর্য্য সংপ্রদায়।

শৌর্য্য সংপ্রদায়ের মধ্যে যাহারা রণস্থলে বিক্রম দর্শাইবে তাহারা ঐ সংপ্রদায়ের মধ্যে প্রবিষ্ট হইবে। উত্তরকালে ঐ উপাধি আপনারদের পরামর্শক্রমে তাহারদিগকে দেওয়া যাইবে তাহারা তিন সংপ্রদায়ে বিভক্ত থাকিবে। এতদ্দেশীয়স্বত সিপাহী বা হদ্দাদার এই শৌর্য্য সংপ্রদায়ের মধ্যে প্রবিষ্ট হইবে তাহারা নীচে লিখিতব্য নিয়মানুসারে বেতন পাইবে।

তৃতীয় সংপ্রদায়েরা নিয়মিত বেতনের তিন অংশের একাংশ পাইবে অর্থাৎ সিপাহীরদের কর্ম্মের রীত্যনুসারে যে বেতন বা পেনসিয়ন নিরূপণ আছে তদপেক্ষা তিন অংশের এক অংশ অধিক পাইবে।

প্রথম সাংপ্রদায়িকেরা সামান্য বেতন ও পেনসিয়নের দ্বিগুণ পাইবে।

অতএব শ্রীলশ্রীযুত হজুর কৌন্সেলে হুকুম করিতেছেন যে অধিককাল কর্ম্ম নির্ব্বাহকরণ নিমিত্ত যে অধিক বেতন পূর্ব্বোক্ত বিজ্ঞাপনের দ্বারা প্রকাশ করা গিয়াছে তন্নিয়ম আগামি মাসের ১ তারিখ অবধি আরম্ভ হইবে এবং সৈন্য দলের কর্ম্মে যে ব্যক্তিরা এই অধিক বেতন প্রাপণের যোগ্য তাহারদের নামের নিকটে কোম্পানির চাকরিতে ভর্ত্তি হয় কোন তারিখে ইহা লিখিতে হইবে।

কেবল সচ্চরিত্র সিপাহীরদিগকে এইরূপ অধিক বেতন দিতে হইবে অতএব সেনাপতি সাহেবেরা অতিসাবধান হইয়া অসদ্ব্যবহারিরদিগকে অধিক বেতন দিবেন না এবং যে ব্যক্তিরা প্রথমতঃ এই অধিক বেতন প্রাপণ যোগ্য না হয় অথবা যাহারা যোগ্য হইয়া পরে কুব্যবহারের দ্বারা অযোগ্য হইয়াছে এই কথা তাহারদের নামের নিকটে লিখিতে হইবে এবং তাহার রিপোর্ট শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষের হজুরে বিজ্ঞাপন করিতে হইবে তাহারদের অযোগ্যতাবিষয়ে তিনি যে বিবেচনা করিবেন তাহাই চূড়ান্ত হইবে। ব্রিটনীয় ভারতবর্ষোপাধি ও শৌর্য্যোপাধির তাবৎ নিয়ম ও আইন এবং প্রথমোক্ত সাংপ্রদায়িকেরদের মধ্যে অতিযোগ্য হদ্দাদারেরদের নিযুক্তকরণবিষয়ে যেং ধারা করা যাইবে তাহা উত্তরকালে প্রকাশ হইবে।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে আরো হুকুম প্রকাশ করিতেছেন বহুকালপর্য্যন্ত ভদ্রতারূপে কর্ম্ম নির্ব্বাহ ও সচ্চরিত্রতা নিমিত্তক যে বেতন বৃদ্ধি এবং উপরি উক্ত সম্ভ্রমসূচক উপাধি ও তৎসঙ্গে অধিক বেতন দান এই সকল বিবরণ তিন রাজধানীর এতদ্দেশীয় তাবৎ সৈন্যেরদিগকে শ্রেণীবদ্ধ করিয়া জ্ঞাত করা যাইবে।

আফীণ বিক্রয়ের উদ্যোগ।

গত মঙ্গলবারে তৃতীয় আফীণের নীলামে যে ২০০ সিন্দুক খরীদারেরা নিয়মিত টাকা আমানৎ করিতে ত্রুটি করিয়াছিল তৎপ্রযুক্ত পুনর্ব্বার ঐ আফীণ নীলামে বিক্রয়করণের উদ্যোগ হইয়াছিল কিন্তু পাটনার আফীণ কেবল দুই সিন্দুক ১৪৮৫ টাকায় বিক্রয় হইলে পর নীলাম স্থগিত হইল। যেহেতুক ইহা স্পষ্ট দৃষ্ট হইল যে কোন আফীণ বিক্রয় না হয় এনিমিত্ত খরীদারেরা যোগ করিয়া

Three-sixths of these appointments are to be allotted to the Bengal Native officers, two-sixths to those of Madras, and one- sixth to those of Bombay.

The "Order of Merit," for distinguished service in action, is to be prospective only, as recommended, and divided into three classes.

Every commissioned or non-commissioned officer or soldier of the Native army who obtains admission into the "Order of Merit," will receive—

In the 3d class, one third of his full pay, over and above the pay or pension he may otherwise by the rules of the service, be entitled to.

In the 2d class, two-thirds of his full pay, in addition to his ordinary pay or pension; and

In the 1st class, double pay, or full pay, in addition to his ordinary pension.

His Lordship in Council directs, that the additional pay for length of service authorized in the first of the foregoing resolutions, shall have effect from the 1st proximo, and muster rolls of troops and companies are to exhibit the dates of enlistment opposite the names of such men as are entitled to the increase.

As the reward of additional pay is only to be conferred on well-conducted Native privates of the line, commanding officers of corps are strictly enjoined to exclude the undeserving from the benefits thereof, and such men as may not in the first instance merit the distinction, or who may hereafter forfeit it by misconduct, are to have a remark to that effect inserted against their names in the muster roll, and a report of the circumstance made to head quarters, for the information of His Excellency the Commander-in-Chief, whose concurrence in the propriety of the exclusion will be final.

Cavalry.
Artillery.
Infantry.
Sappers and Miners.

The details of the rules and regulations established for the "Order of British India" and "Order of Merit," and the measures to be taken for the immediate nomination to the former class of deserving Native officers, will be published hereafter.

His Lordship in Council desires, that the increase of pay, the reward of prolonged service and good conduct, as well as the institution of the honorary distinctions specified above with their pecuniary advantages, may be particularly explained to every Native corps of the line at the three presidencies paraded for that purpose.

Opium Sale.

An attempt was made yesterday, to effect a re-sale of about 200 chests of opium of the third sale, for which the purchasers had failed to make the stipulated deposits. But after two chests of Patna had been knocked down at 1,485 Rupees per chest, the sale was stopt, it being evident that a combination existed to prevent buyers from coming forward. It was expected that the sale would be proceeded with to-day, but

ছে। সকলের এমত অপেক্ষা ছিল যে তৎপরদিবসের নীলামে বিক্রয় হইবে কিন্তু ইতিমধ্যে খরীদারেরা বাকি আমানৎ টাকার জামিন দেওনের উদ্যোগকরণেতে পুনর্ব্বার নীলাম মৌকুফ রহিয়াছে এবং ভরসা হয় যে বাকি তাবৎ টাকা আদায়হওনার্থ কোন নিয়ম হইতে পারে।

কিন্তু প্রথম ও দ্বিতীয় আফীণের নীলামে অনেক টাকা বাকি থাকনেতে এবং তৃতীয় নীলামে তাবৎ টাকা দেওনের অত্যন্ত বিঘ্ন হওয়াতে এবং চীন দেশের বাজারে যে অবস্থা সকলই সুজ্ঞাত আছে ইত্যাদি অনিষ্টবিষয় বিবেচনাকরণেতে গবর্ণমেণ্ট স্থির করিলেন যে এইক্ষণে আর পাঁচ হাজার সিন্দুক বিক্রয় করিলে বিক্রয়ের আরো প্রতিবন্ধক বাড়িবে। শুনা গেল গবর্ণমেণ্ট আগামি নীলামে ছয় সপ্তাহ অর্থাৎ ৬ জুনপর্য্যন্ত স্থগিত রাখিতে স্থির করিয়াছেন কিন্তু এই ক্ষমতা রাখেন যে ইতি মধ্যে যদি চীন দেশহইতে তদ্বিষয়ক কোন শুভ সম্বাদ পঁহুছে তবে বিক্রয় করিতে পারেন।

কলিকাতায় গৃহদাহ।

গত সপ্তাহদ্বয়ের মধ্যে কলিকাতায় সর্ব্বসংহারক অতিদারুণ গৃহদাহ আরম্ভ হইয়াছে। এইক্ষণে সংখ্যা করা গিয়াছে যে সহস্র ঘরের ন্যূন নহে দগ্ধ হইয়াছে। তাহার বিবরণ নগরীয় সম্বাদপত্র হইতে গ্রহণপূর্ব্বক নীচে প্রকাশ করা যাইতেছে। ১৮ তারিখের অপরাহ্নে মীর্জাপুরে অতিঘোরতর অগ্নি লাগে তাহাতে ন্যূনাধিক খাবরেল ও খড়ুয়া ঘর ৩০৫ খান ভস্মসাৎ হয়। ঐ অগ্নি দিবসে ৩ ঘণ্টাবধি আরম্ভ হইয়া বহুকালপর্য্যন্ত স্থায়ী ছিল।

ঐ দিবসে মাছুয়া বাজারে অপর একটা আগুন লাগে তাহা মীর্জাপুরের অগ্নির প্রায় তুল্য তাহাতে দগ্ধ গৃহের সংখ্যা ২৮০।

অপর ১৮ তারিখের দুই প্রহর এক ঘণ্টাসময়ে তালতলানিবাসি প্রেমচাঁদনামক এক ব্যক্তির ঘরে অগ্নি হইয়া ৪৯ খান খড়ুয়া ঘর পুড়িয়া যায়।

এবং ২০ তারিখের অপরাহ্ন দুই প্রহর দুই ঘণ্টাসময়ে কলিঙ্গাতে রামচাঁদ খাঁনামক এক ব্যক্তির বাটীতে আগুন লাগে ঐ অগ্নি চতুর্দ্দিগ ব্যাপকহওয়াতে ১২৫ খড়ুয়া ঘর ও ১ পাকা গুদাম পোড়ে। এই দুর্ঘটনাতে ৩ জনের প্রাণ হানি হইয়াছে তন্মধ্যে দুই জন স্ত্রী মাতা ও কন্যা ও এক জন পুরুষ তাহারা সকলই অগ্নি হওনসময়ে প্রথমতঃ গৃহহইতে বাহির হইয়াও কোন দ্রব্য ঘরে আছে ভাবিয়া তাহা আনয়নার্থে পুনর্ব্বলৎ গৃহে প্রবেশকরত এই অবোধের কার্য্যে মারা পড়িল। ঐ অভাগা স্ত্রীরা যেমন আপনারদের ঘরে প্রবিষ্ট হইল তেমনি জাজ্বল্যমান চাল চাপা পড়িয়া প্রাণত্যাগ করিল। পুরুষটা অত্যন্ত দগ্ধ হইয়াছিল কিঞ্চিৎ শ্বাস থাকিতে বহিষ্কৃত হইয়া চিকিৎসালয়ে প্রেরিত হইল কিন্তু তদ্দিবসেরই দশ ঘণ্টা রাত্রিতে মারা পড়িয়াছে।

ঐ দিবসের পূর্ব্বাহ্ন নয় ঘণ্টাসময়ে খিদিরপুরস্থ কৃষ্ণকুমারনামক এক ব্যক্তির ঘরে অগ্নি লাগিল কথিত আছে যে ঐ অগ্নিতে ১২৫ ঘরের ন্যূন নহে দগ্ধ হইয়াছে।

parties having come forward to guarantee a large portion of the deposits in arrear, it has been further postponed in the hope that arrangements will be made to pay up the whole amount.

It being however, evident, from the large amount due upon the opium of the first and second sales, as well as from the unusual difficulty in getting the deposits paid up upon the third sale, and the well known state of the China market, that to bring on the fourth sale now, consisting of so large a quantity as 5000 chests, would only increase the embarrassment of the trade,—we understand that Government have determined to put off the next sale for six weeks, namely, to Friday the 6th of June, but reserving the option of naming an earlier date should favourable news from China arrive in the mean time.—*Cour.*

Fires.

During the last fortnight Calcutta has been subject to the most destructive fires; and it is calculated that more than a thousand houses have been destroyed, the following particulars on this subject we glean from the Calcutta paper.

A great fire happened at Mirzapore on the afternoon of the 18th instant, which destroyed no less than three hundred and five houses, tiled and straw. It broke out about three o'clock and lasted for a considerable time.

Another fire occurred the same day at Machua Bazar, which was nearly as great as the one at Mirzapore. The number of houses destroyed was two hundred and eighty.

A fire broke out in the house of one Premchund, a resident at Toltullub, about one o'clock on the afternoon of the 16th instant, which destroyed forty-nine tiled and straw houses.

About 2 o'clock on the afternoon of the 10th instant, the house of one Rumzaun Khan at Cullinga caught fire, which soon spread far and wide, and the number of houses consumed was one hundred and twenty-five thatched ones and one pucka godown. The accident caused the loss of three human lives; namely, of two women, mother and daughter, and a man. They had all quitted their houses at first, but being induced to save something which they had forgotten to remove, they went back, and fell sacrifices to their imprudence. Scarcely had the poor women entered their house, than the ignited thatch gave way and they were completely buried in the flames, and in consequence perished. The man was dreadfully burnt; he was however, helped out of the flames before life was extinct, and carried to hospital for medical assistance, but survived only till ten o'clock at night.

Between nine and ten o'clock on the morning of the same day, a fire broke out in the house of Comee Caumar, at Kidderpore; and it is stated that no less than one hundred and twenty-five houses were destroyed.

২১ তারিখে মেন্দিবাগানে এক আগুন লাগিল ঐ অগ্নি উত্তরদিগ্ গত হইয়া অনেকের অনেক সম্পত্তি নষ্ট করিল এবং অধিক স্থান ব্যাপক হইয়াছিল।

গত বৃহস্পতিবার কলিকাতায় ও হাবড়ায় অন্যূন ছয় স্থানে আগুন লাগে।

শ্রীযুত হারি সাহেব।

শ্রুত হওয়া গেল যে আগ্রাতে শ্রীযুত গার্ডন সাহেবের গমনপ্রযুক্ত শ্রীযুত উলিয়ম কব হারি সাহেব কলিকাতার নগরীয় কমিটির সেক্রেটরীর কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

কলিকাতার নূতন হাসপাতাল।

এই চিকিৎসালয়স্থাপক শ্রীযুত ডাক্তর ব্রেট সাহেব যে সভ্যেরদিগকে আহ্বান করিয়াছিলেন তাঁহারদের বিজ্ঞাপনক্রমে এক চাঁদা আরম্ভ হইয়াছে এবং শুনা গেল যে তাহাতে ৩০০০ টাকা স্বাক্ষর হইয়াছে।

পুনশ্চ কয়লার আকর দর্শন।

কুরিয়রপত্র পাঠ করিয়া পরমাহ্লাদিত হওয়া গেল সম্প্রতি শোণ নদের তীরে শোণ ও গঙ্গার সঙ্গমস্থানহইতে ২০ ক্রোশ অন্তরে কয়লার এক আকর দৃষ্ট হইয়া তত্রস্থ কয়লার নমুনা কলিকাতায় প্রেরিত হইয়াছে এবং এইক্ষণে এমত ভরসা হইতেছে যে ঐ কয়লা বর্দ্ধমানে প্রাপ্ত কয়লার তুল্য বরং তদপেক্ষা উৎকৃষ্টও হইতে পারে। শ্রীযুত হম্ফ্রি সাহেব ঐ অঞ্চলে তদ্রূপ কয়লার অনুসন্ধান করিতেছেন অতএব তাঁহার প্রতি হুকুম হইল যে তিনি এই কয়লার নূতন আকর দৃষ্টি করিয়া তদ্বিষয়ে রিপোর্ট করেন। শুনিয়া অত্যাপ্যায়িত হইলাম যে শ্রীযুত ক্রেক্রাফ্ট সাহেব কয়লার আকর অনুসন্ধানকরণীয় কমিটিতে প্রবিষ্ট হইয়াছেন এবং শোণ নদের তীরস্থ কয়লার অনুসন্ধানের ভারও তাঁহার প্রতি অর্পিত হইয়াছে।

নূতন সম্বাদপত্র।

সম্বাদ সুধাসিন্ধু নামক এতদ্দেশীয় এক নূতন সম্বাদপত্রের এক প্রতিবিম্ব আমরা প্রাপ্ত হইয়াছি। ঐ সুধাসিন্ধু [illegible] সি শ্রীযুত বাবু কালীশঙ্কর দত্তকর্তৃক সম্পাদিত হইয়া গ্রাহকেরদিগকে বিন্দুতুল্য মাসিক অর্দ্ধেন্দু মূল্যে অর্পণ হইতেছে।

নীল।

বর্ত্তমান বৎসরের নীলোৎপাদনবিষয়ক যে প্রত্যাশা আছে তাহা অত্যশুভা। জলাভাবে চারাসকল প্রায় বিনষ্ট হইয়াছে এবং বঙ্গাদি প্রদেশে বর্ষারম্ভের পূর্ব্বে চারা জন্মিবার প্রায় সময় নাই। ত্রিহুতহইতে তদ্বিষয়ক আগত সম্বাদ অত্যন্তানিষ্টকর যেহেতুক তদঞ্চলস্থ কোন ব্যক্তিরই ফসল জন্মে নাই। যে কিঞ্চিৎ চারা জন্মিয়াছিল তাহা দুই মাসের প্রবল পশ্চিমা বাতাসেতেই বিনষ্ট হইয়াছে।

সিবিলসম্পর্কীয় কার্য্যের ফেরফার।

কলিকাতা রাজধানীর মধ্যে সিবিলসম্পর্কীয় কার্য্যের পরিবর্ত্তন বিষয়ে এমত জনরব হইয়াছে যে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত রিড সাহেব কিঞ্চিৎকালের নিমিত্ত ঐ আদালতের জজ হইবেন এবং বর্দ্ধমানের জজ শ্রীযুত রিচার্ড মকান সাহেব একটিং রেজিষ্টর হইবেন। আরো কথিত আছে যে ঐ আদালতের শ্রীযুত ত্রিবিলিয়ন সাহেব সদর বোর্ড রেবিনিউর সাধারণ সেক্রেটরী হইবেন এবং

A fire also occurred at Maindeh Buggan, on the 21st instant, and taking a northwardly direction, consumed a considerable quantity of property and spread over a large tract of land.—*Beng. Her.*

There were no fewer than six fires in Calcutta and Howrah on Thursday last.

Mr. Hurry.

Mr. Wm. Cobb Hurry has been appointed Secretary to the Calcutta Municipal Committee, in the place of Mr. G. J. Gordon, gone to Agra.

The Central Hospital.

A subscription having been opened, pursuant to a resolution passed at a meeting called by Dr. Brett, the founder of the institution, the sums subscribed have amounted to 3000 Rs.

Fresh Discovery of Coal.

We are happy to learn from the *Courier*, that coal has been discovered upon the river Soane, only 40 miles from its confluence with the river Ganges. Specimens of this coal have been sent to Calcutta, and hopes are entertained that it will be found equal, if not superior, to the Burdwan coal. Mr. Homfray has been instructed during his present exploring tour to visit this spot, and to report upon the coal. We are happy to learn, that Mr. Cracroft has been added to the Mineral Committee, and that this district has been assigned as the sphere of his enquiries.

Native Paper.

We have been favoured with the first number of a new Native paper called the *Sumbad Sooda Sindhoo*, which has been published by Baboo Kaleesunker Dutt of Bertolla. It is supplied to subscribers at the monthly charge of 8 annas.

Indigo.

The prospects of the indigo season up to the present date are unusually gloomy. In consequence of the total want of rain, the plant has been destroyed, and in the lower provinces there is barely time for it to grow up before the annual inundation. They also write gloomily from Tirhoot, where no one has been able to secure a crop. The little plant which existed, the westerly winds which have blown severely for nearly two months, have swept away.

Reported Civil Appointments.

Among the *on dits* of the day regarding moves in the Presidency public offices, we may mention that Mr. Reid, Registrar of the Sudder Dewannee, is advanced, *pro tempore*, to the Bench, as an officiating Judge, and is to be succeeded as Acting Registrar by Mr. Richard Macan, at present a Judge at Burdwan. Mr. Trevelyan is to officiate

এইক্ষণকার সেক্রেটরী শ্রীযুত হালিডে সাহেব ভূমির বন্দোবস্তবিষয়ক যে বহুতর মোকদ্দমা জমিয়াছে তন্নিষ্পত্ত্যর্থ নিযুক্ত হইবেন। শ্রীযুত টারেন্স সাহেব বিশেষ কার্য্যার্থ রঙ্গপুরে প্রেরিত হইবেন এবং পোলিটিকাল ডিপার্টমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী শ্রীযুত ত্রিবিলিয়ন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত আস্কিন সাহেব নিযুক্ত হইবেন। কিন্তু শ্রীযুত মকান সাহেব ও শ্রীযুত আস্কিন সাহেবের পরিবর্ত্তে কোন্ সাহেব তৎস্থলাভিষিক্ত হইবেন তাহা অদ্যাপি শ্রুত হওয়া যায় নাই।

নূতন বাষ্পীয় জাহাজের আগমন।

যে আটালাণ্টানামক নূতন বাষ্পীয় জাহাজ দিসেম্বর মাসের ২৮ তারিখে ইঙ্গলণ্ড দেশ হইতে প্রস্থিত হইয়া আপ্রেল মাসের প্রথমেই বোম্বাইতে পঁহুছে। ঐ জাহাজ কেপ দিয়া ঘুরিয়া ১১০ দিবসের মধ্যে উত্তীর্ণ হইয়াছে কিন্তু পথিমধ্যে কয়লা লওনের আড্ডাতে ৩৬ দিবস বিলম্ব হওয়াপ্রযুক্ত বাষ্পের দ্বারা আগমনেতে কেবল ৬৬ দিবস লাগিয়াছে। ভরসা হয় যে ঐ জাহাজ হিউলিণ্ড জাহাজের ন্যায় সুয়েজ ও বোম্বাইর মধ্যে ডাকের পুলিন্দা লইয়া গমনাগমনার্থ নিযুক্ত হইবে। ঐ জাহাজ বোম্বাইতে পঁহুছিবামাত্র মঙ্গলূরে সৈন্য লইয়া যাওনার্থ প্রেরিত হইল।

এই আটালাণ্টা বাষ্পীয় জাহাজের সর্ব্বতোভাবে সুসদৃশ বেরেনিসনামক অপর এক বাষ্পীয় জাহাজ ১৫ ফেব্রুআরি তারিখে ইঙ্গলণ্ড দেশ ছাড়িয়া বোম্বাইতে আসিবার কল্প ছিল।

ত্রিবন কোটে বিদ্যালয়।

ত্রিবন কোটের শ্রীলশ্রীযুক্ত রাজা স্বীয় দরবারস্থ বিজ্ঞবর দূরদর্শি রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল ফ্রেজর সাহেবের পরামর্শক্রমে ইঙ্গরেজী বিদ্যাশিক্ষার্থিরদের নিমিত্ত ত্রিবন কোর্টে বিনা মূল্যে এক পাঠশালা স্থাপন করিয়াছেন। এবং ঐ স্থানে নক্ষত্রাদি দর্শনার্থ এক প্রত্যেক গ্রন্থন করাইয়া পূর্ব্বকার বোম্বাইনিবাসি সম্প্রতি আলেপির বাণিজ্যকারি শ্রীযুত কালডিকট সাহেবকে জ্যোতির্জ্ঞস্বরূপ নিযুক্ত করিয়াছেন। এবং রাজার চিকিৎসক শ্রীযুত ডালমাহ সাহেবের অধীনে কিমিয়া বিদ্যা শিক্ষার্থ এক সম্প্রদায় ছাত্র নিযুক্ত করিয়াছেন এবং তদর্থ বহু মূল্য পুস্তক সংগ্রহ হইতেছে।

চার বৃক্ষ।

মান্দ্রাজের আগ্রি কল্‌তুরাল সোসৈটির শেষ বৈঠকের রিপোর্টে লিখিত হইয়াছে যে চীন দেশের শ্রীযুত বিল সাহেব ঐ সোসৈটিকে এক সিন্দুক পূর্ণ অতিতাজা চার বৃক্ষ দিয়াছেন এবং ঐ সোসৈটির বৈঠকে এই স্থির হইল যে ঐ বৃক্ষ মহীশূরের শাখা সোসৈটির নিকটে প্রেরণ করিয়া তাঁহারদিগকে এই জ্ঞাপন করা যায় যে তাহার কিয়দংশ আপনারা লইয়া অবশিষ্ট নীলগিরিতে প্রেরণ করেন।

কটকে তণ্ডুলের অনটন।

এইক্ষণে আমরা অত্যন্ত খেদপূর্ব্বক লিখিতেছি যে বহুকালপর্য্যন্ত অনাবৃষ্টিতে উড়িষ্যা অঞ্চলে তণ্ডুলের অনটন হইয়াছে। তত্রস্থ লোকেরা বৃষ্টির নিমিত্ত অত্যন্ত ব্যগ্র হইয়াছে। কটকে এইক্ষণে টাকায় ১২।১৩ শের তণ্ডুল বিক্রয় হইতেছে মফঃসলে পাওয়াই যায় না। ইহাতে অনায়াসে বোধ হইতে পারে যে দীন দরিদ্রেরদের কিপর্য্যন্ত দুরবস্থা হইয়াছে শুনা গেল অনাহারে অনেকে মরিয়াছে।

—*on dit*—as ordinary Secretary to the Sudder Board of Revenue, the regular Secretary, Mr. Halliday, being specially employed on the accumulation of new settlement cases. Mr. H. Torrens proceeds on special deputation to Rungpore, and Mr. Erskine is named as about to officiate for Mr. Trevelyan as under Secretary in the Political Department. We have not yet heard who are to succeed Mr. Macan or Mr. Erskine in their present employments.—*Hurk.*

Arrival of a New Steamer.

The *Atalanta* steamer, which left England at the end of December, arrived at Bombay in the beginning of April. She has performed the voyage round the Cape in about 110 days; but having been detained at the various coal depots more than 36 days, she was actually only 66 days under steam. It is to be hoped, that she will also be employed like the *Hugh Lindsay* in conveying letters and passengers between Suez and Bombay. Immediately on her arrival at Bombay, she was ordered to prepare for taking troops down to Mangalore.

Another steamer, corresponding in every respect with the *Atalanta* and called the *Bernice*, was to leave England for Bombay on the 15th of February.

Travancore Free School.

The Rajah of Travancore, acting under the advice of Colonel Fraser, the enlightened and talented Resident, has established a free school in Trevandrum for all who are disposed to learn English. He has also erected an observatory, and appointed Mr. Caldecott, formerly of Bombay and late Commercial Agent at Allepee, Astronomer. A class for chemistry is about to be opened by Dr. Dalmahoy, the medical gentleman attached to the Rajah. A valuable library of books is being collected.

Tea Plants.

At the report of the last meeting of the Agricultural Society of Madras, mention is made of a box of Tea plants "presented to the Society by Mr. Beale of China, in a high state of preservation," and that the meeting resolved to send them to the Branch Society of Mysore, with a request that they would take a portion of the plants and forward the remainder to the Neelgherries.—*Com. Adv.*

Scarcity of Rice at Cuttack.

With great sorrow we have to record the extreme dearth of rice which prevails in Orissa, in consequence of a long drought. The natives are literally crying for rain. In the town of Cuttack rice sells from twelve to thirteen seers for the rupee, but in the interior there is none to be purchased; it is easy, therefore, to conceive the extent of distress the people must necessarily be suffering. We learn that many are dying from sheer starvation.—*Prubhakar.*

কুলীরদের মরণ।

উলিয়ম উইলসননামক যে জাহাজ কলিকাতাহইতে মরিচ উপদ্বীপে পঁহুছিয়াছে ঐ জাহাজে ১৭ জন কুলি ওলাউঠা রোগে মারা পড়িয়াছে তৎপ্রযুক্ত ঐ জাহাজ অবরুদ্ধ হইয়া তত্রস্থ প্রাণি মাত্রের তটে উঠিতে বারণ হইল কিন্তু ঐ জাহাজারোহি এক জন শ্রীযুত জাক সাহেব ঐ হুকুম উল্লঙ্ঘন করিয়া উত্তীর্ণ হন তৎপ্রযুক্ত তাঁহাকে গ্রেপ্তার করিয়া অধস্থ আদালতের জজ সাহেব ছয় মাস কারাবদ্ধ করিতে হুকুম দিলেন। তাহাতে এই কয়েদের মিয়াদ কিঞ্চিৎ ন্যুন হওনার্থ তিনি তথাকার সুপ্রিম কোর্টে দরখাস্ত করিবেন।

পত্রপ্রেরকেরদের প্রতি।

কস্যচিৎ পাবনার দর্পণপাঠকস্য ইতি স্বাক্ষরিত পত্র আগামিতে প্রকাশ করা যাইবে।

কস্যচিৎ R,D F.I. ইতিস্বাক্ষরিত এক চীটি পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহার প্রায় এক ভাগ ভাষান্তর করিয়াও উপেক্ষা করিতে হইল তাহাতে বিনামিতে পরগনা খরিদ বিষয়ক প্রস্তাব অবধি তাবৎ স্পষ্টার্থ বোধ হয় না অতএব ঐ পত্র কিঞ্চিৎ সংক্ষেপ করিয়া স্পষ্টার্থরূপ লিখিত হইলে প্রকাশ করিতে বাঞ্ছা আছে।

শিবচন্দ্র ঘোষ ইতিস্বাক্ষরিত অভিনীত পত্র প্রকাশ করিতে পারিলাম না।

কস্যচিৎ দর্পণপাঠকস্য ইত্যঙ্কিত পত্র বিবেচনাবস্থায় আছে।

অপক্ষপাতিন ইতিস্বাক্ষরিত পত্র পূর্ণচন্দ্রোদয় সম্পাদকের নিকটে প্রেরণ করাই উচিত।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

জানুআরি মাসে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির অধ্যক্ষেরা সভা করিয়াছিলেন তাহাতে শ্রীযুত পাইণ্ডর সাহেব কহিলেন কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবদিগের নিকট এই নিবেদন করা যাউক ভারতবর্ষের তীর্থস্থানের করগ্রহণ রহিতকরণার্থ চারি বৎসর পূর্ব্বে যে হুকুম গিয়াছিল পুনরায় সেই আজ্ঞা প্রেরণ করুন অনন্তর সকল অধ্যক্ষ তাহাতে সম্মত হইলেন অতএব আমারদিগের প্রত্যাশা হইতেছে করগ্রহণ দ্বারা বৃটিন গবর্ণমেণ্ট এতদ্দেশীয় মিথ্যা ধর্ম্মের সহিত যে সম্পর্ক রাখিয়াছেন বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের নিকট অবিলম্বে তাহা রহিতকরণের হুকুম আসিবে —জ্ঞানান্বেষণ।

আমরা আহ্লাদপূর্ব্বক পাঠকবর্গকে ও সর্ব্বসাধারণকে জ্ঞাত করিতেছি এতদ্দেশীয় কতিপয় সমৃদ্ধ সুবুদ্ধি ব্যক্তিরা পরামর্শ করিয়াছেন এক সভা করিবেন তাহার অভিপ্রায় এই যে বহুকালাবধি যে সকল কুনিয়মেতে এদেশের নীতি ব্যবহার মন্দ করিয়াছে এবং দেশস্থ লোকেরা সদনুযায়ি কর্ম্ম করিয়া থাকেন অথচ বোধ হয় না তাঁহারদিগের নিমিত্ত সর্ব্বকর্ত্তা পরমেশ্বর সুখের সৃষ্টি করিয়াছেন ঐ সকল নিয়ম পরিবর্ত্তন করিতে হইবেক আমরা অত্যন্ত বিশ্বস্ত লোকের স্থানে শুনিলাম সভার প্রধান কার্য্য এই যে এতদ্দেশীয় সম্ভ্রান্ত স্ত্রীলোকদিগের বিদ্যাশিক্ষার্থে চেষ্টা করিবেন এবং ব্রাহ্মণদিগের কুপরামর্শেতে শিশুকালাবধি বিধবার বিবাহ নিষেধ বিষয়ে যে কুসংস্কার হইয়াছে তাহাও বিনষ্ট করিতে হইবেক যদিও শ্রীযুত বাবু মতিলাল শীল ও শ্রীযুত বাবু হলধর মল্লিক স্বদেশীয় বন্ধুগণের উপকারকরণার্থে হিন্দু কালেজের সুশিক্ষিত সাহসিক যুবগণ যাঁহারা দোষের আকরসুদ্ধ উৎপাটন করিতে চাহেন তাঁহারদিগের ন্যায় নির্ভ-

Deaths by Cholera.

The Ship *William Wilson* had arrived at the Mauritius from Bengal with the loss of 27 of her coolies by cholera. In consequence she was put in quarantine; but Mr. Jack, a passenger from Calcutta, went on shore in spite of the quarantine rules; the consequence of which was that he was arrested and sentenced by the Judge of the lower Court to six months' imprisonment. Against this sentence he appealed to the Supreme Court, hoping by that means to get the term of his imprisonment reduced. *Cal. Cour.*

To Correspondents.

The letter of a *Pubna Reader of the Durpun* will appear next week.

A letter signed R. D. F. I. was partly translated but we were obliged to leave it. The remarks regarding the benamee purchase of the purgunna, and those which followed would not be intelligible. If the writer will reduce its size and put it in clearer language we will publish it.

We cannot give the letter of *Seeb Chunder Ghose.*

A *Reader of the Durpun* is under consideration.

An *Impartial Man* should address his letter to the Poornuchundrodayu.

Spirit of the Native Papers.

In the month of January last a motion was made by Mr. Poynder in the Court of the East India proprietors, that the Directors be requested to reiterate the orders for abolishing the pilgrim taxes in India, which were first sent out to the local Government more than four years ago. This proposal met with the general concurrence of the proprietors, we may therefore before long look to a second dispatch ordering the Indian authorities to dissolve the connection which now subsists between the British Government and the superstitions of the country. - *Gyan.*

It is with feelings of exceeding delight that we have to announce to our readers and the public in general, that certain wealthy and intelligent Hindoos have determined upon forming themselves into an association with the view of co-operating in their efforts to reform those abuses that by corrupting the manners and institutions of India, have for ages so grossly degraded the generality of the nation, as scarcely to leave among them any trace of the high and benevolent wisdom, which blessed us with faculties to enjoy equally with the rest of our fellow-creatures, the comforts and happiness of social life. We had the gratification to learn from a source on which we can perfectly rely, that the chief objects of this association are to promote female education in the higher order of our community and to destroy those offensive barriers which early impression influenced by priestcraft have erected to prevent the marriage of

-য়ে অবক্রপথে গমন করিতে পারিবেন না অথবা রাজা রামমোহন রায়ের শিষ্যগণ যাঁহারা সাহস গোপন রাখিয়া অত্যন্ত সাবধানে চলে তাঁহারদিগের সঙ্গেও তুল্যাগ্রক হইতে পারিবেন না তথাপি যদি ঐ বাবুরা জগতের আমূল কোমলস্বভাব সুন্দরীদিগের সুশিক্ষার দ্বারা উপকার করিতে পারেন তবে তাঁহারদিগের নিকট উত্তরকালীন লোকেরদের কৃতজ্ঞতা স্বীকারের অনেক উপায় করিবেন আমরা জানি এতদ্দেশীয় ক্ষীণবুদ্ধি অবিবেচক অধিকাংশ লোকেরা এ বিষয়ে অনেক আপত্তি করিবেন কিন্তু ঐ বাবুদ্বয়ের ইহা স্মরণ করিতে হইবেক যে উপকৃত লোকের নিকট সৎকর্ম্মের পারিতোষিক না পাইলেও মন তাঁহারদিগকে পারিতোষিক দিবেন কেননা যে দেশের লোকেরা মূর্খতাপ্রযুক্ত অন্যকৃত উপকারবিষয়ে অনভিজ্ঞ থাকেন তাঁহারদিগের উপকারকর্ত্তা আপন মনেতেই সন্তুষ্ট হন এ বিষয়ে আমরা অনেক লিখিতে পারিতাম স্থানাভাব প্রযুক্ত তাহা পারিলাম না কিন্তু ইহা অবশ্য কহিতে হইবেক যে শ্রীযুত বাবু মতিলাল শীল ও শ্রীযুত বাবু হলধর মল্লিক জাতিনাশের ও ধর্ম্মসভার ভয় ত্যাগ করিবেন ধর্ম্মসভা কেবল এক দলবদ্ধ হইয়া লোকেরদিগকে ভ্রমের কলে চালাইতেছেন এবং অযৌক্তিক মত গ্রহণ করেন অতএব তাঁহারদিগের প্রতি ভয় ত্যাগ করিয়া সাহসপূর্ব্বক আপনারদিগের প্রতিজ্ঞা প্রতিপালন করিবেন তাহা হইলে এতদ্দেশীয় স্ত্রী গণকে স্বাধীন করত মূর্খতার শৃঙ্খল হইতে মুক্ত করিতে পারিবেন।—ঐ

বাণিজ্য ব্যবসায়ি লোকেরা এইক্ষণে তৈল প্রস্তুত করণবিষয়ে অধিক মনোযোগ দিয়াছেন পূর্ব্বে মসিনার তৈল ও তিল তৈলের চলন ছিল না এখন তাহা চলিত হইতেছে এবং কুসুম পুষ্পবীজ যাহার তৈল ঢাকা জিলার ইতর লোকেরা ব্যবহার করে তাহার পরীক্ষার্থ বিলাতে প্রেরিত হইয়াছে এবং কলিকাতার লায়েল মাথেসনকোম্পানির নিকট নিউয়ার্ক দেশহইতে যে পত্র আসিয়াছে তাহাতে লেখেন আমেরিকাতে তুলার বীজের তৈলে অনেক লাভ হইয়াছে অতএব মীসর দেশীয় বাদশাহ ঐ তৈল তাহার দেশে প্রেরণার্থ লিখিয়াছেন —ঐ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

চড়কপূজার ব্যাপারের অতিসাংঘাতিক চিহ্ন দিন২ প্রকাশ পাইতেছে। হরকরা সম্বাদপত্রে লেখেন যে ইণ্টালিতে ঐ ব্যাপারে এক জনের মৃত্যু হইয়াছে আমি এইক্ষণে অতিখেদপূর্ব্বক অপর এক ব্যক্তির মৃত্যু বার্ত্তা লিখিতেছি। হুগলি জিলার গুড়বাড়ী মৌজাতে এক চড়ক গাছ প্রোথিত হইয়া ঐ স্থানে কএক জন মত্ত সন্ন্যাসী ও অজ্ঞান জনতা রীতিমত উপস্থিত হইয়াছিল। প্রথম ব্যক্তি ঘুরিলে পর অপর এক সন্ন্যাসী ঐ গাছে আরোহণ করিল কিন্তু অতিবেগে ঘুরিতে২ দিঙ্মূঢ় এক ব্যক্তির উপরে পড়াতে মস্তকটা এমত চূর্ণায়মান হইল যে তৎক্ষণাৎ তাহার প্রাণ বিয়োগ হইল। আশ্চর্য্যের বিষয় এই যে ঐ গাছের নীচে বহুতর লোক দণ্ডায়মান থাকাতে কেবল

widows belonging to Hindoo families. Though Baboos Muteelal Seel and Hullodhur Mullick in their endeavours to ameliorate the condition of their brethren will never proceed so far as our young straight forward radicals—the enlightened students of the Hindoo College, nor will they keep pace with the prudent, but slow and less bold followers of Raja Rammohun Roy; posterity still will have much cause to be thankful to them if they be the happy instruments of civilizing and bettering the gentle and the essential half of our society. Considerable opposition will, no doubt, be offered to them by the far numerous, but ignorant and bigoted part of the nation, yet in the honest discharge of the duties they owe to their country, they should always bear in mind that the reward to be sought after, is not to be found in the praise of those whom they benefit; but in their own conscience, which will bestow on them the meed, (as it invariably does to all those who toil for suffering humanity,) which their virtues entitle them to. We could have dwelt much longer on the subject, had our limited space permitted us to give full expression to our sentiments, but suffice it at present to observe, that regardless of the fear of excommunication, or the threats of the Dhurma Subha, a body that is actuated by the prevailing superstitions, Baboos Moteelal Seel and Hullodhur Mullick should manfully adhere to the noble resolution they expressed of freeing the matrons of Hindoosthan from the debasing bondage of ignorance and slavery.—*Ibid.*

The attention of mercantile men has been turned to the manufacture of oil. Linseed and *teel* or sesamum seed oil are of recent introduction. Safflower seed has been shipped to England on trial. It yields an oil which is commonly used by lower classes of the people in Zillah Dacca. From a letter addressed to Messrs. Lyall, Matheson and Co. of this place by Mr. A. H. Palmer of New York, it appears that the manufacture of oil from cotton seed has been turned to good account in America, and that it had attracted the notice of the Pasha of Egypt, who had sent an order to the States to have some oil made and forwarded to his dominions. —*Ibid.*

Correspondence.

THE CHURRUCK POOJAH.

To the Editor of the Durpun.

SIR,—The mischief of the murderous rites of the Churruck poojah are becoming more and more apparent. The Hurkaru has recorded the death of one man in Intally. I have the melancholy task of adding another. In the district of Hooghly in Mouzah Goorbaree the Churruck pole was planted; the deluded sunyasees, the ignorant mob, as usual, were assembled. After the first swing was over, another set was in the act of ascending the ropes, when by their violent pulling the top part of the Churruck gave way, and it fell upon one of the spectators, which so completely fractured his skull as to

এক জনের প্রাণ হানি হইয়াছে। আমার বোধ হয় যদি গত দশ বৎসরে বঙ্গদেশের মধ্য হইতে এই বিষয়ের সম্বাদ আহরণ করা যায় তবে এই সংঘাতক উৎসবে যত লোক মারা পড়িয়াছে তাহার এতবাহুল্য সংখ্যা দৃষ্ট হইবে যে যাঁহারা এইক্ষণে কেবল অল্প লোক মারা পড়ে ভাবিয়া ঐ উৎসব বজায় রাখিতেছে তাহারদের ঐ বিশ্বাসের শৈথিল্য হইতে পারে। এই অতিঘৃণ্য ব্যবহার নিবারণার্থ বর্ত্তমানাধিপতি মহাশয়েরা কখন্ উদ্যোগ করিবেন। অতিদয়ালুপ্রযুক্ত আমরা এইক্ষণে গবর্ণমেন্টের চূড়ামণি শ্রীলশ্রীযুক্ত লার্ড আক্লণ্ড সাহেবের নিকটে এই ব্যাপার বারণার্থ দাওয়া করি। তাঁহার পূর্ব্ব পদাস্থেরা সতীরীতি এবং সাগরে শিশু নিক্ষেপাচরণ বারণ করিয়াছিলেন তাহা শ্রীলশ্রীযুক্ত সুজ্ঞাত থাকিবেন ইহাতে তাবৎ বিজ্ঞের হিন্দুরাও তাঁহার সঙ্গে ঐক্য হইবেন এবং চন্দ্রিকাসম্পাদক মহাশয় ব্যতিরেকে তাবৎ মধ্যবিত্ত ও উচ্চবিত্ত বেদানুযায়ি হিন্দুরা ইহা নিবারণ বেদোক্ত ধর্ম্ম লঙ্ঘন জ্ঞান করেন না অতএব তাঁহারা এই রীতি রহিতকরণে বিরক্ত হইবেন না। চড়কের অন্যান্য বিষয়ক তামাসা লইয়া নীচ লোকেরা যা ইচ্ছা তাই করুক কিন্তু শ্রীলশ্রীযুক্ত এমত হুকুম করুন যে চড়ক গাছে যাহারা উঠিবে বা শরীরের বাণ বেধনাদি করিবে তাহারদের ছয় মাস কয়েদ থাকিতে হইবে ইহা হইলে এই নিদারুণ অজ্ঞান ব্যাপারের শৃঙ্খলহইতে দেশ মুক্ত হয়।

কস্যচিৎ ব্রাহ্মণস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু

আপনকার শেষ দর্পণ পত্রে মুরশিদাবাদহইতে আগত এক পত্রের চুম্বক প্রকাশ হইয়াছে তাহাতে ঐ স্থানীয় দুই জনের ডেপুটি কালেকটরী কর্ম্মের টীপ্পনীস্বরূপ কিঞ্চিৎ লিখিত আছে তাহাতে এ নামক এক জন ডেপুটি কালেকটরের রীতি চরিত্রবিষয়ক বর্ণন আছে তৎপ্রযুক্ত এই স্থানে দুই তিন মাসপর্য্যন্ত মাজিষ্ট্রেটী সেরেশ্তাদারী কর্ম্ম করাতে যেমন সুখ্যাতি হইয়াছে তাহার সঙ্গে ইহার ঠিক সমান হইতেছে। তৎকালে গৃধ্র যেমন শবোপরি পতিত হইয়া মাংস খায় তেমনি তিনি দারোগা ও বরকন্দাজ ও ফরিয়াদী আসামী ফলে যত লোক তাঁহার হস্তে পড়িল তাহারদিগকে খাইয়া ফেলিলেন। শ্রীযুত সামিউল সাহেব এই বিষয় অতিশীঘ্র অবগত হইয়া উঁহাকে তৎক্ষণাৎ ঘুসগ্রাহী বলিয়া তগীর করিলেন এবং পারস্য ভাষায় এক রুবকারীতে স্বাভিপ্রায় লিখিলেন পরে চতুর্দিগহইতে তাঁহার নামে অভিযোগের দরখাস্ত পড়িতে লাগিল প্রথমতঃ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পরে একটিং কমিসানর সাহেবের নিকটে কিন্তু ঐসেরেস্তাদার যে সাহেবের প্রিয়পাত্র হওয়াপ্রযুক্ত প্রথমতঃ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নিযুক্ত তৎপরে মুরশিদাবাদের ডেপুটি কালেক্টরী কর্ম্মে নিযুক্ত হন তাঁহার নিকটে এই সকল নালিস অগ্রাহ্য হইল। মুরশিদাবাদের লেখক লেখেন যে তিনি এইক্ষণে অন্য কোন জিলায় কর্ম্ম প্রাপণার্থ দরখাস্ত করিয়াছেন অতএব আমরা জানিতে ইচ্ছা করি যে উঁহার মুরব্বি যেং জিলার কর্ত্তৃত্ব করিয়াছেন তাহার মধ্যে কোন জিলায় তিনি যাইতে ইচ্ছু আছেন কিনা অবশ্যই তিনি ইহার সম্বাদ আমারদিগকে দিবেন।

এচ এম জে।

হুগলি ২২ আপ্রিল ১৮৩৭।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

স্তুতি নতি বিনীতিপূর্ব্বক নিবেদনমিদং। বিশেষ বর্ত্তমান বৎসরের ২২ মার্চ তারিখের লিখিত জ্ঞানান্বেষণ পত্রে বিদিত হইলাম। যে লাম্পট্য কার্য্যে খ্যাত্যাপন্ন এক ধনাঢ্য বাবু বারাঙ্গনার প্রতারণায় প্রতারিত হইয়া লাম্পট্য কর্ম্মে সমস্তভাবে নিরস্ত হওয়া মনস্থ করিয়াছেন এতদুভয় বিষয়ে আমরা পরমাহ্লাদিত হইলাম কেন না অসৎ কর্ম্মের বিপরীত ফল যাহা গুরু পরম্পরায় শ্রুত আছে। তা

cause instant death. The wonder is that it did not kill any more of those that were close to the pole. I fear if returns are called for from all parts of Bengal for the last ten years, the number of deaths that have taken place by this *infernal* rite will greatly exceed the belief of those, who now allow it to exist from its seeming insignificance. When will our rulers take proper measures to stop this horrible practice? In the name of humanity we demand it of the hands of Lord Auckland, as the head of the Government; he has before him the noble example of his predecessors in the abolition of Suttees and of Saugur infanticide. He will have the co-operation of all intelligent Hindoos; the orthodox Hindoos of the middle and higher classes, except perhaps the Editor of the Chundrika, do not consider this as a part of their religion, and consequently will not be averse to the abolition. Let the lower classes enjoy the other parts of the tumasha, but make swinging and self-torture on these occasions punishable with six months' imprisonment, and the country will be relieved from this barbarous spectacle.

Yours obediently,
A Bramhun

THE MOORSHEDABAD DEPUTY COLLECTOR.

To the Editor of the Durpun.

SIR,—In your last number the extract of a letter from Moorshedabad is published, containing comments on the conduct of the two Deputy Collectors in that station. The character of "A" one of the Deputy Collectors described there, quite corresponds with the reputation he gained here last year, while acting as the Magistrate's Sheristadar during a brief period of two or three months; he then devoured money as a vulture does a carcase. The Darogas, the Burkundauzes, the suitors, all came indiscriminately under his exaction. Such unprincipled conduct cannot be long pursued with impunity. Mr. Samuells soon came to the knowledge of it, and dismissed him immediately for corruption, recording his opinion in a Persian Roo-karee. Complaints were poured in against him from all quarters, first to the Magistrate and then to the officiating Commissioner, but as "A" was a favourite with the gentleman by whom he was first appointed in the Magistrate's office, and also nominated Deputy Collector of Moorshedabad; all these complaints and clamours were in vain. As the Moorshedabad writer states, that "A" has applied to be removed to another district, it would be worth while to know if his application specifies any of the districts over which his patron now presides. We hope he will not withhold to the public this gratification.

H M J

Hooghly, 22d April, 1837.

THE HEIRS OF COURTEZANS.

To the Editor of the Durpun.

Receive my salutations. I have just read the Gyanunneshun of the 22d of March, which states that a wealthy bramhun, celebrated for his licentiousness, having been deceived by his strumpet, has determined entirely to forsake his evil practices. We are therefore delighted on two grounds; 1st, because we have hereditary instructions from our gooroos, that wicked practices produce bitter fruits; a proof of which we have an instance on the

হার দৃষ্টান্তের স্থল হইয়াছে এবং অসৎ কর্ম্ম হইতে নিবর্ত্ত হওয়া সাধু সম্মত বটে সে যাহা হউক। সম্প্রতি বোরালিয়া নগরে এক জন ফঃ নঃ নাম্নিকা বেশ্যা পূর্ব্বাবস্থায় উপার্জ্জনের দ্বারা ধনাঢ্যা হইয়াছিল। পরে শেষাবস্থায় কোন এক জন ধনাঢ্য ব্রাহ্মণ ঐ বেশ্যার প্রীতিভাজন হইয়াছিলেন। এইক্ষণে ঐ বেশ্যা লোকান্তর প্রাপ্তা হইলে তাহার ত্যক্ত প্রায় পঞ্চাশত সহস্র মুদ্রার বিষয় ঐ প্রীতিভাজন হস্তগত করিয়াছেন। ইহাতে ঐ নগরবাসি কোনং লোকের ভ্রান্তি হইতেছে যে অসৎ কর্ম্মেও সৎ ফল হয় এবং বেশ্যার ধনের উত্তরাধিকারী উপপতি হয়। ইহাতে সল্লোকের অসৎ কর্ম্মে প্রবৃত্তি হওনের আটক নাই এজন্যে আমরা ভূয়োভূয়ঃ কহিতেছি যে বেশ্যার ধনে উপপতির উত্তরাধিকারিত্ব ও স্বত্ব নাই তবে অদৃষ্টাধীন অনুত্তরাধিকারির ধন প্রাপ্ত হইলেও রাজা তাহার স্থানহইতে অবশ্য সুদসমেত গ্রহণ করিবেন ইতি।

কস্যচিৎ পাঠকস্য

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আমি এক জন পল্লীগ্রামনিবাসি বিশিষ্ট কায়স্থের সন্তান বহুকালপর্য্যন্ত শ্রীযুত কোম্পানি বাহাদুরের সরকারে ৩।৪ স্থানে চাকরি করিয়া শেষ মুরশিদাবাদের বোন্ডালের পুলবন্দীর কর্ম্ম এবালিস হওয়াতে ও বৎসরপর্য্যন্ত কর্ম্মচ্যুত হইয়া অতিশয় দুরবস্থাগ্রস্থ হইয়াছি চাকরি দেওয়ায় জীবিকার অন্য উপায় নাই। তাহার বিশেষ লিখিতে মহাশয়ের দর্পণের এক পৃষ্ঠায় স্থান পাইবেক না। সম্প্রতি কোন উপায় হইবার প্রার্থনায় শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হস্তে ৪ জানুআরি তারিখে এক দরখাস্ত দিয়াছিলাম তৎসম্বলিত আমার চাকরির সুখ্যাতি পত্র যাহা সাহেবান লোকের নিকটহইতে প্রাপ্ত হইয়াছিলাম তাহাও দিয়াছি। এইক্ষণে তিন মাস গত হইল আমার দুরদৃষ্টপ্রযুক্ত হুজুরের অভিপ্রায় কিছুই জানিতে পারিলাম না। গবর্ণমেন্টহৌসে যে সকল কর্ম্মকর্ত্তা সাহেবান আছেন তাঁহাদিগের নিকট পঁহুছিতে পারি নাই অর্থাৎ দৌবারিক ও চাপরাসি লোকেরা আমার আহওয়াল দেখিয়া হুজুরে এত্তেলা দেয় না। অতএব আপনি লোক উপকারার্থে যে প্রকাশ্য পত্রের সৃষ্টি করিয়াছেন তাহা সাধারণ লোকের হিতজনক হইয়াছে। অতএব আমার এই পত্রখানি প্রকাশ করিলে কর্ত্তা সাহেবানদিগের কর্ণগোচর হইলে যদ্যপি এ অধীনের পক্ষে কৃপাবৃত্তি করিয়া দয়া কর্ত্তব্য বিবেচনা করিবেন

শ্রীরামচন্দ্র সরকার।

শাঁটাপুর জিলা হুগলি।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আমি অতিআহ্লাদপূর্ব্বক নিবেদন করিতেছি যে চেরেটী স্কুল শান্তিপুরে আমি স্থাপন করিয়াছি তাহাতে ৮৬ জন বালক হইয়াছে গত ২৪ চৈত্র বৃহস্পতিবার দিন নবদ্বীপস্থ ধর্ম্মোপদেশক শ্রীযুত রেং ডবলিউ জে ডিয়র সাহেব স্কুল দৃষ্টার্থে আগমন করিয়া বালকদিগের পাঠের পরীক্ষা লইলেন তদ্দ্বারা ফার্ষ্ট ক্লাসের বালক শ্রীভগবান হালদার ও শ্রীগোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় ও শ্রীরামকৃষ্ণ চট্টোপাধ্যায় প্রভৃতি উত্তমপ্রকার ইস্পীচ এবং জুগরাফির বিষয় উত্তম পরীক্ষা দেওয়া যায় এবং দ্বিতীয় ও তৃতীয় ও চতুর্থ ও পঞ্চম ক্লাসের বালকসকল ইস্পীচ ও গ্রামার ওবর্ড ও ইস্পেলিংপ্রভৃতি নানাপ্রকার পরীক্ষা দেওয়া যায়। উক্ত সাহেব তদ্দৃষ্ট অতিসন্তুষ্ট হইয়া বালকদিগকে এবং ইস্কুলের হেড মাষ্টর রেং এণ্ডু সেবিন্স সাহেবকে ধন্যবাদ প্রদান করিয়া স্কুলের বালকের দলের প্রকাশ্য একজামিন করণ কর্ত্তব্য স্থির করিলেন এবং তৎকালীন যে যেমন উপযুক্ত তাহাকে তদনুরূপ প্রাইজ দেও

present occasion, and the forsaking such practices is agreeable to the virtuous. Be that as it may; lately a woman of ill fame of the name of F. N. in the town of Bauleah became wealthy in her nefarious profession. In the last period of her existence, a wealthy bramhun became her paramour. She is now dead and her paramour has obtained possession of the 50,000 Rs. which she left behind her; upon this some of the inhabitants of the town have been supposing that evil deeds may yet produce good fruit, and that the paramour of a strumpet become her heir. Under this impression even the virtuous may possibly be led into improper courses; hence we repeatedly declared that no paramour has any right to or inheritance in the property which women of ill fame may leave; and if through good fortune any one thus obtains the wealth of one who died without heirs, Government have a right to claim both the interest and the principal.

A Reader.

THE PETITION OF A POOR KAYUST.

To the Editor of the Durpun.

I am a resident in the country, the son of a respectable kayusta, and for many years have been employed in three or four places in the public service; but the embankments in Moorshedabad having been abolished, I have been without employment for five years, and have been reduced to much distress. I have no means of subsistence but through a public situation. If I were to enter into particulars I should fill a whole page. Lately, in the hope of obtaining some relief, I presented a petition to the Governor General on the 4th of January, and forwarded with it all the certificates of good conduct which I had obtained from the gentlemen whom I served. Three months have since elapsed, but through my evil fortune I have not been able to learn the intentions of His Lordship. I cannot obtain an audience with the gentlemen who frequent Government house. Their porters and chuprassees do not permit me to enter; hence I wish to embrace the opportunity afforded to me by the Durpun which has been established for the general benefit. If therefore you will publish this letter, it may possibly reach the highest quarters and some ray of indulgence may fall upon your humble servant.

Ramchunder Sirkar.

Santapore Zillah Hooghly.

SCHOOL AT SANTIPORE.

To the Editor of the Durpun.

I have to announce you with great pleasure, that in the charity school which I have established at Santipore there are now 86 scholars. On Thursday, the 24th Choitra, the Missionary at Nuddea, Mr. W. J. Deer, came to Santipore to see the school and examined the boys. Some of the children of the first class, Bhugwan HUldar, Gobindchunder Mookerjee, Ram Kristo Chottopadhaya, and others, made excellent speeches and passed an excellent examination in Geography. The second, third, fourth and fifth classes also made good speeches, and passed an examination in grammar and spelling. The examiner was much delighted with their progress and greatly extolled both the students and the head master Mr. Andrew Savins, and decided that the children ought to be publicly examined, and that prizes should be distributed to those who passed the best

য়া স্থিরকরিলেন এমতে তাহার উদ্যোগ হইতে ছে ৺ ইচ্ছা অরায় নির্ব্বাহ হইবেক এবং ভরসা করি তৎকালীন জিলাস্থ হাকিম সকল এবং দেশস্থ বঙ্গ ও ইউরোপীয় ধনাঢ্য মহাশয়েরা অবশ্যই আগমন করিয়া বালকদিগের পরীক্ষা লইয়া স্কুলসম্পাদকের প্রীতি জন্মাইবেন। তাহার এক মাস পূর্ব্বে জেনরল এডবরটাইজ করা যাইবেক। মদীয় কএক পঁক্তি মহাশয়ের দর্পণস্থ করিলে ভরসা করি অবশ্যই বাঙ্গলা ও পারসী ইঙ্গরেজী সম্বাদ পত্রিকাপ্রকাশক মহাশয়েরা স্ব২ সংবাদপত্রিকায় স্থান দান করিয়া সর্ব্বসাধারণকে জ্ঞাপন করিয়া চিরবাধিত করিবেন।

শ্রীমতিলাল রায়স্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু

বিনয়পূর্ব্বক নিবেদন মেতৎ আমারদিগের কএক পঁক্তি আপনকার বহুমূল্য দর্পণৈক পার্শ্বে স্থানদান করিয়া বাধিত করিবেন। শান্তিপুরস্থ ৺ রামসুন্দর চৌধুরি ইহঁতে উঁহার বাটীর ৺ শিবের বৃত্তিকরার অর্থাৎ ঐ শিব ঠাকুরের গাজনের খরচ ও ভাল ভোগ ইত্যাদির খরচাবাবত মাসিক সিক্কা ৫১ টাকা বৃত্তি জিলা নদীয়ার কালেক্টরীহইতে লইয়া আসিতেছেন। হে দর্পণপ্রকাশক মহাশয় বড় খেদের বিষয় যে ঠাকুরের ৬০৬ টাকা বার্ষিক বৃত্তি যে বার্থে তাঁহার সেবার খরচ বার্ষিক ১২টাকাও হয় না। এমতে প্রার্থনা আমারদিগের নিবেদিত কএক পঁক্তি দর্পণে অর্পণ হইলে অবশ্যই অন্য২ পত্রিকাপ্রকাশক মহাশয়েরা ৺ সেবার জন্য এই পত্র তাঁহারদিগের নিজ২ সম্বাদপত্রে স্থানদান করিবেন। তাহা হইলে দেশাধিপতি নির্ম্মল শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের কর্ণগোচর হইয়া একবার তদারক হইলেই জুয়াচুরি বিলক্ষণ সুপ্রকাশ হইবেক। বিশেষতঃ জিলা বর্দ্ধমানে নানাএক দেবোত্তরবিষয়ে বিশেষানুসন্ধান হইতেছে। তাহা হইলেও হইতে পারে ৺ সেবার নাম করিয়া লইয়া নিজে ভক্ষণ হয় ইহাতে বড় খেদ জন্মে। ৺ সেবার বৃত্তি ৫১ টাকা মাসে প্রাপ্ত ৺ সেবায় যদি খরচ হয় তবে অনায়াসে দীন দুঃখি ব্রাহ্মণ ইত্যাদির খাদ্য ভোগ ইত্যাদির দ্বারা দেশের মহৎ উপকার জন্মে।

শ্রীমধুসূদন রায় শ্রীশ্রীনাথ মুখোপাধ্যায়
শ্রীরামকানাই গোস্বামী শ্রীঈশ্বরচন্দ্র
মুখোপাধ্যায় শান্তিপুরনিবাসিনাং
নিবেদনমেতৎ।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু

এই অকিঞ্চনের কএক পংক্তি লিপি স্বীয় পত্রপ্রান্তে স্থানদানে বাধিত করিবেন।

সম্পাদক মহাশয় দুঃখের কথা কি বলিব এই জিলার মাজিস্ত্রেট সাহেব প্রজাদিগের মঙ্গলার্থ নগরমধ্যে এক রাস্তার হুকুম দিয়াছেন এবং তাহার কর্ম্মকর্ত্তা তাঁহার সিরিশ্তাদারকে করিয়াছেন সিরিশ্তাদারের সোণায় সোহাগা হইয়াছে বাবাজি সাবেক বাটী ত্যাগ করিয়া নগর মধ্যে বিশেষ করিয়া ভাড়াটে বাটীতে রজনীযোগে প্রজার ভাড়া আদায় করেন। রাত্রি শেষে প্রত্যূষে রাস্তার তদারক করণ নাস্তা করিয়া প্রধান পেয়াদার সহিত ঐক্যমতে প্রায় ৩০ ৪০ জন মোছাহেব সমভিব্যাহারে দুলিতে২ মাজিস্ত্রেট সাহেবের নূতন আইন জারী করিতে২ নগর মধ্যে প্রবিষ্ট হন। কিন্তু নগরবাসি ব্যক্তিরা কি ধনী কি নির্দ্ধনী তাবতেই তটস্থ হইয়া কম্পিতকলেবর মনে করে কি জানি এখনি কি করিবে। সম্পাদক মহাশয় তাঁহার সুশীলতা এবং সৌজন্যের বিষয় বিশেষরূপে লিখিতে হইলে একখানি মহাভারত প্রস্তুত করিতে হয় সুতরাং ক্ষান্ত। এই নগরস্থ কোন ধনি ব্যক্তি প্রায় ২০০০।২৫০০০ হাজার টাকা ব্যয় করিয়া এক বৃহৎ পুষ্করিণী খনন করিতে আরম্ভ করিয়াছিল। গুণনিধির এমনিই গুণ

examination, and he is labouring for this object and under the blessing of God we hope it will be speedily accomplished, and that the rulers of the district and the chief European and Native inhabitants of it will be present on the occasion and examine the boys and form acquaintance with the master. A month before this event a public advertisement will be given. If you will publish this in your Durpun I hope that the Editors of the English, Bengalee, and Persian papers will give it a place, and by making the matter public, lay me under perpetual obligation.

Moteelall Roy.

THE WORSHIP OF SHIVA.

To the Editor of the Durpun.

Receive my salutations. I beg you to indulge me by publishing these few lines in your Durpun. The late Ramsoonder Chowdhoree of Santipore left 51 Rs. a month for the worship of Shiva, that is, for the expence of the Church, and for the morning and evening services of the idol, and this sum is paid regularly from the Collector's office; but Mr. Editor, it is a matter of great regret, that though 606 Rs. are paid every year not a rupee a month is spent upon this object. Our hope now is that if these few lines can be published in the Durpun, the Editors of the other papers will, for the worship of the deity republish them, and thus the matter will be brought before the Collector, an examination will take place, and the roguery will be discovered. In Burdwan, particular enquiry is now making about the lands consecrated to the Debtas. Why should it not be the case here? That money thus devoted should not be spent by private individuals is a matter of regret. The money amounts to 51 Rupees a month. If it were devoted to objects of worship, the poor distressed bramhuns would get their daily food, and the country would be greatly benefited.

Shree Modhoosoodun Roy,
Shree Shreenath Mookhopadhaya,
Shree Ramkanaee Goswamee,
Shree Eeshurchunder Mookhopadhaya,
Residents of Santipore.

THE BAULEAH SHRISTADAR.

To the Editor of the Durpun.

I beg you to publish the few following lines of your humble correspondent, and thus lay him under obligation.

What shall I write, Mr. Editor, about my distress? The Magistrate of this town has ordered a road to be constructed in it for the benefit of the people, and has given the direction of it to the Shristadar. The Shristadar's gold is brightened hereby; he has left his former house and hired another where he receives the contributions of thes people. Morning and evening he proceeds forth with his head piada and 30 or 40 attendants, and rolls about in order to execute the new order of the Magistrate; but all the inhabitants of the town, all the rich and poor stand aside trembling, not knowing what may happen. Mr. Editor, if I were to write his virtues and excellences I shall have a whole Muhabharut to prepare; of course I desisted.

A certain rich man of this town had spent 2000 or 2500 Rupees in digging a large tank. The wise officer was so clever that he

যে তাহাতে এরূপ এক প্রতিবন্ধি উপস্থিত করিয়াছেন যে ঐ প্রতিবন্ধি বারণ না করিলে তাঁহার তাবৎ ব্যয় বৃথা হয়। সুতরাং ঐ ব্যক্তির এত টাকা বৃথা হয়। না হয় ২০০।২৫০ টাকা দিয়াও রক্ষা করিবে এইটী মনে করিয়াছেন। যাহা হউক শুভক্ষণে প্রজারদিগের মঙ্গলার্থ মাজিস্ত্রেট সাহেব নূতন হুকুম দিয়াছেন তাহা না হইলে বাবাজীর অন্যরূপ চেষ্টা পাইতে হইত তৎপ্রমাণ আশ্বিন মাসের পূর্ব্বে এই জিলায় তিন চারি মাসের মধ্যে প্রায় ২০।২৫ স্থানে ডাকাইতী ও খুন হইয়াছে। তাহা মাজিস্ত্রেট সাহেব আপন সেরেস্তা তদারক করিলেই প্রকাশ হইবে। এইক্ষণে এই রাস্তার হুকুমের পর কএক মাস প্রায় ডাকাইতী নাই। ইহাও এক প্রকার ভাল। কিন্তু কি কুহক সাহেব লোক জানেন যে কোম্পানির খয়ের খাঁ এব্যক্তি যেমন এমন আর নাই। কিন্তু উপস্থিত বিষয়ে যদি একবার বিশেষ অনুসন্ধানপূর্ব্বক তদারক করেন তবে তাবৎ কুহক নষ্ট হয়। এই হুকুমে প্রায় নগরের ।০ আনা রকম বাবাজী আপন দস্তে আনিলেন ৵০ আনা রকম ফেরার হইয়াছে অবশিষ্ট মধ্যস্থবৎ এইক্ষণপর্য্যন্তও আছে। যদ্যপি আপনি অনুগ্রহ করিয়া এই পত্রখানি প্রকাশ করেন এবং অন্যান্য সম্পাদকদিগকে অনুবাদের অনুরোধ করেন আর তাহাই দৃষ্টি করিয়া এখানকার সাহেব লোক মনোযোগ করেন তবে ইহার পর আর অত্যাচার হইতে পারে না। হাকিমদিগের কথা কি কহিব এই ব্যক্তিকে অতিউপযুক্ত বুঝিয়া ডেপুটি কালেক্টর করিতে প্রস্তুত ছিলেন যাহা হউক ধর্ম্ম রক্ষা করিয়াছেন। এখানে হাকিমের মধ্যে সুচতুর মানুষ এক জন জজ সাহেব তিনি মনে করিলে সকলি করিতে পারেন। পরন্তু এঅভাগাদের দুর্ভাগ্যক্রমে তাঁহার হস্তে ফৌজদারী নাই সুতরাং তিনি মনোযোগ করেন না অন্যান্য সাহেব লোক যাঁহারা এখানে আছেন তাঁহারা অতিসরল তাঁহারা এ কুহকের মধ্যে কোন রূপেই প্রবিষ্ট হইতে পারেন না। মহাশয় গো আমরা জানি যে সাহেব লোককেই বান্দা নমাজ হুজুর ও কেবলা ইত্যাদি শব্দ দ্বারা সম্বোধন করিয়া থাকে। এস্থানে তাঁহারদের নামও নাই কেবল প্রাতঃকাল অবধি সন্ধ্যাপর্য্যন্ত নিয়তই বাবাজীর নিকট কেবল ২ শুনিতে পাই। মহাশয় গো আপনার নিকট কৃতাঞ্জলিপূর্ব্বক বিনয় করিতেছি যে আপনি এই কএক পঁক্তি প্রকাশ করিলে সাহেব লোক অবশ্যই কিছু তদারক করিবেন। আর এক বিমর্শের বিষয় এই যে ফৌজদারী পেসকার যে ব্যক্তি আরবী ফারসীতে মূর্ত্তিমান অথচ অতিধার্ম্মিক দয়ালু সুচতুর তাঁহার প্রতি এমত ভার না দিয়া এই নিষ্ঠুর লোকের প্রতি এপ্রকার গুরুতর ভার অর্পিত হয়। আর এসকল বৃত্তান্ত যদিও অন্য জিলায় ব্যক্ত না হয় তথাপি এ জিলায় আইলে সাহেব লোক অনায়াসেই বুঝিতে পারিবেন।

এস জি আর।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	।.০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০ প্রিমিয়ম

threw obstacles in the way of its completion, which unless they could have been removed, would have defeated his whole plan. In order therefore to prevent the miscarriage of this plan he was obliged to settle the business by agreeing to a farther outlay of 200 or 250 Rupees. Be that as it may; the order of the Magistrate was intended for the benefit of the people; and unless it could be carried through, the Shristadar must have sought some other means. As a proof of this, before the month of Assin, between 20 and 28 ducoitees took place in 4 months, some accompanied with murder; and the Magistrate has only to look at his files to be acquainted with the fact; but since this road has been ordered, there have been but few dacoitees. Through the force of delusion, the gentlemen are led to suppose that there is no other person like this man among the Company's officers; but if he would enquire particularly into these matters, the delusion would be dispelled. A fourth of the people of the town are under the influence of Babajee, and eight of them are not so; the rest are in a neutral state. If you will kindly publish this letter, and the other papers will insert the translation, the gentlemen of this town will turn their attention to it, and in future there will be no oppression. What shall I say about our rulers? Thinking this man a very proper person, they endeavoured to make him a Deputy Collector. Be that as it may, holiness will preserve us. Now among the rulers of the place, the Judge is a very sensible man, who, if he wishes it, can do every thing; but for our misfortune the criminal Court is not in his hands, and he therefore does not busy himself about that matter. The other gentlemen who are here are very good men, who cannot interfere in this business. Mr. Editor, we know that these native officers address their superiors in the most fulsome terms; but here there is no such thing, only we know that from morning to evening the word Cabula is applied to Babajee. We earnestly entreat you, Mr. Editor, to publish these few lines in your paper, in order that this matter may reach the ears of the gentlemen of the station. We are astonished that the Fouzduree Peshkar, who is well acquainted with Arabic and Persian, holy and sensible, has not been appointed to this duty, but another who is exceedingly unfit for it has obtained it; and although this information may not be made known in other districts, yet it may still reach the gentlemen of this place.

Bauleah. *S. J. R.*

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	13	8	14	8
4 per Cent loan,	2	4	3	0 Disct.

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1800—1900.

সমাচার দর্পণ

১১৩৮ সংখ্যা। বালম ১৯।] ৬ মে ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৫ বৈশাখ। SATURDAY, MAY 6TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1138. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO.

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 *Co.'s Rs.*

Applications for the above to be made at the Serampore Press, and also at the Church Mission Press, Calcutta.

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস আফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক আর্জোর্ণেড সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্রসম্বন্ধীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৮ মে পূর্ব্বাহ্ন বেলা এগার ঘণ্টার সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানায়।
১ মে ১৮৩৭।

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্বন্ধীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৮ মে সোমবার পূর্ব্বাহ্ন বেলা দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানায়।
১ মে ১৮৩৭।

ইশতেহার।

যে মোকদ্দমায় রাজচন্দ্র দাস ফরিয়াদী ও গোপীমোহন দাসপ্রভৃতি আসামী গত ৫ সেপ্তেম্বর তারিখে ঐ মোকদ্দমার যে ডিক্রী হয় ঐ ডিক্রী অনুসারে কলিকাতার সুপ্রিম কোর্টের শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে আগামি জুন মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর ও দুই প্রহর দুই ঘণ্টার মধ্যে পবলিকসেলে অর্থাৎ নীলামে নীচে লিখিতব্য বিষয় নিতান্তই বিক্রয় হইবে।

লাট নং। ১ কলিকাতার রাণীমুদীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী নং ১৩ অর্থাৎ যে বাটী এইক্ষণে ফাষ্টর চাকমেন

ইশতেহার।

কোম্পানির কুটী হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৪ এক বিঘা চারি কাটা।

লাট নং। ২ কলিকাতার শহরতলি খিদিরপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬৷/৬০ সাটি বিঘা আট ছটাক। তাহা এইরূপ চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কুলিবাজারের পুরাণ রাস্তা দক্ষিণ দিগে মুচিখোলার নূতন রাস্তা পশ্চিম দিগে রাধামাধব বাঁড়ুয্যার ভূমি পূর্ব্ব দিগে মতি ঝিল ভূমি।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর সাহেবের আপীসে অথবা ফরিয়াদীয়ানের উকীল শ্রীযুত জি হিগিন্স সাহেবের নিকটে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আপীস
১৪ আপ্রিল ১৮৩৭।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

ফরিয়াদী বহুরাণী শ্রীমতী জয়মণি দাসী এবং বহুরাণী শ্রীমতী শিবসুন্দরী দাসী ও অন্যেরা এবং পুনর্বিবেচিত মোকদ্দমা।

সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত মোকদ্দমার গত ২৮ মার্চ তারিখে যে ডিক্রী হয় তদনুসারে ৺ প্রাপ্ত রাজা শিবচন্দ্র রায়ের মহাজন ও উত্তরাধিকারিরদের প্রতি এই আজ্ঞা হইল যে তাঁহারা সকলই আপনারদের কর্জ্জ ও আপনারদের প্রতি দত্ত বিষয়ের প্রমাণ ও সাব্যস্থকরণার্থে আগামি ১ জুন তারিখে বা তাহার পূর্ব্বে তাঁহারা সকলই সুপ্রিম কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আফীসে উপস্থিত হন এবং যদ্যপি তাঁহারা ঐ তারিখে বা ঐ তারিখের পূর্ব্বে উপস্থিত না হন তবে উক্ত ডিক্রীক্রমে তাঁহারদের যে ইষ্ট লব্ধ হইত তাহা হইবে না।

A DOBBS, *Master.*

কলিকাতা সুপ্রিম কোর্ট।
মাষ্টর আপীস ২৬ আপ্রিল ১৮৩৭।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১১ মে বৃহস্পতিবার বেলা তিন দণ্ড প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব ঈশ্বরচন্দ্র দাস ও গিরীশচন্দ্র দাস ও বৈকুণ্ঠনাথ বসু ও শ্রীমতী পারিজাত দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷১৷০ এগার কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে

ইশতেহার।

তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২। এবং পূর্ব্বোক্ত বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷১ এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩। এবং কলিকাতানগরে রাণীমুদির গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৮ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷২৷৵০ সাত কাঠা দশ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪। এবং পূর্ব্বোক্ত রাণীমুদির গলির শামিল ও তন্মধ্যস্থিত পূর্ব্বোক্ত বাটীর লাগাও যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১৵০ এক কাঠা দুই ছটাক তাহাতে পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫ এবং পূর্ব্বোক্ত রাণীমুদির গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৭ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/০ এক বিঘা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৬ এবং কলিকাতানগরের লালবাজারের রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷৪ নয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৭। এবং কলিকাতানগরের এমাম বাগ গলির শামিল ও তন্মধ্যস্থিত যে দুই দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৭। নং ১ এবং তাহার সঙ্গে যে দুই খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার

ইশতেহার।

ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮। এবং পূর্ব্বোক্ত এমাম বাগ গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২৩ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১৶ এক কাঠা তিন ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৯ এবং কলিকাতানগরের মলঙ্গার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৩৩ অনুমান।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১০। কলিকাতা নগরের মাছুয়াবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক পাকা গুদাম নং ৩ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪৷০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১১ এবং কলিকাতানগরের বৈঠকখানার রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১১২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫।/ পাঁচ বিঘা পাঁচ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১২। এবং পূর্ব্বোক্ত বৈঠক খানার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি নং ১১৩ অনুমান ২/২।৶০ দুই বিঘা দুই কাঠা এগার ছটাক তাহা কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৩। এবং কলিকাতানগরের ছাতাওয়ালা গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২০ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪০ চারি কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আ

ছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৪। এবং পূর্ব্বোক্ত ছাতাওয়ালা গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ১৪ অনুমান ৪ ২৵ চারি বিঘা সাত কাঠা এক ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৫। এবং কলিকাতানগরের বাঞ্চারাম অক্রূরের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৸০ ।৵০ এক বিঘা পনর কাঠা দশ ছটাক তাহা কিছু কম হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৬। এবং কলিকাতানগরের শাঁখারি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫০ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৪।০ চারি বিঘা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৭। এবং পূর্ব্বোক্ত শাঁখারি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৪৫ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷২৸০ সাত কাঠা বার ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৮। এবং কলিকাতানগরে সভাবাটিতে কবর ডাঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতাল ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বৈকুণ্ঠনাথ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৯। এবং কলিকাতানগরের শাঁখারি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও খড়ুয়া ঘর নং ৫৭।৫৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।।৩ তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২০। এবং পূর্ব্বোক্ত শাঁখারি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৪৯ অনুমান ৴৩।০ তিন কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২১। এবং পূর্ব্বোক্ত শাঁখারি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ পতিত ভূমি নং ৬৩ অনুমান ।৪।৵০ নয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২২ এবং কলিকাতা শহরতলীতে [illegible] শামিল ও তন্মধ্যস্থিত যে এক [illegible] বাগান ভূমি অনুমান ১৩ ।৩ পনর [illegible] তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরিশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোনং আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিসংক্ষেপে লেখা গিয়াছে। কোনং স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তাদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোনং আইনের দ্বারা এইসকল বিধান অন্য২ দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম [illegible] লিখিত আছে অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সেস্থানে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোনং আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যেস্থানে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যেং বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পহুছিবেক ইতি।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৩৭ ২৪ আপ্রিল।

পদাতিক সৈন্যের পঞ্চবিংশ রেজিমেণ্টের এন্সাইন শ্রীযুত হেনরি জে সি সিক্সপিয়র সাহেব হয়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

২৬ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কোম্পানির কেরাণি শ্রীযুত এফ এস হেড সাহেব সরকারী কর্ম্মে নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে উত্তর পশ্চিম অঞ্চলের কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে শ্রীযুত এ সি হেলিণ্ড সাহেবকে উত্তর পশ্চিম অঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনান্ত গবর্নর সাহেবের অধীনে কর্ম্ম করিতে অনুমতি দিয়াছেন।

শ্রীযুত এচ আর আলেকজান্দর সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থে এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

কোম্পানির কেরাণি শ্রীযুত এফ এস হেড সাহেব সরকারীকর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

২৫ আপ্রিল।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের রেজিষ্টর শ্রীযুত জে এফ এম রিড সাহেব বাষ্পীয় জাহাজারোহণে গঙ্গাসাগরে গমনার্থ চারি দিবসের ছুটি পাইয়াছেন।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে [illegible] তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদগুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

CIVIL APPOINTMENTS.

24th April. 1837.

Ensign Henry J. C. Shakespear, 25th Regiment N. I., is placed at the disposal of the Resident at Hydrabad.

26th April.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the North Western Provinces, Mr. F. S. Head, Writer, reported qualified for the public service.

The Right Honourable the Governor of Bengal is pleased to place the services of Mr. A. C. Heyland, at the disposal of the Honourable the Lieutenant Governor North Western Provinces.

Mr. H. R. Alexander is reported qualified for the public service by proficiency in two of the Native languages.

Mr. F. S. Head, Writer, is reported qualified for the public service by proficiency in two of the Native languages.

25th April.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. J. F. M. Reid, Register of the Sudder Dewanny and Nizamut Adawlut, for four days, to proceed on the *Forbes* Steamer to the Sand Heads.

আজিমগড়ের সিবিল ও সেসন জজ শ্রীযুত সি ডবলিউ ত্রস্কট সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের অনুমতিক্রমে লাবেল এলাইন্সনামক জাহাজের প্রস্থান তারিখঅবধি দুই বৎসরের নিমিত্ত উত্তমাশা অন্তরীপে গমনার্থ ছুটি পাইয়াছেন।

পবনার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত জে বি ওগেলবি সাহেব গত মাসের ৭ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের শেষ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১২ আপ্রিল।

পদাতিক সৈন্যের অষ্টাত্রিংশ রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত ই এস হকিন্স সাহেব শ্রীলশ্রীযুত সৈন্যাধ্যক্ষ সাহেবের অধীনে নিযুক্ত হইয়াছেন।

১০ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব গোরক্ষপুরের একটিং জজ হইয়াছেন।

শ্রীযুত সি লাটুচ সাহেব গাজিপুরের একটিং মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্মহইতে মুক্ত হইয়া আজিমগড়ের একটিং জজ হইয়াছেন।

শ্রীযুত এচ বি হারিংটন সাহেব সদর দেওয়ানী ও নিজামত আদালতের একটিং রেজিষ্টরী কর্ম্মে পুনর্নিযুক্ত হইয়াছেন।

১৩ আপ্রিল।

শ্রীযুত হিউ ফ্রেজর সাহেব দস্যু দমনার্থ কমিস্যনর হইয়াছেন। ঐ সাহেব শ্রীযুত ই এফ টাইলর সাহেবকর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত মৈনপুরীর একটিং মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এ কমিংস সাহেব মৈনপুরীর মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর জে টেলর সাহেব আলিগড়ের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন। ঐ সাহেব গোরক্ষপুরের উপরি সিবিল ও সেসন জজের কর্ম্মও একটিংরূপে করিবেন।

শ্রীযুত এ ফ্রেজর সাহেব পানিপথ জিলার মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি গবিন্স সাহেব জিলা রোহতকের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই এফ টেলর সাহেব মৈনপুরীর একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

১৪ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব গোরক্ষপুরের জজ হইয়াছেন।

শ্রীযুত এচ বি হারিংটন সাহেব সদর দেওয়ানী ও নিজামত আদালতের রেজিষ্টর হইয়াছেন।

শ্রীযুত জি লিণ্ডিস সাহেব বিজনুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন। ঐ সাহেব সম্প্রতি বারাণসীর স্বীয় একটিং উপরি জজের কর্ম্মও করিতে থাকিবেন।

শ্রীযুত এম সি অমনি সাহেব হুসিঙ্গাবাদ জিলার প্রধান জুনিয়র আসিষ্টাণ্ট হইয়াছেন।

উপরি লিখিত নিয়োগ সকল গত মাসের ২৯ তারিখঅবধি গণিত হইবে।

শ্রীযুত সি আর কার্টরাইট সাহেব গত মাসের ৩১ তারিখঅবধি আলাহাবাদের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে লিন সাহেব বারাণসীর জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। ঐ সাহেব হামিরপুরের একটিং মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্মও করিতে থাকিবেন।

শ্রীযুত আর কে ডিক সাহেব জবনপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। ঐ সাহেব জিলা মুজঃফর নগরের রাজস্ব বন্দোবস্তের সংশোধকতা কর্ম্মও একটিংরূপে করিতে থাকিবেন।

শ্রীযুত সি ডবলিউ কিংলাক সাহেব আগ্রা প্রদেশের নিষ্কর ভূমির বিষয় তজবীজকরণার্থ ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত মজলি স্মিথ সাহেব আলাহাবাদের ঐঐ।

Mr. C. W. Truscott, Civil and Session Judge of Azeemghur, to proceed to the Cape of Good Hope for two years, on medical certificate, reckoning from the date of the sailing of the Ship *La Belle Alliance*, subject to the approbation of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces.

Mr. J. B. Ogilvy, Joint Magistrate and Deputy Collector of Pubna, to the end of the current month, on medical certificate, in extension of the leave granted to him on the 7th ultimo.

12th April.

Captain E. S. Hawkins, of the 38th Regiment Native Infantry is placed at the disposal of His Excellency the Commander-in-Chief.

10th April

Mr. W. B. Jackson to officiate as Judge of Goruckpore.

Mr. C. La Touche to officiate as Judge of Azimghur, on being relieved of his present duties as acting Magistrate and Collector of Ghazeepore.

Mr. H. B. Harington re-appointed to officiate as Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut.

13th April

Mr. Hugh Fraser to be Commissioner for the Suppression of Dacoity. Mr. Fraser will continue to officiate as Magistrate and Collector of Mynpooree, till relieved by Mr. E. F. Tyler.

Mr. A. Cumming to be Magistrate and Collector of Mynpooree.

Mr. R. J. Tayler ditto ditto of Allyghur. Mr. Tayler will continue to officiate as Additional Civil Judge of Goruckpore.

Mr. A. Fraser ditto ditto of the District of Paneeput.

Mr. C. Gubbins to be Joint Magistrate and Deputy Collector of the District of Rohtuck.

Mr. E. F. Tyler to officiate as Magistrate and Collector of Mynpooree.

14th April.

Mr. W. B. Jackson to be Judge of Goruckpore.

Mr. H. B Harington to be Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut.

Mr. G Lindsay to be Magistrate and Collector of Bijnore. Mr. Lindsay will continue to perform his present duties as officiating Additional Judge of Benares.

Mr. M. C. Ommaney to be first Junior Assistant in the Hoshungabad District.

The foregoing Appointments to have effect from the 29th ultimo.

Mr. C. R. Cartwright to be Magistrate and Collector of Allahabad from the 31st ultimo.

Mr. J. Lean to be Joint Magistrate and Deputy Collector of Benares. Mr. Lean will continue to officiate as Magistrate and Collector of Humeerpore.

Mr. R. K. Dick to be Joint Magistrate and Deputy Collector of Juanpore. Mr. Dick will continue to officiate as Reviser of Revenue Settlements in the District of Mozuffernuggur.

Mr. C. W. Kinloch to be Deputy Collector for the investigation of claims to hold Lands exempt from payment of the Land Revenue in the Agra Division.

Mr. Moseley Smith to be ditto in the Allahabad Division.

শ্রীযুত সি আর টকর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত আজিমগড়ের একটিং জজ হইয়াছেন।

শ্রীযুত এচ সেণ্ট জি টকর সাহেব জবনপুরের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

Mr. C. R. Tulloh to officiate as Judge of Azimghur, until further orders.

Mr. H. St. G. Tucker to officiate as Magistrate and Collector of Juanpore.

সমাচার দর্পণ

শনিবার ৬ মে ১৮৩৭।

কলিকাতার অগ্নি।

গত সপ্তাহের মধ্যে কলিকাতানগরে যেরূপ অগ্নি হইয়াছে বহুবৎসরাবধি তদ্রূপ হয় নাই। অনেককালাবধি বৃষ্টি না হওয়াতে তৃণসকল অত্যন্ত শুষ্কতায় অগ্নি প্রায় হইয়াছিল ইহাও এই সকল মহাগ্নির এক কারণ হইতে পারে কিন্তু কেহ২ অনুমান করেন যে কোন২ ব্যক্তি এই সকল অগ্নি লাগিয়া দিয়া থাকিবে কলিকাতার সম্বাদ পত্রহইতে উদ্ধৃত নীচে লিখিতব্য সম্বাদ সংগ্রহপূর্ব্বক আমরা প্রকাশ করিতেছি।

বৃহস্পতিবারে কলিকাতায় বিংশতি ব্যক্তির ন্যূন নহে অগ্নিতে মারা পড়িয়াছে। বিশেষতঃ শহরের মধ্যে তিন জন মুনসির বাজারে ১৭ জন ঐ ১৭ জন একটা পাকা ঘরের মধ্যে ছিল ঐ ঘর বাজারের মধ্যস্থ অনেক খড়ুয়া ঘরে বেষ্টিত এবং তৎকালে বাজারস্থ বহুতর লোক রক্ষার্থ ধাবমান হইয়াছিল কিন্তু অতিশীঘ্র অনেক খড়ুয়া ঘরে অগ্নি লাগিয়া ঐ ঘর ধরিল এবং চতুর্দিগ হইতে প্রজ্বল্যমান অগ্নি একেবারে ঝাঁপিয়া পড়াতে ঐ কএক জন মারা পড়িল। এই সকল অগ্নিতে অনেক সম্পত্তি ক্ষতি হইয়াছে অনেক সাহেব লোকেরও অনেক দগ্ধ হইয়াছে কাহারো২ সর্ব্বস্ব গিয়াছে। শ্রীযুত রিড সাহেবের তাবৎ সওয়া জিমা ও নিজ ঘর পুড়িয়া গিয়াছে তাহাতে অপচিত সম্পত্তি ত্রিশ হাজার টাকার ন্যূন নহে তিনি অনুমান করিয়াছেন। শ্রীযুত হেজ ও শ্রীযুত কাপ্তান ফোর্থ ও ফেবিয়ন ও অগষ্টিন ও শ্রীমতী বিবি রিবেলো ইহাঁদিগের ঘরও কিছু২ পুড়িয়াছে। এবং বাবু বিশ্বনাথ মতিলালের কএকটা পাকা ঘর নষ্ট হইয়াছে।

ঐ বৃহস্পতিবারে যত খড়ুয়া ঘর পুড়িয়া যায় তৎসংখ্যা এই।

গরিহা তলাও ... ১১০

পদ্মপুকুর... ৫০০ এবং ১ বালক ও ১ বৃদ্ধা স্ত্রী

তালতলায়... ১০০ ও ১ পুরুষ।

মীর্জাপুর ও মুচিপাড়ায় ... ১০০০

ঐ অগ্নি শেষোক্ত স্থানহইতে নর্দ্দমা পার হইয়া মুনসির বাজারে লাগে তথাহইতে খালপর্য্যন্ত গিয়া নির্বৃত্ত হয়। শুনা গেল দমকল ১৬ ঘণ্টাপর্য্যন্ত নিযুক্ত ছিল পরদিবস রাত্রি চারিঘণ্টার পূর্ব্বেও ফিরে নাই। শ্রীযুত কাপ্তান বর্চ সাহেব ও মকান সাহেব ও পোলীসের সার্জনেরা নিয়ত নিযুক্ত থাকিয়া প্রতিকারার্থ অবিরত উদ্যোগ করিয়াছিলেন। আরো শুনা গেল যে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান বর্চ সাহেব জাজ্বল্যমান একখান ঘরের মধ্যে ধাবমান হইয়া প্রাচীনা এক স্ত্রীকে রক্ষা করিলেন। বিশেষতঃ তিনি গাত্রে একখান কম্বল জড়াইয়া পুষ্করিণীতে ডুব দিয়া ঐ জ্বলৎ গৃহের মধ্যে প্রবেশ করেন কিঞ্চিৎপরে দেখা গেল ঐ স্ত্রীকে কক্ষে করিয়া বহির্গত হইলেন। পরে ঐ স্ত্রীসমেত দ্বিতীয়বার পুষ্করিণীতে ডুব দিয়া নিরুদ্বেগে তাহার প্রাণ দান করিলেন।

ঐ দিবসে হাবড়াতে যে অগ্নি হয় তাহা

SUMACHAR DURPUN.

SATURDAY, 6TH MAY, 1837.

The Fires in Calcutta.

During the last week the fires in Calcutta have been far more destructive than for many years past. The extreme drought which has rendered every thing combustible, may in part account for these extensive fires. Still however there is reason to suppose, that some incendiaries must have been at work. The following account of them we extract from our contemporaries.

No less than *twenty* deaths occurred on Thursday. Three within the town, and seventeen in Moonshee's Bazar. The latter number all in one house, which was situated in the centre of a bazar, surrounded with straw out-offices. The building was pukah, and the different bazar people immediately ran for protection there, when in an instant the whole of the houses round about were in flames, and in a short time the building came down with a crash. The property destroyed must be great. Many gentlemen have suffered, some of them, all that they are worth. Mr. Reed had his *own* house burnt to the ground, with all his furniture. The value of the property destroyed, he estimates at 30,000 Rs. Mr. Hayes, Capt Forth, Mr. Fabian, Mr. Augustin and Mrs. Rebello had their several houses partly burnt, also Baboo Bissonath Mootee Loll had several of his pukah houses destroyed. The number of huts within the town burnt yesterday, is as follows—viz.

Gooreah Tulloh . . . 110
Puddopookur, ... 500 —1 boy & an old woman burnt to death.
Taultulla, ... 100 — 1 man do.
Mirzapore & Moochepara, 1,000.

From the latter place the fire crossed over the ditch, burning Moonshee's bazar and proceeding in a straight line to the new canal, where its progress was arrested.

We hear that the engines returned at 4 o'clock in the morning, having been employed 16 hours. Captain Birch, Mr. McCann and the Police constables were out all that time and exerted themselves. We further hear that the superintendent saved the life of an old woman, by running into a house blazing at a fearful rate. He first threw himself into a tank, with a blanket, and then ran in and a few moments after was observed, coming out with the old woman under his arm. He then threw himself a second time into the tank and landed safe with his burden.

At the fire across the water two wo-

তে দুই স্ত্রী মরে তন্মধ্যে একা গর্ভিণী ছিল।

শনিবারে যাটিবাজারে অপর এক অগ্নি লাগন হইয়া অনুমান ৫০০ ঘর দগ্ধ হইয়াছে।—ইঙ্গলিসমেন ২৯ আপ্রিল

পুনশ্চ কলিকাতা কুরিয়রপত্রে লেখে যে অদ্য শনিবারে শোভাবাজার মীর্জাপুর বীর্য্যতলা যানবাজারে অগ্নি হয় শুক্রবারেও কলিকাতার মধ্যে দুই এক স্থানে হইয়াছিল এবং চাণকে ৭৩ রেজিমেণ্টের ছাউনি একেবারে ভস্মসাৎ হইয়াছে। সর্ব্বদিক্‌হইতেই এই প্রলয়াগ্নির আর্ত্তনাদ ব্যতিরেকে আর কিছু শুনা যায় না —কুরিয়র ২৯ আপ্রিল।

গত বুধবাসরীয় হরকরা সম্বাদ পত্রে বর্ত্তমান বৎসরের আরম্ভাবধি কলিকাতায় গৃহদাহ বিবরণীয় এক তালিকা প্রকাশ হইয়াছে তাহাতে দৃষ্ট হইল যতবার দগ্ধ হয় তৎসংখ্যা ৫৫। যত গৃহদাহ হয় তৎসংখ্যা৮,০৩০। যত প্রাণি হানি হয় তৎসংখ্যা ৩০। যত সম্পত্তি নষ্ট হয় তৎসংখ্যা ৫,১৮,৯৫০।

আশ্চর্য্য বদান্যতা।

শ্রুত হওয়া গেল যে পাটনার মহারাজ শ্রীযুক্ত চতুর্ধুরীণ সাহ সংপ্রতি বিদ্যার্জন সাধারণ কমিটিকে ৫০০০০ টাকা টাকা প্রদান করিয়াছেন। ভরসা হয় যে এতদ্দেশীয় অন্যান্য ধনাঢ্য মহাশয়বর্গও স্বংসাধ্যানুসারে বিদ্যাধ্যয়নার্থ ধন দান করিবেন। এতাদৃশ ধনি বদান্য মহাশয়েরদিগকেই রাজা বাহাদুর খ্যাতি প্রদান করা অতি পরামর্শসিদ্ধ। আরো শুনা গেল যে শ্রীযুত বাবু দীননাথ দত্ত ১৮৩৪ সালে ২০ বুরুল পরিমিত অতি সুচারু সম্পূর্ণরূপে প্রস্তুতীকৃত বর্ত্তুলাকার খগোল ও ভূগোলীয় এক প্রতিবিম্ব দান করিয়াছেন।

তৎপরে শুনিলাম যে উক্ত বাবু এতদ্বদান্যতাপ্রযুক্ত রাজা বাহাদুর খ্যাতিপ্রাপ্ত হন।

মৃত জান পামর।

মৃত জান পামর সাহেবের মর্ম্মর প্রস্তর নির্ম্মিত প্রতিমূর্ত্তি স্থাপনার্থ যে কমিটি নিযুক্ত হন তাঁহারা লণ্ডননগরস্থ আপনারদের প্রতিনিধি শ্রীযুত এডমনস্টোন ও শ্রীযুত কাম্বেল সাহেবের স্থানহইতে এই সম্বাদ প্রাপ্ত হইয়াছেন যে ইঙ্গলণ্ডদেশস্থ প্রধান ভাস্কর শ্রীযুত চাণ্টিলি সাহেব যেমন ফরমাইস পাইবেন তদনুসারে আড়াই হাজার কিম্বা পাঁচ হাজার টাকাতে ঐ প্রতিমূর্ত্তি নির্ম্মাণার্থ স্বীকার করিয়াছেন। যদি প্রতিমূর্ত্তি ও স্তম্ভ উভয় নির্ম্মাণ করিতে হয় তবে পাঁচ হাজার টাকা লাগিবে তাহাতে কমিটির সাহেবেরা এই স্থির করিয়াছেন যে পাঁচ হাজার টাকা দিয়া উভয়ই নির্ম্মাণ করিতে আজ্ঞা দিবেন যেহেতুক তাঁহারদের হস্তে প্রায় তত্তুল্য অর্থাৎ ৪৫০০ টাকা মৌজুদ আছে।

মারক।

মারকের মারণবিষয়ে দিল্লী গেজেটে যে প্রস্তাব উল্লিখিত হয় তাহাতে লোকের অত্যন্ত উদ্বেগ জন্মিয়াছিল। ঐ সম্বাদ পত্রে লেখে যে দিল্লীহইতে ৪০ ক্রোশ অন্তরিত নারনৌস্থানে ঐ মারক দৃষ্ট হইয়াছে। কিন্তু ইঙ্গলিসমেনের এক জন পত্রপ্রেরক ঐ প্রস্তাব নিতান্ত অলীক লিখিয়া কহেন যে নারনৌতে যে সকল লোক মারা পড়ে তাহারা দেশীয় সামান্য পীড়াতে কিন্তু মারকে নহে। তিনি আরো লেখেন যে দিল্লী নগরে ঐ মারক প্রবেশ করিতে না পারে এতদর্থ তত্রস্থ সরকারি কর্ম্মকারকেরা মহোদ্যোগ করিতেছেন এবং কএক জন চিকিৎসক সাহেব রোগাক্রান্ত যে গ্রাম অতিসন্নিকৃষ্ট সেই গ্রামে গিয়া রোগের যথার্থ ভাবাদি নির্ণয় করিয়া রিপোর্ট করিতে নিযুক্ত ছিলেন। দিল্লী হইতে শেষ সম্বাদ আইসনসময়ে নগরে মারকের বিষয়ে তাদৃশ ভয় ছিল না।

...men were burnt to death, one of them in the family way.

Another destructive fire broke out to-day in Short's Bazar, which we hear consumed about 500 houses.—*Eng. Apr. 29.*

Four large fires broke out onSaturday last in Sobabazar, Mirzapore, Brijotollah and Jaun-bazar. There were also one or two fires in Calcutta yesterday, and in the Cantonments at Barrackpore, the lines of the 73d N. I. are reported to have been entirely burnt down. In all directions the most grievous distress has been produced by these extensive conflagrations.—*Cal. Cour. Apr. 29.*

The Hurkaru of yesterday furnishes a list of the fires which have broken out in Calcutta this year. They amount to 55; the number of houses to 8 030, the loss of lives to 30, and the destruction of property to 5,18,950.

Magnificent Donation.

Maha Raja Chuttooderry Sahee, Bahadoor, of Patna has, we understand, lately given the magnificent donation of fifty thousand rupees to be added to the Education fund. We hope to see this example followed in a greater or less degree by opulent native gentlemen. We think titles well bestowed upon such liberal minded and wealthy men. Baboo Dunonath Dutt has also, we understand, contributed a pair of 20 inch globes (of 1834) elegantly and completely mounted. – *Beng. Hurk.*

We have since learned that the title of Raja has been bestowed on him for his magnificent donation.

The late John Palmer.

The Committee for procuring a Marble Bust of the late John Palmer, have received information from their representatives in London, Mr. Edmonstone and Mr. Deans Campbell, that Chantrey will undertake the execution of the work for 250 to 500 Guineas according to the nature of the order, the latter being the price of a Bust and Pedestal. It has been in consequence determined to have a Bust and Pedestal at the full price of 500 Guineas, this sum not being much in excess of the remittance (£450) already made for the purpose.—*Cal. Cour.*

The Plague.

An article published in the last Delhi Gazette gave rise to a great deal of anxiety. It stated that the plague had made its appearance at Narnoul, a place within 80 miles of Delhi; but a correspondent of the *Englishman* at that city entirely contradicts the assertion and states, that the few individuals who had died at Narnoul were carried off by the ordinary diseases of the country, and not by the plague; that every exertion had been made by the public authorities to prevent the entry of this pestilence into the city of Delhi, and that a Medical deputation was about to set off for the nearest infected village to ascertain and report upon the state of the disease. At the date of the last accounts from Delhi no immediate fears were entertained of its approach to that city.

মারকের অনিষ্ট বিষয়ে পুনশ্চ এই সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। যে শ্রীযুত কর্ণেল চেসনি সাহেব সংপ্রতি ফ্রাৎ নদীস্থ বাষ্পীয় জাহাজের অধ্যক্ষ ছিলেন তিনি বহুকালপর্য্যন্ত মিসর দেশে বাসকরণানন্তর এইক্ষণে নছিরাবাদে পঁহুছিয়া কহিতেছেন যে রাজপুতানা দেশে যে মারকের দ্বারা ভূরিং লোক মারা পড়িতেছে তাহা মিসর দেশ ও গ্রীক দেশের মারক নহে কিন্তু এই রোগ স্পর্শাক্রামক অতিদারুণ জ্বর।

পূর্ব্বং সপ্তাহে আগ্রাতে এমত জনরব হইল যে নছিরাবাদহইতে কএক জন সিপাহী পঁহুছিয়াছে তাহারদের কেহং ঐ মারকগ্রস্ত তাহাতে অত্যন্ত ভয় জন্মিল ফলে কএক জন সিপাহী উক্ত স্থানহইতে আইসে বটে কিন্তু তাহারদিগকে তৎক্ষণাৎ রামবাগে বদ্ধ করা গেল এবং ঐ স্থানে শ্রীযুত ডাক্তর ডনকিন্স সাহেব অতিসূক্ষ্মরূপে তাহারদের ঐ রোগের বিষয়ে অনুসন্ধান করিলেন। প্রতিদিন ঐ শহরের মধ্যে ন্যূনাধিক ২০০ শত লোক দক্ষিণ ও পশ্চিমহইতে আসিতেছে তাহারদের বিষয়েও অতিসাবধানে তত্ত্ব করা যাইতেছে কিন্তু তাহারদের মধ্যে অদ্যাপি ঐ মারকের কোন চিহ্ন দৃষ্ট হয় নাই।

কথিত আছে যে শ্রীযুত কর্ণল আলবস সাহেব নছিরাবাদস্থ প্রধান সৈন্যাধ্যক্ষের প্রতি হুকুম করিয়াছেন যে ঐ রোগগ্রস্ত প্রদেশের সঙ্গে গমনাগমনের দ্বারা কোন সম্পর্ক না হয় এতদর্থ পথ রুদ্ধ করিতে সৈন্যেরদিগকে শ্রেণীবদ্ধ করিয়া রাখেন।

নীল।

কৃষ্ণনগর জিলাহইতে আগত পত্রে লেখে কৃষ্ণনগর যশোহর রাজশাহী মালদহ ঢাকা জিলাতে নীলভূমির ছয় অংশের একাংশের অধিকেও বপন হয় নাই। ঐ পত্রলেখক ঐ সকল জিলায় ভারি ২৭ কুঠীর বিষয়ে লেখেন যে ঐ সকল কুঠীতে যত ভূমি বপনীয় তৎসংখ্যা ১০ লক্ষ বিঘার ন্যূন নহে। আরো লেখেন ঐ সকল ভূমির মধ্যে ২৬ আপ্রিলপর্য্যন্ত ১ লক্ষ ২০ হাজার বিঘার অধিক বোনা যায় নাই। এবং এই বৎসরে ৬০ হাজার মোনের অধিক জন্মিবে কি না সন্দেহ তাহাতেও ত্রিহুত ও পশ্চিমাঞ্চলের ফসলের উপর নির্ভর করিতে হইবে।

বৃষ্টি।

গত সোম ও মঙ্গলবারে অত্যন্ত আহ্লাদজনক বৃষ্টি হওয়াতে বায়ু শীতল হইয়াছে এবং কলিকাতা নগরের দাহও কিঞ্চিন্ন্যূন হইয়াছে ভরসা হয় যে এইক্ষণে নীলকর সাহেবেরা আপনারদের বীজবোনার কার্য্যও সম্পন্ন করিতে পারিবেন এবং তাঁহারদের যে প্রায় সর্ব্বনাশ উপস্থিত হইয়াছিল তাহার শান্তি হইতে পারিবে।

মঙ্গলূরে রাজবিদ্রোহ ব্যাপার।

শেষ দর্পণ প্রকাশানন্তর মঙ্গলূর হইতে রাজবিদ্রোহ ব্যাপার বিষয়ে কেবল এই মাত্র সম্বাদ পঁহুছিয়াছে যে শ্রীযুত কর্ণল গ্রিন সাহেব স্বীয় সৈন্য সমভিব্যাহারে ঐ স্থানে পঁহুছিয়াছেন এবং আটালাণ্টা ও হিউ লিণ্ডি ও উইঞ্চেষ্টর এই তিন বাষ্পীয় জাহাজ সৈন্য পূরিত হইয়া মান্দ্রাজ হইতে মঙ্গলূরের উপদ্রব বারণার্থ প্রেরিত হইয়াছে। কলিকাতার এক জন সম্বাদ প্রকাশক লেখেন যে কুরুগিয়েরা এই পর্য্যন্তও প্রভুভক্ততা প্রকাশ করিয়াছে তথাপি তাহারদের রাজবিদ্রোহির সঙ্গে ঐক্য হওনবিষয়ে অত্যন্ত শঙ্কা জন্মিতেছে।

The following farther intelligence has been received regarding the plague. Col. Chesney, who recently commanded the Euphrates expedition, and who has passed a considerable time in Egypt, has arrived at Nusseerabad, and declares that the disease which is now raging in Rajpootana, is not the plague of Egypt and the Levant, but a very malignant infectious fever.

Some alarm was felt at Agra the week before last, from a report that several sepoys had arrived at Nusseerabad, some of whom were ill of the plague. Several parties did arrive, and were placed immediately in Rambaug, where they were carefully examined by Dr. Duncan. Every day two hundred persons, more or less, who had come into the city from the south west, have been subjected to examination, but no signs whatever of the plague have been discovered among them.

It is also stated that Col. Alves has called on the officer commanding at Nusseerabad to furnish troops, to form a cordon round the infected districts in order to prevent all communication.

Indigo.

Letters received from the Kishnaghur district state, that in that district and in those of Jessore, Rajshahye, Malda and Dacca, not one sixth of the land on an average had been sown. The writer of the letter enumerates 27 concerns in these districts, the extent of whose cultivation does not fall far short of ten lakhs of biggas. In these he states, that up to the 26th of April, not more than 1,20,000 biggas of this land had been sown; and that it would depend upon Tirhoot, and the upper provinces generally, whether the crop of the present year should amount to 60,000 or not.

Rain.

On Monday and Tuesday we were visited by refreshing showers, which have cooled the air, and for a time put a stop to the progress of conflagration in Calcutta. It is also to be hoped that the Indigo planters will now be enabled to complete the sowings and to ward off the ruin which seemed to impend on them.

The Mangalore Insurrection.

No farther accounts have been received since our last publication from Mangalore, except that Col. Green with his detachment had arrived at Mangalore, and that the *Atalanta*, the *Hugh Lindsey*, and the *Winchester* had been dispatched with troops from Bombay to assist in quelling the insurrection. One of our contemporaries states, that fears were entertained lest the Coorgs, who had hitherto continued faithful, should join the insurgents.

রাজদ্রোহিরদের পরাজয়।

আমরা পরমাহ্লাদপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে কুরুগ ও মহীশূরহইতে ২২ আপ্রিলপর্য্যন্তের অতিশুভ সম্বাদ আগত হইয়াছে। কানারা দেশ ও কুরুগের উত্তর দেশের মধ্যস্থলে বিসলিঘাটে রাজদ্রোহিরদের ছাউনি আছে বোধ হয় ঐ শিবিরে অনেক সৈন্য সংগৃহীত হয় কিন্তু মহীশূরের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান হাণ্টর সাহেব মহীশূরের পদাতিক সৈন্যের এক ক্ষুদ্র দল ও কতিপয় অশ্বারোহিরদিগকে লইয়া ঐ ছাউনির উপর আক্রমণ করাতে তাহারা অত্যন্ত ভীত হইয়া পলায়ন করিল এবং ঐ শ্রীযুক্ত সাহেব কোন ক্ষতিগ্রস্ত না হইয়া নির্ব্বিঘ্নে বিশলি স্থান আক্রমণ করিলেন কিন্তু স্বীয় দৌর্ব্বল্যপ্রযুক্ত পরে তাহা রক্ষা করিতে পারিলেন না তথাচ বিপক্ষেরদের যে চৈতন্য জন্মিয়াছে এবং ইঙ্গলণ্ডীয়েরদের তদ্বিষয় যে বোধ হইয়াছে তাহাতে অনুভব হয় যে ঐ পথ দিয়া কানারা দেশে প্রবেশকরণার্থ যে সকল সৈন্য বিশলি গ্রামের প্রতি যাইতেছিল তাহারদের কোন ব্যাঘাত হইবে না।

চণ্ডাল গড়।

অত্যুত্তম কয়লার এক আকর সংপ্রতি চণ্ডাল গড়হইতে কিয়ৎ ক্রোশ অন্তরে নিম্ন অনুর্ব্বর পর্ব্বতে প্রাপ্ত হওয়া গিয়াছে কিন্তু সম্মুখ প্রথমই যাহা প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা কলিকাতায় প্রেরিত হইয়াছে। ঐ কয়লার আকরের সন্নিহিত অত্যুৎকৃষ্ট কতিপয় মর্ম্মর প্রস্তরের আকরও দৃষ্ট হইয়াছে। এই বহুমূল্য প্রস্তর যে জমিদারীতে পাওয়া গিয়াছে ঐ জমিদারী অত্যল্প মূল্যে কোম্পানিবাহাদুর এক জন জমিদারকে দিতে প্রস্তুত ছিলেন।

এতদ্দেশীয় সিপাহীরদিগকে দান জন্য ফল।

বাঁকুড়াহইতে এক জন সেনাপতি সাহেব লেখেন যে সিপাহীরদের দ্বারা যাহা জ্ঞাত হওয়া গেল তদনুসারে কহিতে পারি যে সংপ্রতি গবর্ণমেণ্ট তাহারদিগকে যেরূপ দান করিয়াছেন তাহা তাহারা এমত জ্ঞান করে যে ইহাপেক্ষা আমারদের প্রতি আর গুরুতর দান সম্ভবে না ফলতঃ যে অনুগ্রহ প্রকাশ হইয়াছে তাহা তাহারদের অপেক্ষিতাতিরিক্ত যেহেতুক তাহারা ইহা ভাবিতেছে যে ঈদৃশ দান কোন ভ্রান্তি মূলক হইবে। আমার পল্টনের সর্ব্বাপেক্ষা অতিপ্রাচীন এক জন সিপাহী আমাকে জিজ্ঞাসা করিল আমারদের ইউরোপীয় সেনাপতি সাহেবেরদের কিছু বেতন বৃদ্ধি হইয়াছে কি না।

আরাকানের জেহেলে সাংঘাতিকোৎপাত।

গত মাসের ১৫ তারিখে দিবা দুই প্রহরের কিঞ্চিৎপূর্ব্বে আরাকানস্থ কয়েদি লোকেরা সকলই মিলিয়া বলপূর্ব্বক উঠিল তৎসময়ে জেহেলখানার মধ্যে কেবল কএক জন বরকন্দাজ ছিল তাহাতে কয়েদিরা অনায়াসে তাহারদিগকে পরাজিত করিয়া তাহারদের অস্ত্রশস্ত্র যাহা পাইল কাড়িয়া লইয়া দরওজা খুলিবার নিমিত্ত ধাবমান হইল। প্রথমতঃ আরাকানদেশস্থ তৈনাতি সৈন্যেরদের এক জন শাস্ত্রী তাহারদের বাধকতাকরণপূর্ব্বক কয়েদিরদের সরদার কেচিনিওয়ালকে ধৃত করিল কিন্তু সেও ঐ শাস্ত্রীকে অত্যন্ত ঘাতী করিয়া ফেলিয়া দিল। পরে অন্য এক জন সিপাহী গারদহইতে বাহির হওয়াতে ঐ প্রধান দস্যু তাহাকে ভূমিগত করিল ইতিমধ্যে তাবৎ তৈনাতি সৈন্যেরা বহির্গত হইয়া কেচিনিওয়ালের মস্তকে এক গুলি করিল এবং সদর দরওজায় সিপাহী ও কয়েদিরদের সঙ্গে মহা তুমুল দাঙ্গা হইতে লাগিল।

এমত সময়ে আরাকানের শ্রীযুত কমিস্যনর সাহেব ও সৈন্যাধ্যক্ষ শ্রীযুত মগরা সাহেব ও লেপ্টেনন্ট শ্রীযুত লমর্কন সাহেব অশ্বারোহে ধাবমানে তথায় উত্তীর্ণ হইয়া ঐ মহাগণ্ডগোল থামাইবার নিমিত্ত মহোদ্যোগ করিতে লাগিলেন। তৎকালে বরকন্দাজেরা ইতস্ততঃ গুলি নিক্ষেপ করিতেছিল এবং সিপাহীরা বহির্দ্বারের সম্মুখে শ্রেণীবদ্ধরূপ দণ্ডায়মানার্থ উদ্যোগী হইল এবং শিবিরস্থ কোনং সিপাহী দস্যুরা যেমন প্রাচীরোল্লঙ্ঘন করিতেছিল তেমনি তাহারদিগকে পটং করিয়া মারিতে লাগিল। কয়েদিরা জেহেলের নানা স্থান দিয়া বাহির হওনের উদ্যোগ করিল কেহবা বহির্গতও হইয়াছিল কিন্তু শ্রীযুক্ত সেনাপতি সাহেবেরদের তথায় পহুছনেতে একেবারে এই তাবৎ ব্যাপারের গঠন ফিরিল এবং বাহিরে যে সকল কয়েদি ছিল তাহারদের কাহাকেং কাটিয়া ফেলা গেল কাহাকেং ধৃত করিয়া গুলি মারা বন্দ করা গেল। পরে কাপ্তান সাহেব ও লেপ্টেনন্ট সাহেব সঙ্গীন চড়াইয়া সিপাহীরদিগকে সঙ্গে লইয়া জেহেলের মধ্যস্থলে প্রবেশ করিলেন কমিস্যনর সাহেব বরকন্দাজেরদিগকে অধীন করিয়া বাহিরে থাকিলেন তাহাতে সিপাহীরা যেমন সঙ্গীনের দ্বারা লক্ষ করিতে লাগিল অমনি কয়েদিরা তাঁহারদের সমক্ষেই স্বং কুঠরীর মধ্যে প্রবেশ করিল। তাহাতে আর কিছু রক্তপাতাদি না হইয়া তাবৎ বিরোধ ভঞ্জন হইল কিন্তু ইহাতে যদ্যপি কিছু অনিষ্ট ফল দর্শিল তথাপি ঐ দস্যুরা ইহা দৃষ্টে পরে সাবধান হইবে। কেচিনিওয়াল ও অন্য নয় জন মারা পড়িল অপর নয় জন আঘাতী হয় তন্মধ্যে চারি জনের জীবনাশা নাই। দুই জন বরকন্দাজ সংশয়াপন্ন বা মৃত এবং অন্য দুই এক জন ও দুই জন সিপাহী হত বা আঘাতী হইয়াছে।

তাবৎ গোলযোগ মিটিয়া গেলে অর্দ্ধ ঘণ্টানন্তর মাজিস্ত্রেট সাহেব শকটারোহণে তথায় উপস্থিত হইলেন অথচ অন্যান্য সেনাপতি সাহেবেরা জেহেলের যত নিকটে বাস করিতেন তিনিও তত নিকটে যদ্যপি তাঁহার উৎসাহের উপর নির্ভর থাকিত তবে কিপর্য্যন্ত অনিষ্ট না ঘটিত।

অযোধ্যা।

কথিত আছে যে এইক্ষণে অযোধ্যার মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্মে যুব সেনাপতি সাহেবেরদিগকে নিযুক্ত করিতে গবর্ণমেণ্ট মানস করিয়াছেন এবং অন্যূন ৬০ জন সেনাপতি অবিলম্বেই ঐ২ কর্ম্মে নিযুক্ত হইবেন। আরো জনরব হইয়াছে যে পল্টনের প্রধান সৈন্যাধ্যক্ষেরদের প্রতি এমত হুকুম হইয়াছে যে তাঁহারদের অধীন পল্টনের মধ্যে কোনং ব্যক্তি উক্ত কার্য্য করণক্ষম তাঁহারদের নামাঙ্কিত করিয়া প্রেরণ করেন বিশেষতঃ যাঁহারা এতদ্দেশীয় ভাষার পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

বেলূন যন্ত্রারোহি শ্রীযুত রাবর্টসন সাহেব।

আগ্রা আকবারের দ্বারা অবগম হইল যে শ্রীযুত রাবর্টসন সাহেব আগ্রা অঞ্চলে পঁহুছিয়া তথায় বেলূন যন্ত্রারোহণার্থ স্থির করিয়াছেন। কিন্তু ৮০০০ টাকার ন্যূনে আরোহণ করিতে পারিবেন না কলে তৎসংখ্যক টাকা পাওয়া দুষ্কর হইয়াছে।

Defeat of the Insurgents.

We have the satisfaction to announce, that accounts have been received from Coorg and Mysore to the 22d ultimo, of a very favourable nature. The principal post of the Insurgents between Canara and the Upper Country of Coorg was at a place named Bislee Ghat, which was supposed to be occupied by them in considerable force. Captain Hunter, the Military Assistant to the Commissioner in Mysore, made a spirited attack on their stockade with a very small party of Mysore Infantry, and some dismounted Suwars, and succeeded in frightening them into a retreat, and taking temporary possession of the village of Bislee, without loss. He was much too weak to retain the village; but the impression made, and the information obtained, will, it may be hoped, have left no difficulty in the way of the Regular Force, which was moving upon Bislee for the purpose of entering Canara by that route.

Chunar.

An extensive bed of Coal, of fine quality, has recently been discovered in a range of low barren hills, a few miles from this station: specimens obtained from the surface, have been sent to Calcutta. Several quarries of fine marble, have likewise been found to exist in the vicinity of these beds. The tract of country possessing these valuable minerals, was on the eve of being granted in lease to a native farmer at a very trifling rent."

The Recent Boon to the Native Army.

An officer writing from Bancoorah says, " From what I can learn from the soldiers I should say that the boon lately bestowed has been received as one of the greatest blessings which could well have been conferred upon them; indeed, the favour granted is so much beyond any thing that they ever expected, that it seems to me, they are not as yet quite satisfied in their own minds that no mistake has occurred. One of the oldest men in my regiment, by way of reconciling matters, asked me, whether any increase of allowances had been granted to their European officers."—*Engl.*

Fatal Affray in the Jail at Arracan.

About 11½ A. M. on the 15th the prisoners rose in a body and there being only burkundauze sentries inside the jail, easily overpowered them, and seizing these mens' arms, clubs, and whatever came to hand made a rush at the open gates. There they first encountered resistance from the sentry on duty, one of the Arracan Local Battalion, who seized the leader Kechynewal, but was shaken off by a severe wound. A second sepoy turning out of the guard house was knocked down, but by this time the whole guard turning out, Kechynewal was shot through the head and a fierce struggle ensued with his followers in the gateway.

At this crisis the Commissioner of Arracan, Captain M. commanding, and Lieut. L. Adjutant, galloped up on the spur and set actively to work to remedy the confusion. The burkundauze were firing at random in all directions, sepoys struggling to form line in the gateway, skirmishers from the sepoy lines picking off the decoits who scaled the stockade, all the jail birds struggling with desperation at different points, and several already outside. The arrival of the officers soon changed the scene, the prisoners outside were cut down or secured, the firing put a stop to, and Captain M. and Lieut. L. entered the jail at the head of the sepoys with fixed bayonets, the Commissioner assuming charge of the burkundauze outside upon which the prisoners retreated to their wards, which they successively entered at the point of the bayonet and all resistance ceased without further effusion of blood.

The results are very melancholy, but will afford a salutary example to these desperadoes. Nine, including Kechynewal are dead, nine others wounded, 4 mortally, 2 of the surprised burkundauze, dead or dying, one or two others wounded, and also two sepoys.

The Magistrate did not make his appearance until half an hour after all was over, and then in his carriage, though his residence is as near the jail as the other officers. It is painful to think what the results might have been had they depended on his energy.—*Engl.*

Delhi.

Government, it is said, have it in contemplation to appoint young military men as Collectors and Magistrates in Oude, and that a requisition, for no less than sixty officers, is to be immediately made. It is rumoured that Commanding Officers have been called upon to mention the individuals in the regiments, under their command, who are qualified for the required duties, especially those who have passed the prescribed examination in the native languages.—*Beng. Her.*

Mr. Robertson the Aeronaut.

We learn from the Agra Ukhbar that this gentleman has arrived at Agra, and that he proposes to ascend in a balloon; but as the trip will not cost less than 8000 Rupees, it is found to be difficult to raise a sufficient sum.

আবা।

আবার উৎপাতবিষয়ক নীচে লিখিতব্য সম্বাদ মৌলমীনহইতে এক প্রেরিতপত্রের দ্বারা প্রাপ্ত হওয়া গেল। এই পত্র পঁহুছনের পুর্ব্বে আপনি শুনিয়া থাকিবেন যে আবাতে দুই প্রধান ব্যক্তিরদের পরস্পর আন্তরিক যুদ্ধ হইয়াছে। বহুকালাবধি ঐ রাজ্যের রাজা উন্মাদপ্রযুক্ত স্বীয় রাজকার্য্য নির্ব্বাহকরণে অক্ষম আছেন এবং রাণী ও তাঁহার ভ্রাতা মেঙ্গথাগি স্বহস্তে তাবদ্বিষয় লইতেছেন। মেঙ্গথাগি প্রবল হওয়াতে রাজার ভ্রাতা সন্তুষ্ট নহেন তাঁহার এমত বোধ যে রাজার অতিসন্নিকৃষ্ট সম্পর্কপ্রযুক্ত রাজকীয় ভার আমার প্রতি অর্পণহওয়া উচিত ছিল নিদানে যেপর্য্যন্ত যুবরাজ রাজকার্য্য ধারণার্থ প্রাপ্তব্যবহার না হন এইপ্রযুক্ত থরাবাদির অধ্যক্ষ ঐ রাজার ভ্রাতা অস্ত্র ধারণ করিয়া মেঙ্গ থাগিকে এইক্ষণে পদচ্যুত করিতে নিশ্চয় করিয়াছেন তাহাতে উভয় পক্ষীয়েরা স্বং পক্ষে কএক সহস্র লোক সংগ্রহ করিয়া যুদ্ধেতে রক্তপাতাদি করিতেছেন। রাজার ভ্রাতা রাজধানীর দশ পঞ্চদশ ক্রোশ উত্তরে মক্সুবো স্থানে স্বীয় প্রভুত্বের ধ্বজা উঠাইয়াছেন। কথিত আছে ঐ স্থান অতিদুর্গম এবং ঐ স্থান এমত প্রসিদ্ধ দুর্গম যে ব্রহ্মদেশীয় রাজা তাবদ্ধন লইয়া তথায় কিয়ৎকাল বাস করিয়াছিলেন কিন্তু তাহা বিশেষ প্রসিদ্ধ হওনের কারণ এই বর্ত্তমান রাজবংশ্য স্থাপক অলংপ্রার জন্মস্থান।

ঐ স্থানে রাজভ্রাতা অবস্থান করিয়া রাণী ও তাঁহার ভ্রাতাকে যুদ্ধার্থ আহ্বান করিতেছেন। উক্ত আছে তাঁহারা আপনারদের সাহায্যার্থ যে সৈন্যসংগ্রহ করিয়াছেন তাহারদের উপর তাদৃশ নির্ভর রাখিতে পারেন না অতএব বোধ হয় যুদ্ধে প্রবর্ত্ত হইবেন না। রাজভ্রাতা প্রজারদের অতিপ্রিয়পাত্র ফলে সে যথার্থও বটে। সামান্যতঃ ব্রহ্মদেশীয় প্রধানং ব্যক্তিরদের অপেক্ষা ইনি বিলক্ষণ বিচক্ষণ এবং যদ্যপি কৃতকার্য্য হন তবে ঐ রাজশাসন পূর্ব্বাপেক্ষা অনেক কোমল হইবে বিদেশীয় লোকের প্রতিও ইহাঁর অধিক স্নেহ আছে এবং ইঙ্গলণ্ডীয়েরদের বিষয়েও ঈর্ষা নাই কিন্তু বিপক্ষেরদের পক্ষে এইক্ষণে এই মঙ্গল যে রাজকীয় কোষ ও তাবৎ রাজপরাক্রম আপনারদের হস্তেই আছে তথাহইতে শেষ সম্বাদ প্রেরণ সময়ে কোন্ পক্ষে জয় হইবে তাহা কিছু নিশ্চয় হইতে পারে নাই এই বিরোধে দেশময় গণ্ডগোল হইতেছে।

কিন্তু যে পক্ষে জয় হউক অবশ্যই অনেক নির্দয়তাচরণ হইবেক। রাজ ভ্রাতা সকলকে কহিয়াছেন যে রাজবিরুদ্ধে বা সিংহাসনের প্রকৃতোত্তরাধিকারির বিপক্ষে আমার কোন বৈরিত নাই। আবাস্থ ইঙ্গলণ্ডীয়েরদের রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল বর্ণি সাহেবের প্রতি কোন পক্ষেরই কোন অনিষ্টাচরণ নাই। যদ্যপি উক্ত সাহেব সময় থাকিতে বিজ্ঞতারূপে এই বিবাদের মধ্যস্থ হন তবে দেশের মধ্যে ব্রিটিস গবর্ণমেণ্টের সম্মান বৃদ্ধি হইতে পারে।

আমার আরো এইমাত্র বক্তব্য যে কলিকাতায় যে মহাজন ও বণিকেরদের রাঙ্গুণে বাণিজ্য কার্য্য আছে তাঁহারা এইক্ষণে বোধ করিতে পারিবেন দেশের বর্ত্তমান উপদ্রবেতে ঐ স্থানে তাঁহারদের বাণিজ্য ব্যাঘাতের বৃদ্ধি হইতে পারে। অতএব এই উৎপাত শান্তি না হওনপর্য্যন্ত তথায় বাণিজ্য ব্যাপার স্থগিত রাখিতে পারেন।

কিন্তু ইহাতে ইঙ্গলণ্ড জাহাজীয় বাণিজ্যের যে কিঞ্চিৎ ব্যাঘাত হইবে এমত ভয়করণের কোন কারণ নাই। এইক্ষণে রাঙ্গুণ নগর ও তচ্চতুর্দিকস্থ প্রদেশ রাণী ও তাঁহার ভ্রাতার পক্ষীয় এক জনের অধীন আছে এবং তাঁহার ঐ নগরাধ্যক্ষতা কর্ম্ম থাকা না থাকা রাজধানীতে বিপক্ষেরদের জয় পরাজয়ের দ্বারা নিশ্চয় হইবেক কিন্তু যুদ্ধ থাকিতে উভয় পক্ষীয়েরদেরই রাঙ্গুণ শহরের বাণিজ্যের পোষকতা করিলে লাভ আছে অতএব যে পক্ষে জয় হউক ভিন্ন দেশীয় যে সকল বাণিজ্য দ্রব্য নগরে আছে তাহার কোন হানি বা বিঘ্ন হইবে না।

উক্ত প্রস্তাব লিখনের পর এমত জনরব শ্রুত হওয়া গেল রাজার দুই ভগিনী রাণী ও রাণীর ভ্রাতার দ্বারা হত্য হইয়াছেন যদ্যপি এই জনরব সত্য হয় তবে ঐ মেঙ্গথাগি আপনাকে অতিপ্রবল জ্ঞান করিয়াছেন এবং রাজভ্রাতা ও তদীয় আত্মীয় পক্ষের প্রতি অতিকঠিন ব্যাপার করণ বিষয়েও সন্দিগ্ধ নহেন।

চীন দেশ।

চীন দেশীয় ২৫ মার্চ তারিখপর্য্যন্তের সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। বাণিজ্যের তাবদ্বিষয় এমত ভরসা হীন যে তদপেক্ষা প্রায় সম্ভবিতে পারে না। এবং যে পর্য্যন্ত চীনীয় বাদশাহ আফীণ বিক্রয় ও ব্যবহারকরণে অনুমতি না দেন সেইপর্য্যন্ত ঐ অনিষ্ট দূর হইবে না কিন্তু এমত অনুমতি দেওনও অসম্ভব বোধ হইতেছে। গোপনে আফীণ বিক্রয়ার্থ লিনটিন স্থানে যে জাহাজ নিযুক্ত থাকে তাহা দগ্ধ করিতে অধ্যক্ষেরা নিশ্চয় করিয়াছিলেন। কাণ্টননগরে ইঙ্গলণ্ডীয়েরদের তাবদ্বিষয়ের তত্ত্বাবধারকস্বরূপ যে কাপ্তান শ্রীযুত এলিয়াট সাহেব নিযুক্ত হন তাঁহাকে শ্রীযুত চীনীয় বাদশাহ গ্রাহ্য করিয়াছেন কিন্তু কাণ্টনের অধ্যক্ষ ইঙ্গলণ্ডীয় অতিপ্রাচীন এক জন বাণিজ্যকারিকে তথাহইতে প্রস্থানার্থ যে হুকুম দিয়াছিলেন ঐ হুকুম অবশ্য জারী করিবেন এমত বোধ হইতেছে।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

যথাযোগ্য বন্দনাপূর্ব্বক নিবেদন মিদং। কিয়দ্দিবস হইল আপনকার অমূল্য দর্পণাবলোকনে এবং এমহানগরের অনেক ভদ্র ও বিষয়িক লোকের স্থানে ইহা জানিয়াছিলাম যে ১৮৩৩ সালের নবম আইন মতে ডেপুটি কালেকটরদিগের নিযুক্তের যে ধারা নিয়ম প্রচলিত ছিল তাহার অনেক পরিবর্ত্তন হইয়াছে অর্থাৎ লোকেল আফিসরদিগের অনুরোধসত্ত্বেও সদর বোর্ড রেবিনিউর সাহেবরা এমহানগরহইতে অন্য উপযুক্ত লোককে ঐ কর্ম্মে নিয়োগার্থে শ্রীশ্রীযুক্তের হজুর কৌন্সেলে রিপোর্ট করিতে ক্ষমতা বিশিষ্ট হইয়াছেন এবং শ্রীশ্রীযুক্তের হজুরহইতে ইহাও আদেশ হইয়াছে যে ঐ পদাভিলাষি লোকেরদিগের মধ্যে যে কেহ ইঙ্গরেজী বিদ্যায় সুশিক্ষিত হয় তাহাকেই ঐ পদ প্রদত্ত হইবেক। ইহাতে আমাদিগের অত্যন্ত সাহস ও প্রত্যাশা হইয়াছিল যে আমরা বহুদিবসাবধি অনেক পরিশ্রমে যে ইঙ্গরেজী বিদ্যাভ্যাস করিয়াছি তাহার প্রতিফল রূপ বৃক্ষের অঙ্কুর এতদ্দিবসে প্রকাশ হইবেক ও ইতি পূর্ব্বে কে

Ava.

The following account has been received regarding the disturbances at Ava in a letter from Moulmein.

"It is probable that before your receipt of this letter you will have heard of a civil war at Ava between two of the principal nobles of the country. For a long time past, the king has been incompetent to manage the affairs of the kingdom from mental derangement, and the Queen and her brother, Meng-tha-gyee, have held the reins in their own hands. With this ascendancy of Meng-tha-gyee, the king's brother has not been well pleased, and has probably felt, that being so near of kin to his Majesty, the weight of Government ought to fall chiefly on his own shoulders, until the young heir apparent shall arrive at a suitable age to assume the regency. The prince of Thayawottee, (for so the king's brother is called) has, therefore, determined to appeal to arms to force Meng-tha-gyee from his present position and authority. The two parties have collected their respective adherents in numbers to the amount of several thousands each, and blood has been shed. The prince has erected his standard at Moktsobo, about 30 or 40 miles to the northward of the capital, which is said to be a position of some strength, and is famous for having been the residence of his present Majesty, and the depot of the royal treasure for a short period, during the late Burmese war; more so, as being the birth place of Alompra the founder of the present dynasty.

Here the prince challenges the queen and her brother, to come and try the issue of a battle. The challenge, it is said, dare not be accepted, as the latter have not the fullest confidence in the forces which they have summoned to their support. The prince is popular in the kingdom, and in many respects, deservedly so. He is more enlightened than the Burmese nobility generally are, and it may confidently be expected that his success would impart to the government a milder aspect than it has heretofore worn. He has professed himself friendly to foreigners, and is less jealous of British influence than others. The other party, however, have the advantage of being already in possession of regal power and the treasury of the state. According to the latest reports, it is very doubtful in whose favour the scale of victory will turn. The country is much agitated by the question at issue.

Which ever party succeed, the question will not be decided without some specimens of severe cruelty. The prince has declared that he entertains no hostile intentions towards the king or his rightful successor to the throne. Our resident at Ava, Colonel Burney, remains unmolested. A timely and well conducted mediation may go far to impress upon the country a still greater respect for the character of the British Government.

"I will just add, that the merchants and traders at Calcutta, who have an interest in commerce with Rangoon, may imagine that present disturbances will increase the risk attendant on their speculations at that place, and so be inclined to suspend them until the disturbances shall subside.

"There is no foundation for any fears that the trade for British vessels will be interrupted. At present the town with the province attached is under the Government of an adherent to the Queen and her brother, whose continuance or downfal will depend upon the state of parties at the capital. It will be for the interest of both parties during their contest with each other to encourage and protect the trade at Rangoon, and consequently there is little reason to fear that foreign merchandize in the town, under any event will be subject to loss or depreciation.

"Since writing the foregoing I have heard a report that the two sisters of the Prince of Thayawottee and consequently of the king, have been put to death by the queen and her brother. If this report be true, it affords evidence that Meng-tha-gyee feels himself strong, and prepared to take the risk of severe measures on the Princes' relatives and friends."

China.

Accounts have been received from China, to the 25th of March. As it regards commercial matters, they are as gloomy as can well be, and no relief was expected except by an edict from the Emperor, legalizing the sale and use of the drug; this however appeared to be far distant. The Chinese authorities even thought of burning the vessel employed in smuggling at Lintin. The Emperor at Pekin had recognized Captain Elliot as Superintendent of the British affairs, but the order issued by the Governor of Canton, for the departure of some of the oldest British merchants there, it was feared would be most strictly enforced.

Correspondence.

DEPUTY COLLECTOR OF BULDAKHAL.

To the Editor of the Durpun.

Some little time ago I learnt from reading the Durpun, and from conversing with respectable men in this town, that the rules ordained by the ninth Regulation of 1833 for the appointment of Deputy Collectors, have been considerably changed, that is to say, that notwithstanding the recommendations of local officers, the Sudder Board of Revenue have been authorized to recommend to the Governor General for those appointments, other individuals of this town who may appear to be worthy; and that it has moreover been ordered by the Governor General, that among the candidates for this office, those who are acquainted with English, shall obtain a preference. We were therefore filled with hope and joy under the idea, that our long continued labours for the acquisition of English were at length likely to meet with their reward, and that the former system under which those who

হল বাঙ্গলা মাত্র কেহ বা পারসির দোঁহাও গোলেস্তাঁ পড়িয়া যে এউচ্চ পদাভিষিক্ত হইয়াছেন এমত আর কদাচ হইতে পারিবেক না যেহেতুক এই কলিকাতা নগরে ও অন্যান্য স্থানে অনেক বাঙ্গালি ও ইষ্টইণ্ডিয়েন লোকেরা ইঙ্গরেজী বিদ্যায় ও স্বদেশীয় ভাষায় বিলক্ষণ পারগ ও রাজকর্ম্মোপযুক্ততাসত্ত্বেও নিষ্কর্ম্মা স্থিত আছেন কেহ বা কোনং সাধারণ কর্ম্মোপলক্ষে এস্থানে ও জিলাতে দিনপাত করিতেছেন তাহাতে নিতান্ত ভরসা ছিল যে এইক্ষণে কোন স্থানে ডেপুটি কালেকটরীর সোপান হইলে শ্রীশ্রীযুক্তের নব কল্পানুসারে ইহাঁরাই তৎকর্ম্মে গৃহীত হইবেন। কিন্তু সংপ্রতি কোন স্থানে ইহার যে বিপর্য্যয় উপস্থিত তদ্বিবরণ কিঞ্চিৎ শ্রীশ্রীযুক্তের ও সাহেবান সদর বোর্ডের সুবিদিতার্থে অধোভাগে লিখিতেছি।

পূর্ব্ব অঞ্চলে জিলা ত্রিপুরার মধ্যে বরদাখাল নামে যে এক প্রসিদ্ধ পরগনা সরকারে খরিদ হইয়াছে তাহাতে সংপ্রতি তাহার এক জন ডেপুটি কালেকটর নিযুক্ত করিতে সদর বোর্ডের সাহেবানের অনুমতি আসিবাতে ঐ মহালের কর্ম্মকর্ত্তা সাহেব এই কর্ম্মে তিন ব্যক্তিকে মনোনীত করিয়া শ্রীযুক্ত কমিস্যনর সাহেবের নিকট রিপোর্ট করেন। তাহার প্রথম ব্যক্তি পারসিতে অবশ্য অত্যুপযুক্ত দ্বিতীয় ব্যক্তি বাঙ্গলা ও পারসির নামমাত্র জানেন তৃতীয় ব্যক্তি ইণ্ডিয়েন ও ইঙ্গরেজীতে ইংরেজের তুল্য বিদ্বান এবং বাঙ্গলা বিদ্যায়ও পরিপক্ক বিশেষতঃ রেবিনিউমহালের কর্ম্মে দশ বৎসরের অধিক নিযুক্ত থাকিয়া তদ্বিষয়ে তিনি এমত কৃতকর্ম্মা যে ঐ অঞ্চলে এমত লোক রেবিনিউ কর্ম্মের নিমিত্তে দুর্লভ। তাহাতে ইহা নিতান্ত খেদের বিষয় যে শ্রীযুক্ত কমিস্যনর সাহেব তাঁহার প্রতি দৃষ্টিপাত না করিয়া দ্বিতীয় নম্বরে যে ব্যক্তির নামাঙ্কিত হইয়াছে তাহার পক্ষেই সাপক্ষ হইয়া সদর বোর্ডের সাহেবানের হজুরে অনুরোধ করিয়াছেন ইহাতে সংপ্রতি গবর্ণমেণ্টের যে অভিপ্রায় ও অনুমতি প্রকাশ হইয়াছে ইহারই কেবল অন্যথা হইতেছে এমত নহে বরং ঐ অনুমতি প্রকাশ হইবাতে যে সকল উপযুক্ত ও বিষয়ি লোকের মহৎ উৎসাহ হইয়াছিল তাহাও এককালে ভগ্ন প্রায় হইতেছে। কমিস্যনর সাহেব যে দ্বিতীয় ব্যক্তির প্রতি এমত সদয় ইহার কারণ কেবল মফঃসলের কর্ম্ম কর্ত্তা সাহেব ঐ পরগনার তাবৎ রাইয়তের নাম ও অন্যান্য বিষয় তিনি জ্ঞাত থাকিবার বিষয়ে যে এক সুদীর্ঘ টীপ্পনী লিখিয়াছেন তাহাতেই বোধ হইতেছে ঐ ব্যক্তির আন্তরিক ও বাহ্যিক গুণ যদ্যপি সাহেবেরা অবগত থাকিতেন কি অনুসন্ধান করিতেন তবে বোধ করি যে তাঁহারা তাহাকে এমত মহৎ পদে নিযুক্ত করিতে কদাচ উদ্যোগী হইতেন না। সে যে হউক এই ব্যক্তি বহুদিবসাবধি মফঃসলের কর্ম্মকর্ত্তা সাহেবের নিজের কর্ম্মে থাকিয়া সরকারের কোন কর্ম্মোপলক্ষব্যতীত স্বচ্ছন্দে সরকারি তাবৎ কর্ম্ম আপন ইচ্ছানুসারে করিতেছে। ইহা সন ১৭৯৩ সালের ২ আইনের ১০ ধারার বিরুদ্ধ ও ঐ ধারা প্রচলিত সত্ত্বে এই ব্যক্তি ঐ সাহেবকর্ত্তৃক সরকারি কর্ম্মে নিযুক্ত হইতে পারে কি না। ইহা সম্পাদক ও পাঠক মহাশয়েরা বিবেচনা করিবেন।

এই ব্যক্তির বিষয়ে আমার আরো কিছু বক্তব্য আছে অর্থাৎ আমি শুনিয়াছি যে সন ১৮১৪ সালের ২১ আইন ও ১৮২৩ সালের ৭ আইনমতে ঋণ গ্রস্ততার বিষয়ে সকল নিয়ম ইউরোপীয় সাহেবদিগের জন্যে নির্দ্ধার্য্য আছে। তাহা সংপ্রতিকার গবর্ণমেণ্টের এক রিজোলিউশন মতে ১১৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটি কালেকটরদিগের প্রতিও বিস্তীর্ণ হইয়াছে। তাহাতে ইনি ঐ পরগনার পূর্ব্ব জমিদারের নিকট ২৫ হাজার টাকা ও ঐ পরগনার কোনং স্থানের ইজারাদার এক জন ইউরোপীয় সাহেবের নিকট ১৫।১৬ হাজার টাকার দায়গ্রস্ত আছেন ও তাহার ডিক্রীও হইয়াছে শীঘ্র তাহা জারী হইবের সম্ভাবনা। ভিন্ন ঐ পরগনা ও জিলায় অন্যান্য লোকেরদিগের স্থানে তদ্রূপ মুদ্রার বাকিক আছেন বিশেষতঃ তেঁহ ঐ পরগনার কিয়দংশের পূর্ব্বে জমিদার ছিলেন তাহা সরকারে খাস হইয়াছে অদ্যাবধি বিংশতি সহস্রের ও অধিক মুদ্রা তাঁহার ও তাঁহার অংশিদিগের স্থানে সরকারের পাওনা আছে ও ঐ জমিদারীর শামিল এইক্ষণেও তাঁহার অনেক নিষ্কর তালুক আছে ও তন্মধ্যে তাঁহার বসতি এবং ইঙ্গরেজী বিদ্যার বিষয়ে শ্রীশ্রীযুক্তের যে অভিপ্রায় তাহাতে তেঁহ একেবারে অনভিজ্ঞ অতএব এই সকল আপত্তিতে উপস্থিত কর্ম্মে নিযুক্ত হইতে তেঁহ উপযুক্ত কিনা অবশ্য [illegible] সদর বোর্ডের ও শ্রীশ্রীযুক্তের হুজুরে সুবিদিত হইবেক। সম্পাদক মহাশয় আপনি অনুগ্রহপূর্ব্বক এই লিপিখানি সংশোধিত মতে আপনকার অমূল্য দর্পণের [illegible] স্থান দানে পরমোপকৃত করিবেন।

কস্যচিৎ কলিকাতানিবাসি
জ্যোতির্ব্বিদঃ।

---

are acquainted simply with Bengalee or Persian, obtained these valuable appointments, would now be done away with. We had seen that both in Calcutta and in the Mofussil there were many natives and East Indians well acquainted with Bengalee and with the native languages, and extremely fit for the public service, who were without employment, and many of this class who, in the hope of obtaining situations, lived by their wits. It was therefore hoped, after the office of Deputy Collector had been established, and especially after the wishes of the Governor General had been made known, that they would have obtained some of those situations. How those expectations have been in some places disappointed, I proceed now to describe for the information of the Governor General and of the gentlemen of the Sudder Board.

In the Zillah of Tipperah to the Eastward, Government have recently purchased the great Purgunnah of Buldakhal. The Board of Revenue having recently sanctioned the appointment of a Deputy Collector for this Pergunnah, the officer in charge of it nominated three persons for the office to the Commissioner. The first of them was well acquainted with Persian, the second knew nothing of Persian or Bengalee; the third was acquainted with the native languages and knew English almost as well as an Englishman. He had also been employed for more than ten years, and was so completely acquainted with business that another individual fit like him for a revenue appointment could not be found; but it is matter of great sorrow that the Commissioner, instead of looking favourably upon him, recommended the second individual to the Board of Revenue, and thus not only were the recently published intentions of Government superseded, but the hopes and confidence of all who are fit for such appointments, was destroyed. The only reason which appears for the Commissioner's having selected the second individual was his having drawn up a long list of the ryuts and long remarks connected with the estate. If he had been acquainted with his natural or his relative virtues, or had made any attempts to ascertain them, he would not have appointed such a man to so responsible an office. Be that as it may; this man has for a long time been in the private service of gentlemen in the Mofussil, and thus without any ostensible public employment, has been enabled to control the management of public business. Is this not contrary to Section 10, Reg. II. of 1793, and while that regulation is in force, are the officers of Government at liberty to give such a man an employment? Let the Editor and the reader judge for themselves.

I have a little more to say regarding this individual. I have heard that Regulation XXI. of 1814 and Regulation VII. of 1823, which refer to individuals overwhelmed with debt, were passed in reference to the European officers of Government, but that by a recent order of Government those provisions have been extended to the Deputy Collectors appointed by Reg. IX. of 1833. Now this individual is indebted to the former Zemindar 25,000 Rs. and 15 or 16,000 Rs. to the European Izardar of a part of the estate; these sums have already been decreed and the decree is likely to be very soon executed. In addition to these sums he is indebted to other individuals in the Pergunnah and the Zillah. In fact he was formerly a Zemindar of part of the Pergunnah, which having been taken into the hands of Government, there is still a balance against him and the other shareholders of more than 20,000 Rs. He has also till the present time certain Sikmee Talooks in that Zemindaree and he also resides in it. The qualification of English which the Governor General wishes the native officers to have, he does not possess. While all these objections exist, the appointment of such an individual to this post, will attract the notice of the Governor General and the Board. You will greatly oblige me by publishing these few lines in the Durpun.

A Calcutta Astrologer.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

বিনয়পূর্ব্বকনিবেদনমিদং [illegible] বিশেষ অত্র উক্ত নিম্নলিখিত কএক পংক্তি মহাশয়ের অমূল্য দর্পণে স্থান দান প্রদান করিবেন। পরন্তু এই বৎসর ইস্তক আশ্বিন এনাগাইদ দেবতার অকৃপায় অনাবৃষ্টি হওয়াতে প্রজালোক ক্লেশযুক্ত আছে এবং শস্যহীন হওয়াতে সর্ব্বদা হাহাকারধ্বনি। অধিক এই পাবনা ও লালগড়িয়া ইস্তক অগ্রহায়ণ এপর্য্যন্ত প্রায় প্রত্যহ সুতরাং হইয়া গ্রাম ছারখার হইয়া গেল বরং একবারে গৃহ দগ্ধ হইয়া পুনর্ব্বার যেই নূতন ঘর হইয়াছিল তাহাও জ্বলিয়া গিয়াছে এবং যাইতেছে এই আশঙ্কায় পুনরায় ঘর উঠাইতেছে না। প্রজালোক আহার নিদ্রা ত্যাগ করিয়া সর্ব্বদা আপনং পরিবার ও জিনিস রক্ষার্থে নিযুক্ত আছে এনাগাইত ন্যূন সংখ্যায় ১২০০ ঘর জ্বলিয়া গিয়াছে বিশেষ জেলখানায় অগ্নি লাগিয়া জ্বলিয়া গিয়াছে যে সময়ে জেলখানায় অগ্নি উঠে সে সময়ে ৩০০ জন কএদী জেলখানায় ছিল এ জিলার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত টোরেন্স ও তাঁহার আসিষ্টান্ট শ্রীযুত টরম্বেল সাহেব জেলখানার মধ্যে যাইয়া প্রবল অগ্নি নির্ব্বাণের নানাপ্রকার চেষ্টা করিলেন কিন্তু অগ্নি অত্যন্ত প্রজ্বলিত হওয়াতে সে চেষ্টা বিফল হইল। পরে উক্ত শ্রীযুতরা নানা পরিশ্রমে কএদীরদিগকে বাহির করিয়া মুক্ত করিলেন কাহারো প্রাণের হানি কিম্বা অঙ্গ খণ্ড কোন হয় নাই এইপ্রকার সকল গ্রামের মধ্যে যেখানে অগ্নি লাগে তৎক্ষণাৎ উক্ত শ্রীযুতেরা তথায় গমন করিয়া নানাপ্রকার উদ্যোগ করিয়াছেন। ইহাতে এক জন প্রাণ হানিও হয় নাই। কিন্তু এতদঞ্চলে যে প্রকার লোকের বসতি এবং রাস্তা ছিল ইহাতে কেবল শ্রীযুতেরদিগের যত্নেতেই কাহারো প্রাণ হানি হয় নাই। এই প্রদেশস্থ শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের মানস যে নূতনং একং রাস্তা ও পুষ্করিণী দেন তাহাতে প্রজারা বিলক্ষণ রাজী। যেহেতুক উক্ত শ্রীযুতের কৃপায় যে ছোটং দুইটি সড়ক হইয়াছিল ৩০ চৈত্রের ১০ ঘণ্টার সময়ে যে অগ্নি লাগে তাহাতে ঐ সড়ক থাকাপ্রযুক্ত অনেক গরীব লোকের ধন প্রাণ রক্ষা পাইয়াছে। এইক্ষণে প্রজালোক এমত ভীত হইয়াছে যে পুনরায় ঘর উঠাইলেই জ্বলিয়া যাইবেক যেহেতুক এখানকার বসতি চালেং তাহাতে রাস্তাহীন এবং নদী অতিঅন্তর সুতরাং তাবৎ প্রজা ঘর উঠাইলে পুনরায় জ্বলিয়া যাইবেক ইহাতে প্রজালোক যে কিপর্য্যন্ত দুঃখ পাইতেছে তাহা লিখনাসাধ্য। উক্ত দয়ালু মাজিষ্ট্রেট সাহেব প্রজার সম্মতিক্রমে যদ্যপি একং সড়ক ও পুষ্করিণী দেওয়ার চেষ্টায় ছিলেন কিন্তু এই গ্রামের জমিদার আপন লোকশান বলিয়া নানা প্রকার প্রতিবাদী হইতেছেন একারণ শ্রীযুক্তের মনোযোগের খর্ব্বতা প্রকাশ। ইহাতে প্রজালোক অন্যত্র যাইতে উদ্যত। সম্পাদক মহাশয় এখানকার দুঃখনিবারণার্থ ধর্ম্মাবতার শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যদ্যপি

PUBNA.

To the Editor of the Durpun.

I beg you to give insertion to the following few lines in the Durpun. From the month of Assin this year to the present time, through the unkindness of the gods, the people have been tormented by drought, and through the deficiency of the harvest are bewailing their condition. More particularly in Pubna and Lalgaria, from the month of Ugrahun to this time, there have been almost daily fires and the town is nearly extinguished. The houses which had been erected newly in lieu of those which were burnt, have been again destroyed by fire, and hence the people are almost afraid to rebuild them. The people have scarcely time for food or sleep for their exertions in watching over their families and properties; 1200 houses have certainly, to this time, been burnt down. The jail has just been consumed; when the fire broke out there were 300 prisoners in confinement. The acting Magistrate, Mr Torrens, and his assistant Mr. Turnbull, went into the jail and made great exertions to extinguish the fire, but its violence defeated their efforts. Those gentlemen then made every exertion to extricate the prisoners, and happily no lives were lost and no great distress suffered. In this manner do these gentlemen proceed to any spot where a fire may break out and exert themselves to extinguish it, and thus not one individual has perished in the flames. Considering the thickness of the habitations and the state of the roads in this town, the preservation of lives is attributed entirely to them. It is the desire of the Magistrate to open new roads and dig tanks; and the people are extremely pleased with it, because in consequence of the new road which he had opened, both property and life were preserved in the fire which broke out at 10 o'clock on the 30th Choitra. The people are now so terrified that they dread to erect new houses for fear of their being burnt down. Almost all the houses are thatched, and there are few roads, and the river at a great distance. Hence the dread of the people to rebuild their houses and the great distress under which they labour. Our Magistrate had projected the construction of roads and tanks to the great joy of the people, but the Zemindar fearing that he should lose a little, opposed the plan and defeated the benevolent intentions of the Magistrate. And on this account the people are ready to remove their dwellings to some other place. Mr. Editor

কিঞ্চিৎ কৃপা প্রকাশ না করেন তবে সহসু২ লোক পৈতৃকস্থান পরিত্যাগী হয়। অতএব তিনি হুকুম জাদের করেন যে এই নগরের মধ্যে একং রাস্তা ও পুষ্করিণী কয়েদিরদিগের দ্বারা তৈয়ার হয় ও প্রজার বসতি কিঞ্চিৎ অন্তরং হয় এবং দুইটা দমকল এ জিলায় প্রেরণ করেন। ইহা হইলে সহসুং দরিদ্র প্রজারা দুঃখসাগরহইতে মুক্ত হইয়া আশীর্ব্বাদে নিযুক্ত থাকে। সম্পাদক মহাশয় এইপ্রকার যোকাম বোয়ালিয়া জ্বলিয়া যাওয়াতে তথাকার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব নানা স্থানে রাস্তা ও পুষ্করিণী দিতেছেন ইহাতে তত্রস্থ প্রজারদিগের দুঃখ নিবারণ হইয়াছে নিবেদন ইতি তাং ৫ বৈশাখ সন ১২৪৪ সাল।

কেষাঞ্চিৎ পাবনার দর্পণপাঠকস্য

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিনয়পূর্ব্বক নিবেদনমিদং। সংপ্রতি প্রায় ৮। ৯ মাস হইল হুগলিতে আসিয়া দেখিতেছি যে এই পাঠশালে পাঠার্থি ঘটিত যত নিয়ম হইয়াছে তাহা প্রশংসনীয় সকলই। কিন্তু সংপ্রতি এই কালেজের প্রধান কর্ম্মকর্ত্তা মহাশয়দিগের প্রার্থনানুসারে সাধারণের বিদ্যার্থি শ্রীযুক্ত কমিটির সাহেবান ছাত্রগণের ক্লেশ বারণার্থে সুগম বিবেচনা করিয়া যে এক নিয়ম করিয়াছেন তাহা উঁহারদের ঈদৃশ দুঃখদ ও অনিবার্য্য হইয়াছে যে তাহা অনির্ব্বচনীয় অর্থাৎ গ্রীষ্মের প্রাদুর্ভাব ও রৌদ্রের প্রচণ্ডতাপ্রযুক্ত সাতটার সময় স্কুল খোলা যাইতেছে ও দুই প্রহর একটার সময়ে বন্দ হইতেছে এই নিয়ম আগষ্ট মাসের শেষপর্য্যন্ত থাকিবেক সুতরাং ইহাতে উঁহারদের যে কষ্ট হইতেছে তাহা স্পষ্ট নিবেদন করিতেছি। প্রথমতঃ ইহা অবৈতনিক বিদ্যালয়প্রযুক্ত অনেক যোত্রহীন ও ভদ্র লোকের বালকেরা যাহারা প্রায় এক দেড় ক্রোশ অন্তরহইতে আইসে তাহারদের অন্ততঃ এক ঘণ্টা পূর্ব্বে বাটী হইতে না বাহির হইলে তথায় পঁহুছন ভার সুতরাং আহারের ব্যাঘাত। কেন না ছয়টার সময়ে বাটীহইতে বাহির হইতে হইলে ইহার পূর্ব্বে আহার হইবার সম্ভাবনা কি তবে উঁহারদের নক্তব্রত অর্থাৎ মোসলমানেরদের রোজার ন্যায় দিবসে অনাহার ও রাত্রে ভোজন না করিলে পড়া হইল না। যদি কহেন যে ছুটির পর গিয়া আহারাদি করার বাধা কি। উত্তর তাদৃশ কোন বাধা নাই কিন্তু এমত অত্যন্ত প্রত্যূষে বা যথা কালের আহারের সহকারে দিনং দুই তিন ক্রোশপথ পর্য্যটন করিয়া অধ্যয়ন করা দুরস্থ দীন ও ভদ্র সন্তানদিগের অসাধ্য। দ্বিতীয় যখন ছুটির সময় নির্ণয় করিয়াছেন তখন রৌদ্রের যে কিপর্য্যন্ত প্রচণ্ডতা তাহা বর্ণনাতিরিক্ত। ইহাতে কেবল দুরস্থ সমস্ত গরিব দুঃখি লোকের সন্তানেরাই মারা পড়িবে। যেহেতুক গত বুধবারে আমি কোন কার্য্যান্তরে স্থানান্তরে গিয়াছিলাম প্রত্যাগমনকালে অর্থাৎ কিঞ্চিন্ন্যূন বেলা দুই প্রহর দুই ঘন্টার সময়ে দেখিলাম যে একটি বালক অনাহারে ও রৌদ্রে শ্রান্ত ও ক্লান্ত হইয়া পথিমধ্যস্থ দোকানে কিঞ্চিজ্জলপান করিয়া মৃতের ন্যায় পড়িয়া আছে পরে নানা উপায়ান্তর দ্বারা অর্দ্ধ ঘণ্টার পর ঐ বালক চৈতন্য পাইল। অতএব ইহা ছাত্রদিগের পক্ষে সুগম বা সুখদ নহে এমত স্বীকার করা অসাধ্য বরং কতিপয় শিক্ষক মহাশয়দিগের পক্ষে উত্তম এমত স্বীকার্য্য বটে। আমি এই নিয়ম হওনাবধি এক জন বালককেও আহ্লাদিত দেখিলাম না বিজ্ঞবর প্রিণসিপেল শ্রীযুত ডাক্তর ওয়াইস সাহেব ইহা তদারক করিলেই জানিতে পারিবেন। তবে সম্পাদক মহাশয় এতদ্বিষয়ে অস্মদাদির প্রার্থনা ও ছাত্রদিগের মানস যদ্দ্বারা উভয় দিক রক্ষা পাইতে পারে এই যে ৭ সাতটার সময় স্কুল না খুলিয়া বরং আরও এক ঘণ্টা পূর্ব্বে অর্থাৎ ৬ টার সময় খোলা যায় ও ১১ টার কালে বন্দ হয়। যদি কহেন ইহাতে সময়ের অল্পতা হয় উত্তর হয় বটে কিন্তু যদি দয়াবান সাহেবান আলিসানের অশেষ ক্লেশান্বিত দুরস্থ ছাত্রদিগের দুর্দ্দশাই দূর করা কর্ত্তব্য হয় তবে দয়া প্রকাশ করিয়া অল্পকাল অর্থাৎ তিন মাসের নিমিত্তে মাত্র এই নিয়ম করিয়া পরমযশস্বী হন নচেৎ পূর্ব্ব নিয়ম যাহা উঁহারদের পক্ষে অভিনব নিয়মাপেক্ষা অনেক উত্তম পুনস্থাপন করিয়া প্রচুর হিত করত চিরবাধিত করেন। এইক্ষণে আমার আর অধিক লেখা অনাবশ্যক যদ্ধেতুক এতন্নগরস্থ কোন বিশিষ্ট পাঠক মহাশয় অবশ্যই এতদ্বিষয়ের হিতাহিত বিবরণ বিজ্ঞাপন করিতে মৌনাবলম্বন করিবেন না এমত অপেক্ষা আছে। সম্পাদক মহাশয় সাধারণের হিতার্থে এই কতিপয় পংক্তি অস্য লাবদর্পণাম্বররাজে ঝটিতি স্থান দান করিয়া সানন্দ করিবেন।

লিপিরিয়ংবৈশাখস্য সপ্তদশ দিনজা চুঁচুড়া। কস্যচিৎ তীর্থযাত্রিণঃ।

unless the Governor General exercise his benevolence to relieve the distress of the people here, thousands will be obliged to quit their paternal homestead. We pray him to pass an order, that roads and tanks shall positively be constructed in this town by means of the convicts, and that the new houses may be built in some distance from each other. We pray him also to send us some fire engines. By such exertions thousands will be delivered from a sea of trouble and call down blessings on his head. Mr. Editor, such fires having broke out at Bauleah, the Magistrate has set himself to the construction of roads and tanks which has greatly alleviated the distress of the people. *5th Bysack, 1244.*

A Reader of the Durpun residing at Pubna.

Hooghly College.

To the Editor of the Durpun

I have now been residing for eight or nine months in the town of Hooghly, and I perceive that all the arrangements which have been made respecting its College, are praiseworthy; but the rule which the General Committee have just passed at the recommendation of the heads of the Institution, with the view of removing the inconvenience of the students is so grievous and insupportable, that I can scarcely describe it. In consequence of the excessive heat of the season, they have ordered that the schools shall be opened at seven o'clock in the morning, and be closed at one in the day, and that this rule will continue to the month of August. I will explain how grievously this affects the scholars. The College being gratuitous, many children of respectable but poor families resort to it from a distance of two or three miles. They must leave home an hour before the College opens, else they can scarcely reach it. Hence they can take no meal in the morning, for what food can be prepared for those who are to leave home at sun-rise. They must continue to fast like *Moosulmans*, and to carry on their studies must remain without food in the day and eat at night. If you enquire, what obstacle there is to eating when they return home. I reply there perhaps is no such objection, but it is utterly impossible for the children of respectable men who reside at a distance and who have five or six miles to walk without food to continue at their studies. *Secondly.* At the period fixed for dismissing the College, the sun is so powerful, that I can scarcely describe it; but it must most grievously afflict the poor children who reside at a distance. Last Wednesday I went abroad on some occasion, and on my return at 2 o'clock in the afternoon I saw a poor boy oppressed with fasting and heat, partake of a morsel of food at a shop in the road and lie down exhausted. With great exertions we succeeded in half an hour in bringing him into life. This rule therefore cannot be advantageous for the children, however beneficial it may be to the instructors. From the time the rule has been established, I have not seen a happy face among the boys, and if our worthy principal, Dr. Wise, would look into the matter, he would see that I am correct. Mr. Editor, our prayers and wishes for the students are for some rule which may suit the convenience of both parties, which is that the school may open at 6 instead of 7 in the morning and close at eleven. If you say that this will reduce the hours of study; I acknowledge that it will; but if the benevolent heads of the College consider it right to remove the inconvenience under which the poor children labour who reside at a distance, let them make this rule for only three months, otherwise let the old rule be established which they all consider as preferable to the new one, and thus they will lay the students under great obligation. I need not write more because doubtless some of the most respectable students of the town will take up this subject and give us their thoughts upon it. Such at least is my hope. I have written this paper, Mr. Editor, and I hope therefore you will give it speedy insertion in the Durpun.

A Pilgrim.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু

নীচে লিখিতব্য বিষয় সর্ব্বসাধারণ মহাশয়েরদের না জানানো অতিশয় অকর্ত্তব্য ইহা অনুমান করিয়া সর্ব্বজনের বিজ্ঞাপনার্থে ঐ বিষয়ের কএক পংক্তি লিখিলাম বরং ভরসা করি আমারদিগের সদ্বিবেচক শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব নিজ সরহদ্দের মধ্যে এমত চুরি শুনিয়া নিশ্চিন্ত থাকিবেন না।

ডাকের পানসির দাঁড়ি মাঝি লোকেরা মাহেশের বাগানহইতে এক মান্য ইংরাজের বৃহৎ একটা চকর কাষ্ঠ চুরি করিয়া লইয়া আমারদের পুরাতন বান্ধা ঘাটের সন্নিকটে লুকাইয়াছিল এইক্ষণে এমত শুনিতে পাই যে তাহারা ঐ কাষ্ঠ শ্রীঈশ্বরচন্দ্র মণির ছোট ভ্রাতাকে বিক্রয় করিয়াছে ইহা সম্ভব বটে। কারণ ঈশ্বরচন্দ্রমণি ডাকঘরের সরকার এবং ঐ দাঁড়ি মাঝিরদের কর্ত্তা। যেহেতুক তাঁহার জ্যেষ্ঠভ্রাতারামনারায়ণ মণি ঐ আফীসের কর্ত্তা। সম্পাদক মহাশয় আপনি মান্য জ্ঞানী এবং বহুদর্শী অতএব এই স্থানে বিবেচনা করিবেন যে কর্ত্তা ঈশ্বরচন্দ্র মণির হুকুমে কি স্ব ইচ্ছায় ডাকের পান্সির লোকেরা এই সাহসিক চুরি করিয়াছে আমরা উত্তমং লোকের স্থানে অবগত হইয়াছি যে তিনি এ বিষয়ের মূল যে হউক ঐ সাহেব যাঁহার কাষ্ঠ এমতে চুরি গিয়াছে চোরেরদের ধরণার্থ অনেক চেষ্টাকরত সফল হইল কারণ গোয়েন্দার দ্বারা সমস্ত জ্ঞাত হইয়া সময় মাফিক নিজ লোক প্রেরণপূর্ব্বক ঐ চোরা কাষ্ঠ ক্রয়কারককে গ্রেপ্তার করিয়া বৈদ্যবাটীর দারোগার নিকটে পাঠাইয়াছেন দুই তিন দিবস হইল ঐ দারোগা চুরির বিষয় তদারক করিতে এখানে আসিয়াছিলেন আমরা শ্রবণে অতিশয় আহ্লাদিত হইলাম যে ভুরিং চোরেরা এপর্য্যন্ত গ্রেপ্তার হয় নাই আমারদিগের এপত্র পাঠাইবার প্রয়োজন এই যে দুষ্ট লোকেরা সমুচিত দণ্ড পায় এবং কোন মতে আমলা লোকেরদিগকে ঘুস খাওয়াইয়া পার না পায়।

কোণনগর।

To the Editor of the Durpun.

SIR,—Thinking it base and unmanly to be silent regarding the following fact, we take the liberty to communicate it to the public, hoping at the same time, our just and benevolent magistrate will lose no time to take notice of it as it is committed within his own jurisdiction.

The post office boatmen having recently stolen a large timber belonging to an English resident at Muhesh, concealed it for a few days under water near our old Banda ghat. Now they have sold it, as it is called, to the younger brother of Issur Chunder Monee, a sirkar of the post office appointed to preside over them by his eldest brother Ramnarayan Monee, the head writer of that office. Mr. Editor, as you are a wise man and possessed of sound judgment, you will not fail to judge by the above alluded circumstance, whether the above Issur Chunder was accessary to this robbery or not. We have been told by good authority, that he was the chief instrument of it. The English gentleman, whose timber was thus lost, exerted every means to discover the robbery, and was at last successful. Being acquainted with all the particulars by some informers, he instituted a diligent search and has at length seized the purchaser of the stolen article. This man is now under the custody of the daroga of Buddybatty, who came here the day before yesterday for the purpose of making an investigation into the robbery. But we regret to say, that the principle robbers are not yet apprehended. Our object for writing this letter is, to prevent the villain from settling the matter without the knowledge of our Magistrate by means of bribes.

Kunnagur, 8th Byshak.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	।৹	।৹	ঐ
৩ ক্লাস	৩ৢ৹	।৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥৹	১৪॥৹	ঐ
৪ টাকার লোন	২	২।৹	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0 2	0 6		
2d. Class,	0 ½	0 4		
3d. Class,	3 12	4 0		
Middle 5 per cent loan,	0 0	0 0		
New 5 per Cent,	13 8	14 8		
4 per Cent loan,	2 4	2 0	Disct.	

Bank Shares.

Bank of Bengal .... Co's. Rs. 1800—1900.

সমাচার দর্পণ

১১৩৯ সংখ্যা। বালম ১৯।] ১৩ মে ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১ জ্যৈষ্ঠ। SATURDAY, MAY 13TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1139. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO.

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 *Co.'s Rs.*

Applications for the above to be made at the Serampore Press, and also at the Church Mission Press, Calcutta.

ইশতেহার।

যে মোকদ্দমায় রাজচন্দ্র দাস ফরিয়াদী ও গোপীমোহন দাসপ্রভৃতি আসামী গত ৫ সেপ্তেম্বর তারিখে ঐ মোকদ্দমার যে ডিক্রী হয় ঐ ডিক্রী অনুসারে কলিকাতার সুপ্রিম কোর্টের শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে আগামি জুন মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর ও দুই প্রহর দুই ঘণ্টার মধ্যে পবলিকসেলে অর্থাৎ নীলামে নীচে লিখিতব্য বিষয় নিতান্তই বিক্রয় হইবে।

লাট নং। ১ কলিকাতার রাণীমুদীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী নং ১৩ অর্থাৎ যে বাটী এইক্ষণে ফাষ্টর চাকমেন কোম্পানির কুঠী হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং। ২ কলিকাতার শহরতলি খিদিরপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬০/॥০ ষাটি বিঘা আট ছটাক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কুলিবাজারের পুরাণ রাস্তা দক্ষিণ দিগে মুচিখোলার নূতন রাস্তা পশ্চিম দিগে রাধামাধব বাঁড়ুয্যের ভূমি পূর্ব্ব দিগে মতি ঝিল ভূমি।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর সাহেবের আপীসে অথবা ফরিয়াদীয়ানের উকীল শ্রীযুত জি হিগিন্স সাহেবের নিকটে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আপীস

১৪ আপ্রিল ১৮৩৭।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

ফরিয়াদী বহুরাণী শ্রীমতী জয়মণি দাসী এবং বহুরাণী শ্রীমতী শিবসুন্দরী দাসী ও অন্যেরা এবং পুনর্ব্বিবেচিত মোকদ্দমা।

সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত মোকদ্দমার গত ২৮ মার্চ তারিখে যে ডিক্রী হয় তদনুসারে ৺ প্রাপ্ত রাজা শিবচন্দ্র রায়ের মহাজন ও উত্তরাধিকারিরদের প্রতি এই আজ্ঞা হইল যে তাঁহারা সকলই আপনারদের কর্জ্জ ও আপনারদের

ইশতেহার।

প্রতি দত্ত বিষয়ের প্রমাণ ও সাব্যস্তকরণার্থ আগামি ১ জুন তারিখে বা তাহার পূর্ব্বে তাঁহারা সকলই সুপ্রিম কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে উপস্থিত হন এবং যদ্যপি তাঁহারা ঐ তারিখে বা ঐ তারিখের পূর্ব্বে উপস্থিত না হন তবে উক্ত ডিক্রীক্রমে তাঁহারদের যে ইষ্টসিদ্ধ হইত তাহা হইবে না।

A DOBBS, *Master*.

কলিকাতা সুপ্রিম কোর্ট।

মাষ্টর আপীস ২৬ আপ্রিল ১৮৩৭।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ৮ মে সোমবার কলিকাতা শহরে শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়ার্টর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর টাক্সের ফেরফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ২০ মে শনিবার বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। আগামি ২৭ মে শনিবারের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থ সেসন অর্থাৎ মিসিল শেষোক্ত তারিখ বেলা ১১ ঘণ্টাপর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস আপীসে মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবার ব্যতিরিক্ত অন্য বারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাস হওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেকটরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গলা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা তিনি যে দিয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেকটর দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দ্বারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মুক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিক কালে নহে।

In the district of Agra a Proclamation on the subject has been issued by the Local Authorities Messrs. Blunt and Mansel, which describes the contagious nature of the disease and the necessity of avoiding contact with diseased persons. From the same document we are instructed that a Cordon, composed of drafts from the Police and other public establishments stationed in every village with a Patrol of a Jumadar and Suwar placed at intervals of 5 kos, has been formed, commencing at the frontier of the Muttra district running through Futtehpore, Khera Gurh, Jajhow, Udalut Nugger, Futteabad, and terminating at the edge of the Etawah district, on the banks of the Chumbul. Two passages have been left open in the line, the great western road of Futtehpore and that of Jajhow leading from Dholpore and Gwalior. At these two points Lazarettos have been established, each consisting of two compartments, one for persons and the other for goods, where a quarantine of twenty days duration is to be performed—a period considered for the present, sufficient for all the purposes of purification. Subsidiary arrangements for the reception and treatment of passengers and goods, are likewise explained. The whole Cordon is under the general superintendence of the gentlemen employed on the Customs Preventive Line with which it is coincident, and subordinate Medical European Officers, have been ordered out to both quarantine stations.—*Agra Ukh.*

লৌহময় বাষ্পীয় জাহাজ।

২৬ আপ্রিল তারিখে যে লৌহময় বাষ্পীয় জাহাজ ও আকৃষ্ট জাহাজ সংপ্রতি গাজিপুরহইতে আলাহাবাদে প্রস্থিত হয় ঐ জাহাজ এই মাসের ২৯ তারিখে গাজিপুরের কএক ক্রোশ উজানে বেরা স্থানের নিকটে গমনকরত নদীর মধ্যস্থ কাঁকরের একটা চড়া এবং ঐ স্থানে গমনীয় পথ অতিসঙ্কীর্ণ ও অত্যন্তাবর্ত্ত থাকাতে অতিবেগে গিয়া কাঁকরের চড়ার উপরে পড়িল তৎপ্রযুক্ত জাহাজের তলায় এক ফুট দীর্ঘ এমত এক ছিদ্র হইল। সঙ্গি আকৃষ্ট জাহাজও অপর এক স্থানীয় চড়ায় পাতরে ঠেকিল তৎপ্রযুক্ত তলাতে দেড় ফুট চৌড়া ছিদ্র হইল পরে অতিশীঘ্র ঐ দুই জাহাজ বালুকাময় চড়াতে লইয়া যাওয়া গেল এবং তৎক্ষণেই বোমার দ্বারা অপরাহ্ন চারি ঘণ্টাসময়ে বাষ্পীয় জাহাজের ছিদ্র বন্দ করা গেল এবং যে ১০ লক্ষ টাকা সঙ্গি জাহাজে ছিল তাহা ঐ বাষ্পীয় জাহাজে লইয়া গাজিপুরে কালেক্টর সাহেবের নিকটে অর্পণ করা গেল। অপর সঙ্গি জাহাজের ছিদ্র চটের দ্বারা বন্দ করিয়া পরে বিলাতী হাঙ্গারের কিঞ্চিদংশ কাটিয়া ছিপি দেওয়া গেল অনন্তর জাহাজ ভাটিয়ানে গমনকরণসময়ে তাহার সাহায্যার্থ আগমনশীল বাষ্পীয় জাহাজের সঙ্গে সাক্ষাৎ হইল এবং ঐ বাষ্পীয় জাহাজ তাহাকে আকর্ষণ করিয়া ২০ তারিখ অপরাহ্ন তিন ঘণ্টাসময়ে গাজিপুরে পঁহুছিয়া পুনর্ব্বার ঐ সকল টাকা লইল। অপর কলিকাতায় প্রত্যাগমনার্থ ১ মে তারিখে গাজিপুরহইতে প্রস্থিতহওনের কল্প ছিল।

প্রধান সদর আমীনের এলাকা বিস্তার করণ বিষয়।

বঙ্গাদি প্রদেশনিবাসি কতিপয় মহাশয়েরা দরখাস্তের দ্বারা গবর্ণমেণ্টের নিকটে প্রার্থনা করেন যে শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের হজুর কৌন্সেলে যে মোকদ্দমা আপীলের যোগ্য সেই মোকদ্দমা ব্যতিরেকে অন্য কোন দেওয়ানী মোকদ্দমার আপীল সদর দেওয়ানী আদালতে হইতে পারিবে না এই বিষয়ে যে আইন প্রস্তাবিত হইয়াছে তাহা রহিত বা মতান্তর করা যায়। এইক্ষণে ঐ দরখাস্তের এই উত্তর প্রদত্ত হইয়াছে যে ঐ আবেদকেরদের আবেদিত বিষয়ে লেজিসলেটিব কৌন্সেল সুবিবেচনা করিবেন।

নীলের ভাবি শুভাশুভ বিষয়।

ত্রিহুতহইতে আগত গত ২৬ আপ্রিল তারিখের যে পত্র গত শুক্রবাসরীয় ইঙ্গলিসমেন পত্রে প্রকাশ হইয়াছে তাহাতে লেখে ঐ জিলাতে এই বৎসরে বিশ হাজার মোন নীল জন্মিবার সম্ভাবনা যদ্যপি সুবৃষ্টি হয় তবে নীলকর সাহেবেরা তদপেক্ষাও অধিক পাইতে পারিবেন অনাবৃষ্টি হইলে উক্ত সংখ্যাপেক্ষাও ন্যূন হইবে।

শিঙ্গাপুর।

শিঙ্গাপুরহইতে আগত পত্রে লেখে করসেরনামক জাহাজ সাম্বাস্ ও পণ্টিয়ানা ও পূর্ব্বতটের তাবৎ বন্দর দিয়া মঙ্গলবারে শিঙ্গাপুরে পঁহুছিয়াছে। এবং তদ্দ্বারা ইল্লানুনজাতীয় বোম্বাটিয়ারা কএক জন দায়াকের সঙ্গে মিলিয়া ভারি বহর লইয়া ঐ তটে উৎপাত করিতেছে এই যে জনরব পূর্ব্বে শুনা গিয়াছিল তাহা এইক্ষণে সমূলক হইল। উক্ত তট ও তদঞ্চলে ঐ দস্যুরদের উৎপাত অতিভয়ঙ্কর হইয়াছে। অনেক২ জালিয়া

The Iron Boats.

The iron boats which left Allahabad on the 26th of April, encountered many difficulties on their passage to Ghazeepore. On the 19th, in passing Baira, a few miles above Ghazeepore, where a reef of konkur rocks extends across the river, the steam boat was, by a strong *eddy occurring in a very narrow channel*, thrown with excessive violence against a rock which rent a hole in the iron, below water, about a foot long. The accommodation vessel took another rock at the same moment, and a hole was made in her bottom about 18 inches diametre. Both vessels were immediately run on a sand bank, the pump set to work, and at 4 P. M. (the accident having occurred at 11-30 A. M.) the leak in the steamer having been stopped, the treasure to the amount of 10 lakhs of rupees was transferred to her from the accommodation boat, and she proceeded with it to Ghazeepore, where it was delivered in charge to the Collector. The hole in the accommodation boat having been stopped with gunny bags as a temporary measure, was now more securely filled up with a large plug made of the end of a Europe cable. The boat then dropped down and met the steamer returning to her assistance, was taken in tow, and anchored on the 30th at 3 P. M. off Ghazeepore, to reembark the treasure. The boats were to leave Ghazeepore on their return to Calcutta on the 1st of May.—*Beng. Her.*

Extension of the Jurisdiction of the Principal Sudder Ameen.

A reply has been received to the memorial presented by certain inhabitants of the Lower Provinces, praying for the relinquishment, or at least the modification, of the proposed Act which takes away the right of appeal to the Sudder Dewanny Adawlut in all Civil cases except those which are appealable to the King in Council, and Government have assured them that their objections will receive the most attentive consideration of the Legislative Council.

Indigo Prospects.

A letter from Tirhoot, dated the 26th April, published in the *Englishman* of Tuesday, states, that the present prospects of Indigo in that district are 20,000 maunds, and if there should be a good fall of rain, the planters may expect to make more; but if the rain keeps off, prospects will be more gloomy.

Singapore.

The *Corsair* which returned here on Tuesday last from a voyage to Sambas and Pontiauak, as also the ports in the east coast of the Peninsula, fully confirms the report which lately reached this place of the coasts on that side being infested by a numerous fleet of Illanoon pirates, with whom it appears there is also associated a number of Dayaks. The depredations of these marauders on the coast and among the islands in that di-

বেচারারদিগকে তাহারা খুন করিয়াছে। এবং ৪০ জনের নির্ম্মস্তক শব তটোপরি পতিত দৃষ্ট হওয়াতে বোধ হইল যে ঐ সকল লোককে দায়াকেরা খুন করে যেহেতুক তাহারদের মনুষ্যের মস্তকের বিষয়ে মহানুরাগ যাহাকে সম্মুখে পায় তাহারদেরই মস্তক লওনার্থ হত্যা করে। এই সকল উৎপাতের সম্বাদ প্রাপ্তিমাত্র বাদশাহের উলফনামক জাহাজ শান্ত্যর্থ প্রেরিত হইল বোধ হয় যে এই সকল উৎপাতে যে ভয় জন্মিয়াছিল তাহার প্রতিকার হইবে। এবং আমারদের নিতান্ত ভরসা আছে যে ঐ জাহাজ দস্যুরদের লাগাইল পাইবে।

[পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত।]

মহারাজ রাজনারায়ণ বাহাদুরের বদান্যতা।

কিয়দ্দিবস হইল গ্রীষ্মের প্রবলতাহেতুক শ্রীশ্রীমন্মহারাজ রাজনারায়ণ বাহাদুরের রাজধানী আন্দুল এবং তন্নিকটস্থ কএক গ্রামে ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হওয়াতে তথায় সচ্চিকিৎসক এবং উত্তমৌষধাভাবে বহুতর লোকের অশুভ ঘটনার সম্ভাবনা হইয়াছিল সংপ্রতি উক্ত গ্রাম সকলের লোকের সৌভাগ্যক্রমে উক্ত শ্রীমন্মহারাজ বাহাদুর কৃপাপূর্ব্বক ঐ রোগাক্রান্ত ব্যক্তিরদিগের প্রাণরক্ষার্থ স্বীয় চিকিৎসক সুধীবর ডাক্তর শ্রীযুক্ত ওয়ালটর বেলি সাহেবের স্থানে ওলাউঠারোগের ঔষধ এবং চিকিৎসার নিয়মপত্র গ্রহণ করিয়া আন্দুলের রাজবাটীতে রাজকর্ম্মকারকগণের নিকট রক্ষিত করত গত ২৩ আপ্রিল রবিবারে বিজ্ঞাপন পত্রের দ্বারা সর্ব্বত্র অনুজ্ঞা প্রচার করিয়াছেন যে ওলাউঠা রোগাক্রান্ত ব্যক্তির চিকিৎসা কারণ যাঁহার প্রয়োজন হইবেক ঐ রাজবাটীতে রাজকর্ম্মকারকদিগের সমীপে গমন করিলে তৎক্ষণাৎ উপযুক্ত ঔষধ প্রাপ্ত এবং তৎসেবনাদির নিয়ম বিজ্ঞাত হইতে পারিবেন এবং রোগিদিগের চিকিৎসানিমিত্ত অপর যে সাহায্য আবশ্যক হয় তাহাও রাজভৃত্যগণের স্থানে প্রাপ্ত হইবেন।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

গত ফেব্রুআরি মাহাতে জিলা হুগলির শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব মফঃসলে পরিভ্রমণ করিয়া প্রত্যাগমন কালীন থানা আমতায় উপস্থিত হওয়াতে গ্রামের জমিদারের তরফকার পরদাজদিগর আমারদিগের ৮ দেবোত্তর বাজার ভাঙ্গাইয়া বহুকালের গোভাগাড় এবং বর্ষাকালীন রাস্তার উপর শ্রীযুত জমিদারের তরফ নূতন বাজার বসাইবার উপলক্ষে ঐ রাস্তা ও ভাগাড়ের উপর মাটী ভরাট করিয়া বন্দ করা এবং বর্ত্তমান বাজারের প্রজালোকের উপর জোলম দৌরাত্ম্য করার বিষয়ে ২ দফায় দরখাস্ত করাতে দরখাস্তের প্রার্থনামতে ব্যস্তপ্রযুক্ত তদারক না করিয়া থানা মজকুরের দারোগার উপর তদারকের ভার অর্পণ করেন। থানার আমলাবর্গ উৎকোচের বাধ্য সকলই জানেন। জমিদারের পক্ষে উৎকোচগ্রহণে সাপক্ষ হইয়া জমিদারের মানস সিদ্ধ্যর্থ ভাগাড় ও রাস্তা ভরাট ও তন্মধ্যে দোকানঘর তৈয়ার যেপর্য্যন্ত না হইল সেইপর্য্যন্ত তদারক করা মৌকুফ রাখিয়া প্রায় এক মাস বাদে নব্য দারোগাদিগর ঐ বিবাদীয় স্থলে পঁহুছিয়া উৎকোচ ঋণমুক্তার্থ জমিদারের তরফ তাঁবিয়ান ইতরলোকের জোবানবন্দী

rection, had, it appears, been of a most fearful description. Defenceless fishermen had been carried off in great numbers—and no less than 40 headless trunks have been washed on shore—these men had been put to death by the Dayaks. They have a singular predilection for human heads, and put to death all who come in their reach to obtain their skulls. The *Wolf* which put to sea when the rumour of these marauders being outside first reached this, will no doubt dispel the alarm which their devastations have occasioned—and, we fervently hope will fall in with the fleet.

[From a Correspondent.]

Muha Raj Rajnarain Bahadoor.

For some days past owing to the excessive heat Cholera has greatly prevailed in and about Rajah Rajnarain Roy's residence at Audool, and owing to the want of medical advice and of medicine the people were exposed to great danger; fortunately for the inhabitants, the Muha Raj has obtained from his own family physician Dr. Bailie, some Cholera medicine with directions for using it, which he has placed in the hands of his servants. On Sunday, the 23rd April last, he issued a proclamation, that all those who had occasion for that medicine might apply to his servants at his residence, and they would be immediately supplied with medicine and with instructions for using it. And any thing else that might be necessary for those who are seized with the complaint might be obtained there.

Correspondence.

To the Editor of the Durpun.

In the month of February last, the Magistrate of Hooghly made a tour through the district and in his progress arrived at a village called Amtah, when a petition was presented to him respecting the Zemindar's having broken up the long established bazar which was debutter land, and his having prepared the ground near the road which is used for cattle with the view of establishing a bazar of his own, and his having practised much oppression towards the inhabitants of the existing bazar; but through the multiplicity of his avocations having been unable to examine it himself, he referred the matter to the Darogah of that Thannah. The native officers of the Thannah are, you know, under the influence of bribes. Having received presents from the Zemindar they became his partizans, and with the view of meeting his wishes, instead of examining the question about the occupation of the road and the fallow ground, and the erection of shops upon them, they left the matter unsettled for a whole month; when a new Darogah arriving at the disputed spot, he took the depositions of the Zemindar's people according to his own wishes and

আপন মতলবমাফিক লইয়া গ্রামের উপস্থিত ভদ্রলোকের ও হামছায়া বাসিন্দাগণের উপর বেজ্জতের কথা কহাতে অপমানের ভয়ে অনেক ভদ্রলোক যথার্থ কহাতে ক্ষান্ত থাকিলেন। তথাচ গ্রামের প্রধান মণ্ডলদিগর প্রায় ২০। ২৫ জন সাক্ষির জোবানবন্দীদ্বারা আমারদিগের বর্ষাকালীন রাস্তা ও ভাগাড় সাফ সাবুদ হইল কিন্তু দারোগামজকুর যথার্থ রিপোর্ট না করাতে পুনর্ব্বার আমরা শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবেরবরাবর দারোগার লোভশ্রমক্রমে এমত অন্যায় রিপোর্ট করা ও গ্রামের ভদ্রলোককে হজুর তলব করিয়া জোবানবন্দী লইলে আমারদিগের হক বজায় থাকে এই মতের দুই কেতা দরখাস্ত করাতে শ্রীযুত সাহেবেরমৌসুফ কিছুই মনোযোগ করিলেন না। তাহাতে আমারদিগের কেবল পরিশ্রম ও ব্যয়মাত্র হইল। পুনর্ব্বার শ্রীযুত সেসন জজ সাহেবের নিকট দরখাস্ত গুজরাইতে অধিক ব্যয়বাহুল্য হইতে পারে না তাহাতে অক্ষম। অতএব সম্পাদক মহাশয় যদ্যপি আপনি এই দুঃস্থভাগি ব্রাহ্মণের পক্ষে অনুগ্রহ করিয়া এই বিবরণ দর্পণে প্রকাশ করেন তাহাতে কি জানি ভাগ্যক্রমে যদ্যপি শ্রীযুত সেসন জজ সাহেবের দৃষ্টিগোচর হয় তবে আমারদিগের পক্ষে যথার্থ বিচার হইয়া হক বজায় থাকিতে পারে। জমিদারের দৌরাত্ম্যের বিষয় কি লিখিব নিবেদন ইতি।

শ্রীমথুরামোহন চক্রবর্ত্তি ও
শ্রীচতুর্ভুজ চক্রবর্ত্তিনিবাস

আমতা জিলা হুগলি।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

সদর বোর্ড রেবিনিউর ১৩ ফেব্রুআরি তারিখের পত্রাবলোকনে অনুভব হইল সরকারি কর্ম্মকারক সাহেবেরদের পরিশ্রম লাঘব কারণ উত্তরকাল ডেপুটি কালেক্টরী কার্য্যে ইঙ্গরেজী বিদ্যায় অপারগ ব্যক্তির নিয়োগ বিষয়ে আপত্তি হইবে। কিন্তু এমত আকাঙ্ক্ষণীয় সর্ব্বসাধারণের সদাচারের পক্ষে যে প্রধান পথ এবং দেশব্যাপক জনসমূহের হিতজনক তাহা কর্ম্মকর্ত্তা সাহেবেরদের কিঞ্চিৎ কালহরণনিমিত্ত কিম্বা গবর্ণমেণ্টের ঐ অত্যল্প কাল লাভকারণ কর্ম্মণ্য ব্যক্তিরদের উন্নতির পথ রোধকরা তাহা একপ্রকার দেশের শুভতার বিঘ্নই কহিতে পারা যায়। যেহেতু আমরা নিশ্চয় কহিতে পারি মফঃসলে ঐপ্রকার লোক পাওয়া ভার। বিশেষতঃ যে কএক ব্যক্তিকে পরিচিত আছি তন্মধ্যে ইঙ্গরেজী বিদ্যায় নিপুণ ব্যক্তিরদের মধ্যে উনবিংশতি অংশের ডেপুটি কালেক্টর শ্রীযুত রায় কাশীপদ ঘোষাল মহোদয় যদ্রূপ মফঃসলের রফাকার তদ্রূপ অপর ব্যক্তিও দুর্লভ। বরং প্রধান কর্ম্মকারিরা কহিয়া থাকেন এতদ্রূপ ইঙ্গরেজী বিদ্যারহিত ব্যক্তিও দুষ্প্রাপ্য এবং ঐ মহোদয়ের কার্য্যের বিষয়ে তত্তৎস্থলের প্রজাপ্রধান জনচয়ের বাচনিক এমত পরিচয় পাইয়াছি যে বন্দোবস্তের কার্য্যে নিপুণতাতে মফঃসলের অবস্থার প্রতি দৃষ্টিপূর্ব্বক স্থানবিশেষে পঞ্চাইত ইত্যাদির দ্বারা যদ্রূপ সম্পন্ন করিতেছেন তাহাতে রাজা প্রজা উভয়ের অসন্তুষ্টি নাই। অতএব ঐ স্থলের মফঃসলের অবস্থাজ্ঞ ইঙ্গরেজী বিদ্যায় পারগ যদ্রূপ অনেকের মধ্যে এক ব্যক্তি পাওয়া গেল এমত ব্যক্তিব্যতিরেকে গবর্ণমেণ্ট যদ্যপি কালেজের সর্টিফিকটপ্রতি দৃষ্টি করেন তাহাতে অবশ্য গুণজ্ঞব্যক্তি পাইবেন দেশের হিতজনক কার্য্য হইবেক না। যথা এইক্ষণে লোকেরা কহিয়া থাকে বন্দোবস্তের কর্ম্মে ডেপুটি কালেক্টরেরা যদ্রূপ নিপুণ তদ্রূপ সাহেব কালেক্টর নহেন কিম্বা সাহেব কমিস্যনর নহেন অথবা সাহেব কমিস্যনর যাহা অবগত তাহা সদর বোর্ডের মেম্বরেরা নহেন কিম্বা তদপেক্ষা সাহেবান কৌন্সেল আরো অনবগত। কিন্তু শেষ হুকুম ঐ স্থানহইতে হয়। তদ্রূপ ইঙ্গরেজী বিদ্যা পারগব্যক্তি হইলে কি কেহ কহিবে না এবং আমরা নিশ্চয় কহিতে পারি এই কার্য্য জন্মভূমির লোকহইতে যদ্রূপ হইবেক তদ্রূপ অপর হইতে বিঘ্নই সম্ভাবনা। অতএব যে সকল ব্যক্তি চিরদিবসাবধি সরকারি কার্য্যকরত অনুরাগি আছে অথচ মফঃসলের রীতিজ্ঞ এমত

spoke so disrespectfully to the respectable men and the old residents of the village, that they were deterred through fear from making known the truth. Yet the evidence of 20 or 25 of the chief Munduls clearly established the right of the public to the road and the common. The Darogah however did not make a fair report, and we, with the view of preserving our rights, and in reference to the incorrect report of the Darogah and the depositions which had been taken from the respectable men who had been brought to the Court sent in a p[illegible] but the Magistrate had not leisure to attend to [illegible] and we had therefore nothing for our pains. We are unable on account of the expense to present a petition to the Session Judge. It therefore, Mr. Editor, you will in compassion to the poor bramhuns who live upon the rents of the bazar, publish our representation in your Durpun, who can tell, but that through our good fortune the Session Judge may see this letter and our rights may be maintained? What shall we say about the oppressions of our Zemindars?

Mothoormohun Chuckerbutty.
Chuttoorbhooj Chuckerbutty.

Amtah. Zillah Hooghly.

To the Editor of the Durpun.

Seeing the letter of the Board of Revenue of the 13th of February, I am led to imagine, that with the view of lightening the labours of the public functionary, objections will be raised to the appointment of any one to the office of Deputy Collector who is unacquainted with English, but to close against the public this path of service which is so much coveted by all, and which may be the means of benefit to the country, merely to save a little time to the public functionaries, and to give Government the benefit of their labours, is to run counter to the interests of the country in general. For we can distinctly affirm that men qualified in English are not to be found in the Mofussil. Among all those with whom I have been acquainted I know but one, and he is in the office of the Commissioner of the 19th Number. The native officers are accustomed to say that such a man is rarely found, even among those who does not know English. And I learn from verbal communication with the people of that division, that the mode in which he is making settlements in the Mofussil by means of the Punchayet, and with the perfect knowledge of the country and the people, gives satisfaction both to the sovereign and to the people.

[Here the original is perfectly unintelligible; we wish our correspondent would condescend to write plain Bengalee.]

Thus the people are now in the habit of saying that in reference to the settlement of estates, the Deputy Collector is wiser than the Collector; the Collector wiser than the Commissioner; the Commissioner wiser than the Board; and the Board wiser than the Council, from whom all final orders issue. Hence, though there should be a man appointed who is acquainted with English, would not people say and might we not say, that the settlement of estates cannot be managed by any so well as by the real native? Hence those who have been for a long time employed in the public service, who are acquainted with the habits of the Mofussil, if the door of promotion be left open to them, both the sovereign and the people will gain by it.

ব্যক্তিরদের প্রতি গবর্ণমেন্ট এইপ্রকার ধার মুক্ত রাখিলে রাজা প্রজা উভয়ের কল্যাণ। বরং আরো এমত পরামর্শ গবর্ণমেন্টকে আমরা দিই যে নেটিব জজের পদাপেক্ষা এই পদ গুরুতর জ্ঞান করেন যেহেতুক ঐ মহাশয়েরা জজ সাহেবের আসনের নীচে থাকিয়া কেহ দ্বিগুণ বেতন পান অথচ ক্লেশ নাই অতএব অচিরে বেতন কিঞ্চিৎ২ বর্দ্ধিত করেন ইতি।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

১। অস্মদ্দেশীয় ব্রিটিস রাজ্যের সকল জিলার নাম ও কোন্ জিলায় কত পরগনা ও কোন্ পরগনায় কত গ্রাম আছে তাহার নাম অস্মদ্দেশীয়গণেরা অবিজ্ঞ। যদিস্যাৎ ইঙ্গরেজী ডাইরেক্টরির দ্বারা কিঞ্চিৎ প্রকাশিত আছে তাহাও যে সকল লোক ঐ ভাষা ও অক্ষর অজ্ঞাত তাঁহারদিগের বোধাভাব। মহাশয় দেশের উপকারজন্য সতত নানাবিধ বিষয় প্রকাশিতেছেন তজ্জন্য সাহসপূর্ব্বক নিবেদিতেছি যদি ইহার বোধক কোন উপায় বর্ত্তমান বৎসরীয় ইঙ্গরেজী পঞ্জিকায় অথবা মাসিক সমাচারদ্বারা প্রকাশ করেন জনপদের ভূরি কল্যাণ হইবেক।

২। ইঙ্গরেজী ডাইরেক্টরিতে শ্রীলশ্রীযুত বর্ত্তমান রাজাধিরাজের নানাবিধ সেরেস্তাদের এবং তদধিকারবাসি বাণিজ্যকারির মধ্যে কিঞ্চিৎ নাম সকলিত থাকে। তাকি আশ্চর্য্য তাঁহারা চিরতর স্থায়ী নহেন স্থায়রাধিকারিগণের নাম ঐ গ্রন্থে অতিঅভাব যদি মহাশয় কৃপাবশত ইহা প্রকাশ করেন অনায়াসে জনপদের বোধোদ্দীপন হইতে পারে। এ সকল নাম সংগ্রহ কলিকাতা ও আলাহাবাদের সদর বোর্ড ও বোম্বাই ও মান্দ্রাজের গবর্ণমেন্ট হইতে অনায়াসে বিনাব্যয়ে মিলিতে পারে কেবল কিঞ্চিৎ ক্লেশ অঙ্গীকার অভিলাষি তত্তাকাজ্ক্ষিগণের জন্য করণে কেবল কৃপাবিস্তার অবশ্য প্রবৃত্ত।

৩। ইস্কুল ও কালেজ অর্থাৎ বিদ্যালয় নানা জিলায় প্রকাশ হইতেছে এ সম্পর্কে আমার ক্ষুদ্রবুদ্ধিতে একমত তক উপস্থিত তাহা নিবেদিতেছি। শ্রীলশ্রীযুত রাজাধিরাজের সরকারে যত মসিজীবী তাহার নিয়ম প্রসিদ্ধ। সকল প্রজার লেখনী অঙ্গীকার করিলে দাঁড়বাহকের অত্যন্ত অভাব হইবেক ইহাতে মানস দেশের কল্যাণজন্য এই যে সকল বিদ্যালয়ে নানা বিদ্যা ও শিল্পী যোলকলা নব্য বালকবৃন্দিগকে অভ্যাস করাইলে ইহারদিগের প্রচুর কল্যাণ ভবিষ্যতে দর্শিতে পারিবেক।

৪। যে সকল অজ্ঞ বালক বর্ত্তমানসময়ে ইঙ্গরেজী ইস্কুলে বিদ্যাভ্যাস করিতেছে তথাইতে তাঁহারা বিদ্যা দূরদূর কেবল নাস্তিকতা ও সর্ব্বধর্ম্মের প্রতি অশ্রদ্ধা বুদ্ধিলাভকরণক আপনং পিতা মাতাকে তিরস্কৃত সতত করিতেছে। অতএব নিবেদন যদি ঐ বালকগণ নৈপুণ্যতা রূপে কোন এক ধর্ম্ম আশ্রয় করে এবং এমত বুদ্ধি শিক্ষক মহাশয়েরা প্রদান করেন ভবিষ্যতের উপকারজনক হইবেক না করিলে অপকারের ব্যাঘাত কদাচ হইবেক না।

৫। এই রাজাধিরাজের রাজ্যে থানাদার সকল জিলাতেই হিন্দু ও মোসলমান দুই জাতীয় লোক প্রদীপ্ত ইহারা উভয়েই বহু জাতীয় ধর্ম্মানুরোধে পক্ষপাতিত্বে এমত অনুরক্ত যে স্বীয় ধর্ম্মসাধনে সদা বিরত থাকেন মদীয় প্রার্থনা এই যদি গবর্ণমেন্ট অনুগ্রহপূর্ব্বক কেবল খ্রীষ্টীয়ানধর্ম্মিকে এ কর্ম্মে নিযুক্ত করেন অবশ্য উভয় প্রজার সুখদায়ক হইবেক ভারতবর্ষে হিন্দু ও যবন প্রজা অতিঅধিক।

৬। নাস্তিক অর্থাৎ বৌদ্ধ অনেক অনীশ্বরবাদী এ রাজ্যে প্রদীপ্ত বহুকালাবধি আছে ইহারদিগের কোন ধর্ম্ম ও শাস্ত্র নাই। ইহারদিগের পরস্পর কোন বিষয় বিবাদ উপস্থিত হই

We would rather advise Government that this appointment should be considered as more important than that of the Judge. For those persons sit beneath the seat of the Judge and receive double pay without much labour. Hence the necessity of increasing their pay.

To the Editor of the Durpun.

The inhabitants of this country are ignorant of all the names of all the Zillahs under the British Government, and know not how many Pergunnahs there are in each Zillah, or how many villages to each Pergunnah. Although some information of this kind may exist in the English Directory, yet the people are generally ignorant of that language and character and cannot avail themselves of it. You are in the habit of publishing various intelligence for our instruction, and if you could give us any assistance by publishing some kind of English Directory, or, by some monthly publication, you would greatly oblige the public.

2d. In the English Directories there are the names of the chief officers and of the principal merchants, but they are not permanent. The names of those who are permanently attached to the soil are not to be found there; *if you could find some* means of giving us this information, you would extremely oblige us. This information might easily be obtained by application to the Sudder Boards of Revenue at Allahabad and Calcutta, and to the Governments of Madras and Bombay. Only it will be necessary to submit to a little labour; but to do this for those who are looking anxiously for it, would only be an exercise of benevolence.

3d. Many Colleges and Institutions for education have been established in various villages. In my humble opinion it appears that if the rulers of the country after establishing rules for the induction of natives into their offices, were to give instruction to all, there would soon be a great want of rowers for our boats; yet I would say, that if these new boys are instructed in all the arts and sciences, it would be an advantage to the country.

4th. All those ignorant youths who at the present time are instructed in the English schools, instead of becoming learned become infidels, and disbelieve every religion. While acquiring learning they abuse their fathers and mothers. Now I should think that if those boys would embrace any one religion and obtain a knowledge of it, and if the teachers would instruct them so to do, it would in future be for the advantage of the country; otherwise there will be no want of misfortunes.

5th. In this empire of Britain there are both Hindoos and Moosulman Thannadars, and each of them so besotted to his own religion that he is constantly endeavouring to promote its interests. I would pray therefore that Government would appoint only Christians to those offices. This would be beneficial to both classes of subjects, *for in India the Moosulmans and the* Hindoos predominate.

6th. There are in this empire many Bouddhists who deny the existence of God; they have neither holiness nor shastras. When any question respecting their usages turns up, the present judge applies to the pundits for a precept. Is this a good rule? In our shastras there is nothing but con-

লে বর্ত্তমান জজেরা অস্মদাদির ধর্ম্মশাস্ত্রবক্তার স্থানে প্রশ্ন করেন এ কোন উত্তমা রীতি। অস্মদ শাস্ত্রে, ইহারদিগের নিন্দাভিন্ন কোন ধর্ম্ম ও বিধি প্রকাশ্য ভাব। অতএব আমি বিনীতিপুরঃসর আমার প্রিয় গবর্ণমেন্টকে এমত নিবেদিতেছি যে তিনি ইহার কল্যাণসূচক কোন বিধি নবীন আইনদ্বারা প্রকাশ আজ্ঞা করুন।

৭। ঢাকা ও মুরশিদাবাদের নওয়াবদিগের যে জায়গীরভূমি বর্ত্তমান সময়ে আছে তাহার উপস্বত্ব যথার্থে অতিকিঞ্চিৎ বার্ষিক পাইতেছেন। গত বর্ষত্রয়ের উপস্বত্বের হারহারি মতে যদি গবর্ণমেন্ট চিরকালের জন্য কাহাকে ইজারা দিতে রত হন অনেকে এদেশে তাহা অঙ্গীকারে প্রস্তুত এবং নওয়াবদিগেরো উপকার অনেক দর্শিতে পারে গবর্ণমেন্টের এ বিষয় অনুসন্ধানকরণ বিচারসহ অতিউচিত।

৮। গবর্ণমেন্টকে আহ্লাদপুরঃসরে আমি অতিসাধুবাদ দিতেছি কারণ গঙ্গাসাগর ও প্রয়াগ ও শ্রীক্ষেত্রের রথের নীচে স্বেচ্ছায় মরণ এবং সহমরণ বারণ ও জয়ন্তী ও গুমশূরে নরবলি রহিত করিয়াছেন ইহা কেবল অস্মদ ধর্ম্মরক্ষাহেতু প্রকাশিত। শ্রীশ্রীভগবৎসমীপে এমত প্রার্থিত যে এমত রাজাধিরাজ সতত এ দেশে প্রদীপ্ত থাকেন অলমতি বিস্তরেণ।

শ্রীরামমোহন দেবশর্ম্মণ বিদ্যালঙ্কারস্য
শ্রীশ্রীকাশীধাম। নিবেদনপত্রমিতি

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

দুই সপ্তাহ পূর্ব্বে তরফ শান্তিপুর ওগয়রহের জমিদার শ্রীযুত বাবু মতিলাল রায় মহাশয়ের নামে কুঠী গঙ্গাধরপুরের মালিক শ্রীযুত জান বেবেরডরি সাহেব খোদ তলফ করিয়া মিথ্যা মারিপিট করা বাবত ফৌজদারী আদালতে জিলা নদীয়ার শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের সমীপে নালিস করিলে জওয়াব দিহির জন্য বাবুজি মহাশয়ের হজুর তলফ হয়। ১৯ চৈত্র শুক্রবার বাবুজি মহাশয় শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের হজুরে হাজির হইয়া ৫ই ফাল্গুন তারিখে মোকাম গোবরডাঙ্গা থাকার ও শ্রীমহেন্দ্রনারায়ণ মিত্রপ্রভৃতি কেহ তাঁহার চাকর নহে ইহা ফৌজদারী আদালতের নাজির ও পেস্কার প্রভৃতির দ্বারা সাফ সাবুদ হইলে বাবুজি মহাশয় বেকসুর হইলেন এবং মিথ্যা তলফ করিয়া বাবুজি মহাশয়ের নাম দেওয়াও প্রমাণ হইল। এইক্ষণে এ বিষয়ের ইনসাফ করণের উদ্যোগ হইবেক। কারণ এতদ্দেশীয় যাবদীয় জমিদারঅপেক্ষা বাবুজি মহাশয় অতিধার্ম্মিক এবং নানা শাস্ত্রেতে বিদ্বান্ পরম দয়ালুদাতা তৎপ্রমাণিত নানাবিধ কর্ম্ম আছে সকল লিখিতে পত্র বাহুল্য ভয় কিঞ্চিৎ লিখি। শান্তিপুর মহানগরীতে বাবুজি মহাশয় স্বকীয় ব্যয়েতে এক ইঙ্গরেজী পাঠশালা করিয়া দিয়াছেন তাহাতে ন্যূনাধিক ১৫০ বালকের উত্তমরূপ উক্ত বিদ্যাভ্যাস হইতেছে ভিন্নদেশীয় কোন বালক আসিয়া পাঠ স্বীকার করিলে তাহারদিগের খোরাক পোশাক তাবৎ দিয়াও বিদ্যাভ্যাস করাইতেছেন। এমত দয়ালু ধার্ম্মিক ব্যক্তির নামে অন্যায় নালিস করা ও সে বিষয় আপনকার বহুমূল্য দর্পণে স্থান দেওয়ায় আমরা সকলেই বিশেষ খেদিত। অনুমানি সবিশেষ জ্ঞাত হইয়া অন্যং শ্রোতারা এবং মহাশয় খেদিত হইবেন। এবং আমারদিগের প্রীত্যর্থে এ পত্রখানি অন্যং সম্বাদপত্র সম্পাদক মহাশয়েরাও স্থানদান করিয়া চিরবাধিত করিবেন কিমধিকং নিবেদন মিতি।

স্বাক্ষরকারি শ্রীবৃন্দাবনচন্দ্র গোস্বামি
প্রভৃতি দ্বাদশ জন মহাশয়।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	৷৹	।৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	।৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥৹	১৪॥৹	ঐ
৪ টাকার লোন	২	২।৹	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০।১৯—৹০ প্রিমিয়ম

tempt expressed for them. I would therefore entreat our dear Government that they would publish some new law for the relief of these persons.

7th. The Nawaubs of Dacca and Moorshedabad are in possession of Jagheers from which they in reality receive annually but very little. If Government would allow their estates to be farmed out in perpetuity upon the scale of the last three years, many would be disposed to take them and much benefit would accrue to the Nawaubs. It appears right that the Government should look into this matter.

8th. I highly extol Government for having abolished the murders at Gunga Saugur and Priyag, and the falling under the wheels of the car of Juggernauth and the rite of Suttee, and the human sacrifices of Jyuntee and Goomsoor. These measures have been adopted simply to preserve our religion. I cannot but wish that such a Government may continue long to reign over us.

Ram Mohun Debsurmuna.

To the Editor of the Durpun.

About a fortnight ago —— ——, the proprietor of the Gungadhurpore Factory complained against Baboo Moteelol Roy, a Zemindar possessing estates in Santipore and other villages, and swore in person to a suit and brought an action in the Court of the Magistrate of Nuddea. The Baboo was summoned to give his answer. On the 19th *Choitra*, Friday, the Baboo appeared before the Magistrate when it was clearly proved that on the 5th of Falgoon, he was at Goverdang and that Muhendrunarain Mitre and others were not his servants. These facts were established by the evidence of the Nazir, Peshkar, and other officers of the Court. The Baboo was thus relieved from all blame, and it was proved that he had been brought into trouble only through the perjury of others. An effort will now be made to indict the guilty party, for of all the Zemindars of the neighbourhood, Baboo Moteelol Roy is remarkable for his holiness, knowledge of the *Shastras* and goodness of heart, which may be seen by many deeds he has done; to particularize which would lengthen this letter. I would just remark that the Baboo has established an English School at his own expense in Santipore, where more than a hundred and fifty children receive instruction. Children from a distance come for instruction; he gives them food and clothing. We are extremely sorry therefore that the false action should have been brought against such a man, and more particularly that it should appear in your pure Durpun, and we believe that all who may hear the true report of the history, will feel equal regret. We hope that the other Newspapers will also give a place in their Journals to this letter.

Brindabunchunder Gossain
and twelve others.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	3	0	6
2d. Class,	0	[illegible]	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	13	8	14	8
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal. .... Co's. Rs. 1800—1900.

সমাচার দর্পণ

১১৪০ সংখ্যা। বালম ১৯] ২০ মে ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৮ জ্যৈষ্ঠ। SATURDAY, MAY 20TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1140. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price 1 Rupee monthly.

ইশতেহার।

যে মোকদ্দমায় রামচন্দ্র দাসফরিয়াদী ও গোপীমোহন দাসপ্রভৃতি আসামী গত ৫ সেপ্তেম্বর তারিখে ঐ মোকদ্দমায় যে ডিক্রী হয় ঐ ডিক্রী অনুসারে কলিকাতার সুপ্রিম কোর্টের শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে আগামি জুন মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর ও দুই প্রহর দুই ঘণ্টার মধ্যে পবলিকসেলে অর্থাৎ নীলামে নীচে লিখিতব্য বিষয় নিতান্তই বিক্রয় হইবে।

লাট নং। ১ কলিকাতার রাণীমুদীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী নং ১৩ অর্থাৎ যে বাটী এইক্ষণে ফাষ্টর চাকমেন কোম্পানির কুঠী হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং। ২ কলিকাতার শহরতলি খিদিরপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬০/।০ ষাটি বিঘা আট ছটাক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কুলিবাজারের পুরাণ রাস্তা দক্ষিণ দিগে মুচিখোলার নূতন রাস্তা পশ্চিম দিগে রাধামাধব বাঁড়ুয্যের ভূমি পূর্ব্ব দিগে মতি ঝিল ভূমি।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর সাহেবের আপীসে অথবা ফরিয়াদীয়ানের উকীল শ্রীযুত জি হিগিন্স সাহেবের নিকটে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আপীস
১৪ আপ্রিল ১৮৩৭।

সুপ্রিম কোর্ট কলিকাতা।

ফরিয়াদী বহুরাণী শ্রীমতী জয়মণি দাসী এবং বহুরাণী শ্রীমতী শিবসুন্দরী দাসী ও অন্যেরা এবং পুনর্ব্বিবেচিত মোকদ্দমা।

সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত মোকদ্দমার গত ২৮ মার্চ তারিখে যে ডিক্রী হয় তদনুসারে ৺ প্রাপ্ত রাজা শিবচন্দ্র রায়ের মহাজন ও উত্তরাধিকারিরদের প্রতি এই আজ্ঞা হইল যে তাঁহারা সকলেই আপনারদের কর্জ্জ ও আপনারদের

ইশতেহার।

প্রতি দত্ত বিষয়ের প্রমাণ ও সাব্যস্থকরণার্থ আগামি ১ জুন তারিখে বা তাহার পূর্ব্বে তাঁহারা সকলই সুপ্রিম কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে উপস্থিত হন এবং যদ্যপি তাঁহারা ঐ তারিখে বা ঐ তারিখের পূর্ব্বে উপস্থিত না হন তবে উক্ত ডিক্রীক্রমে তাঁহারদের যে ইষ্টসিদ্ধ হইত তাহা হইবে না।

A DOBBS, *Master.*

কলিকাতা সুপ্রিম কোর্ট।
মাষ্টর আপীস ২৬ আপ্রিল ১৮৩৭।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ৮ মে সোমবার কলিকাতা শহরে শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়ার্টর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর টাক্সের ফেরফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ২০ মে শনিবার বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। আগামি ২৭ মে শনিবারের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থ সেসন অর্থাৎ মিসিল শেষোক্ত তারিখ বেলা ১১ ঘণ্টাপর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস আপীসে মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবার ব্যতিরিক্ত অন্য বারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাস হওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেকটরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গলা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা তিনি যে দিয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেকটর দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দ্বারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মুক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিক কালে নহে।

এবং ঐ ঘরে পুনর্ব্বার বাস হইলে তাহার এত্তেলা তদ্রূপে কালেকটর সাহেবকে দিলে তিনি তাঁহার রসীদ এবং ঘর

ইশতেহার।

শূন্য হওন এবং তাহাতে পুনর্ব্বার বাসকরণের এত্তেলা যদ্যপি পূর্ব্ববৎ না দেওয়া যায় এবং যদ্যপি পূর্ব্ববৎ এত্তেলা পাইয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব না দেন তবে ঘর শূন্য হইয়াছিল বলিয়া তাহার টাক্স রহিতের দাওয়া গ্রাহ্য হইবে না এবং এই সকল সেসনেতে যে টাক্স নির্দ্ধার্য্য করা গেল সে আগামি ১ আগস্ত তারিখে জারী হইবে কিন্তু ঐ তারিখের পূর্ব্বে জারী হইবে না ইতি।

জেমস ইয়ং
ক্লার্ক অফ দি পীস.

ক্লার্ক অফ দি পীস আপীস
৯ মে ১৮৩৭ ইউনিয়ন বেঙ্ক

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৫ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম হিকি সাহেব কৃষ্ণপ্রসাদ সেট ও গঙ্গাপ্রসাদ সেটের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১। কলিকাতানগরের নলপুকুরের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তীভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী কৃষ্ণপ্রসাদ সেট ও গঙ্গাপ্রসাদ সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে বিবি আম্বেলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে মেক সাহেবের বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী গলি। দক্ষিণ দিগে উলিয়ম জান সাহেবের বাটী ও ভূমি।

২। এবং জিলা চব্বিশ পরগনার উল্টা ডিঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১২৸১ বার বিঘা ষোল কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার অর্দ্ধেক অংশে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী কৃষ্ণপ্রসাদ সেট ও গঙ্গাপ্রসাদ সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা। পশ্চিম ও দক্ষিণ দিগে গোপীমোহন বাবুর বাগাৎ ভূমি পূর্ব্ব দিগে রামকান্ত দত্তের বাগাৎ ভূমি।

৩। এবং জিলা চব্বিশ পরগনার চিৎপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১৯।০ উনিশ

ইশতেহার।

বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার অর্দ্ধেক অংশে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী কৃষ্ণপ্রসাদ সেট ও গঙ্গাপ্রসাদ সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে রাধাকৃষ্ণ বসাকের বাগান। উত্তর ও পশ্চিম দিগে হরলাল মল্লিকের বাগান। পূর্ব্ব দিগে সরকারী রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইলেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগ অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্য ও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪ ৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৩ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীম ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈল প্রেসিডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

অমরকোষঃ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ৷।০ আনা নির্দ্ধার্য্য হইয়াছে।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কসরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৩৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha*, or Grammar of *Vopa Deva*, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The *Butrisha-Singhasun*, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The *Hitopudesha* or Salutary Instruction, translated into Bengalee from the original *Sungskrit*, by *Mritoonjuya Vidyalunkar.* *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

The Bengalee Letter-Writer.

Containing Forms of Bengalee Letters, Pottahs, &c. &c. *Third Edition.* Price 1 Rupee.

Dig-durshun.

The Dig-durshun, or Indian Youth's Magazine, in Bengalee only. Price 6 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১০ মে ১৮৩৭।

কোম্পানির কেরাণি শ্রীযুত টি সি ট্রাটর সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তাঁহাকে বঙ্গ রাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এড্বার্ড ষ্টর্লিং সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে ইঙ্গলণ্ড দেশ হইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে তাঁহার উত্তর পশ্চিমাঞ্চলে কর্ম্ম প্রাপণ স্থির হইয়াছে।

কোম্পানির কেরাণি শ্রীযুত টি সি লক সাহেব সরকারী কর্ম্মে এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

৯ মে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

লেপ্তনন্ত শ্রীযুত এস আর টিকল সাহেব রামগড়স্থ পদাতিক সৈন্যের কার্য্যভুক্ত হইয়াছেন। ঐ সাহেব দক্ষিণ পশ্চিমাঞ্চলস্থ এজেন্ট সাহেবের দ্বিতীয় আসিষ্টান্ট হইয়া কলহানে অবস্থান করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বংকর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের কিঞ্চিৎকালের নিমিত্ত জজ শ্রীযুত উইগ্রাম মণি সাহেব ১৮৩২ সালের ১৮ দিসেম্বর তারিখে প্রকাশিত আইনের ১ প্রকরণীয় বিধ্যনুসারে বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটি পাইয়াছেন।

মালদহের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জি ডবলিউ বাটি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বহরমপুরে অথবা কলিকাতা রাজধানীতে আগমনার্থ ছয় সপ্তাহের ছুটি হইয়াছেন।

১০ মে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলের অনুমতিক্রমে নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত উইগ্রামমণি সাহেব ছুটি পাইয়া সিঙ্গাপুরে যাওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুত জে এফ রিড সাহেব কিঞ্চিৎকালের নিমিত্ত সদর দেওয়ানী ও নিজামত আদালতের একটিং জজ হইয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর মকান সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রিড সাহেবের পরিবর্ত্তে সদর দেওয়ানী ও নিজামত আদালতের একটিং রেজিষ্টর হইয়াছেন।

১২ মে।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত অথবা শ্রীযুত টি সি স্কট সাহেবের অনুপস্থানপর্য্যন্ত বালেশ্বরের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত চার্লস গাষ্টিন সাহেব জিলা যশোহরের একটিং উপরি জজের স্বীয় পদের বর্ত্তমান কর্ম্মে থাকিয়া শ্রীযুত রেক্স সাহেবকে যশোহরের মাজিস্ত্রেটী ও কালেকটরী ভারহইতে মুক্ত করিবেন।

শ্রীযুত এফ কার্ডিউ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত যশোহরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

10th May, 1837.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. T. C. Trotter, Writer, reported qualified for the public service.

Mr. Elward Stirling, of the Civil Service, reported his return from England on the 1st instant, and is assigned to the North Western Provinces.

Mr. T. C. Loch, Writer, is reported qualified for the public service by proficiency in two of the Native languages.

9th May.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment:

Lieutenant S. R. Tickell, attached to the Ramghur Light Infantry Battalion, to be a Junior Assistant to the Agent to the Governor General on the South Western Frontier, and to be stationed in the Colhan.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. Wigram Money, a Temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for three weeks, from the 8th instant, under the provisions of the first clause of the Rules dated the 18th December, 1832.

Mr. G. W. Battye, Joint Magistrate and Deputy Collector of Malda, for six weeks, on medical certificate, for the purpose of proceeding to Berhampore or to the Presidency.

10th May.

The Governor of Bengal, with the sanction of the Governor General of India in Council, has been pleased to make the following appointment:

Mr. J. F. M. Reid to officiate as a Temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, in the place of Mr. Wigram Money, who is proceeding to Singapore on leave of absence.

The following appointments have been made by the Right Honourable the Governor of Bengal:

Mr. R. Macan to officiate, until further orders, as Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, in the room of Mr. Reid.

12th May.

Mr. H. T. Raikes to officiate as Magistrate and Collector of Balasore, during the absence of Mr. T. C. Scott, or until further orders.

Mr. Charles Garstin to relieve Mr Raikes from the charge of the offices of Magistrate and Collector of Jessore; retaining charge of the current duties of his own office of officiating Additional Judge of that District.

Mr. F. Cardew to officiate, until further orders, as Magistrate and Collector of Jessore.

সমাচার দর্পণ

শনিবার ২০ মে ১৮৩৭।

মারক।

পরমাহ্লাদপূর্ব্বক আমরা এইক্ষণে পাঠকমহাশয়েরদিগকে জ্ঞাপন করিতেছি যে নারনৌল স্থানে যে মারক উপস্থিত আছে তাহার তত্ত্ব নির্ণয়ার্থ যে চিকিৎসক সাহেবেরা তথায় প্রেরিত হইয়াছিলেন তাঁহারা এই রিপোর্ট দিয়াছেন যে ঐ রোগ প্রকৃত মারক নহে কিন্তু অতিসংঘাতক পৈত্তিক জ্বর ঐ রোগ প্রথমে ইহার চারি মাস পূর্ব্বে আরম্ভ হয়। ঐ স্থানে অনেক লোক মারা পড়িয়াছে বিশেষতঃ মার্চ মাসে প্রত্যহ ২৫ ৩০ জন করিয়া মরে। মৃত্যুর কারণ এই উপলব্ধি হইয়াছে যে অত্যন্ত ঘেঁসাঘেঁসি ঘরে বাস বাতাস খেলে না ও মলাকীর্ণ এবং চিকিৎসাভাব। ঐ রোগ শিকাবতী দেশে এবং ঝঝরের নওয়াবের দেশেও চলিতেছে।

শুনা গেল যে পালির মারীর ভাব দেখিয়া চিকিৎসক সাহেবেরা যে বিবেচনা করিয়াছেন তাহাতে শ্রীযুত কর্ণল স্কিনর সাহেব এই অনুভব করেন যে ১৮২৮।২৯ সালে হান্সি নগরে যে রোগে অনেক লোক মারা পড়িয়াছিল সেও এই রোগের সদৃশ উভয়েরি লক্ষণ [illegible] সর্ব্বাঙ্গের সন্ধিতে বিস্ফোট এবং [illegible] করে। পুনশ্চ আমরা [illegible] গেল যে তিনি এই বোধ করেন ঐ রোগ যে প্রদেশে ছিল এইক্ষণে তাহাহইতে [illegible] হিরে যাইতেছে শ্রীযুত কর্ণল [illegible] সাহেব লেখেন তাঁহার বাস স্থানের [illegible] ছয় সপ্তাহাবধি মারকের তাদৃশ প্রাদুর্ভাব হয় নাই কিন্তু দক্ষিণ ও পশ্চিম অঞ্চলে কিঞ্চিৎ বৃদ্ধি হইয়াছে।

SUMACHAR DURPUN.

SATURDAY, 20TH MAY, 1837.

The Plague.

We have much pleasure in informing our readers, that the medical officers, who were deputed to Narnoul, to investigate the nature of the disease prevailing there, have reported that it is *not the plague* but a bilious remittent fever, which first made its appearance about four months ago. The mortality has been very great, particularly during the month of March, when from 20 to 30 *died daily*. The mortality is attributed to crowded houses, filth, want of ventilation, and the total absence of medical assistance. The same epidemic has been raging at Shekawatt and the Jhujjur Nawaub's country.

We understand, that Colonel Skinner considers the Palee Plague to be, from the symptoms explained by the medical men, who have investigated it, exactly the same, in all its features, even glandular swellings, as the dreadfully malignant fever, which proved so fatal at Hansi, in 1828-29: he considers that the disease has *left* these provinces, and is spreading *outwards*.

We are glad to hear that Colonel Alves writes that the Plague has made no advance in his quarter for these six weeks past. To the South and East, however, he says it has made some progress.—*Delhi Gaz.*

এতদ্দেশের তত্ত্ব।

শ্রীযুত দায়েরসায়েরী কমিসানর সাহেব বরাবরেষু।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই রাজধানীর অন্তঃপাতি প্রদেশের মধ্যে দেশীয় তত্ত্বনির্ণায়ক রিপোর্ট প্রস্তুতকরণার্থ উদ্যোগ করিয়াছেন। অতএব বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবের আজ্ঞাক্রমে আপনাকে নিবেদন করিতেছি যে সরকারী অন্যান্য কর্ম্মকারকেরদের ন্যায় আপনি এই কার্য্য নির্ব্বাহার্থ যথাসাধ্য উদ্যোগ করিবেন।

২। এতদ্রূপে দেশীয় তত্ত্ব নির্ণয়ের ভার চিকিৎসক সাহেবেরদের প্রতি অর্পণ হইল অতএব আপনার অধীন তাবৎ কর্ম্মকারকেরা ঐ সাহেবেরদের প্রতি সাধ্যমত সাহায্য করিবেন।

৩। রেবিনিউ ও মাজিস্ত্রেটী সম্বন্ধীয় সাহেবেরদের বহুতর কার্য্য থাকিতে যে তাঁহারা উক্ত অভিপ্রেত সিদ্ধার্থ কিঞ্চিৎ সময় দিতে পারিবেন শ্রীলশ্রীযুত এমত অপেক্ষা করেন না কিন্তু শ্রীযুক্তের এই মাত্র ইচ্ছা যে যে সাহেবেরা দেশীয় তত্ত্ব লওনে নিযুক্ত হন তাঁহারদিগকে তাঁহারা সর্ব্বপ্রকার কাগজপত্র দেখিতে দেন এবং এতদ্দেশীয় আমলারদের কর্তৃক সাহায্য প্রাপণার্থ তাঁহারদের প্রতি পরওয়ানা দেন এবং জমিদার ও এতদ্দেশীয় অন্যান্য ধনি ব্যক্তিরদের প্রতি সোপারিশ লেখেন যে তাঁহারা ঐ তত্ত্ব জিজ্ঞাসা বিষয়ে শীঘ্র সুফল হয় এতদর্থ তাঁহারদিগকে সুপরামর্শ দেন। শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব বিলক্ষণ অবগত আছেন যে বঙ্গাদি প্রদেশে এতদ্রূপ দেশীয় তত্ত্ববিষয়ক সম্বাদ পাওয়া অতিদুষ্কর কিন্তু তিনি এমত বিবেচনা করেন যে অতিবিজ্ঞ জমিদার ও গবর্ণমেণ্টের প্রাচীন২ আমলারদের স্থানে এমত সম্বাদ প্রাপ্তিসম্ভাবনা যে তদ্দ্বারা এই অভিপ্রায় সিদ্ধির সুযোগ হইতে পারে। জমিদারেরদিগকে বিশেষ জ্ঞাপন করিতে হইবে যে এতদ্রূপ তত্ত্ব

Statistical Returns.

CIRCULAR.

To the several Commissioners of Circuit.

Sir, The Right Honourable the Governor General in Council having determined upon the adoption of measures for ensuring, in as far as present means will allow, the preparation of statistical reports throughout this Presidency, I am directed by his Lordship the Governor of Bengal to request, that, in common with all other local authorities, you will give your best assistance to further the undertaking in question.

2. The Officer charged with the duty of examining into the statistics of the country are the Medical officers of Government. You will be pleased to enjoin all the District authorities subordinate to you to render those gentlemen every assistance in the prosecution of their enquiries.

3. It is not of course expected that Fiscal and Magisterial Officers will be able to devote any part of the time already fully occupied by their multifarious duties to giving personal aid for the above purpose. His Lordship does not anticipate that more will be necessary on their part, than the allowal of free access to records to the gentlemen seeking statistical information, the providing them with Perwannahs to ensure the co-operation of native officers, their good offices if necessary, with influential zemindars or other natives, and the communication to them of such remarks and suggestions as may tend to facilitate the process of enquiry. The Governor is well aware of the extreme difficulty in many parts of Lower Provinces of collecting materials for a statistical report. He is however of opinion that much may be learned of matter whereon to base investigation from intelligent Zemindars and experienced na-

লণ্ডন দেশের পরম মঙ্গল ও হিতজনক হইবে। এবং তাহার এক মুখ্যাভিপ্রায় এই দেশের মধ্যে রোগের ন্যূনতা হয় জমিদারেরদিগকে গবর্ণমেণ্টের এই অভিপ্রায় বিশেষ না জানাইলে কি জানি তাঁহারা এইরূপ তত্ত্ব লওনের বরং ব্যাঘাতক ও হইতে পারেন।

৪। এতদ্দেশের তত্ত্ববিষয়ক বিদ্যা এইক্ষণে প্রায় দুর্লভ সুতরাং তদ্বিষয়ক অনুসন্ধান ক্রমে২ পাওয়া যাইতে পারে। কিন্তু শ্রীলশ্রীযুত এমত বোধ করেন যে গবর্ণমেণ্টের কাগজপত্র অন্বেষণ করিলে এবং বিষয়াভিজ্ঞ ব্যক্তিরদের স্থানে জিজ্ঞাসাবাদ করিলে এবং গ্রাম্য হিসাব ও বাজার হারের রেজিষ্টর ও চৌকিদারের টাক্সের হিসাবপ্রভৃতি তজবীজ করিলে তদ্দ্বারা এমত উপায় পাওয়া যাইবে যে নীচে লিখিতব্য হারের অনুসন্ধান বিলক্ষণরূপে জ্ঞাত হওয়া যাইতে পারিবে

১। লোকসংখ্যা।

২। লোকের আহারের অপ্রতুল বা সুপ্রতুলের কারণ ও ফল।

৩। দরিদ্র লোকেরদের আহওয়াল অর্থাৎ উপজীবিকা প্রভৃতি।

৪। মজুরেরদের বেতন।

৫। অপরাধের নিমিত্ত কারণ।

৬। লোকসংখ্যানুসারে মৃত্যুসংখ্যা।

৭। সামান্যতঃ বিবাহেতে কত সন্তানোৎপত্তি। জিলার পরিমাণ ও ভূমির উর্ব্বরা দুর্ব্বরাত্ব। লোকের আচার ব্যবহার। হিন্দু ও মোসলমান প্রভৃতির জাতীয় সংখ্যা।

৫। এই সকল বিষয়ে আপনি ও আপনার অধীন কর্ম্মকারকেরা মনোযোগ না করিলে কিছু স্থিরহওনের সম্ভাবনা নাই। কিন্তু আপনি অবশ্য অবগত হইতে পারিবেন যে আপনার অধীন যে সকল প্রজালোক আছে উক্তপ্রকার দেশীয় নানা তত্ত্ববিষয়ক বিবেচনার দ্বারা তাহারদের নিতান্ত মঙ্গল হইবে। অতএব শ্রীলশ্রীযুত নিঃসন্দেহই এমত বিবেচনা করিতেছেন যে এতদ্রূপ হিতজনক গুরুতরবিষয়ক তত্ত্ব লওনে আপনি সাধ্যানুসারে উদ্যোগী হইবেন।

স্বাক্ষরীকৃত রস ডি মাঙ্গল্‌স
বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরী।
ফোর্ট উলিয়ম ২৫ আপ্রিল ১৮৩৭।

মাসাবধি হইল আমরা এক পত্র প্রকাশ করিয়াছিলাম তাহাতে লেখেন বলদাখালের নিমিত্ত যে ব্যক্তি ডেপুটি কালেকটরী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন তিনি মনোনীতীকৃত তিন জনের মধ্যে তৎকর্ম্মে বিশেষ অযোগ্য এবং তিনি ঐ জিলার মধ্যে ঋণগ্রস্ত আছেন এইপ্রযুক্তও আইন মতে যোগ্য নহেন। শুনা গেল যে ঐ পত্র শ্রীযুত বোর্ড রেবিনিউ সাহেবেরদের হস্তে অর্পিত হইয়াছে এবং তাঁহারা ঐ সকল কথার সত্যাসত্যতা নির্ণয়ার্থ হুকুম দিয়াছেন যদ্যপি এমত পরে দৃষ্ট হয় যে ঐ পত্রলেখকের কথা নিতান্ত অমূলক তবে তিনিই যে লজ্জা পাইবেন এমত নহে কিন্তু এতদ্দেশীয় পত্রপ্রেরকেরা যে পত্র প্রেরণ করেন সকলের প্রতিই অবিশ্বাস জন্মিবে। অতএব আমারদের এতদ্দেশীয় মিত্রবর্গের প্রেরিত পত্রার্পণার্থ দর্পণ মুক্ত রাখা যদ্যপি আমরা উচিত বোধ করি তথাপি তাঁহারদিগকে এমত সাবধান করিতে হয় যে তাঁহারা নিত্য নিতান্ত সত্য বার্ত্তা লেখেন তাহা না করিলে তাঁহারদের লিখন বিফল হইবে।

tive officers of Government, the former of whom should be fully informed of the benevolent and useful objects of the enquiry, having for its primary end the diminution of sickness, lest suspicion of the intentions of Government should induce them to thwart rather than aid the investigation.

4.—Although on the present imperfect state of statistical knowledge in this country the first steps of advance must necessarily be short and defective, his Lordship is yet inclined to believe that a full and patient examination of Government records, and a reference to individual experience, to village accounts, to the Register of Bazar rates, Chowkedaree assessments, &c. &c. will afford such general heads of information as may lead to the forming some conclusions on the points noted in the margin.

1.—Census of population.
2.—Cause and effect of plenty and scarcity.
3.—Condition of the poor, their subsistence. &c.
4.—Wages of labour.
5.—Physical causes of crime.
6.—Ratio of mortality.
7.—Ordinary proportion of births to marriages, in addition to the more obvious and easily attainable information as to area of Districts, comparative productiveness of lands, habits of people, proportion of Hindoos to Moosulmans, &c.

5.—Any approach to correctness on these heads will be hopeless without the cordial co-operation of yourself and your subordinate officers. But you must feel that the interests of the people entrusted to your charge are likely to be so much benefited by the advance of statistical science that his Lordship entertains no doubt of your making it an imperative duty to further to the utmost possible extent the progress of so useful and highly important an enquiry.

I have, &c.
(Signed) Ross D. Mangles,
Sec. to the Govt. of Bengal.
Fort William, 25th April, 1837.

We published a letter from a correspondent about a month since stating that the individual who had been selected for the situation of Deputy Collector of Buldakhal Pergunnah, was the most unfit of the three who had been nominated; and that the circumstance of his being in debt in that district disqualified him, according to the Regulations, for the post to which he had been elevated. This letter has, we learn, been referred to the Board of Revenue, who have directed that enquiries be made as to the truth of the allegations contained in it. If it should turn out that the assertions are without foundation, not only will the individual who wrote it be covered with shame, but a general discredit will, we fear, be thrown upon the letters of our Native correspondents. While we feel it our duty to keep the columns of the Durpun open for communications from our Native friends, we must caution them on every occasion to adhere to the strict truth, if they wish their letters to produce any effect.

অগ্নিদগ্ধ ব্যক্তিরদের উপকারার্থ সাধারণ কমিটি।

এই কমিটির রিপোর্ট সংপ্রতি প্রকাশ হইয়াছে। তাঁহারা উক্ত ব্যক্তিরদের উপকারজন্য অর্থ প্রদাননিমিত্ত ছয় অনুকমিটি নিযুক্ত করিয়াছেন। তাঁহারা ১ মার্চঅবধি ঐ দায়গ্রস্ত ব্যক্তিরদের তত্ত্বাবধি করিতেছেন। তদ্রূপ প্রত্যেক ব্যক্তিকে ১ টাকা এবং সপরিবারকে ৩ টাকা করিয়া দান করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন এবং যাহারা খাপরেল ঘর করিতে সম্মত হয় অথবা শহরের যে অংশে ঘন বসতি নাই সেই স্থানে ঘর করিতে স্বীকৃত হয় তাহারদিগকে ১৫ টাকা করিয়া দান বা কর্জ স্বরূপ দিতে প্রস্তুত আছেন। কিন্তু কোন২ স্থলে উক্ত প্রকার নিয়ম না করিয়া একেবারে ১০ টাকা করিয়া দান করিতে সম্মত আছেন।

সাধারণ কমিটি সপ্তাহের মধ্যে দুইবার অর্থাৎ সোম ও বৃহস্পতিবার অপরাহ্ন পাঁচ ঘণ্টাসময়ে একত্র হইবেন স্থির হইয়াছে। তাঁহারদের চাঁদাতে অধিক সংখ্যক অর্থাৎ ১৩,৬৩৪ টাকা সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে প্রধান সনদাতা শ্রীযুক্ত লার্ড বিশোপ সাহেব এবং তিন জন জজ এবং শ্রীযুত মকালি সাহেব শ্রীযুত রষ্টমজী কওয়াসজী শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর ও শ্রীযুত বাবু মতিলাল শীল ও শ্রীযুত দিসুজা কোং ও শ্রীযুত বাইড কোং ও শ্রীযুত কখেরল কোং ও অন্যান্য কএক জন কুঠীপতি।

নূতন বাঙ্গাল বেঙ্ক নোট।

কুরিয়র সম্বাদপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে বাঙ্গাল বেঙ্কের যে নূতন নোট কোম্পানির টাকাতে অঙ্কিত থাকিবে তাহা হাইবরণিয়া জাহাজের দ্বারা ইঙ্গলণ্ড দেশহইতে এইক্ষণে পঁহুছিয়াছে। ঐ সকল নোট কার্য্যে আনয়নার্থ কিছু বিলম্ব হইবে। তাহা হইলে সিক্কা টাকার নোটের পরিবর্ত্তে কোম্পানির টাকার ঐ নূতন নোট চলিবে এই ব্যবহার যথাসাধ্য শীঘ্র করা উচিত যেহেতুক দুইপ্রকার টাকার হিসাব রাখাতে কর্ম্মকারকেরদের অত্যন্ত ক্লেশ হইতেছে।

সৌরাষ্ট্রের মহাগ্নি।

অতিপ্রাচীন সৌরাষ্ট্র নগর অগ্নিতে প্রায় বিনষ্ট হইয়াছে। ২৫ আপ্রিল সোমবারের অপরাহ্ন পাঁচ ঘণ্টা সময়ে পারসীয় এক ব্যক্তি স্বীয় ঘরে ডামরের দ্বারা অগ্নি ধরিয়া দেয় তৎসময়ে অতিপ্রবল উত্তরীয় বাতাস বহনপ্রযুক্ত অতিশীঘ্র সৌরাষ্ট্রের উত্তরভাগ ধরিল অপর অতি সঙ্কীর্ণ রাস্তার ধারে যে সকল তেতালা চৌতালা কোঠা ছিল তাহাতে অগ্নি লগ্ন হওয়াতে কোনপ্রকারে প্রতিকার করা গেল না। যেমন অগ্নি চলিতে লাগিল তেমনি সর্ব্বস্ব ভস্ম করিয়া ঐ সকল অট্টালিকার কেবল দুই তিন হাত করিয়া ভিত্তি অবশিষ্ট রাখিল। তৎক্ষণাৎ আমলাসমেত আসিষ্টাণ্ট মাজিস্ত্রেট সাহেব তথায় উপস্থিত হইলেন কিন্তু ঐ প্রলয়াগ্নির গোলযোগে জনতার চাপাচাপিতে তাঁহার বামস্কন্ধটা ভগ্ন হইল। সেনাপতি সাহেবেরা ও পোলীস সংক্রান্ত তাবৎ লোক ঐ রাত্রিতে তথায় ছিলেন কিন্তু সেই সমস্ত রাত্রি ব্যাপিয়া অগ্নি এমত অবাধে চলিল কাহার সাধ্য যে তাহা থামায় নগরীয় অনেক লোক বিশেষতঃ ব্রাহ্মণেরা আপনারদের চৌবাচ্চাহইতে জল লইতে যথাসাধ্য নিবারণ করিয়াছিলেন। মঙ্গলবার প্রত্যূষে দক্ষিণা বাতাসহওয়াতে অপরদিকস্থ অট্টালিকা শ্রেণীতে পড়িল। মঙ্গলবারের তাবৎ দিন ও মধ্যরাত্রিপর্য্যন্ত অগ্নি চলিয়া ভক্ষণীয় ঘর দ্বার আর কিছু না থাকাতে আপনিই নির্ব্বাণ হইল।

General Committee for the Relief of Sufferers by the fire.

The Report of the Committee has just been published. They have appointed six sub-Committees to superintend the relief; and their enquiries are to be carried back to the 1st March. They are authorized, for the present to distribute One Rupee to each individual sufferer, and three Rupees for a family. They are also authorized to grant 15 Rupees as a gift or loan, to those who are willing to tile their new buildings, or to remove to more thinly inhabited parts of the town, except in particular cases, when they are permitted to advance 10 Rupees without this restriction.

The General Committee have determined to meet twice a week, namely on every Monday and Thursday, at 5 P. M. The subscription list already shews a very respectable amount, Rs. 13,654. The principal contributors are, the Bishop, the three Judges, Mr. Macaulay, Rustomjee Cowasjee, Dwarkanauth Tagore, Moteelol Seal, Messrs. D'Souza and Co., Cockerell and Co., Boyd and Co. and several other mercantile firms.—*Cal. Cour.*

New Bank of Bengal Notes.

We learn from the *Courier* that the New Bank of Bengal Notes, expressed in Company's Rupees, have just arrived by the *Hibernia* from England. Some little time will be required to bring them into operation so as to enable the Bank to recal the old Sicca Notes, but it is necessary that this should be done as quickly as possible, as the double currency is now highly inconvenient.

The Fire in Surat.

The ancient city of Surat has nearly been destroyed by fire. On Monday afternoon, the 25th April, about five o'clock, a Parsee set his house on fire, some say by boiling pitch or dammer. A fresh northerly breeze was blowing at the time, and the fire soon spread through the best part of Surat. In some of the narrow streets, crowded with spacious houses three and four stories high, the fire acquired an intenseness which nothing could resist; the flame licked up every thing in its progress, and the walls were left only a foot high. The Magistrate hastened to the spot with his assistant, but was thrown down in the confusion, and his left shoulder dislocated. The officers and the whole of the police were there all night; the conflagration raged during the night beyond the power of man to controul. Many of the natives, especially bramhuns, used every effort to prevent water being taken from their wells. At day-light on Tuesday, a breeze sprung up from the South and directed the fire upon a new column of buildings. It raged throughout the whole of Tuesday and about the middle of Tuesday night, burnt itself out, and left Surat one vast extended heap of ruins. By the lowest computation, from 5 to 6000 houses have been burnt; other estimates raise

তাহাতে তাবৎ সৌরাষ্ট্র নগর কেবল ভস্মময় দেখা গেল ন্যূন সংখ্যায় পাঁচ ছয় হাজার ঘর কেহ২ অনুমান করেন ২০ হাজার ঘর দগ্ধ হয়। দরিদ্র ও ধনি ব্যক্তিরদের প্রায় সমানই ক্ষতি কিন্তু নগরের উত্তম২ অট্টালিকা দগ্ধ হওয়াতে বোধ হয় অধিকাংশ ধনিরদের ক্ষতি হইবে। প্রাণ হানিও অনেক হয় ৪৮০ জনের ন্যূন নহে মারা পড়ে বলদ ইত্যাদি পশুও অনেক মরিয়াছে ফলে নগরের কোন বিষয়ই রক্ষা পায় নাই। এই অতিপুরাতন নগর বহুকালাবধি পতনোন্মুখ ছিল এইক্ষণে বোধ করি এই মহা বিপদ্ হইতে আর উদ্ধার হইতে পারিবে না। এই অগ্নির সম্বাদ বোম্বাইতে পঁহুছিবামাত্র অতিপ্রসিদ্ধ ধনাঢ্য বোম্বাইস্থ এক জন পারসীয় বণিক জামসেটজি জিজিভয় তৎক্ষণাৎ স্বীয় ব্যয়ে ২০০০০ টাকার তণ্ডুল ঐ দুরবস্থ ব্যক্তিরদের নিমিত্ত সৌরাষ্ট্র নগরে প্রেরণ করিলেন এবং বোম্বাইস্থ ধনি হিন্দু ও পারসীয়েরদের মধ্যে ঐ নগরের উপকারার্থ এক চাঁদা করিতেছেন।

ঐ নগরে এইক্ষণে সহস্র২ ব্যক্তির ঘর দ্বার শূন্য হইয়াছে এবং আগামি বর্ষার স্রেই তাহারদের দুঃখের অত্যন্ত বৃদ্ধি হইবে অতএব ঐ সকল ব্যক্তির উপকারার্থ অবিলম্বেই কোন গুরুতর নিয়ম না করিলে নয়। ভয় হইতেছে যদি সাধারণ ব্যক্তিরা স্ব২ বিভবানুসারাতিরিক্তও দান করেন তথাপি আবশ্যকের ন্যূনতা হইবে।

কথিত আছে যে বোম্বাইস্থ এতদ্দেশীয় লোকেরা সংপ্রতি এই বিষয়ের নিমিত্ত শ্রীলশ্রীযুত গবর্নর সাহেবের নিকটে গমন করাতে শ্রীযুক্ত স্বীয় সুপ্রসিদ্ধ বদান্যতার দ্বারা কহিলেন যে আমি তাহারদের নিমিত্ত মহাখেদিত আছি এবং আমার বিশেষ খেদ এই যে আমি স্বীয় ক্ষমতাক্রমে তাহারদের সাহায্য করিতে পারি না আমার সহকারি কৌন্সেলিরদের এবং সুপ্রিম গবর্ণমেণ্টের সাহায্য ব্যতিরেকে কিছু করিতে ক্ষম নহি। এতদ্রূপ কৌন্সেলি সাহেবেরদের উপকারার্থ মহাবদান্যতাকরণের যে মানস আছে তাহা সকলই অবগত আছেন তাহার প্রমাণও মধ্যে২ প্রাপ্ত হওয়া গিয়াছে অতএব তাঁহারা যে এতদ্বিষয়ে স্বীকৃত হইবেন সন্দেহ নাই। আমারদের এমত অনুভব হয় না যে সুপ্রিম গবর্ণমেণ্ট এই গবর্ণমেণ্টের স্থানে সৌরাষ্ট্র নগরীয় লোকেরদের মহাদুরবস্থা শুনিয়া উপকার করিবেন না। অতএব অগৌণেই এই সম্বাদ তথায় প্রেরণ করা যাউক তাহাতে ঐ দুঃখি ব্যক্তিরদের দুঃখ আর অতিরিক্ত বৃদ্ধি হইবে না ফলতঃ আমরা নিশ্চয় জানি যে এই গবর্ণমেণ্ট দুরবস্থ ব্যক্তিরদের দুঃখোপশমনার্থ যথাসাধ্য উদ্যোগ করিতে ত্রুটি করিবেন না।

উপরিউক্ত প্রস্তাব লিখনের পর বোম্বাইর উপরি গবর্ণমেণ্ট গেজেট আমারদের নিকটে পঁহুছিল তাহাতে এতদ্বিষয়ক এক বিজ্ঞাপন প্রকাশিত আছে। সুতরাং তাহা অবিকল অধোভাগে অর্পণ করা গেল। গবর্ণমেণ্ট এই বিষয়ে কি স্থির করিবেন আমরা যে অনুভব করিতেছিলাম তাহা ঐ বিজ্ঞাপন দর্শনেই সিদ্ধ হইল!

টেরিটোরিয়ল ডিপার্টমেণ্ট—রাজস্ব।

সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ এইক্ষণে প্রকাশ হইতেছে যে সৌরাষ্ট্র নগরে সংপ্রতি যে প্রলয়াগ্নি হইয়াছে তজ্জন্য দুঃখ প্রতিকারার্থ শ্রীলশ্রীযুত হজুর কৌন্সেলে এই স্থির করিয়াছেন যে আহারীয় দ্রব্য ও গৃহ নির্ম্মাণের যত দ্রব্য সৌরাষ্ট্রের মধ্যে আমদানী করা যাইবে বা সৌরাষ্ট্রে আমদানীকরণার্থ অন্যান্য স্থান হইতে রপ্ত হইবে তাহার উপরে আমদানী ও রপ্তানী ও রাহাদারি মাসুল আগামি ১ আগস্ট পর্য্যন্ত অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত মৌকুফ থাকিবে এবং আরো হুকুম করিতেছেন যে উক্ত প্রকার যত দ্রব্যের উপর মাসুল লওয়া গিয়াছে সেই প্রকার দ্রব্য যদি সৌরাষ্ট্রে আমদানী করা গিয়াছে এমত সর্টিফিকট থাকে তবে ঐ মাসুল ফিরে দেওয়া যাইবে।

২। আরো হুকুম হইল যে সৌরাষ্ট্র নগরে খরচের নিমিত্ত যত আহারীয় দ্রব্য ঐ নগরে আমদানী হইবে তাহা যদি মে মাসের মধ্যে আমদানী করা যায় তবে তাহার মূল্যের উপর গবর্ণমেণ্ট শতকরা ২ টাকা করিয়া পুরস্কার দিবেন যদি জুন মাসে আমদানী হয় তবে শতকরা ১ টাকা দিবেন। এবং গবর্ণমেণ্ট সৌরাষ্ট্র নগরস্থ লোকেরদের হিতজনক যে কতিপয় নিয়ম নির্দ্ধার্য্য করিয়াছেন তাহা সিদ্ধকরণার্থ সংপ্রতি জুদিসিয়ল ডিপার্টমেণ্ট যে কমিটি নিযুক্ত করিয়াছেন অর্থাৎ সৌরাষ্ট্রের প্রধান কালেক্টর ও একটিং জজ তাঁহারাই ঐ পুরস্কার দিবেন

---

*the number to 20,000. The rich and poor have suffered alike, but the rich perhaps more than the poor; as the fire ravaged the best parts of the city. The loss of life has been immense; 480 are reported to have perished in the flames. Great numbers of cattle too have been burnt, and the scene is one of wide spread desolation. It is scarcely to be supposed that this ancient city, which has long been in a declining state will be able to recover from this calamity. As soon as the intelligence of the fire reached Bombay, Jamsetjee Jejeebhoy, a Parsee merchant, distinguished for his liberality, despatched a cargo of rice and other necessaries to the value of more than 20,000 Rupees at his own expense for the relief of the suffering inhabitants. A subscription was also opened among the Hindoos and Parsees for the relief of the town.

Thousands are now houseless and homeless, and the approaching monsoon will increase their sufferings. Some *large* scheme of relief must be adopted without delay; and it is to be feared that the contributions of private individuals however liberal for the means of the parties, will fall far short of the needed supplies.

It is said that a deputation of the natives waited on the Governor the other day on this subject, and that his Excellency, as might be expected from his known goodness of heart, expressed his deep sorrow at the condition of the sufferers, and the more so that he was unable on his own authority to render them any aid, having no power to do so without the sanction of his colleagues and of the Supreme Government. Of the desire on the part of the other members of this government to do acts of charity, the presidency has had ample proof, and their concurrence may therefore be calculated on. Nor can we suppose for a moment that the Supreme Government *will lend a deaf ear to the tale of distress* which this government has it in its power to communicate to them. Let such tale therefore be communicated promptly, that the miseries of the sufferers may not be unnecessarily aggravated; indeed we are satisfied that every effort which this Government can make to lessen the effects of the present calamity will be promptly made.—*Bomb. paper.*

Just as we had written the above remarks *a Bombay Government Gazette extraordinary*, was placed in our hands containing a notification by the government which we cannot do better than subjoin. It fully bears out our expectations as to the course this government would pursue.

Territorial Department.—Revenue.

It it hereby notified, for general information, that, in consequence of the recent extensive fire at Surat, the Right Honourable the Governor in Council has been pleased to resolve that, all import, export, and transit duties, leviable on the articles of food, and building materials, imported into, and exported from other places for Surat, shall be remitted, until the 1st of August next, or until further orders; and further that on the production at the place of export, of a certificate of import at Surat, all duties that may have been paid by the exporters shall be refunded.

2d. It is also hereby notified, that all persons importing grain into Surat, for the consumption of that city, will be entitled to a premium of 2 per cent. on their imports, during the current month of May, and of one per cent. on their imports, during the ensuing month of June. This premium will be granted by the special committee, (consisting of the principal Collector, and acting Judge of Surat,) recently appointed, from the judicial department, for the purpose of carrying into effect certain other measures resolved on by government for the relief of the inhabitants of Surat.—*Bombay Gazette*

মঙ্গলূরের উৎপাত

মঙ্গলূর হইতে যে শেষ সম্বাদ আগত হয় সে শুভাবহ দেওয়ান বাপু ইঙ্গলণ্ডীয়েরদের পল্টনের ১০০ লোক লইয়া সুরিয়া নগর আক্রমণ করত উপদ্রবক এক দলকে পরাভূত করেন বিশেষতঃ ৯ জনকে ধৃত ও ১ জনকে হত করিয়াছেন। ঐ স্থানে দেওয়ানের পঁহুছনের পূর্ব্বে ঐ সিংহাসনাভিলাষি প্রধান রাজবিদ্রোহি ব্যক্তি ও তাহার অনুচরেরা পলায়ন করিয়াছিল কিন্তু উক্ত স্থান আক্রমণ করাতে অনিষ্টাচারি ব্যক্তিরদের পলায়নের পথ অবরুদ্ধ হইবে। অপর ২৫ তারিখে দেওয়ানজী সৈন্য সমভিব্যাহারে উর্দ্দূর স্থানাভিমুখে গমনকরত তত্রস্থ রাজদ্রোহিরদের এক মহাদলকে তাড়াইয়া দিয়া শ্রীযুত ডাক্তর পামর সাহেব ও তাঁহার স্ত্রী পুত্রাদিকে মুক্ত করিলেন ১৮ দিবসঅবধি তাঁহারদিগকে কয়েদ রাখিয়াছিল। পরে শুনা গেল যে তাবৎ সৈন্য ঐ সিংহাসনাকাঙ্ক্ষী রাজদ্রোহিকে ছাড়িয়া প্রস্থান করিয়াছে এইক্ষণে ঐ ব্যক্তি মলয়বার দেশে পলায়নোন্মুখ হইয়াছে।

কৈম্বিটূরে অতিবিলপনীয় দুর্ঘটনা

অতিখেদপূর্ব্বক লিখিতেছি যে গত মাসের ১৯ তারিখে কৈম্বিটূরে যে উৎসব হয় তাহাতে অতিবিলপনীয় দুর্ঘটনা ঘটে অর্থাৎ পাঁচ জনের প্রাণহানি হইয়াছে.

পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন যে অবিবেচনীয় প্রতিমার পরিভ্রমণসময়ে তৎসম্মুখে ফলাদি নিক্ষেপকরণ ব্যবহার আছে এবং দৃষ্ট হইল যে তৎসময়ে কএক জন বালক ঐ ফল লইয়া কাড়াকাড়ি করিতেছিল তাহাতে এক বালক দৈবাৎ পড়িয়া যাওয়াতে অন্যান্যেরা তদুপরি চাপিয়া পড়িল এবং যাহারা রথাকর্ষণ করিতেছিল তাহারা উহারদের ঐ অবস্থা না জানিয়া উপর দিয়া রথ চালাইল তৎপ্রযুক্ত ঐ সকল বালক মারা পড়িল। দুর্ভাগ্যক্রমে এক জন ছুতার বালকেরদের সঙ্গে থাকাতে তাহারদের উদ্ধারার্থ উদ্যোগ করিয়াছিল কিন্তু তাহাতে সে ব্যক্তিও মারা পড়িল।

হিউলিণ্ডি জাহাজের পুলিন্দা।

হিউলিণ্ডি বাষ্পীয় জাহাজের পুলিন্দাতে কলিকাতা ও তদঞ্চলান্তঃপাতি স্থান হইতে ২১৬৭ মান্দ্রাজ হইতে ৪৪৩ বোম্বাই হইতে ৭০৫ পত্র প্রেরিত হয়

Mangalore.

The latest accounts from Mangalore are favourable. The Dewan Bapoo had proceeded with a party of about 100 men of the 24th, and taken possession of the town of Sooleea. On the way to that place, he dispersed several parties of the insurgents, made nine prisoners and killed one man. The pretender and the chief insurgents had abandoned the place before his arrival, but the occupation of the post would cut off the retreat of the insurgents towards some of the most inaccessible parts of the country. On the 25th the Dewan proceeded with his party in the direction of Uddoor, and after putting to flight a body of the insurgents, succeeded in releasing Dr. Palmer, his wife and child, who appear to have been in the hands of the insurgents, 18 days. It appears that the pretender has been deserted by nearly all his troops, and is endeavouring to make his escape in Malabar.

Melancholy Accident at Coimbatore.

A very melancholy accident, we regret to say, happened at the festival at Coimbatore on the 19th ultimo by which five lives were lost.

"Our readers are aware of the practice of throwing fruit down as offerings before the idol in his senseless peregrinations, and it appears that on this occasion when some boys were scrambling for it, one of the poor creatures was unfortunately thrown down, the others fell over him, and the besotted crowd drawing the car, ignorant of the situation of the sufferers, pressed on crushing them all under its weight, as well as an ill fated carpenter, who was attending the car, and endeavoured to extricate the boys, an attempt which most probably cost him his life. The priest should pension the latter's family.—*Engl.*

The Hugh Lindsay's Packets.

The number of letters for the *Hugh Lindsay* from Calcutta and its dependencies was 2167, from Madras 443, from Bombay 705.

[পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত]

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

১৫ মার্চ মাসে ১৮৩১ সালে শ্যামপুষ্করিণীস্থ ১৫ নং বাটীতে স্থাপিতা।

পশ্চাল্লিখিত মহাশয়গণ বর্ত্তমান বর্ষে উক্ত পাঠশালার কর্ম্মাধ্যক্ষতায় নিযুক্ত হন এবং দর্শক শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর সি এম আর এ এস মহোদয়দ্বারা প্রস্তাবিত পাঠশালার নিয়মচয় তথাকার কার্য্যাধ্যক্ষক মহাশয়দিগের মনোনীত হইলে ধার্য্য হয়। ১৮৩৭ সাল ৫ মে।

উপরি দর্শক।—শ্রীযুত রেবেরেণ্ড জে বেটমান এম এ সাহেব ও শ্রীযুত সি ই ট্রিবিলিয়ন সাহেব এবং শ্রীযুত ডি মাকফার্লন সাহেব।

দর্শক।—শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর।

পরীক্ষক।—শ্রীযুত এম সিরেট সাহেব ও শ্রীযুত বাবু কাশীপ্রসাদ ঘোষ এবং শ্রীযুত বাবু যাদবচন্দ্র ঘোষ

স্থাপক।—শ্রীযুত বাবু শারদাপ্রসাদ বসু।

কার্য্যাধ্যক্ষ।

সভাপতি।—শ্রীযুক্ত অনরবল সর বি এচ মালকীন নাইট।

সভাপতি প্রতিনিধি।—শ্রীযুক্ত বিনরেবল আর্চ ডিকন টি ডাল্টির এল এল বি।

অধ্যক্ষ।—শ্রীযুত রেবরেণ্ড জে বেটমান এম এ ও শ্রীযুত সি ই ট্রিবলিয়ন সাহেব ও শ্রীযুত ডি মাকফার্লন সাহেব ও শ্রীযুত ডবলিউ এচ ডফ সাহেব ও শ্রীল নওয়াব তহবরজঙ্গ বাহাদুর ও শ্রীযুক্ত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর ও শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর ও শ্রীযুত বাবু কাশীপ্রসাদ ঘোষ এবং শ্রীযুত বাবু কাশীনাথ বসু।

প্রধান সম্পাদক।—শ্রীযুত বাবু কৃষ্ণহরি বসু।

প্রধান শিক্ষক।—শ্রীযুত বাবু কালিদাস পালিত।

দ্বিতীয় ঐ।—শ্রীযুত বাবু দুর্গাচরণ বন্দোপাধ্যায়।

তৃতীয় ঐ।—শ্রীযুত বাবু মধুসূদন সরকার।

চতুর্থ ঐ।—শ্রীযুতবাবু শ্যামাচরণ নন্দী।

পঞ্চম ষষ্ঠ ও সপ্তম ঐ।—শ্রীযুত বাবু শ্রীনাথ বিশ্বাস।

ঐ নিয়ম

১। উক্ত বিদ্যালয়ে কেবল হিন্দুবংশ্য বালকগণ ছাত্ররূপে গৃহীত হইবেন।

২। যে বালকগণ পাঠবিষয়ে ব্যয়াশক্ত হইবেন তাঁহারদিগের স্ব২ পিতা বা তত্ত্বাবধারক অথবা নিকটাত্মকুটুম্বদ্বারা বিশেষ নিদর্শন লিপি প্রধান সম্পাদকসমীপে আনয়ন করিলে তাঁহারা এই পাঠশালায় বিনা বেতন গ্রহণে গ্রহণীয় হইবেন।

৩। কথিত পাঠশালার সাধারণ নিয়ম এই ষড়বর্ষাবধি নববর্ষ বয়ঃক্রমপর্য্যন্ত বালকগণ সংগৃহীত হইবেন কিন্তু যে বালক সকল নববর্ষাতীত অপূর্ণ ষোড়শ বৎসর বয়স্কপর্য্যন্ত হইলে এবং উপযুক্ত বিদ্যায় ব্যুৎপত্তি থাকিলে তাঁহারাও নিযুক্ত হইবেন।

৪। এই পাঠশালায় কোন বালক ষড় বৎসরাধিক অবস্থিতি করিতে পারিবেন না।

৫। এই বিদ্যালয়ের সমস্ত কর্ম্ম হিন্দু শিক্ষককর্তৃক প্রচলিতাবধারিত হইবেক।

৬। এই পাঠশালার সাম্বৎসরিক পরীক্ষা এবং পারিতোষিক পুস্তক বিতরণ প্রতিবর্ষে মার্চ মাসে হইবেক।

৭। ঐ দিবসীয় পরীক্ষা ও পুস্তক বিতরণ কালে পাঠশালার কার্য্যাধ্যক্ষসকল অর্থাৎ সভাপতি ও সভাপতি প্রতিনিধি ও কর্ম্মনিষ্পাদক সম্প্রদায় ও ধনদাতা গণ এবং এতদ্দেশস্থ বিদ্যানুরাগি মিত্রসমূহের এক বৈঠক হইবেক সেই সময়ে পাঠবিবরণ ও আয় ব্যয় পত্র ও কার্য্যাধ্যক্ষ মহাশয়চয় এবং পাঠশালার সাকল্য ব্যাপার সমাধান হইবেক।

৮। এই পাঠশালার যখন কোন কার্য্যোপস্থিত হইবেক তন্নিষ্পত্তি কারণ এতৎ সম্পাদক দ্বারা তদ্বৃত্তান্ত লিখিয়া তাঁহারদিগের অভিপ্রেত বিজ্ঞাত নিমিত্ত এক সাধারণ লিপি প্রেরণ করিবেন।

৯। প্রতি মাসের প্রথম সোমবারে আবেদিত দিনানুসারে এবং আপত্তি ব্যতীত বালকগণমধ্যে ছাত্রচতুষ্টয় এই পাঠশালায় নেতব্য হইবেন।

১০। কথিত পাঠশালার আয় ব্যয়ের পত্রিকা প্রতিবৎসরে প্রধান সম্পাদক দ্বারা কর্ম্মনিষ্পাদক মহাশয়দিগের সমক্ষে বিন্যস্ত হইবে।

১১। যে কোন মহাশয় এই পাঠশালার ব্যয় সাহায্যে স্বাক্ষর করিলে অধ্যক্ষক মধ্যে গণনীয় হইয়া বার্ষিক কার্য্যনিষ্পাদক মনোনীত সময়ে স্বীয়াভিপ্রায় ব্যক্ত করণে ক্ষমতা থাকিবে।

প্রধান সম্পাদক শ্রীকৃষ্ণহরি বসোঃ।

[From a Correspondent.]

Hindoo Benevolent Institution.

Established Shampukar, No. 15, March 15, 1837.

The following Gentlemen are the Office Bearers of the above Institution for this year, and the rules thereof that proposed by the Visitors Raja Kalee Krishna Bahadoor, Coll. R. A. S. and passed by the Managing Committee on the 5th May, (inst.) 1837.

Honorary Visitors.—The Rev. J. Bateman, M. A., C. E. Trevelyan, Esq. and D. McFarlan, Esq.

Visitor.—Maha Raja Kalee Krishna Bahadoor.

Examiners.—M. Siret, Esq. Baboo Kasheeprusad Ghose, and Jadubchundra Ghose.

Proprietor.—Baboo Sharadaprusad Basu.

Managing Committee.

President.—The Honourable Sir B. H Malkin, Knight.

Vice President.—The Ven. Archdeacon T. Dealtry, L. L. B.

Members.—Rev. J. Bateman, M. A., C. E. Trevelyan, D. McFarlan, and W. H Duff Esqrs. H. H. Nawaub Tahawer Jung Bahadoor, Maha Raja Kalee Krishna Bahadoor, Baboos Dwarkanath Tagore, Kasheeprusad Ghose, and Kasheenath Basu.

General Superintendent.—Krishnahuree Basu.

Head Teacher.—Baboo Kaleedass Palit.

Second Ditto.—Baboo Doorgachurun Banerjee.

Third Ditto.—Baboo Modhoosoodun Sirkar.

Fourth Ditto.—Baboo Shamachurun Nundee.

Fifth, Sixth and Seventh Ditto.—Baboo Shreenath Biswas.

Rules.

1st. That none but Hindoo boys shall be admitted as pupils into the Institution.

2d. That boys destitute of the means of paying for their education shall, upon affording to the General Superintendent through their parents or guardians or relations, satisfactory proofs of such their needy circumstances, be admitted into the Institution *free* of expence.

3d. That the General Rule of the Institution shall be, that boys under the age of *nine* years, shall be eligible for admission into the Institution; but that exceptions thereto shall be made where boys although above *nine* years (but under sixteen,) evince a tolerable progress in learning.

4th. That no boys shall be allowed to remain in the Institution beyond a period of *six* years.

5th. That the Institution shall be conducted by Hindoo Teachers.

6th. That a public examination and distribution of prizes, shall take place in the month of *March* of every year.

7th. That on the morning of the day, when such examination and distribution is intended to take place, a Meeting of the President, Vice-President, Managing Committee, Subscribers, and others the friends of Native Education, shall be appointed for the purpose of hearing reports, passing accounts, electing office bearers, and of transacting the general business relating to the Institution.

8th. That when any special matters connected with the Institution, shall require to be carried into effect, the General Superintendent shall issue a circular to the Managing Committee, and explaining the circumstances to which their attention will be called.

9th. That not more than *four* boys shall be admitted monthly, and on the first Monday of every month, into the Institution. And that such admission shall be determined according to priority of applications of the candidates, provided no objections shall exist to their admittance.

10th. That the General Superintendent shall produce a yearly account of sums received and disbursed on account of the Institution, and shall submit the same to the Committee.

11th. That persons of whatever nation subscribing any sum to the funds of the Institution shall be considered Members thereof, and shall be entitled to join in the annual election of the Committee.

Krishnahuree Basu,
Genl. Supdt.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

গত ২৯ আপ্রিলের দর্পণে এস জি আর স্বাক্ষরিত যে পত্র প্রকাশ হয় উক্ত পত্রলেখকের ব্যঙ্গোক্তিতে বিজ্ঞগণের বৈরক্তি দু ক্ষমিত্র হইলেও অন্তকারির নিবৃত্তিতে তাঁহার দৌর্জন্য শক্তির বৃদ্ধির প্রসক্তি আছে। এতত এ প্রস্তাবমাত্রতারে ক্ষান্ত হইয়াও উক্তবিষয়ের কিঞ্চিৎ বর্ণনে প্রবর্ত্ত হওয়া গেল। এস জি কহেন মাজিষ্ট্রেট সাহেব তাঁহার সিরিস্তাদারকে রাস্তার বিষয়ে ভার দেওয়াতে সোনায় সোহাগা হইয়াছে। এ কথা যদ্যপি এস জি ব্যঙ্গভাবে কহিয়া স্বয় অঙ্গের জ্বালা দূর করিয়াছেন কিন্তু তাহাতে কেবল তাঁহারি নিজ দলবলে কৌশল জ্ঞান করিয়াছেন পরন্তু আমারদিগের বুদ্ধিতে এতদ্দেশের প্রজারদিগের পক্ষেই সোনায় সোহাগা হইয়াছে তাহা অবশ্য হাকিমান মহাশয়েরা বিলক্ষণ অবগত আছেন। কারণ এই নগরে রাস্তাভাবে যেরূপ নিগ্রহ ছিল তাহা সিরিস্তাদারের এপ্রকার বাহুল্যাতীত যোজনাপেক্ষা বারণ হইত না। হা বিধাতঃ কি কালের অপূর্ব্বভাব কোথাকার একটা সর্ব্বনাশ আসিয়া সকলের মন বিকল করিয়াছে কিবা অপূর্ব্ববুদ্ধি মহাকাল সকালে বিকালে কেবলা২ শুনিয়া কর্ণেতে আগাপালা জ্ঞান করিয়াছেন। বুঝি মহাকাল ভারি বিদ্যাতে বৃহস্পতি হইবেন নতেৎ তিনি এত লম্ফঝম্প করিতেন না বুঝি তাহার কর্ণকুহরে কখন বান্দা নেমাজ কেবলা অথবা মহাশয় ইত্যাদি ভদ্র সম্বোধনশব্দ প্রবিষ্ট হয় নাই। কিন্তু এ বিষয়ে সিরিস্তাদারকে দৃষ্টান্তস্থলপূর্ব্বক কহিতেছি এরূপ অকালকুষ্মাণ্ড ভণ্ড ব্যক্তির ভাঁড়ামিতে বিরক্ত হইয়া ধৈর্য্য না করেন যেহেতুক পুরুষানুক্রমে বাপের ভাই ও শালির ভাই ও গোলা ও চন্দুরে ইত্যাদি শব্দে যে ব্যক্তি সম্বোধিত হইয়াছে তাহার কর্ণে কেবলা শব্দ যাইলে যে কেবল কাব্য করিয়াই ক্ষান্ত আছে ইহাই তাহার পক্ষে যথেষ্ট হইয়াছে। মহাকাল নিজ দলবলের সহিত এরূপ কলকল ত্যাগ করিয়া অর্থাৎ এস জি আর নাম গোপন করিয়া নিজ নাম প্রকাশ করুন নতুবা আবডালে থাকিয়া ঢেলা মারিয়া কেবল দুটি চারিটি বাহবা বলিয়া কি প্রবল হই

Correspondence.

To the Editor of the Durpun.

On the 29th of April, a letter was published signed S. G. R. and although his sarcasms may disgust the wise, if we remain silent his iniquities may be increased. Instead therefore of avoiding the subject, we send you a few lines regarding it. S. G. R. says, that through the Magistrate's having committed the management of the roads to his Sheristadar, his gold has been more heightened in colour. Although he may be flattered for those remarks by his own party, yet it can only appear as a passionate expression. Rather we should say that the appointment has greatly benefited the people, as our Rulers in this place well know; for the inconvenience which we suffered in this town from the want of roads, would not have been removed without the exertions of the Sheristadar. What strange times we are living in, that this destroyer from some place should come and distress the minds of men. This wise man hearing the word *Kebla* morning and evening addressed to the Sheristadar is unable to contain himself. This great destroyer must be a Jupiter in knowledge, else he would not leap about here and there. One should almost suppose that his ears have never been accustomed to hear himself addressed as *Bunda newaj*, *Kebla*, or *Muhashoy*; but on this subject I would humbly advise the Sheristadar that he would not allow his mind to be disturbed by the ravings of such a man. For an individual, who, from his infancy has never been addressed but in the lowest and most familiar terms, when he for the first time hears the word *Kebla*, it is much for him that he passes it with contempt. Let this great destroyer forsake all this deceit, and instead of the name S. G. R. give us his

বেন। মনে করুন যাঁহারে এ নগরে সর্ব্বাগ্রে গণ্য করিতেছেন তাঁহার প্রতি এক ব্যক্তি উগ্র হইয়া কি নিগ্রহ করিতে পারে কেবল নিজেই ব্যগ্র হইতে হয়। মনে করি এস জি সরকারি কারিকুরিতে কিছু ভারিভুরি হইয়া থাকিবেন নতুবা একপ জারীজুরি করিতেন না কিন্তু মাঠের মধ্যে চারহারির বিষয়ে কিঞ্চিৎ ফেরাফির হইলেই সারি২ বাখারি খাইয়া মরি২ রবে ফিরিতে হইবে। পাঠকবর্গ বিলক্ষণ জানিয়াছেন যে এস জি কোন মর্ম্মান্তিক রাগ প্রকাশ করিয়াছেন। কেননা তিনি লেখেন যে কোন ধনি ব্যক্তি ২০।২৫ হাজার টাকা ব্যয় করিয়া পুষ্করিণী খনন করিতেছেন তাহাতে ২০০।২৫০ টাকা লইবার মানসে সিরিশ্তাদার প্রতিবন্ধি দিয়াছেন। পাঠকবর্গ বিবেচনা করুন যে পুষ্করিণী খননে ২০।২৫ হাজার টাকা ব্যয় করিবার সম্ভাবনা হয়। কিন্তু আমরা জানি যে ঐ পুষ্করিণী খননে জমিদার প্রতিবন্ধি উপস্থিত করিলে সিরিশ্তাদার নানা যত্ন করিয়া ধনিব্যক্তির অত্যল্প ব্যয়ে সন্ধি করিয়া দিয়াছেন। ইহা এ স্থানের হাকিম লোক বিলক্ষণ অবগত আছেন তাঁহারা প্রতিদিন সায়ং প্রাতে ভ্রমণস্থলে রাস্তা তদারক করিতেছেন যদি এবাক্তির লিখিত ব্যাপার সিরিশ্তাদারের দ্বারা যথার্থ হইত তবে এখানকার প্রজারা কি এক দিবসও হাকিমানের কর্ণগোচর করিত না। যাহা হউক আমারদিগের এ সকল প্রকাশের কারণ এই যে এইক্ষণে যে রীতি উঠিল ইহাতে আপনার রাগ প্রকাশের বিশেষ উপায় হইয়াছে। কেননা কোন বিষয়ে কোন ব্যক্তির প্রতি ক্রোধ হইলে ইচ্ছামত তত্তৎ নিন্দা লিখিয়া সমাচারের কাগজে প্রকাশ করিতে পারিলেই তাহার যথেষ্ট অনিষ্ট করা যাইবে। হা কি কাল মহাকাল কহেন যে সিরিশ্তাদারের কুহকের মধ্যে সাহেবলোক সরলপ্রবৃত্ত প্রবিষ্ট হইতে পারেন না। তিনি কি মনে করিয়াছেন যে সিরিশ্তাদার সরকারিকর্ম্মে বহাল হইয়াই কর্ম্মে নানাপ্রকার কুহক দিতেছেন তাহা নয় জানা। ঐ সিরিশ্তাদারের আমলে অনেকানেক হাকিমানের আগমন হইয়াছে যদিস্যাৎ ঐ ব্যক্তির সরকারি কর্ম্মে কোন কালে প্রতারণা থাকিত তবে এক আধ জন হাকিমের চক্ষে অবশ্যই পড়িত যদি বলেন যে এ জিলায় যত সাহেব যত বার আসিয়াছেন তাঁহারা সকলই অকর্ম্মণ্য কেবল তিনি আর আমকান্ত ও আমেশ্বর এই তিন জনা আর তাঁহার মনমত এক আধ জন সাহেবলোক এই কএক ব্যক্তি এ জিলা পালন করিতেছে যাহা হউক তাহা ব্যক্ত হউন আর কত দিন লুক্কাইত থাকিবেন ইতি।

এতন্নগরবাসি কতকগুলিন জনানাং।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে যাঁহারা ডেপুটি কালেক্টরীপদে নিযুক্ত হইয়াছেন তন্মধ্যে কোন২ ব্যক্তি বিশেষ যোগ্য ও সর্ব্বাংশে প্রশংসনীয় তাহা আমরা অবশ্য স্বীকার করি এবং অনেক ব্যক্তিরা যে স্থূল বুদ্ধি এবং দুর্ব্যবহারি তথা ধনলোভী তাহাও আমরা নিজ চক্ষে দেখিতেছি। খেদের বিষয় এই যে গবর্ণমেণ্টের ইঙ্গলিস কর্ম্মকারিরদের এ বিষয় অবগত হইতে কালবিলম্ব অপেক্ষা করিবেক তাবৎ পক্ষদ্বয়ের ব্যক্তিরা সমভাবে তুল্যমূল্য থাকিবেন। যদি বলেন কালেক্টর সাহেবের বার্ষিক রিপোর্টে গবর্ণমেণ্ট বিশেষ বিচার করিবেন। এ কথা প্রমাণ বটে কিন্তু এক বৎসর সামান্য স্বল্প কাল নহে পূর্ব্বে মন্দ কর্ম্ম করিয়া পরে বিশেষ কার্য্যের দ্বারা মন্দকে আচ্ছাদন দিয়া গোপনকরণের অনেক২ উপায় আছে। বৎসর

real name for his standing behind a corner and throwing stones, and using the word *Babajee*, half a dozen times, does not advance his cause. You may judge that one individual in his displeasure against those who are universally respected, cannot bring him into contempt. It would almost appear that S. G. R. has got fat upon a public employment, else he would not thus vaunt himself; but if while measuring lands in the field he should violate his trust, he will be subject to a good thrashing and be obliged to return. The reader will perceive, that the writer has only shewn his own passion. He says, that some rich man was digging a tank at an expense of 20,000 or 25,000 Rupees, and the Sheristadar opposed himself to it in the hope of obtaining 200 or 250 Rupees. Let the reader judge of the probability that such a man could expend 20,000 or 25,000 Rupees on a tank; but we know that when the Zemindar opposed himself to digging a tank, the Sheristadar exerted himself and removed the objections at a very small expense to the wealthy man. This is well known to our rulers who, morning and evening perambulate the streets, and see how the business is going on. If there had been any truth in the assertions of your correspondent, would not the people long since have petitioned our rulers on the subject. Our reason now for publishing this is, that according to the rules now in use each man has now a good opportunity of giving vent to his own feelings; for any individual being displeased with another, has only to send an article to the papers against his enemy and thus do him a great deal of mischief. Alas! what times are these; our great destroyer says, that the gentlemen of the station cannot penetrate the iniquity of the Sheristadar. Does he mean to say, because the Sheristadar is employed in the public service, he therefore acts unjustly. Many gentlemen have been appointed to the station, since the Sheristadar obtained his office. If he had been in the habit of thus acting unjustly, certainly some one of the gentlemen would have discovered it. If he says, that all the gentlemen who have come to this district have been useless, and that only he and Amkanta and Ameshur, and one or two gentlemen according to his own mind have preserved the district; be that as it may; let him make himself known; why does he conceal himself?

Some Bauleah Residents.

To the Editor of the Durpun.

Of those who have been appointed to the office of Deputy Collector according to Reg. IX. 1833, some are certainly worthy of that situation, and of all praise, this we freely allow; but we see with our own eyes that many of them are men of very dark understandings and not of the best character, and very avaricious. It is matter of regret that some time must elapse before our English Rulers can ascertain these facts, and till that time both the good and the bad will be held in equal estimation. If you say, that the Collector's annual report will meet with the attention of Government, this is indeed true; but a year is a long time to wait, and during this time they will find many opportunities of concealing their own evil deeds, and the having to wait a year for the discovery of their conduct is certainly a very unfavourable

গতে এ বিষয়ের রিপোর্ট হওয়া নিতান্তই শাসনের শৈথিল্য বিশেষতঃ এদেশ কেবল সুধারা হওনের আরম্ভ মাত্র। এ সময়ে মুহুর্মুহু অবিলম্বে শাসন করা উচিত অতএব আমরা গবর্ণমেণ্টকে পরামর্শ দেই যে ডেপুটি কালেক্টর মহাশয়দিগের চরিত্র ও ব্যবহারের রিপোর্ট তিন২ মাসান্তর গবর্ণমেণ্ট জিলাহইতে গ্রহণ করেন এবং তাঁহারা ঐ তিন মাসের মধ্যে সরকারের কি২ কর্ম্ম করিলেন তাহাও লেখা যায় ইহা হইলে মন্দ ব্যবহারিরা ভীত থাকিবেন এবং কুকর্ম্মে নিবৃত্ত হইবেক অথচ সরকারের অধিক বেতন গ্রহণ না করিতেই দূরীকরণের সম্ভাবনা থাকিবেক ও সদ্ব্যবহারির অবিলম্বে আপন২ সৎকর্ম্মের পুরস্কার প্রাপ্ত হইবেন যে দ্বারা তাঁহারদিগের উৎসাহের আধিক্যতা হবে। যদি অস্মদাদির ছাপার লিখন বলিয়া কেহ হেয় বোধ না করিয়া মনোযোগপূর্ব্বক বিবেচনা করেন বোধ করি আমরা অপরামর্শ দোষে নিন্দিত না হইতে পারি যদ্যপি অস্মদাদির ভ্রান্ত থাকে তবে কোন বিচক্ষণ বিজ্ঞবরেরা স্বহস্ত লেখনী ধারণ পূর্ব্বক আমারদিগের ভ্রান্তি দূর করিয়া বাধ্য করিবেন ইতি।

কস্যচিৎ চট্টগ্রামনিবাসি ডেপুটি কালেক্টর ও গবর্ণমেণ্টের হিতৈষী জনস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

আমারদিগের পূর্ব্বাঞ্চলস্থ মনুষ্যের মধ্যে কেহ২ অবগত হইলাম যে দেশের অবস্থা ছাপার কাগজে লিখিলে সদরের সাহেব জানিতে পারেন। এবং সরকারের লাভ লোকসান যাহা হইতেছে তাহাও আমরা ছাপার দ্বারা সদরে জানাইতে পারি ইহাতে আমরা প্রস্তুত আছি যেমত বিষয় ছাপার দ্বারা সদরে জানাই কিন্তু ডাকে পত্র লিখিতে প্রত্যেক পত্রে ১ তোলা হইলে ।৶ ছয় আনা করিয়া ডাক মাসুল লাগে ইহা আমরা দিতে অশক্ত যেহেতুক আমরা অত্যন্ত গরিব লোক ইহা দিতে অক্ষম। শুনিতেছি ছাপার কাগজে দেশের ন্যায় অন্যায়ের বিষয় লিখিতে সদরের সাহেব আজ্ঞা দিয়াছেন তবে আমরা দুঃখি গরিব প্রজাদিগের প্রতি কি নিমিত্ত হুকুম না দেন যে ছাপাকাগজ মহাশয়েরদিগের নামে পত্র ডাকে দিতে মাসুল না লাগে। ইহা হইলে আমারদিগের প্রতি মফঃসলের হাকিমান ও আমলা বর্গের যে সকল জুলুম ও বাটোয়ারা২ আমলার সঙ্গে মিলিয়া দেখাদেখি খাসের ও জায়গিরের জমা লুকাইয়া থাকিতেছে তাহার বৃত্তান্ত আমরা সর্ব্বদাই লিখিতে পারি কেবল ডাকের মাসুল অভাবে ক্ষান্ত আছি ইতি।

চট্টগ্রাম ও ত্রিপুরা ঢাকানিবাসি কোন২ প্রজা।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

নমস্কারাবেদন মেতৎ। আপনি অতিঅপক্ষপাতি হেতু এই কতিপয় পংক্তি যুক্তিপূর্ব্বক মহাশয়ে পাঠাইলাম কৃপাবিতরণে দর্পণে অর্পণ করিয়া মনঃসন্তোষ করিবেন ইতি।

কলিকাতাস্থ কতিপয় ভাগ্যবান ও প্রবীণ মহাশয়েরা হিন্দুধর্ম্মের বান্ধবগণের স্বধর্ম্ম বিনাশ করণাভিপ্রায়ে একত্র হইয়া আরো এক সভা স্থাপনের কল্পনা করিয়াছেন ইহা মহাশয়ের গত সপ্তাহের জ্ঞানান্বেষণের সম্পাদকীয় লিপি দ্বারা জানান্বেষণের কল্পনায় অনুভূত হইলাম। এই সভা বিশিষ্ট শিষ্টগণের পরিবারের বিদ্যা শিক্ষার উপায় কালে বদুপৎ হইয়া কোন অমঙ্গলাবনা ও বিচক্ষণ জনগণকর্তৃক আপত্তির উৎপত্তি হইবেক না কেবল তাহারই চেষ্টা করিবেন না বরং অবয়স্কা বিধবাদিগের পুনরুদ্বাহ যদ্দ্বারা হিন্দুদিগের বিশিষ্ট অনিষ্ট হইবার সম্ভাবনা তজ্জন্যেও যত্নবতী হইবেন। হউন না কেন তাহাতেই যে কৃতকার্য্য হইবেন দর্পণ সম্পাদক মহাশয় এমত অপেক্ষা না করেন। কেন না তৎপতির কি এমত শক্তি হইবে

circumstance. Reform in this country has as yet only begun and it is necessary that control should be exercised over these officers without any delay from time to time. We would therefore humbly suggest to Government, that the report regarding the conduct and character of the Deputy Collectors should be given in, every three months in each Zillah, and that the quarterly report should state distinctly what duties they have performed; in this case the evil disposed among them would be deterred and their evil dispositions repressed. And instead of their eating a public salary for nothing, they will be exposed to dismissal, while the well disposed would obtain the reward of their virtues without delay, and thus their energies would be increased. If any one, instead of despising our communication because it appears in print, should carefully attend to it, we shall not be subject to censure. If there be any error in our proposal let the wise take up their pen and oblige us by correcting it.

A Deputy Collector of Chittagong,
a well-wisher of Government.

To the Editor of the Durpun.

Some of us, the residents of the Eastern parts of Bengal, have heard that by publishing the state of the country in the public papers, our rulers would be made acquainted with it, and that we might also thus be enabled to make known to the Sudder, circumstances connected with the profit and loss of Government, and this we are willing to do; but unfortunately in thus publishing information, our letter is subject to a postage of six annas; we are poor people and how can we meet such an expenditure? We have heard that our Rulers have ordered the publication in the papers of information regarding what passes, both just and unjust. Why then do not our benevolent Rulers give to their poor and distant subjects the privilege of sending letters free to the Editors of newspapers. In this case the oppression we suffer from our Mofussil rulers and from the Amlahs as well as the names of those who, uniting with the Amlahs, are concealing lands held khas or in jageer, we should be enabled continually to make known; nothing deters us but the postage.

Certain Residents of Dacca,
Tipperah and Chittagong.

To the Editor of the Durpun.

Under an idea of your impartiality I send you these few lines, hoping that you will graciously publish them in your Durpun.

Certain rich and wise men in Calcutta in the hope of destroying the religion of their Hindoo fellow countrymen, have united to establish a new Society. I learn this from the extract which you gave last week from the Gyanunneshun. This Society has for its object the instruction of the females of respectable individuals, and from which nothing inauspicious can certainly arise; nor can the wise advance any objection to it. Only they will not exert themselves respecting it. But they are also aiming to secure the marriage of every young widow, to which the Hindoos have great objection. Let them exert themselves but you are not to suppose, Mr. Editor, that they will ever succeed. Do you suppose that the head of this Society will ever be able as the power

যে ব্রহ্ম সভার অতিপ্রবল পতির ন্যায় অনায়াসে সুসাহসে স্বদেশ ত্যাগ করিয়া বিদেশে গিয়া সতীরীতি নিবারণের ন্যায় বিধির অবিধি করিবে তথাপিও যদি জ্ঞানান্বেষণের লেখনী ও ব্রহ্ম সভা ভগিনী হিতকারিণীর আশ্বাসে বিশ্বাস করিয়া সভা এই বিষয়ে হস্তার্পণ করিয়া পতিদিগের মনঃ সন্তর্পণ করিতে না পারেন তবে কি সভা২ প্রতিবাসিনী ধর্ম্ম সভার উপহাসে কলঙ্কিনী হইবেন না।

কস্যচিদ্ধর্ম্মদাসস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

গত মাসের ২৯ তারিখে আপনকার দর্পণে প্রকাশ করিয়াছেন যে কলিকাতা ও তদঞ্চল অত্যন্ত সংঘাতকরূপ দগ্ধ হইয়াছে অতএব কতিপয় পংক্তি নিকটে প্রেরণ করিলাম ভরসা করি আপনি অনুগ্রহপূর্ব্বক দর্পণে স্থানদানে আমারদের কর্ত্তা গবর্ণমেণ্টের কর্ণগোচর করাইবেন।

গত বৎসরাবধি গবর্ণমেণ্ট এই অভিপ্রায়ে কতিপয় বিশেষ স্পেসিয়ল ডেপুটি কালেক্টর নিযুক্ত করিয়াছেন যে যে নিষ্কর ভূমি ও দেবোত্তর ভূমি ব্রাহ্মণেরদের যথার্থ এবং যে নিষ্কর ভূমির দ্বারা তাঁহারা নিরাবিঘ্নে স্বচ্ছন্দে কালযাপন করিতেছেন সেই সকল ভূমি ১৮১৯ সালের ২ আইন এবং ১৮২৮ সালের ৩ আইনঅনুসারে বাজেয়াপ্ত করেন তাহাতে তাবৎ সিদ্ধ ব্রাহ্মণেরদের মধ্যে এমত গণ্ডগোল হইতেছে যে আমারদের ভোগে বহুকালাবধি যে সকল ভূমি আছে তাহার কর গবর্ণমেণ্টকে না দিয়া আর ভোগ করিতে পারিব না। গত বৎসরাবধি এই বঙ্গাদি প্রদেশ কোম্পানি বাহাদুর ভোগ করিতেছেন কিন্তু কখন এমন দারুণ অগ্নির বিষয় শ্রুত হওয়া যায় নাই যে কলিকাতা মহানগর প্রায় ভস্মসাৎ হইয়াছে এবং এইপর্য্যন্তও বৃষ্টির কোন লক্ষণ দৃষ্ট হইতেছে না বরং রৌদ্রের এমত তাপ হইয়াছে যে তদ্দ্বারা অনেক২ পুষ্করিণী ও জলাশয় শুষ্ক হইয়াছে তাহাতে ভেক সর্প মৎস্য কচ্ছপাদি নানা জলজন্তু জলাভাবে মরিতেছে অতএব হে সম্পাদক মহাশয় আমরা জিজ্ঞাসা করি যে এই নূতন ডেপুটি কালেক্টর সকল নিযুক্ত করাতেই কি এতদ্রূপ দেশ বিনষ্ট হইতেছে না এবং এই বঙ্গ মহারাজধানীর এতদ্রূপ অপচয় হইতেছে না। যদ্যপি কহেন যে এই নূতন পদ আমারদের রাজাকর্ত্তৃক স্থাপিত হইয়াছে তাহাতে দরিদ্র প্রজারদের দুঃখ কিনিমিত্ত হইবে। উত্তর ধরুপরম্পরা এমত শ্রুত আছে যে রাজা যদি দুষ্কর্ম্ম করেন তবে প্রজারাও তাহার দুঃখভাগী হয় অতএব সম্পাদক মহাশয় অনুগ্রহপূর্ব্বক আপনকার অভিপ্রায়সমেত এই কএক পংক্তি প্রকাশ করিলে ভরসা করি যে অন্যান্য হিতৈষি সম্পাদকেরাও স্ব২ পত্রে স্থানদান করিবেন তাহা হইলে আমারদের কর্ত্তার কর্ণগোচর হইবে। তিনি মনে করিলে এতদ্বিষয়ে কোন নূতন সুনিয়ম করিতে পারেন।

কলিকাতানিবাসিনাং।

কলিকাতা ১১ মে ১৮৩৭।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনকার পাঠকমহাশয়েরদের স্মরণ থাকিবে যে কিয়ৎকাল হইল পরমিট পঞ্জরার পোদ্দারেরদের বিষয়ে দর্পণে এক পত্র প্রকাশ হইয়াছিল এবং আমি আহ্লাদপূর্ব্বক কহিতেছি যে ঐ পত্রের মধ্যে তাহারদের বেতন বৃদ্ধিবিষয়ক যে প্রার্থনা ছিল তাহা এক প্রকার সফল বটে যেহেতুক প্রধান পোদ্দারের বেতন কিঞ্চিদ্বর্দ্ধন হইয়াছে এবং তিনি ও ঐ দপ্তরের এতদ্দেশীয় কএক জন কর্ম্মকারকেরা আগামি মাসাবধি শ্রীযুত কালেকটর সাহেবের অতিবদান্যতারূপ অনুগ্রহের পাত্র হইবেন কিন্তু নায়েব পোদ্দারের বিষয়ে তাদৃশ মনোযোগ না হওয়াতে আমি অত্যন্ত খেদিত আছি সম্পাদক মহাশয় তাঁহারা এবং প্রধান পোদ্দার ঐ পত্রের প্রার্থনানুসারে আপনারদের অভিপ্রায় সিদ্ধার্থ শ্রীযুত কালেকটর সাহেবের নিকটে এক দরখাস্ত দিয়াছিলেন কিন্তু তাহাতে কৃতকার্য্য হইতে পারেন নাই অতএব ইহার কারণ কেবল তাঁহারদের দুরদৃষ্ট। সম্পাদক মহাশয় যখন গবর্ণমেণ্টীয় কর্ম্মকারকেরদের রীতিমত বেতন বর্দ্ধিত করিয়াছেন তখন কিনিমিত্ত এই গরিবেরদের বেতন বাড়াইলেন না। যদ্যপি শ্রীযুত কালেকটর সাহেব ঐ দুঃখি পোদ্দারেরদের বেতন বিষয়ে কিঞ্চিৎ কৃপা কটাক্ষ করিতেন তবে এতদ্রূপ অনিষ্ট হইত না কিন্তু কিনিমিত্ত তাহা করিলেন না বোধগম্য হয় না সম্পাদক মহাশয় শ্রীযুত কালেকটর সাহেব পূর্ব্বোক্ত যে রূপ বদান্যতার কার্য্য করিয়াছেন তাহাতে পরম সন্তোষ জন্মিয়াছে বিশেষতঃ তাহারদের বেতন বর্দ্ধন বিষয়ে এবং তাহারদিগকে উচ্চ২ পদ দেওনবিষয়ে তিনি যে নিতান্ত অশ্রান্ত মহোদ্যোগ করিতেছেন তাহাতে আমরা কৃতজ্ঞতা স্বীকার করি বিশেষতঃ সর্ব্বসাধারণ ও যাহারা অনুগৃহীত হইয়াছে তাহারা স্বীকার করিবে। আমলারদের অতিসৌভাগ্যের বিষয় যে তাঁহারা অতিবদান্য দয়ালু কর্ত্তা সাহেবের অধীনে কর্ম্ম করিতেছেন। তাঁহার অতিবিজ্ঞতা ও মনোযোগেতে পরমিট পঞ্জরার তাবৎ কর্ম্মের অতিপারিপাট্য হইয়াছে। পুনশ্চ আরো যৎকিঞ্চিৎ লিখি যে শ্রীযুত কালেকটর সাহেব ঐ আমলা দরিদ্র পোদ্দারেরদের কিঞ্চিৎ২ বেতন বাড়াইয়া দেন। শ্রীযুত কালেকটর সাহেবের দৃকপাত হয় এতদর্থ এই পত্র আপনকার নিকটে পাঠাইলাম অনুগ্রহপূর্ব্বক অবশ্য দর্পণে স্থানদান করিবেন।

গবর্ণমেণ্টের প্রাচীন কর্ম্মকারকস্য।

কলিকাতা ২৯ আপ্রিল ১৮৩৭।

তৃতীয়তঃ মোসলমানীয় ভাষা অর্থাৎ পারস্য ভাষা এইপর্য্যন্ত তাবৎ সরকারি কার্য্যে গবর্ণমেণ্ট বজায় রাখিয়াছিলেন তাহার কারণ এই যদ্যপি দেশীয় ভাষা প্রজারদের অভিপ্রিয় ছিল তথাপি হঠাৎ তত্কালীন প্রচলিত ভাষার পরিবর্ত্তন করা অতিপরিশ্রমসাধ্য। কিন্তু মোসলমানেরদের পূর্ব্বকার রাজ্যের এই যে শেষ চিহ্ন ছিল তাহাও এইক্ষণে গতপ্রায় হইল। রাজস্বসম্বন্ধীয় তাবদ্ব্যাপারে প্রজারদের ভাষাই চলিত হইবে এবং তাহা যে স্থলে নিতান্ত অসাধ্য হইবে সেই স্থলেই ইঙ্গরেজী ভাষা চলিবে।

শ্রীযুত অমুক এলাকার রেবিনিউর কমিস্যনর সাহেব বরাবরেষু।

আপনাকে ইহা জ্ঞাপন করিতে আমি আজ্ঞা প্রাপ্ত হইয়াছি যে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের বিবেচনানুসারে রেবিনিউসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহকরণে যথাসাধ্য নিরাপত্তিতে পারস্য ভাষার পরিবর্ত্তে ইঙ্গলণ্ডীয় ও দেশীয় ভাষার ব্যবহারার্থ এইক্ষণে প্রবল উপায় করণের সময় উপস্থিত হইয়াছে।

২। এই বিষয় সামান্যতঃ দুই ভাগে বিভক্ত হয় প্রথমতঃ রেবিনিউ কর্ম্মকারক সাহেবেরদের পরস্পর লিখন পঠন দ্বিতীয়তঃ প্রজারদের সঙ্গে লিখন পঠনকরণ।

৩। সদর বোর্ডের সাহেবেরদের এই ইচ্ছা যে রেবিনিউসম্পর্কীয় ইউরোপীয় কর্ম্মকারকেরা এবং এতদ্দেশীয় যে আমলারা ইঙ্গরেজী ভাষায় ক্ষমতাপন্ন তাঁহারা পরস্পর আপনারদের কার্য্যোপলক্ষে কেবল ইঙ্গলণ্ডীয় ভাষাতে লিখন পঠন করেন। রেবিনিউ কার্য্যেরই ভাষা ইঙ্গরেজী এবং রাজস্বসম্পর্কীয় তাবদ্বিষয় ইঙ্গরেজী ভাষাতে লিখিত হইয়া ইঙ্গলণ্ড দেশে কর্ম্মকর্ত্তারদের নিকটে প্রেরিত হইয়া থাকে যদ্যপি প্রত্যেক লিপির পাণ্ডুলেখ্য ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরদের স্বকীয় ভাষায় লিখিত হয় বা সংশোধিত হয় তবে তাবদ্বিষয় বিলক্ষণ ঠিক থাকিবে এবং উৎকোচগ্রাহি আমলারদের বাধ্য বাধকতার ন্যূনতা হইবে।

৪। অতএব আপনারদের অধীন তাবৎ ইউরোপীয় কর্ম্মকারকেরদিগকে এই হুকুম দিবেন যে তাঁহারা পরস্পর স্বং লিখন পঠন যথাসাধ্য ইঙ্গরেজী ভাষাতেই করিবেন অথবা অনবকাশ বা উত্তম কেরানি না থাকাপ্রযুক্ত ইঙ্গরেজী ভাষাতে যদি লিখিতে না পারেন তবে তাঁহারা যে জিলাতে থাকিবেন সেই জিলায় চলিত ভাষাতে লিখন পঠন করিবেন কিন্তু ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরা পরস্পর পারস্য ভাষাতে কদাচ কিছু লিখিবেন না।

৫। যদ্যপি কোন প্রকৃত দরখাস্তে কিম্বা অন্য কোন লিপির উপলক্ষে হুকুম দেওয়া যায় তবে ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরদের তাহা ইঙ্গরেজী ভাষাতে লিখিতে হইবে।

৬। অন্য বিষয় এই যে রেবিনিউ কর্ম্মকারক সাহেবেরদের প্রজার সঙ্গে কর্ম্ম করিতে হইলে কোন্ ভাষায় লিখিতে হইবে।

There were, till lately, three tokens of the *Moosulman* conquest of Bengal still existing.

1st. The Criminal law in use was not the Hindoo or the English, but the Mahomedan law. But as soon as the Code which has been prepared by the Law Commission, comes into operation, this badge will be removed. 2dly. The coin, till very lately, bore the name of the Mahomedan emperor of Delhi, but for the last two years, the coin bears the image of the King of England, to whom this country now belongs. 3dly. The Mahomedan language, the *Persian*, has hitherto been retained by the English Government chiefly, we believe, because to change it for another, to which the people were more attached, involved much labour and difficulty. But this last token of Mahomedan sovereignty is now about to be taken away, and the language of the people is to be universally adopted in all revenue proceedings; and when this is found to be impracticable, the English language is to be employed.

To the Commissioner of Revenue for the Division of ——

SIR.—I am directed to state that, in the opinion of the Sudder Board of Revenue, the proper time has arrived for taking effectual measures to substitute, as far as may be unobjectionably practicable, the English and Vernacular Languages for the Persian, in the business of the Revenue Department.

2nd. The subject naturally divides itself into two branches; 1st. The Correspondence carried on by the Revenue Officers among themselves; and 2d. Their communications with the people.

3d. It is the wish of the Sudder Board, that the European Officers belonging to the Department, as well as those Native Officers who are qualified to do so, should carry on their official correspondence with each other in the English language only. English is strictly the language of the Revenue Department, and all the Revenue proceedings are forwarded in English to the superior Authorities at home. Correctness and accuracy will also be promoted, and the influence of corrupt Amlah will be diminished by the circumstance that every draft will be either written or revised by the European Officer in his own language.

4th. You will, therefore, be pleased to instruct the European Officers subordinate to you to correspond with each other, as far as possible, in English; and whenever the want of leisure and of qualified Clerks, prevent them from writing in English, the Board desire that they will write in the vernacular language of the district, whatever that may be. The Persian language is in no case to be used in correspondence between European Officers.

5th. All orders, whether original or passed on petitions or other papers, addressed to European Officers, must be invariably written in English.

6th. The other branch of the subject relates to the communications between the Revenue Officers and the people.

৭। অতএব এই বিষয়ে বোর্ডের সাহেবেরা এইরূপে আপনারদের এই ইচ্ছা জ্ঞাপন করিতেছেন যে তাবৎ হুকুম ও ইশতেহার ও এত্তেলা ও তলপচিঠী ফলতঃ প্রজা লোকেরদের বিজ্ঞাপনার্থ যে কোন লিপি প্রস্তুত করা যায় তাহা যে জিলাতে প্রস্তুত হয় সেই জিলায় চলিত ভাষাব্যতিরেকে অন্য কোন ভাষায় লেখা না যায়।

৮। এইরূপে প্রজালোকের যে কোন দরখাস্ত বা অন্য কোন লিপি রেবিনিউ কর্ম্মকারক সাহেবেরদের নিকটে প্রস্তাবিত বা প্রেরিত হয় তাহা দেশীয় ভাষায় কিম্বা ইংরেজী বা পারস্য ভাষায় লিখিত হইলে তুল্যরূপে গ্রহণ করিয়া তদ্বিষয়ে মনোযোগ করিতে হইবে।

সদর বোর্ড রেবিনিউ।
১৮৩৭ সাল ৩০ মে।

সি ই ট্রিবিলিয়ন।
বোর্ডের উপরি সেক্রেটরী।

আফীণ নীলাম।

অবগত হওয়া গেল যে কহেননামক য়িহুদীয় এক ব্যক্তি নিমক ও আফীণের বোর্ডের সাহেবেরদের নিকটে এই দরখাস্ত করেন যে ৯ তারিখে যে নীলামের দিন নির্দ্দিষ্ট আছে তাহা না হইয়া ৮ তারিখ হয় যেহেতুক ৯ তারিখে য়িহুদীয়েরদের এক মহাপর্ব্বদিবস তাহারাই অতিবাহুল্যরূপে আফীণের ব্যবসায়ী। তাহাতে বোর্ডের সাহেবেরা তদ্বিষয়ে কলিকাতার বাণিজ্য সমাজে জিজ্ঞাসা করাতে তাঁহারাও সুসম্মত হইয়াছেন।

আনরবল সিক্সপিয়র সাহেব।

মফঃসলের এক জন সম্বাদপত্রসম্পাদক লেখেন যে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব পশ্চিম প্রদেশে যাত্রা করিলে শ্রীযুত সিক্সপিয়র সাহেব বঙ্গদেশের গবরনরী পদে নিযুক্ত হইবেন।

জেনিংস সাহেব।

অতিপ্রামাণিক লোকেরদের নিকটে এমত জনরব হইয়াছে যে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের স্থানহইতে এমত হুকুম পঁহুছিয়াছে যে পাটনার কালেকটরীর দেশীয় এক জন খাজাঞ্চীর প্রতারণাক্রমে ঐ তহবিলের যে ক্ষতি হইয়াছিল তৎপ্রযুক্ত কালেটর জেনিংস সাহেবের বেতনহইতে যে ৫০,০০০ টাকা কর্ত্তন করিয়া লওয়া যায় তাহা ফিরিয়া দেওনার্থ কোর্টের সাহেবেরা আজ্ঞা প্রেরণ করিয়াছেন। এই হুকুম পঁহুছনের কিঞ্চিৎপূর্ব্বেই জেনিংস সাহেব লোকান্তরগত হন এইক্ষণে তাঁহার পরিজনগণ শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের অনুগ্রহপাত্র হইবেন।

কলিকাতায় অগ্নি।

গত রবিবার অপরাহ্ণ দুই প্রহর এক ঘণ্টাসময়ে পটলডাঙ্গার সীমার মধ্যে অতিদারুণ আগুন লাগে। বিবি উলিয়মসের যে ঘর কিঞ্চিৎ পূর্ব্বে শূন্য ছিল প্রথমে তাহাতেই লাগিল। অগ্নি বহুকাল স্থায়ী ছিল না তথাপি বহুসংখ্যক টাকার সম্পত্তি বিনষ্ট হইয়াছে কেবল দুই ঘণ্টা থাকে এই অল্পকালের মধ্যে ৮২১ ঘর দগ্ধ হয় তন্মধ্যে ৯ ইষ্টকনির্ম্মিত ৪৮৪ খাপরেল অবশিষ্ট খড়ুয়া ঘর। যে পাকাঘরের মধ্যে এক জন মোগল বাস করিতেন কথিত আছে যে তাঁহার যথাসর্ব্বস্ব গিয়াছে তদ্রূপ অন্যের নহে। অপর এক পাকাঘরের মধ্যে পাঁচ জন স্ত্রী ও এক বৃদ্ধ ও বালক ছিল তাহারা প্রায়ই মারা পড়িয়াছিল তৎকালীন অগ্নিহইতে তাঁহারদের রক্ষা পাওয়া কেবল দুই জন সার্জন শ্রীযুত ষ্টেমন সাহেব ও শ্রীযুত ষ্টিবেন সাহেবের সাহায্যেতে হইয়াছে। ঐ ঘরের নিকটে দুই টা বাঁশ

7th. As regards this division of the subject, the Board desire that all Orders, Advertisements, Notices, Summonses, in one word, all documents which are intended for the information of the people, be written in the vernacular language of the District, whatever that may be, and in no other.

8th. Petitions and other papers presented or sent to the Revenue Officers by the people, must, for the present, be equally received and attended to, whether they are written in the vernacular language, or in English, or in Persian.

I have the honour to be,
SIR,
Your most obedient servant,
C. E. TREVELYAN, *Addl. Secretary.*
Sudder Board of Revenue,
Fort William, 30th May, 1837.

Opium Sale.

We are informed that Mr. Cohen has addressed the Board of Salt and Opium a request that the opium sale may take place on the 8th instead of the 9th instant, the latter day being the great feast of the Jews who speculate largely in the drug. The Board have referred to the Chamber of Commerce, who have readily acquiesced.—*Beng. Hurk.*

Hon. Mr. Shakespear.

One of our Mofussil contemporaries states, that on Lord Auckland's departure for the Western Provinces, the Hon. Mr. Shakespear will succeed to the appointment of Governor of Bengal.

Mr. Jennings.

It is confidently stated, that an order has been received from the Court of Directors, to the effect, that the sum of 50,000 Rupees which had been deducted from the allowances of Mr. Jennings, the Collector of Patna, in consequence of a defalcation in his Treasury, arising from the villainy of his Native Treasurer, should be refunded to him. Mr. Jennings died a little before the arrival of the order, but his family will reap the full benefit of the Court's indulgence.

Fires.

On Sunday afternoon last, about one o'clock, a dreadful fire broke out within the Puttuldanga thana division. It commenced in a house which lay empty for some time previously, and belonged to one Bebee Williams. The conflagration was by no means of a long duration, but the quantity of property destroyed by it was considerable. It lasted at most two hours, and within this short space no less than eight hundred and twenty-one houses were burnt! nine of which were brick built, four hundred and eighty-four tiled, and the rest thatched. A Mogul, who occupied one of the pucka houses, is stated to have had almost the whole of his moveables consumed and that his loss was the greatest of all others by the accident. In one of the said pucka houses five women, an

পোঁতা ছিল তাহা অবলম্বন করিয়া সাহেবেরা তাহারদিগকে রক্ষা করিলেন। ঐ সকল ব্যক্তি ছাদের উপর দণ্ডায়মান ছিল তাহারদিগকে নামাইবামাত্রই ছাদ ভাঙ্গিয়া পড়িল।

আমরা অত্যাহ্লাদপূর্ব্বক লিখিতেছি যে উপরিউক্ত শ্রীযুত সার্জন সাহেবদ্বয়কে শ্রীযুক্ত প্রধান মাজিস্ত্রেট সাহেব ১০০ টাকা করিয়া পারিতোষিক প্রদান করিয়াছেন এবং তাঁহারদের ঐ সাহসিক সদ্ব্যবহার রোজনামার বহীতে লিখিত হইয়াছে। তাঁহারা এই পারিতোষিক প্রাপণের নিতান্ত যোগ্য যেহেতুক প্রাণপণে রক্ষা করিয়াছেন তাঁহারদের মস্তক ভগ্ন বা দগ্ধ হওনের সম্ভাবনা ছিল।

কল্যঅবধি এই সকল আগুন লাগে তাহাতে কলিঙ্গায় ২৫ ঘর অদ্য পূর্ব্বাহ্ণে তালতলাতে ২০ এবং তৎসমকালেই জেনরল হাসপাতালের নিকটে ১০০ এবং শ্রীযুত হরনর সাহেবের অশ্বচারণ শিক্ষালয় ও কুলিবাজারে ১ ও বহুবাজারে ১ ঘর দগ্ধ হইয়াছে।

মনুষ্যখাদক।

৪ জুন তারিখের পূর্ব্বাহ্ণে হাটখোলার থানাদার পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে এক জন ফকিরকে আনিয়া কহিলেন যে আমি ইহাকে নিমতলার ঘাটে শব ভক্ষণ করিতে দেখিয়াছি তাহাতে ঐ শবখাদককে তৎক্ষণাৎ শহর বদল করিতে হুকুম হইল।

নীল।

এই বৎসরে নীল ফসলের যে ভরসা ছিল তাহা জলাভাবে প্রায় গত হইয়াছে।

বৎসরের যেমন লক্ষণ দৃষ্ট হইতেছে তাহাতে আর কিছু সন্দেহ নাই অর্থাৎ নীলবিষয়ক প্রত্যাশা শূন্য হইল এইক্ষণে কেবল এই জিজ্ঞাসা হয় যে তাহার বৈফল্য কিপর্য্যন্ত হইবে। গ্রীষ্ম বাতাস ও বৃষ্ট্যভাবপ্রযুক্ত যে অবশিষ্ট চারার উপরে নীলকর সাহেবেরদের প্রত্যাশা ছিল তাহাও প্রায় মরিয়া গিয়াছে এইক্ষণে পুনর্ব্বপনের দ্বারাও কিছু সম্ভাবনা নাই। শুনা গেল কেবল যশোহর অঞ্চলহইতে কিঞ্চিৎ শুভসম্বাদ আসিয়াছে। তত্রস্থেরা এই অপেক্ষা করিতেছেন যে বন্যা কিম্বা বৃষ্টি যদি অধিক না হয় তবে ভাল হইতে পারে কিন্তু এমত অনাবৃষ্টির পরে যে তদ্রূপ হইবে ইহা সম্ভবে না। অতএব ১৮২৬ সালে যেমত ফসল অর্থাৎ ৭০। ৮০। ৯০ হাজার মোন হইয়াছিল তদনুরূপ হইতে পারে।

অপমৃত্যু।

সাধারণ বিদ্যাধ্যাপন কমিটির সাহেবেরা লমলি সাহেবকে চট্টগ্রামস্থ বিদ্যালয়ের দ্বিতীয় শিক্ষকতা কর্ম্মে ১৫০ টাকা বেতনে নিযুক্ত করিয়াছিলেন কিন্তু উক্ত সাহেব পথিমধ্যেই টালির নালাতে পক্ষাঘাতে লোকান্তরগত হইলেন।

কলিকাতায় দৈবমৃত্যু।

অশীতি বা নবতি বৎসর বয়স্ক দাউদ খাঁনামক এক জন মোসলমান মলঙ্গাতে বাস করিতেন তিনি ও তাঁহার এক জন ভৃত্য ৬ জুন তারিখে পূর্ব্বাহ্ণ নব ঘণ্টাসময়ে বাটীর মধ্যস্থ একটা কূপে মারা পড়িয়াছেন।

old man and a child, had a narrow escape from being burnt to death, and their timely rescue from the flames is to be attributed entirely to the dexterous assistance of two constables, namely, Mr. Statham and Mr. Stevens. This they effected by climbing up two bamboos put up against the house. The roof on which the individuals stood gave way immediately after their removal from it.

We have much pleasure in stating that the above two named officers have been rewarded by the superintendent and the Chief Magistrate with 100 Rs. each, and their conduct noticed in the records of the office. They richly deserved it, as they were in imminent danger of their lives, either in breaking their necks or being burnt to death.—*Engl.*

The following are the fires reported since yesterday; one in Colingah 25 houses, one in Taultollah this morning of twenty, and another at the same time near the General Hospital of a hundred; also burning Mr. Horner's Riding academy, and one now consuming Cooley Bazar, another Bow-Bazar.

A Cannibal.

Yesterday morning the thannadar of Hautkholah brought before the Superintendent of Police a fakeer, stating that the man was seen at Nimtullah Ghaut, eating a human carcass! The cannibal was ordered forthwith to be sent out of the precincts of the town.—*Hurk. June 5.*

Indigo.

The unusual drought has destroyed the prospects of the Indigo crop of the present season.

The season already presents an aspect that can hardly be mistaken—a failure is now certain and the only question is as to its extent. The prevailing hot wind and drought is every where destroying that portion of their remaining plant which planters were depending upon with confidence and it is now too late to hope for any good from resowings. The heart of Jessore is the only point from which a favourable report has been received and even the hopes of that district rest upon the mildness of the rains and of the inundation a circumstance scarcely to be expected after such a season of drought. We look for a crop similar to that of 1826; say from 70 to 90,000 maunds.—*Hurk.*

Sudden Death.

Mr. Lumley, who had been appointed by the Committee of Public Instruction, second master to the Seminary at Chittagong, on a salary of one hundred and fifty Rs. per month, died of apoplexy in Tolly's Nullah, whilst proceeding to Chittagong.

Accidental Death.

A Moosulman named Daood Khan, aged between eighty and ninety, who lived in Mullungah, and an African servant of his, met their deaths in a well on the premises of the former, about 9 o'clock, yesterday morning. Daood

দাউদ খাঁ। গত রবিবারে অগ্নি ভয়প্রযুক্ত আপনার কিঞ্চিৎ সম্পত্তি ঐ কূপের মধ্যে রাখিয়াছিলেন। পরে তাহা উদ্ধারার্থ কূপের মধ্যে নামিলেন কিন্তু তন্মধ্যে অধিকক্ষণপর্য্যন্ত থাকাতে তাঁহার ভৃত্য বিলম্বের কারণ জ্ঞাত হওনার্থ নামিল সেই ব্যক্তিও অনেকক্ষণপর্য্যন্ত থাকাতে ঐ খাঁর এক জন সহীস কূপের মধ্যে অর্দ্ধপর্য্যন্ত নামিয়া উচ্চস্বরে বারম্বার কহিতে লাগিল আমি মারা পড়িলাম তৎপ্রযুক্ত সে উদ্ধৃত হইয়া রক্ষা পাইয়াছে।

দাউদ খাঁর রীতি চরিত্রের বিষয়ে সঙ্গতিক্রমে কিঞ্চিৎ লেখা উচিত বোধ হয় যেহেতুক তিনি কলিকাতাস্থ মোসলমানেরদের অতিপ্রিয়পাত্র ছিলেন অতএব তাঁহার মৃত্যুতে তন্মিত্রবর্গ অতিখেদিত হইয়াছেন। তিনি দক্ষিণ দেশান্তঃপাতি হয়দরাবাদ স্থানজাত চল্লিশ বৎসরাবধি কলিকাতায় আসিয়া বাস করিয়াছিলেন। কলিকাতায় পঁহুছয়া অবধিই অনেকে তাঁহাকে ধনাঢ্য জ্ঞান করিত এবং উচ্চবিত্ত শ্রেণির মধ্যে গণ্য ছিলেন সম্প্রতি তাঁহার অর্থের হ্রাস হইয়াছিল। ইহার অনেক বৎসর পূর্ব্বে তিনি এক মসজিদ স্থাপন করিয়া তাহা স্বনামাঙ্কিত করিয়াছিলেন অতএব অতিধার্ম্মিক ও দানশীল ছিলেন। এক সময়ে তাঁহার বাটীর মধ্যে আরবীয় ও পারস্য পাঠশালা করিয়াছিলেন সকলই বোধ করেন যে তাঁহার বদান্যতাই তদীয় নির্ধনতার কারণ।

মরিচ উপদ্বীপে প্রেরিত মজুর।

আডিমেডনামক জাহাজের দ্বারা মরিচ উপদ্বীপে এতদ্দেশহইতে স্বেচ্ছাপূর্ব্বক যে সকল মজুর লোক প্রেরিত হইয়াছিল জাহাজের মধ্যে তাহারা অনেকে ওলাউঠা রোগে মারা পড়িয়াছে। তৎপ্রযুক্ত জাহাজ ঐ স্থানে পঁহুছিলে কারাণ্টীনে বদ্ধ হইল অর্থাৎ কেহই জাহাজহইতে নামিতে পারিল না। এবং তত্রস্থ লোকেরদের মধ্যে এমত বিবাদ উপস্থিত হইতে লাগিল কেহ কহিল এই রোগ স্পর্শাক্রামক কেহ কহিল নহে ইহা দেখিয়া জাহাজ তথাহইতে খুলিয়া অন্যত্র প্রস্থান করিল। অপর শ্রুত হওয়া গেল যে মজুরেরদের মধ্যে এক জন কারাণ্টীনে বদ্ধ থাকিয়া তটে উত্তীর্ণ হইতে উদ্যোগ করিয়াছিল তাহাতে শাস্ত্রী তাহাকে গুলির দ্বারা মারিয়া ফেলিল।

আপগান ও শিকেরদের মধ্যে যুদ্ধ।

সম্প্রতি আপগান ও শিকেরদের মধ্যে যে যুদ্ধ হয় তদ্বিষয়ে পুনশ্চ এই বিবরণ প্রাপ্ত হওয়া গেল যে শিকেরদের সেনাপতি হরি সিংহ অতিসাহসপূর্ব্বক যুদ্ধ করিয়াছিলেন। কথিত আছে যে তিনি স্বীয় সৈন্যেরদিগকে এই কহিয়াছিলেন যে বিপক্ষেরদের দুর্গমধ্যস্থলে তোমরা যে পর্য্যন্ত আমার শব প্রোথিত করিতে না পারিবা সেইপর্য্যন্ত মদীয় মৃত্যু সম্বাদ প্রকাশ করিবা না। তলবারের দুই প্রহার ও গুলির এক আঘাতে তিনি মারা পড়েন। আপগানের সেনাপতি মহম্মদ অবজল খাঁও ঐ যুদ্ধে হত হন। উক্ত আছে উভয় পক্ষে ৭০০০ লোকের ন্যূন নহে হত হইয়াছে। ৯ মে তারিখের লূধিয়ানাহইতে যে পত্র ঐ স্থানে ২০ তারিখে পঁহুছে তাহাতে লেখে যে জমাদার খোসাল সিংহ অতিভারি এক দল প্রবল সৈন্য লইয়া রণস্থলে উপস্থিত হইয়াছিলেন এবং আপগানীয়েরা তাঁহার সৈন্যেরদের আকার প্রকার দেখিয়া ভয়প্রযুক্ত তিন ক্রোশপর্য্যন্ত হটিয়া গিয়াছে।

Khan went down the well to bring up certain of his goods which he had deposited in it, on Sunday last, for safety from fire. Being too long in it, the servant went down to ascertain what the matter was, but did not return so soon as he was expected: seeing this, a Syce in the same employ, followed the example of the African; but before he had gone half way down, he screamed out complaining of suffocation, when he was helped out of it.

It would not be out of place to notice some particulars relating to the life of Daood Khan, who is stated to have been very popular amongst the Mahomedan community of Calcutta, by whom the melancholy accident is much lamented. Our informant says that the deceased was a native of Hyderabad, and came to Calcutta about forty years ago, and had been since residing here. On his arrival, and for many years afterwards, he had been looked upon as a man of considerable property and till lately, when his circumstances fell to the lowest ebb, he moved in high circles. He established a musjed long ago which goes by his name. He was extremely pious and charitable. At one time he had a regular Arabic and Persian seminary at his dwelling house upon a large scale. The poor man's fortune was reversed more by his unlimited generosity than any thing else.—*Hurk.*

Coolies at the Isle of France.

Of the free labourers sent from this country to the Isle of France on the *Adelaide* a number having died of Cholera, the vessel on her arrival at that place was put under quarantine, and it appears that a dispute had arisen between the contagionists and non-contagionists. The *Adelaide* consequently left the port and sailed away. We learn that one of the Coolies who was under quarantine, having endeavoured to break through the quarantine laws, was shot dead by the sentry.

Action between the Affghans and the Sikhs.

Farther particulars have been received regarding the late action between the Affghans and the Sikhs. Huree Singh, the Sikh commander, behaved very gallantly, and is reported to have desired his troops not to mention his death until they had deposited his body in the heart of the enemy's citadel. He fell with two sword and one gun-shot wound. The Commander of the Affghans, Mohammed Ufsul Khan, was also slain in the action, in which it is said that seven thousand men fell on both sides. The Loodiana Ukhbar of the 20th May, mentions that letters had been received of the date of the 9th, stating that Jemadar Khoseal Singh, with a large and efficient army had proceeded to the spot, and that the Affghans, not liking the appearance of his host, had retreated and were pursued three cross.

বোম্বাইর অগ্নি।

বোম্বাইতে বাহুলানামক পুষ্করিণীর পারস্থ তাবৎ খড়ের বাজার ১৪ তারিখে দগ্ধ হইয়াছে। ঐ বাজারে খড়ের ২৯টা বড় গাদি ছিল। জামজাঁহানামক সম্বাদ পত্রে লেখে যে ৩০,০০০ টাকার খড় ভস্ম হইয়াছে। এককালে এত খড় পুড়িয়া যাওয়াতে সুতরাং তাহার মূল্যও অগ্নি হইয়াছে।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

পঞ্চাশৎ বৎসর হইবে ত্রিবেণীতে এক সন্ন্যাসী বাস করিতেছেন সম্প্রতি তিন সপ্তাহের পূর্ব্বে তাঁহার বাটীতে ২০ জন দস্যু রাত্রিযোগে প্রবিষ্ট হইল সন্ন্যাসি এক জমিদারের নিকট দুই সহস্র টাকা জমা রাখিয়াছিলেন দস্যু প্রবেশের কএক ঘণ্টা পূর্ব্বে ঐ টাকা আপনি আনেন ইহাতে বোধ হয় দস্যুরা কিরূপে তাহাও জানিয়াছিল সন্ন্যাসির বাসস্থান ত্রিবেণীর বাজারের অতিনিকট অতএব দস্যুরা যখন সিন্দুক ভাঙ্গিয়া টাকা বাহির করে তখন বহুলোক আসিয়া উপস্থিত হইবাতে অল্পসংখ্যক টাকা ও বস্ত্রাদি লইয়া পলায়ন করিল কিন্তু খেদের বিষয় এই যে তলবারের আঘাতে গরীব সন্ন্যাসির এক কর্ণ গিয়াছে এবং অধিক লোক আসিয়াও দস্যুগণকে ধরিতে পারিলেক না।—জ্ঞানান্বেষণ।

বর্দ্ধমান থাকিয়া এক মিত্র যে পত্র লিখিয়াছেন আমরা তাহার এক ভাগ প্রকাশ করিলাম

ইঙ্গরেজী পাঠশালায় পাঠ করিয়া হিন্দু বালকেরা বর্দ্ধমানে প্রায় কেহ জাতি ধর্ম্ম ত্যাগ করে নাই কিন্তু সম্প্রতি দুই বালক তাহা করিয়াছে অতএব আমি ধর্ম্মত্যাগিরদের ধর্ম্মত্যাগের সম্বাদ কিঞ্চিৎ লিখিতেছি তাহারদিগের এক জনের নাম কৈলাশচন্দ্র দত্ত দ্বিতীয় ব্যক্তি উমেশচন্দ্র মুখোপাধ্যায় দুই জন বর্দ্ধমানের মিসনরি স্কুলে শিক্ষা পাইয়াছিল প্রথমোক্ত ব্যক্তি এইক্ষণে সপরিবার ও স্বধর্ম্ম ত্যাগপূর্ব্বক প্রধান শিক্ষকরোজারিও সাহেবের সহবাসে বাস করিতেছে এবং দ্বিতীয় ব্যক্তির বিষয়ে শুনিলাম পরিবারেরা তাহাকে বর্দ্ধমানহইতে দূরে নিয়া তাহার শ্বশুরালয়ে রাখিয়াছেন লোকেরদের মন যে সৎপথাবলম্বি হয় তাহাতে আমি আহ্লাদ জ্ঞান করি কিন্তু ইহাও বলিতেছি কলিকাতার মধ্যে কতিপয় যুবলোক যাঁহারা হিন্দুধর্ম্মের ভ্রম জানিয়াছেন তাঁহারা অনায়াসে পরিবার ত্যাগ করিয়াছেন দেখিয়া অসন্তুষ্ট হইয়াছি যেহেতুক ধর্ম্ম ত্যাগের নিমিত্ত পিতামাতার প্রতি স্নেহ ত্যাগ অত্যন্ত নিন্দনীয় হয় আপনি জানেন মতামতির বিষয়ে আমি যাহা স্থির জানিয়াছি তাহার কোন অংশেই আমার কাপট্য নাই কিন্তু পিতামাতা ও পরিবারেরা যদি ধর্ম্মত্যাগি পুত্রকে ত্যাগ

Fire at Bombay.

The whole of the hay market of Bombay opposite the Bahoola tank, containing twenty-nine large stacks, was burned on the 14th of May. The *Jame Jamshed* estimates the value of the hay at 30,000 Rs. The destruction of such a large quantity of hay and straw has already led to an increase in their prices.

Spirit of the Native Papers.

About three weeks ago the house of a *sunnasye*, who has been residing at Tribanee for nearly half a century, was attacked at night by a gang of about twenty *dacoits*. It appears that the villains had received information of there being 2 000 rupees in the possession of the *sunnasye*, which he had brought away only a few hours before the robbery took place, from a neighbouring Zemindar with whom it was deposited. Owing to the cell of the hermit being close to the large and populous Bazar of Tribanee, a number of people collected near the spot by the time the robbers had broken open the chest in which the box containing the Rupees was shut up. The *dacoits* therefore dispersed only with a trifling booty, namely, a few rupees, some clothes, &c. We are however sorry to say, that the poor old *sunnasye* lost one of his ears from a sword cut. Although as we have stated a number of people were collected together, still no attempt, we understand was made to pursue the robbers, which reminds us of the fable of the mice and the cat.—*Gyan.*

The following extract is from the letter of a Burdwan friend:—

"The renunciation of Hindooism by youths educated at an English seminary is a rare occurrence in Burdwan; and it is for this reason that I notice the abjuration of the Hindoo faith by two young lads—Koylashchunder Dutt and Wooomeshchunder Mookerjea—educated at the Mission School at this station. The former has entirely separated himself from his family and is now living with Mr. Rozario, the principal teacher of the Mission School. The latter has, I hear, been removed to the house of his father-in-law at a few miles from the town of Burdwan. Those who know me will, I have no doubt, believe me when I say, that I rejoice at these instances of the progress of liberal opinion; but I must observe that I have witnessed with some concern both here and in Calcutta, the little hesitation with which those youths who are convinced of the error of Hindooism, forsake the roof of their parents. This shows a want of filial regard very much to be deprecated. I am the last man as you must know to advocate any compromise of principle; but I do not see why any youth who discovers the falsehood of his forefather's religion, should quit the house of his parents, if those parents are willing to suffer with him the con-

না করেন তবে ধর্ম্মত্যাগিরা কেন পরিবার পরিত্যাগ করেন তাহা বুঝিতে পারিলাম না গ্রন্থকার চেনিং সাহেব লেখেন "পিতামাতার প্রতি স্নেহের প্রথমারম্ভ পরমেশ্বরের প্রতিস্নেহের অঙ্কুরস্বরূপ হয়" আর যুক্তিতেও বোধ হইতেছে পিতামাতার প্রতি স্নেহরহিত ব্যক্তির পরমেশ্বরভক্তি প্রায় সম্ভাবনীয়া নহে যাহা হউক এ বিষয়ে অধিক লিখিয়া প্রয়োজন নাই এইক্ষণে অন্য বিষয় লিখিতেছি।—ঐ।

শ্রীযুত বাবু রাধাকান্ত সেটের বিপক্ষ।

২৮ আশ্বিন তারিখে শ্রীযুত বাবু রাধাকান্ত সেটকে লক্ষ করিয়া যে ব্যক্তি গুলি ক্ষেপ করিয়াছিল ঐ দস্যু ধৃত হইয়াছে ঐ দুরাচার লিঙ্গরাজনামক এক খোট্টা উক্ত বাবুর বিপক্ষের নিকট সওসু টাকা লাভের প্রত্যাশাতে এই অপকর্ম্ম করিয়াছিল পাঠকবর্গের স্মরণ থাকিবে তিন বৎসর গত হইল বাবুরামনামক মাঝি এইরূপ অনিশ্চিত লোকের গুলিতে প্রাণত্যাগ করে কথিত আছে এই দস্যুই ২২ টাকা পাইয়া তাহাকেও মারিয়াছে।—ঐ

পথিক লোকেরদিগকে সতর্ককরণ।

যশোহর জিলাবাসি লোকেরা এইক্ষণে যেরূপ অত্যাচার আরম্ভ করিয়াছে তাহাতে পথিক লোকেরাও চলিতে পারে না ঐ দুষ্টেরা দিবসেই অনিষ্ট করে তথাচ তাহারদিগের দণ্ড হয় না সম্প্রতি এক সাহেব যশোহর দিয়া গমন করিতেছিলেন তৎকালে পূর্ব্বাহ্নে সাত ঘণ্টাকালে অনেক অস্ত্রধারি লোক আসিয়া তাঁহাকে বেষ্টনকরত অন্যায় ব্যবহার করিল পরে জানা গেল থানাদার চৌকীদার ও বরকন্দাজেরাও নিকট ছিল তথাচ তাহারা কিছু করিলেক না ঐ দস্যুরা সাহেবকে লইয়া নানা স্থানে ভ্রমণকরত অশেষ বিদ্রূপ চাতুরী করিতেছিল এবং যদি সৌভাগ্যক্রমে এক মাজিস্ট্রেট সাহেবের পাল্কী সেই বিপদসময়ে উপস্থিত না হইত তবে আরো অনেক অপমান করিত কিন্তু মাজিস্ট্রেটের পাল্কী আসিবামাত্রই দুষ্টেরা পলায়ন করিল।—ঐ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু

সবিনয়পূর্ব্বক নিবেদনমিদং। অস্মদাদির দুঃখবিবরণ কএক পংক্তি মহাশয়ের বহুমূল্য দর্পণে স্থানদানে চিরবাধিত করিবেন।

আমারদিগের আফীমের বাণিজ্যে বহুকালাবধি কিন্তু ইম সনের ন্যায় অপমানগ্রস্ত কখন হইতে হয় নাই। প্রথমতঃ জানুআরি মাসের নীলামে ছাড় শোধ টাকা দেওনে নিয়মাতিরিক্ত বারম্বার হয়। দ্বিতীয়বার ফেব্রুআরি মার্চ দুই নীলামের ডিপজিট দেওনে ঐরূপ নিয়মের অনাথা পুনঃ২ হয়। এ সকলপ্রকার হওনের হেতু চীনরাজ্যে আফীমবাণিজ্যের পক্ষে অতিশয় অমঙ্গল আফীমক্রয় বিক্রয় একপ্রকার রহিত হইয়াছে এ সম্বাদ সকলই জ্ঞাত আছেন। আমারদিগের ভরসা ছিল গত সনে যে আফীম চীনদেশে পাঠাই এবং ইমসনের জানুআরি মাসের সেলের মাল কতক২ প্রেরণ করিয়াছিলে মালের বিক্রয়ের বেবাক টাকা হালের কতক টাকা ফেব্রুআরি মার্চ মাসের মধ্যে অবশ্য২ আসিবে সে আশা নৈরাশ হইয়াছে কবে আশা পূর্ণ অর্থাৎ সমুদায় টাকা আসিবে দেবতা বলিতে পারেন। এই হেতু সরকারের টাকা দেওনে আমারদিগের বারম্বার নিয়মাতিরিক্ত হইয়াছে। আমরা ভরসা করি তদর্থে শ্রীলশ্রীযুক্ত রাজ্যাধিপতি এবং বোর্ডের সাহেবানেরা বিরক্ত না হইয়া থাকিবেন যেহেতুক নিরপরাধিপ্রতি রাজা কদাপি বিরক্ত কোন অংশে নহেন এ কথা বিলক্ষণ জ্ঞাত আছি। চীন দেশে এই সন ওপেন ত্রেড হইবে এই সম্বাদ শ্রবণ করিয়া দুরাশা লভ্যাশার বশ হইয়া কোম্পানি বাহাদুরের জানুআরি মাসের নীলামে পাটনা আফীম ১,৬৭৫ টাকা বারাণসী ১,৪৫৫ পর্য্যন্ত দরে ক্রয় করি। ঐ দুরাশায় ফেব্রুআরি মার্চ দুই সেলে প্রায় জানুআরি সেলের তুল্য দরে খরীদ করি অদ্যাপি সে সম্বাদ মঙ্গল কি অমঙ্গল কিছুমাত্র খোলাসা খবর আইসে নাই। এই প্রযুক্ত বাজারে ক্রয় বিক্রয় এবং এডবেন্স দেওয়া লওয়া একপ্রকার স্থগিত আছে। কোন২ গ্রাহক নীলামঅপেক্ষা পাঁচ ছয় শত টাকা প্রতি লাট কম দর কহেন এইপর্য্যন্ত ক্রয় বিক্রয় একপ্রকার রহিত। আমরা অনুমান করি রাজাধিপতি এ সকল বিস্তারিত বিলক্ষণ জ্ঞাত হইয়া আপ্রিল মাসের নীলাম ৪২ রোজ পরে হইবে এ হুকুম সাদর করেন। ইহাতে শ্রীযুক্ত কৌন্সেলাধিপতিকে ধন্যবাদ দিতেছি এবং যাবৎ জীবদ্দশায় থাকিব ধন্যবাদ দিব। যেহেতুক সেলের মতান্তর করাতে আমারদের ধন মান রক্ষা হইয়াছে। এইরূপ না হইলে ফেব্রুআরি মাসের নীলামে পাটনা আফীম ১৩০০ টাকা বারাণসী ১২০০ টাকা এইপ্রকার দরে বিক্রয় হইত তাহা হইলে আমারদিগের আর কর্ম্ম করিতে হইত না এ দেশ ত্যাগ করিয়া পলাইতে হইত। সম্প্রতি রাজ্যাধিপতির নিকট আমারদিগের প্রার্থনা যদ্যপি চীনরাজ্যহইতে শুভসম্বাদ আইসে তবে যে তারিখে হয় নীলামকরণের হুকুম প্রকাশ করুন তদর্থে আমারদের কোন অংশে হানি নাই বরঞ্চ সন্তুষ্ট আছি আর যেরূপ অমঙ্গল আছে যদি সেরূপ থাকে তবে এ নীলাম এ সন রহিত না করিলে আমারদিগের রক্ষা নাই। ফেব্রুআরি মার্চ দুই সেলের ছাড়শোধ টাকা আমরা কোনপ্রকারে দিতে পারি না যদি কহেন নীলাম রহিত করিয়া আফীম এ সন বিক্রয় না করাতে রাজ্যাধিপতির অনেক ক্ষতি এমত কর্ম্ম কি নিমিত্ত করিবেন। উত্তর রাজার ধর্ম্ম প্রজাকে সুখে রাখা প্রজাবর্গের ও সদাসর্ব্বদা দেবতাস্থানে প্রার্থনা রাজার উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হউক এমতে চীন দেশহইতে শুভসম্বাদ না আইলে নীলাম করিলে রাজা প্রজারদিগকে সুখে কিপ্রকারে রাখিলেন। প্রথমতঃ ধর্ম্মচ্যুত হইতেছে। দ্বিতীয় দফা এই সনে আফীম বিক্রয়ে রাজার অধিক টাকা পাইবার সম্ভাবনা আইন্দা সনে আমরা অনুমান করি ইমসনে যত টাকা অধিক পাইবেন তদপেক্ষা প্রতি সন২ এই সনের অধিক লভ্যের দশ গুণ অধিক ক্ষতি হইবে অত্র সন্দেহো নাস্তি। প্রতি সন২ ক্ষতিহওনের হেতু এই যে কর্ম্মে ৫০০ ব্যক্তি গ্রাহক সেই কর্ম্মে ৫০ ব্যক্তি থাকিলে অবশ্য২ সেই দ্রব্যের অল্প মূল্য হয়। সুতরাং চীন দেশহইতে অমঙ্গল সম্বাদ আইলে যদ্যপি রাজ্যাধিপতি নীলামকরণের হুকুম দেন তবে আমারদিগের অনেককে এ কর্ম্ম ত্যাগ করিতে হইবে আইন্দায় অল্প গ্রাহক ক্রয়কর্ত্তা হইবেন তদর্থে রাজার অনেক ক্ষতিসম্ভাবনা। আমরা বোধ করি

sequences of his heterodoxy. Channing observes,—'The first emotion awakened in the soul, we mean filial attachment, is the dawning of love to our Father in heaven.' Whether this be literally true or not, I know not; but this I must say that the man who is deficient in filial affection is the last person to feel any regard for his Father in Heaven.—*Ibid.*

Apprehension of an Assassin.

The assassin who fired a gun at Baboo Radhakant Set on the 28th of *Ausin* last, has been apprehended. The villain was induced to perpetrate this cruel deed in hopes of receiving from one *Lunger* Raj, an up-country man, who bore deadly enmity to the Baboo, a reward of 100 Rs.

It is also said that about 3 years ago Baboo Ram Molly was murdered by the same inhuman wretch for a recompense of 22 Rs.—*Ibid.*

Caution to Travellers.

The people in the district of Jessore have latterly become so outrageous, that passengers cannot travel the district with safety. In broad day light the most daring outrages are committed with impunity. An occurrence has recently come under notice of a gentleman, passing to Jessore, who was attacked, about 7 o'clock in the morning, on the public road, by a numerous body of men, armed with various weapons, and very roughly treated. It has subsequently been ascertained that a Thanadar, or Mohurer, and his peons, were on the spot at the time, but did not come forward to render any assistance. The gentleman was paraded from village to village, amidst the cuffs and jeers of the rabble, and was only saved from worse treatment, by a Magistrate's sowarry passing by, which intimidated his persecutors.—*Beng. Her.*

Correspondence.

To the Editor of the Durpun.

Oblige us by publishing the following lines which describe our distress in your valuable journal. We have long been engaged in the opium trade, but have never been subject to such disgrace as in the present year. 1st. There has frequently been an extension of the rule regarding the payment of the opium purchased in the January sale; and secondly, there has also been a repeated failure in the payment of the deposits for the two sales of February and March. The reason of these repeated failures is, the uncertain state of the opium market in China, through which the purchase and sale of the drug has been almost suspended. This is sufficiently known to all. It was our hope that the opium sent to China last year, and that sent in the month of January would be sold, and the proceeds of it be received within the months of February and March. That hope has been disappointed; when those hopes will be fulfilled, that is when all the money will be returned, the *Debtas* only can tell. On this account we have repeatedly failed in making good our purchase to Government. We had hoped that Government and the Board would not have been vexed at our failures; for the rulers of the country cannot be offended at those who have committed no crime. Having heard that there will be an open trade of opium at China, our despair was overcome by the hope of gain, and in the January sale we purchased Patna opium at 1675, Benares opium at 1455 Rs.; and buoyed up by this hope, we gave the same price at the February and March as at the January sales; but whether this rumour was founded or unfounded, we have not yet been able to learn. Hence the purchase and sale of opium and giving of advances upon it, are entirely suspended. Some purchasers offer 500 Rs. less upon each lot than it was sold for; of course the trade is at an end. We think that the members of Government, being well acquainted with this, postponed the April sale for 42 days; for which we bless the members of Council, and will bless them as long as we live, for this postponement has preserved both our honour and property. Without such wise arrangement, Patna opium would not have fetched more than 1300 Rs. and Benares opium not more than 1200 Rs. at the February sale. At this price we must have given up business and left the country. Now our prayer to the rulers of the country is, that as soon as favourable accounts are received from China the opium be put up to sale, and we shall not thereby lose any thing; but rather feel abundantly satisfied; but if the present unfavourable accounts should continue, we advise the postponement of the sale for the present year; otherwise no chance of safety. We have no prospect of clearing out the February and March sales; if it be said that if the sale be suspended and no farther sale take place this year, the Company will be great losers, why therefore should they do so. We reply, it is the virtue of the King to preserve his subjects who continually pray to the Debtas that the splendour of the empire may increase. If the sale take place before the arrival of good intelligence from China, how can the subjects be preserved? If this be done, in the first place, there will be an act of injustice; secondly, there is a prospect of great profit in the opium this year, but in that case whatever may be realized this year there will be a loss of ten times that sum in every succeeding year. The prospective loss is ascertained from this calculation, that if there be only 50 purchasers instead of 500, the price of the article must fall. If notwithstanding the unfavourable accounts from China, our rulers should push on the sale, we must give up business, and the next year there will be fewer purchasers and the state will be a corresponding loser. We think it will be diffi-

পাটনা মাল হাজার টাকা দরে প্রতি চেষ্ট বিক্রয় করা দুর্লভ হইবে। সম্পাদক মহাশয় বিবেচনা করিবেন রাজ্যাধিপতির কি পর্য্যন্ত ক্ষতি প্রতি লাট তিন চারি হাজার টাকা ইহাতে চীন দেশহইতে অমঙ্গল সম্বাদ আইলে নীলাম রহিত করা উত্তম কি বিক্রয় করা ভাল এ বিষয় কৌন্সেলাধিপতিরা বিলক্ষণ বিচক্ষণ তাঁহারাই তাহার বিবেচনা করিবেন। আমারদের বিবেচনা হয় সমূহ ব্যাপারি যাহাতে বজায় থাকে এবং রাজার কোন অংশে মন্দ না হয় এমত কর্ম্ম রাজার করা উচিত। আর সরকারের গত সন পনর হাজার বাক্স মাল বিক্রয় করিয়া যত টাকা পাইয়াছেন আমরা অনুমান করি এই সনে বার হাজার বাক্স মাল বিক্রয় করিয়া গত সন অপেক্ষা অধিক টাকা পাইয়াছেন ইহাতে চীন দেশহইতে শুভসম্বাদ না আইলে রাজ্যাধিপতি নীলামকরণের হুকুম কদাচ দেন যদি দেন তবে আমারদিগের এ দেশ ত্যাগ করিতে হইবে আর অধিক কি লিখিব।

কেষাঞ্চিৎ আফীঙ্গ বাণিজ্য ব্যাপারিবর্গাণাং।

কলিকাতার পোলিস।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

যদিস্যাৎ শহর কলিকাতার পোলিসসংক্রান্ত কোনং কার্য্য কর্ম্মের সুনিয়ম পূর্ব্বাপেক্ষা হওয়াতে তত্রস্থ প্রজারদিগের পক্ষে কিঞ্চিৎ মঙ্গলদায়ক হইয়াছে তথাপি এ পর্য্যন্ত এতন্নগরমধ্যে অনেক স্থানে অনেক দুর্ব্বল দীন দুঃখিদিগের প্রতি প্রবল দুষ্ট দুর্জ্জনকর্ত্তৃক নানা প্রকার উৎপাত এবং উপদ্রব হইতেছে এবং ঐ সকল দৌরাত্ম্য নিবারণ না হইয়া বরং দিনং বৃদ্ধি হইয়া আসিতেছে। এ শহরে চৌর্য্য বৃত্তির এমত প্রাদুর্ভাব হইয়াছে যে তস্করের হস্তহইতে গরিব লোকদিগের ধন প্রাণ রক্ষা করা ভার হইয়াছে। প্রায় দেড় মাস হইল শ্যামপুকুরের থানার অন্তর্গত হোগলকুঁড়িয়ার গলির রাস্তার পার্শ্ববর্ত্তী নরদামাতে পতিত দুই অথবা তিন বৎসর বয়স্ক বালকের এক ছিন্ন মুণ্ড দৃষ্টি হইয়াছিল যৎকালে আমরা ঐ কাটা মুণ্ড দেখিলাম তখন আমারদিগের এমত বোধ হইয়াছিল যে তদ্দিনের পূর্ব্ব রাত্রিতে ঐ বালক হত্যা হইয়াছে কিন্তু কাহার দ্বারা কোথায় এবং কিপ্রকারে এমত নির্দ্দয়তার কর্ম্ম হইল ইহার কোন অনুসন্ধান পোলিসের কর্ম্মকারক সাহেবেরা করিলেন কি না তাহা আমরা এপর্য্যন্ত জ্ঞাত হইতে পারি নাই। প্রায় পাঁচ ছয় দিবস গত হইল উক্ত শ্যামপুকুরের থানার অন্তঃপাতি বালাখানার বাগানের মধ্যে এক বেশ্যার বাটীর ভিতর রাত্রি অনুমান সাড়ে দশ ঘণ্টার সময় এক জন অতিবলবান হিন্দুস্থানী দরওয়ানকর্ত্তৃক অতি ঘোরতর দাঙ্গা হইয়াছিল ঐ ব্যক্তি ঐ রাত্রিতে মদিরা পানকরত তত্রস্থ এক জন বেশ্যাকে মুষ্ট্যাঘাতদ্বারা এমত নির্দ্দয়তাপূর্ব্বক প্রহার করিয়াছিল যে সে এপর্য্যন্ত শয্যাগত আছে এবং তাহার জীবনাশা সংশয় হইয়াছে। ঐ দাঙ্গা উপস্থিত সময়ে ঐ স্থানের অতিসন্নিকটে ঐ পল্লির চৌকিদার আপন ঘাঁটিতে বসিয়াছিল কিন্তু উক্ত মহাবল পরাক্রান্ত হিন্দুস্থানীর তর্জ্জন গর্জ্জন এবং গভীর নাদ শুনিয়া তৎক্ষণাৎ মহা ভীত হইয়া দাঙ্গা নিবারণ করা দূরে থাকুক আপন প্রাণ বাঁচাইবার কারণ পলাইয়া স্থানান্তরে লুক্কাইত রহিল। কলিকাতাস্থ প্রজারদিগের ধন প্রাণাদি রক্ষার নিমিত্তে পোলিসের দ্বারা যে সকল চৌকিদার লোক এইক্ষণে নিযুক্ত আছে তাহারদিগের দ্বারা তত্তৎ বিষয়ের কোন সাহায্য হইতেছে না এবং হইতে পারিবেক না যেহেতুক তাহারা স্বভাবতঃ অতিদুর্ব্বল সাহসহীন ভীরু তৎপ্রযুক্ত দাঙ্গা হঙ্গামার সময় প্রায় পলাইয়া যায় এবং যখন দেখে সকল বিষয় ফুরাইয়াছে তখন আসিয়া বিড়ালের ন্যায় অকর্ম্মণ্য দর্প করে তাহাতে কোন কার্য্য দর্শে না। অতএব যদি গবর্ণমেন্ট দীন দুঃখি দরিদ্র প্রজারদিগের দুঃখে দুঃখিত হইয়া এইক্ষণে যে সকল চৌকিদার নিযুক্ত আছে তাহারদিগকে কর্ম্মচ্যুত করিয়া তৎপরিবর্ত্তে হিন্দুস্থানীয় বলবান ব্যক্তিরদিগকে নিযুক্ত করেন এবং এই শহরের প্রত্যেক পল্লিতে একং জন ইঙ্গরেজী ও বাঙ্গালা ভাষাজ্ঞ ভদ্রলোকের প্রতি সম্বুর বেতনদানে দাঙ্গা হঙ্গামা এবং চৌর্য্য বৃত্তি ইত্যাদি দৌরাত্ম্য নিবারণের ভারার্পণ করেন তবে অভাগা প্রজারদিগের পক্ষে অনেক মঙ্গল হইতে পারে। কিন্তু এরূপ করিতে হইলে গবর্ণমেন্টকে কিঞ্চিৎ অধিক ব্যয় স্বীকার করিতে হইবেক তৎপ্রযুক্ত আমরা বোধ করি যে যদ্যপি গবর্ণমেন্ট প্রতিদিন প্রজার ধন প্রাণের হানির কথা শ্রবণ করিতে ইচ্ছুক হইবেন তথাপি তত্তৎ বিষয় রক্ষার নিমিত্তে রাজকোষহইতে অর্থ ব্যয় করিতে কদাচ সম্মত হইবেন না। পূর্ব্ব মুসলমানেরা আপন রাজ্য ভ্রষ্ট হওনের প্রাক্কালে প্রজারদিগের দুঃখ ও দুরবস্থা দৃষ্টি করিতে আপনারদিগের এক সুখজনক ক্রীড়া জ্ঞান করিয়া তদ্দুঃখ দুঃখ নিবারণোপায় করিতেন না ইহাতে পরম কারুণিক পরাৎপর পরমেশ্বর আপন জীবের হাহাকারধ্বনি শ্রবণ করিয়া অত্যল্প কালের মধ্যে যবনেরদিগকে রাজ্য ভ্রষ্ট এবং ছিন্নভিন্ন করিয়া জীবের দুঃখ মোচন করিলেন আমারদিগের এইক্ষণে প্রার্থনা যে বর্ত্তমান গবর্ণমেন্ট এ কথা স্মরণ রাখেন অলং বহুনা।

শ্রীতারাচাঁদ ঘোষ।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

আমরা বহুকালাবধি ধর্ম্মারণ্যে পশু চারণ করিয়া কালক্ষেপ করিতেছি। কিন্তু অল্প কাল হইল এই বনে শিবু ঘোষনামে এক চাষা অনল প্রদান করিয়াছিল তাহাতেই বনের ফল পুষ্পশালী অনেক বৃক্ষ নষ্ট হয়। কিন্তু এই অরণ্যাধিপতি বৃদ্ধ নৃপতি মহাশয় বহুবান্ধব জল সেচন করিয়া অনল বারণ করিয়াছিলেন কিন্তু অরণ্যের শোভা কিছুই নাই কেবল হিংস্র জন্তুর বসতি স্থান গহন কণ্টক বন মাত্র আছে [illegible] অরণ্যাধিপতি বৃদ্ধ নৃপ স্বর্গারোহণ করিয়াছেন। তাঁহার সুকুমার কিশোরের [illegible] আরাধনা করিয়া ভগবতীচরণ স্মরণপূর্ব্বক উক্তারণ্যে মৃগয়া করিতে গিয়া দেখিলেন যে উক্ত কণ্টক বনমধ্যে এক নবীন সিংহের ক্রোড়ে একটি লাল দ্বিপদ জন্তু ক্রীড়া করিতেছে ঐ আশ্চর্য্য দেখিয়া মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিয়া বল কল ছল বল প্রকাশপূর্ব্বক লালরূপ লাল জন্তু ধরিয়া নিজ গৃহে আনিয়াছিলেন বোধ হয় তৎকালীন সিংহ নিদ্রিত ছিল। পরে ঐ সিংহ নিজ ক্রোড়শূন্য দেখিয়া মহাক্রোধপূর্ব্বক ফলদোলের গোলমালে কালীনাথের কলে বলে দলবল সহিত আসিয়া পরাক্রমপূর্ব্বক আপন ক্রোড়স্থ জন্তুকে পুনরায় ক্রোড়গত করিয়াছে। সে স্থানে নরেন্দ্র মহেন্দ্র রাজেন্দ্র দেবেন্দ্র সকলেই উপস্থিত ছিলেন কেহই কিছু বলিতে পারিলেন না। সম্পাদক মহাশয় বড় খেদের বিষয় রাজকুমারের মৃগয়াতে কেবল ধর্ম্মসভার গয়ামাত্র সার হইল। বিশেষতঃ বৃদ্ধ নৃপতির বহুযত্নের চিরকালের রক্ষিত রত্নটি হারাইবার উপক্রম। হায়২ শুনিয়া বড় দুঃখ হয় তারা কি খুরুণশায়ের বৎসর।

কস্যচিৎ পশুচারকস্য।

শ্রীযুক্ত দর্পণকারক মহাশয় সমীপেষু।

পূর্ব্ব দেশনিবাসি অনেকং বিশিষ্ট শিষ্ট ব্যক্তিরদিগের অভিলাষ ও অনুমতি মতে আমরা বিনীতিপূর্ব্বক যেং বিষয় জানাইতেছি অনুগ্রহ প্রকাশে মুদ্রাঙ্কিত করুন। শ্রীলশ্রীযুক্ত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতিঅনুসারে ইঙ্গরেজী সন ১৮৩১ সালের কানুন পঞ্চম প্রকাশ হইয়া বাঙ্গালি সদর আমীন ও প্রধান সদর আমীন ও মুনসেফীনের প্রতি এরূপ ভারার্পণ হওয়ায় আমরা যথোচিত সন্দিগ্ধ চিত্ত ছিলাম যেহেতুক বাঙ্গালিরদিগের সর্ব্বপ্রকারে লোভ পরিত্যাগ করা অতিকষ্ট। তাহা জিলা যশহরের শ্রীলশ্রীযুক্ত জজ সাহেব বিবেচনা বিধায় জিলা যশহরের প্রধান সদর আমীন শ্রীযুত হরিনারায়ণ রায় বাহাদুর ও সদর আমীন শ্রীযুত বৈদ্যনাথ সেন ও মফঃসল মুনসেফা

cult to obtain even 1000 Rs. for a chest of Patna opium. Mr. Editor, you can easily judge how great will be the loss to the state if there is a diminution of 3 or 1000 Rs. upon each lot. The Members of Council can easily judge, therefore, whether it is advisable or not to hold the sales while the unfavourable accounts from China continue. In our judgment it appears more advisable to sustain the trade generally, and to preserve the state from ultimate loss. We are inclined to think that Government have gained more from the sale of 12,000 chests this year, than from the sale of 15,000 chests last year. This is another reason why the sale should be postponed till favourable accounts arrive from China, but if the sale take place, we can only say that we must leave the country.

Certain Opium Traders.

To the Editor of the Durpun.

Although a reform of certain of the arrangements of the Police in Calcutta has produced some benefit towards the inhabitants, yet in many places the powerful and wicked men are in various ways oppressing the poor and the weak, and these oppressions instead of being diminished, appear rather daily to have increased. There has been such an increase of those who live by robbing, that it is difficult for the poor to preserve their lives and property. About six weeks ago the decapitated head of a child apparently of two or three years old, was found in a drain near Hogulcoorea Gully within the beat of the Shampooker Thannah. When we saw the head, we were led to believe that the child had been murdered on the preceding night, but to this time we have not heard whether any inquiry was made by the Police to ascertain when and how and by whom this cruel deed was performed. About six weeks ago a powerful Hindoosthanee durwan created a great disturbance about half past 10 at night in a house of ill fame, in the Balakhana bagan, in the aforementioned Thanna. On that night the man, under the influence of liquor, inflicted so many blows upon a courtezan, that she is still confined to her couch, and there are fears of her life. At the time of the disturbance, the Police Chowkedar was sitting at his post very near to the spot; but on hearing the loud noise and threats of the powerful Hindoosthanee, so far from endeavouring to prevent the disturbance, he fled and hid himself. The individuals who are now employed as Chowkedars to preserve the property and lives of the people, give no assistance whatever; nor indeed can they do it, for they are by nature very weak and cowardly creatures, and almost always run away when there is a disturbance. When they hear the business is over they return like cats and raise a great noise; they are very useless. If therefore the Government, compassionating the distress of the poor, would dismiss the present Chowkedars, and appoint some powerful Hindoosthanee men, and engage some persons well acquainted with English and Bengalee, at a reasonable salary, and commit to them the charge of preventing thieving and other crimes, the poor would greatly benefit by it; but to effect this arrangement, Government must expend something. But rather than do this, we fear that Government, although they are obliged daily to hear of the loss of life and property will expend nothing from the public treasury. Formerly, just before the Moosulman Government was overturned, they seemed to take a delight in hearing of the distress and difficulties of their subjects and made no effort to relieve them, and on this account a merciful Providence, listening with attention to the cries of the living overturned the kingdom of the Moosulmans, and relieved the distresses of the poor. We wish the Government would keep this in mind.

Tarachund Ghose.

To the Editor of the Durpun.

For a long time past we have been giving pasturage to the animals in the holy forest, but a little while ago, Sebo Ghose, a labourer, set fire to the forest, and thereby destroyed the fruit and flowers of the forest; but the lord of the forest, an old man, chief among men, extinguished the fire with the aid of water, but there is no longer any beauty in the forest. It is filled with injurious wild beasts, and with the most dreadful thorns. Lately, the lord of this forest, in his old age, ascended to heaven; his son after worshipping the lord of all, and adoring the feet of Bhuguvutee, went to hunt in the forest, and saw that in this wilderness of thorns, a red two-footed animal was playing in the breast of a new lion; seeing this, he advised with his counsellors and by force, by council and by artifice, seized this red animal and brought it home. The lion must have been sleeping at the time, when this lion awoke and found his favourite animal was gone, he became wrath, and in the confusion of the *fool dole*, came with the might and the party and artifice of Kaleenath, and seized the animal, and placed it in his lap. In that assembly were collected the most powerful men, Kings, and Gods, but nobody said a word. Mr. Editor, this is a matter of great regret, for the hunting of the young Rajcoomar has been the death of the Dhurma Subha. The jewel which the old king cherished with so much care, is now on the point of being lost. The intelligence of this has made me very sorrowful, but what shall be done? It is a year of losses.

A feeder of beasts.

To the Editor of the Durpun.

In accordance with the wishes and desires of many respectable men, residing in the Eastern Provinces, we send you the following representation, which we beseech you to regard with indulgence. In compliance with the wishes of the Governor General and in conformity with Reg. V. of 1831, a number of natives of the country were appointed Sudder Ameens, Principal Sudder Ameens and Moonsiffs, and this gave rise to much anxiety in our minds, for we all know how difficult it is for the natives of Bengal, to divest themselves of their cupidity. In the district of Jessore, through the intervention of the Judge, Baboo Hureenarain Roy, who is appointed Principal Sudder

নের মধ্যে নওয়াবাদ ও শিঙ্গা ও কেশবপুরদিগর কএক স্থানে যে নিয়োগ করিয়াছেন তাঁহারদিগের সুবিচারের সম্বাদে সর্ব্বদা হর্ষিত। বিশেষতঃ নওয়াবাদের মুনসেফি কর্ম্মে টাকিনিবাসি শ্রীযুত বাবু তারকচন্দ্র ঘোষ মহাশয়কে নিযুক্ত করাতে আমরা যৎপরোনাস্তি সন্তোষিত আছি। কেন না মুনসেফ মহাশয়ের একাধারে প্রশংসার যোগ্য গুণসমূহ। যেহেতুক ধৈর্য্যতায় ও গাম্ভীর্য্যতায় ও বিজ্ঞতায় ও বিশিষ্টতায় কোন অংশে ন্যূন নহেন বরং এরূপ বিচারক্ষম ব্যক্তি বাঙ্গালির মধ্যে দেখিতে পাওয়া যায় না। মুনসেফ মহাশয় ইঙ্গরেজী সন ১৮৩২ সালে আপন কর্ম্ম স্থল নওয়াবাদ পঁহুছিয়া এপর্য্যন্ত যে সকল মোকদ্দমা এমত প্রকার সূক্ষ্ম ও সুবিচারকরত নিষ্পত্তি করিয়াছেন যে এতদ্দেশীয় দীন ও দুঃখি ব্যক্তিরদিগের বাঙ্গালি বিচার কর্ত্তা করিয়া যে এক সন্দেহ ছিল তাহা উপস্থিত উপযুক্ত মুনসেফ মহাশয়ের কৃত বিচারে দূর হইয়াছে। এইক্ষণে মহাশয়ের দ্বারা সর্ব্বত্র লোকের ভ্রম দূরের জন্য কএক মোকদ্দমার বিচারের বেওরা জানাইতেছি দৃষ্টি করুন। প্রথমতঃ শ্রীযুক্ত মুনসেফ মহাশয় আপন কর্ম্মস্থলে পঁহুছিয়াই শ্যামবাগাতের শ্রীগোপীনাথ গড়গড়ির এক মোকদ্দমা খাজুরার শ্রীরামতনু মিত্র ও নতপুরের সাবেক জমিদার শ্রীযুক্ত মৃত্যুঞ্জয় রায় চৌধুরীর সহিত উপস্থিত ছিল মুনসেফ মহাশয় ঐ মোকদ্দমা বিশিষ্ট বিচারে নিষ্পত্তি করিয়া গরীব মেষের ন্যায় গড়গড়িকে বলবান সিংহের হস্তহইতে উদ্ধার করিয়া কীর্ত্তী পতাকার উদগতা করিয়াছেন নচেৎ গড়গড়ির বাপের সাধ্য ছিল না যে কোন অংশে রায় চৌধুরীকে পরাজয় করেন। দ্বিতীয় নৈহাটির শ্রীদিননাথ চক্রবর্ত্তিনামে অতিদীন এক ব্রাহ্মণের ঐ গ্রামস্থ কলিকাতার সদর দেওয়ানি আদালতের উকীল শ্রীযুক্ত বংশীবদন মিত্রের ভ্রাতার সহিত এক মোকদ্দমা উপস্থিত ছিল সে মোকদ্দমা অতিসূক্ষ্মানুসূক্ষ্ম বিচারে দীন ব্রাহ্মণের বিষয় রক্ষা করাতে যৎপরনাস্তি আপনাকে প্রশংসিত ও প্রকাশিত করিয়াছেন কারণ বিচারসাধ্যব্যতিরেকে জয়ী হওয়া ব্রাহ্মণের সাধ্য ছিল না। তৃতীয় পরগণে হোগলার জমিদার শ্রীযুত দুর্গাপ্রসাদ রায় চৌধুরী মহাশয়ের সহিত তৎপরগনাস্থ প্রজা গিলাতলার শ্রীবাবুরাম দত্তের এক মোকদ্দমা উপস্থিত ছিল সে মোকদ্দমা নিরপেক্ষপাতে দত্তের পক্ষে ডিক্রী করিবাতে এতদ্দেশীয় বড়২ ভদ্রলোক ও আবাল বৃদ্ধ বনিতা ইত্যাদি তাবতেই মুনসেফ মহাশয়কে ধন্যবাদ করিয়াছেন। কেন না এ বিষয় সকলেরি মনের [illegible] ব্যক্তি জয়ী হইতে পারিবেক না। ৺ ইশ্বরাৎ ধর্ম্মাবতার মুনসেফ মহাশয়ের ন্যায্য বিচারে দত্তের স্বত্ব রক্ষা হইয়া তাহার জাতি সম্ভ্রম তাবৎ বজায় হইল। এ সকল মোকদ্দমা আপিলেও যথার্থ বিবেচনায় বিচারকর্ত্তারা বহাল করিয়াছেন। এইরূপ অনেক২ মোকদ্দমা সুবিচারে নিষ্পত্তি হইয়া তাহার আপত্ত হয় নাই তাহার বেওরা লিখিতে বাহুল্যমতে স্থগিত হওয়া গেল। এইক্ষণে পরমেশ্বরের নিকট আমারদিগের এই মানস যে শ্রীযুত মুনসেফ মহাশয়কে এই স্থানে চিরস্থায়ী করিয়া রাখুন। তবে অস্মৎবিধিদিগের বাবৎ বিষয়ের ব্যাঘাত হইতে পারিবেক না। মহাশয় অনুগ্রহ প্রকাশ করিয়া এ বিষয় দর্পণপার্শ্বে স্থান দিয়া বাধিত করিবেন ইতি ১৩ চৈত্র

শ্রীশিবনাথ ঘোষপ্রভৃতি কাতপয় জনানাং।

Ameen, and Buddenath Sen, the Sudder Ameen, and other individuals were appointed Moonsiffs in Nowabad, Singah and Kesubpore, and the intelligence we receive of their just judgments is a matter of very great enjoyment. More particularly Baboo Taruckchunder Ghose of Takee, has been appointed Moonsiff of Nowabad, with which appointment we are particularly delighted, for he is possessed of qualifications which rendered him worthy of all praise. He is deficient neither in dignity, knowledge, or fidelity, and rarely do we meet among the natives with a man so qualified for his situation. This Moonsiff arrived at his post at Nowabad in 1832, and from that time to the present by his discriminating and just judgment, he has dispelled that mistrust which the Natives have always felt regarding the decision of a Bengalee. We now, through your means, particularize one or two of his decisions, in order to dispel the anxiety that may be entertained regarding Native judges. 1st. This Moonsiff on his arrival at his station found that there was a cause pending between Goopenath of Sambagat, and Ramtonoo Mittre of Khajoorah, and the former Zemindar of Natpore Mritoonjoy Roy Chowdry. The Moonsiff by his wise decision upon this subject has delivered the innocent sheep from the hands of the powerful lion, and acquired general fame. Without his assistance never could that innocent sheep have been able to overcome Roy Chowdry. Secondly. Denanath Cauckerbutty, a poor brahmun of Nybatty, had a dispute with the brother of Bungseebuddun Mittre, a Vakeel of the Sudder Dewannee Adawlut, and by his wise decision he has saved the poor brahmun from destruction and acquired a large accession of praise; for without his assistance the brahmun had no hope of success. Thirdly. Doorgapersaud Roy Chowdry, the Zemindar of Hoogla, had a dispute with Ba[illegible]oram Dutt of Gilla Tulla. This cause he has most impartially decided in favour of the Dutt; and high and low, rich and poor, [illegible] their blessings upon him, [illegible] the poor would not be able to get their rights. Through the favour of God and the just decision of the Moonsiff the Dutt has obtained his rights and preserved his caste and honour. All these decisions have also been confirmed on appeal. In this manner he has decided many cases without any objection being raised, but it would be too long to send you the particulars. It is our prayer that the Moonsiff may continually remain among us. While he remains we have no fear regarding our property. If you will kindly publish these few lines in the Durpun, you will very greatly oblige us.

Shibnath Ghose, &c

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

এই জিলার কারাবদ্ধগণের দুঃখ বিমোচনার্থে কএক পংক্তি লিখিতেছি অনুগ্রহ প্রকাশে আপনকার দর্পনৈক পার্শ্বে স্থানদানে চিরবাধিত করিতে আজ্ঞা হইবেক। কিয়দ্দিবস হইল এই জিলার মাজিস্ত্রেট শ্রীযুত এডওয়ার্ড আলেক জণ্ডর শেমউএল সাহেব দেওয়ানী গারদের কয়েদীদিগের গঙ্গাস্নান নিবারণের হুকুম দিবায় ঐ সকল কারাবদ্ধগণ স্নান করিতে না পাওয়ায় অত্যল্প দিবসের মধ্যে দশ জন ওলাউঠাপ্রভৃতি বেআরামে মারা পড়িয়াছে। এবং প্রায় ততোধিক চিকিৎসালয়ে প্রেরিত হইয়া শশেষিরে হইয়া আছে অধিকন্তু ঐ সকল লোক অতি সাহায্য হীন /০ এক আনা করিয়া খোরাকি পাইয়া থাকে জলকিনিতে হইলে স্নানাদীতে এক পয়সায় হওয়া সঙ্কোচ কারণ যখন তাহারা স্নান করিতে যাইত আপনং খরচ উপযুক্ত জল আনিত এবং ঐ অভাগাদিগের কপালক্রমে উক্ত কারাগারে যে কএকটা কূপ ছিল তাহাও শুষ্ক হইয়া গিয়াছে। এমতে আমি অনুমান করি যদ্যপি এই হুকুম কিছু দিন স্থায়ি হয় তবে অল্পকালের মধ্যে ঐ কারাগার শূন্য হইবেক। যদ্যপি কহেন যে এমত নিয়ম তো কুত্রাপি নাই তাহার বিশেষ মর্ম্ম আছে যেহেতুক গঙ্গা অতি নিকট এবং অন্য মাজিস্ত্রেটের আমলে হইয়া আসিতেছে বিশেষতঃ যেমত প্রচণ্ড রৌদ্র তাহা অবিদিত নাই এমতে ভরসা করি যে এই পত্র প্রকাশ পাইলে উক্ত সাহেব কিম্বা তদাজ্ঞা মতাচরণ করবার যে সকল সাহেবানকে সাধ্য আছে তাহাতে তাঁহারা কৃপা দৃষ্টি করিয়া অবশ্যই কিছু প্রকাশ করিবেন।

কস্যচিৎ দর্পণপাঠকস্য।

শ্রীযুত দর্পণকার মহাশয় বরাবরেষু।

কার্য্যান্তরে উত্তর অঞ্চলে গিয়াছিলাম প্রত্যাগমনকালে ত্রিবেণী পঁহুছিয়া ৺ সরস্বতী নদী তীরে উত্তরিয়া দেখিলাম যে তদুপরিস্থ সেতু যাহা এতদ্দেশীয় এক বাবুর দ্বারা প্রস্তুত হইয়াছিল তাহা ভগ্ন হওয়াতে দীন দুঃখি লোকেরদের যথেষ্ট কষ্ট হইতেছে বিশেষতঃ উক্ত ভগ্ন সেতুর পশ্চিমাংশে একখানা ভগ্ন তরি গমনশীল ব্যক্তিরদিগের পারাবারার্থ রক্ষিত হইয়াছে। পারার্থিদিগের নৌকায় পাদার্পণ করিবার পূর্ব্বে পাটনীরা পারার্থী জনপ্রতি আধ পয়সা লইতেছে যো পাইলে পয়সাটাও ছাড়িতেছেনা অথচ নদীর আড়ের এতদ্রূপ ক্ষুদ্রতা যে একখানা ক্ষুদ্র নৌকাও সেতুবৎ হইয়া রহিয়াছে। পাটনীদিগের কোন পরিশ্রমের বিষয় নাই। ফলতঃ দস্যুরা এই জবরান জুলুম করিতেছে যে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব দুই তিন ক্রোশ অন্তর। নিকটে থানা নাই থাকিলেও তাহারা উহারদের বাধ্যহেতু অর্থসমর্থ ক্ষুদ্র লোকের শঙ্কা বিধায় প্রতিকার করিতে নিতান্ত অসমর্থ বিধায়। বিশিষ্ট শিষ্ট লোকেরা তুচ্ছ বিষয়ে হাত দিতে নিতান্ত অসম্মত সুতরাং এই দুষ্টেরদের [illegible] প্রতিকারের পথ দৃষ্টি হয় না। [illegible] মহাশয় ঐ ঘাট [illegible] বলিতে পারি না ফলতঃ এক জন হিন্দু ঘাটের কর্ত্তার ন্যায় বোধ হইল আপনার অধীন এক জন মুসলমানকে ঐ কার্য্যের ভার অর্পণ করিয়া রাখিয়া আছেন। ঐ নেড়ে [illegible] ব্যক্তি কড়িপাতি কেড়ে কুড়ে লইতেছে যেহেতুক আমি দেখিলাম যে এক জন দীন অত্যন্ত [illegible] অভাবে কাতর হইয়া হাঁটিয়া পার হইল এবং মনে করিল উহারদের দৌরাত্ম্য ত্রাণ পাইল কিন্তু ঐ হিন্দু প্রধানের ইঙ্গিতে ঐ বজ্জাত বেটা ধাইয়া গিয়া দুঃখির জলপান [illegible] যে কএক গণ্ডা কড়ি ছিল কাড়িয়া লইয় গেল দুর্জ্জন গজ্জন করিতে লাগিল তাহাতে ঐ ব্যক্তি বৈদিক নদের ভয়ে কিছু না করিয়া অতিশীঘ্র প্রস্থান পরায়ণ হইল। অতএব দীন দুঃখিদিগের এমত দুঃখ কষ্টে যথেষ্ট কষ্ট পাইয়া সম্পাদক মহাশয়ের সাহায্য প্রার্থনা করিলাম যে যদনুগ্রহে শ্রীযুত দিগের অচিরে কর্ণগোচর হইয়া দুষ্টের দমন হয়। কিমধিকমিতি।

কস্যচিৎ পথিকস্য।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৵	ঐ
২ ক্লাস	।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গালি বেঙ্ক	১৮০০—১৯০০ প্রিমিয়ম

To the Editor of the Durpun.

I write you a few lines to relieve the distress of the convicts, oblige me by inserting them in the Durpun. Some few days ago, the Magistrate of this district, Mr. E. A. Samuells, forbad the debtors in the Dewannee Court to bathe in the Ganges, and those men being thus deprived of the privilege of bathing, nearly a dozen of them died in a few days of the cholera, and a still greater number were sent to the hospital of whose lives there is little hope. The poor fellows are without any assistance and very poor. They receive an anna a day for their food; if they have to buy water for bathing, it can scarcely be got for a pice. When they went to bathe, they generally brought water for their use; thro' their own evil fortune the wells which were in the prison have dried up. I fear that if this order continue in force for any time, there will speedily be a goal delivery. If it be said that such a rule prevails no where else, and that there must be some particular reasons for it, for the river is near and the practice of bathing in it has been continued through the administration of many Magistrates, and more particularly that every one knows the great heat of the weather, then I hope that the publication of this letter may induce this gentleman or some other person who has authority, to cast a benevolent look towards these poor men.

A Reader of the Durpun.

To the Editor of the Durpun.

I went on some business towards the north, on my return I landed at Tribaneeon the banks of the Suruswutee, and discovered that the bridge over it which was built at the expence of a Baboo, had been broken down, and that the poor people were thereby reduced to great distress; but I saw that on the western side of the river that there was a broken boat lying to cross over the people. The ferry man demands half a pice from any individual before he allows him to cross, and on particular occasions, does not let him off under a pice and yet the breadth of the stream is so small that a little boat might span it, and the ferry man is not required to make any exertion at all. These wicked men are inspired with confidence because the Magistrate resides at a great distance and there is no Thauna near. Even if there were one, the Thannadars would be bought over by the ferry man and make no exertion to relieve the poor men. Be that as it may, Mr. Editor I cannot tell who has farmed this ferry, but a Hindoo there appeared to me to control the ghat, who had delegated this duty to a Moosulman, and this bearded fellow prowls about the bank seizing whatever he can get. I saw that one very poor man who having nothing to pay for being crossed over, waded though the water, fancying that he had escaped from his fangs; but the Hindoo fellow gave a wink to his myrmidon, who immediately ran after the poor man and snatched from him the few cowries that he had with him for his food; but as the man made a great noise, the oppressor took to his heels. Seeing the oppression thus practised on the poor, I was very much distressed and determined to send a few lines to the Durpun, in the hope that this injustice might be redressed.

A Traveller.

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	6	
2d. Class,	0	[illegible]	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal,............. Co's. Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৪৪ সংখ্যা। বালম ১৯।] ১৭ জুন ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৫ আষাঢ়। SATURDAY, JUNE 17TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1144. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price– 1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO.

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

কবিরঞ্জন পুস্তক।

৺ রামপ্রসাদ সেনের কৃত কবিরঞ্জন অর্থাৎ বিদ্যাসুন্দরনামক পুস্তক সংপ্রতি মুদ্রাঙ্কিত হইয়াছে শিমুলিয়ার শ্রীযুত বাবু কাশীনাথ ঘোষের ১৮ নম্বর বাটীতে তত্ত্ব করিলে পুস্তক প্রাপ্ত হইবেন তাহার মূল্য কেবল একটি টাকামাত্র।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্স্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১৷৷০ টাকা।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অভিন্নস্বরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারি হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে. যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি.

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত. জ্যোতিষ। মলমাস. সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কররডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৩ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা

নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা

প্রবোধ চন্দ্রিকা।

সম্প্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhuttu, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kritebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha*, or Grammar of *Vopa Deva*, with the Rules in *Sungskrit* and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar*. *Third Edition*. Price 2 Rs.

Hitopudesha.

The *Hitopudesha* or Salutary Instruction, translated into Bengalee from the original *Sungskrit*, by *Mritoonjuya Vidyalunkar*. *Third Edition*. Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition*. Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition*. Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৩৭ ২১ মে।

ধর্ম্মোপদেশক শ্রীযুত উলিয়ম আর্ড রুসপিনি সাহেব গত ১৪ ফেব্রুআরি তারিখঅবধি কিল্লার ধর্ম্মোপদেশক হইয়াছেন। এবং জেনরল হাসপাতালের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

৫ জুন।

পদাতিক সৈন্যের পঞ্চবিংশ রেজিমেণ্টের ইনশাইন শ্রীযুত এচ জে সি সিক্সপিয়র সাহেব হৈদরাবাদে স্বীয় কর্ম্মে পঁহুছনার্থ গত মাসের ১০ তারিখঅবধি চারি মাসের ছুটি পাইয়াছেন।

৬ জুন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

বেহারের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত রাবর্ট ত্রাটর সাহেব গত ২৪ মার্চ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি আগামি মাসের ২ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

পুরণিয়ার সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি চাপমেন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে যাত্রার্থ দরখাস্ত নিমিত্ত কলিকাতা রাজধানীতে আগমনের ছুটি পাইয়াছেন।

৭ জুন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত পার্কিনসন ব্রুক সাহেব শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের গত আগষ্ট মাসের ১৭ তারিখের নিয়োগক্রমে বঙ্গরাজধানীর ধর্ম্মোপদেশকতাপদে নিযুক্ত হইয়া পঁহুছিয়াছেন এমত রিপোর্ট হওয়াতে উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন এমত হুকুম পাইয়া কানপুরে গমনার্থ আজ্ঞপ্ত হইয়াছেন।

১৬ মে।

শ্রীযুত জে ব্রুষ্টর সাহেব গোরক্ষপুর প্রদেশের নিষ্কর ভূমির বিষয় তজবীজ করণার্থ একটিং ডেপুটি কালেকটর হইয়াছেন।

২৪ মে।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেব উকীলেরদের মনোনীত নিয়োগ ও বেতন দেওনবিষয়ে ১৮৩৩ সালের ১২ আইনের বিধিসকল এটোয়া জিলার মধ্যে প্রচলিত হওনার্থ হুকুম দিয়াছেন।

CIVIL APPOINTMENTS.

31st May, 1837.

The appointment of the Rev. William Ord Ruspini, A. M., to be Garrison Chaplain at Fort William, and to perform the duties of the General Hospital, is to date from the 14th February last.

5th June.

Ensign H. J. C. Shakespear, of the 25th Regiment Native Infantry, has obtained leave of absence for four months, from the 10th ultimo, to enable him to join his appointment at Hyderabad.

6th June.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. Robert Trotter, Joint Magistrate and Deputy Collector of Behar, from the 3d instant to the 2d proximo, on medical certificate, in extension of the leave granted to him on the 14th March last.

Mr. Assistant Surgeon T. Chapman, M. D., attached to the Civil station of Purnea, for the purpose of visiting the Presidency, preparatory to applying for leave to proceed to sea, on medical certificate.

7th June.

The Rev. Robert Parkinson Brooke, B. A., having reported his arrival on the 6th instant, as a Chaplain on the Bengal Establishment, under an appointment of the Honourable the Court of Directors, dated 17th August last, is placed at the disposal of the Honourable the Lieut. Governor of the North Western Provinces, and directed to proceed to Cawnpore.

16th May.

Mr. J. Brewster to officiate as Deputy Collector for the investigation of Claims to hold Lands exempt from the payment of Revenue in the Goruckpore Division.

24th May.

The Honourable the Lieutenant Governor has been pleased to extend the Provisions of Regulation XII. of 1833, regarding the selection, appointment and remuneration of authorized Pleaders to the Zillah Court of Etawah.

সমাচার দর্পণ

শনিবার ১৭ জুন ১৮৩৭।

খাসতহসীলে জমিদারী।

গত সপ্তাহের রিফার্মর সম্বাদপত্রে লেখে যে গত বৎসরে বাকি খাজানার নিমিত্ত অনেক জমিদারী নীলাম হইয়া গ্রাহক উপস্থিত না হওনপ্রযুক্ত সরকারে খরীদ হইয়াছে। এতদ্রূপে গত বৎসরে যত জমিদারী ক্রীত হইয়াছে তাহার এক ফর্দ ঐ পত্রসম্পাদক প্রকাশ করিয়াছেন। তাহা পাঠক মহাশয়েরদের অনুরঞ্জনীয় হইবে বোধ করিয়া আমরা পশ্চাৎ প্রকাশ করিলাম।

SUMACHAR DURPUN.

SATURDAY, 17TH JUNE, 1837.

Lands brought under Khas management.

The *Reformer* of last week, alludes to the great number of estates which have been sold during the last year for arrears of revenue, and for want of purchasers have been bought in by Government. The Editor has given a statement of the estates which have thus been purchased in the 24-Purgunnas within the last year; which we publish below, under the idea that it will be found interesting to our readers.

১৮৩৬ সালের মধ্যে জিলা চব্বিশপরগনার কালেকটর সাহেব যে সকল পরগনা বিক্রয় করিয়া গবর্ণমেণ্টের তরফে খরীদ করেন তাহার ফর্দ্দ।

রেজিষ্টরী নম্বর।	পরগনা ও মৌজার নাম।	পূর্ব্বাধিকারির নাম।	সদর জমা। টাকা	আ	গণ্ডা	নীলামের তারিখ।		যত টাকায় বিক্রয় হইল। টাকা।	আ	গণ্ডা
নং ৪১১	মাগুরা ও ধানখোলাপ্রভৃতি	হরপ্রসাদ বন্দ্যো	২,২৮৫	৸৶	৩	৩ জুলাই	১৮৩৪	১	০	০
নং ৩৩৩	মুড়াগাছা ও রামচন্দ্রপুরপ্রভৃতি	দুর্গাদাস ভট্টাচার্য্য	৪,২২৯	।৶	৩	৩ দিসেম্বর	১৮৩৫	২০১	০	০
নং ৩১২	ঐ ঐ কিসমত বেনসিঙ্গাপ্রভৃতি	রাজচন্দ্র রায়	১১,৩১৮	।০	৬	৩০ জানুআরি	১৮৩৬	৮,২০০	০	০
নং ৩৫২	বোয়ালিয়া ও নওয়াগড়াপ্রভৃতি	ঈশানচন্দ্র চাটুয্যে	৫,৪৫৯	০	৫	„ ঐ	„	৪,৭০০	০	০
নং ২৭৮	মেদনমল্ল ইত্যাদি কিসমত গুড়দহপ্রভৃতি	সদানন্দ রায়	১০৭	।০	১১	„ ঐ	„	১	০	০
নং ১৫১	বরিদহাটি চক হাটুড়িয়াপ্রভৃতি	নীলকমল সরকার	৩০,১৫০	৶	২	৪ ফেব্রুআরি	„	১৫,১০০	০	০
নং ৬	মাগুরিয়া ও কিসমত রামনগরপ্রভৃতি	রামকান্ত দত্ত	২,৩৪৮	৶	৯	„ ঐ	„	৩,০০০	০	০
নং ৬৩	ঐ এবং বাঁশদরিলিপ্রভৃতি	দুর্গাপ্রসাদ নাগ	৩,৬৬২	।৶	২	৬ ফেব্রুআরি	„	১০০	০	০
নং ৪১২	ঐ এবং শালপুকুরিয়াপ্রভৃতি	মদনমোহন নাগ	৬১৬	০	৮	৩১ মার্চ	„	৩৭০	০	০
নং ১০৬০	মায়হাটি ও আলমপুরপ্রভৃতি	রামকুমার রায়	২,৭২৩	০	৭	২২ জুলাই	„	১	০	০
নং ৪৩৫	হাটিয়ালপুর ও আবাদগোবিন্দপুর	শ্যামসুন্দর ঘোষ	১৭৫	৸৶	১০	৪ ফেব্রুআরি	„	১০০	০	০
নং ৩১০	মুড়াগাছা ও দেবীপুরপ্রভৃতি	তিলকচন্দ্র রায়	১,১১৬	৷০	৯	২২ আগস্ত	„	২,৬০০	০	০
নং ৪২	হাটিয়াপুর ও বাঁশবেড়িয়াপ্রভৃতি	সদানন্দ রায়	২০১	০	২	৬ অক্টোবর	„	৫০	০	০
নং ৪১	মুড়াগাছা ও সাদিয়াপ্রভৃতি	গোস মহম্মদ জমাদার	৭৬৫	৷।৶	৮	৫ দিসেম্বর	„	১১০	০	০
নং ১১৩	আজিমাবাদ ও আলিপুর	শম্ভুচন্দ্র কাচন্দ্রী	৫,৫৩১	।৶	৫	৯ আপ্রিল	„	১,১০০	০	০
নং ১০১	মুড়াগাছা ও কামারপুলপ্রভৃতি	ঐ ঐ	৯,৭৭৯	৶	৩॥	„ ঐ	„	৩,৫০০	০	০
নং ৪১২	হাটিয়াপুর ও আবাদনওয়াখালি শিবপুর প্রং	গৌরীশঙ্কর বসু	১,৩০৯	৷।৶	১০	২৯ আগস্ত	„	১,৭০০	০	০
নং ১০৬১	বাবুপুর ও কিসমত বাবুপুরপ্রভৃতি	হরিশ্চন্দ্র পোদ্দার	৩১৬	।/	০	২ জুলাই	১৮২৩	১	০	০
নং ১০৬২	ঐ এবং বারচাকাগড়প্রভৃতি	রামরত্ন রায়	৪৭৬	৸৶	০	„ ঐ	„	১	০	০
নং ১৯			৮২,৫৭২	/	৩॥			৪০,৮৩৬	০	০

Statement of the Purgunnahs, &c. sold by the Collector of the 24-Purgunnahs during the year 1836, and purchased on account of Government.

Registered Number.	Names of Purgunnahs and Villages.	Late Proprietor's Name.	Sudder Jumma. Rs.	As.	G.	The date of Public Sale.		The amount for which they are sold. Rs.	A.	G.
No. 411	Mangoorah and Dhaun Khola, &c.	Hurroprasaud Bundopadiy.	2,285	14	3	3d July	1834	1	0	0
No. 333	Mooralıgacha and Ramchunderpore, &c.	Doorga Doss Bhuttacharjee.	4,229	7	3	3d December	1835	201	0	0
No. 312	Ditto, &c. Kismut Bensinga, &c.	Rujchunder Roy	11,318	4	6	30th January	1836	8,200	0	0
No. 352	Bauleah and Nayahagurah, &c.	Essenchunder Chutterjee	5,459	0	5	„ Ditto	„	4,700	0	0
No. 278	Medun Mullo, &c. Kismut Goordaha, &c.	Suddanundo Roy	107	4	11	„ Ditto	„	1	0	0
No. 151	Buridhautty-Chuck Hautooreah, &c.	Nileomul Sircar.	30,150	2	2	4th February	„	15,100	0	0
No. 6	Maugooriah and Kismut Rammager, &c.	Ramkaunt Dutto	2,348	2	9	„ Ditto	„	3,000	0	0
No. 63	Ditto, and Bausdurreley, &c.	Doorgaprasaud Naug.	3,662	7	2	6th February	„	100	0	0
No. 412	Ditto, and Saulpookereah, &c.	Muddunmohun Ditto.	616	0	8	31st March	„	370	0	0
No. 1060	Mylhautty and Alaumpoore, &c.	Ramcomar Roy.	2,723	0	7	22d July	„	1	0	0
No. 435	Huntealpore and Aubadgobindpoore,	Saum Soonder Ghose.	175	13	10	4th February	„	100	0	0
No. 310	Mooragacha and Dabeepore, &c.	Teluckchunder Roy	1,116	8	9	22d August	„	2,600	0	0
No. 42	Hautealpore and Bausbarreah, &c.	Suudanundo Roy.	201	0	2	6th October	„	50	0	0
No. 41	Mooragacha and Sadeah, &c.	Goes Mahamud Zemadar	765	10	8	5th December	„	110	0	0
No. 113	Auzeemabad and Auleepore,	Sumboochunder Kachondry	5,531	6	5	9th April	„	1,100	0	0
No. 111	Mooragacha and Kamaurpoole, &c.	Ditto ditto.	9,779	2	3½	„ Ditto	„	3,500	0	0
No. 412	Hautealpore and Aubad Noyakaley Sibpore, &c.	Gaureykunker Bose	1,309	11	10	29th August	„	1,700	0	0
No. 1061	Baboopore and Kismut Baboopore, &c.	Hurrischunder Poddar.	316	5	0	2d July	1823	1	0	0
No. 1062	Ditto, and Baurchahager, &c.	Ramrattun Roy.	476	13	0	„ Ditto	„	1	0	0
Nos. 19			82,572	1	3½			40,836	0	0

হুগলি।

গত সপ্তাহে হুগলিনিবাসিনঃ ইতি স্বাক্ষরিত এক পত্র আমরা প্রকাশ করিয়াছি তাহাতে মাজিস্ত্রেট সাহেবের কৃত কতিপয় নিয়মের বিষয়ে দোষারোপ করিয়া লেখেন যে জেহলে যাহারদিগকে কয়েদ করিয়াছিলেন তাহারদের মধ্যে অনেকের অধিকতর ক্লেশ হইয়াছিল এবং কএক জন মারা পড়িয়াছে। এই সপ্তাহে অত্যাহ্লাদপূর্ব্বক ঐ পত্রের এক উত্তর প্রকাশ করিতেছি তাহাতে দৃষ্ট হইল যে ঐ অভিযোগ নিতান্ত অমূলক এবং এইক্ষণকার পত্রপ্রেরক মহাশয় যাহা লিখিয়াছেন তাহার সত্যতা বিষয়ে আমারদের সম্পূর্ণ বিশ্বাস হইল এবং মাজিস্ত্রেট সাহেবের রীতি ব্যবহার বিষয়ে যে সকল দোষোল্লেখ হইয়াছিল তাহা এইক্ষণে সম্যক প্রকারেই মোচন হইয়াছে জ্ঞান করিলাম। আমারদের বোধ হয় যে সংপ্রতি যে কএক ব্যক্তি মাজিস্ত্রেট সাহেবের প্রাতিকূল্যাচরণ করিতেছেন ঐ পূর্ব্ব পত্র তাঁহারদের মধ্যে এক জনের হইবে যেহেতুক তাদৃশ অন্যান্য পত্রও আমরা পাইয়াছি কিন্তু এইক্ষণে ঐ দলে এক ব্যক্তির উক্তি অমূলক বোধ হওয়াতে তদ্দলস্থ আর২ ব্যক্তির পত্র প্রকাশে আমারদের সাবধান থাকিতে হইল।

Hooghly.

We published a letter last week from a correspondent at Hooghly, which brought into question the propriety of some of the measures adopted by the Magistrate, and stated that, in consequence of the arrangement which he had made with regard to the prisoners confined in jail they had suffered the greatest inconvenience, and that a great number of them had died. We have this week the pleasure of publishing a letter in reply to that statement, which shows that it was completely unfounded. We have the most perfect confidence in the correctness of the account given by our correspondent; and consider the aspersions cast on the character of the Magistrate as completely removed. We suspect that the letter must have emanated from some of the Natives of Hooghly who have latterly set themselves in opposition to the Magistrate of the Zillah, for we have other letters of the same tenor. But being now convinced of the inaccuracy of the statements of one of this party, we shall be cautious how we admit any farther letters on the subject.

হুগলি জিলা।

সংপ্রতি হুগলি জিলার অবস্থা বিষয়ে ভূরি২ পত্র আমারদের নিকটে প্রেরিত হইতেছে কিন্তু তদ্বিষয়ক পত্র প্রকাশে আমারদের ক্ষান্ত থাকিতে একপ্রকার নিশ্চয় করিতে হইল যেহেতুক ঐ সকল পত্রে উত্তরোত্তর অধিক গ্লানি দৃষ্ট হইতেছে. ঐ পত্রের মর্ম্ম উক্ত জিলার দুই জন প্রধান কার্য্যকারক সাহেবের পরস্পর অনৈক্যতা এবং ঐ প্রত্যেক সাহেবের আমলারা স্ব২ দলের দোষাকার করিয়া প্রতিবাদির প্রতি দোষারোপণ করিতে নিতান্ত রত আছেন। এই দুরবস্থা বিষয়ে আমারদের শ্রেয় বোধ হইল যে আমরা কোন পক্ষেই বাঙ নিষ্পত্তি না করিয়া একেবারে মৌনী থাকি এইপ্রযুক্ত কল্যচিৎ হুগলি দরবারনিবাসিন ইতিস্বাক্ষরিত যে এক পত্র প্রেরিত হইয়াছিল তাহা প্রকাশ করিতে পারিলাম না তদ্বিষয়ে কেবল এক পত্র প্রকাশ করা গেল তাহাতে এইমাত্র লেখে যে বর্ত্তমানাবস্থাতে কিপর্য্যন্ত সাধারণ লোকের ক্ষতি। এইরূপ ব্যবহার থাকিলে তাবৎ জিলারই অনিষ্ট একেবারে যথার্থ বিচারের লোপ কেবল কুকর্ম্মকারিরদের উৎসাহ বর্দ্ধন ও নির্ভয় হয়।

The Hooghly District.

Letters have recently poured in upon us regarding the state of the Hooghly district; and we find necessary at once to stop all farther publication of them, for they are becoming more and more personal. The discord between two co-ordinate authorities is the subject of which they treat; and the officers of each are anxious to vindicate the conduct of his own party, and to cast censure on the opposite party. In these circumstances the wisest course we can pursue is to maintain a neutral silence. We have therefore omitted the publication of a letter on this subject received this week and have confined ourselves to the insertion of one letter only which treats generally of the injury which cannot fail to result from the present state of things. It cannot but inflict misery on the district. It interrupts the course of justice; and only affords encouragement and impunity to the evil disposed.

পারস্য ভাষায় পাট্টাপ্রভৃতি।

গত সপ্তাহে আমরা প্রকাশ করিয়াছিলাম যে বোর্ড রেবিনিউর সাহেবেরা কালেকটরী তাবৎ কর্ম্ম নির্ব্বাহার্থ পারস্য ভাষা ও এতদ্দেশীয় ভাষা ও মধ্যে২ ইঙ্গরেজী ভাষার ব্যবহার করিতে নিশ্চয় ক

Persian Forms.

We stated last week, that the Board of Revenue had determined to substitute the vernacular and the English language for the Persian in the transaction of all the business in the Collectorates.

রিয়াছেন। এইক্ষণে শুনা গেল যে ঐ অভিপ্রেত নিষ্করণের এই এক উপায় স্থির করিয়াছেন যে পাট্টা কি তলপ চিটা কি অন্য কোনবিষয়ক লিপ্যাদি পারস্য ভাষাতে লিখিত বা মুদ্রিত হইয়া থাকে তাহার পরিবর্ত্তে তাবৎ বঙ্গ ভাষাতে মুদ্রাঙ্কিত করা যাইবে এবং যদি ঐ সকল লিপি অতিগুরুতরবিষয়ক হয় তবে তাহা ইঙ্গরেজী ও বঙ্গভাষা একত্র করিয়া মুদ্রিত হইবে।

গৃহ নির্ম্মাণবিষয়ক নূতন আইন।

উত্তরকালে কলিকাতায় গৃহনির্ম্মাণ অর্থাৎ অদহনীয় দ্রব্যেতে গৃহ আচ্ছাদন করিতে হইবে ঐ আইনের যে পাণ্ডুলেখ্য সপ্তাহদ্বয় হইল আমরা প্রকাশ করিয়াছি তাহা এইক্ষণে লেজিসলেটিব কৌন্সেলে জারী হইয়া চলিত হইয়াছে। এবং নবেম্বর মাসের পরঅবধি করিয়া কোন ব্যক্তি ঘর বাটী বা উপবাটী নির্ম্মাণ করিলে তাহা যাহাতে শীঘ্র অগ্নি না ধরিতে পারে এমতবস্তুর দ্বারা করিতে হইবে।

গ্রীষ্ম।

গত মাসের মধ্যে কলিকাতা ও ইতস্ততঃ স্থানে যেমন গ্রীষ্ম হইয়াছে এতদ্রূপ প্রায় কোন বৎসরে দেখা যায় নাই। গ্রীষ্মের এত প্রাদুর্ভাব হওয়া অতিপ্রাচীন ব্যক্তিরদেরও স্মরণ হয় না। অনেক ব্যক্তি রাস্তায় চলিয়া যাইতে বা জাহাজের উপর কর্ম্ম করিতে গ্রীষ্মের পরাক্রমে যেমন পড়িয়াছে অমনি মরিয়াছে। এবং মধ্যাহ্নসময়ে গমনাগমন করা এমত দুঃসাধ্য বোধ হইয়াছে যে প্রায় অনেক সরকারীদপ্তরে ও তাবৎ কালেজে অরুণোদয় সময়ে আরম্ভকরত ১১ ঘণ্টাপর্য্যন্ত কর্ম্ম করিয়া বন্দ হয়। দর্পণৈকপার্শ্বে এমত অপর এক সম্বাদও লিখিত হইয়াছে যে সদর দেওয়ানী আদালত অত্যন্ত গ্রীষ্মপ্রযুক্ত প্রায় সপ্তাহাবধি বন্দ হইয়াছে। কলিকাতার মধ্যে ও চতুর্দ্দিকস্থ জলাশয় সকল শুষ্ক হইয়াছে দরিদ্র লোকেরা জলাভাবেও যৎপরোনাস্তি কষ্ট পাইতে লাগিল। সম্প্রতি গ্রীষ্মের অতিপ্রাদুর্ভাবপ্রযুক্ত অনেক স্থানে বিশেষতঃ কলিকাতার মধ্যে ওলাউঠা রোগেরও প্রাদুর্ভাব হইয়াছে এমত দুর্ব্বৎসর প্রায় দৃষ্ট হয় নাই। কালিক গ্রীষ্মাগ্নি ও গৃহদাহক অগ্নিতে মনুষ্যের আশা ভরসাও একেবারে ভষ্ম হইয়া যাইতেছে। মফঃসল স্থানেও অতিশয় গ্রীষ্মপ্রযুক্ত এতদ্রূপ দুর্দ্দশা হইয়াছে প্রায় এমত গ্রাম নাই যে এতাদৃশ অগ্নিদাহ নাই। এবং এক জন পত্রপ্রেরক লেখেন ভাগলপুরের তাবৎ ঘর বাটী দগ্ধ হইয়াছে। জলাভাবে নীলফসলেরও এমত ক্ষতি যে দশ বৎসরের মধ্যে তদ্রূপ হয় নাই। গত বৎসরে যত নীল জন্মিয়াছিল বর্ত্তমান বৎসরে বোধ করি তাহার তিন ভাগের এক ভাগও জন্মিবে না।

যমুনানামক বাষ্পীয় জাহাজ আকর্ষণপূর্ব্বক আলাহাবাদহইতে ভাগীরথী দিয়া আগমনকরত গত সোমবারে কলিকাতায় পঁহুছিল তাহাতে বোধ হয় যে ভাগীরথীর পথ এইক্ষণে নৌকার গমনাগমনোপযুক্ত জলেতে যুক্ত হইয়াছে।

সামান্যতঃ জনশ্রুতি হইয়াছে যে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের স্থানহইতে এমত হুকুম পঁহুছিয়াছে যে তাঁহারদের কর্ম্মকারকেরা সরকারী সমাজ ভিন্ন সাধারণের কার্য্যে নিযুক্ত হইবেন না। শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা এই বিবেচনা করেন যে তাঁহারা যে বেতন ঐ কর্ম্মকারকেরদিগকে দিতেছেন তন্নিমিত্ত তাবৎ সময়ই সরকারী কার্য্যে তাঁহারদের ক্ষেপণ করা উচিত।

We learn that they have determined as one means of carrying this measure into effect to substitute Bengalee forms for the Persian forms now in use, and, that where the documents are of an important character, to have them drawn up in Bengalee and English in parallel columns, for the use of the Lower Provinces.

The House-building Act.

The Act, of which we published a draft about a fortnight ago, relative to the mode in which houses shall in future be covered in Calcutta, viz. with incombustible materials, has passed into law; and after the month of November next, no man will be at liberty to erect any house or out-office, except with materials such as are not liable to be destroyed by fire.

The Weather.

During the last month, the weather in or about Calcutta has been hotter than at any former period. The eldest inhabitant does not remember such a burning season. Many persons have actually dropped down dead in the streets and while working on ship board. And it has been found so completely impossible to move out in the hottest part of the day, that in many of the public offices, and in most of the Colleges, business has begun at day-break and closed about eleven o'clock. A notice will be found in another part of our paper that at the particular request of the Amlahs, the Court of Sudder Dewannee Adawlut has been shut, at once, for a week. The tanks in and about Calcutta, are dry, and the poor are subjected to the greatest inconvenience for want of water. Latterly the excessive heat has brought on many cases of cholera, chiefly in Calcutta. A year of such disasters we have seldom seen. What with the heat of the weather, and the fires of houses, the prospects and happiness of the people may be said to have been burnt up. In the Mofussil the heat has produced the same dire effects. Very few villages have escaped without fires; and in one district, that of Bhagulpore, a correspondent says, that the villages appear to have been generally burnt down throughout it. The indigo crop has suffered from the draught more than it has suffered for the last ten years; and the crop of the present season will not be much more than three-fourths of that of the last year.

The *Jumna* Steamer, with the accommodation vessel in tow from Allahabad, came down the Bhagerutte, and reached Calcutta on Monday last, from which it would appear that the river is already sufficiently open.

It is generally rumoured that orders have arrived from the Court of Directors to forbid their servants' taking the direction of private institutions. The Court consider that they have a right to all the time of their servants in consideration of the pay they receive.

সঞ্চয়ার্থ বেঙ্ক।

কলিকাতার সঞ্চয়ার্থ বেঙ্কের হিসাব গত ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত হইয়াছে তাহাতে দৃষ্ট হইল যে সাড়ে তিন বৎসরাবধি বেঙ্ক চলিতেছে ইহার মধ্যে গড়ে ১৮,৫১,৫৪৭ টাকা ন্যস্ত হইয়াছে যত টাকা বহিষ্কৃত হইয়াছে তাহা উক্ত সংখ্যকের তিন অংশের এক অংশ অতএব ১২ লক্ষ টাকার কিঞ্চিদধিক ন্যস্ত আছে যাঁহারা ন্যস্ত করিয়া বাহির করিয়াছেন তদ্ভিন্ন এইক্ষণকার ন্যস্তকারিরদের সংখ্যা ২,৪৩২। গত বার মাসের মধ্যে প্রায় প্রতিদিন ২,৪৪৪ টাকা করিয়া ন্যস্ত হইয়াছে।

দৈবঘটনা।

ফ্রান্সিস স্মিথনামক জাহাজের চারি জন ইউরোপীয় মল্লা গত মাসের ৫ তারিখে মাদক দ্রব্য সেবনেতে উন্মত্ত হইয়া আপনারদের জাহাজে যাইবার নিমিত্ত পরমিট পঞ্চত্বরার ঘাটে একখান ডিঙ্গী করিয়া খুলিয়া যাইবামাত্র তাহারা জলে ঝাঁপিয়া পড়িল। তাহাতে ডিঙ্গীর লোকেরদের মধ্যে তিন জন রক্ষা পাইয়াছে কিন্তু কেবল জেম্‌স উলিয়মনামক চতুর্থ ব্যক্তি মারা পড়িয়াছে।

৩ তারিখে ডণ্টলেসনামক জাহাজে এক দুর্ঘটনা হয়। ঐ জাহাজের প্রধান মালিম যে কএক পুলিন্দার আবশ্যক ছিল তাহা অন্বেষণজন্য চাকরেরদিগকে হুকুম দেওননিমিত্ত যেমন জাহাজের খোলের মধ্যে পাতিত জানু হইয়াছিল তেমনি দেখা গেল যে উঠিতেং এক পার্শ্বে হেলিয়া পড়নে মারা গেল।

গ্রীষ্ম।

এই বৎসরে অত্যন্ত গ্রীষ্মপ্রযুক্ত সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরা আমলারদের বিশেষ অনুরোধক্রমে ঐ আদালত এক সপ্তাহ অর্থাৎ ৫ অবধি ১২ তারিখপর্য্যন্ত বন্দ করিয়াছেন।

আফীমের নীলাম।

কলিকাতায় ১২ তারিখে আফীমের নীলাম হয় তাহাতে পূর্ব্বাপেক্ষা এক্সচেঞ্জ ঘর গ্রাহক লোকে পরিপূর্ণ হইল। প্রথম লাটে ১৪৮৫ টাকাপর্য্যন্ত হয় এবং পাটনার আফীমের অর্দ্ধেক গড়ে ১৪৬০ কিন্তু গড় পাটনার তাবৎ আফীম ১৪৪৮ এবং বারাণসীর আফীম গড়ে ১২৪০ টাকা। ঐ নীলামে পাটনার ৩১৭৬ সিন্দুক এবং বারাণসীর ২০৮৯ সিন্দুক বিক্রয় হয়। তাবৎ নীলামেতে মূল্য ৭০ লক্ষ টাকা হইয়াছে।

আগ্রা।

আগ্রা অঞ্চলে এইক্ষণে ক্রমে মারকের ন্যূনতা হইতেছে প্রাবল্যেরও হ্রাস বটে এই অতিশয়তোপশমপ্রযুক্ত লোকের যাতায়াতনিবারণার্থ আগ্রা জিলার সীমাবর্ত্তি যে সৈন্য শ্রেণী নিযুক্ত ছিল তাহারদের প্রতি ঐ হুকুমেরও কিঞ্চিৎ শৈথিল্য পড়িয়াছে। পূর্ব্বে মনুষ্য ও দ্রব্যাদি আটককরত রোগের তত্ত্ব নিশ্চয়ার্থ ২০ দিবস নির্দ্দিষ্ট ছিল এইক্ষণে ১৪ দিবসপর্য্যন্ত হইয়াছে। ভরতপুর ও ধৌলপুরহইতে লোকের যাতায়াত আর বারণ নাই এবং দেশ রক্ষা বিবেচনানুসারে যেপর্য্যন্ত লোকেরদিগকে আটককরণ রহিত উপযুক্ত বোধ হইয়াছিল তাহা করা গিয়াছে।

Savings' Bank.

The account of the Calcutta Savings' Bank, made up to the 30th of April last, shews that in the three years and six months of its existence, the gross deposits have amounted to 18,51,547 Rupees, the sums withdrawn amount to just one-third of this sum; the actual deposits are therefore a little more than 12 lakhs of Rupees. The number of depositors deducting those who have withdrawn amount to 2432. The average daily deposits during the last official year have amounted to 2,444 Rupees.

Accidents.

Four European seamen belonging to the ship *Francis Smith*, took a dingy at the Custom House Ghaut on the 5th instant, while they were under the influence of liquor, for the purpose of going on board. The dingy had hardly shoved off, when they all jumped overboard. The men belonging to the dingy succeeded in saving the lives of three of them, but the fourth, whose name was James Williams, met with a watery grave.

An unfortunate circumstance occurred on board the ship *Dauntless* on the 3d instant. It appears that the chief mate of that vessel was on his knees, looking down the hatchway and giving directions to the people in the hold to look for some packages which were wanted for delivery, when all of a sudden he was observed to draw himself back, fall on his side, and in a few moments was a corpse.—*Beng. Her.*

The Weather.

In consequence of the extreme heat of the weather, the Sudder Dewannee Adawlut has, at the particular request of the Amlahs, been closed for a week from the 5th to the 12th instant.

Opium Sale.

The opium sale was held on the 12th instant, and the Exchange Rooms were crowded beyond all precedent. The biddings for the first lot ran up to 1485 Rs. the chest, and the first half of the Patna averaged 1460 Rs. the chest; but the general average of this quality was 1448, of the Benares 1240. The quantity brought to sale was 3176 chests of Patna, and of Benares 2089.

The proceeds of the whole sale was about 70 lakhs of Rupees.

Agra.

The plague is rapidly on the decline, and the virulence of the disease abating in an equal degree. This favourable change has led to a relaxation of the severity of the sanatary regulations on the frontier cordon; and a period of fourteen days is now fixed for quarantine and the disinfection of goods, instead of twenty as before. Persons and property from Bhurtpore and Dholpore do not now suffer detention, and every restraint, consistent with safety has been removed.

দিল্লী।

দিল্লীতে এমত জনশ্রুতি হইয়াছে যে রেবারির তহসীলদার রঙ্গরাও অতিঘোরতর অপরাধকরণবিষয়ে অভিযুক্ত হইয়াছেন। তাঁহার অত্যাচারেতে এক ব্যক্তি মরিয়াছে এবং তদ্বিষয়ের কোন বিচার না হয় এতদর্থে তদ্ব্যাপারে তিনি লিপ্ত ছিলেন না এমত তাঁহার মিত্রবর্গ জোর করিয়া লোকের স্থানে লিখিয়া লইতেছেন।

ভিউণ্ডায় উৎপাত।

ভিউণ্ডা স্থানে সম্প্রতি হিন্দু ও মোসলমানেরদের মধ্যে ধর্ম্ম বিষয় লইয়া দাঙ্গা হওয়াতে গত ১৭ মে তারিখে কএক জন মোসলমান মকান সেটনামক এক ব্যক্তি বণিকের গুদামে আগুন লাগিয়া দেয় তাহাতে ঐ গুদাম এবং তাঁহার বসতবাটী ও তন্নিকটস্থ আরো ১৫ খান ঘর দগ্ধ হয় ইহাতে তত্রস্থ হিন্দু লোকেরা এমত ভীত হইয়াছেন যে প্রত্যেক ব্যক্তি এইক্ষণে এমত বোধ করেন যে আমার প্রাণধন মান সকলই মোসলমানেরদের ইচ্ছাধীন আছে ঐ স্থানে মোসলমানেরদের সংখ্যা ও ধন ও বসতি অধিক এইপ্রযুক্ত হিন্দু লোকেরা তাঁহারদের নামে আদালতে নালিস করিতে ভীরু কলতঃ ঐ ব্যাপার এমত ভয়ঙ্কর হইতেছে যে উপস্থিত উৎপাত ও অপমানক ব্যাপার যদি কিঞ্চিৎ উপশম না হয় তবে অনেক হিন্দু লোকেরা দেশ ত্যাগ করিয়া যাইতে প্রস্তুত আছেন।

চীন দেশ।

চীন দেশহইতে সম্প্রতি যে শেষ সম্বাদ আগত হইয়াছে তাহাতে বোধ হইল যে আফীণ বাণিজ্যের অদ্যাপি দুরবস্থা আছে। এই বেআইনী বাণিজ্য নিবারণার্থ রাজধানী পিগিনহইতে সম্প্রতি অতিকঠিন হুকুম আসিয়াছে এবং আশ্চর্য্য বোধ হইল যে এইবার সেই হুকুম জারীও হইয়াছে। দেশের মধ্যে আফীণ আমদানী না হইতে পারে এতদর্থ ঐ গবর্ণমেণ্ট যে সকল প্রহরি নৌকা নিযুক্ত রাখিয়াছেন তাহারদিগকে দেখিয়া আফীণের বাণিজ্যে যে সকল নৌকা নিযুক্ত ছিল তাহারা ভয়ে পলায়ন করিয়াছে তাহাতে বোধ হইল যে এইক্ষণে আফীণের বাণিজ্যে প্রায় কিছু ফল হয় না বিক্রয়ই অতিকষ্টে হইতেছে এবং ঐ বিক্রয়ে যে মূল্য পাওয়া যাইতেছে তাহাতে বাণিজ্যকারিরদের কিছুই পোষায় না।

কিয়ৎকালাবধি এমত জনরব হইয়াছিল যে চীনীয় গবর্ণমেণ্ট তদ্দেশে আইনানুসারে আফীণের আমদানী ও বাণিজ্য করিতে হুকুম দিবেন কিন্তু চীন দেশের অনেক রাজকর্ম্মকারকেরা ইহাতে অতিপ্রতিকূল আছেন তাঁহারা শ্রীলশ্রীযুত বাদশাহকে এমত নিবেদন করিয়াছেন যে কোন প্রকারে চীন দেশে ঐ দ্রব্যের আমদানী করিতে না দেওয়া যায় যেহেতুক চীন দেশে আফীণের আমদানী হইলে প্রজার লোকেরা তৎসেবনেতে মানসিক ও কায়িক বলহীন হইয়া সদালস্য ও শক্তিহীন হইবে। এই প্রার্থনাতে চীন দেশীয় গবর্ণমেণ্ট শ্রুতিপাত করিয়া ঐ দেশে আইনমত আফীণ আমদানীকরণ রহিত করিয়াছেন কিন্তু বোধ করি ঐ বাণিজ্য একেবারে রহিতকরণ গবর্ণমেণ্টের নিতান্ত অসাধ্য অতএব মাসুল লইয়া আইনানুসারে আফীণের বাণিজ্য করণার্থ অবশ্যই অনুমতি দিতে হইবে।

Delhi.

It has been rumoured about Delhi that Rung Rao, Tehsildar at Rewarree, had been charged with committing a very heinous offence, whereby the sufferer subsequently died, and that, in order to suppress investigation, his friends have been basely engaged in obtaining a written denial of his participation in the crime, as an acquittance.

Disturbance at Bhewndy.

In consequence of the late fracas between the Mahomedans and Hindoos, regarding their respective creeds, on the 17th of May, several Moosulmans threw some lighted hay upon the ware-house of Mukhun Shett, a Banian merchant, whereby that, with his dwelling house and 15 others in the vicinity, were totally destroyed. This has thrown the Hindoos into such a state of consternation, that every man seems to consider his life and property as held only upon the tenure of the pleasure of the Mahomedan population, against whom from their superior numbers, greater wealth and influence, the Hindoos are afraid to prefer any charges in a public court. Such an alarming aspect do things bear, that a vast number of Hindoos have resolved upon leaving the country, should no check be placed upon the present scenes of violence and insult.—*Beng. Her.*

China.

The state of the opium trade according to the latest accounts was very unsatisfactory. Severe edicts against this illicit trade had latterly been issued from Pekin, and, what had seldom occurred before, these edicts had been strictly enforced. The vessels employed by Government to prevent the introduction of opium, had succeeded in frightening away the smuggling vessels. The consequence was that very little business had been done, sales were effected with great difficulty, and the price of the article scarcely repaid the merchant.

There has for some time been a talk that the Chinese Government would legalize the trade and the use of opium in that country; but it appears that many of the Chinese officers of Government are very much opposed to this, and have memorialized the Emperor beseeching him not to allow the article to be introduced into China, because it would inevitably destroy the mental and bodily vigor of the people; and render them idle and enervated. And these memorials appear to have had weight with the Government. They have put a stop to the immediate legalizing of opium; though it is difficult to say whether the Chinese Government will not be driven to admit it on the payment of a duty, because it is so absolutely impossible to eradicate the trade.

আবার সংবাদ।

এই সপ্তাহে ব্রুহ্ম রাজ্যহইতে যে সংবাদ আগত হইয়াছে সে গুরুতর বটে। থরাবাদীর অধ্যক্ষ রাজভ্রাতা ঐ রাজ্যের মধ্যে বিলক্ষণ রাজপরিবর্ত্তন করিয়াছেন যেহেতুক বিনাযুদ্ধে এক ব্যক্তিরো মস্তক চ্ছেদন না করিয়া সিংহাসনোপবিষ্ট হইয়াছেন এই রাজপরিবর্ত্তন যুদ্ধ ব্যতিরেকে যে হইয়াছে সে কেবল শ্রীযুত কর্ণল বর্ণি সাহেবের উদ্যোগেই। উক্ত রাজভ্রাতা সসৈন্য রাজধানী বেষ্টন করাতেই নগর তাঁহার হস্তগত হইল। পরে তাবৎ মন্ত্রির দিগকে কারাবদ্ধ করত তাঁহারদের তাবদ্ধন স্বীয় ভাণ্ডার ভরিয়া স্বয়ং রাজা হইয়া বসিলেন। এক মন্ত্রির স্থানহইতে ৩ কোটি টাকা বাহির করেন এই টাকা ও সরকারী কোষে যাহা পাইলেন এবং অন্যান্য আমলারদের স্থানে লক্ষ টাকা সকল একত্র করিয়া দেখা গেল যে অধিকতর ধন তাঁহার হস্তগত হইয়াছে। ইত্যাদিবিষয় দৃষ্টি করিয়া বোধ হয় যে ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্ট যখন ব্রুহ্ম দেশীয় যুদ্ধের ব্যয় বলিয়া কোটি টাকা মাত্র তাঁহার স্থানে দাওয়া করিয়াছিলেন তখন ব্রুহ্ম রাজা লোক প্রবাদ মত দরিদ্র ছিলেন না বিলক্ষণ ধনাঢ্য ছিলেন টাকাও অনেক দিতে পারিতেন। এইক্ষণে প্রাচীন রাজা ও রাণী সামান্য প্রায় হইয়াছেন। এবং যুব রাজার বিষয়ে কোন বার্ত্তা শুনা যায় না। নূতন রাজার দুই পুত্র আছেন তন্মধ্যে দ্বিতীয়কে এইক্ষণে আবার গবরনরীর পদে অভিষিক্ত করিয়াছেন বর্ত্তমান রাজা যদি সিংহাসনে স্থায়ী হইতে পারেন তবে বোধ হয় বিদেশীয় লোকেরদের প্রতি পূর্ব্বাপেক্ষা বদান্যতা প্রকাশ করিবেন। যখন কেবল রাজভ্রাতা ছিলেন তখন প্রজারদের অতিস্নেহপাত্র ছিলেন এইক্ষণে এইমাত্র ভয় হইতেছে যে তাঁহার পারিষদ যে সকল মন্ত্রী মহাশয়রা আছেন তাঁহারা অতিকুস্বভাব অতএব কি জানি তাঁহারদের কুমন্ত্রণানুগামী হন।

বোম্বাটিয়া ধৃতকরণ।

শিঙ্গাপুরহইতে সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে যে উলফ জাহাজের নৌকা ও তোপধারি সরকারী নৌকা ১৪ জন বোম্বাটিয়া ধরিয়া ঐ বন্দরে ফিরে আসিয়াছে। সৌভাগ্যক্রমে তাহারা পুলোটিঙ্গীর তটস্থ বনমধ্যে বোম্বাটিয়ারদিগকে ধরিয়াছিল।

মান্দ্রাজে অত্যন্তাশুভ ঘটনা।

গত ২৮ মে তারিখে মান্দ্রাজে অতিবিলপনীয় দুর্ঘটনা হয়। ক্লেরমণ্টনামক জাহাজ বোম্বাইহইতে আসিয়া মান্দ্রাজে নঙ্গর করিয়া একখান নৌকা নিকটে উপস্থিত হয় এ নিমিত্ত নিশান তুলিল তাহাতে এক নৌকা আইলে কর্ণল পাশমোর ও কাপ্তান ডনবার ও তাঁহার বিবি সাহেব ও কয়রাস সাহেব ও কর্ণল পাশমোরের এক জন ভৃত্য উঠিলেন। তৎসময়ে নদীর তরঙ্গ অতিভয়ানক ছিল এবং যেমন তটের নিকটে দাঁড় টানিতেছিল তেমনি দ্বিতীয় তরঙ্গের বেগে নৌকা উল্টিয়া পড়াতে তৎক্ষণাৎ দাড়ি মাঝিরা জলে পড়িল নৌকাখান ভাঙ্গিয়া গেল কর্ণল পাশমোর সাহেব মগ্ন হইয়া মরিলেন বিবি ডনবার যেমন জলে ভাসিতেছিলেন তেমনি দুই জন নাবিক ধরিয়া রাখিল পরে তটহইতে একখান নৌকা আসাতে উদ্ধৃতা হইলেন। কয়রাস সাহেব ও কর্ণল পাশমোর সাহেবের ভৃত্য ডুবিয়া কোথায় গেলেন তাঁহারদের শব পাওয়া গেল না। কর্ণল পাশমোর সাহেব সংপ্রতি পারস দেশহইতে ওকালতী কর্ম্ম করিয়া প্রত্যাগমন করিতেছিলেন এবং

Intelligence from Ava.

The intelligence received from the Burmese empire during this week is important. The King's brother the Prince of Tharawady, has effected a complete revolution in the empire and seated himself on the throne without a battle or even without cutting off a single head. The peaceful character of this revolution is ascribed entirely to Colonel Burney. Ava was invested by the Prince's forces and surrendered. He then placed all the Ministers in confinement, transferred their treasures, together with those of the palace, to his own coffers, and assumed the sovereignty. Out of one Minister he had squeezed three crores of Rupees; this sum added to what he obtained from the public treasury and from the other public functionaries, must have swelled his gains to an enormous amount. From these circumstances it would appear, that at the time when the English Government exacted only a crore of Rupees as indemnity for the expenses of the war, the Burmese Court was not, as alleged at the time, extremely poor, but rich and able to pay more. The old King and Queen have descended into private life; of the heir apparent nothing has been heard. The new King has two sons, the second of whom has been appointed Governor of Ava. If the present monarch should continue on the throne, a more liberal policy will probably be pursued with regard to foreigners. As a Prince he was very popular with his subjects, and the only fear is, lest he should be led into evil courses by the counsellors who surround him, who are said to be men of the very worst principles.

Capture of Pirates.

Information has been received from Singapore, that the boats of the *Wolf* and the Government gun boats had returned to the harbour with 14 pirates, whom they fortunately captured on shore at Poolo-tingu in the midst of the jungle.

Fatal Accident at Madras.

A most melancholy accident occurred at Madras on the 28th of May. The *Clairmont* from Bombay anchored in the roads and a signal was hoisted for an accommodation boat which went along side and took Col. Pasmore, Captain Dunbar and his lady, Mr. Queiros and a servant of Col. Pasmore's. The surf was running extremely high and the boat had just passed the second surf and was pulling for the shore, when she broached to, and the boat men instantly jumped out of her. The boat instantly capsized and was broken to pieces. Col. Pasmore was drowned, and Mrs. Dunbar was supported by two native boat men as she floated on the water, and was picked up by a boat which put off from the shore, Mr. Quieros and Col. Pasmore's servant were also drowned, but their bodies have not been found. Col. Pasmore had just

এই নিশ্চয় করিয়াছিলেন যে ঐ রাজধানীতে কোন রাজকর্ম্ম প্রাপ্ত না হইলে একেবারে কর্ম্মে নিবৃত্ত হইয়া স্বদেশে গিয়া স্বচ্ছন্দে কালযাপন করিতেন।

—

পত্রপ্রেরকেরদের প্রতি।

শ্রীকস্যচিৎ পত্রপাঠকস্য ইতিস্বাক্ষরিত পত্র প্রকাশে তাদৃশ ফলোদয় বোধ হয় না। ঐ পত্রে রাজবিষয়ক বার্ত্তা জিজ্ঞাসা আছে এইক্ষণে তদ্বিবরণ আমরা সুজ্ঞাত নহি।

S. C. D. ইতিস্বাক্ষরিত পত্র প্রকাশে অক্ষম হওয়া গেল পূর্ব্বে তত্তাবার্থক পত্র প্রকাশ করা গিয়াছে।

কস্যচিৎ হুগলি জিলানিবাসি দীন বৃত্ত্যুপজীবিন ইত্যঙ্কিত পত্র প্রকাশে আর ফল নাই তদর্থক অনেক পত্র প্রকাশ হইয়াছে।

কস্যচিৎ ব্রহ্মপুরপ্রবাসিন ইতিস্বাক্ষরিত পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে পত্রলেখকও অতিস বক্তৃতা করিয়াছেন। কিন্তু তাহা প্রকাশে অক্ষম হইলাম। সংক্ষেপে তদর্থক এক পত্র অর্পণ করা গিয়াছে।

৺ যুগলকিশোর ঠাকুরের স্বপ্ন দর্শনবিষয়ক পত্র মুদ্রাঙ্কিত করিতে পারিলাম না। তাহাতে অসম্ভব উক্তি আছে।

চট্টগ্রাম জিলার প্রজারদের দুঃখবিষয়ক অতিবাহুল্য পত্র প্রাপ্তি হইয়াছে কিন্তু অতিদীর্ঘপ্রযুক্ত তাহা প্রকাশ করিতে ক্ষম হইলাম না যদি সংক্ষেপ করিয়া লেখেন তবে প্রকাশ্য।

বাঙ্গলা সম্যাচার পত্রের মর্ম্ম।

—

জালনোট ধরা।

গত বৃহস্পতিবার অপরাহ্ণে শ্রীঈশ্বরচন্দ্র নন্দীনামক ব্যক্তি ১৬ টাকার এক নোট বাঙ্গাল বেঙ্কে ভঞ্জনার্থ দেওয়াতে জাল প্রকাশ হইয়াছে ঐ ব্যক্তিকে তৎক্ষণাৎ পোলীসে অর্পণ করিলেন এবং মাজিস্ত্রেটেরা বিবেচনা করিতেছেন জানা গেল যে যোড়াসাঁকোনিবাসি শ্রীকিশোরীমোহন পাল ছোলাদি ব্যবসায়ি তাঁহার ভৃত্য ঐ ব্যক্তি তাঁহাহইতে ঐ নোট প্রাপ্ত হইয়াছেন কিন্তু ঐ কিশোরীমোহন পাল শ্রীহারাধন ঘোষের স্থানে নোট পাইয়াছি বলিয়া তাঁহাকে দেখাইয়া দিয়াছেন এবং ঐ হারাধন ঘোষ এক হিন্দুর স্ত্রীহইতে পাইয়াছি বলিয়া তাহার স্বামিকে দেখাইয়া দিয়াছে —জ্ঞানান্বেষণ।

—

পয়সারোগ।

এই পীড়াপীড়িত ব্যক্তিদিগের চীৎকারশব্দ সকলদিগহইতে শুনিতে পাওয়া যায় ইহার শমতার কোন উপায় নাই এই পীড়ার এইক্ষণে এরূপ বৃদ্ধি আছে যে প্রতি মুদ্রায় পাঁচ পাই।—ঐ।

—

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

অন্যদেশীয় লোকেরদের বিদ্যা বুদ্ধি বল কৌশলাদি অনেক সম্পত্তি আছে তাঁহারা এই সকল নানা বিষয়ে অহঙ্কার করিতে পারেন এতদ্দেশীয় লোকেরদের উক্ত সম্পত্তি নাই কেবল জাতি লইয়া ইহাঁরদিগের অহঙ্কার কিন্তু বিবেচনা করিলে এইক্ষণে তাহাও গিয়াছে সম্পাদক মহাশয় এ দেশের কুলীন বংশজ ব্রাহ্মণেরাই জাতি লোপ করিয়াছেন তাহার কারণ আমি বিশেষ করিয়া বলি আপনি বিবেচনা করিবেন বংশজ ব্রাহ্মণেরা কন্যা ক্রয় করিয়া বিবাহ করেন কিন্তু তাহাতে অনেক জাতির কন্যা চলিয়া যায় অধিক কি কহিব কন্যা ক্রয় করিয়া বিবাহ করণ ব্যবহার থাকাতে বংশজ ব্রাহ্মণ মোসলমানের কন্যাপর্য্যন্তও বিবাহ করিয়াছেন আমি ইহার কএক প্রমাণ লিখিতেছি।

১। এক সময়ে কন্যাবিক্রয়ি দুই ব্রাহ্মণ বর্দ্ধমান দিয়া আসিতেছিল তাহাতে পথিমধ্যে এক সুরূপা বালিকাকে দেখিয়া তাহাকে ক্রয়করণার্থ ইচ্ছা প্রকাশ করিলে পরে তাহারদিগের অভিলাষ বুঝিয়া এক যবনী কহিল ব্রাহ্মণঠাকুর এইটি মোসলমানের কন্যা ইহার কেহ নাই শিশুকালাবধি আমি প্রতিপালন করিয়াছি তোমরা মোসলমানের কন্যাকে লইয়া কি করিবা তাহাতে ব্রাহ্মণেরা কহিল ভাল সে কথা পরে সংপ্রতি তুমি দিবা কি না তাহা বল অনন্তর যবনীকে ছয় টাকা দিয়া কন্যাকে ক্রয় করিল এবং বাজারে আসিয়া একখানি শাড়ী কিনিয়া তাহাকে পরাইয়া লইয়া চলিল কিন্তু পথের মধ্যেই কুমারীকে শিক্ষা দিল কাহার সঙ্গে বাক্যালাপ করিবে না পরে ঐ ধূর্ত্তেরা সন্ধ্যাকালে এক ব্রাহ্মণের বাটীতে গিয়া অতিথি হইল তাহার দুই মাস পূর্ব্বে গৃহস্থ ব্রাহ্মণের স্ত্রী বিয়োগ হইয়াছে তাহাতে ব্রাহ্মণ ব্যাকুল ছিলেন সেই শোকের সময়ে দিব্যাঙ্গনা দেখিয়া অতিথির নিকট ঘনাইয়া বসিলেন ঐ ব্রাহ্মণের সম্পত্তিও কিঞ্চিৎ ছিল অতএব বিবাহের প্রস্তাব করিয়া মূল্যের ডাক আরম্ভ হইল বিক্রেতারা প্রথমতঃ পাঁচশত টাকা চাহিল কিন্তু শেষ চারি শত টাকা রফা হইলে তৎক্ষণাৎ টাকাগুলি গণিয়া লইয়া সেই রাত্রিতে বিবাহ দিল এবং পরদিবস প্রাতে উঠিয়া তাহারা প্রস্থান করিল অনন্তর গৃহী সকল জ্ঞাতি কুটুম্বাদিকে গৃহিণীর পাকান্ন ভোজন করাইয়া এক বৎসরপর্য্যন্ত ঐ স্ত্রীকে লইয়া সুখভোগ করেন তাহার পরে এক দিবস লাউ পাক করিতে ঐ স্ত্রী অভ্যাসপ্রযুক্ত হঠাৎ কহিয়া উঠিল যে "কদু ছে কেয়া ছালন হোগা" এই কথা শুনিয়া ব্রাহ্মণের ভগিনী তাহার মাতাকে ডাকিয়া কহিল "ওমা শুন আসিয়া তোর বৌ কি বলিতেছে" তাহার পরে জিজ্ঞাসা করিবাতে যবন কন্যা আপন জাতিকুলের সকল কথাই ভাঙ্গিয়া বলিয়া ফেলিল তাহাতে ব্রাহ্মণ চমৎকার ভাবিয়া স্ত্রীকে পরিত্যাগ করিলেন।

২। কলিকাতা শহরের সীমাসংযুক্ত পূর্ব্বাংশবাসি ——— মুখোপাধ্যায় এক সাহেবের হিন্দুস্থানীয় উপপত্নী ব্রাহ্মণীর কন্যাকে বিবাহ করেন ঐ কন্যা সাহেবের ঔরসজাতা পরে তাহার গর্ভে মুখুয্যের এক কন্যা এবং তাহাকে রাঢ়দেশবাসি এক শুদ্ধাচার বিশিষ্ট পরিনিষ্ঠ ব্রাহ্মণ পণ্ডিতের সঙ্গে বিবাহ দেন ঐ পণ্ডিতের চতুষ্পাঠী কলিকাতাতেই ছিল পরে বিবাহ করিয়া বাটীতে গেলেন তিনি ঐ ভার্য্যাকে নিয়া অনেক বৎসরপর্য্যন্ত সহবাস করিয়াছিলেন এবং তাহার গর্ভে দুই তিনটা সন্তানও জন্মিল পরে টের পাইলেন সাহেবের দৌহিত্রী বিবাহ করিয়াছেন কিন্তু পণ্ডিতের যজমান শিষ্য ও জ্ঞাতি কুটুম্ব অনেক আছেন সাহেবের কন্যার অন্নে সকলের উদর পবিত্র হইয়াছে।

৩। কাজলা পাড়াতেও দুই ব্রাহ্মণ ঘটকের কথা প্রমাণে কন্যা কিনিয়া বিবাহ করিয়াছিলেন কিন্তু বহুকালের পর সন্তানাদি উৎপত্তি করিয়া শেষ টের পাইলেন ঘটকেরা প্রতারণাপূর্ব্বক মালাকারের কন্যা বিবাহ দিয়াছে।

৪। ভাটপাড়াতেও এক ব্রাহ্মণ ক্রীত কন্যা বিবাহ করেন এবং বহুকাল সহবাস করিয়া শেষ জানিলেন পোদজাতীয় বৈষ্ণবের কন্যাকে গ্রহণ করিয়াছেন এতদ্ভিন্ন কলিকাতা শহরের মধ্যে এইরূপ স্ত্রী অনেক আছে আমি সাহসপূর্ব্বক বলিতে পারি ভারি২ পণ্ডিত ন্যায় রত্নের ও প্রধান২ বাঁড়ুয্যার ঘরে যে তাঁহারদিগের পুত্র পৌত্রাদির গৃহিণী সকল আছেন তাহারদিগের মধ্যে অনেকেই ধোবা নাপিত বৈষ্ণব মালি কাঁসার কপালির কন্যা কিন্তু সম্পত্তিশালি ব্রাহ্মণের ঘরে

returned from his Mission to Persia and had determined to retire from the service if he did not succeed in obtaining a staff appointment at this Presidency.

—

To Correspondents.

The communication of *A Reader*, it does not appear advisable to publish. He makes some enquiries of us on some public affair with which we are not acquainted.

We cannot publish the letter of *S. C. D.* a letter on the same subject has already appeared.

The letter of *A Resident in Hooghly*, we must decline. Many letters on that subject have already appeared.

We have received the letter of *A Resident at Brumhupore.* It appears to be well written, but we cannot publish it unless it be greatly reduced in size.

We cannot publish the letter regarding the appearance in a dream of the Joogulkissore Tagore." It is full of absurdities.

We have received a very long letter regarding the distresses of the people in the Zillah of Chittagong; its length forbids its being inserted.

Spirit of the Native Papers.

—

Forgery detected.

On Thursday afternoon last, a man of the name of Issurchunder Nundy having tendered at the Bank of Bengal for cash, a note for sixteen rupees, it was discovered to be a counterfeit one. The man was immediately given in charge to the police, and the case is under investigation before the Magistrate. It appears that the man had got it from his master Kissorymohun Paul, a grain merchant at Jorasako, and by his order he had taken it to the Bank for the purpose of obtaining change for it. Kissoymohun has pointed out a milkman named Haurachun Ghose, as the person he got it from; and he again states that it was given to him by a Hindoo *purdah* woman, and has given her husband's name.—*Gy.*

—

The Pice Plague

The groans of the sufferers from this horrid disorder are heard on all sides and no relief seems likely to be afforded to them. Five pice in each rupee are now the amount of suffering —*Ibid.*

—

To the Editor of the Gyanunneshun.

SIR,—While the other nations of the world claim superiority over each other in knowledge, wisdom, power and arts, the people of this country have only to boast of their caste; but this, it properly considered, does no longer exist. The *Bungsaj* koolins can be considered as the principal cause of this, for as they buy their wives, it does not unfrequently happen that they marry girls belonging to other castes; and I do not hesitate to say that this system of marriage has sometimes led many of them to wed even Mahomedan women. I shall cite here a few instances.

I. Once upon a time, as two bramhuns (who used to sell girls) were passing through Burdwan, they saw a handsome young girl and instantly expressed their desire to purchase her. On this a Mahomedan woman told them that she was an orphan whom she had bread up from her infancy but asked that as she was born of Moosulman parents, of what use she could be to them. "That is not the question (replied the bramhuns,) let us know whether you will sell her or not? The bargain being at last concluded at 6 Rs. they took the girl, brought a *Saree* for her and conducted her with them. As they travelled they instructed the girl not to speak with any stranger. At dark they came to the house of a bramhun in a certain village who had lost his wife only two months ago. As he felt her loss too deeply, it was not without some emotions of joy that he saw the beauty of the girl who attended his guests. He took his seat near them, and as he had the means, expressed his wish to marry her. Then he began to bid for her. The two bramhuns at first asked 500 rupees, but the price being at last fixed at 400, and the money being counted over to them the marriage was celebrated on the same night, and the bramhuns departed on the next morning. The husband afterwards according to custom invited his friends and relatives and fed them with rice, &c. prepared by his new wife. After this he began to taste the pleasure of matrimony with his wife, but a year had scarcely passed when one day the bride, in cooking a gourd unfortunately asked in Hindee according to her habit, "*Kuddoo ka kya salun hoga.*" The sister of the bramhun coming to hear this called her mother and said, "Hear mother what your daughter-in-law says." On this they enquired of the bride her family, when she disclosed the fatal secret. It is easy to conceive how the husband was astonished at her confession, but there was no remedy—and he only repudiated her.

The 2d instance is that of a bramhun of the eastern part of Calcutta named ——— Mookerjea who had married the illegitimate daughter of a European born of a Hindoosthanee lady. He had by this wife a daughter whom he gave in marriage to a pious bramhun (a pundit) who was the teacher of a Chobarry in Calcutta. The pundit went to his country house with his wife, and there lived many years in the course of which his wife became the mother of 2 or 3 children. After this he came to know that his wife was the grand daughter of a European gentleman, but it was too late, for a great number of his *Jujmans, Shisyhas*, relatives and friends had already partaken of food at the hands of his wife.

3. In Cazraparah also two bramhuns were imposed upon by a *Guttack* to marry *Moosulman* girls, and this imposition was not discovered before they had several children by those wives.

4. A similar imposition was practised upon a bramhun of Bhatpara who married a *Pode Voistnub's* daughter. Besides these, numbers of such tricks have been played upon other bramhuns of Calcutta, and I can state without fear of contradiction, that the sons and grandsons of many a respectable *Nyarutna* and *Banerjee* have wives, most of whom are descended from parents of the washerman, barber, goldsmith, *Voistnub, Maljy* and *Cuppalli* casts. These women are now become bramhunees, in

পড়িয়া পবিত্রা ব্রাহ্মণী হইয়া গিয়াছেন এখন তাঁহারদিগের পাকান্ন সকলেই পবিত্র জ্ঞান করেন।—জ্ঞানান্বেষণ।

মহিম বিজ্ঞবর অশেষ গুণাকর চন্দ্রিকা প্রকাশক মজবর শ্রীযুত বাবু ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়েষু।

নমস্কারানন্তর নিবেদনমিদং। নিম্নে অঙ্কিত কএক পংক্তি যদি চন্দ্রিকা প্রান্তে ন্যস্ত করেন তবে অত্যুপকৃত হইয়া সদা বাধিত থাকিব। ৬ জ্যৈষ্ঠের চন্দ্রিকা দৃষ্টে বোধ হইল যে সদর দেওয়ানী আদালতের পরিবর্ত্তে সুপ্রিম কোর্টের ক্ষমতা সমুদয় কোম্পানির জিলা হায়ের পর বিস্তারিত হওনের কথোপকথন কিম্বদন্তীর ন্যায় প্রকাশ পাইতেছে ইহাতে সুবে বাঙ্গালার জমীদারগণ আপত্তি করিতে পারেন তথাচ তাঁহারা হিন্দুস্থান ও বোম্বের প্রজাগণহইতে ব্রিটিনা রীতি ও নীতি বিশেষ বিজ্ঞ কিন্তু এঅভাগারা অদ্যাবধি স্বদেশ ভাষায় ও অক্ষরে রচিত যে সকল কোম্পানির আইন তাহার লেশ বিশেষ বিজ্ঞ নহে এগতিকে সুপ্রিম কোর্টের বল ব্যাপক হওনে কেবল বজ্রাঘাত তুল্য। এনগরস্থ লোক অদ্যাবধি সুপ্রিম কোর্টের সবজেক্ট নহে তথাচ সাক্ষির উপলক্ষে একং ঝড় যাহার মূল মিথ্যা তাহার ধাক্কায় অনেক আছা ডাডা হইতেছেন সাক্ষির স্থলে এমত আপদ গ্রস্ত অপরঞ্চ ঐ আদালতের অধীন হইলে কি দশা ঘটিবেক জানি না। লার্ড উলিয়ম বেণ্টীঙ্কের বাসনা ছিল যে বর্ত্তমান দেওয়ানী ও ফৌজদারী আদালত ব্যাপ্যে মিলেটরী ও সিবিল সমুদয় ব্রিটনা মহাজনগণ থাকিবেন ঐ সকল মহাশয়গণ তাহা অনঙ্গীকারে জিলা আদালতের প্রতি অনেক অন্যায় দোষারোপণকরণক সুপ্রিম কোর্টের গৌরব প্রকাশ করিয়াছেন ইহাতে গবর্ণমেণ্টের উচিত ইহাঁরদিগের নিবেদন প্রতায় না করিয়া প্রাচীন রীত্যনুসারে অস্মদ্দেশীয় যেরূপ সদর দেওয়ানী ও জিলা হায়ের অধীনে আছেন খ্রীষ্টিয়ানগণ যেমত সুপ্রিম কোর্টের অধীন তাঁহারা তদ্রূপ থাকেন। বাঙ্গলা ১১৮০ সালে সুপ্রিম কোর্টের ক্ষমতা সুবেবাঙ্গালা ও বেহার ও উড়িষ্যায় বিস্তার পরে তৎকালীন যাদৃশ দুরবস্থা জমীদার ও প্রজাগণের ঘটিয়াছিল তাহা ঐ সনের এপেণ্ডেক্স গ্রন্থের দ্বারা সুন্দর প্রকাশিত গবরনর শ্রীলশ্রীযুত ওয়ার্ণ হেষ্টীংস বাহাদুরের রিপোর্ট দ্বারা রাজাধিরাজ জার্জ তৃতীয়ের আক্ট অর্থাৎ দৃঢ়তর আজ্ঞা প্রকাশ হয় যে সুপ্রিম কোর্টের অধিকার এসকল দেশে থাকিবেক না অতএব ঐ সকল রাজাজ্ঞা হেলন কোন বিচারে কর্ত্তব্য যে সময়ে এসকল বিধি প্রকাশ পাইয়াছিল নিশ্চয় কহিতে পারি সে সময়াপেক্ষা এক্ষণ অধিক বুদ্ধিমান অভ্যস্তাভাব হাকিমের উচিত প্রাচীন রীতি সুন্দর বিজ্ঞ হইয়া নবীন হিতজনক বিধি প্রকাশ করেন যদি প্রয়োজন হয় ঐ এপেণ্ডেকস গ্রন্থের সন তারিখ পত্রাঙ্ক পশ্চাৎ নিবেদিব। জিলা হায়ের বর্ত্তমান আইন সকল ১৭৯৩ সালাবধি যাহা এইপর্য্যন্ত অস্মদ্দেশীয় ভাষা ও অক্ষরে প্রকাশ পাইয়াছে তাহার মর্ম্ম অদ্যাবধি বোধে আমরা অজ্ঞ ইহাতে ইংলিস লা যাহা ইঙ্গরেজী ও লেটীন ও অন্যান্য ভাষায় প্রদীপ্ত তাহার বর্ণবোধ এতদ্দেশীয় লোকের প্রতি সুদূর থাকুক অনেক ইংরাজ তাহার মর্ম্ম বোধে অপারগ ইহাতে একেবারে ঐ লা প্রচলিত হইলে খাণ্ডবদাহ তুল্য অবশ্য গণিত হইবেক এবং এ অপরাধ রাজাকে ভিন্ন অন্য কাহারো পর

consequence of the respect and wealth of their husbands, and the food they cook is held in great veneration.

THE SUPREME COURT.

To the Editor of the Chundrika.

I shall be greatly obliged and infinitely thankful if you will give these few lines a place in the Chundrika. I perceive in the Chundrika of the 6th Jystee, that a report prevails that it has been contemplated to extend the authority of the Supreme Court over all the districts of the country, and to set aside the jurisdiction of the Sudder Dewannee Adawlut. Although the Zemindars of Bengal are better acquainted than the people of Hindoosthan and Bombay with British law and British customs, yet even they may object to the change. But we more unfortunate, are scarcely acquainted with the Company's Regulations, which are published in our own languages; of course, the extension of the power of the Supreme Court will be a thunder clap to us. The inhabitants of this town of Benares have not yet been subject to the Supreme Court, yet many of them have been drawn within its circle as witnesses, and greatly injured. If merely as witnesses they are subject to such disasters, what may they not expect, when entirely subjected to it? It was the desire of Lord William Bentinck that all the Military and Civilians and Merchants should be subjected to the Civil and Criminal Courts of the country, but those gentlemen, instead of agreeing to this, begun to cast a great many reflections upon the Zillah Courts, and to extol the dignity of the Supreme Court. It is the duty of Government instead of agreeing to their wishes to keep up the old rule, and leave the natives under the Zillah Courts, and to place the Europeans under the Supreme Court. When the authority of the Supreme Court was extended over Bengal, Behar and Orissa, in the Bengalee year 1180, the Zumindars and the people were subject to the greatest possible distress; all which may be seen by consulting the Appendix of that year. Afterwards, on the report of Warren Hastings, the Governor General, a very strict order was passed by Acts of Parliament in the reign of George III. that the Supreme Court should have no jurisdiction over the various Zillahs. For what reason then should that act be violated? We can positively affirm that the men of the present age are by no means so wise as those who flourished in that period. It is therefore the duty of Government being well acquainted with the old customs, to pass such laws as shall be advantageous to the country. If it be necessary, I will afterwards quote the particular passages which I allude to in the Appendix. The laws which have been passed in the Mofussil from the year 1793 to the present period, have been translated and printed in our own language and character, and yet we are but indifferently acquainted with the meaning of them; how then shall the natives of this country make themselves acquainted with English law, which exists in English, Latin and other languages, when many of the English themselves cannot comprehend it? If that law be once prevalent, it will be like the burning down of the Khandub forest, and the guilt of such a course will lie at the door of our sovereign, and of no one else.

গণ্য সম্ভাবিত নহিবেক। যদিস্যাৎ রাজা ও মন্ত্রিগণের নিতান্ত প্রিয় হইয়া থাকে যে একরূপ আদালত সর্ব্বত্রই প্রদীপ্ত হয় ক্ষতি নাই কিন্তু আদৌ ঐ সুপ্রিম কোর্টের লার সমুহ গ্রন্থাদি অস্মদ্দেশীয় নানা ভাষা ও অক্ষরে তরজমা করিয়া প্রজার বিজ্ঞাপন জন্য বিনা ব্যয়ে বিতরণ করেন তৎপর তাঁহারা ঐ গ্রন্থের মর্ম্ম বিশেষ বিজ্ঞ হইলে ৩০।৪০ বৎসর পরে যদি সুপ্রিম কোর্টের গৌরব ও ক্ষমতা বিস্তার করেন তথাচ প্রজার কল্যাণ বর্দ্ধিতে পারে। বর্ত্তমান শ্রীশ্রীযুত রাজাধিরাজ ইংলণ্ডীয় পাদশা কোম্পানিকে যে চার্টর ১৯ বৎসরের মুদ্দত দিয়াছেন ঐ মিয়াদ অতীত হইলে কোম্পানির নাম উঠাইয়া পাদশার নাম লিখিত হইবেক তন্নিমিত্ত সর্ব্বত্রের আইন ও ব্যবহারের নিয়ম একরূপে নির্দ্ধার্য্য যোগ্য ইহা কদাচ সম্ভাবিতে পারে না রাজ্যের শাখা নানাবিধ সকল একাকার নহে নানা ভাগে পৃথক্২ বিধান নিয়োগ সতত করিতেই হইবেক এবিষয় রাজামহ অমাত্যবর্গ কারুণ্য ও বিজ্ঞতার গৌরবে অবশ্য বিবেচিবেন। হায় কি খেদ জগতের কল্যাণ বীজ কেবল ধর্ম্মাধর্ম্ম সাধারণের প্রতীতিজনক শপথ শপথে মিথ্যা হইলেই ইহ পরলোকে ক্ষতি প্রচুর সুপ্রিম কোর্টে বিনা শপথে বাক্য প্রয়োগ নাই কমানলার নালিসে এক টাকার দাবি করিতে হইলে দুই টাকা দাবির শপথ করিতে হয় একুইটীর ফৈরিয়াদী সহস্রের দাবি করিলে শপথপূর্ব্বক নালিশ করেন শেষ ৫ টাকার ডিক্রী কিম্বা ডিসমিস হইলে সে মিথ্যা শপথের দণ্ড ও হাকিমানে করেন না ইহাতে ঐ আদালতে ধর্ম্ম রক্ষা যদ্রূপ হয় তাহা বুদ্ধিমানে অবশ্য বিচার করিবেন। পাদরি মহাশয়েরা অত্যন্তরূপে প্রকাশ করিতেছেন যে তাঁহারা অতিধর্ম্মশীল কি ক্রাইষ্টের আজ্ঞা যে সকল তাহার অনেক অংশ অস্মদ্ধর্ম্ম শাস্ত্রেও আছে অতএব জিজ্ঞাসা করি ঐ ধর্ম্ম যাজন তাঁহারা কেন না করেন যদি বল সুন্দররূপে করিতেছেন তবে তাঁহারদিগের ধর্ম্মসাধারণের স্বাচ্ছল্যতা পশ্চাৎ বর্ণিতব্য। চন্দ্রিকা পাঠকবর্গ কহেন ধান ভানিতে মহীপালের গীত কেন উঠাইলা তাহার উত্তর পাদরি সিবিল মিলেটরী মহাজন সকল ইংরাজগণের ভ্রাতা খুল্লতাত পুত্র ও জ্ঞাতি অনেকে সুপ্রিম কোর্টের আশ্রয়ে অন্যায় উদর পোষণ করিতেছেন উহারদিগের সহায়তা জন্য ঐ মহাশয়গণ নিরন্তর পক্ষপাতিত্বে রত হইয়া জন্মান্ধের ন্যায় দেশের কল্যাণ দৃষ্টির প্রতি বক্রদৃষ্টিযোগ করিতেছেন অস্মদ্দেশীয় চক্রবর্ত্তী এসকল বিষয় না বুঝেন এমত নহে অলমতি বিস্তরেণ ইতি ১২৪৪ সাল তারিখ ১৭ জ্যৈষ্ঠ ইং ১৯ মে ১৮৩৭ সাল।

শ্রীশ্রীকাশী এবং হিন্দুস্থাননিবাসি ও তৈলিঙ্গ দেশীয় জমীদার ও প্রজাগণের নিবেদনমিদং।

If it be indeed the desire of our ruler and his Counsellors that one law should prevail throughout, there can be no harm in it. But before this is done, the whole body of law which prevails in the Supreme Court, should be translated into the vernacular languages and printed and distributed without charge for the information of the people. Thirty or forty years afterwards, when the people are well acquainted with the principles of English law, it might be advantageous to the people to extend the jurisdiction of the Supreme Court. After the period of the Charter which has been given by the King of England for nineteen years to the Company shall have expired, the name of the Company will disappear, and that of the King will remain; but this can be no reason for establishing one law and one rule throughout the country. There are many branches in this kingdom, and each branch has its own forms, and hence there must be diversified laws for the various provinces. Our ruler and his counsellors will take this into consideration and act with mercy and wisdom. Alas! the root of all prosperity in the world is righteousness, and if the principles of righteousness be violated by perjury misery both in this world and in the next will be entailed. Nothing passes in the Supreme Court without an oath. If there should be a complaint in common law of a Rupee, there must be a two-rupee oath; but in an equity suit, a complainant who swears to a claim of thousands of Rupees, gets a decree for perhaps 5 Rs. or it is dismissed and he is punished for perjury. Let the wise judge how far righteousness can be preserved in that court. The clergymen universally proclaim that they are righteous. Many of the precepts of Christ are to be found also in our shastras, and we may ask the clergy why they do not follow them. If you say they are followed, then I will hereafter undertake to shew how they depart from righteousness. If you ask, what connection this subject has with the former, I say that the clergy, the civil, and military, and the merchants, are all brothers, or relatives of Englishmen who, under the protection of the Supreme Court, are gratifying their own desires. Those gentlemen in order to assist their relatives are extremely partial, and like those who are born blind, set themselves against the welfare of the country. Is it that our rulers are not acquainted with these things? By no means. What more shall I write.—19th May, 1837.

Certain Zemindars and People of Benares, Hindoosthan and Telinga.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

এতদ্দেশীয় লোকেরদের মধ্যে উপযুক্ত চিকিৎসকাভাবপ্রযুক্ত শাস্ত্র চিকিৎসা ও অস্ত্র চিকিৎসা অতিখেদেরবিষয় হইয়াছে অনেক প্রাণী অকালে কালালয়ে প্রেরিত হইতেছে। তাঁহারা ইউরোপীয় চিকিৎসা ও আশ্চর্য্য ক্রিয়া বিষয়ে অজ্ঞ আছেন। গত ১৮ মার্চ তারিখের দর্পণে এক পত্র প্রকাশ হয় তাহাতে এতদ্দেশীয় ধাত্রীরদের প্রসব করাণ বিদ্যার অতিকুৎসারূপ বর্ণিত হইয়াছে। উক্ত বিবরণের সত্যতাবিষয়ে কিছু সন্দেহ নাই যেহেতুক প্রতিদিন দৃষ্ট হইতেছে যে অজ্ঞ ধাত্রীরদের অজ্ঞানতাপ্রযুক্ত অনেক বালক আলোক দৃষ্টিমাত্র মৃত্যুরসাক্ষাৎকারে লীন হয়। ইউরোপীয় বিদ্যানুসারে এতদ্দেশীয় প্রসবকারিণীরদের শিক্ষা দেওয়া অতিসুকঠিন বটে কিন্তু আমি বোধ করি যে কলিকাতার নূতন চিকিৎসা

Correspondence.

MEDICAL SCIENCE.

To the Editor of the Durpun.

SIR,—Deplorable indeed is the state of medicine and surgery among the natives for want of proper medical treatment; many alas, too many, were and are prematurely sent to "Pluto's gloomy reign." Who is blind to the wonders achieved by European physicians and surgeons in their respective professions? In a letter which appeared in the Durpun, dated 18th March, the deplorable state of the science of midwifery is very justly depicted. The truth of the above is unquestionable, for daily experience teaches us, that owing to the mismanagement of inexperienced midwives, numbers of human beings are hurried away to death the moment they witness the light of the day. It is next to impossible that the native midwives will be taught the

জেরের ছাত্রেরদের প্রসবন বিদ্যা শিক্ষার উপায় করা যাইবে তাহা হইলে অনেক জীব রক্ষা পাইবে। ঐ পত্রে শ্রীযুত ডাক্তর মাকষ্টন সাহেবের চিকিৎসা বিদ্যার অতিপ্রশংসা করা গিয়াছে। তাঁহার প্রশংসাও যথার্থ বটে যে হেতুক অমুকনামক আমার এক জন পিতৃব্যের পক্ষাঘাত হইয়াছিল তৎক্ষণাৎ উক্ত শ্রীযুক্ত ডাক্তর সাহেবকে আহ্বান করা গেল। তাহাতে আমারদের আশ্চর্য্য বোধ হইল দুই সপ্তাহের মধ্যে সাহেব তাঁহাকে স্বস্থ করিলেন। ফলতঃ ডাক্তর মাকষ্টন সাহেবের বিদ্যা বুদ্ধি ও কর্ম্মদক্ষতাদির বিবেচনা করিলে বোধ হয় ভারতবর্ষের মধ্যে তিনি চিকিৎসাবিষয়ে এক জন অগ্রগণ্য। এই কতিপয় পঙ্‌ক্তি অনুগ্রহপূর্ব্বক আপনকার দর্পণে অর্পণ করিলে আমি অত্যন্ত বাধিত হইবে।

এচ এল সেন।

---

science of midwifery in the European principles. I doubt not but that steps will be taken to teach the student of the Medical College the science of midwifery, by so doing lots of human beings will be saved from the jaws of an untimely death. In the same letter the professional capacity of Dr. Maxton was highly spoken of that the praise was due, is unquestionable, for a few days ago my uncle named ———— Shen, was struck with a fit of palsy, recourse was immediately had to Dr. Maxton who, to our utter astonishment, has cured him in the course of two weeks and made him as sound as ever, the depth of knowledge, the profundity of judgment, and a large extent of practice, entitle Dr. Maxton to a high rank in the field of Indian practice. Please to insert these few lines in your Durpun to which I shall be greatly obliged.

I am,
Your obedient servant,
H. L. Shen.

Calcutta, 20th May, 1837.—Verbatim Ed.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

যখন কোন লেখক সরকারী কর্ম্মকারকের শৈথিল্য বা কোন নির্দ্দয়াচরণ লেখেন তখন তাঁহার উচিত হয় যে প্রথমতঃ কিঞ্চিৎ ক্লেশ স্বীকার করিয়া তাহার সত্যাসত্যতা নির্ণয় করেন। কস্যচিৎ দর্পণপাঠকস্য ইতি নামধারি পত্রপ্রেরক ইহা করেন নাই যদ্যপি করিয়া থাকেন তবে তিনি জানিয়া শুনিয়াই মিথ্যা লিখিয়াছেন।

কয়েদিবিষয়ে কয়েদি ব্যক্তির গঙ্গাস্নান বারণের মর্ম্ম এই যে শ্রীযুত স্মিথ সাহেব যখন হুগলি জিলার জজ ছিলেন তখন তাঁহার কোন নিয়মক্রমে তাহারা উত্তম জামিন দিয়া গঙ্গাস্নানে যাইতে পারিত কিন্তু সম্প্রতি ঐ নিয়ম উল্লঙ্ঘন করিয়া এবং এতদ্দেশীয় আমলারদের সঙ্গে যোগ করিয়া এক জন কয়েদি অন্য এক জন কয়েদির নিমিত্ত জামিন হইত। তাহাতে তাহারদের রক্ষা বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের উপর ঝুঁকি থাকাতে সাহেব হুকুম করিলেন যে তাহারা যে নিয়মানুসারে ঐ অনুমতি পাইয়াছিল সেই নিয়ম না করিলে তাহা পাইতে পারিবে না। মার্চ মাসঅবধি দেওয়ানী জেহেলে কেবল তিন জন মারা পড়িয়াছে তাহারদের মধ্যে যে দুই জনের ওলাউঠা হয় তাহারা আপ্রেল মাসে মরে অথচ তাহারদের গঙ্গাস্নান বারণের মাজিষ্ট্রেট সাহেবের যে হুকুমেতে আপনকার পত্রপ্রেরক লেখেন যে ১৩ জন মারা পড়িয়াছে সেই হুকুম কেবল দুই সপ্তাহাবধি দিয়াছেন।

আপনার অতিজ্ঞতাবাদি পত্রপ্রেরক লেখেন যে কয়েদি ব্যক্তিরদের স্নানার্থ জল কিনিতে হইতেছে যেহেতুক কারাগারের মধ্যে যে কূপ আছে তাহা শুকিয়া গিয়াছে কিন্তু স্পষ্ট হইয়াছে যে ঐ জেহেলের মধ্যে দুইটা চৌবাচ্চা আছে তাহার একটা কেবল তিন দিবসপর্য্যন্ত শুষ্ক ছিল সেই তিন দিন ব্যাপিয়া কয়েদিরদিগকে রক্ষক সঙ্গে দিয়া বাহিরের পুষ্করিণীতে স্নানার্থ হুকুম দেওয়া যায় কিন্তু সেই চৌবাচ্চা এইক্ষণে ঝালান গিয়া জলাভাবে যে কষ্ট ছিল তাহা দূর হইয়াছে অতএব আপনার পত্রপ্রেরকের উক্তি নিতান্ত অমূলক অতএব তিনি যে দয়া প্রকাশ করিয়াছেন তাহারও মূল নাই।

সম্পাদক মহাশয় আপনকার প্রত্যয়ার্থ আমি স্বীয় নাম লিখিতেছি এবং এই সম্বাদ কোন্‌ স্থানে পাইলাম তাহাও লিখিতেছি। সরকারী জেহেলে যত লোক মারা পড়ে তাহারদের সংখ্যা সরকারী বহীতে লেখা গিয়া থাকে।

কস্যচিৎ অপর দর্পণপাঠকস্য।

REPLY TO A READER OF THE DURPUN.

To the Editor of the Durpun.

Before a writer ventures on assertions imputing to a public functionary gross neglect and inhumanity, he should take the trouble to ascertain the truth of that which he advances. This your correspondent, "A Reader of the Durpun," has either neglected to do; or he has been guilty of gross and wilful misrepresentation.

With respect to the debtors bathing in the Ganges, the state of the case is this: they had been permitted in accordance with an arrangement of Mr. Smyth, when he was Judge of the station, to bathe in the Ganges on giving good security; but the privilege having been abused by a collusion with the native subordinates, which led to the practice of one debtor being admitted as security for another, an order was issued by the Magistrate, he being responsible for their safe custody, that unless they adhered *boná fide* to the condition on which that privilege had been conceded, they should not enjoy it.

With respect to the statement that near a dozen of debtors have died of the cholera within a few days, it is wholly untrue. Since March last there have been only *three* deaths in the Civil Jail and of these only two which occurred *so long ago as April*, were occasioned by cholera; the order complained of, and which is alleged to have caused nearly *thirteen deaths from cholera* was issued *about a fortnight ago!!*

Again, your accurate correspondent insinuates that the prisoners have to buy water to bathe, owing to the wells in the prison being dried up; now there are two wells in the prison, one of which only, was dry for about *three days during which the prisoners were allowed to go under a guard to a tank outside the walls*, but that well is now repaired, and the alleged cause of suffering, the want of water, neither does exist, nor has existed. Your correspondent's sympathy therefore, is as misplaced, as his allegations are unfounded.

For your private satisfaction I furnish you, Mr. Editor, with my name and the authority on which my information rests—the number of deaths in a public Jail is of course matter of official record.

I am, Sir, yours,
Another Reader of the Durpun.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

মহাশয়ের পক্ষপাত বিহীন দর্পণে আমারদের নিম্নে লিখিত কএক পঙ্‌ক্তি স্থান দান দিয়া বাধিত করিবেন। সম্পাদক মহাশয় সংবাদ জ্ঞানান্বেষণ পত্রে তৎসম্পাদককর্ত্তৃক রাজকীয় কর্ম্মকারকেরদের অর্থাৎ এতদ্দেশীয় আমলা যাঁহারা হিন্দু কালেজে পাঠাধ্যায়ন না করিয়াছেন কেবল পারস্য ও বাঙ্গালা ভাষা দ্বারা বিষয় কর্ম্ম নির্ব্বাহ করিয়া থাকেন তাঁহারদিগের উৎকোচ গ্রহণ ও শঠতা ব্যবহার ইত্যাদি নানা কুৎসা বাক্য প্রকাশ করত রাজার গোচর করিয়া স্বীয় অভিলাষ পূর্ণ করিয়াছেন। সম্পাদক মহাশয় তদ্বিষয়ে আমারদিগের যে বক্তব্য তাহা পশ্চাৎ লিখিব। সংপ্রতি তৎসম্পাদক মহাশয়ের প্রতি জিজ্ঞাস্য এই যে গবর্ণমেন্টকর্ত্তৃক হিন্দুকালেজস্থ অর্থাৎ যাঁহারা প্রথম শ্রেণীপর্য্যন্ত অধ্যয়ন করিয়া সর্টিফিকট প্রাপ্ত হইয়াছেন তাঁহারদিগের মধ্যে ১০।১২ ব্যক্তিকে রাজকীয় কর্ম্মে নিযুক্ত করিয়াছেন তন্মধ্যে মুরশিদাবাদের কালেকটরীতে খাস তহবিলদারী কর্ম্মে ও রঙ্গপুর জিলা মতালকে মুনসেফি কর্ম্মে যাঁহারা প্রবর্ত্ত হইয়া স্বীয় বিদ্যা বুদ্ধি প্রকাশ করিয়াছেন তদ্বিষয়ের কিছুই জ্ঞানান্বেষণে প্রকাশ করেন না কেন। আর যদ্যপি ১০।১২ ব্যক্তির মধ্যে দুই তিন জন উৎকোচ গ্রাহক ও কর্ম্মে অপারগ হন তবে বহুসংখ্যক ব্যক্তিরদিগের মধ্যে ২০।২৫ ব্যক্তি তৎস্ব দোষে দোষী হইলে কাহার প্রশংসা করা উচিত হয় ইহা প্রকাশ করিলে আমরা বাধিত হইব। অলমতি বিস্তরেণ।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

কলিকাতাহইতে শত ক্রোশের মধ্যস্থ কোন জিলায় সেসন জজ সাহেব ও মাজিষ্ট্রেট সাহেবের পরস্পর যেপ্রকার অনৈক্য হইয়াছে ও তদনুযায়ী যে সকল ব্যবহার দৃষ্ট হইতেছে তাহাতে জিলার কোন মতেই মঙ্গল নাই যেহেতুক যদিস্যাৎ মাজিষ্ট্রেট সাহেব কোন ব্যক্তি কৃতাপরাধির দোষ সাব্যস্ত করিয়া সেসন জজ সাহেবের সমীপে বিচারার্থে প্রেরণ করেন তিনি সম্যকপ্রকারে আপন সাধ্যানুসারে বিহিত চেষ্টা পাইয়া যাহাতে নিরাপরাধী হইয়া মুক্ত হয় এমত করেন। সম্পাদক মহাশয় ইহার সত্যাসত্যের প্রমাণ আমরা কি দিব। ইহার পূর্ব্বে সেসীয়ন সাহেব জিলার কারাগার দেখিতে যাইবার বাসনা করিবায় শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব তাহাতে প্রতিবন্ধক হইলে শ্রীযুত আলীশান নেজামতে রিপোর্ট করিয়া তাহার হুকুম আনাইয়াছেন এই মত নানাপ্রকার পরস্পর অপদস্থাকাঙ্ক্ষী হইতেছেন। ইহাতে কেবল জিলার লোকদিগের অমঙ্গল ও চোরদিগের আস্পর্দ্ধা বৃদ্ধি সম্ভাবনামাত্র। এইক্ষণে উক্ত দুই আদালতের যেরূপ ব্যবহার হইয়াছে তাহা সম্বাদ পত্রে লিখন ভার। সম্পাদক মহাশয় আমারদিগের ইহা লিখিবার তাৎপর্য্য এই যে উভয় উক্ত সাহেবান পরস্পর ঐক্যতারূপে রাজকর্ম্ম নির্ব্বাহ করিলেই আমরা সুখে থাকি নচেৎ আমরা উলু খাগড়া আমারদিগের প্রাণ দণ্ড হইবেক।

কেষাঞ্চিৎ হুগলি জিলাস্থজনানাং।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	꠰৶	ঐ
২ ক্লাস	॥০	꠰০	ঐ
৩ ক্লাস	৩৸০	꠰০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪॥০	ঐ
৪ টাকার লোন	২	২꠰০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

NATIVE HONESTY.

To the Editor of the Durpun.

I beg you to publish the following few lines in the impartial Durpun, and thus to lay us under obligation.

Mr. Editor, the Editor of the Gyanunneshun has published a good deal of abuse in his paper relative to the bribery and corrupt practices of various native functionaries who have not studied in the Hindoo College, but who get through their public duties simply through their knowledge of Bengalee and Persian; and he has satisfied his own wishes by bringing their misconduct under the notice of Government. Mr. Editor, that which we have to observe upon this subject we will hereafter send you; at present we would simply state to the Editor, that 10 or 12 of the first class scholars of the Hindoo College, who had passed an examination and obtained a certificate, have been employed in the public service; now we ask him, why he publishes nothing in the Gyanunneshun regarding the exceeding cleverness exhibited by the person who is appointed Collector of Khaus Mehals in Moorshedabad, and the individual who was appointed Moonsiff at Rungpore? If among these 10 or 12 persons, there should be found two or three taking bribes, or unfit for their duties, what wonder if 20 or 25 individuals should be found liable to the same charge out of an immense number? We shall be obliged, if the Editor will tell us which of these bodies is most worthy of praise.

DISSENSIONS.

To the Editor of the Durpun.

In a Zillah, not a hundred miles from Calcutta, the discord which has arisen between a Session Judge and the Magistrate, and the effects which must evidently result from it, cannot but be highly detrimental to the district. For if the Magistrate having proof of the crime of any individual, sends him before the Session Judge, it appears as tho' the Session Judge generally acquitted him. Mr. Editor, what proof can we offer to you of the truth of this fact? Some time ago, the Session Judge wished to visit the Jail, but it appears that the Magistrate raised an objection to it, upon which an appeal was made to the Nizamut Adawlut, when an order was passed for him to be admitted. Through these mutual disputes, many individuals are anxious to throw up their situations. This state of things is very unfavourable to the Zillah, and can only give encouragement to thieves. Mr. Editor, our object in writing this is, if possible, to secure a unity of purpose among our European officers, that we may pass our time in peace, otherwise we shall be like the grass which is trodden under foot, when there is a combat between two animals.

Certain Residents in Hooghly.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	12	0	13	0
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal,............. Co's. Rs. 2,400—2,500.

Sumachar Durpun

সমাচার দর্পণ

১১৪৫ সংখ্যা। বালম ১৯।] ২৪ জুন ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১২ আষাঢ়। SATURDAY, JUNE 24TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1145. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

যে মোকদ্দমায় শ্রীমতী নবীনমণি দেবী ফরিয়াদী ও মৃত লালভিমোহন ঠাকুরের পুত্র অথচ উত্তরাধিকারী ও উইলের টনি শ্যামলাল ঠাকুর ও হরলাল ঠাকুর আসামী সেই মোকদ্দমার গত ২৫ মার্চ তারিখে সুপ্রিম কোর্টে যে ডিক্রী হয় সেই ডিক্রীর হুকুমক্রমে মৃত লালভিমোহন ঠাকুরের মহাজনেরদিগকে এবং যাঁহারা তাঁহার সম্পত্তি দানদ্বারা প্রাপ্ত হইতে পারেন তাঁহারদের প্রতি হুকুম দেওয়া যাইতেছে যে উপরিউক্ত কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে তাঁহার সমক্ষে আগামি অক্টোবর মাসের ১ তারিখে বা তাহার পূর্ব্ব কোন তারিখে হাজির হইয়া আপন২ কর্জ্জ বাবত পাওনা ও দানদ্বারা পাওনাবিষয় সাব্যস্ত করেন তাহা না করিলে উপরিউক্ত হুকুমের দ্বারা যে উপকার হইত তাহা হইবে না।

মাষ্টর আপীস ১ জুন ১৮৩৭।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৯ জুন বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু মদনমোহন নন্দনের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরে কলুটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু মদন মোহন নন্দনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে রামমোহন মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে রাস্তা। পূর্ব্ব দিগে গোলোক নন্দনের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে হাজিসাহেবের কএকখান বাটী।

ইশতেহার।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৯ জুন বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কথেুল সাহেব রামনারায়ণ মিত্রের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতানগরের যোড়াবাগানের নিমতলার রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি ১৸২ এক বিঘা সতর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামনারায়ণ মিত্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত জয়নারায়ণ মিত্রের বাটী ও ভূমি। উত্তর দিগে সদর রাস্তা। পূর্ব্ব দিগে রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ভূমি। পশ্চিম দিগে রাজা নরসিংহচন্দ্রের ভূমি।

২ দফা। জিলা চব্বিশ পরগনার বেলঘরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক একতালা বৈঠকখানা ও চারিটা পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ৩০ ত্রিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামনারায়ণ মিত্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চাণকের রাস্তা। দক্ষিণ দিগে খাল পশ্চিম দিগে রামসুন্দর চাটুয্যের এক খণ্ড ভূমি। উত্তর দিগে গোলোক দত্তের এক খণ্ড বাগাৎ ভূমি।

৩ দফা। এবং জিলা চব্বিশ পরগনার উল্টাডাঙ্গির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১৮ আঠার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামনারায়ণ মিত্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে বিশম্ভর গোস্বামি ও গোপীনাথ গোস্বামির বাগান। উত্তর দিগে রাধামোহন নেউগীর বাগান

ইশতেহার।

পশ্চিম দিগে বিশম্ভর দত্তের বাগান পূর্ব্ব দিগে সদর রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৩ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কথেুল সাহেব পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা সারনের মাহাজি পরগনাতে রেবেল গঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত রেবেল গঞ্জ তালুকনামে খ্যাত বা বিদিত বা কথিত আছে যে গঞ্জ বা বাজার এবং তৎসঙ্গে ইষ্টকনির্ম্মিত যে বাটী ও গুদাম ও বৈঠকখানা ও অশ্বশালা ও রন্ধনশালা ও গোলা ও চকর কাষ্ঠের গোলা ও খড়ুয়া ঘর ও ভূমি অনুমান বড় বিঘার ২০/ বিশ বিঘা ও কলিকাতার বিঘার ৪০/ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বাগান ও পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে নদী। উত্তর দিগে গোদনানামক এক গ্রাম পূর্ব্ব দিগে নদীতে যাইবার এক গলি। পশ্চিম দিগে রঙ্গ বাজারনামে এক বাজার।

২ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা সারনের কিরাতপুরের শামিল ও তন্মধ্যস্থিত কিরাতপুরের কুঠীনামে খ্যাত বা বিদিত বা কথিত যে সোরার কুঠী বা সোরার কারবার হয় যে কারখানাতে তাহা ও তৎসঙ্গে যে এক খান ছোট বাঙ্গলা ঘর ও তাহার ভূমি অনুমান বড় বিঘার ৫/ পাঁচ বিঘা কলিকাতার বিঘার ১০/ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা সারনের সরমস্তপুরের শামিল ও তন্মধ্যস্থিত গোদনার কুঠীনামে খ্যাত বা বিদিত বা কথিত সোরার যে কুঠী বা যে কারখানায় সোরা উৎপন্ন হয় তাহা এবং কএকখান খাপরেল ঘর ও কাঁচা দোতালা ঘর এবং তৎসঙ্গে যে ভূমি অনুমান বড় বিঘার ৪ চারি বিঘা বা কলিকাতার বিঘার ৮ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে

ইশতেহার।

ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সদর রাস্তা। উত্তর দিগে জমীদারেরদের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে শ্রীকৃষ্ণ ভকতের সোরার কুঠী। এবং পশ্চিম দিগে মতিলাল শীলের সংপ্রতিকার সোরার কুঠী।

৪ দফা। পরগনা বারাসতে আড়দেবক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে অক্রূর নাপিতের বাটী। পশ্চিম দিগে মদনমোহন গঙ্গোপাধ্যায়ের বাটী। দক্ষিণ দিগে উক্ত মদনমোহন গঙ্গোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে সদর রাস্তা।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত আড়দেবক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত নানাপ্রকার ফলের বৃক্ষ সমেত যে বৃহৎ এক বাগান অনুমান ৪০ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বৃহৎ এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরিনারায়ণ ভট্টাচার্য্যের বাটী। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীরদের নীচে লিখিত বাগান। উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হলধর বন্দ্যোপাধ্যায়ের ধান্য ভূমি।

৬ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত নানাপ্রকার ফলের বৃক্ষ সমেত যে এক উদ্যান অনুমান ৫০ পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বৃহৎ এক পুষ্করিণী ও ইষ্টকনির্ম্মিত দুই কুঠরী এবং তাহার এক অংশে রাইয়ত আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে আসামীরদের উপরি উক্ত উদ্যান। পূর্ব্ব দিগে রামধন বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হলধর বন্দ্যোপাধ্যায়ের বাগান।

৭ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮ দফা। এবং কলিকাতানগরের সূতানুটি অথবা আহিরি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টক নির্ম্মিত এক দোতলা গৃহ বসতবাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বলরাম ভট্টাচার্য্যের বাটী ও [illegible] দক্ষিণ দিগে রামধন মুখুয্যের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে নারায়ণ শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে বিশ্বেশ্বর চাটুয্যের বাটী ও ভূমি।

৯ দফা। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের সূতানুটিতে হোগলকুড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টকনির্ম্মিত কিয়দংশ একতালা কিয়দংশ দোতালা গৃহ বসতবাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গুরুদাস মুখুয্যের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রামধন মুখুয্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে হারাণ বক্সির বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী গলি।

১০ দফা। এবং জিলা চব্বিশ পরগনাতে কলিকাতা পরগনার শামিল ও তন্মধ্যস্থিত গরাবাদি ও আবাদি যে ভূমি অনুমান ১৫৬/ এক শত ছাপান্ন বিঘা বিশেষতঃ গোপালপুরে ৮৫/৪ ০ পঁচাশি বিঘা সওয়া চারি কাঠা ও নারায়ণপুরে ২৫৮২ পঁচিশ বিঘা সতর কাঠা ও বেড়া বাড়ীতে ৪৫।২। পঁয়তাল্লিশ বিঘা সাড়ে সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১১ দফা। এবং পরগনা বারাসতের আড়দেবক ও জয়পুরের শামিল ও তন্মধ্যস্থিত যে কএক খণ্ড ও বন্দ আবাদী ও গরাবাদী ভূমি অনুমান ৩৪ চৌত্রিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৬ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারন্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত জেমস হিগিন্সন সাহেব জগন্নাথ প্রসাদ মল্লিকের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতানগরে বড়বাজারের বটতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতাল ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩৭ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত জগন্নাথপ্রসাদ মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে কোম্পানির রাস্তা। পশ্চিম দিগে রামমোহন চক্রবর্ত্তির বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গোলোক সেনের বাটী ও ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৪১ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা। উত্তর দিগে সরকা বায়ীর ভূমি। পশ্চিম দিগে এক গলি। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত গোলোক সেনের বাটী ও ভূমি।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩।০ তিন কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বটতলার গলি। দক্ষিণ দিগে সরকারী নর্দ্দমা। পূর্ব্ব দিগে কিশোরী বৈষ্ণবীর বাটী ও ভূমি। পশ্চিম দিগে নিতাই কাঁসারির বাটী ও ভূমি।

৪ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে এক গলি। উত্তর দিগে জগদ্দুর্লভ সেনের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গোলোকচাঁদ বাবুর বাটী ও ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০।০ পাঁচ কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে পূর্ব্বোক্ত জগন্নাথপ্রসাদ মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে পূর্ব্বোক্ত বটতলার গলি। দক্ষিণ দিগে নর্দ্দমা।

৬ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /২॥০ দুই কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নরসিংহ দাসের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রামমণি রাঁড়ের বাটী ও ভূমি। উত্তর দিগে কোম্পানির গলি। দক্ষিণ দিগে জগি রাঁড়ের বাটী ও ভূমি।

৭ দফা। এবং কলিকাতার শহরতলীতে আঁদুলের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১০০ এক শত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮ দফা। এবং জিলা হুগলির বেলিয়া পরগনার নবাবপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক তাহাতে এক কাছারী বাটী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৯ দফা। এবং কলিকাতার শহরতলীতে রাজগঞ্জনামে বিখ্যাত যে এক বাজার ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার ছয় আনা অংশেতে ও তাহার ছয় আনা অংশের মধ্যে ও তাহার ছয় আনা অংশের উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১০ দফা। এবং জিলা চব্বিশ পরগনায় ডিহি পঞ্চান্নগ্রামের খুঁড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৪১।০ একচল্লিশ বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ ও পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রমজান ওস্তাগরের ভূমি। পশ্চিম দিগে পীতাম্বর ঘোষের ভূমি। উত্তর দিগে রামহরি সরদারের ভূমি। দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা।

১১ দফা। এবং জিলা চব্বিশ পরগনার চিৎপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৬।।০ ছয় বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জগন্নাথপ্রসাদ মল্লিকের যেস্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রাজা কল্যাণ সিংহের ভূমি। উত্তর দিগে কোম্পানির রাস্তা। পশ্চিম দিগে কোম্পানির রাস্তা। দক্ষিণ দিগে মৃত রামদুলাল সরকারের বাগাৎ ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় মৃত রাজা শিবচন্দ্র রায়ের ইষ্টেটের রিসিবর শ্রীযুত এলিয়ট মেকনাটন সাহেব ও অন্যেরা ফরিয়াদী এবং মৃত বিশ্বনাথ ঘোষের মরণোত্তর টর্নি রামধন ঘোষ আসামী ঐ মোকদ্দমায় সুপ্রিম কোর্টে গত ২ দিসেম্বর তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি ১৯ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে উপরিউক্ত কোর্টে আমার দপ্তরখানায় ডিক্রীর হুকুমঅনুসারে নীচে লিখিতব্য বিষয় পবলিকসেলে বিক্রয় করিব।

লাট নং ১। কলিকাতার শহরতলি ইটালিতে এক খণ্ড বাগাং ভূমি অনুমান ৩০/ ত্রিশ বিঘা।

লাট নং ২। কলিকাতার শহরতলি মৌজে শ্রীরামপুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাং ভূমি অনুমান ৪৷৭২ চারি বিঘা সতর কাঠা।

লাট নং ৩। কলিকাতার শহরতলি মৌজে মঠপুকুরে মঠপুকুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাং ভূমি ৩৪/ চৌত্রিশ বিঘা। ঐ ভূমি দেবোত্তর বলিয়া গোপীনাথ ঘোষের যাবজ্জীবন দখলে থাকিল।

লাট নং ৪। কলিকাতা নগরের কলিঙ্গাতে এক খণ্ড ভূমি ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং ৫। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১৷৷১৸০ এক বিঘা এগার কাঠা বার ছটাক।

লাট নং ৬। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১ এক বিঘা।

লাট নং ৭। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ৷৭৪ উনিশ কাঠা।

লাট নং ৮। টেঙ্গরাতে এক খণ্ড ভূমি অনুমান ২।১ দুই বিঘা ছয় কাঠা।

লাট নং ৯। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ২ দুই বিঘা।

লাট নং ১০। কলিকাতার শহরতলি দলন্দরে এক খণ্ড ভূমি অনুমান ৷৭১ ষোল কাঠা।

লাট নং ১১। কলিকাতা নগরের কানবাজারে নীলমণি হালদারের বাটীবলিয়া বিখ্যাত যে এক ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ভূমি অনুমান ৷৭৪।৵ উনিশ কাঠা সাত ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চারি অংশের এক অংশ বিক্রয় হইবেক।

উপরিউক্ত সকল লাটের বিশেষ বৃত্তান্ত ফরিয়াদীর উকীল শ্রীযুত সাণ্ডিস সাহেবের নিকটে অথবা মাষ্টর আফীসে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আফীস।
১৩ জুন ১৮৩৭।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পুর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
১৮৩৭। ১৯ জুন।

নীচে লিখিতব্য আক্ট ১৮৩৭ সালের ১৯ জুন তারিখে শ্রীলশ্রীযুক্ত ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলের দ্বারা জারী হইয়া সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ হইয়াছে।

১৮৩৭ সালের আক্ট নং ১৫।

হুকুম হইল যে ১৮৩৭ সালের ১ জুলাই তারিখঅবধি বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি তাবৎ জাইণ্ট মাজিস্ত্রেট ও মাজিস্ত্রেট সাহেবেরদের ক্ষমতা দেওয়া গেল যে বঙ্গদেশ চলিত আইনের মধ্যে ১৮১৬ সালের ২২ আইনানুসারে যে টাক্স আদায় করা যায় তাহার কিয়ৎঅংশ যে শহরে ঐ টাক্স লওয়া যায় সেই শহরের মেরামৎ ও পরিষ্কারার্থ ব্যয় করিতে পারেন।

২। এবং হুকুম হইল যে উক্ত আইনের ১০ ধারায় সনন্দের মধ্যে সর্ব্বাপেক্ষা যে উচ্চ হার লিখিত আছে তৎপরিবর্ত্তে ১৮৩৭ সালের ১ জুলাই তারিখের পরঅবধি ঐ সনন্দের দ্বারা যে পঞ্চাইত নিযুক্ত হয় সেই পঞ্চাইত কোন দোকান বা বাটীর প্রধান অধিকারী বা দখলীকারের স্থানে যে টাক্স লওয়া যাইবে তাহার মাসে কোং ২ টাকা করিয়া নির্দ্দিষ্ট করিতে পারেন।

৩। এবং হুকুম হইল যে ১৮১৬ সালের বঙ্গদেশে চলিত ২২ আইনানুসারে অথবা এই আইনানুসারে যে যে টাক্স নির্দ্দিষ্ট হয় তাহা, কোন্ জন্মস্থানের বৈলক্ষণ্য বা পিতার জাতীয় বৈলক্ষণ্য বলিয়া ঐ টাক্স না দেওনার্থ কেহ আপত্তি করিতে পারিবেন না।

উলিয়ম হে মাকনাটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
19th June. 1837.

The following Act, passed by the Right Honourable the Governor General of India in Council on the 19th June, 1837, is hereby promulgated for general information:

ACT, NO. XV. OF 1837.

I. It is hereby enacted, that from the 1st day of July, 1837, it shall be lawful for the several Magistrates and Joint Magistrates within the Presidency of Fort William in Bengal, to appropriate a portion of the Tax levied under Regulation XXII. 1816 of the Bengal Code, to the purpose of cleansing and repairing the Towns in which that Tax is levied.

II. And it is hereby enacted, in lieu of the maximum rate prescribed by the Sunnud of appointment referred to in Section X. of the above-mentioned Regulation, that after the 1st day of July, 1837, it shall be competent to the Punchaite appointed by the said Sunnud, to fix the rate of assessment to be levied from the Proprietor or Principal Occupier of any Shop or Habitation at Two Company's Rupees per mensem.

III. And it is hereby enacted, that no person whatever shall either by reason of place of Birth, or by reason of descent, be exempted from the payment of any Assessment under Regulation XXII. of 1816 of the Bengal Code, or under this Act.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

রাজকর্ম্মে নিয়োগ।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

৯ জুন ১৮৩৭।

শ্রীযুত এ স্মেল্ট সাহেব শ্রীযুত ষ্টানিফোর্থ সাহেবের পরিবর্ত্তে জিলা বাখরগঞ্জের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

১৩ জুন।

শ্রীযুত আর টরেন্স সাহেব চট্টগ্রাম জিলার উপরি জজ হইয়াছেন।

শ্রীযুত আনরবল জে সি আর্স্কিন সাহেব শ্রীযুত টরেন্স সাহেবের পরিবর্ত্তে দিনাজপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত টি সাণ্ডেস সাহেব বোগড়ার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই বেণ্টাল সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিনাজপুরের একটিং মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে সি স্মিথ সাহেব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত চাপমেন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত জিলা পূরণিয়ার চিকিৎসকত্ব কর্ম্ম করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

ভাগলপুরের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত জে ডনবার সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত উপরি উক্ত পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ঢাকার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত ডবলিউ এ লা সাহেব ১৫সংখ্যক প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেবকর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

পাটনার মাজিস্ত্রেট শ্রীযুত স্কিপউইথ সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ নির্দিষ্ট কালাতিরিক্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

রাজশাহীপ্রভৃতি জিলার স্পেসিয়ল ডেপুটি কালেকটর শ্রীযুত ডবলিউ পি গোড সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ কলিকাতা রাজধানীতে আসিয়া দরখাস্ত করণ নিমিত্ত দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এফ লসিংটন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঁকুড়ার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ সি হলকেট সাহেব ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেবকর্ত্তৃক যে সপ্তাহের ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতায় অবস্থানার্থ এক পক্ষের ছুটি পাইয়াছেন।

সারণের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত এচ জি আষ্টল সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেবকর্ত্তৃক যে এক মাসের ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

১৪ জুন।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব রেবিনিউ কালেকটর শ্রীযুত জে সি ডিক সাহেবকে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি পাটনার ডেপুটি আফীং এজেণ্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

পাটনার মাজিস্ত্রেট শ্রীযুত স্কিপউইথ সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ঐ স্থানের ডেপুটি পোষ্ট মাষ্টর হইয়াছেন।

৩১ মে।

আজিম গড়ের জজ শ্রীযুত সি ডবলিউ ত্রস্কট সাহেব গত আপ্রেল মাসের ৭ তারিখে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে দুই মাসের ছুটি পান তাহা বর্ত্তমান মাসের ১৭ তারিখে অথবা ঐ সাহেব উত্তমাশা অন্তরীপে গমনার্থ যে লাবেল আলিয়ান্স জাহাজারোহণ করেন আড়কাটি ঐ জাহাজ ছাড়নের তারিখঅবধি রহিত হইয়াছে।

CIVIL APPOINTMENTS.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

9th June.

Mr. A. Smelt to be Civil and Session Judge of Zillah Backergunge, in the room of Mr. J. Staniforth.

13th June.

Mr. R. Torrens to be additional Judge of Zillah Chittagong.

The Honourable J. C. Erskine to be Magistrate and Collector of Dinagepore, vice Mr. R. Torrens.

Mr. T. Sandys to officiate as Joint Magistrate and Deputy Collector of Bogra.

Mr. E. Bentall to continue to officiate as Magistrate and Collector of Dinagepore until further orders.

Mr. Assistant Surgeon J. C. Smith to perform the Medical duties of the Civil station of Purnea, during the absence of Mr. Assistant Surgeon Chapman, M. D.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. Dunbar, officiating Civil and Session Judge of Bhaugulpore, for one month, on medical certificate. Mr. C. Steer will conduct the current duties of those offices until further orders.

Mr. W. A. Law, Joint Magistrate and Deputy Collector of Dacca, for six weeks, on private affairs, in extension of that granted to him by the Commissioner of the 15th Division.

Mr. F. Skipwith, Magistrate of Patna, for ten days, in excess of the usual time allowed to join his station.

Mr. W. P. Goad, Special Deputy Collector in Rajeshahy, &c., for two months, on medical certificate, to visit the Presidency, preparatory to applying for leave to proceed to sea. Mr. F. Lushington will conduct the current duties of the office until further orders.

Mr. H. C. Hulkett, Assistant to the Joint Magistrate and Deputy Collector of Bancoora, for a fortnight, to remain at Calcutta, on private affairs, in addition to the leave for one week granted to him by the Commissioner of the 14th or Moorshedabad Division.

Mr. H. G. Astell, Assistant to the Magistrate and Collector of Sarun, for one month, in addition to the leave for one month granted to him by the Commissioner of the 11th or Patna Division, to enable him to rejoin his station.

14th June.

The Right Honourable the Governor of Bengal has been pleased to appoint Mr. J. C. Dick, the Land Revenue Collector, to be Deputy Opium Agent at Patna, from the 1st instant.

Mr. F. Skipwith, Magistrate of Patna, to be Deputy Post Master at that Station, from the 1st instant.

31st May.

The unexpired portion of the leave of absence for two months, on medical certificate, granted to Mr. C. W. Truscott, Judge of Azimghur, on the 7th April last, is cancelled from the 17th instant, the date on which the Pilot quitted the Ship *La Belle Alliance*, on which Mr. Truscott embarked for the Cape of Good Hope.

১ জুন।

শ্রীযুত রামশরণ দাস ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে জিলা মিরটের ডেপুটি কালেকটর হইয়াছেন।

২ জুন।

শ্রীযুত টি পি উডকাক সাহেব গত মাসের ২২ তারিখঅবধি আগ্রার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। ঐ সাহেব অন্য হকুম নাহওনপর্য্যন্ত আলিগড়ের এক্টিং মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর আলেকজান্দর সাহেব আগ্রার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর বি মরগান সাহেব গত মাসের ২২ তারিখঅবধি হমিরপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

৫ জুন।

শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের দিল্লীস্থ এজেন্ট শ্রীযুত তামস থিয়োফিলস মেটকাফ সাহেব আগ্রায় অবস্থান করিয়া উক্ত তারিখঅবধি স্বীয় কর্ম্ম করিতে অনুমতি পাইয়াছেন।

সমাচার দর্পণ

শনিবার ২৪জুন ১৮৩৭।

ডেপুটি কালেক্টর।

পাঠক মহাশয়রা অবগত আছেন যে ১৮৩৩ সালের ৯ আইন প্রকাশহওনের পরঅবধি এতদ্দেশীয় অনেক হিন্দু ও মোসলমান মহাশয়েরা নানা জিলার তৎপদে নিযুক্ত হইয়াছেন এবং তাঁহারদের হস্তে যে বন্দোবস্তের কার্য্য ও অন্যান্য কার্য্য অর্পণ হইয়াছে তাহা অতিমনোযোগপূর্ব্বক নির্ব্বাহ করিতেছেন। সুতরাং গবর্ণমেণ্ট ইহা অবগত হইতে ইচ্ছুক আছেন যে তাঁহারা কিরূপ যোগ্য এবং কিপর্য্যন্ত কার্য্য নির্ব্বাহ করিয়াছেন। এইপ্রযুক্ত ঐ২ এলাকার কমিস্যনর সাহেব ও কালেকটর সাহেবেরদের প্রতি তত্তৎকার্য্যবিষয়ের রিপোর্ট করিতে আজ্ঞা দিয়াছেন। অতএব ডেপুটি কালেকটর মহাশয়রা এইক্ষণে বিবেচনা করিতে পারিবেন যে তাঁহারদের অতিসাবধান হইয়া কার্য্য করিতে হইবে যেহেতুক তাঁহারদের কার্য্যবিষয়ে বিশেষরূপ অনুসন্ধান হইবে এবং তাঁহারদের মধ্যে কেহ২ ইঙ্গরেজী বিদ্যালয়ে সুশিক্ষিত হওনপ্রযুক্ত তত্তৎকর্ম্ম প্রাপ্ত হইয়াছেন অতএব তাঁহারদের ইঙ্গরেজী বিদ্যার সম্ভ্রমাসম্ভ্রম একপ্রকার তাঁহারদেরই অধীন আছে।

বোর্ডের সেক্রেটরী সাহেব কমিস্যনর সাহেবেরদের নিকটে নীচে লিখিতব্য পত্র প্রেরণ করিয়াছেন তাহাতে বোর্ডের সাহেবেরদের অভিপ্রায় জ্ঞাত হইতে পারা যাইবে।

অমুক এলাকার রেবিনিউ ও সায়েরসায়েরী কমিস্যনর সাহেব বরাবরেষু।

ডেপুটি কালেকটরেরদের সংখ্যার অত্যন্ত বৃদ্ধি হওয়াপ্রযুক্ত সদর বোর্ড রেবিনিউ সাহেবেরা ইহা অত্যাবশ্যক বোধ করেন যে ডেপুটি কালেকটরেরদের রীতি চরিত্র গুণ ও তাঁহারদের কিপর্য্যন্ত উদ্যোগ হইয়াছে এবং সেই উদ্যোগের দ্বারা কিপর্য্যন্ত কৃতকার্য্যতা হইয়াছে ইত্যাদি তাবদ্বিষয় অবগত হন তাহা অবগত হইলে অত্যন্ত গুণোপেত ব্যক্তিরদের উচিত পুরস্কার প্রাপণার্থ তাঁহারা গবর্ণমেণ্টের সুগোচর করাইতে পারেন। এবং প্রত্যেক ব্যক্তির স্বাভাবিক গুণ বুদ্ধির তদনুরূপ বিশেষ২ কর্ম্মে নিযুক্ত করিতে পারেন।

২। অতএব গবর্ণমেণ্টের গত ২০ ডিসেম্বর তারিখের হকুমের অভিপ্রায়ানুসারে উক্ত অভিপ্রেত বিষয় সাধনার্থ নীচে লিখিতব্য যে বিধান নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহা প্রতিপালন নিমিত্ত এইক্ষণে আপনার প্রতি আদেশ করা যাইতেছে।

প্রথম। সামান্যতঃ ডেপুটি কালেক্টরেরদের কার্য্য বা বন্দোবস্ত বিবেচনাকরণের পর তাঁহারদের উপর কর্তৃত্বকারি সাহেব সেই কার্য্য যেরূপে নির্ব্বাহ হইয়াছে তদ্বিষয়ে আপনার অভিপ্রায় কমিস্যনর সাহেবের জ্ঞাপনার্থ লিখিবেন এবং কমিস্যনর সাহেব বোর্ডের সাহেবেরদের জ্ঞাপনার্থ তদ্বিষয়ে স্বীয় অভিপ্রায় লিখিবেন।

দ্বিতীয়। পূর্ব্ব সনে ভূমি বাজেয়াপ্ত বা বন্দোবস্তকরণ কার্য্য কিপর্য্যন্ত নির্ব্বাহ হইয়াছে তদ্বিষয়ে এবং আগামি শীতকালের কার্য্যের পাণ্ডুলেখ্যের বিষয়ে যে বার্ষিক রিপোর্ট দেওয়া যায় তাহাতে প্রত্যেক সাধারণ ডেপুটি কালেক্টর বৎসরব্যাপিয়া উক্ত কার্য্যে কিরূপে কালযাপন করিয়াছেন ও কত কার্য্য করিয়াছেন এবং সেই কার্য্য কিরূপে সম্পন্ন করিয়াছেন তাহা বিশেষ রূপে লেখা থাকিবে এবং আগামি শীতকালে কোন২ কার্য্যে নিযুক্ত থাকিতে তিনি মনোনীত হইয়াছেন তদ্বিবরণও লিখিতে হইবে।

তৃতীয়। যখন কোন সাধারণ ডেপুটি কালেকটরের কোন বিশেষ জিলাতে অধিক কাল কার্য্যকরণের আবশ্যকতা না থাকিবে তখন তাঁহার উপর কর্তৃত্বকারি কর্ম্মকারক সাহেব তদ্বিষয়ের এক রিপোর্ট কমিস্যনর সাহেবের নিকটে দিবেন এবং ঐ ডেপুটি কালেকটর স্থানান্তরে কর্ম্মে নিযুক্ত হওনের যোগ্য কি না এবং যোগ্য হইলে কি কার্য্যে নিযুক্ত করিলে সরকারের উপকার হইবে এই সকল বিষয় বোর্ডের সাহেবেরা বিবেচনা করিতে পারেন এতদর্থ তিনি ঐ ডেপুটি কালেকটরের কার্য্য ও গুণ ও স্বভাবাদির বিষয় বিশেষ রূপে লিখিবেন।

৩। এই সুযোগক্রমে আমি আপনাকে ইহা জ্ঞাপন করিতে আজ্ঞপ্ত হইয়াছি যে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে যে ডেপুটি কালেকটরেরা নিযুক্ত হন তাঁহারদের মনোনীত করণ বিষয়ে আপনি ১৮৩৩ সালের ৫ অক্টোবর তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত বিধ্যনুসারে কার্য্য করিবেন এবং আপনার অধীন কালেকটর সাহেবেরদিগকেও তদনুরূপ কার্য্য করিতে হকুম দিবেন।

(স্বাক্ষরীকৃত)

সি ই ত্রিবিলিয়ন

উপরি সেক্রেটরী।

সদর বোর্ড রেবিনিউ
ফোর্ট উলিয়ম ৬ জুন ১৮৩৭।

বর্ত্তমান বৎসরীয় নীল।

অনেককালের পর এইক্ষণে বর্ষারম্ভ হইল কিন্তু অধিক বিলম্বে হওয়াপ্রযুক্ত বোধ করি নীলের উদ্ভূতা হইতে পারিবে না। ত্রিহুতহইতে লেখে যে ঐ জিলাতে নীল এই বৎসরে ১২০০০ মোনের অধিক জন্মিবে না এবং সাধারণের এমত অনুভব হইয়াছে যে এই বৎসরে অপূর্ব্ব জলাভাবপ্রযুক্ত কলিকাতা রাজধানীর অন্তঃপাতি তাবৎ প্রদেশের মধ্যে ৮০০০০ মোনের অধিকোৎপাদন সম্ভাবনা নাই।

প্রাণহানি।

গত রবিবাসরীয় মাহেশের স্নানযাত্রা পলক্ষে অনেক লোকের প্রাণহানি হইয়াছে। শনিবারের রাত্রে একখান বজরাতে ৩৪ জন আরোহী ছিল ঐ বজরা কলিকা-

1st June.

Ram Surun Dass to be Deputy Collector in Zillah Meerut, under the Provisions of Regulation IX. of 1833.

2d June.

Mr. T. P Woodcock to be Joint Magistrate and Deputy Collector of Agra from the 22d ultimo. Mr. Woodcock will continue to officiate as Magistrate and Collector of Allyghur until further Orders.

Mr. R. Alexander to officiate as Joint Magistrate and Deputy Collector of Agra.

Mr. R. B. Morgan to be Joint Magistrate and Deputy Collector of Humeerpoor, from the 22d ultimo.

5th June.

Mr. Thomas Theophilus Metcalfe, Agent to the Lieutenant Governor at Delhi, is permitted to visit Agra, and to conduct the duties of his Office there for a period of fifteen days from this date.

SUMACHAR DURPUN.

SATURDAY, JUNE 24TH, 1837.

Deputy Collectors.

Our readers are aware that since the publication of Regulation IX. of 1833, a number of Native gentlemen, both Hindoos and Mahomedans, have been appointed to this office in the various districts, and are diligently employed on the settlements and other duties entrusted to them. Government are naturally anxious to ascertain their qualifications for those duties, and the manner in which the duty already executed has been performed; and have therefore directed the Collectors and the Commissioners to report upon these matters. The Deputy Collectors will therefore see, that there is a particular necessity for them to be on their guard, for their conduct will be strictly noticed. And as some of them have been appointed in consequence of the proficiency they made at the English seminaries, they will also see that the credit of English education is in some measure involved in their conduct.

The following letter from the Secretary of the Board to the Commissioners, explains the wishes and orders of the Board:—

To the Commissioner of Revenue for the division of ———.

Sir,—Owing to the large increase in the number of uncovenanted Deputy Collectors, it has become a matter of importance that the Sudder Board should be kept constantly informed in regard to their character and qualifications, and the extent and success of their exertions in the public service, with a view to enable the Board to bring distinguished merit to the notice of Government for its appropriate reward, and to employ each individual in the manner in which his particular qualifications are likely to be turned to the best account.

2d. You are therefore requested to observe the following rules which have been devised with a view to this object in the spirit of the Government orders of the 20th December last.

1st. On revising any settlement or other proceedings held by an uncovenanted Deputy Collector, his immediate superior shall record his opinion of the manner in which the duty has been performed for the consideration of the Local Commissioner, and the Local Commissioner shall in like manner record his opinion on the subject for the consideration of the Board.

2d. The Annual Division Reports, shewing the business that has been done in the *Department of Resumption* and settlement during the past year, and the plan of operations for the approaching cold season, shall contain particular mention of the manner in which each uncovenanted Deputy Collector has been employed during the past year as far as those departments are concerned, as of the quantity of work performed by him and of the manner in which he has performed it. It will also, of course, be stated how it is intended to employ him during the ensuing cold season.

3d. Whenever the services of an uncovenanted Deputy Collector are likely not to be much longer required in any Zillah, his immediate superior shall report the circumstance to the Commissioner with a particular detail of the services, qualifications and character of the Deputy Collector, with a view to enable the Board to judge whether he is deserving of employment elsewhere, and, if so, in what manner he may be employed with the greatest public advantage.

3d. I am also directed to take this opportunity of requesting, that, in making nominations of persons to be Deputy Collectors under Regulation IX. of 1833, you will yourself adhere, and require your subordinate Collector, to adhere, strictly to the rules published in the Government Gazette, dated Oct. 5, 1833.

I have the honour to be,
Sir,
Your most obedient Servt.
(Signed) C. E. TREVELYAN,
Additional Secretary.

Sudder Board of Revenue,
Fort William, June 6, 1837.

The Indigo Season.

The rains have at length set in, but too late, we fear, to benefit the Indigo crop of this season. They write from Tirhoot that the crop is not likely to exceed twelve thousand maunds; and an opinion prevails, that in consequence of the extraordinary draught, the entire crop of the season from all parts of this Presidency will not exceed 80,000 maunds.

Loss of Lives.

There appears to have been several instances of serious loss of lives on the river, in consequence of the bathing festival at Mahesh. On Saturday night,

তায় স্মিথ সাহেবের ঘাটে উল্টিয়া পড়াতে স্ত্রীসমেত দশ জন মারা পড়িয়াছে। রবিবার অপরাহ্নে মাহেশহইতে ৩ খান নৌকা পানিহাটিতে যাইতেছিল ইতিমধ্যে ঝটকা হইয়া বিশ ত্রিশ জন মারা পড়িয়াছে।

ঐ দিবসে শালিকাতে একখান তুলার নৌকা পুড়িয়া যাওয়াতে ১৫ জন মারা পড়িয়াছে।

কাপ্তান ফোর্থ।

সংপ্রতি কলিকাতায় কাপ্তান ফোর্থ সাহেবের মৃত্যুতে কিছু গোলযোগ হইয়াছে যেহেতুক তিনি মৃত্যুর কিঞ্চিৎ পূর্ব্বে মারিসন সাহেবের গুলি খাইয়াছিলেন কিন্তু শ্রীযুত করনর সাহেবের সমক্ষে তাঁহার শরীরের পরীক্ষা হইয়া চিকিৎসক সাহেবেরা এই নিশ্চয় করিলেন যে ইনি যদ্যপি মারিসন সাহেবের গুলি খাইয়াছিলেন তথাপি ওলাউঠা রোগেই মৃত্যু হয়।

নীলকর সাহেবের প্রতি অত্যাচার।

কৃষ্ণনগর জিলাতে এক জন নীলকর সাহেবের প্রতি অত্যন্ত চড়াউ হইয়া অত্যাচার হইয়াছে তদ্বিবরণ নীচে লিখিতব্য ইঙ্গলিসমেন সম্বাদ পত্রহইতে গ্রহণ করা গেল।

বর্ত্তমান মাসের ৭ তারিখে আমার নিকটবর্ত্তি এক নীলকর সাহেব রীতিমত এক জন গোমাস্তা সঙ্গে করিয়া অশ্বারোহণে স্বীয় ভূমির তদারক করত দেখিলেন আপনার পুরোবর্ত্তি কিঞ্চিদ্দূরে এক দল লাঠিয়াল জমা হইয়াছে। তাহারদিগকে দেখিয়া সাহেব বোধ করিলেন যে ইহারা আমার কিম্বা নিকটবর্ত্তি কোন কুঠীর লোক হইবে কোন শিকারকরণার্থ যাইতেছে অতএব তদ্বিষয়ে তাদৃশ মনোযোগ না করিয়া স্বীয় কর্ম্মে গেলেন কিন্তু কএক হাত গমনকরত দেখিয়া অত্যাশ্চর্য্য ও ভয় জন্মিল। ঐ সকল লোক তাঁহার প্রতি ধাবমান হইয়া ৫।৬ জন আসিয়া ঘোড়ার লাগাম ধরিল অবশিষ্টেরা খুনকরণাভিপ্রায়ে তাঁহাকে যষ্টির প্রহার করিতে লাগিল। যদ্যপি তিনি অত্যন্ত বলবান ও অশ্বারূঢ় না থাকিতেন এবং ঐ অশ্ব যদি তাহারদের আক্রমণে পলায়ন না করিত তবে অবশ্যই ঐ মূঢ় অসভ্য লোকেরদের হস্তে মারা পড়িতেন। অপিচ সোলার টুপি অধিক পুরু থাকাতেও সাহেবের প্রাণ রক্ষা পাইল ঐ টুপি দস্যুরদের প্রহারেতে ছিন্নভিন্ন হইয়া গেল। কিন্তু আমি অতিখেদপূর্ব্বক কহিতেছি যে তাঁহার বক্ষ ও বাহু ও অন্যান্য অঙ্গে অনেক আঘাত হইয়াছে। এইক্ষণে বক্ষস্থলীয় আঘাতে এমত যন্ত্রণা হইতেছে যে পরিশেষে কি হয় কহিতে পারা যায় না।

মারক।

গত সপ্তাহের মধ্যে শীঘ্র মারকের হ্রাসহওনবিষয়ক সম্বাদ পুনঃ২ আসিতেছে এবং বর্ত্তমান অতিগ্রীষ্মকাল যদ্যপি কৃষিকর্ম্মের অতিপ্রতিকূল তথাপি বোধ করি তদ্দ্বারা মারক শান্তহওনে একপ্রকার উপকার হইয়াছে।

ডাকাইতী।

জিলা নবদ্বীপে হুদানামক গ্রামে ফ্রান্সীয় এক ব্যক্তির কুঠীতে আট দশ দিন হইল অতিঘোর নিশীথে এক দল দস্যু

a native budgerow with 35 men on board was upset at Smith's Ghaut; of these 10, including women, were drowned. On Sunday afternoon in the squall which occurred, 3 boats which were proceeding from Mahesh to Penhatee were upset, and between 20 and 30 persons lost their lives.

A cotton boat was burnt at Sulkea by which 15 persons lost their lives.

Captain Forth.

The death of Captain Forth in Calcutta, has excited some little stir in consequence of his having taken Morrison's pills a little before his death; but upon an examination held before the Coroner, it was proved by medical men that although he had taken Morrison's pills, his death was occasioned by Cholera.

Assault on an Indigo Planter.

The following account of a brutal assault on an Indigo planter in the district of Kishnaghur, has been just published in the *Englishman*:—

"On the 7th instant, a neighbouring planter within four miles of me, in taking his usual morning rounds over his lands, in company with the Gomastah, perceived at a short distance a number of men, armed with bludgeons, collected in the neighbourhood of one of his villages, but under the impression that they were either his own or an adjacent factory's hill coolies on a hunting excursion, as is very usual amongst them, he took no further notice, but quietly proceeded on his business. He had not, however gone many yards, when, to his astonishment and dismay, the whole body rushed upon him, five or six seizing hold of his horse's reins, whilst the rest in the most murderous manner belaboured him with their bludgeons, and had it not been that my friend was mounted upon a very powerful horse, who broke loose from the assailants there is not the slightest doubt, but he would have fallen a victim to the fury of a misguided set of barbarians. As it was, he is indebted for the preservation of his life to the thickness of his sola hat, which was shivered by the blows. He has, I am sorry to say, however, received severe contusions on his chest, arms and other parts of his body, from the effects of the former of which he continues to suffer so severely, that it is impossible to say what the ultimate consequence to his health may be."—*From a Correspondent of the Englishman.*

The Plague.

Further accounts have been received during the week of the rapid subsiding of the Plague, and the present hot weather, which is so inimical to the agricultural interests, will not, by totally eradicating the infection, be wholly divested of good.

Dacoities.

The indigo factory of a French gentleman at the village called Hooda in Zillah Nuddeah was, in the dead of

পড়িয়া বহুসংখ্যক টাকা ও অন্যান্য সম্পত্তি লুটিয়া লইয়া গেল। কথিত আছে যে এই ব্যাপার যে রাত্রে হয় সেই রাত্রে সাহেব কুঠীতে ছিলেন না ইহাতেই বোধ করি দস্যুরদের এমত সাহস জন্মিয়া থাকিবে।

তাহার পূর্ব্বে কএক দিবস হইল ঐ জিলার নিমতলাগ্রামে এক মহাজনের বাটীতে ডাকাইতী হয় দস্যুরা কেবল যথাসর্ব্বস্ব লুট করিয়াছে এমত নহে কিন্তু তাঁহার গাত্রে পাটকোষ্ঠা জড়াইয়া আগুন দিল তাহাতে ঐ ব্যক্তি নিতান্ত মারা পড়ে নাই তথাপি সর্ব্বাঙ্গ দগ্ধ হইয়া অসহ্য যন্ত্রণা ভোগ করিতে হইয়াছে।

কয়লার নূতন আকর দর্শন।

শ্রীযুত হমফ্রি সাহেব শোণ নদের অঞ্চলে কয়লার আকর অন্বেষণার্থ প্রেরিত হইয়া কএক আকরের অনুসন্ধান ও পাইয়াছেন কিন্তু তিনি ঐ স্থানে গিয়া যাহা দেখিয়াছেন তন্মধ্যে অন্যান্য লোকের যাহাতে অধিক আহ্লাদ জন্মিতে পারে সে এই যে তথায় এক শ্রেণী চূণে পাতরের আকর পাওয়া গিয়াছে এমত স্থানের নিকটে নিয়তই কয়লার আকর থাকে।

কটক।

কটক ও তদঞ্চলে অত্যন্ত দুর্ভিক্ষ হইয়াছিল এইক্ষণে কিঞ্চিৎ ন্যূন হইয়াছে অতএব যাত্রিরদের যাদৃশ দুঃখসম্ভাবনা ছিল তাদৃশ হইবে না কেবল তীর্থকরণে সামান্যাপেক্ষা দ্বিগুণ খরচ হইবে তথাপি পথিমধ্যে জলকষ্ট হইবে এই আশঙ্কাতে অনেক যাত্রী ফিরে গিয়াছে। কটক জিলার কোনং স্থানে যৎপরোনাস্তি জল কষ্ট হইয়াছে।

খুনি মোকদ্দমা।

জিলা বেহারের সেসন জজ যে এক খুনি মোকদ্দমার বিচার করিয়াছিলেন সংপ্রতি তাহা সদর নিজামত আদালতে অর্পিত হয় তাহাতে আসামী দোষিকৃত হইয়া ফাঁসির হুকুম পাইয়াছে। ঐ মোকদ্দমার বৃত্তান্ত নীচে লেখা যাইতেছে।

যে মোকদ্দমায় মনোরথ সিংহ বাভন ফরিয়াদী ও ভয়রু সিংহকে জ্ঞানকৃত হত্যাকরণাভিযুক্ত সর্ব্বজিৎ সিংহ আসামী তাহাতে দৃষ্ট হইল জাতীয় বিষয়ে উভয় বিবাদির মধ্যে একটা বিরোধ হইয়াছিল। তৎপরে আসামী এক দিবস আপনার কুটুম্বেরদিগকে ভোজন করাইলেন এবং তাহাতে হত ব্যক্তি ও তৎপরিজনেরদিগকেও নিমন্ত্রণ করিয়াছিলেন কিন্তু তাঁহারা বিরোধ হইয়াছে বলিয়া ভোজনে গেলেন না। তৎপর দিবস প্রত্যূষে আসামী অস্ত্র শস্ত্র ধারণপূর্ব্বক অন্য চারি জনকে সঙ্গে করিয়া ফরিয়াদীর বাটীতে গিয়া কটুকাটব্য কহিতে লাগিলেন। অপর ঐ চারি জনের মধ্যে এক জনও অদ্যাপি ধরা পড়ে নাই এবং এক জনকে মাজিস্ত্রেট সাহেব খালাস দিয়াছেন। পরে ফরিয়াদী তাহারদের কুকর্ম্মের প্রতিফল দেওনার্থ উদ্যোগ করিতে লাগিলেন। তৎপ্রযুক্ত আসামী সর্ব্বজিৎ সিংহ বর্সার

night, about eight or ten days ago, stormed by a gang of dacoits, who carried away money and other property to a considerable amount. It is stated that on the night that the affair took place, the gentleman was absent from the factory; which circumstance must have encouraged the villains to commit the atrocity.

A few days ago, a dacoity was committed in the house of a *Mahajun*, at Nimtullah, Zillah Nuddea. The ruffians not only made themselves masters of all the poor fellow possessed, but set fire to his body, after rolling it up in joot. The man has, however, escaped death; but he was so dreadfully burnt, that his sufferings are almost insupportable.

Discovery of Coal Beds.

Mr. Homfray, who was lately sent to explore the coal district of the Soane, has made some further discoveries of coal beds; but the most interesting discovery he has reported, is the existence of a stratum of lias limestone of great extent, which is considered a sure indication of coal.

Cuttack.

The dearth of rice at Cuttack and its environs has lately decreased a little, and the distress to the pilgrims will not, in consequence, be so great as was feared. They will only be put to about twice the usual expense for their travelling. A number of pilgrims to Juggernath, however, have returned home for fear of accident from want of water on the way. In certain places within zillah Cuttack the want of water has been very severely felt.—*Beng. Her.*

Case of Murder.

A case of murder which had been referred by the Session Judge of Behar, was recently tried in the Sudder Nizamut Adawlut; the prisoner was found guilty and sentenced to be hanged. The following are the particulars of the case.

Munorut Sing Babhun, Prosecutor, versus Sarubjeet Sing, charged with the wilful murder of Bhyroo Sing.

It appears, that a previous disagreement existed between the parties regarding some matter relating to their caste; subsequently the prisoner gave an entertainment to his relations, &c. and the deceased and his relatives refused going to the party on the plea of the abovementioned disagreement. The following morning, the prisoner attended by 5 other persons, 4 of whom have not yet been apprehended, and one of whom has been subsequently released by the officiating Magistrate, went to the prosecutor's house, all armed, and commenced abusing him, which induced the prosecutor and the deceased to remonstrate with them on the impropriety of their conduct; the result of which was, that the prisoner Sarubjeet Sing, struck and wounded the deceased on the chest with a spear, which felled

দ্বারা তাহার বক্ষস্থলে আঘাত করণেতে ফরিয়াদী ভূমিতে পড়িল এবং হন্তা ব্যক্তির সহকারি যে ছত্রধর সিংহ অদ্যাপি ধৃত হয় নাই সে হত ব্যক্তির গলদেশে একটা অতিদারুণ আঘাত করিল তাহাতেই সে তৎক্ষণাৎ হত হইল। তৎপরে রঙ্গলাল সিংহনামক এক ব্যক্তি বর্সার দ্বারা ঐ শবের মস্তকে আঘাত করিল এবং জয়পাল সিংহনামক অপর এক ব্যক্তি ফরিয়াদীকে তলওয়ারের দ্বারা দক্ষিণ হস্তে আঘাতী করে।

আপীলী মোকদ্দমার ডিক্রী।

সংপ্রতি আগত পত্রের দ্বারা অবগম হইল যে যে মোকদ্দমায় কীর্ত্তিচন্দ্র রায় ও অন্যেরা আপেলাণ্ট এবং বঙ্গ দেশের গবর্ণমেণ্ট ও মোহিনীমোহন ঠাকুর রিস্পণ্ডেণ্ট সেই মোকদ্দমা এইক্ষণে শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের হুজুর কৌন্সেলে নিষ্পত্তি হইয়াছে তাহাতে সদরদেওয়ানী আদালতের বিচারই মঞ্জুর হইয়াছে। আপেলাণ্টেরদের মোকদ্দমা ১৩ জানুআরি তারিখে আরম্ভ হইয়া ঐ তারিখে ও ১৫।১৬ তারিখে তাঁহারদের কৌন্সলিরদের সওয়াল জওয়াবের শুনানি হয়। কিন্তু রিস্পণ্ডেণ্টের কৌন্সেলিরদিগকে ডাকও হয় নাই কেবল ১৮ জানুআরি তারিখে শ্রীযুক্ত বাদশাহের হুজুর কৌন্সেলের ডিক্রী শুনাইবার নিমিত্ত তলপ হয় তাঁহারদের আবেদন অগ্রাহ্য হইয়াছে

এই মোকদ্দমাবিবরণ শ্রবণেতে কলিকাতাস্থ এতদ্দেশীয় মহাশয়েরদের কিঞ্চিৎ অনুরাগ জন্মিয়াছে যেহেতুক ইহাতে অতিধানাঢ্য ঠাকুর বংশ্য অনেকে লিপ্ত আছেন।

আগ্রা বেঙ্ক।

আগ্রা বেঙ্কের সেক্রেটরী সাহেব ও আগ্রার শ্রীযুত গবর্নর সাহেবের মধ্যে সংপ্রতি এক লিখন পঠন হইয়াছে তাহার মর্ম্ম যে ঐ বেঙ্কের নোট চলন করা যায় বেঙ্কের প্রার্থনা আগ্রার কালেক্টরীতে যেমন টাকা গ্রহণ হয় তেমনি তাঁহারদের নোট গ্রহণ করা যায়। কিন্তু শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব এই বিষয়ে অত্যন্ত আপত্তি করেন এবং কোনপ্রকারে সম্মত নহেন। এইপ্রযুক্ত তাঁহারদের ঐ দরখাস্ত আগ্রার গবর্ণমেণ্টের দ্বারা কলিকাতারসুপ্রিম গবর্ণমেণ্টে অর্পণ হইয়াছে।

বেলুনারোহি শ্রীযুত রাবর্টসন সাহেব।

শ্রীযুত রাবর্টসন সাহেবের প্রত্যাশা ছিল যে আগ্রা শহরহইতে বেলুনারোহণ করিয়া প্রচুর অর্থোপার্জন করিবেন কিন্তু আগ্রা শহরস্থ লোকেরা তদনুরূপ অর্থ না দেওয়াতে ঐ প্রত্যাশা বিফল হইয়াছে। এইক্ষণে তিনি দিল্লীতে গমন করিয়াছেন ভরসা আছে যে ঐ মহা নগরীতে সফল হইতে পারিবেন।

গোবর্দ্ধন।

গোবর্দ্ধন হ্রদে প্রতিবৎসরে যাত্রি লোকেরা স্নান করিয়া থাকে তাহা এই বৎসরে মথুরার মাজিস্ত্রেট সাহেবের দ্বারা রহিত হইয়াছে। তাহার কারণ এই যে ঐ হ্রদের জল অত্যন্ত অস্বাস্থ্যজনক তাহাতে স্নাত ব্যক্তিরদের অতিশয় জ্বর হয়।

শিক ও আপগানীয়েরদের যুদ্ধ।

সংপ্রতি শিক ও আপগানীয়েরদের মধ্যে যে যুদ্ধ হইয়াছে তদ্বিষয়ে আমরা বারম্বার নানা বিবরণ প্রকাশ করিয়াছি কিন্তু তদ্বিষয়ে কুরিয়র সম্বাদপত্রহইতে নীচে লিখিতব্য যে বিবরণ গ্রহণ করিলাম তাহা পূর্ব্বপ্রকাশিত বিবরণাপেক্ষা প্রকৃত বোধ হয়।

রামনগরে শ্রীযুত সর হেনরি ফেন সাহেবের যাত্রার পর অবধি শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহের তাবৎ সৈন্য তত্র শিবির করিয়া থাকিল। তৎপরে অকস্মাৎ তাহারদের প্রতি হুকুম হইল যে তোমরা দুই দিনের রাস্তা এক দিন করিয়া পেসয়রের প্রতি চলিবা যেহেতুক রণজিৎ সিংহের সর্ব্বাপেক্ষা নিপুণ সেনাপতি হরি সিংহের অধীনে প্রদেশের মধ্যে যে শিক সৈন্যেরা নিযুক্ত আছে তাহারদের উপর হঠাৎ বার কি পনর হাজার আপগানীয় সৈন্য পড়িল। শিকেরা সংখ্যাতে বিপক্ষেরদের অপেক্ষা যদ্যপি ন্যূন তথাপি তাহারা সিংহের ন্যায় যুদ্ধ করিয়া আপনারদের পক্ষে যত লোক মারা পড়িল বিপক্ষেরদেরও তত লোক হত করিল কিন্তু দুর্ভাগ্যক্রমে ঐ রণস্থলে তাঁহারদের চারি জন সেনাপতি অর্থাৎ প্রধান সেনাপতি হরি সিংহ ও বিমান সিংহ ও মোফান সিংহ ও মান সিংহ মারা পড়িলেন। অন্যান্য বিষয়ে উভয়পক্ষে সমসংখ্যকই হত হইয়াছে কিন্তু শিকেরদের চারিটা তোপ যাওয়াতে আপগানীয়েরদের পক্ষে জয় দৃষ্ট হইল। ফলতঃ আপগানীয়েরদের এইপ্রকার জয় হওয়াতেও কিছু উপকার দর্শিল না যেহেতুক জেনরল আলার্ড তৎক্ষণাৎ পেসয়রের ইতস্ততঃ যে সকল সৈন্য ছিল তাহারদিগকে সংগ্রহ করিলেন। তৎপ্রযুক্ত আপগানীয়েরা পর্ব্বতে পলায়ন করিল এবং যদ্যপি তিনি কএক অশ্বারোহি রেজিমেণ্ট লইয়া তাহারদিগকে যুদ্ধে প্রবর্ত্ত করিতে উদ্যোগী হইলেন তথাপি আপগানীয়েরা প্রবৃত্ত হইল না। সুশিক্ষিত সৈন্য সম্মুখে দণ্ডায়মান হইতে তাহারা কদাচ ইচ্ছুক নহে এবং যদিস্যাৎ তাহারা জেনরল আলার্ড সাহেবের সঙ্গি সংপ্রতি এক মুষ্টিমিত কএক জন সৈন্যের সঙ্গে যুদ্ধে পরাঙ্মুখ হইল তবে জেনরল বেণ্টুরা ও জেনরল কোর্ট স্বং সৈন্য লইয়া জেনরল আলার্ড সাহেবের সঙ্গে মিলিলে কিরূপে টেঁকিতে পারিবে। অতএব আপগানীয়েরা জয়ী হইলেও তাহারদের পক্ষে কিছু ফলোদয় হইবে না। তাহারা অকস্মাৎ এক খেপ যুদ্ধ করিয়াই নিবৃত্ত হইয়াছে। এই বিবেচনা আরো এইপ্রযুক্ত দৃঢ় হয় যে রণজিৎ সিংহ যখন প্রথমতঃ এই বিভ্রাটের সম্বাদ শুনিলেন তখন স্বয়ং পেসয়রে গমন করিতে মনস্থ করিয়াছিলেন এইক্ষণে রোটকপর্য্যন্ত গিয়া স্থগিত হইয়াছেন।

ব্রাহ্মণ ও লার্ড হেষ্টিংশ।

লার্ড হেষ্টিংশ সাহেব যখন ভারতবর্ষের গবর্নর জেনরল ছিলেন তখন তিনি যেবিচার আচার করিতেন তাহার এক প্রস্তাব আমরা নীচে প্রকাশ করিলাম তৎপাঠে ভারতবর্ষস্থ লোকেরদের পরম সন্তোষ জন্মিবে।

বোম্বাইর পশ্চিম বারোদা স্থানে রাজবাটীর নিকটেই এক ব্রাহ্মণ বাস করিতেন। তাহাতে ঐ ব্রাহ্মণকে কথিত হইল যে রাজা তোমার এই বাটীখানি চাহেন ইহার পরিবর্ত্তে তোমাকে অন্য স্থানে এক বাটী দিবেন। ব্রাহ্মণ কহিলেন যে কোনপ্রকারে আমার এই পৈতৃক বাটী ত্যাগ করিতে পারিব না। তাঁহার ঐ আপত্তি গ্রাহ্য না করিয়া কহা গেল যে অবশ্যই তোমার বাটী দিতে হইবে। তিনি কহিলেন এ বড় অন্যায় তথাপি তাহা কেহ মানিল না। তাহাতে তিনি শ্রীযুত রেসিডেণ্ট সাহেবের নিকটে আত্ম বিষয় জ্ঞাপন করিলেন যে আমি ব্রাহ্মণ আমার প্রতি এক জন মহারাষ্ট্রীয় অধ্যক্ষ যে এই অত্যাচার করিতেছেন তাহার কারণ এই যে ব্রিটিস গবর্ণমেণ্টের সঙ্গে তাঁহার সম্পর্ক থাকাতেই তাঁহার এমত সাহস জন্মিয়াছে নতুবা আমার প্রতি এমত অন্যাচরণ করিতে তাঁহার ক্ষমতা হইত না।

him to the ground, and then one of his companions named Chutturdharee Sing, (who has not been apprehended) inflicted a severe wound in the throat of the deceased, which caused his immediate death, after which another man named Runglal Sing, wounded the corpse on the head, with a spear, and another man named Jypal Sing, then struck the prosecutor with a sword and wounded him on the right hand.—*Cour.*

Decision on the Appeal Case.

We learn by late letters that the case in which Kirteeschunder Roy and others were appellants, and the Bengal Government and Mohunnee Mohun Tagore respondents, has been decided by the Privy Council in England who have confirmed the decree of the Sudder Dewannee. The appellants opened their case on the 13th January, and on that day, the 15th and the 16th, their counsel were heard at length. The respondent's counsel were not called on, excepting to hear judgment on the 18th January, when the appeal was dismissed.

The case has excited considerable interest among some of the native gentry in Calcutta, especially as it was one in which certain members of the opulent family of the Tagores were concerned. —*Engl. June* 14.

The Agra Bank.

A correspondence between the Secretary of the Agra Bank and the Government of Agra on the subject of the Agra Bank's issuing a paper currency, and praying that their notes might be received by the Government equally with cash; has just been published but Sir Charles Metcalfe very strongly objects to this measure and refuses his sanction to it. The application has therefore been transmitted by the Government of Agra to the Supreme Government of Calcutta.

Mr. Robertson, the Æronaut.

The community at Agra have not fulfilled Mr. Robertson's expectations in raising sufficient money to enable him to make any ascent from that city. He has accordingly abandoned the idea, and proceeded to Delhi where he expects to meet with more ample encouragement.

Goverdhon.

The ablution annually performed by the Hindoos in the Tank of Goverdhon, has this year been interdicted by the Magistrate of Muttra in consequence of the unwholesome quality of water which communicates fever to those who bathe in it.

The Sikhs and Affghans.

We have given various accounts of the great battle which has recently taken place between the Affghans and the Sikhs; but the following account taken from the *Courier*, appears to contain the most correct narration of this event which we have seen:—

"The army of Runjeet remained encamped at Rumnaghur since the departure of Sir Henry Fane, when it received a sudden order to move by forced marches upon Peshawur, a son of Dost Mahommed Khan, with an Affghan force of 12,000 or 15,000 men, having fallen by surprise upon the Sikh troops stationed in that province under the command of Hurree Sing, the ablest of Runjeet's generals. The Sikhs, though very inferior in numbers to their enemy, fought like lions, and caused them as much loss as they sustained themselves; but they had the misfortune to have four of their own generals killed in the action, Huree Sing the General in command, Beman Sing, Moffan Sing and Maun Sing. In other respects, the slaughter on both sides was about equal; but the Sikhs also lost four guns; so that the victory was decidedly with the Affghans. But the latter derived no real advantage from it, even in its moral effect; for General Allard immediately assembled all the disposable force in the neighbourhood of Peshawur, and the Affghans retired into the mountains, cautiously avoiding to measure arms with him, though he has been manœuvering with some regiments of Cavalry to bring them out. They are evidently afraid to face regular troops, and as they refuse battle to a handful of men under Allard, it is not to be supposed they will shew much resistance to the force about to be brought against them, when Lieut. General Ventura and General Court shall have joined him. No important result is therefore likely to ensue from this victory of the Affghans. They have made a dash and the business is over. This opinion is strengthened by the circumstance of Runjeet's having stopt at Rotas without proceeding on to Peshawur, as he had intended to do when he received the first news of the disaster."—*Calcutta Courier, June* 15.

The Bramhun and Lord Hastings.

The following instance of the justice of Lord Hastings when he was Governor General of India, will be read with great interest by our native readers:—

A bramhun, an inhabitant of Baroda, occupied a house in the vicinity of the Rajah's residence. The man was told that the Raja required his house, and that he would be provided elsewhere. He represented that he could not think of parting with it. No attention was paid to his objections, and he was told that he must move. To his complaint of the injustice done to him no notice was taken. He repaired to the Resident, stating his case, and observing that the treatment exercised towards him, a bramhun, by a Marhatta chief, was owing to the confidence given him by his connection with British Government else he would not have dared to molest him.

পরে তাঁহাকে এই উত্তর দেওয়া গেল যে রাজা ও প্রজার মধ্যে কোন বিরোধ উপস্থিত হইলে আমি রেসিডেণ্ট হইয়া তাহাতে হস্তক্ষেপ করিতে পারি না। ব্রাহ্মণ কহিলেন যে আমি ব্রিটনীয়েরদের যাথার্থ্যের বিষয় অনেক প্রকার শুনিয়াছি কিন্তু তাঁহারদের ধর্ম্মের লক্ষণ যদি এই হইল তবে তাঁহারদিগকে ধার্ম্মিক কিরূপে কহা যাইতে পারে। আরো কহিলেন ইঙ্গলণ্ডীয়েরা বারোদা স্থানে থাকাতেই এই অনিষ্ট জন্মিতেছে অথচ তাঁহারা ইহার কোন প্রতিকার করিবেন না। আমি এইক্ষণে বোম্বাইতে গিয়া তথাকার গবর্ণমেণ্টের নিকটে এই বিষয়ে দরখাস্ত করিব। ফলে ব্রাহ্মণ তাহাই করিয়া শ্রীযুত এলফিনষ্টোন সাহেবের নিকটে আবেদন করিলেন কিন্তু তিনিও ঐ রেসিডেণ্ট সাহেবের ন্যায় উত্তর করিলেন।

তথাপি ব্রাহ্মণ ক্ষান্ত না হইয়া কলিকাতায় গমনপূর্ব্বক তাবৎ ভারতবর্ষের অধ্যক্ষের নিকট দরখাস্ত করিতে নিশ্চয় মনা হইয়া কহিলেন যে দেখিব ব্রিটিস গবর্ণমেণ্টের প্রশংসা সত্য কি মিথ্যা। পরে একটা ক্ষুদ্র টাটু ঘোড়া ক্রয়করত এবং রন্ধনার্থ এক চুল্লী ও তাহা পরিষ্কারার্থ মহারাষ্ট্রীয় এক ছোকরাচাকর সমভিব্যাহারে নির্ব্বিঘ্নে বারোদাহইতে কলিকাতায় পঁহুছিয়া বড় সাহেবের বাটীতে উপস্থিত হইলেন এবং রীতিমত লার্ড হেষ্টিংস সাহেব যেমন অশ্বারোহণার্থ বাহিরে আসিতেছিলেন তেমনি সম্মুখে দরখাস্ত ধরিলেন। অপর দরখাস্ত গ্রহণার্থ বড় সাহেবের সঙ্গে যে লোক ছিল তদ্দ্বারা ঐ দরখাস্ত গ্রহণ করিয়া কহিলেন যে দশ দিবস পরে ইহার উত্তর পাইবা। ইতিমধ্যে গবর্নর্ জেনরল লার্ড হেষ্টিংস সাহেব তাঁহার দরখাস্তের এই মর্ম্ম অবগত হইলেন যে অন্যায়গ্রস্ত এক ব্যক্তি বারোদার রেসিডেণ্ট এবং বোম্বাইর গবর্ণমেণ্টের স্থানে বিচার না পাইয়া বারোদাহইতে ঘোড়ায় চড়িয়া কেবল যথার্থ বিচার প্রাপণার্থ কলিকাতায় আসিয়াছে। পরে প্রত্যাগত হইয়া কহিলেন যে ঐ আবেদক ব্রাহ্মণকে আমার নিকটে আন। ব্রাহ্মণ আনীত হইয়া রেসিডেণ্ট সাহেবের নিকটে যাহা কহিয়াছিয়াছিলেন তাহাই কহিলেন যে বারোদাতে আপনারদের থাকাপ্রযুক্ত এই অনিষ্ট হইতেছে অতএব তাহার প্রতিকার করা আপনারদের উচিত। অপর গবর্নর্ জেনরল বাহাদুর সম্ভ্রান্ত বোধে এক জন চোপদারকে ডাকিয়া কহিলেন যে কলিকাতার মধ্যে আশ্চর্য্যজনক যে সকল বিষয় আছে তাহা এই ব্রাহ্মণকে দেখাও।

তাহার দুই দিবস পরে ব্রাহ্মণকে গবর্নর্ জেনরল বাহাদুর বোম্বাইর গবর্ণমেণ্টের প্রতি এক পত্র দিলেন। ঐ পত্রে লিখিত ছিল যে আপনারা বারোদার রেসিডেণ্ট সাহেবকে এইবিষয় তজবীজ করিতে হুকুম দিবেন এবং প্রার্থনাকারি দরখাস্তে যাহা লেখেন তাহা যদি সত্য হয় তবে গয়কবারের শ্রীযুক্ত রাজাকে ইহা কহিবেন যে এইবিষয় শুনিয়া আমার অত্যন্ত খেদ জন্মিয়াছে যে রাজ্যের মধ্যে অন্যায় প্রতিকার করা রাজার উচিত তাহা না হইয়া রাজা স্বয়ং অন্যায় করিতেছেন। আমি ব্রাহ্মণের তাবৎ বিবরণ শুনিয়াছি ব্রাহ্মণের প্রতি অন্যায়াচরণ হইয়াছে অতএব আমি ভরসা করি যথার্থ বিবেচনা করিলে রাজা ব্রাহ্মণের বিষয় তৎক্ষণাৎ ছাড়িয়া দিবেন। ব্রাহ্মণ ইহা শুনিয়া কহিলেন যে ব্রিটিস গবর্ণমেণ্টের অধিকারের মধ্যে সর্ব্বোপরিস্থ পদে যদি বিবেচক ব্যক্তি না থাকিতেন তবে বারোদা ও বোম্বাইতে আমি যেমন বিচার পাইয়াছিলাম তদ্রূপ এখানেও পাইতাম অতএব আমারদের শাস্ত্রে রাজবিষয়ক চরিত্র যেমন লেখে ব্রিটিস গবর্ণমেণ্ট তেমনি বটেন যথার্থ ব্যক্তি হইলেই যথার্থ কর্ম্ম করেন। অনবধান লোকহইতে উত্তরও পাওয়া যায় না কিছুই হয় না কুমতি ব্যক্তিই পেঁচে ফেলায়।

He was informed in reply, that "the Resident could not interfere between the Raja and his subjects." The bramhun said, he had heard a great deal of British justice, but if this was an example of it, he was sorry he should be obliged to dissent; for we had created an evil by our presence, and refused to apply a remedy. He would now go to Bombay, and petition the Government. He did so, and addressed Mr. Elphinstone, who gave him the same reply which he had received from the Resident.

Nothing daunted, he resolved to go to Calcutta, and present his petition to the head of the Indian Government, saying that he would try if the British Government really merited the name it had got. He purchased a tattoo and started, having only a Mahratta Coonbee with him, to make his fire place for cooking his meals and take care of his beast. He reached Calcutta in safety, and made his appearance at the door of the Government House, when Lord Hastings, as usual, in the morning, was about to mount his horse. His petition, amongst several others, was received by a gentleman who attended for the purpose, and who desired him to return after ten days for his reply.

Meanwhile, however, his Lordship had been made acquainted with the purport of the petition, and was struck with the usual circumstance set forth of the man's having rode from Baroda to Calcutta for justice, as he termed it, having been denied by the Resident and the Bombay Government to enquire even into his case. His Lordship desired, on his return, that the bramhun should be introduced to him, who repeated nearly the same remarks he had made to the Resident, stating that "if our presence was the cause of evil, we ought to apply a remedy." His Lordship seeing a very respectable looking man, desired a chobdar to show him every thing worth seeing in Calcutta.

Two days after, he received a letter addressed to the Bombay Government, which directed that authority to instruct the Resident at Baroda to enquire into the case, and if it was as stated by the petitioner to signify to the Guicowar, that His Lordship regretted that he who ought to prevent acts of injustice from being committed, should have shown an example of oppression. That his Lordship had been informed of this bramhun's case, and trusted, when he (the Raja) considered the injury which had been inflicted by him, the man's property would immediately be restored which was done. Now, said the bramhun, had there not been a man of good understanding at the head of the British Government I might have got the same reply which was given me at Baroda and at Bombay. Your Government, therefore, is like our own "a just man acts justly—an indifferent man gives you no reply, or will do nothing—an ill-disposed man will bring you into trouble;" and such is your.——

পত্রপ্রেরকের প্রতি।

হুগলিপ্রভৃতি জিলা আদালতের গ্লানির [illegible] পত্রচতুষ্টয় পাইয়াছি তাহা আমরা প্রকাশ করিতে অক্ষম হইলাম।

To Correspondents.

We have received four letters vituperating the Courts of Hooghly, which we refrain from publishing.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

১৫ জুন তারিখে সুপ্রিম কোর্টের বিচার আরম্ভ হইয়াছে সম্প্রতি যিনি রাজা প্রতাপচন্দ্র বলিয়া প্রকাশ পাইয়াছেন বর্ত্তমান বর্দ্ধমানাধিকারির বিরুদ্ধে কলিকাতার সম্পত্তি বিষয়ে তাঁহার মোকদ্দমার বিচার এই টরমেতেই হইবে কথিত আছে আট নয় দিবসে এই বিচার শেষ করিবেন।—জ্ঞানান্বেষণ।

গত সপ্তাহের এক্সচেঞ্জ গেজেট পত্রে আমরা দেখিলাম নীচে লিখিত বিজ্ঞাপন প্রকাশ হইয়াছে এই বিজ্ঞাপনের মধ্যে এতদ্দেশীয় লোকেরদের নিষ্ঠতার এক দৃষ্টান্ত আছে অতএব সর্ব্বসাধারণের গোচরজন্য আমারদিগের পত্রেও তাহার স্থান দান করিলাম যে সকল ক্ষুদ্রবুদ্ধি ইঙ্গরেজেরা লজ্জার মস্তক ভক্ষণ করিয়া কহেন এতদ্দেশীয় লোকেরদের নিষ্ঠামাত্র নাই তাঁহারা এই বিজ্ঞাপন দৃষ্টে কষ্ট জ্ঞান করিবেন।—ঐ।

বিজ্ঞাপন।

এক জন বেহারা পথের মধ্যে ৩০ টাকার একখানি মান্দ্রাজের বেঙ্ক নোট পাইয়া বিজ্ঞাপন প্রকাশ করিতেছে এই নোটের অধিকারী যদ্যপি নম্বর কহিতে পারেন তবে তৎক্ষণাৎ তাঁহাকে নোট দিবে কিন্তু এই বিজ্ঞাপনের খরচ তাঁহার দিতে হইবে এবং আশা করে ইহার কিঞ্চিৎ পারিতোষিক পাইবে।

চচুড়া।

পঞ্চতারের সরদার ফতে খাঁ ও দরবন্দের কর্ত্তা পায়ন্দ খাঁ যাঁহারদিগের অশিষ্টতা বিশিষ্টরূপে প্রকাশ আছে তাঁহারা শ্রীযুত রণজিৎ সিংহের সৈন্যগণকে যুদ্ধে নিযুক্ত দেখিয়া এই অবকাশে অটক নদী পার হইয়া স্বাধীনত্ব প্রকাশপূর্ব্বক লুট আরম্ভ করিয়াছেন ইহাতে যদি শীঘ্র রাজার সৈন্য প্রতিবাদী না হয় তবে ঐ দেশ একেবারে ছিন্নভিন্ন হইবে কিন্তু অধিক সংখ্যক সৈন্য আসিবামাত্রই দস্যুরা পলায়ন করিবে।—ঐ।

গয়লিয়র।

শ্রীমতী বাইজাবাইর পক্ষীয় মহারাষ্ট্রদেশস্থ তিন ব্যক্তি সুযোগ করিয়াছিল গয়লিয়রে পুনরায় গোল উপস্থিত করিতে কিন্তু শ্রীযুত মামা সাহেবের দ্বারা ধৃত হইবাতে এইক্ষণে কয়েদ হইয়াছে মহারাজ সিংহনামক সিপাহী গয়লিয়রের কারাগারে তিন মাস কয়েদ ছিল পরে স্বহস্তে তলবারাঘাতে প্রাণত্যাগ করিয়াছে এবং শ্রীযুত যুব রাজের সহিত মামা সাহেবের যে কিঞ্চিৎ অকৌশল ছিল শ্রীযুত কর্ণল জেকব সাহেব তাহা ভাঙ্গিয়া উভয়ের প্রণয় করিয়া দিয়াছেন।—ঐ।

Spirit of the Native Papers.

During the present term of the Supreme Court, which commenced on the 15th Instant, the case of ejectment brought by the ex-Raja of Burdwan against the present occupant of the Calcutta property alleged to be his, will come on, and, it is said, occupy the attention of the Court for at least eight or nine days.—*Gyan.*

During the last week we met with the following advertisement in the Exchange Gazette. We transfer this to our columns in order to make such examples of native honesty as generally known as they deserve. The sight of this advertisement is mortifying to those narrow minded Europeans, who are not ashamed to declare their conviction that there is not a single honest native in all India.

Found by a Bearer,

A Madras Bank note for 30 Rupees which will be restored to the Owner on his describing the No. and paying the expences of advertising. It is hoped, a small reward will also be given to the finder for his honesty.

Apply to the Printer.—*Ibid.*

Chuchhuzura.

Pavindu Khan, Dhurbund Walla, and Futteh Khan, Sirdar of Punchtar, who are celebrated as disorderly characters, now that the army of Runjeet Sing is engaged in war, have availed themselves of the fortunate opportunity, crossed the river Attock, raised the standard of rebellion, and commenced their depredations: unless some assistance or a regular force be quickly sent, the whole country will be depopulated: but on the first appearance of troops the rebels will disperse unless indeed the force be insufficient.—*Ibid.*

Gwalior.

Three Mahrattas, on behalf of the Baiza Bye, attempted to raise a disturbance at Gwalior lately. They were seized and confined by the Mama Sahib. A soldier named Muharaj Sing, who had been in confinement three months at Gwalior, destroyed himself by running a sword into his body. Colonel Jacob has succeeded in reconciling the Muharajah with the Mama Sahib: there had been some quarrels among them.—*Ibid.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

জিলা চব্বিশ পরগনার অন্তঃপাতি আনওয়ারপুর পরগনার মধ্যে মোং বারাসত নিবাসি ৺ রায় দেওয়ান রামসুন্দর মিত্রনামক এক ব্যক্তি অতিবড় ভাগ্যবন্ত দয়াশীল ধার্ম্মিক ছিলেন। সন ১২২৬ সালের মাহ শ্রাবণে

Correspondence.

To the Editor of the Durpun.

Some time ago there lived in the village of Barasut, in the Perqunnah of Anurpore, in the 24-Perguunahs, a very respectable wealthy and compassionate man, of the name of Dewan Ramsoonder Mittre. He

উত্তরাধিকারী দুই পুত্র রাখিয়া লোকান্তরগত হইলে ঐ দুই পুত্রের মধ্যে জ্যেষ্ঠ রায় নীলমণি মিত্র কনিষ্ঠ রায় প্রাণকৃষ্ণ মিত্র উভয়ে ঐক্যতায় কালযাপন করিয়া সন ১২৩৯ সালের ১০ বৈশাখে ঐ নীলমণি মিত্র আপন পুত্র রায় রসিকলাল মিত্রকে রাখিয়া পরলোকগত হইলে রসিকলাল মিত্র পিতার বিষয় সকল রীতিমত পিতৃব্যের সহিত ভোগদখল করিয়া আপন এক অবীরা স্ত্রী শ্রীমতী মতিসুন্দরী দাসীকে উত্তরাধিকারিণী রাখিয়া জ্ঞানপূর্ব্বক ৺ প্রাপ্ত হইলেপর ঐ অবীরা স্বামির যথাশাস্ত্র শ্রাদ্ধাদি ক্রিয়া করিয়া ঐ বারাসতের বাটীতে পীড়িতা হইলে স্বামির পিতৃব্য আপন সৌভাগ্য জ্ঞানে চিকিৎসার বৈপরীত্যকরণোদ্যোগী হওয়াতে ৺ ইচ্ছায় ঐ অবীরার পিতা কলিকাতার গরাণহাটানিবাসি শ্রীযুক্ত বাবু মৃত্যুঞ্জয় বসুজ প্রতিপালকবর মহাশয় ঐ ভবনে কন্যার সন্নিধানে গিয়া তথাকার ধর্ম্মকর্ম্ম মর্ম্ম বুঝিয়া ঐ কন্যাকে স্বভবনে আনিয়া যথোচিত চিকিৎসার দ্বারা সুস্থ করিয়া ঐ অবীরার স্বামির ধনাদি বস্তুসকল রক্ষণাবেক্ষণ করণাশয়ে সদর দেওয়ানী ইত্যাদির বিচারকর্ত্তারদিগের অনুমতিতে এক লক্ষ এক ত্রিশ হাজার টাকার জামীন দিয়া অছি মোকরর হইয়া সনন্দ প্রাপ্ত হইয়াছেন। ঐ মিত্র মহাশয় চতুরতা করিয়া নানাপ্রকার ব্যয় ভূষণের দ্বারা জিলা বেহারের শ্রীযুত জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট সন ১৮২৪ সালের ১৫ কানুনের মর্ম্মানুসারে আপন পক্ষে ডিক্রী করাণেতে অছি মহাশয় সেই ডিক্রীর প্রতি নারাজ হইয়া জিলা ছাপরার ১১ সংখ্যক শ্রীযুক্ত কমিসানর সাহেবের নিকট আপীল করাতে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কৃত ডিক্রীর অন্যথা হইয়া অছি মহাশয় অছিয়েতের বস্তুসকল দখল পাইবার এবং ঐ মিত্র ঐ অছিয়েতের বস্তুর প্রতি কোন মন্দাচরণ না করিতে পারিবার প্রতিজ্ঞাপত্র অর্থাৎ মোচলকা লওনের অনুমতি প্রদান করাতে জিলা বেহারের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক মোচলকার জন্য একেত্তা রুবকারি মোং বারাসতের শ্রীযুত জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট পঁহুছনেতে ঐ মিত্রমহাশয় মোচলকা না দিবার প্রার্থনায় ঐ ঐ জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট দরখাস্ত করাতে গত ৮ জুন তারিখে তাহা বিফল হইয়াছে তথাপি মিত্র স্বভাব পরিত্যাগ করেন নাই। বোধ করি ধনমদে মত্ত হইয়া বিবেচনা করিয়া থাকিবেন যে এইরূপ ব্যয় ভূষণের দ্বারা বেওয়াকে ফাঁকি দিয়া সুখে কালযাপন করিবেন। কিন্তু অপক্ষপাতি শ্রীলশ্রীযুক্ত মোং বারাসতের বর্ত্তমান জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাঁহার এরূপ গর্ব্ব খর্ব্ব হওনের সম্ভাবনা এবং উত্তরকালে বা কস্মিন্‌কালে উপস্বত্ত সম্বলিত তাবৎ বিষয় ঐ বেওয়াকে বুঝাইয়া দিতে হইবেক। তখন গাত্রে কর্দ্দম করিলে তাহাকে ছাড়িবেক না তখন ঐ উত্তরকাল কালস্বরূপ হইবেক কিমধিকমিতি।

কস্যচিৎ শ্রীউমেশচন্দ্র বসোঃ।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

মহাশয়ের পাঠকবর্গের স্মরণ থাকিবেক যে বৈশাখস্য চতুর্থ দিবসে আজিমাবাদ পরগনা বরোহানপুরের জমিদার মণ্ডলের দৌরাত্ম্যাদি বিষয়ক দর্পণে যে এক পত্র প্রকাশ হইয়াছিল। আমি আহ্লাদপূর্ব্বক কহিতেছি যে ঐ পত্র মধ্যে রাজু সেখদিগর অন্যায়গ্রস্ত প্রজারদিগের সদ্বিচারকরণবিষয়ক যে প্রার্থনা ছিল তাহা একপ্রকার সফল বটে। যেহেতুক সুবিজ্ঞ মাজিষ্ট্রেট শ্রীযুত পাটন সাহেব উক্ত রাজু সেখকে হজুর তলব করিয়া তাহার দ্বারা ঐ অত্যাচারের বিশেষাবগত হইয়া ঐ রাজু সেখের কহতপ্রমাণ ঐ অন্যায়গ্রস্ত প্রজারদিগের হজুরে তলব করিয়াছেন। ঐ তলব হুকুম হইবাতে উক্ত জমিদার আমলাদ্বারা এই চেষ্টা করিতেছেন যে যাহাতে উক্ত অন্যায়গ্রস্ত প্রজারা মাজিষ্ট্রেটের সম্মুখে অন্যায়সূচক কোন কথার উল্লেখ না করে এবং এজাহার না দেয় এবং কোন কেহ গাওয়া না দেয়। কিন্তু যদ্যপি মাজিষ্ট্রেট সাহেব জমিদারের তাবিয়ান লোক ও দুষ্ট দুর্ব্বল প্রজা যাহারা ফৌজদারী ও দেওয়ানী ও কালেক্টরীতে সর্ব্বদা সাক্ষ্য

died in 1226, in the month of Shrabun, leaving two sons, the youngest Roy Neelmonee Mittre, and the eldest Roy Prankrishna Mittre; they lived together in harmony till the year 1239, when the youngest died leaving a son, Russicklal Mittre, who continued to enjoy the property with his uncle, but soon after died, leaving his widow Motee Sounduree Dassee, his heir. The widow having performed his funeral rites, soon after became ill, when her husband's uncle deeming this a fortunate circumstance, gave advice contrary to that of the physician. Most happily at this time Baboo Mrittunjoy Bosoo, of Gurranhatta in Calcutta, the father of the widow, and a man of great benevolence, arrived at Barasut, and being made acquainted with all particulars, took her to his own residence and by good medical advice, restored her to health; and in order to watch over her property, petitioned the Sudder Dewaunee Adawlut, and having given 1,30,000 Rs. security, received a Sunnud of appointment as her guardian; but the Mittre Baboo most cunningly contrived, after a great expenditure of money, to obtain a decree from the Joint Magistrate of Behar in his own favour, according to Regulation XV. 1824, but her guardian being dissatisfied with this decree, appealed to the Commissioner of No. 11 at Chuprah, when the decree of the Magistrate was reversed, and the Guardian obtained a decree restoring him to the management of this property, and an order that the Mittre Baboo should bind himself to refrain from doing any thing to injure the property. Upon which the Magistrate of the district of Behar, in order to obtain such an engagement from the Mittre, sent a Roobokaree to the Joint Magistrate of Barasut; but the Mittre, instead of signing any agreement, presented a petition to the Joint Magistrate, which was set aside on the 8th June last. Yet the Mittre Baboo has not forsaken his evil disposition, but intoxicated with his wealth, hopes to deceive the widow, and to enjoy the property by exposing her to boundless legal expenses. But our impartial Joint Magistrate will probably bring down his pride, and oblige him at some future time to account for all the property to the widow; then, even if he clothe himself in dirt, the messengers of death will not leave him. And that coming period will be like the genius of destruction.

Oomeshchunder Bosoo.

To the Editor of the Durpun.

It may be in the recollection of your Readers, that on the 4th Bysack, a letter was published in the Durpun relative to the oppressions of the Mundle Zemindars in the Pergunnah of Azimabad. I now inform you with great joy, that the prayer contained in that letter, that justice might be done to Rajoo Sheikh, and the other oppressed people, has been in one respect successful, for our worthy Magistrate, Mr. Paton, called Rajoo Sheikh before him, and being made acquainted with all the particulars, summoned the oppressed people into his presence. On the issue of this order, the Zemindar is endeavouring, through means of the Amlahs, to prevent the oppressed declaring their grievances before the Magistrate, or making any declaration to that effect, or giving any evidence whatever. But if our worthy Magistrate would take care that those who come before him are not men under the

দের এমত লোকভিন্ন উপরি লিখিত গ্রামস্থ যোত্রাপন্ন মাতবর ধার্ম্মিক অমুং প্রজারদিগের হস্তে গঙ্গাজল দেওয়ান এবং আপন সম্মুখে জোবানবন্দী লন। তাহা হইলে কখন কোন মতে ছাপাইতে পারিবেক না গরীব প্রজারা জমিদারের প্রহারের ভয়ে ও অন্যং দৌরাত্ম্য ভয়ে কেহই অত্যাচারবিষয়ের বিবরণ কখন সুব্যক্ত করিতে পারিবেক না তাহাতেই জমিদারের কুকর্ম্মকরণে শঙ্কা হয় না। সবিশেষ থানা তাজিবাটের সরহদ্দের শুকদেবপুর ও শ্রীকৃষ্ণপুরদিগর গ্রামে তথ্যানুসন্ধানদ্বারা তদারক হইলে বিস্তারিত প্রকাশ হইতে পারে। যেহেতুক ঐ জমিদারের ঐ সকল গ্রামে অতোধিক দৌরাত্ম্য হইয়াছে। যৎকালীন শ্রীযুক্ত বারওয়েল সাহেব মাজিষ্ট্রেট ছিলেন তৎকালীন ঐ জমিদার কুকর্ম্মনিমিত্ত তিন বৎসর মিয়াদ খাটিয়াছেন তথাচ জমিদারের দৌরাত্ম্যে পল্লিগ্রামে দীন দুঃখির বাস করা ভার হইয়াছে। তাহার এক দৃষ্টান্ত উপরি লিখিত বরোহানপুরনিবাসি শ্রীচরণ সাউনামক এক ব্যক্তি তিলিজাতি তদন্যায়ে ইমারত ঘর ত্যাগ করিয়া পলাইয়া গিয়াছে। এবম্প্রকার ঐ জমিদারের অধিকারস্থ প্রজা অনেকেই ধন প্রাণ জাতি রক্ষানিমিত্ত পলাইয়া যাইতেছে। এই সকল অত্যাচারের বৃত্তান্ত আমি অবগত হইয়া ইহার নিরাকরণ অন্য কোন উপায় না পাইয়া সম্বাদপত্র দ্বারা অতিসবিবেকপ্রযুক্ত মাজিষ্ট্রেট শ্রীযুক্ত পাটন সাহেবের প্রতি এই প্রার্থনা করিতেছি যে যদ্যপি তিনি উপরি উক্ত বিষয়ে বিশেষ মনোযোগী হইয়াছেন তথাচ আমার ক্ষুদ্র বুদ্ধিদ্বারা এই যুক্তিসিদ্ধ হয় যে ঐ অন্যায়গ্রস্ত হতভাগ্য প্রজারা অত্যন্ত ভীতনিমিত্ত যাহারদিগের হজুর তলব হইয়াছে তাহারা জমিদারের ভয়ক্রমে অন্যায়সূচকের হজুর এজাহার দিবে না। কেননা ঐ এজাহার দিলে জমিদার অনিষ্ট করিতে ত্রুটি করিবেক না ইহা সকলের দৃষ্ট প্রচরদ্রূপ আছে। অতএব প্রার্থিত যে উপরি লিখিত গ্রামস্থ চৌহদ্দির নিকটবর্ত্তি গ্রামস্থ মাতবর প্রজারদিগকে হজুর তলব করিয়া গঙ্গাজল হস্তে দিয়া এতদ্রূপ জিজ্ঞাসিত হয় যে রাজু সেখ জমিদারের গোমাস্তাদিগের নামে ধান্যাদি লুঠ তরাজ সববে ফৌজদারীতে নালিস করিয়াছিল আর ঐ মোকদ্দমায় যাহারা ঐ রাজুর পক্ষে সাক্ষ্য দিয়াছিল তাহারদিগের ঐ কারণ জমিদার দণ্ডিত করিয়াছেন কি না আর জমিদারের গোমাস্তা ঈশানচন্দ্র ঘোষ যাহার ঐ লুঠ তরাজে তিন মাস মিয়াদ হুকুম হইয়াছে ঐ ঘোষমহাশয় মিয়াদ না খাটিয়া জমিদারের কথানুসারে গোপনে আছে ইহা তাঁহারদিগের জাতসার কি না। প্রজারদিগের শরীরে শাস্তি ও নির্দ্দয়তা প্রহার ও ছলে কলে অন্যায় খনাহগার ইত্যাদি আত্যন্তিক দৌরাত্ম্য ঐ জমিদার করিয়াছেন ইহা তাঁহারদিগের বিদিত আছে কি না এতদ্রূপ জিজ্ঞাস্য হইলে সকল অন্যায় আচরণ সুব্যক্ত হইয়া জমিদারের জুলুম হজুরে মালুম হইবেক।

ভবানীপুরনিবাসি দর্পণপাঠকস্য।

influence of the Zemindar, or professional witnesses, who make a trade of giving evidence in the Criminal, Civil and Fiscal Courts, but substantial people from the village, and if such men are obliged upon oath to give their depositions in his presence, the matter cannot be concealed. The poor villagers, through fear of being beaten by the *Zemindar*, and of other oppressions, will scarcely venture to unfold their grievances, and thus the Zemindar will enjoy impunity. More particularly, if an examination were made in the Thannah of Tajebatee, and Sookdebpore, and Krishnapore, every thing would be made known, for those places have been the scene of particular oppression. In the time of Mr. Barwell, our Magistrate, the Zemindar was three years in confinement for his oppression, and yet the poor people in the villages can scarcely live for his injustice. As one proof of this I would state, that Shreechurun Sahoo, an oilman of Borhanpore, through these oppressions, has forsaken even his pucka house, and fled. In this manner, many individuals, in order to preserve life, property, and caste, have taken to flight. Being well acquainted with these proceedings, and seeing no other means of preventing them, I have adopted the plan of making them known through your paper, and would now humbly represent to Mr. Paton that although he has taken in hand to redress those grievances, yet in my humble opinion, it appears certain that those terrified and oppressed people, who have been summoned to his presence, will scarcely venture, through fear of the Zemindar, to depose about their own grievances, for every one knows that the Zemindar will not fail, amply to revenge himself upon those who may make these depositions. I would therefore beseech that the substantial householders of the neighbouring villages may be summoned to the presence, and dipping their hands in Gunga jol, be constrained to declare whether Rajoo Sheikh did complain in the criminal court about the plunder of his rice by the Gomastah of the Zemindar, and whether the Zemindar did not oppress all those who ventured to give evidence, and whether Eeshanchunder Ghose, the Gomastah of the Zemindar, was not ordered to be confined for three months on account of that oppression, and whether the Ghose, instead of being confined, was not kept in concealment by the contrivance of the Zemindar. Let it further be enquired of them whether they do not know that the people have been punished and even beaten, and whether they have not been fined unjustly in every way, and have suffered every injustice from their Zemindars. On such enquiries, all these scenes of injustice and oppression will be at once unfolded.

A Reader of the Durpun
Resident at Bhuwaneepore.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৷৶	ঐ
২ ক্লাস	৷৷০	৷০	ঐ
৩ ক্লাস	৩৸০	৷০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৷০	১৪৷৷০	ঐ
৪ টাকার লোন	২	২৷০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Of 5 Per Cent loan,					
1st. Class,	0	2	0	6	
2d. Class,	0	¼	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	3	0	Disct.

Bank Shares.

Bank of Bengal............... Co's. Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৪৬ সংখ্যা। বালম ১৯।] ১ জুলাই ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১৯ আষাঢ়। SATURDAY, JULY 1ST. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1146. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [*Price—1 Rupee monthly.*

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO.

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় মৃত রাজা শিবচন্দ্র রায়ের ইষ্টেটের রিসিবর শ্রীযুত এলিয়ট মেকনাটন সাহেব ও অন্যেরা ফরিয়াদী এবং মৃত বিশ্বনাথ ঘোষের মরণোত্তর টর্নি রামধন ঘোষ আসামী ঐ মোকদ্দমায় সুপ্রিম কোর্টে গত ২ দিসেম্বর তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি ১৯ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে উপরিউক্ত কোর্টে আমার দপ্তরখানায় ডিক্রীর হুকুমঅনুসারে নীচে লিখিতব্য বিষয় পবলিকসেলে বিক্রয় করিব।

লাট নং ১। কলিকাতার শহরতলি ইটালিতে এক খণ্ড বাগাং ভূমি অনুমান ৩০/ ত্রিশ বিঘা।

লাট নং ২। কলিকাতার শহরতলি মৌজে শ্রীরামপুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাং ভূমি অনুমান ৪৸২ চারি বিঘা নতর কাঠা।

লাট নং ৩। কলিকাতার শহরতলি মৌজে মঠপুকুরে মঠপুকুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাং ভূমি ৩৪/ চৌত্রিশ বিঘা। ঐ ভূমি দেবোত্তর বলিয়া গোপীনাথ ঘোষের যাবজ্জীবন দখলে থাকিল।

লাট নং ৪। কলিকাতা নগরের কলিঙ্গাতে এক খণ্ড ভূমি ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং ৫। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১৷১৸০ এক বিঘা এগার কাঠা বার ছটাক।

লাট নং ৬। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১ এক বিঘা।

লাট নং ৭। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ৸৪ উনিশ কাঠা।

লাট নং ৮। টেঙ্গরাতে এক খণ্ড ভূমি অনুমান ২।১ দুই বিঘা ছয় কাঠা।

লাট নং ৯। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ২ দুই বিঘা।

লাট নং ১০। কলিকাতার শহরতলি দলন্দরে এক খণ্ড ভূমি অনুমান ৸১ ষোল কাঠা।

লাট নং ১১। কলিকাতা নগরের জানবাজারে নীলমণি হালদারের বাটী বলিয়া বিখ্যাত যে এক ভদ্রাসন বাটী এবং

ইশতেহার।

তাহার সঙ্গে যে এক খণ্ড ভূমি অনুমান ৸৪।৶ উনিশ কাটা সাত ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চারি অংশের এক অংশ বিক্রয় হইবেক।

উপরিউক্ত সকল লাটের বিশেষ বৃত্তান্ত ফরিয়াদীর উকীল শ্রীযুত মাগ্রিন সাহেবের নিকটে অথবা মাষ্টর আফীসে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আফীস
১৩ জুন ১৮৩৭।

রিসিবর আফিস।

জায়দাদ ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় শ্রীমতী ভবসুন্দরী দেবী ফরিয়াদী ও রামচন্দ্র হালদারদিগর আসামী সেই মোকদ্দমায় সন ১৮৩৭ সালের ২৯ মে তারিখের সুপ্রিম কোর্টের হুকুমপ্রমাণ শ্রীযুত এলিএট মেকনাটন সাহেব ৺ কালীচরণ হালদারের ইষ্টেটের নীচের লিখিত জায়দাদের রিসিবর মোকরর হইয়া ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব আগত ৩ জুলাই সোমবার বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফিসে ঐ জায়দাদ এক খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজারার মেয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন ইজারার সরং ও ব্যাওরা রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

জায়।

জিলা ২৪ পরগনার পরগনা কিসমত সা পুরের তালুক আবাদ রামলোচনপুর শ্রীকৃষ্ণনগর ও লক্ষ্মীনারায়ণপুরের ও পরগনা কিসমত ভেতে গড়ের মৌজা শিবগঞ্জ ও দেয়ানজানপুর তালুক হরিপুর মৌজা অম্বিকা নগর ও কৃষ্ণশরণপুরের মৌজির জমি আন্দাজি ১২০০০ বারো হাজার বিঘা।

রিসিবর আফিস।
তারিখ ২৮ জুন ১৮৩৭ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৬ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানার প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব ঈশ্বরচন্দ্র দাস ও গিরীশচন্দ্র দাস ও বৈকুণ্ঠনাথ বসু ও শ্রীমতী পারিজাত দাসীর বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ ১। কলিকাতা নগরের বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১১০ এগার কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হ

ইশতেহার।

উক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২। এবং পূর্ব্বোক্ত বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷১ এগার কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩। এবং কলিকাতা নগরের রাণীমুদির গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২।৶ সাত কাঠা দশ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪ এবং পূর্ব্বোক্ত রাণীমুদির গলির শামিল ও তন্মধ্যস্থিত শেষোক্ত বাটীর লাগাও যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১৵ এক কাটা দুই ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫। এবং পূর্ব্বোক্ত রাণীমুদির গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৭ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/।০ এক বিঘা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৬। এবং কলিকাতা নগরের লালবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৪ নয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৭। এবং কলিকাতা নগরের এমামবাগ গলির শামিল ও তন্মধ্যস্থিত যে দুই দো

ইশতেহার।

তালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৭ ও নং ১ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাটা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮। এবং কলিকাতা নগরের এমামবাগ গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১৶ এক কাঠা তিন ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৯। এবং কলিকাতা নগরের মলঙ্গার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৫৫ অনুমান ৷৷০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১০। এবং মাছুয়াবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক পাকা গুদাম নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪৷৷০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১১। এবং কলিকাতা নগরের বৈঠকখানার রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১১২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫.০ পাঁচ বিঘা পাঁচ কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১২। এবং পূর্ব্বোক্ত বৈঠকখানার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ১১৩ অনুমান ২/২৷৷৶ দুই বিঘা দুই কাঠা এগার ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৩। এবং কলিকাতা নগরের ছাতা

ওয়ালা গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২০ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৪। এবং পূর্ব্বোক্ত ছাতাওয়ালা গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ১৪ অনুমান ৪।৮১/ চারি বিঘা সাত কাঠা এক ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৫। এবং কলিকাতানগরের বাঞ্ছারাম অক্রূরের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৮০॥৴ এক বিঘা পনর কাঠা দশ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৬। এবং কলিকাতানগরের শাঁখারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫০ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৪/ ০ চারি বিঘা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্রদাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৭। এবং পূর্ব্বোক্ত শাঁখারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৪৫ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২৮০ সাত কাঠা বার ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামীগিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৮। এবং কলিকাতানগরের সূতালুটিতে কবরডাঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বৈকুণ্ঠনাথ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৯। এবং পূর্ব্বোক্ত শাঁখারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫৩।৫৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি ও এক খড়ুয়া ঘর ভূমি অনুমান ॥৩ তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২০। এবং পূর্ব্বোক্ত শাঁখারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৪১ অনুমান /৩।০ তিন কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ওতাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২১। এবং পূর্ব্বোক্ত শাঁখারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ পতিত ভূমি নং ৬৩ অনুমান ৪৴ নয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২২। এবং কলিকাতা শহরতলীতে ইঁড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ১৫/.৩ পনর বিঘা তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী গিরীশচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২৩। এবং কলিকাতানগরের মুরগিহাটাতে আমড়াতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বৈকুণ্ঠনাথ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ও অংশ আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সেক গোলাপ হোসনের বাটী ও ভূমি। উত্তর দিগে আমড়াতলার গলি। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত বৈকুণ্ঠনাথ বসুর অপর এক বাটী ও ভূমি। পশ্চিম দিগে এবরাহাম মাঙ্গল সাহেবের বাটী ও ভূমি।

২৪। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১. ০ এক বিঘা দশ কাঠা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বৈকুণ্ঠনাথ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ও অংশ আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সেক গোলাম হোসেনের বাটী ও ভূমি। উত্তর দিগে আমড়াতলার গলি। পূর্ব্ব দিগে কোম্পানির নর্দমা। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত বৈকুণ্ঠনাথ বসুর অপর এক বাটী।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৬ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সূতালুটিতে যোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী রাধাকিশোরী দাসী কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চুনিলাল দাসের বাটী ও ভূমি। পশ্চিম দিগে আসামীর দিগের গুদাম। দক্ষিণ দিগে যোড়াবাগানের রাস্তা। উত্তর দিগের এক অংশে নবকুমার বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি। অপরাংশে পূর্ব্বোক্ত আসামীদিগের বাটী ও ভূমি।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকর্ম্মিত গুদাম নং ১৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৸০ এক বিঘা পনর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও দক্ষিণ দিগে সদর রাস্তা। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীরদিগের বাটী ও ভূমি। উত্তর দিগে নবকুমার বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি।

৩। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩/।০ আট কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীদিগের ভূমি। পশ্চিম দিগের অম্বরী কাটমার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে তারিণী চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে রাস্তা।

৪। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে পূর্ব্বোক্ত আসামীদিগের ভূমি। পূর্ব্ব দিগে ৺ রাজা গোপীমোহন দেবের ভূমি। দক্ষিণ দিগে তারিণী চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে রাস্তা।

৫। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টকনির্ম্মিত প্রাচীরে বেষ্টিত এক খড়ুয়া ঘর এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইতী ভূমি অনুমান /২॥০ দুই কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চুনিলাল দাসের বাটী ও ভূমি। পশ্চিম ও দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত আসামীরদের বাটী ও ভূমি। উত্তর দিগে গলি।

৬। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২১ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /২॥০ দুই কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চুনিলাল দাসের ভূমি। পশ্চিম দিগে লক্ষ্মীনারায়ণ সাহের বাটী ও ভূমি। উত্তর দিগে মোহন সাহের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গলি।

৭। এবং জিলা চব্বিশ পরগনার খিদিরপুরের ওয়াটগঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে রাস্তা। পশ্চিম দিগে টিক সাহেবের গুদি। পূর্ব্ব দিগে প্যারীলাল মণ্ডলের ভূমি উত্তর দিগে পূর্ব্বোক্ত আসামীরদিগের ভূমি।

৮। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৬ ছয় বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্য ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তেরযে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত আসামীরদের গুদাম। উত্তর দিগে আদিগঙ্গা। পূর্ব্ব দিগের এক অংশে টিক সাহেবের ভূমি। অপরাংশে প্যারীলাল মণ্ডলের ভূমি। পশ্চিম দিগে মদন দত্তের ভূমি।

৯। এবং পূর্ব্বোক্ত জিলায় মিঠা পুষ্করিণীতে বচ বেড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক বন্দ বাগাৎ ভূমি অনুমান ৮॥০ সাড়ে আট বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসী

মাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কোম্পানির রাস্তা। দক্ষিণ দিগে কালীশঙ্কর ঘোষালের বাগাৎ ভূমি। পূর্ব্ব দিগে কমল মুখোপাধ্যায়ের বাগাৎ ভূমি। উত্তর দিগে তারাচাঁদ ঘোষের বাগাৎ ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৬ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত জর্জ মনি সাহেব তাজন বিবির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের কসাইটোলায় এমামবাটীনামে বিখ্যাত বাটীতে যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৸০ এক বিঘা পনর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং ঐ বাটীর উত্তরাংশে রাইয়তী ভূমি আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী তাজন বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে জফর চোপদারের এমাম বাটী পূর্ব্ব দিগে খয়রু মেতরের গলি। দক্ষিণ ও উত্তর দিগে সরকারী রাস্তা।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান /১৷৷০ দেড় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী তাজন বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্ব দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হাজিনুরুল্লার বাটী ও ভূমি। পশ্চিম দিগে যে বাটী পূর্ব্বে লাম সাহেবের নীলাম ঘর ছিল।

৩। এবং কলিকাতানগরে লালবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গুদাম নং ১ ও এক খড়ুয়া ঘর এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩।০ সাড়ে তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী তাজন বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রামুপালের বাটী ও ভূমি। উত্তর ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে ওয়াইট সাহেবের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১০ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কগেল সাহেব মৃত রায় গিরিধারী লাল বাহাদুরের বিধবা স্ত্রী অথবা উত্তরাধিকারিণী উমাকুমার বিবির বিরুদ্ধে বেন্দিসিয়োনি এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা করিবেন।

বিশেষতঃ ভাগলপুর জিলায় চই পরগনাতে সুবর্ণার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী নিজ সুবর্ণা ও শিবপুর ও মথুরাপুর ও ময়জন্মা ও বরনারপুর তাহার অর্দ্ধেক অংশে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত রায় গিরিধারী লালের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর কেলদবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৯ জুন ১৮৩৭।

নীচে লিখিতব্য আইনের পাণ্ডুলেখ্য ১৮৩৭ সালের ১৯ জুন তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পঠিত হইল।

১৮৩৭ সালের —— নং আক্ট।

হুকুম হইল যে যে কোন ব্যক্তি ঠগ ব্যাপারের দ্বারা খুনকরণবিষয়ে অভিযুক্ত কিম্বা ঠগের দলভুক্ত থাকনের অভিযুক্ত হইয়া ১৮৩৬ সালের ৩০ আক্টের অনুসারে দণ্ডার্হ হয় সে ব্যক্তিকে ইষ্টইণ্ডিয়া কোম্পানির অধিকারের কোন মাজিস্ত্রেট সাহেব যে ফৌজদারী আদালতে উক্ত প্রকার অপরাধের তজবীজ হইতে পারে সেই আদালতে বিচারার্থ অর্পণ করিতে পারেন।

হুকুম হইল যে যে আইনের পাণ্ডুলেখ্য এইক্ষণে পঠিত হইল তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত পাণ্ডুলেখ্য আগামি ১৮৩৭ সালের ৩১ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

19th June, 1837.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 19th June, 1837 :

Act, No. —— of 1837.

It is hereby enacted, that any person charged with Murder by Thuggee, or with the offence of having belonged to a gang of Thugs, made punishable by Act No. XXX. of 1836, may be committed by any Magistrate or Joint Magistrate within the Territories of the East India Company for trial before any Criminal Court competent to try such offences.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 31st day of July, 1837.

W. H. Macnaghten,
Sec. to the Govt. of India.

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৯ জুন ১৮৩৭।

নীচে লিখিতব্য আইনের পাণ্ডুলেখ্য ১৮৩৭ সালের ১৯ জুন তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পঠিত হইল।

১৮৩৭ সালের —— নং আক্ট।

হুকুম হইল যে যে কোন ব্যক্তি কোন অপরাধে দোষীকৃত হইলে তৎপ্রযুক্ত কোম্পানি বাহাদুরের রাজ্যের মধ্যে কোন আদালতে দেওয়ানী বা ফৌজদারী মোকদ্দমায় যে কোন সময়ে সাক্ষ্য দেওনের অযোগ্য হইবে না।

হুকুম হইল যে যে আইনের পাণ্ডুলেখ্য এইক্ষণে পঠিত হইল তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত পাণ্ডুলেখ্য আগামি ১৮৩৭ সালের ৩১ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

২১ জুন ১৮৩৭।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ অন্সলো সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখে ইঙ্গলণ্ড হইতে কলিকাতা রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

শ্রীযুত এড্বার্ড এম উইলি সাহেব কোম্পানির কেরাণি হইয়া বর্ত্তমান মাসের ১৯ তারিখে এতদ্দেশে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

২০ জুন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর ট্রটর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা নবদ্বীপের একটিং উপরি জজ হইয়াছেন।

শ্রীযুত জে এস মে সাহেব নবদ্বীপের সন্নিহিত নদীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়াছেন।

শ্রীযুত বাবু হরিকিশোর রায় বাহাদুর ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা ত্রিপুরার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত সৈয়দ গোলাম হয়দর বাহাদুর ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা পাবনার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

৩ জুন।

শ্রীযুত জর্জ ব্লাণ্ট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত আগ্রার একটিং মাজিস্ত্রেট ও কালেক্টর হইয়াছেন।

৬ জুন।

নীচে লিখিতব্য সাহেবেরা ছুটি পাইয়াছেন।

মিরটের জজ শ্রীযুত আর সি গ্লিন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ১০ দিবসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব ঐ জিলার মাজিস্ত্রেট অথবা জাইণ্ট মাজিস্ত্রেট সাহেবের প্রতি স্বীয় কর্ম্মের ভার অর্পণকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

বরেলির উপরি সদর আমীন মৌলবী আমানৎ হোসেন গত মাসের ১২ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

বরেলির মুনসেফ শ্রীযুত বর্জেস সাহেব শ্রীযুত মৌলবী আমানৎ হোসেনের অনুপস্থানপর্য্যন্ত একটিং সদর আমীনী কর্ম্ম করিবেন।

৮ জুন।

শ্রীযুত হেনরি স্যুইটনহাম সাহেব গত মাসের ২৯ তারিখঅবধি ফরাক্কাবাদের জজ হইয়াছেন।

শ্রীযুত আর টি টকর সাহেব আগ্রা প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

19th June, 1837.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 19th June, 1837 :

Act, No. —— of 1837.

It is hereby enacted, that no person shall, by reason of any conviction for any offence whatever, be incompetent to be a witness in any stage of any Cause, Civil or Criminal, before any Court in the Territories of the East India Company.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 31st day of July, 1837.

W. H. Macnaghten,
Sec. to the Govt. of India.

CIVIL APPOINTMENTS.

21st June.

Mr. W. Onslow, of the Civil Service, reported his return to the Presidency from England, on the 17th instant.

Mr. Edward M. Wylly reported his arrival as a Writer on this Establishment, on the 19th instant.

20th June.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. R. Trotter to officiate, until further orders, as Additional Judge of Zillah Nuddea.

Mr. J. S. May to be Superintendent of the Nuddea Rivers.

Baboo Hurry Kishore Raie Behadoor, to be Deputy Collector in Zillah Tipperah, under the provisions of Regulation IX. of 1833.

Syud Gholam Hyder Behadoor, to be Deputy Collector in Zillah Pubna, under the provisions of Regulation IX. of 1833.

3d June.

Mr. George Blunt to Officiate as Magistrate and Collector of Agra, until further orders.

6th June.

The following Officers have obtained leave of absence :

Mr. R. C. Glyn, Judge of Meerut, for ten days, from the 16th instant, on his private affairs. Mr. Glyn is authorized to make over charge of the current duties of his Office to the Magistrate or Joint Magistrate of the District.

Moulovee Amanut Hosein, Additional Sudder Ameen of Bareilly, for one month, from the 12th ultimo.

Mr. Burges, the Moonsiff of the Town, to officiate as Additional Sudder Ameen during the absence of that Officer.

8th June.

Mr. Henry Swetenham to be Judge of Furruckabad, from the 29th ultimo.

Mr. R. T. Tucker to be an Assistant under the Commissioner of the Agra Division.

সমাচার দর্পণ

শনিবার ১ জুলাই ১৮৩৭।

বাষ্পীয় জাহাজ।

বেরেণেসিনামক বাষ্পীয় জাহাজ ১৬ মার্চ তারিখে ইঙ্গলণ্ড দেশহইতে প্রস্থান পূর্ব্বক কেপ প্রদক্ষিণ করত অষ্টাশীতি দিবসের মধ্যে বোম্বাইতে পঁহুছিয়াছে তদ্দ্বারা এই সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে যে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স ও শ্রীলশ্রীযুত বাদশাহের মন্ত্রির সঙ্গে সুয়েজ ও বোম্বাইর মধ্য দিয়া ভারতবর্ষে বাষ্পীয় জাহাজের যাতায়াত নিমিত্ত এক নিয়ম হইয়াছে। বিশেষতঃ ইঙ্গলণ্ডহইতে মিসর দেশপর্য্যন্ত গমনাগমনার্থ যে জাহাজের আবশ্যক তাহা শ্রীযুক্ত বাদশাহের মন্ত্রিরা নিযুক্ত করিয়া খরচ দিবেন। কোম্পানি বাহাদর মিসর দেশহইতে ভারতবর্ষে যাতায়াতার্থ আবশ্যক জাহাজের খরচ যোগাইবেন। অনেক বৎসরপর্য্যন্ত প্রতীক্ষাকরণের পরে এইক্ষণে এই মহাভীষ্টবিষয় সিদ্ধ হইল তাহাতে অল্প দিন পরে অর্থাৎ দুই মাসের মধ্যেই আমরা ইঙ্গলণ্ড দেশহইতে নিয়ত পত্র পাইতে পারিব এবং এতদ্দেশহইতে যে পত্র প্রেরিত হইবে তাহার উত্তরও চারি মাসের মধ্যে প্রাপ্তিসম্ভাবনা। এইক্ষণে এতদ্বিষয়ে যে সুনিয়ম ইঙ্গলণ্ড দেশে হইয়াছে শ্রুত হওয়া গেল তাহার অভিপ্রায় এই যে একেবারে মান্দ্রাজ ও কলিকাতাপর্য্যন্ত বাষ্পীয় জাহাজের গতায়াত হইবে তাহাতে বাষ্পীয় জাহাজের দ্বারা যে উপকার তাহা কেবল বোম্বাইস্থ লোকেরদের হইবে এমত নহে। অপর শুনা গেল যে এই মহোপকারক বিষয় যে এইক্ষণে সফল হইল তাহার এক মুখ্য কারণ শ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেবের প্রযত্ন। পাঠক মহাশয়েরা অবগত আছেন যে ঐ শ্রীলশ্রীযুত যখন ভারতবর্ষে বিরাজমান তখন বাষ্পীয় জাহাজের যাতায়াত হওন বিষয়ে অত্যন্ত যত্নবান ছিলেন এইক্ষণে ইঙ্গলণ্ড দেশে প্রত্যাগমন করণেতে তিনি শ্রীযুক্ত বাদশাহের মন্ত্রিরদের সহযোগে ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে চিরকাল বাষ্পীয় জাহাজের গমনাগমন হওনবিষয়ে অত্যন্ত চেষ্টা করিতেছেন।

বোম্বাইর মহাঝটিকা।

গত মঙ্গলবারে বোম্বাইহইতে যে পত্র প্রাপ্ত হওয়া যায় তাহাতে দেখে যে ১৫ জুন তারিখে ঐ বন্দরে এমত প্রচণ্ড ঝটিকা হয় যে তদ্রূপ পঞ্চাশ বৎসর পূর্ব্বে হয় নাই। কারো অধিক কারো ন্যূন ঐ স্থানীয় তাবৎ জাহাজেরই ক্ষতি হইয়াছে। অনেক জাহাজ তটে পতিত হওয়াতে অধিক অপচয় হয় কএক জাহাজের তাবৎ মাল নষ্ট হইয়া যায়। তৎসময়ে তত্রস্থ বেরেণেসি ও হিউলিণ্ডি বাষ্পীয় দুই জাহাজে লাগালাগি হওয়া পরস্পরের অপকার হইয়াছে। এই অত্যন্ত তুফানেতে অন্যূন ১৭খান জাহাজ ভগ্নপ্রায় হইয়াছে।

নিষ্কর ভূমিবিষয়ক মোকদ্দমা।

নীচে লিখিতব্য নিষ্কর ভূমি বাজেয়াপ্তক রণবিষয়ক মোকদ্দমার বিবরণ হরকরা সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে তাহাহইতে গ্রহণপূর্ব্বক আমরা অর্পণ করিলাম। ঐ মোকদ্দমা কিরূপ চলিতেছে তাহা ইহাতে জ্ঞাত হইতে পারা যাইবে।

গবর্ণমেণ্ট আপেলাণ্ট কবলদাস বৈরাগী ও অন্যেরা রিস্পাণ্ডেণ্ট।

জিলা মৈমন সিংহ।

উক্ত বৈরাগির দখলে শেরপুর পরগনায় মৌজা আমতাতে ৮৪২ বিঘা ভূমি আছে। বৈরাগী কহেন যে এই ভূমি লাখেরাজ দেবোত্তর এবং শম্ভুনাথ চৌধুরীর স্বাক্ষরীকৃত ১১৮৩। ১১৮৬।১১৮৯।১১৯০।১১৯৯ সালের পাঁচ সনন্দ এবং রঘুনারায়ণ চৌধুরীর স্বাক্ষরীকৃত ১১৬৯ সালের এক সনন্দ দরপেস করেন।

১৮৩৫ সালের ১২ ফেব্রুআরি তারিখে কালেকটর সাহেব ঐ বিরোধি ভূমি ইহা বলিয়া নিষ্কররূপে ডিক্রী করেন যে ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্য প্রাপণের পূর্ব্বে ঐ ভূমি নিষ্কররূপে ভোগ দখল হইয়া আসিতেছে। পরে ইহার রুবকারী ঢাকার কমিস্যানর সাহেবের নিকটে প্রেরিত হইলে তিনি কালেকটর সাহেবের নিষ্পত্তিতে সম্মত না হইয়া স্পেসিয়ল আদালতে আপীল করেন।

১৮৩৬ সালের ৩০ নবেম্বর তারিখে স্পেসিয়ল কমিস্যানর শ্রীযুত মাদক সাহেব তাবৎ দলিল দৃষ্টি করিয়া কালেকটর সাহেবের নিষ্পত্তি অসিদ্ধ করিলেন এবং ভূমিতে কর নির্দ্ধার্য্যকরণবিষয়ে রেবিনিউ কমিস্যানর সাহেবের আপীল এই কারণে মঞ্জুর করিলেন যে রিস্পণ্ডেণ্টেরা যে ছয় সনন্দ দাখিল করেন তন্মধ্যে পাঁচ সনন্দ কোম্পানির দেওয়ানী প্রাপ্তির পর হয় এবং ১১৬৯ সালের ১১ ফাল্গুণের সনন্দ যদ্যপি কোম্পানির দেওয়ানী প্রাপ্ত হওনের পূর্ব্বকার তথাপি তাহাতে রেজিষ্টরী হয় নাই অপিচ অবশ্য কৃত্রিম যেহেতুক তাহা পুরাতন কাগজে নূতন কালীতে লিখিত এবং স্পষ্টই দৃষ্ট হইতেছে যে ঐ সনন্দ প্রকৃত নহে।

অপর শ্রীযুত বারওয়েল সাহেব শ্রীযুত মাদক সাহেবের ঐ ডিক্রী মঞ্জুর করিলেন।

গবর্ণমেণ্ট আপেলাণ্ট রতিকান্ত চক্রবর্ত্তী রিস্পাণ্ডেণ্ট।

জিলা মৈমন সিংহ।

উক্ত চক্রবর্ত্তির দখলে শেরপুর পরগনায় মৌজা অভয়পুরে ৬০ বিঘা ভূমি আছে। তিনি ঐ ভূমি লাখেরাজ ব্রহ্মোত্তর কহেন। ঐ ভূমি রামজীবন চৌধুরী হরিনাথ তর্কবাগীশকে দান করেন ঐ চক্রবর্ত্তী ১০৪২ সালের সনন্দ দেখান। ঐ সনন্দেতে বোধ হইল যে ঐ ভূমি মৌরুসীরূপে দেওয়া গিয়াছিল। এইক্ষণকার দখলীকার ঐ পৈতৃক বিষয় উত্তরাধিকারিত্বরূপে প্রাপ্ত হন।

অপর ১৮৩৫ সালের ২৫ মার্চ তারিখে কালেকটর সাহেব এই বাবতে ঐ ভূমি নিষ্কর বলিয়া ডিক্রী করেন যে কোম্পানি বাহাদুরের দেওয়ানী প্রাপণের পূর্ব্বে তর্কবাগীশের পূর্ব্বপুরুষেরা ঐ ভূমি নিষ্কররূপে ভোগদখল করিয়া আসিতেছেন।

কিন্তু ঢাকার কমিস্যানর সাহেব কালেকটর সাহেবের নিষ্পত্তিতে অসম্মত হইয়া স্পেসিয়ল কমিস্যানর সাহেবের আদালতে আপীল করিলেন তাহাতে স্পেসিয়ল কমিস্যানর শ্রীযুত মাদক সাহেব এই বিবেচনা করিলেন যে রিস্পাণ্ডেণ্ট যে রেজিষ্টরীর নকল দরপেশ করেন তাহা যদ্যপি ১২০২ সালের লিখিত তথাপি তাহাতে গবর্ণমেণ্টের কোন কর্ম্মকারকের দস্তখৎ নাই সনন্দেও কাহারো সহী নাই আরো তাহা নিতান্তই কৃত্রিম বোধ হইল যেহেতুক ধূঁয়া দেওয়া কাগজে নুতন কালীতে তাহা লিখিত হইয়াছে। তৎপ্রযুক্ত কালেকটর সাহেবের কৃত নিষ্পত্তি অসিদ্ধ করিয়া ঐ ভূমিতে কর বসায়নবিষয়ের আপীল মঞ্জুর করিলেন।

অপর শ্রীযুত বারওয়েল সাহেব শ্রীযুত মাদক সাহেবের ঐ ফয়সলা মঞ্জুর করিলেন।

গবর্ণমেণ্ট আপেলাণ্ট মৃত্যুঞ্জয় বাঁড়ুয্যে রিস্পাণ্ডেণ্টেরা।

জিলা ২৪ পরগনা।

রিস্পাণ্ডেণ্ট [illegible]

SUMACHAR DURPUN.

SATURDAY, JULY 1ST, 1837.

Steam Navigation.

The *Berenice* Steamer, which left England on the 16th March, has arrived at Bombay in eighty-eight days steaming round the Cape. By her intelligence has been received that an arrangement had been made between the Court of Directors and His Majesty's Ministers, for the establishment of a regular steam communication between India and England by way of Suez. The King's Ministers are to keep up and pay for the vessels between England and Egypt; the Company will lay down vessels between Egypt and India. Thus after many years' expectation, this great object is at length attained; and in a very short time we shall be enabled to receive letters regularly from England in two months, and answers to our letters in about four months. The plan which has been adopted at home provides, we hear, for a direct communication with Madras and Calcutta, so that the benefits of Steam Navigation will not be confined to Bombay. We learn that the success of this great measure has been owing in a great measure to the exertions of Lord William Bentinck. When his Lordship was in India, he was always, as our readers know, the great supporter of Steam Navigation; and now, on his return to England, he has been using every effort with His Majesty's Ministers to establish a permanent intercourse between England and India by means of Steam.

Great Storm at Bombay.

Letters received on Tuesday last from Bombay state that on the 15th June, one of the most furious storms occurred in that port which has been known for more than fifty years. All the shipping in it was more or less damaged. Many vessels had gone ashore, and had been entirely destroyed. The cargo of others was entirely damaged. The two Steamers, the *Berenice* and the *Hugh Lindsay* had got foul of each other, and sustained much damage. No fewer than seventeen vessels had suffered most severely during this severe gale.

Resumption of Rent-free lands.

The following cases of the resumption of rent-free lands are reported in the Hurkaru. They will shew the course which those transactions are taking.

Government Appellant, v. Kawuldass Byragee and others Respondents.
Zillah Mymensing.

The possessor alleged 842 koor of land situate in mouza Oombta, &c. Pergunnah Sharepoor to be Lakhiraj Dewutter Lands, and produced 5 sunnuds of 1183-1186-1189-1190 and 1199 B. signed by Sumbhoonath Chowdhuree, &c. and one Sunnud of 1169 B. bearing the signature of Rughoonarain Chowdhuree, &c.

The decision of the Collector, dated 12th February, 1835, adjudged the contested lands not to be liable to assessment on the ground that they were held exempt from the payment of Revenue anterior to the British rule. The proceedings were submitted to the local Revenue Commissioner of Dacca, who, disapproving of the Collector's adjudication, preferred an appeal to this Court.

On the 30th November, 1836, Mr. T. H. Maddock, the late Officiating Special Commissioner, on examination of all the records of the case, reversed the decision of the Collector, and confirmed the appeal of the local Revenue Commissioner for assessing the lands in question on the ground, that of six sunnuds produced by the respondents in support of their claims, 5 were of dates subsequent to the accession of the Honourable Company to the Dewannee, viz. for the years 1183, 1186, 1189, 1190, 1199 B. S. and the sixth bearing date 11th Phalgoon 1169 B. S. although anterior to the period above quoted, was, (exclusive of its not having been duly registered) evidently fictitious, having been written with fresh ink upon old paper, and bearing prima facie every appearance of a fabricated document.

Mr. Barwell concurred in this decision of Mr. Maddock.

Government Appellant, versus Ruttee Kant Chuckerbutty Respondent.
Zillah Mymensing.

The possessor alleged some land estimated at about 60 koor, situate in mouza Oobbhaypoor, Pergunnah Sharepoor, as Lakhiraj Bermuttee land, granted by Ramjeewun Chowdree to Hurreenath Turkbageesh, and produced a sunnud of 1042 B. and the nature of Tenure as described in the Tenure appeared to be hereditary, and that the present possessor held the lands by inheritance.

The decision of the Collector, dated 25th March, 1835, adjudged the disputed lands not to be liable to assessment, on the ground that they were held exempt from the payment of Revenue by the ancestors of the respondent prior to the accession of the Honourable Company to the Dewannee.

The Dacca Revenue Commissioner, dissatisfied with the decision of the Collector, preferred an appeal to this court on the 13th February, 1837. Mr. Maddock, the late officiating special Commissioner, finding that although the copy of the Register tendered by the respondent, bore date from the year 1202 B. S. yet that it was unauthenticated by the signature of any officer of the Government, and that the sunnud itself likewise unauthenticated had every appearance of a fabricated document, being written with fresh ink on smoked paper, reversed the decision of the Collector and confirmed the appeal of the Revenue Commissioner for the assessment of the land in question.

Mr. Barwell concurred in this decision of Mr. Maddock.

Government Appellant, *versus* Mirtoonjoy Banoorjeea Respondents.
Zillah 24-Pergunnahs.

৵৩ বিঘা ভূমি আছে তাহা লাখেরাজ ব্রহ্মোত্তর।

১৮৩৫ সালের ১৮ নবেম্বর তারিখে কালেক্টর সাহেব ডিক্রী করেন যে ঐ বিবাদি ভূমি করহওনের যোগ্য নহে যেহেতুক প্রকৃত দলীল অনুসারেই অধিকারী ভোগ দখল করিয়াছেন। সেই দলীলের বিবরণ এই ১১৯৩ সালের ২২ জৈষ্ঠের পূর্ব্বকার কালেকটর কার্মাক সাহেবের দস্তখতী এক পরওয়ানা এবং [illegible] সালের ১১ অগ্রহায়ণের পাই সাহেবের এক ছাড় চিঠী এবং ১২০৭ সালের ফিৎসরয় সাহেবের দস্তখতা ও মোহর করা পুষ্করণী খননার্থ এক দান পত্র বাহির হয়। পরে এই সকল দলীল কমিস্যনর সাহেবের নিকটে দাখিল হইলে তিনি কালেকটর সাহেবের নিষ্পত্তিতে সম্মত না হইয়া স্পেসিয়ল আদালতে আপীল করেন এবং ঐ বিষয় স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত মাদক সাহেবের সম্মুখে উপস্থিত হইলে তিনি কালেকটর সাহেবের ফয়সলাতে সম্মত না হইয়া কহিলেন যে কালেকটর সাহেবের নিষ্কর ভূমি বিষয়ে দখলী পরওয়ানা দেওনের ক্ষমতা নাই অতএব কালেকটর সাহেবের ফয়সলা অন্যথা করিয়া রেবিনিউ কমিস্যনর সাহেবের আপীল মঞ্জুর করিলেন।

পরে শ্রীযুত বারওয়েল সাহেব শ্রীযুত মাদক সাহেবের এই ফয়সলা মঞ্জুর করিলেন।

পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত।
টাকির পাঠশালা।
বার্ষিক পঞ্চম পরীক্ষা।

গত সোমবার ১৯ জুন তারিখে টাকিস্থ জেনরল আসেমলি পাঠশালার ছাত্রেরদের বার্ষিক পঞ্চম পরীক্ষা হয়। যদ্যপিও তৎসময়ে অত্যন্ত গ্রীষ্ম তথাপি এক শত বালকেরা অধিক উপস্থিত ছিল। কিন্তু ফর্দ্দে নামাঙ্কিত ইঙ্গরেজী ও পারস্য ও বঙ্গবিদ্যাভ্যাসি ছাত্র ১৮০ জন হইবে। ঐ পরীক্ষা শ্রীযুত মাকি সাহেব লণ্ডন মিসনরি সোসৈটির ধর্ম্মোপদেশক শ্রীযুত কাম্বেল সাহেবের দ্বারা হয়। শ্রীযুত বাবু ভবানীপ্রসাদ রায় পারস্যের পরীক্ষা লইয়া কহিলেন যে এই পরীক্ষাতে পরম সন্তোষ জন্মিল। ইঙ্গরেজী বিদ্যা শিক্ষাবিষয়েরও বিলক্ষণ প্রতিভা অতএব তাহারদের অধ্যাপকের নৈপুণ্য ও অধিক পরিশ্রম বলিতে হইবে। যে ছাত্রেরা বহুকালাবধি বিদ্যাভ্যাস করিতেছেন তাঁহারদের অতিসূক্ষ্মরূপে পরীক্ষা হইল এবং শিক্ষকেরদের যাদৃশ নৈপুণ্যাদি কহিতে হয় তেমন শিক্ষিতেরদের বিষয়েও বক্তব্য যে তাঁহারা অতিনৈপুণ্যরূপে শিক্ষা করিয়াছেন।

ইঙ্গলণ্ড দেশে কোন পল্লিগ্রামে যদ্যপি কোন পাঠশালাতে এত বালক দৃষ্ট হইত যে তাহারা বিদেশীয় দুই ভাষাতে নিপুণ ও ক্ষেত্রমাপক বিদ্যা ও পুরাবৃত্ত ও ভূগোলীয় ও বীজগণিত ও অঙ্কবিদ্যা ও লিখন পারিপাট্য বিদ্যাতে অতিপটু তবে আশ্চর্য্য বোধ হইত কিন্তু এই বঙ্গদেশারণ্যমধ্যে যে এমত দেখা যায় ইহা আরো অত্যাশ্চর্য্য বিষয় কিন্তু সামান্য গ্রামস্থ বালকেরা যেমন তেমন টাকিস্থ বালকেরা নহেন তাঁহারা প্রায়ই চৌধুরী বাবুরদের কুটুম্ব ধনি মানি ব্যক্তিরদের সন্তান এবং তাঁহারদের আকারপ্রকার ও শিষ্টালাপেতে কলিকাতাস্থ পাঠশালার ছাত্রেরদের অপেক্ষাও উত্তম বোধ হয়। দ্বিতীয় সম্প্রদায়স্থ অগ্রগণ্য ছাত্রেরা ইঙ্গরেজী ভাষা এমত উত্তমরূপে ব্যাকরণশুদ্ধ কহিয়াছিলেন যে তাহাতে পরীক্ষকেরদের অত্যাশ্চর্য্য বোধ হইল। এবং তাঁহারা মিজাসাবাদে যে উত্তর প্রয়োগ করিলেন সে অতিপারিপাট্য ও অভ্রান্তরূপ। এইক্ষণে ঐ পাঠশালাতে এমত কৃতকার্য্যতা হইয়াছে শুনা গেল যে জেনরল আসেমলি পাঠশালার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা এমত মানস করিয়াছেন যে স্কটলণ্ড দেশহইতে নূতন সাহেব লোকেরা পঁহুছিলে কেহ২ দুই এক মাসের নিমিত্ত ঐ পাঠশালা দর্শনার্থ টাকিতে অবস্থান করিবেন।

অতএব এইক্ষণে আমরা সর্ব্বসাধারণ ব্যক্তিরদিগকে প্রশ্ন করি যে এই অত্যুত্তম পাঠশালার সংস্থাপক ও প্রতিপোষক শ্রীযুত বাবু কালীনাথ রায় চৌধুরী মহাশয় স্বদেশীয় মহাশয়সমাজের মধ্যে কি তিলক হইবেন না। ঐ পাঠশালা এইক্ষণে পাঁচ বৎসরাবধি চলিতেছে তাহাতে জেনরল আসেমলি সাহেবেরা যে খরচ দিতেছেন তদ্ভিন্ন ঐ বাবু বার্ষিক বিংশতি সহস্র মুদ্রা ব্যয় করিতেছেন। এবং টাকির ঐ বাবুরদের আদর্শে অন্য এক জন ধনি জমিদার স্বীয় অঞ্চলে এক ইঙ্গরেজী পাঠশালা স্থাপন করিয়াছেন। অতএব যদ্যপি গবর্ণমেণ্ট ইহাঁরদের প্রতি সম্ভ্রম করিয়া এমত কর্ম্মের প্রতিপোষকতা করেন তবে বোধ করি এতদ্দেশীয় অন্যান্য ধনি মহাশয়েরাও এতদ্বিষয়ে অগ্রসর হইয়া ভারতবর্ষের মধ্যে ইঙ্গরেজী বিদ্যা প্রচলিতকরণার্থ এডুকেসন কমিটির বিলক্ষণ সহকারী হইতে পারেন।

বাবু রাধাসুন্দর মিত্র।

বৎসর দুই তিন হইল কলিকাতায় চড়াউ হইয়া অতিঘোরতর একটা দাঙ্গা হয় তাহাতে বাবু রাধাসুন্দর মিত্রনামক এক জন ধনি ব্যক্তি প্রধান অংশী ছিলেন। তাঁহাকে গ্রেপ্তারকরণার্থ ফৌজদারী আদালতহইতে এক পরওয়ানা বাহির হয় কিন্তু তিনি পলায়ন করেন। ঐ মোকদ্দমা শীঘ্র তজবীজ হইয়া উক্ত মিত্রপক্ষীয় আর দুই জন অংশির দোষ সাব্যস্ত হওয়াতে দণ্ডের হুকুম হইল। তাহার কিঞ্চিৎকাল পরে রাধাসুন্দর মিত্রনামক অপর এক জন দীন বহুকালাবধি খিদিরপুর থাকি অতিশিষ্ট শান্তরূপে কালযাপন করে। তাহাকে ঐ ধনি মিত্র ধরাইয়া দিয়া কহেন যে এই ব্যক্তি দোষী রাধাসুন্দর মিত্র। যদ্যপি ঐ দীন হীন ব্যক্তি নিতান্তই কহিতে লাগিল যে আমি সেই রাধাসুন্দর মিত্র নহি তথাপি মাজিস্ত্রেট সাহেবের সম্মুখে দুই জন সাক্ষী শপথ করিয়া কহিল যে অবশ্যই এই ব্যক্তি দোষী রাধাসুন্দর মিত্র। তাহাতে মাজিস্ত্রেট সাহেবের অগত্যা তাহার প্রতি আইন জারী করিতে হইল। তাহাতে ঐ দীন রাধাসুন্দর মিত্র কয়েদ হইয়া করাগারেই মারা গেল। তাঁহার মৃত্যুর কএক দিন পরে প্রকৃত দোষী রাধাসুন্দর মিত্রকে স্বীয় বাটীতে বিরাজ করিতে দেখা গেল তৎপ্রযুক্ত তৎক্ষণাৎ তাঁহার নামে গ্রেপ্তারী পরওয়ানা বাহির হইল কিন্তু তিনি আমলারদিগকে অনবরত ঘুস দেওয়াতে ধরা পড়িলেন না। পরিশেষে মাজিস্ত্রেট সাহেব নিজামত আদালতে এই প্রার্থনা করিলেন যে ১৭৯৬ সালের ১১ আইন ঐ বাবুর প্রতি জারী হইয়া তাঁহার স্থাবরাস্থাবর সম্পত্তিসকল ক্রোক হয়। পরে নিজামত আদালত গবর্ণমেণ্টে এই প্রশ্ন করাতে ৯ মে তারিখে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সদর নিজামত আদালতের রেজিষ্টর সাহেবের প্রতি পত্র লিখিতে হুকুম দেন তাহার মর্ম্ম এই যে বাবু রাধাসুন্দর মিত্র আদালতের হুকুম অন্যথা করিয়াছেন অতএব চব্বিশ পরগনায় তাঁহার যত ভূম্যাদি থাকে তাহা সমুদায় ক্রোক করিবা।

---

and 6 biswas of land to be Lakhiraj Bermuttur lands.

The decision of the Collector, dated 18th Nov. 1835, declared the disputed lands not to be liable to assessment on the ground of their having been held under what he, the Collector, considered to be valid titles, viz. a perwannah bearing date 2d June, 1786, or 22d Jeyte, 1193 B. S. authenticated by the signature of Mr. Carmack's, the former Collector, a Ch'har, dated 2nd Aughun 1196 B. S. signed by Mr. Pye, and a grant for excavating a tank bearing date 19th Feb. 1801, or 9th Phalgoon 1207 B. S. under the official seal and signature of Mr. Fitzroy.

The proceedings were forwarded to the Local Revenue Commissioner who, disapproving the Collector's adjudication, appealed the case to this Court. The case having come before Mr. T. H. Maddock, the late officiating special Commissioner, that officer disapproving of the Collector's proceedings on the ground, that Collectors had no power to grant purwannahs for rent-free tenures, reversed the Collector's decision, and confirmed the appeal of the Revenue Commissioner for assessing the lands in question on the 11th February 1837.

Mr. E. R. Barwell, concurred in the judgment passed by Mr. Maddock.

TAKI SEMINARY.
Fifth Annual Examination.

The fifth Annual Examination of the General Assembly's School at Taki was held on Monday, the 19th June. Notwithstanding the great heat of the weather upwards of 100 boys were present; and the total number on the list, in the English, Bengalee, and Persian departments was about 180. The examination was conducted by the Rev. Mr. Mackay, with the valuable assistance of the Rev. Mr. Campbell, of the London Missionary Society. Baboo Bhawani Prasad Rae examined the Persian classes, and expressed himself highly gratified with the progress they had made: but the improvement of the boys in the English school was far more conspicuous, and reflects great credit on the industry as well as on the ability of their teacher Mr. Shiels. They were subjected to a long and searching examination on the various studies in which they have been engaged, and it is but common justice to the teachers, as well as to the taught, to say that they acquitted themselves admirably.

It would be an uncommon sight even in England, to see in an obscure village school a large number of young men, not only tolerably versant in *two foreign languages*, but having a considerable, and as far as it goes, very accurate acquaintance with Geometry, History, Political Economy, Geography, Algebra, Arithmetic, and Composition, while at the same time they had the boldness to receive instruction in another religion. How much more uncommon and extraordinary then must it be to meet with such a phenomenon in the midst of the jungles of Bengal! There is however nothing resembling ordinary village boys in the English school at Taki. They are the children of rich and respectable native gentlemen, chiefly relations of the Chowdry Baboos; and in good breeding and personal appearance they are perhaps superior to the young men in any school in Calcutta. Even in the second class, some of the more advanced boys spoke English with such ease and grammatical precision as to excite the surprise of the Examiners; and the remarks which they made in conversation were shrewd, bold, and independent, without being in the least impudent or disrespectful. Such is the promising state of the school at present, that, we believe, it is the intention of the superintendents that one of the General Assembly's Missionaries shall reside among them occasionally for a month or two at a time, as soon as the reinforcement which is expected from Scotland, shall render the measure practicable.

We appeal to the public whether the name of Baboo Kaleenath Rae Chowdry, the establisher and chief supporter of this noble institution, be not an honour to his countrymen. It has now been in existence for five years, and, in addition to that part of the expense which is defrayed by the General Assembly, it has cost the Baboos upwards of *Twenty Thousand Rupees.* Already stimulated by the example of the Taki Baboos, another rich and powerful Zemindar has, we believe, established an English school in the neighbourhood, and there seems no reason to doubt, that, by a little judicious encouragement from the Government in the shape of an honorary reward, many other wealthy native gentlemen would come forward and materially assist the Education Committee in their labours for the diffusion of English knowledge through India.

Baboo Radha Soonder Mittre.

About two or three years ago an aggravated riot and assault occurred, in which a wealthy Baboo, Radha Soonder Mittre, was a principal assailant, and a process was immediately issued from the Fouzdaree Court for his appearance, but he absconded. The case was afterwards investigated, and two of the Mittre's accessaries convicted and sentenced. Another, a poor man, of the name of Radha Soonder Mittre, who had for many years lived at Kidderpore peaceably and honestly, was pointed out by the rich man's adherents as the criminal, and though he proclaimed his innocence, two witnesses swore to his identity. The Magistrate had no alternative but to enforce the law and the poor Radha Soonder Mittre was put in confinement and died. Some days after his death, the true Radha Soonder Mittre, the Baboo, was seen at his family house and processes were immediately issued, but still he evaded the officers of justice, till at length the Magistrate applied to the Nizamut Court to be allowed to put in force the Reg. XI. of 1796, and confiscate the lands and chattels of the Baboo. The Court applied to the Governor General, who, on the 9th of May directed a letter to be sent to the Register of the Sudder Dewannee Adawlut, authorizing the confiscation of the lands and property of Baboo Radha Soonder Mittre in the 24-Pergunnahs for evading the process of Court.

কটকের দুর্দ্দশা।

কটকে যে মহা দুরবস্থা ঘটিয়াছিল তাহা তথাকার মাজিস্ত্রেট শ্রীযুত মিল্‌স সাহেবের মহোদ্যোগ ও বদান্যতাতে কিঞ্চিৎ উপশম হইয়াছে কিন্তু অনাহারে মুমূর্ষু যে ভূরিং ব্যক্তি কটকে আসিয়া পড়িতেছে তাহারদের আহার যোগায়নার্থ টাকায় কুলায় না। অতএব ঐ সাহেব সাধারণ এক পত্র লিখিয়া ইউরোপীয় ও এতদ্দেশীয় ধনি মহাশয়েরদের স্থানে অর্থ প্রার্থনা করিয়াছেন।

আহারীয় দ্রব্যের মহার্ঘ্যতাপ্রযুক্ত মফঃসলস্থ দরিদ্র ব্যক্তিরদের এমত দুরবস্থা হইয়াছে যে পালেং কটকে গিয়া তত্রস্থ মহাশয় ব্যক্তিরদের বদান্যতার উপরেই নির্ভর করিয়াছে। আনাছত্রস্থানে গবর্ণমেণ্টের ব্যয় প্রতিদিন অন্নাদি পাক হইয়া তাহারদিগকে দেওয়া যাইতেছে। কিন্তু এইক্ষণে আহারার্থ এত অধিক লোক যাইতেছে যে সকলকে আহার দেওয়া ভার এবং তদর্থ কালেকটর সাহেবের নিকটে যে অর্থ ছিল তাহাও ফুরাইয়াছে; অতএব কটকনিবাসি ইউরোপীয় ও এতদ্দেশীয় ধনি মহাশয়েরদের নিকটে নিবেদন করা যাইতেছে যে তাঁহারা আগামি দুই মাসের নিমিত্ত দীন দরিদ্রেরদের আহারার্থ চাঁদার দ্বারা কিঞ্চিৎ২ প্রদান করেন। শহরের দারোগার অধীনে চাঁদনিচকের হাটে প্রতিদিন দিবা দুই প্রহর এক ঘণ্টা সময়ে দরিদ্রেরদিগকে পক্কান্ন বিতরণ করা যাইবে।

এ জে এম মিল্‌স মাজিস্ত্রেট।

অতিপ্রাচীন যোদ্ধা।

গত ১১ জুন তারিখে মথুরাহইতে এক দল প্রাচীন অকর্ম্মণ্য সিপাহীরা যাত্রা করিল তাহারদের মধ্যে দশম অশ্বারূঢ় রেজিমেণ্টের এক জন প্রাচীন সুবাদার মীর সেলাবৎ আলী। ইনি অতিসাহসিক প্রাচীন যোদ্ধা ৫২ বৎসরাবধি নিয়ত কোম্পানির চাকরীতে নিযুক্ত ছিলেন এবং সেনাপতি সাহেবেরদেরও অতিপ্রিয় পাত্র। কর্ণালনিবাসি শ্রীযুত মেলবিল সাহেব তাঁহার ছবি প্রস্তুত করিয়াছিলেন। এবং ঐ ছবি তাঁহার ইউরোপীয় সেনাপতি সাহেবেরদের ভোজনাগারে নিত্যই লটকান থাকিত এমত সম্ভ্রম প্রায় এতদ্দেশীয় কর্ম্মকারদের প্রতি সম্ভবে না অতএব ঐ প্রাচীন যোদ্ধা ইহাতে পরম সন্তুষ্ট ছিলেন।

বর্ত্তমান বৎসরের নীল।

এইক্ষণকার ক্ষেত্রস্থ নীলবিষয়ে হরকরার এক জন পত্রপ্রেরক অনুমান করিয়া লেখেন যে কত ফসল হইতে পারিবে এবং গত বৎসরে যত জন্মিয়াছিল তাহা নীচে দুই শ্রেণীতে লেখা গেল তাহাতে পাঠক মহাশয়েরা বোধ করিতে পারিবেন যে দুই বৎসরে উৎপত্তির কত বৈলক্ষণ্য হইয়াছে।

	১৮৩৬।	বর্ত্তমান বৎসর।
পশ্চিম প্রদেশ...............	৭,২০০	৮,০০০
আলাহাবাদ মির্জাপুর ও বারাণস	৩,৪০০	৩,০০০
গাজিপুর ও জনপুর	৬,৪০০	৬,০০০
ত্রিহুত ও ছাপরা............	২৫,৫০০	১৮,০০০
দানাপুর ও পাটনা ও শাহাবাদ	২.৫০০	২,০০০
পূরণিয়া	৫,৫০০	৪,০০০
মুঙ্গের ও ভাগলপুর	২৮০০	১,৫০০
মালদহ ও বোয়ালিয়া ...	১,৯০০	১,০০০
দিনাজপুর ও রঙ্গপুর......	৩,৩০০	২,০০০
রাজশাহী ও নাটুর.........	৫,০০০	৩,০০০
ঢাকা ও মৈমনসিংহ	৫,৫০০	৪,৫০০
মুরশিদাবাদ...............	৬.৫০০	৩,৫০০
নবদ্বীপ ও কৃষ্ণনগর	১৯,৫০০	১২,৫০০
যশোহর ও ফরিদপুর......	১২,০০০	৮,০০০
বীরভূমি ও বর্দ্ধমানপ্রভৃতি	৫.৫০০	৪,০০০
হুগলি ও চব্বিশপরগনা ...	১.৫০০	১,০০০
	১,১৪,০০০	৮২,০০০

Distress in Cuttack.

The great distress which has been experienced at Cuttack, has, we learn, been in some measure alleviated by the great care and attention of Mr. Mills, the Magistrate; but the funds at his disposal not being sufficient to meet the case of the numerous starving individuals who flock to Cuttack, he has in the following Circular requested the assistance of the European and Native Community :—

"The suffering in the Mofussil from the dearness of provisions is so great, that numbers of poor people have flocked to the town of Cuttack, and thrown themselves on the liberality of the inhabitants for subsistence. The Aun Chutter establishment where cooked rations are served out at the expense of Government being unable to supply the wants of the crowds who go there for food, and the surplus funds of the institution having been exhausted by the Collector in assisting it. It has been deemed necessary to appeal to the inhabitants of the city, both European and Native, for a subscription towards supporting the poor of the town for another two months. Cooked rations will be served out at the Haut of Chandnee Chowk under the superintendance of the Darogah of the city at 1 o'clock P. M.

(Signed) A. J. M. Mills,
Magistrate.

An old Veteran.

On the 11th June, a body of old invalid sepoys took their departure from the station of Muttra; among these was the old Soobadar Major of the 10th Cavalry, Meer Sulabut Ali. He was a gallant old soldier, of more than 52 years, service, and a great favourite with the officers. His portrait, drawn by Mr. Melville, of Kurnaul, is hung up in the Mess of the European officers; a compliment seldom paid to the Natives, and which the old gentleman is not a little proud of.

Indigo crop of the season.

The following estimate of the crop of Indigo now on the ground has been made by a correspondent of the Hurkaru. The product of the last year is placed along side of it that the reader may judge of the difference in each district.

	1836.	Present year
Western Provinces, ...	7200	8000
Allahabad, Mirzapore and Benares, ...	3400	3000
Ghazeepore and Juanpore, ...	6100	6000
Tirhoot and Chuprah,...	25,500	18,000
Dinapore, Patna and Shahabad, ...	2500	2000
Purneah, ...	5500	4000
Monghyr and Bhagulpore,	2800	1500
Malda and Bauleah,......	1900	1000
Dinagepore and Rungpore,.........	3300	2000
Rajeshye and Nattore,...	5000	3000
Dacca and Mymunsing,	5500	4500
Moorshedabad,...........	6500	3500
Nuddeah and Kishnagur,	10,500	12,500
Jessore and Furreedpore,	12,000	8000
Beerbhoom, Burdwan, &c.	5500	4000
Hooghly and 24-Pergunnahs,...	1500	1000
Mds.	1,14,000	82,000

বর্দ্ধমান।

অসহ্য গ্রীষ্মপ্রযুক্ত সম্প্রতি বর্দ্ধমানে ওলাউঠা রোগে অনেকের প্রাণাত্যয় হইতেছে। প্রতিদিন ৩০।৪০ জন করিয়া মরিতেছে। যেহেতুক ১৮ তারিখপর্য্যন্ত বৃষ্টিমাত্র না হওয়াতে নানা স্থানীয় লোকেরদের দিবাভাগে অত্যন্ত গ্রীষ্মপ্রযুক্ত কর্ম্ম করিতে না পারাতে রজনীযোগে পরিশ্রম করিতে হইয়াছিল।

বিষের দ্বারা মৃত্যু।

গত ১৩ মে তারিখে মুরশিদাবাদে মোসলমান এক জন গাড়ওয়ান এবং তাহার চাকর এক ব্যক্তি বিষ ভক্ষণে মারা পড়িয়াছে। তদ্বিবরণ এই যে ঐ গাড়ওয়ানের স্ত্রীর ব্যভিচার দোষ থাকাতে তাহার চাকরে আসক্তা ছিল। গাড়ওয়ান স্বীয় স্ত্রীর ব্যভিচার জানিত কিন্তু ঐ চাকরে আসক্ত এমত জানিত না। সম্প্রতি সে ব্যক্তি ঐ স্ত্রীর দোষ নিবারণার্থ পূর্ব্বাপেক্ষা অধিক চৌকি দিয়াছিল বটে কিন্তু কাহার সঙ্গে আছে তাহা ঠাহরাইতে পারে নাই এবং ঐ স্ত্রী ও উপপতির সঙ্গে আলাপাদিকরণ নিবারিত হওয়াতে মনেং ঠাহরাইল যে স্বামির জীবনপর্য্যন্ত আমার আর স্বচ্ছন্দে সুখভোগ হইতে পারে না অতএব স্বীয় অভিপ্রায় সিদ্ধকরণার্থ স্বামির আহারীয় দ্রব্যের সঙ্গে কিছু বিষ মিশাইয়া দিল পরে গাড়ওয়ান তাহা আপনি আহার করিয়া আপনার ঐ প্রিয় চাকরকেও কিছু খাইতে দিল। কিঞ্চিৎ অধিক খাওয়াতে গাড়ওয়ানের পীড়া বোধ হইয়া বমি হইতে লাগিল। ইহা দেখিয়া ঐ স্ত্রী ভাবি দোষবিষয়ে বিবেচনা করিয়া আপনার প্রতি কোন সন্দেহ না পড়ে এতদর্থ স্বামিকে গোরা বাগানে এক জন কুটুম্বের বাটীতে লইয়া গিয়া কহিল যে এখানে বিলক্ষণ শুশ্রূষা হইতে পারিবে। পরে স্বামিকে ঐ স্থানে রাখিয়া আপন বাটীতে গেল। তৎসময়ে ইন্দ্রিয় অবশ না হওয়াতে গাড়ওয়ান ঐ স্ত্রীকে ঘরে যাইতে দেখিয়া কহিল যে বুঝি ঐ দুষ্টা স্ত্রীই আমাকে বিষ খাওয়াইয়া থাকিবে এমত আমার সন্দেহ হইতেছে। তৎক্ষণাৎ তাহাকে বিষনাশক ঔষধ সেবন করাণ গেল কিন্তু কিছু হইল না ঐ ব্যক্তি তদ্দিবসীয় দুই প্রহর রাত্রেই মরিল। অপর ঐ দুষ্টা স্ত্রী আপনার ঘরে গিয়া দেখিল যে পতির যে দশা উপপতিরও সেই দশা ঘটিয়াছে। তাহাতে উপপতির প্রাণরক্ষার্থ যথাসাধ্য উদ্যোগ করিল কিন্তু কিছু হইল না ঐ চাকরও সেই রাত্রে মুনীবের মৃত্যুর দুই ঘণ্টা পূর্ব্বে মরিল।

কথিত আছে যে ঐ স্ত্রী তৎক্ষণাৎ গ্রেপ্তার হইল এইক্ষণে তাহার মোকদ্দমার তজবীজ হইতেছে। এবং যে দোকানে ঐ বিষ ক্রয় করে সে দোকানীও ধরা পড়িয়াছে।

দিল্লীর লোক সংখ্যা।

১৮৩৬ সালের অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত দিল্লী শহরে কত লোক আছে তাহার সংখ্যা।

Burdwan.

In consequence of the intolerable heat recently experienced, the mortality in Burdwan from cholera has been very great—thirty to forty people dying every day. No rain had fallen up to the 18th instant, and in many places the people have in consequence been obliged to work in the night instead of the day.

Death by Poison.

On the 13th of May last, a Moosulman, resident of Moorshedabad, a carter by profession, and his servant were poisoned. The particulars of the case are these. The carter's wife is a woman of loose character, and the servant was her lover. Of the former circumstance the husband was well aware, but of the latter he knew nothing. The husband latterly watched his wife's doings rather more closely than before, but was unable to find out who her lover was. The woman on the other hand being thus prevented from enjoying the company of her paramour, thought within herself that she could never be happy until she got rid of her husband. To effect her purpose, she put some poisonous drug into the food, that she served out to him on the day in question. The poor man in taking his meal, gave a portion of it to his servant, of whom he was particularly fond. The husband, who had taken a larger quantity of poison, felt sick first, and began to vomit. The wife well knowing what was to follow, with a view to avoid suspicion, removed him to the house of a relation at Gora-bazar, pretending that he would be better taken care of there, and left him. The man who had not lost all his senses, on her deserting him, said that he suspected that poison was administered to him by his wicked wife. Remedies were accordingly resorted to, for counteracting poison, but without effect, as he died about twelve o'clock that night. The wretched woman on her return home, to her great astonishment and dismay, found her lover exhibiting the same symptoms as her husband. She tried all she could to save his life, but failed to succeed,—he expired the same night, about two hours sooner than his master.

It is stated that the woman has since been taken into custody, and her case is under investigation; and that discovery has been made as to the shopkeeper of whom she had obtained the deadly drug.—*Chund.*

Delhi.

Census of the city of Delhi for the year 1836, corrected up to the mouth of October of that year.

	পুরুষ	স্ত্রী	সমুদয়
মোসলমান ● স্ত্রী			
পুরুষ.........	২১.৮৬৫	২৩,৩১৪	৪৫,১৭৯
ঐ শিশু	১০,০৯০	৮,৮০০	১৮,৯৮০
সর্ব্বসুদ্ধ	৩১,৯৫৫	৩২,২০৪	৬৪,১৫৯
হিন্দু স্ত্রী পুরুষ	৩৪,৩৩৭	২৪,৩১১	৫৮,৬৪৮
ঐ শিশু.........	৯.৮৬৬	৭,৯৮৯	১৭৮৫৫
সর্ব্বসুদ্ধ	৩২,২০৩	৩২,৩০০	৬৬.৫০৩
	৬৪,১৫০	৬৪,৫০৫	১৩০,৬৮২

এইস্থলে মন্তব্য ১৫ বৎসরের অধিক বয়স্ক বালক এবং ১০ বৎসরের অধিক বয়স্কা বালিকা স্ত্রী পুরুষের মধ্যে ধরা গিয়াছে। তাবৎ লোক সংখ্যার হিসাবে ১,৩০,৬৬২ এই সকল ব্যক্তি ২৮০০৬ ঘরে বাস করে। ইহা হিসাব করিলে প্রত্যেক ঘরে ৫ জন করিয়া থাকে।

দিল্লী শহরে সামান্যত বোধ হইয়াছিল যে মোসলমানঅপেক্ষা হিন্দু লোক অধিক কিন্তু এই লোক সংখ্যার দ্বারা অবগত হওয়া গেল যে ঐ শহরে হিন্দু ও মোসলমান প্রায় সংখ্যকই আছে· এই হিসাবের মধ্যে রাজবাটীস্থ ও শহর তলিস্থ ব্যক্তিরদিগকে ধরা যায় নাই। এবং অনুমান হয় যে রাজবাটী ও শহর তলীতে স্ত্রী পুরুষে পঞ্চাশ হাজারের ন্যূন হইবে না।

আবা।

আবাহইতে সংপ্রতি যে পত্র পাওয়া গিয়াছে তাহাতে লেখে যে তথাকার নূতন রাজা এইক্ষণে যে আচরণ করিতেছেন তৎপ্রযুক্ত সকলেরই ঘৃণাপাত্র হইয়াছেন। যে সকল লোকের কিঞ্চিৎ ধন আছে বোধ করেন তাহারদিগকে ধরিয়া যন্ত্রণা দিতেছেন। পূর্ব্বকার রাজার এক জন মুহুরির যখন বর্ত্তমান রাজা আবাহইতে পলায়ন করিয়াছিলেন তখন তাঁহার কএকটা কবুতর ও মুরগি ধরিয়াছিলেন তন্নিমিত্ত তাঁহার মস্তকচ্ছেদন করিয়াছেন। অপর এক ব্যক্তি একটা গরু ধরিয়াছিল তৎপ্রযুক্ত খড়গের দ্বারা তাহার মস্তকটা দুইখান করেন এবং তাহার স্ত্রী স্বামির প্রাণ রক্ষার্থ চেষ্টা পাওয়াতে যষ্টিপ্রহারে তাহাকেও হত্যা করিলেন এবং তাঁহার রাজত্ব সম্পাদক আক্রমণেতে অধিক উৎপাত যে হয় নাই সে কেবল শ্রীযুত কর্ণল বর্ণি সাহেবের উদ্যোগেই যেহেতুক ঐ রাজা যখন আবা শহর বেষ্টন করিয়াছিলেন তখন শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব তাঁহার স্থানে এমত অঙ্গীকার করাইয়াছিলেন যে ঐ রাজধানী তাঁহার হস্তে নির্ব্বিঘ্নে সমর্পিত হইলে কোন রক্তপাতাদি করিবেন না। শ্রীযুত কর্ণল সাহেব রাজাকে ঐ অঙ্গীকার পুনঃ২ স্মরণ করাইয়াছেন তাহাতে যদ্যপি তিনি সকল লোকের প্রাণ রক্ষা করিতে পারেন নাই তথাপি হত্যাকরণ ব্যাপারের কিঞ্চিৎ লাঘব করিয়াছেন। কথিত আছে যে ঐ রাজধানীর অত্যন্তাস্থৈর্য্যপ্রযুক্ত শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব রাজধানী ত্যাগ করিয়া রাঙ্গুণে থাকিতে স্থির করিয়াছেন।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

বারাসতের মাজিষ্ট্রেট সাহেবের বিচার।

নৈহাটী গ্রামে এক ব্যক্তির ঘরে চুরী হইয়াছিল তাহাতে থানার বরকন্দাজেরা চোরকে ধরিয়া মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে উপস্থিত করে এবং চোর স্বয়ং স্বীকার করিয়াছে সিঁদকাটিয়াছিল আর সাক্ষির কথাতেও চুরী প্রমাণ হইয়াছে কিন্তু গৃহস্থ সে দিবস বাটীতে ছিলেন না এ কারণ দারোগা যে গৃহস্থকে ফৈরাদী করিয়া চোরের সঙ্গে পাঠান নাই সেই অপরাধে মাজিষ্ট্রেট সাহেব

	Males.	Females.	Total.
Moosulman adults	21,865	23,314	45,179
Moosulman child....	10,090	8,890	18,980
General total... ...	31,955	32,204	64,159
Hindoo adults......	21,337	21,311	48 618
Hindoo children...	9,866	7,989	17,855
General total.. ...	32,203	32,300	66,503
Grand total	64 150	64 504	1,30,662

Note.--Boys about 15 years, and girls above ten, are classed as adults. The total population is, 1,30,662, who live in 28,056 houses, which is rather less than 5 persons to one house.

Delhi has been generally considered to possess a considerable excess of Hindoo population. The result, however, shows that the proportions are very nearly equal. In this census neither the Palace, or the Suburbs of the City are included; their population alone, does not fall short of 50,000 persons, of both sexes and all ages.—*Agra. Ukh.*

Ava.

The latest letters which have been received from Ava, state that the new King was proceeding with acts of violence and cruelty, which disgusted every one. All individuals who are suspected of possessing any wealth, are seized and tortured. All the old Ministers had been thrown into prison. A writer of the late Government was decapitated simply for having caught some of the Prince's pigeons and poultry when he was obliged to fly from Ava; another for killing a cow, was put to death by having his head cleaved open with a hatchet, and his wife for having begged her husband's life, was beat to death with bludgeons. That more blood has not been shed of has been owing entirely to Col. Burney's interference. He exacted a pledge from the King when he was besieging Ava, that if it was peaceably surrendered to him, he would put no one to death. The Colonel has repeatedly reminded the King of this pledge, and though he has not thereby been able to save the lives of all, he has lessened the number of executions. It is said that in consequence of the very unsettled state of the Capital, Col. Burney intended to leave it and to take up his residence at Rangoon.

Spirit of the Native Papers.

Justice of the Magistrate of Barasut.

A robbery was committed on the premises of a person residing at Noyhatty, and one of the thieves being apprehended by the burkundauzes and brought to the Magistrate, acknowledged himself guilty of the deed. The statements of the witnesses were also found true; but the Darogah could not send the owner of the house along with the thief, owing to his having been absent from home, and in consequence of

দারোগার ২০ টাকা জরীমানা করিয়াছেন।—জ্ঞাং নাং।

তণ্ডুল।

ক্ষেত্রহইতে সংপ্রতি এক পত্র আসিয়াছে তাহাতে লেখেন শ্রীক্ষেত্রে এপর্য্যন্তও বৃষ্টি হয় নাই এবং টাকাতে দশ শের তণ্ডুল বিক্রয় হইতেছে বৎসরের গতিকে প্রায় সকল স্থানেতেই তণ্ডুলের মূল্য অধিক হইয়াছে বারাশতের মাজিষ্ট্রেট সাহেব তাঁহার অধীন দারোগা সকলকে লিখিয়াছেন থানার সরহদ্দের বাজারে তণ্ডুল কি দরে বিক্রয় হয় প্রতিমাসে তাহার বিশেষ জানিয়া রিপোর্ট করিতে হইবেক এবং ঐ জিলার দারোগারা ও এক২ মাসের রিপোর্ট পাঠাইয়াছেন।

ডাকাইতী·

জিলা হুগলি দামোদর নদীর নিকটস্থ রামপুর গ্রামে শ্রীকৃষ্ণমোহন পাত্রের বাটীতে ২৫ জ্যৈষ্ঠ রজনীযোগে প্রায় ৫০।৬০ জন ডাকাইতী করিয়াছে তাহাতে এক ব্যক্তি নষ্ট হয় এবং দুই জন মৃত তুল্য হয় কিন্তু অলঙ্কারাদি কিছু গ্রহণ না করিয়া কেবল রেশম এবং নগদ টাকা লইয়া গিয়াছে তাহাতে চারি জন দারোগা গমন করিয়া লোক গণকে এমত শাসন করিতেছে যে প্রাণ রক্ষা হওয়া ভার ডাকাইতী হইল রামপুরে কিন্তু তন্নিকটস্থ আটখানা গ্রামের লোককে তসিল করিতেছে যে তাহাতে এক জন তন্তুবায় প্রাণ পরিত্যাগ করিয়াছেন।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

ধর্ম্মসভাদলস্থ কস্যচিজ্জনস্য নিবেদনং।

কলিকাতা মহানগরীতে কতকগুলি ভদ্রলোকে ধর্ম্মসভা ও ব্রহ্মসভা সংস্থাপন করিয়া দলাদলিতে নিযুক্ত আছেন তাহাতে দলপতি মহাশয়দিগের প্রিয় এবং অনুগ্রাহ্য একৈক জন অধ্যক্ষ আছেন। ইঁহারা দলস্থ কোন ভদ্র লোক কিম্বা ব্রাহ্মণ পণ্ডিত দৈবাৎ কোন সংসর্গ করিলে ধর্ম্মসভাধ্যক্ষকে এবং দলপতি মহাশয়দিগকে কহিয়া তাঁহারদিগের শাসন করেন কিম্বা রহিত করেন। কিন্তু অধ্যক্ষ মহাশয়রা আপনারা যে কর্ম্ম করেন তাহাতে কোন দোষ নাই তাহার সাক্ষ্য বাগবাজার সাকিমের শ্রীযুত শম্ভুচন্দ্র বাচস্পতি ভট্টাচার্য্য শ্রীযুত আশুতোষ বাবুর দলাধ্যক্ষ। বাচস্পতি পিতার আদ্য শ্রাদ্ধে আগোরপাড়া সাকিমের শ্রীযুত কৃষ্ণচন্দ্র বিদ্যাভূষণ ও বৈদ্যনাথ বিদ্যারত্ন এই দুই জন শ্রীযুত কালীনাথ মুনশির দলস্থ ইঁহারদের নিমন্ত্রণ করিয়া লইয়া সভা করেন এবং শ্রীযুত শিবনারায়ণ ঘোষের দলস্থ শ্রীযুত নীলমাধব শিরোমণি এবং শ্রীযুত কালাচাঁদ বাবুর দলস্থ শ্রীযুত শ্যাম তর্কভূষণ ইঁহারদের নিমন্ত্রণ করেন। শ্যাম তর্কভূষণ বাচস্পতির বাটী গিয়াছেন এ কথা শুনিয়া শ্রীযুত কালীনাথ মুনসির দলস্থ লোকের সহিত সভা করিয়াছেন বলিয়া নিজদলে তর্কভূষণকে রহিত করেন। আশুতোষ বাবুর দলাধ্যক্ষ বাচস্পতি ভট্টাচার্য্য শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ মিত্রের প্রিয়পাত্র এনিমিত্তে এবং শ্রীযুত ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় ধর্ম্মসভাধ্যক্ষ ও শ্রীযুত রাজা শিবকৃষ্ণ বাহাদুরের দলাধ্যক্ষ শ্রীযুত শ্রীকান্ত তর্কপঞ্চানন ভট্টাচার্য্য ইঁহারা দুই জনে অধ্যক্ষতা করিয়া সকল দলস্থ ব্রাহ্মণ পণ্ডিত লইয়া

this omission that officer was fined to the amount of 20 Rs.—*Gyan.*.

Rice.

A letter lately received from Juggernath, states, that there have not, as yet, fallen any rain in that place, and that rice is selling at 10 seers per rupee. The unusual drought of the present season, has raised the price of rice every where. The Magistrate of Barasut has desired the Darogahs of the Zillah to enquire into the price in the different bazars within the jurisdiction of their respective Thanahs, and send a monthly report of the same to the Cutchery. The first monthly reports have been already sent to the Magistrate.—*Ibid.*

Dacoity.

On the night of the 25th of Joysto, 16th June, the dwelling house of Kissenmohun Pauttur in the village by Rampore, Zillah Hooghly, was visited by a gang of dacoits, about fifty or sixty in number. The ruffians killed one of the inmates of the house and carried away all the money and silk they found in it, but did not touch a single ornament.

While on the subject, we may as well mention, that four Darogahs have repaired to the spot, to hold their usual investigation on such occasions; and are torturing not only the inhabitants of that village, but also those of eight of the neighbouring ones; so much so, that a man of the weaver caste has died in consequence.—*Sumbad Soodhasindhu.*

Correspondence.

To the Editor of the Durpun.

Request of Several Members of the Dhurma Subha.

In the great town of Calcutta a number of respectable men having set up the Dhurma Subha and Brumha Subha, are split into parties, and the heads of the parties have appointed some favourite to be the head of them. These Directors of the party, whenever they find any respectable man or a bramhun pundit accidentally associating himself with the proscribed, give information of it to the Head of the Dhurma Subha, or to his own party, and get him punished, or oblige him to desist; but the transgressions of these Directors would appear to be harmless. I will describe them. Sumbhoochunder Bachusputee, of Bag-bazar, is the Director of Baboo Asootose's party; the Bachusputee on the occasion of his father's first Shraddha, invited to his feast Krishnoochunder Biddyabhoosun and Biddyanath Biddyarutnu, who are both members of Baboo Kaleenath Moonshee's party. He also invited Neelmadhub Seeromonee of Baboo Seebnarayun Ghose's party, and Sham Turkobhoosun of Baboo Kalachund Bose's party; but when Kalachund Baboo heard that Turkobhoosun had gone to the house of Bachusputee who had given an invitation to Baboo Kaleenath Roy's party, he expelled him. The Bachusputtee, the Director of Baboo Ashootose Deb's party, is a particular friend of Baboo Radhakrishnoo Mittre; on this account, Bhuwaneechurun, the Secretary of the Dhurma Subha, and Shreekant Turkapunchanun, the Director of Rajah Seeb Krishna's party,

সভা. করিয়াছেন এবং হাটখোলার শ্রীযুত গোকুল গাঙ্গুলি মহাভারত করেন তাহার ব্রতী শ্রীযুত কালীনাথ মুনসির দলস্থ রামধন তর্কবাগীশ ও শিবনারায়ণ ঘোষের দলস্থ প্রাণকৃষ্ণ তর্কালঙ্কারপ্রভৃতি এবং সমাপন দিবসে ঐ দলস্থ শ্রীযুত রাম তর্কবাগীশ এবং শ্রীযুত ভবশঙ্কর বিদ্যারত্ন এবং ব্রহ্মসভার বেদপাঠক শ্রীযুত রামচন্দ্র বিদ্যাবাগীশ ইহাঁরদিগকে পত্র দ্বারা নিমন্ত্রণ করিয়া সভা করেন তাঁহারদের বিদায় করিয়া এবং সিংহের দলস্থ ও শিবনারায়ণ ঘোষের দলস্থ বিদায়ের পর শ্রীযুত শ্রীকান্ত তর্কপঞ্চানন ভট্টাচার্য্যপ্রভৃতি শ্রবণাহূত হইয়া বিদায় হন। ইহাতে তাঁহারদের কোন দোষ নাই। কারণ তাঁহারা দলাধ্যক্ষ এবং হাতিবাগানের শ্রীযুত কাশীনাথ তর্কালঙ্কার এবং তাঁহার ছাত্রাভিমানী নীলকমল ন্যায়ালঙ্কার ইহাঁরা ব্রতী থাকিয়া সকল দলের বিদায় করাইয়া পশ্চাৎ বিদায় হন তাহাতে তাঁহারদের দোষ নাই। কারণ শ্রীযুত তর্কালঙ্কার ভট্টাচার্য্য শ্রীযুত রাজা রাধাকান্ত দেবের গুরুপুত্রের অধ্যাপক। কিন্তু এই ভারতে শ্রীযুত গোপীনাথ তর্কালঙ্কারপ্রভৃতি কতগুলি ব্রাহ্মণ পণ্ডিত শ্রীযুত রামচন্দ্র বিদ্যাবাগীশপ্রভৃতির আগমন শুনিয়া বিদায় হন নাই। সম্প্রতি ৺রাজা গোপীমোহন বাহাদুরের শ্রাদ্ধে কালীনাথ মুনসীর দলস্থ নৈহাটী নিবাসির শ্রীযুত কৃষ্ণমোহন বিদ্যাভূষণকে শ্রীযুত কান্তিচন্দ্র সিদ্ধান্তশেখর পত্র দিয়া সভাস্থ করেন এবং শ্রীযুত শম্ভু বাচস্পতি শ্রীযুত রামদুলাল সরকারের শ্রাদ্ধে ঐ বিদ্যাভূষণকে নিমন্ত্রণপত্র দেন ইহাতেও তাঁহারদের দোষ নাই। দর্পণকার মহাশয় অতিশয় দয়ালু এবং সর্ব্বজন হিতৈষী একারণ লিখিতেছি দর্পণে কএকটি পংক্তি অর্পণ করিয়া যদি তাবৎ সম্বাদপত্র সম্পাদক মহাশয়দিগের গোচর করেন তবে তাবৎ দলপতিরদের গোচর হইতে পারে। চন্দ্রিকাকার মহাশয় চন্দ্রিকাতে ইহা দিবেন না তাহার কারণ তিনি সতীদ্বেষির সংস্রব করিবেন না এই নিয়ম আছে। কেবল বাচস্পতির খাতিরে ও বাবু রাধাকৃষ্ণ মিত্রের খাতিরে শ্রীযুত কালীনাথ মুনসীর দলস্থ লোক লইয়া ব্যবহার করিয়াছেন।

---

took the Bachusputee and held a meeting with him. Gokool Gangolee of Hatkhola had the Muhabharut read, and Ramdhun Turkobageesh. who belongs to the party of Kaleenath Moonshee, and Prankrishna Turkolunkar of Sibnarayun Ghose's party were appointed to conduct that business. When it was completed and on the last day, Ram Turkobageesh of that party and Bhobosunker Bidyarutnu and Ramchunder Bidyabagees who reads the Vedas at the Brumhu Subha, were invited by a letter to the assembly. When they had been dismissed, and after the party of Singh Baboo and Seebnarain Ghose had also been dismissed, Shreekant Turkopunchanun who had been drawn there by the report, received gifts and was dismissed; and yet they are supposed to have done nothing wrong, because they are the Directors of parties. Kasheenath Turkolunkar and his scholar, Neelkomul, who were appointed to read the Muhabharut, after dismissing all parties, were dismissed themselves, and yet they are without fault, because the Turkalunkar is the teacher of the son of the Gooroo of Radhakant Deb, but at the reading of the Muhabharut Goopeenath Turkalunkar and some other pundits on hearing that Ramchunder was invited, refused to accept any thing; and latterly at the Shraddha of Rajah Gopeemohun, Siddhantu Sekhur sent an invitation to Krisnamohun Bidyabhoosun of Nyhatee, who belongs to the party of Kaleenath Moonshee and Sumbhoo Bachusputee gave an invitation to the same pundit at the Shraddha of Ramdoolal Sirkar; but they are without fault. The Editor of the Durpun is compassionate and benevolent and therefore I send these few lines for insertion, and if all the Editors would give it a place in their papers, it might be made known to the heads of all parties. The Editor of the Chundrika of course will not publish it, because he has no connection with those who opposed Suttees. It was only with the advice of Bachusputee and Radhakrishna Mittre, that he has had any connection with the party of Kaleenath Moonshee.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

ইঙ্গরাজ কোম্পানি বাহাদুরের রাজ্যে লবণের ব্যবসা একচেটিয়া না রাখিলে মুলুকের খাজনা হয় না রাজ্যের শাসন ও প্রজার পালন আবশ্যক এজন্য একচেটিয়া রাখা উচিত। শুনিতে পাওয়া যায় বিলাতে অনেক সাহেবেরা এ বিষয়ে সম্মতি দিয়াছেন সে ভালুই। পূর্ব্বে শালিয়ানা পঞ্চাশ লক্ষ মোন নীলামে বিক্রী হইয়াও ব্যাপারির আড়ঙ্গে অকুলান হইত। তখন ব্যাপারের নানা সুখ ছিল লবণ নীলামে খরিদ করিয়া ধরাট পাইয়া বিক্রী হইত এমত দুই তিন হাত ফিরিলে সকলে কিছু২ পাইত। যে সকল ব্যক্তি লবণ ভাঙ্গিয়া লইয়া আড়ঙ্গে বিক্রী করিত তাহারা ওজন সরফা দরের তফাৎ ওগয়রহ ব্যাপারে মুনাফা করিত। এখন সে সকল ব্যাপার তাবৎ লোপ হইয়া ভারি ব্যাপারির লাভের বিস্তর কমতা হইয়াছে দালালের রোজগার বন্দ হইয়াছে। নিরিক দর হওয়াতে খুজরা ব্যাপারির পক্ষে ভাল। কারণ যাহারদিগের ১০০০/ মোন খরিদ করিবার সামর্থ্য নাহি তাহারা অনায়াসে ২৫০/ মোন খরিদ করিয়া লইয়া মফঃসলে মুনাফা করে কিন্তু যাহারা তাহা অপেক্ষা গরিব তাহারদিগের কোন ভরসা নাই। অনেকে এমত আছে ৫০/ মোন হইলে খরিদ করিতে পারে কিন্তু তাহা কোম্পানির হুকুম নাই এজন্য পারে না। হিজলি তমলুকের নেমক মহলে এমত কটকিনা হইয়াছে যে সেখানে সরফা ওজন পূর্ব্বমত পাওয়া যায় না। ২৪ পরগনার ও যশোহরের অনেক ঘাট উঠিয়া গিয়াছে পরে ভাল কি মন্দ হয় বলা যায় না। ভলু চট্টগ্রাম এদেশী ব্যাপারির পেটমত লবণ ভাঙ্গিবার আড়ঙ্গ নহে। সালিখা অতিভারি ঘাট এখানে হরেক রকম নমক মেলে কিন্তু যেপ্রকার দর চড়তা তাহাতে মুনাফা করা ভার এঘাটে পাঙ্গা ও করকচ সকল রকম আছে। কিন্তু বলা উচিত নহে গায়ের জ্বালায় না বলিলেও চলে না। কটক বালেশ্বর ও খোরদায় পাঙ্গার ভাও ৪৬৪।৪৬৫।৪৬৯। মান্দ্রাজের করকচের দর ৪০৫ টাকা নিরিক করিয়াছেন কিন্তু ঐ সকল নমক এওজ দম সেম চাহরেম পঞ্চম আছে। গোলায় ছাড় রওয়ানা লইয়া গেলে ঐ সকল নমকের উপর প্রধান কর্ম্মকারকেরদের আলাহিদা দর অগ্রে অমুক বাবুর মারফত রফা হইলে তবে ওজন পাওয়া যায় নচেৎ ৪।৫ দিন ছাড় পড়িয়া থাকে। কিস্তির গহরিতে অনেক নোকসান হয় যে যেমন নমক তাহার মত বাট্টা না দিলে অতিময়লা নমক পাওয়া যায়। প্রধান কর্ম্মকারকেরদের বন্দবস্তি আলাহিদা২ দিতে হয় মুনাফা তফাৎ থাকুক উল্টা ক্ষতি হয়। ইহা ভিন্ন আর২ অনেক আমলাকে যে যেমন যোগ্য তাহাকে তেমনি দিতে হয় করকচ ও পাঙ্গা নমকের পূর্ব্ব ও হালি আমদানির রকম পশ্চাৎ অবকাশমতে পরিষ্কার লেখা যাইবেক। কোন ব্যক্তি সৈন্ধব নমক তৌল হইলে বড় আহ্লাদিত হন। শুনা যায় তিনি যৎকিঞ্চিৎ বার্ষিক পাইয়া প্রধানকর্ম্মকারক ও অমুক বাবুর নিতান্ত অনুগত হইয়াছেন এখন তাঁহার প্রতি দিন২ অশ্রদ্ধা জন্মিতেছে ব্যাপারির প্রতি কড়া নজর রাখিলে তাঁহার কখন ভাল হইবেক না। বোর্ডের কোন ওয়াকিফহাল লোকদ্বারা শুনা আছে যে সন ১৮২৬ সালের জুন মাহায় বোর্ডের ও কৌন্সলের হুকুম আছে যে ময়লা ফরসা জুদা বিক্রী হইবেক সুতরাং তাহার দর আলাহিদা হইবেক তবে সে হুকুম রদ হইয়া গোলার আমলারদিগের নূতন হুকুম বাহির হয় কেন। অতএব যদ্যপি ফরসা ময়লার নিরিক জুদা করিয়া দেন আর আড়াই শত মোনহইতে কম যে কদার করেন এবং আমলা লোকের জুলুমহইতে বাঁচান তবে গরীব ব্যাপারিরা কিছু কাল ব্যবসা করিতে পারে। ঘুসড়ির শীলন নমক সস্তা বটে কিন্তু আমলা লোকের খরচায় সস্তা ঘুচিয়া উল্টা উৎপত্তি হয়। জুলাই মাহায় সাল বিবেচনায় দর কমিবেক কিন্তু এক গুদামে তিন চারি সালের লবণ মিশাল থাকে যে যেমত বাট্টা দিবেক তাহাকে তেমনি লবণ দিবেন এবং হালের লবণ ৮০ সিক্কার ওজন পাইলে কি সস্তা পড়িবেক লাটেকে ২৫/ মোন কমতা।

পূর্ব্বে মহাজন এইক্ষণে দালাল।

To the Editor of the Durpun.

If the Company do not keep the monopoly of salt in this country, the revenues will fall short. It is necessary that the Government should be supported and that the people should be protected; hence the monopoly is necessary. We hear that many persons in England are of the same opinion and it is right. Formerly fifty lakhs of maunds were sold by auction, and yet the retail dealers had not enough; there was much enjoyment in the trade then. When the salt was purchased at auction, purchasers had a discount and resold it; thus the salt passed through two or three hands, and all got a little. Those who sold the salt in retail always obtained some profit by increase in the weight and increase in the price. But now all those things are passed away, and the great profits of great dealers have disappeared, and the profits of the brokers are quite gone. The fixing of definite prices has been advantageous to the small dealer, for those who have no means of purchasing 1000 maunds may still purchase 250 and gain a little by the resale in the Mofussil; but those who have not capital enough for 250 maunds can have no hope. There are many who may purchase 50 maunds, but this is against the rule. In Tumlook and Hidgelee there is now so much strictness that the excess of salt which used to be obtained cannot now be got. In the 24-Pergunnahs and in Jessore many of the ghauts have been abolished, but whether this will be good or evil, time will shew. With the salt of Bhooloos and Chittagong the people of this country cannot interfere. Sulkea is a large depot with many kinds of salt, but the price is so high that there can be no profit. In that depot both Panga and Kurkuch salt is sold and though it may not be proper to tell, yet we must make known our grief, or else we cannot get on. The price of the Cuttack, Balasore and Khoorda salt is 464, 465, 469; the price of the Madras Kurkuch salt is 405 according to the rate; but the salt there according to its quality is of five kinds. If you take an order to the golah, until the price separately fixed by the principal Officers, is settled through means of the Baboo, the salt is not weighed and the order lies idle 4 or 5 days. The detention of boats is a source of expense, and unless a batta be given according to the quality of the salt, very dirty salt is given out. If the separate price fixed by the principal is paid, instead of there being any profit, there is a loss. In addition to these all the Amlahs are to be feed, at least a little. What happens with regard to the former and present year's Kurkuch and Panga salt, I will afterwards write at my leisure. If any obtain the Sundhub salt, he is exceedingly happy. We learn that he having received something annually, is become entirely subservient to the Chief Officer and a certain Baboo, and daily we have less confidence in him. If he looks harshly upon the dealers he will never prosper. We learn from a man who is acquainted with the movements of the Board that there is an order of the Council and of the Board, dated in 1826, that the dirty salt and clean salt should be sold separately; of course there would then be different prices. Why then is this order set aside and a new order of the officers of the golah in force? If there be a different price fixed for the two kinds of salt, and if salt may be sold of less quantity than 250 maunds, and we could be saved from the tyranny of the Amlahs, the poor dealers would be able to trade for some time. The Ghoosoree Ceylon salt is to be sure cheap, but the expenses to which the Amlahs put us, make it really dear. The price may possibly fall in the month of July, on account of the season of the year, but in one godown the salt of three or four years is mixed together, and each one gets his salt according to what he can pay the officer. If the salt of the present year be obtained at the rate of 80 siccas to the seer, how could it be considered cheap when there is a loss of 25 maunds upon each lot?

A former Muhajun now a Broker.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪॥০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0 2	0 6		
2d. Class,	0 ½	0 4		
3d. Class,	3 12	4 0		
Middle 5 per cent loan,	0 0	0 0		
New 5 per Cent,	12 0	13 0		
4 per Cent loan,	2 4	2 0	Disct.	

Bank Shares.

Bank of Bengal,............. Co's. Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৪৭ সংখ্যা। বালম ১৯।] ৮ জুলাই ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৬ আষাঢ়। SATURDAY, JULY 8TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1147. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় মৃত রাজা শিবচন্দ্র রায়ের ইষ্টেটের রিসিবর শ্রীযুত এলিয়ট মেকনাটন সাহেব ও অন্যেরা ফরিয়াদী এবং মৃত বিশ্বনাথ ঘোষের মরণোত্তর টর্নি রামধন ঘোষ আসামী ঐ মোকদ্দমায় সুপ্রিম কোর্টে গত ২ দিসেম্বর তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি ১৯ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে উপরিউক্ত কোর্টে আমার দপ্তরখানায় ডিক্রীর হুকুমঅনুসারে নীচে লিখিতব্য বিষয় পবলিকসেলে বিক্রয় করিব।

লাট নং ১। কলিকাতার শহরতলি ইটালিতে এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৩০/ ত্রিশ বিঘা।

লাট নং ২। কলিকাতার শহরতলি মৌজে শ্রীরামপুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৪৸২ চারি বিঘা সতর কাঠা।

লাট নং ৩। কলিকাতার শহরতলি মৌজে মঠপুকুরে মঠপুকুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি ৩৪/ চৌত্রিশ বিঘা। ঐ ভূমি দেবোত্তর বলিয়া গোপীনাথ ঘোষের যাবজ্জীবন দখলে থাকিল।

লাট নং ৪। কলিকাতা নগরের কলিঙ্গাতে এক খণ্ড ভূমি ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং ৫। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১৷৷১৸০ এক বিঘা এগার কাঠা বার ছটাক।

লাট নং ৬। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১ এক বিঘা।

লাট নং ৭। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ৸৪ উনিশ কাঠা।

লাট নং ৮। টেঙ্গরাতে এক খণ্ড ভূমি অনুমান ২৷৷১ দুই বিঘা ছয় কাঠা।

লাট নং ৯। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ২ দুই বিঘা।

লাট নং ১০। কলিকাতার শহরতলি দলন্দরে এক খণ্ড ভূমি অনুমান ৸১ ষোল কাঠা।

লাট নং ১১। কলিকাতা নগরের জানবাজারে নীলমণি হালদারের বাটী বলিয়া বিখ্যাত যে এক ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৸৪৷৵ উনিশ কাঠা সাত ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চারি অংশের এক অংশ বিক্রয় হইবেক।

উপরিউক্ত সকল লাটের বিশেষ বৃত্তান্ত ফরিয়াদীর উকীল শ্রীযুত সাণ্ডিস সাহেবের নিকটে অথবা মাষ্টর আফীসে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আফীস।
১৩ জুন ১৮৩৭।

যে মোকদ্দমায় শ্রীমতী নবীনমণি দেবী ফরিয়াদী ও মৃত লালভিমোহন ঠাকুরের পুত্র অথচ উত্তরাধিকারী ও উইলের টর্নি শ্যামলাল ঠাকুর ও হরলাল ঠাকুর আসামী সেই মোকদ্দমায় গত ২৫ মার্চ তারিখে সুপ্রিম কোর্টে যে ডিক্রী হয় সেই ডিক্রীর হুকুমক্রমে মৃত লালভিমোহন ঠাকুরের মহাজনেরদিগকে এবং যাঁহারা তাঁহার সম্পত্তি দানদ্বারা প্রাপ্ত হইতে পারেন তাঁহারদের প্রতি হুকুম দেওয়া যাইতেছে যে উপরিউক্ত কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে তাঁহার সমক্ষে আগামি অক্টোবর মাসের ১ তারিখে বা তাহার পূর্ব্ব কোন তারিখে হাজির হইয়া আপনং কর্জ্জ বাবত পাওনা ও দানদ্বারা পাওনাবিষয় সাব্যস্ত করেন তাহা না করিলে উপরিউক্ত হুকুমের দ্বারা যে উপকার হইত তাহা হইবে না।

মাষ্টর আপীস ১ জুন ১৮৩৭।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৩ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীযুত জান ব্রৌন ওয়ার্ট সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

জিলা চব্বিশ পরগনার বসতলার মাঠের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ভেড়ী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৪৫০ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জান ব্রৌণ ওয়ার্টের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১। এবং হরেক রকম লওয়াজিমা বিশেষতঃ কএকখান সেটি কৌচ ও কএকখান মেজ ও কএকখান চৌকি ও কএকটা বাক্স ও কএকটা আলমারি ও কএকখান তক্তপোস ও কএকখান আয়না ও বিছানাসমেত একখান কৌচখাট ও কএকটা পেটারা ওগয়রহ এবং একখান গাড়ি ও সাজসমেত এক-ঘোড়া ও ঘোড়ী ইত্যাদি। পূর্ব্বোক্ত জান ব্রৌন ওয়ার্টের এই সকল বিষয়।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৩ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব অভয়াচরণ শাহার বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরে শুঁড়িপাড়া নামে খ্যাত সিমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০/৷৷০ পাঁচ কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী অভয়াচরণ শাহার যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে মৃত সুখময় শাহার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে ভেকাষ্টা সাহেবের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে কোম্পানির নর্দমা। পশ্চিম দিগে রাস্তা।

২। এবং জিলা চব্বিশ পরগনার চিৎপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ২৷৷ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী অভয়াচরণ শাহার যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে রাস্তা। পশ্চিম দিগে রাস্তা ও গঙ্গা। উত্তর দিগে অনন্তরায় সিংহের ভূমি। পূর্ব্ব দিগে মৃত নওয়াব দৌলৎ জঙ্গের ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

LOST OR STOLEN.

A Company's Four per cent. Promissory Note, for the principal sum of Company's Rupees Ninety-six Thousand (Co's. Rs. 96,000.)

The amount of the above note is acknowledged to have been received on 30th September, 1836, from Ashuk Ali Khan; at the time it disappeared it bore no endorsement but the seals of Ashuk Ali Khan and of Roshunood Dowlah. The Interest was payable at Lucknow, but none had been drawn. Any information that may lead to the recovery of the above note will be thankfully received and rewarded on application to Messrs. Lyall, Matheson and Co. Calcutta.

চুরি কিম্বা খোয়া গিয়াছে।

এক কেতা চারি টাকার সুদির কোম্পানির কাগজ কোম্পানির ৯৬,১০০ ছেয়ানবরই হাজার এক শত টাকার চুরি কিম্বা খোয়া গিয়াছে যথা।

ঐ কাগজের টাকা সন ১৮৩৬ সালের ৩০ সেপ্তেম্বর তারিখে শ্রীযুক্ত আশকআলি খাঁয়ের নিকটহইতে কোম্পানিবাহাদুর প্রাপ্ত হন এবং যে সময়ে ঐ কাগজ অদৃষ্ট হয় সেই সময়ে উহার পৃষ্ঠে উহার মালিক ঐ শ্রীযুক্ত আশকআলি খাঁ এবং শ্রীযুক্ত রসনদ দৌলত এই দুই জনার নাম সহি ছিল না কিন্তু তাঁহারদিগের সিল অর্থাৎ নামের মোহর আছে ঐ কাগজের সুদ লক্ষ্ণৌয়ে দিবার করার ছিল কিন্তু সুদ কখন বাহির হয় নাই যদ্যপি কেহ ঐ কাগজের অনুসন্ধান করিয়া কলিকাতার শ্রীযুক্ত মিঃ লাএল মেথুসন কোম্পানিকে খবর দেন তবে তাঁহার নিকট ঐ কাগজ ধন্যবাদপূর্ব্বক গ্রহণ করিয়া তাঁহাকে পারিতোষিক দেওয়া যাইবেক.

دزدیدہ یا گم شدہ

یکقطعه کاغل کمپني چهار روپیه
سودي بتعداد مبلغ نود و شش هزار
یک صد روپیه سکه کمپني که از عاشق
علي خان بتاریخ سي ستمبر سنه ۱۸۳۶
عیسوي دستیاب شدہ بود گم شد در
حین مفقودي کاغل مذکور بهیچ
اندارس منت سواي مهر عاشق علي
خان و روسن الدوله بر پشت ان ست
نبود سودش لازم الادا از لکهنو لیکن
سودش هنوز بر نه اوردہ کسیکه سراغ
کاغل گم گشته بالا نبرد میسورس لایل
متي سن صاحب کمپني کلکته برساند
انعام موافق مرضي صاحبان دادہ
خواهد شد *

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পুর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha*, or Grammar of *Vopa Deva*, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* Price 2 Rs.

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

রাজকর্ম্মে নিয়োগ।

২৮ জুন।

কোম্পানির কেরাণি শ্রীযুত এচ এচ গ্রিথেড ও শ্রীযুত সি বিডন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে প্রথমোক্ত সাহেবকে উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মভুক্ত এবং শেষোক্ত সাহেবকে বঙ্গ রাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

কোম্পানির কেরাণি শ্রীযুত এচ এচ গ্রিথেড ও শ্রীযুত সি বিডন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

২৭ জুন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এচ বি বেলি সাহেব জিলা মেদিনীপুরের জাইণ্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেক্টরী কর্ম্ম করণার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

জিলা ত্রিহুতের সিবিল ও সেসন জজ শ্রীযুত এচ এস ওলফিল্‌ড সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পাটনায় গমনার্থ আগামি মাসের ২১ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত ওলফিল্‌ড সাহেবের অনুপস্থানপর্য্যন্ত ঐ সকল পদের কর্ম্ম শ্রীযুত এফ গুল্‌স বেরি সাহেব নির্ব্বাহ করিবেন।

রাজশাহী জিলাপ্রভৃতির স্পেসিয়ল ডেপুটি কালেক্টর শ্রীযুত ডবলিউ পি গোড সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের রেবিনিউ কমিস্যনরের আসিষ্টাণ্ট শ্রীযুত আর বি ডবলিউ রামজি সাহেব গত মার্চ মাসের ২৮ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ আগামি আগস্ত মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৬ জুন।

আগ্রার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত আর আলেকজান্দর সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ যে ছুটি পান তদতিরিক্ত নিজ কর্ম্মোপলক্ষে ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্স্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৫০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পুর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।।০ টাকা।

CIVIL APPOINTMENTS.

28th June, 1837.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach Messrs. H. H. Greathed and C. Beadon, Writers, reported qualified for the Public Service, the former to the North Western Provinces and the latter to the Bengal Presidency.

Messrs. H. H. Greathed and C. Beadon, Writers, are reported qualified for the Public Service by proficiency in two of the Native languages.

27th June.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Mr. H. V. Bayley has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in Zillah Midnapore.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. H. S. Oldfield, Civil and Session Judge of Tirhoot, for one month, from the 21st proximo, to visit Patna, on private affairs. Mr. F. Gouldsbury will conduct the duties of those offices during Mr. Oldfield's absence.

Mr. W. P. Goad, Special Deputy Collector of Rajeshahy, &c., for two years, to proceed to the Cape of Good Hope, on medical certificate.

Mr. R. B. W. Ramsay, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhagulpore Division, till the 1st August next, to enable him to join his station, in extension of the leave granted to him on the 28th March last.

16th June.

Mr. R. Alexander, officiating Joint Magistrate and Deputy Collector of Agra, has obtained leave of absence for 15 days on his private affairs, in addition to the time allowed for joining his appointment.

সমাচার দর্পণ

শনিবার ৮ জুলাই ১৮৩৭।

চিকিৎসা শিক্ষালয়ের পুরস্কার বিতরণ।

শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর চিকিৎসা শিক্ষালয়ের ছাত্রেরদিগকে যে পুরস্কার প্রদান করেন তাহা ২৯ জুন তারিখের পূর্ব্বাহ্ণে বিতরণ করা গেল। তৎসময়ে নীচে লিখিতব্য যুব ছাত্রেরদিগকে শ্রীল শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ঐ পুরস্কার অতিবদান্যতাপূর্ব্বক স্বহস্তেই অর্পণ করিলেন।

প্রথম সাম্প্রদায়িক ছাত্র।

প্রথম সাম্প্রদায়িকেরদের পুরস্কার।

শ্রীযুত রাজকৃষ্ণ দে ও ঈশ্বরচন্দ্র গাঙ্গুলি প্রত্যেক ২৭০ টাকা।

শ্যামাচরণ দত্ত এক স্বর্ণ মুদ্রা কিন্তু তৎপরিবর্ত্তে ১২০ টাকা লইলেন।

অন্তঃপাতি দ্বিতীয় সম্প্রদায়ের পুরস্কার।

রামনারায়ণ দাস ১২০ টাকা।

ঈশ্বরচন্দ্র দত্ত স্বর্ণ মু[illegible] শ্যামাচরণ দত্তের সঙ্গে বিনিময় করিয়া লইলেন।

পঞ্চানন শিরোমণি ১২০ টাকা।

উমাচরণ সেট ১২০ টাকা।

অন্তঃপাতি তৃতীয় সম্প্রদায়ের পুরস্কার।

যাদব ধর নবীনচাঁদ মিত্র দ্বারকানাথ গুপ্ত রামকুমার দত্ত কালিদাস মুখোয্যে প্রত্যেকে ৫০ টাকা।

ইউরোপীয় ব্যক্তি আর জি হেমিন এক স্বর্ণ মুদ্রা।

দ্বিতীয় সম্প্রদায়ের ছাত্র।

পরমানন্দ সেট ৫০ টাকা।

উপরিউক্ত ছাত্রেরা কালেজে স্থিতির কালানুসারে সম্প্রদায়েং বিভক্ত হইলেন।

পরমানন্দ সেট দ্বিতীয় বৎসরীয় ছাত্র।

এবং তদুপরি শ্রেণীস্থেরা কালেজ স্থাপনাবধি নিযুক্ত আছেন। এবং এই সকল পুরস্কারের সঙ্গে তাঁহারদের সচ্চরিত্রতার সর্টিফিকট দেওয়া গেল এবং যে সকল ছাত্রেরা পুরস্কার প্রাপ্ত হইলেন না তাঁহারদিগকেও সচ্ছীলতার সর্টিফিকট দত্ত হইল। বর্ত্তমান ছাত্র ৭৫ জন তন্মধ্যে ৫০জন মাসিক বৈতনিক আছেন।

কুরিয়র পত্রসম্পাদক লেখেন যখন আমরা ঐ চিকিৎসা শিক্ষালয়ে উপস্থিত হইলাম তখন শ্রীযুত প্রফেসর গুডিব সাহেব স্বীয় বক্তৃতা সমাপ্ত করিলেন। ঐ বক্তৃতাতে এই অতিকর্ম্মণ্য চিকিৎসাশিক্ষালয়ের মূলাবধি তাবদ্বৃত্তান্ত ব্যাখ্যা করিলেন। এবং এমত সময়ে যদ্রূপ হইতেছে তদ্রূপ ছাত্রসমূহেতে ঐ শিক্ষালয়ের সর্ব্বত্র ব্যাপ্ত ছিল এবং ইউরোপীয় ও এতদ্দেশীয় অনেক মহাশয়রা উপস্থিত ছিলেন।

.সদর বোর্ড রেবিনিউর কর্ম্ম।

গত ১৩ জুন তারিখে সদর বোর্ড রেবিনিউর সেক্রেটরী সাহেব রাজস্বের কমিস্যনর সাহেবেরদিগকে পত্র লিখিয়া স্মরণ করাইলেন যে গত বৎসরের ২৭ জুলাই ও ৫ সেপ্তেম্বর তারিখের সাধারণ পত্রের দ্বারা এমত আজ্ঞা দেওয়া গিয়াছিল যে বর্ত্তমান বৎসরের ১ তারিখঅবধি তাবৎ বন্দোবস্ত ও ইজারা দেওনের তাবৎ নিয়ম ফলতঃ ভূমির রাজস্বসম্পর্কীয় তাবৎ বিষয়েতে ইঙ্গরেজী সন ও তারিখ লিখিতে হইবে।

উক্ত তারিখে কমিস্যনর সাহেবের নিকটে আরো নীচে লিখিতব্য এই পত্র লেখা গেল।

সম্প্রতি সদর দেওয়ানী আদালতে এক মোকদ্দমার আপীল হওয়াতে এই কারণে গবর্ণমেণ্টের বিপক্ষে ডিক্রী হইয়াছে যে কোন খাসমহালে একটা জলকরের খাজনা কোন ব্যক্তির স্থানে দাওয়া হওয়াতে দৃষ্ট হইল তাহাকে তন্নিমিত্ত কোন পাট্টা বা কবুলিয়ত দেওয়া লওয়া যায় নাই অতএব সদর বোর্ড রেবিনিউ সাহেবেরদের হুকুমক্রমে আপনাকে জ্ঞাপন করিতেছি যে আপনকার অধীন কর্ম্মকারকদিগকে ইহা স্পষ্টরূপ জ্ঞাপন করিবেন যে গবর্ণমেণ্টের পক্ষে কোন ব্যক্তিকে কোন জলকর বা কোন ভূমির ইজারা দিতে হইলে নিয়ত পাট্টা ও কবুলিয়ত দিবেন লইবেন এবং এই হুকুম উল্লঙ্ঘন করিলে তাঁহারাই তদ্বিষয়ের দায়ী হইবেন এবং উপরিস্থ কর্তৃত্বকারির হুকুমমত পাট্টা বা ইজারা দেওয়াতে যদ্যপি তাঁহারা পাট্টা ও কবুলিয়তইত্যাদি দেওয়া লওয়া ব্যবহার না করেন তবে তজ্জন্য যে ক্ষতি তাহা তাঁহারদের উপর পড়িবে।

২ উত্তরকালে তাবৎ পাট্টা ও কবুলিয়ৎ জিলার দেশীয় ভাষাতে লিখিতে হইবে।

ওলাউঠা।

বর্ষারম্ভাবধি ওলাউঠা রোগের কিঞ্চিৎ শমতা হইয়াছে তথাপি অনেকে ঐ রোগে প্রতিদিন মারা যাইতেছে।

ফসল।

নীল ফসলবিষয়ক বার্ত্তা পূর্ব্বের ন্যায়ই আসিতেছে কিন্তু বর্ষারম্ভাবধি ধান্যাদি ফসলের শুভসূচনা শুনা যাইতেছে এবং তদ্বিষয়ে সকলের অপেক্ষা যে পূর্ব্বং বৎসরের ন্যায়ই হইতে পারে।

পয়সা।

বাজারে অত্যল্প পয়সা থাকাতে লোকের প্রত্যেক টাকা ভাঙ্গানেতে /০ করিয়া ক্ষতি হইতেছে। অল্পকালের মধ্যে যে এই অনিষ্ট ব্যাপার শুধরিয়া উঠে এমতো বোধ হয় না।

কুম্ভীর ধরা।

গত মাসের ২৪ তারিখের অপরাহ্ণে একটা বৃহৎ কুম্ভীর হুগলির মাজিস্ত্রেট সাহেবের কাছারীতে উপস্থাপিত হইল। ঐ অদ্ভুত বৃহৎ জন্তুর মুখাবধি লাঙ্গূলপর্য্যন্ত পরিমাণ আট হাত এবং শরীরের বেড়টা প্রায় চারিহাত হইবে ঐ জন্তু তৎসময়ে সজীব ছিল হুগলির পশ্চিম ত্রিবেণীর ঘাটে ধরা পড়ে ঐ স্থান এতদ্দেশীয় লোকেরদের স্নানের অতিপ্রসিদ্ধ ঘাট। তাহার কএক দিবস পরে ঐ জন্তুকে মারিয়া চর্ম্ম বহিষ্কৃত করাতে তাহার মুখমধ্যে অলঙ্কার যুক্ত স্ত্রী লোকের একখান হাত পাওয়া গেল। ঐ কুম্ভীর ধরণের তিন দিবস পূর্ব্বে ঐ ঘাটে স্নানকরত তিন জন স্ত্রী একেবারে অদৃশ্য হয়।

এতদ্দেশীয় ভূমিতে বিদেশীয় লোকের স্বত্ব।

১৮৩৭ সালের ২২ ফেব্রুআরি তারিখে ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের হজুর কৌন্সেলে এমত ডিক্রী হইল যে ভারতবর্ষে কোম্পানি বাহাদুরের রাজ্যমধ্যে ভিন্নদেশীয় লোকেরদের ভূমি অধিকার ও দানকরণের ক্ষমতা আছে। পরন্তু জেনরল মার্টিন সাহেবের সম্পত্তিবিষয়ে যে উদ্বেগ হইয়াছিল তাহা এই ডিক্রীর দ্বারা শান্তি হইল এবং সামান্যতঃ ভারতবর্ষে ভিন্নদেশীয় লোকেরদের ভূমিসম্পত্তি অধিকারবিষয়ে যে সংশয় প্রশ্ন হইয়াছিল তাহারো সিদ্ধান্ত হইল।

SUMACHAR DURPUN.

SATURDAY, JULY 8TH, 1837.

Distribution of Prizes at the Medical College.

The distribution of Prizes given by Dwarkanath Tagore to the Students at the Medical College, took place this morning, when the young men, whose names are annexed, had the honour to receive them from the hands of the Governor General.

FIRST CLASS STUDENTS.

Prizes of First Classes.

Rajkissen Dey, and Isserchunder Gangolee, 270 Rupees each.

Shamachurn Dutt, a Gold Medal, but exchanged it for a money prize of 120 Rs.

Prizes of Second Class.

Ramnarain Doss, 120 Rs.

Isserchunder Dutt, Gold Medal (by exchange with Shamachurn Dutt.)

Punchanun Sreemoney, 120 Rupees.

Oomachurn Set, 120 Rupees.

Prizes of Third Class.

Jaudub Dhurrah, Nobinchunder Mitter, Dwarkanauth Goopta, Ramcoomar Dutt, and Kalidas Mookerjee, 50 Rupees each.

R. G. Heming, (European), a Silver Medal.

Second Class Students.

Parmanund Set, 50 Rupees.

The above classification of Students has reference to length of attendance, Parmanund Set being a pupil of the second year, and those in the preceding list, pupils from the commencement. Certificates of good conduct accompanied the prizes, and similar certificates were given to many other young men who were not upon the prize list. The present number of Students is 75, of whom 50 are stipendiary.

When we entered the Theatre, Professor Goodeve was just concluding an address in which he gave a summary view of the progress of this useful Institution. The benches, as usual on such occasions, were crowded with young natives connected with this and the Hindoo Colleges, and many gentlemen were also present.—*Courier, June 29.*

Proceedings of the Sudder Board of Revenue.

On the 13th of June, the Secretary to the Board reminded the Commissioners of Revenue, that by the Circular Orders of the 27th July, and 5th September last, all settlements and farming engagements, in short all proceedings of every kind connected with the land revenue, must, from the 1st of May be according to the English month and the English year of accounts.

On the same date the following letter was addressed to the Commissioners:—

"1. A case in appeal having been recently decided by the Sudder Dewannee Adawlut against the revenue authorities, principally on the ground that a pottah had not been granted to, nor a kubooleut received from the party from whom julker revenue on a Khass Mehal was demanded. I am directed by the Sudder Board of Revenue to request that you will impress on your subordinates the necessity of granting pottahs and taking kubooleuts on all occasions of letting out lands of fisheries on the part of Government, and that they will be held answerable for any deviation from these orders, and for all loss that may be incurred in consequence of not taking the prescribed written engagements in all cases of letting or farming lands or fisheries under sanction of a superior.

2d. All pottahs and kubooleuts must hereafter be expressed in the vernacular language of the district."

Cholera.

The ravages of cholera, since the setting in of the rains, have considerably abated, but many still daily fall victims to this baneful malady.

The Crops.

Accounts of the indigo crop remain unchanged. The grain crops have considerably improved since the setting in of the rains, and an average quantity of grain is now expected to be the out-turn of the season.

The Pice.

The small quantity of copper coin in the market still subjects the leiges to a loss of one anna on each rupee, and there is no immediate prospect of a larger supply.

An Alligator Captured.

A large alligator, was taken to the kutchery of the Magistrate of Hooghly on the afternoon of the 26th instant. The monster measured twelve feet from the snout to the tip of the tail, and five and a half feet round the body. It was alive, and was caught at Tripany, a few miles above Hooghly, a celebrated bathing place for the natives. It was killed and skinned a few days subsequently, when the arm of an adult female, with some ornaments on, was found in the brute's maw. Three women had been missed from the Tripany bathing place during the fortnight preceding the capture of the alligator.—*Beng. Her.*

Rights of Aliens.

The Privy Council on the 22d February, 1837, decreed that aliens had a right to hold and dispose of landed property within the Company's territories in India. This settles the question with regard to General Martine's property, and also the general question with regard to the rights of aliens to real estates in India.

জজের অসদ্ব্যবহার।

হরকরা সম্বাদপত্রে লেখেন যে আমরা শুনিয়াছি কলিকাতাহইতে শত ক্রোশের মধ্যে এক জন জজ সাহেবের ব্যবহারবিষয়ে কমিস্যনর সাহেবের নিকটে যে দরখাস্ত হইয়াছিল তৎপ্রযুক্ত গবর্ণমেণ্ট সদর বোর্ডের সঙ্গে ঐক্য হইয়া আদালতসম্পর্কীয় এক জন সাহেবকে নিযুক্ত করিয়া সরেজমীনে প্রেরণ করিয়াছেন তিনি ঐ স্থানে গমনপূর্ব্বক ঐ জজ সাহেবের প্রতি যে সকল অভিযোগ হইবে তাহা শুনিয়া বিবেচনা করিবেন।

—

হুগলির এমামবাড়ী।

শুনিয়া অত্যাশ্চর্য্য বোধ হইল যে হুগলির এমামবাড়ীর মতওল্লীপদে যে কেরামত আলিকে গবর্ণমেণ্ট ৬।৭ শত টাকা বেতন দিয়া নিযুক্ত করেন তাঁহার কর্ম্ম যদ্যপি অত্যন্ত লঘু তথাপি তিনি গবর্ণমেণ্টের প্রাতিকূল্য করিতে আরম্ভ করিয়াছেন এবং আদালতের যে ডিক্রীক্রমে ঐ এমামবাড়ীর অর্থের কিঞ্চিদংশ লইয়া কালেজ স্থাপিত হয় ঐ ডিক্রী অন্যথাকরণের উদ্যোগ করিতেছেন। তিনি ও তৎসহকারি ব্যক্তিরা চাঁদার দ্বারা ১০০০ টাকা সংগ্রহ করিয়া ঐ তাবদ্বিষয়ক মোকদ্দমা সুপ্রিম কোর্টে অর্পণ করিতে চেষ্টা পাইতেছেন। এই বিষয় প্রমাণ হইলে আমারদের ভরসা হয় যে গবর্ণমেণ্ট অবিলম্বেই তাঁহাকে অপদস্থ করিয়া যাহাতে বিলক্ষণ বিশ্বাস জন্মে এমত কোন ভদ্র ব্যক্তিকে তৎকর্ম্মে অবশ্য নিযুক্ত করিবেন ঐ উচ্চ পদ অর্পণার্থ মোসলমানেরদের মধ্যে উপযুক্ত ব্যক্তির কিছু ন্যূনতা নাই।

—

উক্ত প্রস্তাব লিখনের পর আমরা কুরিয়র সম্বাদপত্রের দ্বারা এতদ্বিষয়ক বিপরীত এক প্রসঙ্গ শুনিলাম তাহাতে বোধ হইল এমামবাড়ীর তাবদ্ব্যাপারের বৈপরীত্যাচরণার্থ কেরামত আলি যে উদ্যোগ করিয়াছেন তাহা নিতান্ত অমূলক কিন্তু তিনি সদর বোর্ডের সাহেবেরদের নিকটে এক পত্র লিখিয়াছেন যে এমামবাড়ীর কিঞ্চিৎ অর্থও ইঙ্গরেজী ভাষা শিক্ষায়ণার্থ অথবা মোসলমানব্যতিরেকে অপর কোন জাতীয়েরদের বিদ্যাধ্যয়নার্থ ব্যয় করিলে ধনদাতার ইষ্টসিদ্ধ হয় না। তিনি আরো লেখেন যে এমত কোন নিয়মেতে আমি স্বীকৃত হইতে পারি না এবং তৎপ্রযুক্ত কএক মাসাবধি স্বীয় বেতনও গ্রহণ করেন নাই। গবর্ণমেণ্ট সুতরাং তাবৎ কালেজ উঠাইয়া দিয়া এমামবাড়ীর তাবদ্ধন মতওল্লীর হস্তে সমর্পণ করিবেন না। যদ্যপি এইক্ষণকার ঐ পদে থাকিতে তাঁহার কোন আপত্তি থাকে তবে অবশ্য তাহা ত্যাগ করিতে পারেন। শিয়া মতাবলম্বি মহানুভব যে মোসলমানেরা এই মহোচ্চপদ ধারণ করিয়া সুখী হইবেন অথচ গবর্ণমেণ্টের প্রতি কোন অভিযোগ করিবেন না এমত ব্যক্তির অভাব নাই।

—

চা।

পাঠক মহাশয়েরা অবশ্যই অবগত আছেন যে এতদ্দেশে চার বৃক্ষের কৃষিকরণ অত্যাবশ্যক বিষয়। ইঙ্গলণ্ড দেশে অশেষ বিশেষ প্রকারে চার ব্যাপার হইতেছে এবং যদবধি কোম্পানি বাহাদুরের একচেটিয়া ব্যবসায় রহিত হইয়াছে তদবধি চার ব্যবহারের আরো আতিশয্য হইয়াছে। এইক্ষণে ইঙ্গলণ্ড দেশে যত টাকার চার ব্যবহার হইতেছে তাহার সংখ্যা ৪।৫ কোটির ন্যূন নহে। সংপ্রতি দৃষ্ট হইয়াছে যে চার বৃক্ষ স্বভাবত

Misconduct of a Judge.

We understand, says the Hurkaru, that in consequence of a representation made by the Commissioner of the district respecting the conduct of the Judge of a station not 100 miles from Calcutta, Government in concert with the Sudder have appointed a judicial officer, to proceed to the spot and hear and investigate there, all complaints which may be made against the functionary in question.

—

Hooghly Emambara.

We learn with surprize that Keramut Ali, whom Government recently appointed to the office of Mutawulli, or manager of the Emambara of Hooghly, upon a salary of 6 or 700 Rs. a month, with very little work to do, has been intriguing against Government, and endeavouring to upset the decisions of the Courts by which a considerable portion of the funds have been appropriated to the erection of the College. He and some of his partizans have clubbed together 1000 Rupees in order, if possible, to bring the whole question before the Supreme Court. It is to be hoped, that if the facts be proved, no time whatever will be lost in deposing him, and appointing some other person in whom the public authorities can have more confidence. There can be no lack of Moosulmans of high character to fill this lucrative post.

—

Since writing the above we have seen a different account of this affair in the Courier. It appears that the story about Keramut Ali's having endeavoured to bring the question of this Emambara into the Supreme Court is without foundation. But he has written a letter to the Sudder Board, to say that in appropriating any of the funds of the Institution to instruction in the English language, and for the education of those who are not Mahomedans, is to violate the wishes of the Testator. He says he cannot give his sanction to such a measure and has therefore not accepted his salary for several months. Government will not, of course, put down the Hooghly College in order to give all the money into the hands of the Manager. If he has objections to continue in his present situation, he is of course at liberty to quit it. There will be no lack of Mahomedans, of sufficiently high character, of the Sheea persuasion, who will be happy enough to take the place without turning round in this manner upon Government.

—

Tea.

Our readers are fully aware of the very great importance of cultivating Tea in this country. It is consumed to an immense extent in England, and since the Company's monopoly has been abolished, the consumption has immensely increased. The quantity consumed is not much short of between four and five crores of Rupees a year. Tea has been discovered to grow naturally

আসাম দেশে জন্মে অতএব কিঞ্চিৎ ব্যয় ও মনোযোগ করিলে এই অতিগুরুতর প্রয়োজনীয় দ্রব্যের কৃষিকরণ ও বাণিজ্য ব্যাপার এতদ্দেশে চলিতে পারে। এমত অনুমান হইয়াছিল যে চীন দেশের বাহিরে চার বৃক্ষ জন্মে না কিন্তু আমরা অতিপ্রামাণিক ব্যক্তির স্থানে শুনিয়াছি যে কচিন চীন দেশে ঐ বৃক্ষ অতিবাহুল্য ও তেজালরূপে জন্মে এবং তদ্দেশীয় লোকেরা চীনীয়েরদের ন্যায় তাহা প্রতি দিন সর্ব্বদা ব্যবহার করে। সংপ্রতি জাবা উপদ্বীপে চার কৃষি হইয়াছে এবং হলণ্ডীয়েরদের এমত ভরসা আছে যে ঐ দেশে রপ্তানী দ্রব্যের মধ্যে অল্প বৎসরেতে চা অতিপ্রধান দ্রব্য হইবে। অতএব ভারতবর্ষীয় ভূমিতে এমত কোন দোষ নাই যে তাহাতে চার বৃক্ষ অত্যুত্তম না জন্মিতে পারে।

—

কোলবোরোক সাহেবের মৃত্যু।

আমরা অতিখেদপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে ইঙ্গলণ্ডহইতে যে শেষ সম্বাদ পঁহুছিয়াছে তদ্দ্বারা অবগম হইল যে কোলবোরোক সাহেব লোকান্তরগত হইয়াছেন। যদ্যপি ইহার ২৫ বৎসর পূর্ব্বে তিনি ভারতবর্ষ ত্যাগ করিয়া ইঙ্গলণ্ডে গমন করেন তথাপি আমারদের পাঠক বর্গের মধ্যে অনেকেই তাঁহাকে শব্দপরিচিত আছেন। ঐ সাহেব কএক বৎসরাবধি সদর দেওয়ানী আদালতের প্রধান জজ ছিলেন পরে কৌন্সেলভুক্ত হইয়াছিলেন। কিন্তু ভারতবর্ষে তাঁহার মহাখ্যাতি সংস্কৃত বিদ্যা ও পণ্ডিত লোকেরদের প্রতিপোষকতাকরণের উপরেই প্রকাশ আছে। ভারতবর্ষে তাঁহার তুল্য সংস্কৃত বিদ্বান কোন ইউরোপীয় ব্যক্তি ছিলেন না জোন্স সাহেবও নহেন এবং সর্ব্বসাধারণ লোকই স্বীকার করেন তিনি সর্ব্ববিষয়েই স্বদেশীয় সর্ব্বাপেক্ষা গুণবান ছিলেন। ইঙ্গলণ্ড দেশে প্রত্যাগত হইলে পরও তিনি আপনার অতিপ্রিয় সংস্কৃত বিদ্যার চর্চাতে বিরত হন নাই। কএক সংস্কৃত গ্রন্থ ইঙ্গরেজীতে অনুবাদকরত মুদ্রাঙ্কিত করিয়াছেন। লণ্ডননগরের রায়েল আসিয়াটিক সোসৈটি সংস্থাপনের নিমিত্ত তিনি প্রধান উদ্যোগী ছিলেন। ঐ সোসৈটি স্থাপনের অভিপ্রায় যে ভারতবর্ষের পুরাবৃত্ত ও বিদ্যার বিষয় অনুসন্ধানকরণ এবং এতদ্দেশীয় ভাষায় যে সকল বহুমূল্য গ্রন্থ আছে তাহা ইঙ্গরেজীতে ভাষান্তরকরণ।

—

ব্লাক আক্‌ট।

সংপ্রতি ইঙ্গলণ্ডহইতে সম্বাদাগত হইয়াছে যে ব্লাক আক্‌ট অর্থাৎ যে আইনের দ্বারা ইউরোপীয়েরা কোম্পানির মফঃসল আদালতের অধীনে নিযুক্ত হইলেন এবং যে আক্‌টের বিষয়ে বিলাতে আপীল হইয়াছিল সেই আইন কোম্পানি বাহাদুরের প্রধান উকীল ও বাদশাহের প্রধান উকীল মঞ্জুর করিয়াছেন।

—

১৮৩৬ সালের সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি কার্য্য।

নীচে লিখিতব্য বিবরণ আমরা ইঙ্গলিসমেন সম্বাদ পত্রহইতে গ্রহণ করিলাম। ১৮৩৬ সালের ১ জানুআরি তারিখে ৭৬৬ মোকদ্দমা মুলতবী ছিল। ১৮৩৭ সালের ১ জানুআরি তারিখে ৬৬১ থাকে অতএব বৎসরের মধ্যে ১০৫ ন্যূন হইয়াছে। ঐ ৬৬১ মোকদ্দমার মধ্যে ৫২৮ মোকদ্দমা ১৮৩৫।৩৬ সালের। ১৮৩৫ সালে জাবেতামত এবং খতখাস আপীল হয় তৎসংখ্যা ৪৭৬। ১৮৩৬ সালে ৪১৬ আপীল হয় অর্থাৎ ৬০ কম হইয়াছে। আরো বোধ হইল গবর্ণমেণ্টকে শ্রীযুক্ত জজ

in Assam, and nothing is wanting but a little care and outlay of money to give to this country a large share in the manufacture and commerce of this article. It has been supposed that it would not grow out of China, but we have been credibly informed that it grows with great luxuriance in Cochin China, the people of which country drink it as commonly as the Chinese. It has also been cultivated largely of late in the island of Java, and it is hoped by the Dutch that in a few years, it will become one of the largest articles of export from that island. There is nothing therefore in the soil of India to prevent its being cultivated here.

—

Mr. Colebrooke.

We are very sorry to state, that by the last advices from England, information was received of the death of Mr. Colebrooke. His name must be familiar to many of our readers, though he left India nearly twenty-five years ago. He was for several years the first Judge of the Sudder Dewannee Adawlut, and afterwards Member of Council. But that which established his fame in India, was his knowledge of Sungskrit, and the patronage which he afforded to men of learning. No European in India, not even Sir William Jones, ever equalled his acquisitions in Sungskrit literature. He was universally acknowledged by all to be the most profound scholar among all his countrymen in India. After his return to England, he did not relinquish his favourite studies, but published several translations from *Sungskrit works. He* was also a main instrument in establishing the Royal Asiatic Society in London, the object of which is to make researches into the history and literature of the east; and to translate into English the most valuable works in the Oriental languages.

—

The Black Act.

Information has been received from England, that the Black Act, by which Europeans were subjected to the jurisdiction of the Company's Courts, and against which an appeal was sent home to England, has been approved of by the Company's and the King's law officers.

—

Business transacted in the Sudder Dewannee Adawlut in 1836.

The following particulars are derived from the *Englishman* of Monday. On the 1st of January, 1836, there were pending 766 suits; on the 1st of January, 1837, 661, being a reduction of 105 suits. Of these 661 suits, 528 are of the years of 1835 and 1836. The number of regular and special appeals filed in 1835 was 476; in 1836, 416, being a decrease of 60 appeals. It appears therefore that the expectation held but to the Government that at the close of

থাপি তাঁহারদের বেতন ১০০ টাকার অধিক নহে এবং উক্ত মুদ্রা হইতেও তাঁহারদিগের আমলার ও কাগজাদির নিমিত্ত অধিক ব্যয় করিতে হয় তদর্থে যে ১০ টাকা পাইয়া থাকেন তাহাতে কোনরূপেই তৎকার্য্য সম্পন্ন হয় না যদ্যপি এই রূপাবস্থায় ঐ সকল ব্যক্তিরা কখনং কিছুং উৎকোচ লইয়া থাকেন তবে ইহাতে দোষ কাহার অবশ্য যাঁহারা আপনার বিষয়ে কহিয়া থাকেন যে যাঁহাকে যত বিশ্বাস করা যায় তাঁহাকে সেই বিশ্বাসানুসারে বেতন দিতে হয় তাঁহারা এতদ্দেশীয় ব্যক্তিদিগের বিষয়ে সেইরূপকরণে বিস্মৃত হন।

১৮৩৩ সালের ৯ আইনক্রমে এতদ্দেশীয়েরা এক নূতন কার্য্যে নিযুক্ত হইয়াছেন কিন্তু অদ্যাপি প্রায় সকল জিলাতেই বাহুল্যপ্রযুক্ত কর্ম্মের শেষ হয় না অতএব অধিক কর্ম্মকার নিয়োগের আবশ্যক হইয়াছে তথাপি অত্যল্প ব্যক্ত তৎকর্ম্মে নিযুক্ত আছেন। বিচারকর্ত্তারা অনেক ইউরোপীয় সহকারি নিযুক্ত করিতে বিরত হউন এবং পূর্ব্বাপেক্ষা এতদ্দেশীয় অধিক ব্যক্তিকে কর্ম্মে নিযুক্ত করুন। তাহা হইলে আয় এই ফল দৃষ্ট হইবে যে বহু কালপর্য্যন্ত কর্ম্মের অনুশীলনপ্রযুক্ত এবং স্থান বিশেষের তত্ত্বাবধারণপ্রযুক্ত অতি দক্ষ এতদ্দেশীয় অনেক ব্যক্তি পাওয়া যাইবেক এবং তাঁহারা সহকারি সাহেবদিগের তুল্য বেতনেতেই তুষ্ট হইয়া ইউরোপীয় ডেপুটিদের অপেক্ষা স্বচ্ছন্দে অধিক কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন।

যদি বাহুল্যরূপে এতদ্দেশীয় ব্যক্তিদিগকে কর্ম্মে নিয়োগ করা যায় এবং তদনুসারে ইউরোপীয় বাহাদুরদিগের নিয়োগের ন্যূনতা হয় তবে বিচারপতির অতিলভ্য সম্ভাবনা এবং দেশের টাকার যে অনাটন হয় তাহারও একপ্রকার আনুকূল্য হইতে পারে এবং দেশীয় প্রজাদিগের নানাপ্রকারেই উপকার সম্ভাবনা। প্রথমতঃ তাহারদিগের স্বদেশীয় ব্যক্তিদিগের সম্ভ্রম ও লাভজনক পদে নিযুক্ত করণপ্রযুক্ত উপকার আছে। দ্বিতীয় অতি শীঘ্রং কর্ম্ম নির্ব্বাহ হয়। তৃতীয়তঃ সম্ভ্রান্ত পদ প্রাপণের ভরসা থাকিলে অধিক ব্যক্তির বিদ্যোপার্জ্জনেতে অনুরাগ জন্মে ফলতঃ এমত কর্ম্মকরণেতে বিদ্যা প্রচলিত হওনের যেমন এক মহোপকার ততোধিক নাই এবং তাহাতে এতদ্দেশীয় লোকেরা আপনারদিগকে সম্ভ্রান্ত জ্ঞান করিবেন এবং পূর্ব্বকালে কর্ম্ম বহিষ্কৃত হওয়াতে ইউরোপীয় ও এতদ্দেশীয় ব্যক্তিদের মধ্যে যে এক প্রকার প্রতিবন্ধ প্রতিবন্ধকভাব ছিল তাহা রসাতল যাইবেক আর তাঁহারদের পরস্পর আলাপাদি প্রায় সমভাবেই হইবেক এবং তখন ইউরোপীয়েরদের প্রাধান্যেরপক্ষেও কিঞ্চিৎ ন্যূনতাহওনের সম্ভাবনা বটে।

এতদ্দেশের মঙ্গলের হ্রাসতা হওয়াতে অবশ্যই স্পষ্ট বোধ হইতেছে যে দেশীয় রাজশাসন ভদ্ররূপে হয় নাই এবং দেশের অর্থ সকল স্থানান্তরে প্রেরিত হইতেছে। অতএব বৃটিশ গবর্ণমেণ্টের উচিত যে এতদ্দেশ যাহাতে নিতান্তই দৈন্যাবস্থায় পতিত না হয় এতদর্থে শূন্য শিরের মধ্যে নূতন রক্তস্বরূপ দেশের উন্নতিকরণের কোন উপায় করেন। দেশ দীন হইলে রাজার অবশ্যই অর্থ ক্ষতি এবং মান হানি আছে। যেহেতু সকলেই কহিবেন যে এদেশ প্রতিপালনের দ্বারা উন্নতিকরণের বিশেষ উপায় ছিল তাহাতে রাজা মনোযোগ করিলেন না। ১৪ আষাঢ়।১২৪৪।—জ্ঞানান্বেষণ।

এস সি বন্দ্যোপাধ্যায়।

establishment charges, for which purpose the additional allowance of 10 Rs. is notoriously inadequate. Now if men under these circumstances are not found proof against bribery, who have the greater cause to blush? Surely they, who in their own case never fail to apply the rule, "pay every man in proportion to the trust reposed in him," but with regard to the natives, lose sight of it completely.

A new office has been created for natives by Reg. IX. of 1833, but while the arrears of business in most Zillahs require additional executive officers in very few only has the appointment taken place. Let the Government dispense with so many European assistants, and have a more extensive recourse to native agency and numbers will be found capable from their long experience and local knowledge. These will be happy to receive the salary of an European assistant.

An extensive employment of native agency would be a great saving to the Government, if the number of European officers be proportionately diminished. The revenue screw will be slackened, and a great blessing conferred upon the people who would be benefited by it in many ways, 1st. the promotion of members of their own body to posts of honour and emoluments; 2dly. a speedy despatch of business; 3dly. the rapid advance of knowledge which the prospect of enjoying honor and distinction would not fail to produce. Indeed this step would do more for the cause of education than any other which can be devised. It would raise the natives in their own estimation, and throw down the barriers which the disability of the natives has raised between them and the Europeans; and when their intercourse is more on an equality, the self-importance of the European functionaries would be proportionally diminished.

The declining prosperity of the country too plainly indicates that it has not been well-managed, but drained of its resources; and that measures on the part of British Government are imperatively called for to restore vital principle in its exhausted veins, and avert a total impoverishment which would be not only disastrous to the country, but entail a financial loss to the Government, besides a stain would be thrown on the British nation, of having ruined a country, which it was bound by every principle of honour and justice to cherish and protect.

S. C. B.

মান্দ্রাজীয় সমাচারপত্রে প্রকাশিত এক প্রস্তাব যাহা জ্ঞানান্বেষণে অর্পিত হইল আমরা তাহাতে জানিলাম তদ্দেশীয় কতিপয় ব্যক্তি নিশ্চয় করিয়াছেন দেশীয় অন্যায় দুঃখ নিবারণার্থ গবর্ণমেণ্টে অথবা সুপ্রিম কোর্টে নিবেদন করিবেন এই প্রকার সভা অনেক ভারিং কার্য্য নির্ব্বাহার্থ নিযুক্ত হইয়া থাকেন অতএব যদি উত্তমরূপে তাঁহারদিগের অভিপ্রেত সিদ্ধ হয় তবে অবশ্য উপকার হইবে এই সভার নিকট কোন কার্য্য উপস্থিত হইলে বিশেষ বিবেচনাপূর্ব্বক উত্তমরূপে দরখাস্ত করিবেন কিন্তু দরখাস্তের মধ্যে ভয়সূচক শব্দ থাকিবেক না অতএব [illegible] সভাশয়েরদিগকে [illegible] লিখিবেন ইহাতে শাসনকর্ত্তারাও প্রজারদিগের গুরুতর বিষয় যথার্থরূপে বিবেচনা করিতে [illegible] পারিবেন কিন্তু সভ্যেরা যদ্যপি [illegible] না হন তবে [illegible] রাও দুঃখ পাইবেন আর শাসনকর্ত্তারাও বিরক্ত হইবেন অতএব [illegible] এই সকল গুণ [illegible] এবং দূরদর্শিতা ও সুবুদ্ধিতা গুণেরও আত্যন্তিক প্রয়োজন আছে কেননা এই সকল গুণ না থাকিলে সভ্যগণের কথার অধিক গৌরব হইবেক না।

এই সভা স্থাপনেতে কিপর্য্যন্ত উপকার আছে তাহা লিখিলাম কিন্তু এক্ষণে ভারতবর্ষে এইপ্রকার সভা স্থাপনের সময় হইয়াছে কি না তাহা বিবেচনা কর্ত্তব্য হইয়াছে আমরা কএক রাজধানীর বিষয় যে কিঞ্চিৎ জানি তাহাতে বোধ হয় এক বোম্বাই রাজধানীতে এইরূপ সভা স্থাপনেতে উপকার সম্ভাবনা বটে কেননা বোম্বাইতে পারস্য বহুতর ধনাঢ্য সওদাগর বসতি করেন তাঁহারা বুদ্ধি বিবেচনাতেও প্রতিষ্ঠিত বটেন অতএব আমারদিগের বোধ হয় মান্দ্রাজের নূতন স্বাধীন সভার ন্যায় এক সভা স্থাপন করিয়া দেশীয় লোকের উপকারকরত আপনারদিগের সম্ভ্রম বৃদ্ধিকরণ উচিত কি না ঐ মহাশয়েরা এইক্ষণে তাহা বিবেচনা করুন কলিকাতার মধ্যে এইপ্রকার সভা এইক্ষণে হইতে পারে কি না আমরা তাহা নিশ্চয় বলিতে পারি না যেহেতুক আমারদিগের ভয় হইতেছে স্বাধীন সভা করিলে তাহা উত্তমরূপে কদাচিত চলে কেননা কলিকাতার মধ্যে যাঁহারা প্রধান শ্রেণ্য তাঁহারাই যে জ্ঞানি পণ্ডিত এমত নহে কিন্তু সভা হইলে তাঁহারাই অগ্রগণ্য হইবেন তাহাতে সুতরাং সাধারণের উপকারকে দূর করিয়া স্বং দলভুক্ত ব্যক্তিরদের নিমিত্ত সভা রাখিবেন কিন্তু আমারদিগের ইচ্ছা এরূপ না হয় এবং ধর্ম্মসভার মান্য সভ্যেরা যদি লোকের দোষানুসন্ধানব্যতীত এইপ্রকার উচ্চকার্য্যে নিযুক্ত হন তবে আমারদিগের আত্যন্তিক আনন্দ হইবে।

আমরা সর্ব্বশেষে ইহাও বলিতেছি মান্দ্রাজের অবস্থা দর্শনে যদিও তত্রস্থ স্বাধীন সভার কার্য্য উত্তমরূপে নির্ব্বাহবিষয়ে সন্দেহ আছে তথাচ আমারদিগের প্রার্থনা ঐ সভার ক্রমিক শ্রীবৃদ্ধি হয়।—জ্ঞানান্বেষণ।

In another part of our paper will be found an extract from the *United Service Gazette*, from which we learn that a Society has been formed at Madras, the object of which is to bring all grievances requiring redress to the notice of the Government or the Supreme Court as the case may be. The duties of such a Society are very important and extensive. And the good which might result from it, if well conducted, are incalculable. The merits of every case that might come before them should be thoroughly weighed, and after the most patient investigation, a memorial should be drawn in clear, firm and respectful language for presentation to the proper authorities. The governing body might thus receive the most powerful assistance in being enabled to form a correct judgement upon matters of the most vital interests to the governed community. But such a self-constituted society, instead of being, as it might be, an institution of the utmost usefulness, would really be a curse to the people, and a nuisance to Government, if its members were otherwise than men of the most unimpeachable integrity and candour. To the above indispensable qualifications must be added those of being well informed and intelligent; for without this character the members would fail in commanding that influence which is so requisite to give weight to their suggestions.

Having mentioned our views about the Society in question, let us consider if the time is arrived for its formation in India. From the little knowledge that we have of the several presidencies we should say that the only place, where an institution of this nature may be formed with the fairest prospects is Bombay, where there are not a few Parsee merchants of independent fortune who are renowned for their general intelligence and enterprising spirit and upright conduct. It is therefore, we think, worthy of the consideration of our Parsee brethren whether they might not start an institution like the Madras Independent Society, with honour to themselves and advantage to their country. We are not quite prepared to say that we look for such an institution in our own city of palaces—here we confess we are afraid of mismanagement. The most influential, who are not necessarily the most upright and intelligent, would take the lead and good of the greatest number would be lost sight of from the more powerful motives of serving the interests of isolated parties. We shall however be glad if we are mistaken, for it will afford us no little satisfaction to see the respected members of our community change the inquisitorial duties of the Dharma Subha for those of an ennobling and an honourable character.

In conclusion, we need hardly say that we wish success and prosperity to the newly instituted Society of Madras, though we must be permitted to doubt the attainment of their end in the present state of society at that presidency.—*Gyan.*

বিসাপকালেজেতে যে গীর্জা আছে সেই স্থানে শ্রীযুত লার্ড বিসাপ সাহেব কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়কে পাদরি করিয়াছেন সকলেই জানেন বন্দ্যোপাধ্যায় বাবু হিন্দুরদিগের মধ্যে প্রধান ব্রাহ্মণ জাতির সন্তান তিনি হিন্দু কালেজে শিক্ষা করিয়া শেষ শ্রীযুত হেয়ার সাহেবের বিদ্যালয়ে শিক্ষক হইয়াছিলেন এবং শিক্ষা প্রদান কালে অতিসাহসিক ও নৈপুণ্যরূপে ইনকোয়েররনামক এক সম্বাদ পত্র প্রকাশ করিতেন তাহার পরেই বাবু খ্রীষ্টীয়ান ধর্ম্মাবলম্বন করিয়া তদবধি ঐ ধর্ম্মের অত্যন্ত সপক্ষ আছেন এবং চর্চমিসন

On the 24th of June, Baboo Krishna Mohuna Banerjea was ordained at the chapel of the Bishop's College by the Lord Bishop of Calcutta. The Baboo is well known as having been a member of a high caste bramhun family. He received his education at the Hindoo College, and was in the first instance engaged as a teacher of Mr. Hare's school. While here, he started the "Enquirer," which he conducted for a number of years with great ability. He subsequently became a convert to Christianity of which he has ever since

সোসৈটির কর্ত্তারাও তাঁহাকে মীর্জাপুরের বিদ্যাগারে শিক্ষকতাপদে নিযুক্ত করিয়াছিলেন আমারদিগের বোধ হয় ঐ বাবু মীর্জাপুরের বিদ্যালয়ের শিক্ষক থাকিতে ঐ বিদ্যালয়ের কার্য্য উত্তমরূপেই চলিয়াছিল অনন্তর কএক মাস গত হইল চর্চমিসন সোসৈটি বাবুর সঙ্গে সম্পর্ক ত্যাগ করিয়াছিলেন কিন্তু তাঁহারা যে কারণে সম্পর্ক ত্যাগ করেন আমরা সমাচার পত্রে তাহা প্রকাশকরণের আবশ্যকতা বুঝিলাম না পরে বাবু গঙ্গাপারে গিয়া দুই তিন মাসপর্য্যন্ত বিসপ কালেজে থাকিয়া বিবিধ ভাষাভ্যাসের প্রতি মনোযোগ দিলেন অবশেষে যে পাদরি হইলেন ইহাতে অনেকে অনেক প্রকার মনে করিবেন যাঁহারা অন্তরে খ্রীষ্টিয়ান ধর্ম্ম উত্তম জ্ঞান করেন তাঁহারদিগের অত্যন্ত আহ্লাদ বোধ হইবে কিন্তু হিন্দু ধর্ম্মাবলম্বিরা অতিশয় কটুকাটব্য কহিবেন।

তাঁহার পাদরি পদ গ্রহণকালীন পাদরিরা অনেকে উপস্থিত ছিলেন কিন্তু অন্য লোক বিস্তর উপস্থিত থাকেন নাই।

পাদরি কৃষ্ণমোহন অল্প দিনের মধ্যেই কলিকাতায় আসিবেন এবং যাহাতে খ্রীষ্টীয়ান ধর্ম্মের বৃদ্ধি হয় তদর্থে সাধ্যানুসারে চেষ্টা করিবেন —ঐ.

been a staunch and devoted follower. The Church Mission Society engaged the services of Baboo Krishna Mohuna as head teacher of their school at Mirzapore, which under his care and management attained, we believe considerable prosperity. But a few months ago the Society were pleased, for reasons which we need not divulge here, to cut their connection with the Baboo or as he might be now called the Reverend Krishna Mohun Banerjea. During the last two or three months he has been living at the Bishop's College where his attention has been chiefly engaged in the study of languages. The last circumstance of his ordination will raise various and opposite emotions in the minds of men. To the sincere Christian it is a matter of the highest satisfaction. To the Hindoos it will afford a fresh subject for scandal and abuse.

At the ordination there were very few people present besides clergymen, of whom the attendance was full.

The Reverend Krishna Mohun Banerjea will in a few days be settled in Calcutta, when he will use his best exertions for the promotion of Christianity. *Ibid.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদনমিদং। নীচের লিখিত কএক পংক্তি আগামি শনিবারের দর্পণে স্থান দানে বাধিত করিতে আজ্ঞা হয়। দত্তকালীন দত্ত ও গাঙ্গুলিপ্রভৃতির রাজার দলের সহিত ঐক্য হয়। তৎকালীন গাঙ্গুলি যে কএক জন কায়স্থের নাম লিখিয়া দিয়াছিলেন ফর্দ্দ বাছনির সময়ে দত্ত আপত্তি করেন যে ঐ কএক জন সামাজিকতায় চলনের যোগ্য নহে তাহাতে ঐ কএক নাম বাদে ফর্দ্দ হয়। পরে গাঙ্গুলির পক্ষীয় মতিলাল কহেন যে ঐ কায়স্থেরা সামাজিকতার উপযুক্ত। দত্ত ও গাঙ্গুলির কথায় ঐক্য না হওয়াতে রাজা এক জন আমীন নিযুক্ত করেন যে তিনি ঐ বিবাদ ভঞ্জন করিয়া দেন। ঐ আমীন বিশেষ জ্ঞাত হইয়া রাজাকে কহেন যে উক্ত কায়স্থেরা সমাজে চলন যোগ্য নহে। তাহাতে মতিলাল রাজার নিকট কহেন যে উক্ত কায়স্থেরা সমাজে চলন যোগ্য তাহা আমি প্রমাণ করিব। রাজা কহেন যে উহারকে তাহার অচল হইয়াছে। ইহাতে মতিলাল অনেক প্রকার স্তব স্তুতি করাতে রাজা কহিলেন তবে ঘটক কুলীন ও বলস্থ মান্য লোক একত্র করিয়া ইহার এক বৈঠক হয়। তাহাতে মতিলাল সম্মত হইলে রাজা ঘটক কুলীনপ্রভৃতি একত্র হইয়া এক সভা করত বিচার করাতে ঐ কায়স্থেরা দোষী হইলেন। পরে মতিলাল কহিলেন ইহারদিগের কোন উপায় আছে কি না রাজা কহিলেন যে ইহার উপায় সম্বন্ধ। তদ্বিষয়ে মতিলাল কহিলেন যে আচ্ছা আমি টাকা ডিপাজিট করি ইহারদিগের সম্বন্ধ হউক। তাহাতে সমাজের উক্ত হইল যে কত টাকা ডিপাজিট করিবে রাজা কহিলেন যে ১০০০০ টাকা। মতিলাল কহিলেন যে এত্তো টাকা দিতে পারি না রাজা কহিলেন যে ভাল তোমার অনুরোধে ৫০০০ টাকা ছাড়িয়া দি তুমি ৫০০০ টাকা দেহ। পরে মতিলাল কহিলেন যে এ বিষয় এইক্ষণে স্থগিত থাকুক পরে বিবেচনা করা যাইবেক তাহাতে ঐ কায়স্থেরা স্থগিত রহিলেন। পরে সিদ্ধান্ত শেখর ভট্টাচার্য্য রাজার নিকট পত্র লেখেন যে আষাঢ়ে ঐ কএক জন দোষী কায়স্থের মধ্যে এক জনের বাটীতে কোন কর্ম্ম উপলক্ষে ঐ সমুদায় দোষী কায়স্থ ও ব্রাহ্মণ পণ্ডিত সামাজিক কএক জন একত্র হইবেন। তাহাতে রাজা হুকুম দেন যে ঐ দোষির বাটীতে কোনক্রমে যাওয়া হইবেক না সকলকে বারণ করহ যদ্যপি কেহ যান তিনি আমার ত্যাজ্য হইবেন। কিন্তু রাজার সে হুকুম না মানিয়া মতিলালপ্রভৃতি কএক জন ঐ দোষির বাটীতে অন্যান্য দোষির সহিত একত্র হইয়া সামাজিকতার তাবৎ ব্যবহার করিয়াছেন। এইক্ষণে ধর্ম্ম সভাসম্পাদকের প্রতি প্রশ্ন যে তিনি ইহার কি ব্যবস্থা দেন ঐ মতিলালপ্রভৃতি যাঁহারা একত্র হইয়াছেন তাঁহারা রাজার দলে স্থগিত থাকিবেন কি চলন হইবেন। যদি বলেন যে ধর্ম্ম সভার রীত্যনুসারে শুদ্ধ হইয়া চলন হইতে পারেন তাহা এ স্থলে হইবেক না। যেহেতুক ধর্ম্ম সভায় পত্র লিখিয়া যাঁহারা শুদ্ধ হন তাঁহারা লিখিয়া থাকেন যে আমি অজ্ঞানত গিয়াছিলাম কিন্তু ইহা স্মরণপূর্ব্বক প্রতিজ্ঞা করিতেছি আর যাইব না মতিলালের অজ্ঞানত কহিবার যো নাই নিবেদনমিতি।

কস্যচিৎ দ ব।

Correspondence.

To the Editor of the Durpun.

Receive my salutations. By publishing the following lines in the next Saturday's paper, I shall be extremely obliged.

When the Dutt and Gangolee were received into the Raja's party, the Dutt objected to the names of a number of Kayusthas which the Gangolee brought forward, by saying that it was not proper to hold intercourse with them, their names were therefore omitted. Afterwards, Moteeloll of the Gangolee's party said, that these men were worthy of reception. In consequence of this dispute between the Dutt and the Gangolee the Raja appointed an Ameen to settle the dispute. The Ameen having made himself acquainted with the affair, reported that the Kayusthas were not worthy to be admitted. Upon which Moteeloll told the Raja that he would bring proof that they were worthy. The Raja said, that upon examination they have not been found so. Upon this Moteeloll used a great deal of praise and entreaty, and the Raja said, well, let there be a meeting of the Ghuttuck Koolins and the most respectable men of the party. Moteeloll agreeing to this, such a meeting of respectable men was held, when the Kayusthas were condemned. Moteeloll then enquired whether there was any remedy for this. The Raja said, yes, by an atonement. Moteeloll said, well, I will deposit the money, that the atonement be made. Afterwards it was enquired at a Meeting how much money should be deposited; the Raja replied 10,000 Rs. Moteeloll said, he had not so much money to spare, upon which the Raja agreed to take off one half the amount, or 5000 Rupees. Moteeloll afterwards said, let the business rest for the present. We shall afterwards judge what shall be done. After this Siddhanta Sekhur Bhuttacharjee informed the Raja by letter that in the month of Assar there would be some religious ceremony at the house of one of the transgressing Kayusthas, at which all those Kayusthas and some bramhuns would be present. Upon this the Raja ordered that no one should go to the house of the Kayusthas, and if any one did, he should be considered an outcast. Instead of minding the Raja's order, Moteeloll and others went to the houses of the transgressing Kayusthas to enjoy social intercourse with them. Now we would enquire of the Secretary of the Dhurma Subha, what rule he would lay down on this occasion? Are Moteeloll and others who have thus offended to remain in the Raja's party or to be expelled. If he says, according to the rules of the Subha, let there be an atonement; that they may be received back; that will not do upon this occasion. For those who write to the Subha and are forgiven, are obliged to say that they did such things in ignorance.

One D. B.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

পূর্ব্বে এই হুগলীর দেওয়ানি কারাবদ্ধগণের গঙ্গাস্নানের পথ মুক্ত রাখাতে লোকের অনিষ্ট ও তাহারদের দুষ্টতার বিবরণ ২৯ জ্যৈষ্ঠের দর্পণে দিত দয়ালু পাঠক মহাশয় যদি বিজ্ঞাত থাকিতেন তবে বোধ করি যে শ্রীম মাজিষ্ট্রেট সাহেবের সুবিচারে অতৃপ্ত হইয়া ঐ নিয়ম পুনঃস্থাপনাশয়ে মহাশয়ের দ্বারে কদাপি রোদনান্বিত হইতেন না। বিশেষতঃ পূর্ব্বকার নিয়মানুসারে উহারা উত্তম জামিন দিয়া চারি পাঁচ জন চাপরাসির অধীনে বেলা অনুমান ১০ টার কালীন ন্যূনাধিক ৩০।৪০ জন একত্র হইয়া ফৌজদারি কারালয়ের নিম্ন উত্তর পূর্ব্ব কোণে যে ঘাট আছে তাহাতে স্নান করিতে আসিত। পরে ঘাটে নামিয়া স্নান করা দূরে থাকুক কথীসম্বাদ বিরহ পাঁচালিপ্রভৃতি আরম্ভ হইত কেহ বা অত্যন্ত অন্যায়রূপে জল ক্রীড়া করিত। কোন দুষ্ট বা লোকের গাত্রে জল দিয়া শেষে কাম্পনিক কাকুতি স্তুতি করিয়া কহিত যে মহাশয় বা মা ঠাকুরাণি গো ক্ষমা কর অজ্ঞানপূর্ব্বক লাগিয়াছে। যাহা হউক উহারদের এতাদৃক্‌ কার দৌরাত্ম্যের দিনং এমত উন্নতি হইতে লাগিল যে তাহা সম্বাদ পত্রে লিখনাসাধ্য বরং তৎকালে এইদৌরাত্ম্যের কোন উপশমও না হওয়াতে মান ভয়ে অগত্যা অনেকেই ঐ ঘাট উপেক্ষা করিয়াছিলেন। অধিকন্তু ইহারদের রক্ষণাবেক্ষণার্থে যাহারা নিযুক্ত হইয়া আসিত তাহারা আপনারাই তদুপরি তদধিক দুষ্টতাচরণ করিত তাহাতে উহারদের শাসন কি প্রকারে করিবেক তাহারাতো তদনুসারে নির্দ্দোষী অপরঞ্চ শেষোক্ত কারালয়ের সম্মুখে অশ্বত্থ বৃক্ষতলে গরিব বিক্রেতারা পূর্ব্বে কখনং শাক শবজি মৎস্যপ্রভৃতি বিক্রয় করিতে বসিত। যখন উহারা স্নান করিয়া যাইত তখন যাহার যে দ্রব্য মনোনীত হইত অগ্রে তাহা লইয়া কিঞ্চিৎ মূল্য দিত বাকি যাহা থাকিত সত্ত্বেও বিলক্ষণ চৌকাল চাপরাসি থাকিত অতএব তাহার জন্য কিছু মাত্র আটক হইত না। অতএব সম্পাদক মহাশয় উহারদেরও অগত্যা অগস্ত্য যাত্রা করিতে হইল অপরঞ্চ কিমুত্তর হ্যাতি। যাহা হউক সম্প্রতি শ্রীঈশ্বরেচ্ছায় অন্যায়াসহিষ্ণু পাপশুন্যতারক সুবিচারক সাহেবের বিচারে প্রকারান্তরে ইহা নিবারণ হওয়াতে আমরা যথেষ্ট তুষ্ট হইয়া অহরহঃ শ্রীশ্রী৺ নিকট শ্রীযুক্তের ঐবৃদ্ধির প্রার্থনা করত কালযাপন করিতেছি। সম্পাদক মহাশয় এই কএক পংক্তি শোধনপূর্ব্বক আশু অবিকল দর্পণে অর্পণ করিয়া সাধিত করিবেন।

অপর পত্রপাঠকস্য।

To the Editor of the Durpun.

The inconvenience suffered by the people from allowing the prisoners in the Civil jail to go down and bathe, and the frauds practised by those debtors, were unfolded in the Durpun of the 29th Joistha. If the Reader had been acquainted with all this, he would not have been dissatisfied with the decision of the Magistrate, or so earnestly desired through your paper that the old rule might be re-established. According to the old rule, after they had given good security, 30 or 40 of them proceeded about ten o'clock, with 4 or 5 chaprassees to the ghaut, which is to the north east of the Fouzdaree jail. On arriving at the ghaut so far from bathing, some of them began to sing villainous songs, others amused themselves in the water, and throwing water first upon the men and then upon the women, would cry out entreating of them forgiveness. Be that as it may; their outrages became greater every day, so much so, that it was impossible to publish them all in the newspapers; and as there appeared no remedy for this grievance, many persons through fear of dishonour forsook the ghaut. And those who are appointed to watch over them standing upon the landing stairs engaged in even worse actions. Who was to control them, and how could those men who are greater offenders control them? In front of this jail, formerly a few poor people used to sit down under an Assut tree to sell greens and fish. As the prisoners returned from bathing, they took whatever they wanted and threw down a little money, and that which was left the vigilant chaprassees took possession of; the chaprassees were therefore no hindrance to them. Hence the poor venders were obliged to take their departure, not knowing what might afterwards happen. Be that as it may; through the mercy of God, the wise Magistrate who could not suffer injustice or wickedness, forbid their going down to bathe, for which we are abundantly thankful, and pray to God to increase his prosperity. Mr. Editor, I beg you to correct these few lines and speedily to gratify me by publishing them in the Durpun.

Another Reader.

Hooghly.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	।০	।০	ঐ
৩ ক্লাস	৩৶০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0 2	0 6	
2d. Class,	0 1	0 4	
3d. Class,	3 12	4 0	
Middle 5 per cent loan,	0 0	0 0	
New 5 per Cent,	12 0	13 0	
4 per Cent loan,	2 4	2 0	Disct.

Bank Shares.

Bank of Bengal .... Co's. Rs. 2,400—2,500

সাহেব এই আশ্বাস জন্মান যে ১৮৩৬ সালের শেষে ১৮৩৫।৩৬ সালের আপীল ব্যতিরেকে প্রায় আর কোন আপীল মুলতবী থাকিবে না। এইক্ষণে তাহাই সম্পন্ন হইল। মুৎফরক্কা বিষয়ে ১৮৩৬ সালের ১ জানুআরি তারিখে যত মোকদ্দমা মুলতবী ছিল তৎসংখ্যা ৩৬৭ এবং ১৮৩৭ সালের ১ জানুআরি তারিখে ২২১ থাকে অতএব ১৪৬ পর্য্যন্ত কমিয়াছে। যত মুৎফরক্কা ও সরাসরী আপীল ১৮৩৫ সালে উপস্থিত হয় তৎসংখ্যা ৩১৩২ ১৮৩৬ সালে ২৪৬৩ অতএব ৬৬৯ পর্য্যন্ত কমিয়াছে কিন্তু ডিক্রী জারীকরণ বিষয়ের কিঞ্চিৎ শৈথিল্য হইতেছে সেহেতুক জারী না হওয়া যত ডিক্রী ১৮৩৫ সালে উপস্থিত ছিল তৎসংখ্যা ৩০৮ ১৮৩৬ সালে ২০১ নূতন ডিক্রী হয় তাহাতে সর্ব্বসুদ্ধ ৫০৯ উপস্থিত থাকে তাহার মধ্যে ১৮৩৬ সালে কেবল ১০১ জারী হয় অতএব ১৮৩৬ সালের শেষে ৪০৮ ডিক্রী মুলতবী ছিল অর্থাৎ পূর্ব্ব বৎসরাপেক্ষা ১০০ অধিক। এইরূপে জারী না হওয়া ডিক্রী বৃদ্ধি হওয়ার কারণ এই গত দুই বৎসরের মধ্যে পূর্ব্বাপেক্ষা অধিক নূতন ডিক্রী হইয়াছে পূর্ব্বকার প্রবিন্স্যাল আদালতের জারী না হওয়া ২৪১ ডিক্রী গত বৎসরে জারী হয় কিন্তু ৫০৮ অদ্যপর্য্যন্ত জারী হয় নাই।

গত বৎসরে সদর দেওয়ানী আদালত ১৩০ দিনপর্য্যন্ত বিশ্রাম করেন।

মারক।

অশ্বারূঢ় গোলন্দাজের অধ্যক্ষ শ্রীযুত সরিফ সাহেব পানিপট ও রোটক অঞ্চলে পরিভ্রমণ করিয়া যে রিপোর্ট দেন সে এই আহ্লাদজনক যে ঐ অঞ্চলে মারকের তুল্য প্রবল কোন রোগ দৃষ্ট হয় না।

বরফ

এইক্ষণে প্রায় সপ্তাহ হইল কলিকাতায় আমদানী করা আমেরিকীয় বরফের শেষ হইয়াছে ঐ বরফ বৎসরের গ্রীষ্মের শেষেই শেষ হইল। শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে সংপ্রতি কারাগাননামক জাহাজ আমেরিকা দেশহইতে নূতন বরফ বোঝাই হইয়া আমদানী হইয়াছে। এবং বরফের কমিটি তাহা আনয়নার্থ এক বাষ্পীয় জাহাজ প্রেরণ করিয়াছেন।

বোম্বাইর ঝটকাতে অর্থ ক্ষতি।

গত সপ্তাহে আমরা লিখিয়াছিলাম যে বোম্বাইতে অতিপ্রচণ্ড একটা ঝটকা হওয়াতে অনেক জাহাজের সম্পত্তি ক্ষতি এবং কোনং জাহাজ একেবারে বিনষ্ট হইয়াছে। এইক্ষণে শুনা গেল যে ঐ ঝটকাতে যে অর্থ ক্ষতি হয় তাহা অনুমান বিংশতি লক্ষ টাকাপর্য্যন্ত হইবে।

ভরতপুর।

ভরতপুরের রুবাসস্থানে এইক্ষণে একটা সাধারণ যুদ্ধারম্ভ হইয়াছে। ঐ স্থানে দুই জন জমিদার জমিদারীর সরহদ্দ লইয়া বিবদমান হইয়া পরস্পর অস্ত্র ধারণ করিলেন। তাহাতে চারি জন ঐ স্থানেই হত ও একএক জন আঘাতী হইল তথাপি তদ্বিষয়ের নিষ্পত্তি হইল না।

অপর ঐ বিষয় সমাধানার্থ রাজা ঐ যোদ্ধারদের মধ্যে যাহারা বাঁচিয়াছিল তাহারদিগকে ভরতপুরে আনাইলেন এইক্ষণে তাহারা রাজবিচারাপেক্ষায় রহিয়াছে ইতিমধ্যে তাহারদের কৃষিকর্ম্মসকল বন্দ হইয়াছে।

আবা।

আবাহইতে যে শেষ সম্বাদাগত হইয়াছে সে শুভাবহ নহে। ইঙ্গলণ্ডীয়েরদের রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব ও নূতন রাজার মধ্যে কি কথোপকথন হইয়াছে তাহা আমরা জ্ঞাত নহি কিন্তু এমত জনরব উত্থিত হইয়াছে যে রাজার জ্যেষ্ঠ ভ্রাতা যে সকল সন্ধিপত্র করিয়াছিলেন তাহা রাজা মঞ্জুর করিবেন না। এবং আপনি যে সন্ধিপত্রে স্বাক্ষর না করিয়াছেন এমত সন্ধিপত্রে যে বদ্ধ আছেন তিনি আপনাকে এমত জ্ঞান করেন না।

অতএব তৎপ্রযুক্ত হউক বা কোন বিবাদপ্রযুক্তই হউক শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব আবা ত্যাগ করিতে নিশ্চয় করিয়া অবিলম্বে রাঙ্গুণে প্রস্থান করিতে উদ্যত ছিলেন।

মস্কাটের ইমাম।

বৎসরদ্বয় হইল পারস্যের মস্কাটের মস্কাটের ইমাম অর্থাৎ অধ্যক্ষ একখান যুদ্ধ জাহাজ নির্ম্মাণ করিয়া ইঙ্গলণ্ডীয় শ্রীশ্রীযুত বাদশাহের নিকট উপঢৌকনস্বরূপ প্রেরণ করেন এবং শ্রীযুক্ত বাদশাহ প্রিন্স রিজেন্টনামক একখানি ক্ষুদ্র জাহাজ উত্তমরূপে সুসজ্জিত করিয়া ঐ অধ্যক্ষকে প্রত্যর্পণ করেন এইক্ষণে শুনা গেল যে ইমাম ঐ প্রতিদানেতে সন্তুষ্ট হন নাই তাঁহার এমত অপেক্ষা ছিল যে অন্ততঃ ইঙ্গলণ্ডের বাদশাহ তাঁহার প্রতিদানস্বরূপ একখান বাষ্পীয় জাহাজ আমাকে দিবেন।

অযোধ্যা।

কিয়ৎকালাবধি এমত জনশ্রুতি হইয়াছে এবং তাহাতে কেহং বিশ্বাসও করিয়াছেন যে অনেক সেনাপতি সাহেবেরা অযোধ্যা রাজ্যের দেওয়ানী কর্ম্ম নির্ব্বাহার্থ নিযুক্ত হইবেন। কিন্তু মিরট অবজরবর লেখেন যে আমরা সংপ্রতি অতি প্রামাণিক ব্যক্তির দ্বারা শুনিয়াছি যে এই জনশ্রুতি নিতান্ত অমূলক। এবং এমত কোন নিয়মকরণের কথন কল্পও ছিল না।

অযোধ্যার প্রজালোকের অতিখেদজনক অন্যায়গ্রস্ত হওয়াতে বোধ হয় যে এই জনরব উত্থাপিত হইয়া থাকিবে যে ব্রিটিস গবর্ণমেণ্ট অত্যল্পকালের মধ্যে ঐ রাজ্য সম্পূর্ণরূপ কর্তৃত্বকরণার্থ স্বহস্তে গ্রহণ করিবেন কিন্তু আমারদের বোধ হয় যে সন্ধিপত্রক্রমে এমত গুরুতর ক্ষমতা রাজাকে অর্পিত হইয়াছে যে এইপ্রকার ঐ নিয়ম থাকিতে ব্রিটিস গবর্ণমেণ্ট তাহাতে হস্তক্ষেপ করিতে পারিবেন না যদ্যপি রাজা ইঙ্গলণ্ডীয়েরদের সেনাপতি সাহেবের সাহায্য প্রার্থনা করেন তবে তাহাও তাঁহাকে দেওয়া যাইবে কিন্তু তাঁহার এমত কুস্বভাব ও কদর্য্য বুদ্ধি এবং ভারতবর্ষের মধ্যস্থ এমত ইতর লোকেতে বেষ্টিত যে তিনি তদ্রূপ যাচ্ঞা কদাচ করিতে পারিবেন না। রাজার অন্যায়াচরণেতে বোধ হয় যে এমত কোন একটা দুর্ঘটনা ঘটিবে যে তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্টের কর্তৃত্বকারিস্বরূপ হস্তক্ষেপ না করিলেই হইবে না। ফলে যখন তাঁহার কেবল এমত অত্যন্ত অন্যায়াচরণ বৃদ্ধি হইবে যে তদীয় প্রজালোকেরা সহ্য করিতে পারিবে না তখনই ব্রিটিস গবর্ণমেণ্টের তদ্বিষয়ে হস্তক্ষেপ করিতে হইবে। পরন্তু খেদের বিষয় এই যে ব্রিটিস গবর্ণমেণ্টের সৈন্যেরা ঐ রাজ্যে থাকাতেই তাঁহার কুপরাক্রমের বৃদ্ধি হইতেছে। যেহেতুক সৈন্যেরদের প্রতি যদ্যপি তাঁহার ঐ সকল অন্যায়াচরণকরণের সাহায্য করিতে অনুমতি দেওয়া যায় না তথাপি সৈন্যেরদের কেবল তথায় থাকাতেই প্রজা লোকেরা ভগ্নোৎসাহ হইয়া কিছু করিতে পারে না।

গয়কবারের রাজা।

গত মাসের ৬ তারিখে বারোদার শ্রীযুত রেসিডেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট এবং ঐ রেসিডেন্সী কারবারি অর্থাৎ এক জন এতদ্দেশীয় কর্ম্মকারক গয়

1836 there would be few appeals left except those for the year 1835 and 36, has been fully realized.

In the miscellaneous file the number of cases pending on the first of January, 1836, was 367, and on the 1st of January, 1837, 221, being a reduction of 146 cases. The number of miscellaneous and summary appeals filed during the year 1835, were 3132; in 1836, 2463, being a reduction of 669 cases. In the execution of decrees however there has been a falling off. The number of decrees remaining unexecuted at the end of 1835 was 308; admitted in 1836, 201 –total 509. Of these there were executed in 1836, 101; so that there was still pending at the close of 1836, 408 which is an accumulation of 100 during the year. This increase arises from the greater number of decisions which have been passed during the last two years. Of the decrees passed by the late Provincial Appeal, 241 were executed in the last year and 508 yet remain for execution. The Court of Sudder Dewannee Adawlut was closed during 130 days in the last year.

The Plague.

The official visit of Dr. Sherriff, of the Horse Artillery, to the towns and districts of Paniput and Rhotuck has terminated in the satisfactory conclusion that no disease at all resembling the plague exists in that neighbourhood.

Ice.

It is now more than a week since the American Ice, in Calcutta, was completely exhausted. It lasted just to the close of the hot season. We are very happy to learn that the *Paragon* has just come in from America, with a fresh stock, and that the Ice Committee have sent a Steamer down to tow her up.

Loss by the gale at Bombay.

We stated last week that there had been a furious gale of wind at Bombay by which many vessels had been seriously injured, and some of them entirely lost. We have now learned, that the loss occasioned by it has been estimated at more than twenty lakhs of Rupees.

Bhurtpore.

The fighting season has commenced at Roobas, where two Zumindars turned out to adjust their boundaries. Four men were killed on the spot, and several wounded, but notwithstanding, the question remained undecided. To improve matters the Raja ordered the survivors to Bhurtpore, where they are awaiting justice, and their fields culture.—*Agra Ukh.*

Ava.

The last accounts which have been received from Ava, do not appear to be of the most pleasing character. What has passed between Col. Burney, the Resident, and the new King, we know not, but it is rumoured that the King does not intend to abide by the treaties made by his elder brother, and does not consider himself bound except by those which he himself has signed. Whether on account of this declaration or of some other dispute, Col. Burney had determined to leave Ava, and was about to return without delay to Rangoon.

The Imaum of Muscat.

Some two years ago the Imaum of Muscat, in the Persian Gulf, built a frigate, and sent it as a present to His Majesty the King of England, who sent him in return the *Prince Regent*, a pleasure yacht, superbly fitted up. We now learn that the Imaum is greatly dissatisfied with the return. He expected that the King of England would at least have sent him a Steam vessel in return.

Oude.

A rumour has been for some time prevalent, and we believe it has been generally credited, that a number of military officers would shortly be employed in the administration of the civil affairs of the Kingdom of Oude. The Meerut Observer states, we have lately heard, on what we consider as excellent authority, that from the first the rumour was without the least foundation, and that no arrangement of the sort is in contemplation.

The deplorably oppressed condition of the people of Oude, has probably caused the opinion to exist, that the British Government will shortly assume efficient control over the country; but we believe, that the King has by treaty such despotic power, that it is not practicable, under present circumstances to interfere. Were he to solicit the aid of British officers, no doubt, it would be granted him; but this cannot be expected from a man of his character, surrounded as he is too, by a set of perhaps the most unprincipled men in India.

The King's tyrannical conduct will probably, in the end, cause some movement, which will oblige the paramount power to interfere. The period when such a circumstance will occur, will depend on the increase of his atrocities, and the share of patience possessed by his subjects; but it is a melancholy circumstance, that his power should be strengthened by the presence of troops belonging to the British Government, for though the troops are not called upon to support his tyranny actively, still their presence has the moral effect of doing so.—*Meerut Obs. June 22.*

His Highness the Guicowar.

On the 6th ultimo, the Resident of Baroda with his assistants and the Karbharies of the residency, waited on His Highness the Guicowar in a durbar,

কবারের রাজার দরবারে গমন করিলেন এবং রাজার কারবারি বেণিরাম ও অন্যান্য কর্ম্মকারকেরাও দরবারে উপস্থিত ছিলেন তৎসময়ে শ্রীলশ্রীযুক্ত রাজার সঙ্গে শ্রীযুক্ত রেসিডেণ্ট সাহেব দুই ঘণ্টাপর্য্যন্ত নির্জ্জন স্থানে সাক্ষাৎ করিয়া কথোপকথন করিলেন তাহাতে সকলে অনুমান করিলেন ইহার অভিপ্রায় এই কিয়ৎকালাবধি যে কএক গুরুতর বিষয়ে রাজার সঙ্গে গবর্ণমেণ্টের অনৈক্য হইয়াছে তদ্বিষয়ে গবর্ণমেণ্টের যে শেষ হুকুম তাহা রাজাকে জ্ঞাপন করা যায়। কথিত আছে যে রেসিডেণ্ট সাহেব শ্রীযুক্ত সওয়াজীরাও রাজাকে স্পষ্ট জ্ঞাপন করিলেন যে গবর্ণমেণ্টের ইচ্ছা যে তিনি বেণিরাম মন্ত্রিকে বিদায় করেন যেহেতুক ঐ মন্ত্রী যে কুপরামর্শ দেন তাহাতেই পরস্পর অনৈক্য হইয়াছে এবং আরো কহিলেন যে রাজা যদ্যপি এই বিষয়ে সম্মত না হন তবে সন্ধিপত্রক্রমে ব্রিটিস গবর্ণমেণ্ট বেণিরামকে কয়েদ করিবেন অতএব এইক্ষণে রেসিডেণ্ট সাহেব রাজার প্রতি যে হুকুম প্রকাশ করিলেন রাজা যদি তাহা স্বীকৃত না হন তবে বলপূর্ব্বক স্বীকার করাইবেন এবং রেবাকান্তা ও মহীকান্তার অধিকারহইতে গবর্ণমেণ্টের দ্বারা রাজা যে রাজস্ব পাইয়া থাকেন তাহা রহিত করিবেন এবং অন্যান্য যে সকল অনিষ্ট ব্যাপার রাজা করিতেছেন তাহার প্রতিকার করিবেন।

which was attended by his Karbharee Veneeram and other Durukhdars. The Resident had a private interview with His Highness for about two hours, the object of which was believed to communicate to His Highness the final decision of our Government on the subject of several important matters on which differences have some time since existed between it and the Baroda durbar. The Resident is said to have clearly intimated to Suyajee Rao, that it was the wish of the Company's Government that His Highness should dismiss Veneeram from his administration, for it was owing to his advice that the present differences had arisen; and further, that should His Highness not comply with the requisition, the British Government would confine Veneeram by virtue of the treaty. The orders now communicated by the Resident are very strong, and should the Guicowar not attend to them, it is said they are to be strictly enforced; that the Kattiawar, the Rewa Kanta, and the Myhee Kanta, tributes are to be withheld; and that satisfaction is to be demanded for several injuries which have been received from him.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

এতদ্দেশীয় রাজকর্ম্ম নির্ব্বাহার্থ অস্মদ্দেশীয় লোকেরদের নিযুক্তকরণবিষয়ক আমার কতিপয় উক্তি জ্ঞানান্বেষণে প্রকাশ করিয়া বাধিত করিবেন। এতদ্দেশীয় ভাষায় বিরচিত কোন সম্বাদ পত্রে এক পত্রপ্রেরক সংপ্রতি এই প্রস্তাব লিখিয়াছেন যে এতদ্দেশীয় ব্যক্তিরা নানা কারণেতে কর্ম্মের অযোগ্য অতএব তাঁহারদিগকে কর্ম্ম না দিয়া সিবিলসম্পর্কীয় চিকিৎসক সাহেবেরদিগকে তৎকর্ম্মে নিযুক্ত করুন। গবর্ণমেণ্ট এতদ্দেশীয়েরদের পক্ষে সংপ্রতি যে নূতন নিয়ম নির্দ্ধারিত করিয়াছেন যদি তাহা কেবল ঐ লেখকই দূষিতেন তবে তাঁহার পত্রের কোন উত্তর না দিয়া নিরুত্তর থাকাই শ্রেয় হইত কিন্তু অনেক বৎসরাবধি এতদ্দেশাধিবাসি ব্যক্তিরদিগকে কর্ম্ম বহিষ্কৃতকরণানন্তর পরিশেষে বিচারকর্ত্তারা তাঁহারদিগের প্রতি প্রতিকূল হইয়া সম্ভ্রমসূচক ও লাভজনক পদার্পণের উপায় করিয়া অনেক কালের পর তাঁহারদের প্রতি যেরূপ অনুগ্রহ করিয়াছেন তাহা যে ভাক্ত দেশহিতাকাঙ্ক্ষি ব্যক্তিরা দুষিতেছেন ইহাতে কাহার রাগ জন্মিতে না পারে।

সিবিলসম্পর্কীয় সাহেবেরা এতদ্দেশীয় বিচারাগারের কর্ম্ম নির্ব্বাহকরণে অক্ষম ইহা আমার লিখনে আবশ্যকাভাব পক্ষপাত বিহীন কোন ব্যক্তিই এমত কহিবেন না যে এতদ্দেশীয় লোকাপেক্ষা তাঁহারা কর্ম্মক্ষম। কিন্তু আমার ইহা অবশ্য বক্তব্য যে ১৮৩১ সালের ৫ পঞ্চমাইনানুসারে যে সকল ব্যক্তিরা সদর আমিনী পদে নিযুক্ত হন তাঁহারদিগের মধ্যে সিবিলসম্পর্কীয় এক জন মাত্র কর্ম্মচ্যুত হইয়াছেন কিন্তু তিনিও এক জন চিকিৎসক।*

বোম্বে নগরে রাজকর্ম্ম নির্ব্বাহার্থ অতিবাহুল্যরূপে তদ্দেশীয় ব্যক্তিরদের নিয়োগ হইতেছে এবং আশ্চর্য্য বিষয় এই যে

* সম্পাদকের উক্তি। সিবিলসম্পর্কীয় চিকিৎসক লোক সদর আমীনি পদে কোন দেশে নিযুক্ত ছিলেন আমরা জানিতে ইচ্ছা করি।

Spirit of the Native Papers.

To the Editor of the Gyanunneshun.

SIR.—Will you kindly allow me a little space in your paper, to offer a few observations with regard to the appointment of my countrymen as executives in the administration of the country.

A correspondent in one of the native papers has lately taken it into his head to propose the appointment of Civil Surgeons as Principal Sudder Ameens to the exclusion of the natives, whom, for various reasons he assumes to be unfit for the office. Had he been the only person to cavil at the late change in favour of the natives in the institutions of Government, his communication might have been suffered to pass unheeded; but after so long an exclusion when the Legislature has at last made an opening for the natives to obtain offices of comparative honour and emoluments in their own country, one can scarcely repress his indignation at seeing some pretended "well-wishers of the people" finding fault with even the small concessions which has so tardily been made to them.

It is not my object to demonstrate the unfitness of the Civil Surgeons to administer justice in this country, nor can I suppose that any unbiassed reasoner will maintain their superiority in this respect to the natives, but I cannot help observing, that out of so many Sudder Ameens appointed under Reg. V. of 1831, the only one who has been suspended from office is a Civil Surgeon*.

In Bombay where a very extensive recourse is had to the natives in the administration of the country, it is remarkable how few are the appeals from their decisions, as was not long ago shewn, in the news-

* Where is the Civil Surgeon employed in that capacity?—*Ed.*

তাঁহারদিগের বিবেচিত বিষয় সকল অতাল্প পুনর্ব্বিবেচনা হয় তাহা অল্পকাল হইল সম্বাদপত্রে দৃষ্ট হইয়াছে এতদ্দেশীয় প্রধান বিচারাগার অর্থাৎ যে বিচারস্থলে প্রধান২ সিবিলসম্পর্কীয় সাহেবেরা নিযুক্ত আছেন সেই স্থানেই সুবিদিত আছে।

এতদ্দেশীয় ব্যক্তিরদের বহুকালাবধি যে অনিষ্ট অর্থাৎ কর্ম্মে বহির্ভাবদ্বারা তাঁহারদের তাবৎ সদ্গুণ আচ্ছাদিত হইয়াছে এবং তাঁহারদিগের মধ্যে কোন২ ব্যক্তির অজ্ঞানতা ও উন্মত্ততা ব্যক্ত হওয়াতে ইউরোপীয়েরা সুতরাং এই বিবেচনা সিদ্ধ করিয়াছেন যে এতদ্দেশীয় ব্যক্তিরা কোন কর্ম্মে যোগ্য নহেন। কিন্তু যদি এতদ্বিষয় প্রকৃতরূপে বিচার করা হয় তবে এই সুসিদ্ধান্ত হইতে পারে যে এতদ্দেশীয় কর্ম্ম নির্ব্বাহ করিতে এতদ্দেশীয়দিগের যাদৃশ ক্ষমতা বিদেশীয় ব্যক্তিদের তাদৃশ কদাচ নহে এবং অনুমান করি অন্যান্য দেশের বিষয়েও এইরূপ হইতে পারে অকাপট্যের বিষয়ে উভয়ের মধ্যে এমত সাম্যভাব যে হিন্দুস্থানীয় ব্যক্তিরদের মধ্যে সেই গুণ অধিক কি ইউরোপীয়েরদের মধ্যে অধিক ইহা আমি নিশ্চয়রূপে কহিতে পারি না। মহা২ বিদ্যা ও শৌর্য্য বিষয়ে ইউরোপীয় ব্যক্তিরা এতদ্দেশীয় লোকাপেক্ষা অবশ্য প্রধান। কিন্তু ভারিবিদ্বান কিম্বা মহাবীর পুরুষ হইলেই যে দেশীয় সাধারণ কর্ম্ম নির্ব্বাহে উপযুক্ত ইহা আমার কোনক্রমেই বোধ হয় না।

যখন সিবিলসম্পর্কীয় সাহেবেরা এইক্ষণকার ন্যায় ভূরি বেতন না পাইতেন এবং কার্য্য বিষয়ে তাঁহারদের এপ্রকার অদ্ভুত প্রভুত্ব ছিল না তখন তাঁহারা অনুচিত উপায়ের দ্বারা টাকা গ্রহণ করিতেন ইহা সত্য এমত কথিত আছে ছোট বড় সকল লোককেই বাধ্যকরণের মূল্য আছে কিন্তু বিশেষ এই যে এতদ্দেশীয় দীন হীন অতিদরিদ্র ব্যক্তিরা অত্যল্প ধনেতে হস্তক্ষেপ করেন অর্থাৎ ইউরোপীয় বাহাদুরেরা যে অত্যল্প মুদ্রা স্পর্শ করেন না সেই টাকা লইয়া থাকেন ইহা অনেকেই জ্ঞাত আছেন কিন্তু ইউরোপীয় সাহেবেরা ক্ষুদ্র২ বাটী নির্ম্মাণ ও গোলেন্দাজি কর্ম্মে দৃষ্টিপাত করুন যে এতদ্দেশীয় লোকেরদের যে ব্যবহারের বিষয়ে দোষ দেন সে ব্যবহার তাঁহারদের দেশীয় লোকেরা করিতেছেন কি না অথচ এতদ্দেশীয় লোকেরা অত্যল্প মাত্র বেতন পান এবং ইহারদের কর্ম্মেরও স্থৈর্য্য নাই এবং যত বিশ্বস্ততারূপে কর্ম্ম নির্ব্বাহ করিয়া থাকেন না কেন ইহারদিগকে ইউরোপীয়েরা স্বেচ্ছামতেই কর্ম্মচ্যুত করিতে পারেন। সুতরাং স্ব২ পরিবারের উপজীবিক এবং অসময়ের নিমিত্ত কিঞ্চিৎ২ সঞ্চয়ার্থ অগত্যা তাঁহারদিগের কিঞ্চিৎ২ উৎকোচ গ্রহণ করিতে হয়।

এক জন ইউরোপীয় সহকারি কর্ম্মে নিপুণহওনের পূর্ব্বেই এতদ্দেশীয় ব্যক্তিরা যে বেতন পান ততোধিক বেতন প্রাপ্ত হইয়া থাকেন কিন্তু এতদ্দেশীয় ব্যক্তিরা অতিগুরুতর কার্য্য নির্ব্বাহক হইলেও তাদৃশ বেতন পান না তাহার প্রমাণ সিরিস্তাদারেরা প্রায় সকলই বিজ্ঞ ব্যক্তি। এবং উদয়াবধি অস্তপর্য্যন্ত খাটেন তাঁহারদিগের বেতন প্রায় কখনই ১০০ টাকার অধিক নহে বরং অধিকাংশ তাহাও প্রাপ্ত হন না এবং তাঁহারদের এই বিশেষ ক্লেশ হইতেছে যে ইউরোপীয় সাহেবেরদের সম্মুখে অধিককাল দণ্ডায়মান থাকিতেও হয় তথাচ তাঁহারদের বিশেষ পরামর্শ ব্যতিরেকে ঐ সাহেবেরা প্রায় অভ্রান্তিতে কোন কর্ম্ম নির্ব্বাহ করিতে পারেন না। এবং মুনসেফদিগকে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাহাও অল্প নহে ত

papers. In this part of the country, likewise the services rendered by native Judges have been duly appreciated by the Court of Sudder Dewannee Adawlut, the highest tribunal in the country and composed of the ablest members of the Civil Service.

The disadvantages under which the people of the country labour, however, have exercised so baneful an influence on their good qualities, and the ignorance and folly of some of the greatest among them, are so conspicuous, that the Europeans have become impressed with an idea of their own excellence in every respect, and of the general unworthiness of the natives, but if the matter be impartially weighed the latter in point of capacity as executives in their own country, will be found superior to foreigners, as will perhaps be the case with natives of every country. With regard to integrity, the balance in my opinion so to vacillate as to leave it uncertain whether the natives of Hindoostan or the people of Britain have the advantage. As to utility and talents, the Europeans have certainly the superiority over our countrymen, but that the greatest scholars and ablest captains are necessarily the best men of business has not, I believe, been established by experience.

When the Civil Servants were not so well paid as they now are, and had less vigilant control over their actions, it is well known how much they were in the habit of making money by unfair means. It has been observed by some one that every man has his price. The poor despised native, pressed by necessity, will stretch his hands for a paltry sum, while the European will not catch at a small bait. Let the Europeans turn their eyes to the lower branches of the public service, the building and ordnance departments, and see if their own countrymen do not follow the same course which they so much reprobate in natives, who, poorly paid for their services and never sure of their situation, from which their European superior, can very often turn them out at his pleasure, however long and faithfully they may have served, are in a manner compelled to have recourse to bribery to support their families and provide against "a cold winter's day."

An assistant, even before he can be of any service, is paid a handsome salary from the money collected from the country, while a native rendering important services is stinted to a very limited allowance. Shristadars, who are generally men of ability, and toil from early in the morning till late in the night, have a salary seldom exceeding, and in a great number of cases falling short of 100 Rs. and are moreover exposed to the additional hardship of being made to stand for hours in the presence of their European superiors, who perhaps without their advice, would not be able to perform any business correctly. Moonsiffs entrusted with no inconsiderable authority are allowed but 110 Rs., and even from that sum they must pay a portion, for their

সমাচার দর্পণ

১১৪৮ সংখ্যা। বালম ১৯।] ১৫ জুলাই ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১ শ্রাবণ। SATURDAY, JULY 15TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1148. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 *Co.'s Rs.*

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় মৃত রাজা শিবচন্দ্র রায়ের ইষ্টেটের রিসিবর শ্রীযুত এলিয়ট মেকনাটন সাহেব ও অন্যেরা ফরিয়াদী এবং মৃত বিশ্বনাথ ঘোষের মরণোত্তর টর্নি রামধন ঘোষ আসামী ঐ মোকদ্দমায় সুপ্রিম কোর্টে গত ২ দিসেম্বর তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি ১৯ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে উপরিউক্ত কোর্টে আমার দপ্তরখানায় ডিক্রীর হুকুমঅনুসারে নীচে লিখিতব্য বিষয় পবলিকসেলে বিক্রয় করিব।

লাট নং ১। কলিকাতার শহরতলি ইটালিতে এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৩০/ ত্রিশ বিঘা।

লাট নং ২। কলিকাতার শহরতলি মৌজে শ্রীরামপুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৪৸২ চারি বিঘা সতর কাঠা।

লাট নং ৩। কলিকাতার শহরতলি মৌজে মঠপুকুরে মঠপুকুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি ৩৪/ চৌত্রিশ বিঘা। ঐ ভূমি দেবোত্তর বলিয়া গোপীনাথ ঘোষের যাবজ্জীবন দখলে থাকিল।

লাট নং ৪। কলিকাতা নগরের কলিঙ্গাতে এক খণ্ড ভূমি ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং ৫। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১৷৷১৬০ এক বিঘা এগার কাঠা বার ছটাক।

লাট নং ৬। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১ এক বিঘা।

লাট নং ৭। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ৸৪ ঊনিশ কাঠা।

লাট নং ৮। টেঙ্গরাতে এক খণ্ড ভূমি অনুমান ২।১ দুই বিঘা ছয় কাঠা।

লাট নং ৯। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ২ দুই বিঘা।

লাট নং ১০। কলিকাতার শহরতলি দলন্দরে এক খণ্ড ভূমি অনুমান ৸১ ষোল কাঠা।

লাট নং ১১। কলিকাতা নগরের কানবাজারে নীলমণি হালদারের বাটী বলিয়া বিখ্যাত যে এক ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৸৪।৶ ঊনিশ কাঠা সাত ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চারি অংশের এক অংশ বিক্রয় হইবেক।

উপরিউক্ত সকল লাটের বিশেষ বৃত্তান্ত ফরিয়াদীর উকীল শ্রীযুত সাণ্ডিস সাহেবের নিকটে অথবা মাষ্টর আফীসে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

মাষ্টর আফীস।
১৩ জুন ১৮৩৭।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২০ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত আনন্দময় দত্তের পুত্র অথচ উত্তরাধিকারি চন্দ্রনাথ দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সূতালুটিতে হাটখোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে কএকখান খাপরেল ঘর আছে তাহার তিন অংশের এক অংশে ও তাহার তিন অংশের এক অংশের মধ্যে ও তাহার তিন অংশের এক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত আনন্দময় দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জয়চাঁদ পাল চৌধুরির এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে সাত কৌড়ি আহিরির বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গোকুল দত্তের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে সদর রাস্তা।

২। এবং পূর্ব্বোক্ত সূতালুটিতে আহিরী টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার অর্দ্ধেকাংশে ও তাহার অর্দ্ধেকাংশের মধ্যে ও তাহার অর্দ্ধেকাংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত আনন্দময় দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী নর্দমা। দক্ষিণ দিগের এক অংশে নবীন মুখুয্যের বাটী ও ভূমি। অপরাংশে গৌরমোহন মিত্রের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে মৃত্যুঞ্জয় বসুর ঠাকুরের মন্দির। পশ্চিম দিগে গৌরমোহন মিত্রের এক খণ্ড ভূমি।

৩। এবং কলিকাতানগরের সূতালুটিতে হাটখোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিতগৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২৷৷০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত আনন্দময় দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে অভয়চরণ দত্তের এক খণ্ড ভূমি। উত্তর দিগে প্রাণকৃষ্ণ দত্ত চৌধুরির বাটী ও ভূমি। পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে হরচন্দ্র দত্তের এক খণ্ড ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২০ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব দুর্গাপ্রসাদ দত্ত ও কালীপ্রসাদ দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন'

বিশেষতঃ কলিকাতা নগরের শিমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী দুর্গাপ্রসাদ দত্ত ও কালীপ্রসাদ দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে কৃষ্ণসুন্দর বসাকের এক খণ্ড ভূমি। উত্তর দিগে গলি। দক্ষিণ দিগে রামমোহন দত্ত ও মধুসূদন মিত্রের এক খণ্ড ভূমি।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান।২ বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী আছে তাহার অর্দ্ধেক অংশেতে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী দুর্গাপ্রসাদ দত্ত ও কালীপ্রসাদ দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্ত। পশ্চিম দিগে রাজনারায়ণ কুন্ডুর এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে নরহরি ঘোষের বাটী ও ভূমি। উত্তর দিগে মধুসূদন রায়ের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhuttu, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of *Vopa Deva*, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original *Sungskrit*, by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

৫ জুলাই।

ষ্টেসিনরি শ্রীযুত জে বি মারিজ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ ১৮ মাসের ছুটি পাইয়াছেন। এবং স্বীয় কর্ম্মের ভার শ্রীযুত জান ফ্লেমিং হাইড সাহেবের প্রতি অর্পণকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্ণর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

২০ জুন।

শ্রীযুত ডবলিউ অনশলো সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা বেহারের একটিং মাজিষ্ট্রেট হইয়াছেন।

২৭ জুন।

শ্রীযুত ডবলিউ সি এস কনিংহেম সাহেব কটকের দক্ষিণ প্রদেশের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্মকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১ জুলাই।

সপ্তম রেজিমেণ্টের এনশাইন শ্রীযুত এ পি ফের সাহেব আরাকানের কমিস্যনর সাহেবের পদাতিক সৈন্যের প্রধান আসিষ্টাণ্ট হইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে স্মিথ সাহেবের পরিবর্ত্তে আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ এফ সিলি সাহেব জিলা বাখরগঞ্জের চিকিৎসকতা কর্ম্ম করিবেন।

৬ জুলাই।

শ্রীযুত সি বিডন সাহেব ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের দায়েরসায়েরী ও রেবিনিউ কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

বালেশ্বরের একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত এচ টি রেকস সাহেব স্বায় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ বর্ত্তমান মাসের ৮ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১০ জুলাই।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্ণর সাহেব শ্রীযুত এচ এস লেন সাহেবের পদে শ্রীযুত আর্থর চাম্পিয়ন বারওয়েল সাহেবকে তমোলুকের একটিং সাল্ট এজেন্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

২২ জুন।

শ্রীযুত ডবলিউ হাণ্টর সাহেব গাজিপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

২৭ জুন।

পদাতিক সৈন্যের ত্রিংশত্তম রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত এ জাকসন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে শ্রীযুত লেপ্তেনন্ট এচ বাইড সাহেবের অনুপস্থানপর্য্যন্ত একটিং ডেপুটি পোষ্ট মাষ্টর হইয়াছেন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত রাবর্ট ব্রুক সাহেব কানপুরের ধর্ম্মোপদেশক হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

5th July, 1837.

Mr. J. B. Marrige, Clerk to the Committee for Controlling the Expenditure of Stationery, is permitted to proceed to Sea for eighteen months, on medical certificate, and directed to deliver over charge of his office to Mr. John Fleming Hyde.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

20th June.

Mr. W. Onslow to officiate, until further orders, as Magistrate of Zillah Behar.

27th June.

Mr. W. C. S. Cunninghame has been vested with the powers of a Joint Magistrate and Deputy Collector in the Southern Division of Cuttack.

1st July.

Ensign A. P. Phayre, of the 7th Regiment Native Infantry, to be a Senior Assistant to the Commissioner of Arrakan.

4th July.

Mr. Assistant Surgeon W. F. Sealy to perform the medical duties of the Civil station of Backergunge, vice Mr. Assistant Surgeon J. C. Smith.

6th July.

Mr. C. Beadon to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 11th or Patna Division.

The following officer has obtained leave of absence from his station :

Mr. H. T. Raikes, officiating Magistrate and Deputy Collector of Balasore, to the 8th instant, to enable him to join his station.

10th July.

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to appoint Mr. Arthur Champion Barwell to act as Salt Agent of Tumlouk, vice Mr. H. S. Lane.

22d June.

Mr. W. Hunter to be Joint Magistrate and Deputy Collector of Ghazeepore.

27th June.

Captain A. Jackson, of the 30th Regiment Native Infantry, to officiate as Deputy Post Master at Meerut, during the absence of Lieutenant H. Boyd, on medical certificate.

The Reverend Robert Parkinson Brooke, B. A., to be Chaplain at Cawnpore.

সমাচার দর্পণ

শনিবার ১৫ জুলাই ১৮৩৭।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

গত সপ্তাহের মধ্যে লণ্ডননগরহইতে আপ্রেল মাসের যে ডাকের পুলিন্দা প্রেরিত হইয়াছিল তাহা পঁহুছিয়াছে কিন্তু তাহা পঁহুছনের পাঁচ দিবস পূর্ব্বে ৬ আপ্রেল তারিখপর্য্যন্তের সম্বাদ রিলায়েন্স নামক জাহাজের দ্বারা প্রাপ্ত হওয়া গেল। ঐ জাহাজ ইঙ্গলণ্ডহইতে কেপ দিয়া অশীতি দিবসের মধ্যে মান্দ্রাজে পঁহুছিয়াছে। ঐ রাজধানীতে জাহাজ এমত শীঘ্র কখন পঁহুছে নাই।

এই সুযোগের দ্বারা যে সম্বাদ আগত হইয়াছে সে গুরুতর বটে। ১৮ মে তারিখে শ্রীশ্রীমতী প্রিন্সেস্ বিকটোরিয়ার

SUMACHAR DURPUN.

SATURDAY, JULY 15TH, 1837.

Latest European Intelligence.

During this week the Mails of April which were sent by way of Egypt have arrived; but five days before their arrival, we received intelligence to the 6th April by means of the *Reliance*, which made a voyage from England to Madras by the Cape in *Eighty* days, which is the quickest passage ever known to that Presidency.

The intelligence which has been received by this opportunity, is important. Great preparations were made to

জন্ম দিবসীয় উৎসবোপলক্ষে মহাসমারোহ হইয়াছিল।

শ্রীশ্রীমতী ইঙ্গলণ্ড দেশের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের ভ্রাতৃপুত্রী শ্রীশ্রীযুক্তের অপর কোন উত্তরাধিকারী না থাকাতে শ্রীশ্রীমতীই ঐ সিংহাসনের উত্তরাধিকারিণী। গত ১৮ মে তারিখে তিনি অষ্টাদশ বর্ষবয়স্কা অর্থাৎ সিংহাসন প্রাপণোপযুক্ত প্রাপ্তব্যবহারা হইবেন। অতএব যদ্যপি ঐ তারিখের পর সিংহাসন শূন্য হয় তবে শ্রীমতীই তৎক্ষণাৎ রাণী হইবেন। তাঁহার বয়ঃপ্রাপ্তি হওনের পর তদীয় মহোচ্চপদোপযুক্ত অমাত্য ভৃত্যাদি পরিবারবর্গ নিযুক্ত করিতে হইবে। অতএব গত আপ্রেল মাসে ইঙ্গলণ্ড দেশস্থ তাবল্লোকই শ্রীশ্রীমতীর প্রাপ্তব্যবহারতা হওনোপলক্ষে নানাপ্রকার ঘটাকরণার্থ উদ্যোগী হইতেছিলেন। অদ্যাপি শ্রীমতীর পাণিগ্রহণ হয় নাই।

স্পাইন দেশের রাণীর পক্ষে যে শ্রীযুত জেনরল ইবান্স সাহেব যুদ্ধ করিতে ছিলেন তিনি এইক্ষণে ঐ সিংহাসনাভিলাষি শ্রীযুত ডন কার্লসের সৈন্যকর্তৃক পরাজিত হইয়াছেন ঐ যুদ্ধে তাঁহার পক্ষে ৫০ জন হত ও ৫০০ জন আঘাতী হয় সুতরাং তাঁহার রণস্থলহইতে হটিয়া সেণ্ট শিবা ষ্টিয়ান্স স্থানে আশ্রয় লইতে হইয়াছে। এইক্ষণে স্পাইন দেশের রাণীর ব্যাপার প্রায় ভগ্নাশ দৃষ্ট হইতেছে যেহেতুক তাঁহার স্পানীয় নিজ সেনাপতিরা ইদানীং যুদ্ধ করিতে সম্মত নহেন জেনরল ইবান্স সাহেবের পরাজয় হওনের কারণই ঐ সেনাপতিরদের সাহসহীনতা।

যখন কোম্পানি বাহাদুরকে নূতন চার্টর প্রথম প্রদত্ত হয় তখন এমত হুকুম হইয়াছিল যে সিবিলসম্পর্কীয় কর্ম্মে নিয়োগার্থ চারি জন করিয়া নামাঙ্কিত হইবেন তন্মধ্যে যাঁহার গুণাধিক্য থাকিবে তিনিই মনোনীত হইবেন কিন্তু এই নিয়ম এইক্ষণে কার্য্যক্রমে অত্যন্ত অসঙ্গত বোধ হইয়াছে। শুনা গেল যে বোর্ড কন্ট্রোলের সভাপতি শ্রীযুত সর জন হব হৌস সাহেব পার্লিমেণ্টে এই প্রস্তাব করিয়াছেন যে ঐ নিয়ম অন্যথা করা যায়। এবং সিবিলসম্পর্কীয় কার্য্যাকাঙ্ক্ষি ব্যক্তিরদের গুণাদি বিবেচনার্থ এক কমিটি নিযুক্ত হয়। এই প্রস্তাবে সুতরাং কেহ প্রতিবন্ধক হইবেন না যেহেতুক ভারতবর্ষীয় ব্যাপার বিবেচনার্থ পার্লিমেণ্টের মধ্যে কাহারো কিছু অনুরাগ নাই।

কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের নায়েব সভাপতি শ্রীযুত লক সাহেবকে হত্যা করণার্থ কিরণিনামক এক ব্যক্তি উদ্যোগী ছিল পূর্ব্বে ঐ ব্যক্তি ব্রহ্মদেশীয় যুদ্ধে নিযুক্ত থাকিয়া অতিসাহসপূর্ব্বক যুদ্ধ করিয়াছিলেন। তাহাতে তিনি বোধ করিয়াছিলেন যে আমি অবশ্যই কোন প্রধান পুরস্কার প্রাপণের যোগ্য কিন্তু অত্যন্ত ক্রোধন ও অবাধ্য স্বভাবপ্রযুক্ত তাঁহাকে কোন উচ্চপদ দেওয়া গেল না। পরে এতদ্দেশে অবস্থান সময়ে শ্রীলশ্রীযুত লার্ড কম্বর মীর ও শ্রীলশ্রীযুক্ত লার্ড বেণ্টীঙ্কের নিকটে এতদ্বিষয়ে তিনি দরখাস্ত করিয়াছিলেন তাহাতে শ্রীলশ্রীযুত লার্ড বেণ্টীঙ্কের স্থানে আপনার অভীষ্ট সিদ্ধ হওনের সম্ভাবনা নাই বোধ করিয়া তাঁহার প্রাণ নষ্ট করণার্থ উদ্যোগ করিলেন তৎপ্রযুক্ত শ্রীলশ্রীযুত লার্ড বেণ্টীঙ্কের এমত শপথ করিতে হইল যে এই ব্যক্তির দ্বারা আমার প্রাণের বিষয়ে সন্দেহ আছে। তাহাতে তিনি কয়েদ হন পরিশেষে তাঁহাকে বিলাতগমনার্থ ১৫০০ টাকা দেওয়া গেল পরে তিনি ইঙ্গলণ্ডদেশে গিয়া শ্রীলশ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের নিকটে দরখাস্ত করেন কিন্তু ঐ স্থানেও অকৃতকার্য্য হইয়া প্রতিফল দেওনার্থ নিশ্চয় করিলেন অতএব এক দিবসে কোর্ট অফ ডৈরেক্তর্সের নায়েব সভাপতির সঙ্গে কোন যোগে সাক্ষাৎ করিয়া পুনর্ব্বার স্বীয় অভিপ্রেত বিষয়ের দাওয়া করিলেন এবং ঐ শ্রীযুক্ত সাহেব তাহাতে স্বীকৃত হইতে না পারাতে ঐ কিরণি ছুরীর দ্বারা লক সাহেবকে দুই আঘাত করিয়া গলাটিপি দিয়া খুন করিতে উদ্যত হইল কিন্তু ঐ শ্রীযুক্ত সাহেব চেচাচেঁচি করাতে তদীয় পরিচারকেরা ধাবমান হইয়া রক্ষা করিল। কিরণি তৎক্ষণাৎ ধৃত হইয়া কয়েদ হইল কিন্তু কোন যোগে বিষ আহরণ করিয়া তদ্দ্বারা আত্মঘাতী হইল।

শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক এইক্ষণে গ্লাসগো নগরের প্রতিনিধি হইয়া পার্লিমেণ্টে উপস্থিত আছেন। কিন্তু কথিত আছে যে ইহার পরে তিনি তৎকর্ম্মে নিযুক্ত থাকিতে ইচ্ছা করেন না ফলে একেবারে সরকারী তাবৎ কর্ম্ম হইতেই বিরত হইবেন।

সিংহল দ্বীপের গবর্নর শ্রীলশ্রীযুত সর রাবর্ট হটন সাহেব ছয় বৎসরাবধি ঐ পদধারণ করিয়া সংপ্রতি ইস্তফা দিয়াছেন। এইক্ষণে তৎপরিবর্ত্তে শ্রীযুত ষ্টুয়র মেকেঞ্জি সাহেব নিযুক্ত হইয়াছেন। কিন্তু ঐ পদের বেতন ৮০০০০ টাকা নির্দ্দিষ্ট ছিল তাহা ন্যূন করিয়া তাঁহাকে ৭০০০০ টাকা দেওয়া যাইবে এবং তাঁহার নিজ সেক্রেটরীও কেহ থাকিবেন না কেবল দুই জন মোসাহেব থাকিবেন।

এই জাহাজদ্বারা ইঙ্গলণ্ড দেশহইতে বাণিজ্যবিষয়ক যে সম্বাদ আগত হয় সে অত্যন্ত অশুভাবহ। টাকার যে টান্ হইয়াছিল তাহার কিছু ন্যূনতা না হইয়া বরং আরো বৃদ্ধি হইয়াছে। এবং এক সম্বাদপত্রে লেখে মার্চ মাসে নগদ টাকা প্রাপণার্থ কোনং কুঠী ২০ টাকাপর্য্যন্ত সুদ দিতে স্বীকার করিয়াছেন। টাকার এই অত্যন্ত টান্প্রযুক্ত তাবৎ দ্রব্যের মূল্যের ন্যূনতা বিশেষতঃ নীল রেশম সোরা ও অন্যান্য ভারতবর্ষজাত দ্রব্যেরও মূল্যের লাঘব হইয়াছে।

বেঙ্ক।

গত ছয় মাসের নিমিত্ত বাঙ্গাল বেঙ্ক বার্ষিক শতকরা ১৭ টাকার হিসাবে ডেবিডেণ্ড দেওনার্থ স্থির করিয়াছেন। এত অধিক সুদ ঐ বেঙ্কহইতে কখন বাহির হয় নাই। ইউনিয়ন বেঙ্ক গত ছয় মাসের নিমিত্ত বার্ষিক শতকরা ১৪।।০ টাকা করিয়া ডেবিডেণ্ড দিতে নিশ্চয় করিয়াছেন। কোম্পানির টাকাতে অঙ্কিত ঐ বেঙ্কের নূতন নোট এইক্ষণে ইঙ্গলণ্ড দেশহইতে পঁহুছিয়াছে অতিশীঘ্র বাহির হইবে। ইহার পূর্ব্বে বাঙ্গাল বেঙ্ক নোটে দুই জন ডৈরেক্তর্স সাহেবের সহী থাকিত এই নূতন নোটে কেবল এক জনের থাকিবে। যে টাকা এইক্ষণে প্রচলিত হইল সেই টাকায় নূতন নোটহওয়াতে লোকের মহোপকার সম্ভাবনা।

ইচ্ছাপুর।

ইচ্ছাপুরের বারুদখানার চতুর্দ্দিকস্থ ভূমি লইতে গবর্ণমেণ্ট ইচ্ছুক আছেন। ঐ বারুদখানার অতিসন্নিহিত এতদ্দেশীয় লোকের অনেক বসতি হইতেছে এবং বারুদখানার অনেক মোন বারুদ শুকায়নার্থ নিয়তই বাহিরে থাকে। সংপ্রতি তন্নিকটবর্ত্তি এক গ্রামের মধ্যে অতিদারুণ অগ্নি হইয়াছিল কিন্তু সৌভাগ্যক্রমে অনুকূল বাতাস ছিল। কিন্তু যদ্যপি বাতাস ফিরিয়া বারুদ রাশির মধ্যে এক স্ফুলিঙ্গ পতিত তবে অসংখ্য লোকের প্রাণহানি হইত। বারুদখানার নিকটে যে সকল ভূমি আছে তাহার কিয়দংশ ৺ প্রাপ্ত রাজা গোপীমোহন বাহাদুরের কিয়দংশ বাবু

---

celebrate the birth-day of the Princess Victoria, on the 18th of May.

The Princess is the niece of the present King of England; and as he has no heirs, she is the heiress of the English throne. On the 18th of May last, she attained her eighteenth year; that is as far as her succession to the throne was concerned, she attained her majority; so that after that date, on the demise of the Crown she would immediately become queen. On her attaining her majority, it will be necessary to give her an establishment suitable to her high dignity. The people of England were preparing in the month of April to celebrate the Princess's attaining her majority. She is not as yet married.

In Spain, General Evans, who is fighting for the Queen, has been beaten by the troops of Don Carlos, the pretender to the throne, and lost more than fifty men killed, and more than five hundred wounded. He was obliged to retreat from the field of battle to St. Sebastian's. The affairs of the Queen appear to be desperate; for her own Spanish generals will not fight. It was entirely because they deserted General Evans that he was so signally defeated.

When the new Charter was established, it was ordained that, out of every four persons who were nominated for the Civil Service, the best should be chosen. But this rule has been found very inconvenient in practice; and we hear that Sir John Hobhouse, the President of the Board of Control, has proposed in Parliament that this rule shall be abolished, and that a Committee shall be appointed to examine candidates for the Civil Service. The Bill will of course pass without any opposition; for there is no interest felt in Parliament in any thing that concerns India.

An attempt has been made to assassinate the Deputy Chairman of the Court of Directors, Mr. Loch, by a man of the name of Kearney. This man was employed in the Burmese war in which he behaved with great gallantry; and considered himself entitled to a high reward; but his very violent and unmanageable temper prevented his obtaining any promotion. He applied in this country to Lord Combermere and to Lord William Bentinck, and finding that he could obtain nothing from the latter, threatened his life. Lord William was accordingly obliged to swear the peace against him. At length he obtained from Government the sum of 1500 Rs. to enable him to go to England and lay his case before the Court of Directors. On his arrival, he applied to them, but meeting with no success, he determined upon revenge. And accordingly having obtained an introduction to the Deputy Chairman of the Court of Directors, he made certain demands of him with which it was not possible for him to comply; and Kearney then drew out a knife, which he had with him, and endeavoured to stab Mr. Loch. He inflicted two deep wounds upon him, and then putting his hand to his throat, attempted to strangle him. But on his crying out for aid, the messengers rushed in and rescued him. Kearney was immediately committed to confinement, but contrived to obtain some poison, with which he put a period to his existence.

Lord William Bentinck, it is said, does not intend again to stand for Glasgow, of which he is the representative. He intends to retire from public life.

Sir Robert Horton, the Governor of Ceylon, has resigned his situation, after having held it for nearly six years. Mr. Stuart Mackenzie has been appointed to succeed him; but the salary has been cut down from 80,000 Rs. to 70,000 Rupees a year. He is to be allowed no private Secretary; and only two Aide-de Camps.

The Commercial accounts which have been received by this opportunity from England, are very gloomy. The embarrassments in the money market, rather increased than diminished; and one paper states, that no less than 20 per cent. was paid in the end of March for money. In consequence of this pressure all articles of produce had fallen in price. Indigo, silk, saltpetre, and all Indian articles had greatly declined.

The Banks.

The Dividend declared by the Bank of Bengal is equal to 17 per cent. for the last six months which is, we believe, the highest interest ever given by the Bank. That of the Union Bank has been declared at 14½ per cent. The new notes of both Banks expressed in Company's Rupees have arrived, and are now on the point of being issued. The Bengal Bank notes used to be signed by two of the Directors, but the new notes will have but one signature. It will be no small accommodation to the public to have the notes of these banks expressed in the currency which now prevails.

Ishapore.

Government are very anxious to obtain the ground around the powder works at Ishapore. The native huts are now too close to the magazine, in which large quantities of powder are laid out to dry. On a recent occasion a fire broke out in the village, but fortunately the wind was favourable; but had it been otherwise, and had a single spark caught the powder, the loss of life would have been great. The ground near the works belongs to Rajah Goopee Mohun's estate, Baboo Muthooranath Mullick, and Rughoo

মথুরানাথ মল্লিকের কতক বাবু রঘুরাম গোস্বামির। এবং শুনা গেল যে গবর্ণমেণ্ট ঐ সকল ভূমি লওনার্থ তাঁহারদের সঙ্গে কোন বন্দোবস্ত করিতে উদ্যোগী আছেন যদ্যপি তাহাতে কোন আপত্তি হয় তবে বোধ হয় যে ১৮২৪ সালের ১ আইন অনুসারে তাহা উপযুক্ত মূল্য দিয়াই লইবেন।

বাকি খাজানার নিমিত্ত তালুক বিক্রয়।
আলিপুর ৬ জুলাই বৃহস্পতিবার।
১৮৩৭।

চব্বিশ পরগনার কালেকটর শ্রীযুত আনরবল আস্কিন সাহেব উক্ত তারিখে এক নীলাম করিলেন তাহাতে এতদ্দেশীয় ন্যূনাধিক সহস্র লোক উপস্থিত ছিলেন। তাঁহারদের মধ্যে কোনং ব্যক্তি অত্যন্ত ধনী কেহং দরিদ্র তাহাতে কোনং তালুক ৫।৬ টাকা বাকিতে কোন তালুক কেবল ১।২ টাকা বাকির নিমিত্ত নীলামে ধরা গেল।

নীলাম হইতেহইতেই কোনং ব্যক্তি বাকি টাকা দাখিল করিলেন। এতদ্দেশীয় এক ব্যক্তির স্থানে ৬।০ টাকা বাকি ছিল তিনি কালেকটর সাহেবের নিকটে দরখাস্ত করিলেন যে আমাকে কিছু মিয়াদ দেউন। কালেকটর সাহেব তাহাতে নিতান্ত অস্বীকৃত হইলে তালুক নীলামে ধরা গেল। তৎসময়ে ঐ ব্যক্তির নিকটে দণ্ডায়মান অন্যান্য জমিদারেরা কহিতে লাগিলেন যে দেনা বেটা দেনা তখন সে ব্যক্তি অনেক কষ্টে আপনার কোমরবন্দ খুলিয়া টাকা ও নোটেতে পরিপূর্ণ একটা গেঁজে বাহির করিয়া ৬।০ টাকা দিল। কোনং জমিদারী ভারি বাকির নিমিত্ত নীলামে ধরা গেল তাহার মধ্যে কএক জমিদারীর বাকি ঐ স্থানেই আদায় হইল। কএক জমিদারী অত্যল্প মূল্যেই বিক্রয় হইল। শ্রীযুত বাবু কালীনাথ রায় মুন্সীর কএক তালুক নীলামে ধৃত হইল এবং এক ব্যতিরেকে অন্যান্য মহালের বাকি ঐ স্থানেই আদায় হইল সেই মহাল কিঞ্চিদধিক ৪০০ টাকাতে বিক্রয় হইল। শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ রায় মুন্সী ঐ নীলামে উপস্থিত ছিলেন। আমরা সে স্থানে আর টেঁকিতে পারিলাম না যেহেতুক অপরাহ্ণ চারি ঘণ্টা সময়ে অতিশয় গ্রীষ্ম এবং অতিসঙ্কীর্ণ অথচ তৎকর্ম্ম অতিঅনুপযুক্ত ঐ স্থানহইতে অতিশয় জনতার ক্লেশ বাহির হইয়া গেলাম।

বিলপনীয় দৈবঘটনা।

গত দিবসীয় অপরাহ্ণে রিলায়েন্স জাহাজের উপরে অতিখেদাবহ একটা দৈব ঘটনা হয়। যুব এক ব্যক্তি অসাবধান জাহাজহইতে নামিয়া স্নান করিতেছিল। দুর্ভাগ্যপ্রযুক্ত স্রোত অথবা কোন জলজন্তুর দ্বারা আকৃষ্ট হইয়া অদৃশ্য হইল তাহার শব অদ্যাপি দৃষ্ট হয় নাই।

দারুণ নির্দয়তা।

এই সপ্তাহের মধ্যে অষ্টমবর্ষ বয়স্কা এক দরিদ্র কন্যা এমত দুরবস্থা হইয়া পোলীসে আনীত হইয়াছিল যে তাহা বর্ণন অসাধ্য। চর্ম্ম ভেদ করিয়া তাহার অস্থিগুলা বাহির হইয়াছিল এবং মণিবন্ধ দুটা ভাঙ্গিয়া চূর্ণ হইয়াছিল কোনং স্থানের কতক মাংসও কাটা গিয়াছে স্কন্ধে দগ্ধ ক্ষতের ন্যায় ছিদ্র হইয়াছিল মস্তকে দারুণাঘাত ছিল। তৎসময়ে মুমূর্ষুপ্রায় দেখা গেল। তৎক্ষণাৎ তাহাকে পালকির দ্বারা পোলীসের হাসপাতালে লইয়া যাওয়া গেল।

শুনা গেল যে এই সকল দারুণ ব্যাপার ঐ কন্যার মুনীব অতিমান্যা এক মোগলানী করিয়াছিলেন যেহেতুক মোগলানীর

Ram Gossain, and we understand that Government are in treaty for the land. Should there be many obstacles thrown in the way, Government will of course take possession of it under Regulation I. of 1824.

Auction Sale of Talooks for arrears of Rent.

Allipore, July 6th, 1837.

The Honourable Mr. Erskine, Collector of the 24 Pergunnahs, held an auction this day, at which, we believe, natives to the number of a thousand attended, from the first to the last grade of respectability. Some of the Talooks were put up for balances of five and six rupees, and others for a rupee or two.

Several of the arrears were paid up during the sale, and in one case, a native owing a balance of 6¼, applied for time to liquidate it, but the Collector peremptorily refused the application, and the Talook was put up. Several Zemindars standing by, called to the fellow, saying, "De na, battah de," and the fellow unrolling his waste band, produced a bag of rupees and several bank notes, from which the very unwilling drew out the 6¼ rupees. Several estates were lotted for large balances, some cleared during the sale, but others sold at comparatively low prices. Several Talooks belonging to Callinauth Rai, better known as Callinauth Moonshee, were also lotted, and all save one mehal was cleared with apparent difficulty. The mehal sold, and realized something above 400 rupees. Bycauntnauth Rai was seen at the sale.

We could not continue long in the Collector's sale room, as the heat at 4 P. M. was intolerable, and we were nearly suffocated from the immense crowd in such a limited and very ill adopted place for such a purpose.—*Hurkaru.*

Melancholy Catastrophe.

A melancholy catastrophe occurred on board of the ship *Reliance*, a little before dusk last evening. A young midshipman having imprudently ventured over the bows of the vessel for the purpose of bathing, was unfortunately carried down by either the under current or some monster of the deep, and totally disappeared. His body has not yet been found.—*Engl.*

Atrocious Cruelty.

A poor girl about 8 years old, was brought to the Police in a state that beggars all description. Her bones through the flesh, her hands about the wrist smashed, and pieces of flesh cut of them. About the shoulders large holes, evidently burnt with coals, and the sides lacerated, also a deep wound on the head, she seemed then in a *dying state*, and was immediately sent to the Police hospital in the palankeen she was brought.

We hear that the above was perpetrated by a Mogul lady of respectability, on account of the child drinking some

নিমিত্ত যে কিঞ্চিৎ চিনি ও সিরকা প্রস্তুত ছিল তাহা সে খাইয়াছিল। নয় দিবস হইল হামাম দিস্তার দ্বারা এই সকল আঘাত করত তাহাকে লুকাইয়া কলিঙ্গাতে রাখা গিয়াছিল। অদ্য পূর্ব্বাহ্ণে ঐ কন্যা অতিপীড়িতা বোধ হওয়াতে মোগলানীর চাকরাণী তাহাকে চুঁচুড়ায় লইয়া যাইতেছিল ঐ ব্যাপার এক সৈদি দেখিয়াছিল সেই আসিয়া পোলীসে খবর দিয়াছে।

হস্ত কলম।

এড্বার্ড চিনরিনামক এক জন অতিসুদৃশ্য ইষ্ট ইণ্ডিয়ান পূর্ব্ব শুক্রবারে এই নিমিত্ত পোলীসে আনীত হয়। সাক্ষ্যের দ্বারা বোধ হইল যে কাপ্তান হেণ্ডর্সন সাহেবের বিবি রাবিনসন সাহেবের দোকানে দুই সের চা ও কিছু বাতী আনয়নার্থ তাহাকে প্রেরণ করেন। তাহাতে ঐ দ্রব্য এক জন মুটের দ্বারা প্রেরিত হইল এবং ঐ মুটে একখান রসীদ লইয়া ফিরে আইল কিন্তু কিঞ্চিৎ পরে ঐ দোকানে উক্ত বিবির এমত এক চিঠী পঁহুছিল যে জিনিস আমার নিকটে পঁহুছে নাই পরে ঐ জিনিস পাঁচ ঘণ্টাসময়ে পুনর্ব্বার পাঠান গেল কিন্তু তদ্বিষয়ে সন্দেহ হইয়া অনুসন্ধান করাতে ঐ মুটে কহিল যে এক জন সাহেব আমার স্থানহইতে ঐ জিনিস লইয়া রসীদ দিলেন। অপর ঐ মুটে উক্ত চিনরি সাহেবকে দেখাইয়া দিল যে ইনি আমার স্থানহইতে জিনিস লইয়াছেন এবং তাহা সাট বাজারে বিবি স্মিথের বাটীতে পাঠাইয়া দিলেন। তৎপর দিবসে কাপ্তান হেণ্ডর্সন সাহেব ঐ দোকানে গিয়া কহিলেন যে রসীদের এই সহী আমার নহে আমার স্ত্রীরও নহে। অপর ৫ তারিখে ঐ দোষি ব্যক্তির নাম নিশ্চয় হওয়াতে তাহার নামে ওয়ারিং বাহির হইল এবং যিনি ওয়ারিং জারী করিতে গেলেন তিনি বিবি স্মিথের বাটীতে গিয়া ঐ বাতীর কিঞ্চিৎ পাইলেন কিন্তু আসামীকে পাইলেন না তৎপর দিবসে অন্য এক স্থানে আসামী ধৃত হইলেন তিনি ঐ চা আপনার আত্মীয় এক ব্যক্তির নিকটে বিক্রয়ার্থ পাঠাইয়াছিলেন। এবং এইক্ষণে সেসন আদালতে নালিস হওনার্থ ঐ ব্যক্তির উপযুক্ত জোবানবন্দীসকল লওয়া গিয়াছে।

রূপলাল মল্লিক।

১ তারিখে অতিপ্রসিদ্ধ ধনি বাবু রূপলাল মল্লিক ইহলোক পরিত্যাগ করিয়াছেন কথিত আছে তিনি অন্যূন কোটি মুদ্রা রাখিয়া গিয়াছেন। তাঁহার চারি পুত্র প্রত্যেকে ১৫ লক্ষ টাকা করিয়া পাইবেন এবং স্ত্রী কন্যা গুরু পুরোহিত প্রভৃতিকে অবশিষ্ট টাকা বিতরণ হইবে এবং গঙ্গাতীরে ধর্ম্মার্থ ৫০০ টাকা দান করিয়াছেন। কথিত হইয়াছে শ্রাদ্ধার্থও লক্ষ টাকা ব্যয়ের অনুমতি আছে।

অত্যান্তাপ্তঘটনা।

জয়কৃষ্ণ সেটনামক এক ব্যক্তি অত্যুন্মত্ত হইয়া টালাগ্রামে স্বীয় বাগানের পুষ্করিণীতে আপনি জলমগ্ন হইয়া প্রাণ ত্যাগ করিয়াছেন। তিনি অতিশিষ্ট বি

vinegar and sugar, prepared for her. It seems the wounds were inflicted with a pestle and chopper about 9 days ago, and the child conveyed to Colingah for concealment; this morning she appearing worse, they (the servants of the lady in question) were in the act of carrying her to Chinsurah, when the palankeen was brought to the Police by a Sydee lad who witnessed the whole transactions.

Forgery.

An East Indian young man, named Edward Chinnery, of a decent and engaging appearance, was brought up on Friday last under the following circumstances. It appeared in evidence, that the lady of Captain Henderson had some days ago sent to the shop of Messrs. W. W. Robinson and Co. for a couple of seers of tea and a quantity of wax candles. The order was attended to and the articles despatched by a cooley who shortly after returned with a receipt for them. A note was received at the shop, stating that the articles had not reached their destination, and a fresh supply was in consequence sent about 5 o'clock on the evening of the same day. The circumstance excited much suspicion and enquiry being made accordingly, the cooley stated that a gentlemanly looking man took them from him and gave a receipt for them. The cooley recognized the prisoner to be the person that had taken the articles, and the articles were taken to the house of one Mrs. Smith at Short's Bazar. Captain Henderson called at Messrs. Robinson and Co.'s the day following, and on seeing the receipt declared it bore neither his nor his lady's signatures. On the 5th instant, prisoner's name having been previously ascertained, a warrant was issued against him; and the officer who was ordered to execute the process, found some of the candles in Mrs. Smith's house but could not find prisoner there. The day following, he apprehended prisoner in another house. Prisoner had sent the tea to a friend of his desiring him to sell it for him.

Necessary depositions have been taken and the prisoner has been committed to take his trial at the ensuing Sessions of Oyer and Terminer.—*Hurk.*

Baboo Rooplall Mullick.

On the 1st instant that very wealthy individual Baboo Rooplall Mullick breathed his last. It is said he has left behind him nearly one crore of rupees. Besides his four sons, who will get fifteen lakhs each, his widow, daughters and *gooroo* will be the chief participators of his kingly fortune. Five hundred rupees were scattered at the river side from religious motives, and it is rumoured that a lakh of rupees have been set aside for the shradh expenses.

Melancholy Accident.

A native of the name of Joy Kissen Sett, drowned himself in a state of insanity about a week ago, in a tank in his own garden at Taulah. The deceased was an interesting young man, and belonged to a very respectable family.

শিষ্ট যুব ব্যক্তি হিন্দুকালেজে বিদ্যাধ্যয়ন করিয়াছিলেন কিন্তু অর্থাভাবে পরিজনের অত্যন্ত ক্লেশপ্রযুক্ত সরকারী দপ্তরে অত্যল্প বেতনে সামান্য একটা কেরাণির কর্ম্ম স্বীকার করিয়া কর্ম্ম করিতেছিলেন কএক মাস হইল মনের কিঞ্চিৎ বৈকল্য হওয়াতে কর্ম্মচ্যুত হইয়াছিলেন।

নূতন রাস্তা।

কৃষ্ণনগরহইতে গঙ্গাঅবধি যে নূতন রাস্তা হইতেছিল তাহা প্রায় সম্পন্ন হইয়াছে ঐ রাস্তা দীর্ঘে ছয় ক্রোশ গবর্ণমেণ্টের ব্যয়েই নির্ব্বাহ হইল।

দিল্লী।

দিল্লীর শ্রীযুক্ত বাদশাহের উদরাময়ে অত্যন্তাস্বাস্থ্য হইয়াছে ভয় হইতেছে এ যাত্রা রক্ষা পাওয়া ভার।

দিল্লীর রাজভ্রাতা শ্রীযুত সলিমেন সকু কোম্পানির আদালতের অত্যাচার সহিষ্ণুতা করিতে না পারিয়া আগ্রাহইতে প্রস্থান করিয়াছেন এমত কহেন। ফলতঃ তিনি কোম্পানি বাহাদুরের স্থানে মাসিক ৬০০০ টাকা পাইয়াও কর্জ্জে ডুবিত আছেন এবং নিয়তই উত্তমর্ণেরা তাঁহার নামে নালিস করিত সুতরাং তিনি রাজবংশ্য ঐ জ্বালা অসহিষ্ণু হইয়া কিয়ৎকালাবধি গয়লিয়রে গিয়া অবস্থান করিয়াছেন।

শাজাহানপুরে মোসলমানেরদের মোকদ্দমা।

শাজাহানপুরে সংপ্রতি হিন্দু মোসলমানের মধ্যে ঘোরতর দাঙ্গাহওয়াতে জবনেরদের কর্ত্তৃক অনেক হিন্দু হত হইয়াছেন। তাহাতে নওয়াব বাহাদুর খাঁ ঐ দাঙ্গার মধ্যে এক জন প্রধান উদ্যোগী ছিলেন বলিয়া বরেলির সেসন আদালতে বিচারিত হওনার্থ কয়েদ হইয়াছেন এবং ঐ মোকদ্দমার সাক্ষ্যদেওনার্থ তত্রস্থ মাজিষ্ট্রেট শ্রীযুত বুলর্ড সাহেব ও শ্রীযুত বারণ সাহেবের তলপ হইয়াছে। তত্রত্য প্রধানং জবনেরা ঐ দুরবস্থায় পতিত হইয়া উদ্ধারার্থ যথাসাধ্য চেষ্টা পাইতেছেন বিশেষতঃ শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের নিকটে এক জন উকীল প্রেরণ করিয়াছিলেন কিন্তু শ্রীযুত সাহেব সুতরাং তাঁহাকে গ্রহণার্থ স্বীকার করিলেন না। যাহারা ঐ দাঙ্গায় লিপ্ত ছিল তাহারা যদি দণ্ড না পায় তবে আরো অত্যন্ত অশুভ ঘটিবে যেহেতুক তথাকার প্রবল মোসলমানেরা অত্যন্ত উৎসাহী অতএব যদ্যপি তাহারদের সরদারেরদের দণ্ড না হয় তবে একেবারে উন্মত্ত হইয়া উঠিবে। প্রায় কখনই তাহারা প্রকৃতরূপে আইন ও গবর্ণমেণ্টের বাধ্য নহে এবং আপনারদের পূর্ব্বকার স্বাধীন নওয়াবের আমলে যেমন আজ্ঞানধীনতাপ্রযুক্ত দাঙ্গাহঙ্গাম করিত অদ্যাপি তদ্রূপ রীতিতে চলিতেছে তাহারা আইন ও গবর্ণমেণ্টের প্রাতিকূল্যেই বিরাজ করিতেছে।

ঐ স্থানে যে এক জন হিন্দু নূতন কোতোয়াল নিযুক্ত আছেন তাঁহাকে উহারা অগ্রেই জানাইয়াছে যে আমরা তোমার প্রাণ নষ্ট করিব অতএব বোধ হয় ইহার মধ্যে কোন এক রাত্রিতে তিনি যাইবেন।

কটক।

পূর্ব্বে কটকে যেমন দুর্ভিক্ষ হইয়াছিল শুনা গেল এইক্ষণেও তাহার কিছু ন্যূনতা হয় নাই তৎপ্রযুক্ত খুন ও চুরি ও দলবদ্ধ দস্যুতার দিনং বৃদ্ধি হইতেছে এবং এমত জলকষ্ট হইয়াছে যে মফঃসল

He was educated in the Hindoo College; but the distressed state of the affairs of his family, had obliged him to accept of the situation of a writer in one of the Government offices on a small salary, which he continued to hold till a few months ago, when he was discharged, on account of the loss of his intellect.—*Beng. Her.*

New Road.

A well made pucka road from Kishnaghur to the river Hooghly is now nearly complete. It has been constructed at the expense of Government, and is about six miles in length.

Delhi.

The King is very ill from a bowel attack, which, it is feared, he will not survive at his great age.

Sooleeman Shukoo, brother of the King of Delhi, has withdrawn from Agra, to escape the tyranny—as he calls it, of the Company's Courts. Notwithstanding his handsome pension of Rupees 6,000 per mensem, he was deeply embarrassed, and was constantly sued by his creditors, a proceeding which naturally inspired his royal mind with disgust. He has selected Gwalior for his temporary residence.

Shahjehanpore.

The Nuwab, Bahadoor Khan, has been committed for trial before the Sessions' Court at Bareilly, for his part in the late murderous riots here. The Magistrate, Mr. Buller, and Mr. Barron have been summoned as witnesses in the case. The principal Moosulmans are leaving no means unattempted to extricate themselves from the awkward situation they are in, and among others have sent a Vukeel to Sir Charles Metcalfe, who will of course decline to receive him. Should the parties concerned in the recent disturbances escape conviction, the worst consequences, may be anticipated; for the Moosulman population are in a state of great excitement, which the triumph of an acquittal of their leaders would exasperate into fury. They have never been reduced to a proper obedience to law and order, but have invariably manifested all that turbulence and insubordination, which they learnt under their lawless Nuwab rule, and are at this moment in a state of sullen defiance of the law and Government.

The new Kotwal—a Hindoo—has had notice of assassination duly served on him, which will probably be carried into effect some of these fine nights.—*Agra Ukh.*

Cuttack.

The famine at Cuttack still continues to the same frightful extent as noticed before. It has caused thefts and gang robberies to increase in number every day; and want of water had been so great, that in certain places in the

কোনং স্থানে টাকায় ৬ কলসি জল বিক্রয় হইতেছে।

শিকন্দরবাদে ওলাউঠা।

শুনিয়া অত্যন্ত খেদিত হওয়া গেল যে শিকন্দরবাদে অদ্যাপি ওলাউঠার অতিপ্রাদুর্ভাব আছে। ঐ স্থানহইতে ১৭ তারিখের নীচে লিখিত পত্র প্রাপ্ত হওয়া গেল।

ইহার পূর্ব্বে আপনি শুনিয়া থাকিবেন যে এই অঞ্চলে অত্যন্ত ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হইয়াছে এবং গত মাসের ২৫ তারিখে আরম্ভ হইয়া প্রায় কেবল ৩৪ রেজিমেণ্ট সৈন্যমধ্যেই ভোগ করিতেছিল। তাহারা আমারদের কিঞ্চিৎ অন্তরে আছে। তাহাতে কএক জন সিপাহী মারা পড়িয়াছে কিন্তু রোগের প্রাদুর্ভাব সিপাহীর পরিবারেরদের মধ্যেও হইল। এবং সেই স্থানহইতে অন্যান্য ছাউনিতে ও সদর বাজারে গেল অদ্যপর্য্যন্ত ও তথায় আছে। কিন্তু অদ্যাপি ইউরোপীয়েরদের মধ্যে দৃষ্ট হয় নাই। এবং বলরামের ছাউনিতে অথবা শহরে বা বেগমবাজারে বা রেসিডেণ্টী ঘরে এপর্য্যন্ত দৃষ্ট হয় নাই কেবল শেষোক্ত স্থানে পথিক এক ব্যক্তি মার্কাপুরহইতে আসনের কিঞ্চিৎ পরেই ঐ রোগে মারা গেল।

পবনা।

১১ জুলাই তারিখে পবনাহইতে এক পত্র পঁহুছিয়াছে তাহাতে লেখে দিনং বন্যার বৃদ্ধি হইতেছে নীলের চারা আট বুরুলমাত্র উচ্চ আছে অতএব তাহা রক্ষাকরণের আর কোন ভরসা নাই।

পিনাঙ্গ।

পিনাঙ্গ মালাক্কা শিঙ্গাপুরে যে আদালত ছিল তাহা এইক্ষণে আদমিরল্টি আদালতের ন্যায় স্থাপিত হইয়াছে অর্থাৎ ঐ আদালতে সমুদ্রোপরি যে অপরাধ হয় সেই অপরাধের বিচারকরণের ক্ষমতা ইঙ্গলণ্ড দেশহইতে অর্পিত হইয়াছে। ইহাতে বোম্বেটিয়ার অপরাধের মোকদ্দমা করণবিষয়ে বিলক্ষণ সুযোগ হইবে। ইহার পূর্ব্বে যে বোম্বেটিয়ারা যুদ্ধের দ্বারা মারা না পড়িত। তাহারদিগকে বিচারিত হওনার্থ কলিকাতায় আনিতে হইত এবং যে শ্রীযুত যোদ্ধা সাহেবেরদের দ্বারা তাহারা ধৃত হইত তাঁহারদিগকে কলিকাতায় আসিয়া সাক্ষ্য দেওনার্থ স্বং জাহাজ ত্যাগ করিতে হইত। এই সকল গোলযোগেতে কেবল বোম্বেটিয়ারদের উৎসাহ বৃদ্ধি হইত। কিন্তু এইক্ষণে ঐ আদালতের সমুদ্রোপরি অপরাধের বিচার করণক্ষমতা প্রাপ্ত হওয়াতে যে স্থানে বোম্বেটিয়ারা ধরা পড়িবে দোষীকৃত হইলে সেই স্থানেই তৎক্ষণাৎ ফাঁসি পাইবে। জাবা উপদ্বীপস্থ হলণ্ডীয় গবর্ণমেণ্ট পূর্ব্ব সমুদ্রোপরি বোম্বেটিয়ারদের ব্যাপার উচ্ছিন্নকরণার্থ ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে যোগ করিতে নিশ্চয় করিয়াছেন এবং ঐ অভিপ্রেত নিয়ম বিষয়ে পরামর্শকরণার্থ শিঙ্গাপুরে তাঁহারদের দুই জন কর্ম্মকারক পঁহুছিয়াছেন।

আগ্রা।

উক্ত নগরে অদ্যাপি বৃষ্টি হয় নাই এই সপ্তাহের মধ্যে কেবল কিঞ্চিৎ হইয়াছিল তৎপ্রযুক্ত তাবদ্দেশ দগ্ধ হইয়া গিয়াছে এবং জলাভাবে যে ফল হইয়া থা

Mofussil, it sold at six *culsies* for the Rupee.

Cholera at Secunderabad.

We regret much to learn that the cholera still continues its ravages at Secunderabad, as will be seen by the following extract from a letter dated the 17th instant:—

'You have doubtless heard ere this we have had a visitation from that dread scourge the cholera. It made its appearance about the 25th ultimo, and for many days was confined exclusively to the lines of the 34th Regiment, which are somewhat detached. Several sepoys fell victims to the complaint, but its effects were felt principally among the families of the corps. It spread thence to the lines of other regiments and Sudder Bazar, where it still prevails. The present daily average of deaths from cholera is about thirty-one, taking the whole cantonment. No case has yet occurred among the Europeans, nor has there been any in the neighbouring cantonment of Bolaram in the city, or in the Begum Bazar at the residency, with exception at the latter place of one man, a traveller, who was taken ill and died in a few hours after his arrival from Mulkapore.'—*Madras Spect. June* 24.

Pubna.

A letter received to-day from Pubna reports the river rising fast, and the Indigo plant in that neighbourhood only eight inches high and no chance of saving it.—*Courier.*

Penang.

The Court of Penang, Malacca and Singapore has been made an Admiralty Court, that is to say, it has just received authority from England to try Admiralty cases. This will be very advantageous as it regards cases of piracy. Formerly the pirates, who were not shot in battle, were brought up to Calcutta to be tried, and the officers who were instrumental in taking them, were obliged to quit their ships and come up to Calcutta to give evidence. All this fuss only served to encourage the pirates. But as the Court has now Admiralty Jurisdiction, the pirates who may be taken, will be tried on the spot, and executed if found guilty. The Dutch Government of Java has determined to co-operate with the English in the extinction of piracy in the Eastern seas, and two of their Commissioners have arrived at Singapore to concert measures for this purpose.

Agra.

The rains still keep away, but one very slight shower having fallen during the week. The country is consequently much parched, and the usual effects of a protracted rainy season are begin-

কে তাহা হইতেছে। যদ্যপি আর এক সপ্তাহপর্য্যন্ত অনাবৃষ্টি হয় তবে রবির ফসল বিশেষতঃ কার্পাস ও নীলের অত্যন্ত ক্ষতি হইবে এপর্য্যন্তও নীলের বিলক্ষণ ক্ষতি হইয়াছে। এই অনাবৃষ্টি মৃজাপুর পর্য্যন্ত আছে ঐ স্থানে প্রায় বৃষ্টি হয় নাই। বোধ হয় সোমবার অমাবস্যাপর্য্যন্ত বৃষ্টিসম্ভাবনা আছে।

বঙ্গলূরে ঠগী।

বঙ্গলূরহইতে এক জন পত্রপ্রেরক আমারদের নিকটে লেখেন এইক্ষণে ঐ স্থানে ২০০ ঠগ কয়েদ আছে তাহারা বলহরি ও কদাপা ও হয়দরাবাদপ্রভৃতি নানা স্থানহইতে আনীত হইয়াছে যে দুই জন কর্ম্মকারক অর্থাৎ শ্রীযুত কাপ্তান এলবাল সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত বর্চ সাহেব ঠগী নিবারণার্থ নিযুক্ত আছেন তাঁহারা স্বং কর্ম্ম অশ্রান্তরূপে নির্ব্বাহ করত ঠগেরদের মোকদ্দমাকরণার্থ তাবৎ সাক্ষ্য প্রমাণাদি প্রস্তুত করিতেছেন এবং শুনা গেল যে ঐ মোকদ্দমা জুলাই মাসের প্রথমেই আরম্ভ হইবে। বঙ্গলূরস্থ কর্ম্মকারক সাহেবেরদের ও পদাতিক তৈনাতি সৈন্য ও কয়েদিরদের খোরাকী প্রভৃতি তাবৎ খরচায় মাসে প্রায় ১০০০০ টাকা করিয়া লাগিতেছে।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসননামক পাঠশালার অধিকন্তু স্বাক্ষরকারিদিগের নাম।

২৩ মে তারিখঅবধি ৭ জুলাই পর্য্যন্ত। ১৮৩৭।

		বার্ষিক দান
শ্রীযুক্ত দি রাইট আনরবল টি বি মাকালে সাহেব	০	২৫
শ্রীযুক্ত জে এম মেকলোড সাহেব	০	১০
শ্রীযুক্ত জে সি সি সদরলণ্ড সাহেব	০	১০
শ্রীযুক্ত জে বি মেরেজ সাহেব	০	১০
শ্রীযুক্ত জি এ প্রিন্সেপ সাহেব......	০	১০
শ্রীযুক্ত রাজা রাজনারায়ণ বাহাদুর	০	৩০
শ্রীযুক্ত বাবু রাধামাধব বন্দ্যোপাধ্যায়	১২	০
শ্রীযুক্ত বাবু রাধাকৃষ্ণ মিত্র...... ..	০	১০
শ্রীযুক্ত বাবু সত্যচরণ ঘোষাল ...	৬	০
শ্রীযুক্ত বাবু সত্যভক্ত ঘোষাল ...	৩	০
শ্রীযুক্ত বাবু নীলকমল ঘোষ	০	৫
শ্রীযুক্ত বাবু ছকু বসু	০	৪
শ্রীযুক্ত বাবু হরমোহন দত্ত	০	২
শ্রীযুক্ত বাবু তারিণীশঙ্কর রায়......	০	২

শ্রীকৃষ্ণহরি বসোঃ
প্রধান সম্পাদকস্য।

পত্রপ্রেরকের প্রতি।

রাজশাহির বিলমাড়িয়ার মুনসেফের বিষয়ে পত্র দ্বয় প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা গ্লানিকরপ্রযুক্ত প্রকাশ করণক্ষম হওয়া গেল না।

কস্যচিৎ ফরিদপুরনিবাসি শ্রীকৈলাসচন্দ্র সেন ইতি স্বাক্ষরিত পত্র পয়ার রচিতপ্রযুক্ত দর্পণস্থ করিলাম না। গদ্য হইলে করিতাম।

জিলা হায়ের পণ্ডিতবর্গসম্পর্কীয় কোন পত্র প্রাপ্তহওয়া যায় নাই।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

(পত্রপ্রেরকহইতে।)

হে মিত্র হুগলিতে যে ব্যাপার হইতেছে এপ্রকার বিষয় প্রায় উপস্থিত হয় না প্রলয়কাণ্ড উপস্থিত হইয়াছে অতএব আমি ত্বরান্বিত হইয়া ইহার সমাচার তোমার নিকট লিখিয়া পাঠাইলাম কিন্তু যাহা লিখিতেছি এবং আসামীর বিরুদ্ধে যে সকল বিষয়ের অভিযোগ হইয়াছে তাহার প্রমাণ দেওয়া শেষ হইয়াছে এমত জ্ঞান করিবা না কেবল বিচারস্থলে যেরূপ ঘটনা উপস্থিত হইয়াছে অবিকল তাহাই লিখিলাম ইহার কারণ এই যে যাঁহার নামে যে সকল বিষয়ের অভিযোগ করা গিয়াছে এই পত্রপাঠে আপনকার পাঠকবর্গ তাহার নাম জানিয়া বিষয় বিবেচনা করিতে পারিবেন আর উত্তম বিবেচনাতে বোধ হয় সমাচার কাগজে কোন বিষয় প্রকাশ হইলে তাহার সত্যাংশই প্রকাশ পায় অতএব আসামীর উচিত এই বিষয় সমাচারপত্রে প্রকাশকরণে তিনি বিরক্ত না হন।

নয়াসরাই রাজপুর জাহানাবাদ এই তিন স্থানের মুনসেফেরা হুগলির জজ শ্রীযুত মার্টিন সাহেবের নামে এই অভিযোগ করেন যে সাহেব ব্যবস্থাক্রমেতে তাঁহারদিগের প্রতি অতিঅন্যায় ব্যবহার করিয়াছেন দরখাস্তকারিরা কহেন তাঁহারদিগকে তাড়িয়া দিয়া তাঁহারদিগের কর্ম্মেতে নিজের লোক নিযুক্ত করিবেন এই কারণ জজ সাহেব কুব্যবহার করিয়াছেন মুনসেফেরা আরো কহিলেন তাঁহারা ছয় দিবসের নিমিত্ত ছুটি চাহিয়াছিলেন তাহাতে সাহেব ছয়২ মাসের ছুটি দিলেন এবং ঐ ছুটি স্বীকার করিলে পর তাঁহারদিগের কর্ম্মে সাহেবের নিজের লোকেরা নিযুক্ত হইলেন আর পুনরায় ছয় মাসের পর আসিয়া যখন তাঁহারা সাহেবকে বলিয়া কর্ম্মস্থানে যাইতে চাহিলেন তখন ঐ জজ সাহেব কর্ম্মস্থলে যাইতে না দিয়া তাঁহারদিগকে হুগলিতে হাজির রাখিলেন এবং নিজের লোকের দ্বারা তাঁহারদিগের নামে এই দোষ উপস্থিত করাইলেন যে তাঁহারা ঘুস লইয়াছেন তাহার পরে মুনসেফেরা শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে গেলেন তাহাতে শ্রীযুত কমিস্যনর সাহেব কোন ব্যক্তির উপরোধ না রাখিয়া আপনার উচিত কর্ত্তব্যানুসারে একেবারে এই বিষয় গবর্ণমেণ্টের নিকট লিখিয়া পাঠাইলেন।

কমিস্যনর সাহেবের লেখাতে এই সুফল হইল যে পারমধার্ম্মিক নির্ভয় সদরের জজ শ্রীযুত হচিনসন সাহেবকে মুনসেফদিগের আবেদিত বিষয় বিবেচনার্থ গবর্ণমেণ্ট ভারার্পণ করিলেন এবং ঐ মহাশয় কিরূপে এই সকল বিষয় সম্বাদ করিবেন তাহার পরামর্শ ও তাঁহাকে দেওয়া গিয়াছে বিশেষতঃ হুগলির কমিস্যনর শ্রীযুত জান লুইশ সাহেবকে এবং মাজিস্ত্রেট শ্রীযুত সামিয়ল সাহেবকে গবর্ণমেণ্ট এই হুকুম দিয়াছেন যে তাঁহারা সহকারী হইয়া করিবেন এবং শ্রীযুত হচিনসন সাহেব হুগলিতে গিয়া গত মঙ্গলবারে এই বিষয়ের বিচার করিতে বসিয়াছিলেন।

আমি এই বিষয়ের বৃত্তান্ত অতিসংক্ষেপে লিখিলাম এবং বোধ করি এমত শব্দও লেখা হইয়া থাকিবে তাহাতে আমার অভিপ্রায়ের অধিকও বোধ হইতে পারে কিন্তু হে পাঠকবর্গ যিনি মন্দভাবেন তাঁহার প্রতিই যেন মন্দ ফল হয় আমি যেমন শুনিয়াছিলাম সেইরূপ লিখিয়াছি বরঞ্চ তাহার মধ্যেও অনেক ছাড়িয়া দিয়াছি।

উপরে যাহা লেখা গেল সম্পাদক মহাশয় তাহা বিবেচনা করা তোমার আমার কর্ম্ম নহে গবর্ণমেণ্টই মধ্যস্থ হইয়া একজন উপযুক্ত কর্ম্মকর্ত্তাকে বিবেচনাকরণার্থ নিযুক্ত করিয়াছেন কিন্তু আমি এতদ্দেশীয় লোকেরদের যে প্রকার দোষ জানি তাহাতে বোধ হয় যাঁহারা সাক্ষ্য দিবেন তাঁহারদিগের বাক্যেতে সূক্ষ্ম বিচার হইবেক না কেন না তাঁহারদিগের সাহস নাই সুতরাং তাহাতেই বিচারের গতি ভাল হইবেক না অতএব শ্রীযুত হচিনসন

ning to manifest themselves. Another week's drought will seriously injure the coming Rubbee crop, particularly the cotton and indigo, the latter of which has hitherto thriven fairly. This want of rain extends over all the country as far as Mirzapore, where but a few showers have fallen. The new moon on Monday may usher more in.

Thuggee.

Our Bangalore correspondent informs us, that upwards of two hundred prisoners are now in confinement at that station, who have been brought in from various quarters, Bellary, Cuddapa, Hydrabad, &c.

Captain Elwall and his assistant Lieutenant Birch, the two officers employed for the suppression of Thuggee, are represented as indefatigable in their exertions; they are now, we hear, engaged in preparing and arranging the evidence for the trial of the Thugs, which, it is understood, will commence early in July. The expence of the establishment at Bangalore, including officers' salaries, peons, guards, and the support of prisoners, &c. amounts, we are informed, to 12,000 rupees per mensem. We are promised details of the proceedings against the Thugs for our future columns.—*U. S. Gaz.*

Additional Subscribers to the Hindoo Benevolent Institution, from 23d May to the 7th July, 1837.

	Mon.	Ann.	Don.
The Hon. T. B Macaulay, Esq.	0	0	25
J. M. M'Leod, Esq	0	0	10
J. C. C. Sutherland, Esq.......	0	0	10
J. B. Marrige, Esq......	0	0	10
G. A. Prinsep, Esq......	0	0	10
Raja Rajnarain Bahadoor...	0	0	30
Baboo Radha Madhub Banerjee..............	0	12	0
Baboo Radha Krishna Mitter	0	0	10
Baboo Suttchurun Ghosal......	0	6	0
Baboo Suttbhakut Ghosal...	0	3	0
Baboo Neelkomul Ghose......	0	0	5
Baboo Shuckoo Basoo........	0	0	4
Baboo Haromohun Dutt......	0	0	2
Baboo Tarineeshunker Roy...	0	0	2

Krishnuhuree Basoo,
Genl. Supdt.

To Correspondents.

We have received two letters respecting *the Moonsiff of Rajsahie Bilmariya*; they are abusive and we must decline publishing them.

The letter from *Koilas Chunder Sen of Fureedpore*, is in verse, and we cannot publish it except it be sent in prose.

We have received no letter from "*the Pundits of the Zillah.*"

Spirit of the Native Papers.

FROM A HOOGHLY CORRESPONDENT.

Hooghly, my dear R—— is now witnessing one of those spectacles which are not oft to be seen, and as it is a matter of the utmost importance, I lose no time to communicate to you on the subject. You must not take what I have to state as so many proved things or so many proved charges against an individual, but take them for what they are, i. e. charges preferred, and with that understanding you will deal fairly with the public, who will read your paper, and the person against whom they are preferred. Publicity, rightly understood, will in the present, as in every other case, help to sift out the truth, and to such publicity the accused should always submit.

To begin then. Mr. C. R. Martin, the Judge of the district of Hooghly, was accused by the Moonsiffs of Nasarai, Rajapore and Jehanabad, as having treated each of these officers who are his subordinates with such treatment as the law does not warrant. The object of this unwarrantable treatment, was, it is alleged, to turn them out of their posts in order to make room for certain people, dependants of the said Judge. The treatment which has been styled, unwarrantable, consisted, it is said, of having offered six months leave where six days leave was asked for, to make room as above stated, for certain dependants, and when the party who accepted such leave wished to resume their duties, in detaining them at the Sudder Station by not granting them permission to take their places, and in instigating hirelings to bring forward charges of bribery against them before him (the Judge.) It is further said, that these Moonsiffs repaired to Mr. Lowis, the Commissioner of the district, who as in duty bound, brought the case to the notice of Government without fear or favour from any quarter.

The result of this simple representation has been the appointment of Mr. J. R. Hutchinson (as upright and independent a Judge of the Sudder as ever sat on bench) as Special Commissioner to institute inquiries into the alleged conduct of the Judge of Hooghly toward the Moonsiffs. He has been instructed now to proceed in the investigation, and the Commissioner Mr. John Lowis, and the Magistrate Mr. E. A. Samuells, have both received orders to co-operate with the Special Commissioner, who held his Cacharee at Hooghly on the 3rd instant being Monday last.

I have given but a faint outline of the subject, and have perhaps applied words which mean more than I intend, but (excuse, polite reader) *Honi Soins, qui malis ponis!* I have told the tale as it was told me; though I must confess I have left out a great many things, not that the reader might imagine them, for they are not imaginable.

It is not for you or for me, my dear R—— to judge of the above. The Government as a neutral party, has entrusted that duty to a competent officer. But acquainted as I am with the characteristic failings of the natives of this country, I am afraid that the case will not have fair play from the persons who may be brought forward as witnesses. A universal want of moral courage will be found constantly to impede the progress of the investigations, and the Special Commissioner will find it

সাহেব অগত্যা অন্যান্য উপায়দ্বারা বিচার শেষ করিতে বাধ্য হইবেন।

১৮৩৭ সাল ৮ জুলাই হুগলি।

অপঘাত মৃত্যু।

ফরাস ডাঙ্গাতে জাদু ঘোষের যে প্রসিদ্ধ প্রকাণ্ড রথ আছে সংপ্রতিকার প্রথম রথের দিবস এক ব্যক্তি তাহার নীচে পড়িয়া গেল তাহাতে ঐ ব্যক্তির উরাতের উপর দিয়া রথের চাকা চলিয়া গিয়াছিল/তাহাতে উরাতের অস্থি কিছু ছিল না কেবল চর্ম্মেতে ঝুলিয়া রহিল পরে ফরাসডাঙ্গার শ্রীযুত বড় সাহেব আসিয় রথ চালাইতে নিষেধ করিয়াছিলেন কিন্তু একপরওয়ানাদেখিয়া শেষ চালাইতে দিলেন এবং উরাত ভাঙ্গা ব্যক্তিকে রক্ষা করণার্থে বিস্তর চেষ্টা করিলেন কিন্তু তাহাতে রক্ষা পাইল না পাঁচ ছয় মিনিট পরেই তাহার প্রাণ বিয়োগ হইল মৃত ব্যক্তির নাম রমানাথ কর্ম্মকার ফরাসডাঙ্গাতেই বসতি করে মরণানন্তর তাহার এক অনাথা ভগিনী আসিয়া চীৎকারপূর্ব্বক রোদন করিতে লাগিল এইক্ষণে তাহার জীবন রক্ষার কি উপায় হইবে তাহা বলা যায় না।—জ্ঞানান্বেষণ।

সুধীস্তম শ্রীযুত চন্দ্রিকা প্রকাশক মহাশয়।

আপনকার গত ২৪ আষাঢ়ের চন্দ্রিকায় দেখিলাম বাবু রাধাসুন্দর মিত্রনামক এক ব্যক্তি ধনিকে দাঙ্গার মোকদ্দমায় গ্রেস্তার করণার্থ ফৌজদারী আদালতে এক পরবানা বাহির হওয়াতে তিনি পলায়ন পরায়ণ হইলে রাধাসুন্দর নামে আর এক জন দীন অতিশিষ্ট শান্ত তাহাকেই গ্রেস্তার করিয়া কারাগারে বদ্ধ করান সে ব্যক্তি কারাগারে পীড়িত হইয়া প্রাণ ত্যাগ করে পরে ঐ রাধাসুন্দরকে পুনর্ব্বার গ্রেস্তার করিবার হুকুম হয় তাহাতেও তাঁহার দেখা পাওয়া যায় নাই এজন্য তাঁহার স্থাবরা স্থাবরাদি সম্পত্তি ক্রোক করিবার হুকুম হইয়াছে দেখ কি আশ্চর্য্য ব্যাপার উপস্থিত পরাপরাধেন পরস্য দণ্ডঃ যাহা লোকে কহিয়া থাকে তাহাই ঠিক ঘটনা হইয়াছে রাধাসুন্দর নাম যদি কাহার থাকে অনুমান হয় সে ব্যক্তিও ইহাতে গ্রেস্তার হইতে পারে যদি প্রকৃত অপরাধি রাধাসুন্দর গ্রেস্তার না হয় তবে কত কালপর্য্যন্ত ঐ মোকদ্দমা রোদাদ থাকিবেক তাহা বলা যায় না ইহার মধ্যে কত রাধাসুন্দর ধরা পড়িয়া দণ্ড প্রাপ্ত হইবেক তাহাও বুঝা যায় না অতএব প্রার্থনা পাঠকবর্গ এই সম্বাদ অবগত হইয়া সকলেই সাবধান হউন এবং আত্মীয় স্বজনকেও সাবধান করুন কেহ সন্তানের নাম রাধাসুন্দর না রাখেন কেন না রাধাসুন্দর নাম শুনিলেই গ্রেস্তারির হুকুম হইবেক আর যে সকল লোকের নাম রাধাসুন্দর আছে তাহারদিগের উচিত আপন২ বসতি স্থানের ও পূর্ব্ব পুরুষের নাম লিখিয়া তৎস্থানের মাজিস্ট্রেটপ্রভৃতি ঐ হাকিমানের নিকট দাখিল করিয়া রেজিষ্টরী করাইয়া রাখেন যাহাতে আখেরে পেঁচে না পড়েন যে কাল দিন আইন আদালত হইয়াছে ইহাতে রাধাসুন্দর নাম ধারির নিস্তার বুঝিতে পারি না এ কারণ ভীত হইয়া লিখিতেছি যদি ধন মান প্রাণ রক্ষার প্রত্যাশা থাকে তবে রাধাসুন্দর নাম ধারি ব্যক্তি সকল ঝটিতি ইহার উপায় করিবেন হায় কিবা হিন্দুদিগের ভাগ্য ইহারদিগের অদৃষ্টেক্রমে কেমন সুক্ষ্ম বিচার হয়। ইহাতে পূর্ব্বের এক ইতিহাস স্মরণ হইল কথিত আছে হবাচন্দ্র রাজা গবাচন্দ্র পাত্রের পূর্ব্বের বিচার তদ্বিশেষ এক রাজার অধিকারে এক জন ব্রাহ্মণ গিয়াছিলেন তাঁহার সঙ্গে এক জন ভৃত্য ছিল সেই দাস সহিত রাজধানীতে কিঞ্চিৎকাল বাস করিয়া দেখিলেন মুড়ি মিছরির এক দর ঘৃত তৈল সমান মূল্যে বিক্রয় হয় দুগ্ধ ঘোল সকলই এক ভাও ইত্যাদি অবিচার দেখিয়া ব্রাহ্মণ বিবেচনা করিলেন যে এমত রাজার অধিকারে থাকা উচিত নয় বলিয়া তিনি প্রস্থান করিলেন তাঁহার ভৃত্য অতিসুখাদ্য দ্রব্য সস্তা দেখিয়া লোভপ্রযুক্ত তথায় রহিল অপূর্ব্ব দ্রব্য আহার দ্বারা কিঞ্চিৎকালের মধ্যে বিলক্ষণ হৃষ্ট পুষ্টাঙ্গ হইয়া মহা স্থূল শরীর হইয়া উঠিল কিছু কাল গতে রাজ-দরবারে কোন অপরাধিকে শূলে দিতে হুকুম হইয়াছে তাহাকে শূলে দেওন সময়ে গবাচন্দ্র পাত্র তথায় উপস্থিত হইয়া দেখিল শূল বড় মোটা নির্ম্মাণ করিয়াছে কিন্তু অপরাধি ব্যক্তি অতকৃষ তাহার উপযুক্ত শূল নহে ইহাতে হুকুম দিলেন এই শূলের উপযুক্ত স্থূল শরীর এক জনকে তত্ত্ব করিয়া আনহ রাজাজ্ঞা দ্বারা সেই ব্রাহ্মণের ভৃত্যকে বড় মোটা দেখিয়া ধরিয়া আনিল পাত্র মহা সন্তুষ্ট হইয়া কহিলেন ইহাকে শূলে দেও কৃষ অপরাধিকে দূর করিয়া দেও ইহার পর আর অনেক কথা আছে এস্থলে তাহার আবশ্যক নাই এখানকার দৃষ্টান্ত স্থলের প্রয়োজন উপযোগী যাহা তাহাই লিখিলাম দেখ কারা মুক্ত রাধাসুন্দরের বিষয় বিষয় সেই মত হইয়াছে যাহা হউক ইংরাজ রাজার অধিকার হওনাবধি প্রজাবর্গ সুখাস্তিনী হইয়াছিলেন এইক্ষণে তাহাতে ক্রমেক্রমেই অসুখ উপস্থিত হইতেছে ইহাতে শ্রীশ্রী৺ কৃপা প্রকাশ না করিলে প্রজার আর উপায় কি অধিক কি লিখিব নিবেদন ইতি।

দীন হীন প্রজানাং।

necessary to have recourse to a variety of collateral circumstancial evidences.

Hooghly, 8th July, 1837.—Gyan.

Accidental Death.

On the last *ruth jattra* holiday, a person accidently fell under the wheels of a well known immense *ruth* or car belonging to Jodoo Ghosh of Furrashdangah. It passed over his thigh, the bone of which was smashed to pieces and it hung on the body by the skin. The governor of Chundunnagore came to the spot and prevented the ruth from being pulled, but he afterwards allowed it when he saw the passpermitting it. He endeavoured all he could to save the man who was hurt; but all his endeavours proved ineffectual, for the man died in 5 minutes. The name of the deceased was Rammanauth Kurmokar who was an inhabitant of the place. After his death, his sister who was a widow arrived there and began to cry aloud and bitterly; I cannot conceive how she is to be now supported.—*Ibid.*

To the Editor of the Chundrika.

I see in your paper of the 24th Assar, that a perwannah was issued from the Criminal Court to seize upon Baboo Radhasoonder Mittre, a rich man, who had been engaged in a riot, upon which he fled and a poor man of the name of Radhasoonder, an harmless innocent creature was, through his contrivance, seized and sent to jail, where he fell ill and died. Upon which an order was issued to seize the true Radhasoonder Mittre, but he was not found, on which account an order has been issued to confiscate his property. What a most astonishing thing. The innocent suffers for the guilty as the popular saying is; thus it has happened on the present occasion. If any man is called Radhasoonder it appears that he is liable to be seized. If the true culprit Radhasoonder cannot be found, it is impossible to say how much longer the cause may continue on the file, and it is therefore difficult to pronounce how many Radhasoonders may not be seized and punished. We would therefore beseech all the subjects to be on their guard and advise their relatives to be also on their guard, that none call a child by the name of Radhasoonder, for at the sound of that name, an order will be issued to seize him. And all those who are called Radhasoonder ought to register their names with the Magistrate with the name of the district in which they live, that they may not hereafter come into difficulties. Considering the times, the laws, and the Court, we see not how the Radhasoonders can get off. I write therefore, under the influence of terror, that all men who are called Radhasoonder, if they wish to preserve their honour, life and property, should speedily exert themselves. How unfortunate are the Hindoos, and how admirable are these decrees! This calls to mind an old story which refers to the judgment of Hobachunder and Gobachunder, the particulars are these. A brahmun went into the kingdom of a Raja with his servant, with whom he lived for some time in the capital, and saw that rice and sugar fetched the same price, and ghee and oil were of the same value, and that there was no distinction in the price of milk and sour milk· Seeing this injustice, the brahmun thought that it was not proper to remain in the territories of so unjust a king, and therefore went away. His servant liking the cheapness of the place, remained; and being a long time well fed with excellent food became extremely stout. Some time after, the Royal Court ordered some man to be impaled. The minister went to see the execution, and remarked that the instrument of death was very thick but the culprit very thin; and that the instrument was not suited to him. Upon which an order was issued to go and search for some fat man to be impaled. By order of the king, the brahmun's servant was seized, and the minister seeing a fat man, was delighted, and said, impale the fat man and let the thin one go. There is a long sequel to this story, but I have quoted only that which was necessary on this occasion. How well does it apply to the case of Radhasoonder Mittre. Be that as it may; since the establishment of the British Government, the people have been living in peace. but now the case is altered. It is necessary therefore that our rulers should interfere in this business.

Certain poor people.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিনীতিপূর্ব্বক নিবেদন। মহাশয়ের গত শনিবাসরীয় দর্পণাবলোকনে এক দলসংক্রান্ত কস্যচিজ্জনস্য প্রেরিতপত্র দর্শনকরত অবাক হইলাম। উক্ত লেখক ছলে কৌশলে কতক গুলিন কায়স্থকে দোষদ্বিস্তারে বর্ণিত করিয়া লিখিয়াছেন যে তাঁহারা তজ্জাতীয় ঘটক কুলীনের দ্বারা রাজার বিবেচনানুসারে ত্যগিত হইয়াছেন। কিন্তু ইহা সত্যাচরণবিহীন ব্যলীকের অলীকতাব্যতিরেকে নহে। যেহেতুক ঐ কায়স্থসমূহেরা স্বর্গীয় মহারাজের আদ্য কার্য্যীয় সভায় রাজাজ্ঞের নিমন্ত্রণালঙ্কারে বিভূষিত হইয়া সভ্য হইয়াছিলেন তথাপি ঐ লেখকের বাক্যক্রমে বোধ হয় যে তিনি অবশ্য দুর্গাচরণশরণাগত বা তৎপ্রতিপালিত হইবেন। যে হউক মতিলাল এবং গাঙ্গুলি উভয়েই ব্রাহ্মণ অতএব তাঁহারা শরং॰প্রতদৎসলতা প্রকাশে যদ্যপি কোন কায়স্থকে অনুগ্রহ করিয়া থাকেন তাহাতে তাঁহারদিগের কায়স্থের সহিত দলস্থহওয়া এবং তৎসংক্রান্ত সামাজিকতায় তাঁহারদিগের দোষী বিবেচনা করা অতিমূঢ়ালীকের কর্ম্ম। নচেৎ ব্রাহ্মণ শূদ্র দল সম্ভবে না। আর উক্ত লেখক ইহা বিবেচনা করেন নাই যে এই রত্নাকর মহানগর সংস্থাপনের প্রথম সময়ে অনেক মুদি মুটে আঁবওয়ালা তামাকুওয়ালা কেওটপ্রভৃতি এ স্থানে আসিয়াছিলেন কিন্তু এইক্ষণে তাঁহারা কোনক্রমে কিঞ্চিৎ২ ধনসঞ্চয়করত বাবুভেয়ে বাঁকা হয়ে বাঁকাবওয়া প্রভৃতি তুলিয়া বাঁকা কথায় ঘেকাঘেকি করিয়া চন্দ্রে শশাঙ্ক দেখেন কিন্তু আপনারা যে অন্ধকারব্যতিরেকে দীপ্ত নহেন এ কি বিবেচনা করেন না। হে সম্পাদক মহাশয় কি খেদের বিষয় কিঞ্চিৎ ধনগৌরবে পূর্ব্ববৃত্তান্ত একেবারে ভুলিতে হয়। অতএব আপনি অনুগ্রহপুরঃসর আগামি শনিবারের

Correspondence.

To the Editor of the Durpun.

Receive my salutations. I was perfectly astonished to see in the Durpun of last week, a letter from one of the members of a party in Calcutta. The writer endeavours by various means to cast blame upon certain *kayusthas* by saying that they had been excluded from society by the *Ghuttucks* of their own caste according to the Raja's judgment. But this is so far from the truth, that it is entirely false; for those *kayusthas* were invited by the son of the deceased Raja to the first *Shraddha* which took place after his death. It would appear from the tenor of the letter, that he is one of the party of Doorgachurun, or is supported by him. Be that as it may; Moteelall and Gangolee are both bramhuns; if therefore out of their compassion, they chose to honour any *kayusthas*, it is extremely improper on that account, to say that they belong to the party of the *kayusthas*, and to inflict any censure at all upon them; the party of bramhuns and *kayusthas* are different: The writer has forgotten that when this great city was first established, many shopkeepers, porters, mangoe-sellers, tobacco-sellers and labourers took up their residence in it, and having got a little wealth are called Baboos, and now they have the arrogance to pretend to discover spots in the sun, forgetting that they themselves are but fire-flies that shine only when all around is dark. Alas! Mr. Editor, that the possession of a little wealth should make them forget their origin. I beg you to publish this in your next week's Durpun

দর্পণে এতৎপত্র স্থানদানে ব্যঙ্গকারিদিগের বীর২ পূর্ব্ববৃত্তান্তরূপ দর্পণদর্শক হইবেন।

কস্যচিৎ দলগণ্ডগোলবিরক্তজনস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বর্ত্তমান বৎসরের ২ আষাঢ তারিখে জিলা পূরণিয়ার অন্তঃপাতি দুলাল গঞ্জহইতে নৌকা যোগে বাণিজ্য দ্রব্য কলিকাতাভিমুখে আসিতে জিলা মালদহের চুনাখালির মোহানায় উপস্থিত হইলে এক দল বোম্বাটিয়া আসিয়া ঐ বোঝাই নৌকায় আগুন লাগিয়া দেওয়াতে সুতরাং দাঁড়ি মাজিরা প্রাণভয়ে পলায়ন করিল। দস্যুরা দ্রব্যাদি লুঠ করিয়া যাইতে যে এক ব্যক্তি নৌকাতে ছিল সে উচ্চস্বরে রোদন করাতে তাহার প্রাণ নষ্ট করিয়া দ্রব্যাদি লইয়া প্রস্থান করিল। পরে যে নৌকা বাহকেরা পলায়ন করিয়াছিল তাহারা নিকটস্থ হজুরাপুর নবাবগঞ্জের পোলীসের দারোগার নিকট যাইয়া এই সকল বৃত্তান্ত জ্ঞাপন করাতে তিনি কিছুমাত্র মনোযোগ উদ্যোগ করিলেন না। ঐ গুণসিন্ধু দারোগা যদি শ্রবণ মাত্রই আসিতেন তবে অনায়াসে ঐ দস্যুরা ধরা পড়িত তাহা না করিয়া ঐ দাঁড়ি মাজিরদিগকে আরো তর্জ্জন গর্জ্জন করিলেন। কিন্তু যখন তাহারদিগকে জিলায় দরখাস্তকরণার্থ গমনোদ্যত দেখিলেন তখন ঐ লোকেরদিগকে ঐ সকল দ্রব্যাদির মধ্যে কতক২ দেওইয়া বিদায় করিলেন। পরে থানার নিকটস্থ গ্রামের নিরপরাধি ব্যক্তিরদিগকে ধরিয়া নানাপ্রকার ক্লেশ দিয়া ৭৫৸৹ টাকা লইয়াছেন। যেমত পক্ষিরা পক্ষ দ্বারা শাবকেরদিগকে রক্ষা করে তদ্রূপ তিনি দস্যুরদিগকে রাখিয়াছেন। ইহাতে বিলক্ষণ বোধ হইতেছে যে রক্ষক সেই ভক্ষক। অতএব কি প্রকারে রক্ষা পাওয়া যায়। বাণিজ্য ব্যবসায়িরা ভয়শীল নির্ব্বিরোধি ধার্ম্মিক শপথের ভয়ে দরখাস্ত করিতে অক্ষম। কিন্তু ধন প্রাণরক্ষা হওয়া দুষ্কর। অতএব অনন্যগতিক হইয়া নিবেদন করিতেছি যে শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় যদি অনুগ্রহপূর্ব্বক এই পত্রখানি দর্পণস্থ করেন তবে শ্রীযুক্ত বিচার কর্ত্তারদের দৃকপাত হইয়া ইহার প্রতিকার হইতে পারে নচেৎ সমূহ বিপদ। * * *

দর্পণপ্রকাশক মহাশয়েষু।

আপনি অনুগ্রহপূর্ব্বক সর্ব্বসাধারণের বিজ্ঞাপনার্থ নীচে লিখিতব্য কএক পংক্তি সংশোধিত করিয়া দর্পণে প্রকাশ করিবেন তন্মধ্যে চব্বিশ পরগনার দক্ষিণ অঞ্চল অর্থাৎ মেদন মল্ল বরিদহাটি হাবাগড় ও অন্যান্য স্থানবাসি লোকেরদের অত্যন্ত দুরবস্থার বর্ণন আছে। ফলতঃ আমি ও যাঁহারা তাহারদের অবস্থার বিষয় বিশেষ জ্ঞাত সকলেই ব্যাকুল আছি। ঐ প্রজারদের মধ্যে বসু রায় চৌধুরী কর মণ্ডল দত্তপ্রভৃতি ও অন্য যে কএক ঘর ব্রাহ্মণ শূদ্র মান্য আছেন তাঁহারা বহুকালাবধি মধ্যবিত্ত লোক ভূমির উপস্বত্বেতেই জীবন ধারণ করেন কিন্তু ১২৪০ সালের মহাবন্যাতে যে অবস্থা হয় এইক্ষণে তাহা প্রায় স্মরণ হয় না। তৎসময়ে সহস্র২ ব্যক্তি রোগে মারা পড়ে এবং ফসল ও কৃষির অত্যন্তাভাব হইয়াছিল এবং ঐ জমিদারেরদের যৎপরোনাস্তি ক্লেশ হয় এবং কাহারো রাজস্ব আদায় বা কর্জ্জের নিমিত্ত আপনারদের ভূম্যাদি বিক্রয় করিতে হইয়াছিল। এবং ১২৪১।৪২।৪৩ সালেও তত্তুল্যরূপ মন্দ ফসল হয় ইত্যাদি নানা অপচারে তাঁহারদের অধিকাংশ ব্যক্তি মারা গিয়াছেন এইক্ষণে অবশিষ্টেরদেরও শীঘ্র বিনাশ সম্ভাবনা যেহেতুক বর্ত্তমান বৎসরীয় ফসলের গতিকও শুভাবহ নহে। যদ্যপি প্রায় তাবদ্ধনি ও মধ্যবিত্ত ব্যক্তিরদের এতদ্রূপ দুরবস্থা হইয়াছে তবে দরিদ্র রাইয়তেরদের অবস্থার বর্ণন করণ আবশ্যক তাহা সকলই বোধ করিতে পারিবেন।

কিন্তু এই বিষয় গবর্ণমেণ্ট ও সর্ব্বসাধারণ লোককে জ্ঞাপন করা আমার অভিপ্রায় নহে। এই একটা গুরুতর বিষয় জ্ঞাপন করিতে ইচ্ছা করি অর্থাৎ ঐ অঞ্চলস্থ বালকেরদের বিদ্যাহীনতা বিশেষতঃ ইঙ্গরেজী বিদ্যা না হওয়া এইক্ষণে ইঙ্গরেজী বিদ্যাভ্যাস অত্যাবশ্যক হইয়াছে বোধ হয় উত্তরকালে ইঙ্গরেজী বিদ্যা না হইলে জীবিকা নির্ব্বাহ হইতে পারিবে না।

আশ্চর্য্য বিষয় এই যে বর্ত্তমান সময়ে ভারতবর্ষের মধ্যে প্রায় তাবৎ জিলাতেই ইঙ্গরেজী বিদ্যার প্রচার হইয়াছে এবং ইঙ্গরেজী পাঠশালা ও ইঙ্গরেজী ভাষা সুশিক্ষিত ব্যক্তি প্রায় পাওয়া যায় দেশের কেবল এই অঞ্চলে বিদ্যার অনুশীলন নাই এই অঞ্চলে একটিও ইঙ্গরেজী পাঠশালা নাই বালকেরা কেবল অজ্ঞানান্ধকারে অন্ধ হইতেছে তাহারদের অজ্ঞাননাশক ঐ বিদ্যাভ্যাসের কোন উপায় হয় না। এই অঞ্চলস্থ লোকেরা এমত নিঃস্ব হইয়াছে যে স্ব২ বালকেরদিগকে অন্নাচ্ছাদন যোগাইতেই পারে না কি প্রকারে বিদ্যাভ্যাসের উপায় করিবে অতএব বালকেরদের বিদ্যাভ্যাসার্থ কেবল গবর্ণমেণ্ট ও সাধারণ মহাশয়েরদের বদান্যতার উপরেই তাঁহারদের নির্ভর করিতে হইবে। এড়ুকেসন কমিটি ও অন্যান্য যে মহানুভব মহাশয়বর্গ প্রকৃত দেশহিতৈষিরূপে প্রসিদ্ধ তাঁহারা ইঙ্গরেজী বিদ্যা দানার্থ ও এতদ্দেশীয় লোকেরদের অন্তঃকরণ নির্ম্মলকরণার্থ এই অঞ্চলস্থ ব্যক্তিরদের প্রতি কি নিমিত্ত অনুগ্রহ প্রকাশ করেন না। সে যাহা হউক কহিয়া থাকে যত ক্ষণ শ্বাস ততক্ষণ আশ এই কথার উপর নির্ভর করিয়া আমি আপনকার সমাচার দর্পণে এই লিপিটুকি প্রকাশার্থ প্রেরণ করিলাম এবং এড়ুকেসন কমিটির সাহেবেরদের নিকটে আমি প্রার্থনা করিতেছি যে তাঁহারা এই অঞ্চলে বিদ্যাধ্যয়ন বিষয়ের কিরূপ গতি আছে তাহার অনুসন্ধান করুন তাহা হইলে আমার এই কথা বিলক্ষণ প্রমাণ বোধ হইয়া আপনারাই তদ্বিষয়ক উপায়ের উদ্যোগ করিবেন। পরিশেষে নিবেদন যে আপনি এই বিষয়ে কিঞ্চিৎ সুপরামর্শ দেন এবং হরকরা ও ইঙ্গলিসমেন ও অন্যান্য সম্পাদক মহাশয়েরা মনোযোগপূর্ব্বক প্রকাশ করেন তবে অত্যন্ত বাধিত হই।

এস।

কলিকাতা ১১ জুলাই ১৮৩৭।

and in that mirror to shew these arrogant men their true origin.

One who is disgusted with disputes regarding Parties.

To the Editor of the Durpun.

On the 2d of Assar in the present year some merchandize was sent by boat from Doolalgunge, in the district of Poornea, towards Calcutta. On its arrival at the Choonakbolly Mohana in the district of Malda, a band of robbers came and set fire to the boat, upon which the boatmen fled. While the robbers were plundering the boat of every thing, one man who remained on the boat began to cry out aloud, upon which they put him to death and continued plundering. Those who had ran away proceeded to the nearest Police Darogah of Hoojrapore Nabobgunge and made him acquainted with the fact, but he paid no attention whatever to the circumstances. If the Darogah immediately on hearing it, had proceeded to the spot, the robbers would have been taken; but instead of doing so, he began to threaten the boatmen; but when he saw they were ready to proceed to the Zillah Court he caused some of the articles which had been stolen to be restored to them. He then seized some of the men belonging to the village near his Thannah, put them to great inconvenience and squeezed 75 or 80 Rs. out of them. As a bird protects under her wings the young, so did the Darogah protect them; from which it clearly appears that he who is the protector, is also the partaker; how then can we be protected from them?

Traders, naturally timid, indisposed to quarrel, and holy, are through their dread of an oath, unable to make a complaint; yet it is difficult for them to preserve their lives and property. Being then without remedy, I beg that the Editor of the Durpun would kindly publish this letter in his journal, with the hope that it may catch the eye of the Magistrate, and we may be preserved from destruction. * * *

To the Editor of the Durpun.

SIR,—Allow me to solicit the favour of your correcting and publishing in your Durpun, for the information of the public, the following brief, but true and faithful narration of the most miserable state of the inhabitants of the southern part of this country, that is, of Pergunnahs Madden, Mulloh, Burridhauly, Habaghur, and so forth, all in the district of the twenty-four Pergunnahs, for whom I, as well as those who have the least knowledge of their state, feel very much. The inhabitants of the parts in question, among whom the Boses, Roychoudrees, Kurs, Mundles, and Dutts, and a few others, are the most influential and opulent families, consist chiefly of Brahmuns and Shoodras, and were from a great length of time, men of moderate fortunes, dependant for their support principally upon the produce of their landed property; but since the great inundation of the year 1240, B. S. which is so well alive in the remembrance of the people, and which caused the loss of lives of thousands of its inhabitants by sickness, that took its rise therefrom and occasioned a very dreadful failure in the crops and cultivation, they have been reduced to the most wretched state; some from the sales of their property for the recovery of the Government revenue of the year 1240, and others for the debts they were obliged to contract. The crops for 41, 42, and 43, were nearly as bad as those for 40. These and the like circumstances, have already brought the greater part, and would in all probability very soon bring all of them to ruin, as the prospect of the grain crop in that part is as yet not boding well. Such being the case with almost all the wealthy, and with all the middling classes, I need not describe the condition of the poor ryuts which, from what has been said above, may be easily guessed at.

This is not, however, the only subject which I have to bring to the notice of the Government and the public, but one which is of serious importance; I mean the want of education in the boys of those parts, especially in the English language, which is now an object of interest, and which in future will prove the sole instrument for Natives to gain their livelihood.

It is astonishing, that at the present time when English education has been widely spread in almost all the provinces of British India, and when English schools and boys competent in that language may every where be found, this is the only part of the country where learning has not made its appearance. Without a single regular English school, the youth are growing up in miserable ignorance and are destitute of education. The inhabitants have of late been so much impoverished that they are scarcely able to supply their children with food and clothing, much more to pay for their education. They have therefore no hope save in the kindness of Government and the public, for the education of their children.

Why are the Government, the Education Committee, and those illustrious personages who have so justly acquired the name of Philanthrophists, and who are so ready to promote the study of English, and improve the native mind, so indifferent towards these people. Be that as it may; relying on a native phrase which says, that "as long as there is breath in the body, so long is there hope," I have thought it proper to send you this letter for publication through the medium of your Journal; and I entreat the Education Committee to enquire into the state of education, in that part of the country, as, in that case, my statement will not only be fully corroborated, but such an enquiry will itself be a sufficient recommendation to induce them to adopt measures for their redress. I beg leave to conclude by recommending you, Mr. Editor, to speak a little on behalf of these poor people, and your brother Editors of the Hurkaru and the Englishman, to give it a place in their Journals.

Yours obediently,

S.

Calcutta, 11th July, 1837.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৷৶	ঐ
২ ক্লাস	৷৹	।৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	।৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৹	১৪৷৹	ঐ
৪ টাকার লোন	২	২।৹	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
ও তাঁহার সৈন্যেরা ফরীদবক্সে আসিতেছেন। কিন্তু শ্রীযুত কাপ্তান পাটন সাহেব এই জনরব শ্রবণমাত্রই বেগমের গমনরোধার্থ ঐ বাটীর বহির্দ্বারে গমন করিলেন সেই স্থানে গিয়া দেখিলেন যে বেগমের কতক সৈন্য পঁহুছিয়া বাটীর মধ্যে প্রবেশকরণার্থ উদ্যোগ করিতেছে এবং সেই বাটীর কেবল দুই তিনটা দরওয়া দেখিয়া বেগমকে বুঝাইতে লাগিলেন যে এই বাটীর মধ্যে প্রবেশকরণার্থ আপনি যে উদ্যোগ করিতেছেন সে নিতান্ত বিবেচনাবিরুদ্ধ যেহেতুক বৃটিস গবর্ণমেণ্ট শ্রীযুত নসরুদ্দৌলাকে রাজাস্বরূপ স্বীকার করিয়াছেন তথাপি তাঁহারা ঐ বাটীর মধ্যে প্রবেশকরণার্থ বিরত না হইয়া হস্তির দ্বারা দ্বার মুক্তকরণার্থ উদ্যোগ করিতে লাগিলেন। সেই হস্তী পড়িয়া গেলে অপর একটা হস্তী আনাইয়া দ্বার মুক্ত করিলেন এবং সৈন্যেরা ধাবমান হইয়া পাটন সাহেবকে বন্দুকের গুতা মারিতে লাগিল তাহাতে পাটন সাহেব পতিত হইলেন তাহারা বোধ করিল যে ইনি মরিয়াছেন কিঞ্চিৎকাল ঐ সাহেব বেগমের সৈন্যেরদের হস্তে পতিত ছিলেন তৎপরে শ্রীযুত কাপ্তান কৌড়ি সাহেব ৩৫ রেজিমেণ্টের এক পল্টন সৈন্য লইয়া তাঁহাকে মুক্ত করিলেন। সৌভাগ্যক্রমে বেগমের সৈন্যেরা কাপ্তান পাটন সাহেবকে অস্ত্রাঘাত করে নাই তথাপি কিঞ্চিৎ আঘাতী হইয়া রক্ষা পাইলেন ঐ আঘাত বামচক্ষুর নীচে হইয়াছিল। ইতিমধ্যে বেগমের সৈন্যেরা বলপূর্ব্বক অন্য দরওয়াজা খুলিয়া ফরীদবক্সে প্রবেশ করিল। ফরীদবক্সের মধ্যে শ্রীযুত রেসিডেণ্ট সাহেব ও দ্বিতীয় আসিষ্টাণ্ট সাহেব তাহারদিগকে থামাইবার নিমিত্ত উদ্যোগ করিলেন কিন্তু পারিলেন না। তৎপরেই অত্যন্ত গোলমাল উপস্থিত হইল তাহাতে নূতন রাজার নিজ ভৃত্যেরা অতিশীঘ্র রাজাকে ঐ বাটীর একটা ক্ষুদ্র কুঠরীর মধ্যে রাখিয়া বন্দ করিল। তৎপরে বেগমের লোকেরা ঐ বালককে বরাদরিয়া বাটীতে লইয়া গিয়া সিংহাসনে বসাইবার উদ্যোগ করিল। ঐ বরাদরিয়া ও ফরীদবক্সের মধ্যে ব্যবধান একটা মুক্ত স্থান আছে অস্ত্রধারী বেগমের লোকেতে সেই স্থান ব্যাপ্ত ছিল। এবং রেসিডেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তাহার মধ্যস্থল দিয়া যোগযাগে কোন প্রকারে গমন করণসময়েও মধ্যে২ তাঁহার কর্ণের নিকটে পলিতা বন্দুক ছুড়িতে লাগিল। অনন্তর তাঁহারা অত্যন্ত ক্লেশ ও শঙ্কান্বিত হইয়া বরাদরিয়া বাটীতে প্রবেশপূর্ব্বক বেগমের সঙ্গে কথোপকথন করিতে লাগিলেন তাহাতে বেগমের অনুগামি এক ব্যক্তি তাঁহারদের উপর আক্রমণ করিল কিন্তু তাদৃশ আঘাত করিল না। এমত সময়ে ঐ বালক মুনাজানকে সিংহাসনে বসাইল পরে রেসিডেণ্ট সাহেব আপনারদের উদ্যোগ সকল বিফল দেখিয়া বরাদরিয়া বাটীহইতে বহির্গত হইয়া দেখিলেন যে ইঙ্গলণ্ডীয়েরদের শিবিরহইতে কতক সৈন্য পঁহুছিয়াছে। তাহাতে রেসিডেণ্ট সাহেব এই বিবেচনা করিলেন যে ইহারদিগকে আর কোন প্রবোধ দেওয়া মিথ্যা অবশ্যই বল প্রদর্শন করাইতে হইবে। অতএব ছাউনিহইতে যে কামান আসিয়াছিল তাহা ছিটা গুলিতে পূর্ণ করিয়া বরাদরিয়ার সম্মুখবর্ত্তি স্থানে লক্ষ করিয়া রাখিতে হুকুম দিলেন।

তথাপি সাহেব মিথ্যা রক্তপাত করিতে অনিচ্ছু হইয়া পুনর্ব্বার বেগমের নিকটে লোক প্রেরণ করিয়া কহিলেন যে পোয় ঘণ্টার মধ্যে আপনি আসিয়া আমার সঙ্গে সাক্ষাৎ করিবেন। তাহাতে বেগম

were on their way to Furredbuksh. Captain Paton on hearing this report, proceeded to the outer gate with the view of preventing her entrance, and on reaching it found some of her troops already there, and clamorous for admission. Finding only two or three durwans to protect the gate, he attempted to reason with the insurgents outside, and to shew the folly of their attempting any thing on the part of the Begum, as Nusseer ud Dowlah was already acknowledged king by the British Government. Intent, however, on gaining admission, first one elephant, and that failing, a second, was brought to bear upon the gate for the purpose of forcing it open, and this having been done, the troops rushed in and attacked Captain Paton with clubs, and the butt ends of their musket, till thrown down and supposed to be dead. He was then left in charge of some of the Queen's party until rescued by Captain Cowley and a party of the 35th N. I. Fortunately the insurgents had not drawn their swords on Captain Paton, and thus he escaped with some bruises, especially one under the left eye.

By this time the insurgents had forced the other gates and reached that of Furredbuksh, at which the Resident and his 2d Assistant also attempted by persuasive measures to check their career, but in vain. All now became a scene of confusion; the king having been hurried off to a small apartment in Furredbuksh, the usurper was conveyed to the burrah durrie and placed on the throne. Between these two buildings there is a considerable space, and over this the Resident had to elbow his way among the armed insurgents with only an assistant. He was jostled not a little in his progress, and now and then a matchlook was fired off near his ear. After some trouble and not without danger he reached the burrah durrie, where he had some conversation with the Begum, and during which he was assailed, but not injured, by one of her followers. Moonah Jaun being now seated on the throne, and nothing that the Resident could say, having any effect, he attempted, and at length succeeded, in getting out of the burrah durrie, near which he found some of the troops from cantonments. It being now but too apparent that no persuasive measures could avail, and that force must be used, the Resident accordingly *desired*, that the guns which had just arrived from cantonment should be loaded with grape, and directed into the pizzas of the building. Unwilling, however, to cause bloodshed, he sent a message to the Begum and requested an interview in the space of a quarter of an hour; but to this some evasive answer was returned, once and again, when the Resident in the most peremptory terms announced that in 15 minutes more, the guns should open their fire. No movement being made on the part of the insurgents on

পুনঃ২ যথার্থ উত্তর না দেওয়াতে রেসিডেণ্ট সাহেব রাগান্ধ হইয়া কহিলেন যে পোয়া ঘণ্টার মধ্যে যদি প্রকৃত উত্তর না পাই তবে গোলা নিক্ষেপ করিতে হুকুম দিব। তাহাতেও ঐ রাজবিদ্রোহিরদের স্থানহইতে কোন উত্তর পাওয়া গেল না তৎপ্রযুক্ত উক্ত কালের মধ্যেই গোলা নিক্ষেপ করিতে হুকুম দিলেন তিনবার কাওয়াজ করাতেই কর্ম্ম শেষ হইল। শ্রীযুত মেজর মার্সল সাহেব ৩৫ রেজিমেণ্টের এক দল সৈন্য লইয়া অট্টালিকার সিঁড় আক্রমণ করেন অন্যান্য সৈন্যেরা বাহিরে সিঁড়ি বসাইয়া ঘরের মধ্যে প্রবেশ করিল। এবং যে কুঠরীর মধ্যে সিংহাসন ছিল সেই কুঠরীহইতে তাবদ্বিপক্ষ একেবারে তাড়িত হইল। পরে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদিগকে হুকুম হইল যে আর গোলা নিক্ষেপকরণের প্রয়োজন নাই এবং বিপক্ষ সৈন্যেরা অস্ত্রশস্ত্র ত্যাগ করিয়া চলিয়া যাইতে অনুমতি পাইল। অনন্তর এক পালকির মধ্যে দুই জন পরিচারিকা সঙ্গে বেগমকে পাইয়া সৈন্যেরদের জিম্মায় রেসিডেণ্টী ঘরে পাঠান গেল। অনন্তর ঐ বালককেও বরাদরিয়ার একটা কোণের কুঠরীতে পাইয়া সৈন্যের জিম্মায় তথায় প্রেরণ করা গেল।

প্রকৃত রাজাও একটা ক্ষুদ্র কুঠরীতে ছিলেন যুদ্ধের পূর্ব্বেই তাঁহার ভৃত্যেরা ঐ কুঠরীতে রাখিয়া বাহিরে আপনারা তলওয়ার খুলিয়া চৌকি দিতেছিল। বেগম ধৃতা হইলে তাঁহার অনুচরেরা আর কোন যুদ্ধবিগ্রহ না করিয়া প্রস্থান করিল। পরে রেসিডেণ্ট সাহেব ও শ্রীযুত ব্রিগেডিয়র সাহেব রাজাকে সিংহাসনোপবেশন করাইয়া রীতিমত তাঁহার মস্তকোপরি রাজমুকুট ধারণ করাইলেন। সিংহাসনোপবেশন সময়ে যথারীতি তোপধ্বনি করা গেল। যুদ্ধকালে রাজবিদ্রোহিরদের মধ্যে ৩০ জন হত ও ২০।৩০ জন কেহ ন্যূন কেহ অধিক্যরূপ আঘাতী হয় ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের কেবল ৪ জন সিপাহী আঘাতী হইল।

১১ তারিখের প্রত্যূষে বেগম ও তাঁহার পুত্র মুনাজানকে উপযুক্ত সৈন্যের অধীন করিয়া কানপুরে প্রেরণ করা গেল। এইক্ষণে তিনি গঙ্গাপার হইয়াছেন অতএব বোধ হয় যে আর এতদ্রূপ বিপক্ষপক্ষীয় বিবাদ বিসম্বাদ হইবে না।

মৃত রাজার জ্যেষ্ঠ পুত্র গাজীরুদ্দীন হয়দরের পুত্র ছিলেন। তিনি জীবদ্দশায় দুই পুত্রকে স্বীয় পুত্র বলিয়া স্বীকার করিয়াছিলেন। কিন্তু বৃটিস গবর্ণমেণ্ট সাক্ষ্য পাইয়া তাঁহারদিগকে তৎপুত্র বলিয়া স্বীকার করেন নাই এবং তৎপরে ঐ রাজা আপনিও তাঁহারদিগকে স্বীকার করিলেন না। আমারদের পাঠকবর্গের মধ্যে যাঁহারা অযোধ্যার ব্যাপারবিষয়ক বিবরণ পাঠ করিয়াছেন তাঁহারা এইবিষয় সুজ্ঞাত থাকিবেন অতএব এইক্ষণে প্রকৃত পুত্রাভাবে ঐ সিংহাসন উর্দ্ধগামি হইয়া মৃত রাজার পিতৃব্য প্রাপ্ত হইলেন। কিন্তু ফলতঃ মোসলমানেরদের শরা অনুসারে কোনং সময়ে যে ব্যক্তি সর্ব্বোপেত তাঁহাকে সিংহাসন দেওনের রীতি আছে। এবং এই বিষয়ে আড়কাট রাজ্যের বিষয়েও অপর এক উদাহরণ দৃষ্ট হইল। ঐ আড়কাটের প্রকৃতোত্তরাধিকারি ব্যক্তি বৃটিস গবর্ণমেণ্ট যে নিয়ম নিরূপণ করিয়াছিলেন তাহা স্বীকার করেন নাই তৎপ্রযুক্ত ঐ সিংহাসন অপর ব্যক্তিকে দেওয়া গিয়াছে।

সুপ্রিম কোর্টের এলাকা।

হরকরা পত্রে লেখেন যে আমরা পত্রেক দেশে সুপ্রিম কোর্টের এলাকার বিষয়ে শ্রীলশ্রীযুক্ত ইঙ্গলণ্ডবাদশাহের বিবে

the expiration of the period granted, the order was given to fire, and three rounds of grape were discharged with the desired effect. A party of the 35th N. I. under Major Marshall succeeded in gaining access to the stair case, while others mounted the ladders, and thus the apartment where the throne stands was soon cleared of the insurgents. The troops were then ordered to cease firing, and the insurgents allowed to depart on laying down their arms. The Begum was found in a palkie with two female attendants, and immediately sent off under a guard to the Presidency. The usurper, too, was found in some corner room of the burra durrie, and also sent off under a guard.

The King was soon after found in a small room into which he had been ushered at the commencement of the fray, and where he had been guarded by a party with drawn swords. On the capture of the Begum that party withdrew without violence, and the Resident soon after joined the King, and conducted him to the throne where he and the Brigadier, as is the custom, placed the crown upon the King's head, and he ascended the throne during a salute from the guns. Among the insurgents there may have been 30 killed in the assault, from 20 to thirty more or less severely wounded; of the Company's troops four sepoys wounded.

On the morning of the 11th, the Begum and Moonah Jaun were sent off to Cawnpore under an escort, and now that the usurper is removed beyond the Ganges, it is to be hoped that party spirit may subside, and no other incident occur to create commotion.

The late King of Oude

His deceased Majesty was the son of Ghazee-ood-deen Hyder, the eldest son of Saaddut Jung. During his lifetime he acknowledged two sons, but the British Government, upon evidence taken, refused to acknowledge them, and the King afterwards himself disavowed them, as all our readers must recollect who are conversant with the printed papers relative to Oude affairs. This line, therefore failing, the succession went back to the senior surviving uncle. But in point of fact, the Mahomedan law seems to sanction the detur optimo principle, of which a memorable instance will be recollected in the case of Arcot, where the natural heir, having refused to accede to terms proposed to him by the British Government, was passed over in consequence.—*Courier, July* 15.

Jurisdiction of the Supreme Court.

We publish in the usual place a judgment of the Privy Council, on a point of the jurisdiction of the Supreme

চিত প্রস্তাব প্রকাশ করিতেছি তাহাতে ভারতবর্ষের প্রজালোকেরদের হিত হইতে পারে। শ্রীলশ্রীযুক্ত বাদশাহের হজুর কৌন্সেলে আপীলের নিষ্পত্তির মর্ম্ম এই যে কোন ব্যক্তি লক্ষ্ণৌ বা পেসয়া বা নিজামের রাজ্যে বসতি করে অর্থাৎ যে রাজ্য এতদ্দেশের মধ্যে স্বাধীনরূপে গণ্য হইয়াও যদি ইঙ্গলণ্ডীয়েরদের আশ্রয়াবলম্বনে থাকে তবে সেই রাজ্যনিবাসি ব্যক্তি যদ্যপি জানিয়া শুনিয়া কলিকাতা বা মান্দ্রাজ বা বোম্বাই শহরের মধ্যে যে কোন ষড়যন্ত্র বা কুমন্ত্রণা করে বা করায় অর্থাৎ এমত অপরাধ যদি ইঙ্গলণ্ড বাদশাহের ব্যাপ্য আদালতের এলাকার মধ্যে করে তবে সে ব্যক্তি দণ্ডনীয় হইবে।

শ্রীমতী মিস ইডেনের স্বাস্থ্য।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে শ্রীমতী মিস ইডেন বিলক্ষণ স্বাস্থ্য পাইয়া এইক্ষণে চাণকহইতে কলিকাতায় গমন করিয়াছেন।

ইউনিয়ন বেঙ্ক।

গত ১৪ তারিখে ইউনিয়ন বেঙ্কের ষাণ্মাসিক বৈঠক হইয়া তৎসময়ে রিপোর্ট পাঠ হইল। তাহাতে দেখা গেল গত ছয় মাসের লাভ ৫১১৪১ টাকা অর্থাৎ বার্ষিক শত করা ১৩ টাকার হিসাবে হইয়াছে। গত ছয় মাসের ডেবিডেণ্ট দেওনের পরে যে টাকা জমা ছিল অর্থাৎ ১৭০৫৪ টাকা। তাহা জুমলা করিলে ১৫৮২৭ টাকা তাহাতে বার্ষিক শত করা ১৪৷৵০ টাকার হিসাবে লাভ হয়। এবং শতকরা বার্ষিক ১৪ টাকা করিয়া ডেবিডেণ্ড দিলে পরও ৭৭২৮ টাকা জমা থাকে। তাহাতে নিশ্চয় হইল যে গত ছয় মাসের নিমিত্ত শতকরা ১৪ টাকার হিসাবে ডেবিডেণ্ড দেওয়া যাইবে। পরে বৈঠকের কার্য্য সমাপ্ত হইলে শ্রীযুত পার্কর সাহেব কহিলেন যে আমারদের কার্য্যের এমত শুভ হইয়াছে এবং মূলধনের বৃদ্ধি হইলে আরো এমত শুভ সম্ভাবনা আছে যে বেঙ্কের প্রধান কর্ম্মকারকেরদের এইরূপ বেতন বর্দ্ধন করা যায় যে আগ্রা বেঙ্ক ও বাঙ্গাল বেঙ্কের কর্ম্মকারকেরদের বেতনের তুল্য হয় এমত বিবেচনা করা উচিত। অতএব তিনি বিবেচনা করিলেন যে সেক্রেটরী সাহেবের বেতন মাসিক ১৬০০ টাকা পর্য্যন্ত এবং আক্তৌণ্টাণ্ট সাহেবের বেতন মাসে ১০০ টাকা পর্য্যন্ত হয়। পরে এই প্রস্তাবে শ্রীযুত মাকমেহন সাহেব পোষ্টিকতাকরণেতে সকলে সম্মত হইলেন।

ইউনিয়ন বেঙ্কের উপর টান।

বাজারে কোন আশ্চর্য্য ভ্রমপ্রযুক্ত গত শনিবার ও সোমবারে ইউনিয়ন বেঙ্কের উপর টাকার অত্যন্ত টান হইল। যে টাকার দাওয়া হইয়াছিল সুতরাং তাহা অনায়াসে দেওয়া গেল। দেশীয় লোকেরদের নিকটস্থ নোটের টাকার সংখ্যা ২ লক্ষের অধিক ছিল না।

কর্ণান ডিয়র সাহেব।

যে শ্রীযুত কর্ণান ডিয়র সাহেব পরমিট পঞ্চত্বরার জাহাজি কর্ম্মে নিযুক্ত ছিলেন গত সপ্তাহে তাঁহার প্রতি খুনকরণাভিযোগে আলিপুরের জিলা আদালতে বিচার হইল। তিনি কলাগাছিতে থাকন সময়ে ১৪০০ টন ধারি এক বৃহৎ জাহাজ আসিতে দেখিয়া শীঘ্র তাহার উপর উঠিতে ইচ্ছুক হইলেন। তাহাতে নাবিকেরা অস্বীকৃত হইলে কথিত আছে যে এক জন দাঁড়িকে পদাঘাত ও মুষ্ট্যাঘাত করিলেন তৎপ্রযুক্ত কিঞ্চিৎ পরেই সেই ব্যক্তি মরিল। কিন্তু যে চিকিৎসক সাহেব ঐ শব পরীক্ষা করিয়া দেখিলেন তাঁহার জোবানবন্দীতে বোধ হইল যে ঐ শবের উপর আঘাতের কোন চিহ্ন দৃষ্ট না হওয়াতে তিনি বোধ করিয়াছিলেন ঐ ব্যক্তি কোন রোগে মারা পড়িয়া থাকিবে। এইক্ষণে শুনা গিয়াছে যে সে ব্যক্তি স্বস্থ হইয়াছে।

Court, of much interest to the native inhabitants of India. The present decision of the Privy Council, if we understand it, goes this length: that if a person resident in Lucknow, in the territory of the Peswah, of the Nizam &c.; in short, within the dominions of what is, in this country called, an Independant Prince; still if he be under the protection of the British Government in India, such a person so situate, although a native, is, if privy to and consenting to, a conspiracy or other misdemeanor, or offence committed with or by his procurement or co-operation in Calcutta, Bombay, or Madras; in short, within the limits of the general jurisdiction of the King's Courts in India, subject to that jurisdiction he will be punished.

Miss Eden's Health.

We are happy to state that Miss Eden's health is much improved, and in consequence, she is gone down to Calcutta from Barrackpore.

Union Bank.

At the half yearly meeting of the Union Bank, held on the 14th instant, the report was read, which stated the actual gain of the last half year to be Co.'s Rs. 141,143 equal to about 13 per cent. per annum, to which adding the amount reserved from the last dividend, 17,054 Rs. the sum now at disposal is 158,207, which would give 14 Rs. 10 annas per cent; and if a dividend of 14 per cent. were declared, an unappropriated surplus of Rs. 7,728, would remain. It was, therefore, determined at the meeting that a dividend at the rate of 14 per cent. per annum, should be declared for the last half year. When the business of the meeting had closed, Mr. H. M. Parker said, that after so flourishing an exhibition, with the prospect of increasing business upon the great increase of its capital, he thought it right to propose some increase in the emoluments of their principal officers. To bring them somewhat nearer to those paid by the Bank of Bengal and the Agra Bank. He accordingly proposed that the salary of the present Secretary should be raised to 1,600 Rs. a month, and an addition of 100 Rs. a month to that of the present accountant. This resolution was seconded by Mr. McMahon, and carried *nem. con.*

Run upon the Union Bank.

Through some strange infatuation in the Bazar, there was something of a run upon the Union Bank, on Saturday and Monday last. The demand was, of course, met with perfect ease; the amount of Notes in the hands of Natives did not amount to more than two lakhs of Rupees.

Mr. Kernandier.

Mr. Kernandier employed in the preventive service was tried last week before the Zillah Court of Allipore, on a charge of murder. He was stationed at Diamond Harbour, and on seeing a large vessel of 1400 tons coming up, was anxious to be put on board of her. The boatmen, however, refused, and he is said to have struck and kicked one of the men, who died soon after. From the depositions of the Surgeons who examined the body, it appeared that no marks of violence were visible on the body, and that in all probability the deceased died of some natural disease. We hear that the prisoner has been acquitted.

নদী

সামান্যতঃ বর্ষাকালে যেমন নদীর বৃদ্ধি হয় বর্ত্তমান বৎসরে অত্যল্প বর্ষা হওয়া তদ্রূপ হয় নাই এবং অন্যান্য বৎসরে এমত সময়ে যেমন জলপূর্ণা হইয়া থাকে তদ্রূপ জল নাই যদি নীলকর সাহেবেরদের গত গ্রীষ্মসময়ের জলাভাবে নীলের ক্ষতি না হইত তবে নদীর এমত অল্পং বর্দ্ধনেতে এই বৎসর অতিশুভ হইত।

ডাকের পুলিন্দা।

মে মাসের ডাকের পুলিন্দা ১০ মে তারিখপর্য্যন্তও মস্কাতে পঁহুছে নাই। ঐ স্থানে পালিনুরসনামক জাহাজ তাহার প্রতীক্ষায় আছে। অতএব সুয়েজহইতে পুলিন্দা শীঘ্র পঁহুছনের এই দশা হইল এইক্ষণে কখন্ পঁহুছিবে তাহার নিশ্চয় হইতে পারে না।

বেহার।

বেহারে যেরূপ লোক মারা পড়িতেছে সে অতিভয়ঙ্কর। যে অল্প বৃষ্টি হইয়াছে তাহাতে মৃত্তিকা এক বুরুলও ভিজে নাই কৃষি কর্ম্ম অদ্যপর্য্যন্তও আরম্ভ হয় নাই। রাস্তায় যে বন্দুয়ানেরা খাটে প্রতিদিন তাহারদের দুই চারি জন করিয়া মরিতেছে জেহলে যাহারা আছে তাহারদের তদপেক্ষাও অধিক দুরবস্থা হইতেছে।

মান্দ্রাজে আশ্চর্য্য ব্যাপার।

উত্তর আড়কাটের ভূমির রাজস্ব বাকিদার এক জন মান্দ্রাজের জেহেলে কয়েদ আছে। সে ব্যক্তি ইনশালবেণ্ট আদালতের দ্বারা তাবৎ সরকারী দেনাপর্য্যন্ত হইতেও মুক্তহওনার্থ দরখাস্ত করিয়াছে। ইহা অতিগুরুতর বিষয় অতএব গবর্ণমেণ্টের তত্রস্থ উকীলের প্রতি তদ্বিষয়ে পরামর্শ দিতে আজ্ঞা হইয়াছে। যদ্যপি এতদ্দেশীয় কোন ব্যক্তি ইনশালবেণ্ট আদালত দ্বারা ভূমির রাজস্ব দেনা মুক্ত হইতে পারে তবে ইনশালবেণ্ট আদালত পুনর্ব্বার জেঁকে উঠিবে এবং নিয়ত প্রতিদিন বৈঠক করিতে হইবে।

বারোদা।

বারোদার রাজা মৃত গঙ্গাধর শাস্ত্রির পুত্রেরদের মুশাহেরার বিষয়ে যদ্যপি ইঙ্গলণ্ড দেশে আপীল হওনের পর তাহা দেওনার্থ হুকুম পঁহুছিয়াছে তথাপি শ্রীযুক্ত রাজা ঐ মুশাহেরা দেন নাই। তাহাতে বোম্বাই গবর্ণমেণ্ট অতিশক্তরূপে তাঁহার সঙ্গে ব্যবহার করিতে নিশ্চয় করিয়াছেন। এবং কাটিয়ার প্রদেশহইতে যে রাজস্বাংশ ঐ রাজাকে দেওয়া যায় সেই অংশহইতে ঐ শাস্ত্রির পুত্রের দিগকে মুশাহেরা দেওনার্থ স্থির করিয়াছেন।

The Rivers.

In consequence of the very insignificant quantity of rain which has fallen this year, the rivers have not risen, as they usually do; they are lower at the present time than they have been for many years at this season. If the Indigo planters had not suffered from the unprecedented drought of the hot season, the tardy rise of the rivers would have made the season an extremely favourable one.

The May Mail.

The May Mail had not arrived at Mocha by the 10th June, where the Palinurus was then waiting for it; this does not look very like an express from Suez; and it seems quite uncertain when it may be expected.

Behar.

The mortality in Behar is represented as dreadful. The few slight showers which have fallen have not been sufficient to wet the earth an inch deep, and ploughing has not commenced. The prisoners employed on the roads have been dying at the rate of one, two, or three a day; and the suffering in the Jail is still greater.

Singular Case at Madras.

A revenue defaulter, in Northern Arcot, who is now a prisoner in the jail, at Madras, has applied for his discharge under the Insolvent Act, and for his entire liberation from all his liabilites, including those to Government. As this is a case of very considerable importance, the law officers of Government have been consulted. If a native by passing through the Insolvent Court could obtain his discharge from all claims due to Government for land rent, our Insolvent Court would again revive; nay, we question whether it would not be necessary to render its sittings permanent.

Baroda.

The Rajah of Baroda still refuses to restore to the sons of the late Gungadher Shatri their former allowance, notwithstanding an order has arrived from England, in consequence of the appeal of His Highness, directing that the sums should be paid. The Bombay Government have now determined to act with vigour, and to deduct this sum from the Kattewar tribute which they pay annually to the Bareda state.

পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত।

ভরিয়া আহ্লাদ পূরঃসর আমরা ধন্য বাদ করিতেছি যে সম্প্রতি শোভাবাজারস্থ শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরের মনোযোগিতায় এতদ্দেশীয় বাঙ্গলা ভাষা সাধারণের সুশিক্ষা হইতেছে।

পূর্ব্বে এরূপ পাঠশালাসকল স্কুল সোসৈটির সাহায্যে কলিকাতা মহানগরীতে নানাস্থানে স্থাপিতা হওয়াতে কথিতা ভাষার বিলক্ষণ প্রচলিতা ছিল তল্লোপে হিন্দুদিগের ভাষার অনেক ক্ষতি বোধ হইয়া থাকিবেক। এক্ষণে প্রার্থনা এই পাঠশালা ক্রমে উন্নতি হইয়া বহুজনের উপকারক হউক।

পশ্চাল্লিখিত মহাশয়েরা উক্ত বিদ্যাগারের অধ্যক্ষতায় নিযুক্ত হইয়াছেন।

—

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসননামক বিদ্যালয়ের সহকারী পাঠশালা ১৮৩৭ সালে ১ জুন তারিখে শ্যামবাজারে ৩১ নং বাটীতে স্থাপিতা হয়।

উপরিদর্শক।

শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর।

সি, এম, আর, এস,

স্থাপকদ্বয়।

শ্রীযুত বাবু দেবীপ্রসাদ বসু ও শ্রীযুত বাবু কৃষ্ণহরি বসু।

প্রধান তত্বাবধারক।

শ্রীযুত বাবু কৃষ্ণলাল দেব।

১ ও ৩শ্রেণীর।

প্রথমশিক্ষক। শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র সরকার।

২ ও ৪ ও ৫ শ্রেণীর।

দ্বিতীয় ঐ শ্রীযুত বাবু দুর্গাচরণ সরকার।

পণ্ডিত। শ্রীযুত

পরীক্ষক। শ্রীযুত কালীদাস তর্কসরস্বতী।

—

উক্ত পাঠশালা রবিবার ভিন্ন প্রতিদিন প্রাতে ১১ ঘন্টাবধি ৪ ঘন্টাপরাহ্নপর্য্যন্ত মুক্ত থাকিয়া শুদ্ধ বঙ্গ ভাষাসম্বন্ধীয় বিদ্যা শিক্ষা হয়।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

প্রণতানন্তর সবিনয় নিবেদনমিদং। নানা দেশীয় অনেক শুকরূপী সম্বাদ মহাশয়ের নির্মল মুকুর সমীপে নিরন্তর নৃত্য করিতেছে। ইহাতে অস্মদ সারিকারূপী বাগাড়ম্বর শোভন যোগ্য অসম্ভাবিত। তথাচ মনের বৈকল্য প্রকাশ না করণে অত্যন্ত উত্তপ্ত বর্ত্তমান ঋতুর ন্যায় থাকিতে হয় তাহা দূরী করণাশয়ে কিঞ্চিন্মাত্র নিবেদিতেছি। দর্পণে প্রতিবিম্বিত করিলে কৃপা গণিব ইতি। ১। অস্মদ্দেশে কুলীন পদ বাচ্য অস্মদ শাস্ত্র দৃষ্টে নব লক্ষণযুক্ত ব্যক্তি। ঐ লক্ষণের বিশেষ এই আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা আবৃত্তি তপ দান এই নববিধ ইহাতে বঞ্চিত যে জন তেঁহ কুলীন গণ্য কোন্ শাস্ত্র দৃষ্টে হন। ইহার বিশেষ অস্মদ্ধর্ম্মশাস্ত্রীয় পণ্ডিতগণহইতে সপ্রমাণ উত্তর লাভাকাঙ্ক্ষী ইতি।২ শুবে বাঙ্গালার শ্রেষ্ঠ অধম বৈধর্ম্মধারি নানাবিধ জাতীয় মধ্যে এক অদ্ভুত রীতি প্রচলিতা যে ইহারদের স্ত্রী গণের প্রথম ঋতুযোগ কালীন যে পুষ্পোৎসব নির্লজ্জা প্রিয়করণক ব্যবহার করেন কোন শাস্ত্রে ইহার প্রমাণ দৃশ্য তাব কিন্তু এমত পারিপাট্যের কৌশল প্রদীপ্ত যে ঐ মহাশয়গণ ত্রপাকে ত্রপাদান করণক অতিদূরে স্থিত করিয়াছেন ইতি ।৩ অস্মদ্ধর্ম্ম শাস্ত্রের উনবিংশতি সংহিতা মনুপ্রভৃতি এক্ষণপর্য্যন্ত প্রদীপ্ত আছে তন্মধ্যে দারপরিগ্রহের যে বিধান নির্দ্দিষ্ট তদ্দৃষ্টে অনেক স্ত্রীর পাণি গ্রহণকরণ অনুচিত যদি বলেন পুরাণের লিখিতানুসারে অনেকে সমূহ স্ত্রীতে আসক্ত ছিলেন এবিধি সতের জন্য অসম্ভাবিত কিন্তু ঐ কর্ম্ম কেবল কামুকের জন্য। জিজ্ঞাস্য এই যে ভাক্ত কুলীন মহাশয়গণ নিজ শরীর পোষণে অক্ষম হইয়া ৫০।৬০ এবং অধিক দার গ্রহণ এক রাত্রে করিয়া পরে ঐ স্ত্রীর মুখাবলোকন আপন জীবনাবধি করেন না ইহা সজ্জনের জন্য বিধি কোন্ ধর্ম্ম শাস্ত্রে নির্ণীত জানিতে বাঞ্ছিত ইতি ।৪ ব্রাহ্মণ পদার্থ নীর্ণয় জন্য বজ্রসূচি এবং ব্রাহ্মণ সর্ব্বস্ব এই দুই গ্রন্থ অনাদি কালাবধি প্রদীপ্ত এবং আর অনেকানেক গ্রন্থ এই সম্পর্কে আছে কিন্তু অস্মদ্দেশীয় মহাশয়গণ ইহা অবলোকন ও যাজনে হেলা করেন কারণ কি। ধর্ম্মসভার উচিত অগ্রে উপরের লিখিত সকল শাসন করণক পশ্চাৎ দলাদলির গৌরব প্রকাশে রত হন ইতি ।৫ তান্ত্রিক বাম মার্গ ও স্মার্ত্ত দক্ষিণাচার এই উভয় মধ্যে পরস্পর অনুবাদকালীন দ্বেষ ব্যক্ত হয় কিন্তু অন্ন ও কন্যা দান গ্রহণে কেহ দোষ গণেন না একি বিশিষ্টতা। পরস্পর ধর্ম্মের যেরূপ অনৈক্যতা সে স্থলে এব্যবহার কি কারণে প্রচলিত জানিতে বাঞ্ছিত ইতি ।৬ বর্ত্তমান ইঙ্গলণ্ডাধিপতি শ্রীলশ্রীযুত রাজ চক্রবর্ত্তির পারিষদগণ অস্মদ্দেশীয় প্রজাগণের কল্যাণ জন্য পরমিট পথোত্তরা ক্ষমা করিয়াছেন ইহাতে অস্মদাদি প্রজাগণের কি পর্য্যন্ত আনন্দ এবং উপকার জন্মিয়াছে তাহা বর্ণনে লেখনী অশক্তা। কিন্তু জনশ্রুতি এবং অনেক সম্বাদ পত্র দ্বারা বিজ্ঞ হইলাম যে গবর্ণমেণ্ট স্বাধিকারস্থ সকল নগরে বাটীর টেক্স বার্ষিক নিয়ম জন্য আজ্ঞা দিয়াছেন ইহাতে যে রূপ প্রজাসকল প্রীত হইবেক তাহা সত্বর ভবিষ্যতে প্রকাশ পাইবেক। পরমিট পথোত্তরা কেবল বৈশ্যধর্ম্মযাজিগণ দিতেন তাহাতে অন্য প্রজার তাদৃশ পীড়া জন্মিত না বাটীর টেক্সের ফল মহানগরী কলিকাতা বাসিগণ বিশিষ্টরূপে ভোগিতেছেন অস্মদাদির ভোগ তাহা অপেক্ষা অধিক দুঃখ জনক হইবেক। এবিষয় সম্বাদ পত্র দ্বারা প্রকাশকরণের তাত্পর্য্য এই যে রাজ কর্ম্মে ভারিত প্রধান অধ্যক্ষগণের কর্ণগোচর হইলে প্রজাগণের মঙ্গল দায়ক হইতে পারে নচেৎ সুখদুঃখ লেখ ছাদির বাক্য স্মরিতে হইবেক।

শ্রীশ্রীকাশীধাম।

ভারতবর্ষীয়সকল প্রজাগণের হিতাকাঙ্ক্ষী আনন্দকাননবাসি নাগরের নিবেদন পত্রমিতি।

[*From a Correspondent.*]

We are glad in noticing that a *Patshala* has been lately instituted by the fostering attention of Maha Raja Kalee Krishna Bahadoor of Sobha-Bazar; for this act of public good, the Raja is entitled to commendations.

Ere long several schools like this were established in several parts of Calcutta, under the patronage of the Calcutta school Society; but in consequence of their abolition much loss to their language would have sustained among the Hindoos. We now, therefore, wish, that this *Patshala* may continue with all its prosperity, and be the medium of general benefit.

The following is the List of Office bearers to the above school.

—

The Auxiliary Patshala to the Hindoo Benevolent Institution.

Established 1st June, 1837.

At Shambazar, No 31.

Honorary Visitor, Maha Raja Kalee Krisna Bahadoor,

C. M. R. A. S.

Proprietors.

Baboos Daviprashad Bosu and Krishnari Bosu.

Principal Supdt. Baboo Krishnalal Dev.

For 1st and 2d Class.

First Tutor, Baboo Ishwan Chandia Sircar.

For 2d, 4th and 5th Classes.

Second Ditto, — Baboo Durga Charan Sircar.

Pundit,

Examiner, — Kalidas Tarka Shwarshwatee.

—

This *Patshala* opens every day (*Sundays* excepted,) at 11 A. M. to 4 P. M. Where pure Bengalee Literature and Sciences are instructed.

Correspondence.

To the Editor of the Durpun.

Receive my salutations. I perceive that intelligence from various parts is continually published in your Journal, and it appears, therefore, almost improper, that we should intrude our own observations upon you. Yet if we do not publish our mental distress, our minds will burn with anguish equal in intensity to the present hot season. In order to avoid this, I send you these following few lines, which if you will publish in the Durpun, you will greatly oblige me.

1st. According to our Shastras, Coolins are those who have nine qualifications, which are virtue, humility, knowledge, honour, visiting holy shrines, devotion to God, study of the holy books, penance and liberality; he who is not possessed of these qualifications cannot, according to any shastras, be considered a Coolin. I should like to hear an argument from our Pundits upon this subject.

2dly. In the kingdom of Bengal a very extraordinary practice appears to have grown up among all ranks of Society, in reference to those ceremonies which the females perform without any degree of shame, upon attaining the age of puberty. In what shastras these ceremonies are ordained? Yet the custom appears to be so well ordered and fixed, that one would suppose that all ranks of Society had abondoned every idea of modesty.

3rdly. In our Shastras, namely the 20 Tuttos, Monoo and other works, the rules that are laid down would appear to discourage the taking of many wives; if you say according to the Poorans, it would appear, formerly men were attached to many women at the same time; but this rule did not apply to the virtuous; it was permitted only through the prevalence of desires. I would enquire, therefore, how it is that many Coolins who are scarcely able to provide for themselves, marry 50 or 60 wives, or even a greater number, in a single night, and never see them again during their lives? I want to know by what shastras such a rule is laid down for virtuous men.

4thly. In order to ascertain what a Brahman is, we have from time immemorial been accustomed to consult the Bujrosoochee and the Brahman Surbuswa. There are also many other books upon the same subject, but our present gentry appear to despise these works; whence is this? It appears proper for the Dhurma Subha to correct all those anomalies before they enter upon the disputes of one party with another.

5thly. We acknowledge the disputes which exist between the left handed Tantricks and the right handed followers of the smritties; but no one appears to attach any blame to the question of eating and marriage. How astonishing is this! Why should this dispute be brought forward where there is a radical difference of creeds.

6th. The native officers of the English for the benefit of their native subjects have relinquished the transit and town duties, and my pen cannot describe the benefits which have thus resulted to the people; but we learn from common report and from many of the newspapers that Government have passed an order respecting the annual collection of these taxes. We shall hereafter publish the names of all those who have benefited by it. The town and transit duties were paid only by the merchants. The people themselves were not much interested in it, and this measure was evidently intended to throw dust in the eyes of the people. The inhabitants of Calcutta are particularly suffering from the tax upon houses, and yet our sufferings are even greater than theirs. Our object in publishing this in your Paper is to bring the subject forward.

A Resident at Benares.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	⁄	।⁄	ঐ
২ ক্লাস	॥०	।०	ঐ
৩ ক্লাস	৩৸०	।०	ঐ
মধ্যম ৫ টাকার লোন	०	०	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥०	১৪॥०	ঐ
৪ টাকার লোন	২	২।०	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal,............ Co's. Rs. 2,400—500,

সমাচার দর্পণ

১১৫০ সংখ্যা। বালম ১৯।] ২৯ জুলাই ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১৫ শ্রাবণ। SATURDAY, JULY 29TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1150. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

ইশতেহার।

জিলা মেদিনীপুরের কালেকটরী কাছারিতে সন ১৮৩৭ সালের ১৫ আগষ্ট তারিখে বিস্তর মাহালাত বাকিদারির নিমিত্ত লাটবন্দিতে আসিয়া নীলামের তারিখ মোকরর হইয়াছে অতএব যাঁহারা ভূমি সম্পত্তি ক্রয়করণ বাসনা রাখেন তারিখ মজকুরে হাজির হন ইতি ২৪ জুলাই। সন ১৮৩৭।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় মৃত রাজা শিবচন্দ্ররায়ের ইষ্টেটের রিসিবর শ্রীযুত এলিয়ট মেকনাটন সাহেব ও অন্যেরা ফরিয়াদী এবং মৃত বিশ্বনাথ ঘোষের মরণোত্তর টর্নি রামধন ঘোষ আসামী ঐ মোকদ্দমায় সুপ্রিম কোর্টে গত ২ দিসেম্বর তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি ১৯ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে উপরিউক্ত কোর্টে আমার দপ্তরখানায় ডিক্রীর হুকুম অনুসারে নীচে লিখিতব্য বিষয় পবলিক সেলে বিক্রয় করিব।

লাট নং ১। কলিকাতার শহরতলি ইটালিতে এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৩০/ ত্রিশ বিঘা।

লাট নং ২। কলিকাতার শহরতলি মৌজে শ্রীরামপুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৪৸২ চারি বিঘা সতর কাঠা।

লাট নং ৩। কলিকাতার শহরতলি মৌজে মঠপুকুরে মঠপুকুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি ৩৪ / চৌত্রিশ বিঘা। ঐ ভূমি দেবোত্তর বলিয়া গোপীনাথ ঘোষের যাবজ্জীবন দখলে ছিল।

লাট নং ৪। কলিকাতা নগরের কলিঙ্গাতে এক খণ্ড ভূমি ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং ৫। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১৷১৸০ এক বিঘা এগার কাঠা বার ছটাক।

লাট নং ৬। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১ এক বিঘা।

লাট নং ৭। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ৸৪ উনিশ কাঠা।

ইশতেহার।

লাট নং ৮। টেঙ্গরাতে এক খণ্ড ভূমি অনুমান ২।১ দুই বিঘা ছয় কাঠা।

লাট নং ৯। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ২ দুই বিঘা।

লাট নং ১০। কলিকাতার শহরতলি দলন্দরে এক খণ্ড ভূমি অনুমান ৸১ ষোল কাঠা।

লাট নং ১১। কলিকাতা নগরের জানবাজারে নীলমণি হালদারের বাটী বলিয়া বিখ্যাত যে এক ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৸৪।৵ উনিশ কাঠা সাত ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চারি অংশের এক অংশ বিক্রয় হইবেক।

উপরিউক্ত সকল লাটের বিশেষ বৃত্তান্ত ফরিয়াদীর উকীল শ্রীযুত সাণ্ডিস সাহেবের নিকটে অথবা মাষ্টর আফীসে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

এই বিক্রয় আগামি আগষ্ট মাসের ১০ তারিখের বেলা দুই প্রহরপর্য্যন্ত স্থগিত রহিল।

এ ডবস।

মাষ্টর আফীস।
১৯ জুলাই ১৮৩৭।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ইশতেহার।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ইশতেহার।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্স্যনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্স্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৫০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১০ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পুর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সম্প্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha*, or Grammar of *Vopa Deva*, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by *Mritoonjuya Vidyalunkar.* Price 2 Rs.

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এই মাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমাও হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে। এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮ জুলাই ১৮৩৭।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

মেদিনীপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জি আদম্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটি পাইয়াছেন।

মুঙ্গেরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জি ডবলিউ বাটি সাহেব গত মে মাসের ৯ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মে মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ প্রদেশের কমিসানর শ্রীযুত ই ই উডকাক সাহেব ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের কমিসানর সাহেবকর্ত্তৃক যে এক মাসের ছুটি পান তদতিরিক্ত সেপ্তেম্বর মাসের ১ তারিখঅবধি ১২ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

অশুদ্ধ শোধন——বর্ত্তমান মাসের ১৫ তারিখে কালকাতা গেজেটে প্রকাশিত শ্রীযুত এচ এস হডসন নামের পরিবর্ত্তে ডবলিউ এস হডসন পাঠ করিতে হইবে।

৫ জুলাই।

কোটার একটিং পোলিটিকাল এজেণ্ট শ্রীযুত কাপ্তান ত্রিবিলিয়ন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বাস্থ্যার্থ উত্তমাশা অন্তরীপে গমনের নিমিত্ত কলিকাতায় আসিয়া দরখাস্ত করিতে আগামি মাসের ১ তারিখঅবধি ছুটি পাইয়াছেন।

১৯ জুলাই।

ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক পোলিটিকাল ডিপার্টমেণ্টবিষয়ক নীচে লিখিতব্য যে সাধারণ হুকুম জারী হয় তাহা সৈন্যেরদিগকে জ্ঞাপনার্থ প্রকাশ করা গেল।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলের সাধারণ হুকুমক্রমে।

১৪ জুলাই।

৺ প্রাপ্ত নওয়াব সজিমান জা নসিরুদ্দীন হয়দরের পিতৃব্য শ্রীলশ্রীযুত আবদুল ফতেমুইনুদ্দীন সুলতান ইয়মান নওসের ওয়াঁই আদল

CIVIL APPOINTMENTS.

18th July, 1837.

The following officers have obtained leave of absence from their stations:—

Mr. G. Adams, Joint Magistrate and Deputy Collector of Midnapore, for six months, on medical certificate.

Mr. G. W. Battye, Joint Magistrate and Deputy Collector of Monghyr, to the 1st proximo, in extension of the leave granted to him on the 9th May last, on medical certificate.

Mr. E. E. Woodcock, Assistant under the Commissioner of the 14th or Moorshedabad Division, from the 1st to the 12th September last, in extension of the leave for one month granted to him by the Commissioner of the 11th or Patna Division.

Erratum.—In the *Gazette* of the 15th instant, for Mr. H. S. Hudson, read Mr. W. S. Hudson.

5th July.

Captain Trevelyan, officiating Political Agent at Kotah, is permitted, on medical certificate, to be absent from the 1st proximo, to enable him to visit Calcutta, with a view to his applying for permission to proceed to the Cape of Good Hope for the benefit of his health.

19th July.

No. 146 of 1837.—The following General Order issued by the Government of India, in the Political Department, is published for the information of the Army:

General Order by the Right Honourable the Governor General of India in Council.

14th July.

His Majesty Abool Futteh, Mooeenood Deen, Sultan Zumain, Nowsherewani

মহম্মদ আলী শা বর্ত্তমান মাসের ৮ তারিখে অযোধ্যার রাজ সিংহাসনোপবিষ্ট হইয়াছেন। ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে হুকুম করিয়াছেন যে এই রাজ্যাভিষেকের সম্ভ্রমসূচক কলিকাতার ফোর্ট উলিয়ম কিল্লার মূর্চা হইতে এবং অন্যান্য স্থানীয় শিবিরহইতে সেলামী তোপ ও তিনবার কাওয়াজ হইবে ।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী শ্রীযুত ডবলিউ এচ মাকনাটন সাহেবের হুকুমক্রমে।

উলিয়ম কেসমেন্ট

এম জি।

২১ জুলাই।

' ১৮৩৭ সালের ১৪৭ নং—আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আলেন ওয়েব সাহেব কলিকাতার শ্রীলশ্রীযুত লার্ড বিশোপ সাহেবের দেশ পর্য্যটন সময়ে সঙ্গে থাকনের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

সমাচার দর্পণ

শনিবার ২৯ জুলাই ১৮৩৭।

ইউরোপহইতে শেষাগত সম্বাদ।

১ মে তারিখের প্রেরিত ডাকের পুলিন্দা গত বৃহস্পতিবারে কলিকাতায় পঁহুছিল তদ্দ্বারা পূর্ব্বকার সম্বাদাপেক্ষা প্রায় এক মাসের নূতন সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে।

ইঙ্গলণ্ড দেশের শ্রীলশ্রীযুক্ত বাদশাহ বিলক্ষণ স্বস্থ ছিলেন কিন্তু শ্রীমতী রাজ্ঞী কোন পীড়ায় পীড়িতা ছিলেন পরন্তু সে কি প্রকার পীড়া তাহার বিশেষ ভাব আমরা বুঝিতে পারি নাই।

এই সুযোগে বাণিজ্যবিষয়ক যে নূতন সম্বাদ আসিয়াছে সে তাদৃশ আহ্লাদজনক নহে। ইঙ্গলণ্ড দেশে টাকার বিষয়ে অত্যন্ত উত্তেজনা ছিল এবং অতিভারিক একটা কুঠীও দেউলিয়াহইয়াছে কিন্তু আমেরিকা দেশে যেরূপ বিভ্রাট হইয়াছে সে অতিঅপূর্ব্ব তদ্রূপ কখন হয় নাই। দশ দিবসের মধ্যে নবওয়ার্কের মধ্যে ১২ কোটি টাকার নিমিত্ত ৯০টা কুঠী দেউলিয়া হয়। আমেরিকা দেশে এইরূপ বিভ্রাট হওয়াতে সুতরাং ইঙ্গলণ্ড দেশেও তাহার ঝোঁক পড়িল এবং তাবৎ দ্রব্যের মূল্য কমিল। পূর্ব্বে নীলের যত নীলাম হইয়াছিল পরে আপ্রিল মাসের নীলামে পৌণ্ডপ্রতি এক সিলিং সেরপ্রতি ১ টাকা করিয়া মূল্য কম হইল।

নীলের মূল্য এমত অল্প হইয়াছে যে আগত এক পত্রে ইহা লেখে গত বৎসরের যে নীল ইঙ্গলণ্ড দেশে প্রেরিত হইয়াছে তাহাতে কি মোনে প্রায় ৫০ টাকা করিয়া মহাজনেরদের ক্ষতি হইবে।

ভারতবর্ষের পূর্ব্বকার অতিবিখ্যাত গবর্নর্ জেনরল লার্ড হেষ্টিংস সাহেবের বিধবা বিবি হেষ্টিংস সংপ্রতি লোকান্তরগতা হইয়াছেন। তিনি ভারতবর্ষহইতে প্রস্থিত হইয়া ইঙ্গলণ্ড দেশে ৫৩ বৎসর বাস করেন।

কথিত আছে যে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নিকটে বোম্বাইর বেঙ্কে চার্টর দেওনবিষয়ে যে আবেদন করা গিয়াছিল তাহা বিফল হইয়াছে। উক্ত সাহেবেরা ঐ প্রস্তাব একেবারে হেয় করিয়াছেন এবং আরো উক্ত আছে যে বোর্ড কন্ট্রোলের সাহেবেরাও তাঁহারদের ঐ অসম্মতিতে সম্মত আছেন।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবেক যে সিবিলসম্পর্কীয় মেটফর্ড সাহেব সংপ্রতি লোকান্তর গমনের পূর্ব্বে অনেক টাকা ঢাকা শহরের উপকারার্থ দান করিয়া গিয়াছেন। এইক্ষণে শুনা যাইতেছে যে তদীয় দান পত্র বিষয়ে ইঙ্গলণ্ড দেশের

Audil, Mahomed Ally Shah, Uncle of His late Majesty, Solyman Jah Nusseer ood Deen Hyder, having ascended the Throne of Oude on the 8th Instant—The Right Honourable the Governor General of India in Council has been pleased to direct that a Royal Salute and three Vollies of Musketry shall be fired from the Ramparts of Fort William, and at all the principal stations of the Army in honour of that event.

21st July.

No. 147 of 1837—Assistant Surgeon Allan Webb is directed to attend on the Lord Bishop of Calcutta on His Lordship resuming his tour of Visitation.

SUMACHAR DURPUN.

SATURDAY, JULY 29TH, 1837.

Latest Intelligence from Europe.

The Mails of the 1st of May reached Calcutta on Thursday last, by which opportunity intelligence nearly a month later that our last news has arrived.

The King of England was well in health, but the Queen had been suffering from some complaint, the nature of which is not accurately explained in the papers.

The commercial intelligence received by this opportunity is not cheerful. Great pecuniary difficulties were experienced in England, and several firms of great respectablity had failed. But the disasters in America were beyond all precedent. In the short space of ten days ninety firms had failed in New York for the sum of twelve crores of Rupees. The failures in America, of course, had a pernicious effect on business in England; all articles of produce had fallen in price. Indigo at the April sale fetched a shilling a pound less than at the previous sale; and in short we see no tokens as yet of improvement.

The fall in the price of Indigo had been so considerable, that one letter estimates the losses on the Indigo shipments of the last season, to average fully 50 Rupees a maund.

Mrs. Hastings, the widow of the celebrated Warren Hastings, formerly Governor General of India, is just dead. She left India with her husband fifty three years ago.

It is said that the application to the Court of Directors for a charter for the Bank of Bombay has failed. The Court have peremptorily refused to listen to such a proposal. The Board of Control have also fully concurred with the Directors in this matter.

Our readers may remember that Mr. Mitford, of the Civil Service, who died lately, left a large portion of his fortune

আদালতে বিচার হইতেছে যেহেতুক তাঁহার উত্তরাধিকারিরা কোন শৌর্য্যকার্য্য না করিয়া ঐ টাকা দিতে চাহেন না।

ভূমধ্যস্থ সমুদ্রে যে ফ্রান্সীয় জাহাজ যাতায়াত করিবে তাহা এইক্ষণে প্রস্তুত হইয়াছে। ঐ জাহাজ মার্সেল নগরহইতে মাসের মধ্যে তিন খেপ গমনাগমন করিবে।

সর জন পিটর গ্রাণ্ট।

শ্রীযুত সর জন পিটর গ্রাণ্ট সাহেব ও শ্রীমতী লেডি গ্রাণ্ট আবরক্রম্বি রাবর্টসন জাহাজআরোহণে চীন দেশে যাত্রা করিয়াছেন।

ডাকবিষয়ক নূতন আইন।

ডাকবিষয়ক নূতন আইন এইক্ষণে লেজিসলেটিব কৌন্সেলে জারী হইয়া ব্যবস্থার ন্যায় প্রকাশিত হইয়াছে। ঐ আইনের যে পাণ্ডুলেখ্য প্রথমে প্রকাশ হইয়াছিল তাহার সঙ্গে এইক্ষণকার প্রকাশিত আইনের কিছু বৈলক্ষণ্য নাই তৎসময়ে ঐ পাণ্ডুলেখ্য আমরা অনুবাদ করিয়া দর্পণে অর্পণ করিয়াছি। ঐ নূতন আইন ১ অক্তোবর তারিখঅবধি চলন হইবে। ঐ তারিখের পূর্ব্বে তাহা জারীকরা অসাধ্য যেহেতুক এইক্ষণে এক স্থানহইতে অন্যস্থান যত দূর নির্ণয় করা গিয়াছে এবং মাসুলের যে হার নির্দ্দিষ্ট হইয়াছে তাহার বিবরণ ভারতবর্ষস্থ প্রত্যেক ডাকঘরে প্রেরণ করিতে হইবে।

কোম্পানির দাদন।

গত ২৬ জুলাই তারিখে ফিনান্সিয়াল ডিপার্টমেণ্টে এই এস্তেলা দেওয়া গেল যে হাসিল ও নিমক ও আফীণ বোর্ডের সাহেবেরদের হুকুম হইয়াছে যে ইঙ্গলণ্ড দেশে যে দ্রব্য রপ্তানি হইবে তাহার উপর কোম্পানি বাহাদুর পূর্ব্বের ন্যায় টাকাপ্রতি ২ সিলিং ২ পেন্সের হিসাবে দাদন না দিয়া ২ সিলিং ১ পেন্সের হিসাবে দিবেন।

বাষ্পীয় জাহাজ।

ভাগীরথীনামক জাহাজ যমুনানামক বাষ্পীয় জাহাজ আকৃষ্ট হইয়া বর্ত্তমান মাসের ১৯ তারিখে আলাহাবাদহইতে প্রস্থিত হইয়া কলিকাতায় ২৬ তারিখে উপস্থিত হইল অতএব অত্যাশ্চর্য্য শীঘ্র সপ্তাহের মধ্যে পঁহুছিল।

আফীণ।

শুনা গেল যে মহাজনেরা আফীণের বাণিজ্যেতে লিপ্ত আছেন তাঁহারা বর্ত্তমান বৎসরের ভারাক্রান্ত আফীণ বিক্রয়হইতে মুক্তহওনার্থ কিয়ৎকালাবধি গবর্ণমেণ্টে দরখাস্ত করিতে নিশ্চয় করিয়াছেন। দরখাস্তের মর্ম্ম এই যে গত সপ্তাহে কোহেন সওদাগরকে গবর্ণমেণ্ট তাঁহার ক্রীত আফীণের ভারহইতে মুক্ত করিলেন তাহাতে সিন্দুক প্রতি তাঁহার ২০০ টাকা করিয়া ক্ষতি হইত তাহা হইল না। মহাজনেরদের প্রার্থনা এই যে আফীণের মূল্য ন্যূন করা যায় এবং যে সিন্দুক তাঁহারা রপ্তানী করিয়াছেন অথবা পূর্ব্বে যাহার মূল্য দিয়াছেন তাহার কিঞ্চিৎ টাকা ফিরে পান অর্থাৎ প্রথম তিন নীলামে ফি লাটে যে মূল্য হইয়াছিল এবং জুন মাসের নীলামে যে মূল্য হয় ইহাতে যে ন্যূনাধিক তাহা ফিরিয়া পান তাঁহারা এই বিবেচনা করেন এক জন বাকিদারের প্রতি গবর্ণমেণ্ট যে অনুগ্রহ করিয়াছেন এইক্ষণে যাঁহারা অনেক ক্ষতি করিয়া আপনারদের করার পূর্ণ করিয়াছেন তাঁহারদের প্রতিও তদনুরূপ অনুগ্রহ করা উচিত। এবং যে আফীণ রপ্ত হইয়াছে ও যাহা গুদামে জমা আছে এই উভয়ের উপরে তাঁ

to the city of Dacca. We now learn that this will is undergoing examination in the Courts in England, as his relatives do not intend to give up the money without a strugle.

The French steamers for the Mediterranean are now ready. They will start three times in the month from Marseilles.

Sir John Peter Grant.

Sir John and Lady Grant embark in the Abercrombie Robertson for China.

The new Post Office Act.

The new Post Office Act has just passed the Legislative Council and become law. We cannot perceive that any alteration has been made from the draft which was originally promulgated by the Council, and of which at the time a translation was published in the Durpun. The new Act is to come into effect on the 1st of October next, as it has been found impossible to bring it into use before that period, because of the necessity of sending the scale of distances and charges to all the Post Offices throughout India.

Company's Advances.

By a notification in the Financial Department of the 26th July, the Board of Customs, Salt and Opium, are authorized to make advances for Government on goods shipped to England at the rate of 2s. and 1 Penny instead of 2 Shillings and 2 pence on the Rupee.

The Steamers.

The *Bhageerutty* in tow of the *Jumna* Steamer left Allahabad on the 19th of the month, and reached Calcutta on the 26th, making the journey in the amazingly short period of 7 days.

Opium Trade.

We hear that the Merchants and others engaged in the Opium trade are about to apply to Government for some relief from their onerous purchases of this year. Grounding their application upon the indulgence accorded last week to Mr. Cohen, who was let off altogether by the cancelment of his purchases, and thereby relieved from a loss of at least 200 Rupees per chest. They solicit a reduction in price, and a corresponding refund on the chests that have been exported or paid for in full, to the extent of the difference between the prices of the lots at the three first sales, and the average prices of the June sale. They conceive that those who have faithfully performed their engagements, and this in some cases at great inconvenience, are entitled to quite as much consideration as a defaulter; and that they also have a good plea for

হারা কিঞ্চিৎ টাকা ফিরে পাওনার্থ তুল্য রূপ দাওয়া করিতে পারেন যেহেতুক চীন দেশের বাজারে যে সকল আফীণ প্রেরিত হইয়াছিল তাহাতে অত্যন্ত ক্ষতি হইয়াছে এই বৎসরে যে মূল্য বলে সেও বলা মাত্র ফলে সেখানে প্রায় কিছুই বিক্রয় হয় না এমত কহা যাইতে পারে যেহেতুক চীন দেশ হইতে যে শেষ সম্বাদ আগত হয় তদ্দ্বারা অবগম হইল যে এই বৎসরে যে যৎকিঞ্চিৎ আফীণ কলিকাতাহইতে চীনে প্রেরিত হয় তন্মধ্যে অত্যল্প সিন্দুক বিক্রয় হইয়াছে যদ্যপি গবর্ণমেণ্ট এই বিষয়ে স্বীকৃত হন তবে ১১০০০ সিন্দুকের উপর তাঁহারদের প্রায় ২২ লক্ষ টাকা ছাড়িয়া দিতে হইবে।

পয়সা।

বাজারে ১ টাকার পয়সাতে এইক্ষণে ৬ পয়সাপর্য্যন্ত যাইতেছে। পোদ্দারেরা টাকাতে ঘসা পয়সা ১৬ গণ্ডা করিয়া দিতে চাহে কিন্তু সেই পয়সা কোন কর্ম্মের নহে। কল্য আমারদের এক জন বেহারাকে ।০ আনার পয়সা দিতে হইয়াছিল তাহাতে ঐ প্রকার ঘসা পয়সা দেওয়াতে সে কহিল যে ঘসা পয়সা কেহই লইবে না এই ৮ গণ্ডা পয়সা এবং ৮ গণ্ডা নুড়ি তুল্য মূল্যই। কিন্তু যখন তাহার সঙ্গে অনেক বচসা করা গেল তখন কহিল যে বরং নূতন পয়সার অর্দ্ধেক আমাকে দেউন।

গবর্ণমেণ্টের নিযুক্ত পোদ্দারেরা নিতান্ত অকর্ম্মণ্য বাজারের পোদ্দারেরা যে প্রকার পয়সা দিতে চাহে তাহারাও তদ্রূপ পয়সা ও সেই দরে দিতে চাহে অতএব ঐ বেটারদের নিমিত্ত গবর্ণমেণ্ট মাসে যে ৩০০ টাকা ঘরভাড়া দিতেছেন সে কেবল জলে ফেলা হইতেছে।

সুপ্রিম কোর্টের মিছিল।

সুপ্রিম কোর্টে গত শুক্রবারে বেলা দুই প্রহর দুই ঘণ্টাসময়ে মিছিল আরম্ভ হইল। শ্রীযুত সর বেঞ্জিমেন মালকিন সাহেব তৎকার্য্য নির্ব্বাহ করিবেন। ঐ কোর্টে ১৪ মোকদ্দমা আছে হত্যাবিষয়ে ২ ভারি চুরীবিষয়ে ৩ এবং সামান্য চুরী বিষয়ে ৯। খুন বিষয়ে দুই মোকদ্দমার বিবরণ এই। প্রথমতঃ শিবচরণ ও হরিশ্চন্দ্র মিত্র চড়ক ডাঙ্গাতে রাধা বিবিকে খুন করে দ্বিতীয়তঃ পীরবক্স মাছুয়াবাজারে অজগর সিংহকে হত করে।

চব্বিশ পরগনার খুন।

রূপিণীনামক এক স্ত্রীর স্বামী এবং তন্মাতা সোরাং বেওয়া নীচে লিখিতব্য অভিযোগে শালিকার দারোগার নিকটে প্রেরিত হইল ঐ রূপিণী যে গ্রামে বাস করিত তথাহইতে অকস্মাৎ অদৃশ্যা হইল তাহার অদৃশ্য হওয়ার বিষয় কিছুকাল পর্য্যন্ত গোপনে ছিল পরিশেষে তদ্বিষয়ে উক্ত দারোগার নিকটে সম্বাদ পঁহুছিল যে ঐ স্ত্রীকে তাহার স্বামী ও শাশুড়ী খুন করিয়াছে এবং তাহার শব স্বামির ঘরের মধ্যে পোঁতা আছে। তাহাতে দারোগা তৎক্ষণাৎ লোক জন সঙ্গে করিয়া ঐ গ্রামে গেলেন কিন্তু ঐ ব্যক্তির ঘর অনুসন্ধান করিয়া কিছু পাইলেন না অনুসন্ধানসময়ে ঐ স্বামী ঘরের এক কোণের দিগে বসিয়াছিল তাহাতে দারোগা তাহাকে কহিলেন যে তুমিও ইঁহারদের সঙ্গে অনুসন্ধান কর সে কহিল আমি পীড়িত আছি কিন্তু তাহাকে দাঁড় করাণ গিয়া দেখা গেল যে ঐ স্থানের মৃত্তিকা কিঞ্চিৎ

asking for the same reduction on the Opium shipped, as on what remains in the godowns, because the China market has been not only a losing one in the nominal prices current there since the beginning of the season, but in fact there has been almost no sale at all, for but very few chests of the Opium gone on this year from Calcutta to China, had been disposed of up to the date of the last accounts. If this boon be granted, it will affect about 11,000 chests, the abatement upon which will amount to about twenty two lakhs of Rupees.

Copper Currency.

The battah for the exchange of a rupee now is six pice in the bazar. The Podars offer you the full sum of the defaced pice, but they are perfectly worthless. The Hurkaru says: we had occasion to pay a bearer yesterday 8 annas; on tendering the amount he refused to take it, alleging that no one would accept it, and that so many pieces of stone would be as valuable. On our insisting, be begged that we would give him in lieu half the amount in new pice.

The Government Podars are perfectly useless, as they tender you the same pice as the bazar Podars, and at the same rate.

Government are, therefore, only throwing away a matter of three hundred rupees a month for rent for those people.

Sessions of the Supreme Court.

The third Sessions of the Supreme Court opened on Thursday morning at 12 o'clock, Sir Benjamin Malkin taking charge of the Session. There were fourteen cases for trial, viz. 2 for murders, 3 for burglaries, and 9 for larceny. The two cases of murder, are 1st, that of Sheeb Churn and Hurrischunder Mittre, for the murder of Radha Bebee at Churruck Danga, and 2ndly, that of Peerbux, for the murder of Ojagur Sing, at Machooa Bazar.

Murder in the 24-Purgunnahs.

The husband of a woman named Roopnee, and his mother Shora Bewa, were sent up by the Sulkeeah Daroga under the following circumstances: Roopnee suddenly disappeared from the village in which she resided, and her absence remained a mystery until a certain time; when the Darogah received intimation of her having been murdered by her husband and mother-in-law, and that her body was buried in the husband's house. The Darogah, accompanied by some peons, went to the village, and on searching the man's house found nothing; but the husband during the search continued seated in a corner, and on the Darogah requesting his assistance refused it, saying he was ill. He was made to stand, and the earth under him showed a suspicious appearance. The place was immediately dug up, and at some depth the body of Roopnee was

আলগা আছে পরে সেই স্থান খনন করিয়া ঐ পচা শব পাওয়া গেল এবং শবে আঘাতের চিহ্ন দৃষ্ট হইল। অনন্তর পুনর্ব্বার সন্ধান করাতে ঐ বেওয়ার ঘরের মধ্যে একটা বাক্সেতে ঐ স্ত্রীর কিছু গহনা পাওয়া গেল। ঐ স্বামী ও শাশুড়ী কহিল যে আমরা ইহার কিছুই জানি না কিন্তু এইক্ষণে অত্যন্ত সন্দেহ হইয়া সেসন জজের নিকটে তাহারা বিচারিত হওনার্থ কয়েদ আছে।

কলিকাতায় খুন।

গত সপ্তাহের শেষে একটা খুনী মোকদ্দমা কলিকাতার মাজিস্ত্রেট সাহেবের নিকটে উত্থাপিত হইল। নরগিস নামে এক স্ত্রী আফ্রিকা দেশজাত ইস্মাইলনামক এক ব্যক্তির সঙ্গে উপপত্নীর ন্যায় থাকিত। কিন্তু ঐ ব্যক্তি তাহার ভরণ পোষণের কিঞ্চিৎ ক্রুটি করাতে ঐ স্ত্রী তদ্দেশজাত নবীননামক অপর এক নবীন ব্যক্তির সঙ্গে মিলিল। গত সপ্তাহে ঐ ইসমাইল নবীনের ঘরে গিয়া ঐ স্ত্রীকে দেখাতে অত্যন্ত রাগোন্মাদে নবীনকে এবং ঐ স্ত্রীকে আঘাত করিয়া পরে আপনার শরীরেও ছুরী মারিল। এই সম্বাদ পোলীসে পঁহুছিলে ঐ তিন ব্যক্তি হাসপাতালে নীত হইল। তাহারদের মধ্যে দুই জন অর্থাৎ নবীন ও স্ত্রী কিঞ্চিৎ পরে মরিল হন্তা ইস্মাইলের জীবনের বিষয়ে প্রথমে সংশয় ছিল কিন্তু পরে স্বস্থ হইয়াছে এইক্ষণে সুতরাং আগামি মিছিলে তাহার অপরাধের বিচার হইবে।

খুনি মোকদ্দমার জামিন।

এই সপ্তাহের মধ্যে সুপ্রিম কোর্টে অতি গুরুতরবিষয়ক এক প্রশ্ন উত্থাপিত হইয়া নিষ্পত্তি হইল বিশেষতঃ অভিমানী এক মোগলানী সুপ্রিম কোর্টের অধস্থ আদালত অর্থাৎ করনর সাহেবের আদালতে খুনের অভিযোগে দোষীকৃতা হইয়াও জামিন দিয়া খালাস হইলেন। হরকরা সম্বাদ পত্রে লেখেন যে শ্রীযুত চীফ জুষ্টীস সাহেব এই বিষয়ে যে নিষ্পত্তি করিয়াছেন তাহাতে আমারদের সম্মতি আছে। আসামীর প্রতিকূল জোবানবন্দীতে শ্রীযুত চীফ জুষ্টিস সাহেব যে বিচার করেন তাহাতে নিতান্ত নির্ভর করিতে হয় এবং ভারতবর্ষে ফৌজদারী মোকদ্দমা বিষয়ে পার্লিমেণ্টের যে ব্যবস্থা আছে তদ্দ্বারা শ্রীযুত জজ সাহেবেরদের প্রতি এমত ক্ষমতা দেওয়া গিয়াছে যে তাঁহারা পাত্র বিবেচনানুসারে জামিন লইতে পারেন।

হুগলি জিলায় ডাকাইতী।

পরগনা ভুরসুটের বাণপুর গ্রামে সংপ্রতি ভদুনামক এক ব্যক্তির ভদ্রাসন বাটীতে ডাকাইতী হইয়াছে। বিশেষতঃ এক দল ৫০।৬০ জন দস্যু নিশীথে গৃহে প্রবেশপূর্ব্বক দুই ব্যক্তিকে খুন এক ব্যক্তিকে আঘাতী করিয়া অনেক সম্পত্তি লইয়া গিয়াছে।

হুগলি জিলা।

সংপ্রতি হুগলি জিলাতে রামজীবনদাস নামক এক ব্যক্তি মাজিস্ত্রেট সাহেবের আদালতে গোলোকচন্দ্র ভট্টাচার্য্য ও জহরুদ্দীন চৌধুরীর নামে এই নালিস করিল যে তাহারা বেআইনীমতে অনেক লোক লইয়া আমার ঘর ঘেরিল এবং ঘরের দ্বার রুদ্ধ করিয়া আমাকে বন্দ করিয়া রাখিল এবং জানানা লোকের উপর অত্যাচার

found, though decomposed, but with several marks of violence. The search was resumed, and the pearls of Roopnee were found concealed in Shora Bewa's box. The husband and mother denied the charge in toto, but suspicion was strong against them, and they were accordingly committed to take their trial at the ensuing Sessions.

Murder in Calcutta.

At the close of last week a case of murder was brought forward before the Magistrate of the Police. A woman named Nurgis had been living with an African of the name of Ismael, but as he had neglected her support, she attached herself to a man of the name of Lobin, also an African. Last week Ismael went to the house of Nobin, and seeing the woman there, became enraged, and inflicted sundry wounds both upon Lobin and upon the woman, after which he proceeded to stab himself. The information having been given to the Police, all the three wounded persons were taken to the Hospital. Two of them, namely, Nobin and the woman have since died; but Ismael, the murderer, although little hope was at first entertained of his life, has since, we hear, recovered, and will, of course, be brought to trial at the next Sessions.

Bail in case of Murder.

A question of considerable importance was determined in the Supreme Court the day before yesterday, in which a Mahommedan woman of rank and respectability was admitted to bail, although she had been found guilty of murder, by a Court inferior only to that Court under whose authority she was bailed. We approve of the course pursued by the Chief Justice; we have great dependance on his judgment regarding the case made against the prisoner by the depositions, and the Indian Criminal Act confers on the Judges of the Supreme Court, the power of exercising their discretion of bailing or refusing bail in every case.

Dacoity in Hooghly Zillah.

A dacoity has lately been perpetrated at the dwelling house of a man of the name of Bhudder, in Rampore, in the Pergunnah of Bhoorsoot. The ruffians, about fifty or sixty in number, entered the house about midnight, and putting two of the inmates to death, and wounding a third, carried off property to a considerable amount.—*Poornoochunder.*

Zillah Hooghly.

Ramjeebun Doss complained in the Magistrates Court against Golokchunder Bhuttacharjy and Zaherooddin Choudry, for having surrounded his house illegally with a tumultuous mob, and having confined him within his house by, shutting the door upon him, and violating his Zenanah and injuring his cast. The Magistrate after taking the

করিয়া আমার জাতি নষ্টও করিয়াছে। মাজিস্ত্রেট সাহেব সাক্ষিরদের জোবানবন্দী লইয়া আসামীরদিগকে বিনা শৃঙ্খল ও পরিশ্রমে দুই মাস কয়েদ ৫০ টাকার গুনাহগারীর হুকুম দিলেন। এবং গুনাহগারীর টাকা না দিলে আর দুই মাস কয়েদ থাকিতে হইবে। তাহাতে আসামীরা হুগলির সেসন জজের আদালতে আপীল করাতে তিনি মাজিস্ত্রেট সাহেবের নিষ্পত্তি অন্যথা করিয়া তাহারদিগকে অদণ্ড্য করিলেন। তাহাতে ফরিয়াদী নিজামত আদালতে আপীল করাতে গত ২৪ জুন তারিখে শ্রীযুত স্মিথ সাহেব ঐ মোকদ্দমার তজবীজকরত তাহার তাবৎ কাগজপত্র পাঠ করিয়া সেসন জজ সাহেবের নিষ্পত্তি উল্টাইয়া মাজিস্ত্রেট সাহেবের ফয়সলাই মঞ্জুর রাখিলেন।

—

নূতন সম্বাদপত্র।

শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে এতদ্দেশীয় ব্রজনাথ মৈত্রনামক ধনাঢ্য এক মহাশয় বৃত্তান্ত সৌদামিনীনামক বঙ্গভাষার এক সম্বাদপত্র প্রকাশার্থ স্থির করিয়াছেন এইক্ষণে তাহার অনুষ্ঠানবিবরণ সর্ব্বত্র প্রেরণ হইতেছে।

—

আগ্রার বেঙ্ক।

ঐ বেঙ্কের নোট চলনকরণ বিষয়ে গবর্ণমেণ্টের নিকটে যে প্রস্তাব করা গিয়াছে তাহার প্রতিপোষকতাকরণার্থ আগ্রা বেঙ্কের অধ্যক্ষ শ্রীযুত গার্ডন সাহেব কলিকাতায় আগমন করিতেছেন। শুনা গেল যে এমত সাধারণ নিয়মকরণবিষয়ে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবও বিমুখ নহেন. এবং এইক্ষণে দেশে যেরূপ টাকার কাগজ অর্থাৎ নোট চলন হইতেছে তদপেক্ষা অধিক টাকার নোট চলন বিষয় উচিত বোধ করেন অতএব শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেবের পরামর্শের সঙ্গে কিঞ্চিৎ বৈপরীত্য আছে।

—

যোধপুর।

যোধপুর অঞ্চলে সংপ্রতি যে রোগোপস্থিত হইয়াছে তাহা বিজ্ঞ হকিম চিকিৎসকেরা প্রকৃত মারক বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন ঐ রোগে সাধারণের অনুমানে প্রায় বিংশতি সহস্র প্রজা অন্ততঃ ষোল হাজারের ন্যূন নহে মারা পড়িয়াছে। ঐ মারক এইক্ষণে প্রায় অদৃশ্য হইয়াছে মারওয়ারে আর দেখা যায় না।

—

বরেলি।

বরেলি শহরবাসি প্রধান হিন্দু বসুমন্ত রায়কে সংপ্রতি খুনকরণের উদ্যোগ হইয়াছিল। বিশেষতঃ মোসলমানেরা তাঁহাকে নষ্ট করিতে উদ্যত হইয়াছিল তিনি রীতিমত অনেক অনুচর সমভিব্যাহারে হস্ত্যারোহণে নগরের মধ্যদিয়া যাইতেছিলেন ইতিমধ্যে এক জন জবন তাঁহাকে গুলি করিল তাহাতে দৈবাৎ তিনি রক্ষা পাইলেন কিন্তু পশ্চাদ্গামি যে চাকর ছিল তাহার প্রতি ঐ আঘাত লাগিল। পরে অন্যান্য সহচরেরা ঐ দস্যুকে ধরিবার উদ্যোগ করাতে তাহারদের এক ব্যক্তিকে খুন করিল অন্য এক ব্যক্তিকে আঘাতী করিল। যখন দস্যুর দুই বাহু তলওয়ারের দ্বারা কাটা গেল তখন ধরা পড়িল। ইত্যবস্থায় পোলীস সংক্রান্ত লোকের পঁহুছনপর্য্যন্ত তাহাকে বস্ত্রের দ্বারা ঢাকিয়া রাখা গেল। তাঁহারা উপস্থিত হইলেই বস্ত্র তুলিয়া দেখা গেল যে ঐ ব্যক্তি রক্তস্রাবেতেই মরিয়াছে।

—

মারক।

মারওয়ারের সর্ব্বত্রই এইক্ষণে মারক রহিত হইয়াছে। আজমীর প্রদেশেও বৃষ্টি হয় না। মেবারের স্থানেং লঘু পীড়িত কোনং ব্যক্তিকে দেখা যায় কিন্তু ঐ স্থানে সংপ্রতি রোগের যেমন হ্রাস হইতেছে তেমন যদি কমিয়া যায় তবে অল্পকালের মধ্যেই অদৃশ্য হইবে এবং ঐ প্রদেশ বিলক্ষণ স্বস্থ বোধ করা যাইবে।

আগ্রাহইতে আগত পত্রে এমত সম্বাদ লেখে যে সম্প্রতিকার অত্যন্ত গ্রীষ্ম ও বর্ষার অভিলাষব হওয়াই মারক উচ্ছিন্ন হওয়ার এক প্রধান কারণ। ইহার পরে দৃষ্ট হইবে যে বর্ষারম্ভ হইলে পুনর্ব্বার ঐ অনপেক্ষিত মারক কোন স্থানে উদিত হয় কি না এবং এই বিষয় নিশ্চয় না হওয়াপর্য্যন্ত তদ্বিষয়ে সাবধানতারাহিত্য উচিত নহে। এই মাসের ৬ তারিখ অপরাহ্নে কিঞ্চিৎ বৃষ্টি হইয়াছিল এপর্য্যন্তও বর্ষা ঋতুর লক্ষণ দেখা যায় নাই অতএব আগামি পূর্ণিমার পূর্ব্বে এই বিষয়ের কিছু নিশ্চয় হইতে পারে না যদ্যপি ঐ পূর্ণিমাতে বর্ষা উপস্থিত হয় তবে আগষ্ট মাসের শেষপর্য্যন্ত মারকের আক্রমণাদি নির্ণীত হইবে। তৎসময়ে হয়তো আরো শক্তাশক্তিরূপে সাবধান হইতে হইবে নতুবা কেবল একটা রোগ পূর্ব্বে ছিল এমত প্রবাদ থাকিবে এবং লোক যাতায়াতনিবারক চৌকি শ্রেণীও উঠান যাইবে।

—

শিহোরে যুদ্ধ।

বর্ত্তমান মাসের ৪ তারিখের এক পত্রে লেখে যে ১০ দিবস হইল এখানকার বেগম ও নওয়াবের সঙ্গে একটা যুদ্ধ হয়। ঐ যুদ্ধ অতিঘোরতররূপই হইয়াছে কিন্তু কামান ও উত্তম অশ্বারূঢ়ের দ্বারা বেগম নওয়াবহইতে প্রবলা হইলেন নওয়াবের তোপ ও অশ্বারোহি কিছুই ছিল না। উভয় পক্ষে ন্যূনাধিক ২০০ জন হত ও আঘাতী হয়। তদ্বিবরণ বেগমের সৈন্যেরা লুঠকরণার্থ শহরতলিতে গিয়াছিল তাহাতে নওয়াব হঠাৎ তাহারদের উপর পড়াতে কএক জন খুন হয় অবশিষ্ট নওয়াবের সৈন্যকর্ত্তৃক আপনারদের শিবিরহইতে অর্দ্ধ ক্রোশপর্য্যন্ত তাড়িত হইল। আসলার কিল্লাতে নওয়াবের দুই হাজার সৈন্য আছে এবং বেগমেরও তত্তুল্য সৈন্যেরা ঐ কিল্লা বেষ্টন করিতেছে। নওয়াবের হঠাৎ আক্রমণেতে বেগমের সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট গোলন্দাজ কএক জন ফিরিঙ্গী হত হয় তৎপ্রযুক্ত তাঁহার গোলাগুলিসকল অকর্ম্মণ্য হইয়াছে। ইতিমধ্যে বর্ষারম্ভ হইলে বেগমের সৈন্যেরদের হয়তো বোপালে ফিরিয়া যাইতে হইবে নতুবা যে পঙ্কিল ভূমিতে এইক্ষণে ছাউনি করিতেছে সেই স্থানে মগ্ন হইতে হইবে। কিন্তু কি জানি তাহারা যদি হতাশ হইয়া বাহিরে সিঁড়ি ফেলিয়া কিল্লায় উঠিতে উদ্যোগ করে।

—

ব্রহ্মদেশ।

মান্দ্রাজের সম্বাদপত্রদ্বারা অবগত হওয়া গেল যে কলিকাতার গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে মান্দ্রাজের গবর্ণমেণ্ট কামান ও যুদ্ধসরঞ্জামে তিনখান জাহাজ পূর্ণ করিয়া অবিলম্বে মৌলমীনে প্রেরণ করিতে হুকুম দিবেন। আরো হুকুম হইয়াছে যে ঐ জাহাজের দ্বারা অন্যান্য আবশ্যক দ্রব্য এবং তোপ বহনার্থ বলদ ও ছয় মাসের উপযুক্ত আহারীয় দ্রব্য বিশেষতঃ বিস্কুট ও ময়দা অর্থাৎ যাহাতে সৈন্যেরা শীঘ্র যুদ্ধার্থ প্রস্তুত হইতে পারে তাহা পাঠাইবেন। বোধ হয় গবর্ণমেণ্টের এইরূপ শীঘ্র কার্য্যকরণের কারণ এই যে ব্রহ্মদেশীয় তাবদ্বিষয়ের অবস্থা এমত বিশৃঙ্খল আছে যে হঠাৎ কোন উৎপাত ঘটিলেও ঘটিতে পারে।

---

depositions of the witnesses, sentenced the defendants to two months' imprisonment without irons or labour, and to pay a fine of 50 Rs. each, and in default of paying the fine, to be sentenced to 2 months' more confinement. The defendants appealed the cause to the Session Judge of the Hooghly Court, who reversed the award of the Magistrate, and remitted the fine. The complainant then carried the case by appeal to the Nizamut Adawlut, where it was heard on the 24th June last, by Mr. D. C. Smith, who, after perusing all the documents, reversed the decree of the Sessions Judge, and confirmed the award of the Magistrate.

—

New Journal.

We are glad to say that an opulent learned native gentleman, named Brujunath Moitry, has made a resolution to establish a Native newpaper which shall go by the designation of Birtant Soudaminy. The prospectus is already in circulation.

—

Agra Bank.

Mr. Gordon of the Bank is about to proceed to Calcutta, to push the proposal submitted to Government, to sanction the issue of Bank Notes by that institution. The views of Lord Auckland are, we learn, favourable as regards the general principle of granting to the country a more extensive paper currency than it at present enjoys, and are somewhat opposed to those entertained by Sir C. Metcalfe.—*Agra Ukhbar.*

—

Joudpoor.

The epidemic in this town, pronounced by the most intelligent Hukeems to be the Plague, has, it is computed, caused the death of as many as 20,000 people, and certainly not less than 16,000. It has now almost totally disappeared, and is entirely extinct in Marwar.

—

Bareilly.

An attempt to assassinate the principal Hindoo inhabitant of this city, Buswunt Roy, has just been made. This intended victim of Moosulman fanaticism was proceeding on his Elephant, with his usual number of attendants through one of the streets of the town, when he was shot at by a Moosulmam zealot, with a blunderbuss. He fortunately escaped, but the servant behind him was wounded. His attendants immediately proceeded to seize the ruffian, who killed one and wounded another; and it was not until his hands were severed from his arms by sword blows, that he was overmastered. In this state a sheet was thrown over him until the Police arrived, and when they came and the sheet was removed, it was found that the unfortunate wretch had bled to death.

—

The Plague.

The whole of Marwar is free of the Pest. The district of Ajmere is also quite free of it. In some isolated places in Mewar, a few cases of a mild nature still occur; but if the disease continues to subside there, as rapidly as it has lately been doing, it must soon become extinct, and that Province will also be reported healthy.

The late very hot weather, and the keeping off of the rains, are very favourable to the extinction of the Plague, and it only remains to see, whether the Pest may not break out again from some almost unnoticed stop, after the setting in of the rains. Till this be ascertained, any cessation of precautions will not be thought of. A smart shower fell on the evening of the 6th instant, but there is no appearance of the regular rains, and we cannot expect a change of weather before the next full moon. Should the season then change, the "to be or not to be," of the Plague, will probably be decided by the end of August; it will then either require a continuance of the most energetic measures, or will be talked of only, as a thing that *has* been, and the cordons will be broken up.—*Dr. Irvine.*

—

War in Sehore.

A letter received from Sehore, dated the 4th instant, contains the following: The Nuwab and the Begum encountered each other about ten days ago; the conflict was smartly contested, but the Begum's guns and well mounted cavalry gave her an advantage over the Nuwab, who has no guns nor cavalry. About two hundred men were killed and wounded on either side. The Nowab made a sally on the Begum's troops, which had got into a suburb to plunder; a few were killed, and the rest were driven back a mile beyond their trenches by the Nuwab's men. The Nuwab has about 2000 men in the fort of Ashla, and the Begum a like number besieging it: her best gunners (who are Portuguese men) were killed in the sally; the fire of the guns is now, therefore, wholly ineffective. In the mean time the rains will be falling, and must drive the Begum's troops back to Phopal, or drown them in the muddy fields they now occupy, unless despair drive them to an escalade.

—

Burma.

We learn from Madras that in consequence of a communication from the Supreme Court, the Madras Government have ordered three vessels to proceed with guns and military stores to Moulmein immediately. Orders have also been issued to send by the same opportunity whatever stores may be required, and cattle for the artillery, and salt provisions, biscuit and flour equal to six months consumption, to enable the force to take the field immediately, if necessary. This promptitude on the part of Government appears to arise from the present aspect of affairs in the Burmese dominions, which may possibly lead to some disturbance.

দিল্লী।

দিল্লীর চিকিৎসক শ্রীযুত ডাক্তর মাকিন্টস সাহেব সংপ্রতি দিল্লীহইতে ডাকের দ্বারা গোড়গাঁওতে গমন করিতেছিলেন পথিমধ্যে এক দল দস্যু তাঁহার পালকি হইতে যথাসর্ব্বস্ব লুঠ করিয়া পর্ব্বতে প্রস্থান করিয়াছে।

হিন্দুবিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

গত ২২ তারিখে বর্ত্তমান মাসে শ্রীল শ্রীযুক্ত লার্ড জর্জ আকলণ্ড বাহাদুর হিন্দুবিনিবোলেণ্ট পাঠশালা সদ্বিদ্যা প্রকাশকরূপে কৃপাদৃষ্টিপূর্ব্বক স্বীয়ামাত্য শ্রীযুক্ত কাপ্তান জে বায়রণ সাহেব শ্রীলশ্রীযুতের আজ্ঞাক্রমে স্কুলের দর্শক শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর যোগে তদুন্নতি কারণ ২৫০ তঙ্কা প্রদান করিয়াছেন।

শ্রীকৃষ্ণহরি বসোঃ প্রধান সম্পাদকস্য।
২৫ জুলাই ইং সন ১৮৩৭ সাল।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

আমরা হুগলি জিলার জলাভাবের বিষয়ে কোন আত্মীয় লোকের মুখে সম্বাদ শুনিয়া অত্যন্ত খেদিত হইলাম তিনি কহিলেন গত বৃহস্পতিবারপর্য্যন্তও মাঠের মধ্যে চাসোপযুক্ত জল হয় নাই এবং ইহার পরেও যদি দৈব ব্যাঘাত না হইয়া উত্তম শস্য জন্মে তথাচ সংপূর্ণ শস্যের চতুরংশের একাংশাধিক হইবেক না ঐ বন্ধু আরো কহিলেন তিনি শুনিয়াছেন মেদিনীপুরের অনেক স্থলেও এইরূপ জলকষ্ট হইয়াছে।

পত্রপ্রেরকহইতে।

শ্রীক্ষেত্রহইতে যে সকল লোক আসিয়াছেন তাঁহারদিগের স্থানে অতিবিলাপের সম্বাদ শ্রবণ করিলাম তাঁহারা কহিলেন রাস্তার মধ্যে অন্নাদি আহার করিতে বসিলে কাঙ্গালিরা আসিয়া চতুর্দ্দিগে বেষ্টন করিয়া ঐ উচ্ছিষ্টান্নাদি প্রার্থনা করে এবং তাহাতে না দিলে কাড়িয়া নিয়া আপনারা কাড়াকাড়ি করিয়া খাইয়া ফেলে আর যে স্থানে অন্নের ফেন ফেলিয়া দেয় কেহ২ সেই স্থান চাটিয়া খায় ইহাতে কেহ জাতিভেদ করে না হিন্দুরদিগের ব্যবহারেতে যে সকল জাতির অন্নস্পর্শে যাহারা আপনাকে অপবিত্র জ্ঞান করে তাহারাও ঐ সকল জাতির উচ্ছিষ্টান্ন আহার করিতেছে ঐ দরিদ্রেরা জল পানের বিষয়ে আরো ঘৃণাত্যাগী হইয়াছে পানোপযুক্ত জল একেবারেই পায় না অতএব পথিক লোকেরা কুল্লি করিয়া ফেলিয়া দিতে তৎক্ষণাৎ দুই হাত পাতিয়া নিয়া খাইয়া ফেলে।

মনুষ্যের জীবন ধারণের প্রতি অন্ন জল দুই বস্তু প্রধান কারণ দক্ষিণ দেশে দুয়েরই অভাব হইয়াছে তবে সে দেশের লোকেরা কিরূপে প্রাণ ধারণ করিবে অনেক বার অনেক দেশে দুর্ভিক্ষ হইয়াছে বটে কিন্তু অন্ন জল দুই মিলে না এমন দুর্ভিক্ষের সম্বাদ বোধ হয় আমারদিগের কর্ণগোচর হয় নাই অতএব আমরা শ্রীযুত লার্ড আকলণ্ড সাহেবকে বলিতে পারি প্রজা লোকের এই দুর্দশা যাহা অন্যান্য গবর্নর্ সাহেবেরদিগের শাসন সময়ে হয় নাই তাঁহার আমলে সেই দুরবস্থা উপস্থিত হইল এইক্ষণে তিনি দক্ষিণদেশীয় প্রজাগণকে রক্ষা করুন যদি কহেন রাজ্যের যে রাজস্ব স্থিত আছে তাহাতে অন্যান্য খরচ পাইয়া এক ভারি দেশের প্রায় সকল প্রজার অন্ন বস্ত্র হইতে পারে না তাহার উত্তর এই যে নিস্কর ভূমির যে রাজস্ব পাইবেন তাহা স্থিত রাজস্বের মধ্যে নহে সেই টাকা যেন আরো দুই এক বৎসর পান নাই এই ভাবিয়া রাজভাণ্ডারহইতে টাকা দিলেও দিতে পারিবেন তবে এখন দক্ষিণদেশীয় প্রজার সৌভাগ্য আর তাঁহার হাতযশ আমরা আর অধিক কি কহিব।

শ্রীযুত বাবু কৃষ্ণকিশোর নেউগী।

৩ শ্রাবণ সোমবারে শ্রীযুত বাবু কৃষ্ণকিশোর নেউগীর ভার্য্যা নিরুদ্বেগে এক নবকুমার প্রসব করিয়াছেন।

বৃদ্ধ লোকেরদের নিকট এই সকল বিষয় শ্রবণকালীন আমার বাসস্থলের নিকট বোডালগ্রামের বাজারিয়া দলের বৃত্তান্ত সকল স্মরণ হইল ঐ গ্রামস্থ অনেক প্রাচীন লোকেরা আমার বাসার নিকট দিয়া গমনাগমন করেন এক দিবস প্রসঙ্গত আমি কহিলাম যে শুনিয়াছি আপনকারদিগের গ্রামেতে অনেক ভদ্র লোক বসতি করেন অতএব আমার অভিলাষ যদি মহাশয়রা ঐ গ্রামে কিঞ্চিৎস্থান ক্রয় করিয়া দেন তবে আপনকারদিগের নিকট বাড়ী করিয়া আশ্রিত হইয়া বসতি করি এই কথা শুনিয়া বৃদ্ধেরা উত্তর করিলেন বাপুহে পূর্ব্ব দেশহইতে দেশান্তরে আসিয়া বাণিজ্য দ্বারা কিঞ্চিৎ সঞ্চিত করিয়াছ কেন তাহা একেবারে বিসর্জন দিবা বোড়ালে বসতি করিয়া যে সুখ তাহা আমরা উত্তমরূপে জানিতেছি আমারদিগের গ্রামেতে বাজারিয়া এক দল আছে তাহারা দিনে দুই প্রহরেই সকল কর্ম্ম করে কিঞ্চিৎ অপরাধ পাইলে মানি লোকের মান রাখে না বাপুহে আমরা যে তোমাকে এইরূপ কহিলাম তুমি কাহার নিকট তাহা প্রকাশ করিওনা দস্যুরা একথা শুনিলে আমারদিগকে সাজা দিয়া গ্রামের বাহির করিয়া দিবে আমরা এমত বলিতে পারি না যে মাজিস্ত্রেট সাহেবের অসাবধানতাপ্রযুক্তই তাহারদিগের অত্যাচারের দণ্ড হয় না মাজিস্ত্রেটী কাছারীহইতে ঐ দস্যুদিগের আড্ডা ছয় মাইল ব্যবধান হইবে ইহাতে যদি মাজিস্ত্রেট সাহেব জানিয়া শুনিয়া দণ্ড না করেন তবে তাঁহার ধর্ম্ম নষ্ট হইবে কিন্তু আমারদিগের বোধ হয় তিনি জানিতে পারেন নাই এবিষয় বিশ্বাস হইলে অবশ্যই তাহারদিগের প্রতিফল দিবেন।

আমার বোধ হইয়েছে কএক মাস গত হইল পত্র প্রেরকেরা সমচার দর্পণে এবং জ্ঞানান্বেষণে ঐ দস্যুদিগের তাবদ্বৃত্তান্ত প্রকাশ করিয়াছিলেন কিন্তু এইক্ষণে তাঁহারদিগের আর কোন কথাই শুনিতে পাই না ইহাতে বোধ হয় ভাবিয়াছিলেন প্রকাশ হইবামাত্রেই গবর্ণমেণ্ট মনোযোগ করিবেন তাহা হয় নাই বলিয়া একেবারে মৌনাবলম্বন করিয়াছেন আমি জানি মাজিস্ত্রেট সাহেবের নিকট নালিস না করিলে এই সকল বিষয়ের আশু প্রতিকার হওয়া দুঃসাধ্য কিন্তু ছাপা যন্ত্রেতে প্রকাশ করিলেও কিঞ্চিৎ বিলম্বে প্রতিকার হয় তাহার প্রমাণ এই

Delhi.

Dr. McIntosh, the Civil Surgeon, while proceeding from Delhi to Goorgaong by dawk, was robbed by a gang of armed ruffians, who rifled his palankeen of every thing it contained, and then effected their escape to the hills.—*Beng. Herald.*

Hindoo Benevolent Institution.

On the 22d. Instant, the Right Honourable George Lord Auckland, G. C. B. Governor General of India, seeing that the Hindoo Benevolent Institution is extending its object of charity, has been graciously pleased to desire Captain Byrne, A. D. C. to bestow a generous gift of 250 Rupees on the Institution, through the medium of the Visitor Moha Raja Kalee Krishna Bahadoor.

Krisnahori Bose,
Gen. Supt.

Calcutta, 25th July, 1837.

Spirit of the Native Papers.

A friend, who recently came up, brought up the most distressing intelligence respecting the want of rains in the Hooghly district. Our informant states that prior to Thursday last, (the day when he set out for Calcutta,) husbandry was nearly at a stand in his native Zillah, owing to the absence of those large showers so essential to cultivation in this season of the year. That as regards the future, we are further informed, that should the present crop, by the concurrence of the most favourable circumstances, be fully realized, it will doubtless fall short of three fourths of the complete harvest. The same want of rains, we are given to understand, prevails over a great part of Zillah Midnapore.

From a Correspondent.

From the pilgrims lately come from Juggurnath, we have received the most distressing accounts. It is said that whenever people sat down by the road side to take their repast, numbers of beggars would flock around them, and implore with their cries for portions of it. Were this refused, they took it by force, and scramble among themselves for the plundered provision. In places where refuse of food may have been thrown, even there some would go, and lick up with their tongues whatever might be got. Not distinction of cast was observed, and those whose purities might have been tainted in so doing, were observed to accept with pleasure the refuse of a far inferior cast. The scarcity of water was equally great, and where people were seen squirting out water with their mouth, there were many hands raised to receive and drink it.

Both rice and water, the two articles which support the life of a Hindoo, are become scarce in the Dukhin. How can the people live? Scarcities of food have often taken place, but one like the present when water is even unobtainable, did not occur. And it may be observed that distress of a nature which was not observed before has had a footing during Lord Auckland's time. Well may the victims of such calamity look up to him for relief. Should it be stated that the revenue of a large province would hardly suffice for the purpose, then the increasing revenue arising from the Resumption Department may be appropriately pointed out, as applicable to the exigence. The Government would thereby have a miserable people, and after effecting such a noble purpose, need only think as if the revenue of resumption lands were received one year later.

On Monday, the 3d, Shrabun the wife of Baboo Kristokissore Nawughy was safely delivered of a son.

While these remarks engrossed my attention, the conversation I had with certain old respectable inhabitant of Burral, some time ago, when they came to bathe at a Ghaut close to my lodging, respecting the violence of a gang of robbers, called the Bazar Dul, in their village, came back to my recollection. One day happening to be in conversation with the said old villagers, I requested one of them to purchase me a piece of ground in Burral, where I had an inclination to settle with my family. He heard me with surprise, and observed, Child you have come from the Eastern countries, and by means of trade have acquired there a little competency, why is it that you entertain a wish of irrecoverably consigning it to the deep, and of reducing yourself to beggary? Well are we aware of the happiness of living at Burral. Confounded at this I asked what was the matter? And he said, there is a banditti at Burral denominated the Bazar Dul, who day and night perpetrate the most heinous of offences upon the inhabitants, heedless of every distinction. Beware, child, that you keep this a strict secret, for should it come to the knowledge of the desperate gang, we know not to what outrages we might be exposed; we might be most grossly insulted, and after being cruelly beaten and robbed, expelled from our house and home. We do not ascribe the prevalence of these atrocities to the negligence of the magistrate, but to his ignorance; his Kachary being at least six miles distant from our village, our sufferings do not reach his ear, or he would doubtless have put a stop to them.

Some months ago several communications were published in the Durpun and Gyanneshun respecting the vices of these miscreants, but as they drew no attention from Goveanment, the correspondents have desisted from tiring the the patience of the reading public. Unless their grievances are directly laid before the Magistrate, the people of Burral can hardly expect to obtain justice; if they hope to effect their purpose through the medium of the Press, some time must elapse ere they can achieve it. Let me point out to them the instance of the Kallighaut Pandas, whereby they may form some conception of the efficacy of the public Press, which,

যে কালিঘাটের পাণ্ডারা আত্তপতণ্ডুলের গর্ব্বিতে বড় বাড়াবাড়ি আরম্ভ করিয়াছিলেন পরে সমাচার পত্র সম্পাদকেরা কিঞ্চিৎকাল গোলমাল করিতেই শ্রীযুত গবর্নর্ সাহেব মনোযোগ দিলেন এবং তাহাতে দণ্ড দিয়া এমত কড়কিয়া দিয়াছেন যে জাদুরা একেবারে মুসড়িয়া পড়িয়াছেন অতএব আমি পত্রপ্রেরক মহাশয়দিগকে নিবেদন করি তাঁহারা এই বিষয়েতেও ক্রমিক লিখিতে থাকুন তাহাতে কিঞ্চিৎ গৌণে অবশ্য কৃতকার্য্য হইতে পারিবেন।—জ্ঞানান্বেষণ।

পড়ীয়ানিবাসি বাণিজ্যকারকস্য।

though slow in its operation, eventually gains the object for which it exerts its influence. The Pandas of Kalli over heated by the *autub* rice, which they daily receive without labours, and unable to restrain their wicked propenities, began to oppress the people who came to worship at the temple; but how well have the Calcutta journals brought them to a sense of propriety, by calling the attention of Government to the audacious impertinence of those mischievous priests.

Gurria Trader.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

মহাশয় গো আমরা পূর্ব্বে বিলক্ষণরূপে জ্ঞান করিয়াছিলাম যে বোড়াল গ্রামের দস্যুর দিগের দৌরাত্ম্যের বিষয় সমাচার পত্রে প্রচার করিলে বিচারক মহাশয়েরা জ্ঞাত হইয়া এতদ্বিষয়ে আশু মনোযোগ করিবেন কিন্তু সে আশায় নিরাশ হইলাম। এইক্ষণে খেদের বিষয় এই যে শ্রীযুত কোম্পানি বাহাদুর এতদ্দেশের দুষ্টদমনার্থে যে ব্যক্তিরদিগকে নিযুক্ত করিয়াছেন তাঁহারদিগের দ্বারা উক্ত বিষয়ের কোনপ্রকারে শান্তি না হইয়া বরং দিন২ বৃদ্ধি দেখিতেছি। কারণ ঐ দস্যুরাজেরা বহুকালাবধি গ্রামের মধ্যে অত্যন্ত অত্যাচার করাতে অনেকবার উহারদিগের নামে নালিস হয় কিন্তু তাহা নিষ্ফল হওয়াতে ভয় পরিত্যাগপূর্ব্বক নিশ্চিন্ত হইয়া আহ্লাদে যথেচ্ছা কর্ম্ম করিতেছে। তাহার প্রমাণ সংপ্রতি গত মঙ্গলবার প্রথম রথযাত্রার দিবসে বৎসর ১৪।১৫ বয়স্কা এক পোদের কন্যা আপন মাতার সহিত গ্রামের ভিতর দিয়া যাইতেছিল সেই সময়ে ঐ বাজারিয়া দলেরা তাহাকে তাড়া করাতে সেই স্ত্রীলোক তাহার কন্যাকে লইয়া ঐ গ্রামের প্রান্তে মাধব দাস নামে এক কৈবর্ত্তের বাটীতে প্রবেশ করিল। পরে উহারা চৌকিদার ও আপনারদিগের চাকরকে ঐ কৈবর্ত্তের বাটীতে পাঠাইয়া দিল তাহারা ঐ গৃহস্থের বাটীতে গিয়া কহিল যে ঐ স্ত্রীলোকটিকে বাটীর বাহির করিয়া দেহ নতুবা তোমরা যথোচিত শাস্তি পাইবা ইত্যাদি নানাপ্রকার বাক্য শুনিয়া ভয়প্রযুক্ত তাহারদিগের বাহির করিয়া দিল। পরে দুষ্টেরা বালিকাকে ধরিয়া নিকটবর্ত্তি এক দীর্ঘিকা পুষ্করিণী আছে সেই স্থানে এক সাহেব নীল কুঠী করিয়াছিলেন। এইক্ষণে তাহাতে নীল জন্মে না সেই খালি ঘরে লইয়া যেপর্য্যন্ত অবস্থা করিয়াছে তাহা লিখনে লেখনী বাধিত হইল। তৎকালে উহার মাতা রোদনপূর্ব্বক চীৎকারধ্বনি করিলে অনেক লোক একত্র হইল এবং ঐ দস্যুরা স্ব২ স্থানে প্রস্থান করিল। এইক্ষণে সেই অনাথা স্ত্রীলোক সর্শঙ্কিত হইয়া রহিয়াছে। বৎসরাবধি হইল হরচন্দ্র চট্টোপাধ্যায়নামক এক বিশিষ্ট ব্রাহ্মণকে নানাপ্রকার অপমান করাতে সেই ব্যক্তি বাটী ঘর দ্বার ফেলিয়া মনের দুঃখে ৺ কাশীবাস করিয়াছিলেন এবং অন্যান্য অনেক লোক প্রাণের ভয়ে দেশ পরিত্যাগ করিতেছে। এক কাওরাকে একটি টাকা কর্জ দিয়াছিল সেই উপলক্ষে তাহার হাল গোরু ধান কলাই যাহা পাইয়াছে বলপূর্ব্বক গ্রহণ করিয়া শেষে দেশ ত্যাগ করাইয়াছে।

এই পত্রে স্বাক্ষরকারিরদিগের নাম ব্যক্ত করাতে অক্ষম হইলাম। কেন না যদ্যপি তদারক না হয় তবে দুষ্টেরা রুষ্ট হইয়া নানাপ্রকার অনিষ্ট করিবেক। ভাগ্যক্রমে ঈশ্বরেচ্ছায় তদারক হইলে সকলে হজুরে হাজির হইয়া প্রফুল্ল অন্তঃকরণে বিস্তারিত কহিব।

গ্রামবাসি জনানাং বিজ্ঞাপন মিদং।

সম্পাদকের উক্তি।—এতদ্বিষয়ে অপর এক পত্র জ্ঞানান্বেষণে প্রকাশ হইয়াছে তাহাও আমরা দর্পণস্থ করিলাম ইহাতে বিলক্ষণ বোধ

Correspondence.

To the Editor of the Durpun.

We were convinced that by publishing in the News Papers an account of the outrages to which the village of Burral has been subjected, our rulers would become acquainted with them and afford redress; but this hope is now dissipated. Our chief cause of regret is that those men who are paid by the Company in order to repress the wicked are themselves the instrument of oppressions, which daily increase. The oppressors of that village having for a long period carried on a system of aggression, various complaints have been lodged against them; but those complaints having proved fruitless, they have become emboldened and joyfully do whatever they please. We will give you one proof of this. Last Tuesday, on the first day of the Ruth jatra, the daughter of a Pode 14 or 15 years old was passing with her mother through the place. Just at that time this band of oppressors began to chase them, and the mother fled with her daughter for refuge to the house of *Madhub Doss*, a Coyburtu, living at one end of the village. They immediately sent the Chowkeedar and their own servants to the house of the Coyburtu and ordered him to put the women out, otherwise he would be severely punished. When the threats had been repeated, the man in great terror thrust them out. Near the village there is a tank in the vicinity of which some gentleman had built his Indigo factory, which is now closed. They took the women to this vacant house,—our pen shall describe nothing farther. The mother of the girl uttered the loudest lamentations, which collected a crowd, and the villains took themselves off as speedily as possible. The poor woman is still inconsolable.

About a year ago, a respectable brahmin of the name of Hurrochunder Chuttopadhyayu was subject to so much dishonour that he forsook his house and went to reside at Benares. Many other individuals, through fear of their lives, have quitted the place. These fellows had lent a Rupee to a Cowra, on the strength of which they took away his plough, his cattle, his corn, and whatever he had by force, and he has been obliged to leave the country.

We dare not affix to this letter our real signature; for if the business be not examined into, the oppressors will be enraged, and subject us to every inconvenience. But if, through the favour of God, the business should be examined into, every one will advance with a swelling heart and disclose all things.

Certain Residents in the Village.

Editor.—Another letter on this subject has just appeared in the Gyanunneshun,

হইতেছে যে উক্ত স্থানে নিতান্তই অত্যাচার হইতেছে। এইক্ষণে মাজিস্ত্রেট সাহেব যদি আমলাবর্জিতরেকে ঐ বিষয়ের তজবীজ করেন তবেই শান্তি হইতে পারে।

which we have copied. It appears that there is real oppression, and that the interference of the Magistrate, *without his Amlahs*, would be a blessing.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

জিলা চব্বিশ পরগনার সর্পরাজপুরের মধ্যে খোড়গাছি গ্রামে সাতু পাডুইনামক এক জন ক্ষুদ্র প্রজার বাটীতে গত ভাদ্রে একগাভী ষট্‌স্তনী এক বৎসতরী প্রসবে অদ্যাপি ঐ বৎসতরী মাতৃ স্তন্য পরিত্যাগ করে নাই। এইক্ষণে কিয়ৎ দিবসাবধি প্রতিদিন ঐ বৎসরীর ষট্‌স্তন দ্বারা বড়ধারে সমপ্রবাহে ন্যূনাধিক অর্দ্ধ সেরের প্রমাণ দুগ্ধ বহির্গত হইতেছে। আমরা এই সম্বাদ শ্রবণাত্তে কামধেনুর লক্ষণ বোধে দর্শনার্থে উক্ত প্রজার বাটীতে গমনপূর্ব্বক পরীক্ষার দ্বারা কামধেনুর লক্ষণ নিরীক্ষণে আশ্চর্য্য সম্বাদবিধায় প্রকাশ করিতেছি আপনি এই পত্রখানি অনুগ্রহপূর্ব্বক স্বীয় দর্পণে অর্পণ করিয়া বাধিত করিবেন।

কস্যচিৎ জমিদারস্য

To the Editor of the Durpun.

In the Pergunna of Surfrazpore, in the village of Khoregatchee, in the house of a poor man of the name of Chattoo pooree, a calf was born with 6 dugs which has not yet forsaken its mother. For several days past, the calf itself gives milk from every one of the dugs to the extent of half a seer. Hearing this intelligence we considered that this was the fabled cow which realizes every desire. We went therefore to the house of the peasant and ascertained that the calf had all the tokens of that fabled cow, and being struck with the circumstance, have thus made it known. Kindly oblige us by giving this letter a corner in the Durpun.

A Zemindar.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

নিবেদনমিদং। নবীন টাক্‌স সর্ব্বদেশে স্থাপনসম্পর্কে শ্রীযুত গবর্ণমেণ্টের যে বাঞ্ছা মহাশয়ের ২৪ জুনদিবসীয় দর্পণপ্রান্তে বিজ্ঞ হইয়া কিঞ্চিন্নিবেদন ৫ জুলাই দিবসে করিয়াছি। ঐ টাক্সসম্পর্কে গবর্ণমেণ্ট ১৮১৬ সালের ২২ আইনের দ্বারা এমত অভিপ্রায় জানাইয়াছেন যে ঐ আইনের তাৎপর্য্য প্রচলিত অর্থাৎ জারী হইবেক। ঐ আইন অবগতপরে বোধ হইল যে উহা মুক্ত চুরি ডাকাইতি ইত্যাদি উৎপাত বারণজন্য চৌকিদার নিযুক্ত বারাণসী ভিন্ন সকল নগরে এবং যেং স্থলে মাজিস্ত্রেট ও জাইণ্ট মাজিস্ত্রেট ও আসিষ্টাণ্ট মাজিস্ত্রেট বাস করেন তথায় প্রজাগণের স্থানে মাসিক কিঞ্চিৎ পঞ্চাইতের নির্ণয়দ্বারা টাক্স প্রতি মাসে মাজিস্ত্রেট উসুল করিয়া চৌকিদারদিগের বেতন দানকরণক প্রজার ধন প্রাণ রক্ষা করিবেন। তন্মধ্যে শহরের মেরামতির কোন উল্লেখ নাই অতএব ঐ আইনের মর্ম্ম প্রায় সর্ব্বত্রই চলিত আছে তজ্জন্য কাহারো কোন আপত্তি অদ্যাবধি উপস্থিত নাই যদি গবর্ণমেণ্ট কৃপাপূর্ব্বক ঐ আইন যুক্ত চৌকিদারি টাক্সবিষয়ে স্থিরতর রাখেন তবে প্রজার ভূরি কল্যাণ দর্শিতে পারে। নবীন টাক্স নগরের মেরামত করিবার স্থলে যেরূপ লইতে বাঞ্ছিত ইহাতে প্রজার পীড়নভিন্ন আর কিছু সম্ভাবিত নহে। মাজিস্ত্রেটপ্রভৃতি এইক্ষণে প্রায় সর্ব্বদেশেই স্থিত। তাহার অন্তর্গত অনেক পাড়াগাঁ আছে তাহার সড়ক ও কুড়াগলির মেরামত কোনকালেই হয় নাই এবং উহাহওন সম্ভাবনাভাব। ১৮১৬ সালের যে আইন চৌকিদারি সম্পর্কে প্রদীপ্ত তাহারও সমুদয় তাৎপর্য্য অদ্যাবধি মাজিস্ত্রেটকর্ত্তৃক প্রকাশ পায় নাই ঐ আইনের সমুদয় অর্থ সুন্দর অবলোকন করিলে বিজ্ঞ হইবেন। অতএব এ সম্বাদ শ্রীলশ্রীযুত ভারতবর্ষীয় গবর্নর্‌ জেনরল কৌন্সেলের গোচর হইলে প্রজাগণের অবশ্য কল্যাণ দর্শিতে পারে। যদি মহাশয় বিচারসহ দর্পণৈকপার্শ্বে প্রতিবিম্বিত করেন আমরা হিন্দুস্থানি প্রজাগণ অতিবাধিত ও উপকৃত হইব নিবেদনমিতি।

হিন্দুস্থানি প্রজাগণানাং।

শ্রীশ্রীকাশীধাম।

To the Editor of the Durpun.

The intention of Government to establish a new tax, which was made known in the Durpun of the 24th June, led us to write a letter on the 5th July. In reference to this tax, Government have declared their intentions that Regulation XXII. of 1816 should be put into execution. On perusing that Regulation we find that its object is this, that in order to prevent thefts, robberies, and similar inconveniences, Chowkedars should be established, and that with the exception of Benares, in all towns and in all places where there is a Magistrate, a Joint Magistrate or an Assistant Magistrate; the Magistrate should collect a certain tax from the inhabitants through means of a Punchayeet, and from that sum pay the Chowkedar, and thus protect the lives and property of the subjects. Nothing is said in that Regulation about improvements in the towns; its provisions are universally put in practice, and no one up to the present time, has made any objection to the payment. If Government should graciously limit that Regulation to the payment of the Chowkeedars, their subjects will deem themselves fortunate; but the new tax which is intended for municipal improvements can have no other effect than to weigh down the people. In almost all places there is a Magistrate within whose circle are a number of villages, but at no former period were the great or smaller roads repaired. Neither indeed does it appear expedient. The Regulation of 1816 which has reference only to the the Chowkedars, has not been fully comprehended by the Magistrate, but on reading the Regulation the object of passing it will be abundantly visible. If the intelligence of this reaches the Governor General in Council, doubtless some thing will turn up for the benefit of the people. If you would publish this in a part of you Durpun, we, residents in Hindoosthan, should be extremely obliged.

Certain subjects of Hindoosthan, at Benares.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদন মিদং। নীচের লিখিত কএক পংক্তি দর্পণস্থ করিয়া নির্ব্বোধের বোধ জন্মাইতে আজ্ঞা হয়। ১ আব

To the Editor of the Durpun.

Be pleased to publish the following few lines in your Journal, and enlighten the darkness of the ignorant. In the Durpun

ণের দর্পণের লিখিত দল গণ্ডগোল বিরক্ত জনের পত্র দেখিয়া বোধ হয় লেখক কএক জন অচল কায়স্থের মধ্যে কেহ হইবেন নতুবা ভদ্র সন্তানের দ্বারা এমত মিথ্যা ও কটু উক্তি হইতে পারে না। অপর যদ্যপি উক্ত লেখক ঐ অচল কায়স্থদিগের মধ্যে কেহ না হন তবে অমরের বা কিশোরের মধ্যে কেহ হইবেন নতুবা রাজবাটীতে রাজসভায় যে কর্ম্ম হইয়াছে এবং কলিকাতাস্থ আবাল বৃদ্ধ বনিতা সকলেই জ্ঞাত আছেন তাহা মিথ্যা কহা উক্ত পরিবার ভিন্ন অন্য লোকের সাহস হইতে পারে না।

লেখক যেন স্বপ্নেও মনে করেন না যে রাজা ঐ লেখকের লেখাতে মতিলালপ্রভৃতি কএক জন যাঁহারা দোষীদিগের সহিত অন্য দোষির বাটীতে একত্র হইয়াছিলেন তাঁহারদিগের বিনা সমন্বয়ে গ্রহণ করিতে পারিবেন যদি বলেন মতিলালের সমন্বয়ের আবশ্যক কি মতিলাল যখন অচলের সহিত অন্য অচলের বাটীতে একত্র হইয়াছেন তখন ঐ অচলেরদিগের যে দোষ তাহা মতিলালকে প্রাপ্ত হইয়াছে একথা হয় না হয় চন্দ্রিকাকার মহাশয় তাহার ব্যবস্থা দিবেন।

কায়স্থদিগের স্থগিতের বিষয় আমি যাহা লিখিয়াছিলাম তাহার সত্যাসত্য শীঘ্র বিশেষ প্রকাশ পাইবে তাহাতেই লেখকের মুখে কালী চুণ পড়িবে। আমি তাঁহার কটু উক্তির উত্তর কিছু লিখিলাম না যেহেতু সহরস্থ দর্পণপাঠক মহাশয়রা এবং অন্যান্য ২ সকলেই উপস্থিত বিষয় জ্ঞাত আছেন যাহা কহিতে হয় তাঁহারাই কহিবেন।

লেখক লিখিয়াছেন যে কায়স্থের সহিত ব্রাহ্মণের দলাদলি কি যদ্যপি কায়স্থের ব্রাহ্মণের সহিত দলাদলি নাই তবে গাঙ্গুলি আপন দল পতিত্বাভিমান ত্যাগ করিয়া কেন শূদ্রের দলে প্রবিষ্ট হইলেন।

যদ্যপি লেখক মতিলালের নিজের মানুষ হন তবে যাহা লেখেন যেন সাবধান হইয়া লেখেন কারণ এবিষয় যত অধিক আন্দোলন হইবে ততই অধিক কথা প্রকাশ পাইবে এবং সমন্বয়েরও টাকা বাড়িতে থাকিবে।

কস্যচিৎ দ ব।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

মহাশয় যে বড় আশ্চর্য্য দেখিয়া ভীত হইয়াছি অনুগ্রহপূর্ব্বক দর্পণৈক দেশে মদুক্তি কএক পঙ্‌ক্তি লিপি অবিলম্বে প্রকাশ করিয়া চিরবাধিত করিতে আজ্ঞা হয়। আমি খানাকুল কৃষ্ণ নগরনিবাসি কায়স্থ দেখিয়া শুনিয়া ব্যস্ত সমস্ত হইয়াছি। যদ্যপি নিজ জাতীয় বিষয় লিখিতে লজ্জা হয় তথাপি ধর্ম্ম বিষয়ে সংশয় অবশ্যই নিবারণ করিতে হয় এই বোধ করিয়া লিখিতে হইল। আমারদিগের গ্রামস্থ মৃত রাজা রামমোহন রায়ের পূর্ব্বাবস্থার মন্ত্র শিষ্য শেষাবস্থার প্রসাদভোগী গোকুলচন্দ্র বসুনামক যে ব্যক্তির শুদ্ধির নিমিত্তে কিছু কাল হইল বাবু আশুতোষ দেবের এক পত্র চন্দ্রিকা পত্রে প্রকাশ হইয়াছিল। পরে তৎপত্র মিথ্যা বলিয়া বসুজ ব্যক্তর এক পত্র দর্পণে প্রকাশ হয় তদবধি যাঁহাকে হিন্দু সমাজে গণনা করেন না সম্প্রতি এই ব্যক্তির মৃত্যু হইয়াছে তাঁহার জ্যেষ্ঠ পুত্র কলিকাতায় শ্বশুরালয়ে ছিলেন পিতার পীড়া শুনিয়া নিজ গৃহে আসিয়া বিশেষরূপ পিতৃ সেবা করিয়াছেন। পিতার মরণের পর লৌকিক ঔর্দ্ধদেহিক ক্রিয়া করিয়া চতুর্থাহে নিজগুরু পুরোহিত ও তদ্দলস্থ কুটুম্ব স্বজনগণ ভোজন করাইয়া পুনর্ব্বার শ্বশুরালয়ে আসিয়াছেন। শুনিতে পাই শ্বশুরের দ্বারা বহুল ব্রাহ্মণ পণ্ডিত সমস্ত ও কুলীন কায়স্থ সমস্ত নিমন্ত্রণ করিয়া অবশিষ্ট লৌকিক একোদ্দিষ্টাদি কর্ম্ম শ্বশুরালয়ে সম্পন্ন করিবেন। ই

of the 1st Shrabun, I perceive a letter from one who is disgusted with the disputes of various parties, and I fancy that the writer must be one of the suspended Cayusthas, for no respectable man would put his name to such unfounded aspersions. If the writer be not one of the suspended Cayusthas, then he must be either among the Gods or among Children; because no person except one of the debs or of the children would have ventured to misrepresent what took place in the assembly held at the mansion of Radhacant Deb, with which every man woman and child in Calcutta is acquainted.

Let not the writer ever dream that the Raja will venture to receive into Society without a proper atonement, simply upon the words of the writer, Moteelol Roy, and others who have held intercourse at the house of a third party with those who were suspended. If youask what need of Moteelol's performing an atonement? When Moteelol went to the house of the suspended, and associated with those who had been suspended, their transgressions cleaved to him. Ask the Chundrika whether it be so or not. Respecting what I wrote of the Cayusthas who had been suspended, the truth or the falsehood of it will very soon be made known, and your correspondent will fall into disgrace. I have given no reply to all the abuse that he has cast on us; in fact every one else must be well acquainted with the facts; let them speak. The correspondent states that it is improper for Brahmuns and Cayusthas to be united in the same party: if so, why did the *Gangooly* leave his own party, and enter that of the Soodras.

If the writer be any person belonging to Moteelol, then I would invite him to be cautious; for the more the subject is discussed, the more disclosures will be made, and the more will the tlte expense of atonement be increased.

D. B.

To the Editor of the Durpun.

I have just seen a most astonishing thing, which has terrified me. Kindly publish without delay in a corner of your Durpun, the following letter. Seeing the conduct of a Cayustha of Khanacool Kishnagore I am quite astonished. Although I feel ashamed to write about my own caste, yet the interests of our faith ought not to be neglected, and therefore I write. Gokoolchunder Bose of this town was the disciple of Rammohun Roy when he was a Hindoo, and afterwards followed him when he left the Hindoo religion. Some little time ago Asootosc Day wrote a letter to the Chundrika to entreat that this man might be received back again into society. Afterwards the Bosoo sent a letter to the Durpun denying the validity of the letter published in the Chundrika. This man, who was not received into Hindoo society, has lately died. His eldest son was living in Calcutta at the house of his father-in-law, and hearing of his father's illness, joined him, and took every care of him. After the death of his father, he performed the funeral rites, and the fourth day gave a entertainment to his own Gooroo, and the friends of the Gooroo. After this he returned to his father-in-law's house. I hear that he intends to invite all the Brahmun pundits and the Coolin Cayusthas of the party of his father-in-law to the great house in Calcutta, and to complete the funeral rites. I would, there-

হাতে আমার ৺ ধর্ম্মসভা সম্পাদক মহাশয়ের প্রতি জিজ্ঞাসা এই যে সভার নিয়মানুসারে তাজ্য কে হইতে পারে যদি হিন্দুধর্ম্মচ্যুত অভক্ষ্যভক্ষণ অপেয়পানরত ব্যক্তির প্রসাদ ভোগি সুত নিজেও তন্মতানুগত হইয়া দলে সুসংগৃহীত হয় তবে এ সুরবে ধর্ম্মসভা বহিষ্কৃত করে কেবা হবে বিশেষ উক্ত বসু সুতের শ্বশুর মহাধনী অভিমানী কুলীন পরদোষানুসন্ধানে বড় প্রবীণ নিজজামতার দোষ ভারি ভুরি দিয়া সারিয়া দিবেন তবে আর দীন হীন ক্ষীণ ব্রাহ্মণ পণ্ডিত ভক্তগণকে তাড়াতাড়ি করিয়া তড়াতড়ির আবশ্যক কি। এবিষয়ে দলপতি মহাশয়রা অভিপ্রায় ব্যক্ত করিলে আমার সন্দেহ দূর হয় ইতি।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

সম্প্রতি বর্ত্তমান মাসের ১০ তারিখে জনশ্রুত হইলাম যে মোকাম চুঁচুড়ার ঘণ্টাঘাটের তক নালয়ের ৺ ভাগীরথীর পূর্ব্বতীরে ভাটপাড়া গ্রামের শ্রীবলরাম সরকারের এক কৃষ্ণবর্ণ গাবী অনুদ্দেশ হওয়াতে তস্য জ্যেষ্ঠ পুত্র শ্রীলশ্রীযুত বাবু কালিদাস সরকার নিজ কৃতসাধ্যানুসারে বহুযত্নে অন্বেষণপূর্ব্বক কোন প্রকারে প্রাপ্ত না হওয়াতে বাবুজী বাহাদুরি প্রকাশ বারা ঐ গ্রামে কোন২ সদ্বংশজাত সচ্চরিত্র লোকের উপর পূর্ব্বের কোন মিথ্যা অসূয়া স্মরণ করত ঐ গরুহারাণের আরোপিত দায় তাঁহারদিগের উপর ফেলিয়া বিচারস্থলে বিচারাকাঙ্ক্ষায় নিবেদন করিয়াছেন। কিন্তু পাঠকবর্গ মহাশয়দিগেরহইতে আমি এই জানিতে আকাঙ্ক্ষা করি যে হিন্দুদিগের এমত ধর্ম্ম ও ব্যবহার আছে যে পালিত গো কিম্বা বৎস কোন প্রকারে হত্যা কিম্বা অনুদ্দেশ হইলে তাহার উদ্দেশে প্রায়শ্চিত্ত করিতে হয়। কিন্তু এইক্ষণে আমি এই জানিতে চাহি যে এই প্রকার বিধি কি কেবল দরিদ্র লোকের উপর ধনবানের প্রতি নহে। কেন না আমি স্বদৃষ্টে দৃষ্টি করিয়াছি যে দীন দুঃখি লোকের এমত কোন দায় উপস্থিত হইলে তাহারা কায়ক্লেশে গলরজ্জুতে হাম্বা২ শব্দ করত প্রায়শ্চিত্ত দ্বারা ঐ দায় হইতে উদ্ধার হয়। অতএব মহাশয় আপন দর্পণে ইহার উচিত উত্তর লিখিয়া বাধিত করিবেন। যদিস্যাৎ বিধানানুসারে এবিষয় ধনি লোকের প্রতিও বর্ত্তে তবে উক্ত বাবুর পিতা কেন তাহা না করিয়া শুদ্ধ হন কিম্বা বৃথা বাবু যদি ঐ উক্ত ভদ্র লোকদিগের সহিত বিবাদপ্রযুক্ত কোন প্রকারে তাঁহারদিগকে দোষী করিবার কারণ মিথ্যা দোষার্পণ করিয়া থাকেন এবং ঐ গাবী লুক্কাইত থাকে তথাপি সে কথা অন্য লোকে কি প্রকারে গ্রাহ্য করিতে পারেন এবং বাবুজীও লোকত ধর্ম্মত নিরপরাধী বা কি প্রকারে হইয়া সজ্জন সঙ্গে বৈসন ভোজন করিতে পারেন এবং ঐ গাবী পুনরায় বাবুরদিগের আসয়ে দৃষ্ট হইলে পরে যে সকল মিথ্যাপবাদ ভদ্র লোকের উপর করিয়া বিচারস্থানে নিবেদনার্পণ করিয়াছেন তখন শ্রীলশ্রীযুত বিচারকর্ত্তার কর্ণগোচর হইলে বাবুরদিগের বা কি হইবে তাহার সদুত্তর লিখিয়া মনের চিন্তা দূর করিবেন।

কস্যচিৎ ভাটপাড়ানিবাসি জনস্য।

fore, ask the Secretary of the defunct Dhurmu Shubha, who in this case are to be forsaken? If the son of a man who had relinquished the Hindoo religion, and eaten and drank that which was prohibited,—this son himself having trod in his father's footsteps—is to be received into the orthodox party, who will be excluded from the Dhurmu Subha? The father-in-law of the son of the deceased is a rich man, who calls himself a Coolin Cayustha, who hunts for the faults of others. Perhaps he will find some contrivance for skreeing his son-in-law, and then pursue, without mercy, the poor, half starved, brahmun pundits. If the heads of parties will give their opinion on this subject, my doubts will be removed.

To the Editor of the Durpun.

I heard on the 10th of the prepent month, in the village of Bhatpara, on the East bank of the river, opposite to Chinsurah, that a black cow belonging to Bularam Sirkar, having been lost, his eldest son, Baboo Kaleedass Sirkar, after hunting in vain for the lost animal, in order to shew his own importance, has recalled to mind some unfounded suspicions which he had against certain inhabitants of the village, of good family and reputation, and has charged them with having purloined the cow, and lodged a complaint against them in the Court. Now I wish to ascertain from some of your readers whether the creed and practice of Hindooism do not require that when a cow has been lost or killed, an atonement is to be performed; and I wish farther to know whether this rule applies only to the poor, or to the rich also; for I have myself seen that when such a calamity befell a poor man, he was obliged to submit to much bodily suffering, to tie a rope round his neck, and wander about, crying *hamma, hamma*, and thus to complete the atonement. Therefore, Mr. Editor, I beg you to oblige me by giving a reply to this query. If according to rule, the rich are obliged to submit to the same process, why does not the son of that Baboo adopt this course and purify himself? If in consequence of their disputes with the respectable men, above named, he has brought a false charge against them, and the cow be really concealed, how can others credit this, and how can the Baboo either in popular estimation or on the principles of his creed, be regarded as without stain; and how can he partake of food in company with his own people? If the cow should be again seen in the house of the Baboo, then what is to be done to the Baboo, when it is proved before the Magistrate that the complaint which he lodged against those respectable men is altogether unfounded? Kindly give a reply to this, and dispel my anxiety.

A Resident of Bhatpara.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷০	১৪৷০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal .... Co's Rs. 2,430—50*2*.

সমাচার দর্পণ

১১৫১ সংখ্যা। বালম ১৯।] ৫ আগস্ত ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২২ শ্রাবণ। SATURDAY AUGUST 5TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1151. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

ইশতেহার।

জিলা মেদিনীপুরের কালেকটরী কাছারিতে সন ১৮৩৭ সালের ১৫ আগষ্ট তারিখে বিস্তর মাহালাত বাকিদারির নিমিত্ত লাটবন্দিতে আসিয়া নীলামের তারিখ মোকরর হইয়াছে অতএব যাঁহারা ভূমি সম্পত্তি ক্রয়করণ বাসনা রাখেন তারিখ মজকুরে হাজির হৈইতি। ২৪ জুলাই। সন ১৮৩৭।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় মৃত রাজা শিবচন্দ্ররায়ের ইষ্টেটের রিসিবর শ্রীযুত এলিয়ট মেকনাটন সাহেব ও অন্যেরা ফরিয়াদী এবং মৃত বিশ্বনাথ ঘোষের মরণোত্তর টর্নি রামধন ঘোষ আসামী ঐ মোকদ্দমায় সুপ্রিম কোর্টে গত ২ দিসেম্বর তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি ১৯ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে উপরিউক্ত কোর্টে আমার দপ্তরখানায় ডিক্রীর হুকুম অনুসারে নীচে লিখিতব্য বিষয় পবলিক সেলে বিক্রয় করিব।

লাট নং ১। কলিকাতার শহরতলি ইটালিতে এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৩০/ ত্রিশ বিঘা।

লাট নং ২। কলিকাতার শহরতলি মৌজে শ্রীরামপুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি অনুমান ৪৸২ চারি বিঘা সতর কাঠা।

লাট নং ৩। কলিকাতার শহরতলি মৌজে মঠপুকুরে মঠপুকুরনামে বিখ্যাত এক খণ্ড বাগাৎ ভূমি ৩৪ / চৌত্রিশ বিঘা। ঐ ভূমি দেবোত্তর বলিয়া গোপীনাথ ঘোষের যাবজ্জীবন দখলে ছিল।

লাট নং ৪। কলিকাতা নগরের কলিঙ্গাতে এক খণ্ড ভূমি ১/৪ এক বিঘা চারি কাঠা।

লাট নং ৫। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১৸১৸০ এক বিঘা এগার কাঠা বার ছটাক।

লাট নং ৬। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ১ এক বিঘা।

লাট নং ৭। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ৸৪ উনিশ কাঠা।

ইশতেহার।

লাট নং ৮। টেঙ্গরাতে এক খণ্ড ভূমি অনুমান ২।১ দুই বিঘা ছয় কাঠা।

লাট নং ৯। ইটালিতে এক খণ্ড ভূমি অনুমান ২ দুই বিঘা।

লাট নং ১০। কলিকাতার শহরতলি দলন্দরে এক খণ্ড ভূমি অনুমান ৸১ ষোল কাঠা।

লাট নং ১১। কলিকাতা নগরের জানবাজারে নীলমণি হালদারের বাটী বলিয়া বিখ্যাত যে এক ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৸৪৷৴ উনিশ কাঠা সাত ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চারি অংশের এক অংশ বিক্রয় হইবেক।

উপরিউক্ত সকল লাটের বিশেষ বৃত্তান্ত ফরিয়াদীর উকীল শ্রীযুত সাণ্ডিস সাহেবের নিকটে অথবা মাষ্টর আফীসে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

এই বিক্রয় আগামি আগষ্ট মাসের ১০ তারিখের বেলা দুই প্রহরপর্য্যন্ত স্থগিত রহিল।

এ উ...স।

মাষ্টর আফীস।
১৯ জুলাই ১৮৩৭।

সুবে বাঙ্গলার ফোর্ট উলিয়ম সুপ্রিম কোর্টে একুটি পক্ষে যে মোকদ্দমায় নাবালগ রাজা বরদাকণ্ঠ রায়ের টর্ণি বৈদ্যনাথ মুন্সী ফরিয়াদী এবং বিষ্ণুসুন্দরী দেবী ও শম্ভুচন্দ্র মুখুয্যে ও রামনারায়ণ মুখুয্যে ও হরমণি দেবী ও দুর্গাদেবী ও রামচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলি ও রামগোপাল মল্লিক ও রামরত্ন মল্লিক ও রামতনু মল্লিক ও রামমোহন মল্লিক ও সরূপচন্দ্র মল্লিক ও মতিলাল মল্লিক ও শ্রীমতী অন্নমণি দাসী ও নবকিশোর মল্লিক ও চুনিলাল মল্লিক ও দীনবন্ধু মল্লিক ও শ্রীমতী করুণাময়ী দাসী আসামী সেই মোকদ্দমায় উক্ত কোর্টের গত ২৪ জুলাই তারিখের হুকুমক্রমে আগামী ১৭ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব পূর্ব্বোক্ত আসামীরদের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১। বিশেষতঃ কলিকাতা নগরের বাগবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫৮ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩৸০ তিন বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও রামনারায়ণ মুখুয্যে ও হরমণি দেবী ও দুর্গা

ইশতেহার।

[illegible] রাজচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে দুর্গাচরণ মুখুয্যের রাস্তা। উত্তর দিগে উক্ত দুর্গাচরণ মুখুয্যের ভূমি। পূর্ব্ব দিগে শম্ভুচন্দ্র মুখোপাধ্যায়ের বাটী ও ভূমি। পশ্চিম দিগে কোম্পানির নর্দমা।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি তাহাতে ইষ্টকনির্ম্মিত প্রাচীর ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ৫ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও রামনারায়ণ মুখুয্যে ও হরমণি দেবী ও দুর্গাদেবী ও রাজচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পূর্ব্বোক্ত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের রাস্তা। পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের নর্দমা। পূর্ব্ব দিগে কিশোরদাস বৈরাগির বাটী ও ভূমি। দক্ষিণ দিগে রাজা রাজকৃষ্ণের বাগাৎ ভূমি।

৩। এবং কলিকাতা নগরের সূতালুটিতে দুর্গাচরণ মিত্রের রাস্তায় বটতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ১ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও রামনারায়ণ মুখুয্যে ও হরমণি দেবী ও দুর্গাদেবী ও রাজচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও দক্ষিণ দিগে গলি। পূর্ব্ব দিগে নারায়ণ দত্তের বাটী ও ভূমি। উত্তর দিগে দুর্গাচরণ মিত্রের ভূমি।

৪। এবং জিলা চব্বিশ পরগনার পর[illegible] কালিশহরের কোণার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী দেবী ও রামনারায়ণ মুখুয্যে ও হরমণি দেবী ও দুর্গাদেবী ও রাজচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫। এবং পূর্ব্বোক্ত কোণার তালুকের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত কাছারী বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান পনর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিষ্ণুসুন্দরী

ইশতেহার।

দেবী ও রামনারায়ণ মুখুয্যে ও হরমণি দেবী ও দুর্গাদেবী ও রাজচন্দ্র গাঙ্গুলি ও কালীপ্রসন্ন গাঙ্গুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে শ্যামচক্রবর্ত্তির বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে রামচক্রবর্ত্তির বাটী ও ভূমি। পশ্চিম দিগে পার্ব্বতীচরণ মুখোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে কালাচাঁদ চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪.৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder A eens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kritebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar*. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by *Mritoonjuya Vidyalunkar*. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by *Mritoonjuya Vidyalunkar*. Price 2 Rs.

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

৩১ জুলাই ১৮৩৭।

নীচে লিখিতব্য আইনের পাণ্ডুলেখ্য ১৮৩৭ সালের ৩১ জুলাই তারিখে কৌন্সেলে প্রথমবার পঠিত হইল।

১৮৩৭ সালের — নং আক্ট।

হুকুম হইল যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবর্নর সাহেবের এবং উত্তর পশ্চিমপ্রদেশের শ্রীযুত লেপ্টেনন্ত গবর্নর সাহেবের প্রতি ক্ষমতার্পণ হইল যে তাঁহারা বঙ্গাদি ও পশ্চিম প্রদেশে পোলীসের উপর এক জন করিয়া সুপরিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত করিতে পারেন।

২। এবং হুকুম হইল যে কোন পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট এই আক্টঅনুসারে নিযুক্ত হইলে ঐ সুপরিণ্টেণ্ডেণ্টের এলাকার মধ্যে যত স্থান নির্দ্দিষ্ট থাকিবে সেই সকল স্থানের মধ্যে বঙ্গাদি দেশে প্রচলিত ১ আইনের ৭ ধারা চলিত হইবে। এবং ঐ সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম বিষয়ে ১৮০৮ সালের ১০ আইন এবং তৎপরে বঙ্গদেশের নির্দ্দিষ্ট আইনের যে সকল বিধি আছে তদনুসারে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব স্বীয় পদের কার্য্য নির্ব্বাহ করিবেন।

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজনগোচরার্থ প্রকাশ হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ১২ সেপ্তেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

ডবলিউ এচ মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৩৭ সালের — নং আক্ট।

১। হুকুম হইল যে বঙ্গাদি দেশে চলিত আইনসকলের মধ্যে ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারা মতান্তর হইয়া অমুক মাসের অমুক তারিখঅবধি বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন প্রদেশান্তঃপাতি কোন জিলা বা শহরের জজের নিকটে বিষয় প্রাপণার্থ যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় সেই বিষয়ের বাহুল্য বা সংখ্যা দৃষ্টে ঐ মোকদ্দমা নিষ্পত্ত্যর্থ প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করিতে বাধা নাই।

২। এবং হুকুম হইল যে এই আইনের ক্ষমতানুসারে যত মোকদ্দমা প্রধান সদর আমীনের হস্তে অর্পিত হয় ঐ প্রধান সদর আমীনের নিষ্পত্তির আপীল একেবারে সদর দেওয়ানী আদালত করিতে হইবে এবং জিলার জজ সাহেবের নিষ্পত্তির আপীল সদর দেওয়ানী আদালতে হইলে যে বিধি আছে সেই বিধ্যনুসারে এই আপীল নির্ব্বাহ হইবে।

৩। এবং হুকুম হইল বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮৩২ সালের ৭ আইনের ২১ ধারার ২ প্রকরণে এবং ১৮৩১ সালের ৮ আইনের ১৯ ধারায় লিখিত যে প্রকার মোকদ্দমা সদর আমীন অথবা মুনসেফের বিচারকরণ বিষয়ে বা তাঁহারদের হস্তে অর্পণহওন বিষয়ে নিষেধ আছে তাহা রদ হইল।

৪। এবং হুকুম হইল যে বঙ্গদেশের আইনসম্পর্কীয় ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ১ প্রকরণের বিধ্যনুসারে যে মোকদ্দমা উপস্থিত হয় তাহার বিরুদ্ধে চলিত আইনের মধ্যে কোন বিধি থাকুক বা না থাকুক জিলা বা শহরের জজ সাহেব বিচার ও নিষ্পত্তির নিমিত্ত প্রধান

FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT,

31st July, 1837.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 31st July, 1837.

ACT No. —— OF 1837.

I. It is hereby enacted, that it shall be competent for the Governor of the Presidency of Fort William in Bengal, and for the Lieut.-Governor of the North Western Provinces, respectively, to appoint a Superintendent of Police in the Lower and Western Provinces.

II. And it is hereby enacted, that whenever a Superintendent of Police may be appointed under this Act, Sec. 7. Reg. I. 1829 of the Bengal Code, shall cease to have effect in the Territories which may be comprised within the jurisdiction of such Superintendent—and such Superintendent shall be guided in the execution of the duties of his office by the Rules contained in Reg. X. 1808, and other Regulations of the Bengal Code, subsequently enacted, in regard to the same office.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 12th day of September next.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

ACT No. —— OF 1837.

I. It is hereby enacted, in modification of Sec. XVIII. Reg. V. 1831, of the Bengal Code, that from the day of , on Zillah or City Judge within the Territories subject to the Presidency of Fort William in Bengal, shall be precluded by reason of the amount or value of the property for the recovery of which a Suit is instituted, from referring that suit to any Principal Sudder Ameen.

II. And it is hereby enacted, that in all Suits which shall, under the authority of this Act, be referred to a Principal Sudder Ameen, the Appeal from the decision of such Principal Sudder Ameen shall be direct to the Court of Sudder Dewanny Adawlut, and shall be conducted in all respects according to the same Rules as if it were an Appeal from the decision of a Zillah Judge to the said Court of Sudder Dewanny Adawlut.

III. And it is hereby enacted, that so much of Clause Second, Sec. XXI. Reg. VII. 1822, and Sec. XIX. Reg. VIII. 1831, of the Bengal Code, as declares that Suits of the description therein referred to, shall not be cognizable by, or referable to, any Sudder Ameen or Moonsiff, be repealed.

IV. And it is hereby enacted, that it shall be competent to a Zillah or City Judge to refer for trial and decision any Suit preferred under the Provisions of Clause First, Sec. XXX. Reg. II. 1819, of the Bengal Code, to any Principal Sudder Ameen, any thing in

সদর আমীনের নিকটে অর্পণ করিতে পারেন।

৫। এবং হুকুম হইল যে ১৮৩১ সালের ৫ আইনের ৭ ধারাক্রমে জিলা ও শহরের জজ সাহেবেরদিগকে যে ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে কোন জিলা বা শহরের জজ সাহেব মুনসেফের বিচার যোগ্য কোন মোকদ্দমা যদি সদর আমীন বা প্রধান সদর আমীনের নিকটে বিচারার্থ অর্পণ করেন তবে সেই মোকদ্দমা প্রথমতঃ মুনসেফকর্ত্তৃক গ্রাহ্য হইয়া বিচারিত হইলে যেরূপে ষ্টাম্পের মূল্য লাগিত এবং যেরূপে আপীলের বিধান চলিত ইহাতেও সেই মূল্য ও সেই বিধান মত হইবে।

৬। কিন্তু এইরূপ কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের দ্বারা নিষ্পত্তি হইলে ঐ নিষ্পত্তির আপীল কেবল জিলা বা শহরের জজ সাহেবের নিকটে হইতে পারে এবং ঐ জজ সাহেব তাহার বিচার করিবেন এবং আইনের মধ্যে তদ্রূপ হুকুম থাকুক বা না থাকুক ঐ জিলা বা শহরের জজ সাহেবের নিষ্পত্তিই চূড়ান্ত হইবে।

৭। এবং হুকুম হইল কোন জিলা বা শহরের জজ সাহেবকর্ত্তৃক সদর আমীনের বিচারযোগ্য কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণে সেই মোকদ্দমা ঐ সদর আমীনের দ্বারা বিচার হইলে যেরূপ ষ্টাম্পের মূল্য লাগিত এবং যেরূপে আপীলের বিধান হইত প্রধান সদর আমীনের দ্বারা বিচার হইলেও সেইরূপ বিধান ও মূল্য লাগিবে।

৮। এবং হুকুম হইল যে বঙ্গদেশে চলিত ১৮৩১ সালের ৫ আইনের ২৫ ধারার ১ প্রকরণ রদ হইল।

৯। এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত ধারার ২ প্রকরণে যে বিধান আছে তাহা মুনসেফের আদালতের আমলার উপরে অর্শিবে।

১০। এবং হুকুম হইল যে মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের আদালতে যে কর্ম্মকারকেরা মাসিক ১০ টাকার অধিক বেতন পান তাঁহারদিগকে আমলার ন্যায় জ্ঞান করিতে হইবে এবং আমলারা ঐ আদালতের দ্বারা মনোনীত ও নিযুক্ত হইবেন কিন্তু তাহা যে জিলা বা শহরের জজ সাহেবের এলাকার মধ্যে ঐ আদালত থাকে ঐ জজ সাহেবের মঞ্জুরের অপেক্ষা রাখে ঐ আদালতের কোন আমলা জিলা বা শহরের জজ সাহেবের দের সম্মতিব্যতিরেকে তগীর হইতে পারেন না।

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজনগোচরার্থ প্রকাশ হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ১২ সেপ্তেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

ডবলিউ এচ মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

the existing Regulations to the contrary notwithstanding.

V. And it is hereby enacted, that whenever a Zillah or City Judge, in the exercise of the discretion vested in him by Sec. VII. Reg. V. 1831, of the Bengal Code, shall refer for trial to a Sudder Ameen or Principal Sudder Ameen, a Suit within the competency of a Moonsiff to decide, such Suit shall be subject to the same rules in regard to Stamp Duties, and to the same rules in regard to Appeal as the said Suit would have been subjected to had it been received and tried by the Moonsiff in the first instance.

VI. Provided, however, that when any such Suit shall have been decided by a Principal Sudder Ameen, the Appeal from such decision shall lie to the Zillah or City Judge, and shall be tried by him only, and that the decision of the Zillah or City Judge on such appeal, shall be final, any thing in the existing Regulations to the contrary notwithstanding.

VII. And it is hereby enacted, that whenever a Zillah or City Judge shall refer for trial to a Principal Sudder Ameen a Suit within the competency of a Sudder Ameen to decide, such Suit shall be subject to the same rules in regard to Stamp duties, and to the same rules in regard to Appeal, as the said Suit would have been subjected to, had it been referred to, and tried by, the Sudder Ameen in the first instance.

VIII. And it is hereby enacted, that Clause First, Sec. XXV. Reg. V. 1831, of the Bengal Code, be repealed.

IX. And it is hereby enacted, that the rule contained in the Second Clause of the aforesaid Section, be extended to the Ministerial Officers of the Moonsiffs' Courts.

X. And it is hereby enacted, that all Officers of the Courts of the Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, whose salaries shall exceed 10 Rupees per mensem, shall be held to be Ministerial Officers, and that such Officers shall be nominated and appointed by those Courts respectively, subject to the approval and confirmation of the Zillah and City Judges within whose jurisdictions the said Courts may be situated, and that no Ministerial Officer of the said Courts shall be removed without the sanction of the said Zillah and City Judges.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 12th day September next.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৩৭।২৬ জুলাই।

কোম্পানির কেরাণি শ্রীযুত এ আর ইয়ং সাহেব ও শ্রীযুত জে বি মিল সাহেব সরকারী কার্য্য নির্ব্বাহার্থে নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে প্রথমোক্ত সাহেবকে বঙ্গরাজধানীর কর্ম্মভুক্ত এবং শেষোক্ত সাহেবকে উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মভুক্ত করিয়াছেন।

কোম্পানির কেরাণি শ্রীযুত এ আর ইয়ং সাহেব ও শ্রীযুত জে বি মিল সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থে এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত চার্লস গার্ষ্টিন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়াছেন।

২৭ জুলাই।

শ্রীযুত জে এচ পাটন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা হুগলির এক্টিং সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত এ স্কন্স সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত পাটন সাহেবের পরিবর্ত্তে জিলা চব্বিশ পরগনার এক্টিং মাজিষ্ট্রেট ও আলিপুর জেলখানার এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট ও কলিকাতার এক্টিং মাজিষ্ট্রেট হইয়াছেন।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের দায়েরসায়েরী ও রেবিনিউ কমিসনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ বেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

বর্দ্ধমানের সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি এন চিক সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ৭ দিবসের ছুটি পাইয়াছেন।

যশোহরের সদর আমীন শ্রীযুত বাবু বৈদ্যনাথ সেন এক পক্ষের ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের সিবিল ও সেসন জজ শ্রীযুত আর পি নিসবেট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

২৪ জুলাই।

হয়দরাবাদের রেসিডেণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত কর্ণল জে ষ্টুয়ার্ট সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে শ্রীযুত কাপ্তান কামরন সাহেবের স্থান হইতে স্বীয় কর্ম্মের ভার পুনগ্রহণ করিয়াছেন

১১ জুলাই।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

আগ্রার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি জি মানসেল সাহেব আগ্রা প্রদেশের এক্টিং কমিস্যনর সাহেবকর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

মিরট প্রদেশের আসিষ্টাণ্ট অথচ পানিপটের মাজিষ্ট্রেট ও কালেক্টরের অধীনে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত এচ এস রাবিন্সা সাহেব দিল্লী প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেবকর্ত্তৃক ১৪ আপ্রেল তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন।

মৈনপুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ কমিন সাহেব বঙ্গরাজধানীর গবর্ণমেণ্টকর্ত্তৃক ১৮৩৬ সালের ১২ মার্চ তারিখে যে ১৮ মাসের ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটি পাইয়াছেন।

১২ জুলাই।

সাহরনপুরের ডেপুটি কষ্টম কালেক্টর শ্রীযুত ডবলিউ ই মনি সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটি কালেক্টরী কর্ম্ম করিবেন।

CIVIL APPOINTMENTS.

26th July, 1837.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach Messrs. A. R. Young and J. B. Mill, Writers, reported qualified for the Public Service, the former to the Bengal Presidency, and the latter to the North Western Provinces.

Messrs. A. R. Young and J. B. Mill, Writers, are reported qualified for the Public Service by proficiency in two of the Native Languages.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. Charles Garstin to officiate, until further orders, as Magistrate and Collector of Zillah Sarun.

27th July.

Mr. J. H. Patton to officiate, until further orders, as Civil and Session Judge of Zillah Hooghly.

Mr. A. Sconce to officiate, until further orders, as Magistrate of the 24-Pergunnahs, Superintendent of the Allypore Jail, and a Magistrate of Calcutta, vice Mr. Patton.

Mr. A. R. Young to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhagulpore Division.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. W. Bell, Assistant to the Magistrate and Collector of Dacca, for two months, on medical certificate.

Mr. G. N. Check, the Assistant Surgeon attached to the Civil Station of Burdwan, for seven days, on private affairs.

Baboo Byjnath Sein, Sudder Ameen of Jessore, for a fortnight.

28th July.

Mr. R. P. Nisbet, Civil and Session Judge of Nuddea, for ten days, on medical certificate.

24th July.

Lieutenant Colonel J. Stewart, Resident at Hydrabad, resumed charge of his duties from Captain J. Cameron on the 5th instant.

11th July.

The following officers have obtained leave of absence:

Mr. C. G. Mansel, Magistrate and Collector of Agra, for two months, on Medical Certificate, in extension of the former leave granted by the officiating Commissioner of the Agra Division.

Mr. H. S. Ravenshaw, Assistant in the Meerut Division, exercising the powers of Joint Magistrate and Deputy Collector under the Magistrate and Collector of Paneeput, for one month, on Medical Certificate, in extension of the leave granted by the Commissioner of the Delhi Division on the 14th April last.

Mr. A. Cumming, Magistrate and Collector of Mynpoory, for six months, on Medical Certificate, in extension of the leave to the Cape, for eighteen months, granted by the Government of Bengal, under date the 22d March, 1836.

12th July.

Mr. W. E. Money, Deputy Collector of Customs at Suharunpore, to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in that District, until further orders.

শ্রীযুত সেখ মহম্মদ হোসেন ও শ্রীযুত মহম্মদ মেহেন্দী আলি খাঁ ১৮৩১ সালের ৯ আইনঅনুসারে জিলা মীর্জাপুরের ডেপুটি কালেকটর হইয়াছেন।

১৫ জুলাই।

সিউনির সদর আমীন শ্রীযুত সেলামত আলি বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ৪ মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত মানকলাল ওঝা একটিংরূপে ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৯ জুলাই।

মিরটের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে সি প্রোবি সাহেব আগামি মাসের ৭ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

Shaik Mahomed Hossain and Mahomed Mehndy Ali Khan to be Deputy Collectors under the Provisions of Regulation IX. of 1833, in the District of Mirzapore.

15th July.

Salamut Alee, Sudder Ameen of Seonce, has obtained four month's leave of absence, from the 1st instant. Mannk Lal Ojah is appointed to officiate in that capacity.

19th July.

The Reverend J. C. Proby, Chaplain at Meerut, is permitted to be absent from his Station for one month, from the 7th proximo.

সমাচার দর্পণ

শনিবার ৫ আগস্ত ১৮৩৭।

প্রধান সদর আমীনবিষয়ক নূতন আইন

কিয়ৎকাল হইল এক নূতন আইনের পাণ্ডুলেখ্য প্রকাশ হইয়াছিল তাহার অভিপ্রায় এই যে সিবিল ও সেসন জজ সাহেবেরা যত টাকার মোকদ্দমা হউক না কেন তাহার বিচার ও নিষ্পত্ত্যর্থ প্রধান সদর আমীনের হস্তে অর্পণ করিতে পারেন এবং প্রধান সদর আমীনের কৃত নিষ্পত্তির আপীল কেবল ঐ জজ সাহেবেরদের নিকটহইতে পারে। কেবল যে অতিভারি মোকদ্দমা ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুত বাদশাহের হজুর কৌন্সেলে আপীলের যোগ্য সেই মোকদ্দমার প্রথম আপীল সদর দেওয়ানী আদালতে হইতে পারে ইহাতে অনেক লোকের অত্যন্ত বিরাগ জন্মিল এবং গবর্ণমেণ্টের নিকটে তাঁহারা অতিবিনীতিপূর্ব্বক প্রার্থনা করিলেন যে ঐ আইনের কিঞ্চিৎ মতান্তর হয় এবং প্রধান সদর আমীনের কৃত নিষ্পত্তির আপীল সদর দেওয়ানী আদালতে হয় এবং এইক্ষণে লেজিসলেটিব কৌন্সেলের শ্রীযুত সাহেবেরা সম্মত হইয়া তাহা মতান্তর করিয়াছেন। ঐ মতান্তরীকৃত আইন আমরা দর্পণৈকদেশে প্রকাশ করিলাম।

গবর্ণমেণ্ট প্রধান সদর আমীন ও মুনসেফেরদের বেতন আরো কিঞ্চিৎ বর্দ্ধন করিতে স্থির করিয়াছেন তদ্বৃত্তান্ত আগামি দর্পণে প্রকাশ করিব।

লাখেরাজ ভূমি।

সংপ্রতি গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরদের মধ্যে তজবীজ হওনসময়ে লাখেরাজ ভূমির উপস্বত্ববিষয়ে নানা বাদানুবাদ হইয়াছে। তাহার মর্ম্ম এই যে ১৮১৯ সালের ২ আইনে এমত হুকুম আছে যে লাখেরাজ ভূমিভোগি কোন ব্যক্তি যখন ঐ ভূমির দলীল দস্তাবেজ দরপেস করিতে অস্বীকৃত বা অসমর্থ হন তখন গবর্ণমেণ্টের আমলারা তৎক্ষণাৎ সেই ভূমি ক্রোক করিয়া গবর্ণমেণ্টের খাস মহালে যেমন খাজানা আদায় হইয়া থাকে তেমনি ঐ ভূমিরও খাজানা আদায় করিবেন। আইনের এই কথা ধরিয়া বিবাদ হইতেছে।

যদ্যপি উত্তরকালে ঐ ভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি অর্থাৎ করযোগ্য এমত নির্দ্দিষ্ট হয় তবে যে খাজানা আদায় হইয়াছে তাহা সুতরাং গবর্ণমেণ্টের থাকিবে কিন্তু জিজ্ঞাসার বিষয় এই যে ঐ ভূমি যদি আদালতের দ্বারা ভূমিভোগির নিষ্কররূপে প্রমাণ হয় তবে ক্রোক হওন সময়ে গবর্ণমেণ্ট তাহার যে খাজানা আটক করিয়াছিলেন সেই খাজানা কি গবর্ণমেণ্টের থাকিবে কি ঐ ভূমিভোগি ব্যক্তিকে ফিরিয়া দেওয়া যাইবে। বোর্ড রেবিনিউ সাহেবেরা এইবিষয়ে বহুকাল বিবেচনা করিয়া এই স্থির করেন যে ঐ রাজস্ব জমিদারেরই হক যেহেতুক তাঁহারা এই মীমাংসা করিলেন যে তাহার দলিল দস্তাবেজ দাখিল না করণের নিমিত্ত ঐ আইনে জরীমানা নির্দ্দিষ্ট আছে অতএব কখন ঐ আইনকারকের এমত অভিপ্রায় ছিল না যে ঐ ভূমির জরীমানা নির্দ্দিষ্ট করেন ও রাজস্ব আটক করেন। পরে তদ্বিষয় সদর দেওয়ানী আদালতে অর্পিত হওয়াতে বোর্ড রেবিনিউ সাহেবেরা ঐ আইনের যে অর্থ করিয়াছিলেন সদর দেওয়ানী আদালতের দুই জন সাহেব সেই অর্থ পক্ষীয় হইলেন অন্য তিন জন সাহেব এই বিবেচনা করিলেন যে ঐ ভূমি উত্তরকালে লাখেরাজ বলিয়া যদ্যপি ভূম্যধিকারিকে প্রত্যর্পণ করা যায় তথাপি ক্রোক সময়ে যে খাজানা আটক হইয়াছিল তাহা গবর্ণমেণ্টেরই স্বত্বের ন্যায় জ্ঞান করিতে হইবে। তৎপরে এই বিষয় বঙ্গ দেশের শ্রীলশ্রীযুক্ত গবর্নর সাহেবের নিকটে অর্পণ হয় এবং তিনি সদর দেওয়ানী আদালতের অধিকাংশ জজ সাহেবেরদের মতাবলম্বন করিয়া হুকুম করিয়াছেন যে এইরূপে আদায় হওয়া টাকা জমিদারকে ফিরিয়া দেওয়া যাইবে না গবর্ণমেণ্ট কোষেই জমা থাকিবে।

নাবালগ জমিদারের বিদ্যাভ্যাস।

জমিদারের অপ্রাপ্ত ব্যবহার যে পুত্রেরা পিতার অবর্ত্তমানতায় গবর্ণমেণ্টের অধীন হন তাঁহারদের বিদ্যাভ্যাস বিষয়ে বহুকালাবধি শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের মনোযোগ হইয়াছে। গবর্ণমেণ্ট তাঁহারদের ভূম্যধিকার রক্ষণাবেক্ষণ করিতেছেন বটে কিন্তু তাঁহারদিগকে বিদ্যাদানাভাবে কুটুম্বের অধীনে মূর্খ করিয়া রাখিতেছেন এবং যে ভূরিং পারিষদ্ ব্যক্তির দ্বারা তাঁহারা বাল্যাবধি বেষ্টিত থাকেন তাঁহারা ঐ বালকেরদের অন্তঃকরণ কুপ্রবৃত্তিতে পরিপূর্ণ করিয়া রাখেন পরে যখন তাঁহারা আপনারদের জমিদারীতে স্বাধীন হন তখন লাম্পট্যাদি অপকার্য্যে আসক্ত হইয়া পুত্রতুল্য দরিদ্র প্রজারদিগকে দস্যু আমলারদের হস্তে পতিত করেন। শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব এই অনিষ্ট বিষয়ের প্রতিকারার্থ অত্যন্ত চেষ্টিত ছিলেন এবং যে বিদ্যার দ্বারা এতাদৃশ জমিদারেরা স্বীয় অধিকারের মঙ্গল করিতে পারিতেন এমত বিদ্যা তাঁহারদিগকে প্রদানেচ্ছু ছিলেন। এবং এক সময়ে এমত বিবেচনা করিয়াছিলেন যে তাঁহারদিগকে কলিকাতায় আনাইয়া হিন্দুকালেজহইতে শিক্ষা দেওয়া যায় কিন্তু পরে দেখিলেন যে তাঁহারদের আত্মীয় স্বজনেরা এমত কল্পে নিতান্ত অসম্মত যেহেতুক তাঁহারা কহিলেন যে সামান্যতঃ কলিকাতা শহর অস্বাস্থ্যজনক স্থান অধিকন্তু যাহারা কলিকাতার হিন্দু কালেজে বিদ্যাধ্যয়ন করিয়াছে তাহারদের প্রায়ই হিন্দু ধর্ম্মে শৈথিল্য হইয়াছে অতএব শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেবের ঐ কল্প পরিত্যাগ করিতে হইল এইক্ষণে বর্ত্তমান গবর্ণমেণ্ট ঐ বিষয় পুনরুত্থাপন করিয়াছেন এবং বোর্ড রেবিনিউ সাহেবেরাও শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেবকে এমত নিয়ম স্থাপন করিতে পরামর্শ দিয়াছেন যে গবর্ণমেণ্ট মফঃসল স্থানেং যে সকল পাঠশালা স্থাপন করিয়াছেন তাহাতে নাবালগ জমিদারেরদিগকে বিদ্যা শিক্ষা করাণ যায় এবং যদ্যপি এই বিষয়ে তাঁহারদের কুটুম্বেরা সম্মত না হন তবে ঐ বিদ্যাভ্যাসার্থ একং জন বিজ্ঞ শিক্ষক নিযুক্ত করেন এইবিষয়ে এতদ্দেশীয় লোকেরদের অনেক ক্ষতি বৃদ্ধি এই বোধে পাঠক ম

SUMACHAR DURPUN.

SATURDAY, AUGUST 5TH, 1837.

Regulation regarding Principal Sudder Ameens.

Some time ago, the draft of a Regulation was published, the object of which was to provide that the Civil and Session Judge might make over for trial and decision to the Principal Sudder Ameen suits of any amount whatsoever; and that, the decision of the Principal Sudder Ameen should be appealed only to the Civil and Session Judge, except in cases of such large amount as were appealable to the King in Council, which were to be appealed to the Sudder.

This gave great disquietude to many, and Government were earnestly entreated to modify the Regulation, and to admit an appeal from the Principal Sudder Ameen to the Sudder Dewany Adawlut. With this request the Legislative Council have complied, and the Regulation has been remodelled accordingly. We have published it in another part of our paper.

Government have also determined to make some augmentation in the Salaries of the Principal Sudder Ameens and Moonsiffs. We will give the particulars next week.

Lakraj Tenures.

There has recently been some discussion among the members of Government respecting the rents of Lakraj tenures, while undergoing enquiry. The question stands thus. In Regulation II. of 1819, it is ordained that whenever the holder of a lakraj tenure shall refuse or shall neglect to deliver up his title deeds, the officers of Government shall proceed to attach the lands and to collect the rents on account of Government, in the same manner as if the lands were the property of Government; upon this clause of the Regulation hangs the dispute.

If the land is eventually declared to be the property of Government, of course, the rents which had been collected will go to the Government; but the question which has arisen is, if the lands which have been attached are eventually decreed to belong to the original holder, shall the rents which Government had collected be repaid to him, or are they to be considered as the property of Government? The Board of Revenue have, after long consideration of the subject, come to the determination that these rents ought to be restored to the Zemindar, because they reasoned, that for the non-production of his documents he was liable to a fine, and that it could not be the intention of those who framed the Regulation of 1819, not only to fine him, but also to take away from him his rents. This subject was afterwards referred to the Sudder Dewanny Adawlut, when two of the Judges decided in favour of the construction adopted by the Board of Revenue, and three of the Judges determined that these rents thus collected on the part of Government were to be considered as Government property, even though the land should be decreed to belong to the proprietor and be eventually restored to him. The matter was, therefore, submitted to the consideration of the Governor of Bengal, and his Lordship adopted the opinion of the majority of the Judges, and declared that those rents should not be restored to the Proprietor even if the estate returned to him.

Education of Wards.

The Education of those Wards, the minor sons of Zemindars, who through the decease of their parents come under the control of Government, has long engaged the attention of the Governor General. While Government have taken care of their estates, they have been left without instruction, under the management of their foolish relatives; and the crowd of flatterers with whom, from their infancy, they have been surrounded, have only corrupted their minds, so that when they have come into possession of their estates, they have given themselves up to every vice, and abandoned their poor ryuts to their servants. Lord William Bentinck was very anxious to cure this condition of things, and to give to the Wards of the state, that instruction which should make them a blessing to the country. He had at one time thought of bringing them to Calcutta to be educated in the Hindoo College, but he found that their relatives generally objected to the plan, partly because of the insalubrity of the city, and partly because they said that those who received their education there became indifferent to the Hindoo religion. Lord William Bentinck was, therefore, obliged to abandon the idea. It has now been taken up by the present Government, and the Board of Revenue have proposed to Lord Auckland to establish a rule for giving a good education to these Wards in the Government Schools which have been established in the Mofussil; and in case of opposition on the part of the relatives, to direct that some able tutor shall be appointed to conduct the education of the Ward. This is a question in which the Natives are deeply interested, and we have, therefore, translated from the public despatches as much as may enable

পক্ষপাতশূন্য হইয়া তাহাকে ব্যবস্থা দেউন তাঁহার পিতৃ লোককে ত্রাণ করুন আমারদিগের জাতি কুলের দায়ে ভুশুরপোকে দায়গ্রস্ত হইতে হইবেক না।

লেখক যে দোষী অপবাদ আমারদিগের প্রতি দিয়াছেন একথা আমরা স্বীকার করিলাম যেহেতুক কএক ঘর কৈবর্ত্ত আপাতত নগরে আসিয়া কায়স্থ হওয়াতে সুতরাং পরস্পরা সম্বন্ধে সংস্পর্শ দোষস্পর্শিয়াছে তাহার বিস্তারিত নিম্ন ভাগে লিখিতেছি দলপতি মহাশয়েরা জাতি নির্ণয় করিয়া লইবেন।

বর্দ্ধমান জিলার অন্তঃপাতি সোনা টিকলি গ্রামে বিজয়রাম কুলেনামক এক ব্যক্তি কৈবর্ত্ত ছিল তাহার পাঁচ পুত্র। জ্যেষ্ঠ দুলাল সদ্দার ধুনাকিস্তির দোকানদার। মধ্যম সদাশিব তৌলদার। তৃতীয় কান্তমাড় চতুর্থ কন্দর্পদাস পঞ্চম কণ্ঠিরাম খুষ্কি। এই পঞ্চজনের অংশ বংশ সংক্ষেপে প্রকাশ করিতেছি দলপতি মহাশয়েরা বিবেচনা করিবেন।

তৃতীয়। কান্তমাড় এই বংশে ৺ প্রীতিরাম মাড় ও ৺ রাজচন্দ্র দাস ও শ্রীযুত বাবু উমাচরণ দাসপ্রভৃতি অতিধনবান ব্যক্তি সকল জন্মিয়াছেন ইহাঁরা অতিধার্ম্মিক ও পুণ্যশীল যেহেতু আপন জাতি কুল ত্যাগ করেন নাই মনে করিলে অনায়াসে চরণ বাবুর অপেক্ষা ভাল গোষ্ঠীপতি হইতে পারিতেন।

চতুর্থ। কন্দর্পদাস ইহার সন্তানেরা না কায়স্থ না কৈবর্ত্ত যথা ত্রিশঙ্কু রাজার স্বর্গ অর্থাৎ না স্বর্গ না ভূমি।

মধ্যম সদাশিব তৌলদার ইহার সন্তানেরা কায়স্থ হইয়াছিল এইক্ষণে হাফ খ্রীষ্টিয়ান হাফ হিন্দু অর্থাৎ তাহারা মথুরানাথী হইয়াছে অধিশেষ ১২৪০ সালের ১৮ বৈশাখের আদ্য শ্রাদ্ধোপলক্ষে রামতনু তর্কে লইয়া গাঙ্গুলি কৈবর্ত্তের যে দল হিচ্ছেন সে ঐ পর্ব্বে জানিবেন।

পঞ্চম। কণ্ঠিরাম খুষ্কি ইহার সন্তান ঘোষ উপাধি ধারণপূর্ব্বক কুলীন হইতে চাহিয়াছিলেন সে অতি সুদুর পরাহত কারণ কুলীনের অংশ বংশ মিশ্র গ্রন্থে গ্রথিত আছে সুতরাং সে আশা ত্যাগ করিয়া গোয়ালা হইয়া রহিলেন।

জ্যেষ্ঠ দুলাল সদ্দারের পুত্রকে অখল অথচ অক্রূর অতিধার্ম্মিক দেখিয়া রামকৃষ্ণ হাজরা আপন নিকটে চাকর রাখিয়াছিলেন এবং পৈতৃক ধুনাকিস্তির দোকান ছিল। কএক বৎসর পরে কিঞ্চিৎ সঙ্গতি হইলে আপন শ্রেণি পশ্চিম কুলের সদ্গোপের সমাজে ঐ ব্যক্তিকে হাজরা বাবুরা সংগ্রহ করিয়াছিলেন। হাজরা বাবুরা অবসন্ন হইলে কালীচরণ হালদারের দলভুক্ত হন কিন্তু আমরা উহারদিগের বাটীতে কখন পদার্পণ করি নাই কেবল বাসাড়িয়া কাশীযোড়ার ব্রাহ্মণেরা যাইতেন। বংশ দোষপ্রযুক্ত আপন নামের আদ্যাক্ষর ত্যাগ করিলে পর হালদার মহাশয় উক্ত ব্যক্তিকে দলহইতে বহিষ্কৃত করিয়া দেন। নিরুপায় দেখিয়া বন্দ্যোপাধ্যায়ের শরণ লইয়া দলে থাকেন মাত্র তৎকালীন কায়স্থ কি কৈবর্ত্ত কি সদ্গোপ তাহার জাতি নির্দিষ্ট কেহই করিতে পারেন নাই। বাঙ্গলা সন ১২১৬ সালের ৩০ কার্ত্তিকে ঐ বৃদ্ধ দলিতাঞ্জন কালীয় কলুষ সারেঙ্গের মৃত্যু হয় ঐ প্রেত শ্রাদ্ধে টাঁওেল বাবুরা রাজা গোপীমোহন দেব বাহাদুরকে সমন্বয়ের কারণ ছয় হাজার টাকা ঘুস দিয়া কতক ধ.লন ব্রাহ্মণ কায়স্থকে ভবনে আনিয়াছিলেন কিন্তু কেহ গণ্ডূষও করেন নাই ইহা অনেকে জ্ঞাত আছেন। ধর্ম্মসভার বৈঠকে ই কথা উত্থাপন হইলে রাজাকে কহিতে হই

addled. Let the impartial Secretary of the Dhurmu Subha give our brother a legal precept, and rescue from destruction the ancestors who have been injured by this stain in the Shraddhu. The son of that Bhosnor ought not to be censured on our account.

We will acknowledge, then, the unfounded censure which the writer casts upon us; for some families of Koiburtus, have recently come to the city, and become Kaists, and we have become censurable for having come in contact with them. We will give particulars below. Let the heads of parties settle the question of caste.

In the village of Sonatiklee, in the district of Bordwan was a man of the name of Bijoyram Kulea, who had five sons, the eldest, Hoolal Surdar, kept a shop for selling oakhum; the second, Sudaseb, was a weighman; the third Kanto Maur; the fourth, Kundurpu Dass; the fifth, Kuntheeram Khoskee. We give you the family connections of these men. Let the heads of parties judge of the question.

The third, Kanto Maur, had in his family, among his descendants, the late Piritram Maur and Rajchunder Dass and Oomachurun Doss, all very rich men. They were all very holy and possessed of great merit, for they did not forsake their own castes. If they had wished it, they might have become greater heads of parties than the Churun Baboo.

The sons of the fourth, Kundurpa Dass, are neither Kaists nor Koiburtos, like Treesunk Rajah, who was suspended between heaven and earth.

The decendants of the second son, the weighman, became Kaists; they are now half Christian, half Hindoos, that is, they have joined Mothooranath. To this cause we refer the split which took place in reference to Ramtonoo Turko between the parties of the Gungoolee and Coiburtu.

The sons of the fifth, Kunthee am Khoskee adopted the appellation of Ghose, and stove to become Koolins; but that was out of the question, for the genealogy of the Koolins are distinctly related in the book called Mishro. When that hope was destroyed, they remained cowherds. Ramkrishno Hajrah seeing the son of the eldest Doolal Surdar a mild, holy, harmless man, engaged him as his servant. He came into the possession of his father's shop of a oakhum, and a few years after as he had obtained a little property, the Hajrah Baboos received him into their own party of Sutgubs. When the Hajrah Baboo disappeared, he joined the party of Kaleechurn Haldar; but we have never set foot in his house. Only the mendicant Brahmuns of Casheejorah used to go there. Afterward through some fault of the family, he dropped the first letter of his name, on which the Haldar Baboo drove him from his party. Being reduced to this condition, he attached himself to the Bundopadhayu, and was simply received into his party. At that time no one could determine his caste, whether he was Kaist, or Sutgup, or Koiburto. On the 12th of Cartick, 1215, this man, with his dark complexion, and charged with the transgressions of the present age, died. On the occasion of his first Shraddhu, the tindal Baboos paid 6000 Rs. to Raja Gopeemohun Deb in order to receive him into the caste upon an atonement; and then some

বেক তাঁহার পিতার আমলে এটাকা জমা হইয়াছে। শ্রাদ্ধের পূর্ব্ব দিনে ৺ জয়রাম বন্দ্যোপাধ্যায় ও ৺ দুর্গাচরণ চক্রবর্ত্তির তহবিল হইতে হাওলাৎ লইয়া বাবু বিশ্বনাথ মতিলাল ও বাবু রামচন্দ্র দত্ত এই দুই জনে একত্র ঐ সমন্বয়ের টাকা সমভিব্যাহারে রাজার নিকট দাখিল করিয়াছেন রাজার ভাগিনেয় বাবু নরনারায়ণ মিত্র ঐ টাকা বুঝিয়া লন চরণ ভায়া একথা অন্যথা করিতে পারিবেন না। যেহেতু তাঁরা ঐ সারেঙ্গের পুত্র ও পুত্রবধূদিগের উকীল হইয়াছেন সর্ব্বদা সদর মফঃসলের কাম আঞ্জাম করিতেছেন দ্বিতীয় মফঃসল তালুকের কাম সাট দেখিতেছেন অতএব দপ্তর খুলে দেখিলে সমন্বয়ের খরচ দেখিতে পাইবেন। এইক্ষণে তাঁহাকে জিজ্ঞাসা করি আমরা তাঁহার ক্ষতিকারক নহি কি অপরাধে প্রায় দুই শত ঘর ব্রাহ্মণ কায়স্থকে একঘরে করে রাখিলেন অতএব বুদ্ধিমান তাঁহাকে আর কি কহিব তিনি হরু বাবুর বড় ভাই ইতি।

শ্রীপ্রেমচাঁদ ঘোষ শ্রীরামগোপাল ঘোষ শ্রীরামরতন বসু শ্রীবিশ্বেশ্বর বসু শ্রীগোবিন্দচন্দ্র মিত্র।

সর্ব্ব সাং মলঙ্গা।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

পাঠকবর্গের প্রতি আমার নিবেদন এই অনুগ্রহপূর্ব্বক অপাঙ্গ ভঙ্গিমা দ্বারা অবলোকন করিবেন ১৮৩১ সালের ২৮ মে তারিখের দর্পণের ১৭৬ পৃষ্ঠে সমাচার হইয়াছিল তাহা সকলেই পাঠ করিয়াছেন বোধ হয় গবর্ণমেণ্টহইতে তজবীজ করিতে আজ্ঞা দিয়াছেন। যে প্রকার বিচার করিতেছেন তাহার বিবরণ নিবেদন করিতেছি। পঞ্চান্ন ডিহির মধ্যে লাখেরাজ কমবেশ ৫০০০।৬০০০ বিঘা জমী ভোগ করিতেছেন সেই সকল জমী শ্রীযুত কোম্পানিবাহাদুরের জঙ্গল পতিত ও শ্রী ৺ গঙ্গা পয়বস্তি ভবানীপুর ও শ্রী ৺ ঘাট বেলতলা শাহানগরদিগর কএক খান গ্রামে শ্রীযুত নওয়াব সুবার আমলে ঐ সকল জমী জঙ্গল পতিত ছিল শ্রীযুত কোম্পানি বাহাদুরের আমল হইলে গোবিন্দপুর ভাঙ্গাতে অনেক প্রজালোক বসতি করিলেক। এবং ক্রমেং জঙ্গল কাটিয়া লইলেক। কিছু কাল পরে যে কালে কোম্পানি বাহাদুরের খাস পঞ্চান্ন ডিহি তহসিল হইল পরে জরিপ করিতে হুকুম হইলে আমলালোক জরিপকরিতে আসিয়া কিছুং প্রজালোকেরদের স্থানে লইয়া জরিপের কাগজে লাখেরাজ করিয়া চিঠাতে লিখিয়াছে প্রজালোকেরদের উপকার করিলেক তাহারদের কোন দলিল দস্তাবেজ তদারক করিলেক না। অতএব এই ক্ষণে কানুন দোয়াজ দহমের হুকুম ঐ সকল দস্তাবেজ হাকিমানের দৃষ্ট হইলে সরকারের হক সাবুদ হইবেক। এখন অনেকং লোক শ্রীযুত কালেক্টর সাহেবের নিকট পাট্টা লইবার কারণ দরখাস্ত করিতেছে ৺ গঙ্গা পয়স্তী জমী সরকারের খাস তাহাতে কালেক্টর সাহেবও আমলারা এক পরামর্শ করিয়া ছেড়েং জরিপ করিতেছেন তাহাতে তাঁহারদিগের জরিপে বোধ হয় সরকারের লাভ লোকসান সম্ভাব। এবিষয় তদারক করিলে ঐ কএক খান গ্রাম যদি যথার্থ হয় তবে সাবেক কালেক্টর ও আমলাদিগের বদনাম হইবেক সরকারের কিফাতে মনোযোগ করেন না। এ বিষয় তদারক করিতে অন্য কোন হাকিম মকরর হইলে তিনি আপন প্রাণ পণে সরকারের লভ্য হয় এরূপ তদারক অবশ্যই করিবেন। ইহাতে সুখ্যাতি হইলে শ্রীযুত গবরনর কৌন্সলহইতে অন্য কর্ম্মের প্রার্থনা রাখিবেন এ নিমিত্ত তিনি উত্তমরূপে তদারক করিবেন এবং লাখেরাজ করার দেওয়া জমী একদা বেবাক জরিপ করিলে বেবাক পাইতে পারিবেন আমলাদিগের কারিগরি থাকিবেক না। কলিকাতার কালেকটরীর সেরেস্তাদার যে ব্যক্তি নূতন হইয়াছেন তেঁহ কোর্ট আপীলের আমলা ছিলেন তাঁহারদিগের কার্য্যের সুখ্যাতিতে কোর্ট আপীল এবালিশ হইল এবং বড়ং গা

Brahmuns and Kaists were induced to go to his house, but no one touched even a drop of water. This must be known to many. If the matter be brought before the Dhurmu Subha, the Raja will be told that this money was paid in his father's time. The day before the Shraddhu, the late Rheedoyram Bundopadhyu, took that money from the bag and in company with Baboo Bishonath Motelol; and Ramchunder Dutt took this money, the price of the atonement, to the Raja. The nephew of the Raja, Nurnarain Mitter received it. The Churu baboo cannot deny this, for he is the attorney of the sons and the daughters-in-law of the Sareng, and is continually engaged in managing business both in and out of the house. He has also the management of the property; he has, therefore, only to look into the books, and he will find the money for the atonement duly entered. We would now ask our brother why, since we have done him no injury, he has excommunicated 200 families of Brahmuns and Kaists? What more shall we say to our learned brother? He is the older brother Hurro Baboo.

Premchand Ghose, Ramgopaul Ghose, Ramutton Bose, Bisheshur Bose, Govind Chunder Bose, all of Molungah.

To the Editor of the Durpun.

The request I now lay before your readers is this, that they would cast a glance at the Durpun of the 28th May, 1830, page 176. The information there inserted all must have read, and I should almost think that Government had given orders to examine into it; how the examination proceeded I will tell you. Within the Punchannu Dihee, there cannot be less than 5 or 6000 bigas of rent-free-lands. This land was formerly either uncultivated jungle, or accretion from the rivers. In Bhobanipore, Kalighaut, Beluhiah, Shahaugur, and various other villages, those lands were in the time of the Mahomedans, mere jungle. When the Company obtained possession of the country, Govindpore was broken up, and a number of people settled there, and cutting down the jungle, occupied it. Soon after, when the Punchannu Dihee became the Company's Khas, an order was issued to measure those lands. The Amlahs who came to measure them, received bribes from the people, and wrote them down as rent free. The people were thus benefitted, but without any examination of their deeds and documents; if, therefore, the question of these lands were examined by Regulation XII. and the deeds were called for, the right of Government would be fully established. Now a number of individuals have applied to the Collector for Pottas. The lands which have been gained from the river, most clearly belong to Government, but the Collector and the Amlahs would appear to be leaving out these lands in the measurement. The measurement cannot, therefore, be for the benefit of the state. If the matter be examined into, and the lands in those villages are found to belong to Government, the former Collector and Amlahs will be censured for not having looked to the public interests. If some other Officer were appointed to examine the matter, he would go into the business with heart and soul, with the view to benefit the Government cause; if he gains credit in this business, he may enter at the Governor General for some other situation. This will

হেব লোক নায়সাই হইলেন উাঁহারদিগের প্র পাধণ ইহাতে প্রকাশ আছে ৺ গঙ্গাহইতে ২০ ফুটের বিষয় তদারক গবর্ণমেন্টহইতে হুকুম হইয়াছিল তাহাতে আমলাদিগের লাভ হয় মুদ্ধ প্রজালোকেরা মারা যাইতেছে সরকারের কিছুই কিফাত হইতেছে না। এসকল লোকের দ্বারা তদারক হইলে কিছুই হইতে পারিবেক না আমলা লোক কেহ ১০।১৫।২০।৪০ টাকা দর মাহা পায়. ইহাতে বাসা খরচ করিয়া মাস২ কি আমলা ১০০।১৫০ টাকা বাটীতে পাঠায় ইতি।

কস্যচিৎ কলিকাতানিবাসিনো মোক্তারস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদনঞ্চ বিশেষঃ। কলিকাতা রাজধানীহইতে কিয়ৎ ক্রোশ হইবেক কোন এক জিলা যাহা ইঙ্গরেজী সন—— সালে স্থাপিত হয় সে জিলার বিচারপতি প্রায় ৭ মাস হলই শুভাগমন করিয়া সর্ব্বসাধারণ লোকের প্রতি যেরূপ দৌরাত্ম্য করিতেছেন তাহা লেখনে লেখনী অক্ষম তথাচ আমারদিগের যৎকিঞ্চিৎ ক্ষমতানুসারে নীচের দফাওয়ারিতে লিখিতেছি মহাশয় এতদ্রূপ ভিন্ন এমত বিপদ সাগর হইতে উদ্ধার হইবার অন্য উপায় দৃষ্টি হয় না।

১ দফা। প্রতি দিন ৭ ঘন্টার সময় দোকান গরম করিয়া নিজে দুই প্রহরের সময় কাছারী আগমন করিয়া ৯ ঘণ্টা রাত্রিপর্য্যন্ত থাকেন ও আসন গরম রাখেন। কিন্তু কর্ম্ম নিষ্পত্তি হইলে ক্ষতি ছিল না লোকের ক্লেশ নিবারণ হইত বিচারের কোন সম্পর্ক নাই। কেবল প্রথমাগমন করিয়াই কএকটি সিংহনাদ ও মেজের উপর মুষ্ট্যাঘাত করেন তাহাতে গর্ভিণীর গর্ভপাত হয়। তৎপরে যে সকল বিষয় ফৌজদারীর অগ্রাহ্য ও গবর্ণমেন্টের আইনবিরুদ্ধ তাহার তদারক পোলীস দ্বারা হুকুম দেন। এবং যে সকল দরখাস্ত তাঁহার নিকট দেওয়া যায় তাহাতে রাগের বশীভূত হইয়া চারি পাঁচ প্রকার হুকুম মুখহইতে নির্গত হয়। পরে তাহার মধ্যে একটি হুকুম তৎকালীন বজায় থাকে এবং তাহা দরখাস্তে লেখা যায় পরে ঐ দিবসেই হউক অথবা পর দিবসেই হউক কিম্বা পক্ষান্তরে তাহার অন্যথা করেন বিনাপরাধে বহু সংখ্যক লোককে ধরিয়া আনিয়া থানার গারদে অথবা জামিনির পর রাখিয়া নানাপ্রকারে ক্লেশ দেন। পরে ধর্ম্ম অবতার এমত সূক্ষ্ম চুল চেরা বিচার করেন যে তাহাতে বাদী প্রতিবাদী উভয় পক্ষ ও সাক্ষীপ্রভৃতি রোদন করিতে২ আপন২ আলয়ে প্রস্থান করে ইতি।

২ দফা। কালেক্টরীর রাজস্ব বাকিপ্রযুক্ত নীলামের দিবস উপস্থিত হইলে কাহার প্রতি এমত কৃপা করেন যে যাহার রাজস্ব দেনা সে ব্যক্তি টাকা দিলেও তাহার বিষয় রক্ষা না পাইয়া নীলাম হয়। এবং কাহারো জমিদারী নীলামে উঠিয়া ডাক মঞ্জুর করিয়া বিক্রীত করিয়াও পুনর্ব্বার তাহার অন্যথা করেন ইতি।

৩ দফা। দর্পণ প্রকাশক মহাশয় গো শ্রীযুতের গুণের বৃত্তান্ত কি নিবেদন করিব জিলার শিষ্ট বিশিষ্ট মান্য ভদ্র অভদ্র বাঙ্গালি ও ইংরাজ সকলের সমভাব অপরাধি অনাপরাধি কিছুই বিবেচনা করেন না কথায়২ জরিবানা ও হলফ করিতে কহেন এবং মধ্যে কারাগারেও প্রেরণ করিয়া থাকেন ইতি।

৪ দফা। গবর্ণমেন্ট এতদ্দেশীয় লোকেরদের উপকার জন্য নানাপ্রকার আইন সৃষ্টি করিয়াছেন। কিন্তু আমারদিগের বিচারপতি সে সকল আইন অগ্রাহ্য করিয়া আপন আইনঅনুসারে কর্ম্ম করেন অতিক্ষুদ্র মোকদ্দমা যাহাতে কঠিন হুকুম হওনের সম্ভাব নহে এবং আইনেও নিষিদ্ধ আছে এমত বিষয়ে অধিক মিয়াদ দিয়া লোকদিগকে কারাগারে বদ্ধ রাখিয়া ক্লেশ দেন।

৫ দফা। পূর্ব্বে কোন ভদ্র লোকের বাটীতে চুরি হইলে দারোগা গ্রামে গিয়া তাহার তদারক করিত। তাহাতে নানাপ্রকার দৌরাত্ম্য লোকের প্রতি হওয়াতে শ্রীলশ্রীযুক্ত নবরনর

spur him on to great diligence. If all the lakhraj lands were thus measured, they might all be recovered, and the frauds of the officers would be defeated. The person who has been appointed Sheristadar of the Collector was one of those officers of the Provincial Court of Appeal, in the 24-Pergunnas, whose excellent conduct led to its being abolished, and to the disgrace of some of the European officers. An order was issued from Government to enquire respecting the lands 20 feet from the river. This has filled the Amlah's pockets, and subjected the people to great distress, without producing any benefit to the public. If the enquiry be still conducted by these men, nothing will ever be done. They receive 10, 15, 20, and 40 Rs. a month, and spend 140 or 150 Rs.

A Mooktear residing in Calcutta.

To the Editor of the Durpun.

At some distance from the Metropolis there is a Zillah, which was established in ——. The Judge of the Zillah has been there six or seven months, but the evil he inflicts upon the people is such as we cannot describe; yet according to our ability, we send you the particulars below, because there appears little hope of our being otherwise rescued from this sea of distress.

1st. The shop opens at 7 o'clock in the morning. He himself comes at twelve, and keeps warming his seat till 9 o'clock. If business were got through, there would be no objection to this; for the people would be relieved from distress. On his arrival he shouts aloud and thumps the table loud enough to frighten the women into premature labour. Then he orders enquiry to be made through the Police into questions not within the province of the criminal laws, and contrary to the Regulations of Government; and in reference to the applications made to him, being generally in a passion, he issues contradictory orders. At length one order prevails and is written on the back of the petition; but sometimes on that day, sometimes the next, sometimes a fortnight after, this order is reversed. Many individuals who have committed no crime are subject to distress by being put in confinement or held under bail; and the hair-splitting distinctions of this incarnation, are such, that both complainant and defendant and witnesses all return home weeping.

2d. When the day arrives for selling lands which have fallen into arrears, some of the defaulters receive so much mercy, that even on the payment of money they cannot preserve their estates from the hammer. And sometimes when the estate has been sold and the bid has been acknowledged, it is again reversed.

3d. Mr. Editor, what more shall we write about the virtues of this functionary? The most respectable men in the district and the most culpable; the European and the Native are all reckoned equally innocent and equally guilty; whether in fault or not, they are made to take oaths, and sometimes are even thrown into confinement.

4th. Government have passed a number of regulations for the benefit of the people, but our functionary acts according to some regulation of his own, and for small crimes which do not call for severity, and are not noticed in the regulations, punishes with long confinement.

5th. Formerly when a robbery was committed in the house of a respectable man, the Darogah proceeded to examine the matter; but as he inflicted great oppression

জেনরল বাহাদুর দিন হীন-প্রজাদিগের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া সন ১৮৩২ সালে দুই আইনেতে প্রকাশ করিলেন তাহার মর্ম্ম এই যে কোন লোকের বাটীতে চুরি হইলে সে ব্যক্তি তাহার তদারকের প্রার্থনা করিলে দারোগা গিয়া তদারক করিবেন নতুবা তদারকের আবশ্যক নাই। কিন্তু আমারদিগের শ্রীযুত তাহার বিপরীত করেন অর্থাৎ চুরির বিষয় কর্ণগোচর হইলেই দারোগার নামে তদারকের পওয়ানা দেন যে ব্যক্তির চুরি যায় সে প্রার্থনা করুক অথবা না করুক ইতি।

৬ দফা। ধর্ম্ম অবতার যে২ মোকদ্দমা নিষ্পত্তি করেন তাহা প্রায় তাবতেই শ্রীযুত সেসন জজ সাহেব অন্যথা করেন। কিন্তু খেদের বিষয় এই যে তথাচ ইহাঁর কিছু চৈতন্য হয় না বিশেষ সর্ব্বদায় রাগেতে উন্মত্ত থাকেন। বিচারপতি এমত রাগের বশীভূত সর্ব্বদা থাকিলে দেশের যে প্রকার মঙ্গলদায়ক হয় তাহা পাঠক মহাশয়েরা বিবেচনা করিবেন।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বহুতর বিনয়পুরঃসর নিবেদন বিশেষঃ পরে ইহা সাধারণই সুগোচর আছেন যে অতিশয় অনাবৃষ্টির কারণ প্রায় দুই মাস গত হইল এতৎ কলিকাতা মহানগরে আত্যান্তিক অগ্নির প্রাবল্যতা হইয়াছিল।

হে সম্পাদক মহাশয় নিমতলা স্থানের শিবচন্দ্র মিত্রনামক এক জন দীন দুঃখি কাষ্ঠবিক্রেতা অগ্নিভয়ে ভীত হইয়া নিমতলার ঘাটের সান্নিধ্য এক স্থানেতে স্বীয় কাষ্ঠ রাখিয়াছিলেন ও ইহাতে কোম্পানি বাহাদুরের বা সর্ব্বসাধারণের কিঞ্চিন্মাত্র ক্ষতি হইতে পারিত না কিন্তু প্রায় সপ্তাহ গত হইল এতন্নগরস্থ পোলীসনামক বিচার স্থানের বিচারকর্ত্তা শ্রীযুত মাকফার্লন সাহেব যে ঐ দুঃখি ব্যক্তির পঞ্চাশৎ মুদ্রা কি কারণে দণ্ড করেন ইহা অস্মদাদির বুদ্ধির অগম্য। যদ্যপি ইহা বলা যায় যে ঐ সুবিচারকের শশিসম সুবিচার রাহুস্বরূপ ধনাকাঙ্ক্ষায় গ্রাসিত হওয়াতে তিনি ঐ নির্দ্দোষি ব্যক্তিকে দণ্ড্য করিয়াছেন তবে কেবল ক্ষীণবুদ্ধি প্রকাশ করা মাত্র যেহেতুক দণ্ডের ধন উঁহাকে কদাচ অর্হে না পরন্তু ইহাও যদি কহা যায় যে তদপেক্ষা যাঁহারা প্রধান২ পদস্থ ব্যক্তি আছেন তাঁহারদিগের নিকটে প্রিয় হইবার জন্য ইহা করিয়াছেন তবে ইহাও যুক্তিসিদ্ধ হয় না কেননা যখন ঐ বিচারকের বদান্যতা ন্যায় এবং সুধীরতা সর্ব্বসাধারণের সুখের জন্য একত্রীভূতা হইয়া সর্ব্বদা গান করিতেছে তখন ইহা কি প্রকারে সম্ভব হইতে পারে। অতএব সম্পাদক মহাশয় ঐ বিচারকর্ত্তা নিরপরাধি ব্যক্তিকে কিনিমিত্তে দণ্ডার্হ করিয়াছেন তাহা আমি ভাবিয়া চিন্তিয়া কিছুই নির্দ্ধার্য্য করিতে পারি নাই তন্নিমিত্ত আমি আশয়াশ্রিত হই যে মহাশয়ের গুণজ্ঞ বিজ্ঞ প্রাজ্ঞ পাঠকবর্গ মহাশয়েরা ইহার যথার্থ কারণ দর্শাইয়া আমাকে এ চিন্তার্ণবহইতে উত্তীর্ণ করিবেন এবং তদ্দ্বারা আমাকে বাধিত করিবেন অলমতি বিস্তরেণ। শ্রাবণস্য পঞ্চদশদিবসীয় পত্রমেতৎ।

গীং চং মুং।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	।।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।০	১৪।।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

upon the people, the Governor General, in compassion to the distressed, passed Regulations II. of 1832, and ordered that whenever a robbery was committed, the Darogah should not go and make enquiry, unless it was particularly requested by the parties; but our functionary acts differently, and as soon as he hears of a robbery, orders the Darogah to go and make enquiry, whether the people desire it or not.

6th. Almost all the decisions of our functionary have been reversed by the Session Judge; but it is matter of regret that this maks no impression upon him, and he is in a state of constant excitement. What benefit the country can derive from a public officer who is always in a passion, let the reader judge.

To the Editor of the Durpun.

Sir,—Receive my salutations through the instrumentality of your valuable periodical. About two months ago, it is generally known, that a large fire broke out through all Calcutta, on account of the extreme draught which had rendered every thing combustible.

Now, Mr. Editor, a poor timber vender of the name of Shib Chunder Mittre, at Nimtollah, for the fear of these conflagrations, had removed his goods at a place adjoining the Nimtollah Ghaut without the least injury either to the Honourable Company or the people; but, Sir, we are at a loss to conceive, that about a week expired, Mr. McFarlan, the present Judge of the Police, upon what ground mulcted the vender above alluded to, by 50 Rupees? It cannot be said, that his justice and discerning kindness being eclipsed by the love of money, he punished this innocent man by the forfeiture in question; since the fined money does not devolve to the Judge, it is merely a faint understanding that leads us to believe so, and if it be also said, that he, in order to ingratiate himself with his superiors, did so. I beg leave to reply, that whilst his generosity, equity, and sobriety, are a trio for the public welfare, it is foolish to impute to him such a blame; hence, Mr. Editor, as I can discern no good reason why this judicious man inflicted penalty upon an innocent, I am involving in the labyrinth. I request, therefore, the favour of the learned readers of your Durpun, of laying out such reasonings as will immediately extricate me from this embarrassment, and for which act they will confer great obligations.

G. C. M.

Calcutta, 29th July, 1837.

This precious morcel we have published verbatim. *Ed.*

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st. Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal.............. Co's. Rs. 2,400—5002,

হাশয়েরা গবর্ণমেণ্টের আজ্ঞাত বিষয় সুজ্ঞাত হইতে পারেন তৎপ্রযুক্ত আমরা ঐ সরকারী পত্রের সারভাগ চুম্বক করিয়া নীচে প্রকাশ করিতেছি। আশ্চর্য্য বিষয় এই যে বর্ত্তমান সময়ে বঙ্গদেশস্থ দুই জন প্রধান জমিদার নাবালগ অর্থাৎ বর্দ্ধমানের শ্রীযুক্ত রাজা এবং শ্রীযুক্ত কুমার কৃষ্ণনাথ রায় তাঁহারদের জমিদারীর উপস্বত্ব প্রায় ৫০ লক্ষ টাকার ন্যূন নহে এমত খ্যাতি আছে।

"অতএব বোর্ডের সাহেবেরা এই প্রস্তাব করেন যে কমিস্যনর ও কালেকটর সাহেবেরদের কার্য্যের যে এই অতিগুরুতর অংশ তন্নির্ব্বাহ করণার্থে নীচে লিখিতব্য বিধি তাঁহারদের নিকটে প্রেরিত হয়।

প্রথম। যদ্যপি কোন উপযুক্ত কারণ দর্শান না যায় তবে প্রত্যেক নাবালগ ভূম্যধিকারিকে বিদ্যা শিক্ষার নিমিত্ত গবর্ণমেণ্টের কোন পাঠশালাতে নিযুক্ত করিতে হইবে এবং অন্তরঙ্গ কুটুম্ব অথবা নিয়মিতমতে নিযুক্ত অন্য কোন ব্যক্তির অধীনে ঐ পাঠশালার এমত নিকটে তাঁহার বাস করিতে হইবে যে অনায়াসে প্রতি দিন পাঠশালায় গমনাগমন করিতে পারেন এবং পাঠশালার প্রধান শিক্ষক অথবা অধ্যক্ষের উচিত যে ছয়২ মাসান্তরে তাঁহার বিদ্যাভ্যাস বিষয়ের রিপোর্ট কালেক্টর সাহেবকে দেন।

২। যদি গবর্ণমেণ্টের পাঠশালাতে বিদ্যাভ্যাস না করণের কোন বলবৎ কারণ দর্শান যায় তবে এক জন বিজ্ঞ শিক্ষককে নিযুক্ত করিতে হইবে তদীয় অন্তরঙ্গ ব্যক্তিরা ঐ শিক্ষককে মনোনীত করিলে কালেকটর সাহেব তাহা মঞ্জুর করিবেন। শিক্ষক নিযুক্তকরণ বিষয়ে যদি তাঁহারদের মধ্যে পরামর্শের কোন অনৈক্য হয় তবে তদ্বিষয় নিষ্পত্ত্যর্থ শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে অর্পিত হইবে এবং পরিশেষে আবশ্যক হইলে তাহা সদর বোর্ডের শ্রীযুত সাহেবেরদের নিকটে অর্পণ করা যাইবে। শিক্ষক ছয়২ মাস অন্তরে ঐ ছাত্রের বিদ্যাভ্যাসবিষয়ক রিপোর্ট করিবেন এবং বৎসরে২ কালেকটর সাহেব স্বয়ং তাহার পরীক্ষা লইবেন।

তৃতীয়। প্রতি বৎসরের শেষে কালেকটর সাহেব আপন এলাকার মধ্যে যত নাবালগ জমিদার থাকেন তাঁহারদের বিদ্যাভ্যাস বিষয়ের রিপোর্ট বোর্ডের সাহেবেরদের নিকটে প্রেরণার্থ কমিস্যনর সাহেবের স্থানে দিবেন।

চতুর্থ। শ্রীযুত কমিস্যনর সাহেব বার্ষিক দায়েরসায়েরী ভ্রমণসময়ে কোন জিলার সদর স্থানে পঁহুছিলে ঐ জিলাস্থ তাবৎ নাবালগ জমিদারকে একত্র করিবেন পরে তিনি তাঁহারদের আচার ব্যবহার বিষয় জ্ঞাত হইয়া বিদ্যা শিক্ষার পরীক্ষা লইবেন এবং যাঁহারা সচ্চরিত্রতা ও বিদ্যোপার্জন বিষয়ে বিখ্যাত হইয়াছেন তাঁহারদিগকে পুস্তক ও বিদ্যাসম্বন্ধীয় নানাবিধ যন্ত্রাদি সম্ভ্রমজনক পারিতোষিক প্রদান করিবেন।

নানা কারণপ্রযুক্ত গবর্ণমেণ্টের পাঠশালাতেই নাবালগ জমিদারেরদের বিদ্যাভ্যাস করা শ্রেয়ো বোধ হয় এবং জিলার সদর মোকামে ও জমিদারের জমিদারীর সঙ্গে নিয়ত সম্পর্ক থাকাতে এবং ঐ মোকামে তাবৎ প্রধান২ জমিদারীর বিশ্বস্ত মোক্তার থাকাতে ভরসা হয় যে এই নিয়মে কোন আপত্তি হইতে পারিবে না।

ঐ অপ্রাপ্ত ব্যবহার বালকেরদের কিরূপ বিদ্যাভ্যাস করিতে হইবে তদ্বিষয়ে লেখ্য। প্রথমতঃ আমারদের মুখ্যাভিপ্রায় যে তাঁহারা প্রাপ্ত ব্যবহার হইলে স্বাহাতে আপন২ জমিদারীর কার্য্য স্বাধীনতারূপে নির্ব্বাহ করিতে পারেন এমত নানা বিদ্যা অর্থাৎ গণিত শাস্ত্র এবং ইঙ্গরেজী ও দেশীয় ভাষা যদ্দ্বারা অনায়াসে লিখিতে পঢ়িতে পারিবেন এমত শিক্ষা দিতে হইবে তদতিরিক্ত সুযোগক্রমে পুরাবৃত্ত ও ভূগোলীয় ও অন্যান্য প্রকার বিদ্যাও অভ্যাস করাইতে হইবে বিশেষতঃ যে বিদ্যাতে কৃষি কর্ম্মের ঔৎকর্ষ হইতে পারে তাহা জ্ঞাপন করিতে হইবে। পরন্তু কিং বিদ্যা তাঁহারদিগকে অভ্যাস করাণ উচিত তদ্বিষয় তাঁহারদের আত্মীয় স্বজনের সঙ্গে পরামর্শ করিতে হইবে। এবং জমিদার ব্যক্তি যাহাতে জমিদারী রক্ষা করিতে পারেন এমত বিদ্যার উপদেশ অবশ্যই দিতে হইবে তদতিরিক্ত বিদ্যাবিষয়ে তাঁহারদের বন্ধু বান্ধবের পরামর্শসিদ্ধ যাহা তদনুরূপ করিতে হইবে।

বোর্ডের শ্রীযুক্ত সাহেবেরা পরিশেষে আপনাকে জ্ঞাপন করিতে আমাকে অনুমতি করিয়াছেন যে তাঁহারদের এমত বিবেচনা হইয়াছে যে অপ্রাপ্ত ব্যবহার ভূম্যধিকারিরদের ভূম্যধিকার রক্ষণাবেক্ষণবিষয় যেমন আবশ্যক তেমন তাঁহারদের অন্তঃকরণ বিদ্যাতে পূর্ণ করা ও নীতিবিষয়ক জ্ঞান দেওয়া অতিবিহিত। এতাদৃশ ব্যক্তিরদিগকে উত্তম বিদ্যা দানবিষয়ে পূর্ব্বতন আইনেতেও আজ্ঞা আছে কিন্তু এইপর্য্যন্ত তন্নির্ব্বাহার্থে কোন সুনিয়ামক অনুষ্ঠান হয় নাই তৎপ্রযুক্ত অন্যান্য নাবালগেরা যেমন অজ্ঞান ও অসদ্ব্যবহারেতে বর্দ্ধিত হইয়াছেন তেমন তাঁহারা গবর্ণমেণ্টের অধীন হইয়াও হইয়াছেন।

সি ই ত্রিবিলিয়ন।
সদর বোর্ডের সেক্রেটরী।

সদর বোর্ডের সেক্রেটরী শ্রীযুত সি ই ত্রিবিলিয়ন সাহেব বরাবরেষু।

বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবের আজ্ঞাক্রমে জ্ঞাপন করিতেছি যে গত মাসের ২৭ তারিখের আপনকার পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে এবং তদুত্তরে বোর্ডের শ্রীযুত সাহেবেরদিগকে জ্ঞাপনার্থ আপনাকে লেখা যাইতেছে যে নাবালগ জমিদারেরদের উত্তমরূপ বিদ্যাভ্যাসার্থ বোর্ডের সাহেবেরা যে পরামর্শ প্রকাশ করিয়াছেন তাহাতে শ্রীলশ্রীযুত সম্মত হইয়া মঞ্জুর করিয়াছেন।

দ্বিতীয়। নাবালগ ব্যক্তির মাতা বা অন্তরঙ্গ কুটুম্ব বিদ্যাভ্যাসবিষয়ে যে নিয়ম স্বেচ্ছাপূর্ব্বক স্বীকৃত হন এমত নিয়ম করিতে হইবে এবং গবর্ণমেণ্টের পাঠশালাতে ঐ বালককে বিদ্যা শিক্ষার্থ বল প্রদর্শন না করিয়া বরং নানাপ্রকার প্রবোধ দিয়া তাঁহারদিগকে সম্মত করিতে হইবে। শ্রীলশ্রীযুত বিবেচনা করিয়াছেন যে নীচে লিখিতব্য তাবৎ স্থানেই সরকারী পাঠশালা আছে তৎসঙ্গে কলিকাতা রাজধানীস্থ পাঠশালার কার্য্য ঐক্য করিয়া দৃষ্ট হইতেছে যে আরাকান ও দক্ষিণ পশ্চিম সীমাতে গবর্নর্ জেনরল বাহাদুরের এজেণ্টের এলাকা ভিন্ন তাবৎ কমিস্যনর সাহেবের এলাকার মধ্যে এক২ পাঠশালা স্থাপিত আছে। কিন্তু কটকের নাবালগ জমিদারেরদিগকে বিদ্যাশিক্ষার্থ যদি মেদিনীপুরের পাঠশালায় আনয়ন করা যায় তবে তাঁহারদের কষ্ট হইতে পারে অতএব বোর্ডের সাহেবেরা যদ্যপি উচিত বোধ করেন তবে বিদ্যাধ্যাপনীয় সাধারণ কমিটির সাহেবেরা কটক অঞ্চলে এক পাঠশালা স্থাপন করিতে পরেন।

তৃতীয়। শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর আরো এইমাত্র কহেন যে ঐ নাবালগ জমিদারের কুটুম্ব বা সংসারাধ্যক্ষেরদিগকে এমত অনুমতি দিতে হইবে তাঁহারা যে কোন সরকারী পাঠশালাতে

* পাটনা ভাগলপুর মুরশিদাবাদ বোয়ালিয়া ঢাকা মেদিনীপুর এবং গোয়াহাটি।

our readers to comprehend the arrangements which have been ordered by Government. It is somewhat singular that at the present time, the heirs of two of the richest Zemindars in Bengal are minors; and that their revenues are said to amount to nearly fifty lakhs of Rupees a year, we mean the Raja of Burdwan and Raj Krishun Nath.

"The Board, therefore, propose that the following rules be circulated for the guidance of the Commissioners and Collectors in the performance of this important part of their duties.

1stly. Unless some sufficient reason be alleged against it, every Ward must be sent to receive his education at some Government seminary. He must reside under the care of his nearest relatives or of some other persons duly appointed, within a sufficient distance of the seminary to allow of his daily attendance, and it will be the duty of the Principal or head master to send a half yearly report of his progress to the Collector.

2dly. If any valid reason be offered against any Wards attending a Government Seminary, a qualified Tutor must then be appointed, who will be nominated by the nearest relatives and approved by the Collector; and any difference of opinion regarding the appointment of a Tutor must be referred for the decision of the Commissioner, and ultimately, if necessary, of the Sudder Board. The Tutor must make half yearly reports of the progress of his pupil to the Collector, and at the close of each year the Ward must be examined by the Collector.

3dly. Every Collector will make a report at the close of each year to the Commissioner, for transmission to the Sudder Board, of the progress of the Wards in his district in their studies.

4thly. When the Commissioner, in the course of his annual circuit, arrives at the head station of a district, he shall cause all the Wards in the district to be assembled at the station. He shall then enquire into their conduct and examine them in their studies; and shall confer honorary rewards, consisting of books and scientific instruments, on those who are distinguished for good moral conduct and proficiency in learning.

The plan of educating the Wards at the Government seminaries is for obvious reasons entitled to the preference, and as a continual intercourse is kept up between the Zemindars and the Provincial Capital, and the principal families have confidential Agents always residing at the latter, it is hoped that no serious objections will be offered to the course proposed.

With regard to the kind of education to be given, the first object is to teach the Wards those branches of knowledge which will instruct them in the independent management of their estates when they come to age. A familiar acquaintance with arithmetic, and a power of reading and writing the English and vernacular languages with facility, are necessary for this purpose; and to this may be added as far as opportunity offers, history, geography, and the elements of science, particularly of those parts of science which have a reference to agricultural improvement. The wishes of the nearest relatives ought, of course, to be consulted in determining the kind of education to be given to each Ward, and except in those points which are absolutely necessary to qualify a Zemindar to manage his estate properly, the views of what ought to be taught, should be allowed to prevail.

The Board, in conclusion, desire me to repeat their conviction, that it is not less a duty to cultivate the minds of the Wards and to imbue them with correct moral feeling, than to take care of their estates. The former obligation is fully admitted in the regulations, but no plan has as yet been prescribed for its fulfilment, and the public Wards have grown up as ignorant and depraved as any other persons of the class to which they belong.

I have, &c.
(Signed) C. E. TREVELYAN,
Assistant Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 27th June, 1837.

No. 919.

To. C. E. TREVELYAN, ESQ.
Offg. Additional Secretary to the Sudder Board of Revenue.

Sir,—I am directed by the Right Honourable the Governor of Bengal to acknowledge the receipt of your letter, dated the 27th ultimo, and to request that you will inform the Board in reply, that His Lordship approves and sanctions generally the plan proposed by them to ensure the better education of Wards of Court.

2d. Every endeavour must be made to secure, if possible, in each case, the willing acquiescence of the mother or nearest relatives of the minor;—and influence, not compulsion, should be the means used in all instances to induce such parties to allow the Ward to enter as a pupil in the Government seminary. There are now, His Lordship believes, public seminaries at the several stations named in the Margin;* these, with the addition of the Presidency, provide for all the Commissionerships, except Arracan, and the jurisdiction of the Governor General's Agent on the South West Frontier. But it might be a hardship to require Natives of Cuttack to come up to Midnapore, and the Committee of Public Instruction may, perhaps, think it desirable, if the Board see cause to recommend it, to establish a school in the former Province.

3d. The Governor will only add that a free option, ought to be allowed to the relations or guardians of Wards to send them to any Public Seminary, as

* Patna, Bhagulpore, Moorshedabad, Bauleah, Dacca, Chittagong, Midnapore, and Gowahatti.

কিম্বা রাজধানীস্থ পাঠশালাতে ইচ্ছামত বালকেরদিগকে বিদ্যা শিক্ষার্থ প্রেরণ করিতে পারেন এবং বোর্ডের সাহেবেরা যে প্রকৃত বিধান করিয়াছেন তাহা কেবল যে স্থানে নাবালগ জমিদারেরদিগকে স্বং বাটীতে থাকিয়া বিদ্যাভ্যাসার্থ অনুমতি দত্ত হইয়াছে কেবল সেই স্থানেই অর্হিবে। বোর্ডের সাহেবেরদের কদাচ এমত অভিপ্রায় নাই যে কমিস্যনর সাহেবেরা দায়েরসায়েরী ভ্রমণসময়ে সদর স্থানহইতে ঐ নাবালগ জমিদারেরদিগকে তাঁহার নিকটে আনাইতে হইবে।

স্বাক্ষরীকৃত আর ডি মাঙ্গল্স
বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরী।
ফোর্ট উলিয়ম ৬ জুলাই ১৮৩৭।
সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১ আগস্ত ১৮৩৭।
প্রকৃত নকল
সি ই ত্রিবিলিয়ন উপরি সেক্রেটরী।

হুগলি।

হুগলির সিবিল ও সেসন জজ শ্রীযুত সি আর মার্টিন সাহেবের প্রতি যে অভিযোগ হইয়াছে তদ্বিষয় যেপর্য্যন্ত বিচার্য্যাবস্থায়থাকিবে সেইপর্য্যন্ত তাঁহার শসপেণ্ড থাকিতে হইবে। শুনা গেল সে ইতিমধ্যে শ্রীযুত পাটন সাহেব তৎকর্ম্ম নির্ব্বাহার্থ নিযুক্ত হইয়াছেন।

আক্রমণ।

গত সপ্তাহে কলিকাতার মধ্যে একটা ঘোরতর আক্রমণ বিষয় উপস্থিত হয়। বিশেষতঃ ব্রুক্সনামক এক জন বাদ্যকর বিবি হৌ অর্থাৎ মিস কির্ণির নিকটে বৎসরাবধি আছে। গত মাসের ২৬ তারিখে ঐ ব্রুক্স ঐ বিবির বাটীতে আসিয়া মোরনামক এক ব্যক্তিকে ঐ স্ত্রীর সঙ্গে বসিতে দেখিয়া রাগান্ধ হইল তাহাতে উভয়ের সঙ্গে অতিবিবাদ হইয়া বিবি হৌ ব্রুক্সের বক্ষঃস্থলের দক্ষিণাংশে ছুরীর আঘাতকরত ছুরীখান ফেলিয়া দিল তাহাতে ঐ ব্যক্তি অচৈতন্য হইলে হাসপাতালে প্রেরিত হইল কথিত আছে ঐ ব্যক্তি এইক্ষণে প্রায় স্বস্থ হইয়াছে।

ডব্স সাহেব।

শ্রীযুত ডব্স সাহেব শ্রীমতী বিবি ডব্সকে সঙ্গে লইয়া স্বাস্থ্যার্থ জেনরল কিড নামক জাহাজ আরোহণে সমুদ্র পথে যাত্রা করিয়াছেন। তাঁহার অবর্ত্তমানতায় শ্রীযুত কিন্স সাহেব মাষ্টরি একুটির কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুক্ত নওয়াব একবর উদ্দৌলা ইঙ্গলণ্ড দেশে যাত্রার্থ বারাণসীহইতে কলিকাতায় পঁহুছিয়াছেন।

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌহইতে আগত পুনঃ সম্বাদ গত সোমবারের ইঙ্গলিসমেন সম্বাদ পত্রে প্রকাশ হয় তদ্দ্বারা অবগম হইল যে নূতন রাজা সুনিয়ম ও সদ্বিবেচনাপূর্ব্বক কার্য্য করিতেছেন। যাহার যে বেতন বাকি ছিল তাহা দেওনার্থ স্বীকৃত হইয়াছেন এবং তাবৎ প্রাচীন মন্ত্রিক স্থির রাখিয়াছেন ইহাতে হঠাৎ রাজপরিবর্ত্তনে যে বিঘ্ন সম্ভাবনা তাহার সম্ভাবনা নাই আরো লেখে যে রাজবাটীর মধ্যে লুক্কায়িত ৫০ লক্ষ টাকা দৈবায়ত্ত প্রাপ্ত হইয়াছেন এবং পূর্ব্বাপেক্ষা অল্পায়াসেই রাজস্ব আদায় হইতেছে সরকারী খরচেরও অপূর্ব্বরূপ লাঘব করা যাইতেছে কিন্তু রাজমুকুট ধারণীয় মহোৎসবের কিঞ্চিদ্বিলম্ব হইতেছে এবং এমত জনশ্রুতি হইয়াছে যে কর্ণেল লো সাহেবের প্রতি যেমন হুকুম ছিল তিনি তদতিরিক্ত কার্য্য করিয়া নূতন রাজাকেস্থাপন করিয়াছেন এবং শ্রীলশ্রীযুত কর্ত্তৃক নূতন রাজার মঞ্জুর হওনবিষয়ে সন্দেহ আছে।

well as to the Presidency, and point out that the 4th Rule laid down by the Board should be more distinctly limitted to cases in which permission has been given to the Wards being educated at home. It was not, of course, the Board's intention, that a boy should be summoned from the Provincial Capital to meet the Commissioner on his Circuit.

I am, &c.
(Signed) R. D. MANGLES,
Sec. to the Govt. of Bengal.
Fort William, the 6th July, 1837.
Sudder Board of Revenue.
Fort William, the 1st August, 1837.
(True Copies.)
C. E. TREVELYAN, *Addl. Secretary.*

Hooghly.

Mr. C. R. Martin, the Civil and Session Judge of Hooghly, has been suspended from office pending the examination of charges brought against him. Mr. Patton has been appointed to officiate for him.

Assault.

An aggravated case of assault was committed last week in Calcutta. Mr. Brooks, a musician, had been residing with Mrs. Howe, alias Miss Kearney, for upwards of a twelve month. On the 26th ultimo, returning to the house at 10 o'clock at night, and finding a man of the name of Moore with her, he became enraged. A quarrel ensued between the parties, when Mrs. Howe seized a knife and stabbed Brooks on the right breast, and then threw the knife away. Brooks fainted once or twice, and was then sent to the Hospital. It is stated that he is nearly recovered.

Mr. Dobbs.

Mr. Dobbs has been obliged to proceed to sea for the recovery of his health. He embarks with Mrs. Dobbs on the *General Kyd.* Mr. Dickens will act during his absence as Master in Equity.

The Newaub Ekbal-ood-dowla is come down from Benares with the intention of going to England.

Lucknow.

Further intelligence from Lucknow published in the *Englishman* of Monday states, that the new King is adopting sound and good measures; that he has guaranteed all arrears of pay, and retained the old ministers; thus avoiding the dangers of abrupt change. A sum of *fifty* Lakhs of Rupees has been found concealed in the palace, and the revenue is collected with less difficulty than formerly. An immense reduction *has been made in the household expenditure.* The ceremony of his coronation has been deferred; and there were *rumours afloat that Col. Low had exceeded his instructions, and that the new* King would not be confirmed.

আবা।

আবা রাজধানীতে সংপ্রতি যে রাজ পরিবর্ত্তন হইয়াছে এবং নূতন রাজা এই বিজ্ঞাপন করিয়াছেন যে এইক্ষণে বিদেশীয় রাজারদের সঙ্গে যে সন্ধিপত্র আছে তদ্দ্বারা আমি আপনাকে বদ্ধ জ্ঞান করি না ইহাতে এবং বৃটিস রেসিডেণ্ট ও নগরবাসি আমেরিকীয় মিসনরি সাহেবেরা আবা নগর ত্যাগ করিয়া গিয়াছেন ইত্যাদি নানা কারণে দৈবায়ত্ত কি হইতে পারে এতদ্বিষয়ে সাবধান হওয়া বিচারসিদ্ধ অতএব সুপ্রিম গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যুদ্ধ সরঞ্জামে ও ছয়মাসের আহারীয় দ্রব্যেতে পূর্ণ তিনখান জাহাজ এই অভিপ্রায়ে মান্দ্রাজহইতে মৌলমীনে প্রেরণ হইয়াছে যে আবশ্যকমতে সৈন্যেরা রণস্থলে উপস্থিত হইতে পারে এবং শ্রুত হওয়া গিয়াছে যে কলিকাতা রাজধানীর সন্নিহিতেও তদর্থ কিছুং উদ্যোগ হইতেছে তাহাতে বোধ হয় যে গবর্ণমেণ্ট চলিত ব্যবহারের বিষয়ে অনবধান নহেন যেহেতুক অকস্মাৎ কোন বিভ্রাট হইলে তদ্দ্বারা নিবারণ হইতে পারে।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

গত ২৬ আষাঢ় শনিবাসরীয় দর্পণে কস্যচিৎ দব ইতি স্বাক্ষরিত দল সংক্রান্ত এক পত্র উদিত হয়। তাহার স্থূল মর্ম্ম এই মতিলাল বাবুর দলভুক্ত কতক গুলিন কায়স্থ দত্তদিগের আপত্তি করায় দোষী হইয়া রাজকর্ত্তৃক স্বগিত হন ইত্যাদি নানা স্থলে কৌশলে বিবিধ ব্যঙ্গ বিদ্রূপ লিখিয়া পত্র আলোক করেন তাহার উত্তর এক বর্ণ আমার দি নাই। কিন্তু কোন কৌতুকদর্শী স্বল্প ভাগের কিঞ্চিদুত্তর ১ শ্রাবণে প্রদান করিয়াছেন তাহা অস্মদাদির জ্ঞানত নহে এবিষয়ে গত ১৫ শ্রাবণের দর্পণে আরবার দব কত গুলিন কটূক্তি লিখিয়াছেন এনিমিত্ত তাহার সদুত্তর দিতে প্রবর্ত্ত হইলাম ভৃত্যতুল্য যে কৈবর্ত্ত দত্ত তাহারদিগের প্রভুত্ব আর সহ্য হয় না।

সম্পাদক মহাশয় আমরা ষাটি ঘর কায়স্থ মলঙ্গাগ্রামে বহুকালপর্য্যন্ত বাস করিতেছি আমারদিগের পল্লিমধ্যে ৺ তিলকরাম পাকড়াশি ও ৺ হৃদয়রাম বন্দ্যোপাধ্যায় ও ৺ কালীচরণ হালদার এই তিন জন দলপতি ছিলেন আমরাও ঐ তিন দলভুক্ত ছিলাম এইক্ষণেও কিয়দংশ ঐ বন্দ্যোপাধ্যায়ের পৌত্র শ্রীযুক্ত বাবু নীলকমল বন্দ্যোপাধ্যায়ের দলভুক্ত আছি। হালদার ও পাকড়াশির বংশ ধ্বংশ হলে বাবু বিশ্বনাথ মতিলাল যে দল করেন তন্মধ্যেও আমরা অনেকেই প্রবিষ্ট হইয়াছি। মলঙ্গা ডিঙ্গাভাঙ্গা জানবাজার বহুবাজার নেবুতলা শাঁখারি টোলার মধ্যে কায়স্থ দলপতি নাই আমরা ব্রাহ্মণের ভৃত্য চিরকাল ব্রাহ্মণের দলভুক্ত আছি। কায়স্থ দলপতি আমারদিগের পূর্ব্বে স্বীকার ছিল না। সংপ্রতি রাজা গোপীমোহন দেব বাহাদুরের আদ্য শ্রাদ্ধোপলক্ষে যৎকালীন সমুদায় দল ঐক্য হয় তৎকালীন আমরাও আমারদিগের স্বং দলপতির দলসহ রাজবাটীতে সভাস্থ হইয়াছিলাম এবং জলপানের দিবসে অক্রূর সারেঙ্গের সন্তানদিগের সহিত একত্র আহারাদি করিয়াছি এই অপরাধে যদ্যপি লেখক আমারদিগের দোষী করিয়া থাকেন এমত হয় তবে রাধাকান্ত দেবও কালাচাঁদ দত্ত এই দুই গোষ্ঠীপতিও দোষী হইয়াছেন। উচিত তৎ তাবৎ ইহাঁরদিগের সমন্বয় করিয়া জাতি দিউন। আমারদিগের দোষে তাঁহারদিগের পিতৃশ্রাদ্ধ পণ্ড হইয়াছে ধর্ম্ম সভাসম্পাদক মহাশয়

Ava.

The recent revolution in Ava, and the declaration of the new King, that *he considered none of the existing treaties binding on him,* combined with the coming away of the British Resident and the American Missionaries from Ava, necessarily make it a dictate of prudence to be prepared for any sudden emergency. Three vessels have accordingly been despatched from Madras by direction of the Supreme Government to Moulmein, with ammunition and provisions for six months to enable the troops to take the field, if necessary; and we learn that nearer Calcutta, there has been some stir, sufficient to indicate that Government are not inattentive to passing events, and will not be taken by surprize.

Correspondence.

To the Editor of the Durpun.

On Saturday the 26th **Assar**, a letter was published in the Durpun, signed D. B. on the subject of the various parties in Calcutta. The purport of the letter was, that certain Kaists of the party of Moteelol Baboo were excluded by the Rajah, through the objections raised by the Dutts. With such statements, accompanied with a great deal of irony, was the letter illuminated. We offered not a word of reply to it; but some man of pleasantry offered a reply to a part of it on the 1st of Shravun, but we have no knowledge of the writer. On the 15th of Shravun D. B. sent a letter to the Durpun full of abuse, and we now enter upon a reply to him. The pride of this Koiburtu, who is nothing but a servant, can no longer be borne.

Mr. Editor, we are sixty families of Kaists, who have for a long time resided at Molunga in this city. In our section, the late Tilukram Pakrassy and Rheedoyram Bundopadhayu and Kaleechurn Haldar were the heads of the parties to which we belonged; and some of us still continue in the party of Neelkomul Bundopadhayu, the grandson of one of the above named. When the party of Haldar and Packrassy broke up, many of us entered into that formed by Baboo Bishonath Moteelol. There is no Kaist, the head of a party in Molunga and the neighbouring divisions of the town. We have always been the servants of the Brahmins, and have belonged to their party, and have never acknowledged a Kaist as the head of our party. Recently on the 1st Shraddhu of Rajah Goopeemoom Deb, when all the parties were assembled together, we accompanied each one the head of his own party on that occasion, and on the day for eating the Jul-pan, we were assembled together with the sons of the mild Sarang, and partook of food with him. If the writer intends to censure us for this, he must equally censure Radhacant Deb and Kalachand Dutt, the heads of their respeative families. Let the writer then call upon those two individuals to *perform the atonement, that they get back* their caste, for though our fault, it would appear this this first Shraddhu has been

সমাচার দর্পণ

১১৫২ সংখ্যা। বালম ১৯।] ১২ আগস্ত ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৯ শ্রাবণ। SATURDAY AUGUST 12TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1152. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 *Co.'s Rs.*

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

ইশতেহার।

জিলা মেদিনীপুরের কালেকটরী কাছারিতে সন ১৮৩৭ সালের ১৫ আগষ্ট তারিখে বিস্তর মাহালাত বাকিদারির নিমিত্ত লাটবন্দিতে আসিয়া নীলামের তারিখ মোকরর হইয়াছে অতএব যাঁহারা ভূমি সম্পত্তি ক্রয়করণবাসনা রাখেন তারিখ মজকুরে হাজির হন ইতি। ২৪ জুলাই। সন ১৮৩৭।

যে মোকদ্দমায় শ্রীমতী নবীনমণি দেবী ফরিয়াদী ও মৃত লালভিমোহন ঠাকুরের পুত্র অথচ উত্তরাধিকারী ও উইলের টর্নি শ্যামলাল ঠাকুর ও হরলাল ঠাকুর আসামী সেই মোকদ্দমায় গত ২৫ মার্চ তারিখে সুপ্রিম কোর্টে যে ডিক্রী হয় সেই ডিক্রীর হুকুমক্রমে মৃত লালভিমোহন ঠাকুরের মহাজনেরদিগকে এবং যাঁহারা তাঁহার সম্পত্তি দানদ্বারা প্রাপ্ত হইতে পারেন তাঁহারদের প্রতি হুকুম দেওয়া যাইতেছে যে উপরিউক্ত কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে তাঁহার সমক্ষে আগামি অক্তোবর মাসের ১তারিখে বা তাহার পূর্ব্ব কোন্ তারিখে হাজির হইয়া আপনং কর্জ বাবত পাওনা ও দানদ্বারা পাওনাবিষয় সাব্যস্ত করেন তাহা না করিলে উপরিউক্ত হুকুমের দ্বারা যে উপকার হইত তাহা হইবে না।

মাষ্টর আপীস ১ জুন ১৮৩৭।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৭ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব দুর্গাপ্রসাদ দত্ত ও কালীপ্রসাদ দত্তের বিরুদ্ধে বেন্দিলিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রীত হইবেক।

কলিকাতানগরের সীমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা

ইশতেহার।

তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী দুর্গাপ্রসাদ দত্ত ও কালীপ্রসাদ দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে কৃষ্ণসুন্দর বসাকের এক খণ্ড ভূমি। উত্তর দিগে এক গলি। দক্ষিণ দিগে রামমোহন দত্ত ও মধুসূদন মিত্রের এক খণ্ড ভূমি।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি তাহাতে এক পুষ্করিণী আছে ভূমি অনুমান ॥২ বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার অর্দ্ধেকাংশে ও তাহার অর্দ্ধেকাংশের মধ্যে ও তাহার অর্দ্ধেকাংশের উপর পূর্ব্বোক্ত আসামী দুর্গাপ্রসাদ দত্ত ও কালীপ্রসাদ দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে রাজনারায়ণ রুদ্রের ভূমি। দক্ষিণ দিগে নরহরি ঘোষের বাটী ও ভূমি। উত্তর দিগে মধুসূদন রায়ের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ১৭ আগস্ত বৃহস্তিবার পূর্ব্বাহ্নে বেলা দুই প্রহরের সময়ে বৈঠক হইবেক।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।
৭ আগস্ত ১৮৩৭।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক আজ্জোর্ণেড সেস অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ১৭ আগস্ত বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ পীস দপ্তরখানা।
৭ আগস্ত ১৮৩৭।

ইশতেহার।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৫০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সানরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

ইশতেহার।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১০ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল নাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ac ens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entir set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodhu*, or Grammar of Vopa Deva, with the Rules in *Sungskrit* and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The *Butrisha-Singhasun*, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The *Hitopudesha* or Salutary Instruction, translated into Bengalee from the original *Sungskrit*, by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

১৮৩৭ সালের আক্ট — নং।

হুকুম হইল অমুক মাসের অমুক তারিখঅবধি যে রাজধানীতে কৌন্সেল আছে তথাকার শ্রীলশ্রীযুত গবর্নর বাহাদুর হুজুর কৌন্সেলে এবং যে রাজধানীতে কৌন্সেল নাই তত্রস্থ শ্রীযুত গবর্নর সাহেবের প্রতি এই ক্ষমতা অর্পণ করা গেল যে ঐ রাজধানীর কোন আইনক্রমে অথবা ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলের কোন আইনক্রমে এইক্ষণে যে শপথ করিতে হয় তাহা ক্ষমা করিতে পারেন এবং উত্তর পশ্চিম প্রদেশস্থ শ্রীযুক্ত লেপ্তেনন্ত গবর্নর সাহেব তদ্রূপে শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলের কোন আইনক্রমে ঐ প্রদেশে যে শপথের ব্যবহার আছে সেই শপথকরণে ক্ষমা করিতে পারেন।

২। কিন্তু তাঁহারদিগকে এই ক্ষমাকরণের যে ক্ষমতা এই আইনের দ্বারা প্রদত্ত হইল তাহা আদালতসম্পর্কীয় কোন কার্য্যের কোন অবস্থায় যে শপথ করাইতে এইক্ষণে হুকুম আছে তদ্বিষয়ে অর্শিবে না।

৩। এবং হুকুম হইল যে এই আইনের দ্বারা দত্ত ক্ষমতানুসারে যখন শপথ করণ ক্ষমা করা যাইবে তখন ঐ ক্ষমা না হইলে যে ব্যক্তির আইনঅনুসারে শপথ করিতে হইত সে ব্যক্তির যে কর্ম্মকারকের নিকটে শপথকরণীয় ঐ শপথ না করিয়া তৎপরিবর্ত্তে মুকৃতিনামা লিখিয়া দিতে হইবে।

৪। এবং হুকুম হইল যে এই আইনের বিধ্যনুসারে যে কোন ব্যক্তি মুকৃতিপত্র করিয়া তাহাতে স্বাক্ষর করিবে যদ্যপি সেই মুকৃতিপত্রে এমত কোন মিথ্যা কথা লেখে যে তদ্রূপ মিথ্যা শপথকরণ বিষয়ে দণ্ডনীয় হইত তবে সেই ব্যক্তি এক বৎসরের অধিক না হয় এমত কাল কয়েদ অথবা গুনাহগার অথবা ঐ উভয় দণ্ডার্হই হইবে।

হুকুম হইল যে উক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ১৯ সেপ্তেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচিত হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

৩১ জুলাই ১৮৩৭।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে শ্রীযুত ডবলিউ এস টরেন্স সাহেবকে ভারতবর্ষের গবর্ণমেণ্টের জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্টের একটিং ডেপুটি সেক্রেটরীর কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে শ্রীযুত ডবলিউ এস টরেন্স সাহেবকে ভারতবর্ষের ও সুবে বাঙ্গালার গবর্ণমেণ্টের সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেন্টের একটিং ডেপুটি সেক্রেটরীর কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

২ আগষ্ট।

হাসিল ও নিমক ও আফীণ ও মারিন বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত সর চার্লস ডাইলি সাহেব উপরি উক্ত তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এস আর আলেকজান্দর সাহেব শ্রীযুত এল মেগ্নিয়াক সাহেবের পরিবর্ত্তে হাসিল ও নিমক ও আফীণ বোর্ডের একটিং ডেপুটি সেক্রেটরী ও ষ্টাম্প কাগজের সুপরিন্টেণ্ডেণ্ট হইয়াছেন।

ACT No. —— of 1837.

I. It is hereby enacted, that from the day of it shall be lawful for the Governor in Council of any Presidency of which there is a Council, and for the Governor of any Presidency of which there is no Council, to dispense with any Oath, which by any Regulation of that Presidency, or by any Act of the Governor General of India in Council is now required to be taken, and that it shall be lawful for the Lieutenant Governor of the N. W. Provinces to dispense with any Oath, which by any Regulation or any Act of the Governor General of India in Council now in force within those Provinces is now required to be taken.

II. Provided always, that the dispensing power given by this Act shall not extent to any Oath now required by Law to be taken in any stage of any judicial proceedings.

III. And it is hereby enacted, that whenever any Oath is dispensed with under the authority given by this Act, the person who, but for such dispensation, would have been legally required to take such Oath shall in the presence of the functionary by whom, but for such dispensation, such Oath would have been administered, make and subscribe a declaration in writing to the same effect with such Oath.

IV. And it is hereby enacted, that whoever shall, in any declaration made and subscribed according to the provisions of this Act, knowingly state any untruth, such that if that untruth had been stated on Oath, the person stating it would have been guilty of perjury, shall be punished with imprisonment for a term not exceeding one year, or fine, or both.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 19th day of September next.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

CIVIL APPOINTMENTS.

31st July, 1837.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to appoint Mr. H W. Torrens to officiate as Deputy Secretary to the Government of India in the Judicial and Revenue Department.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to appoint Mr. H. W. Torrens to officiate as Deputy Secretary to the Governments of India in Bengal, in the Secret and Political Department.

2d August.

Sir Charles D'Oyly, Bart., Senior Member of the Board of Customs, Salt and Opium, and of the Marine Board, has obtained leave of absence for a period of one month from this date.

Mr. H. R. Alexander is appointed to officiate as Deputy Secretary to the Board of Customs, Salt and Opium, and Superintendent of Stamps, vice Mr. L. Magniac.

শ্রীযুত এ সি বারওয়েল গত মাসের ২৬ তারিখে শ্রীযুত এচ এস লেন সাহেবের স্থানহইতে তমোলুকের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টী ও নিমক এজেণ্টী কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

২৭ জুলাই।

শ্রীযুত আর এম স্কিনর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত বীরভূমির মাজিস্ত্রেটী কর্ম্মে থাকিয়া মুরশিদাবাদের জাইণ্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

১ আগষ্ট।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি রে সাহেব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এফ ফরনেল সাহেবের পরিবর্ত্তে বীরভূম জিলার চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

হুগলির মাজিস্ত্রেট শ্রীযুত চালর্স গ্রাণ্ট সাহেব ১৮৩৬ সালের ২৩ ফেব্রুআরি তারিখে যে ছুটি পান চিকিৎসকের সর্টিফিকেটক্রমে তদতিরিক্ত ছয় মাসের ছুটি পাইয়াছেন।

জিলা রাজশাহীর সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ উইলসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

৩১ জুলাই।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এফ ফরনেল সাহেবের পরিবর্ত্তে আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রে সাহেব সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেবের অধীনে বীরভূমের সিবিলসম্পর্কীয় সাহেবেরদের চিকিৎসকতা কর্ম্ম প্রাপ্ত হইয়াছেন।

২ আগষ্ট।

নীচে লিখিতব্য সাহেবেরা সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

পদাতিক সৈন্যের দ্বাদশ রেজিমেণ্টের লেপ্তেনন্ত শ্রীযুত জন রিচার্ড আবট সাহেব আরাকানের নিজামত পল্টনের কর্ম্ম করিবেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ ফ্রিৎ সাহেব আসাম দেশান্তঃপাতি নওগাঁয়ের সিবিল সম্পর্কীয় সাহেবেরদের চিকিৎসকতা কর্ম্ম করিবেন।

শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের হুকুমক্রমে এতদ্দেশীয় ভাষাভ্যাসার্থ যে কাল নিরূপিত আছে তাহা অতীত হওয়াতে শ্রীযুত ডি কনলিপ সাহেবকে বিলাতে ফিরে যাওনের হুকুম হইয়াছে।

২১ জুলাই।

শ্রীযুত এচ এচ গ্রিথেড সাহেব রহেলখণ্ড অঞ্চলের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

২২ জুলাই।

শ্রীযুত ডবলিউ পি ওকডেন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত মুরাদাবাদের সিবিল ও সেসন জজের কর্ম্ম করিবেন।

সমাচার দর্পণ

শনিবার ১২ আগষ্ট ১৮৩৭।

প্রধান সদর আমীন ও মুনসেফ।

এইক্ষণে গবর্ণমেণ্ট এই স্থির করিয়াছেন যে যত টাকার মোকদ্দমা হউক না কেন তাহা প্রথমতঃ প্রধান সদর আমীনের দ্বারা নিষ্পত্তি হয় কেবল ইহা নহে কিন্তু তাঁহারদের একপ্রকার বেতন বর্দ্ধন করিতেও নিশ্চয় করিয়াছেন অতএব প্রধান সদর আমীনেরদের মধ্যে যাঁহারা গুণ ও সচ্চরিত্রতাবিষয়ে শ্রেষ্ঠ ও বহুকালাবধি সরকারীকার্য্য উত্তমরূপে নির্ব্বাহ করিতেছেন প্রথমত এমত চতুর্থাংশব্যক্তিকে মনোনীত করিয়া মাসিক ২০০ টাকা বেতন বৃদ্ধি করিয়া দিবেন এবং তদ্রূপ মুনসেফেরদের মধ্যেও সদগুণোপেত চতুর্থাংশ ব্যক্তিকে মনোনীত করিয়া ৫০ টাকা করিয়া মাসে বেতন বাড়াইয়া দিবেন। আমারদের ভরসা হয় যে এই নিয়ম কেবল অল্পকালের নিমিত্ত করা গিয়াছে কারণ যে সরকারী কর্ম্মকারকেরদের তুল্য কার্য্যবিষয়ক তুল্য ঝুঁকি তাঁহারদের সকলকেই তুল্য বেতন দেওয়া নিতান্ত উচিত কিন্তু এইক্ষণে তদ্রূপে তাবৎ মুনসেফ ও প্রধান সদর আমীনেরদের বেতন বর্দ্ধন করা গেলে সরকারী কোষের উপর ভারের গৌরব হয়। আরো গবর্ণমেণ্ট এই বিবেচনা করিয়াছেন যে যে সকল মুনসেফ ও প্রধান সদর আমীনেরা নিযুক্ত আছেন তাঁহারদের সেরেশতার বেতন অতিঅকিঞ্চন বোধ হয়। ফলতঃ আদৌ এই সকল গুরুতর কর্ম্ম নির্ব্বাহার্থ তাঁহারদের সেরেশতার যে বেতন নির্দ্দিষ্ট হইয়াছে সে এমত অকিঞ্চন যে তদ্দ্বারা কিরূপে কার্য্য চলিতেছে বোধ হয় না। এইক্ষণে এই নিশ্চয় করা গিয়াছে যে প্রত্যেক প্রধান সদর আমীনেরদিগকে সেরেশতার নিমিত্ত মাসে ৫০ টাকা করিয়া অধিক দেওয়া যাইবে এবং প্রত্যেক মুনসেফেরদিগকে সেরেশতার নিমিত্ত মাসিক ৩০ টাকা অধিক দেওয়া যাইবে। এইপ্রকারে যে রীতির পরিবর্ত্তন হইয়াছে ইহাতে বোধ হইতেছে যে গবর্ণমেণ্ট কিপর্য্যন্ত দেশের শুভানুধান করিতেছেন বিশেষতঃ তাঁহারদের এমত ইচ্ছা আছে যে অতিভারি বৈতনিক নানা পদ সৃজন করেন যে এতদ্দেশীয় অতিধনি ব্যক্তিরদেরও আত্মীয় স্বজনের নিমিত্ত তাহা গ্রহণার্থ অনুরাগ জন্মে।

পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

কএক বৎসর হইল পোলীসের সাধারণ কর্ত্তৃত্ব কার্য্য দুই জন অতিনিপুণ অথচ সতর্ক ব্যক্তির হস্তে অর্পিত ছিল তাঁহারদের মধ্যে এক জন বঙ্গাদি প্রদেশে অপর জন পশ্চিম প্রদেশে ছিলেন। তৎপরে শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্কের আমলে যখন বর্ত্তন কর্ত্তনের কমিটি নিযুক্ত হইল তখন তাঁহারা সাধারণ ব্যয় লাঘবকরণনিমিত্ত ঐ পদ উঠাইয়া দিলেন কিঞ্চিৎ পরে দৃষ্ট হইল যে ঐ পদ উঠাইয়া দেওয়াতে দেশের অনিষ্টব্যতিরেকে কিছু ইষ্ট হইল না চুরী ডাকাইতী ও খুনের আশ্চর্য্যরূপ বৃদ্ধি হইয়াছে অতএব দেশের মধ্যে প্রাণধনের কিছু স্থৈর্য্য নাই। এই বৎসরের মধ্যেই প্রত্যক্ষ হইয়াছে যে কলিকাতাতে শ্রীযুত চীফ জুষ্টিস সাহেবের ঘরপর্য্যন্তে চুরী হইয়াছে এবং চব্বিশপরগনার মাজিস্ত্রেট সাহেব ও সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরদের ঘর লুঠ হইয়াছে ফলে এমত দিন নাই যে কলিকাতা অঞ্চলে অতিদারুণ ডাকাইতী না হইতেছে। অতএব গবর্ণমেণ্ট সাধারণ্যে তাবৎ দেশের প্রতি বিশেষতঃ চব্বিশপরগনার প্রতি দৃষ্টিপাত করিয়া বঙ্গাদি ও পশ্চিম প্রদেশের পোলীসের উপর এক২ জন সুপরিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত করিতে স্থির করিয়াছেন।

ডাকের দ্বারা সম্বাদপত্র প্রেরণ।

নানা রাজধানীতে নানা ভাষাতে যত সম্বাদপত্র প্রকাশিত হয় তাহার মধ্যে কত পত্র ডাকের দ্বারা প্রেরণ করা যায় তাহার এক ফর্দ্দ গত সপ্তাহের ফ্রেণ্ড অফ ইণ্ডিয়াতে প্রকাশ হইয়াছে। তাবৎ ভারতবর্ষের মধ্যে ৪২ খান সম্বাদপত্র মুদ্রিত হইতেছে। এতদ্দেশের মধ্যে যত ইঙ্গরেজী সম্বাদপত্র মুদ্রাঙ্কিত হয় এবং ডাকের দ্বারা কত প্রেরিত হয় তাহার ফর্দ্দ প্রকাশ করিলে পাঠক মহাশয়েরদের তাদৃশ উপকার নাই কিন্তু তাঁহারদের জ্ঞাপনার্থ এই রাজধানী বা অন্য রাজধানীতে দেশীয় ভাষার মুদ্রিত সম্বাদপত্র ডাকের দ্বারা কত

Mr. A. C. Barwell received Charge of the offices of Salt Agent and Superintendent of Tumlook Salt Chokies from Mr. H. S. Lane, of the 26th ultimo.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

27th July.

Mr. R. M. Skinner to be Joint Magistrate and Deputy Collector of Moorshedabad, retaining charge of the Magistracy of Beerbhoom, until further orders.

1st August.

Mr. Assistant Surgeon G. Rae to perform the Medical duties of the Civil station of Beerbhoom, vice Mr. Assistant Surgeon F. Furnell.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. Charles Grant, Magistrate of Hooghly, for six months, on medical certificate, in extension of the leave granted to him on the 23d February, 1836.

Mr. Assistant Surgeon A. Wilson, attached to the Civil station of Rajeshahy, for fifteen days, on private affairs.

31st July.

No. 157 of 1837.—The services of Assistant Surgeon G. Rae are placed at the disposal of the Governor of Bengal, for the Medical duties of the Civil station of Beerbhoom, vice Assistant Surgeon F. Furnell.

2d August.

No. 152 of 1837.—The services of the undermentioned officers are placed at the disposal of the Right Honourable the Governor of Bengal:

Lieutenant John Richard Abbott, of the 12th Regiment Native Infantry, to do duty with the Arracan Local Battalion.

Assistant Surgeon H. Freeth to perform the Medical duties of the Civil station of Nowgong in Assam.

Mr. D. Cunliffe having exceeded the period within which, under the Orders of the Honourable the Court of Directors, he ought to have qualified himself for the public Service by proficiency in the Native languages, has been ordered to return to England.

21st. July.

Mr. H. H. Greathed to be an Assistant under the Commissioner of the Rohilcund Division.

22d July.

Mr. W. P. Okeden to conduct the duties of a Sessions Judge at Moradabad, until further orders.

SUMACHAR DURPUN.

SATURDAY, AUGUST 12TH, 1837.

Principal Sudder Ameen and Moonsiffs

Government have determined, not only to entrust to the Principal Sudder Ameens, the cognizance of all causes of whatever amount in the first instance, but also to increase their pay in some measure. One fourth, therefore, of the Principal Sudder Ameens, the most respectable in character and attainments, and of the longest standing, are to be selected, to whom additional personal allowances of 200 Rupees a month will be given. In like manner also, one-fourth of the number of Moonsiffs are to have their pay increased by 50 Rupees a month each. This is, we hope, only a temporary arrangement, for it appears but reasonable, that those who have equal duties and responsibilities, should receive equal allowances. To have extended the increase to all Moonsiffs and Principal Sudder Ameens would have been too heavy a charge at present on the public funds.

Government have also taken into consideration the very inadequate sum which both the Principal Sudder Ameens and the Moonsiffs receive for their establishment of officers. In fact, the sum originally fixed for this object was so low, that the wonder is how business has gone on at all. It has now been determined to augment the allowance of all the Principal Sudder Ameens throughout the country for their establishment by 50 Rupees a month, and also to allow to all Moonsiffs, without any distinction, an increase of 30 Rupees a month for this purpose. These beneficial changes shew the anxiety of Government to promote the welfare of the country: and to create offices of trust with large allowances, which no native, however wealthy his family may be, will not covet for his relations.

Superintendent of Police.

Some years ago, the Chief Superintendence of the Police was committed to two officers of great experience and ability, one of whom was stationed in the Lower Provinces and the other in the Western. But when the Finance Committee was established during Lord William Bentick's administration, they recommended that the office should be abolished in order to save the expense which it cost. But it appears to have been found that the abolition has done no good to the country; that thefts, robberies and murders have increased to an amazing extent; that person and property are not safe. Within this year we have heard of the Chief Justice's room being robbed, of the Magistrate of the 24-Pergunnahs, of the Judge of the Sudder Dewanney Adawlut being robbed. In fact, not a single day occurs in which some daring robbery is not committed in the neighbourhood of Calcutta. Government have determined, looking not only particularly at the 24-Purgunnahs, but generally through the country, to re-establish the office of Superintendent of Police in the Lower and in the Western Provinces.

Dawk Circulation of Newspapers.

Last week there appeared in *the Friend of India*, a statement of the Dawk circulation of all the newspapers which are published in all languages at all the Presidences. The number of newspapers is 42. It would not be interesting at all to our readers were we to give them the names and the circulation by dawk of all the English Newspapers; but we have copied below for

বাহির হয় তাহার এক বিবরণ প্রকাশ করিলাম তথাপি ওদ্বারা কত সম্বাদপত্র বিক্রয় হয় নিশ্চয় জ্ঞাত হওয়া যাইবে না যেহেতুক শহরের মধ্যে কত বিক্রয় হয় তাহা আমরা জ্ঞাত হইয়া লিখিতে পারিলাম না ডাকের দ্বারা প্রেরিত অপেক্ষা তাহা অনেক অধিক হইবে।

১ অক্টোবরঅবধি তাবৎ সম্বাদপত্রের উপর ডাকমাসুল কম করা যাইবে বিশেষতঃ বঙ্গদেশে ও অন্যান্য প্রদেশে যে স্থলে ৵১০ আনা নির্দিষ্ট আছে সেই স্থলে ৵ আনা করিয়া হইবে এবং তদতিরিক্ত সর্ব্বস্থানেই ৶ আনা লাগিবে অতএব ঐ তারিখের পরঅবধি দিল্লীঅবধি কুমারিকা অন্তরীপপর্য্যন্ত অর্থাৎ ভারতবর্ষের এক সীমাঅবধি অপর কোন সীমাপর্য্যন্ত সম্বাদপত্র প্রেরণে কেবল ৶ আনা মাসুল লাগিবে। পাঠক মহাশয়েরা আরো মনে রাখিবেন যে ঐ তারিখের পরঅবধি দশ ক্রোশপর্য্যন্ত সম্বাদপত্র প্রেরণে কেবল / আনা করিয়া মাসুল লাগিবে এবং অন্যান্য ইচ্ছামত পত্র বেরিং পোষ্টে প্রেরণ করিতে পারিবেন কেবল এইমাত্র বিশেষ যে যাঁহার নামে ঐ পত্র প্রেরিত হইবে তিনি তাহার মাসুল দিবেন।

শ্রীরামপুর...	সমাচার দর্পণ...	বাঙ্গলা ও ইঙ্গরেজী ...	১৩৩
বোম্বাই...	দর্পণ ...	মহারাষ্ট্রীয় ও ইঙ্গরেজী	৬১
আগ্রা ...	আগ্রা আকবার	পারস্য ...	৩৭
লুধিয়ানা	লুধিয়ানা আকবার...	পারস্য ...	২০
কলিকাতা	সুলতানউল আকবার	পারস্য ...	২৭
দিল্লী ...	দিল্লী আকবার	পারস্য ...	২৫
কলিকাতা	জামজাহাননামা...	পারস্য ...	২২
বোম্বাই...	চাবুক ...	পারস্য ...	১৭
কলিকাতা	মখে আলম আফরোজ	পারস্য ...	১৫
কলিকাতা	জ্ঞানান্বেষণ	বাঙ্গলা ও ইঙ্গরেজী	১১
কলিকাতা	সমাচার চন্দ্রিকা	বাঙ্গলা ...	১১
মান্দ্রাজ...	চিন্নেপটন বর্ত্তাকী...	তেলিঙ্গ...	১০
বোম্বাই ...	সমাচার ...	...	১০
বোম্বাই ...	জেমিজমসিদ ...	পারস্য	৫
কলিকাতা	আইন সেকন্দর	পারস্য	২৫

শপথকরণবিষয়ে যে নূতন আইনের পাণ্ডুলেখ্য প্রকাশ হইয়াছে তাহা আমরা এই দর্পণে অর্পণ করিলাম।

লার্ড অকলণ্ড।

কিয়দ্দিবস হইল শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব ও শ্রীমতী মিস ইডেন অশ্বারোহণে বায়ুসেবনার্থ ভ্রমণ করিতেছিলেন ইতিমধ্যে এতদ্দেশীয় এক ব্যক্তি অগ্রসর হইয়া দোহাইকোম্পানিরং বলিয়া অশ্বের লাগাম ধরিল তাহাতে অনেক কষ্টে সহীস ও তুরুকসওয়ার লাগাম ছাড়াইয়া দিল।

অতিধনবতী এক মোগলানীর নামে অভিযোগ।

কলিকাতার মধ্যে অতিধনী এক জন মোগল সওদাগরের স্ত্রীর নামে নালিস হয়। ঐ মোকদ্দমার বিবরণে কলিকাতাস্থ এতদ্দেশীয় প্রায় তাবজ্জনি ব্যক্তিরদের মনোযোগ হইয়াছে কিন্তু গত সপ্তাহে গ্রাণ্ডজুরীরদের নিকটে ঐ মোকদ্দমা উপস্থিত হওয়াতে তাঁহারা খুনবিষয়ক অভিযোগ অগ্রাহ্য করিয়াছেন।

their information, that which refers to the Native papers whether published at this or at other Presidences. This, however, does not afford a clue to the whole circulation of each paper, because it does not include the copies which are distributed in the town, and which exceed by far the number of those which are sent by Post.

From the first of October next, the postage on all newspapers will happily be reduced; in Bengal, and its vicinity, from two annas and a half to two annas; and in all other places to three annas, so that after that date a newspaper may be sent from Delhi to Cape Comorin, from one end of India to the other for the small sum of three annas. Our readers will also remember, that from that date also, all letters which circulate only within the distance of 20 miles, will be charged at the rate of one anna; and, moreover, all letters may be sent bearing, and the postage made payable by the individual who receives it.

Serampore,......	The Sumachar Durpun,......	Bengalee and English, ...	133
Bombay, ...	The Durpun,......	Marhatta and English, ...	61
Agra, ...	Agra Ukhbar, ...	Persian, ...	37
Loodianah,......	The Loodianah Ukhbar, ...	Persian, ...	20
Calcutta, ...	Sultan Ool Acbar, ...	Persian, ...	27
Delhi, ...	Delhi Ukhbar, ...	Persian, ...	25
Calcutta,.... ...	Jan Jehan Nameh, ...	Ditto,...	22
Bombay, ...	Chabook, ...	Ditto,......	17
Calcutta, ...	Mokeh Allum Afroge, ...	Ditto,......	15
Calcutta, ...	The Gyanunneshun, ...	Bengalee and English,.........	11
Calcutta, ...	Sumachar Chundrika, ...	Bengalee, ...	11
Madras, ...	Chennapatan Vertanta,.........	Gentoo,......	10
Bombay,... ...	Sumachar, ...	—	10
Bombay, ...	Jamejumseed, ...	Persian, ...	5
Calcutta, ...	Ine Secunder, ...	Ditto, ...	25

We publish to-day the Draft of a Regulation which has just been promulgated relative to oaths.

Lord Auckland.

As Lord Auckland was out on horseback with Miss Eden, a day or two ago, a native thurst himself before his Lordship, exclaiming Dooai Company, and seized the bridle of the horse. It was with great difficulty that the syce and the trooper could drive the man off.

Charge against a wealthy female Mogul.

This case, which was a charge of murder against the wife of one of the most respectable Mogul merchants in Calcutta, and which has excited intense interest in the Native community, was brought last week before the Grand Jury, who ignored the bill for murder.

অতিধনাঢ্যা মান্যা আবাসী খানমের প্রতি হত্যা করণাভিযোগের মোকদ্দমার গত বৃহস্পতিবারে সুপ্রিম কোর্টে বিচার হইল তাঁহার অন্তরঙ্গ কুটুম্বাদির অনুরোধে তাঁহাকে একখান বুঁচার দ্বারা আদালতে আনয়নার্থ হুকুম হইল। ঐ বুঁচা চতুষ্পার্শ্বে ঝিলমিলে আবৃত থাকাপ্রযুক্ত কাহারো দৃষ্টিগোচর সম্ভাবনা ছিল না। জুরীতে যাঁহারা আহূত হইয়াছিলেন তাঁহারদের মধ্যে কেহং পূর্ব্বে এমত কহিয়াছিলেন যে অবশ্য ঐস্ত্রীকে আমরাদোষিণী করিব ইহা দৈবায়ত্ত কোন ব্যক্তি শুনাতে আসামীর উকীল শ্রীযুত প্রিন্সেপ ও শ্রীযুত পিয়র্সন সাহেব জুরীরদের মধ্যে বাছনি করিয়া ১২ জনকে অগ্রাহ্য করিলেন। এই মোকদ্দমার বিষয়ে তাবল্লোকের মহানুরাগপ্রযুক্ত আদালতে অত্যন্ত জনতা হইয়াছিল। মোকদ্দমা পূর্ব্বাহ্ন দশ ঘণ্টাবধি আরম্ভ হইয়া রাত্রি ৯ ঘণ্টাপর্য্যন্ত চলিল তৎপরে জুরীর সাহেবেরা স্বং আসনোপবিষ্ট হইয়াই ঐ স্ত্রীকে নির্দোষা করিলেন।

বুহ্রম্পুরহইতে আগত ৬ আগষ্ট তারিখের এক পত্রে লেখে যে মুরশিদাবাদের নওয়াবকে উপাধি প্রদানার্থ বর্ত্তমান মাসের সপ্তদশ দিবস নির্দিষ্ট হইয়াছে ঐ দিবসে শ্রীযুক্ত নওয়াবের মিত্র শ্রীলশ্রীযুক্ত চতুর্থ উলিয়ম বাদশাহ শ্রীযুক্ত নওয়াব সাহেবকে যে হেনোবিরিয়ন গুএলফিক উপাধি প্রদান করিয়াছেন তাহার চিহ্ন ধারণ করিবেন ঐ স্থানে গুয়াল্‌ফিক্‌ উপাধিক কোন ব্যক্তি নাই এইপ্রযুক্ত শ্রীযুক্ত নওয়াব ঐ সম্ভ্রমজনক চিহ্ন বৃটিস রেসিডেণ্ট শ্রীযুত মেলবিল সাহেবের স্থানহইতে গ্রহণার্থ স্বীকৃত হইয়াছেন।

আমরা পূর্ব্বে লিখিতে বিস্মৃত হইয়াছিলাম শ্রীযুত সি সাহেব সংপ্রতি শ্রীলশ্রীযুত বাদশাহের যে এক ছবি প্রস্তুত করিয়াছেন তাহা শ্রীলশ্রীযুত বাদশাহ নওয়াবের নিকটে প্রেরণ করিয়াছেন তাহাতে শ্রীযুক্ত নওয়াব সাহেব পরম সন্তুষ্ট হইয়াছেন।

গবর্ণমেণ্টের লাটরি।

পঞ্চম দিবসীয় খেলাতে লাটরীর কমিটি অর্থাৎ গবর্ণমেণ্টের আশ্চর্য্য সৌভাগ্য প্রকাশ হইল বিশেষতঃ যে সকল টিকিট অবিক্রেয় ছিল তাহার মধ্যে ৩ খান প্রায়িজ হইয়াছে একখান ১০,০০০ এক খান ২০,০০০ একখান ৫০,০০০ টাকার। অপর একখান ১০,০০০ টাকার টিকিট এতদ্দেশীয় এক ব্যক্তির নামে উঠিয়াছে।

শ্রীমতী মিস ইডেন।

৪ আগষ্ট তারিখে কোম্পানির এণ্টরপ্রায়িজনামক বাষ্পীয় জাহাজ ভাটিয়ানে যায়। তাহাতে শ্রীমতী মিস ইডেন স্বাস্থ্যার্থ সাগরাঞ্চলে যাত্রা করিয়াছেন।

ডাকাইতী।

বর্ত্তমান মাসের ১।৩ তারিখে মুচিখোলার শ্রীযুত রেটরি সাহেবের বাটীতে ও শ্রীযুত বেল সাহেবের বাটীতে অতিদারুণ দুই ডাকাইতী হয়। দুই ডাকাইতীতেই তাঁহারদের ঘরে যত তৈজসাদি ছিল সমুদায় লইয়া গিয়াছে। ভরসা হয় যে এইক্ষণে গবর্ণমেণ্ট বাঙ্গালি ও পশ্চিম প্রদেশে পোলীসের দুই জন সুপরিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত করণেতে দস্যুরদের অত্যাচার নিবারণার্থ কোন প্রবল উদ্যোগ করা যাইবে। গত কএক বৎসরাবধি এইরূপ চুরি ডাকাইতীর অত্যন্ত বৃদ্ধি হইতেছে।

The Supreme Court was occupied the whole of Wednesday in the trial of Abbassee Khanum for man-slaughter. At the earnest request of her friends, she was brought into Court in a kind of Tonjon, usually called, we believe, of *boncha*, with venetian blinds to skreen her from public gaze. As some of those summoned for the jury were heard to declare that they would bring her in guilty, the Council employed for the defence, Messrs. Pearson and Prinsep, challenged no less than twelve. The Court was excessively crowded, and the trial appeared to excite great interest. It lasted from ten in the morning to nine in the evening, when the Jury, without quitting their seats, pronounced a verdict of not guilty.

(From a Correspondent of the Englishman.)

Berhampore, August 6.—" Preparations are making here for the investiture of the Nawaub on the 17th instant. His Highness is then to receive the Grand Cross of the Hanoverian Guelphic order which has been conferred upon him by his friend and ally William the Fourth. As there are no Guelphic knights immediately at hand, the Nawaub has consented to receive the distinction from the hands of the British resident, the Honourable W. Melville.

I think I never mentioned to you that a full length portrait of his Britannic Majesty, by Sir W. Shea, was lately sent out to the Nawaub by William the Fourth. It is apparently much prized by his Highness."

Government Lottery.

The fifth day's drawing of the Lottery took place this week and the Lottery Committee, alias the Government, had the extraordinary luck to obtain three great prizes among the tickets unsold, namely, a prize of 50,000 Rs. a prize of 20,000 Rupees, and one of 10,000 Rupees. Another prize of 10,0000 Rs. fell to the chance of a Native.—*Courier.*

Honourable Miss Eden.

The H. C. Steamer *Enterprize*, proceeded down the river this morning, having on board the Honourable Miss Eden, who is making a short trip to the Sand Heads for the benefit of her health. —*Cour. 4th Aug.*

Robberies.

Two very daring robberies were committed on the 1st and the 3d instant at Garden Reach, one at the residence of Mr. Rattray, the other in that of Mr. Bell. In both instances the thieves succeeded in carrying off all the plate in the house. It is to be hoped that as Government have now appointed a Superintendent of Police for the Lower Provinces some effectual steps will be taken, to protect the country from the depredations of thieves. These depredations have encreased to an alarming extent within the last few years.

অপর হরকরার এক জন পত্রপ্রেরক লেখেন যে আপনার অদ্যকার সম্বাদ পত্রে দেখিলাম যে মুচিখোলাতে অতিভয়ঙ্কর ডাকাইতী হইয়াছে। এই কাশীপুর স্থানীয় দস্যুরাও তত্তুল্য সাহসী কোম্পানির কারাখানাতে যদ্যপি প্রহরিরা দিবা রাত্রি চৌকি দিতেছে তথাপি এইস্থানে পুনর্ব্বার একটা ঘোরতর ডাকাইতী হইয়াছে। আমার এই স্থানে চারিবার ডাকাইতী হয় এবং এই অঞ্চলে এমত ব্যক্তি নাই যে তাহার বাটীতে ডাকাইতী হয় নাই। এইমাত্র আরো একটা ডাকাইতীর সম্বাদ শুনিলাম বিশেষতঃ দস্যুরা একটা দোতালা শয়নাগারে উঠিয়া ঘড়ী ও বস্ত্রালঙ্কারাদি যাহা ছিল সমুদায় লইয়া গিয়াছে।

কলিকাতায় ফাঁসী।

গত সোমবার পূর্ব্বাহ্ণে মাছুয়া বাজার বাসি এক জন ওস্তাগরকে হত করণাপরাধে পীরবক্সনামক ব্যক্তির ফাঁসী হইয়াছে।

ওলাউঠা।

দৃষ্ট হইতেছে যে হয়দরাবাদে ওলাউঠা রোগের অতিপ্রাদুর্ভাব হইয়াছে ঐ স্থানে প্রতিদিন প্রায় ১৫০।২০০ লোক করিয়া মারা যাইতেছে। তাহাতে ঐ রোগ শান্ত্যর্থ তত্রস্থ লোকেরা নানাপ্রকার অযুক্ত ধর্ম্মানুষ্ঠান করত দেবতারদের প্রীত্যর্থ শতং বলিদান করিতেছে।

তৎপরে শ্রুত হওয়া গেল যে হয়দরাবাদে যে ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছিল তাহা সত্যাপেক্ষা কিঞ্চিদতিরিক্ত কিন্তু শিকন্দরবাদে ঐ রোগের যৎপরোনাস্তি পরাক্রম হইয়াছে। ১৮ তারিখে অতি দরিদ্র ৫০০ ব্যক্তি ওলাউঠা রোগে মারা পড়িয়াছে ১৯ তারিখে প্রায় তত্তুল্য মারী হয় তৎপর দিবসেও তাদৃশ ন্যূন নহে।

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌর শ্রীলশ্রীযুক্ত নূতন রাজা অতি পরিমিত ব্যয়পুরঃসর স্বীয় রাজ্যকার্য্য আরম্ভ করিয়াছেন তাবৎ ইউরোপীয় মোসাহেবেরদিগকে বিদায় করিয়াছেন এবং বেতনভুক হইয়া যে সকল ব্যক্তিরদের কিছু কার্য্য করিতে হইত না তাঁহারদিগকেও প্রস্থাপিত করিয়াছেন।

মান্দ্রাজের রাহাদারী মাসুল।

মান্দ্রাজ রাজধানীতে এইক্ষণে রাহাদারী মাসুলের কিঞ্চিৎ শৈথিল্য হইয়াছে। অনেক দ্রব্যের মাসুল উঠানগিয়াছে তাহাতে সাধারণ অনুমানে গবর্ণমেণ্ট প্রায় ১০ লক্ষ টাকাপর্য্যন্ত ক্ষতি স্বীকার করিয়াছেন।

নেপাল।

ইঙ্গলিসমেন সম্বাদপত্রের দ্বারা অবগম হইল যে সংপ্রতি নেপালের শ্রীযুক্ত রাজপুত্রের মৃত্যু হওয়াপ্রযুক্ত কাটমাণ্ডুতে মহা গণ্ডগোল হইয়াছে। কেহ২ কহেন যে অপদস্থ মন্ত্রিকে ঐ রাজা যে অপমান করিয়াছিলেন তাহার প্রতিফল দেওনার্থ রাজপুত্রকে তিনি বিষ খাওয়াইয়াছিলেন। শ্রীযুক্ত রাজা ও তাঁহার নূতন মন্ত্রির অতিশক্ত নিয়ম ও উদ্যোগপ্রযুক্ত ভীমসেন টাপ্পা ও তাঁহার অতিপরাক্রান্ত অনুগামি ব্যক্তিরদের নানা ষড়্যন্ত্র বিফল হইয়াছে এবং ঐ সকল ব্যক্তিরা এইক্ষণে শৃঙ্খলবদ্ধ থাকিয়া মোকদ্দমার প্রতীক্ষায় আছেন। ভীমসেন টাপ্পার হস্তে প্রায় ৩০ বৎসরাবধি নেপালের কর্তৃত্বভার ছিল ফলে একাধিপত্যই করিয়াছিলেন। কথিত আছে যে এইক্ষণে রাজা টাপ্পারদের বংশসুদ্ধ উচ্ছিন্নকরণার্থ নিশ্চয় করিয়াছেন। সংপ্রতি রাজবাটী তিন হাজার মনোনীত সৈন্যেরদের কর্তৃক রক্ষিত হইতেছে তাহারা বন্দুকে গুলি পূরিয়া সুসজ্জ আছে। রাজা বিষ খাওয়ানবিষয়ে এমত ভীত আছেন যে রাণীরা স্বহস্তে পাক করিয়া যাহা আনিয়া দেন তদ্ব্যতিরেকে অন্য কোন দ্রব্য স্পর্শ করেন না। ঐ স্থানে এমত লোক প্রবাদ আছে যে অল্প মস্তকচ্ছেদনে কার্য্য সিদ্ধি হইতে পারিবে না ওজনে এক মোন মস্তকচ্ছেদন বিনা রাজ্যের স্থৈর্য্যসম্ভাবনা নাই। ভীমসেন টাপ্পা যেমন বুদ্ধিমান্ ও সতর্ক তদ্রূপ অন্য ব্যক্তি নাই এবং কেহ২ বোধ করেন যে তাঁহার মস্তকচ্ছেদন করিলে নেপালরাজ্যের মঙ্গল হইবে না কিন্তু টাপ্পা ভ্রষ্টপরাক্রম হওয়াতে ইঙ্গলণ্ডীয়েরদের কিঞ্চিৎ মঙ্গল যেহেতুক তাঁহার নিয়ত এই অভিপ্রায় ছিল যে ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্ট ও নেপালাধিপতির মধ্যে কোনপ্রকার সৌহার্দ্দ না থাকে বর্ত্তমান মন্ত্রির পিতা ও ভ্রাতা ফলে তাবৎ বংশ্যকেই তিনি উচ্চাটিত করেন অতএব যে ব্যক্তি বাল্যকালাবধি পিতার অপকার্য্যের প্রতিফল দেওনে ব্যগ্র আছেন তাঁহার নিকটে কৃপাপাত্র হওনের বিষয় কি।

গত মঙ্গলবাসরীয় ইঙ্গলিসমেন সম্বাদ পত্রে গত মাসের সপ্তবিংশ দিবসপর্য্যন্তের নেপালীয় সম্বাদ প্রকাশ হয়। ঐ দিবসের রজনীযোগে শ্রীযুক্ত রাজা অনেক অনুযোগপূর্ব্বক প্রবোধিত হইলেন যে তিনি ভীমসেন টপপা ও তৎসহকারি ব্যক্তিরদিগকে হতকরণে সম্মত হন যেহেতুক ঐ টাপপা শ্রীমতী রাণীকেও বিষের দ্বারা নষ্ট করিতে মন্ত্রণা করিয়াছিলেন তথাপি ঐ প্রস্তাবে রাজা কদাচ স্বীকৃত হইলেন না। অপর কাটুমাণ্ডু রাজ্যে ভীমসেনের যত সম্পত্তি ছিল সমুদায় ক্রোক হইয়াছে এইক্ষণে যত লোক কয়েদ আছে ও যাহারদের উপর পোলীস তদারক করিতেছেন তাহারা অন্যূন ৬০ জন হইবে। এই অতিভয়ঙ্কর রাজবিদ্রোহি ব্যক্তিকে হত করিতে রাজা যে অসম্মত আছেন কথিত আছে ইহাতেই রাজার ক্ষতি হইবে। এই গোলমালে সৌভাগ্যক্রমে ইঙ্গলণ্ডীয় রেসিডেণ্ট সাহেবের কিছু ব্যাঘাত হয় নাই।

চীন দেশ।

বহুকালাবধি অপেক্ষণীয় স্লিপ জাহাজ অতঃপরে পঁহুছিয়াছে ঐ জাহাজ ১৭ জুন তারিখে চীন দেশ ত্যাগ করিয়া অত্যল্পকালের মধ্যে উত্তীর্ণ হইয়াছে তদ্দ্বারা যে সম্বাদ প্রাপ্ত হওয়া যায় তাহাতে কোন উৎসাহ জন্মে না। গোপনে যে জাহাজে দেশের মধ্যে আফীণ যায় ঐ জাহাজের অনায়াসে গমনাগমন বিষয়ে কোন নিয়ম হয় নাই অতএব আফীণের ব্যবসায় কেবল পূর্ব্বতটস্থ উপদ্বীপের মধ্যে কিঞ্চিন্মাত্র হইয়াছিল। সংপ্রতি চীনীয় গবর্ণমেণ্টের গের্দওয়ারী নৌকা আফীণ বোঝাই একখান ক্ষুদ্র জাহাজকে ধরিয়া তাড়না করত ডুবাইয়া দিয়াছে তাহাতে যত প্রাণী ছিল সকলই মারা পড়িয়াছে এবং ১০০ সিন্দুক আফীণ ডুবে গিয়াছে ইহাই আফীণ বাণিজ্যের উন্নতির এক নূতন ব্যাঘাতক বলিতে হইবে।

পত্রপ্রেরকেরদের প্রতি।

কস্যচিৎ ভ্রমণ কারিণ ইতিস্বাক্ষরিত পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে কলিকাতাস্থ মান্য এক বাবুর অনেক গ্লানি লেখেন সুতরাং প্রকাশ্য বোধ হইল না।

বাগবাজার নিবাসিনঃ শ্রীকাশীনাথ শর্ম্মণ ইতিস্বাক্ষরিত পত্রে ধর্ম্মসভার দলাদলি বিষ

A Correspondent in the *Hurkara* adds, I see in your paper of this morning, mention made of a daring robbery at Garden Reach. The thieves are equally active and daring in this quarter; another robbery has been effected in the Foundery, although there are Chowkeedars on all sides night and day. I have been robbed no less than four times, and few in this neighbourhood have escaped. I have just heard of another; the thief or thieves entered the upper sleeping room and took away a watch, clothes, &c.

Execution in Calcutta.

Peerbux was executed on Monday morning for the murder of Oosaguгr a Sheek, residing in Muchooa Bazar.

Cholera.

The Cholera appears to have broken out with great fury at Hydrabad. The number of victims daily amounted to 150, some say 200. The Natives were engaged in every kind of superstitious observance with the view of averting the disease; and whole hecatombs of buffaloes had been sacrificed to appease the gods.

We have since learned that the report of the Cholera at Hydrabad was a little exaggerated; but that this disease had broken out with great verulence at Secunderabad. On the 18th upwards of 500 persons, chiefly of the poorer orders died of the cholera; on the 19th the mortality was nearly as great, and not much less on the following day.

Lucknow.

The new King has commenced his reign with great economy. All the European aid-de-camps have been dismissed, as well as every other sinecurist.

Madras Transit Duties.

A relaxation of the transit duties has at length been granted to the Madras Presidency; the duties have been taken off a great number of articles, by which a sacrifice of ten lakhs of Rupees of Revenue has been made to the convenience of the public.

Nepaul.

We learn from the *Englishman* that a very great commotion has just taken place at Cathmandu, in consequence of the death of the King's son, who some say was poisoned by the ex-minister in revenge for the disgrace which the King had inflicted on him. The energetic measures of the King and his new minister have defeated all the machinations of Bheem Sein Tappa and his powerful adherents, all of whom are now in irons awaiting their trial. Bheem Sein Tappa has held the sovereignty of Nepaul for thirty years with most despotic sway, and the King is said to have determined to extirpate the whole race of the Tappas. He has his palace now guarded by 3000 of his chosen soldiery with loaded muskets. He is so much afraid of being poisoned, that he will eat nothing but that which has been cooked and brought by the Ranees. It would appear that a few heads will not suffice on the present occasion. It is said that a maund of heads are necessary to secure peace to the state. Bheem Sein Tappa has left no equal for talent and ability, and it is much to be doubted whether the execution of him will be at all beneficial to the state. His removal, however, will probably be beneficial to British interests, as it has always been his policy to prevent all intimacy and good understanding between the Governments. He was the executioner of the minister's father and brother, and, indeed, of his whole family. He has, therefore, little to expect from one who has been thirsting for many years to revenge his father's death.

The *Englishman* of Tuesday gives us additional intelligence from Nepaul to the 27th of last month. During that night the King was strongly urged to put Bheem Sein Tappa and his adherents to death, for having compassed the Queen's death by poison, but he positively refused his assent to the proposal. All the property belonging to Bheem Sein both in Cathmandu and in the country had been seized. The number of persons in custody or under surveillance is said to exceed sixty. The hesitation of the King to get rid of this formidable statesman is likely, it is said, eventually to cost him dear. The British Residency has been left untouched.

China.

The long expected *Sylph* has at length made her appearance, having left China on the 17th June, and made the voyage in a very short space of time. The intelligence received by this opportunity is not very encouraging. No arrangement has yet been made for the free passage of the smuggling boats, and the deliveries had, therefore, almost all been made among the islands to the eastward. One smuggling vessel had been chased and sunk by the Government guard boats, and every soul on board, together with a hundered chests of opium, had perished. This has proved an additional obstacle to the revival of the trade.

To Correspondents.

We have received the letter of a *Traveller*; it contains much abuse of a Baboo in Calcutta; it must be rejected.

The letter of *Kasheenath Surmunu* of Bag Bazar, regarding the parties in the Dhurmu Subha, is admirable as a reply.

য়ের বিলক্ষণ প্রত্যুত্তর প্রদত্ত হইয়াছে কিন্তু বহুতর অবশ্য প্রকাশ্য প্রস্তাবসত্ত্বে তাহা প্রকাশকরণক্ষম হওয়া গেল না।

জিলা চব্বিশ পরগনার দর্পণপাঠকস্য ইত্যঙ্কিত মণ্ডল জমিদারেরদের অত্যাচার বোধক অতিদীর্ঘ পত্র প্রকাশ করিতে পারা গেল না তদ্বোধক প্রস্তাব অনেকবার প্রকাশ হইয়াছে।

ফরিদপুর দুঃখিতাপিজনানাং ইতিস্বাক্ষরিত পত্র গ্লানিকরপ্রযুক্ত অপ্রকাশ্য রহিল।

but the pressure of more important letters obliges us to exclude it.

We cannot publish the interminable letter of a *Resident in the 24-Pergunnahs* about the outrages of the Mundul Zemindars. The subject is stale.

The *Distressed of Fureedpore* cannot appear.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

গঙ্গাতীরস্থ পথ।

নূতন টেঁকশালের উত্তরাংশ লইয়া কিয়দ্দূরপর্য্যন্ত ভাটার সময়ে চড়া পড়ে তাহাতে পোলীসের প্রধান বিচারপতি ঐ স্থান আয়ত্ত করিবার নিমিত্ত যেএক নকসা বাহির করিয়াছেন সে অত্যন্ত ব্যয়সাধ্য কিন্তু ঐ স্থান রাবিস দ্বারা ভরাট করিতে গেলে গঙ্গার কিনারা পোস্তাবন্দী করিতে হয় নতুবা জোয়ারের সময়ে ঐ রাবিস ভাসিয়া যাইতে পারে তাহাতে যে খরচ পত্র হইবেক স্থির করিয়াছেন বিবেচনা করিতে গেলে ঐ খরচ পত্র অল্পই বোধ হয় যদি ঐ স্থলে বাটী নির্ম্মাণ করা যায় তবে এই রাজধানীর অত্যন্ত সৌন্দর্য্য বৃদ্ধি হয় কিন্তু তৎপূর্ব্বাংশে যে সকল বাটী আছে সে সকল বাটী কেলাইব স্ত্রিটের ন্যায় পশ্চাৎ থাকিবে ইহাতে তাহার মূল্য স্বল্প হইতে পারে।

এতদ্দেশের মধ্যে অন্যান্য স্থান গঙ্গায় ভাঙ্গিয়া পড়িতেছে কলিকাতাতে তাহার বিপরীত হইতেছে কেন না এইক্ষণে যে পর্য্যন্ত চড়া পড়িয়াছে আরো পশ্চিমাংশ কিঞ্চিৎ দূর লইয়া চড়া পড়িলে শাঁকো বান্ধিয়া পারাবারে যাইবার সুসাধ্য হইতে পারে ইহাও অসম্ভাবনা নহে।—জ্ঞানান্বেষণ।

Spirit of the Native Papers.

The Strand Road.

A plan has been put forward by the Chief Magistrate for enclosing the bank of the river opposite the northern end of the Strand in the direction of the New Mint, where, at low water, a considerable portion of the land is left exposed, which, it is presumed, might be converted to some useful purpose. The idea is a bold one, but the cost of the estimated work seems to be astonishingly low, considering the vast quantity of rubbish which would be required to fill up so large a space, and the piling which would be necessary to uphold the bank of the face next to the river. The building of houses too, if conducted on both sides of the strand, might give *it a noble appearance, but would reduce* the value of the property on the east line, which would be likely to become what Clive Street is now—a back street, in lieu of the open frontage which it once possessed. In all other parts of the country the river usually encroaches on the land, but in Calcutta the opposite course has occurred, the river having been trenched on by the shore to the extent which the Strand Road now occupies. If a further acquisition can be made from the river, in process of time a suspension bridge to the western bank of the Hooghly might not be an improbable result, thus opening out access to a new suburb, which is much wanted. —*Compendium.*

আশাম।

এখানে সকল বিষয় সুস্থির আছে পূর্ব্বে দুর্দান্ত সিংফোজেরা রাজ্য উত্যক্ত করিত এইক্ষণে তাহারা শান্ত আছে কেন না আবাতে রাজা পরিবর্ত্ত হইয়াছে তাহারা নীচশত্রু বটে কিন্তু পর্ব্বতে তাহারদিগের লুকাইবার স্থান আছে একারণ কখনং তাহারা আমারদিগকে দেখিয়া উপহাস করে ঐ নীচ শত্রুদিগের মধ্যে প্রধান যে ব্যক্তি তিনি খামটী জবন্য জাতিকে আত্মপক্ষ করিতে চাহেন আর বাদলার রাত্রিতে আমারদিগের বারুদের তেজের হ্রাসতা হইবেক তৎসময়ে আমারদিগের ঘরে অগ্নি দিবেক তাহাতে আমরা ব্যস্ত থাকিব এই অবসরে তাহারা আসিয়া আমারদিগকে কাটিয়া যাইবেক এই পরামর্শ স্থির করিয়া আমরা তাহারদিগকে কিরূপ সম্মান করি জানিবার নিমিত্ত আমারদিগের নিকটে এক লোক প্রেরণ করিয়াছে এতদ্দেশে প্রায় সকল বস্তু পাওয়া যায় স্বর্ণ রৌপ্য তাম্র লৌহ আর ইস্পেন দেশীয় চেসনট এবং হার্স চেসনট ও কয়লার আকর ইত্যাদি কেবল মহৎ দুই বস্তু পাওয়া যায় না শ্রমী লোক আর উত্তম আহারের দ্রব্য আর বনে পীচ আঙ্গুর ইত্যাদি ফল পাওয়া যায় আর পর্ব্বতে এপল আকরোট ইত্যাদি মেলে এই আসাম দেশ ৩০ কিম্বা ৫০ বৎসরের মধ্যে প্রধান উপকারক গণ্য হইবেক এইক্ষণে এতদ্দেশীয় লোকেরা অন্ধকূপে মগ্ন আছে কিন্তু মাষ্টর জেনকীন সাহেব তাহারদিগকে যেরূপ শিক্ষা দিতেছেন তাহাতে তৎকর্ত্তৃক অজ্ঞাত উক্ত বস্তুসকল প্রকাশ পাইবেক।—ঐ।

Assam.

"All is still quiet here; our friends, the turbulent Singphos, are now doing a little of the diplomatic, evidently in case of reverse, on account of the changes at Ava. They are a despicable enemy, but their mountain fastnesses enable them to laugh at us occasionally. Their chief, the "Daffa Gaum," wants to enlist the "Khamptees" (a wild tribe residing on the plains, and who are living all about us) in his cause. Some wet night, when he imagines the rain will prevent the ignition of the powder, he proposes *setting fire to all the huts*, and in the confusion to rush in and cut us up! Since he made this charitable proposition he has sent delegates to know on what terms we will receive him. This country, I really believe, possesses every thing; gold, silver, iron, copper, are found; wood of all discriptions; the Spanish chestnut and horse ditto are found in the vicinity; fine beds of coal in abundance; indeed, every thing is to be found and had, except the two most essential, labour and food. Garden fruit, such as strawberries, raspberries, grapes, peaches, are found in all the jungles; apples, walnuts, &c. are found on the hills. There is no doubt that some thirty or fifty years hence, Assam will be the great emporium of India, and the rapid strides to improvement that are now taking place under the eye of that able and zealous man Captain Jenkins, will soon tend to make this much abused, little known, and,apparently,hitherto cursed country, yield up his treasures. The ignorance of the generality of people regarding this country is proverbial."

পেশওর।

কাবুল অধিপতির সৈন্যেরা আটক নদীর জল বৃদ্ধি হইলে লাহোরের সৈন্যের সহিত যুদ্ধে প্রবর্ত্ত হইবেক এই পরামর্শ করিয়া ইজাওয়ার গ্রামে একত্র হইতেছে মোসলমান চরেরা কুমার নৌনিহাল সিংহবাহাদুরকে এই সম্বাদ দিলেন অতএব রাজকুমার উত্তমং সৈন্য রাখিয়া অন্য সমস্ত সৈন্যকে লাহোরে প্রেরণ করিয়াছেন।—ঐ।

Peshawur.

The Moosulman spies reported to Koonwur Now Nehal Sing, that the army of the Cabool Chief was collecting at the village of Ysawal, with the hope of meeting the forces of Lahore at the time when the waters of the Attock should have risen. The Koonwur selected his most chosen troops and sent the rest back to Lahore.—*Ibid.*

সরস্বতী নদীর উপরি সেতু।

হুগলি জিলার চুঁচুড়ার শ্রীযুত প্রাণকৃষ্ণ হালদারের অর্থব্যয়ে সরস্বতী নদীর উপরে যে সাঁকো প্রস্তুত হইয়াছিল এইক্ষণে তাহা স্থানেং এমত ভগ্ন হইয়াছে যে নিরুদ্বেগে নৌকার যাতায়াত উচিত নহে এজন্যে এই পরামর্শ হয় যে একেবারে তাহা ভাঙ্গিয়া ফেলেন নতুবা পুনরায় বান্ধিয়া দেন কেননা বর্ষার মধ্যে ভাঙ্গিয়া পড়িবেক।—ঐ।

The Surusuttee Bridge.

The bridge which was some years ago built over the river Surrosuttee, in the Hooghly Zillah, at the expence of Baboo Prawnkissen Holdar, of Chinsurah, is in a ruinous state, being cracked in several places; so that it is not considered safe for boats to pass under it. It is, therefore, advisable, either to break it up, or repair it in an efficient manner, or in all likelihood it will give way before the end of the rains.—*Ibid.*

হিন্দুদিগের মন্দির অপবিত্রকরণার্থ দণ্ড।

১৭ জুলাই তারিখে শ্রীযুত মেং পেইন সাহেব যিনি টানা দেশের সেসন জজ তিনি গত মহরমের সময়ে হিন্দুদিগের আঘাত করাতে এবং তাহারদিগের মন্দির অপবিত্র করাতে ও উইতোবানামক বিগ্রহ ভাঙ্গাতে ১৭ জন মোসলমানকে দশ বৎসরের নিমিত্ত লৌহ শৃংখলে বদ্ধ রাখিয়া উৎকট পরিশ্রমকরণার্থ আজ্ঞা দিয়াছেন ঐ দণ্ড বিধান করাতে ধিউণ্ডি লোকেরা ও হিন্দুরা কহিল যে এতাদৃশ কুকর্ম্মকারিদিগের এ লঘু দণ্ড হইয়াছে।—ঐ।

Punishment awarded for assaulting the Hindoos and polluting their Shrine.

On the 17th July, Mr. Payne, the Session Judge at Tannah, after a careful investigation, passed sentence of ten years' imprisonment with hard labour in irons, upon 17 Moosulman who were convicted of assaulting the Hindoos, polluting a Hindoo Temple, and destroying an image of Wittoba during the late Mohurrum. The punishment awarded is considered by the people at Dhewndy and the Hindoo community a slight one for so daring an outrage. —*Ibid.*

মান্দ্রাজ।

এইক্ষণে জমিদারেরদিগের তালুকে যে জমা বন্দোবস্ত আছে তাহা সকলে দিতে অক্ষম ইহাতে আদায় হয় না অতএব কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা ঐ জমা অল্প করিতে গবর্ণমেণ্টকে অনুমতি দিয়াছেন আর কোনং স্থলে যে সকল বাকী জমা কোনক্রমে আদায়হওনের সম্ভাবনা নাই সে সকল বাকি খাজানা পরিত্যাগ করিতে অনুমতি দিয়াছেন।—ঐ.

Madras.

The Court of Directors have most liberally sent out orders authorising Government to reduce the assessment of estates prospectively, whenever such may be found to exceed their capabilities of payment, and in certain cases to relinquish the arrears that have already fallen due to Government, from the produce being inadequate to cover its claims.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদন মিদং বিশেষঃ। আপনকার নিকটে নীচে লিখিত কএক পংক্তি প্রেরণ করিলাম অনুগ্রহপূর্ব্বক দর্পণস্থ করিয়া বাধিত করিবেন।

সম্বাদপত্রের দ্বারা অবগত হইয়া আমরা পরমাপ্যায়িত হইলাম যে আমারদের শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুরে

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—Receive our salutations. We send you a few lines intended to benefit the country, which we beg you to insert in the Durpun, and to assist our views by your own remarks.

We have now, with much pleasure and satisfaction learned from the public pa-

অতঃপরে পারস্য ভাষা রেবিনিউসম্পর্কীয় তাবৎ কার্য্যহইতে উঠাইয়া দিয়া তৎপরিবর্ত্তে দেশীয় ভাষার চলন করিয়াছেন কিন্তু তথাপি আমরা দেখিয়া অত্যন্ত খেদিত হইলাম যে ঐ ঘৃণার্হ পারস্য ভাষা অদ্যপর্য্যন্ত দেওয়ানী আদালতে মূলবদ্ধ হইয়া থাকিল তাহাতে দেওয়ানী আদালতের বিচারাকাঙ্ক্ষি ব্যক্তিরদের এতদ্দেশীয় আমলার দৌরাত্ম্য সহিতে হইবে যেহেতুক তাহারা ঐ ভাষার দ্বারা তাবৎ কুব্যবহার নির্ব্বাহ করিতে পারেন কিন্তু আমরা ভরসা করি যে অল্পকালের মধ্যে শ্রীলশ্রীযুক্ত সদর দেওয়ানী আদালতে ও মফঃসল আদালতে ও ঐ ভাষা রহিত করিবেন। প্রথমতঃ তাহা নীচস্থ আদালতে চলিত হইলে এতদ্দেশীয় আমলারদের পেঁচহইতে লোক সকল রক্ষা পায় তৎপরে উপরিস্থ আদালতে তাহা চলন হইতে পারে গবর্ণমেণ্ট এমত সুনিয়ম করিলে প্রজারদের প্রতি অশেষ অনুগ্রহ প্রকাশ হয় এবং প্রজারাও তদ্দ্বারা পরমবাধিত হন।

১৮৩১ সালের ৫ আইনের দ্বারা এতদ্দেশীয় বহুতর ব্যক্তি সদর আমীনী প্রধান সদর আমীনী ও মুনসেফীকর্ম্মে নিযুক্ত হন এবং বোধ হয় যে তাঁহারা স্বং কার্য্য এমত সুনির্ব্বাহ করিয়াছেন যে তাহাতে গবর্ণমেণ্টের সন্তোষ ও দেশের হিত হইয়াছে। গবর্ণমেণ্ট আরো সদর আমীন ও প্রধান সদর আমীনেরদিগকে সম্ভ্রমজনক উপাধি প্রদান করিয়াছেন এবং তাঁহারদিগকে এমত ক্ষমতা দেওয়া গিয়াছে যে তাঁহারদের প্রতি উপরিস্থ আদালতের কোন লিখন পঠন লিখিতে হইলে তাহা রুবকারীর মত লেখা যায় কিন্তু গরিব মুনসেফেরদের প্রতি এমত অনুগ্রহ এইপর্য্যন্ত হয় নাই তাঁহারদের প্রতি উপরিস্থ আদালত কোন বিষয় লিখিতে হইলে তাহা পরওয়ানার ন্যায় লিখিয়া পাঠান এবং তাঁহারদের নাম দিয়ানৎ ও আমানৎ পানা বলিয়া অথবা মেষ্টর বলিয়া লেখেন কিন্তু ঐ সকল পরওয়ানা অত্যন্ত অসম্ভ্রমসূচকস্বরূপে লেখা যায় তাহাতে জিলার জজ সাহেবপ্রভৃতি কিছুমাত্র মনোযোগ করেন না অতএব অতিনম্রাদরে গবর্ণমেণ্টের নিকটে এই প্রার্থনা করিতেছি যে মুনসেফেরদের প্রতিও তদ্রূপ অনুগ্রহ করেন তাহা হইলে মুনসেফী পদ এক্ষণাপেক্ষা সম্ভ্রমজনক হইবে এবং মুনসেফেরদের যখন উপরিস্থ আদালতের সঙ্গে এতদ্রূপ সম্ভ্রমসূচক লিখন পঠন চলিবে তখন তাঁহারা স্বং কর্ম্ম অতিমনোযোগপূর্ব্বক নির্ব্বাহ করিতে পারিবেন। অনুগ্রহপূর্ব্বক এই পত্রখানি সংশোধিত করিয়া দর্পণে প্রতিবিম্বিত করিবেন।

কেষাঞ্চিৎ দেশহিতৈষিণাং।

যশোহর নহাটা ৫ আগস্ত ১৮৩৭।

pers, that our Governor General Bahadoor has kindly, at last, abolished the Persian, and substituted the vernacular languages for it, in the transaction of all revenue affairs. But we are extremely sorry to observe, that the said abominable Persian still continues in the Judicial department; from which the civil litigators must still suffer the oppression of the native Amlahs, who were enabled to carry on their nefarious system under the cloak of the said language. But we expect that His Lordship in Council, in a very short period, will cause it to be discontinued both in the Sudder Dewanny Adawlut as well as in the Mofussil Courts. First it may be introduced into the latter Courts with much facility to relieve the people from the screw of native Amlahs, and by degrees it may be extended to the Superior Courts; by this act the Government will confer a great boon upon their subjects, and they will not fail to be grateful for it.

Since the enactment of Regulation V. of 1831 a number of natives of the country have been appointed Sudder Ameens, Principal Sudder Ameens, and Moonsiffs, and no doubt those officers in general have discharged their respective duties with credit and satisfaction, both to Government and to the community at large. Our worthy Government have kindly bestowed honorary titles on the Sudder Ameens and Principal Sudder Ameens, and, moreover, allowed them the indulgence to correspond with their superior officers in the form of "Robakarrie" or proceedings; but the poor and helpless Moonsiffs are excluded from both of it, and they are obliged to receive "Purwannahs" from their superior officers under the address of "Deanut and Aumanutpunna or Mr. —" but in particular those Purwannahs are written in a most common and inhonorific manner, and no notice of it is ever taken by their superior officers in most of the Districts. We, therefore, most respectfully suggest, that our gracious Government would allow the same privilege to the Moonsiffs in regard to their official correspondence with their superior officers, from which change the appointment of Moonsiffs will be considered much more honorable to them than at the present. By extending the said plan of correspondence to the Moonsiffs with their superior officers they will endeavour to exert themselves in the discharge of their required duties with integrity, with a view to merit a good name, and future promotion in the service. Mr. Editor, we beg you to correct the above, and to gratify us by publishing it at your earliest convenience.

Certain Lovers of the country.

Nohatta, Jessore, 5th Aug. 1837.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

রেবিনিউ কার্য্যে পারস্য ভাষা রহিতার্থে রেবিনিউ বোর্ডের সাহেবেরা যে আজ্ঞা প্রকাশ করিয়াছেন তাহাতে আমরা তাদৃশ উপকার ও বাধ্যতা স্বীকার করি না যেহেতুক আদালতের কর্ম্মে ঐ ঘৃণিত ভাষার পরিবর্ত্তন হইলে অস্মদাদির যেপর্য্যন্ত আহ্লাদ ও সুখজনক তথা বিপুল উপকারের কারণ তদ্রূপ রেবিনিউ কর্ম্মে নহে। তৎপ্রমাণার্থ সামান্য এই এক কারণ দর্শাইতেছি যে সদর মফঃসলের জজ সাহেবেরা কেবল ডিক্রী ডিসমিস হুকুমমাত্র দেন কদাচিত [illegible] বা হিন্দী ভাষায় কিছুং অজুহাত বলিয়াও থাকেন। পরে তাঁহারদিগের সেরেস্তাদারেরা যে পক্ষে অধিক টাকা প্রাপ্ত হন রুবকারির অজুহাত প্রবল কারণ দর্শাইয়া সেই পক্ষের সাপক্ষে লিখিয়া দেন। এইক্ষণকার চলিত নিয়মানুসারে রুবকারির অজুহাত প্রবলকারণসংযুক্ত লেখানো বাদি প্রতিবাদির অত্যাবশ্যক হইয়াছে। কারণ ঐ ডিক্রীর অজুহাতদৃষ্টে আপীল গ্রাহ্যাগ্রাহ্য হয় সুতরাং এ বিষয় বাদী প্রতিবাদী যথাসাধ্য ক্ষান্ত থাকিতে পারে না। যদি বলেন জজ সাহেবেরা পারস্য ভাষায় অনভিজ্ঞ নহেন তবে কিরূপে সেরেস্তাদারকর্ত্তৃক তাহাতে চাতুরী সম্ভবে। এ কথার উত্তরে আমারদিগকে কিঞ্চিৎ সঙ্কোচ ত্যাগপূর্ব্বক সাহসী হইতে হইল আমরা জিজ্ঞাসা করি ইহারদের কিয়ৎ জজ ব্যতিরেকে কোন্ জজ সাহেব আপনাহইতে রুবকারি লেখাইতে ক্ষমতাবিশিষ্ট আছেন। পারস্য ভাষা প্রায় অনেকে বুঝেন বটে কিন্তু তাহার বক্র লিখন ও বাক্যোক্তির যথার্থ অর্থ কদাচ বুঝিতে পারেন না তৎপ্রমাণ সদর আদালতে রাবর্টসন সাহেব পারস্য ভাষা বুঝিতে অতিবিচক্ষণ এবং আমরা দেখিয়াছি তিনি নিজেও পারস্য লিখন অনর্গল পাঠ করিতে পারেন। নবদ্বীপ জিলার ঘনশ্যাম মুখুয্যের জমিদারির মোকদ্দমাতে তাঁহাকে কি আশ্চর্য্য ফাঁকি দিয়া তাঁহার মতের বিপরীত কোনং বিশেষ কথা রুবকারিতে লিখিয়া ঐ মোকদ্দমা এককালীন সাঙ্গ করিয়াছে। যখন চূড়ান্ত স্থান সদর দেওয়ানী আদালতে অনেকং মোকদ্দমাতে এতদ্রূপ চাতুরী হইতেছে মফঃসল আদালতের কথা আর কি বর্ণন করিব। যে টাকা ব্যয় করিতে পারে সে বিচারে পরাজিত হইলেও ডিক্রীর অজুহাত দেখিয়া আপনাকে জয়ী বোধ করে। ভাল আমরা জিজ্ঞাসা করি সরকারি আইনে হুকুম আছে যে ব্যক্তি যে ভাষা জানে তাঁহার জোবানবন্দি ঐ ভাষাতে লেখা যাইবেক তবে কি নিমিত্তে প্রায় সকল মফঃসল আদালতে সাক্ষির জোবানবন্দি পারস্যেতে লেখা যায়। ইহাতে এইমাত্র হইতেছে যে জোবানবন্দি লেখকেরা ফি সাক্ষি ৫।১০।১৫।২০।২৫।৩০।৪০।৫০।১০০ টাকা করিয়া ঘুস লয় উভয়বিবাদিকে কহে সাক্ষির জোবানবন্দি তোমার পক্ষে সাজাইয়া লিখিব। আমরা শুনিতেছি সদর দেওয়ানীর জজ সাহেবেরা পারস্য ভাষা আদালতহইতে উঠাইতে সমূহ প্রতিবন্ধক ইহার কারণ বোধ করিতে পারি না যেহেতুক ঐ আদালতে পূর্ব্বে যে দুই জন জজ মোসলমানের পক্ষ ছিলেন অর্থাৎ যবনদিগের তাবৎ ব্যবহার তাঁহারদিগের প্রিয় ছিল তাঁহারা এইক্ষণে কলিকাতার সদর দেওয়ানীতে নাই বর্ত্তমান জজ সাহেবদিগের মধ্যে যবনব্যবহার প্রিয় কেহ দৃষ্ট হন না তবে কি বিশেষ কারণে তাঁহারা জনসমূহের মন্দ করিতে উদ্যত হইয়াছেন। যদি বলেন তাঁহারদিগের পারস্য শাস্ত্রে অত্যন্ত নিপুণতা প্রকাশার্থ এরূপ করিতেছেন কিন্তু অস্মদাদির নিকট তাঁহারদিগের বিদ্যা বুদ্ধি গোপন নাই তবে গবর্ণমেণ্টকে যাহা চাহেন অবশ্যই জানাইতে পারেন পরন্তু এ সময় পারস্য ভাষা রহিতকরণে ঐ সাহেবেরা উৎসাহী না হওয়াতে দুই কথা রাষ্ট্র হইবেক প্রথম এই যে তাঁহারা ইঙ্গরেজী ভাষায় রুবকারি লিখনে তাদৃশ পটু নহেন অথবা আলস্যাবিষ্ট হইবেন।

বঙ্গভূমিনিবাসি প্রজানাং।

To the Editor of the Durpun.

We do not acknowledge that we have received so great advantage from, nor do we feel so much gratitude for, the recent order of the Board of Revenue regarding the abolition of Persian; for the joy and the satisfaction which its abolition in the Courts would give us far exceeds that which we feel from its exclusion from revenue affairs. And we give this one general reason for our opinion, that at the Sudder and in the Mofussil the Judges almost confine themselves simply to decreeing or dismissing a cause; occasionally they may utter some few words in Hindee. Afterwards the Sheristadar according to the party from whom he has received most money, puts the strongest reasoning into the roobucaree; according to the present regulations both the Complainant and the Defendent have a peculiar interest in the reasoning inserted in the roobucaree; for according to the contents of the decree is the appeal received or dismissed; both parties, therefore, have a direct interest in this affair. If you say that the Judges are not ignorant of Persian; where is there any room, therefore, for the contrivance of the Sheristadar? To reply to this we must cast away our dread and boldly enquire which of our Judges, with a few exceptions, are able to write roobucarees in Persian themselves. It is true that many of them understand Persian, but they certainly cannot comprehend all the turns of the language. As a proof of this, I would adduce the fact, that Mr. Robertson, one of the Judges of the Sudder Dewanny Adawlut, who is known to be one of the first Persian scholars in the country, and able to read and write it himself, was in the case of the Zemindaree of Ghunnesham Mookerjee of Nuddea, completely taken in, so that the roobucaree expressed sentiments directly the reverse of his, and thus was the cause settled. If such things can take place in the Sudder Dewanny Adawlut, what shall we say about the inferior Courts? He who can spend most money obtains the victory, and considers himself successful from perusing the roobucaree. Now we would enquire, why since the Regulations order that the depositions shall be taken down in that language which the witnesses best understand, in the greater number of the Mofussil Courts are they written in Persian. The result of this is that the writers of the depositions get from 5 to 100 Rs. from each witness, and tell the parties that they will make them smart when the depositions are taken. We have heard that the Judges of the Sudder Dewanny Adawlut are particularly averse to the abolition of Persian, for what reason we cannot tell, for two Judges of that Court, who were formerly so fond of every thing Moosulman no longer preside in it, and we know none of the present Judges who have any of these Mahomedan predelictions. Why then have they agreed to patronize that which is injurious to the people? If you say that they do it in order to display their eminent knowledge of Persian, then we say that their qualifications are not unknown to us. They can instruct Government in that which they like; but their exertions to preserve Persian at the present time leads to one of these two conclusions, either that they are not sufficiently acquainted with the English to write their roobucarees in it, or that they are exceedingly indolent.

Certain Residents in Bengal.

সেলামাবেদন মিদং। যদ্যপিও মহাশয়ের শ্রাবণস্য পঞ্চদশ দিবসীয় ১১৫৫ সংখ্যক দর্পণোদিত ন্যায়াসহিষ্ণু কস্যচিজ্জবন নামধারির শ্লেষোক্তি কএক পঙ্ক্তির উত্তরে নিরুত্তরই সদুত্তর তথাপি যবনের ভ্রান্তি শান্তি করণোপলক্ষে বিশিষ্ট শিষ্টের কুৎসা খণ্ডাইতে কএক ছত্র লিখিতে হইল ইতি।

১ দফা। পত্রপ্রেরক লেখেন যে ভাটপাড়ার শ্রীযুত বলরাম সরকারের এক গাবী অনু

To the Editor of the Durpun.

In the Durpun of the 25th of Shrabon, No. 1155, some Moosulmans, unable to bear justice, have sent a few lines written in irony, to which the best reply is to remain silent, yet to dispel their errors and to remove the approbrium of respectable men, I am obliged to write a few lines.

1st. The writer states that a cow belonging to Buluram Sirkar, of Bhatpara, having been lost, and his son not having

দেশ হওয়াতে তৎপুত্র অশেষ অন্বেষণান্তর অ প্রাপ্ত হইয়া পরে বাহাদুরি পুরঃসর ঐ গ্রামস্থ কোন ভদ্র লোকের উপর তদ্দোষারোপ করিয়া তদ্বিরুদ্ধে রাজ দ্বার সংক্রান্ত করিয়াছেন।

উত্তর হায়২ জবনের কি ভ্রমে ভুল যে কথার মুল পাওয়া ভার যেহেতুক গাবী অপহৃত হইল তাহাতে উক্ত শ্রীযুক্ত বিশেষানুসন্ধান করিয়া বিলক্ষণ প্রতীত হইলেন যে ঐ গ্রামস্থ কতিপয় অতিশয় নীচ যে যাহারদিগের নাম পত্রে লেখা অসাধ্য তাহারাই তদপহর্ত্তা। অতএব উহারদিগকে বরং কিছু না কহিয়া ভদ্রে যে অভিযোগ করিয়াছেন কিন্তু পত্রপ্রেরকলেখেন পূর্ব্বের অসূয়া স্মরণ করিয়া বাবু এক জন ভদ্র লোকের উপর এই অভিযোগ করিয়াছেন অতএব সম্পাদক মহাশয় বিবেচনা করুন শ্রীযুত সরকার মহাশয়েরা ভদ্রলোক সুতরাং ভদ্র হইয়া গাবী অপহরণের অভিযোগ ভদ্রের উপর ব্যস্ত করিবেন তাহা মহাশয়ের বিশিষ্ট শিষ্ট পাঠকবর্গেরা বিবেচনা করিয়া পত্রপ্রেরক জবনকে যাহা কহিতে হয় কহিবেন।

২ দফা। পত্রপ্রেরক লেখেন যে তিনি জ্ঞাত আছেন যে হিন্দু শাস্ত্রানুসারে গো হিংসা বধ হত্যা বা অনুদ্দেশ হইলে তদুদ্দেশে প্রায়শ্চিত্ত করিতে হয়। উত্তর গোধন অযত্নেতে নিধন হইলেই অজ্ঞংশাস্ত্রানুসারে তাহার প্রায়শ্চিত্ত করিতে হয় কিন্তু অনুদ্দেশ হইলে এবং তাহা আছে না আছে এমত সন্দেহ থাকিলে হঠাৎ তাহার প্রায়শ্চিত্ত করা যাইতে পারে না যদি জবন ইহার কিছুমাত্র তত্ত্ব না পাইয়াছিলেন তবে একে আর লিখিয়া কেন স্বীয় উন্মত্ততা প্রকাশ করিলেন।

৩ দফা। লেখক স্ববুদ্ধে বৃত্তি করিয়াছেন যে দীন দুঃখিদিগের এতদ্রূপ বিপদুপস্থিত হইলে তাহারা গলবস্ত্রকৃত হইয়া গাবীধ্বনি করত মুক্ত হন তবে যুব বাবুর পিতা তদ্রূপ করিয়া কেন মুক্ত না হন। উত্তর হায়২ জবনের বিবেচনায় ভদ্রাভদ্র ইতর বিশেষের কিছুই প্রভেদ রহিল না অর্থাৎ যে ভদ্র লোকেরা এই দায় উপস্থিত হইলে যথাবিধি বৈদকর্ম্ম ও নানা প্রকার ব্যয় ব্যসন দ্বারা মুক্ত হন। লেখক মূঢ়তা হেতু তাঁহারদের গলবস্ত্রকৃত পূর্ব্বক গাবীধ্বনিকরণ রূপ প্রায়শ্চিত্ত যাহা সামান্য লোকেরদের জন্য নির্ণীত আছে তদ্দ্বারা শুদ্ধ হওনের অভিমান করেন। কি আশ্চর্য্য জবন কি ইহাও জ্ঞাত নহেন যে সামান্য লোকেরদের ভদ্রলোকের ন্যায় প্রায়শ্চিত্ত করা অসাধ্য হেতু তাহারদের ঐ পাপহইতে মুক্ত হইবার উপায় শেষোক্ত প্রকারেই উক্ত আছে কিন্তু ইহা কদাচ ভদ্রের জন্য নহে। যাহা হউক এইক্ষণে এইপর্য্যন্তই লিখিলাম সম্পাদক মহাশয় অনুগ্রহপূর্ব্বক ঝটিতি দর্পণে অর্পণপূর্ব্বক সানন্দ করিবেন।

ভাটপাড়ানিবাসি
কস্যচিৎ ব্রাহ্মণস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিবিধ বিনয়পূর্ব্বক নিবেদন মিদং। আপনকার অতুল্য দর্পণে কএ পংক্তি নীচের লিখিতব্য প্রকাশ করিয়া বৈশ্যজীবি ব্যক্তিদিগের উপকার করিয়া বাধিত করিতে আজ্ঞা হইবেক।

১ দফা। রেশম উৎপন্ন তাবৎ স্থানে যেমন পূর্ব্বাবধি তুৎপাত জন্মিয়া থাকে তদপেক্ষা ইসমন এই লঘু বরিষণ আরম্ভ হওয়াপর্য্যন্ত যে তক তুৎফসলের বৃদ্ধি তাহা লিখিতে লেখনী অশক্ত এমত তুৎবহুকালাবধি দেখা যায় নাই ঐ তুৎ কর্ত্তৃক যে রেশম জন্মায় তাহার কীট নবপত্র ভক্ষণপূর্ব্বক কিতক রেশম উৎপন্নে সাহসী ও বলী হইয়াছে তাহা লিখিয়া বিদিত করিতে পত্রাভাব। রেশম উৎপন্নের অতি উত্তম বৎসর এই লঘু বরিষায় হইয়াছে।

২ দফা। ঐ তুৎ কৃষক প্রজাগণ এমত আনন্দ যুক্ত আছে যে বর্ত্তমানসময়ে কোম্পানির কল চলিত তক্কা প্রতি তিন কাহন গুটী বিক্রী

found her after much search, has exhibited his presumption by casting the blame upon certain respectable inhabitants of the village, and has lodged a complaint against them.

I reply, alas! how has the Moosulman mistaken the truth of this affair, so that we can scarcely discover the origin of his complaint; for when the cow was lost, the person alluded to, after diligent search was fully convinced that some of the very low inhabitants of the village, whose names I cannot put down, had stolen her. Instead of saying any thing to them, therefore, he complained against them; but the writer says that the Baboo, in memory of former grievances, has complained against the respectable man. Mr. Editor, I beg you to judge how far the Baboos, who are respectable men, are likely to lodge a complaint for the loss of the cow against a respectable man. Let your respectable readers judge of the matter, and say what appears proper to your Moosulman correspondent.

2*d*. Your Correspondent says, that he well knows, that according to the Hindoo Shastrus, it is necessary to perform an atonement whenever a cow has been lost. I reply that, whenever a cow is injured, the master, according to our Shastrus, thus performs an atonement, but not when the cow has been lost, and when it is doubtful whether the cow is alive or not. In such a case a hasty atonement is not to be performed. If the Moosulman knows nothing about this, why has he exhibited his own folly by writing one thing instead of another?

3*d*. The writer upon his own judgment states, that whenever such a misfortune befalls a poor man, he must put a rope around his neck, and uttering sounds like a cow, obtain relief from the transgression; why, then, has not the young Baboo adopted the same plan of obtaining deliverance. Alas! in the judgment of the Juvun, there is no distinction between high and low, and rich and poor. Whenever such a misfortune befalls a rich man, he acts according to the shastrus, and is released by expending some part of his money. The writer, through his ignorance, advises that they should liberate themselves by binding a rope round their neck, and by uttering sounds like a cow as the lower orders do. How astonishing that the Juvun should not know that the atonement is not the same for a rich man which it is a poor one, for the degrading kind of atonement the rich man could not perform. Be that as it may, I write thus far at present, in the hope that you will delight us by inserting this letter in the Durpun.

A Bhatpara Bramhun.

To the Editor of the Durpun.

Receive my salutations and oblige those who are engaged in business by inserting these few lines in the Durpun. I can scarcely describe the amazingly rich crop of mulberry leaves which has grown this year, in consequence of the lightness of the rains. Such a quantity of mulberry leaves has never been seen before; neither is it possible for me to describe the excellence of the silk which is produced in such large quantities from the worms feeding upon these leaves. This is certain—the finest year we have had for silk.

2d. The cultivators of the mulberry trees are so filled with joy, that they can afford

করিলেও দুঃখিত নহে ঐ তিন কাহন গুটীতে যে সুন্দর গুটী সৃষ্ট হইতেছে ইহাতে আশী সিক্কার ওজন সেরের যাহাকে পট্টনিও গুটী রেশম কহা যায় তাহা ৵৹ তিন ছটাক অবলীলাক্রমে উৎপন্ন হইবেক ঐ রেশম বাজার ওজন সর্ব্ব খরচ সম্বলিত চলিত তক্কার ৫॥৹ সাড়ে পাঁচ টাকা সের বিক্রী হইলেও তুৎ কৃষক প্রজার ক্ষতি নাই।

৩ দফা যে সকল কোরা অর্থাৎ রেশমীথান যাহা বর্ত্তমানসময়ে ব্যবসায়ি ব্যক্তিরা ক্রয় বিক্রয় করিতেছেন ঐ রেশমী কাপড় পত্রের দ্বিতীয় দফার রেশমের হিসাব প্রমাণ ওজন ৩০ ত্রিশ ভরি ১৪ হাত লম্বা২ হাত বহর ফি থান তাঁতির বেতন ৸৹ বার আনা আর রেশম ৪০ ভরির দাম ২৸৹ এগার তঙ্কা ওধারাই চাঁচাইর বেতন ⁄৹ এক আনা দালালি ৵৹ দুই আনা একুনে ৩৸৵৹ টাকা আনা সর্ব্ব খরচ সম্বলিত থান প্রতি পড়তা হইবেক। দর্পণপ্রকাশক মহাশয় বাণিজ্যকারক মহাশয়দিগের সাবধান করিবেন বর্ত্তমানসময়ে কোরা খরিদ যে থান প্রতি ৫৸⁄৹ টাকা তেরআনা ও ৬ ছয় টাকা দিতেছেন এবিষয় বিবেচনায় স্বং অধীন ভৃত্যাদিগের প্রতি আদেশ প্রেরণ করিলে উক্ত ব্যবসায় সুচারুহওনের সম্ভাবনা নচেৎ বর্ত্তমান বৎসরের যে প্রকার দ্রব্যাদি ক্রয় বিক্রয়ের বাজারহইতে অপচয়হওনের বাধা নাই।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সদর আমীন ও ডেপুটি কালেকটরদিগকে রায়বাহাদুর উপাধি প্রদান করিয়াছেন ইহা সকলেই অবগত আছেন তবে কারণ কি যে প্রায় তাবৎ সমাচারপত্রেও সরকারি পবলিক ও প্রাইবিট লিখনাদিতে ঐ মহাশয়েরদিগের নাম লিখিতে যথা প্রণালি রায় বাহাদুর না লিখিয়া প্রায় বাবু শব্দ লিখিত হইয়া থাকে। যদ্যপি পূর্ব্বকালে বাবু উপাধি অত্যন্ত মান্য ছিল যেহেতু রাজার ভ্রাতা ভিন্ন অন্যে বাবুহইতে পারিত না। কিন্তু এক্ষণে কলিকাতার ছুথার মিস্ত্রি ও চিনাবাজারের দোকানি তথা তেলি তামলি চাসা গোয়ালা তাঁতি বেণে ইত্যাদি তাবৎ অন্ত্যজ মনুষ্যেরা সকলই বাবু উপাধি সমাদর গ্রহণ করিয়াছেন। অতএব প্রাচীন ভদ্র জাতীয় সন্তানদিগকে বাবু লেখা ও বাবু বলা এক প্রকার অপমান করা হয়। যদি শ্রীযুত অনুগ্রহপূর্ব্বক সদর আমিন ও ডেপুটি কালেকটরদিগকে রায়বাহাদুর উপাধি প্রদান করিয়াছেন উচিত হয় তাবৎ লিখন পড়নে তাহারদিগকে ঐ রূপ লেখা সাধারণ মনুষ্যের ন্যায় বাবু লিখিয়া মানের লাঘব করার আবশ্যক কি।

কস্যচিৎ ত্রিপুরা জিলানিবাসিনঃ।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	॥৹	।৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	।৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥৹	১৪॥৹	ঐ
৪ টাকার লোন	২	২।৹	ঐ

বেঙ্ক সেয়র।

বাজার বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

to sell three cahuns of cocoons for a rupee without any loss. These three cahuns of cocoons will produce so much silk that three chittacks of silk, such as is called Puttoniah and gooty silk will be produced from it; this silk including all expenses may easily be sold in the Bazar at 5 Rs. 8 annas per seer, without any loss to the cultivator.

3d. The corahs which the merchants are now buying and selling according to the calculations in the second paragraph will stand thus; a piece weighing 30 bhurries, 14 cubits long and 2 cubits broad, will cost in weaving 12 anas; the silk, 2 Rs. 12 anas; the washing and clearing it, 1 anna, the dulal 2 anas; in all 3 Rs. 11anas, including every charge. Mr. Editor, the merchants should be on their guard against purchasing such cloth at 5 Rs. 13 anas the piece, and they must inform their agent of the extraordinary fall in the prices, for without care they may be losers.

To the Editor of the Durpun.

The Governor General has granted to the Sudder Ameens and to the Deputy Collectors the title of Roy Bahadoor, and this is known to all. Why, then, in all the public newspapers, and in all official and private communications with those officers is the title of Roy Bahadoor ommitted, and the word *Baboo* substituted for it? Although the term Baboo was formerly one of great honour, because it was applied to none but the brothers of a Raja, yet now in Calcutta we see carpenters, China bazar shopkeepers, oilmen, tobacco sellers, cultivators of the ground, weavers, banians, and even the lowest class of society adorned with the title of Baboo; hence to address even the members of old and respectable families as Baboos is a kind of dishonor. Since therefore, the Governor General has given those officers the title of Roy Bahadoor, all the letters that are sent to them ought to be addressed in that style, and they ought not to be reduced to the level of ordinary individuals, by the title of Baboo.

A Resident in the Zillah of Tippera.

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0	2	0	6
2d. Class,	0	[illegible]	0	4
3d. Class,	[illegible]	[illegible]	4	0
Middle 5 per cent loan,	[illegible]	[illegible]	0	0
New 5 Per Cent,	[illegible]	[illegible]	13	0
4 per Cent loan,	[illegible]	[illegible]	2	0 Dis

Bank Shares.

Bank of Bengal,............... Co's. Rs. 2,400—50[illegible]

সমাচার দর্পণ

১১৫৩ সংখ্যা। বালম ১৯।] ১৯ আগস্ত ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৪ ভাদ্র। SATURDAY AUGUST 19TH. 1837. [মূল্য মাসে ১ টাক।

No. 1153. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

রিসিবর আফীস।

জমিদারী ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় বিশ্বম্ভর শীল দিগর কৈরিয়াদী রামধ বন্দ্যোপাধ্যায়দিগর আসামী সেই মোকদ্দমায় সন হালের ৩০ মে তারিখের সুপ্রিম কোর্টের হুকুম প্রমাণ শ্রীযুত আলিয়েট মেকনাটন সাহেব রামধন বন্দ্যোপাধ্যায়ের নিজ অংশ জিলা হুগলির গঙ্গাধরপুরের রকম ।/৬।= তরফ সাঁচি তাড়া ৭৯ মৌজা ও এক মৌজার এক তেহাইয়ের রিসিবর মোকরর হইয়া ঐ জমিদারি ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব ২১ আগষ্ট সোমবার বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফীসে ঐ জমিদারি এক খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজারার মিয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক অতএব যে কেহ ইজারা লওনের প্রার্থনা রাখহ ঐ সময়ে রিসিবর আফীসে উপস্থিত হইবেন।

ইজারার ষরত ও বেওরা রিসিবর আফীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফীস

তারিখ ১১ আগস্ত ১৮৩৭।

সন ১৮৩৭ সালের ১৫ আগস্ত তারিখ জিলা মেদিনীপুরের কালেকটরী কাছারীতে নীলামের তারিখ মোকরর হইয়া পূর্ব্ব ইশতেহার প্রকাশ হয় এইক্ষণে কমিস্যনর সাহেবের হুকুমানুসারে ১ সেপ্তেম্বর সন ১৮৩৭ পর্য্যন্ত স্থগিত হইল ইতি। ১২ আগস্ত সন ১৮৩৭।

শ্রীপদ্মলোচন মণ্ডল সেরেস্তাদার।

Notice is hereby giving, that under orders from the Commissioner of this District, the sale fixed to take place on the 15th instant, is postponed to the 1st September next.

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সূতালুটিতে জোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।।১ এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী রাধাকিশোরী দাসী কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চুনিলাল দাসের বাটী ও ভূমি। পশ্চিম দিগে আসামীর দিগের গুদাম। দক্ষিণ দিগে যোড়াবাগানের রাস্তা। উত্তর দিগের এক অংশে নবকুমার বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি। অপরাংশে পূর্ব্বোক্ত আসামী দিগের বাটী ও ভূমি।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গুদাম নং ১৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৸০ এক বিঘা পনর কাঠা তাহা কিছু কমি হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও দক্ষিণ দিগে সদর রাস্তা। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীরদিগের বাটী ও ভূমি। উত্তর দিগে নবকুমার বন্দ্যোপাধ্যায়ের বাটী ও ভূমি।

৩। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবটী নং ১২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩/।।০ আট কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামেহন দত্তের যে স্বত্ব অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীদিগের ভূমি। পশ্চিম দিগে অম্বরী কাটমার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে তারিণী চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি· উত্তর দিগে রাস্তা।

৪। এবং পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামেহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে পূর্ব্বোক্ত আসামীদিগের ভূমি। পূর্ব্ব দিগে ৺ রাজা গোপীমোহন দেবের ভূমি। দক্ষিণ দিগে তারিণী চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি। উত্তর দিগে রাস্তা।

৫। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টকনির্ম্মিত প্রাচীরে বেষ্টিত এক খড়ুয়া ঘর এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইতী ভূমি অনুমান /২।।০ দুই কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চুনিলাল দাসের বাটী ও ভূমি। পশ্চিম ও দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত আসামীরদের বাটী ও ভূমি। উত্তর দিগে গলি।

৬। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২১ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /২।।০ দুই কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চুনিলাল দাসের ভূমি। পশ্চিম দিগে লক্ষ্মীনারায়ণ শাহের বাটী ও ভূমি। উত্তর দিগে মোহন শাহের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গলি।

৭। এবং জিলা চব্বিশ পরগনার খিদিরপুরের ওয়াটগঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে রাস্তা। পশ্চিম দিগে টিক সাহেবের গুদি। পূর্ব্ব দিগে প্যারীলাল মণ্ডলের ভূমি। উত্তর দিগে পূর্ব্বোক্ত আসামীরদিগের ভূমি।

৮। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৬/ ছয় বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মনুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত আসামীরদের গুদাম। উত্তর দিগে আদি গঙ্গা। পূর্ব্ব দিগের এক অংশে টিক সাহেবের ভূমি। অপরাংশে প্যারীলাল মণ্ডলের ভূমি। পশ্চিম দিগে মদন দত্তের ভূমি।

৯। এবং পূর্ব্বোক্ত জিলার মিঠা পুষ্করিণীতে বচ বেড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক বন্দ বাগাৎ ভূমি তাহাতে কএক ঘর রায়ত আছে ভূমি অনুমান ৮।০ সাড়ে আট বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী সোণামুখী দাসী ও রাধাকিশোরী দাসী ও কমলকিশোরী দাসী ও কৃষ্ণকিশোর দত্ত ও রাধামোহন দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কোম্পানির রাস্তা। দক্ষিণ দিগে কালীশঙ্কর ঘোষালের বাগাৎ ভূমি। পূর্ব্ব দিগে কমল মুখোপাধ্যায়ের বাগাৎ ভূমি। উত্তর দিগে তারাচাঁদ ঘোষের বাগাৎ ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ আগষ্ট বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু গণেশ দাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরে ফ্রিঙ্গি গি

র্জার রাস্তাঅবধি আমড়া তলার গলিপর্য্যন্ত যে গলি সেই গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পুর্ব্বোক্ত গলি। দক্ষিণ দিগে যে দুই বাটী কালিষ্টান লাজার ও আক্রু সাহেবের দখলে ছিল সেই দুই বাটীর লাগাও সংপ্রতিকার প্রস্তুত আগা করবলাই মহম্মদের বাটী। পুর্ব্ব দিগে জর্জ হিকমন সাহেবের দরুন বাটী। পশ্চিম দিগে মৃত হাজি হয়দরের যে বাটী এইক্ষণে আগা করবলাই মহম্মদের দখলে আছে।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ আগষ্ট বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত আনন্দময় দত্তের উত্তরাধিকারী চন্দ্রনাথ দত্তের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতার সুতানুটিতে হাটখোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২৴ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার তিন অংশের এক অংশেতে ও তাহার তিন অংশের এক অংশের মধ্যে ও তাহার তিন অংশের এক অংশের উপর পুর্ব্বোক্ত আসামী আনন্দময় দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জয়চন্দ্র পালচৌধুরীর এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে সাত কৌড়ি আহিরীর ভূমি। পুর্ব্ব দিগে গোকুল দত্তের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে সদর রাস্তা।

এবং কলিকাতানগরের সুতানুটিতে আহিরী টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৷০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার অর্দ্ধেক অংশেতে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পুর্ব্বোক্ত আসামী মৃত আনন্দময় দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী নর্দ্দমা। দক্ষিণ দিগের এক অংশে নবীন মুখুয্যের বাটী ও ভূমি। অপরাংশে গৌরমোহন মিত্রের বাটী ও ভূমি। পুর্ব্ব দিগে মৃত্যুঞ্জয় বসুর ঠাকুরের মন্দির। পশ্চিম দিগে গৌরমোহন মিত্রের এক খণ্ড ভূমি।

এবং কলিকাতানগরের সুতানুটিতে হাটখোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২৷৷০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার অর্দ্ধেক অংশেতে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পুর্ব্বোক্ত আসামী মৃত আনন্দময় দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে অভয়াচরণ দত্তের এক খণ্ড ভূমি। উত্তর দিগে প্রাণকৃষ্ণ দত্ত চৌধুরীর বাটী ও ভূমি। পশ্চিম দিগে সরকারী রাস্তা। পুর্ব্ব দিগে হরচন্দ্র দত্তের এক খণ্ড ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ আগষ্ট বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত কর্জমনি সাহেব নন্দকুমার ঠাকুরের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের মীর্জাপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।১৷০ ছয় কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পুর্ব্বোক্ত আসামী নন্দকুমার ঠাকুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে এক গলি। পুর্ব্ব দিগে কাশী দত্তের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে জানু বারবরের এক খণ্ড ভূমি। উত্তর দিগে গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।
সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়া মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পুর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

রাজকর্ম্মে নিয়োগ।

৯ আগষ্ট।

কষ্টম ও ডাকঘরের কমিটির মেম্বর শ্রীযুত এচ বরডেল সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত উলিয়ম উইলবরফোর্স বর্ড সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে ইঙ্গলণ্ড দেশহইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব মালাকার কৌন্সেলের রেসিডেন্ট শ্রীযুত এস গার্লিং সাহেবকে স্বাস্থ্যার্থ কলিকাতায় গমন করিতে আগামি অক্টোবর মাসাবধি ছয়মাসের ছুটি দিয়াছেন।

৫ আগষ্ট।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

পদাতিক সৈন্যের দ্বাদশ রেজিমেন্টের লেপ্তেনন্ত শ্রীযুত জান রিচার্ড আবট সাহেব আরাকানস্থ নিজামত পল্টনের কর্ম্ম করিবেন।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ ফ্রিৎ সাহেব আসাম দেশীয় নওগাঙ্গের সিবিলসম্পর্কীয় চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহ করিবেন।

৮ আগষ্ট।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত ডি জে মনি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কলিকাতা রাজধানীতে আগমনার্থ ছুটি পাইয়াছেন। শ্রীযুত এচ সি হালকেট সাহেব শ্রীযুত মনি সাহেবের অনুপস্থান পর্য্যন্ত উপরি উক্ত কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন।

আরাকানের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টান্ট শ্রীযুত লেপ্তেনন্ত এ সি রেনি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কলিকাতা রাজধানীতে আগমনার্থ ছুটি পাইয়াছেন।

গত জুন মাসের ২৭ তারিখে ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর বি ডবলিউ রামজি সাহেব যে ছুটি পান তাহার মধ্যেই কর্ম্ম স্থানে পঁহুছনেতে ঐ ছুটি ধর্ত্তব্য হইবে না।

২৬ জুলাই।

শ্রীযুত জি এফ এডমনেষ্টোন সাহেব সাহরণপুরের জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটি কালেক্টরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত সরদার খাঁ ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা মৈনপুরীর ডেপুটি কালেক্টর হইয়াছেন।

২৭ জুলাই।

শ্রীযুত জে মেবরলি সাহেব জিলা মুজঃফরনগরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে স্বয়ং লইতে আইসেন কিম্বা আপন নাম ধাম লিখিয়া টাকা পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

CIVIL APPOINTMENTS.

9th August, 1837.

Mr. H. Borradaile, Member of the Customs and Post Office Committee, has obtained leave of absence for a period of one month, from the 10th instant.

Mr. William Wilberforce Bird reported his return to this Presidency from England on the 8th instant.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant Mr. S. Garling, Resident Councillor at Malacca, leave of absence for six months, from October next, to proceed to Calcutta, for the recovery of his health.

5th August.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Lieutenant John Richard Abbott, 12th Regiment Native Infantry, to do duty with the Arrakan Local Battalion.

Mr. Assistant Surgeon H. Freeth to perform the Medical duties of the Civil Station of Nowgong, in Assam.

8th August.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. D. J. Money, Joint Magistrate and Deputy Collector of Bancoora, permitted to proceed to the Presidency, on medical certificate. Mr. H. C. Halkett will officiate in the above capacities during the absence of Mr. Money.

Lieutenant A. C. Rainey, Junior Assistant to the Commissioner of Arrakan, to proceed to the Presidency, on medical certificate.

The remaining portion of the leave of absence granted to Mr. R. B. W. Ramsay, Assistant under the Commissioner of the 12th or Bhaugulpore Division, on the 27th June last, has been cancelled from the 25th ultimo, the date on which he joined his station.

26th July.

Mr. G. F. Edmonstone to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Seharunpore.

Sirdar Khan to be Deputy Collector in Zillah Mynpoorie, under the Provisions of Regulation IX. of 1833.

27th July.

Mr. J. Maberly to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in the District of Mozuffurnuggur.

সমাচার দর্পণ

শনিবার ১৯ আগস্ত ১৮৩৭।

নিম্ন প্রদেশের রাজস্ব।

নিম্ন প্রদেশের রাজস্ববিষয়ক বিবরণ আমরা ইঙ্গলিসমেন সম্বাদপত্রহইতে গ্রহণ করিলাম।

১৮৩৭ সালের ফেব্রুআরি মার্চ আপ্রেল এই তিন মাসের কলিকাতা রাজধানীর অন্তঃপাতি তাবৎ জিলা কি বন্দোবস্তি জিলা কি অবন্দোবস্তি জিলার ভূমির রাজস্বের দাওয়ার মধ্যে কত আদায় হইয়াছে ও কত বাকি আছে তাহার এক কর্দ্দ আমরা পাইয়াছি তাহার সার সংগ্রহ করিয়া এইক্ষণে পাঠক মহাশয়েরদিগকে জ্ঞাপন করিতেছি এবং তদ্বিষয়ে অস্মদাদির অভিপ্রায়ও কিছু লিখিলাম তাবৎ হিসাব সম্বাদপত্রে প্রকাশ করা হয় না অতএব তদ্বিবরণের সারাংশ ও তাহার বিশেষ কথা স্পষ্ট করিয়া লিখিলে তাবৎ বিবরণ প্রকাশ করণের অপেক্ষা করেনা।

	সুবে বাঙ্গালা।	সুবে বেহার।	সুবে উড়িষ্যা।	ব্রহ্মদেশ
	কোং টাকা	কোং টাকা	কোং টাকা	কোং টাকা
গত তৌজির বাকিসুদ্ধ তাবৎ দাওয়া। … … … …	৯০,৯৬,২৮৫	৩৫,৯৭,৭৭৬	২৪,৫০,০২৪	৩,৬৬,০৭৭
সমুদায়ে আদায় এই। … … … … … … …	৫৯,১২,১০২	১৯,৮১,৭১৬	৪,৭০,১৭৯	২,৪৯,৫১৬
মোট বাকি। … … … … … … … …	৩১,৮৪,১৮৩	১৬,১৬,০৫০	১৯,৭৯,৮৪৪	১,১৬,৫৬০
বাদ যাহা রেয়াইত করাগিয়াছে।… … … …	১,৩২,৩৫১	৪৪৬	৬,৭৪২	—
১৮৩৬। ৩৭ সালের শেষ ত্রৈমাসিক প্রকৃত বাকি … …	৩০,৫১,৮৩১	১৬,১৫,৬০৩	১৯,৭৩,১০২	১,১৬,৫৬০
ইহার বিবরণ।				
আদায় হইতেছে।… … … … … … …	১৪,০৫,৫৭৫	২,৯২,৬০৫	৬,৬১,৭৮৩	১,০৯,৭৮৩
ভূমি ক্রোক ও বিক্রয়ের দ্বারা আদায় হওনের অপেক্ষা।	১৩,৮৮,২০৮	১২,২২,৫৮৫	১০,১৮,৪৭১	—
শ্রীলশ্রীযুক্তের হুকুম ক্রমে স্থগিত। … … … … …	১৪,১৭৫	২,১১২	২৫	১,১৩৩
শেষ তিনমাসের বাকি।… … … … … … …	২,৪৩,৮৭২	৯৮,২৯৯	২,৯২,৮২২	৫,৬৪৩
১৮৩৩। ৩৪ সালের শেষ ত্রৈমাসিক প্রকৃত বাকির বিবরণ।	৪০,৪৮,০০০	১৭,৪৬,৩০০	১৩,৪০,৭৭৪	৪৩,৮৬৮
১৮৩৪। ৩৫ সালের ঐ ঐ।… … … … … …	২৮,২১,২৩৫	১৬,৯৬,০৬৩	১৪,৯০,৫০৪	১,১১,০৬৬
১৮৩৫। ৩৬ সালের ঐ ঐ। … … … … … …	৪০,২৫,৭৩২	১৭,৫৪,৬৩৬	১২,০৩,৪৯৫	১,৩২,৬২১

উপরি লিখিত কর্দ্দে আনা পাই প্রভৃতি লিখা গেল না এবং তন্মধ্যে কিঞ্চিৎ ক্ষুদ্র২ ভ্রান্তিও থাকিতে পারে তদ্ব্যতিরেকে উপরি উক্ত কর্দ্দে১৮৩৬।৩৭সালের উক্ত তিন মাসের বঙ্গ রাজধানীর তাবৎ জিলার রাজস্বের বিবরণ দৃষ্ট হইবে। ঐ কর্দ্দ দৃষ্টি করিয়া বোধ হইবে যে পূর্ব্ব২ বৎসরীয় তিন২ মাসাপেক্ষা ঐ তিনমাসে উত্তমরূপে আদায় হইয়াছে। ১৮৩৩। ৩৪ সালের বাকী প্রায় ৩ লক্ষ টাকা আদায় হয় এবং ১৮৩৪। ৩৫ ও ৩৫। ৩৬ সালে সাড়ে ৩ লক্ষ টাকা কিন্তু উড়িষ্যা প্রদেশে রাজস্ব আদায়ের বিষয় অতি মন্দ হইয়াছে তথাকার বাকি পূর্ব্বে ১২ লক্ষ টাকা ছিল এইক্ষণে সাড়ে ১৯ লক্ষপর্য্যন্ত হইয়াছে ইহার কারণ কালিক অমঙ্গলই। ঐ অমঙ্গলরহিত ঐ জিলার কোন স্থান নহে অর্থাৎ কেবল ১৮৩৩ সালের ১৩ আইনক্রমে হাজারিবাগে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এজেণ্টের অধীনে মেদিনীপুর জিলার যে অংশ আছে সেই সকল স্থান। মেদিনীপুরের অধিকাংশ ও মেদিনীপুরের শামিল পটাসপুর ও হিজলি ও কটকের তিনঅংশ এই সকল স্থানে উপরি উক্ত তিনমাসের শেষে পূর্ব্বোক্ত কালাপেক্ষা অধিক বাকি পড়িয়াছে।

বঙ্গদেশে মুরশিদাবাদ জিলাতে বাকি রাজস্বের বিষয়ে দুই কারণের প্রতি মনোযোগ করিতে হইবে প্রথম কারণ এই ঐ বাকি ৩ লক্ষ টাকারো অধিক। দ্বিতীয় কারণ ঐ স্থানীয় কালেকটরের কালেকটরী কার্য্যব্যতিরেকে অন্য কোন ভার নাই। অথবা এই বিষয় বিশেষ মনোযোগার্হ বগুড়া ও শ্রীহট্ট ও মেদিনীপুরের অন্তঃপাতি বগড়ি এবং হাজারিবাগে গবর্নর্ জেনরল বাহাদুরের এজেণ্টের অধীন অপর একাংশে বাকির বৃদ্ধি হইতেছে যেহেতুক যদ্যপি ঐ সকল স্থানে বাকি তাদৃশ অধিক নহে তথাপি গত কএক বৎসরাবধি ক্রমে বৃদ্ধি হইয়া ভারি হইয়াছে। দেখুন বগুড়াতে১৮৩৪। ৩৫ সালের তিন মাসে যত বাকি ছিল গত আপ্রেল মাসে তাহার তিন গুণ হইয়াছে শ্রীহট্টে দ্বিগুণ বগড়িতে চতুর্গুণ ও মেদিনীপুরের উপরি উক্ত অংশে চারি গুণেরো অধিক। এইরূপ বাকি বৃদ্ধিহওনের কারণ কেবল শ্রীহট্টেই দৃষ্ট হইতেছে ঐ জিলাতে জমিদারীর সংখ্যা অতি বহুল ও তাহাতে বিস্তর গোলযোগ আছে এইপ্রযুক্ত ঐ জিলার কর্ম্ম নির্ব্বাহ করা অতি সুকঠিন। হুগলি বর্দ্ধমান ময়মনসিংহ চব্বিশপরগনাতে যদ্যপি এইপর্য্যন্ত অনেক বাকি আছে তথাপি বকেয়া বাকি অনেক আদায় হইয়াছে এবং রঙ্গপুর ও ত্রিপুরা বিশেষতঃ নবদ্বীপ জিলাতে বাকির অনেক লাঘব হইয়াছে।

সুবা বেহারের মধ্যে বাকির বাহুল্য কেবল পাটনা ও ত্রিহুতে হইয়াছে পাটনা জিলার বাকির কারণ এই ঐ জিলাইতে ছয় পরগনা খারিজ দাখিল হইয়াছে ত্রিহুত জিলাতে কএক বৎসরাবধি কালেকটর সাহেব মাজিষ্ট্রেট ও আফীণ এজেণ্ট আছেন কিন্তু ইহা বৃদ্ধি হওনের কারণ কহা যাইতে পারে না যেহেতুক গত পূর্ব্ব তিন বৎসরাবধি বাকি কিছু কম হইয়া আসিতেছিল বোধ হয় প্রজালোকেরদের দুরবস্থাই বাকির নিতান্ত কারণ হইবে।

ব্রহ্মদেশীয়েরদের স্থানে প্রাপ্ত দেশে এই বিশেষ মন্তব্য আছে যে ,পশ্চিম আসামে গত চারি বৎসরের শেষ তিন মাসের হিসাবে বাকি বৃদ্ধি হইতেছে। ১৮৩৩। ৩৪ সালে যত বাকি ছিল তদপেক্ষা এইক্ষণে দ্বিগুণ হইয়াছে অতএব এই প্রদেশে এবং পূর্ব্বোক্ত বঙ্গদেশীয় জিলাতে যদ্যপি বাকি অল্প বটে তথাপি তাহার ক্রমশো বৃদ্ধিহওনবিষয়ে দেশের মঙ্গলাকাঙ্ক্ষি ব্যক্তিরদের অতিশীঘ্র বিশেষ মনোযোগ করা উচিত যেহেতুক তাহাতে কোন গুরুতর কারণ থাকিবে এবং সেই কারণেতে দেশের উন্নতি ও গবর্ণমেণ্টের রাজস্বহানি হইতে পারে।

SUMACHAR DURPUN.

SATURDAY, AUGUST 19TH, 1837.

Revenues of the Lower Provinces.

The following statement of the Revenues of the Lower Provinces we copy from the *Englishman.*

We have now before us a statement of Demands, Collections, and Balances of Land Revenue of the settled and unsettled Districts of the Bengal Presidency from February to April 1837, of the results of which we shall submit some account to our readers with such remarks as those results may suggest. The entire statement is not adapted to newspaper publication, and an abstract of its contents, with occasional specific references, will supersede the necessit y of such a course.

	Bengal Province.	Behar Province.	Orissa Province.	Burmese Provinces.
	Co.'s Rs.	Co.'s Rs.	Co.'s Rs.	Co.'s Rs.
Total demand including arrears of last Toujee,	90,96,285	35,97,776	24,50,024	3,66,077
Total collections, …… … … …	59,12,102	19,81,716	4,70,179	2,49,516
Gross balance, … … … … …	31,84,183	16,16,050	19,79,844	1,16,560
Deduct authorized remissions, … …	1,32,351	446	6,742	—
Net balance of 4th Quarter of 1836-37, …	30,51,831	16,15,603	19,73,102	1,16,560
Explanatory arrangement of the Net balance:				
In immediate train of liquidation, ……	14,05,575	2,92,605	6,61,783	1,09,783
Expected by distraint or sale of lands, …	13,88,208	12,22,585	10,18,471	—
Suspended by authority, … … …	14,175	2,112	25	1,133
Remaining balance, … … … …	2,43,872	98,299	2,92,822	5,643
Net balance of 4th Quarter of 1833-34, …	40,48,000	17,46,300	13,40,774	43,868
Ditto of ditto of 1834-35, … … …	28,21,235	16,96,063	14,90,504	1,11,066
Ditto of ditto 1835-36, …… … …	40,25,732	17,54,636	12,03,495	1,32,621

Omitting fractions and references to partial corrections stated to be necessary, the above table presents an accurate general view of the land revenue of the Bengal Presidency during the last quarter of 1836-37; and, as far as the mere amount of collections is concerned, the result compared with that of former years may justly be pronounced satisfactory. The aggregate net balance of 1833-34 has been reduced nearly three lacks, and that of 1834-35, or 1835-36, fully three lacks and a half. In this point of view the most unfavourable aspect is presented by the province of Orissa, where the net balance has encreased from twelve lacks to more than nineteen and a half—an effect ascribed to the calamities of season, from which, no part of the province appears to have been exempt, except a portion of the Midnapoor district under the management of the Agent to the Governor General at Hazareebagh under Regulation XIII. of 1833. The largest portion of Midnapoor, Puttaspoor attached to Midnapoor, Higelee, and the three divisions of Cuttack, all exhibit a considerable increase in the amount of the net balance at the end of the quarter under consideration.

In the province of Bengal the encrease of the net balance in the district of Moorshedabad is particularly worthy of note on two grounds, first, because of the amount of the balance which exceeds three lacks; and second, because of the fact that the collector has only fiscal duties to discharge. The encrease of net balances also deserves to be particularly noted in the districts of Buggoorah, Sylhet, Bogree, &c. attached to Midnapoor, and another portion of Midnapoor under the agent to the Governor General at Hazareebagh, because, although the amounts respectively are small, yet the increase during the last four years has been progressive, so that in Buggoorah the amount was in April last three times what it was in April 1833-34; in Sylhet, it has been doubled; in Bogree, &c. it has been more than quadrupled; and in the portion of Midnapoor referred to it has also been more than quadrupled. It is only in the case of Sylhet that we are aware of any reason that can be assigned for the progressive increase. The multiplicity and intermixture of minute tenures render the affairs of that district very peculiar and difficult of management. Considerable reductions have taken place in Hoogly, Burdwan, Mymunsing, and in the 24-Pergunnahs, although the balances are still large. The reductions have also been considerable in Rungpoor, in Tipperah, and especially in Nuddea.

In the province of Behar, the increase of net balance is principally found in the districts of Patna and Tirhoot; in the former chiefly owing to the transfer of six Pergunnahs from the Behar district. In the latter district the collector is both magistrate and opium agent, and has been so for several years; but this fact will not account for the encreased balance, because in the three preceeding years there was a small, but progressive diminution. We suspect that we must look for the real cause in the circumstances and condition of the people.

In the Burmese Provinces the only item deserving of special notice is the progressive encrease of the net balance in the last quarters of the four past years in Lower Assam, so that it is now nearly double what it was in April 1833-34. A steady and progressive increase as in this and in the Bengal districts previously cited, however, show the progress, and however small the comparative amount, should receive prompt and searching attention from those who have the welfare of the country in charge, because it tends to show that there is some permanent cause in operation affecting the resources of the country and the revenue of Government.

টৌনহাল।

গত ১৫ তারিখে মঙ্গলবার টৌনহালে এতদ্দেশীয় ক্ষেত্রজাত শাকসবজী দর্শান গেল। তৎসময়ে ১৩ জন ইউরোপীয় সাহেব ও শ্রীযুত নওয়াব তহবরজঙ্গ সাহেব উপস্থিত ছিলেন। যে সকল শাক সবজী দর্শান গেল তাহা অত্যুৎকৃষ্ট বোধ হইল। ঐ শাক সবজীর কৃষিকারকের দিগকে ৯০॥০ টাকা পুরস্কার বিতরণ হইল। অকৃতকার্য্য মালিরদিগকে ২৯॥০ টাকা দেওয়া গেল।

শুনিয়া অতিখেদিত হওয়া গেল যে ঐ সভাতে এক জন বাবুও উপস্থিত ছিলেন না।

হুগলি।

পাঠক মহাশয়েরা অবশ্য অবগত থাকিবেন যে কিয়ৎকালাবধি হুগলির সেসন জজ শ্রীযুত মার্টিন সাহেবের প্রতি যে অভিযোগ হইয়াছিল এইক্ষণে তাহার মীমাংসা হইয়াছে অবগত হওয়া গেল যে ঐ সাহেবের প্রতি সদর দেওয়ানী আদালত যে কএক বিষয়ে অভিযোগ করিয়াছেন তাহার মোকদ্দমা করিতে গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন ঐ মোকদ্দমা হুগলিতে ১৮১৩ সালের ১৭ আইনের বিধ্যনুসারে হইবেক এবং শ্রীযুক্ত উলিয়ম উইলবরফোর্স বর্ড সাহেব ঐ মোকদ্দমা নির্ব্বাহার্থ স্পেসিয়ল কমিস্যনর হইয়াছেন। গবর্ণমেণ্টের পক্ষে শ্রীযুত বিগনেল সাহেব ঐ মোকদ্দমার কার্য্য সম্পাদন করিবেন কিন্তু তাহার সওয়াল জওয়াবকরণার্থ কোন সাহেব নিযুক্ত হইয়াছেন তাহা শুনা যায় নাই।

কটক।

প্রভাকর সম্বাদ পত্রের দ্বারা অবগম হইল যে তৎসম্পাদককে কটকস্থ এক জন মিত্র লিখিয়াছেন যে ঐ অঞ্চলে পুনর্ব্বার দুর্ভিক্ষ হইয়াছে অতিমন্দ তণ্ডুলও এইক্ষণে টাকায় ৮ সের বিক্রয় হইতেছে। তাহাতে ইতর লোকেরদের দুঃখে বিবরণ বর্ণন অসাধ্য। এইক্ষণে কটকাঞ্চলে যত লোক মারা পড়িয়াছে তাহারা প্রায় সকলই অনাহারে। ভয় হইতেছে এই বৎসরে ঐ অঞ্চলে ধান্যাদি কিছু জন্মে নাই তৎপ্রযুক্ত আরো দুর্ভিক্ষের আতিশয্য হইবে বর্ষারম্ভাবধি কালিক অশুভ ও জলাভাব এবং প্রচণ্ড রৌদ্র এইসকলের কিঞ্চিন্ন্যূনতা হইয়াছে। সংপ্রতি আর জলাভাব নাই যেহেতুক কান্তজুরী ও মহানদী ও কংসর নদী পূর্ণা হইয়াছে কিন্তু তত্রত্য জল ও বায়ু এমত অস্বাস্থ্যকর যে তাহাতে অনেক প্রাণ হানি হইয়াছে। লোকেরদের অন্তঃকরণেও অত্যন্ত শঙ্কা জন্মিয়াছে এবং তাহারা ভয়প্রযুক্ত আত্মীয় লোকের শবও পর্শ করে না। জেহেল খানাতেও অনেক লোক মরিয়াছে।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর।

সকলের এমত অনুভব হইয়াছে যে শ্রীলশ্রীযুক্ত নবেম্বর মাসের প্রথমে পশ্চিম প্রদেশে প্রস্থান করিবেন এবং তাঁহার কএক জন নিজ মোসাহেব এবং সরকারী দপ্তরের কএক জন প্রধান কর্ম্মকারক সাহেবেরা সহচর হইবেন। এবং বিশেষ প্রকোষ্ঠরহিত যে লৌহময় নৌকা সৈন্যেরদিগকে লইয়া যাওনার্থ প্রস্তুত হইয়াছিল সেই নৌকা শ্রীলশ্রীযুতের গমনার্থ বিশেষরূপে প্রস্তুত করা যাইতেছে। কথিত আছে কিন্তু কিংমূলক ব

Town Hall.

An exhibition of indigenous vegetables was held at the Town Hall, on Tuesday, the 15th Instant; when thirteen European gentlemen and Nawaub Tuwahur Jung Bahadoor were present. The shew of vegetables is said to have been very favourable. Ninety Rupees and a half were distributed among the successful Malees, and twenty-nine Rupees and a half among the unsuccessful. We are sorry to hear that not a single Native Baboo was present.

Hooghly.

Our readers are aware that an investigation has been for some time past in progress of the charges brought against Mr. C. R. Martin, the Civil and Session Judge of Hooghly. We now learn that Government have directed the trial of that functionary upon certain distinct charges preferred against him by the Sudder Dewanny Adawlut. The trial will be held under the provisions of Regulation XVII. of 1813, at Hooghly, before Mr. W. W. Bird, who has been appointed Special Commissioner for the occasion. The prosecution will be conducted by Mr. Bignel, on the part of Government, but we have not heard who has been appointed to defend the suit.

Cuttack.

We are sorry to learn by the letter of a friend at Cuttack, that the dearth at that place is again encreasing, rice of the most indifferent quality having risen to eight seers for the rupee; and the distress of the people, especially of the poorer orders, is in consequence, indiscribable. Of the deaths which have occurred at the places in the neighbourhood of Cuttack, the greater portion has been owing to want of food. It is feared that the scarcity will be still greater, as no rice has grown. The oppressiveness of the weather, consequent upon the absence of water and the excessive heat of the sun, lately experienced, has abated since the setting in of the rains; want of water is no longer felt, from the rivers Cantjoory, Mahanudy, Caungsur, &c. being quite full; but the quality of water and atmosphere this year, is so very unwholesome, that it is proving the cause of much loss of life. The people are seized with a panic and are afraid to touch the dead bodies of their relatives, for fear they should catch the infection. A great number of prisoners in the jail have died.—*Prov.*

The Governor General.

It is generally understood that his Lordship will take his departure for the Western Provinces sometime towards the close of November, accompained by his personal staff, and a certain number of the Heads of offices. One of the accommodation boats, that which having been intended for troops, was left without cabins, is now fitting up for his Lordship. It is stated in the papers, though on what authority we

লিতে পারা যায় না যে শ্রীলশ্রীযুক্ত পশ্চিম দেশে প্রস্থিত হইলে শ্রীযুত রস সাহেব বঙ্গদেশের গবর্নরীপদ গ্রহণ করিবেন এবং শ্রীযুত বর্ড সাহেব কৌন্সেলভুক্ত হইবেন। অপর শ্রীযুত সর হেনরি ফেন সাহেবের বিষয়ে মধ্যেং সম্বাদপত্রে নানা অনৈক্য সম্বাদ প্রকাশ হয় এক সম্বাদপত্রে লেখে যে উক্ত সাহেব আর এক বৎসর পর্ব্বতে অবস্থানার্থ প্রার্থনা করিয়াছিলেন কিন্তু গবর্ণমেণ্ট তাহাতে সম্মত হন নাই অপর পত্রে লেখে যে শ্রীযুত সর হেনরি ফেন সাহেব মাঠে অগ্রসর হইয়া শ্রীলশ্রীযুক্তের সঙ্গে সাক্ষাৎকরত একত্র সীমলাতে গমন করিবেন।

দোবার চিনির কারখানা।

আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে দোবার চিনির কারখানার অতিসাহসি সাহেব অর্থাৎ যিনি অত্যন্ত অশুভ সময়েও তৎকর্ম্মেকরণে বিরত না হইয়া অনেক অর্থ ব্যয় করিয়াছিলেন তাহাতে যেমন কৃতকার্য্য হওনসম্ভাবনা তেমনিই হইয়াছেন। তিনি ইঙ্গলণ্ড দেশে পঁহুছিলে কোন ব্যক্তি ঐ কারখানার মূল্য ৪ লক্ষ টাকা দেওনার্থ প্রস্তাব করেন কিন্তু তাহাতে স্বীকৃত না হইয়া তিনি কহিলেন যে আমি এই বিষয়ের কিছু বিশেষ না বুঝিয়া শেষ করিব না। এইক্ষণে ঐ সাহেব তন্নির্ব্বাহার্থ নূতন এক কোম্পানি স্থাপন করিয়াছেন তাঁহারা ১২ লক্ষ টাকাতে ঐ কারখানা ক্রয় করিবেন। ঐ কোম্পানির মধ্যে সাহেব আপনার নিমিত্ত ৩০০ অংশ রাখিয়াছেন। শ্রুত হওয়া গিয়াছে ঐ সাহেব নূতন কল লইয়া ভারতবর্ষে পুনরাগমন করিবেন। দৃষ্ট হইয়াছে যে কএক বৎসরাবধি তিনি অন্য জাঁকজমকে ব্যয় বাহুল্য না করিয়া ঐ কারখানারই অত্যন্ত বৃদ্ধি করিতেছেন তাহাতে এমত কৃতকার্য্য হইয়াছেন যে গত বৎসরে ২ লক্ষ ৪০ হাজার মোন চিনি প্রস্তুত করিয়াছিলেন এবং কারখানা এমত উত্তমাবস্থায় আছে যে উপযুক্তরূপে যদি মূলধন বর্দ্ধিত হয় তবে বার্ষিক সাড়ে ৩ লক্ষ মোন চিনি উৎপাদনের কিছু আটক নাই। সংপ্রতি চিনির মাসুল কম হইয়াছে ইহা তাঁহার ইষ্টসিদ্ধির এক মুখ্যকারণ যেহেতুক মাসুল কম না হইলে কারখানার ব্যাপারের সঙ্কোচ হইত।

কাপ্তান ষ্টান্লি।

শ্রীযুত কাপ্তান ষ্টান্লি সাহেব ও শ্রীযুক্ত বাদশাহের ওল্ফনামক জাহাজের মালিম ও অধ্যক্ষেরা পূর্ব্বসমুদ্রীয় বোম্বাটিয়ারদিগকে উচ্ছিন্নকরণে যে কৃতকার্য্য হইয়াছেন তাহাতে সকলই বাধ্য হইয়াছে যে বোম্বাটিয়ারদিগকে ধৃতকরণেতে সাহেব সফল হইয়াছেন ঐ বোম্বাটিয়ারা কলিকাতায় আনীত হইয়া গত সোমবারে কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কয়েদ হইয়াছে। তাহারা প্রথমতঃ ১১ জন ধরা পড়ে কিন্তু তন্মধ্যে ৬ জন জলে ঝাঁপ দিয়া পলায়। বোম্বাটিয়ারদের মধ্যে এক জন প্রায় সাড়ে চারিহাত উচ্চ এবং মস্তক ও অন্যান্যাবয়ব তদনুরূপ বড়।

নির্দ্দয়তা।

গত শুক্রবার পূর্ব্বাহ্নে সাত আট ঘণ্টার সময়ে কবর ডাঙ্গার থানার এলাকার মধ্যে নিমাই ঠাকুরের রাস্তায় এক জন স্ত্রী দুই মৃত বালক লইয়া পড়িয়াছিল তাহার কিঞ্চিৎ পূর্ব্বে ঐ দুই বালককে প্রসব করে। অপর জিজ্ঞাসা করাতে ঐ এলাকার থানাদার শুনিলেন যে ঐ অঞ্চলের ঠাকুরদাস নামক এক ব্যক্তির ঘর ভাড়া করিয়া ঐ স্ত্রী চারি মাস রহিয়াছিল। পরে ঠাকুরদাস ঐ স্ত্রীকে আসন্ন প্রসবা দে

know not, that Mr. Ross will succeed on his Lordship's departure to the office of Governor of Bengal, and that Mr. Bird will come provisionally into Council on this movement. Of Sir Henry Fane, the most contradictory reports are given in the papers. One journal states that the Supreme Government have refused His Excellency's request to be allowed to continue another summer in the Hills. Another paper states that Sir Henry will join His Lordship at some place in the plains, and accompany him to Simlah.

The Dobah Sugar Works.

We are happy to learn that Mr. Blake, the enterprizing founder of the Dobah Sugar works, who persevered in the undertaking under the most inauspicious circumstances, and embarked his whole fortune in it, has experienced that success which he so richly merits. On his arrival in England he was offered 40,000*l*. for the works, but wisely held back from a definitive bargain, till he could feel his way. He has now succeeded in establishing a Joint Stock Company, who have agreed to purchase the works from him for the sum of *twelve lakhs* of Rupees. He retains three hundred shares for himself, and is, we hear, likely to return to India soon, with an addition of machinery. It appears that he had for several years been increasing the efficiency of his establishment without noise or ostentation, and had met with such signal success, that within the last year these works produced 8000 Tons of Sugar; and that they are now in such fine working order as to be capable of producing 12,000 Tons, if due addition be made to the capital. The equalization of the duties, is of course, one of the main elements of his success, as without this concession, the concern must necessarily have been crippled in all its operations.

Capt. Stanley.

Capt. Stanley and the gallant officers and crew of H. M. S. the Wolff deserve the thanks of the community for their successful efforts in the suppression of Piracy in the Eastern Seas. The pirates whom he succeeded in capturing, and has brought round for trial, were committed by the chief Magistrate on Monday. The number originally taken was eleven; but six of them contrived to jump overboard. One of the pirates brought up is a man standing six feet, six inches, with his head, body and arms in proportion.

Cruelty.

On the morning of Friday last, between seven and eight o'clock, the notice of the Police was attracted by a Hindoo woman lying in the middle of Nemye Thakoor's street, in the Cubburdangah thana division, with two lifeless boys, of whom she had a little before been delivered. Upon enquiry, the thanadar of the division learnt, that she had been a tenant in the house of one Thakoor Doss in that neighbourhood, for four months; and on her being in labour

খিয়া ঐ ঘরহইতে বাহির করিয়া দেয় তাহাতে ঐ স্ত্রী ঘরহইতে কিঞ্চিদন্তর যাইতেই দুই মৃত বালক প্রসব হয়। তৎসময়ে ঐ স্ত্রীকে অত্যন্ত পীড়িত দেখাতে তৎক্ষণাৎ এতদ্দেশীয় চিকিৎসালয়ে প্রেরণ করা গেল এইক্ষণে ঐ চিকিৎসালয়ে তাহার বিলক্ষণরূপ রক্ষণাবেক্ষণ হইতেছে। এই কুকর্ম্মের নিমিত্ত ঠাকুরদাস কয়েদ হয় পরে তৃতীয় সংখ্যক মাজিস্ত্রেট সাহেবের নিকটে আনীত হইয়া জামিন দিয়া খালাস হইয়াছে।

—

বেহার।

বেহার জিলার মধ্যে ২০ জুলাই পর্য্যন্ত বিন্দুমাত্র বর্ষণ হয় নাই। এবং গ্রীষ্ম ও রোগ ও মারক অত্যন্ত হইতেছে বিশেষতঃ জেহেলখানার কয়েদি ব্যক্তিরদের মধ্যে। গোম ও সর্ব্বপ্রকার শস্যই অতি দুর্ম্মূল্য হইয়াছে।

—

আজমীর।

এই স্থানে ও রাজপুতানার তাবৎ অঞ্চলে ২৯ তারিখের পূর্ব্বাহ্নে প্রকৃত বর্ষারম্ভ হইয়া তৎপর দিবসেরো সমস্ত দিন রাত্রি বর্ষে পরে সুপ্রকাশ হয় এইক্ষণে মারকের ভয় নিবৃত্ত হইয়াছে। আগষ্ট মাসের শেষে নিশ্চয় হইতে পারে যে মারক একেবারে অদৃশ্য হইবে কি পুনর্ব্বার প্রাদুর্ভূত হইয়া উঠিবে। ঐ রোগ অদ্যাপি নাথডেবা ও মেবারের কীচা স্থানে আছে।

—

দিল্লী।

দিল্লীর শ্রীযুত বাদশাহের অত্যন্ত ভেদ হওয়াতে মুমূর্ষুপ্রায় হইয়াছিলেন সৌভাগ্যক্রমে রক্ষা পাইয়াছেন।

—

লাহোর।

হিন্দুস্থানে যেমন অনাবৃষ্টি তদ্রূপ পঞ্জাবেও হইয়াছে। কতকগুলি গ্রাম বর্ষাভাবে একেবারে মরু হইয়াছে যেহেতুক তত্রস্থ লোকেরদের শতদ্রু ও আটকহইতে জলানয়নার্থ যাইতে হইতেছে। দেশের মধ্যে অনেক কূপ শুষ্ক হইয়াছে।

—

আগ্রা।

আগ্রা অঞ্চলে মারক একেবারে অদৃশ্য হইয়াছে এমত রিপোর্ট হওয়াতে সংপ্রতি লোকের যাতায়াত বন্ধ হওনের যে নিয়ম ছিল তাহা এইক্ষণে শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের হুকুমক্রমে রহিত করা গিয়াছে এবং লোকেরদিগকে আটককরণার্থ নানা স্থানে যে পোলীস নিযুক্ত ছিল তাহারাও শীঘ্র বিদায় হইবে। কটকহইতে মথুরাতে যে ১১ হাজার যাত্রী গমনকরত ফতেপুরে আটক ছিল তাহারা এইক্ষণে চলিয়া যাইবে।

—

গত সপ্তাহে কালিক যেমন ভাব ছিল এইক্ষণেও তেমনি আছে এই সপ্তাহে কিঞ্চিৎ২ বিন্দুপাত হইয়াছিল বটে কিন্তু গত মঙ্গলবারাবধি বিন্দুমাত্র পাত হয় নাই।

—

যদ্যপি এমত ভাব আর কিছুকাল থাকে তবে কার্পাস ও নীলের ফসল একেবারে যাইবে এবং অন্যান্য ফসলের মধ্যে হরিফের ফসলের বিশেষ ক্ষতি হই

early that morning, he turned her out of doors. She had not proceeded beyond a few paces from the door of the house, when she was delivered of twins still-born. The poor woman was very ill at the time, and was, in consequence, conveyed to the native hospital, where she continues to be taken care of. Taucoor Doss had been taken into custody for his unwarrantable conduct; and on being taken before the Magistrate of the 3d division, he was released on security for his appearance when necessary.—*Com. Adv.*

—

Behar.

A drop of rain had not fallen in this district up to the 20th of July, and the heat, sickness and mortality among the inhabitants were considerable, particularly among the prisoners of the Zillah jail. Wheat and grain of every description had advanced considerably in price.

—

Ajmeer.

The regular rains set in apparently here and throughout Rajpootna on the morning of the 29th ultimo, when it rained all that night and all the next day very heavily. The wheather has since cleared, but the dread of famine has been averted No further accounts of the progress of Plague. By the end of August all doubt will have been dissipated whether this disease is to disappear entirely or recur with redoubled violence. It still lingers about Nathdeava and Keechar in Meywar.

—

Delhi.

The King had lately a severe attack of dysentery, which had nearly terminated his existence, but he finally recovered.

—

Lahore.

The same grievous drought which prevails in Hindoodsthan exists likewise in the Punjab. Several villages have become depopulated in consequence of the inhabitants proceeding to the Sutledge and Uttuk to procure water. Many of the wells of the country too have gone dry.

—

Agra.

By orders of the Lieut. Governor the Quarantine system lately established, has been broken up, as the Plague has been pronounced to have disappeared. The preventive police employed on the different cordons, will be discharged immediately. 11,000 pilgrims from Kuttack to Muttra, are now detenus at Futtehpore, who will, however, be speedily released.— *Courier, Aug.* 14.

—

The weather continues much the same as reported last week. In the early part of the present, a few showers fell, but since Tuesday not a drop of rain has fallen.

—

The Cotton and Indigo crops must be ruined by a longer continuance of such weather, and the others of the Khureef

যাছে। কোম্পানির এক জন প্রধান কর্ম্মকারক এবং বিদ্যাবিষয়ে বিলক্ষণ বিচক্ষণ তিনি পূর্ব্বে কহিয়াছিলেন যে এই বৎসরে অনাবৃষ্টি হইবে।

—

লক্ষ্ণৌর শ্রীলশ্রীযুত নওয়াবের সরকার হইতে যে সকল সাহেবলোকেরা কর্ম্মচ্যুত হইয়া পুনর্ব্বার কর্ম্মে নিযুক্তহন তাঁহারদের নাম। টাকা

শ্রীযুত ডাক্তর ষ্টিবনসন সাহেব মাসিক বেতন...	১৫০০
শ্রীযুত ডাক্তর ক্লার্কসন সাহেব	১০০০
শ্রীযুত কাসা নোবা সাহেব	১০০০
শ্রীযুত বিচর সাহেব	১০০০
শ্রীযুত লখ সাহেব	১০০০
শ্রীযুত সিক্লের সাহেব	১০০০
শ্রীযুত বড় আর সাহেব	৭০০
শ্রীযুত ছোট আর সাহেব...	৫০০
শ্রীযুত ওয়াকর সাহেব	৩০০
শ্রীযুত মানস সাহেব	৫০০
পদাতিক সৈন্যের ৫৯ রেজিমেণ্টের কাপ্তেন শ্রীযুত উইলকক্স সাহেব ...	১৭০০
শ্রীযুত মেজর ডেবডসন সাহেব... ...	১৬০০

যে বাদ্যকর সম্প্রদায়েরা কর্ম্মচ্যুত হইয়াছে তাহারদের নাম।

শ্রীযুত নাজরেত সাহেব মাসিক বেতন	১০০
শ্রীযুত রেমিডিয়র সাহেব	৫০
শ্রীযুত টুপেণ্ডর সাহেব	৫০
শ্রীযুত বড় যাকুব জোহেনেস	৪০
শ্রীযুত ছোট যাকুব জোহেনেস... ...	৩৫
শ্রীযুত বার্কর সাহেব...	৩০
শ্রীযুত মানিউল সাহেব	৩০

শ্রীযুত নওয়াবের কর্ম্মচ্যুত ছোকরা চাকরের নাম।

শ্রীযুত জোন্স সাহেব মাসিক বেতন...	১৫০
শ্রীযুত মরফি সাহেব	১০০
শ্রীযুত ডুবস সাহেব	৬০
শ্রীযুত বড় আর্থর সাহেব	৫০
শ্রীযুত ছোট আর্থর সাহেব	৫০
শ্রীযুত লুইস সাহেব	৪০

—

সিংহভূম।

ইঙ্গলিসমেন পত্রে লেখে যে হাজারিবাগহইতে আগত পত্রে বোধ হইল যে সিংহভূমিতে রোগ ও অন্নাভাবে অনেক লোক মারা পড়িতেছে কোলেরা অনেকে অনাহারে মুমূর্ষুপ্রায় হইয়া খয়বীরা স্থানে ইঙ্গলণ্ডীয়েরদের ছাউনিতে আসিতেছে আরো অনেকে পথিমধ্যে অন্নবিরহে মারা যাইতেছে।

—

আলাহাবাদ।

আলাহাবাদপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে তত্রস্থ নদী গত মাসের ২২ তারিখপর্য্যন্ত ৫ হাত বৃদ্ধি হইয়াছিল গত বৎসরে যদ্যপি বর্ষারম্ভ অধিক বিলম্বে হয় তথাপি এমত সময়ে ১৬ হাত পর্য্যন্ত বাড়ে তাহাতে নিতান্তই বোধ হইতেছে বর্ত্তমান বৎসরে জলের অত্যন্ত ন্যূনতা হইয়াছে।

—

পারস দেশ।

বুসীরহইতে আগত পত্রে লেখে পারসদেশীয় বাদশাহ এমত হুকুম করিয়াছেন যে তাঁহার রাজ্যহইতে অন্যত্র কেহ অশ্ব লইয়া যাইতে পারিবে না। ঐ হুকুম বুসীরে জারী হওয়াতে ইঙ্গলণ্ডীয়েরদের বাণিজ্যের অত্যন্ত ক্ষতি হইতেছে।

—

বোম্বাই।

দৃষ্ট হইতেছে যে বোম্বাইতে রাত্রিযোগে এতদ্দেশীয় লোকেরা যে অপরাধ করে তাহারা জামিন দিয়া খালাস হইতে পারে না কিন্তু ইউরোপীয়েরা পারে। সংপ্রতি তদ্বিষয়ে এক দরখাস্ত বোম্বাইর শ্রীযুত গবর্নর্ সাহেবের নিকটে দেওয়া যায় তাহাতে এই উত্তর প্রদত্ত হইয়াছে যে আইনের অন্যথাকরণ আমারদের সাধ্য নহে কিন্তু আমরা এই বিষয় কলিকাতার লেজিসলেটিব কৌন্সেলের হস্তে অর্পণ

harvest seriously injured. A gentleman who stands high in the Service and is well known for his scientific attainments, foretold a drought this year.

—

Gentlemen holding nominal situations recently discharged from the service of H. M. the King of Oude and again re-instated.

Doctor Stevenson, pay per month,...	Rs. 1500
Dr. Clarkson, do. do.	1000
Mr. Cassanova,...	1000
Mr. Beecher, ...	1000
Mr. Lock, ...	1000
Mr. Sinclair, ...	1000
Mr. Orr, Senr.,...	700
Mr. Orr, Junr., ...	500
Mr. Walker,......	300
Mr. Munz, ...	500
Capt. Wilcox, 59th N. I.	1700
Major Davidson, ...	1600

H. M.'s Quadrille Band all discharged, as follows:

Mr. Nazareth, per month, ...	100
Mr. Remedios....	50
Mr. Tupender, ...	50
Mr. Jacob Johanes, Senr, ...	40
Mr. Jacob Johanes, Junr, ...	35
Mr. Barker, ...	30
Mr. Manuel, ...	30

Pages of the Court discharged:

Mr. Jones, per month, Rs.	150
Mr. Murphy, do. do.	100
Mr. Dubois, ...	60
Mr. Arther, Senr, ...	50
Mr. Arther, Junr, ...	50
Mr. Lewis, ...	40

—

Singbhoom.

The *Englishman* states, that letters from Hazareebagh mention the havock which sickness and famine were making in Singbhoom. Numbers of Cools in the last stage of starvation daily proceed to the cantonement at Chyeberah, but many others perish for want of food.

—

Allahabad.

We learn from Allahabad that the river there, on the 22d ultimo, had only risen eight feet above the lowest level, whilst last year at the same period, late as the rains were in setting in, the river had risen twenty-four feet above that level; which fact clearly proves that there has been a great deficiency of water this season.—*Delhi Gazette, Aug.* 2

—

Persia.

Advices from Bushire state, that a Proclamation has been issued by the Shaw of Persia, prohibiting horses being exported from his Empire; it has already taken effect at Bushire, to the great prejudice of the British trade.—*Com. Adv.*

—

Bombay.

It appears that it has been the custom at Bombay not to admit of the bailing of the Natives charged with trifling offences during the night; a privelege accorded to Europeans. A remonstrance has been made on this subject to the Government of Bombay, who have stated in reply, that it is not in their power to make an alteration in the law, but that they have referred the question

করিয়াছি পরামর্শও দিয়াছি যে ঐ আইন উঠান যায় তাঁহারদের উত্তর পঁহুছনপর্য্যন্ত তথাকার প্রধান মাজিস্ত্রেট সাহেবের প্রতি হুকুম হইল যে তিনি ইহার প্রতিকার করেন।

ভিউণ্ডির কয়েদি ব্যক্তি।

বোম্বাইর পত্রদ্বারা অবগত হওয়া গেল যে ভিউণ্ডির মোসলমানেরদের অপরাধের বিষয়ে যে দণ্ড বোম্বাইর গবর্ণমেণ্ট করেন তাহা বোম্বাই রাজধানীর সদর দেওয়ানী আদালতের সাহেবেরা অন্যথা করিয়াছেন। ঐ যবনেরা হিন্দুরদের উপর অত্যন্ত দৌরাত্ম্য করিয়াছিল। সদর আদালত বোধ করেন যে জিলার জজ সাহেবেরা তাহারদের দশ বৎসর মিয়াদের যে হুকুম করিয়াছিলেন তাহা তাঁহারদের ক্ষমতার অতিরিক্ত। সেসন জজ সাহেব কহেন তাহারদের অপরাধ এমত গুরুতর যে অন্যান্য লোকেরদিগকে শিক্ষা দেওনার্থ তাহারদিগকে গুরুতর দণ্ড দেওয়াই উচিত কিন্তু সদর আদালতের সাহেবেরা হুকুম দিয়াছেন যে ঐ অপরাধিরা ছয় জন বারমাস করিয়া কয়েদ থাকিবে এবং প্রত্যেকে হাজার টাকা গুনাহগারী দিবে টাকা না দিলে আর এক বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমযুক্ত কয়েদ থাকিবে অবশিষ্ট পাঁচ জন এইনিমিত্ত খালাস হইয়াছে যে কেবল এক ব্যক্তির সাক্ষ্যের দ্বারা তাহারদের দোষ প্রমাণ হয় কিন্তু তাহারদের সরদারেরা অদ্যপর্য্যন্ত দণ্ড পায় নাই।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

ভারতবর্ষের গবরনর জেনরল শ্রীশ্রীযুত দিরাইট অনরবল অর্ল লার্ড অকলণ্ড জি সি বি বাহাদুর অনুগ্রহপূর্ব্বক স্কুলের দর্শক শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর প্রস্তাব কৃত হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন বিদ্যাগারের মহোপকারকত্ব পদ গ্রহণ স্বীকার করিয়াছেন। বর্ত্তমান মাসের দ্বাদশ দিবসীর এতল্লিখিত কার্ত্তা শ্রীশ্রীযুতের অমাত্য শ্রীযুক্ত মেজর জে বাইরেণ সাহেব শ্রীযুক্ত রাজার নিকট প্রেরণ করিয়াছেন।

শ্রীকৃষ্ণহরি বসোঃ।
স্কুলের প্রধান সম্পাদকস্য।

১৪ আগষ্ট ১৮৩৭ সাল।

পত্রপ্রেরকের প্রতি।

পি আর ইত্যঙ্কিত পত্র প্রাপ্ত হইয়াছে তাহাতে কলিকাতার এক জন প্রাচীন সম্পাদকের পুত্র ঘটিত বহুতর গ্রাম্যুক্তি লেখেন অতএব তৎপত্র অপ্রকাশ্য বোধ হইল।

শ্রীরামরাম চক্রবর্ত্তীতি স্বাক্ষরিত সংস্কৃত ব্যবস্থাপত্র প্রাপ্ত হওয়া গিয়াছে কিন্তু অনুবাদ করণের অবকাশ না হওয়াতে আগামি দর্পণ পর্য্যন্ত অপ্রকাশ্য রহিল।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

ভরতপুর।

জলের বাঁধ লইয়া অনেককালাবধি ভরতপুরের সঙ্গে আলোয়ার রাজার বিবাদ হইতেছিল এইক্ষণে গবর্ণমেণ্ট তাহা দুই দিকে সমান ভাগ করিয়া নিষ্পত্তি করিয়া দিয়াছেন কিন্তু তাহাতে আলওয়ারের রাজা সম্মত হন নাই সে স্থানের বিব্রুটিস এজেণ্ট সাহেবের আজ্ঞানুসারে ভরতপুরের এক দল লোক যাইয়া তাহারদিগকে কাটিয়া লইয়াছে চেন্সরি কোর্টের মোকদ্দমার ন্যায় এবিষয় প্রায় ৩০ বৎসর ছিল রাজার এক সন্তান জন্মিলে অনেক দানাদি করিতেছিলেন এই সময়ে ঐ সন্তান মরিল।—জ্ঞানান্বেষণ।

to the Legislative Council, with a strong recommendation. Pending the reference, the chief Magistrate has been desired to make the necessary amendments.

The Bhewndy Prisoners.

We learn from Bombay, that the sentence passed by the Zillah Judge upon the Moosulman prisoners of Bhewudy, who had been guilty of a most aggravated assult upon the Hindoos, has been revised by the Sudder Dewanny Adawlut of that Presidency. The Court consider that the punishment of 10 year's imprisonment which had been awarded, was beyond the competence of Zillah Court. The Session Judge had stated that the offence was of so aggravated a nature that he found it necessary to make an example of them. But the Sudder Adawlut have decided that six of the prisoners should be confined for 12 months and pay a fine of 1000 Rs. or suffer another year's imprisonment with hard labour; five of the remainder were set at liberty from their having been convicted on the testimony of only one witness. Upon the ring leaders sentence has not yet been passed.

HINDOO BENEVOLENT INSTITUTION.

The Right Honourable George Lord Auckland, G. C. B., Governor General of India, has graciously been pleased to accede to the proposal of the Visitor Maha Rajah Kalikrishna Bahadur, C. M. R. A. S., to become the Noble Patron of the Hindoo Benevolent Institution. Which express dated the 12th. Inst., has received by the Maha Raja through His Lordship Aid-de-Camp Major I. Byrne.

Krishnahari Basu,
Genl. Supdt H. B. I.

The 14th August, 1837.

To Correspondents.

We have received the letter of P. R. which contains a good deal of abuse of the son of one of the oldest Editors in Calcutta. *We cannot give it.*

The precept signed Ram ram Chukerbutee, has been received; for want of time to translate it, it cannot appear before next week.

Spirit of the Native Papers.

Bhurutpoor.

The long contested question between the Rajah of this state and of Ulwar, regarding the Bund which retains a large supply of water for the purposes of irrigation, has been finally settled by the Supreme Government, who have assigned an equal share in the water confined by this Bund to both parties. The settlement was opposed by the Ulwar Rajah, and a breach in the Bund was finally made by a party from Bhurutpoor, in the direction of their own ground, under instructions from the British Agent. This qestion has been as long as a chancery suit, having lasted nearly 30 years; the Government might have adjusted it at once without difficulty.

The Rajah had lately a son and heir born unto him, who expired amid the rejoicings that hailed his birth.

বর্দ্ধমানের তিনটা খুনের বিষয়ে মাজিস্ত্রেট সাহেব সতকরূপে সন্ধান করিতেছেন এই মাসের অধিক হইল দাসীনাম্নী এক প্রসিদ্ধ বেশ্যালয়ে দশ ঘণ্টা রাত্রির পরে হত্যাকারিরা প্রাচীরের উপর দিয়া প্রবেশ করত দাসীর মাতাকে ও তাহার ভগিনীকে এবং দাসীকে হত্যা করে পরদিবস অধিক বেলা পর্য্যন্ত দাসীর বাটীর কপাট রুদ্ধছিল তাহাতে মাজিস্ত্রেট সাহেব কোন প্রকারে সম্বাদ পাইয়া তৎক্ষণাৎ আসিয়া দেখেন তিন স্থানে তিনটা স্ত্রীলোকের শব পড়িয়া রহিয়াছে দৃষ্ট হইল অনন্তর মাজিস্ত্রেট সাহেব সন্ধান করিয়া নিকটস্থ জগন্মোহন গঙ্গোপাধ্যায়ের বাহির বাটীতে চাউলের গাদার ভিতরে দুই খানা রক্তময় বস্ত্র পাইলেন এবং ঐ গঙ্গোপাধ্যায়ের দৌবারিকের রন্ধন গৃহে এক খানা রক্ত মাখা কাতানও পাওয়া গেল ঐ স্ত্রীলোকের উত্তরাধিকারী নাই মাজিস্ত্রেট সাহেব কাছারীঘর খুঁড়িয়া ১১০০ এগারশত টাকা ও অনেক অলঙ্কার পাইয়াছেন এবং সদরের অনেক লোককেও ধরিয়া নিয়া কয়েদ রাখিয়াছেন কিন্তু এপর্য্যন্তও হত্যাকারির সন্ধান হয় নাই মাজিস্ত্রেট সাহেবের পরাক্রমেতে কেবল এই দুই আছে যে নয়ঘণ্টা রাত্রি পরে কেহ রাস্তায় চলিতে পারে না অতএব এবৎসর রাজবাটীতেও ঝুলনেতে তাদৃশ আমোদ আহ্লাদ হয় নাই।—ঐ।

হুগলিহইতে বর্দ্ধমান গমনীয় রাস্তার বিষয়ে গত সপ্তাহের জ্ঞানান্বেষণে পথিকনামধারি পত্রপ্রেরক যাহা লিখিয়াছিলেন আমি বর্দ্ধমানে আসিতে স্বচক্ষেই তাহা দেখিলাম ত্রিবিণী ছাড়িয়া বৈঁচির আড্ডাপর্য্যন্ত রাস্তা অতিকদর্য্য ত থাকার মাটি অতিশয় আঁটাল কিঞ্চিৎ বৃষ্টি হইলে গাড়ির চাকা ও মানুষের পা আঁটিয়া ধরে তাহাতে গাড়ি মানুষযদি চলিতে বিজাতীয় কষ্ট হয় বৈঁচি ছাড়িয়া খঞ্জনিপর্য্যন্ত রাস্তা কতক ভাল বটে কিন্তু তাহার পরে গাঙ্গপুরপর্য্যন্ত ঘোর বিপদ রাস্তার মধ্য দিয়া কোন প্রকারেই চলা যায় না অধিক কি লিখিব আমি তিন চারি স্থানে পাল্‌কিহইতে নামিয়া মাঠদিয়া আসিতে হইয়াছে অতএব আমার প্রার্থনা মহাশয় এ বিষয়ে কিঞ্চিৎ লিখিয়া গবর্ণমেণ্টের কর্ণগোচর করেন।

ত্রিবিণীঅবধি খঞ্জনিপর্য্যন্ত বৃষ্টি উত্তম হইয়াছে আমার দৃষ্টিতে যেপর্য্যন্ত দেখিলাম তাহাতে বোধ হইল সকল মাঠ জলে পরিপূর্ণ হইয়াছে এবং প্রায় জমিতে রোপা শেষ হইল অতএব ঐ সকল স্থানে শস্যাদির অপ্রতুল হইবে না কিন্তু খঞ্জনি ছাড়িয়া বর্দ্ধমানপর্য্যন্ত জমীসকল জলময় রহিয়াছে লাঙ্গলের চিহ্নও দৃষ্ট হয় নাই অতএব বোধ করি এসকল স্থানে শস্যাদির সুপ্রতুল হইবেক না।—ঐ।

দুর্গার দুর্দশা।

আমি কলিকাতা ছাড়িয়া চুঁচুড়াতে আসিয়া দেখিলাম এক চতুর্ভুজা দুর্গা বৃষ্টিতে গলিতাবস্থা হইয়াছেন চুঁচুড়ার লোকেরা বারইয়ারি পূজার্থ এই মূর্ত্তি প্রস্তুত করে তাহারদিগের মধ্যে ধর্ম্ম বিষয়ে দুই দল আছে একদল তাঁতি তাহারা বৈষ্ণব অপরদল শুঁড়ি তাহারা শাক্ত অতএব ঐ মূর্ত্তির পূজাতে বলিদানের বিষয়ে গোল

MURDERS AT BURDWAN.—The Magistrate has been making a doligent search after the perpetrators of three murders committed at Burdwan. Upwards of a month ago the culprits got into the house of a prostitute named Dasee, by scaling her walls after 10 o'clock in the night, and slew her together with her mother and sister. The following morning the door of Dasee's house being observed to be closed up to a very late hour, the Magistrate got information of the circumstance, and repaired without delay to see what was the matter; when the dead bodies of these women were found within the house. An inquiry being set on foot, two pieces of cloth besmeared with blood were discovered concealed under a heap of rice in the house of one Jaganmohuna Gangooly who lived near the residence of the deceased. A large knife (*katan*) soiled with blood was also discovered in the kitchen of the said Gangooly's porter. The women who have thus been murdered had no beirs. The Magistrate discovered, by digging the house, the sum of 1,100 rupees, and various jewels buried under ground. Many of the inhabitants have been taken into custody, but the perpetrators of the crime have not yet been traced. An order has been issued, prohibiting people to walk in the public streets after 9 o'clock in the night; and accordingly the celebration of the *Jhulna* in the *Rajbarry* is not accompanied this year with much rejoicings.—*Gyananneshun.*

To the Editor of the Gyananneshun.

SIR,—With reference to the road from Hooghly to Burdwan I personally witnessed the truth of the statements made by "a passenger" in Gyananneshum of last week. From Tribanee to Bownchee the road is extremely bad. The ground is very sticking,—and a little rain is sufficient to render the passage of carriages as well as that of *Pedestrians* inexpressibly difficult. Between Bownchee and Khanjany the road is tolerably good, but as soon as one passes this last named place he feels himself in an impassable, and I may say, an unfordable tract, until he gets to Gangpoor. I was obliged in several places to dismount from my palky and go through the fields. Therefore, Mr. Editor, I beg you to give publicity to these facts, and thereby bring them to the notice of Government.

The tract between Tribany and Khanjany has been plentifully blessed with rain. From what I witnessed, it appears that the fields are all under water. The sowing is over, and I suppose there will be no scarcity in these parts. But the whole country from the Khanjany up to Burdwan exhibited a sheet of waste lands. I saw no marks of the plough in it, and I fear there will be a failure in the crop here.

A Traveller.

—*Gyan.*

To the Editor of the Gyananneshun.

SIR,—On coming up to Chinsurah from Calcutta, I observed a four-armed Doorgah in a state of miserable dissolution, from the inclemency of the season. The inhabitants had constructed the image by a public subscription, with a view to worship it conjointly in an open place. But, unfortunately for the goddess, her votaries were divided into two parties by conflicting opinions. The Soories (wine-venders)

উপস্থিত হইল পরে শুঁড়ি দলেরা মাজিস্ত্রেট সাহেবের নিকট এই প্রার্থনাতে নালীস করিল যে তাহারদিগের ব্যতীত বলিদান পূজা হয় না অতএব মাজিস্ত্রেট সাহেব এমত হুকুম দেউন যে দেবীর সাক্ষাতে বলিদান হয় তাহাতে মাজিস্ত্রেট শ্রীযুত শামিয়ল সাহেব হুকুম দিলেন অগ্রে বৈষ্ণবেরা পূজা করুক পরে শাক্তমতাবলম্বী শুঁড়িরা বলিদান করিয়া পূজা করিতে পারিবে এই হুকুমানুসারে অগ্রে তাঁতিরা পূজা করিয়া তাহারদিগের ঘট বিসর্জ্জন দিল পরে শুঁড়িরাও ছাগলমহিষাদি বলি দিয়া পূজা করিয়াছে এইক্ষণে বিসর্জ্জনের বিষয়ে মহাগোল উপস্থিত হইয়াছে তাঁতিরা কহে তাহারা অগ্রে পূজা করিয়া ঘট বিসর্জ্জন দিয়াছে এখন শুঁড়িরা দেবীকে গঙ্গায় দিবে শুঁড়িরা বলে সকলে মিলিয়া বারইয়ারি পূজা করিয়াছে তবে তাহারা একদলে কেন বিসর্জ্জনের খরচ দিবে এই বিষয়েতে বোধ হয় দুইদলে দাঙ্গা উপস্থিত হইবে কিন্তু লোকেরা যেমন বলিয়া থাকে ভাগের মা গঙ্গা পায়না ঐ দুর্গার অদৃষ্টেও সেই দশা হইয়াছে।

কস্যচিৎ চুচুড়া নিবাসিনঃ

composed one of these sects, and the Tantees (weavers) the other. The former were Shactyas, who take a high delight in offering animal victims to propitiate the Deity, while the latter who were Viashnavas are averse to such immolations on principle. Accordingly the contending parties fell out on the subject of the sacrifices, the venders of wine who could not tolerate any worship of Sacti that did not afford them a dish of mutton, represented their feeling to the Magistrate, and prayed that the contemplated public acknowledgements to the four-armed lady might be graced with a few cups of goat's blood. The Magistrate ordained that the two sects should make their respects to Doorgah separately. The Viashnavas should worship first, ere the shrine was unpolluted by blood, and that the carnivorous Shactyas might afterwards celebrate their richer service with Sacrificial oblations. Thus was Doorgah saved by the wisdom of Mr. Samuell's from the danger of losing her entertainments, owing to the dispute above mentioned. The Viashnavas worshipped first and threw their consecrated *ghot* into the river; and then the piety of the Shactyas was afterwards signalized by the sacrifice of goats and buffaloes. But the troubles of the poor goddes are not yet over; a dispute still prevails respecting her burial under the water. As the one party think they tendered their last respects to her when they threw their holy *ghot* away, so they refuse to share in the expence of the *Visurjun* The Sactas, however, alleged that since the image was made at the general cost, the duty of disposing it off was incumbent on all. The contest has become so warm that it will probably lead to a breach of the peace. In the mean time, the fate of the goddess reminds me of the probery, that the common mother of several discordant sons never get a decent funeral.

A. Passenger.

প্রেরিতপত্র।

বৈকুণ্ঠ গমন।

আমরা অপারপরিতাপপয়োধিপয়ঃপ্রবাহে পতিত হইয়া প্রকাশ করিতেছি যে এতন্নগর নিবাসি যশোরাশি বৈকুণ্ঠবাসি কীর্ত্তিশশি পবিত্র চরিত্র ভগবদ্ভক্তাগ্রগণ্য ভুবনমান্য পুণ্যশীল সুশীল বিবিধবিদ্যাবিশারদ দান্ত শান্ত নরবর ৺ বাবু নীলমণি হালদার মহাশয় গত ২৪ শ্রাবণ সোমবাসরে স্বজন সজ্জনাদি পুত্র পৌত্র সমীপে শ্রীশ্রী৺ পতিতপাবনী ত্রৈলোক্যতারিণী তপনতনয়তাপিনী ত্রিদশতরঙ্গিণী তীরে নীরে সজ্ঞানে পরম প্রেমানন্দান্তঃকরণে সরল রসনে মুক্তাননে অতিসকরুণ স্বরে ঈশ্বরের নামোচ্চারণপূর্ব্বক এতন্মায়াময় সংসার বিনিময় করত লোকান্তর যাত্রা করিয়াছেন ইতি।

Correspondence.

We are exceedingly grieved to mention, that Baboo Neelmonee Haldar, departed this life on the 24th of Shrabun last, on the banks of the river, in the presence of his friends and relations, in the full possession of his senses.

This is the substance of the notice; but it is difficult to put into a foreign language all the particular phrases with which it is filled.—*Ed.*

যেষমুলোমনস্তাপোদ্বেষঃ সংসারবন্ধনং।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

এক জন মিত্রহইতে অধোলিখিত প্রস্তাব প্রাপ্ত হইয়া মহাশয়ের সন্নিধান লিখিতেছি যদ্যপি আপনি আপনকার আগামি সংখ্যক বহুমূল্য দর্পণে ইহা অর্পণ করেন তবে আমাকে নিতান্ত বাধিত করিবার এবং কুপথাবলম্বি ব্যক্তিরদিগকে কুপথহইতে নিবারণ করিবার সম্ভাবনা।

To the Editor of the Durpun.

SIR,—Having been furnished with the materials of the undermentioned subject by some of my friends, I beg to request the favour of your promulgating it in the next number of your precious Mirror of News, and for which act, you will not only place me under great obligations, but deter the wicked from indulging their favourite inclinations.

কোন ব্রাহ্মণ আপন স্ত্রীকে ভরণপোষণাদি করিতে অক্ষম হওয়াতে তৎকর্ত্তৃক তাড়িত হইয়া স্বদেশ ত্যাগ করিয়া অন্য দেশে গমন করিয়াছিলেন। কএক বৎসর পরে বহুধন সঞ্চয় করিয়া স্বদেশে প্রত্যাগমনকরণেচ্ছু হইলেন এবং নিজ দেশে আগমন করিয়া ক্রমিক আপন বাটীতে না যাইয়া ঝাপড়দানগরে গমন করিয়া শ্বশুরালয়ে প্রবিষ্ট হইলেন পরে তাঁহার শ্বশুর বহুধন যশত জামাতাকে অনেক দিনের পরে দেখিয়া বাহ্য অন্তরে উভয়েতেই অত্যাহ্লাদিত হইলেন অর্থাৎ বহু দিবসের পর জামাতাকে দেখিয়া আপন যৌখিক আহ্লাদ প্রকাশ করিলেন কিন্তু তাঁহার সহিত অনেক ধন দৃষ্টি করিয়া আন্তরিকাহ্লাদ প্রাপ্ত হইলেন। পরে ঐ জামাতা শ্বশুর ও শাশুড়ীকে পঞ্চাশ২ রৌপ্য মুদ্রার সহিত প্রণাম করিলেন। তদনন্তরে তাঁহার শ্বশুর তাঁহার সহিত একাসনে উপবিষ্ট হইয়া অনেক কথোপকথন করিতে লাগিলেন তৎপরে তজ্জামাতার জন্য খাদ্য দ্রব্য আনয়ন করাইয়া দিলেন। এস্থলে সম্পাদক মহাশয় ঐ লোভী শ্বশুর জামাতার ধনাপহরণাকাঙ্ক্ষায় মত্ত হইয়া আপন পুত্রকে সমভিব্যাহারে লইয়া অন্যাগারে গমনোত্তরে জামাতাকে নষ্ট করিবার পরামর্শ করিতে লাগিল পরে অনেকপ্রকার চিন্তাকরণানন্তরে তাঁহার পুত্র এক উৎকৃষ্ট মন্ত্রণা স্থির করিয়া তাঁহার নিকটে কহিতে লাগিল যে দুইখানি করবালে উভয়ের কর প্রশস্ত করিতে হইবেক এবং রজনী যোগে যখন তাঁহার ভগ্নীপতি শয়নাগারে শয়নাবস্থাতে থাকিবেন তখন তিনি স্বীয় মনস্কামনা পরিপূর্ণিতা করিবার জন্য ঐ গৃহে প্রবেশ করিবেন এবং যদ্যপি ঐ মনস্থ করণীয় বলি তাঁহার হস্ত এড়াইয়া যায় তবে উহাকে ধৃত করিয়া হত করিবার অর্থে তাঁহার পিতাকে খড়্গী হইয়া বহির্দ্দেশে দণ্ডায়মান করিতে হইবেক এবং এ মন্ত্রণার দ্বারা তিনি কদাচ উদ্ধার জীবীহইতে পারিবেন না। সম্পাদক মহাশয় উহার পিতা এইকথা শুনিবা মাত্রই এই যুক্তি অতিবেগে গ্রাহ্য করিল এবং অধৈর্য্যাবলম্বী হইয়া নিয়মিত সময় অপেক্ষা করিতে লাগিল। কিন্তু কিবা ঈশ্বরেচ্ছা যাবৎ পিতা পুত্রে এইমত পরামর্শ হইতেছিল ঐ উপরি লিখিত ব্রাহ্মণের স্ত্রী নিকটাগারে থিতে উভয়েরই বচন আদ্যন্তপর্য্যন্ত হরিষে বিষাদিতা হইয়া শ্রবণ করিয়া স্বীয় পতিকে রক্ষা করণার্থ সহস্র২ মন্ত্রণা মনে২ করিতে লাগিল এবং কিঞ্চিৎকাল পরে সূর্য্য দেব অস্তগিরিতে গমন করিলেন এই সময়ে ঐ দুঃখিনী আপন প্রভুর নিকট যাইয়া কহিলেক যে আপনি এস্থান হইতে শীঘ্র প্রস্থান করুন কিন্তু তাঁহার পিতার ও ভ্রাতার অভিপ্রায় তাঁহার স্বামীকর্ত্তৃক অজ্ঞাত ছিল এতন্নিমিত্তে ঐ স্বামী এই বাক্যে বিস্ময়াপন্ন হইয়া চিন্তার্ণবের দুর্গম জলে পতন হইয়া তাঁহার স্ত্রীকে জিজ্ঞাসা করিলেন যে আমি এতদিনের পরে শ্বশুরালয়ে আইলাম আমাকে তুমি এমত অনুচিত বাক্য কহিতেছ ইহার কারণ কি কিন্তু তাঁহার স্ত্রী এই বাক্য শুনিয়া স্বীয় সুবুদ্ধিক্রমে সমস্ত বিষয় তাঁহার স্বামির নিকট প্রকাশ না করিয়া কেবল কহিলেন যে হে প্রিয় যদি ভবধনাপেক্ষা জীবন বহুমূল্য জ্ঞান করেন তবে এইক্ষণেই এবাটী পরিত্যাগ করুন নচেৎ তব জীবন হারাইতে হইবেক। অবশেষে ঐ স্বামির মন বিবেকে কহিল যে যখন তাঁহার পত্নী এমতঃউক্তি পুনঃ২ কহিতেছে তিনি ঐ স্থান যদি ত্যাগ না করেন তবে তাঁহার প্রাণে হানি হইবার সম্ভাবনা পরে এই প্রকার যুক্ত্যাশ্রিত হইয়া তাঁহার স্ত্রীকে পলাইবার পরামর্শ জিজ্ঞাসা করাতে তিনি কহিলেন যখন আপনি ভোজনান্তে আচমনাদি করিতে বাহিরে গমন করিবেন সেই সময়ে স্বচ্ছন্দে পলায়ন করিতে পারিবেন পরে ঐ স্ত্রীর পরামর্শানুসারে যখন ভোজনানন্তরে হস্তাদি প্রক্ষালন করিতে বহির্দ্দেশে আগমন করিলেন সেই সময়ে সকলেরই অগোচরে তিনি নিকটবর্ত্তী থানাতে রক্ষার্থ পলায়ন করিলেন পরে থানাদার তাঁহাকে পরিচয় জিজ্ঞাসা করাতে তিনি এসকল বিষয় কিছুই না কহিয়া কেবল কহিলেন যে আমি এক জন পথের পথিক এবং এইরূপে তিনি তথায় নিরুদ্বেগে রহিলেন।

এস্থানে সম্পাদক মহাশয় রাত্রি দুই প্রহরের সময়ে ঐ পিতা পুত্রে অনুমান করিলেন যে সমস্ত লোকই এই সময়ে নিদ্রিত হইয়াছে অতএব আমারদিগের মনস্কামনা অনায়াসে ফলবতী হইতে পারিবেক এবং এইরূপ চিন্তিয়া ঐ পুত্র ভগিনীকে কহিলেক যে তোমার গৃহহইতে আমার কোন দ্রব্য বাহির করিতে হইবেক

A certain Bramhun being exploded by his wife for his not being able to procure food and raiment to her, had departed from his native soil to foreign countries. After the expiration of several years, he amassed great wealth, and determined to come back; and on his arrival at his native country, instead of coming directly to his house, he called at his father-in-law's at Jhapordah, who, seeing his son-in-law after a long time with a considerable share of wealth, received him with the feelings of excessive joy, both apparent and real, (*i.e.* finding his son-in-law after a lapse of ten or twelve years, he shewed his external joy, but seeing great wealth with him, felt joy, and the son-in-law on his part did not fail to make his obeisance to his father, and mother-in-law, with 50 Rupees each. His father-in-law then sitting on the same seat with him, held a conversation with him, and ordered some victuals to be brought for him. Mr. Editor, the avaricious father-in-law, fostering the idea of grasping the whole of the personal property of the son-in-law, could not help taking his son unto another room to project a plan for depriving him of his life; after long deliberation the son arranged a most excellent thought, and laid it out to his father, that they should be furnished with a couple of swords, and when his brother in-law would lie down on his bed at night, he, in order to accomplish the plan, would go inside the chamber, and in case the intended victim escaped his hand, his father should stand outside with a sword to seize and kill him on the spot, and by this means he would never be able to survive. No sooner did the father hear this advice than he agreed to it with extreme pleasure, and impatiently waited the appointed hour. But, fortunately, whilst the father and son were thus mutually wispering, the daughter, (the wife of the person above alluded to) was in a room close by, and heard this advice from beginning to end, with mingled feelings of joy and sorrow, and then a thousand schemes began to employ her mind for preserving the life of her husband. When, after a short while, the sun began to sink beneath the horizon, she hastened to him and told him, that he should stay there no longer; but as the intentions of her father and brother were never suspected by him, he was quite amazed at the proposal, and not finding any such ground as might lead him to think that his father-in-law would put an end to his life, was involved in an inextricable maze; and so that he asked his wife to tell him what was the cause of saying so to a husband who had come after a length of time; but she, out of prudence, without divulging the detailed account to her husband, only said, that if he preferred life to wealth, he should quit the house immediately, else he would die. At length, the conscience of the husband dictated to him, that since his wife was frequently saying so, there might, if he did not leave the house, he might possibly endanger his life, with this thought, he desired his wife to tell him how to fly, who said, that when, after taking his supper, he should go out *to wash his mouth; he should at the same* time take to flight. In compliance with her advice he did so, when he came out to wash his face, without the knowledge of any, and went to the neighbouring Police Thannah for safety, where being asked by the Thanadar who he was, he, instead of mentioning his unfortunate case to him, only said that he was a passenger by the way, and so he remained there safely.

Here, Mr. Editor, midnight was the time in which these villains thought that the surrounding people had fallen asleep, and that they would be able to put their wicked designs into execution with great ease; and thus thinking, the son desired his sister to open the door, pretending that he had something to bring from the room; and as soon as she opened the door he entered the room which was dark, and ap-

অতএব দ্বারমুক্ত করত পরে ঐ ভগ্নী দ্বার মোচন করিবামাত্র তিনি ঐ অন্ধকারাবৃতাগারে প্রবিষ্ট হইয়া তাঁহার ভগ্নী পতিকে চেষ্টা করিতে লাগিলেন কিন্তু তথায় তাঁহাকে না পাওয়াতে তাঁহার পিতাকে ইহা জ্ঞাত করাইতে বাহিরে আসিতেছিলেন কিন্তু তাঁহার ঐ অসিধারী পিতা তাঁহাকে জামাতা জ্ঞান করিয়া তাঁহার মস্তক্টা ছেদন করিলেন। পরে ঐ ভগ্নী তাঁহার ভ্রাতাকে এমত নির্দয়াপূর্ব্বক হত দেখিয়া অতিশয় চিৎকারধ্বনী করিয়া তাহার গর্ভধারিণীকে ডাকিতে লাগিল যে মা গো দেখ এসে দাদাকে বাবা কেটেছেন পরে এই বাক্য তাহার মাতার কর্ণকুহরে যাইবামাত্র তিনি মত্ত হস্তিনীর ন্যায় মৃত পুত্রের নিকটে আগমন করিয়া শব ক্রোড়ে লইয়া আত্যন্তিক উৎকারধ্বনিতে ক্রন্দন করিতে আরম্ভিলেন। অনন্তর এই কলরব নিশাচরের কর্ণগোচর হইবামাত্র তিনি ঐ স্থানে আসিয়া এবং বিষয়ের তত্ত্বানুসন্ধান করত ঐ দুরাত্মাকে গ্রেপ্তার করিয়া থানাদারের নিকটে লইয়া গেলেন পরে ঐ থানাদার পর দিবস প্রাতে বিচারের জন্য তাহাকে হুগলি জিলাতে প্রেরণ করিয়াছে। এ বিষয়ের এতাবন্মাত্র আমরা শুনিয়াছি।

গিং চং মুং।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সংপ্রতি আমরা জ্ঞাত হইলাম যে জিলা চব্বিশ পরগনার মধ্যে বারাসতের অন্তঃপাতি জালালপুর গ্রামে কোন ভদ্রলোকের বাটীতে ডাকাইতী হইয়া ঐ গ্রামের জমিদারের চাকর ফকিরচাঁদনামক এক ব্যক্তিকে খুন করে আর ঐ ভদ্রলোকের বাটীর দুই ব্যক্তিকে জখমি করে। পরে গ্রামস্থ তাবৎ লোক হাজির হওয়াতে জিনিস পত্র কিছু লইতে অসক্ত হইয়া পলায়ন করে। এইক্ষণে বারাসতের শ্রীযুত জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের হুকুমানুসারে বসুর হাট ও নারায়ণপুরের থানার দারোগারা উক্ত ডাকাইতির অনুসন্ধানের কারণ গ্রামে উপস্থিত হইয়া গ্রামস্থ লোকের দ্বারা ডাকাইতী হওয়া সুন্দররূপ প্রকাশ হওয়াতেও বসুর হাটের দারোগা ডাকাইতের অনুসন্ধানে কএক জনকে গ্রেপ্তার করিয়া পুনরায় কি কারণে তাহারদিগকে খালাস দিয়া এইক্ষণে যাহাতে ডাকাইতী প্রকাশ না হইয়া অন্য কোন দুষ্কর্ম্মে খুন হয় ইহাই প্রমাণ করিবার চেষ্টায় আছেন আমরা বুঝিতে পারিলাম না। যদ্যপি আমরা জানিতেছি যে উক্ত দারোগা মহাশয় মনস্কামনা সিদ্ধ করিতে পারিলেন না। যেহেতু বারাসতের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব অত্যন্ত বিজ্ঞ এবং সুবিচারক তাঁহার স্থানে অন্যের অহিত বিষয় গ্রাহ্য হওয়া সুকঠিন। বিশেষ নারায়ণপুরের দারোগা যিনি উক্ত দারোগার গ্রামে গমনের পরে শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের হুকুম অনুসারে গ্রামে সমাগত হইয়াছেন তেঁহ অত্যন্ত সচ্চরিত্র অন্যায় পক্ষে কখন উৎসাহী নহেন। অতএব বসুর হাটের দারোগা মহাশয়ের আশা পূর্ণ কখন হইতে পারিবেক না। কিন্তু ইহাতে খেদিত আছি যে কোম্পানিবাহাদুর প্রজার ধন প্রাণ মান সম্ভ্রম রক্ষার্থে এরূপ মনোযোগ হওয়াতেও মফঃসলের দারোগা মহাশয়েরা আত্ম কামনা সিদ্ধার্থ অদ্যাপি ভদ্রলোকের প্রতি এরূপ মিথ্যা কুৎসিত বিষয় রটনা করেন।

কস্যচিৎ বারাসতের মোক্তারকারজনস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

মহাশয় গো আশ্চর্য্য দেখিয়া ভীত হইয়াছি অনুগ্রহপূর্ব্বক দর্পণৈক দেশে মদুক্ত কএক পংক্তি লিপি অবিলম্বে প্রকাশ করিয়া চিরবাধিত করিতে আজ্ঞা হয়। বর্ত্তমান বৎসরের ১০ জুলাই তারিখে ভাটপাড়া গ্রামের বহুধনাঢ্য শ্রীযুত বাবু কালিদাস সরকারের এক কৃষ্ণবর্ণ গাবি অনুদ্দেশ হইবায় ঐ গ্রামের কোন২ সচ্চরিত্র সজ্জনের উপরে পূর্ব্বের বিবাদ স্মরণ করত ঐ গরু চুরির আরোপিত দায় তাহারদিগের পর ফৌজদারী মোং নৈহাটীর থানার দারোগার নিকট আপন চাকরের দ্বারা হলফ সহিতে নালিস করান। এবং ঐ মোকদ্দমা প্রমাণজন্য ঐগ্রামবাসি বাবুজীর প্রজা ও খাতক

proaching the bed side, began to search out his brother-in-law, but missed him there; and hence, as he was coming out to inform his father of the case, the father taking him to be his son-in-law, rushed on him with a drawn sword, and immediately severed his head from the body; and the sister beholding her brother so inhumanely cut off, began to call her mother with loud outcries, saying that her father has put her brother to the sword; and no sooner did her cries reach the ear of her mother, who was quite ignorant of it, than she came like an enfuriated elephant to the dead body of her son, and taking the corpse in her arms, began to wail as loudly as she could. The watch hearing this noise, hastened to the place, investigated the subject, arrested the perpetrator, and took him to the Thanadar, who sent him at day-break to Hooghly for the trial of the case. So far we heave learnt on the subject.

G. C. M.

To the Editor of the Durpun.

We have recently heard that in the district of the 24-Pergunnahs in the village of Jalalpore, near Barasut, a robbery was committed at the house of a respectable man, and Fukeerchand the servant of the Zemindar was killed, and two other persons very ill-treated; but as the people of the village were aroused, the villains were not able to take any thing before they fled. Now by the order of the Joint Magistrate of Barasut, the Darogah of Bosoorhat and Narainpore proceeded to the village in order to investigate the robbery, and having ascertained the fact by the depositions of the people, seized several people as having been concerned in the robbery. We wish to know why the Darogah has released them, and is endeavouring to gather proofs that the murder was committed in some other evil deed? We cannot understand his proceedings. We know that he has been unable to satisfy his wishes, because the Magistrate of Barasut is very learned and judicious, and it is impossible to get him to support the unjust actions of others. The Darogah of Narainpore who, according to the order of the Magistrate, was associated with the other Darogah, is an extremely active man, and never lends himself to injustice; hence, the Darogah of Bosoorhat will find it difficult to obtain his wishes. Yet it is a matter of regret, that with all the exertion made to preserve the life, wealth and honour of the Company's subjects, the Mofussil Darogahs still continue thus to subject respectable men to inconvenience for their own purposes.

A Mooktear of Barasut.

To the Editor of the Durpun.

We have been subject to no little terror from a singular circumstance. Kindly publish it in the Durpun, and thus confer a lasting obligation on me. On the 10th of July in the present year, a black cow belonging to Baboo Kaleedass Sircar, a rich native of Bhatpara, having become invisible, charged some of the very respectable men in the village with the guilt of having stolen the cow. This arose from an ancient grudge between him and them. He therefore sent one of his servants to the Darogah of Nyhatee, before whom he lodged a complaint on oath against these

এবং বাধ্য ইতর লোকদিগকে অর্থের দ্বারা আপন বশতাপন্ন করিয়া জোবানবন্দি দেওয়ান। তাহাতে তিন ব্যক্তি সাক্ষি যে প্রকার সাক্ষ্য দিলেক তাহা লিখিলে হাস্যাস্পদ হইবে পরস্পর ঐক্যতা নাই ও তাহারদের প্রাণে অতিশয় ভয় এবং তাহারা শঠীক জানে যে মিথ্যা কথা সেঁচা জল কতক্ষণ রয়। পরে গ্রামস্থ তরোথালে বোধ হইল যে আসামী আর ভদ্র লোক এহাঁরদিগের এমত কর্ম্ম যোগ্য গ্রাহ্যও নহে। ইহা দারোগা মহাশয়ের বিলক্ষণ বোধ হইয়া ঐ বাবুর গবাজলে ভৃত্যকে থানায় বদ্ধ রাখিলেন। পরে ঐ হোমরা চোমরা বাবুরা কোন ফিকিরে তাহাকে মুক্ত করিয়া আনিলেন। সম্পাদক মহাশয় গো শেষে বাবুজীরও বন্ধনাশঙ্কা হইবায় সকল বিষয় উড়াইবার সচেষ্টিত হইয়া নিজালয় হইতে দিব্য এক সাদা ফটকা গাইগরু বাহির করত অন্য স্থানের কোন চৌকীদারের সহিত সাজস করিয়া নিজ বাটীর বান্ধা গাই বেওয়ারিস অর্থাৎ কর্ত্তা রহিত কহিয়া থানায় দাখিল করে। পরে বাবুজী খোদ তাহার প্রভু হইয়া প্রচার করিলেন যে খোয়া গরু পাইলাম। ইহাতে দারোগা মহাশয়ও সুবিচার করিয়া এক রঙ্গের গরু হারাইয়াছিল অন্য রঙ্গের পাওয়াতেও তিনি উহার পক্ষে খোলাসা রিপোর্ট করিলেন যে ফরিয়াদীর দাবির গরু পাওয়া গিয়াছে। সম্পাদক মহাশয় ইহাতে বোধ হয় কি না যে ভাগ্যবানের বোঝা ভগবানে বহেন। এবং বাবুজীও অন্য গরু দেখাইয়া প্রায়শ্চিত্ত রহিত করিলেন এইক্ষণে এই স্থানের বিচারকর্ত্তা শ্রীলশ্রীযুত মর্য্যাদাবন্ত এডবর্ড ডিডস সাহেব মহাশয় দারোগা মহাশয়ের রিপোর্টের দৃষ্টান্তে ডিসমিস অর্থাৎ বিচারান্ত করিয়াছেন। সম্পাদক মহাশয় তাহাতে বাবুরদিগের যে প্রকার লাফালাফি তাহা লিখন অসাধ্য যৎকিঞ্চিৎ লিখি। কহেন যে টাকার দ্বারা কি না হয় অর্থেন সর্ব্বেবশাঃ এইসকল কথা শুনিয়া প্রমাণ লিখি। কড়িফটকা চিড়ে দই বন্ধু নাই কড়ি বই কড়িতে বাঘের দুগ্ধ মিলে কড়িতে বুড়ার বিয়া কড়ির লেগে মরে গিয়া কড়ি দিলে কুলবধু ভুলে। অতএব পাঠকবর্গ মহাশয়বর্গ বিবেচনা করুন। স্বচ্ছন্দে ইতর লোকের দ্বারা ভদ্র লোকের সন্তানদিগকে চোর কহিয়াও পার পাইলেন। তাহাতে খেদের বিষয় এই যে বিচারকর্ত্তা মহাশয় যদি উহারি মানিত সাইদ ও প্রাপ্ত ফটকা গরু তলপ করিতেন তবে তৎক্ষণাৎ নষ্টামী প্রকাশ হইয়া শাস্তি পাইত ও আইনের মান থাকিত এবং খেলাপ নালিস হাকিম জানিতে পারিতেন। এইক্ষণে দুঃখের মধ্যে এই রহিল যে উপর লিখিত ভদ্র লোকেরা বালক কালাবধি শ্রীশ্রীযুক্ত কোম্পানির ও শ্রীশ্রীযুক্ত লার্ড বিসোপ সাহেবের পাঠশালার ধর্ম্মপুস্তক পাঠ ও হিতোপদেশ শিক্ষা করিয়া কালিদাস সরকারের গাইগরু চোর হইলেন।

কস্যচিৎ ভবসিন্ধুনিবাসিজনস্য।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	।৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪॥০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

ব্যাঙ্ক সের।

বাঙ্গালা ব্যাঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

men; and to support it, put in the depositions of some of his own tenants and debtors, and some low people under his influence, by the power of money. If I were to describe the evidence of three of the witnesses, it would only afford cause for ridicule. Their depositions were mutually contradictory; they were under the influence of fear, and well knew that the fact of the falsehood could not long remain concealed.

When the business was examined in the village, it was discovered that the defendents were respectable men, and not likely to be guilty of such a crime. The Darogah was so well convinced of this fact, that he has locked up in confinement some of the Baboo's swearing witnesses. Then these ostentatious Baboos began to contrive means for getting their witnesses out of limbo; but, Mr. Editor, the Baboo himself, at length, through fear of being thrown into confinement, and the loss of his property took a white cow from his own house, and managed to place it in the hands of a Chowkeedar, who sent it to the Thanna, pretending that it was the cow which has been found. The Baboo then advanced a claim to the cow, saying that it was the one which had been lost, and the Darogah also, in his great wisdom, declared this to be the case, although the one lost was black and this was white, and a report had been made accordingly. Mr. Editor, does it not appear from this, as we commonly say, that Providence bears the burden of the great. The Baboo also, by producing another cow, escaped from the labour of atonement. Our worthy Magistrate, Mr. Deedes, on hearing the Darogah's report, dismissed the case. Mr. Editor, I cannot describe the leaping and joy of the Baboos on this occasion; but something I will relate; they say what cannot be accomplished with money? Money governs every thing; and this established our common saying, with money you may buy all kinds of food; money is the best of all friends; with money you may obtain the milk of the tyger; with money even an old man may get married; for money, even a respectable woman will forget herself. And is it not so, when by its means a great man has been able to charge a respectable man with stealing, with impunity; but it is matter of regret that the Magistrate did not call the witnesses befor him and look at the cow. If he had done so, the whole plot would have been discovered, the laws would have been honoured, and he would have seen how the cause had been quashed. This therefore only remains as the cause of great anxiety that those respectable men who have been brought up from their childhood in the schools of the Lord Bishop and the Company, and have been reading the Bible and receiving instruction, are now charged with.

An Inhabitant of the World.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	12	0	13	0
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal,.............. Co's Rs. 2,400—5002,

সমাচার দর্পণ

১১৫৪ সংখ্যা। বালম ১১।] ২৬ আগস্ত ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১১ ভাদ্র। SATURDAY AUGUST 26TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1154. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানার প্রবেশ দ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কখেুল সাহেব মৃত ভবানীপ্রসাদ ঘোষের পুত্র অথবা উত্তরাধিকারী হরিপ্রসাদ ঘোষ এবং তাঁহার বিধবা স্ত্রী শ্রীমতী জয়মণি দাসীর বিরুদ্ধে কাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১। বিশেষতঃ কলিকাতা নগরের কলিঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিতগৃহ বসতবাটী নং ৩৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পশ্চিম দিগে হিল সাহেবের গলি। উত্তর দিগে মেহেদি বারবরের বাটীও ভূমি। পূর্ব্ব দিগে বেদরুদ্দি বারবরের বাটী ও ভূমি।

২। এবং কলিকাতা নগরের বহুবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১১৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /২ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে এক খণ্ড ভূমি ও এক গলি। পশ্চিম দিগে হাণ্টর সাহেবের ভূমি। উত্তর দিগে অভয়াচরণ বন্দ্যোপাধ্যায়ের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে বিশ্বনাথ মতিলালের এক খণ্ড ভূমি।

ইশতেহার।

৩। এবং কলিকাতা নগরের সূতানুটিতে মেছুয়াবাজারে সদরদ্দি মুন্সীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সদরদ্দি মুন্সীর গলি। দক্ষিণ দিগে রাজা গোপীমোহন রায়ের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে পীতাম্বর ঘোষের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে দ্বারকানাথ ঠাকুরের বাটী ও ভূমি।

৪। এবং কলিকাতা নগরে বড়বাজারে শ্যামা বায়ীর গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৬৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ·১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে শ্যামা বায়ীর গলি। পশ্চিম দিগে গৌরমোহন মিত্রের এক খণ্ড ভূমি। উত্তর দিগে কালীপ্রসাদ ঘোষের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে তুলা বাজারের গলি।

৫। এবং কলিকাতা নগরে বড়বাজারের পগেয়া পটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৭ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ব্রজনাথ বাবুর বাটী ও ভূমি। দক্ষিণ দিগে মদনমোহন সেনের বাটী ও ভূমি। পশ্চিম দিগে এক গলি। পূর্ব্ব দিগে ঠাকুরদাস ও দায়াদনাথ বাবুর কুঠীবাটী।

৬। এবং কলিকাতা নগরের সূতানুটিতে শোভাবাজরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৬৬৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমি হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দি-

ইশতেহার।

গে মৃত্যুঞ্জয় বাবুর এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে এক গলি। পূর্ব্ব দিগে চিৎপুরের রাস্তা। পশ্চিম দিগে আশুতোষ দের এক খণ্ড ভূমি।

৭। এবং কলিকাতা নগরের শ্যামবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৭৩ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২।।০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে শিবপ্রসাদ ঘোষের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে ১ নং থানা এবং বলরাম ঘোষের গলি। পূর্ব্ব দিগে সরকারী নর্দ্দমা। এবং শিবপ্রসাদ ঘোষের বাটী ও ভূমি। পশ্চিম দিগে শ্যামবাজারের রাস্তা।

৮। এবং কলিকাতানগরের সূতানুটিতে চাঁপাতলার রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক বাটী এবং তাহার সঙ্গে যে ইষ্টকনির্ম্মিত প্রাচীর বেষ্টিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ঈশ্বর চন্দ্র পাল চৌধুরীর বাটী ও ভূমি। দক্ষিণ দিগে চাঁপাতলার গলি। পূর্ব্ব দিগে চৈতন্য কুণ্ডের বাটী ও ভূমি। পশ্চিম দিগে গঙ্গা।

৯। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানিপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ঈশ্বরচন্দ্র পাল চৌধুরীর বাটী ও ভূমি। দক্ষিণ দিগে চাঁপাতলার গলি। পূর্ব্ব দিগে কেবল কৃষ্ণ মণ্ডলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে চৈতন্য কুণ্ডের বাটী ও ভূমি।

১০। এবং জিলা চব্বিশ পরগনার তিন জলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১৫ পনর বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব

ইশতেহার।

ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে কামু খানসামার বাগান। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত ভবানীপ্রসাদ ঘোষের অপর এক বাগান। পূর্ব্ব দিগে সিংক্লায়র সাহেবের বাগান।

১১। এবং জিলা চব্বিশ পরগনার জাননগরের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি। তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে পূর্ব্বোক্ত ভবানীপ্রসাদ ঘোষের বাগান। দক্ষিণ দিগে বংশী পোদ্দারের বাগান। উত্তর দিগে সরকারী রাস্তা।

১২। এবং জিলা চব্বিশ পরগনার পুরাণা বৈঠকখানার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে এক একতালা ইষ্টকনির্ম্মিত বৈঠকখানা ও এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১৸০ এক বিঘা পনর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চৈতন্য চরণ বসাকের বাগান। পশ্চিম দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে প্রাণকৃষ্ণ মুখুয্যের বাগান। উত্তর দিগে গোরস্থান।

১৩। এবং কলিকাতানগরের বৈঠকখানার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে চাঁদখাঁর দরগা। পশ্চিম ও দক্ষিণ দিগেগলি। পূর্ব্ব দিগে খোসাল কাজির ও বাটী ভূমি।

১৪। এবং জিলা চব্বিশ পরগনার বাহির সীমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি এবং তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ ও রাইয়ৎ আছে ভূমি অনুমান ২।।০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষেরযে স্বত্ব ও অধিকার

ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নেন্তা বাবুর বাগান। পশ্চিম দিগে সদর রাস্তা। উত্তর দিগে কোম্পানি বাহাদুরের খালের ভূমি। দক্ষিণ দিগে হরেকৃষ্ণ পিরালির বাগান ও সরকারী রাস্তা।

১৫। এবং জিলা চব্বিশ পরগনার উল্টা ডাঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও বাগান তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও এক একতালা ইষ্টকনির্ম্মিত বৈঠকখানা আছে ভূমি অনুমান ৫০ পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ভবানীচরণ হালদারের বাগাৎ ভূমি। দক্ষিণ দিগে গলি। পশ্চিম দিগে সরকারী রাস্তা। উত্তর দিগে সরকারী নর্দমা।

১৬। এবং জিলা চব্বিশ পরগনার সোণা চন্দনপুকুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ৪০ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মুন্সী আমীরের ও অন্য ব্যক্তির ধান্য ভূমি। পশ্চিম দিগে মুন্সীআমীরের ধান্য ভূমি। উত্তর দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে প্রাণকৃষ্ণ বিশ্বাসের ভূমি।

১৭। এবং জিল্লা চব্বিশ পরগনার চন্দনপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ লাখেরাজ ধান্য ভূমি অনুমান ৭ সাত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৮। এবং জিলা চব্বিশ পরগনার বর্দ্ধনপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ লাখেরাজ ধান্য ভূমি অনুমান ৪ চারি বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৯। এবং ঢাকা জিলায় জলালপুর পরগনার ইসলামপুর বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে মহম্মদ আলী দারোগার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগের একাংশে কৃষ্ণচন্দ্র বণিকের বাটী ও ভূমি। অপরাংশে মব্বা খানসামার বাটী ও ভূমি। পশ্চিম দিগে গলি।

২০। এবং জিলা ঢাকায় বাঙ্গলা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে বুড়ি গঙ্গা। উত্তর দিগে বলরাম পোদ্দারপ্রভৃতির বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে জীবনকৃষ্ণ বাবুর বাটী ও ভূমি।

২১। জিলা বাখরগঞ্জে পরগনে ভুজরুক উমেদপুরের শামিল ও তন্মধ্যস্থিত এক তালুক অথবা জমিদারী তাহার মধ্যে কএক কিসমৎ ওগয়রহ আছে বিশেষতঃ জোয়ার বুড়া মাজুমদার ও জোয়ার কাননীয়া ও জোয়ার রামনগর কিসমৎ নিয়ামতি ও জোয়ার করুণা ও জোয়ার কাপলি ও জোয়ার বুটি কন্যা ও জোয়ার চন্নিয়া বন্নিয়া ও কিসমৎ কালিকাপুর ও কিসমৎ আদোয়া ও কিসমৎ দবলাখালি ও কিসমৎ আমড়াগাছিয়া ও জোয়ার বলাই কাটী ও কিসমৎ আনলিয়াপুর ও জোয়ার আতরাগাছিয়া ও কিসমৎ মনকরন ও কিসমৎ যমুনা ও কিসমৎ বদরপুর ও কিসমৎ গবুয়া ও কিসমৎ পাইটা ও কিসমৎ অভয়নালা ও কিসমৎ চৌদ্দবাড়িয়া।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কথেল সাহেব মৃত ভবানীপ্রসাদ ঘোষের পুত্র অথবা উত্তরাধিকারী হরিপ্রসাদ ঘোষ এবং তাঁহার বিধবা স্ত্রী শ্রীমতী জয়মণি দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১। বিশেষতঃ কলিকাতানগরের কসাইটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহবসতবাটী নং ৩১ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দভূমি অনুমান।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান নিয়মানুসাতে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগের একাংশে কালীপ্রসাদ ঘোষের বাটী ও ভূমি অপরাংশে অসবরন সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগের একাংশে রামনাথ মুখুয্যের বাটী ও ভূমি। অপরাংশে গোপাল মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে কেতাবদ্দি সরকারের বাটী ও ভূমি।

২। এবং কলিকাতা নগরে ধর্ম্মতলার রাস্তায় তালতলার বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং১০৩ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ধর্ম্মতলার রাস্তা। দক্ষিণ দিগে কালবিন সাহেবের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত আসামী ভবানীপ্রসাদ ঘোষের বাটী। পূর্ব্ব দিগে রূপনারায়ণ ঘোষালের বাটী ও ভূমি।

৩। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১০৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসমী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত ভবানীপ্রসাদ ঘোষের অপর এক বাটী। পশ্চিম দিগে মট সাহেবের গলি। উত্তর দিগে ধর্ম্মতলার রাস্তা। দক্ষিণ দিগে কালবিন সাহেবের এক খণ্ড ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ আগষ্ট বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানার প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত মথুরামোহন সরকারের মরণোত্তর উত্তরাধিকারি পীতাম্বর সরকারের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের মেন্দিবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫৪ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।৪৷৷০সাড়ে নয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার ও মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর সরকারের যে স্বত্ব অধিকার ও সম্বর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে প্রভুরাম দাসের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে কোম্পানির গলি। উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে মৃত মীর হয়দরালির বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ৭ আগস্ত বৃহস্পতিবার কলিকাতা শহরে শ্রীযুক্ত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়ার্টর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর টাক্সের ফেরফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ৩১ আগস্ত বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। আগামি ৯ সেপ্তেম্বর শনিবারের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থ সেসন অর্থাৎ মিসিল শেষোক্ত তারিখ বেলা ১১ ঘণ্টা পর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস আপীসে মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবার ব্যতিরিক্ত অন্যবারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাসহওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেকটরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গলা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা যে তিনি দিয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেকটরী দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দ্বারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মুক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিককালে নহে।

এবং ঐ ঘরে পুনর্ব্বার বাস হইলে তাহার এত্তেলা তদ্রূপে কালেকটর সাহেবকে দিলে তিনি তাঁহার রসীদ এবং ঘর শূন্য হওন এবং তাহাতে পুনর্ব্বার বাস করণের এত্তেলা যদ্যপি পূর্ব্ববৎ না দেওয়া যায় এবং যদ্যপি পূর্ব্ববৎ এত্তেলা পাইয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব না দেন তবে ঘর শূন্য হইয়াছিল বলিয়া তাহার টাক্স রহিতের দাওয়া গ্রাহ্য হইবে না এবং এই সকল সেসনেতে যে টাক্স নির্দ্ধার্য্য করা গেল যে আগামি ১ নবেম্বর তারিখে জারী হইবে কিন্তু ঐ তারিখের পূর্ব্বে জারী হইবে না ইতি।

জেমস ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস আপীস।
১৯ আগস্ত ১৮৩৭।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।
সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইলে দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে বিভক্ত মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৪ আগষ্ট।

নীচে লিখিতব্য আইনের পাণ্ডুলেখ্য ১৮৩৭ সালের ১৪ আগষ্ট তারিখে কৌন্সেলে প্রথম বার পঠিত হইল।

১৮৩৭ সালের — নং আক্ট।

হুকুম হইল যে ফোর্ট সেণ্ট জর্জের গবর্নর্ কৌন্সেল হজুর কৌন্সেলের আজ্ঞাক্রমে যে স্থানে কয়েদি ব্যক্তিরদের খালাসের মিছিল হয় সেই স্থানের প্রধান সদর আমীনেরদিগকে মিথ্যা শপথকরণ বিষয়ে মিথ্যা শপথকারি ব্যক্তিরদিগকে কয়েদকরণের যে ক্ষমতা মান্দ্রাজে চলিত ১৮২৯ সালের ৮ আইনের ৩ ধারানুসারে ফৌজদারী জজকে দেওয়া গিয়াছে সেই ক্ষমতা দিতে পারেন।

হুকুম হইল যে পাণ্ডুলেখ্য পঠিত হইল তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ করা যায়।

হুকুম হইল যে পূর্ব্বোক্ত পাণ্ডুলেখ্য আগামি ২৯ সেপ্তেম্বর তারিখের পর লেজিসলেটিব কৌন্সেলে পুনর্ব্বিবেচিত হইবে।

ডবলিউ এচ মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

৭ আগষ্ট ১৮৩৭ সাল।

পদাতিক সৈন্যের ৪৪ রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত আর বি পেম্বর্টন সাহেব এইক্ষণে তিনি কলিকাতা রাজধানীতে বিশেষ কর্ম্মে আছেন তিনি শ্রীলশ্রীযুক্তের প্রতিনিধিস্বরূপ ভোটান্ দেশে পরিশেষে তিব্বতে গমনার্থ নিযুক্ত হইয়াছেন।

মান্দ্রাজ রাজধানীর আসিষ্টাণ্ট সার্জণ্ট শ্রীযুত ডবলিউ গ্রিফিৎ সাহেব পূর্ব্বোক্ত সাহেবের সঙ্গে চিকিৎসক হইয়া গমন করিতে নিযুক্ত হইয়াছেন।

পদাতিক সৈন্যের ৫৬ রেজিমেণ্টের এনশাইন শ্রীযুত ব্লেক সাহেব পূর্ব্বোক্ত সাহেবের টৈনাতি সৈন্যের অধ্যক্ষতা করিবেন।

১৬ আগষ্ট।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কোম্পানির কেরাণি শ্রীযুত এফ বি গবিন্স সাহেব সরকারী কর্ম্মে নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে উত্তর পশ্চিম অঞ্চলের কর্ম্মভুক্ত করিয়াছেন।

কোম্পানির কেরাণি শ্রীযুত এফ বি গবিন্স সাহেব সরকারীকর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

মৌহাবের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে বেল সাহেব গত ১ আপ্রেল তারিখে যে ছুটি পান তদতিরিক্ত সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবকর্ত্তৃক ১০ অক্তোবরঅবধি ৩১ দিসেম্বর পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১২ আগষ্ট।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বস্বকর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

ছোট আদালতের প্রধান কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ বৃজকী সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বীয় কর্ম্মের ভার পরিত্যাগকরণের তারিখঅবধি আট মাসের ছুটি পাইয়াছেন।

১৫ আগষ্ট।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব ত্রিহুতের মাজিস্ত্রেট হইয়াছেন।

শ্রীযুত এফ ই রিড সাহেব ট্রটর সাহেবের পরিবর্ত্তে অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরণিয়ার মাজিস্ত্রেট ও কলেকটর হইয়াছেন।

শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা রাজশাহী ও দিনাজপুর ও রঙ্গপুরের নিষ্কর ভূমির সনন্দাদির তজবীজ করণার্থ একটিং স্পেসিয়ল ডেপুটি কালেকটর

৩০ ৬

FORT WILLIAM.
LEGISLATIVE DEPARTMENT.

14th August, 1837.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 14th August, 1837.

ACT, No. —— OF 1837.

It is hereby enacted, that it shall be competent to the Governor in Council of Fort St. George, by an order in Council, to invest Principal Sudder Ameens at stations where Jail Deliveries are held, with the same powers of commitment in cases of Perjury as are exercised by the Criminal Judges under Sec. III. Reg. VIII. of 1829, of the Madras Code.

Ordered, that the Draft now read, be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 29th day of September next.

W. H. MACNAGHTEN,
Sec. to the Govt. of India.

CIVIL APPOINTMENTS.

7th August.

Captain R. B. Pemberton, of the 44th Regiment Native Infantry, now on special duty at the Presidency, has been appointed to proceed on a Mission to Bootan and eventually to Thibet.

Assistant Surgeon W. Griffith, of the Establishment of Fort Saint George, is appointed to proceed in medical charge of the Mission.

Ensign Blake, of the 56th Regiment Native Infantry, to command the Escort of the Mission.

10th August.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the North Western Provinces Mr. F. B. Gubbins, Writer, reported qualified for the public service.

Mr. F. B. Gubbins, Writer, is reported qualified for the public service by proficiency in two of the Native languages.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant to the Rev. J. Bell, District Chaplain at Mhow, an extension of the leave granted to him on the 1st April last, from the 10th October to the 31st December next.

12th August.

The following officer has obtained leave of absence from his station:

Mr. C. W. Brietzcke, Senior Commissioner of the Court of Requests, permitted to be absent from the Presidency for the period of eight months, on medical certificate, to take effect from the date of his relinquishing charge of his office.

15th August.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. W. T. Trotter to be Magistrate of the District of Tirhoot.

Mr. F. E. Read to officiate, until further orders, as Magistrate and Collector of Purneah, vice Mr. Trotter.

Mr. J. Staniforth to officiate, until further orders, as Special Deputy Collector for the investigation of Titles to hold Land free from the payment of Revenue, in Zillahs Rajeshahy, Dinagepore and Rungpore, and the Deputy Collectorates of Bogra and Pubna, in the room of Mr. Goad.

এবং শ্রীযুত গোড সাহেবের পরিবর্ত্তে বোগরা ও পবনার ডেপুটি কালেকটর হইয়াছেন।

হুগলির সিবিল ও সেসন জজ শ্রীযুত সি আর মার্টিন সাহেবের প্রতি যে অভিযোগ হইয়াছে তাহার তজবীজ করণার্থ ১৮১৩ সালের ১৭ আইন অনুসারে শ্রীযুত ডবলিউ বর্ড সাহেব স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

৩১ জুলাই।

গোরক্ষপুরের আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত লেপ্তেনন্ত আর সি সিক্সপিয়র সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

২ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ ই মনি সাহেব শ্রীযুত টাড সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত মীর্জাপুরের একটিং কষ্টম কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এম এফ মুর সাহেব শাহরণপুরের একটিং ডেপুটি কালেকটর হইয়াছেন।

Mr. W. W. Bird is appointed a Special Commissioner under Regulation XVII. of 1813, for the investigation of the charges brought against Mr. C. R. Martin, Civil and Session Judge of Hooghly.

31st July, 1837.

Lieutenant R. C. Shakespear, Assistant Revenue Surveyor in the District of Goruckpore, has obtained leave of absence, for the period of two months, from the 1st proximo, on urgent private affairs.

2d August.

Mr. W. E. Money to officiate as Collector of Customs at Mirzapore during Mr. Todd's absence, or until further orders.

Mr. M. F. Muir, to officiate as Deputy Collector of Customs at Seharunpore.

সমাচার দর্পণ

শনিবার ২৬ আগস্ত ১৮৩৭।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের পশ্চিম প্রদেশে যাত্রার কাল প্রায় উপস্থিত অতএব রাজধানীহইতে শ্রীলশ্রীযুক্তের অবিদ্যমানে যে সকল নূতন নিয়ম করিতে হইবে তাহা নির্ণয়করণার্থ যে আইনের আবশ্যক সেই আইন জ্ঞাত হইতে এইক্ষণে লোকের ব্যগ্রতা আছে।

আমরা অবগত হইলাম যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নিজ পরিজনব্যতিরেকে তাঁহার সঙ্গে মোসাহেবেরা ও এই সকল মহাশয় গমন করিবেন বিশেষতঃ শ্রীযুত ডাক্তর ডুমন সাহেব ও মোসাহেবেরা ও তাঁহার নিজ সেক্রেটরী ও মিলেটরী সেক্রেটরী ও শ্রীযুত মেজর জেনরল সর উলিয়ম কেসমেণ্ট সাহেব ও শ্রীযুত মেকনাটন সাহেব ও ডেপুটি সেক্রেটরী শ্রীযুত টরন্স সাহেব ও কমসেরিয়ৎসম্পর্কীয় শ্রীযুত কাপ্তান হকিন্স সাহেব ইনি শ্রীলশ্রীযুক্তের ছাউনির অধ্যক্ষতা করিবেন এতদ্ভিন্ন ধর্ম্মোপদেশক শ্রীযুত উইম্বরলি সাহেব। এইক্ষণে যেরূপ উদ্যোগ হইতেছে ইহাতে বোধ হয় যে অক্তোবর মাসের মধ্যসময়পর্য্যন্ত শ্রীলশ্রীযুক্তের যাত্রা সম্পন্ন হইবে।

প্রতিমাসে বাষ্পীয় জাহাজের দ্বারা গমনাগমন।

গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত প্রিন্সেপ সাহেব বঙ্গদেশীয় বাণিজ্য সমাজের সেক্রেটরী শ্রীযুত লিমণ্ড সাহেবের নিকটে সংপ্রতি পত্র লিখিয়াছেন তাহাতে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কলিকাতাস্থ বাণিজ্যকারিরদিগকে জ্ঞাপন করেন যে বোম্বাইর গবর্ণমেণ্ট তাঁহার নিকটে ইহা লিখিয়াছেন যে আগস্ত মাসের প্রথমাবধি আমরা সুএজনগরে প্রতিমাসেই একং খান বাষ্পীয় জাহাজ প্রেরণ করিব অতএব ইহাতে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তাবৎ লোকেরদিগকে স্বীয় সন্তোষ জ্ঞাপন করিয়াছেন যে এইক্ষণে গবর্ণমেণ্টের বাষ্পীয় জাহাজের দ্বারা মিসর দেশের পথদিয়া ভারতবর্ষের এক বন্দর অর্থাৎ বোম্বাইহইতে মাসেং ইউরোপের সঙ্গে লিখনপঠনকরণের উদ্যোগ হইবে।

ইনশালবেণ্ট আদালত।

গত শনিবারে শ্রীযুত সর বেঞ্জিমেন মালকিন সাহেব কার্গিসন কোম্পানির ইষ্টে

SUMACHAR DURPUN.

SATURDAY, AUGUST 26TH, 1837.

The Governor General.

As the time approaches for the departure of the Governor General to the Upper Provinces, some impatience begins to be felt for the promulgation of the Act, necessary to sanction the new arrangements, which Lord Auckland's absence from the seat of Government will involve.

It is understood that the Governor General's party (besides his own family) will consist of all his personal staff, namely, Dr. Drummond, the Aides-de-Camp, the Private & Military Secretary, Major-General Sir Wm. Casement, Mr. McNaghten, Mr. Torrens, as Deputy Secretary, Captain Hawkins, of the Commissariat Department, in Charge of the Camp, and the Rev. Mr. Wimberly, as Chaplain. According to present arrangements every thing is to be ready for starting about the middle of October.—*Courier.*

Monthly Steam Communication.

A letter from Mr. Prinsep, Secretary to Government, to Mr. Limond, Secretary to the Bengal Chamber of Commerce, has just been published, in which the Right Honourable the Governor General of India informs the merchants of Calcutta, that communications have been received from the Government of Bombay, shewing that arrangements are in progress for dispatching steamers to Suez every month, commencing with August. The Governor General of India in Council, therefore, congratulates the community on the first effort being now made to keep a regular monthly communication with Europe, from one of the Ports of India, by the route of Egypt in Government Steamers.

Insolvent Court.

Sir Benjamin Malkin, on Saturday last, allowed the claim of Mr. David

টের উপর শ্রীযুত ডেবিড ক্লার্ক সাহেবের ৬ লক্ষ টাকারো অধিক যে দাওয়া ছিল তাহা মঞ্জুর করিলেন। শ্রীযুত সাহেব ঐ কুঠী ত্যাগকরণসময়ে ঐ টাকা তাঁহার নামে জমা হয়·যখন সাহেব কুঠী ত্যাগ করিয়া যান তখন ঐ কুঠী যোত্রাপন্ন ছিল এমত বোধ হইল।

পোলীসবিষয়ক কমিস্যন।

অবগত হওয়া গেল সংপ্রতি পোলীসের কার্য্যবিষয়ে এক কমিস্যন নিযুক্ত হইবেন তাহার অভিপ্রায় বঙ্গাদি প্রদেশে পোলীসের অবস্থাবিষয়ক এক রিপোর্ট প্রস্তুত করেন এবং যাহাতে ঐ রীতির সুশৃঙ্খল হইতে পারে তাঁহারা এমত পরামর্শ দেন। পরন্তু যে সাহেবলোকেরা ঐ কমিটিতে নিযুক্ত হইয়াছেন তাঁহারদের নাম দৃষ্টিতে আমারদের বোধ হয় যে ঐ মহাশয়েরদের পরিশ্রমেতে অল্পকালের মধ্যেই উপকার দর্শিবে।

শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ।

কুরিয়র সম্বাদপত্রে লেখে যে শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব আগামি জানুআরি মাসে অবশ্যই ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিবেন।

কলিকাতার পোলীসের দ্বারা আফীণ ধৃত করণ।

কএক দিবস হইল নিমতলার ঘাটের নিকটনিবাসি পূর্ব্ব সিংহের বাটীতে কএক বাক্স চোরা আফীণ ধরা পড়িয়াছে বিশেষতঃ সুমুখ সিংহনামক এক জন গোয়েন্দা ১৯ স্থানের নাএবের নিকটে আসিয়া কহিল যে রাত্রিযোগে এক স্থানে আফীণ উঠান গিয়াছে তাহাতে নাএব জরবরলাক সিংহ তৎক্ষণাৎ এক দল বরকন্দাজ লইয়া ঐ পূর্ব্ব সিংহের বাটী ঘেরিলেন এবং ঐ বাটীতে ২০ টা থলি পূর্ণ ৬০০০ টাকার আফীণ পাইলেন। তৎপরে নাএব নৌকায় গিয়া ১৫ জনকে গ্রেপ্তার করিলেন। তন্মধ্যে দুই জনকে ঐ ব্যাপারের সরদারের ন্যায় বোধ হইল। অনন্তর তাহারদিগকে জিজ্ঞাসাবাদ করাতে তাহারা কহিল যে এই আফীণ ২ নৌকাতে ছাপরাহইতে আনিয়াছি আমরা ঐ জিলার মধ্যে কোম্পানির আফীণ প্রস্তুত করিয়া থাকি। তাহারদের স্থানে একখানিও পাশ ছিল না এবং ঐ আফীণ আনয়নসময়ে পরমিট পঞ্জরার কোন লোক পূর্ব্বে তাহারদিগকে আটক করে নাই। তাহারা ঐ পূর্ব্ব সিংহের নিকটে ৬ টাকা করিয়া সের বিক্রয় করিয়াছে যে স্থানে ঐ আফীণ ধরা গেল সেই স্থানের তাবৎ ঘর নদীর অতিনিকট এবং তৎপ্রযুক্ত নিমক ও আফীণ ও অন্যান্য চোরা দ্রব্য উঠাইয়া লওনের অতিসুযোগ হয়। কলিকাতার পোলীসের দ্বারা এই দ্বিতীয় বার আফীণ ধরা পড়িল। প্রথমবার কলিঙ্গার থানাদার হুসেন সিংহের দ্বারা ধরা পড়িয়াছিল ঐ থানাদার কুলিবাজারে গমনশীল এক খান পালকির মধ্যে তাহা ধরেন। ঐ আফীণধারকেরা অতিভারি পুরস্কার পাইয়াছেন।

শ্রীলশ্রীযুক্ত বাদশাহের জন্মতিথি।

বর্ত্তমান মাসের একবিংশ দিবসে ইঙ্গলণ্ড দেশের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের জন্মতিথি হওয়াতে শ্রীলশ্রীযুক্ত ৭২ বৎসর বর্ষবয়স্ক হইলেন। ঐ জন্মদিবসীয় মহোৎসবোপলক্ষে কলিকাতায় গবর্ণমেণ্ট হৌসে এক নাচ ও মহাভোজ করায়ায় তাহাতে অনেক সাহেব ও বিবি সাহেবেরা সমাগত হইয়াছিলেন। কলিকাতার সম্বাদপত্রের দ্বারা অবগম হইল যে কলিকাতায় এতদ্দেশীয় অনেক মহাশয়েরাও তত্র উপস্থিত ছিলেন।

Clarke, upon the estate of Fergusson and Co., to the extent of more than six lakhs of Rupees. This sum had been placed to his credit on his quitting the House, which at that period was considered in a state of solvency.

The Police Commission.

We understand that a Commission has been or shortly will be appointed for the purpose of reporting upon the present state of the Police in the Lower Provinces, and of suggesting such improvements in the system as may seem expedient. The names of some of the gentlemen who are to be placed on the Committee, lead us to anticipate much benefit from their labours.—*Hurk.*

Sir Charles Metcalfe.

The *Courier* states, that Sir Charles Metcalfe will positively go home in January next.

Extensive Seizure of opium by Calcutta Police.

During the week a rather extensive seizure of opium was affected at Nimtulla Ghaut, in the house of Phurboo Sing, residing near the river side. An informer of the name of Samuck Sing come to the Nayb, of No. 19, and mentioned that a landing had taken place in the night (9 P. M.) of opium. The Nayb (Jurballuck Sing) immediately took a party of burkundazes and surrounded the house of Parboo Sing, and found about 20 bags, containing about 6000 Rs. wroth of opium. The Nayb afterwards proceeded to the boats, and arrested fifteen men, two of them seemed to be the principals.

On being questioned, they stated that they brought the opium from Chuppra in two boats, and that they are Government manufacturers of the drug in that district. They had no pass, and were not stopped by any peons of the customs, on taking the opium to the house of Phurboo, who had purchased it at 6 Rs. *a seer.* The houses about the place where the seizure was made are all near the water's edge, thus affording every facility for smuggling salt, opium, or any other commodity. This, we hear, is the second heavy seizure made by the Calcutta Police of opium: the first was made by Hoss-aynie, thanadar of Colingah, in a palankin at Cooly Bazar. The rewards, we hear, are very handsome.—*Ibid.*

His Majesty's Birth-day.

On Monday, the 21st of the present month, His Majesty the King of England attained his seventy-second year. A ball and supper were given at the Government House, which was numerously attended. We learn from one of our contemporaries that a number of Native Gentlemen were present.

কলিকাতার চুরী।

ফ্রান্সিস সিবর্ড সাহেবের কর্ম্মকারক লালমোহন মুখুয্যোনামক এক জন সরকার ১৩০ টাকার কএকখান বিল হস্তগত করিয়া পলায়ন করিয়াছে। ঐ সাহেব ২২ জুন তারিখে নানা লোকের নিকটে ঐ টাকা আদায়করণার্থ তাহাকে বিল দিয়াছিলেন। পরে উভয়পক্ষীয় লোকেরা তৃতীয় সংখ্যক মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তদ্বিষয়ের তজবীজের নিমিত্ত উপস্থিত হওয়াতে এইক্ষণে তাহার বিচার হইতেছে।

নীল।

এই সপ্তাহের মধ্যে ত্রিহুতহইতে আগত পত্রে লেখে যে এই অঞ্চলে অত্যন্ত বৃষ্টি হইয়াছে তাহাতে নীলগাছের এমত বিঘ্ন হয় যে প্রায় কিছু উৎপন্ন হইবে না।

চা ফিরে আইসন।

ডূক অফ সসেক্সনামক জাহাজ সংপ্রতি মান্দ্রাজে পঁহুছিয়াছে ঐ জাহাজের দ্বারা ১২০০ সিন্দুক চা ইঙ্গলণ্ড দেশে বিক্রয় না হওয়াতে ফিরে আসিয়াছে। তাহার কতক কেপে বিক্রয় হইয়াছে অবশিষ্ট মান্দ্রাজে বিক্রয়হওনার্থ আনয়ন করা গিয়াছে।

হুগলি জিলায় ডাকাইতী।

গত ২৭ জুলাই তারিখের রাত্রিযোগে জিলা হুগলির চন্দ্রকোণার থানার শামিল মাণিককুণ্ডনিবাসি লক্ষ্মীনারায়ণ চক্রবর্ত্তির বাটীতে অতিদারুণ ডাকাইতী হয়। ৫০।৬০ জনের ন্যূন নহে দলস্থ দস্যুরা রাত্রি ১০।১১ ঘণ্টাসময়ে বাটীতে পড়িল। তৎসময়ে পুরুষেরদের ভোজন হইয়াছিল স্ত্রী লোকেরা ভোজন করিতে বসিয়াছিল সুতরাং সকল স্ত্রীই এক ঘরের মধ্যে ছিল তাহাতে দস্যুরা প্রায় দুই হাজার টাকার সোণা রূপার তাবৎ অলঙ্কার লুঠিয়া লয়। তৎপরে এক বাক্স ভাঙ্গিয়া তন্মধ্যে রূপা সোণা ও পিত্তল পাত্রস্থ ৮০০০ টাকা ছিল তাহা লইয়া লক্ষ্মীনারায়ণের এক ভায়াকে দক্ষিণ পার্শ্বে ও বামস্কন্ধে এবং মস্তকে এই তিন স্থানে বর্শার দ্বারা আঘাত করিল দক্ষিণ পার্শ্বের আঘাত অতিভয়ানক হইয়াছে।

ইহার রিপোর্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হওয়াতে নাজিরের প্রতি হুকুম হইল যে তিনি ঐ স্থানে গিয়া যে কোনপ্রকারে দস্যুরদিগকে গ্রেপ্তার করেন।

নেপাল।

গত মঙ্গলবাসরীয় ইঙ্গলিসমেন সম্বাদ পত্রে যে চিকিৎসক নেপালীয় রাজার শিশু পুত্রকে বিষ খাওয়ানের অপরাধে ধৃত হয় তাহার প্রতি যে নির্দয়তাচরণের বিবরণ লেখেন এমত নির্দয়তার বার্ত্তা আমরা পূর্ব্বে কখন শ্রুত হই নাই বিশেষতঃ যে চিকিৎসক বিষ খাওয়ায় তাহাকে তাহা কবুল করাইবার নিমিত্ত বারম্বার অত্যন্ত প্রহার ও তহসীল করা গিয়াছিল পরে উক্ত দিবসের বেলা দুই প্রহর দুই ঘণ্টা সময়ে তাহাকে জেহেলহইতে বাহির করিয়া খাটের উপরে ফেলিয়া তাহার হাত পা বাঁধা গেল রাজা ও আমলাও নগরস্থ প্রায় তাবল্লোক সেই স্থানে উপস্থিত হইলে জল্লাদের প্রতি হুকুম হইল যে ঐ দস্যুর চক্ষু উৎপাটন কর তাহা করিয়া তদবস্থায় তাহাকে কিছুকাল রাস্তারও ফিরাণ গেল পরে তাহার গুড়মুড়া খণ্ডং রূপে কা

Theft.

Lalmohun Mookerjee, a sirkar in the employ of Mr. Francis Sivord, absconded with bills to the extent of 130 Rupees, which were given to him by that gentleman for the purpose of collecting the amount from different individuals, about the 22d of June last. The parties appeared at the Police office to-day before the Magistrate of the third Division, and the case is under investigation.—*Courier. Aug. 22.*

Indigo.

Accounts have been received within the last week from Tirhoot complaining of excessivie rain, and of the very poor produce of plant.

Return of Tea.

The *Duke of Sussex* has arrived at Madras. She left England with 1200 chests of Tea on board, part of which has been disposed of at the Cape and the rest are for sale at Madras.

Dacoity in Hoogly Zillah.

On the night of the 27th of July last, a dacoity was committed at the house of Luckhinarain Chuckerbutty, of Mannickcoondoo, within the thanah of Chunderconah, in Zillah Hoogly. The gang consisted of about fifty or sixty persons. The house was entered between ten or eleven o'clock, just after the male members of the family had taken their supper, and the women were about so to do, and these latter being found in one room, the ruffians stripped them of all their gold and silver ornaments, to the amount of about two thousand rupees. They then broke open a chest which contained about eight thousand rupees, some in purses and the rest in brass vessels, which they all carried off. A brother of Luckhinarain's was wounded with a spear in three different places, namely, on the right breast, on the left shoulder, and on the head, the first of which is stated to be a severe one.

A report of the affair having been made to the Magistrate, the Nauzir has been ordered to proceed to the spot, and endeavour to find out the offenders— *Hurkaru.*

Nepaul.

The *Englishman* of Tuesday has published an account of the cruelties practised towards the physician who was lately detected in having poisoned the young son of the Raja of Nepaul. We never heard of a case of more refined cruelty. " About 2 P. M. of the above-mentioned date, the physician who administered the poison, was taken from his cell,* (having previously suffered sundry flagellations, and frequent torture with a view to extort confession), and bound on a charpoy by the arms and legs. Secured thus, and accompanied by the King, nobles, and by nearly the whole of the population of the city, the executioner received orders to draw out the eyes of the culprit. In this state he was paraded about for

টিয়া মুখের মধ্যে পুরিয়া দেওয়া গেল। তৎপরে বক্ষঃস্থলঅবধি নাভির নীচপর্য্যন্ত পোড়াইয়া লবণ ও লেবুর রস ঐ কাটা ঘাতে ঘসিয়া দিল ইহা করা গেলে দৃষ্ট হইল যে ঐ ব্যক্তি অতিক্ষীণ হইয়া আসন্ন মৃত্যু হইয়াছে। এইঅবস্থা দেখিয়াও ঐ গরীব বেচারার হৃদয়টা কাটিয়া ফেলিল চরমে এইরূপে দুই ঘণ্টাপর্য্যন্ত যন্ত্রণা ভোগে তাহার প্রাণ বিয়োগ হইল। ফলে ঐ ব্যক্তির কেবল বক্ষ কাটিয়া ফেলিলেই একেবারে চুকিয়া যাইত লোকের এমত বোধ হইতে পারিত কিন্তু তাহা নহে পরে মস্তকচ্ছেদন করিতেও স্থির হইয়া দাত্রের এক প্রহারেই তাহার মস্তক ছেদন করা গেল পরিশেষে ঐ মস্তক রজ্জুতে বন্ধন করিয়া তাহার জন্ম ভূমির মধ্যে ফিরাণ গেল যেহেতুক তাহা দেখিয়া কুকর্ম্মশীল ব্যক্তিরা ভয় পায়।

কাশ্মীর।

লাহোরের লোকেরা এমত জনরব প্রচার করিয়াছে যে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের পশ্চিম দেশে গমন করণের অভিপ্রায় যে রণজিৎ সিংহের স্থানে কাশ্মীর রাজ্যের দাওয়া করেন। কাশ্মীরস্থ প্রজারা আপনারদের বর্ত্তমান রাজা অপেক্ষা বৃটিস গবর্ণমেণ্টের অধীনে থাকা শ্রেয় জ্ঞান করিতেন ইহাতে সন্দেহ নাই কিন্তু এই জনশ্রুতি যেমন অলীক তদ্রূপ আর কি আছে।

আবা।

সংপ্রতি রাঙ্গুণহইতে আগত পত্রে লেখে যে আবার নূতন রাজা শ্রীযুক্ত থরাবাদি স্বীয় তাবৎ অমাত্য মিত্র সমভিব্যাহারে প্রাচীন রাজধানীহইতে কিঞ্চিদন্তর এক স্থানে গিয়া বাস করিতেছেন। তাহার অভিপ্রায় এই যে ঐ স্থানই নূতন রাজধানী করিয়া প্রাচীন রাজধানী আবা একেবারে উচ্ছিন্ন করেন। ইহাতে ঐ প্রাচীন রাজধানীতে যে সহস্রং লোক বাস করিতেছে তাহারদের ক্লেশের শেষনাই কিন্তু ঐ রাজা অতিজঘন্য কতকগুলা কদর্য্য লোকেতে বেষ্টিত আছেন তাহারা রাজার অন্তঃকরণ অহঙ্কারেতে পূর্ণ করিয়া তাঁহার পরাক্রমের যে সীমা নাই এমত তাঁহাকে সর্ব্বদা প্রবোধ দিতেছে ইহাতে বৃটিস রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব রাজাকে পরিত্যাগপূর্ব্বক স্বীয় অমাত্য ভৃত্যসমেত রাঙ্গুণে আসিয়া বাস করিয়াছেন। এবং যেপর্য্যন্ত রাজা নূতন রাজধানী সমাপ্ত ও রাজকীয় ব্যাপারের পারিপাট্য না করেন সেইপর্য্যন্ত সাহেব ঐ স্থানেই অবস্থান করিবেন। কথিত আছে যে সাহেব রাজার স্থানে অতি মৈত্রভাবেই বিদায় হইয়াছেন এবং তাঁহারদের পরস্পর কোন অনৈক্যভাবও নাই কিন্তু রাজা যেমত কুমন্ত্রিগণগ্রস্ত আছেন তাহাতে কিছু বলা যায় না যে কোন দিন্ কিরূপ হইয়া উঠে।

হয়দরাবাদ।

চণ্ডুলাল অনেককালাবধি হয়দরাবাদের অতি অন্যায়াচারি প্রধান রাজমন্ত্রি পদে আছেন। এইক্ষণে এক পত্রের নীচে লিখিত চুম্বক প্রকাশ করা যাইতেছে তাহাতে বোধ হইল তাঁহার আসন্নকাল হইয়াছে।

দৃষ্ট হইতেছে এইক্ষণে চণ্ডুলাল মন্ত্রী মুমূর্ষুপ্রায়। গত সোমবারে তাঁহার উদরাময় জন্মে তদবধি ক্রমে ক্ষীণ হইয়া আসিতেছেন। ঔষধ সেবন করিতে স্বীকৃত নহেন কেবল স্বস্ত্যয়ন ও জাদুগরির উপরেই নির্ভর করিতেছেন। কেহং বোধ

some time, when a second order was given to cut off the soles of his feet, and stuff pieces of them into the poor man's mouth, all of which being duly enacted, they ordered him to be flayed from the breast downward, and rubbed with salt and lime juice. This done, the prisoner began to shew great symptoms of exhaustion and approaching death, perceiving which they cut out his heart, when the miserable man expired, having suffered for two hours the most excruciating torture. One would have thought that this last act of mutilation would have sufficed, but no, his head must be taken off also, and off it went with one stroke of the Kookery, after which it was suspended by a string and carried in procession along the streets of his native village, a terror for ever after to evil doers."

Cashmere.

The people of Lahore have spread a rumour that the object of Lord Auckland's visit to the Western Provinces is to demand the secession of Cashmere from Runjeet Sing. There can be no doubt that the people of Cashmere would infinitely prefer the British Government to that of their present master; but certainly nothing can be farther from the truth than the idea which has been propagated.

Ava.

Letters have been received from Rangoon of a late date which state, that Tharawaddy the new King of Ava, had removed with his whole Court to some place at a little distance from the old Capital, where he had determined to build a new Capital and to leave Ava, entirely deserted. This must necessarily be a source of very great inconvenience to the thousands of individuals who are now residing in the old Capital; but he is surrounded with men of the basest character who are endeavouring to fill his mind with pride and with an idea of his own immense power. The English Resident Col. Burney had consequently left the King and retired with the whole of the Residency to Rangoon where he intended to remain until the King had finished his new Capital and organized his Government. It is said that the King took leave of him in the kindest manner, and that there is still a good understanding between them. It is, however, impossible to say what may happen considering the evil counsellors who surround the King.

Hyderabad—Illness of Chundoolall.

Chundoolall has long been the oppressive Prime Minister of Hydrabad. He appears to be near his end as the following extract of a letter will shew.

Chundoolall is to all appearance dying! He was taken seriously ill with bowel complaint on Monday last, and has been gradually sinking ever since; refusing medicine and relying upon prayers, and charms for recovery. It

করেন তাঁহার পুত্র বালাপ্রসাদ তৎপদাভিষিক্ত হইবেন কিন্তু ঐ পদে তিষ্ঠিতে পারিবেন কি না কহিতে পারা যায় না। তাঁহার পিতার গুণ ও কর্ম্মনিপুণতার দশাংশের একাংশও তাঁহাতে নাই কিন্তু অর্থগ্রহণবিষয়ে তদপেক্ষা নিপুণ বটেন। চণ্ডুলালের অন্যায়াচরণবিষয় কে না জ্ঞাত আছেন এবং তাঁহার আমল ব্যাপিয়া তাবল্লোকই তদীয় উৎকোচ গ্রহণের ভারেতে অতিক্লিষ্ট ছিল কিন্তু তিনি কিছুমাত্র স্বয়ং ভোগ করেন নাই যেমন এক হস্তে লইয়াছেন তেমনি হস্তান্তরে অর্পণ করিয়াছেন। প্রতিদিন ধর্ম্মার্থ যাহা দান করিতেন তাহা শ্রবণে প্রায় কাহারো বিশ্বাস হয় না কিন্তু তাঁহার পুত্র নিতান্ত স্বার্থপর। লোকেরা অনুমান করে যে তিনি অত্যন্ত ধনী কিন্তু তাঁহার ধন পরনিষ্পীড়নেতেই হয়। যখন চণ্ডুলালের কোন তালুক ইজারা দিতে বা বন্দোবস্ত করিতে অথবা কোন কর্ম্মকারক নিযুক্ত করিতে হইত তখন তিনি পাত্র বিবেচনা করিয়া নিজলাভার্থ কখন সহস্র কখন বা লক্ষ টাকা দাওয়া করিতেন কিন্তু তাঁহাকে যত টাকা দেওয়া যাইত তাহার চতুর্থাংশ তাঁহার ঐ গুণনিধি পুত্রকে দিতে হইত। অতএব কর্ম্মাকাংক্ষী বা ইজারদার লোক যখন ঐ মন্ত্রির সঙ্গে বন্দোবস্ত করিয়া বিদায় লইত তখন কোন ব্যক্তি তাঁহাকে ঐ মন্ত্রির পুত্রের নিকটে লইয়া যাইত। পুত্র তাঁহার সঙ্গে এইরূপ কথাবার্ত্তা কহিতেন যে ভাল বন্ধু তুমি বৃদ্ধকে ভাল ফাকি দিয়াছ তোমার বড় কপাল তিনি কেমন পাগল কহা যায় না কোটি টাকার তালুক তোমাকে ২০০০০ টাকায় দিয়াছেন। ভালং ইহা তোমার সৌভাগ্য বটে কিন্তু তুমি এখানকার দস্তুর জান ৫০০০ টাকা শীঘ্র দিতে হইবে নতুবা গঙ্গার দিব্য করি তোমার বিষয় আমি নষ্ট করিব। ইহা সকলই এমত সুজ্ঞাত ছিল ঐ মন্ত্রির সঙ্গে যিনি বন্দোবস্ত করিতেন তিনি পরিশেষে তাঁহার পুত্রকেও যাহা দিতে হইবে তাহা বিবেচনা করিয়া বন্দোবস্ত করিতেন এই অন্যায় টাকার ভার কাহার উপর পড়িত সুতরাং দরিদ্র রাইয়ত ও ভূম্যধিকারী এই সকলকে নিষ্পীড়ন করিয়া লওয়া যাইত। ইহার ফল দেশ একেবারে উচ্ছিন্ন হইয়া গিয়াছে অনেক স্থান একেবারে অরণ্যতুল্য এবং নানা স্থানে ক্লেশ ও দুর্ভিক্ষ ব্যতিরেকে দেখা যাইতেছে না।

শ্রীযুত কাপ্তান বর্ণস সাহেব।

কাবলপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান বর্ণস্ সাহেব যে যাত্রা করিয়াছিলেন তদ্বিষয়ে অতিশুভসম্বাদ পঁহুছিয়াছে তিনি লেখেন এইক্ষণে যেস্থলে শিক ও আপগানেরদের মধ্যে যুদ্ধসম্ভাবনা সেই স্থানহইতে আমি ৭৫ ক্রোশ অন্তরিত আছি। এবং যদ্যপি এই স্থানে আমাকে প্রেরণ করণের অভিপ্রায় অতিশান্তিকর তথাপি এইক্ষণে দৃষ্ট হইতেছে যে রাজকীয় ব্যাপারের বাহুল্যে আমি মগ্ন আছি। কাহারো সঙ্গে পরামর্শ করণের যো নাই এইপ্রযুক্ত আমি উভয়ের মধ্যে কেবল শমতা স্থির রাখণার্থই চেষ্টা পাইতেছি।

মিরট।

মিরটহইতে লেখে যে আমারদের শেষ রিপোর্টঅবধি এক ফোটা জল পড়ে নাই তাপমাপক যন্ত্র অত্যুচ্চই আছে ফলে বর্ষার পূর্ব্বে যেমন দিবসে গ্রীষ্ম হইয়াছিল তেমনি অদ্যাপি আছে।

দিল্লী।

দিল্লীহইতে লেখে দুই সপ্তাহাবধি এই স্থানে কাল অত্যন্ত অশুভ ও ক্লেশকর

is supposed that his son, Bala Pursad, will succeed him; but very questionable whether he will be able to retain office long. Without the tithe of the father's talent and aptitude for business—he exceeds him in rapacity. Chundoolall's rapacity is proverbial, and during his administration the hand of extortion has pressed heavily upon all grades. But he has made nothing. Whatever he receives he dispenses freely. His daily disbursements in alms and for charitable purposes would seem incredible. His son on the other hand is all for self. He is supposed to be immensely rich, his wealth having accumulated almost exclusively from the squeezing process. When disposing of talooks, granting contracts, or nominating to appointments, Chundoolall has been always in the habit of demanding a bonus for his private occasions of thousands or lakhs according to circumstances. Whatever the amount of bonus, a further sum, equivalent to one-fourth has to be paid to the son. The candidate for employ or contract having driven his bargain with the Minister and quitted the presence, is forthwith led to the residence of the son, and there addressed in manner following. "So my friend, you have done the old gentleman, have you—a lucky fellow you! only twenty thousand!" "More fool he! the talook is worth a crore; however, such is your good fortune; of course, you know the dustoor, 5000,—and you, my friend! be quick in selling out, or by Gunga, I'll spoil your business yet." This is so well understood, that in arranging with the Minister, consideration is always had to the after pressure of the son. And who pays for all this? the unfortunate ryot or landholder; and what are the consequences? the country's hastening rapidly to decay, already in great part a desert—and want and misery and vice every where prevalent.

Capt. Burnes.

Very satisfactory accounts have been received of the progress of Capt. Burnes's Mission towards Cabul. He states that he is within 150 miles of the seat of war between the Sikhs and Afghans, and though his mission is of a peaceful character, he finds himself knee deep in politics, and is obliged to trust to his own judgment. He is, therefore, determined to act as a peace-maker between the parties.

Meerut.

Not a drop of rain has fallen since the publication of our last paper. The thermometer stands nearly as high in the heat of the day, as it stood previous to the first falls of rain.

Delhi.

During the past fortnight the weather at Delhi has been most unfavourable and trying—strong hot Westerly

আছে। সর্ব্বদা পশ্চিমা বাতাস বহিতেছে এইক্ষণপর্য্যন্তও খস্‌খসিয়ার টাটি ব্যতিরেকে কালক্ষেপ হয় না।

আজমীর।

আমারদের শেষ রিপোর্ট অবধি বিন্দুমাত্র পাত হয় নাই এবং তাপমাপক যন্ত্র অদ্যাপি উচ্চস্থ আছে এইপ্রযুক্ত পুনর্ব্বার শস্য অতিদুর্মূল্য হইয়াছে। মেবারের অন্তঃপাতি গঙ্গাপুরে বর্ষা হওনের পরে মারকের কিঞ্চিৎ প্রাদুর্ভাব হইয়াছিল কিন্তু পরে নিবৃত্ত হইয়াছে। এইক্ষণে নাথদেব ও রূপণ স্থানে মারকের কোন লক্ষণ নাই।

আগ্রা।

এই অঞ্চলে কালের কিছুমাত্র পরিবর্ত্তন হয় নাই নীরস স্থান সরসকরণার্থ বিন্দুমাত্র বর্ষণ হয় নাই। অতিপ্রাচীন ব্যক্তিরো স্মরণ হয় না যে বর্ষাকালে কখন এমত অনাবৃষ্টি হইয়াছিল। বর্ত্তমান বৎসরে যত জল পতন হইয়াছে তাহা চারি বুরুলের অধিক উচ্চ নহে ইহা অপেক্ষা অধিক জল কখনং সামান্য একটা বৃষ্টিতেও হইয়া থাকে এই অনাবৃষ্টির ফল এইক্ষণে অতিস্পষ্ট দৃষ্ট হইতেছে। গোম ও চণক অত্যন্ত দুর্মূল্য হইয়াছে এবং ন্যস্ত প্রোথিত শস্য চুরী করণাপরাধে অনেক লোক ধরা পড়িয়াছে। এইক্ষণে ফতেগড়ে টাকায় ।২॥০ গোম বিক্রয় হইতেছে এবং তাহাও অনেক লোক এই ভরসায় ক্রয় করিয়া রাখিতেছে যে উত্তরকালে দুর্ভিক্ষসময়ে ইহা বিক্রয় করিয়া বিলক্ষণ লাভ করিতে পারিব। যদি আর দশ দিবস এমত অনাবৃষ্টি থাকে তবে খরীপের ফসল এককালে তাবৎ বিনষ্ট হইয়া যাইবে।

ভিওণ্ডীর মোকদ্দমা।

আমরা শুনিলাম যে ভিউণ্ডীস্থানীয় অত্যাচারের বিষয়ে যে কএক জন বিপরীত ও মিথ্যা সাক্ষ্য দিয়াছিল তাহারদের এই দণ্ড হয় যে তাহারদিগকে গাধার উপরে চড়াইয়া নগর পরিভ্রমণ করা গেল পরে কঠিন পরিশ্রমযুক্ত কয়েদ করায়ায়। ইহারা পূর্ব্বে যে সাক্ষ্য দিয়াছিল তাহার বিপরীত সাক্ষ্য মোসলমানেরদের পক্ষে দেয়।

গয়কবার।

অবগত হওয়া গেল যে শ্রীযুক্ত গয়কবারের রাজা ভাও কর্ণিস্‌নামক এক ব্যক্তিকে বারোদাহইতে আপনার উকীলস্বরূপ কলিকাতার শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিকটে প্রেরণার্থ উদ্যত আছেন তাহার অভিপ্রায় যে বোম্বাইর গবর্ণমেণ্ট মৃত গঙ্গাধর শাস্ত্রির পুত্রের মুশাহেরার বিষয়ে এবং বেণিরাম মন্ত্রির কর্ম্মচ্যুত হওনবিষয়ে যে হুকুম দিয়াছেন তাহার অন্যথা হয়। তাহাতে বোম্বাইর গবর্ণমেণ্টের নিকটে কলিকাতায় আগমনার্থ এক পাশের নিমিত্ত দরখাস্ত করিয়াছিলেন তাহা গবর্ণমেণ্ট দেন নাই।

breezes continue to blow, and tatties are still in great request!—*Gazette.*

Ajmeer.

No rain has fallen since our last report, and the barometer still stands high. Grain has in consequence again risen in price. The plague broke out after the rains at Gungapore in Meywar, but soon subsided; at present Nath-devarah and Rupun are nearly free.

Agra.

The weather remains unchanged without a drop of rain to moisten the parched country. Such a season is unprecedented in the memory of the "oldest inhabitants." The quantity of rain that has fallen throughout the season, it appears, does not exceed four inches, a quantity less than what falls in an ordinary shower. The consequences of this drought are beginning to manifest themselves. Wheat and Chunna near risen, and some men have been imprisoned for breaking into grain pits. At Futtyghur, wheat sells at 12½ seers, and purchases are being made in the hope of effecting sales hereafter at famine prices. A ten day's continuation of this drought will invevitably destroy the entire khureef crop.—*Hurk.*

The Bhewndy Affair.

We are informed that several witnesses in the case of the Bhewndy trial who were found guilty of prevarication and perjury, have been sentenced with *Dheend*, or parading through the town on an ass, imprisonment, and hard labour. These gave evidence in favor of the Mahomedans, contrary to what they had themselves deposed previously.—*Bombay Durpun, Aug. 4th.*

Guicowar.

We are given to understand that a man by the name of Bhaoo Purness has been deputed from Baroda, as a Vukeel or Ambassador of H. H. the Guicowar, to the Governor General at Calcutta, for the purpose of obtaining a revision of the decision lately announced by the Bombay Government in the case of the sons of the late Gungadhur Shastree, and the removal of the minister Veneeram. A passport of the Government is applied for, which will, of course, be refused.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

কস্যচিৎ শহর চন্দননগরনিবাসি কতিপয় ভদ্রলোকের নিবেদন মহাশয়ের অতুল্য অমূল্য নির্ম্মল দর্পণৈকপার্শ্বে স্থানদানে বাধিত করিবেন।

অর্থাৎ আমরা বহুকালাবধি পুরুষানুক্রমে শ্রীলশ্রীযুত ফরাশীশ বাদশাহের অধিকার এই শহর চন্দননগরে বসবাস মতে সুখে কালক্ষেপণ করিয়া আসিতেছি তাহার মধ্যে সন ১৮১৬ সালের ৪ দিসেম্বর তারিখে বৃটিস গবর্ণমেন্টের পরিবর্ত্তে এই শহরে পুনরায় উক্ত বাদশাহের নিসান জারী হওয়াতে শ্রীলশ্রীযুত মুসে দিনা দাইয়ৎ সাহেব গবরনর হইয়া আসিয়া যেং প্রকার আইন আদালতের ধারা প্রকরণের প্রচার প্রচলিত করিয়াছিলেন তাহাতে দেশ কাল মত প্রজালোক প্রতিপালন হইয়া এক প্রকার সুখে কালযাপন করিয়াছেন। যদবধি মুসে আন্তোআন লেফ্রান্ডি সাহেব জজ মাজিস্ত্রেটী পদস্থ ছিলেন তাহার পর কিছু দিনান্তে ঐ মুসেআন্তোআন লেফ্রান্ডি পদচ্যুত হওনাবধি উপস্থিত বৎসরের কিছু দিনপর্য্যন্ত অর্থাৎ যদবধি সুরতিমান বর্ত্তমান গবরনর শ্রীলশ্রীযুক্ত মুসেবেদিয়া সাহেবের শুভাগমন না হইয়াছিল প্রজাগণ কিপর্য্যন্ত দুঃখার্ণবে পতিত হইয়া অশেষ বিশেষরূপে জ্বালা যন্ত্রণ ভোগ করিয়াছেন তাহার সহস্রাংশের একাংশ লিপিবাহুল্য বিশেষতঃ লেখনে লেখনী অশক্ত অর্থাৎ দেওয়ানী ফৌজদারীকালেক্টরী ইত্যাদিসম্পর্কীয় বিষয়ে আশ্চর্য্য অবিচার্য্য অন্যায়ং হুকুম জারি দ্বারা প্রজাগণে যৎপরোনাস্তি ত্যক্ত হইতেছিল। ইতিমধ্যে শ্রীশ্রী৺ ইচ্ছায় প্রজাগণের শুভাদৃষ্টপ্রযুক্ত পূর্ব্বোক্ত শ্রীলশ্রীযুক্ত মুসে বেদিয়া সাহেব এই শহরের উক্ত প্রধান পদাভিষিক্ত হইয়া তাঁহার স্বীয় পরমেশ্বর দত্ত উত্তম স্বভাবগুণে প্রচণ্ড প্রতাপ দ্বারা আপনি প্রজাগণের প্রতিসানুকূল্যাচারে দুঃখের অনুসন্ধানী হইয়া অনেক জ্বালাযন্ত্রণা দূর করিয়াছেন। যেমত প্রজ্বলিত মহাগ্নিতে মহাবৃষ্টিবর্ষণে অগ্নি নির্ব্বাপিত হইয়াও বাষ্পীয় উত্তাপের প্রতাপ থাকে তদ্রূপ এইক্ষণে প্রজাগণের যন্ত্রণানল শ্রীযুতের কৃপাবৃষ্টিতে নির্ব্বাপিত হইয়া বাষ্পীয় উত্তাপ রহিয়াছে মাত্র অর্থাৎ বিশেষরূপে ক্লেশ শেষ হয় নাই। কারণ শ্রীলশ্রীযুক্ত উক্ত বাদশাহ প্রজা প্রতি নিতান্ত অনুগ্রহ প্রকাশ করত আদালতে সকলে নিখরচায় যে হুকুম জারি করিয়াছেন ঐ সকল আদালতে প্রকারান্তরে ঐ নিখরচা হুকুমের অতিক্রমে অশেষ বিশেষরূপে তর্জ্জমা হুকুমজারী ও কোবালাদির অধিকং খরচা অন্যায়রূপে আমলাদিগের সন্তোষ জন্য শ্রীযুক্ত মুসে কর দিয়ে সাহেব যাহা নিয়ম করিয়া গিয়াছেন তাহাতে আমরা প্রজাগণ নিতান্ত অশক্ত অস্বীকার তত্রাপি স্বীকার ছিল যদ্যপি বাদশাহের এবিষয়ে কিছু স্বার্থ থাকিত। হায় কি দুঃখের কথা এই বাদশাহের যে স্থানেক কাকড়ি লভ্য নাই নিখরচা দরবার সেই দরবারে মুসে করদিয়ে প্রজা মর্দ্দন করত আমলাবর্গের সন্তোষজনক কার্য্য করিয়াছেন। অধিকন্তু বেলাত চলিত কদসিবিলের মত আইন যাহা এপ্রদেশে কোন প্রকারে চলিত হইতে পারে না তাহাও আমারদিগের দুরদৃষ্টক্রমে আমলাগণের সাহায্যার্থে জারি করিয়াছেন। এমতে নিবেদন আমলারা কি বেতন পান না যে আপনং বেতন ভিন্ন অন্যান্য খরচা নহিলে কর্ম্ম করিবেন না পূর্ব্বেই বা সুদ্ধবেতন গ্রহণ করিয়া কি প্রকারে কর্ম্ম নির্ব্বাহ করিতেন। অতএব এই সকল দুঃখের বিশেষ বিবরণ বুঝি শ্রীলশ্রীযুক্তের কর্ণগোচরাভাবে এপর্য্যন্ত বিমোচন হয় নাই। সাহস করি এই সকল বৃত্তান্ত সুগোচর মাত্রেই সেরেস্তা উদারক মতে স্বীয় স্বভাবে সামুদায়িক ক্লেশহইতে প্রজাগণকে বিমুক্ত অবশ্যই করিবেন যেহেতুক শ্রীলশ্রীযুক্ত মুসে বেদিয়া গবরনর সাহেব পরমধার্ম্মিক দয়াশীল শ্রীমান রূপবান গুণবান সৌন্দর্য্য মাধুর্য্য শৌর্য্য বীর্য্য গাম্ভীর্য্য বিশিষ্ট বিশিষ্ট শিষ্ট মিষ্ট তাষি দুষ্টের দমন শিষ্টের প্রতিপালনকারী একারণ শ্রীযুতের অধিকারস্থ আমরা সমস্ত আবাল বৃদ্ধ ধনী নির্দ্ধনী সকলই নিরন্তর শ্রীযুক্তের ধন্যবাদ করত শ্রীশ্রী৺ স্থানে প্রার্থনীয় এই যে ইনিই অচিরে চির দিন আমারদিগেরকর্ত্তৃত্ব পদে পদস্বরূপে স্থায়ী হউন যাহাতে আমারদিগের সুখে কালযাপন হয় অর্থাৎ ইহাঁর তুল্য গবরনর সাহেব শহর চন্দননগরে আমারদিগের জ্ঞানে কেহ আইসেন নাই ইতি।

Correspondence.

To the Editor of the Durpun.

We beg leave to send you the request of some of the respectable inhabitants of Chandernagore, and we beg you to oblige us, by publishing it in the Durpun.

We have been living for several generations under the French Government in this city of Chandernagore, with very great comfort. On the 4th December, 1816, Chandernagore having been restored by the English, and the French flag having been hoisted, Monsieur Dayot was appointed Governor, and made such rules for the administration of the town, that, considering all circumstances of time and place, the inhabitants lived in prosperity. Soon after Monsieur Le Frand was appointed the Judge and Magistrate of the town, but in a short time he was deposed, and from that time until our present Governor, Monsieur Bedier, was appointed chief of the people, they suffered every kind of inconvenience, a thousandth part of which I cannot describe; my pen is unequal to the task. In the civil, criminal, and fiscal courts there was the most singular injustice, by which the people were annoyed beyond conception; but, at length, through the will of God and the good fortune of the people, Monsieur Bedier was installed in the chief post of this settlement, and through the good intellect which God has given him, and his own natural disposition, becoming favourable to the poor people, and examining into their cases, relieved them from much of their torment. But as when a great fire is suppressed by a shower of rain, the force of steam still continues, so the fire of the people's torment having been subdued by the shower-resembling compassion of this gentleman, nothing remains but the steam, and we may say, that the distresses of the people have been only smothered. For with the view of relieving the subjects of his French Majesty, certain suits were admitted without expense, but those suits are still subjected for translation, and execution of decrees, and the writing of engagements to a great many unjust expenses, simply for the benefit of the Amlahs. These expenses were sanctioned by Monsieur Cordier, but we, the people, are unable to bear them, and object to them; still if they yielded any profit to the King, we should not make any objection. How grievous is it that where the state gains nothing, and the suits are said to be without expense, Monsieur Cordier should have passed rules which trample the people under foot, and benefit only the Amlahs. And, moreover, the Civil Code which prevails in Europe, but which cannot apply to this country, has been brought into practice for the benefit of the Amlahs. We, therefore, inquire whether the Amlahs are not paid, that they should refuse to work unless they have something beyond their pay? We think these irregularities have not hitherto been rectified, because they have not been brought to the knowledge of our chief, and we flatter ourselves that as soon as he is acquainted with these circumstances, he will look closely in to the matter, and, according to his own disposition, deliver the people from all the distress they suffer. For Monsieur Bedier our Governor is holy, compassionate, wise, merciful, excellent, sweet, bold, heroic, profound, &c. &c. &c., and anxious to repress the evil and encourage the good; hence all the French subjects, *from the youngest to the oldest, whether poor or wealthy*, continue to bless him, and to pray to God, that he may perpetually continue among us, in order that we may be enabled to pass our time more agreeably than we have passed it under any preceding Governor.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

সেলামাবেদন মিদং। মহাশয়ের দর্পণে ভূয়োভূয়ঃ সরস্বতী নদীস্থ সেতুর বিবরণ প্রকাশ হইতেছে এবং তজ্জন্য বারম্বার মহাশয়ের মনোযোগেরও আকাঙ্ক্ষা করা যাইতেছে কিন্তু তাহাতে এপর্য্যন্ত কোন ফলোদয় হইতেছে না। অধুনা শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়ের যে এতদ্বিষয়ে কিঞ্চিন্মনোযোগ হইয়াছে ইহা মহাশয় গত সপ্তাহের দর্পণাবলোকনে উপলব্ধি হইল ফলতঃ তিনি এই সেতুর অবস্থার বিষয় অবিকল অবগত না থাকিবেন অতএব তজ্জন্য ও ভবিষ্যতে তন্মনোযোগাভিলাষে কতিপয় পংক্তি লিখিলাম ভরসা করি মহাশয়ও অবধান করিবেন।

জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয় লেখেন যে চুঁচুড়ার শ্রীযুত প্রাণকৃষ্ণ বাবুর ব্যয়ে উক্ত নদীর উপর যে সেতু প্রস্তুত হইয়াছিল তাহা স্থানে২ এমত ভগ্ন হইয়াছে যে তন্নিম্ন দিয়া নিরুদ্বেগে নৌকার গমনাগমন উচিত নহে। ফলতঃ দর্পণপ্রকাশক মহাশয় ঐ সেতু ১২৪১ সালের ভাদ্রপদের প্রচণ্ড বন্যার দোর্দ্দণ্ড প্রতাপে এককালে খণ্ড২ হইয়া গিয়াছে। এইক্ষণে তাহার নীচ দিয়া নিরুদ্বেগে নৌকার গমনাগমন হইতেছে বটে কিন্তু পথিকদিগের যেপর্য্যন্ত ক্লেশ হইতেছে তাহা বর্ণনাতিরিক্ত যেহেতুক ঐ ঘাট এতদ্দেশীয় এক জন ইজারা লইয়াছে এবং তথায় একখানা তরি পারাবারার্থে রক্ষিত হইয়াছে বেতনের কিছুই নির্ণয় নাই উহারা যত লইতে পারে। অপিচ কোন২ সময়ে ঐ নদীতে এমত অত্যল্প জল থাকে যে আতুর কাতরে কখন২ দীন দুঃখিরা হাঁটিয়া পার হয় ফলতঃ পাটনীরা তাহারদিগকে এমত কাতর করে যে তাহারা পার হইয়াও পার পায় না। সম্পাদক মহাশয় জ্ঞাত থাকিতে পারেন যে প্রতি বৎসরেই উত্তরায়ণে ঐ স্থানে মহাসমারোহ হইয়া থাকে তাহাতে গঙ্গাস্নানার্থে নানা দেশহইতে অসংখ্যক যাত্রী আইসে কিন্তু বৎসর দুই হইতে অর্থাৎ ঐ সেতু ভগ্ন হওয়াপর্য্যন্ত তাহারদের যে কষ্ট হইতেছে তাহা স্পষ্ট লেখা অসাধ্য। ফলে সম্পাদক মহাশয় ক্লেশ নাশক রাজকর্ম্মকারক মহাশয়দিগেরও এতদ্বিষয়ে মনোযোগ হইতেছে না। অতএব সম্পাদক মহাশয়রা সর্ব্বদাই দেশ হিতার্থী যদ্যপি ইহাতে মনোযোগী হন তবেই দীন দুঃখিদিগের দুঃখ দূর হয় নচেৎ অন্য উপায়াভাব ইতি।

To the Editor of the Durpun.

৬৬ দফা। এবং মাগুরা পরগনায় টাকামারীর শামিল ও তন্মধ্যস্থিত গোকুল মণ্ডল ও মনোহর ভাণ্ডারির যোতের যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১৬ ষোল বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামজয় মুখুয্যে ও গুরুদাস মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

SUPREME COURT.

Peter Jacob Paul, one of the Executors, &c. Complainant, *versus*

Marinos Nicholas Kalonas and others, Executors, &c. Defendants.

Notice is hereby given that pursuant to a Decretal order made in this cause on the 24th day of July last, the Creditors and Legatees of John Demetrius Elias, are requested to come before the Master at his office in the Supreme Court, on or before the 11th day of February, 1838, and prove and establish their respective debts and legacies and that in default thereof they will be precluded from the benefit of the said Decretal order.

T. DICKENS, *Master.*

Master's Office,
11th August, 1837.

J. SANDES, *Attorney.*

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

২৩ আগষ্ট ১৮৩৭।

কোম্পানির কেরাণি শ্রীযুত সি টি সিলি সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ঐ সাহেবকে বঙ্গরাজধানীর কর্ম্ম ভুক্ত করিয়াছেন।

কোম্পানির কেরাণি শ্রীযুত সি টি সিলি সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

চব্বিশ পরগনার কালেকটর শ্রীযুত জেমস ডানিথরন সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে সমুদ্র পথহইতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

২২ আগষ্ট।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

পদাতিক সৈন্যের ৬৩ রেজিমেণ্টের লেপ্টেনন্ত শ্রীযুত জে আর লমসডেন সাহেব আরাকানের কমিসানর সাহেবের দ্বিতীয় আসিষ্টান্ট হইয়াছেন। ঐ নিয়োগকরণ মৃত ডবলিউ এস বারনার্ড সাহেবের পরিবর্ত্তে ১৯ মে অবধি চলিবে।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

সারণের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি এচ লসিংটন সাহেব ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের কমিস্যনর সাহেবকর্তৃক যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৯ তারিখঅবধি আগামি মাসের ২৯ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের মাল সেরস্তারেরী ও রেবিনিউ কমিস্যনরের আসিষ্টান্ট শ্রীযুত এ আর ইয়ং সাহেব স্বাস্থ্যার্থ কলিকাতা রাজধানীতে অবস্থানার্থ দশ দিবসের ছুটি পাইয়াছেন।

জিলা বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ফত্তে আলি খাঁ ও উপরি প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নেয়ামৎ আলী খাঁ ও সদর আমীন শ্রীযুত মৌলবী আসরফ হসেন খাঁ আগামি দশরাদন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের সিবিল ও সেসন জজ শ্রীযুত আর পি নিসবেট সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে গত মাসের ২৮ তারিখে দশ দিবসের নিমিত্ত যে ছুটি পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

৭ আগষ্ট।

শ্রীযুত ডি এচ ক্রাফোর্ড সাহেব মথুরার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

১০ আগষ্ট।

শ্রীযুত আর জে টেলর সাহেব গোরক্ষপুরের উপরি জজ হইয়াছেন।

শ্রীযুত টি পি উডকাক সাহেব আলিগড়ের মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডি বি মারিসন সাহেব জৌনপুরের জজ হইয়াছেন।

শ্রীযুত এ পি করি সাহেব বারাণসীর একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন। ঐ সাহেব গাজিপুরের মাজিষ্ট্রেটী ও কালেকটরী কর্ম্মের ভার শ্রীযুত হণ্টর সাহেবের প্রতি অর্পণ করণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন কিন্তু এইক্ষণে হণ্টর সাহেব যদি ঐ জিলায় না পঁহুছিয়া থাকেন তবে শ্রীযুত এড মনষ্টোন সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১১ আগষ্ট।

মুরাদাবাদের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জে এস ক্লার্ক সাহেব ছুটি লইয়া বিলাতে গমনার্থ দরখাস্তকরণ নিমিত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত সি ডবলিউ ফেগান সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত মুরাদাবাদের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি ডবলিউ ফেগান সাহেব আগ্রার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

23d August, 1837.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. C. T. Sealy, Writer, reported qualified for the public service.

Mr. C. T. Sealy, Writer, is reported qualified for the public service by proficiency in two of the Native languages.

Mr. James Donnithorne, Collector of the 24-Pergunnahs, reported his return from sea on the 8th instant.

22d August.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Lieutenant J. R. Lumsden, of the 63d Regiment Native Infantry, to be a Junior Assistant to the Commissioner of Arrakan: the appointment to take effect from the 19th May last, vice Mr. W. S. Barnard deceased.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. C. H. Lushington, Assistant to the Magistrate and Collector of Sarun, from the 29th instant to the 29th proximo, on private affairs, in extension of the leave granted to him by the Commissioner of the 11th or Patna Division.

Mr. A. R. Young, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhaugulpore Division, to remain at the Presidency for a period of ten days, on account of his health.

Moulavee Futteh Ullee Khan, Principal Sudder Ameen, Moulavee Neeamut Ulee Khan, Additional Principal Sudder Ameen, and Moulavee Ashruff Hossein, Sudder Ameen, in Zillah Behar, during the approaching Dussarah vacation.

The leave of absence granted to Mr. R. P. Nisbet, Civil and Session Judge of Nuddea, for ten days, on medical certificate, on the 28th ultimo, is cancelled at his request.

7th August.

Mr. D. H. Crawford to officiate as Joint Magistrate and Deputy Collector of Muttra.

10th August.

Mr. R. J. Tayler to be Additional Judge of Goruckpore.

Mr. T. P. Woodcock to be Magistrate and Collector of Ally Ghur.

Mr. D. B. Morrieson to be Judge of Juanpore.

Mr. A. P. Currie to officiate as Magistrate and Collector of Benares. Mr. Currie is authorized to make over charge of his office as Magistrate and Collector of Ghazepore to Mr. W. Hunter if he has reached that station, or if not to Mr. Edmonstone.

11th August.

Mr. J. S. Clarke, Magistrate and Collector of Moradabad, has obtained leave of absence for two months, on medical certificate, preparatory to his making application for Furlough. Mr. C. W. Fagan is appointed to officiate as Magistrate and Collector of Moradabad till further orders.

Mr. C. W. Fagan to be Joint Magistrate and Deputy Collector of Agra.

সমাচার দর্পণ

শনিবার ২ সেপ্তেম্বর ১৮৩৭।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

গত শনিবাসরে ইঙ্গলণ্ডহইতে সুএজ নগরের পথদিয়া সাধারণ ডাকের পুলিন্দা পঁহুছিয়াছে। তদ্দ্বারা বাণিজ্যব্যাপারের বিষয়ে যে সম্বাদ আগত হয় তাহা এমত অশুভ যে দশ বৎসরের মধ্যে তাদৃশ শ্রুত হওয়া যায় নাই। নবওয়ার্কে প্রায় ৩০০ ঘর মহাজন দেউলিয়া হইয়াছে বষ্টন নগরে বাণিজ্যের ১০০ কুঠী বন্দ। আমেরিকা দেশে বাণিজ্যবিষয়ে যে সম্ভ্রম ছিল তাহা একেবারে লুপ্ত হইয়াছে এতৎপ্রযুক্ত ইঙ্গলণ্ড দেশেও অত্যন্ত অনিষ্ট জন্মিয়াছে। লণ্ডননগরস্থ যে বাণিজ্য কুঠীর আমেরিকীয়েরদের সঙ্গে সম্পর্ক ছিল তাঁহারা এই অশুভ বিষয় বিবেচনা করিয়া বোধ করিলেন যে আমরা আর তিষ্ঠিতে পারি না এবং তাঁহারদের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রধান তিন কুঠী ৪ কোটি টাকার নিমিত্ত এককালে দেউলিয়া হইয়াছে। ইঙ্গলণ্ড দেশের অন্যান্য প্রদেশেও বাণিজ্যবিষয়ক অত্যন্ত ক্লেশ হইতেছে এবং লিবরপুল ও গ্লাসগোপ্রভৃতি স্থানে অনেক কুঠীপতিরা দেউলিয়া হইয়াছেন. ভয় হইতেছে জুলাই মাসের যে ডাকের পুলিন্দা এইক্ষণে পঁহুনের সম্ভাবনা তাহা পঁহুছিলে ইহা অপেক্ষাও অনিষ্ট সম্বাদ শুনা যাইবে। ভারতবর্ষ জাত ও অন্যান্য স্থানজাত তাবৎ দ্রব্যের মূল্য এমত ন্যূন হইয়াছে যে তাহাতে ভয় জন্মে। রেশম ও কার্পাস এতদ্দেশে যে মূল্যে ক্রয় করা গিয়াছিল এইক্ষণে তাহার অর্দ্ধ মূল্যও পাওয়া ভার হইয়াছে। ফলে কার্পাস এমত সুমূল্য হইয়াছিল যে এতদ্দেশহইতে যে কার্পাস ইঙ্গলণ্ড দেশে প্রেরিত হয় তাহা তথায় ক্রীত হইয়া আমেরিকা দেশে প্রেরিত হইয়াছে। সকলের এমত অপেক্ষা ছিল যে জুলাই মাসে নীলের যে নীলাম হইবে তাহাতে পূর্ব্বকার অপেক্ষা মূল্য অল্প হইবে।

মে মাসের মধ্য সময়ে শ্রীলশ্রীযুক্ত বাদশাহ কিঞ্চিৎ পীড়িত হইয়াছিলেন কিন্তু মাসের শেষেই স্বস্থ হইয়াছেন এবং শ্রীমতী রাণীর ক্ষয়কাশহওনের উপক্রম হইয়াছিল তাহারো কিঞ্চিৎ প্রতিকার হইয়াছে।

বোর্ড কন্ট্রোলের সভাপতি শ্রীযুত সর জন হবহৌস সাহেব হৌস অফ কমন্সে এক নূতন আইনের প্রস্তাব করিয়াছেন তাঁহাতে যে হেলিবরি কালেজ অর্থাৎ যে কালেজে ইঙ্গলণ্ড দেশীয় কেরাণিরা সিবিলসম্পর্কীয় কর্ম্মানুষ্ঠান শিক্ষা করেন তদ্বিষয়ে কিঞ্চিৎ মতান্তর করা গিয়াছে। তন্মধ্যে এই এক বিষয় বিশেষ কৃত হইয়াছে যে সাহেবলোকেরা যত বয়স্ক হউন কোম্পানির সিবিলসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হইতে পারিবেন ইহা শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা অত্যন্ত অনিষ্ট বোধ করিয়াছেন অতএব ঐ নিয়ম না হয় এতদর্থ তাঁহারা যথাসাধ্য উদ্যোগ করিবেন।

কটক।

কটকহইতে ২০ আগষ্ট তারিখের পত্রে লেখে যে এই অঞ্চলের ভাবদ্বিষয়ক অবস্থা অত্যন্ত দুঃখজনক দিন২ তণ্ডুল দুর্মূল্য হইতেছে। তাবৎ জিলাতেই গত মে মাসাবধি মারক ওলাউঠা প্রভৃতি রোগ অতি ভয়ঙ্কর হইয়াছে। অতি দুঃখিনী মাতারা কিছু খাদ্য বা কিঞ্চিৎ মূল্য পাইয়া বালকেরদিগকে বিক্রয় করিতেছে। এই শহরের মধ্যে আবাল বৃদ্ধ বনিতা পাল২ দুরবস্থ ও রোগগ্রস্ত তায় হামাগুড়ি দিয়া বেড়াইয়া এক মুটি করিয়া চাউল চাহে কখন২ আমারদের দ্বারের নিকটে আসিয়া যেমন পড়ে অমনি মরে। শ্রীযুত কালেকটর সাহেব তাহারদের নিমিত্ত এক চাঁদা করিয়াছেন এবং আমারদের অতিদয়ালু শ্রীযুত সৈন্যাধ্যক্ষ সাহেব নিজ ব্যয়ে প্রতিদিন তাদৃশ শত২ লোককে আহার দিতেছেন যদ্যপি ইহা অতিবদান্যতার ব্যাপার তথাপি এখানে সহস্র২ লোক অনাহারে মরিতেছে অতএব দুঃখাব্ধিসমুদ্রে কেবল বিন্দুমাত্র দানে কি হইতে পারে।

ধোবাতে চিনির কারখানা।

শ্রীযুত ব্লেক সাহেবের পত্র ও অন্যান্য প্রামাণিক সম্বাদের দ্বারা ধোবার চিনির কারখানার বিষয়ে আমরা যে সম্বাদ গত সপ্তাহে প্রকাশ করিয়াছিলাম তাহাতে এইক্ষণকার ঐ কারখানার অধ্যক্ষ সাহেবের দৃষ্টিপাত হইয়াছে এবং তিনিও ঐ কারখানা হস্তান্তর করণবিষয়ে ইঙ্গলণ্ড দেশহইতে অল্পকালীন পত্র প্রাপ্ত হইয়াছেন। অতএব তাঁহার দ্বারা শুনা গেল যে ১২ লক্ষ টাকা নূতন কোম্পানির স্বাক্ষরীকৃত হইয়াছে তাহা ঐ কারখানা ক্রয় করিবার নিমিত্ত এবং চালাইবার নিমিত্ত ঐ টাকার মধ্যে কারখানা ক্রয়করণার্থ ৪৮০,০০০ টাকা দেওয়া গিয়াছে তাহা ১২ জনে ক্রয় করিয়াছেন তাঁহারদের অংশের বিষয় পূর্ব্ব দর্পণেই লিখিত হইয়াছে। পূর্ব্বে লেখা গিয়াছিল ঐ কারখানাতে ২,২৪,০০০ মোন চিনি উৎপন্ন হয় এইক্ষণে শুনা গেল তাহা নহে কিন্তু ২৪,০০০ মোন। এই বৎসরে ২৭,০০০ মোন জন্মিবার সম্ভাবনা। পরন্তু যদি তাঁহারদের টাকার অনটন না হয় তবে ইহা অপেক্ষাও অধিক জন্মিতে পারে।

ভারতবর্ষের পশ্চিমাঞ্চল আগ্রা দিল্লী বরেলিপ্রভৃতি নানা স্থানহইতে যে সম্বাদ আসিতেছে সে অতিঅশুভ। অতিপ্রাচীন ব্যক্তিরো স্মরণ হয় না যে এমত অশুভকাল কখন হইয়াছিল। আগষ্ট মাসে গ্রীষ্ম বাতাস ফিরে বহিতেছে প্রায় বিন্দুমাত্র জল বর্ষণ হয় নাই কিযিকর্ম্ম তাবৎ স্থগিত শস্যের মূল্য দিন২ চড়িতেছে এবং প্রজারা অনাহারে এমত মুমূর্ষু যে মহাজনেরদের গোলা ভাঙ্গিয়া চুরি করিতেছে তাহা প্রায় কেহ থামাইতে পারে না যদি আর দুই সপ্তাহপর্য্যন্ত এতাদৃশ অনাবৃষ্টি থাকে তবে দুর্ভিক্ষহওনের আর কিছু সন্দেহ নাই।

পশ্চিম প্রদেশের দুঃখ।

পশ্চিম প্রদেশে এইক্ষণে জলাভাবে সৎপরোনাস্তি ক্লেশ হইতেছে. তথাহইতে যে শেষ সম্বাদ পঁহুছিয়াছে তাহা আগ্রা আকবরহইতে প্রাপ্ত হইয়া আমরা নীচে প্রকাশ করিতেছি।

আগ্রা।

শুক্লপক্ষ আগত হইয়া অতীত হইয়া গিয়াছে তথাপি বিন্দুমাত্রবর্ষণ হয় নাই আমরা কেবল দুর্ভিক্ষই দেখিতেছি দরিদ্র লোকেরা অনাহারে মুমূর্ষু হইয়া সর্ব্বত্র এতাদৃশ দস্যু বৃত্তি করিতেছে যে তন্নিরাকরণজন্য মফঃসলের পোলীস প্রবল করণার্থ মাজিস্ত্রেট সাহেব সদরহইতে যত বরকন্দাজ পাঠাইতে পারেন ততই প্রেরণ করিতেছেন। অনেক লোক শস্য চুরী করণাপরাধে ধরা পড়িয়াছে কিন্তু তাহারা ৪ দিন অনাহারে থাকনপ্রযুক্তই ঐ ব্যাপারে প্রবৃত্ত হইয়াছিল। দুর্ভিক্ষ হওন বিষয়ে লোকের এমত দৃঢ় ভয় জন্মিয়াছে যে মহাজনেরা যে জমিদারেরদের নিকটে

SUMACHAR DURPUN.

SATURDAY, SEPTEMBER 2D, 1837.

Late European Intelligence.

On Saturday last, the regular June Mails arrived from England by way of Suez. The accounts which have been received by this occasion of the state of commercial affairs, is more gloomy than we have received for the last ten years. In New York, more than three hundred houses had failed and more than a hundred in Boston. Commercial credit was entirely gone in America, and this had produced the most disastrous consequences in England. The London houses who were connected with the American houses, on hearing of this disastrous intelligence found that they could stand no longer; and three of the very largest of them were closed, for an aggregate amount of about Four crores of Rupees. General distress was also felt in other parts of England, and at Liverpool, Glasgow and other places, there had been extensive failures. And it is to be feared that the July Mail which may be shortly expected will bring yet more disastrous accounts. The price of all articles of colonial produce had fallen to an alarming extent. Silk and cotton were selling at a loss of fifty per cent. Indeed cotton was so cheap, that a quantity of it, which had been sent to England from this country, had actually been shipped to China. It was expected that at the July sales, Indigo would fall much lower than it was at the preceding sale.

The King who had been ill about the middle of May recovered towards the end of it; and even the Queen who was said to be in a consumption, was reported to be better.

Sir John Cam Hobhouse, the President of the Board of Control, had introduced a bill into the House of Commons, which made some alterations in the arrangements regarding Haleybury College; one of which was that persons of all ages should be allowed to enter into the Company's Civil Service. This had greatly alarmed the Court of Directors, and they intended to make the most strenuous efforts to prevent its taking effect.

Distress at Cuttack.

Cuttack, 20th August, 1837.—The state of affairs here is any thing but satisfactory; rice becoming dearer every day. The mortality from starvation and cholera since the month of May last has been dreadful throughout the district. Wretched mothers bring their children and sell or give them away to any one who will give them something to eat. Crowds of men, women and children, the picture of disease and misery, are seen crawling about the town and cantonments, begging for a handful of rice, and frequently lie down and die at our gates. A subscription has been raised by the Collector, and our worthy commandant feeds some hundreds of them out of his own pocket. But this though liberal in the extreme, is a mere drop in the ocean, where thousands are dying of absolute starvation.—*Englishman.*

Dhoba.

Some statements we gave last week respecting the Dhobah Sugar Works, upon the authority of a letter from Mr. Blake and other well accredited information, have attracted the attention of the gentleman in charge of the works, who had also received letters from England of late date upon the subject of the transfer of the property. From this explanation it appears, that the £120,000 subscribed by the new Company, is for the working as well as for the purchase of the concern,—that the proportion of this sum given for the concern alone is £48,000, the purchase being made by twelve proprietors, in shares as already described. It also turns out that, instead of the startling quantity of 8000 tons of Sugar, the works have only sent down as many hundreds, or rather about 900 tons this year, though capable of yielding much more, if well supported.—*Cour.*

The accounts from all the stations in the West of India, Agra, Delhi, Bareilly, and others, are extremely gloomy. Such a season had not been experienced by the oldest inhabitant. The hot winds had returned in August. Scarcely a drop of rain had fallen. Agriculture generally at a stand, the price of grain rising continually, and the people reduced to starvation with difficulty kept from breaking into the granaries. Another fortnight of such weather, would inevitably bring on a famine.

The Western Provinces.

The Western Provinces are in the most alarming state for want of rain. The latest accounts we have from thence are those contained in the Agra Ukhbar, which we publish below.

Agra.

The full moon has come and gone without bringing rain, and famine, inevitable famine is before us. Robberies are committed to such an extent throughout the district by famishing wretches, that the Magistrate has been obliged to strengthen the District Police by all the men he could spare from the city. Persons have been seized for stealing grain, who had been driven to the act by a four days' utter want of food. So strong is the apprehension of a famine, that the Zemindars have refused to al-

শস্য ক্রয়করণার্থ কিছু টাকা দিয়া বন্দোবস্ত করিয়াছেন এইক্ষণে ঐ মহাজনের দিগকে তাঁহারা শস্য ছাড়িয়া দিতেছেন না। জিলায় ভাবলোক অত্যন্ত হতাশ হইয়াছে তাহারদের ভরসা কেবল বৃষ্টির উপরেই কিন্তু বৃষ্টিও দৃষ্টি হয় না। এতদ্রূপ আহারের অনটনে দুঃখি ব্যক্তিরদের কিঞ্চিৎ উপকারার্থ শ্রীযুত কমিস্যনর সাহেব এমত প্রস্তাবকরণে পরামর্শ দেওনার্থ প্রস্তুত আছেন যে রাস্তা মেরামতীর নিমিত্ত যে সকল টাকা ন্যস্ত আছে তাহার মধ্যে মাসে ২০০০ টাকা করিয়া দরিদ্র লোকেরদের আহারার্থ দিতে অনুমতি প্রাপ্ত হন।

ফ:তগড়।

উক্ত স্থানহইতে লেখে বর্ত্তমান অনাবৃষ্টিপ্রযুক্ত দেশের নানাস্থানে যে দুরবস্থা হইয়াছে তদুপলক্ষে আমরাও কিঞ্চিৎ লিখিতে পারি যে ঐ দুরবস্থাতে দেশীয় লোকেরদের মধ্যে সর্ব্বদা বিবাদ বিসম্বাদ হইতেছে। সম্প্রতি অনুপ শহরহইতে তণ্ডুল বোঝাই পাঁচখান নৌকা আসিতেছিল তাহা লুটিয়া লইয়াছে ছাপরামৌ স্থানে যে সকল গোলা ছিল তাহা ভাঙ্গিয়া যাহা পাইল তাহা লুঠ করিয়াছে। তোমার আমার বলিয়া যে ভেদ ছিল তাহা লোকের অন্তঃকরণহইতে ক্রমে লুপ্ত হইতেছে অতএব অতিশীঘ্র মহাজন ও সরাফেরদিগকে রক্ষাকরণার্থ গবর্ণমেণ্টের অবশ্য উদ্যোগ করিতে হইবে। কিন্তু মহাজনেরদিগকে বলপূর্ব্বক শস্য বিক্রয়করণের যদি হুকুম দেন তবে অত্যন্ত অন্যায় করা হয়। যাহারদের প্রতি মহাজনেরা এমত বিশ্বাস করিতে পারেন যে আগামি বৎসরে মূল্য পাইবেন এইক্ষণে তাহারদিগকে ধারেও তণ্ডুলাদি দিতেছেন। ফলে ইহা অপেক্ষা উত্তম নিয়ম গবর্ণমেণ্ট ধরণও করিতে পারেন না।

শাজাহানপুর।

এই জিলার মধ্যে অদ্ভুত অনাবৃষ্টিতে যে দুঃখ হইতেছে তাহাতে অত্যন্ত শঙ্কা হইয়াছে এইক্ষণে ৫০,০০০ হাজার লোকের ন্যূন নহে অনাহারে আছে। ইক্ষু ও ধান্যের ফসল এককালেই নষ্ট হইয়াছে ক্ষেত্রে আর কোন ফসল নাই এই জিলার উত্তরাংশে বিন্দুমাত্র পাত হয় নাই এবং দক্ষিণাংশে যে যৎকিঞ্চিৎ জল হইয়াছে তাহাতে যে শস্য প্রবল হইয়াছিল তাহাও বাঁচিতে পারে না। এই দুরবস্থা বিশেষতঃ এই নিমিত্ত আরো অতিভয়ঙ্কর হইয়াছে যে এই স্থানে ও তাবৎ রুহেলখণ্ডে একাদিক্রমে তিন বৎসর সমুদায় খরীপের ফসল বিনষ্ট হইয়াছে বিশেষতঃ ১৮৩৫ সালে বন্যাপ্রযুক্ত ১৮৩৬ সাল এবং বর্ত্তমান সালে অনাবৃষ্টিপ্রযুক্তই তাহা হয়। অতএব নিতান্তই দুর্ভিক্ষ হইবে।

এই অতিবিলপনীয় অবস্থার এই ফল হইয়াছে যে আমারদের মাজিস্ত্রেট শ্রীযুত বুলর সাহেব অত্যন্ত অশ্রান্ত উদ্যোগী ও সতর্ক হইলেও প্রতিদিন চুরী ডাকাইতী হইতেছে। গত সপ্তাহে করটস্থানে তৎপরে তিলমে ডাকাইতী হয়। বরেলি জিলাতে দুই ডাকাইতী হইয়াছে সম্প্রতি বিপুলপুরে অতিদারুণ ডাকাইতী হয় বরেলির ডাকপুলিন্দা লুঠ ও হরকরা হত হয় কিন্তু ঐ পুলিন্দার মধ্যে যাহা ছিল তাহার অধিকাংশ পশ্চাৎ পাওয়া গিয়াছে। সর্ব্বত্রই শস্যের গোলা লুঠ যাইতেছে কিন্তু সৌভাগ্যক্রমে ঐ সকল গোলার অল্প রক্ষক থাকাতে অল্প লোকের প্রাণহানি হইয়াছে। কোনং স্থানে অধিকও মারা পড়িয়াছে। শাজাহানপুর শহরে দিবাভাগেই এক বণিকের বাটীহইতে ১২০০ টাকা লুঠিয়া লইল ফলতঃ

low the grain already purchased, and paid for by the corn traders, to be removed, in defiance of the terms of their contract. The whole district is in a state of despondency, and hope is none—save in the rain that comes not. As a partial relief to the sufferers from this scarcity of food, the Commissioner has or is about to submit a proposition to Government to set apart 2,000 rupees per month from the Road fund, for the employment of the poor.

Futtehghur.

With regard to the notices from other parts as to the condition of the country from the present continued drought, we may mention that in this district the Natives seem progressing towards a state of anarchy. Five boats coming from Anoopshuhur laden with grain were stopped on the river and robbed. The grain pits at Chuppramow have been broken into and the contents appropriated by the robbers. The distinction betwixt meum and tuum is gradually becoming more and more undefined in the minds of the Natives, and the strong arm of government will soon be required to protect the Bunias and Shroffs. To interfere to oblige the Bunias to sell their grain at some fixed rate would be the height of injustice. The Bunias in many instances give grain to those whom they can trust to be repaid next season —could the Government make a fairer arrangement? —*Agra Ukh.*

Shahjehanpoor.

The distress occasioned by the unprecedented drought in this district is appalling—50,000 people are in a state of starvation. The sugar and rice crops have totally failed and no other crops are in the ground. In the Northern part of the district not a drop of rain has fallen, and towards the Southern there has not been sufficient to keep alive the hardiest crops. This fearful condition is rendered more dreadful from this being the third successive failure of the Khureef harvest for the last three years here and throughout Rohilkund—in 1835 from inundation, in 1836, and this year from drought. A famine is inevitable.

As a consequence of this deplorable state of things robberies are numerous and are daily rapidly multiplying, notwithstanding the unwearied exertions of the magistrate, Mr. Buller. A dacoity took place last week at Kurut, another at Tillum, two in the Bareilly district, and an extensive one at Bipulpoor. The Bareilly dawk was also robbed and the Hurkara killed; most part of the contents of the packet were however recovered. Grain pits are being plundered in every direction, and fortunately from being slightly defended, but few lives have been lost, but several deaths have taken place. At the town of Shajehanpoor, a Buniah was openly robbed of Rs. 1200, and other similar acts have been perpetrated. The district is alto-

এই জিলা অতিভয়ানক অবস্থায় আছে এবং যদ্যপি অনাহারি ব্যক্তিরদের আহার দেওনার্থ কোন উদ্যোগ না হয় তবে তাবৎ আইনবিরুদ্ধ ব্যাপার হইবে এবং লোকের প্রাণধন একেবারে বিনষ্ট হইবে।

মিরট।

মিরটহইতে ১৬ আগষ্ট বুধবারের পত্রে লেখে যে এই স্থানে অদ্যাপি বৃষ্টি হয় নাই হওনেরও আকার নাই দিবারাত্রি পূর্ব্ব ও পশ্চিমা বাতাস বহিতেছে সর্ব্বপ্রকার শস্যেরই মূল্য চড়িতেছে।

দিল্লী।

দিল্লীহইতে লেখে যে আরো এক সপ্তাহ গত হইল নিয়ত পশ্চিমা বাতাস হইতেছে জলের নামো নাই। গত সোমবারে যে এক কুঠরী পূর্ব্বাহ্নাবধি দুই প্রহর পর্য্যন্ত বন্দ ছিল সেই গৃহস্থিত তাপমাপক যন্ত্র দুই প্রহরসময়ে ৯৬ অংশপর্য্যন্ত উঠিয়াছিল ইহা অত্যদ্ভুত বিষয়।

উক্ত সম্বাদের বর্ণ যোজনা হইলে পর নীচে লিখিতব্য সম্বাদ প্রাপ্ত হওয়া গেল।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

গত জুলাই মাসের ডাকের পুলিন্দা লণ্ডননগরহইতে গত বৃহস্পতিবারে এতদ্দেশে পঁহুছে তদ্দ্বারা জুলাই মাসের ২ তারিখপর্য্যন্তের সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহার মধ্যে সর্ব্বাপেক্ষা যে গুরুতর সম্বাদ অবগত হওয়া গেল তাহা ইঙ্গলণ্ড দেশের বাদশাহের লোকান্তর গমনবিষয়ক।

চতুর্থ উলিয়ম বাদশাহ জুন মাসের প্রথমে অত্যন্ত পীড়িত হইয়াছিলেন পরে তাঁহার পীড়া ক্রমশ এমত বৃদ্ধি হয় যে স্বাস্থ্যহওনের কোন প্রত্যাশা ছিল না। অপর ১৯ জুন তারিখে বাদশাহ রীতিমত রাজকার্য্য নির্ব্বাহ করিয়া উত্তরোত্তর বল হীন হওয়াতে স্বীয় আসন্ন কাল বোধ করিলেন অতএব তিনি পরিজনেরদিগকে নিকটে আহ্বানপূর্ব্বক অতিস্নেহে তাঁহারদের স্থানে বিদায় হইয়া ২০ জুন তারিখের রাত্রি শেষে সাড়ে তিন ঘণ্টাসময়ে ইহলোক পরিত্যাগ করিলেন। তাঁহার পরলোক গমন হওয়াপ্রযুক্ত ইঙ্গলণ্ড দেশের রাজমুকুট শ্রীশ্রীমতী প্রিন্সেস বিকটোরিয়ার শীর্ষে অর্পণ হইয়াছে। শ্রীমতী ৺ প্রাপ্ত বাদশাহের ৺ প্রাপ্ত ভ্রাতা ডূক কেণ্টের অদ্বিতীয়া কন্যা। ঐ শ্রীশ্রীমতী প্রিন্সেস গত ২৪ মে তারিখে অষ্টাদশ বর্ষ বয়ঃপ্রাপ্তা হন।

অপর ২১ জুন তারিখে শ্রীমতী মহাব্রিটন ও ঐর্লণ্ডের রাণীরূপে বিখ্যাতা হইলেন ঐ দিবসেই নিজালয়ে এক রাজসভা হয় তাহাতে ১৫০ জন মন্ত্রী সমাগত হইলে শ্রীশ্রীমতী রাণী তাঁহারদের সম্মুখে এমত বক্তৃতা করিলেন যে আমার অতিমান্য পিতৃব্য ইঙ্গলণ্ড বাদশাহের লোকান্তর হওয়াতে দেশীয় ভাবলোকের অত্যন্ত খেদ জন্মিয়াছে ঐ মৃত্যুপ্রযুক্ত এই মহারাজ্য শাসনের ভার আমার প্রতি অর্পণ হইল এই মহাঝুঁকি অকস্মাৎ অতিতারুণ্যাবস্থাতেই আমার উপরে পড়িল। আমি এই ভার নিতান্তই আপনাকে সহিষ্ণুতা করিতে অক্ষম জ্ঞান করিতাম যদ্যপি আমার এমত ভরসা না থাকিত যে যে পরমেশ্বর আমার প্রতি এই অতিগুরুতর ভার অর্পণ করিয়াছেন তিনিই নিতান্ত এই ভার সহনের শক্তিও আমাকে দিবেন। আমার অভিপ্রায় অতি কোমল এবং প্রজার হিতার্থ নিতান্ত বাসনা এইপ্রযুক্ত ভরসা হয় যে যে সাহায্য ও উপায় সামান্যতঃ প্রবীণ ও কর্ম্মদক্ষব্যক্তিরা প্রাপ্ত হন সেই সাহায্য ও উপায় আমাকেও প্রদত্ত হইবে।

পার্লিমেণ্টের বিবেচনা এবং আমার প্রতি প্রজারদের স্নেহ ও প্রভুভক্ততার উপরেই আমি নিতান্ত ভরসা রাখি এবং

gether in a fearful state, and if some prompt steps be not taken to feed the starving population, all law will be suspended, and a dreadful destruction of life and property inevitably take place.

They write from Meerut on the 16th August; "Still no rain and not the smallest appearance of a shower, wind N. W. night and day. Grain of every description rising in price."—*Agra Akh.*

Delhi.

We have experienced another week of strong and hot Westerly winds, without a drop of rain! At noon on Monday last the Thermometer, in a house which had been carefully shut up at sunrise, stood at 96°!!

After the above was in type the following important intelligence was received.

Latest European Intelligence.

The July Mails, arrived from London on Thursday, and brought intelligence to the 2d July. The most important news is that which refers to the death of the King. His Majesty, King William the Fourth, had been considerably indisposed in the beginning of the month of June; and his malady appeared so gradually to increase that little hope was entertained of his ultimate recovery. On the 19th June, he transacted business as usual, and then feeling that his strength was failing him, and that his end was approaching, he summoned his family around him, and took an affectionate leave of them. He expired at 20 minutes past three O'Clock on the morning of the 20th June.

By his demise, the crown of England devolves on the Princess Victoria, the only daughter of his late brother, the Duke of Kent. The Princess attained her Eighteenth year on the 24th of May preceeding.

On the 21st of June, she was proclaimed Queen of Great Britain and Ireland. A Privy Council was held on that day at her residence, when a hundred and fifty attended; and her Majesty made the following declaration.

"The severe and afflicting loss which the nation has sustained by the death of His Majesty, my beloved Uncle, has devolved on me the duty of administering the government of this Empire. This awful responsibility is imposed on me so suddenly, and at so early a period of my life that I should feel myself utterly oppressed by the burden, were I not sustained by the hope that Divine Providence, which has called me to this work, will give me strength for the performance of it, and that I shall find in the purity of my intentions, and in my zeal for the public welfare, that support, and those resources which usually belong to a more mature age and longer experience,

I place my firm reliance upon the wisdom of Parliment, and upon the loyalty and affection of my people. I es-

আমি ইহাও অতি ভদ্র জ্ঞান করি যে যে মহারাজা স্বীয় প্রজারদের স্বত্বাদি স্থির রাখণার্থ এবং দেশীয় আইন ও নিয়মের সুশৃঙ্খলতা বর্দ্ধনার্থ তাবল্লোকের অতিমান্য ও স্নেহপাত্র হইয়াছিলেন এমত মহারাজার পর আমি অকিঞ্চন বালা অবলা হইয়া ঐ মহা প্রবল রাজ্যভার প্রাপ্ত হইলাম।

হেনবরের রাজ্য ১২৪ বৎসর ইঙ্গলণ্ড রাজ্যভুক্তহওনের পর এইক্ষণে পৃথক্ হইয়াছে। ৺ প্রাপ্ত রাজার কনিষ্ঠ ভ্রাতা শ্রীযুক্ত ডুাক অব কম্বরলেণ্ড এইক্ষণে হেনবরের রাজা হইয়াছেন।

অপর শ্রীশ্রীমতীরাণীর সিংহাসনারোহণপ্রযুক্ত রীতিমত পার্লিমেণ্টের পরিবর্ত্তন হইয়াছে এবং ঐ পার্লিমেণ্টে যে সকল কার্য্যের প্রস্তাব হইয়াছিল তন্মধ্যে দুই এক কার্য্য ব্যতিরেকে সুতরাং সমুদায় স্থগিতই রহিয়া গেল। ফলে যে সকল নিয়ম ব্যতিরেকে রাজকার্য্য নির্ব্বাহ হয় না কেবল তন্নিয়ম মাত্র সম্পন্ন হইবে।

গত বৃহস্পতিবারে শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই ঘোষণা প্রকাশার্থ হুকুম করিলেন যে ইঙ্গলণ্ডের চতুর্থ উলিয়ম বাদশাহ লোকান্তরগত হইয়াছেন। তাহাতে ৺ প্রাপ্ত বাদশাহের বয়ঃসম সংখ্যানুসারে ফোর্ট উলিয়ম কিল্লাহইতে মিনিট অন্তরে ৭২ তোপধ্বনি করা গেল। তৎপরে মহারাণী বিকটোরিয়ার সম্ভ্রমানুরূপ ঐ কিল্লাহইতে তোপ হইল।

কলিকাতার সরিফ শ্রীযুত হলরাইড সাহেব সুপ্রিম কোর্টের বারাণ্ডাহইতে শ্রীশ্রীমতীমহারাণীর সিংহাসনারোহণবিষয়ক বার্ত্তা প্রকাশ করিলেন এবং তৎসময়ে ঐ বারাণ্ডার নিম্নে সৈন্যেরা শ্রেণীবদ্ধরূপে দণ্ডায়মান হইয়াছিল।

teem it also a peculiar advantage that I succeed to a sovereign whose constant regard to the rights and liberties of his subjects, and whose desire to promote the amelioration of the laws and institutions of the country, have rendered his name the object of general attachment and veneration."

The Kingdom of Hanover which has been united to the crown of England a hundred and twenty-four years is now separated from it. The King's younger brother, The Duke of Cumberland becomes King of Hanover.

In consequence of the accession of the Queen. The Parliment is dissolved; and all the measures which had been in progress with one or two exceptions are dropped. In fact only those measures which are essential to the carrying on of public business will be proceeded in.

On Thursday last, the Governor General in Council issued a Proclamation stating the demise of his Majesty, King William the Fourth, and the accession of the Princes Victoria to the Crown. Minute guns, seventy-two in number, according with the age of the late King, were fired from the ramparts of Fort William. In the afternoon, a Royal Salute was fired in honour of the accession of Queen Victoria. Mr. Holroyd, the Sheriff, proclaimed the Queen from the veranda of the Court House, and the troops drawn up in the yard fired a feu de joie.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

বর্দ্ধমানের যথার্থবাদি এক আত্মীয় ব্যক্তি এক স্বাক্ষরিত পত্র প্রেরণের দ্বারা আমারদিগকে বাধিত করিয়াছেন তাহা প্রেরিতপত্রের স্থানে দৃষ্ট হইবেক। জাল প্রতাপচন্দ্রের কি হইতেছে তিনি আমারদিগকে জিজ্ঞাসেন সেই স্থানে তিনি যে উত্তম সম্বাদ পাইয়াছেন তাহা আমারদিগকে অবগত করান্ তদ্দ্বারা বোধ হইতেছে এই মনুষ্য ঘোর প্রতারক যাঁহারা তৎপরিবারের ঘনিষ্ট আছেন এবং এ বিষয় উত্তম বিবেচনা করিতে পারেন তাঁহারা উহার চেষ্টা তুচ্ছ করেন যখন প্রথম বাঁকুড়ায় এ বিষয়ে গোলযোগ হয় অনন্তর হুগলিতে মোকদ্দমার সময়ে আমরা অনেকেই মনে করিয়াছিলাম বুঝি তাহার দাবি সত্য হইতে পারে কিন্তু অনুসন্ধানদ্বারা বহুকাল হইল আমরা নিশ্চয় জানিয়াছি অনেককাল হইল প্রতাপচন্দ্রের যথার্থ মৃত্যু হইয়া তাঁহার পিতা ও বন্ধু এবং কুটুম্বগণের সম্মুখে কালনার ঘাটে দাহাদি হইয়া গিয়াছে তাহার প্রতারণার এই এক প্রমাণ আমরা দর্শাইতে পারি সে মোক্তারেরদের দ্বারা আমারদিগের সাহায্য পাওনের চেষ্টায় ছিল কিন্তু আমরা তাহারদিগের নিকট সন্দেহ ব্যক্ত করিলাম যখন আমরা ঈশ্বর রাজা প্রতাপচন্দ্রের লোকেরদিগকে ডাকিয়া তাহার পরীক্ষা লইতে চাহিলাম জাল প্রতাপচন্দ্র তাহাতে অসম্মত হইল ইহাতে স্পষ্ট দেখা গেল সে নীচ প্রতারক তদ্ভিন্ন অন্য নহে অন্যান্য লোক স্বীয় অভিলাষ পূর্ণ করণার্থ অস্ত্রস্বরূপ তাহাকে ব্যবহার করিতেছে সে কেবল তাহারদিগের কুমন্ত্রণার ফেরে এমনও হইতে পারে তাহার পরে উহার কিছু কথা শুনা যায় নাই যদ্যপি দুই এক জন ভ্রান্তিপ্রযুক্ত প্রথম তাহার সাপক্ষতা করিয়াছিল একবার নিষ্ফল উদ্যোগ করিয়া এক্ষণে বিরত হইয়াছে তাহার প্রতি যে কএক লোকের শ্রদ্ধা আছে তাহারদিগের সহিত বিরোধ করিতে চাহি না স্পষ্ট অথচ সংক্ষেপ পরীক্ষাতে সৎলোক মাত্রই আহ্লাদিত হন তাহাতে যে মনুষ্য ভীত হইয়া অস্বীকার করে এমন মনুষ্যের সাহায্যেতে যন্ত্রণাভিন্ন তাহারদিগের যশ ও প্রশংসা কদাচ বৃদ্ধি হইবে না ইহা সন্দেহ করি আমরা জ্ঞাত আছি ঐ ভদ্রলোকেরা বোধ করেন এক জন প্রধান লোক দুঃখে পড়িয়াছেন তৎপ্রযুক্ত সুশীলতা ও দয়া তাহার প্রতি প্রকাশ করিতেছেন কিন্তু আমরা বিশেষ জানিয়া সাবধান করিয়া দিতেছি অধিক বিলম্ব না করিয়া এক্ষণে সতর্ক হউন তাঁহারা একটা তস্কর কিম্বা পাগলকে কেন উৎসাহ করিয়া দিতেছেন।—জ্ঞানান্বেষণ।

মফঃসলে পোলীস।

আমরা অনুমান করি মফঃসলে পোলীসের বিষয়ে সদুপায় অনেকানেক লোকে বলিয়াছে তাহার বিবেচনার্থ এবং রিপোর্টকরণার্থ এই কতিপয় সাহেব নিযুক্ত হইয়াছেন শ্রীযুত ডবলিউ২ বার্ড ও শ্রীযুত ডি সি ইস্মিথ এবং এফ এস ই স্মিথ ও লুইস যিনি মুরশিদাবাদের কমিস্যনর মাষ্টর হেলিডে এবং মাষ্টর টি সি ইস্কাট তিনি ঐ কমিটির ক্ষুদ্র সেক্রেটরী ও মেম্বর হইলেন।—ঐ

জুরীদিগের দরখাস্ত।

আমারদিগের বাদশাহের তৃতীয় গ্রাণ্ড জুরির শেসানেতে কলিকাতা নগরের সদসদ্বিবেচনার্থ খ্রীষ্টিয়ান গণের এক হাজার আট শত ৩৭ জনের প্রধান বিচারপতি শ্রীযুক্ত সর এড ওয়ার্ড রাইন সাহেব আর আমারদিগের বাদশাহকর্ত্তৃক নিযুক্ত অন্যান্য বিচারকেরদিগের সম্মুখে জুরীর অগ্রগণ্য জর্জ বিণ্টনামক সাহেব জুরীর সহিত আপন মতানুসারে এই আবেদন করিতেছেন যে পয়সার দর সর্ব্বত্র স্থির না থাকাতে কলিকাতায় সাধারণ লোকের অত্যন্ত ক্লেশ হইয়াছে এবং তন্নিমিত্ত নানাপ্রকার বিবাদ উপস্থিত হইতেছে অতএব তাহারা প্রার্থনা করিতেছে সিক্কা পয়সা যত বাহিরে আছে তাহা টানিয়া লইয়া কোম্পানির পয়সা অনেক দেন যে সর্ব্বত্রই সমানরূপ চলে। ঐ জুরীর অগ্রগণ্য জুরীরদিগের সহিত পুনরায় এক আবেদন করেন তাহাতে এই লিখিত আছে যে কলিকাতায় পুষ্করিণী না থাকাতে গৃহকর্ম্মের এবং গৃহদাহক অগ্নিনির্ব্বাণের নিমিত্ত লোক ক্লেশ পায় অতএব কলিকাতার বাহির রাস্তায় পুষ্করিণী কাটা যায় আর চাঁদপালের কল ঘাটহইতে জলের নর্দমা ঐ পুষ্করিণীর সঙ্গে মিলিত হয় এবং শ্যামবাজারহইতে পার্ক ইষ্ট্রিট পর্য্যন্ত যে সকল পুষ্করিণী আছে তাহার সহিতও মেলে কেন না যখন বর্ষাকালে

Spirit of the Native Papers.

We have been favoured with the letter of a friend at Burdwan, bearing the signature of "A Speaker of Truth." which will be found in the correspondence column of our paper. He questions us as to what is doing in the affair of the pretended Purtab Chund, and emphatically points out that the best intelligence he can glean, on the spot, is, that the man is really an imposter, and that very little estimation is put on his efforts by those, who from situation, family connection, and family knowledge, have the best title to judge on the real merits of his case. When the stir was first made in this matter at Bancoora and subsequently during the trial at Hooghly, we, in common with many entertained the idea that a pretension so set up, might by possibility be founded in truth: but from enquiry have long been satisfied that the veritable Purtab Chund died years ago and his remains were actually burnt at Culnah Ghaut, in the presence of his father, friends, and relatives. A stronger proof of imposture yet lies at the pretender's door, and this is one, that we are able to adduce, in our own person. We were applied to through his mookteears for assistance in his proceedings. Our suspicions of his identity were at once expressed, and when we proffered to establish it, by convening some of the late Rajah's people (who could make no mistake). for the specific purpose, he shrunk from the result of such investigation, and thereby forfeited all claim to be otherwise considered by us than as a vile impostor and probably the tool of other people's intrigues. From that time to this we have heard no more of him; and although one or two, who suffered themselves to be too easily deluded, were warm in espousing his cause, we do not learn that their sympathy has as yet induced them to go further than a first attempt which as it meant little or nothing, seems to have sunk into its native obscurity. We do not quarrel with the favorable opinion that some have formed respecting him, but much fear that they will reap more trouble, than credit or fame from an endeavour to uphold one who appears to skulk from that short, simple mode of enquiry in which every ingenuous mind would delight. We know that these good people are only actuated by benevolent and honourable feelings in evincing commiseration for what they consider greatness in adversity and that this very knowledge excites us to hold out a warning which may teach them before it is too late, that they are unconsciously lending themselves to the trickeries of a knave or fool or perhaps both combined.—*Gyan.*

Mofussil Police System.

We understand that the Officers appointed a Committee to examine and report upon the several plans, which have been submitted for the improvement of the Mofussil Police system, are Mr. W. W. Bird, Mr. F. C. Smith, Mr. D. C. Smyth, Mr. Lowis, (Commissioner of the Moorshedabad Division), Mr. Halliday and Mr. T. C. Scott, the last being the Junior Member and Secretary.—*Ib.*

Presentment of the Grand Jury.
Fort William in Bengal.

At the third Sessions of Oyer and Terminer of our Sovereign Lord the King, holden at Calcutta, in and for the said City of Calcutta, for the year of our Lord One Thousand Eight Hundred and Thirty-seven, before Sir Edward Ryan, Knight, Chief Justice, and his Companions, Justices of our said Lord the King, assigned to hear and determine diverse Felonies, Trespasses and Misdemeanors—George Vint, the foreman, and the Jurors of our Lord the King, do on their own view present, that the Inhabitants in general of the said City of Calcutta are much inconvenienced, and the poor therefore are greatly aggrieved and distressed, from the scarcity and want of an uniform and extensive circulation of Copper Coinage and that frequent breaches of the peace have occurred in consequence thereof, and that the old Sicca Pice of Copper Coinage ought to be altogether withdrawn from circulation, and that a very large quantity of the new Company's Pice or Copper Coinage ought to be issued and put in circulation.

The Foreman and Juror aforesaid do further present, that the Native Inhabitants of Calcutta are during the hot season much distressed from want of a proper supply of water for domestic purposes and for the extinction of fires, and that there ought to be at least six new tanks of water dug on the Calcutta side of the Circular Road; and the aqueduct from the engine at the Chandpaul Ghaut ought to be carried to each of the said proposed tanks, and also to the several public tanks now being on the line of Road from Sambazar to Park Street, in order that the said several tanks may be supplied with water from

ঐ কল বন্ধ থাকে তখন ঐ কলহইতে জল উঠাইয়া পুষ্করিণী পরিপূর্ণ করে এই আবেদনের সাক্ষী জুরিরদিগের পক্ষে তাঁহারদিগের অগ্রগণ্য রহিলেন ২৫ আগষ্ট খ্রীষ্টিয়ান সনের ১৮৩৭ সাল।—জ্ঞানান্বেষণ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনি অনুগ্রহপূর্ব্বক নীচে লিখিত কএক পংক্তি দর্পণৈকপার্শ্বে স্থানদান করিয়া বাধিত করিবেন।

দেশের নানা স্থানে গবর্ণমেণ্ট বালকেরদের বিদ্যাভ্যাসার্থে যে নানা পাঠশালা স্থাপন করিয়াছেন তাহাতে বালকেরদের অত্যুত্তম রীতি ও বিদ্যা ও আচার ব্যবহার হইতেছে এবং তাঁহারদের বিদ্যার উন্নতি দেখিয়া আমারদের আশ্চর্য্য বোধ হইতেছে ফলতঃ ছাত্রেরদের মধ্যে অনেকে ইঙ্গরেজী বিদ্যাতে সম্পূর্ণরূপ পারদর্শী হইয়াছেন কিন্তু আমার খেদ এথেনের বিষয় এই যে বঙ্গভাষার অনুশীলনবিষয়ে গবর্ণমেণ্টের কিঞ্চিন্মাত্র মনোযোগ নাই ঐ ভাষা এইক্ষণে প্রায় লোপ পাইল। হুগলিপ্রভৃতি নানা স্থানে গবর্ণমেণ্ট বহুতর পাঠশালা স্থাপন করিয়াছেন তাহাতে আমারদের মহোপকার হইতেছে বটে কিন্তু যদ্যপি এতদ্দেশীয় বালকেরদের নিমিত্ত কতিপয় বঙ্গ বিদ্যালয় স্থাপন করেন তবে আরো উত্তম হয়। বালকেরদের নিরত ইঙ্গরেজী পুস্তক পাঠকরাতে প্রায় বঙ্গভাষাভ্যাসবিষয়ে অনুরাগ গত হইয়াছে বঙ্গভাষা কিছুমাত্র না জানিয়াই ইঙ্গরেজী ভাষা শিক্ষা করে অতএব যদি গবর্ণমেণ্ট অনুগ্রহপূর্ব্বক নানা স্থানে বঙ্গভাষার বিদ্যামন্দির স্থাপন করেন তবে বঙ্গদেশীয় বালকেরা বঙ্গভাষা কিঞ্চিৎ জানিতে পারেন।

W. C. G.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনকার ১৮৩৭ সালের ১৭ জুন শনিবাসরীয় দর্পণে অর্থাৎ ১৯ বালমের ১১৪৪ সংখ্যক ১৯৪ পৃষ্ঠায় প্রেরিতপত্রের নিম্নে দেশীয় লোকের সচ্চীলতাবিষয়ে যে পত্র প্রকাশ হয় তাহাতে এতদ্দেশীয় অধিকাংশ ব্যক্তিরা আপনকার দর্পণবিষয়ে যাহা স্থির করিয়াছেন তাহা সত্য বোধ হইল অর্থাৎ ঐ পত্রে মিথ্যা ও অমূলক কদর্য্য গ্লানি উক্তিসকল প্রকাশ হয়।

উক্ত পত্রে লেখক লেখেন যে হিন্দুকালেজের যে ছাত্র জিলা রঙ্গপুরের মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন তিনি উৎকোচ গ্রহণ করিতেছেন এবং তুমি ঐ অভিযোগ অমূলক কি না এতদ্বিষয়ে কিছু অনুধাবন না করিয়াই তাহা অবিকল প্রকাশ করিয়াছ। ঐ মুনসেফ অপূর্ব্ব সৌজন্য ও সচ্চীলতাবিষয়ে সর্ব্বত্র বিখ্যাত আছেন এইপ্রযুক্ত তৎজিলার তাবৎ ইউরোপীয় ও এতদ্দেশীয় লোকের প্রিয়পাত্র হইয়াছেন তাঁহারদের নিকটে এই বিষয় জিজ্ঞাসাবাদ করিলে জ্ঞাত হইতে পারিবা।১৮৩৩ সাল অর্থাৎ তাঁহার কর্ম্মে নিয়োগঅবধি সদর দেওয়ানী আদালতে ও গবর্ণমেণ্টের নিকটে যে নানা রিপোর্ট দেওয়া গিয়াছে তদ্দ্বারাই তাঁহার আচার ব্যবহার বিলক্ষণ ব্যক্ত আছে। হে সম্পাদক মহাশয় এমতও হইতে পারে যে ঈদৃশ সময়ে সরকারী কোন কর্ম্মকারক আপনার কদর্য্য আচার ব্যবহার কি গোপন করিয়া রাখিতে পারেন। যখন উপরিস্থ কর্ম্মকারকেরা তাদৃশ ব্যক্তিরদের প্রতি পুঙ্খানুপুঙ্খ লক্ষ করিতেছেন যদ্যপি আপনার পত্রপ্রেরকের বর্ণনামত ঐ মুনসেফ হইতেন তবে এখানকার কর্ম্মকারক সাহেবেরা উক্ত রিপোর্টে তাঁহার বিষয়ে কি এমত লিখিতেন যে তাঁহার অভিসদাচার ও সচ্চীলতার বিষয়ে কোন সন্দেহ নাই ইহা সকলেই জানেন ইত্যাদি। আমার এই কথার সত্যতা জানিতে যদি ইচ্ছা করেন তবে উক্ত দপ্তরসকল অন্বেষণ করিলে জানিতে পারিবেন। সত্য কহিতে পারি যে ঐ লেখকের অভিপ্রায় মুনসেফের উচ্চ পদ প্রাপ্তি বিষয়ে এইক্ষণে যে ভরসা আছে তাহার অতিশীঘ্র ব্যাঘাত এবং উপরিস্থ কর্ম্মকারকেরদের নিকটে তাঁহার মন্দ আচার ব্যবহারের বিষয় জ্ঞাপন করিয়া তাঁহার কার্য্য বিষয়ে বিঘ্ন ও হিন্দু কালেজের কলঙ্ক জন্মান্ কিন্তু লেখকের অতিভ্রান্তি হইয়াছে যেহেতুক পৃথিবীর এই প্রধানাংশের প্রজারদের প্রাণ ধন রক্ষণাদিবিষয়ে পরমেশ্বরকর্ত্তৃক যাঁহারা পরাক্রম প্রাপ্ত হইয়াছেন তাঁহারা এমত অমূলক গ্লানিকর উক্তিতে কখন কর্ণপাত করেন না।

ঐ মুনসেফ এইক্ষণে আমার প্রতি তোমাকে ইহা কহিতে আজ্ঞা করিয়াছেন যে তুমি ঐ পত্রপ্রেরকের নাম ধাম প্রকাশ করিবা তাহা হইলে তিনি ঐ পত্রপ্রেরকের নামে ফৌজদারী আদালতে নালিস করিবেন এবং যদি তাহা প্রকাশ না কর তবে তোমার নামেও নালিস করিবেন। এই পত্রখানি আপনি অনুগ্রহ করিয়া দর্পণে প্রকাশ করিবেন তাহাতে সর্ব্বসাধারণ লোক জানিতে পারিবেন যে ঐ মুনসেফ আপনার ঐ অভিযোগ শ্রবণ করিয়া মৌনাবলম্বন করেন নাই কিন্তু স্বীয় নির্দ্দোষিতা জ্ঞাপনার্থ এবং ঈর্ষি ব্যক্তিকর্ত্তৃক তাঁহার নিষ্কলঙ্ক আচার ব্যবহারের প্রতি যে কলঙ্কোদ্ভাবন হইয়াছে তাহা ক্ষালনার্থ বিহিত উদ্যোগী হইয়াছেন।

ব।

রঙ্গপুর ১ আগষ্ট ১৮৩৭।

পুনশ্চ এই পত্র প্রেরণেতে যে বিলম্ব হইয়াছে তাহার কারণ এইমাত্র আমরা দর্পণগ্রাহক নহি এবং পাঠকও নহি কিন্তু কলিকাতাস্থ আমারদের এক জন আত্মীয় সংপ্রতি তদ্বিষয় জ্ঞাপন করিয়াছেন।

নীলাম।

সমাচার দেওয়াযাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিতপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাতাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ১৮ অক্তোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকায় নীলামে ধরা যাইবে।

এই সকল কুঠীর কোন রকমের লহনা বাকি ঐং কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাতাবাড়িতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হুকুমক্রমে

খাতাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাতাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪॥০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম।

the river; and that the engine during the rains, when it is unemployed, ought to be used in filling the said several tanks. In witness whereof, the said Foreman, on behalf of himself and the other Jurors aforeside, hath hereunto set and subscribed his hand this Twenty-fifth day of August, in the year of Christ One Thousand Eight Hundred and Thirty-seven.

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—I hope you will kindly insert these few lines in a corner of your valuable Durpun.

The several English charity schools established by the Government in the different districts for the education of boys, has contributed in the highest degree to their learning, manners, customs, &c. Their rapid progress in literature and science, attracts our admiration, and in short many are become perfect scholars in the English language. But we regret to say, that the Government are not taking the least notice about the Bengalee language, which is almost abolished at present. They have established different colleges in different places, such as Hooghly, Agra, &c. all which indeed have benefited us and will yet extremely benefit us; but it will be much more beneficial to establish some Bengalee schools for the Native boys, who by their constant study of English books, at once lose the pleasure of those in Bengalee, especially at present, when the Native boys, without having any knowledge of the Bengalee alphabets, go to English schools to read. Therefore if the Government take it into their notice to establish some Bengalee schools in different districts, it will be good for the Native boys who will then acquire at least some knowledge of their vernacular language.

I am, Sir, your obedient servant,

W. C. G.

To the Editor of the Durpun.

SIR,—The appearance of a letter on "Native honesty," under the head of Correspondence, in page 194, No. 1144, vol. 19, of your Durpun of Saturday, June 17, 1837, confirms the opinion entertained by the majority of the Natives, that your Periodical is the medium of communicating false intelligence, and base and unfounded libels.

In the letter in question the writer accuses the student of the Hindoo College, appointed Moonsiff at Rungpore, of corruption, and you have published it without the least enquiry, whether the accusation has any ground at all.

The Moonsiff is celebrated for his uncommon honesty and good behaviour, and, consequently, much beloved both by the European and Native community of this District, to whom I beg to request you to make a public reference on the subject. His character has been truly delineated in the several reports submitted to the Court of Sudder Dewanny Adawlut, since his appointment in 1833, as well as in that forwarded to Government. Is it possible, Mr. Editor, for any Public Functionary to keep his nefarious practices in obscurity for any length of time, at the present date, when the conduct of the subordinate officers is narrowly watched by the vigilant eye of the superior authorities? If the Moonsiff were, as your correspondent has represented him, how is it that the local Authority in the reports above adverted to, has respectively used the phrases "he is well behaved,—he is esteemed as being perfectly upright—he bears a high character for integrity?" &c. Would you enquire into the veracity of my assertion? refer to the public records of the officers above-mentioned, and they shall satisfy your curiosity. I assure you, Sir, that the object of the letter can be nothing more than to throw obstacles in the way of his promotion, which is very near, by depreciating his character in the opinion of his superiors, as well as to stain the high and growing reputation of the Hindoo College. But the writer is much mistaken, because the opinion of those whom the Almighty has intrusted with the power over life and property, of a vast region of the globe, is little influenced by such malicious satires.

I am directed by the Moonsiff to request you to publish the name of your correspondent, in order that he may proceed against him in the Criminal Court, and to inform you, that in case of your omission, he will be compelled to adopt the same measures against you.

Be pleased to insert this letter in the Durpun, that the world may know that he has not submitted to the accusation passively, but that he has adopted measures to vindicate his innocence, and to wipe off the stain placed on his unimpeachable character, by the black arts of envy.

Yours truly,

B.

Rungpore, 1st August, 1837.

P. S. The delay that has occurred in noticing the letter, has arisen solely from the following circumstance. We are not subscribers to, nor read the Durpun; the letter was brought to our notice the other day by a friend of ours at Calcutta.

Sale.

NOTICE is hereby given that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munsectpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction with their buildings and other appurtenances in One Lot at the Export Ware-House, on Wednesday the 18th October, 1837. Upset price Co's. Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of Sale and other particulars may be ascertained on application at the Export Warehouse.

By Order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT.
E. W. H. Kr.

Export Warehouse,
31st August, 1837.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0 2	0 6	
2d. Class,	0 ½	0 4	
3d. Class,	3 12	4 0	
Middle 5 per cent loan,	0 0	0 0	
New 5 per Cent,	13 0	13 0	
4 per Cent loan,	2 4	2 0	Disct.

Bank Shares.

Bank of Bengal.............. Co's Rs. 2,400—3002,

সমাচার দর্পণ

১১৫৬ সংখ্যা। বালম ১৯।] ৯ সেপ্তেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৫ ভাদ্র। SATURDAY, SEPTEMBER 9TH. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1156. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Sale.

NOTICE is hereby given that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munseetpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction with their buildings and other appurtenances in One Lot at the Export Ware-House, on Wednesday the 18th October, 1837. Upset price Co's. Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of Sale and other particulars may be ascertained on application at the Export Warehouse.

By Order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
31*st August*, 1837.

নীলাম।

সমাচার দেওয়াযাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিতপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাতাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ১৮ অক্তোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকায় নীলামে ধরা যাইবে।

এই সকল কুঠীর কোন রকমের লহনা বাকি ঐ২ কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাতাবাড়িতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হুকুমক্রমে

খাতাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাতাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

যে মোকদ্দমায় শ্রীমতী নবীনমণি দেবী ফরিয়াদী ও মৃত লালভিমোহন ঠাকুরের পুত্র অথচ উত্তরাধিকারী ও উইলের টর্ণি শ্যামলাল ঠাকুর ও হরলাল ঠাকুর আসামী সেই মোকদ্দমায় গত ২৫ মার্চ তারিখে সুপ্রিম কোর্টে যে ডিক্রী হয় সেই ডিক্রীর হুকুমক্রমে মৃত লালভিমোহন ঠাকুরের মহাজনেরদিগকে এবং যাঁহারা তাঁহার সম্পত্তি দানদ্বারা প্রাপ্ত হইতে পারেন তাঁহারদের প্রতি হুকুম দেওয়া যাইতেছে যে উপরিউক্ত কোর্টে শ্রীযুত মাষ্টর সাহেবের আপীসে তাঁহার সমক্ষে আগামি অক্তোবর মাসের ১ তারিখে বা তাহার পূর্ব্ব কোন তারিখে হাজির হইয়া আপন২ কর্জ্জ বাবত পাওনা ও দানদ্বারা পাওনাবিষয় সাব্যস্ত করেন তাহা না করিলে উপরিউক্ত হুকুমের দ্বারা যে উপকার হইত তাহা হইবে না।

মাষ্টর আপীস ১ জুন ১৮৩৭।

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত মথুরামোহন সরকারের মরণোত্তর উত্তরাধিকারী পীতাম্বর সরকারের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের মেন্দিবগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৪॥০ নয় কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর সরকারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে প্রভুরাম দাসের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে কোম্পানির গলি। উত্তর দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে মৃত মীর হয়দর আলির বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের ঠনঠনিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩৫৪ তিন বিঘা উনিশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার ছয় অংশের চারি অংশে ও তাহার ছয় অংশের চারি অংশের মধ্যে ও তাহার ছয় অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে রূপনারায়ণ ঘোষালের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে জগমোহন নন্দনের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে ভৈরবচন্দ্র দত্তের এক খণ্ড ভূমি।

ইশতেহার।

উত্তর দিগে রূপনারায়ণ গঙ্গোপাধ্যায়ের এক খণ্ড ভূমি।

২। এবং জিলা চব্বিশ পরগনায় পরগনা মাদমমল্লের হরিনাভির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ও দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৪।০ চারি বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে বিজয়গোবিন্দ বসুর বাটী ও ভূমি এবং রামধন ঘোষের ভূমি। দক্ষিণ দিগে রাস্তা। পূর্ব্ব দিগে ব্রজমোহন ঘোষ ও হরমোহন ঘোষের বাটী ও ভূমি। উত্তর দিগে রামচাঁদ সান্যালের বাটী ও ভূমি।

৩। এবং পূর্ব্বোক্ত জিলা মুড়াগাছা পরগনায় জগদ্দলের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১২ বার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গোপীনাথ করের বাগান। পশ্চিম দিগে মহেশচন্দ্র রায়ের বাগান। দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত মহেশচন্দ্র রায়ের অন্য এক বাগান· পূর্ব্ব দিগে আদিগঙ্গা।

৪। এবং জিলা চব্বিশ পরগনায় মাদমমল্ল পরগনার শামিল ও তন্মধ্যস্থিত সীতাকুণ্ডনামে বিখ্যাত যে এক তালুক অথবা জমিদারী তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনার শামিল ও তন্মধ্যস্থিত জগন্নাথপুরনামে বিখ্যাত যে এক তালুক অথবা জমিদারী তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ

ইশতেহার।

ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৬। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনার শামিল ও তন্মধ্যস্থিত তেঁতুলবেড়িয়ানামে বিখ্যাত অন্য যে এক তালুক অথবা জমিদারী তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৭। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনায় তেঁতুলবেড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১৫/ পনর বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনায় জগন্নাথপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ২০/ বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী ব্রহ্মময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়াযাইতেছে যে আগামি ২৮ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কম্বেল সাহেব প্রথম ক্রেতা রায় গিরিধারীলাল বাহাদুর নীলামের নিয়ম পূর্ণ করিতে না পারাতে তাঁহার বিধবা অথচ উত্তরাধিকারিণী উমাকুমারী বিবির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা ভাগলপুরের চই পরগনায় সনবরষার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক বা জমিদারী নিজ সনবরষা ও শিবপুর ও মথুরাপুর ও ময়জম্মা ও বরনারপুর তাহার অর্দ্ধেক অংশে ও তাহার

অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পুর্ব্বোক্ত আসামী মৃত রায় গিরিধারীলাল বাহাদুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কম্প্রেল সাহেব রামনারায়ণ মিত্রের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ চক বনহুগলিনামে বিখ্যাত ১০৬২ নং যে এক তালুক তাহাতে ১২ মৌজা আছে অর্থাৎ চক বনহুগলি ও চক জয়নপুর ও চক হোগলকুঁড়িয়া ও চক শ্রীকান্তপুর ও চক কলা ভাঁড়ন্ ও চক রামাখাল ও চক মাপ্তরখালি ও চক রাম জীবনপুর ও চক কলমী ও চক রামকান্তপুর ও চক পানাকোহা ও চক মিটুখালি তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামনারায়ণ মিত্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে বিভক্ত মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

৩০ আগষ্ট ১৮৩৭।

হাসিল ও নিমক ও আফীণ বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত সর চার্লস ডাইলি সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখে স্বীয় কর্ম্ম পুনর্গ্রহণ করিয়াছেন।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব শ্রীযুত সর চার্লস ডাইলি সাহেবকে স্বাস্থ্যার্থ শিঙ্গাপুরে এবং শেষে চীন দেশে গমন নিমিত্ত আগামি মাসের ১০ তারিখঅবধি ছয় মাসের ছুটি দিয়াছেন।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব এবং উত্তর পশ্চিম অঞ্চলের শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর্ সাহেব ঐক্য হইয়া গোরক্ষপুর প্রদেশের দায়েরসায়েরী ও রেবিনিউ কমিসানর সাহেবের সম্প্রতিকার আসিষ্টান্ট শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেবকে বঙ্গরাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

২৮ আগষ্ট।

পদাতিক সৈন্যের ২৫ রেজিমেণ্টের লেপ্তেনন্ত শ্রীযুত এচ শিক্সপিয়র সাহেব হয়দরাবাদে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্ত যে বিদায় পাইয়াছিলেন তদতিরিক্ত আগামি ২০ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

২৯ আগষ্ট।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ এ লা সাহেব বগরার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এফ ষ্টেন্‌ফোর্থ সাহেব ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ প্রদেশের দায়েরসায়েরী ও রেবিনিউ কমিস্যানর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

শ্রীযুত সি টি সিলি সাহেব ঐ ঐ।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব জিলা কটকের জাইণ্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে মেসিক সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা মুরশিদাবাদের ডেপুটি কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

বেহারের একটিং কালেকটর শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১০ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন। শ্রীযুত জে রিড সাহেব ঐ পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর এফ হজসন সাহেব কমিস্যনর সাহেব কর্ত্তৃক স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনের নিমিত্ত যে ছুটি পান তদতিরিক্ত আগামি মাসের ১৭ তারিখ অবধি ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

১৬ আগষ্ট।

শ্রীযুত জে বি মিল সাহেব মিরট প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

১৭ আগষ্ট।

মুরাদাবাদের জজ শ্রীযুত বি টেলর সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব শ্রীযুত ওকডেন সাহেবের প্রতি স্বীয় কর্ম্মের ভার অর্পণকরণের অনুমতি পাইয়াছেন। শ্রীযুত ওকডেন সাহেব শ্রীযুত টেলর সাহেবের অনুপস্থানে মুরাদাবাদের একটিং সিবিল ও সেসন জজের কর্ম্ম করিবেন।

১৮ আগষ্ট।

হরিয়ানার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এস এস ব্রৌন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে তিন সপ্তাহের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব শ্রীযুত ডবলিউ ডি এচ রউথ সাহেবের প্রতি স্বীয় কর্ম্মের ভার অর্পণকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত রউথ সাহেব ব্রৌন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত হরিয়ানার একটিং মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম করিবেন।

CIVIL APPOINTMENTS.

30th August, 1837.

Sir C. D'Oyly, Baronet, Senior Member of the Board of Customs, Salt and Opium, and of the Marine Board, resumed charge of his duties on the 25th instant.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant to Sir C. D'Oyly, Bart. leave of absence for a period of six months, from the 10th proximo, to visit Singapore and eventually China, for the benefit of his health.

The Right Honourable the Governor of Bengal, with the concurrence of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces, is pleased to transfer the services of Mr. F. Stainforth, at present an Assistant under the Commissioner of Revenue and Circuit of the Goruckpore Division, to the Bengal Presidency.

28th August.

Lieutenant H. C. Shakespear, of the 25th Regiment Native Infantry, has obtained an extension of one month's leave of absence, from the 10th proximo, to enable him to jon his appointment at Hydrabad.

29th August.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. W. A. Law to officiate as Joint Magistrate and Deputy Collector of Bogra.

Mr. F. Stainforth to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 14th or Moorshedabad Division.

Mr. C. T. Sealy to be an Assistant under ditto ditto of ditto.

Mr. G. L. Martin to exercise the powers of Joint Magistrate and Deputy Collector in Zillah Cuttack.

Mr. J. Maseyk to be Deputy Collector in Zillah Moorshedabad, under the provisions of Regulation IX. of 1833.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. H. C. Hamilton, officiating Collector of Behar, for six weeks, from the 10th proximo, on private affairs. Mr. J. Reid will conduct the current duties of the office.

Mr. R. F. Hodgson, Assistant under the Commissioner of the 12th or Bhaugulpore Division, for fifteen days, from the 16th proximo, in extension of the leave granted to him by the Commissioner, to enable him to join his station.

16th August.

Mr. J. B. Mills to be an Assistant under the Commissioner of the Meerut Division.

17th August.

Mr. B. Tayler, Judge of Moradabad, has obtained leave of absence for one month, from the 14th instant, on urgent private affairs. Mr. Tayler has been authorized to make over charge of his office to Mr. Okeden, who will officiate as Civil as well as Session Judge of Moradabad, during the period of Mr. Tayler's absence.

18th August.

Mr. S. S. Brown, Magistrate and Collector of Hurrianah, has obtained leave of absence for three weeks, on his private affairs. Mr. Brown has been authorized to make over charge of his office to Mr. W. D. H. Routh, who will officiate as Magistrate and Collector of Hurrianah, during the period of Mr. Brown's absence.

সমাচার দর্পণ

শনিবার ৯ সেপ্তেম্বর ১৮৩৭।

শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর।

অত্যল্পকালের মধ্যে গবরনর্ জেনরল বাহাদুর শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব পশ্চিম প্রদেশে যাত্রা করিলে দেশীয় রাজশাসন কিরূপে চলিবে তন্নির্ণয়করণার্থ আইনের এক পাণ্ডুলেখ্য সংপ্রতি প্রকাশ হইয়াছে। তাহা এই শ্রীলশ্রীযুত এতদ্দেশে অবর্ত্তমান হইলেও পার্লিমেণ্টের আইনের অনুমতিক্রমে তিনি কৌন্সল সহকারব্যতিরেকেও তাবৎ ভারতবর্ষের কার্য্য নির্ব্বাহ করিবেন। ইতিমধ্যে যে সকল আইন লেজিসলেটিব কৌন্সলে উত্থাপিত হইবে তাহা কৌন্সলের বিবেচিত হইয়া নির্দ্ধার্য্য হইবে কিন্তু শ্রীলশ্রীযুক্তের আজ্ঞাব্যতিরেকে বলবৎ হইবে না। শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব এমত জ্ঞাপন করিয়াছেন যে পশ্চিম প্রদেশের কর্ম্মে ইস্তফা দিয়া তিনি বিলাতে গমন করিবেন অতএব শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব ইহা নিশ্চয় করিয়াছেন যে ঐ কর্ম্মে আর কোন ব্যক্তিকে নিযুক্ত না করিয়া পশ্চিম প্রদেশে অবস্থান করত আপনিই নির্ব্বাহ করিবেন।

কথিত আছে শ্রীলশ্রীযুত ১৫ নবেম্বর তারিখে পশ্চিম প্রদেশে প্রস্থান করিবেন।

বাবু রসময় দত্ত।

শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে ছোট আদালতের কমিস্যনর শ্রীযুত বৃজকি সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু রসময় দত্ত তৎকর্ম্ম নির্ব্বাহ করিবেন।

হিন্দু ও মোসলমান।

কিয়ৎকাল হইল আমরা কএকবার প্রকাশ করিয়াছি যে শাজাহানপুরে হিন্দু ও মোসলমানেরদের মধ্যে অত্যন্ত বিবাদ হইয়াছে। এইক্ষণে মোসলমানেরদের যে দরখাস্ত নীচে প্রকাশ করা যাইতেছে তাহাতে ঐ বিবাদের কারণ স্পষ্ট দৃষ্ট হইবে এবং মোসলমানেরদের প্রার্থনা যে কিপর্য্যন্ত অন্যায় তাহাও দেখা যাইবে।

শাহাজানপুরনিবাসি মহম্মদ অসদুল্লা খাঁ এবং অন্যান্য অভিমান্য মোসলমানেরদের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি নিবেদন।

এই রাজ্যের মধ্যে কোম্পানি বাহাদুরের অধিকারহওনঅবধি কোন বেআইনীকর্ম্ম হইলে অযথার্থ দণ্ডনীয় হয় নাই। হিন্দু লোকেরা কখন আপনারদের ধর্ম্মানুষ্ঠান করত মোসলমানেরদের প্রতি অত্যাচারী হন নাই এবং ইহার পূর্ব্বে কদাচ তাঁহারা মহম্মদের অনুগামি ব্যক্তিরদের ধর্ম্ম কর্ম্মের প্রতি হস্তক্ষেপ করেন নাই প্রত্যেক জাতীয়েরা স্ব২ মতানুসারে ধর্ম্ম কর্ম্ম করণে অনাপত্তিতেই অনুমতি প্রাপ্ত হইয়াছে। পূর্ব্বে শাজাহানপুর প্রদেশ পাঠান জাতীয়েরদের ছিল এবং হিন্দুরা মোসলমানেরদের ধর্ম্ম কর্ম্মোপলক্ষে কোন জবরদস্তি করিতে প্রবর্ত্ত হন নাই কিন্তু চিরকালাবধি যে রীতি চলিতেছে সংপ্রতি তাহা উন্মূলন করিয়া বরেলিনিবাসি বসন্তরাম চৌধুরী মহরমের সময়ে এই শাজাহানপুর শহরে রামনবমীর মহোৎসব করিলেন কেবল নহে কিন্তু চতুর্দ্দিক নিবাসি মান্য২ হিন্দু লোকেরদিগকেও লিখিলেন যে আমি যে সময়ে রামনবমীর যাত্রোৎসব করিব আপনারাও ঠিক তৎসময়ে ঐ উৎসব করিবেন অতএব তাঁহার পরমার্শ ও আজ্ঞাক্রমে শাজাহানপুরনিবাসি তাবৎ হিন্দুলোকেরা ঐ সময়ে উক্ত উৎসব করিতে উদ্যত হইলেন। এবং মূলচাঁদ সিরিশতাদার ও অন্যান্য হিন্দু আমলারা ঐ উৎসব করণার্থ মোসলমানেরদের অগোচরে মাজিস্ত্রেট সাহেবের স্থানে অনুমতি লইলেন। দৃষ্ট হইতেছে যে মাজিস্ত্রেট সাহেব অনুমতি দেওনের পূর্ব্বে সিরিশতাদারকে জিজ্ঞাসা করিলেন যে মহরমের সময়ে হিন্দু লোকের এই উৎসব করণের রীতি আছে কি না তিনি কহিলেন এইরূপ রীতি যে নাই এমত কহিতে পারি না তাহাতে মাজিস্ত্রেট সাহেব কহিলেন যদ্যপি এমত সময়ে এইরূপ রীতি পূর্ব্বাপরই থাকিবে তবে আমার অনুমতি লওনের অপেক্ষা কি কিন্তু যদি পূর্ব্বরীতির বিপরীত হয় তবে আমার অনুমতি লওয়া উচিত বটে। হিন্দুরা মাজিস্ত্রেট সাহেবের এতদ্রূপ আজ্ঞা শুনিয়াই বোধ করিলেন যে আমারদের প্রতি অনুমতি হইল এবং তৎক্ষণাৎ তাঁহারা যবন আমলারদিগকে জ্ঞাপন না করিয়া রামনবমীর উৎসব করিতে প্রস্তুত হইলেন।

শাজাহানপুরে এমত রীতি আছে মহরমের পূর্ব্বে নিবাসি তাবল্লোকেরদিগকে এমত জ্ঞাপন করা যায় যে যে দশ দিবস মহরমের ব্যাপার থাকিবে তন্মধ্যে তাঁহারা কোন নৃত্যগীত বাদ্য ইত্যাদি তামাসা করিবেন না এবং এমত আজ্ঞা ইশতেহারের দ্বারা এই বৎসরে রীতিমত ফৌজদারী আদালত হইতেও প্রকাশ হয়। পরে মোসলমানেরা যখন শুনিলেন যে আমারদের এই প্রধান উৎসবসময়ে মাজিস্ত্রেট সাহেবের হুকুম উন্মূলন করিয়া হিন্দুরা রামনবমীর উৎসব করিতে আরম্ভ করিয়াছেন এবং যে আসিষ্টাণ্ট মাজিস্ত্রেট ও কোতোয়াল ও পোলীস সংক্রান্ত অন্যান্য আমলারা ঐ উৎসবে উপস্থিত হইয়া তাঁহারদের সাহায্য করিতেছেন এ অতি আশ্চর্য্য ব্যাপার বোধ করিয়া অনেক মোসলমান একত্র জমা হইলেন তথাপি হিন্দুরদের উপরে কোন অত্যাচার করিতে প্রবর্ত্ত হইলেন না। তাঁহারদের বোধ হইল যে আসিষ্টাণ্ট মাজিস্ত্রেট ও পোলীস সংক্রান্ত অন্যান্য লোকেরা তথায় উপস্থিত হইয়া এমত অসময়ে রামনবমী পূজোৎসব করণার্থ অবশ্য বিচারকর্ত্তারদের স্থানে অনুমতি পাইয়া থাকিবেন যদ্যপি মোসলমানেরা হিন্দুরদের ঐ কর্ম্মকরণে প্রতিবন্ধকতা করিতেন অথবা হিন্দুরা মোসলমানেরদের যে অপমান করিয়াছিলেন তাহার প্রতিফল যদি মোসলমানেরা দিতেন তবে হিন্দুরদের কিপর্য্যন্ত প্রাণ হানি না হইত কিন্তু কোন প্রকারে তাঁহারদের এমত অত্যাচার করণে অভিপ্রায় ছিল না। গৃহদাহ বিষয়ে আমরা লিখি যে আসিষ্টাণ্ট মাজিস্ত্রেট সাহেব এমত এস্তেলা করিতে পারেন যে মোসলমানেরা যে স্থানে একত্র হয় তাহাহইতে অনেক দূরে অগ্নি লাগিয়াছিল এবং প্রাণ হানির বিষয়ে লিখি যে যে দুই জন মারা

SUMACHAR DURPUN.

SATURDAY, SEPTEMBER 9TH. 1837.

The Governor General.

The draft of a Regulation providing for the Government of the country on Lord Auckland's approaching departure for the Western Provinces has just been published. His Lordship will execute during his absence, according to the powers vested in him by Act of Parliament, the whole of the executive power, without a Council. The new acts which may be brought forward, will be considered and passed in the Legislative Council, but will not become law until they have received his sanction. The duties of Governor of Bengal will be executed by a Deputy Governor. Sir Charles Metcalfe having signified his intention of retiring from the Government of the North Western Provinces, and returning to England, Lord Auckland has determined not to fill up the appointment, but to execute all the functions of the Governor himself.

It is said, that his Lordship will leave Calcutta about the 15th of November.

Baboo Russomoy Dutt.

We are very happy to hear that Baboo Russomoy Dutt has been appointed to act as Commissioner of the Court of Requests during the absence of Mr. Brietzcke.

Hindoos and Mahomedans.

We have frequently had occasion lately to mention the disputes which have grown up between the Hindoos and the Mahomedans of Shajehanpore. The Memorial which we now publish will explain the cause of it, and at the same time show how unreasonable are the requests of the Mahomedans. There can be little doubt that Government will not agree to them.

Translation of a Petition from Mahomed Ussud Oolla Khan and other respectable inhabitants of Shajehanpore to the Commissioner of the District.

" SHEWETH,

That since the establishment of the Company's authority in these Dominions, no acts of injustice have hitherto been allowed to pass unnoticed. The Hindoo population in the observance of their different religious ceremonies never met with any obstruction, or opposition on the part of the Mussulman inhabitants, neither did they, until very lately, interfere with the religious rights of the followers of Mahomet; each sect were permitted to practise their own peculiar mode of worship, without any interruption, according to their own faith and persuasions. The District of Shajehanpore belonged formerly and exclusively to the Patan class of Mussulmen, and the Hindoos never presumed to offer any violence on the occasion of the performance of *their* religious ceremonies. In direct and open violation, *however, of hitherto established* observances, Chowdry, Bussunt Ram, a Resident of Bareilly, not only took upon himself to introduce the Ram Nomee Malah, in that City during the period of the Mohurrum, but wrote likewise to the different influential Hindoo inhabitants of the surrounding districts, encouraging them, to follow his example, in celebrating the Ram Nomee Malah at precisely the same time. In conformity with his advice and directions, the *Hindoo population of Shajehanpore* prepared to observe the celebration of the Malah at the period above mentioned, and *through the interposition of* Moolchund—Sheristadar, and other Hindoo Officers of the Court, obtained, *unknown to the Mussulman community*, the sanction of the Magistrate so to do. The Magistrate, it appears, inquired of *the Sheristadar previous to granting his* permission, if it was customary to observe the Malah during the Mohurrum month, and was informed in reply that there was nothing unusual in the circumstance. The Magistrate then remarked, *that if it was not contrary to established practice*, there was no necessity for his permission on the occasion, but if, on the other hand, it was at variance with the usual observances, they ought not to have applied to him at all. The Hindoos on being made acquainted with the Magistrate's sentiments regarded the order in the light of a permission granted, and immediately proceeded to celebrate the Ram Nomee, unknown even to the Mussulman Officers of the Court.

It is customary at Shajehanpore, to issue a public notification to the inhabitants of the City on the first day of the Mohurrum, interdicting their indulging in any pleasure parties such as giving nautches, &c., *during the 10 days of its* continuance. This order was, as is usual issued from the Fouzdaree Court in the shape of an Ishtehar, or general circular notice. You may imagine, then, the surprise of the Mussulman inhabitants, on finding that the Hindoos had in open violation of the Magistrate's order, introduced the Ram Nomee, during the period of one of their chief festivals; encouraged by the presence and countenance of the Assistant Magistrate, *Kutwal, and other inferior officers of* the Police establishment. A great concourse of Mussulmen collected together in one particular spot, but in no instance did they attempt to offer any violence to the Hindoo inhabitants, conceiving from the circumstance of the Assistant Magistrate's presence, together with the Police establishment, that the Hindoos had received the permission of the existing local authorities to celebrate their Ram Nomee festival, at so unusual a time. Had the Mussulmen felt disposed to contest the right of the Hindoos, and resent the gross insult offered to their sect, the loss of lives on the part of the Hindoo class, would have been melancholy indeed, but no such intention on their side existed. *With reference* to the fire, the Assistant Magistrate can certify, that it took place in a quarter far distant from the spot where the Mussulmen were collected, and as regards the loss of life, it is not to this mo-

পড়িয়াছে তাহা মোসলমানেরদের দ্বারা কি অন্যের দ্বারা ইহা অদ্যপর্য্যন্ত নিশ্চয় হয় নাই। আসিষ্টাণ্ট মাজিস্ত্রেট সাহেব বিলক্ষণরূপ অবগত হইলেন যে মোসলমানেরদের প্রতি কোন দোষ অর্পণহইতে পারে না এইপ্রযুক্ত তাহারদিগকে দূরীকরণার্থ তিনি কোন উদ্যোগ করেন নাই। এই সকল ব্যাপার হইয়া গেলে এক মাস পরে শ্রীযুত ওকডেন সাহেব শহরে পঁহুছিয়া গুড়সাইনামক এক ব্যক্তিকে ঐ শহরের কোতোয়ালি কর্ম্মে নিযুক্ত করিলেন ফলতঃ এই ব্যক্তিকে উন্নতকরণে শ্রীযুত ওকডেন সাহেবের বিশেষ চেষ্টা ছিল কিন্তু হিন্দু ও মোসলমানেরদের মধ্যে সংপ্রতিকার দাঙ্গা হওনের পূর্ব্বে তদ্বিষয়ে কোন বিহিত চেষ্টাকরণের উপায় ছিল না। শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এমত বিশেষ হুকুম ছিল যে শাজাহানপুর শহরের কোতোয়ালি কর্ম্মে কখন হিন্দু লোক নিযুক্ত হইতে পারিবে না কিন্তু এই সকল বিষয় ব্যতিরেকেও শ্রীযুত ওকডেন সাহেব যে সকল কার্য্য করেন তাহাতে এতদ্দেশীয় মোসলমানেরদের আচার ও সম্ভ্রমের হানি হওনের বিলক্ষণ সম্ভাবনা ছিল এবং তাঁহার তাবৎ আচার ব্যবহারেতে দৃষ্ট হইতেছে যে তিনি হিন্দুরদের পক্ষে এক জন মহাসপক্ষ। আমরা অতিমান্য বংশ্য অতএব ভিন্নজাতীয় লোকেরদের সঙ্গে তুচ্ছক্ষুদ্র বিবাদ করিয়া আপনারদের মানের লাঘব করিতে পারি না আরো শ্রীযুত ওকডেন সাহেব আমারদের অত্যন্ত অপমান করিয়াছেন যে যে কার্য্যে আমারদের কোন সম্পর্ক মাত্র ছিল না তাহাতে আমারদিগকে সাক্ষ্য দেওনার্থ বরেলিতে তলপ করেন এবং ইহা বিলক্ষণ জানি যে আমরা যে সময়ে শাজাহানপুরে ছিলাম না সেই সময়ে ঐ নূতন কোতোয়াল আমারদের বাটীর অতি নিকটে হিন্দুর একটা মন্দির গাঁথাইলেন। কিছু কাল পরে ওকডেন সাহেব শাজাহানপুরহইতে প্রস্থান করণসময়ে ঐ কোতোয়াল গুড়সাইকে সঙ্গে করিয়া মুরাদাবাদে লইয়া গেলেন এবং তাহার পরিবর্ত্তে বসন্তরাম চৌধুরীর জামাতা শিবনারায়ণ চৌধুরীকে ঐ কর্ম্মে নিযুক্ত করেন।

সংপ্রতিকার উৎপাতে হিন্দুরা যেমন পোষকতা ও সাহায্য প্রাপ্ত হইলেন তদনুসারে এইক্ষণে তাঁহারা শাজাহানপুরে রথযাত্রা করণার্থ নিতা উদ্যোগী হইয়াছেন এবং আমরা ভয় করি যে এই সকল রাগজনক ব্যাপারেতে এখানকার মোসলমান প্রজারদের অত্যন্ত ঘৃণা জন্মিতে পারে তাহাতে আখেরে অতিমন্দ হইবে অতএব আমারদের প্রার্থনা যে ঐ কোতোয়াল বরতরফ হয় ও রথযাত্রার উদ্যোগ নিবারণ হয় এবং হিন্দুরদের মন্দির ভগ্ন করিয়া সমূলোৎপাটন করা যায়।

হুগলির মোকদ্দমা।

হুগলির জজ শ্রীযুত সি আর মার্টিন সাহেবেরনামে যে অভিযোগ হইয়াছিল তাহার বিচারকরণার্থ শ্রীযুত ডবলিউ ডবলিউ বর্ড সাহেব স্পেসিয়ল কমিস্যনর নিযুক্ত হইয়াছেন গত সোমবারে তাঁহার বৈঠক আরম্ভ হয়। গবর্ণমেণ্টের পক্ষে শ্রীযুত এম এ বিগনেল সাহেব ফরিয়াদীর কর্ম্মে নিযুক্ত হইয়া উক্ত জজ সাহেবের নামে সাত দফায় নালিশী দরখাস্ত দাখিল করিলেন। শ্রীযুত ডবলিউ পি গ্রাণ্ট সাহেব শ্রীযুত মার্টিন সাহেবের পক্ষে কৌন্সলী এবং তাঁহার উকীল শ্রীযুত হেজর সাহেব ঐ তাবৎ নালিশই এককালে সাধারণরূপে অপহ্নববোধক জওয়াব দাখিল করিলেন এবং পরে এমত এক

ment known, whether the two men suffered by the hands of Mussulmen or others. Convinced that no blame attached to the Mussulmen, the Assistant Magistrate did not resort to any coercive measures for their expulsion. On the arrival of Mr. Okeden, a month subsequent to these occurrences, he appointed a person of the name of Goorsahai, Kutwal of the City. It was in fact Mr. O.'s wish and intention to promote the prospects of this individual, but he had no opportunity of doing so, until the late disturbances between the Hindoo and Mussulman population; besides the orders of the Superintendent particularly interdicted the appointment of Hindoos to the Kutwallee of the City of Shajehanpore. Independent of these circumstances, the measures adopted by Mr. Okeden were calculated to bring into question, and disrepute the character and respectability of the influential Natives of this district, and in the whole course of his conduct, he evidently evinced a degree of partiality to the Hindoos generally. Your Petitioners are members of respectable families, and would not consequently disgrace themselves by entering into petty quarrels with an opposite class of people. Mr. Okeden subjected your Petitioners to the degrading humiliation of appearing at the Court of Bareilly to give evidence in a transaction with which they were in no manner connected. During the absence of your Petitioners from Shajehanpore, the newly appointed Kutwal above alluded to, built a Hindoo temple of worship, contiguous to their places of habitation, and shortly after this circumstance Mr. Okeden on his removal from Shajehanpore, took with him the Kutwal—Goorsahai to Moradabad, and appointed in his room Sewnarain, the son-in-law of Chowdree Bussunt Ram.

Encouraged and supported as the Hindoos have been on the occasion of the late disturbances, they propose establishing the celebration of the Ruth Poojah in the City of Shajehanpore. Your Petitioners are apprehensive, that all these aggravating circumstances will tend to excite the indignation of the Mussulman population, and lead to serious consequences, they therefore humbly pray, that their grievances may be redressed, the Kutwal be removed, the Ruth Poojah prohibited, and the Hindoo temple destroyed."—*Agra Ukh.*

C. R. Martin, Esq.

The Special Commissioner for the investigation of the charges preferred against Mr. C. R. Martin, Judge of Hooghly, was opened on Monday by Mr. W. W. Bird, the Special Commissioner, Mr. M. A. Bignell appeared as prosecutor on behalf of Government and filed seven charges against the Judge. Mr. W. P. Grant and Mr. Hedger appeared the Counsel and Attorney for Mr. Martin, and after putting on record a general and complete denial of the whole charges, requested that the further proceedings might be

দরখাস্ত করিলেন যে আমারদের বিবেচনাপূর্ব্বক জওয়াব দেওনার্থ মোকদ্দমা দিনেক দুই দিন মুলতবী থাকে। পরিশেষে এই হুকুম হইল যে ঐ আদালত বুধবারে হইবে অর্থাৎ সে গত বুধবার। ঐ দিবসে শ্রীযুত বিগনেল সাহেব শ্রীযুত মার্টিন সাহেবের নামে এই দফায় নালিস করিলেন যে নওয়াসরাইয়ের মুনসেফ শ্রীনাথ বাঁড়ুয্যে আপন কর্ম্মে ইস্তকা দেন এই নিমিত্ত তাঁহার প্রতি ঐ সাহেব অতিকঠিন ব্যবহার ও অন্যায়রূপ পরাক্রম প্রকাশ করেন।

নিষ্কর ভূমি।

সংপ্রতি কমিস্যনর সাহেবেরদের সঙ্গে গবর্ণমেণ্টের যে লিখন পঠন হইয়াছে তদ্দ্বারা অবগম হইল যে রঙ্গপুর ও দিনাজপুর জিলাতে কালেকটরী আমলারদের অনবধানপ্রযুক্ত নিষ্কর ভূমির সহস্রং রেজিষ্টরী দলীল বিলুপ্ত হইয়াছে তাহাতে বঙ্গদেশের শ্রীলশ্রীযুক্ত গবর্নর সাহেব এই হুকুম করিয়াছেন রেজিষ্টরী না থাকাতে ঐ সকল নিষ্কর ভূমিবিষয়ক তজবীজ হওনের কোন ব্যাঘাত হইবে না।

আলাহাবাদের বোর্ড রেবিনিউ সাহেবেরদের এলাকার মধ্যে পশ্চিম প্রদেশের এক জন কমিস্যনর সাহেবের দ্বারা অবগত হওয়া গেল যে যে মাফিদারেরা আপনারদের ভূমিশূন্য হইয়া একেবারে নিরুপায় হইবেন তাঁহারদিগকে বা তাঁহারদের সন্তানেরদিগকে জীবন পর্য্যন্ত জীবিকার্থ পেনসিয়ন দিতে প্রস্তুত আছেন।

ব্রহ্মদেশ।

গত সপ্তাহের মধ্যে পুনর্ব্বার ব্রহ্মদেশীয়েরদের সঙ্গে যুদ্ধ হওনবিষয়ক অনেক জনশ্রুতি শ্রুতি হইতেছে। ঐ অঞ্চলের তাবদ্বিষয় যে বিশৃঙ্খল হইয়াছে তাহা প্রায় সকলই অবগত আছেন কিন্তু যুদ্ধ বা শান্তিবিষয়ক যে ব্যাপার তাহা কেবল গবর্ণমেণ্টের অধীন নহে। ঐ অঞ্চলের নূতন রাজা কৃতকার্য্য হওয়াতে একেবারে উন্মত্তপ্রায় হইয়াছেন এবং শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরলবাহাদুরের প্রতি এমত তুচ্ছতাচ্ছল্য করিয়া কহেন যে তিনি রাঙ্গুণের গবর্নরাপেক্ষা বড় নহেন। সুতরাং এতদ্রূপ প্রলাপ যুদ্ধের কারণ হইতে পারে না। কিন্তু পূর্ব্বকার যুদ্ধের শেষে যে সকল প্রদেশ বৃটিস গবর্ণমেণ্ট ব্রহ্মদেশীয়েরদের স্থানে প্রাপ্ত হন তাহা যদি পুনর্ব্বার লওনার্থ তিনি কোন উদ্যোগ করেন তবে সুতরাং তাহার বিলক্ষণরূপে প্রতিবন্ধকতা করণার্থ গবর্ণমেণ্ট উদ্যোগী হইবেন। এইক্ষণে মৌলমীনে যুদ্ধ সরঞ্জাম সকল প্রেরিত হইয়াছে। কর্ণল শ্রীযুত বর্ণি সাহেবও রাঙ্গুণে আছেন এবং মৌলমীনের কমিস্যনর শ্রীযুত ব্লাণ্ডোর সাহেব তাঁহার সঙ্গে মিলিয়াছেন এবং অবিলম্বেই একখান যুদ্ধ জাহাজ রাঙ্গুণে প্রেরিত হইবে।

পশ্চিম প্রদেশ।

এইক্ষণে পশ্চিম প্রদেশের মধ্যে সর্ব্বাপেক্ষা যে গুরুতর বিষয় তাহা দেশীয় অবস্থা বিবরণ। বহুকালাবধি অনাবৃষ্টিপ্রযুক্ত খরিফ খরীপের ফসল একেবারে বিনষ্ট হইয়াছে এবং শস্য এমত দুর্ম্মূল্য হইয়াছে যে তাহা দরিদ্র লোকেরদের ক্রয় করণের শক্তি নাই ঈদৃশ বিলাপনীয় সম্বাদ তাবৎ পশ্চিম প্রদেশহইতে নিত্য আসিতেছে এবং এমত বোধ হইতেছে যে উত্তর পশ্চিম হিন্দুস্থানে যে সাংঘাতিক দুর্ভিক্ষ বিবরণ পুরাবৃত্ত গ্রন্থে পাঠ করা গিয়া থাকে তাদৃশ দুর্ভিক্ষের কাল উপস্থিত প্রায়। আগ্রা আকবরে লেখে যে মহাজনেরদের গোলাতে আগামি বৎসরীয় শস্যোৎপাদন কালপর্য্যন্ত লোকের ভক্ষ্য শস্য আছে কিন্তু তাঁহারা সুতরাং এই সময়ে অতিউচ্চ মূল্য না পাইলে ছাড়িবেন না।

postponed for a day or two in order that they might be prepared for the defence. It was finally arranged that the sitting of the Court should be postponed until this day, (Wednesday,) when Mr. Bignell is to bring forward the charge of Mr. Martin's having exercised a harsh and oppressive abuse of authority towards Shreenath Banerjee, the Moonsiff of Naiah Serai, with intent to compel him to resign his appointment.—*Hurk.*

Rent-free Lands.

We learn from a recent correspondence of Government with the Commissioner, that in the Districts of Rungpore and Dinagepore, in consequence of the negligence of the Fiscal officers, many thousands of registers of rent-free lands have been lost, and the Governor of Bengal has therefore directed that the question of those lands shall not be prejudiced in consequence of there existing no register of them.

We also discover from the correspondence of one of the Commissioners in the Western Provinces with the Western Board of Revenue, that Government are disposed to grant pensions for one or more lives to those Mafeedars, who may be deprived of their estates and have no other means of living.

Burma.

Many rumours have been spread during the past week of another Burmese war. That affairs are in a very unsettled state is well known; but the question of war and peace does not depend upon the will of Government. The new king is said to be intoxicated with his success, and to speak of the Governor General in terms of very great contempt, saying, that he is no more than the Governor of Rangoon. This of course is no cause for war, but if he should make any attempt to regain any of the provinces which we obtained at the close of the last war, the British Government will of course be fully prepared to resist him. Warlike stores have been sent to Moulmein, and Col. Burney, who is at Rangoon, has been joined by Mr. Blundell, the Moulmein Commissioner. A ship of war is also to be sent immediately to Rangoon.

The Western Provinces.

The subject of greatest interest at present in this country, is the state of the Western Provinces. In consequence of a continued drought, the Khureef crop has entirely failed, and grain has arisen to such a price as to put it out of the power of the poorer classes to purchase it. The same melancholy intelligence continue to be received from all the Western Provinces, and it appears as though Upper India is about to be visited by one of those desolating famines of which we read in history. The *Agra Ukhbar* states, that there is sufficient grain in the golahs of the grain merchants to last till next year's crop, but of course they will not sell it except at a very high price.

ইঙ্গলিসমেনের এক জন পত্রপ্রেরক ফতেগড়হইতে লেখেন যে এই অঞ্চলে অতিভোক্তা ব্যক্তিরা দিন এক আনা করিয়া মাত্র খাইতেছে এবং গবর্ণমেণ্ট তাহারদিগকে আহার দিয়া মৈনপুরীপর্য্যন্ত রাস্তা প্রস্তুত করাইতেছেন। এতদর্থ মাসে ১০০০ টাকা করিয়া দান করিতেছেন তন্মধ্যে ফতেগড়ের শ্রীযুত সাহেব লোকেরা মাসিক ৭০০ টাকা চাঁদার দ্বারা আদায় করিতেছেন শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব স্বয়ং ১৫০ টাকা দিতেছেন এতদ্ভিন্ন তিনি বহুতর দীন দুঃখি লোকেরদের আহারার্থ দিন ১০ টাকা করিয়া বিতরণ করিতেছেন।

শ্রীলশ্রীযুত লার্ড বিশাপ সাহেব।

গত সোমবার অপরাহ্নে শ্রীলশ্রীযুত লার্ড বিশাপ সাহেব বারাণসী গমনার্থ ভাগীরথীনামক জাহাজারোহণ করিলেন। ঐ জাহাজ টেমসনামক বাষ্পীয় জাহাজের দ্বারা আলাহাবাদপর্য্যন্ত আকৃষ্ট হইবে।

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌহইতে ২৫ আগষ্ট তারিখের পত্রে লেখে যে ঐ স্থানে প্রত্যহ সাত শত বা সহস্র লোক ওলাউঠা রোগে মারা পড়িতেছে কোনং গৃহস্থের বাটীতে রোগারম্ভাবধি ২৪ ঘণ্টার মধ্যে মারা যাইতেছে। ঐ অঞ্চলে দুর্ভিক্ষ ও অনাবৃষ্টির অত্যন্ত প্রাদুর্ভাব হইতেছে এবং যদ্যপি সময়েং বিলক্ষণ মেঘ হইতেছে তথাপি কিছু মাত্র বর্ষণ হয় না।

সাধারণ ব্যক্তিরদের উলিয়ম ডপ্‌সনামক ৮০০ টনধারি ও দুই সহস্র অশ্বের তুল্য বলকারি এক নূতন বাষ্পীয় জাহাজ ইঙ্গলণ্ড দেশহইতে কলিকাতায় আসিতেছে ঐ জাহাজ সাধারণ কার্য্যে নিযুক্ত হইবে।

বাষ্পীয় জাহাজের গমনাগমন।

যে বাষ্পীয় জাহাজ এইক্ষণে আছে তদ্দ্বারা উত্তমরূপে কর্ম্ম নির্ব্বাহকরণ এবং সুএজ ও বোম্বাইর মধ্যে নিয়ত বাষ্পীয় জাহাজের গমনাগমন স্থিরকরণবিষয়ে শ্রীযুত ওয়াগহরণ সাহেব যে পাণ্ডুলেখ্য প্রস্তুত করিয়াছিলেন তাহা কোম্পানি বাহাদুর মঞ্জুর করিয়াছেন বিশেষতঃ হিউলিণ্ডি জাহাজ কেবল সুফ সমুদ্রেই যাতায়াত করিবে এবং আটালাণ্টা ও বেরেনসি জাহাজ মক্কাহইতে বোম্বাই এবং বোম্বাই হইতে মক্কাপর্য্যন্ত পুলিন্দা লইয়া গমনাগমন করিবে। আরো দুইখান জাহাজ শীঘ্র ইঙ্গলণ্ড দেশহইতে প্রেরিত হইবে এবং ভারতবর্ষের অন্যান্য বন্দরে বাষ্পীয় জাহাজ প্রেরণ নিমিত্ত যে উত্তম পাণ্ডুলেখ্যের বিষয়ে রিপোর্টকরণার্থ পার্লিমেণ্টের যে মহা কমিটি নিযুক্ত হইয়াছেন তাঁহারদের উদ্যোগেতে ঐ নিয়মের বিষয়ে সৌষ্ঠব বিনা কোন ব্যাঘাত সম্ভাবনা নাই।

বাউড়িয়ার কল।

শেষাগত সম্বাদের দ্বারা অবগম হইল যে বাউড়িয়ার কলের অধ্যক্ষেরা ইঙ্গলণ্ড দেশে কোন এক কোম্পানির নিকটে ৮ লক্ষ টাকাতে ঐ কারখানা বিক্রয় করিয়াছেন।

শ্রীযুত চার্লস বিচর সাহেব।

শ্রীযুত চার্লস বিচর সাহেব স্বীয় বুদ্ধিক্রমে কোম্পানির রেশমের কারখানাতে গুটি সিদ্ধকরণার্থ একই চুলাতে চারিটা হাঁড়ি বসায়নের নিয়ম সৃষ্টি করিয়াছিলেন তাহাতে জ্বালানি কাষ্ঠের অত্যন্ত লাঘব হইয়াছিল এইপ্রযুক্ত শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা অতিবদান্যতা প্রকাশ করিয়া ঐ সাহেবকে ৫০০০ টাকা পুরস্কার প্রদান করিয়াছেন।

A correspondence of the ***Englishman*** writing from Futtyghur says, that able bodied men are working for an anna a day. That Government have granted 1000 Rs. a month for their support, and are employing them in making a road to Mynpooree. The gentlemen of Futtyghur have raised a subscription of 700 Rs. a month, of which the Magistrate gives 150 himself, beside which he gives ten Rupees a day for the maintenance of a number of poor people.

The Bishop.

The Lord Bishop of Calcutta embarked on Monday evening on the *Bhageruttee* in tow of the *Thames* steamer. His Lordship goes to Benares.

Lucknow.

A letter from Lucknow of the 25th of August says, that the cholera is raging dreadfully at that place. From 700 to 1000 men are carried off daily. In some families people are carried off within 24 hours. Drought and famine are also prevailing there, and though they have an ocean of clouds there is no rain.

A new Steamer.

A private Steamer, the *William Dufuss*, of 800 tons burthen and 250 horse power, is coming out to Calcutta from England, for general service.—*Cal. Cour.*

Steam Communication.

Mr. Waghorn's plan for rendering the present steamers immediately efficient for keeping up the steam communication between Suez and Bombay, has been adopted. The *Lindsay* is to be employed in the Red Sea only, and the *Atalanta* and *Berenice* in taking alternate packets from Mocha to Bombay, and two more steamers are to be sent out. This arrangement is not to be interfered with by the parliamentary committee appointed to report upon the question of a comprehensive plan of communication with other ports of India.

The Gloucester Works.

The proprietors of the Gloucester Works by the last accounts, are stated to have been in treaty to sell them to a Joint Stock Company in England for eight lakhs of rupees.

Mr. Charles Beecher.

The Court of Directors have liberally awarded 5000 Rupees to Mr. Charles Beecher for the invention and introduction of the quadruple basons in the Company's silk filatures, whereby much saving in fuel has been effected.

জাহাজ ভগ্নহওন।

গত মাসের ২৭ তারিখে গঙ্গাসাগরের টেঁকে যে দীর্ঘ চড়া আছে তদুপরি ঝটকায় হাইলন চীফ নামক জাহাজ পড়িয়া ভগ্ন হইয়া গেল। সৌভাগ্যক্রমে জাহাজের মালিম ও মল্লারা রক্ষা পাইয়াছে।

মিরট।

বকিসর আপীসের এক জন মুহরির গোবিন্দ বাবু সেসন জজের নিকটে বিচারিত হওনার্থ মাজিস্ত্রেট সাহেবের পরওয়ানাক্রমে কয়েদ হইয়াছেন। আমারদের ভরসা হয় যে তাঁহার কয়েদ হওয়াতে যে নানা অপকর্ম্মপ্রযুক্ত হিসাব তজবীজ করণার্থ এক কমিটি নিযুক্ত হইয়াছে তদ্দ্বারা তাহা সম্পূর্ণরূপে ব্যক্ত হইবে। তাঁহার প্রতি যত টাকার চৌর্য্য অভিযোগ হইয়াছে তৎসংখ্যা ৬৯৮৫।

কাল্পিতে দুর্ভিক্ষ।

গত ২২ আগষ্ট তারিখে কাল্পিহইতে যে পত্র আগত হয় তাহার চুম্বক প্রকাশ করা যাইতেছে। পূর্ব্বে এক মাসাবধি বিন্দুপাতও হয় নাই কেবল কল্য বৈকালে কিঞ্চিৎ বৃষ্টি হইয়াছিল। ক্রমেং তাবদ্দেশেই দুর্ভিক্ষ হইতেছে এবং ১৮৩৩ সালে যেমন দারুণ দুর্ভিক্ষ হইয়াছিল এইক্ষণেও তদ্রূপ দৃষ্ট হইতেছে। আমারদের চতুর্দিগস্থ দীন দরিদ্র লোকেরা বালক সন্তানেরা অনাহারে না মরে এনিমিত্ত যৎকিঞ্চিৎ পয়সা পাইয়া সন্তান বিক্রয় করিতেছে। এবং তাহারা পালেং সাগর অঞ্চলে যাইতেছে ঐ অঞ্চলে এই স্থানঅপেক্ষা শস্য সুমূল্য আছে এখানে টাকায়।১৪।০ সের গোম সেখানে ৩৫ সের পাওয়া যায় সুতরাং এখানকার যে মজুরেরা মাসে ৩ টাকা করিয়া পায় তাহারা এত ভক্ষ্য দ্রব্য কিনিতে পারে না যে তাহাতে পরিবারের প্রাণ ধারণ হয়। তাবৎ কুঠী ও ক্ষেত্র এইক্ষণে শূন্য খরীপের ফসল বিনষ্ট অধিকন্তু লোকের জ্বর হইতেও আরম্ভ হইয়াছে।

শাজাহানপুর।

এই জিলার মধ্যে যে উৎপাত হইয়াছিল তাহা এইক্ষণে শান্ত হইয়া উপদ্রাবকেরদের মধ্যে ৭০০ জন ধৃত হইয়াছে। এক সময়ে ঐ উপদ্রব অতিভয়ঙ্কর ছিল এককালে চারিখান গ্রাম দগ্ধ হইতে দেখা গিয়াছে অন্য এক গ্রামে সর্ব্বসুদ্ধ আঘাতী ও মৃত ১৩ টা পাওয়া যায়। অপর এক পরগনাতে পোলীসের কএকজন আঘাতী হইয়াছে। মাজিস্ত্রেট সাহেব সদর স্থানে ফিরে আসিয়াছেন। অপর এই দাঙ্গাতে যে বিষয় ব্যক্ত হইয়াছে তাহাতে বোধ হয় যে দাঙ্গাকারিরা দরিদ্র লোক নহে উপলব্ধি হইতেছে যে অন্নাভাবপ্রযুক্ত না হইয়া অপর কোন কারণে তাহারা এই ব্যাপার করিয়া থাকিবে। সেই কারণ কি স্পষ্ট দৃষ্ট হয় না কিন্তু লুঠকরণই বুঝি তাহারদের প্রথমাভিপ্রায় ছিল।

রাঙ্গুণ।

আবার নূতন রাজা রাঙ্গুণ শহর সামান্য একটা অধোগণিত শহরের মধ্যে জ্ঞান করিয়াছেন এবং ঐ শহরহইতে তাবৎ রাজকীয় লোক উঠাইয়া টঙ্গুস্থান রাজধানীকরণার্থ স্থির করিয়াছেন। নূতন বুঙ্গী অর্থাৎ নগরাধ্যক্ষ ২১ জুলাই তারিখে ঐ নগরহইতে টঙ্গুস্থানে গমন করিয়াছেন। এইক্ষণে তিনি যে ব্যাপারে প্রবৃত্ত আছেন তাহা নীচে লিখিতব্য প্রকারে বর্ণিত হইয়াছে।

ঐ অধ্যক্ষ নীচস্থ পিগু ও টঙ্গুস্থানের অন্তঃপাতি তাবৎ প্রদেশের তত্ত্বাবধারণপূর্ব্বক তাহাতে কত অস্ত্রধারী লোক এ

Shipwreck.

The ***Highland Chief*** was wrecked on the 27th instant, on the Long-Sand off Saugor Point. Her crew and officers were saved.

Meerut.

Govind Baboo, one of the writers in the Pay office, has, we hear, been sent to Jail on the Magistrate's warrant to take his trial before the Sessions Judge, for fraud; and we trust his committal will lead to a full disclosure of the sundry transactions which have caused the appointment of a Committee of investigation into the accounts. The sum which he is individually accused of having fraudulently embezzled, is 6985 Rs.—*Com. Adv.*

Famine in Calpee.

The following is an extract of a letter from Calpee, dated 22d August:—"For one month and three days previous to last evening we had not a single shower of rain—last evening we had a very slight one. Famine is gradually spreading over the whole face of the country, and is now as severe as it was in 1833. The poor people around us are selling their children for a mere trifle, in order to save them from starvation, and are themselves emigrating in large bodies towards Saugor, where grain is much cheaper than it is here, being thirty-five seers for a rupee, while here it is fourteen and a half. Of course it is impossible for labourers, earning only three rupees a month, to be able to purchase a sufficient quantity to keep them from famishing. The factories and fields are all deserted, the Kurreef crop has totally failed, and fever rages among the people.—*Hurk.*

Shahjehanpore.

The rebellion in this district has been somewhat suppressed by the capture of nearly 700 of the parties engaged in it. At one period it raged with great violence. Four villages were seen in flames at the same time, and thirteen dead and wounded were found in another. In one Pergunnas several of the police were wounded. The Magistrate had returned to the Civil Station. From a fact which transpired, that the rioters were not of the poorer classes, it would appear that some other motive than hunger drove them to their violent proceedings. What this was, does not clearly appear, though the immediate object of it was plunder. —*Agra Ukh.*

Rangoon.

The new King of Ava has degraded Rangoon to the condition of an inferior Government, and determined to remove the seat of Government to Toung-oo. The new Woongee left Rangoon for that place on the 21st of July. The service on which he has been deputed is thus described.

He is to examine all the country between Lower Pegu and Toung-oo, and take an account of the number of armed

কত্র করা যাইতে পারে তাহার সংখ্যা নির্ণয় করিবেন। অনন্তর টঙ্গুতে আপন বাসস্থান স্থির করিয়া আবাহইতে যে আট শত বা সহস্র লোক সঙ্গে আনিয়াছেন তাহারদের দ্বারা ঐ প্রদেশে যত বলিষ্ঠ ব্যক্তিরদিগকে ধৃত করণপূর্ব্বক একত্র করিতে পারেন তাহারদিগকে যুদ্ধ শিক্ষা দিবেন ঐ টঙ্গু প্রদেশ নিত্য সাহসিক ও আইনঅনভিজ্ঞ ব্যক্তিসমূহেতে পরিপূর্ণ এমত প্রসিদ্ধ তৎপরে আবাঅবধি মৌলমীনপর্য্যন্তগামি যে রাস্তা তাহা অবরুদ্ধ করিবেন এবং কএক বৎসরাবধি মৌলমীন ও ব্রহ্মদেশ ও শ্যামপ্রদেশের মধ্যে যে বাণিজ্য কার্য্যের বৃদ্ধি হইতেছে তাহা বন্ধ করিবেন পরিশেষে রাঙ্গুণ ও মৌলমীনের প্রতি লক্ষ করিয়া থাকিবেন যদ্যপি ইঙ্গলণ্ডীয়েরা যুযুৎসু হইয়া রাঙ্গুণ হইতে অগ্রসর হন তবে তিনি আক্রমণশীল সৈন্যেরদের পার্শ্বে থাকিয়া যুদ্ধ করত তাহারদিগকে ভয় প্রদর্শন করাইবেন।

চীন দেশ।

গত সপ্তাহে চীন দেশহইতে যে সম্বাদ আগত হইয়াছে তাহা পূর্ব্বাপেক্ষা আফীণ বাণিজ্যকারিরদের পক্ষে মঙ্গল বটে যেং নৌকার দ্বারা বে আইনীমতে ঐ বাণিজ্য চালান যায় সেই সকল নৌকার মধ্যে কোনং নৌকা ১৪ দিবসের মধ্যে নির্ম্মাণ হইয়াছে এবং অপর যে সকল নৌকা নির্ম্মিত ছিল তাহা ১৪ দিবসের গমনার্থ প্রস্তুত হইয়াছে। এই বাণিজ্যেতে এইক্ষণে যে মহাভয় জন্মিয়াছিল তাহা তদ্দেশীয় অধ্যক্ষকে অনেক টাকা দিয়া দূরীকৃত হইয়াছে কথিত আছে যে বাণিজ্যকারিরদের স্থানে শতকরা ঘুষ ৭৫ টাকাপর্য্যন্ত শুষিয়া লওয়া গিয়াছে।

men which can be assembled whenever necessary. He is then to establish himself at Toung-oo, and assemble and discipline with the aid of 800 or 1000 men whom he has brought with him from Ava, all the stout men and rogues he can find there, and the district of Toungoo has always been famous for bold and lawless adventurers. He is to block up the road leading from Moulmein towards Ava, and put a stop to the increasing and flourishing trade which has of late years sprung up between Moulmein and the Burmese and Shan Provinces, via Toung-oo; and lastly, he is to keep an eye on both Rangoon and Moulmein. If the English desire war and advance from Rangoon, he is to act on the flank of the advancing force and threaten.—*Moulmein Chronicle.*

China.

The intelligence received from China during the last week is rather more favourable to Opium shippers than it was before. The smuggling boats had been again equipped, and many of them even built, in the short period of 14 days. The impunity which has been restored in some measure to the trade has, however, been purchased by very large concessions to the mandarines who have contrived, it is said, to squeeze 75 per cent. from those who are engaged in the trade.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

আফীণ খাইয়া মৃত্যু।

গত শুক্রবার পটল ডাঙ্গায় এক স্ত্রী লোকের গৃহহইতে অজ্ঞানাবস্থ এক জন মোসলমানকে বাহির করিয়া পোলীসের চিকিৎসাগারে লইয়া যায় পর দিবস সে অজ্ঞানাবস্থ থাকিয়া কাল প্রাপ্ত হয় তাহার মরণান্তর ডাক্তর বেন সাহেব তাহার মৃত দেহ পরীক্ষা করিয়া দেখিলেন যে তাহার উদরের মধ্যে কতকটা আফীণ রহিয়াছে ঐ সাহেব অনুমান করিলেন আফীণদ্বারা ইহার মৃত্যু হইয়াছে গত কল্য বেলাপরাহ্নে তাহার গোর হইয়াছে।—জ্ঞানান্বেষণ।

হয়দরাবাদে ওলাউঠা।

এস্থলে ওলাউঠাতে অত্যন্ত লোক মরিতেছে এই নগরহইতে ভয়ানক সম্বাদ আসিয়াছে গত সমাচারে লেখে যে ঐ রোগের আরম্ভাবধি এপর্য্যন্ত নগরের বাহিরে ১৮০০০ হাজার লোকের গোর হইয়াছে তদ্ব্যতিরেকে নগরের মধ্যে কত লোকের কবর হইয়াছে সৈন্যের ছাউনিতে হটাৎ প্রথম রোগের শমতা হয় কিন্তু পুনরায় হটাৎ প্রবল হইয়াছে এ অত্যন্ত আশ্চর্য্য রোগ চিকিৎসকেরদের চিকিৎসা বিফল হইতেছে পূর্ব্বে যে চিহ্নের দ্বারা সুমঙ্গল বোধ হইত এক্ষণে ঐ চিহ্নেতে মৃত্যু উপস্থিত হয় এবং অবিলম্বে মরে।

Spirit of the Native Papers.

Death by Opium.

A Moosulman was taken to the Police Hospital in a state of insensibility on the night of Friday last, from the house of a woman of the town in Putuldangah. The man continued in that state till next morning, when he expired. A post mortem examination was made upon the body by Dr. Bain, the Police Surgeon, who found in the stomach of the deceased a quantity of opium, and was of opinion, that the deceased must have come by his death from the effects of that drug. The body was not removed for burial till yesterday afternoon.—*Gyan.*

Cholera in Hydrabad.

The cholera is making dreadful havoc here, and the accounts from the City of Hydrabad are truly horrible; the last report that arrived here states, that from the day the disease broke out up to this date, 18,000 corpses have been carried out of the gates for interment, exclusive of those buried within the walls. It decreased in the cantonment very suddenly about the middle of July, but it has broke out again quite as suddenly, and is now raging worse than formerly—it is of a curious kind and baffles the skill of medical men for they can make nothing of it—the symptoms that in former cases were considered favourable, are now a sign of approaching dissolution, and after a few hours the man is a corpse.

এখানে যে বৃষ্টি হইয়াছে তাহাতে কিছু ফল দর্শিবে না বর্ষার অর্দ্ধেকের অধিকাংশ গত হইয়াছে একারণ বৃষ্টি হওনের সম্ভাবনা নাই আমরা শুনিয়াছি যে জাঁল্নার ও কাম্টী ও এলীচপুর আর ইতস্তত গ্রামে ওলাউঠা হইতেছে কিন্তু হয়দরাবাদে যাদৃশ হইয়াছে এখানে তাদৃশ নহে জাঁল্না রোগের স্থান হইয়াছে কেননা ওলাউঠা ব্যতিরেকে জ্বরও হইতেছে।—জ্ঞানান্বেষণ।

রাজশাহীর আমলারদিগের কর্ম্ম।

ঠক বলিয়া এক দল ডাকাইতের নিবারণার্থ যে অধ্যক্ষ সাহেব তাঁহার আসিষ্টাণ্টের এক জন আমলা বলপূর্ব্বক টাকা লইয়াছিল এতদ্রূপ কতকগুলি মোকদ্দমা গত মাসে দায়র সাহেব করিয়াছিলেন।

ঐ ডাকাইতের দমনার্থ সৈন্য ও এক জন মুন্সী উপস্থিত হওয়াতে জাহীরুদ্দীন নামক বরকন্দাজ কহিল উহারা তোমারদিগকে কিছু বলিবেক না আমি এমত করিব ইহা বলিয়া জাহীরুদ্দীন ৭ টাকা লইয়াছিল এই দোষের নিমিত্ত ২ বৎসরার্থ তাহাকে কারাগারে বদ্ধ করিতে হুকুম দেন আর যদি ৫০ টাকা জরীমানা দেয় তবে উহাকে মাটী কাটিতে হইবেক না আর আইনোদ্দীন বরকন্দাজ ঐ আসিষ্টাণ্টের মুহরী ছিল সেও অপরাধী হয় কারণ কতকগুলি সিবন্দী অর্থাৎ যে সকল লোক অন্যান্য ঠগেরদিগকে ধরিয়া দিলে পরখুনহইতে রক্ষা পায় ঐ সকল লোক ঠগেরদিগের মধ্যে ৯৬ জনকে দোষী করে তাহাতে আইনোদ্দীন দোষ দর্শকেরদের সমভিব্যাহারে দোষিদিগকে গ্রেপ্তার করণার্থ প্রেরিত হইয়া যাহারদিগের ফর্দ্দে নাম ছিল না তাহারদিগের বাটীতে রাত্রিযোগে উপস্থিত হইয়া উপদ্রব করিয়া কতকগুলি লোককে ধরিয়া আনিয়া থানায় কয়েদ করিয়াছিল এবং তাহারদিগের নিকটহইতে কিঞ্চিৎ উৎকোচ লইয়া ছাড়িয়া দিয়াছিল ঐ দুরাত্মা প্রথম দারোগা ছিল অতএব এই ব্যাপারের তাবৎ জানে ও শৃঙ্খল ও পরিশ্রম করাব্যতিরেকে সে ৫ বৎসরের নিমিত্ত কয়েদী হইল।

অন্যান্য কতকগুলি লোক অনুচর বলিয়া বিচারেতে দণ্ড পাইল —ঐ

নাজির।

এতদ্দেশীয় অর্থাৎ সুবে বাঙ্গালা বেহার উড়িষ্যাদি দেশের মধ্যে তাবৎ জিলার ফৌজদারী ও দেওয়ানী আদালতে নাজির আছে। এই এক জন প্রধান আমলা। কিন্তু জজ বা মাজিস্ত্রেট সাহেবদিগের অবিবেচনায় অতি ক্ষুদ্র লোক ইহাতে নিযুক্ত করিয়া থাকেন। এনিমিত্ত তাবৎ লোকের মনে সংস্কার হইয়াছে নাজিরী পদ অতি হেয় বিশিষ্ট লোকের অকর্ত্তব্য কর্ম্ম ইহা প্রায় মোছলমানেরাই করিয়া থাকে কদাচিৎ হিন্দুস্থানী হিন্দুতেও করে। ইহারা প্রায় অনেকেই পূর্ব্বে জজ মাজিস্ত্রেট সাহেবের আরদালির পেয়াদা থাকে। পরে জমাদারীতে নিযুক্ত হয় তৎপরেই এই পদ পায়। অনেক নাজির লেখাপড়া জানে না তথাচ কর্ম্ম পায়। কর্ম্মে নিযুক্তসময়ে ইহারদিগের ইম্তেহান লইবার প্রথা নাই। সাহেব লোকের অনুগ্রহ হইলেই কর্ম্ম পায়। ঐ উচ্চ পদাভিষিক্ত ব্যক্তিও মনে জানে আমার এপদ ভাল বটে। কিন্তু সামান্য লোকের কর্ম্ম এজন্য কাছারীর প্রধানং অমলাগণের সহিত একত্র বা একাসনে উপবেশনে শঙ্কা করে এবং সাহেবলোকের পালকীর সঙ্গে তাঁহার বাসস্থান হইতে কাছারীপর্য্যন্ত আরদালি পেয়াদার ন্যায় দৌড়িয়া যায় তাহাতে অপমান বোধ করে না। সাহেবলোকও নাজিরকে তাদৃশরূপে গ্রাহ্য করিয়া থাকেন এইকাল পর্য্যন্ত এবিষয়ে কি আশ্চর্য্য ভ্রম রহিয়াছে।

We have had little or no rain here, nor is there any appearance of getting any more, as the rainy season is now more than half over. We have heard here that the cholera is raging also at Jaulnah, Kamtee, Ellichpore, and places adjacent, but not so dreadful as Hyderabad. Jaulnah at present is very unhealthy, besides the cholera, fever also is raging there.—*Ibid.*

Rajshahye—Doings of the Amlah.

The session judge of the district was engaged last month in trying several cases of extortion on the part of the Amlah of one of the assistants to the general superintendent of Thuggee.

Zuheeruddeen, a burkundauze, was one of the culprits. He availed himself of the presence of a moonshee and several sepahees of the Thuggee department to extort 7 rupees from the inhabitants of a village, under a promise of securing them from the exactions of the officers of the Thuggee establishment. Sentence, of two years' imprisonment, and a fine of 50 rupees in commutation of labour.

Ayeenuddeen was another culprit. He was a mohurrir of the Thuggee assistant, and had been deputed, with sundry sebundees and thug approvers (i. e. chaps who were to escape hanging if they could get other Thugs hung) for the apprehension of certain persons 96 in number who were implicated by the approvers. He took occasion accordingly to cause the houses of numerous individuals, whose names were not on the list which was furnished to him, to be forcibly entered by night, carried away the inmates to the thanna, and released them on their forking out the blunt. The wretch was formerly a darogah, and was therefore up to all the practices of the trade. Sentence, 5 years' imprisonment without irons or labour.

Some others were tried and punished as accomplices.—*Ibid.*

The Nazirs.

In this country, that is, in Bengal, Behar, and Orissa, there is a Nazir in every Criminal and Civil Court; this is an office of very great importance, and yet the Judge and Magistrate most injudiciously appoint the lowest people to these situations. And since the opinion has got into the minds of men, that the situation is despicable and unfit for respectable men, it is filled almost entirely by Moosulmans; very rarely do we see it filled by Hindoosthanees or Hindoos. Many of the Nazirs were formerly nothing but the head peons of the Magistrate, after which they became Jemadars, and then at once became Nazirs. Many of the Nazirs cannot even read and write, and yet they are appointed to the office. There is no rule for their being examined before the appointment; if the European officers are friendly to them they get it; but as it is considered a very ordinary post, the Nazir shrinks from holding intercourse, or sitting on the same seat, with the chief Officers of the Court. They moreover run with the palankeen of the Judge, from his residence to the Court, like common peons, and consider this no disgrace. The European gentlemen also consider this officer in the same light; how mistaken have they been upon this subject!

নাজিরী কর্ম্ম আমারদিগের মতে আদাল তের মধ্যে সিরিস্তাদারপ্রভৃতি হইতেও উচ্চ পদ বিবেচনা করি। যেহেতু কাছারীর সময়ে সিরিস্তাদার পেস্কার রুবকারনবিস ইত্যাদি আমলারা কাগজাত পাঠ করিবেন। হাকিমলোক যাহা হুকুম দিবেন লিখিয়া রাখিবেন অর্থাৎ হুকুম ভিন্ন কিছুই করিতে পারিবেন না আপন ঘরে বসিয়া আদালতের কাগচপত্রও লিখিতে পারিবেন না। জজ মাজিস্ত্রেট সাহেব মাফিক আইন ইচ্ছামত সময়ে ও স্থানে যে কোন হুকুম হয় দিতে পারেন ও দিয়া থাকেন। নাজিরও তেমনি তাহার অধীন আসামীর প্রতি অথবা অন্য যে যে কর্ম্ম তাহার এক্তিয়ার আছে তাহাতে আইন ও হুকুমানুসারে সর্ব্বদা কর্ম্ম করিতে বা হুকুম দিতে সক্ষম তাহার হুকুমের অন্যথা করিতে কেহই ক্ষম নহে।

দ্বিতীয়। নাজিরের জিম্মায় যে যে কাষ আছে তাহাতে লোকের মান সম্ভ্রম রক্ষা হয় যায় তৎপ্রমাণ লিখিবার আবশ্যক করে না অনেকেই অনুভূত আছেন। তথাচ লিখি যে কোন ব্যক্তি হউক না কেন নাজিরের জিম্মায় হুকুম হইলে সে ব্যক্তির মান সম্ভ্রম তাহার অধীনে হয় এবং জামিনী তদারক করিবার ভার নাজিরের উপরে হয়। তাহাতে সে যাহা মনে করে করিতে পারে ইত্যাদি কত প্রকার কর্ম্ম নাজীরের অধীন ইহাহইতে ভারি পদ আদালতের মধ্যে আর কাহারো দেখি না।

তৃতীয়। আমরা বিবেচনা করি সুপ্রিম কোর্টের সরিফ তুল্য জিলার নাজির। যদ্যপি ইহাই স্বীকার করা যায় তবে অবশ্যই ঐ পদকে অতিপ্রধান বলিতে হইবেক। কলিকাতার সুপ্রিম কোর্টের সরিফ প্রতি বৎসর নূতন নিযুক্ত হইয়া থাকেন তাঁহারা অতিধনবান এবং মান্য লোক। ডেপুটি সরিফ ঐ আদালতের এক জন নিযুক্ত উকীল হইয়া থাকেন। তাঁহারদিগের দ্বারা যে প্রকার কর্ম্ম হয় এবং যে মান তাহা কি জজ মাজিস্ত্রেট সাহেবদিগের অগোচর আছে অতএব নাজিরী পদের বিষয়ে জজ মাজিস্ত্রেট সাহেবদিগের বিবেচনা করা কর্ত্তব্য।

যদ্যপি আইন কানুনানুসারে সাহেবেরা এক্ষণকার চলিত নিয়মমত নাজির নিযুক্ত করিয়া থাকেন তদ্বিষয়ে আমরা তাঁহারদিগের প্রতি সম্পূর্ণ দোষার্পণ করিতে পারি না। কিন্তু উচিত হয় ভদ্রলোক নিযুক্ত করেন এবং নিযুক্তিকালে তাঁহার বিদ্যা ব্যবহার বংশ বিবেচনা করেন। আর নিযুক্ত করিয়া যদি আরদালিরূপে ব্যবহার না করেন তবে অবশ্যই ভদ্রসন্তান বর্ত্তমান অবস্থাতেও তৎকর্ম্মের প্রার্থনা করিতে পারেন। কদাচিৎ দুই এক স্থানেও ব্রাহ্মণ কায়স্থাদি জাতি নাজিরী পদে নিযুক্ত আছেন। যাহা হউক আপাতত জজ মাজিস্ত্রেট সাহেবেরা অতিশীঘ্র সাবধান হইলে ভাল হয়। নাজিরহইতে অনেক ভদ্র লোকের অমর্য্যাদা হইয়াছে এবং হইবার আশঙ্কাও অনেকের আছে। হাকিমেরা কোন জমীদার বা মহাজন আঢ্য লোকের তলব করিলে তাঁহারদিগের সর্ব্বনাশ শ্রেয়জ্ঞান করেন তথাচ হাকিমের নিকট উপস্থিত হওয়া অতিকঠিন বোধ হয়। তাহার কারণ কেবল নাজিরের জিম্মায় থাকিতে হুকুম দিবেন এই মহাশঙ্কা। যদি নাজির প্রধান লোক হন তবে তাহাতে কাহার ভয় হয় না। ভদ্রলোকের নিকটে বসিতে ও কথা কথা কহিতে কাহার মানের হানি নাই। এক্ষণে যাহারা নাজির আছে ইহার মধ্যে অধিকাংশ মোসলমান ও সামান্য বিশেষতঃ ফৌজদারী নাজির ইহারদিগের বাসায় যে হিন্দু যায় সে

In our opinion the situation of Nazir is much higher than that of the Sheristadar and other officers of the Court, for when the Court is sitting, the Sheristadar, Peshkar and Clerk of the Proceedings are simply employed in connection with the papers. Whatever the European gentleman orders, they write down; that is, they can do nothing at their own discretion, nor can they write out their Court papers at home. The Judge and the Magistrate, according to the Regulations, can pass any order at any time and in any place, and indeed they do so. In like manner, the Nazir, in reference to the defendants committed to his charge, or any other duty within his jurisdiction, can always pass orders according to the Regulations or according to the directions he has received, and no one is able to resist his order.

Secondly.—In executing the duties committed to the Nazir, he has an opportunity either of preserving or of destroying the honour of others. This is so plain that it needs no proof; every one must be acquainted with it; yet we would mention, that whenever any individual, whatever his rank, is placed in charge of the Nazir, his honour or dishonour is at the Nazir's disposal. Nor must it be forgotten that it is the Nazir who is charged with verifying securities. Whatever he wishes to do he can do. What an immense power is therefore committed to the Nazir. Indeed we see no other officer in the Courts possessed of such power.

Thirdly.—We consider that the Nazir is in some respect like the Sheriff of the Supreme Court. If this be admitted, his post will be considered indeed to be of importance. The Sheriff of the Supreme Court is changed every year; he is always a man of wealth and respectability; the Deputy Sheriff is an Attorney of the Court. The functions which they execute, and the honour which they enjoy, cannot be unknown to the Judges and Magistrates, and those officers ought therefore to pay attention to this matter.

If the Nazir be appointed as at present according to the Regulations, we cannot entirely blame the European officers; yet they should be respectable men, and at the time of their appointment, an enquiry should be made respecting their knowledge, habits, and family; and if after they have been appointed, they are treated differently from an *Ardully*, that is, from a running messenger, the sons of respectable men will certainly seek for the appointment. Perhaps in one or two places it may be found that Kayusthas or Brahmuns sustain the office of Nazir. Be that as it may; the sooner the Judges and Magistrates become careful on this subject, the better. The Nazirs have occasioned much disgrace to many respectable men, and many are still in dread of their power. When the rulers have occasion to summon a Zemindar or a respectable merchant, they would rather sacrifice every thing, than go, for the idea of appearing before the ruler, is an exceedingly troublesome one; and the reason is, that they fear to be committed to the custody of the Nazir. If the Nazir were a respectable man, this fear would be removed; for no man is disgraced by sitting or conversing with a respectable man. At present the greater number of Nazirs are Mahomedans, more particularly in the Criminal Court; and

পেঁয়াজ রসুনের খোসা ও গন্ধ এবং মুরগির বিষ্ঠাপ্রভৃতিতে আবৃত কুৎসিত স্থানে গমন করিবামাত্র মনে করে পরমেশ্বর আমার যদি মৃত্যু করিতেন তাহাও ভাল ছিল। এই স্থানে বসিয়া থাকা এবং ইহার অধীন অতি নীচ পেয়াদাদিগের বাক্যবাণ সহ্য করিয়া কাঁদিত থাকা ভাল নয়। এবিষয়ে আর বিস্তারিত লেখা লিপি বাহুল্য মাত্র নাজিরের জ্বালা হইতে হাকিমেরা ঝটিতি মুক্ত করিলে ভাল হয়।

আইনকারক কৌন্সেলে ঐ বিষয়ে এই প্রার্থনা করিতেছি সুপ্রিম কোর্টের ধারানুসারে মফঃসল কোর্টের সরিফ নাম দিয়া এই বিষয়ের এক আইন করুন। যেমন প্রধান লোক সরিফ হইয়া থাকেন ডেপুটি সরিফ এক জন উকীল হন ঐ মত জিলা কোর্টে হইলে ভাল হয়। সেখানে অর্থাৎ জিলায় ২ অনেক জমীদার আছেন তাঁহারদিগের মধ্যে এক২ জন সরিফ হইবেন এবং আদালতের নিযুক্ত উকীলেরদিগের মধ্যে কোন ব্যক্তি তাঁহার ডেপুটি হইয়া কর্ম্ম নির্ব্বাহ করিবেন। ইহা হইলে উত্তমরূপে কর্ম্ম চলিবেক যেহেতু উকীলেরা বিলক্ষণরূপ আইন অবগত এমত ব্যক্তি আর কেহ নহে তাঁহারদিগের হইতে কখন বেআইন কর্ম্ম হইতে পারিবেক না এবং উকীলেরা প্রায় সকলেই ভদ্রসন্তান তাঁহারদিগের নিকটে কোন প্রকারে লোকের অমর্য্যাদা বা ক্লেশ হইতে পারিবেক না। লেজিস লেটিব কৌন্সেল এই বিষয় সামান্য বিবেচনা না করিয়া ইহা গুরুতর জ্ঞান করিলে অতিশীঘ্র ইহার সদুপায় করিবেন।

আমরা অনুমান করি দর্পণপ্রকাশক মহাশয়ও এবিষয় অনেক অবগত আছেন তিনিও আপন অভিপ্রায় অবশ্যই ব্যক্ত করিবেন। ফল কথা এই যিনি নাজিরী হাঙ্গামার বিষয় জ্ঞাত আছেন তিনি আমারদিগের মতে ঐক্য হইবেন ইতি।—চন্দ্রিকা।

the Hindoo who is committed to their charge is plunged at once amidst onion and garlic peals and stinks, and is obliged to walk through places which have been defiled with their fowls; in these circumstances they would almost consider death preferable to life. To sit in such associations and to remain under charge of some low peon in the Nazir's service, and to listen to their conversation appears the last of misfortunes. To write more on this subject would be superfluous. May our rulers speedily deliver us from the torment of low born Nazirs.

We offer therefore this request to the Legislative Council; let them call the Nazir of the Mofussil by the same name which that officer bears in the Supreme Court, the Sheriff, and let them pass a regulation on the subject as in that Court. Some man of respectability is appointed Sheriff and an Attorney, Deputy Sheriff; so let it be in the Zillah Court. There are many Zemindars in the Mofussil: let one of them be appointed Sheriff, and let some respectable Vakeel of the Court, be his Deputy. Under this rule, business would proceed agreeably, for the Vakeels are well acquainted with the law,—no one indeed better,—and by them no irregularity would be committed. The Vakeels are almost all respectable men, and no man will therefore experience any dishonour or trouble when committed to their charge. May the Legislative Council not consider this a trifling, but rather an important, matter, and quickly pass a law upon the subject. The Editor of the Durpun must be well acquainted with these facts and will of course make known his opinion on this subject. Whoever indeed is acquainted with the proceedings of the Nazir will join with us on this occasion.—*Chundrika.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

এইক্ষণে যে প্রধান সদর আমিনের নিষ্পত্তির আপীল সদর দেওয়ানী আদালতে হওনের এক নূতন আইন প্রকাশ হইয়াছে সে বিষয়ে আমার কিছু বক্তব্য আছে তাহা লিখিয়া মহাশয়ের সমীপে পাঠাইতেছি। বিচারে প্রকাশ্য হইলে দর্পণের একপার্শ্বে স্থান দান করিয়া বাধিত করিবেন।

আদৌ লার্ড কর্ণওয়ালিসের বন্দোবস্ত সন ১৮৩১ সালের ৫ আইন ও সন ১৮৩২ সালের ৭ আইনের দ্বারা পরিবর্ত্তন হওয়াতে লোকের কিপ্রকার বিচার পাওনের ক্লেশ হইয়াছে তাহা লিখনে লেখনী অসমর্থা। দেখুন পূর্ব্বকার বিচারের শ্রেণিসকল এইমত ছিল যে যে কেহ মুনসেফের বিচারে অসম্মত হইত সে ব্যক্তি জজের নিকট দরখাস্ত করিত তিনি সদর আমিনকে বিচারার্থ অর্পণ করিতেন। পরে সদর আমিনের বিচারে কেহ অসম্মত হইলে তদীয় বিচার জজের সমীপে প্রার্থনা করিত তাহাতে কোন ব্যক্তির পক্ষে অন্যায় হইলে কোর্টে বিচারার্থী হইত বরং সদর দেওয়ানী পর্য্যন্ত শেষ দেখিত তাহাতে লোকের মনের খেদ দূরীকৃত হইত। এইক্ষণে মুনসেফ ও সদর আমিনের বিচারের অসম্মতি কেবল জজ আপীলপর্য্যন্ত হইতেছে। তাহাতে সেই জজ যেমন কেন বোদ্ধা হন না তাঁহারি বিচার চূড়ান্তরূপে গণ্য হইয়া থাকে ইহাতে লোক হাহাকার শব্দব্যতীত আর কোন শব্দই করে না। পরে তাহাও দূরে ফেলিয়া এইক্ষণে প্রধান সদর আমিনেরই অসম্মতির আপীল সদর দেওয়ানীতে হইবেক পরে তাহার অসম্মতিতে বিলাত আপীল করিতে হইবেক। ইহাতে প্রজার পক্ষে নিতান্তই অমঙ্গলসম্ভাবনা। কেননা বর্ত্তমান সময় যেপ্রকার উপস্থিত হইয়াছে তাহাতে লোকের আহারাচ্ছাদন চলা

Correspondence.

To the Editor of the Durpun.

I have a few words to say to you, regarding the new Act just published, granting an appeal from the Principal Sudder Ameen to the Sudder Dewannee Adawlut, which I now beg leave to send you; if you consider them worthy of publication, give a little place for them in the Durpun.

The upsetting of Lord Cornwallis's arrangement by Reg. V. of 1831, and Reg. VII. of 1832, has inflicted great distress on the people, which it is difficult for me to describe. Formerly there was such a gradation of tribunals, that he who was dissatisfied with the Moonsiff's decision, appealed to the Judge, who referred the case for decision to the Sudder Ameen. Any one dissatisfied with the Sudder Ameen's decision, appealed to the Judge, and each one felt that if he was treated with injustice there was a remedy, and that he might go even to the Sudder Dewannee Adawlut; thus men were kept from distress. But at present, if a man is dissatisfied with the Moonsiff and Sudder Ameen's decision, the only appeal lies to the Judge, and whatever be the wisdom of that Judge, his decision is final. Hence the people are universally thrown into gloom; but now a new change has been made; an appeal is to be made from the Principal Sudder Ameen to the Sudder Dewannee Adawlut, and from thence to the Privy Council. Now this is inauspicious for the people, for as matters now stand, it is difficult for

তাঁর বিলাত আপীলের খরচ যোগানডো জা নিতেই পারেন। অতএব গবর্ণমেণ্ট এ কথা মুখে আজ্ঞা করিলেই হয় যে আর প্রজারদিগের বিচার হইবেক না যে যেখানে যাহাকে পায় মাথায় যষ্ট্যাঘাত করিয়া তাহৎ ধন সম্পত্তি হরণ করুক। যদি বলেন যে পূর্ব্বকার যবন রাজার রাজ্যে এত বিচারস্থান কোথায় ছিল ব্রিটিস গবর্ণমেণ্ট প্রজার মঙ্গলার্থ অনেক বিচারাগার স্থাপিত করিয়াছিলেন। উত্তর সে কথা সত্য বটে তবে কেন গবর্ণমেণ্ট পূর্ব্বে প্রজার প্রতি দয়া প্রকাশ করিয়া নানা স্থানে নানারূপ নামধারি বিচারাগার স্থাপিত করিয়াছিলেন। পরে সেই সকল বিচারস্থানমধ্যে কোন২ বিচারস্থান উঠাইয়া এইক্ষণে লোকের সর্ব্বনাশে মনঃসংযোগ করিয়াছেন। সম্পাদক মহাশয় প্রজার মঙ্গলেই রাজার মঙ্গল নতুবা রাজার রাজ্য কিসে থাকিবেক। গবর্ণমেণ্টের উচিত হয় যে প্রজাবর্গের বিচার প্রাপ্তির নিমিত্ত স্থানে২ বিচারস্থান স্থাপিত করেন যে একের বিচারে অন্যায় বোধ করিলে উপরিস্থ বিচারগৃহে বিচারার্থী হয়। সম্পাদক মহাশয় যে দিগে দৃষ্টিপাত করিতেছি সেই দিগে প্রজার অমঙ্গলব্যতীত আর কিছু দেখিতে পাই না বিচারের বিষয় আর অধিক কি জানাইব। বিশেষতঃ দেশমঙ্গলাকাঙ্ক্ষি নাথানিয়ল স্মিথ সাহেব যিনি পূর্ব্বে সেসন জজী কর্ম্ম করিয়া বিলাত গমন করিয়াছিলেন তিনি আগমন করিয়া নীচপদস্থ হইলেন। হা বিধাতা নিরপক্ষপাতি ন্যায়ি ন্যায়কারকবর্গের উপরই আঘাত করেন। দর্পণকার মহাশয় শ্রীযুতকে নীচ পদস্থ করার হেতু এই শ্রবণ করিয়াছি যে তিনি সদরের সাহেব লোককে কিঞ্চিৎ উচ্চ বাক্য প্রদান করিয়া থাকেন। ইহাতেই সদরের কর্ত্তারা অসন্তুষ্ট হইয়া জুডিসিয়ল ডিপার্টমেণ্টহইতে বহির্গত করিয়াছেন। ইহা হইতে পারে কেননা বর্ত্তমান সময়ে বিচারের বিষয়ে বড় একটা মনোযোগ নাই কেবল মোকদ্দমার নিষ্পত্তির সংখ্যামাত্র অধিক হইলেই উত্তম। তাহাতে যদি উচিত বাক্য বলায় তবে উপস্থিত কর্ত্তারা অসন্তুষ্ট হন সুতরাং (রাস্তী বান বাদুস্তা কর্দ্দি মরকে মলষ্ঠে তনরে বর্ষ) অলমতি বিস্তরেণ।

কস্যচিৎ বিচারার্থিনঃ।

---

them to obtain food and clothing, and we all know the expense of an appeal to England. Government might as well at once say, that there should be no more justice for the people; that any one might strike another on the head, and take away whatever he liked. If you say that formerly under the Moosulman Government there were many tribunals, and the Government had also established many Courts for the benefit of the people. I reply, this is true; why then have Government, who in compassion to the people established various Courts in various places, and under various denominations, now abolished some of those means of appeal to justice? Mr. Editor, the welfare of the people is the welfare of the Sovereign, else how will the kingdom stand: it is the business of Government to establish the greatest facilities for obtaining justice, and to provide that there may be the means of appeal, wherever there is supposed to be injustice. Mr. Editor, on whichever side we look, we see nothing, but that which is unfavourable to the people; what more shall I make known to you, after we see that Mr. Nathaniel Smith, who was Session Judge at Rungpore, on his return from England, has been placed in an inferior situation. The blow has here fallen upon a benevolent man. We hear that the reason of his obtaining the inferior situation is, that he was in the habit of speaking loftily to the Judges of the Sudder; and that they, being greatly displeased, had him displaced from the Judicial Department. This may be the case, for at the present time there is little attention to justice. All that is required is, that the number of suits decided may appear great; and when the real truth is told, those in high situations are displeased.

One desirous of justice.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

সমাদরপূর্ব্বক নিবেদনমিদং। এক অতিআশ্চর্য্য বিষয় পোলীস ও কালেক্টরী আমলাকর্ত্তৃক দেখিয়া অতিভীত হইয়া সে দুরাত্মাদিগের প্রবঞ্চনা প্রকাশ করিতেছি। মহাশয় কিঞ্চিৎ মনোযোগ না করিলে দিবারাত্রি থাকে না। অতএব বিনীতিপূর্ব্বক নিবেদন নিম্নে লিখিত কএক পংক্তি অতুল্য দর্পণে স্থান দিলে অবশ্য শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের কর্ণগোচর হইয়া মঙ্গলদায়ক হইবেক।

১ দফা। যশোহর জিলার তালার থানা মোতালক মজিতপুর গ্রামের নীচে এক অতদ্রূ ভদ্রা নদী থাকাতে আমারদিগের পারাপার হওয়া অতি সুকঠিন ছিল। যেহেতুক তথায় তরণি যাতায়াত হয় না এবং বর্ষাকালে এমত প্লাবিত হয় যে বিনা সন্তরণে সে পাথারহইতে উত্তীর্ণহওন সম্ভব ছিল না। সর্ব্বদা লোক ক্লেশযুক্ত ছিল এবং মধ্যে২ ধন প্রাণ নষ্ট পরে সে কষ্টহইতে উদ্ধারহেতু তথাকার অতি ধার্ম্মিক এক ব্যক্তি সর্ব্বস্ব পণ করিয়া সেই নদীতে এক পাকা সাঁকো এবং এক রাস্তা প্রস্তুত করাতে তাঁহাকে ধন্যবাদ ও আশীর্ব্বাদ করিয়া স্বচ্ছন্দে পরমানন্দে যাতায়াত করিতেছি। ইতিমধ্যে কোন এক মহাপাতকী কালেক্টরী আফিসের চাকর স্বীয় লাখেরাজ বলিয়া প্রতিবাদী হইয়া জুলাই মাসের আখেরি ৫০০ লোক লাঠিয়ালসমেত তস্য ভ্রাতা আসিয়া ঐ রাস্তা বন্দ করে। পরে ঐ অতিধার্ম্মিক ঘোষের বাটীর নিকটস্থ কএক ব্যক্তি প্রজা বাদী হওয়াতে ঐ দস্যুদিগের হস্তে আঘাত এবং তাহারদিগের সর্ব্বস্ব লুঠ হয়। তাহার নালিশ তালার থানার দারোগার নিকট উপস্থিত হওয়াতে দারোগা পরমানন্দে স্বীয় দল বল সমভিব্যাহারে পঁহুছিয়া ঐ সকল আঘাতি ব্যক্তিদিগের দুরবস্থা ও প্রজাদিগের সর্ব্বস্ব হরণ দেখিয়াও তদারক দূরে থাকুক প্রথম কলে কৌশলে ছলে ঐ আঘাতি ব্যক্তিদিগের মুনীবের নিকটহইতে উৎকোচ গ্রহণ করিয়া কিছু২ জোবানবন্দি লইয়া নরম গরম এয়াছা ছঙ্গিন সুলম কিয়াছে বেলকুল আসামি পাকড় করকে চালান করেঙ্গে। ইত্যাদি নানাপ্রকার ছলাবৎ প্রকাশ করিলে ঐ দুরাত্মা প্রতিবাদী অতিভীত হইয়া দারোগার দরগায় শির্ণি পঁহুছাইলে বাঁকা মুখ সোজা হইয়া উভয়ের শির্ণি হজম করিবার জন্য এমত একখানি অমূলক রিপোর্ট করিলেন যে তোরফএন বরায় রাস্তা পথ সমকছ কাজিয়া সোদাবুদ বেলফেয়াজ আপোষন রফা নমুদা। সম্পাদক মহাশয় দারোগার এমত চুলচেরা বিচার দেখিয়া অবাক্ হইলাম এবং সৎকার্য্যে কি এমত দুর্ঘটনা হয়।

২ দফা। ঐ দুরাত্মা ব্যক্তির এক ঘর প্রজা তাহারদিগের সরিকী বিবাদে আপন বসতির স্থানে দুই তিনখানি কুঁড়িয়া এবং ছাগল গরু লইয়া উক্ত ঘোষজের এলাকায় বসতি করিতে আইলে ঐ কালেক্টরীর কর্ম্মকারক সে প্রজাকে হাত করিয়া অমূলক এক নালিশ লুঠতরাজ বলিয়া উক্ত থানার দারোগার নিকট করাতে দারোগা পূর্ব্বের কথা স্মরণ করিয়া পঁহুছিয়া তদারকে প্রবর্ত্ত হইলে ফরিয়াদীর মানিত সাক্ষী যথার্থ কথা অর্থাৎ আপন ঘর আপনি ভাঙ্গা প্রকাশ করাতে দারোগা দেখিলেন যে ইহাতে মতলব সিদ্ধহওয়া সম্ভব নহে। এজন্য কালেকটরীর কর্ম্মকারকের নিজ এলাকার অর্থাৎ যাহারদিগের বসতি তিন ক্রোশ তফাৎ এমত কএকটি সাক্ষি পঁহুছাইয়া গ্রামসুদ্ধ লোকের উপর ধুমধাম ধরপাকড় করাতে উক্ত ঘোষজকে এমত ভয় দেখাইতেছেন যে তিনি সর্ব্বস্ব দিয়া দস্যু দারোগার হাতহইতে রক্ষা পাইলেও তত্ত্ব জানেন। সম্পাদক মহাশয় এমত তুচ্ছ মোকদ্দমায় হজুরের বেএত্তেলা তদারক হওয়া এবং আসামী পাকড়া করা আইনবিরুদ্ধ কিন্তু উক্ত রাঘব বোয়াইল দারোগা কেবল পেটভারি করিবার জন্য স্বয়ং এমত মোকদ্দমায় প্রবর্ত্ত হন। ঐ দারোগার বসতি ঐ গ্রামের নিকট এবং উক্ত ঘোষজের সহিত তাঁহার বিবাদ ছিল এবং কালেকটরীর কর্ম্মকারক ব্যক্তির সহিত অনেক বিষয়ে খাতির আছে[1] ইহাতে এ মোকদ্দমার সুপ্রতুল ও সুক্ষ্ম বিচার হওয়া অতি সুকঠিন ঐ দারোগা ইহার পূর্ব্বে আলিপুরের শ্রীযুত কমিস্যনর সাহেবের হজুর হইতে একবার বরতরফ হয় বিশেষ শ্রীযুত রসুল সাহেব ও শ্রীযুত মেটকাফ সাহেব ও শ্রীযুত রেক সাহেবের আমলে কর্ম্মচ্যুত হইয়া পুনরায় কি শক্তিতে তাহার বাটীতে বসিয়া দারোগাগী করে তাহা বুঝা ভার। এই দারোগার শক্তিতে তালুক ও জোত ইত্যাদি করিতেছে। ভরসা করি ধর্ম্মাবতার শ্রীযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের কর্ণগোচর হইলে ঐ পোলীসের কর্ম্মচ্যুত ও এ মোকদ্দমার যথার্থ বিচার হইবে।

কেষাঞ্চিৎ কেশবপুর ও তন্নিকটস্থ পল্লিগ্রামনিবাসিনাং।

To the Editor of the Durpun.

Having been witnesses to a very extraordinary transaction of the Police and Collector's officers, we being greatly alarmed, make known the impropriety which has been committed. You must exert yourself to make it public. If you will give these few lines a place in the Durpun, it may reach the Magistrate's ear, and produce a good effect.

1st. In the Zillah of Jessore, in the Thannah of Talla, near the village of Muzitpore, there is a river which it was very difficult to cross, because there were no ferry boats, and the stream was so full in the rains, that there were no means of getting over, except by swimming. The people were always reduced to great straights, and sometimes there was loss both of life and property. At length a very worthy man of that place to remove this general inconvenience, pledged his own property and built a bridge over it, and made a road to the bridge, and the people passing over, continually showered blessings upon him; but at length some most sinful officer of the Collectorate claimed the land as his own Lakhraj, and at the end of July, his brother came with 500 men, more or less, and shut up the road; but some of the people living near the house of that worthy Ghose, having opposed this proceeding, were beaten and plundered by those oppressors. A complaint was immediately made to the Darogah of Talla, who with great joy came to the spot with all his forces, and seeing how the men had been beaten and plundered, instead of investigating the subject, contrived in various ways to extort something from their master and took down some depositions, talked big and threatened to transport the whole party to the Sudder. Having thus made himself very important, the oppressor was obliged to go with an offering to the shrine of the Darogah, and to straighten his crooked mouth. Having thus swallowed and digested the offerings of both parties, he made out a beautiful report, stating that there had been some dispute about a road, which had been most amicably adjusted. Mr. Editor, I am really surprised at the hair splitting distinctions of the worthy Darogah, and enquire whether such oppression could arise out of such a good work as making a road.

Secondly. This oppressor had a family living upon his ground, who having some disputes about the division of their property, removed with their houses and cattle to the land of the Ghose above mentioned, on which that Collector's officer got the poor fellow into his hands and trumped up a complaint before the Darogah about some riot; and the Darogah, having in mind the former transaction, came to the spot, and found from the evidence of the witnesses for the complainant, that the man had removed his own house, and thus he perceived that nothing could be made out of the case. He therefore got some witnesses from the residence of the Collector's Officers, which was three miles off, and then came down upon the village with great noise and threatenings, and so terrified the Ghose, that he thinks himself fortunate if he can get out of his hands, by the sacrifice of all his property. Mr. Editor, to examine into such trifling matters without orders from the Magistrate, and to seize upon the defendant, is certainly contrary to law, but this great shark of a Darogah enters upon such enquiries only to fill his own belly. The residence of the Darogah is near the village; there is a feud between him and the Ghose, and friendship between him and the Collector's Officers: it is, therefore, extremely difficult for these disputes to be settled justly. The Darogah was formerly dismissed by the Commissioner of Allipore: how does it happen, that the man who was dismissed by Mr. Russell, Mr. Metcalfe and Mr. Raikes, has again received the office of Darogah, by which he is enabled to obtain lands and farms. We hope that if this letter should reach the Magistrate, the Officer of the Police may be dismissed, and the cause carefully examined into.

Certain Residents of Kesubpore.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৴	।৶	ঐ
২ ক্লাস	।।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।।০	১৪।।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়ার।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st. Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal,............ Co's. Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৫৭ সংখ্যা। বালম ১৯।] ১৬ সেপ্তেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১ আশ্বিন। SATURDAY, SEPTEMBER 16TH. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1157. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Sale.

NOTICE is hereby given that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munseetpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction with their buildings and other appurtenances in One Lot at the Export Ware-House, on Wednesday the 18th October, 1837. Upset price Co's. Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of Sale and other particulars may be ascertained on application at the Export Warehouse.

By Order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
31st August, 1837.

নীলাম।

সমাচার দেওয়াযাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিতপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাতাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ১৮ অক্তোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকায় নীলামে ধরা যাইবে।

এই সকল কুঠীর কোন রকমের লহনা বাকি ঐং কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাতাবাড়িতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হুকুমক্রমে

খাতাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাতাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ সেপ্তেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানার প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু গণেশ দাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলি কসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে ফিরিঙ্গি গির্জাঅবধি আমড়াতলার গলিপর্য্যন্ত যে গলি ঐ গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্দ ভূমি অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পূর্ব্বোক্ত গলি। দক্ষিণ দিগে কালিষ্টান লাজারের ও আরবিউ সাহেবের দুই বাটীর লাগাও আগা করবোলাই মহম্মদের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে জজ হিকমন সাহেবের বাটী ও ভূমি। পশ্চিম দিগে মৃত হাজি হয়দরের বাটী যে বাটী এইক্ষণে আগা করবোলাই মহম্মদের দখলে আছে।

২। এবং কলিকাতা নগরের বড়বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বদ্দ ভূমি অনুমান /২ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে শ্রীকৃষ্ণ কপূরের বাটী। পূর্ব্ব দিগে কোম্পানির গলি। পশ্চিম দিগে বৃন্দাবন দাস গুজরাটির বাটী। দক্ষিণ দিগে গঙ্গানারায়ণ ক্ষত্রিয়ের বাটী।

৩। এবং কলিকাতা নগরের হাড়কাটার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বদ্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সনাতন কাটওয়ার বাটী ও ভূমি। পশ্চিম দিগে রঘুনাথ উড়িয়ার বাটী ও ভূমি। উত্তর দিগে তিনু উড়িয়ার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে এক গলি।

৪। এবং কলিকাতা নগরের তেরেটি বাজারে চিনেপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগমোহন শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে শ্রীযুত পিচ সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে দেবী মুখুয্যের ভূমি। উত্তর দিগে এক গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ইশতেহার।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে বিভক্ত মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সাল [illegible] ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেন্ট।
৪ সেপ্তেম্বর ১৮৩৭।
বিজ্ঞাপন।

নানাকারণপ্রযুক্ত উচিত বোধ হয় যে শ্রীল শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ভারতবর্ষের হজুর কৌন্সেলের অন্তঃপাতি কোন মেম্বরের সমভিব্যাহৃত না হইয়া ফোর্ট উলিয়ম রাজধানীর উত্তর পশ্চিম প্রদেশে গমন করেন।

পার্লিমেন্টের হুকুম আছে যে উক্ত প্রকার গতিকে গবর্নর্ জেনরলের গমনের পূর্ব্বে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ভারতবর্ষের কৌন্সলের অন্তঃপাতি কোন এক জনকে উক্ত কৌন্সেলের প্রেসীডেন্ট অর্থাৎ সভাধিপত্য কর্ম্মে নিযুক্ত করিতে পারেন এবং গবর্নর্ জেনরল বাহাদুর বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে অনবস্থানসময়ে উক্ত কৌন্সলের বৈঠকে গবর্নর্ জেনরল বাহাদুরের তুল্য ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

এবং পার্লিমেন্টের আরো হুকুম আছে যে উক্তপ্রকার গতিকে গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে এমত আইন করিতে পারেন যে তাহাতে গবর্নর্ জেনরল বাহাদুর আইন নির্দ্ধার্য্যকরণের ক্ষমতা ব্যতিরেকে গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের যে সকল বিষয়ে ক্ষমতা আছে সেই ক্ষমতার কার্য্য গবর্নর্ জেনরল স্বয়ং সম্পন্ন করিতে পারেন।

অতএব শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সলে এমত কল্প স্থির করিয়াছেন যে পার্লিমেন্টকর্ত্তৃক তাঁহাকে প্রদত্ত ক্ষমতানুসারে এমত আইন করেন যে তদ্দ্বারা গবর্নর জেনরল বাহাদুরের অবর্ত্তমানতাসময়ে গবর্ণমেন্টের তাবৎ ক্ষমতা তাঁহাকেই অর্পিত হয়। এই নিয়ম যদ্যপি দৃষ্টতঃ নূতন বটে তথাপি ফলতঃ তাহা নূতন নহে বস্তুতঃ যখনং গবর্নর্ জেনরল বাহাদুর কৌন্সলহইতে পৃথক হইয়া থাকেন তখনই এমত নিয়ম হইয়া থাকে এবং এইক্ষণকার কার্য্যের মধ্যে কেবল এই নূতন দৃষ্ট হইতেছে যে পূর্ব্বং কালে এই যে নিয়ম সর্ব্বদাই ভদ্রাইৎ কর্ম্মকারকেরদের পরস্পর সম্মতিপ্রযুক্তই হইত তাহা এইক্ষণে পার্লিমেন্টের আজ্ঞানুসারে এক আইনের দ্বারা নির্ব্বাহ হইবে পূর্ব্বে এমত গতিকে ঐ কৌন্সলের মেম্বরেরদের যেপ্রকার সম্মতি তাদৃশ সম্মতি এইক্ষণেও হইবে এবং ইহার পূর্ব্বে আবশ্যক বিষয়ে যেমন গবর্নর জেনরল বাহাদুর কৌন্সেলিয়রদের পরামর্শ অপেক্ষা করিতেন তেমন এইক্ষণেও করিবেন এবং তাহাতে সরকারী কার্য্য নির্ব্বাহে উভয় পরাক্রমের পরস্পর বিশ্বাস ও ঐক্যতা থাকাতে কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হইবে।

লেজিসলেটিব অর্থাৎ ব্যবস্থাপক ডিপার্টমেন্টের কার্য্য গবর্নর্ জেনরল বাহাদুরের অবর্ত্তমানতাসময়ে পার্লিমেন্টের আইনের বিধ্যনুসারে নির্ব্বাহ হইবে অর্থাৎ আইনের পাণ্ডুলেখ্য কৌন্সেলের প্রেসীডেন্ট অর্থাৎ সভাপতি সাহেবের ক্ষমতানুসারে সাধারণ লোকেরদের বিজ্ঞাপনার্থ প্রকাশ হইবে কিন্তু গবর্নর্ জেনরল বাহাদুরের লিখিত অনুমতি ব্যতিরেকে তাহা চূড়ান্তরূপ সিদ্ধ হইবে না।

সুপ্রিম অর্থাৎ কর্ত্তৃত্বকারি গবর্ণমেন্টের অন্যান্য দপ্তরের কার্য্যবিষয়ে গবর্নর্ জেনরল বাহাদুর এবং কৌন্সেলের প্রেসীডেন্ট সাহেবেরা পরস্পর ঐক্যতাপূর্ব্বক যে নিয়ম স্থির করিবেন সেই নিয়মানুসারে তাহা নির্ব্বাহ হইবে।

গবর্নর্ জেনরল বাহাদুরের অবিদ্যমানতাসময়ে বঙ্গদেশের রাজশাসনীয় কার্য্য এক জন ডেপুটি গবরনরের দ্বারা সম্পন্ন হইবে।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে শুনিয়া অত্যন্ত খেদিত হইয়াছেন যে উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ত গবরনর সাহেব সরকারী কার্য্যে ইস্তফা দেওনার্থ স্থির করিয়াছেন। তাহাতে শ্রীযুক্ত হজুর কৌন্সেলে এমত বিবেচনা করিয়াছেন যে গবরনর জেনরল বাহাদুর ঐ উত্তর পশ্চিম প্রদেশে অবস্থানকরণসময়ে যদি অন্য এক জন লেপ্টেনন্ত গবরনর নিযুক্ত হন তবে ব্যয়ের অতিবাহুল্য হয় রাজশাসনেরও তাদৃশ উপকার হইবে না। শ্রীলশ্রীযুত হজুর কৌন্সেলে এই বিবেচনা করিয়াছেন যে উত্তর পশ্চিম প্রদেশহইতে শ্রীযুত লেপ্টেনন্ত গবরনর সাহেব প্রস্থান

FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT,

The 4th September, 1837.

Resolution.—It appears to be on many accounts expedient, that, in a short time, the Governor General should visit the North Western Provinces of the Presidency of Fort William, unattended by any Member of the Council of India.

It is provided by Parliament (Section 70 Act 3 and 4 Wm. 4th Cap. 85,) that, on such occasions "it shall be lawful for the said Governor General in Council, previously to the departure of the said Governor General, to nominate some Member of the Council of India to be President of the said Council, in whom during the absence of the said Governor General from the said Presidency of Fort William in Bengal, the powers of the said Governor General in assemblies of the said Council, shall be reposed."

It is also provided by Parliament that, "it shall be lawful, in every such case for the said Governor General in Council, by a Law or Regulation for that purpose to be made, to authorise the Governor General alone to exercise all or any of the powers which might be exercised by the said Governor General in Council, except the power of making Laws or Regulations."

His Lordship in Council has determined, in the exercise of the powers entrusted to him by Parliament, to pass a Legislative Act conferring all the executive powers of the Supreme Government on the Governor General during his absence. Though new in form, this arrangement is by no means new in substance. On the contrary, it has virtually existed whenever a Governor General has been separated from his Council; and the only novel circumstance is, that what on former occasions was effected by means of an understanding between the Members of the Government, will now, according to the directions of Parliament, be effected by a Legislative enactment; but the same understanding will yet exist, and the same mutual reference be made upon matters of importance as have been hitherto found sufficient to facilitate the cordial co-operation of the two authorities and to ensure harmony and confidence in the transaction of public affairs.

The business of the Legislative Department, during the absence of the Governor General, will be conducted in the manner prescribed by the Act of Parliament.—Drafts of Acts will be promulgated for general information by the authority of the President in Council; but none will be finally passed without the assent of the Governor General signified in writing.

The business of the Supreme Government in other departments, will be conducted according to arrangements to be agreed upon between the Governor General and the President in Council.

The business of the Government of Bengal will, during the absence of the Governor General, be conducted by a Deputy Governor.

The Lieutenant Governor of the N. W. Provinces has, to the great regret of His Lordship in Council, signified his intention to retire in a short time from the Public Service. It appears to His Lordship in Council that to appoint a Lieutenant Governor of those Provinces at a time when the Governor General is actually residing within them, would be to incur large expense without proportionately adding to the efficiency of the administration. His Lordship in Council is satisfied that he shall best conform to the

করিলে যদ্যপি ঐ সকল প্রদেশ সুপ্রিম গবর্ণমেন্টের অধীনে রাখা যায় তবে তাহাতে পার্লিমেন্টের আইনের ভাব রক্ষা করা হয় এবং সরকারীকার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হইতে পারে অতএব গবরনর জেনরল বাহাদুরের প্রতি সুপ্রিম অর্থাৎ কর্ত্তৃত্বকারি গবর্ণমেন্টের তাবৎ পরাক্রমই অর্পণ হইল। এইক্ষণে লেপ্টেনন্ত গবরনর যে কার্য্য করিতেছেন শ্রীলশ্রীযুত ঐ প্রদেশে অবস্থানকরণকালে সেই কার্য্য করিবেন এবং ঐ কার্য্য কলিকাতাস্থ কৌন্সেলে জ্ঞাপন করিতে হইবে ঐ কৌন্সলে পরস্পরের সম্মতিপূর্ব্বক কার্য্যকরণার্থ যে নিয়ম স্থির হয় সেই নিয়ম কৌন্সলের প্রেসীডেন্ট সাহেবকে জ্ঞাপন করিবেন।

অতএব প্রস্তাবিত আইনের নীচে লিখিতব্য পাণ্ডুলেখ্য সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ হইল।

১৮৩৭ সং আক্ট।

হুকুম হইল যে কলিকাতার সরকারী গেজেটে যে তারিখে গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সলের আজ্ঞাক্রমে এমত এত্তেলা দেওয়া যাইবে যে শ্রীলশ্রীযুত গবরনর জেনল বাহাদুর হজুর কৌন্সলহইতে পশ্চিম প্রদেশে গমন করিতেছেন সেই তারিখঅবধি এবং ঐ এত্তেলা দেওনের পর শ্রীলশ্রীযুত গবরনর জেনরল নিজ কৌনসলে পুনর্ব্বার উপস্থিত হওনপর্য্যন্ত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌনসলের যে সকল ক্ষমতা আছে সেই সকল ক্ষমতা গবরনর জেনরল বাহাদুরের থাকিবে কেবল আইনকরণ ক্ষমতা থাকিবে না।

হুকুম হইল যে উক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ১৪ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচনা হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেন্ট।
১৮৩৭ ১৪ সেপ্তেম্বর।
বিজ্ঞাপন।

শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে সম্প্রতি অবধারণ করিয়াছেন যে বঙ্গদেশে চলিত আইনের মধ্যে কোনং আইনে এমত বিশেষ হুকুম আছে যে আদালত ও রেবিনিউ কার্য্যে পারস্য ভাষার ব্যবহার রাখিতেই হইবে।

শ্রীলশ্রীযুক্ত সুজ্ঞাত আছেন যে যে ভাষাতে অনেককালাবধি সরকারী কার্য্য নির্ব্বাহ হইয়া আসিতেছে তৎপরিবর্ত্তে হঠাৎ কোন ভাষার ব্যবহার করা নিতান্তই অপরামৃশ্য। তিনি নিশ্চয় জ্ঞাত আছেন যে দেশের কোনং ভাগে হঠাৎ বলপূর্ব্বক ভাষার পরিবর্ত্তন করিলে সরকারী কার্য্যের ব্যাঘাত হইতে পারে এবং তাহা হইলে অনেক প্রাচীন ও অতিকর্ম্মণ্য সরকারী আমলারদের এমত ক্লেশ হইত যে দয়ালু গবর্ণমেন্টের তদ্রূপ ক্লেশ দেওয়া উচিত হয় না।

পক্ষান্তরে শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সেলে ইহা বোধ করেন যে যে আদালত ও রেবিনিউ সম্পর্কীয় ব্যাপারে এতদ্দেশীয় লোকেরদের যৎপরোনাস্তি ক্ষতি বৃদ্ধি ইহা তাঁহাদের বোধগম্য ভাষাতে নির্ব্বাহ হয় ইহা অতিযথার্থ ও যুক্তিসিদ্ধ বটে। এই অতি সুনিয়ম যে ক্রমে সুসিদ্ধ হইতে পারে এবং তাহা সম্পূর্ণরূপে সফলকরণার্থ অনেক কাল লাগিবে ইহা শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সেলের বিবেচনাতে অবিলম্বে তাহার আরম্ভ করণের এক মুখ্যকারণ হইতেছে। অতএব শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সেলে মনস্থ করিয়াছেন যে ভারতবর্ষের কর্ত্তৃত্বকারি প্রধান গবর্ণমেন্টকে এবং ঐ কর্ত্তৃত্বকারি গবর্ণমেন্টের অধীন কর্ম্মকারকেরদিগকে এমত ক্ষমতা দেন যে দেওয়ানী ও ফৌজদারী আদালতে ও রাজস্বের বিষয়ে পারস্য ভাষার পরিবর্ত্তে দেশীয় ভাষা চলন করণের ক্ষমতা দেন।

spirit of the existing Acts of Parliament, and best consult the Public interests by taking the N. W. Provinces, after the departure of the Lieutenant Governor, into the immediate charge of the Supreme Government. The Governor General who will hold all the Executive Powers of the Supreme Government, will himself, during his residence in those Provinces, perform the functions now performed by the Lieutenant Governor, in communication with the President in Council, in such mode as may be determined upon between the two authorities.

The following Draft of a proposed Act is accordingly published for general information.

ACT, No. —— OF 1837.

It is hereby enacted, that from the day on which it shall be notified by an Order of the Governor General of India in Council, published in the Official Gazette, that the said Governor General has quitted his Council for the purpose of proceeding to the N. W. Provinces, till the time at which the said Governor General shall, next after the said notification, rejoin his Council, the said Governor General shall have all the powers of Governor General in Council, except the power of making Laws or Regulations.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 14th day of October next.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT,

4th September, 1837.

Resolution.—The attention of His Lordship in Council has lately been called to the Regulations of the Bengal Code, which positively enjoin the use of the Persian language in Judicial and Fiscal Proceedings.

His Lordship in Council is sensible that it would be in the highest degree inexpedient hastily to substitute any other language for that which has, during a long course of years, been appropriated to the transaction of public business. He is satisfied that in many parts of the country a sudden and violent change would produce serious public inconvenience, and that it would reduce many old and useful servants of the public to distress, such as no humane Government would willingly cause.

At the same time, His Lordship in Council strongly feels it to be just and reasonable, that those Judicial and Fiscal Proceedings on which the dearest interest of the Indian people depend, should be conducted in a language which they understand. That this great reform must be gradual, that a considerable time must necessarily elapse before it can be carried into full effect, appears to His Lordship in Council to be an additional reason for commencing it without delay. His Lordship in Council is, therefore, disposed to empower the Supreme Executive Government of India, and such subordinate authorities as may be thereunto appointed by the Supreme Government, to substitute the Vernacular languages of the country for the Persian in legal proceedings and in proceedings relating to the Revenue.

শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সেলে এইক্ষণে এই আইনে নির্দ্দিষ্ট ক্ষমতা কেবল বঙ্গদেশের গবরনর্ ও উত্তর পশ্চিম প্রদেশের লেপ্তেনন্ত গবরনর্ সাহেবকে অর্পণ করিতে মনস্থ করিয়াছেন এবং প্রাচীন ও অতি বদ্ধমূল নিয়মের মহা অথচ হিতজনক পরিবর্ত্তন বিষয়ে যেরূপ সাবধানে কার্য্য করিতে হয় সেই রূপ সাবধানতায় ঐ সকল প্রধান কর্ম্মকারকেরা এইরূপ দত্ত পরাক্রমানুসারে কার্য্য করিবেন ইহাতে সন্দেহ নাই।

অতএব প্রস্তাবিত আইনের নীচে লিখিতব্য পাণ্ডুলেখ্য সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

১৮৩৭ সালের —— নং আক্ট।

১। হুকুম হইল যে অমুক মাসের অমুক তারিখঅবধি ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে কৌন্সেলের আজ্ঞাক্রমে বঙ্গাদি দেশে চলিত আইনের মধ্যে যে কএক আইনে এমত হুকুম আছে যে দেওয়ানী কার্য্যে অথবা রাজস্বের কার্য্যে পারস্য ভাষার ব্যবহারকরণের আবশ্যক সেই হুকুম সামান্যতঃ অথবা যে কোন সীমার মধ্যে উচিত বোধ হয় সেই সীমার মধ্যে রহিত করিতে হুকুম দিতে পারেন এবং ঐ সকল কার্য্য কোন্ অক্ষর ও কোন্ ভাষায় চলন হইবে তাহার হুকুম দিতে পারেন।

২। এবং হুকুম হইল যে উক্ত শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলে কৌন্সলের আজ্ঞাক্রমে এই আইনের দ্বারা তাঁহাকে প্রদত্ত ক্ষমতা অথবা তাহার কিয়দংশ তাঁহার অধীন কোন কর্ম্মকারককে যে কোন বিষয় বজনীয় রাখা তাঁহার উচিত বোধ হয় তাহাতে দৃষ্টি রাখিয়া অর্পণ করিতে পারেন।

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজনগোচরার্থ প্রকাশিত হয়।

এবং হুকুম হইল যে পূর্ব্বোক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ২৪ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচনা হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

It is the intention of His Lordship in Council to delegate the powers given by this Act, for the present only to the Governor of Bengal and to the Lieut. Governor of the N. W. Provinces, and he has no doubt that those high authorities will exercise these powers with that caution which is required at the first introduction of extensive changes, however salutary in an old and deeply rooted system.

The following Draft of a proposed Act is accordingly published for general information:

ACT, No. —— OF 1837.

I. It is hereby enacted, that from the day of it shall be lawful for the Governor General of India in Council, by an Order in Council, to dispense either generally, or within such local limits as may to him seem meet, with any provision of any Regulation of the Bengal Code which enjoins the use of the Persian language in any Judicial proceeding, or in any proceeding relating to the Revenue, and to prescribe the language and character to be used in such proceedings.

II. And it is hereby enacted, that from the said day it shall be lawful for the said Governor General of India in Council, by an Order in Council, to delegate all or any of the powers given to him by this Act, or any part thereof, to any subordinate authority under such restrictions as may to the said Governor General of India in Council seem meet.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 24th day of October next.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

রাজকর্ম্মে নিয়োগ।

১৬ সেপ্তেম্বর ১৮৩৭।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব আলেকজান্দর সাহেবের পরিবর্ত্তে অন্য হুকুম না হওনপর্য্যন্ত আক্কোণ্টাণ্ট জেনরল ও সবত্রেজুরর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইয়াছেন।

শ্রীযুত কাপ্তান তামস টালবট হারিঙ্টন সাহেব মৃত কাপ্তান ডবলিউ হোপ সাহেবের পরিবর্ত্তে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের মাষ্টর আটেণ্ডেণ্টীপদ পুনর্গ্রহণ করিয়াছেন। ঐ নিয়োগ কাপ্তান হোপ সাহেবের মৃত্যুদিবসঅবধি ধর্ত্তব্য হইবে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব উপরিউক্ত তারিখে শ্রীযুত কাপ্তান এ বি ক্লাপর্টন সাহেবকে মাষ্টর আটেণ্ডেণ্টের প্রধান আসিষ্টাণ্টীকর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

শ্রীলশ্রীযুত লার্ড বিশাপ সাহেবের নিজ সংসারের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে বেটমান সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটি লইয়া বিলাতে গমনার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

২৯ আগষ্ট।

শ্রীযুত চার্ল্‌স ফ্রান্সিস সাহেব কলিকাতার ডেপুটি কালেকটর হইয়াছেন।

৫ সেপ্তেম্বর।

শ্রীযুত ডবলিউ বান্সিটার্ট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা চব্বিশ পরগনার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

6th September, 1837.

Mr. R. H. Snell is appointed to act for Mr. H. Alexander as second Assistant to the Accountant General and to the Sub-Treasurer, until further orders.

Captain Thomas Talbot Harington has assumed the office of Master Attendant of this Port, under the Provisional Appointment of the Honourable Court of Directors, vice Capt. W. Hope, deceased. This appointment to take effect from the date of Capt. Hope's decease.

The Right Honourable the Governor of Bengal has this day appointed Capt. A. B. Clapperton, 1st Assistant to the Master Attendant.

The Reverend J. Bateman, Domestic Chaplain to the Lord Bishop of Calcutta, is permitted to proceed to Europe on Furlough, under medical certificate.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

29th August.

Mr. Charles Francis to be Deputy Collector of Calcutta.

5th September.

Mr. W. Vansittart to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

শ্রীযুত লেপ্তেনন্ত জে আর আবট সাহেব শ্রীযুত লেপ্তেনন্ত রেনি সাহেব অস্বাস্থ্যের সর্টিফিকটক্রমে অনুপস্থানহওনপর্য্যন্ত আরাকানের কমিস্যনর সাহেবের একটিং দ্বিতীয় আসিষ্টাণ্ট হইয়াছেন।

শ্রীযুত বাবু রসময় দত্ত শ্রীযুত বৃজকি সাহেবের অনুপস্থান হওনপর্য্যন্ত ছোট আদালতের একটিং কমিস্যনর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

রাজশাহীপ্রভৃতিজিলার একটিং স্পেসিয়ল ডেপুটি কালেকটর শ্রীযুত ষ্টেনিফোর্থ সাহেব বোয়ালিয়াতে স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের একটিং রেজিষ্টর শ্রীযুত আর মকান সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ছুটি লইয়া বিলাতে গমনের উদ্যোগার্থ নিজ কর্ম্মের ভার ত্যাগকরণের তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

ভাগলপুরের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত জে ডনবার সাহেব গত ১৩ জুন তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

বাঁকুড়ার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত ডি জে মনি সাহেব গত মাসের ৮ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিঙ্গাপুরে গমনার্থ ছয় মাসের ছুটি পাইয়াছেন।

জিলা বাখরগঞ্জের সদর আমীন শ্রীযুত জে জে জর্ডন সাহেব আগামি দশরাবন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

মুরশিদাবাদের সদর আমীন শ্রীযুত মহম্মদ খোর্সেদ খাঁ আগামি দশরাবন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২১ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত এ কে লিণ্ডে সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি বারাণসীর ডেপুটি পোষ্ট মাষ্টর হইয়াছেন।

৪ সেপ্তেম্বর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সলে নগর প্রদেশের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ ষ্টোক্স সাহেবকে স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটি দিয়াছেন।

ঠগ দৌরাত্ম্য দমনীয় জেনরল সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট অথচ পদাতিক সৈন্যের ১১ রেজিমেণ্টের লেপ্তেনন্ত শ্রীযুত সি এচ তামস সাহেবকে তাঁহার নিজ কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ গত ১৭ জুলাই তারিখে যে ছুটি দেওয়া যায় তাহা ১৫ সেপ্তেম্বর তারিখে না হইয়া ১৫ অক্টোবরঅবধি ধরা যাইবে।

২২ আগষ্ট।

শ্রীযুত এ পি করি সাহেব বারাণসীর মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এচ সি হেলেণ্ড সাহেব গাজিপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন। ঐ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত আজিমগড়ের একটিং জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জি এফ এড্‌মনষ্টোন সাহেব শ্রীযুত হণ্টর সাহেবকর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত গাজিপুরের মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন পরে শাহরণপুরে স্বীয় কর্ম্মস্থানে গমন করিবেন।

২৩ আগষ্ট।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

হমিরপুরের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে ষ্টোক্স সাহেব ছুটি লইয়া বিলাতে গমনার্থ স্বীয় কর্ম্মোপলক্ষে ১৮৩৭ সালের ১ নবেম্বর অবধি ১৮৩৮ সালের ১ ফেব্রুআরিপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২৪ আগষ্ট।

বুন্দেল খণ্ডের ডেপুটি কষ্টম কালেকটর শ্রী

Lieutenant J. R. Abbott to officiate as Junior Assistant to the Commissioner of Arrakan, during the absence of Lieutenant Rainey on Sick Certificate.

Baboo Russomoy Dutt to officiate as a Commissioner of the Court of Requests, during the absence of Mr. Brietzcke on Sick Certificate.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. Staniforth, officiating Special Deputy Collector in Rajeshahy, &c. for fifteen days, on private affairs, in extension of the period allowed for joining his appointment at Bauleah.

Mr. R. Macan, officiating Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for one month, on private affairs, preparatory to his embarkation for Europe on Furlough, to commence from the date of his making over charge of his office.

Mr. J. Dunbar, Magistrate and Collector of Bhaugulpore, for two months, on medical certificate, in extension of the leave granted to him on the 13th June last.

Mr. D. J. Money, Joint Magistrate and Deputy Collector of Bancoorah, permitted to proceed to Singapore, for six months, on medical certificate, in extension of the leave granted to him on the 8th ultimo.

Mr. J. J. Jordan, Sudder Ameen in Zillah Backergunge, during the ensuing Dusserah Vacation.

Mohummud Khorshed Khan, Sudder Ameen in Zillah Moorshedabad, during the Dusserah Vacation.

21st August.

Mr. A. K. Lindesay, Civil Surgeon, to be Deputy Post Master at Benares from the 16th instant.

4th September.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to grant to Mr. H. Stokes, the Superintendent of the Nuggur Division, three months leave of absence from his Station on account of private affairs.

The leave of absence granted on the 17th July last to Lieutenant C. H. Thomas, of the 11th Regiment Native Infantry, Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, to visit the Presidency, on private affairs, is to take effect from the 15th October, instead of the 15th September.

22d August.

Mr. A. P. Currie to be Magistrate and Collector of Benares.

Mr. A. C. Heyland to be Magistrate and Collector of Ghazeepore. Mr. Heyland will continue to officiate as Judge of Azimghur until further orders.

Mr. G. F. Edmonstone will continue to officiate as Magistrate and Collector of Ghazeepore till relieved by Mr. W. Hunter, when he will proceed to join his appointment at Seharunpore.

23d August.

The following officers have obtained leave of absence.

Doctor J. Stokes, Civil Assistant Surgeon of Humeerpore, from 1st November, 1837, to 28th February, 1838, on his private affairs, preparatory to applying for Furlough.

24th August.

Mr. S. Bowring, Deputy Collector of

যুত এস বৌরিং সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমন করিতে দরখাস্ত নিমিত্ত তিন মাসের ছুটি পাইয়াছেন।

২৬ আগষ্ট।

এটায়ার জজ শ্রীযুত জে ডেবিডসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব স্বীয় পদের চলিত কর্ম্মের ভার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত কমিন সাহেবের প্রতি অর্পণার্থ অনুমতি পাইয়াছেন।

২৮ আগষ্ট।

শ্রীযুত ই এচ মোর্লাণ্ড সাহেব উত্তর পশ্চিম অঞ্চলের একটিং সিবিল আডিটর ও একটিং আক্কৌণ্টাণ্ট হইয়াছেন।

৩০ আগষ্ট।

উত্তর পশ্চিমাঞ্চলের আক্কৌণ্টাণ্ট শ্রীযুত এফ ও ওয়েলস সাহেব শ্রীযুত হারবি সাহেবকে সিবিল আডিটরী কর্ম্মহইতে মুক্ত করিয়া শ্রীযুত মর্লাণ্ড সাহেবকর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত তৎকর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সমাচার দর্পণ

শনিবার ১৬ সেপ্তেম্বর ১৮৩৭।

পারস্য ভাষা ব্যবহার রহিতকরণ বিষয়ক আইনের বিষয়ে যে পাণ্ডুলেখ্য অদ্য আমরা প্রকাশ করিলাম তাহাতে পাঠক মহাশয়েরদের বিশেষ মনোযোগ প্রার্থনা করি।

রাইয়তের উপরে জমিদারেরদের কিপর্য্যন্ত পরাক্রম আছে তদ্বিষয়ে কালেকটর সাহেবেরদের সঙ্গে বোর্ড রেবিনিউর লিখন পঠনবিষয়ক যে পত্র আমরা নীচে প্রকাশ করিতেছি তাহাতেও মনোযোগ করিবেন।

নং ৭৩।

অমুক এলাকার রেবিনিউ কমিস্যনর সাহেববরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে ১৮১৯ সালের ৮ আইনের সরাসরী মোকদ্দমাবিষয়ে কটকের কমিস্যনর সাহেবের সঙ্গে যে লিখন পঠন হইয়াছে তাহার প্রতিলিপি আপনার ও আপনার অধীন কর্ম্মকারকেরদের বিজ্ঞাপন ও তদনুসারে কার্য্যকরণার্থ প্রেরণ করিতেছি।

২। কটকের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি যেরূপ কার্য্যকরণের আজ্ঞা দেওয়া গিয়াছে তদনুসারে আপনি কার্য্য করিবেন।

সি ই ত্রিবিলিয়ন
গবর্ণমেণ্টের উপরি সেক্রেটরী।

ফোর্ট উলিয়ম
সদর বোর্ড রেবিনিউ
২৯ আগষ্ট ১৮৩৭।

নং ১১৪১।

ফোর্ট উলিয়মের সদর বোর্ড রেবিনিউর সেক্রেটরী সাহেববরাবরেষু।

১৮২৭ সালের ১৭ আগষ্ট তারিখে সদর দেওয়ানী আদালত এমত ব্যবস্থা দেন যে ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারানুসারে জমিদার পত্তনিদারের নামে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারাক্রমে সরাসরী মোকদ্দমা উপস্থিত না করিলে ঐ পত্তনিদারের ভূমি ক্রোক্ করিতে ও তাঁহাকে বেদখল করিতে পারেন না। আইনে যখন এমত লেখেন যে লিখিত গতিকব্যতিরেকে পত্তনিদারকে বেদখল করা বেআইন তখন সুতরাং আইনের এমত অর্থ করিতে হইবে যে ঐ আইন উল্লঙ্ঘন করিয়া যদি বেদখল করা যায় তবে আইনের দ্বারা অবশ্য তাহার প্রতিকার হইতে পারে অতএব জমিদার অবধি রাইয়তপর্য্যন্ত কোন পত্তনিদার প্রভৃতি যদি বেদখল হন জজ সাহেবের নিকটে তদ্বিষয় দরখাস্ত করিলে ১৭৯৯ সালের আইনের বিধ্যনুসারে নালিস না করণপর্য্যন্ত তাঁহাকে পুনর্ব্বার দখল দেওয়াইতে জজ সাহেব হুকুম দিতে পারেন।

২। ১৮২৮ সালের ৭ মার্চ তারিখে পূর্ব্বোক্ত ভাবানুসারে সদর আদালত এমত ব্যবস্থা দেন যে কোন খোদকস্তা রাইয়তের বাকি যেপর্য্যন্ত আদালতে প্রমাণ না হয় সেপর্য্যন্ত এমত বেদখল হইতে পারে না এবং যদ্যপি ঐ আইন উল্লঙ্ঘনে তাহাকে বেদখল করা যায় তবে সরাসরী দরখাস্ত করিলে জজ সাহেব পুনর্ব্বার তাহাকে দখল দেওয়াইতে পারেন।

৩। ১৮৩৩ সালের ১৫ নবেম্বর তারিখে সদর আদালত আরো এই ব্যবস্থা স্থির করিলেন যদ্যপি এমত কোন দাঙ্গা হঙ্গাম না হয় যে তাহা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনার যোগ্য তবে বেআইনী মতে বেদখল করণবিষয়ে ১৮৩১ সালের ৮ আইনঅনুসারে পুনর্ব্বার দখল পাওনের নিমিত্ত কালেকটর সাহেবের নিকটে দরখাস্ত দেওয়া যাইতে পারে।

৪। উক্ত আইনের এমত অর্থ করাতে সুতরাং কালেকটর সাহেবেরদের উচিত যে বেআইনমতে বেদখল হওনবিষয়ে পত্তনিদারপ্রভৃতি ও রাইয়ত যে সকল নালিস উপস্থিত করিবেন তাহা কালেকটর সাহেব শুনিয়া বিচার করেন কিন্তু এইক্ষণে এমত ব্যবহার চলিতেছে না এবং লোকেরাও ইহা জ্ঞাত নহেন যে এইপ্রকার নালিস কালেকটর সাহেব শুনিতে পারেন।

৫। অতএব আমি এই প্রস্তাব করিতেছি যে বোর্ডের সাহেবেরা অনুমতি দিলে এই জিলার কালেকটর সাহেবেরদের প্রতি হুকুম করি যে চলিত আইনের যেরূপ অর্থ সদর দেওয়ানী আদালত করিয়াছেন তদ্বিষয়ে তাঁহারা মনোযোগ করেন এবং এতদ্রূপকার নালিসের রেজিষ্টরী স্বতন্ত্র রাখিয়া ১৮৩১ সালের ৮ আইনের বিধ্যনুসারে বাকি মালগুজারীর নিমিত্ত যে মোকদ্দমা উপস্থিত হয় তাহাহইতে ঐ মোকদ্দমা পৃথক্ রাখেন।

৬। অতএব আমি জিজ্ঞাসা করি যে কালেকটর সাহেব এবম্বিধ মোকদ্দমার যে বিচার করেন তাহার আপীল হইতে পারে কি না।

হেনরি রিকিট্স কমিস্যনর।

১৯ সংখ্যক প্রদেশের
কমিস্যনর সাহেবের আফিস
২৬ মে ১৮৩৭।

নং ১৫১।

কটক প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

আপনকার গত মাসের ৩১ তারিখে ১৭১৭ নং পত্র প্রাপ্ত হইলাম ঐ পত্র গত ২৬ মে তারিখের ১১৪১ নং পত্রার্থ সম্পর্কীয়।

২। আপনি যে বিষয় প্রস্তাব করিয়াছেন তাহাতে সদর দেওয়ানী আদালত চলিত আইনের যে অর্থ করিয়াছেন সেই অর্থের বিষয়ে আপনার অধীন তাবৎ কর্ম্মকারকেরদিগকে মনোযোগ করিতে আজ্ঞা করিবেন এবং ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারাক্রমে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তাহার রেজিষ্টরী স্বতন্ত্র রাখিতে হুকুম দিবেন। এবং ১৮৩১ সালের ৮ আইনঅনুসারে বাকি রাজস্বের বিষয়ে যে মোকদ্দমা উপস্থিত হয় তাহা পৃথক্ রাখিতে হুকুম দিবেন।

৩। উক্ত আদালত চলিত আইনের যে অর্থ করিয়াছেন তাহার ভাবানুসারে লিখি যে উক্ত প্রকার মোকদ্দমার কালেকটর সাহেবের নিষ্পত্তির আপীল কমিস্যনর সাহেবের নিকটে হইতে পারে কিন্তু

Customs at Bundlekund, for three months, on medical certificate, preparatory to his applying for leave to go to Sea.

26th August.

Mr. J. Davidson, Judge of Etawah, for two months, from the 1st proximo, on his private affairs. Mr. Davidson is authorized to make over charge of the current duties of his office to Mr. J. Cumine, the Joint Magistrate and Deputy Collector.

28th August.

Mr. E. H. Morland to officiate as Civil Auditor and Deputy Accountant, North Western Provinces.

30th August.

Mr. F. O. Wells, Accountant, North Western Provinces, will relieve Mr. Harvey from the charge of the Audit Office, and conduct the duties until relieved by Mr. Morland.

SUMACHAR DURPUN.

SATURDAY, SEPTEMBER 16TH. 1837.

WE beg the particular attention of our readers to the draft of an Act, which we publish to-day relative to the abolition of Persian.

We would also draw their attention to an important communication from the Board of Revenue to Collectors, respecting the power of Zemindars over their ryuts given below.

No. 73.

To the Commissioner of Revenue for the Division of [illegible]

Sir,—I am directed by the Sudder Board of Revenue to forward for your information and guidance, and that of your Subordinates, copies of Correspondence with the Commissioner of Cuttack, on the subject of Summary Suits, Regulation VIII. 1819.

2. You are requested to conform to the instructions issued to the Commissioner of Cuttack.

I have the honor to be,
Sir,
Your most Obedient Servant,
(Signed) C. E. TREVELYAN,
Additional Secretary.

Sudder Board of Revenue,
Fort William,
The 29th August, 1837.

No. 1141.

To the Secretary to the Sudder Board of Revenue, Fort William.

Sir,—On the 17th August, 1827, the Court of Sudder Dewanny Adawlut ruled that a Zemindar is not at liberty, under Section 18, Regulation VIII. of 1819, to attach the tenure of an intermediate holder, *i. e.* oust him, without having previously instituted a Summary Suit against him, under Section 15, Regulation VII. of 1799. "The declaration "that it is illegal to oust, except under "stated circumstances, necessarily im- "plies a remedy in case of the contra- "vention of such rule;" an intermediate holder, therefore, who may be disturbed in possession, on application to the Judge, may obtain an order for restoration, until the process prescribed shall have been observed.

2d. On the 7th March, 1828, in the same spirit, the Court ruled that a resident cultivator could not be disturbed, till an arrear had been adjudged to be due, and if ousted in contravention of that rule, should be restored to possession by the Judge on Summary Application.

3rd. On the 15th November, 1833, it was ruled by the Court, that all such cases of illegal ejectment, not attended with violence so as to bring the case within the cognizance of the Magistrate, should be preferred to the Collector under the provisions of Regulation VIII. of 1831.

4th. Under these constructions, therefore, Collectors are bound to receive all complaints of illegal ejectment brought forward by all classes of intermediate holders and ryuts, but such is not the general practice, neither is it known that such complaints can be admitted by a Collector.

5th. I propose, with the Board's permission, directing the attention of the Collectors in this Division to the existing Laws as construed by the Court of Sudder Dewanny Adawlut, and instructing them to open a register of these Cases, and keep them separate from suits for arrears instituted under Regulation VIII. of 1831.

6th. I request to be informed whether appeals from the decisions of Collectors in such cases should be received.

I have, &c.
(Signed) HENRY RICKETTS,
Commissioner.

Office of Commissioner,
19th Division,
The 26th May, 1837.

No. 151.

To the Commissioner of Revenue for the Division of Cuttack.

Sir,—I am directed to acknowledge your letter, No. 1717, of 31st ultimo, referring to your former communication, No. 1141, of 26th May last.

2d. You are requested to direct the attention of your subordinates to the existing laws as construed by the Court of Sudder Dewanny Adawlut in the manner proposed by you, instructing them to open a Register of the Cases preferred under Section 18, Regulation VIII. 1819, and to keep them separate from Suits for arrears instituted under Regulation VIII. 1831.

3rd. According to the spirit of the Court's construction, Cases of the above nature *are* appealable to the Commis-

১৮৩১ সালের ৮ আইনের ৪ ধারাতে সরাসরী মোকদ্দমার আপীলের যে বর্জিত কথা লিখিত আছে তাহাতে দৃষ্টি রাখিয়া আপীল করিতে হইবে।

সি ই ত্রিবিলিয়ন
গবর্ণমেণ্টের উপরি সেক্রেটরী।

বাবু প্রসন্নকুমার।

নীচে লিখিতব্য মোকদ্দমার আশ্চর্য্য বিবরণ কলিকাতার সম্বাদপত্রে প্রকাশিত হইয়াছে।

মেদিনীপুর জিলায় ভূয়ামুতা পরগনে বাবু প্রসন্নকুমার ঠাকুরের হুদ্দা পশ্চিম মশারানামক যে তালুক তাহার বার্ষিক রাজস্ব ৩২৮৭ টাকা দেওয়া যায়। সংপ্রতি ঐ জিলাহইতে তিনি আপন মোক্তারের স্থানে শুনিলেন ঐ তালুকের রাজস্ব ৪৩৩ টাকা গবর্ণমেণ্টের পাওনা আছে। তাহাতে বাবুর আজ্ঞানুসারে একখান বাঙ্গাল বেঙ্কের পোষ্ট বিল ও কোং ৩৩ টাকা কালেকটরী আপীসে দাখিলকরণার্থ ১৮৩৭ সালের ১৯ আগস্ত তারিখে প্রেরণ করা যায়। অতএব ঐ মোক্তার ১ সেপ্তেম্বর তারিখে ঐ পোষ্ট বিল ও ঐ কএক টাকা জিলার কালেকটর শ্রীযুত হৌষ্টন সাহেবের নিকটে দাখিল করিলেন।

শ্রীযুত হৌষ্টন সাহেব ঐ টাকার বিল কদাচ লইলেন না কেবল এমত নহে মোক্তার যখন আপন প্রার্থনার মর্ম সাহেবকে জ্ঞাপন করিলেন তখন তাঁহার ৫ টাকা গুনাহগারীও করেন অধিকন্তু ঐ তালুক ৩৬০০ টাকায় নীলামে বিক্রয় করিলেন।

এইরূপে রাজস্ব আদার নিমিত্ত বেঙ্কের পোষ্ট বিল লওনে অস্বীকৃত হওয়া গবর্ণমেণ্টের হুকুমের বিরুদ্ধ ঐ হুকুম আক্কৌণ্টাণ্ট জেনরলের সাধারণ পত্রে লিখিত আছে।

বাঙ্গাল বেঙ্কের পোষ্ট বিলে টাকা প্রেরণ করা এইক্ষণে সর্ব্বত্রই চলিত হইয়াছে এবং বাবু প্রসন্নকুমার ঠাকুর হৌষ্টন সাহেবের পূর্ব্বকার কালেকটর সাহেবেরদের নিকটেও এইরূপে টাকা প্রেরণ করিতেন তাহা তাঁহারা স্বচ্ছন্দে লইতেন।

যদ্যপি গবর্ণমেণ্টের কর্ম্মকারকের দ্বারা বাঙ্গাল বেঙ্ক বিল এইরূপে লওন অস্বীকৃত হয় তবে ঐ জিলাতে বাঙ্গাল বেঙ্কের সম্ভ্রম একেবারে লুপ্ত হইবে।

শ্রীযুত হৌষ্টন সাহেব গবর্ণমেণ্টের এক জন কর্ম্মকারক অতএব যে বেঙ্ক গবর্ণমেণ্টের স্থানে চার্টর প্রাপ্ত হইয়াছেন এবং যে বেঙ্ক গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীন আছে এমত বেঙ্কের পোষ্ট বিল লওনের বিষয়ে আক্কৌণ্টাণ্ট জেনরলের বিশেষ হুকুম ও বলবৎ ব্যবহার থাকনের যে তিনি অমর্য্যাদা করিলেন এবড় আশ্চর্য্য।

কলিকাতায় ডাকাইতী।

অত্যাশ্চর্য্য যে কলিকাতার মধ্যে দস্যুরদের এমত সাহস হইয়াছে যে তাহারা কলিকাতার গবর্ণমেণ্ট হৌসপর্য্যন্ত ডাকাইতী করিতেছে। গত সপ্তাহে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেবের নানা কাগজপত্র ও বিলেতে পরিপূর্ণ এক বাক্স শ্রীযুক্তের কুঠরীহইতে অপহৃত হইল। তৎক্ষণাৎ পোলীসের আমলারা তথায় উপস্থিত হইয়া অন্বেষণ করিতে লাগিলেন কিন্তু কিঞ্চিৎ পরে তাহা স্নানাগারের মধ্যে পাওয়া গেল।

ঢাকা শহরের সৌভাগ্য।

এই মোকদ্দমার মর্ম্ম এই যে ঢাকার প্রবিন্স্যাল আদালতের সংপ্রতিকার জজ ৺

sioner under the limitations prescribed for Appeals against Summary decisions, in Section 4, Regulation VIII. 1831.

I have, &c.

(Signed) C. E. TREVELYAN,
Additional Secretary.

Baboo Prosunnocoomar Tagore.

The following singular case has been published in the Calcutta papers.

Baboo Prosunnocoomar Tagore, proprietor of a talook, called Hoodah-Puschim-Mushara, situate in the Purgunnah Bhooyamootah, in the district of Midnapore, and paying to our Government an annual revenue of Co.'s Rs. 3267-4-3, having been informed by his Mooktiar in that district, that there stood a balance of revenue amounting to Co.'s Rs. 433, due to Government on account of the said talook, directed a remittance of Co.'s Rs. 400 in a Bank of Bengal Post Bill, dated the 19th of August, 1837, and Co.'s Rs. 33 in cash to be paid into the Collector's Office; and the Mooktiar, accordingly did, on the 1st September, tender the post bill and the money to Mr. Houston, Collector of the District.

Mr. Houston, not only refused to accept of the proffered payment, but fined the Mooktiar in the sum of five rupees, on the latter attempting to explain the ground of his application, but caused the talook to be sold for the sum of Co.'s Rs. 3,600.

This proceeding of refusing a post bill to transfer for revenue is contrary to the standing orders of the Government, contained in the circular issued by the Accountant General.

The mode of remittance by Bengal Bank post bills is universally adopted, and similar remittances made by Baboo Prosunnocoomar Tagore had been accepted of by Mr. Houston's predecessors.

The credit of the Bank of Bengal is likely to be effected throughout the district, by its bills being thus dishonored by Government Officers.

Mr. Houston, being a Government Officer, was the last person from whom it could be expected that bills from a Bank *chartered by Government*, and under the superintendence and control of Government, should have been thus dishonored, and that against the positive instructions of the Accountant General, and the established practice of the office!—*Eng.*

Robberies in Calcutta.

It is not a little singular that the robbers in Calcutta should have carried their audacity so far as to have plundered Government House. Last week a box containing papers, bills, and other articles belonging to Lord Auckland was stolen from his Lordship's room. The officers of Police were immediately at the spot, and a search was commenced; but it was soon after found concealed in the bathing house.

Mr. Mitford, late Judge of Dacca, left all his property for the benefit of that city. The will was disputed in England,

প্রাপ্ত রাবর্ট মিটফোর্ড সাহেবের উইল অর্থাৎ দান পত্রের ক্রোড় পত্র বলিয়া কএকখান অপূর্ণ লিখিত পত্র প্রকৃত লিপি কি না ইহা বিবেচনা করণ। ঐ সাহেব পারিস নগরে ১৮৩৬ সালের ২১ আপ্রেল তারিখে পরলোক গত হন তিনি ভারতবর্ষে ৮ লক্ষ টাকা রাখিয়া যান এতদ্ভিন্ন ইঙ্গলণ্ড দেশে কিঞ্চিৎ স্থাবর ও অস্থাবর সম্পত্তি আছে। তাঁহার এক স্ত্রী ছিলেন কিন্তু তিনি ঐ স্ত্রীহইতে অনেক কালাবধি পৃথক ছিলেন ঐ স্ত্রীকে তিনি জীবদ্দশাই কিঞ্চিৎ টাকা দিয়া বন্দোবস্ত করিয়াছিলেন সাহেবের এক ভ্রাতা ছিলেন কিন্তু তাঁহার সঙ্গে তাদৃশ ঐক্য ছিল না এবং এক ভগিনী ও ভাগিনেয় ও ভাগিনেয়ী ছিলেন। ১৮৩৫ সালে তিনি এক দান পত্র করিয়া তাহাতে এই লেখেন যে আমার তাবৎ সম্পত্তি আমি বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের হস্তে রাখিলাম তাহার সুদহইতে ঢাকা শহরের উপকারার্থ ব্যয় হইবে এই দান পত্রের সত্যতার বিষয়ে কোন সন্দেহ ছিল না পরে ১৮৩৬ সালের মার্চ মাসে সাহেব পারিসনগরে গিয়া পীড়িত হইলেন তাহাতে তাঁহার প্রাণ সংশয় হইলে তিনি তাহা জ্ঞাত হওয়াতে আপনার উকীলকে লিখিলেন যে আমার দান পত্র ও আমার ভগিনী ভাগিনেয়ী ও ভগিনী জামাতাকে সঙ্গে লইয়া আমার নিকটে আসিবেন। পরে ঐ ভাগিনেয়ী স্বামী ঐ উইলের এক জন টর্নি ছিলেন কিন্তু উকীল ঐ সাহেবের মৃত্যুর পূর্ব্বে পঁহুছিতে পারিলেন না। যে বিষয় লইয়া বিবাদ হইতেছে তাহার কাগজ পত্রসকল মিট্‌ফোর্ড সাহেব ঐ ভাগিনেয়ীর স্বামির হাতে দিয়া যান। তাহার মধ্যে এক পত্র তাঁহার দানপত্রের ক্রোড়পত্র বলিয়া লিখিত ছিল এবং তাহাতে এই লেখা থাকে যে আমার ভাগিনেয়ী ও ভাগিনেয়ীস্বামী আমার তাবৎ সম্পত্তির অধিকারী কিন্তু ঐ পত্রে কোন তারিখ কি সাক্ষী ছিল না।

অপর শ্রীযুত জজ সাহেব কহিলেন যে এই সকল কাগজ পত্র আমরা মঞ্জুর করিতে পারি না কেবল এক পত্র মঞ্জুর করিলাম ঐ পত্রে লিখিত আছে যে ঐ সাহেব এক জন নিজ ভৃত্যকে ১০০০ টাকা দিয়া যান। অতএব আর তাবৎ সম্পত্তিই ঢাকা শহরের উপকারার্থ ব্যয় করিতে স্থির হইল।

কলিকাতার কুলি।

সংপ্রতি দৃষ্ট হইতেছে যে কলিকাতা শহরের মধ্যে যে সকল কুলি আছে তাহারদের কর্ত্তৃক অনেক চুরি হইতেছে তাহাতে পোলীসের শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অতিবিবেচনাপূর্ব্বক ঐ অনিষ্ট ব্যাপার এই উপায়ের দ্বারা রহিত করিতে নিশ্চয় করিয়াছেন যে ঐ সকল কুলিরদিগকে এক২খান চাপড়াস দিয়া তাহারদের নাম পোলীসে লিখিয়া লন। এই সম্বাদ তাহারদিগকে দেওয়া গেলে কুলিরা বিশেষতঃ তাহারদের সরদারেরা এককালীন তাবৎ কর্ম্ম বন্দ করিয়া এই নিয়ম বিফল করিতে নিশ্চয় করিল তাহাতে দুই তিন দিবসপর্য্যন্ত কলিকাতার মধ্যে একেবারে মুটিয়ার কর্ম্মসকল বন্দ হইয়াছিল যেহেতুক মজুরেরা কোন কর্ম্ম করিতে স্বীকৃত ছিল না। তৎপরে শুনা গেল যে এইরূপ কর্ম্ম বন্দকরণের কারণ এই যে মাজিস্ত্রেট সাহেব তাহারদের প্রতি যেপ্রকার হুকুম দিয়াছিলেন তাহার বিপরীত সম্বাদ কোন কর্ম্মকারককর্ত্তৃক দেওয়া হইয়াছিল। অপর পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কুলির সরদারেরদিগকে ডাকিয়া এই বিষয়ের স্পষ্টবিবরণ ব্যক্ত করিয়া কহিলেন যদি এইরূপে তোমরা সরকারী তাবৎ কর্ম্ম বন্দ কর তবে তোমারদিগকে

but has been affirmed. The following account of the Proceedings is extracted from an English paper:—

"This was a question as to the validity of certain imperfect papers propounded as codicils to the will of Mr. Robt. Mitford, late Judge of the Provincial Court, at Dacca, who died at Paris on the 21st April, 1836, leaving personal property in India, to the amount of £80,000, besides a small real and some personal estate in England. He left a widow, from whom he was separated, and on whom a settlement had been made; a brother, with whom he was not on good terms, a sister, a nephew, and a niece. In 1835, he made a will, which was not disputed, whereby he bequeathed the residue of his property to the Bengal government, in trust, to apply it to charitable purposes for the benefit of the Native inhabitants of Dacca. In March, 1836, he went to Paris, where he was soon after attacked by illness, and being informed of his danger, sent for his solicitor to bring his will, and for his niece (Mrs. Reynolds) and her husband, who was an executor of his will. The solicitor did not arrive at Paris till after his death. The deceased dictated to Mr. Reynolds the papers in question, one of which declared that it was a codicil to his will, and proceeded:— 'Ann and you must sink every thing for your own use.' The papers were unsigned, undated, and unattested.

"*Sir H. Jenner* pronounced against the validity of the papers, except one, which bequeathed a legacy of £100 to the deceased's servant. The residuary bequest to Dacca, therefore, stands."—*Cal. Cour.*

The Coolies Strike in Calcutta.

A great number of robberies having of late been discovered to have been committed by the coolies or porters employed in Calcutta, it was wisely determined by the Superintendent of Police, to endeavour to check the practice by giving a badge to each cooly, and registering his name at the Police Office. Information of this having been conveyed to the coolies, and more particularly to the head men among them, they determined to prevent this measure by a general strike, and for two or three days in Calcutta there was no business whatsoever done, the coolies having universally refused to work. It was afterwards discovered, that in order to induce this, very false and exaggerated reports of the intention of the Magistrate had been conveyed to them. The Superintendent of Police was no sooner informed of this, than he sent for the head coolies, explained the matter to them, and threatened them with due

হরিণবাড়ী পাঠাইব। এই হুকুমের কিঞ্চিৎকাল পরে তাহারা অতি বিমর্শ হইয়া কর্ম্ম করিতে প্রবর্ত্ত হইল।

মাথাভাঙ্গা ও লার্ড উলিয়ম বেণ্টীঙ্কনামক বাষ্পীয় জাহাজ।

গত রবিবারে লার্ড উলিয়ম বেণ্টীঙ্কনামক বাষ্পীয়জাহাজাকৃষ্ট হইয়া মাথাভাঙ্গা জাহাজ আলাহাবাদহইতে সাড়ে ছয় দিনের মধ্যে কলিকাতায় পঁহুছিল এমত শীঘ্র গমন প্রায় কখন দৃষ্ট হয় নাই।

পয়সা।

গত সপ্তাহে সরকারী বণিকেরা সরকারী দোকানে সমস্তদিন না থাকাতে এইক্ষণে অন্যান্য বণিকেরা টাকায় যে বাট্টা লইত তাহা বৃদ্ধি করিয়া সাড়ে তিন পয়সাপর্য্যন্ত লইতে স্থির করিয়াছে।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর।

যদ্যপি ইঙ্গলণ্ডহইতে বা আবাহইতে এমত কোন নূতন সম্বাদ না পঁহুছে যে তদ্দ্বারা শ্রীলশ্রীযুক্তের মনের পরিবর্ত্তন না হয় তবে বোধ করি যে আগামি ১৫ নবেম্বরপর্য্যন্ত পশ্চিম দেশে শুভযাত্রা করিবেন।

কথিত আছে যে মিলেটরি দপ্তরের কএক জন মুহুরির বারাণসীতে প্রস্থান করিয়াছেন ঐ স্থানেই তাবৎ নৌকার বহর একত্র হইবে আরো উক্ত আছে শ্রীলশ্রীযুক্ত লক্ষ্ণৌতে উত্তীর্ণ হইয়া তত্রত্য ব্যাপার সকলের সাধ্যমত বন্দোবস্ত করিয়া পরে আগ্রায় উপস্থিত হইবেন। এতদ্দেশে শ্রীলশ্রীযুক্তের অবর্ত্তমানতা সময়ে রাজকীয় ব্যাপারসকল কিরূপে নির্ব্বাহ হইবে তন্নির্ণয়ার্থ যে আইন হইয়াছে তাহার অনুবাদ সমেত আমরা প্রকাশ করিলাম।

শ্রীশ্রীমতী ইঙ্গলণ্ড রাণীর প্রতি আবেদন।

কলিকাতার শ্রীযুত সরিফ সাহেবের নিকটে এইক্ষণে এক দরখাস্ত প্রস্তুত হইতেছে। তাহার অভিপ্রায় এই যে আমারদের শ্রীশ্রীমতী অতিবালা ইলঙ্গলণ্ড রাণীর সিংহাসনোপবেশনোপলক্ষে শ্রীশ্রীমতীকে সম্ভ্রমসূচক এক আবেদনপত্র অর্পণের ঔচিত্যানৌচিত্য বিবেচনার্থ এক বৈঠকে নগরস্থ লোকেরদিগকে আহ্বান করেন। তাহাতে নগরস্থ বহুতর বিশিষ্ট শিষ্ট লোকের স্বাক্ষর হইয়াছে।

নদীর পোলীস।

কলিকাতার প্রধান মাজিস্ত্রেট সাহেবের প্রতি এমত হুকুম হইয়াছে যে নদীর পোলীস কার্য্য দুই জন ইউরোপীয় কর্ম্মকারক সাহেবের অধীনে রাখেন এবং তাঁহারদের প্রত্যেক জনকে ২০০ টাকা করিয়া বেতন দেন। আরো ঐ ব্যাপারে যে সকল চাপড়াশিরা নিযুক্ত আছে তাহারদের দ্বিগুণ বেতন দেওনার্থ স্থির হইয়াছে তাহারদিগকে অতিবেগগামি এমত হালকি নৌকা দেওয়া যাইবে যে তদ্দ্বারা এতদ্দেশীয় সড়কি ডিঙ্গী বিশেষতঃ বোম্বেটিয়ারদের নৌকা ধরিতে পারে। উক্ত কর্ম্মকারকেরা সম্পূর্ণরূপে ক্ষমতাপন্ন হন এতদর্থ হুগলির ও চব্বিশ পরগনার মাজিস্ত্রেট সাহেবের প্রতি হুকুম দেওয়া গিয়াছে যে তাঁহারা ঐ কর্ম্মকারকেরদিগকে স্বং জিলার মধ্যে দারোগার ক্ষমতা দেন এবং ঐ কর্ম্মকারকেরদিগকে এমত হুকুম দেওয়া যাইবে যে খেয়ার নৌকাতে যত লোক ধরিতে পারে তাহার অধিক উঠাইতে দিবেন না।

কলিকাতার মৃগয়া।

মৃগয়া কার্য্যানুরক্ত শ্রীযুত বাবু দীননাথ দত্ত ও শ্রীযুত মকান সাহেব ও অন্যান্য কএক জন সাহেবেরা কুক্কুর ও পিস্তল ও দুই চুঙ্গার বন্দুক লইয়া সম্প্রতি শ্যা

punishment if they continue to obstruct public business. Soon after this they very quietly returned to their duty.

The Matabhanga Steamer.

The *Matabhanga*, in tow of the *Lord William Bentinck* steamer, arrived from Allahabad on Sunday last, in the incredibly short period of 6½ days. This is the quickest passage which has ever been made.

The Pice.

During the week, in consequence of the short time the government pice-venders attend their shops, the batta charged by the other shroffs on changing a rupee, has again increased to three and a half pice.

Governor General.

The Governor General contemplates leaving Calcutta about the 15th of November, if no news from England or Ava induces him to alter his intentions.

A part of the clerks in the Military Department, are said to have already started for Benares, where the whole fleet will assemble. It is said, that His Lordship will proceed to Lucknow to bring the affairs of that country, if possible, to a settlement; and that he will subsequently proceed to Agra. We republish, with a translation, the Act which provides for the management of the Government.

Address to the Queen.

A requisition to the Sheriff of Calcutta has been published, requesting him to call a public meeting of the inhabitants to consider the propriety of presenting a congratulatory address to our young Queen, on her accession to the throne. It has been already most respectably and numerously signed.

River Police.

The Chief Magistrate has been instructed to appoint two European officers at the head of the River Police, each on a salary of 200 Rs., and to increase the pay of the Police chuprassees to twice its present amount. These officers are to be furnished with fast rowing boats, so that they may be able to overtake the light dingees of the natives, particularly those of the *bombatias*. The Magistrates of Hooghly and the 24-Pergunnahs are to invest the officers with the powers of Darogahs in their respective zillahs, in order that their services may be perfectly efficient. They will also see that the ferry boats do not take in a greater number of people than they are safely capable of carrying.

Calcutta Hunt.

Deenanath Dutt, the sporting Baboo, Mr. McCann, and a few other gentlemen, with dogs, pistols, and double barrels, went out some days ago to

মপুকুরেরদিগে ব্যাঘ্র ধৃতার্থ গমন করিলেন। কিন্তু দৃষ্ট হইল যে ঐ স্থানে একটা চিতাবাঘ মাত্র আছে। উক্ত বাবু ও শ্রীযুত স্মিথ সাহেব এক দিগে গেলেন এবং শ্রীযুত মকান সাহেব কুক্কুর লইয়া অন্য দিগে গেলেন। পথিমধ্যে ঐ কুক্কুরেরা দুইটা শিয়াল দেখিতে পাইয়া অতিশীঘ্র তাহারদিগকে মারিয়া ফেলিল কিন্তু বাবুর বড় সৌভাগ্য যেহেতুক তিনি কিঞ্চিৎ দূরে গমন করিলে একটা অতিবৃহৎ চিতা বাঘ তাঁহার অতিনিকটে ঝাঁপটা মারিয়া চলিয়া গেল। তাহাতে বাবুর সঙ্গি তাবল্লোক ঐ চিতা বাঘের পায়ের দাগ দেখিয়া বনমধ্যে অনেক দূরপর্য্যন্ত গেল কিন্তু পরে অতিগ্রীষ্মপ্রযুক্ত তাহারদের ফিরে আসিতে হইল। অতএব কলিকাতায় যে ব্যাঘ্রের ভয় হইয়াছে সে ঐ চিতা বাঘই ইহার সন্দেহ নাই। শুনা গেল যে শ্রীযুত বাবু ও অন্যান্য কএক ব্যক্তি আগামি শুক্রবার পূর্ব্বাহ্নে ঐ ব্যাঘ্রের অন্বেষণার্থ যাইবেন। শহরের ঐ অঞ্চলে অত্যন্ত জঙ্গল হইয়াছে এইক্ষণে কএক দিবসাবধি পোলীসের কএক জন ঐ বন কাটিতে নিযুক্ত হইয়াছে।

মৈনপুরীতে দুর্ভিক্ষ।

মৈনপুরীহইতে আগত পত্রে লেখে যে উক্ত জিলাতে অত্যন্ত দুর্ভিক্ষ হইয়াছে দিনং দুর্ভিক্ষ বৃদ্ধিই হইতেছে এবং অনাহারপ্রযুক্ত লোকেরা দস্যুতাব্যবসায়ে প্রবর্ত্ত হইতেছে। প্রায় এমত দিন নাই যে ডাকাইতী না হইতেছে। ভূরিং লোক অস্ত্রশস্ত্রধারী হইয়া শস্যের গোলাসকল লুঠ করিতেছে। রাস্তাতে নির্ব্বিঘ্নে গমনাগমন করিতে পারা যায় না। জেহেলখানা পরিপূর্ণ আছে যেহেতুক অন্ন ও আশ্রয়রহিত ব্যক্তিরা জেহেলে অনায়াসে আশ্রয় ও আহার পাইতেছে। এবং যাহাতে ইহার প্রতিকারসম্ভাবনা এমত বৃষ্টির লক্ষণও দৃষ্টি হয় না। কথিত আছে ফত্তেগড়ে ইহাঅপেক্ষাও অধিক দুরবস্থা ঘটিয়াছে। সেই স্থানে বালকেরদিগকে যৎকিঞ্চিৎ ||০পর্য্যন্ত মূল্যেও বিক্রয় করিতেছে অধিকন্তু ওলাউঠা রোগের অতি প্রাদুর্ভাব হইয়াছে। গবর্ণমেণ্ট অতি বদান্যতাপূর্ব্বক লোকেরদিগকে নানা কর্ম্ম দিয়া আহার দিতেছেন কিন্তু তথাপি এত ক্লেশ যে তাহাতে অল্পোপশম বোধ হইতেছে।

পশ্চিম প্রদেশ।

পশ্চিম প্রদেশের ক্লেশ অদ্যাপি কিঞ্চিৎ শেষও হয় নাই। এই সপ্তাহের প্রথমে এমত সম্বাদ আগত হইয়াছে যে দিল্লী ও আগ্রা ও অন্যান্য স্থানে কেবল বিন্দুং বৃষ্টি হইয়াছে এবং তৎপ্রযুক্ত ভক্ষ্য দ্রব্যের কিঞ্চিৎ মূল্য কমিয়াছে কিন্তু তৎপরে এমত শুভ সম্বাদ আর শুনা যায় নাই। রুহেলখণ্ডের অবস্থা বিষয়ে নীচে লিখিতব্য বিবরণ পাঠ করিলে বোধ হয় যে ঐ প্রদেশে কিছুমাত্র রাজশাসন নাই একেবারে অরাজক হইয়াছে।

বরেলিহইতে লেখে যে এখানকার তৈনাতি অশ্বারূঢ়েরা যদবধি বাহিরে গিয়াছে তদবধি অত্যাচারের ন্যূনতা হইতেছে এবং বড়ং গ্রাম ও নগরসকল রক্ষা পাইয়াছে কিন্তু তাহারদের গমনের পূর্ব্বে অনেক গ্রাম ও নগর লুঠ হইতেছিল চোরেরা কেবল শস্যই লুঠ করিয়া থাকে বটে কিন্তু বস্ত্র তৈজস বলদ ইত্যাদি পাইলেও ছাড়ে না এবং অনেক চোর বমাল সুদ্ধ ধরা পড়িয়া বিচারার্থ প্রেরিত হইয়াছে বিশেষতঃ বিশালপুরের শ্রীযুত উলিয়ম সাহেবের উদ্যোগে। এমত জনরব আছে যে পিলবিক জিলাহইতে ৩০০ কয়েদিও বরেলি জিলাহইতে ১০০ জন প্রেরিত হইয়াছে। সিবিলসম্পর্কীয় শ্রীযুত গবিন্স সাহেবের গাড়ি লুঠ করিয়াছে এ

Shaumpooker to hunt the tiger, which proves to be a royal leopard. The Baboo and Mr. Smith went in one direction, and Mr. McCann another, with his dogs which fell in with a couple of jackalls, and made short work of them. The Baboo, however, was more lucky; he had not proceeded far when a very large leopard sprung past him, and disappeared in the surrounding jungles. The whole of the party traced him by his foot marks a considerable way, but gave up the chase, the sun proving too hot. There is now no doubt of his identity, and we hear that the Baboo and a few others intend going a second time on Thursday morning. A great number of men were employed by the Police in cutting away the jungle, which is thick about this part of the town.—*Engl.*

Famine at Mynpoorre.

Letters from Mynpooree give the most horrible account of the state of the district. Famine rapidly approaches; hunger is urging people to the commission of robberies; dacoitees are numerous; armed multitudes make descents upon grain stores; the roads are every where unsafe; the jails fill because they afford bread and a home to the starving and the houseless!—and there is no appearance of any fall of rain that would promise relief. Futtehgurh is stated to be in a worse condition. Children are offered for sale at any price, even down to 8 annas; and cholera is working its worst in the city. Government have come forward to give employment to the people, but the degree of succour falls far short of what is wanted.—*Englishman.*

The Western Provinces.

The distress in the Western Provinces still continues. At the beginning of this week, information was received that some showers of rain had fallen at Delhi, Agra, and in other places; and that the price of provisions had in consequence been somewhat lowered; but no succeeding accounts of an equally favourable character have arrived. The following account of Rohilcund shews that the country is in a state of fearful anarchy.

Since these parties of horse went out, crimes have been much less frequent, and the larger towns and villages have been saved, but before they marched many smaller villages were plundered and some were burnt. Grain is the chief object of search; but the robbers don't object to take clothes, or brass pots, bullocks, &c. and many prisoners have been taken (chiefly by Mr. Williams, at Beesulpoor) with stolen property in their possession, and sent in for trial. *Report says, about 300 have arrived* from the Pillibheet district, and 1000 from this—the Bareilly district. Mr. Gubbins, of the Civil Service, has had his hackeries plundered and an Arab

বং একটা আরবীয় অশ্ব লইয়া গিয়াছে। শ্রীযুত এনশাইন ফের সাহেব নদীর ভাটিয়ানে যাইতেছিলেন কিন্তু রামগঙ্গার বাহিরে না পঁহুছিতেং গুজরেরা তাঁহার দ্রব্যাদি লুঠ করিয়াছে। কথিত আছে যে মেওয়াটিরা এখানকার সরদার ডাকাইত কিন্তু আমি বোধ করি এই ব্যাপার সর্ব্বসাধারণ লোকের দ্বারাই হইতেছে কেবল এক জাতীয় লোকই যে তাহা করিতেছে এমত নহে। একগ্রামস্থ লোকেরা অপর গ্রামের উপর চড়াউ হয় এবং তাহা বরেলিস্থ যুদ্ধ ও সিবিলসম্পর্কীয় সাহেবেরদের চক্ষের গোড়ায় ইঙ্গলণ্ডীয়েরদের শিবিরের দৃষ্টিগোচর গ্রাম লুঠ ও দগ্ধ এবং অনেক প্রাণি হানি হইয়াছে তথাপি এই প্রকার সাধারণ পরস্পর যুদ্ধ চলিতেছে অদ্যপর্য্যন্ত নিবৃত্ত হয় নাই। এই সকল অনিষ্ট ব্যাপারের কারণ যে পোলীসের ক্ষীণতা পোলীসে যত লোকের আবশ্যক তাহার অর্দ্ধেকও নাই. শাজাহানপুরের পূর্ব্বকার মাজিস্ত্রেট সাহেব পোলীসের অশ্বারূঢ়েরদের সংখ্যার তিন অংশের এক অংশ কমাইয়াছেন। শুনা যাইতেছে যে বর্ত্তমান মাজিস্ত্রেট সাহেব ২০০ অশ্বারূঢ়ের নিমিত্ত প্রার্থনা করিয়াছিলেন কিন্তু তাহাতে কেবল ৩০ জন পাইয়াছেন। করেলি ও তদঞ্চল এই উৎপাতহইতে রক্ষা পায় না। শ্রীযুত মেজর হিয়র্সে সাহেব ও তাঁহার মিত্র শ্রীযুত লাম্বরন সাহেব পোলীসের বরকন্দাজেরদের সঙ্গেং গমন করত দস্যুরদিগকে ধৃতকরণার্থ অনেক উপকার করিয়াছেন। শস্য বোঝাই যে কএক গাড়ি লোঠকেরা লুঠ করিয়াছিল তাহার অনেকাংশ ফিরে পাওয়া গিয়াছে। এই দেশ যেমন বিশৃংখল ও গোলমাল হইয়াছে এমত কখন দেখা যায় নাই আমারদের কোতোয়াল নিরবচ্ছিন্ন পাগল।

অপর এক পত্রে লেখেন এই জিলাস্থ লোকেরা সকলই অবাধ্য হইয়া উঠিয়াছে লুঠব্যতিরেকে তাহারদের আর কোন ব্যবসায় নাই প্রতিরাত্রেই এক বা অধিক গ্রাম লুঠ হইতেছে। আমার প্রত্যাগমনের পূর্ব্বে এই আলোনা স্থানে গোলাপ সিংহের অধীনে কতক লোক একত্র হইল। ঐ সিংহ অতি মসহুর দস্যু কৃপালু সিংহের পুত্র। সেই দস্যু শহর আক্রমণের বিষয়ে ভয় দেখাইল তাহাতে শহরের কোতোয়াল মাজিস্ত্রেট ও কালেকটর সাহেবদিগকে এই বিষয় যথোচিত জ্ঞাপন করত প্রার্থনা করিলেন যে এই শহরে লুঠ ও প্রাণহানি না হয় এতদর্থ আমার সাহায্য করুন। মাজিস্ত্রেট সাহেব ইহা শুনিয়া শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষের নিকটে প্রার্থনা করিলেন যে বরেলিতে যে অশ্বারূঢ়েরা আছে তাহারদিগকে এখানে পাঠাইলে তদ্দারা এখানকার শান্তি রক্ষা করিতে পারি তাহাতে শ্রীযুত ব্রিগেডিয়র সাহেব কেবল এই পরামর্শ দিলেন যে এই বিষয়ে কমিস্যনর সাহেবের নিকটে দরখাস্ত করুন বোধ করি তিনি নগরের শান্ত্যর্থ কএক জন ঠিকা বরকন্দাজ রাখিতে আপনাকে হুকুম দিতে পারেন। তাহাতে কমিস্যনর সাহেবের নিকটে আবেদন করা গেলে তিনি উত্তর করিলেন যে আপনারা যে বিষয়ে শঙ্কা করিতেছেন সে অমূলক। দেশ এমত দুরবস্থ হয় নাই যে সৈন্যের সাহায্যের আবশ্যক রাখে। ইতিমধ্যে ঐ আলোনা শহর লুঠ ও পয়মাল হইয়া গেল। ফরিদপুর পরগনার যে সকল গ্রাম আছে তাহাও আক্রান্ত হইল তাহাতে থানাদার আঘাতী হওয়াতে তিনি ও তাঁহার তাবৎ বরকন্দাজেরদের বরেলিতে আশ্রয় লইতে হইল। শাহাজানপুর অবধি কলিকাতাপর্য্যন্ত গামি ডাক মারা পড়িয়াছে এবং অগ্নি ও অনাহার ও তলয়ার এই তিনে শহর একেবারে সংহার হইল কএক দিবস পূর্ব্বে শ্রীযুত মেজর হিয়র্সে সাহেবের কএকখান গাড়ি বরেলিহইতে শস্য বোঝাই হইয়া আসিতেছিল তাহা দিবাডাগেই দস্যুরা চড়াউ হইয়া লুঠ করিল এবং যে তৈনাতি বরকন্দাজেরা ছিল তাহারা আঘাতী হইয়া পলাইল দস্যুরা স্বচ্ছন্দে শস্য লুঠ করিয়া চলিয়া গেল এই ব্যাপার কাছারির দুই তিন ক্রোশের মধ্যেই হয়। কথিত আছে বিশালপুরের অন্তঃপাতি ৫২খান গ্রাম লুঠ হইয়াছে এবং শিবিরস্থ সৈন্যেরদের দৃষ্টিগোচর এক ক্ষুদ্র গ্রামের সামান্য এক স্ত্রীর হস্তে কঙ্কণ ছিল দস্যুরা তাহার দুই হস্ত কাটিয়া তাহা লইয়া গেল। শুনা যাইতেছে যে শ্রীযুত কমিস্যনর সাহেবের ঘরপর্য্যন্ত লুঠ হইয়াছে। কাছারিতে যে ২৪ জন বরকন্দাজ ছিল তাহার ২০ জন ঐ ঘরের রক্ষার্থে রক্ষিত হইয়াছে। ইহা নিশ্চয় কহিতে পারি যে বরেলির বাজারে এমত ঢেঁড়রা দেওয়া গিয়াছিল যে তাবৎ লোক স্বং বিষয় রক্ষা করুন ইহাতে আপনি বোধ করিতে পারিবেন যে নগরবাসি লোকেরদের কিপর্য্যন্ত ভয় জন্মিয়াছিল তাহাতে তাবদ্দোকান বন্দ হইল এবং যদ্যপি কোন ব্যক্তিরা শস্য ক্রয়করণার্থ দোকানে যাইত তবে একং করিয়া দোকানের মধ্যে আনিয়া তৎক্ষণাৎ দ্বারবন্দ করিত পরে দোকানদার সেই ব্যক্তিকে শস্যাদি দিয়া কহিত যে যথাসাধ্য শীঘ্র এখানহইতে প্রস্থান কর। তাবৎ জিলার মধ্যে কোন স্থানেই একখান গাড়ি বা এক জন পথিক দৃষ্ট হয় না। লোকসকল দলেং অস্ত্রধারী হইয়া চলে। দেশীয় সামান্য বারুদ এইক্ষণে ১ টাকা শের বিক্রয় হইতেছে এবং বারুদের এমত টান হইয়াছে যে সংপ্রতি ২০।৩০ মোন সোরা শেরা।০ করিয়া বিক্রয় হইল। প্রতিরাত্রেই গ্রামের মধ্যে কেবল বন্দুকের আওয়াজ শুনা যায় এবং যদ্যপি কোন বিদেশি লোক এখানে আসিত তবে তাহার বোধ হইত যে কিপর্য্যন্তই না জানি যুদ্ধ হইতেছে।

মিরট।

এখানকার বক্সি দপ্তরের হিসাব দেখা যাইতেছিল এইক্ষণে শুনা গেল যে তাহা সমাপ্ত হইয়াছে তাহাতে ৭৭,০০০ টাকা বাকি পড়িয়াছে।

পত্রপ্রেরকেরদের প্রতি।

ধর্ম্মসভার দলাদলিবিষয়ক প্রত্যুত্তর পত্র অতিঅস্পষ্ট ও স্থানেং অসম্বদ্ধ লিখিতপ্রযুক্ত অপ্রকাশ্য রহিল।

কস্যচিৎ লার্ড বিশাপ মনিটরস্য ইত্যঙ্কিত পত্র প্রকাশে কোন ফল হইতে পারিবে না।

চব্বিশ পরগনার উকীল মোক্তারের পত্র প্রকাশ করিতে অক্ষম হওয়া গেল তাহাতে ঐ জিলার এক জন বিচার কর্ত্তার অবিচার বিষয় লেখেন তাহার সত্যতায় সন্দেহ দূর হয় না।

কস্যচিৎ দর্পণপাঠকস্য ইতিস্বাক্ষরিত অতি দীর্ঘ পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে কিন্তু তাহার অভিপ্রায় প্রায় অব্যক্তপ্রযুক্ত প্রকাশ্য বোধ হইল না।

বেহারিলালও তাঁহার মিত্রবর্গের স্বাক্ষরিত আফীংবিষয়ক পত্র প্রকাশে এইক্ষণে আর কোন ফল নাই তাহাতে যাহা হইবার তাহা হইয়াছে।

কস্যচিৎ ডেপুটি কালেকটর দর্পণপাঠকস্য ইতিস্বাক্ষরিত পত্র অতিদীর্ঘ অথচ কেবল এক বংশের প্রশংসাসূচক অতএব তাহার প্রকাশ তাদৃশ অনুরঞ্জক নহে।

মি আইন বে ইতিস্বাক্ষরিত পারস্যেতে এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহার তর্জমাকরণে অবকাশ না থাকাতে এইক্ষণে অপ্রকাশ্য থাকিল।

stolen.—Ensign Phayre, proceeding down the river, was attacked by Goojurs before he got out of the Ram Gunga. Meywatties are said to be the chief plunderers here, but, I believe, the system is *general*, and not confined to any particular race of men. One village turns out against another, and that, too, close under the noses of the Military and Civilians of Bareilly: villages *within sight* of the cantonment have been plundered and burnt, and lives lost, and still they carry on the war; all this is, of course, owing to the inefficient state of the Police which is not half strong enough. The former Magistrate at Shajehanpore reduced the number of Police Horsemen, I believe, about one third. The present Magistrate, I hear, lately applied for an additional party of 200 ! ! ! and he got 30 ! ! !—all that could be spared. Kuraillee and its vicinity have not been exempted from the late disturbances. Major Hearsey, assisted by his friend Mr. Lambourn, has done some good, in accompanying parties of Police and taking prisoners. They managed to rescue a great many hackeries loaded with grain, which had been taken possession of by the plunderers. I never saw the country in such a state of confusion and disorganization. Our City Kutwal too is a fool.

The people in this district are up in a mass, and plunder is the order of the day. Every night one or more villages are plundered. Just before I returned, several hundred men assembled here (Aonlah) under the command of Golab Sing, son of the famous robber Kirpal Sing, and threatened to attack the town. The Tehsildar of the place duly informed the Collector and Magistrate of the circumstances, and solicited him to furnish such aid as might be requisite to save the town from plunder and prevent loss of life. The Magistrate, on this information, applied to the Brigadier commanding to give him the assistance of the Local Horse (stationed at Bareilly) to maintain peace. But what does the Brigadier do in such a crisis? Why, he recommends an application to the Commissioner, hinting that he may authorize the Magistrate to entertain extra burkundases for the preservation of the public peace ! ! ! The Commissioner was written to; but doubting the extent of the apprehended danger, declares that the state of the country does not require the interference of the military power. In the mean time the town of Aonlah is robbed and plundered; the villages in Furreedpore Pergunnah attacked; the Thannadar wounded and forced with his burkundases to fly for protection to Bareilly. The dakh of Shajehanpore and Calcutta is robbed, and fire, sword and famine are desolating the country around. A few days ago several hackeries belonging to Major Hearsay, while conveying grain to the city, were attacked in open day, the armed attendants wounded and forced to fly, and the grain carried off in triumph, and this within 2 or 3 coss of the Kutchery. In Beesulpore, it is said, 52 villages have been plundered; and at a small village within sight of the cantonments, both hands of a poor woman were cut off for the sake of the brass bangles on her wrists; the Commissioner's house has, I hear, been attacked; and 20 out of 24 of the Kutchery burkundases removed there to keep watch! It is a fact, that proclamation by beat of drum was made through the Bareilly Bazar, that "all the inhabitants were to take care of themselves," and, as you may well imagine, the whole of the inhabitants are terror-struck. The shops are all shut, and if you want grain, &c. one at a time is carefully let in, the door closed, the grain doled our, and you requested to "make yourself scarce." In any part of the district you will not meet with a *single* hackery or a single traveller; they now go in droves and all well armed. Common country gunpowder is now selling for 1 rupee per seer, and from 20 to 30 maunds of saltpetre have been purchased at the rate of 8 annas per maund, so much is gunpowder in request. Guns are blazing away nightly in every village, so much so that a stranger would imagine himself in the theatre of some desperate war.

Meerut.

The investigation into the Pay Office Accompts has, we hear, concluded, and the ascertained deficiency amounts, we believe, to 77,000 rupees.

To Correspondents.

The letter respecting the *Dhurma Subha*, is not clear, and in some places very unintelligible, and we cannot therefore publish it.

We can see no end that would be answered by publishing the letter of *A Monitor in the Bishop's Schools.*

The letter of *A Vukeel Mooktiar of the 24-Pergunnas* cannot appear. We are not sure that the censure it bestows on a judge in that district, is correct.

We have received *A Reader of the Durpun*, but cannot comprehend his object, and cannot publish it.

It would be of no use to publish the letter of *Behareelall Day and his friends* on the Opium question. It has been settled.

A Deputy Collector and a Reader of the Durpun, has sent a long letter about one family. It would not be generally interesting.

The letter *Mem Ain Bé* has been received, but want of leisure for translating it, prevents its publication.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

সাং ভবানীপুরে কৃষ্ণচন্দ্র আঢ্যনামক এক ব্যক্তি সুবর্ণ বণিক যাহার উপরে উক্ত গ্রামের সমুদায় লোকই মনুষ্যহন্তা এমত গুরুতর সন্দেহ করিত কিন্তু ভাগ্যক্রমে সে ব্যক্তি কখন ঠিক সাবুদে আইসে নাই যে ঐ ব্যক্তি অমুককে বধ করিয়াছে। একারণ কোন ভারি সাজা অদ্যাবধি পায় নাই।

গত ৪ আষাঢ়ে নবকুমার পোদ্দারনামক এক ব্যক্তি সুবর্ণ বণিক মাহেশে শ্রীশ্রী৺ জগন্নাথ দেবের স্নান দর্শনার্থ গমন করিলেই এক ব্যক্তি ৪টিকতক আম্র ও এক হাঁড়ি ক্ষীর উক্ত পোদ্দারের ভবনে আনিয়া কহিল যে নবকুমারের ভগ্নীপতি এই দ্রব্যসকল উপঢৌকন পাঠাইয়াছেন। ইহা বলিয়া ঐ দ্রব্যসকল রাখিয়া সে ব্যক্তি প্রস্থান করিল। পরে উক্ত পোদ্দারের সমুদায় পরিজনেরা ঐ ক্ষীর খাইয়া মৃতবৎ হইয়া পড়িল। পরে ঈশ্বরেচ্ছায় প্রতিবাসিরা কেমন করিয়া জানিতে পারিয়া ঐ পোদ্দারের বাটীতে প্রবেশ করিয়া নানাবিধ চেষ্টাদ্বারা তাহারদিগের প্রাণসকল রক্ষা করিয়াছেন। এবং কৃষ্ণচন্দ্র আঢ্য যে ব্যক্তি এই গুরুতর কর্ম্ম করিয়াছিল এবং করিয়া থাকে সে ব্যক্তি দারোগাকর্তৃক গ্রেপ্তার হইয়াছে। পরে মাজিষ্ট্রেট সাহেবের বিচারে কি হয় বলা যায় না।

শ্রীযুত দর্পণসম্পাদক মহাশয়সমীপেষু।

আমারদিগের নীচের লিখিত কএক পংক্তি সংশোধনপূর্ব্বক আপনকার পক্ষপাতরহিত দর্পণৈকপার্শ্বে স্থানদানে এ দীনহীনদিগের অন্নাচ্ছাদনের পথ নিষ্কণ্টকদ্বারা চিরকাল যশোভূষিত হইবেন।

কলিকাতা রাজধানীর দক্ষিণ খিদিরপুরনামক গ্রাম যথায় ৺ দেওয়ান গোকুলচন্দ্র ঘোষাল মহাশয়ের বাসস্থান যাঁহার পুণ্য কীর্ত্তি খ্যাতি প্রতিপত্তি এবং দাতৃত্বাদি যাহা অদ্যাবধি সংসারে ঘোষণা আছে। তাঁহার নানা স্থানে ৺ দেব দেবী স্থাপনাপ্রভৃতি বিবিধ কীর্ত্তি আছে তাহার সেবার সংস্থান তত্তৎস্থানেই নিরূপণ আছে। এইক্ষণঅবধি সে সকল সেবার হানি হয় নাই কিন্তু তাঁহার স্বীয় ভবনে অর্থাৎ খিদিরপুরের বাটীতে ৺ লক্ষ্মীনারায়ণ জিউ ঠাকুর আছেন তাঁহার সেবার বাহুল্যতা এবং দেবোত্তর ভূম্যাদি উপযুক্তমত রাখিয়া দেওয়ানজির পরলোক হয় তদবধি তদ্রূপ সেবা চলিতেছিল। পরে তাঁহার পত্নী ৺ রাজেশ্বরী দেবী ও তাঁহার পুত্রের জামাতা ৺ তারাকিঙ্কর চট্টোপাধ্যায় মহাশয়ের লোকান্তর হওনাবধি ৺ দেওয়ানজি মহাশয়ের সমুদায় বিষয়ের কর্ত্তৃত্ব শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র ও শ্রীযুক্ত গিরীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং শ্রীযুক্ত নবচন্দ্র চট্টোপাধ্যায়ের হওয়াতে ৺ লক্ষ্মীনারায়ণজিউর সেবা অতিসামান্যরূপ রাখিয়া দেবোত্তর বিষয়ের সমুদায় উপস্বত্ব আপনারা গ্রহণপূর্ব্বক স্বাস্ব পরিবারের সেবায় রত হইয়া চিরকালের অতিথি সেবা এবং দীনদুঃখি ও অনাহূত ব্রাহ্মণপ্রভৃতি যাঁহারা ঐ ঠাকুরের প্রসাদের প্রত্যাশি তাঁহারদিগের প্রত্যাশা এককালীন রহিত করিয়াছেন। যদ্যপিও এতদ্বিষয়ে আমারদিগের বক্তব্যের প্রয়োজন রাখে না তথাচ ঐ প্রত্যাশাপন্ন ব্যক্তিদিগের ক্লেশ সহিষ্ণুতা না করিতে পারাতে সুতরাং এ বিষয় প্রকাশ করিতে হইয়াছে। অতএব সম্পাদক মহাশয় অনুগ্রহপুরঃসর এতদ্বিষয়ে আপনকার মতকৃতা যাহা থাকে তৎসম্বলিত প্রকাশ করিলে বোধ করি চব্বিশ পরগনার শ্রীযুক্ত কালেক্টর সাহেবের কর্ণগোচর অবশ্য হইতে পারিবেক এবং তাঁহার মনোযোগে এ বিষয়ের বিশেষ তত্ত্বাবধারণদ্বারা শ্রীশ্রী৺জিউর সেবার পারিপাট্য হইয়া উপরিউক্ত ক্ষুধিত ব্যক্তিসকল অবাধে উদর পোষণ করিয়া শ্রীযুক্ত কালেক্টর সাহেবকে নিরন্তর আশীর্ব্বাদ করিতে নিযুক্ত থাকে। এই সম্বাদ যদ্যপি অন্যান্য সম্পাদক মহাশয়রা অনুগ্রহপূর্ব্বক স্বীয় প্রকাশ্য পত্রে অঙ্কিত করিয়া প্রকাশ করেন তবে অবশ্য এ অত্যাচার রহিত হইয়া পূর্ব্বের ন্যায় সেবা চলিতে পারিবেক।

কেষাঞ্চিৎ খিদিরপুরনিবাসি জনানাং।

Correspondence.

To the Editor of the Durpun.

There was at Bhobanipore a goldsmith of the name of Krishnochunder Adya, whom all the people of the village suspected of being a murderer, but no proof could be obtained that he had really put any one to death. He has, therefore, to this day received no heavy punishment. On the 4th of Assar last, a goldsmith of the name of Nobocoomar Poddar went to Mahesh at Juggernath's festival, and some one brought some mangoes and, a pot of curds to the house of the Poddar, and said the brother-in-law of Nobocoomar had sent these articles as a present; saying this, the individual threw the article down and went away. Soon after the family of the Poddar partaking of the article, became like dead persons; but the neighbours, through the favour of God, coming to know it, entered the house of the goldsmith, and by various attentions endeavoured to save their lives; and Krishnochunder Adya who did these things, and was in the habit of doing this, was taken into the custody of the Darogah. What may turn out upon the examination of the Darogah, we know not.

To the Editor of the Durpun.

We beg to correct the following few lines, and to give them a place in your impartial paper, and thus clear a way for the support of the poor and the distressed.

The late Dewan Gokoolchunder Ghosal resided at Kidderpore; his various acts of merit are universally known and his liberality is famed abroad. In many placed he acquired fame by the establishment of images of Gods and Goddesses, and by giving them sufficient endowments; and none of these endowments appears to have fallen off, except that of his own residence at Kidderpore, where he established the worship of Lukhinarain Jeoo, before his death; he made all the arrangements for continual service, and left an ample provision of rent-free lands, and the service thus continued for some time. But from the death of his widow Rajeshuree Dabee, and the son-in-law of his son Radhakinkor Chuttopadhaya, the entire charge of the estate of the Dewan, having fallen into the hands of Govindchunder and Gireeshchunder and Nubochunder, the worship of Lukhinarain Jeo has greatly fallen off, and the produce of the endowments goes to their families, and is devoted to their service; and all hospitable rites and the support of the poor and the indigent, and of those uninvited Brahmuns, whose hope for subsistence rests upon the food offered to the idol, have been at once taken away. Although there may be little occasion for us to write thus, yet being unable to bear the distress of those whose hopes have been destroyed, we felt constrained to address you. Wherefore, Mr. Editor, if you will publish this account, together with any excellent remarks of your own, we think it may attract the attention of the Collector of the 24-Pergunnahs, and through his exertions made, after due enquiry, the service of Lukhi narain Jeo may be again established, and the bellies of the hungry Brahmuns filled, who will not fail continually to bless the Collector. If this paper be also copied by the other Journals, this injustice may be redressed, and the worship established upon the old footing.

Certain Residents of Kidderpore.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিনয় বিশিষ্ট নিবেদনমিদং। শহর চন্দননগরের প্রজাবর্গের এক নিবেদন পত্র আপনকার ২৬ আগষ্ট শনিবাসরীয় নির্ম্মল দর্পণে অর্পণ করিয়া অনুগ্রহ প্রকাশ করিয়াছেন। তৎপত্রে অনুবিদিত ছিল উক্ত শহরের প্রজাবর্গ মহাগ্নিতে জ্বালাতন হইয়াছিল তাহা মহাবৃষ্টি বরিষণের ন্যায় শ্রীযুত মুসে বেদিয়ে সাহেব গবর্নর হইয়া উক্ত শহরে পাদার্পণ মাত্রেই সে জ্বালা এককালীন নিবারণ হইয়া কিঞ্চিৎ বাষ্পীয় উত্তাপ যে ছিল অর্থাৎ দেওয়ানী আদালতের অধিক খরচা যাহা এইক্ষণে নির্দ্ধারিত আছে তাহা কমাইবার যে প্রার্থনা আমরা করিয়াছিলাম শ্রীযুতও আমারদিগের প্রজাবর্গের হিতার্থে হিতৈষী হইয়া সেরেস্তা তদারক করিতেছিলেন। ইতিমধ্যে ঐ উপরের লিখিত বৃষ্টি বরিষণের মেঘাচ্ছাদিত বজ্র প্রজাবর্গের মস্তকোপরি পতিতের ন্যায় জনশ্রুতি হইয়াছে যে উক্ত গবর্নর সাহেব স্বীয় প্রয়োজনার্থ এক বৎসরের নিমিত্তে অক্টোবর মাসে স্বদেশে গমন করিবেন। এই বজ্রপতিত ভয়ে আমরা প্রজাবর্গে মৃত প্রায় হইয়াছি। দর্পণ প্রকাশক মহাশয় যো ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে অভাগা প্রজাবর্গের অদৃষ্টে সুখমাত্র নাই এমতই এ দৈব ঘটনা উপস্থিত হইয়াছে। এইক্ষণে আমরা প্রজাবর্গ এই প্রার্থনা করি যে শ্রীযুতের স্বদেশে গমনের প্রায় দুই মাস কাল বিলম্ব আছে। যদি শ্রীযুত কিঞ্চিৎ পরিশ্রম স্বীকার করিয়া অভাগা প্রজাবর্গের উন্নতি নিমিত্ত ঐ বিষয় ধার্ম্মিক বিজবর প্রজাপ্রতিপালক শ্রীযুত আনতোয়ান লেফরাস্ত সাহেব যৎকালীন উক্ত শহরের জজ মাজিষ্ট্রেট ছিলেন তৎকালীন বঙ্গদেশের রীতি মতে অনায়াসে দুই কর্ম্ম নির্ব্বাহ করিয়াছিলেন। তাহাতে প্রজাবর্গে পরমসুখে কালযাপন করিয়াছিল। তৎকালীন দেওয়ানী আদালতের খরচা বিষয়ে যে সুনিয়ম ছিল তাহাই বহাল রাখেন। ইহা হইলেই প্রজাবর্গের পরমোন্নতি হইবেক। এবং বঙ্গদেশের যে চলিত রীতিব্যবহার দেওয়ানী ও ফৌজদারী আদালতের যাহা আছে অর্থাৎ কৎস্রিবিল ও কৎকৃমিননালে আইন যাহা শ্রীযুতের দেশে চলিত আছে তাহা আমারদিগের বঙ্গদেশে সকল রকম চলিত নাই। আমারদিগের দেশে যাহা চলিত আছে তাহার সহিত ঐক্য করিয়া বঙ্গদেশের বিপরীত রীতি যাহা আছে তাহা পরিবর্ত্তন করিয়া দিলে এশহরের প্রজাবর্গে শ্রীযুতের মহোন্নতি ৺ সমীপে নিয়ত প্রার্থনাপূর্ব্বক পরম সুখে কালযাপন করিতে পারে। শ্রীযুত সর্ব্বগুণের আধার স্বকীয় বদান্যতা প্রকাশপূর্ব্বক উক্ত শহরের প্রজাবর্গের মঙ্গলার্থ কতকগুলিন ভদ্র লোককে আহ্বান করিয়া নতাবল উপাধি প্রদান করিয়া প্রজারদিগের হিতজনক অনেক কর্ম্ম তাহারদিগের প্রতি তারাপণ করিয়াছেন এবং করিবেন মানস করিয়াছেন। এবিধায়ে শ্রীযুতের রাজকর্ম্মে সুন্দর পারকতা আছে আমারদিগের প্রজাবর্গের প্রতি বহুতর অনুগ্রহ প্রকাশ করিয়াছেন কেবল এই মাত্র নিগ্রহ করিলেন যে তিনি আমারদিগের পরিত্যাগ করিয়া স্বদেশে গমন করিবেন। অতএব এইক্ষণে ৺ সমীপে আমারদিগের প্রার্থনা শ্রীযুতের আয়ুর্বৃদ্ধি যশোবৃদ্ধি এবং মহৈশ্বর্য্য হউক এবং স্বচ্ছন্দে সুস্থ শরীরে স্বদেশে পঁহুছিয়া আপন পরিবারকে সুস্থ দেখিয়া সুস্থ হউন। দর্পণপ্রকাশক মহাশয় আমারদিগের প্রজাবর্গের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া এই পত্র দর্পণৈকপার্শ্বে অনুবিধিত করিয়া চির বাধিত করিবেন ইতি।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

To the Editor of the Durpun.

Receive my salutations. You were so kind as to publish in the Durpun of the 20th Shrabun, a letter from the inhabitants of the town of Chandernagore; in which it was written that the inhabitants of the town, having been subjected to great difficulties, Monsieur Bedier having been appointed Governor, immediately upon his arrival extinguished that fire. The little steam that still existed, viz. the great expenses of Civil Suits we entreated might be removed. His Excellency, earnestly desirous of relieving the people, entered upon an examination of the matter, but the news which we now hear, comes like a thunder stroke upon the people, viz. that our Governor will leave the town for a twelve month in October next. We are terrified to dea that the intelligence. This unfortunate event teaches us that there is nothing auspicious in the fortunes of poor people. Now our petition is, that as nearly two months yet remain before His Excellency's departure, if he would agree to a little labour and re-establish the rules regarding the expense of Civil suits, which were established during the time of our highly respected and benevolent Mr. Le Frano, by which the people were liberated from all distress, he would confer real benefit upon the town. The Code Civil and the other Codes which are in force in France, although brought into use in this Colony, are foreign to the country, and we wish, therefore, that a commutation be made, and that those rules, which are contrary to the established customs of the country, be abolished; then the inhabitants of this town will be grateful and happy. His Excellency has many eminent virtues, and in his liberality he has determined, in order to promote the welfare of the people, to give some of the most respectable men of the town the title of Notables, and to entrust to them some of those functions by which the people may be benefited; and he has in some measure effected this. This shews His Excellency's turn for government; he has done great benefits to the people and we have nothing to complain of except that he is about to leave us. We pray God that his life, honour and prosperity, may increase, and that he may reach home in health and find his family in a state of welfare. Mr. Editor, we beg you to oblige us by publishing these few lines.

Certain Inhabitants of Chandernagore.

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	12	0	13	0
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal............... Co's. Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৫৮ সংখ্যা। বালম ১৯।] ২৩ সেপ্তেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৮ আশ্বিন। SATURDAY, SEPTEMBER 23D. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1158. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Sale.

NOTICE is hereby given that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munseetpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction with their buildings and other appurtenances in One Lot at the Export Ware-House, on Wednesday the 18th October, 1837. Upset price Co's. Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of Sale and other particulars may be ascertained on application at the Export Warehouse.

By Order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
31st August, 1837.

নীলাম।

সমাচার দেওয়া যাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিন্তপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাত্তাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ১৮ অক্তোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকায় নীলামে ধরা যাইবে।

এই সকল কুঠীর কোন রকমের লহনা বাকি ঐ২ কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাত্তাবাড়িতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হুকুমক্রমে

খাত্তাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাত্তাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানার কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

ইশতেহার।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্‌দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ইশতেহার।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে বিভক্ত মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ইশতেহার।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

ম্যেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে। ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৫০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সানরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১।০ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গল ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কালাকুইণ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত তৃতীয়বার মুদ্রিত। মূল্য ৩ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ বঙ্গের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সমপূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নিলরত্নশর্ম্মকহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhuttu, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha*, or Grammar of *Vopa Deva*, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 2 Rs.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India, composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১ সেপ্তেম্বর ১৮৩৭।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত লেপ্তেনন্ত পি নিকলসন সাহেব ১৮৩৩ সালের ১৩ আইনঅনুসারে শ্রীলশ্রীযুত গবরনর জেনরলের প্রধান আসিষ্টান্টী কর্ম্মে পুনর্নিযুক্ত হইয়াছেন।

১২ সেপ্তেম্বর।

শ্রীযুত জি জি মাকিণ্টস সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরণিয়ার খাস ও বাজেয়াপ্ত মহালের কর্ম্মে থাকিয়া বেহারের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটরী করিবেন।

লেপ্তেনন্ত শ্রীযুত জে ডবলিউ ফ্রেসর সাহেব কটক প্রদেশের সরবেয়র অর্থাৎ জরীপের কার্য্যভারাক্রান্ত হইয়াছেন।

শ্রীযুত জি হফ সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে কটক প্রদেশের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু রাধাবল্লভ দাস ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে বালেশ্বরে ঐ ঐ।

সদর আমীন শ্রীযুত বাবু বৈদ্যনাথ সেন জিলা যশোহরের দ্বিতীয় প্রধান সদর আমীন হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বস্বকর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জে জে হারবি সাহেব চিকিৎসকের সার্টিফিকেটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এ এস আনন্দ সাহেব শ্রীযুত হারবি সাহেবের অনুপস্থানপর্য্যন্ত অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

জিলা পুরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রোকন উদ্দীন খাঁ বাহাদুর দশরাবন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

সারণের মাজিষ্ট্রেট ও কালেকটরের আসিষ্টান্ট শ্রীযুত এচ সি লসিংটন সাহেব গত মাসের ২২ তারিখে যে ছুটি পান তাহার সম্পূর্ণ কাল ঐ মাসের ৩১ তারিখঅবধি অথবা তাঁহার ঐ কর্ম্মে পুনর্নিযুক্ত হওনের তারিখঅবধি রহিত হইয়াছে।

২ সেপ্তেম্বর।

শ্রীযুত আর এচ স্কট সাহেব স্বাস্থ্যার্থ ডেরার উত্তর পর্ব্বতে গমন নিমিত্ত দুই মাসের ছুটি পাইয়াছেন। এবং শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এচ সি হেমিল্টন সাহেবকে পোলিটিকাল ও জেনরল ডিপার্টমেন্টের সেক্রেটরী কর্ম্মের ভার গ্রহণার্থ হুকুম দিয়াছেন।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের উপরি উক্ত তারিখের হুকুমক্রমে ঐ শ্রীযুত হেমিল্টন সাহেব গবর্ণমেন্টের পোলিটিকাল ও জেনরল ডিপার্টমেন্টের সেক্রেটরীর কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

১৩ সেপ্তেম্বর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সলে কোম্পানির কেরানি শ্রীযুত ডি কনলিপ সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে বঙ্গরাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

৬ সেপ্তেম্বর।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব কটক জিলার ধর্ম্মোপদেশক শ্রীযুত রিচার্ড আরনল্ড সাহেবকে গত মে মাসের ২৭ তারিখের কলিকাতা গেজেটে যে ছুটি প্রকাশ হয় তদতিরিক্ত তিন দিনের ছুটি দিয়াছেন।

১৩ সেপ্তেম্বর।

শ্রীযুত ডি কনলিপ সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে ইক্জেমিনে উত্তীর্ণ হইয়া সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহার প্রতি বিলাতে প্রস্থানার্থ গত মাসের ২ তারিখে যে হুকুম হয় তাহা রহিত হইয়াছে।

CIVIL APPOINTMENTS.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

1st September.

Lieutenant P. Nicolson re-appointed to be a Principal Assistant to the Agent to the Governor General, under Regulation XIII. of 1837.

12th September.

Mr. G. G. Mackintosh to be Joint Magistrate and Deputy Collector of Behar, retaining charge of the Khas and Resumed Mehals of Purneah, till further orders.

Lieutenant J. W. Fraser to the General Charge and Superintendence of the Survey of the Province of Cuttack.

Mr. G. Hough to be Deputy Collector in Central Cuttack, under the provisions of Regulation IX. of 1833.

Baboo Radha Bullub Doss to be ditto ditto in Zillah Balasore, under ditto of ditto.

Baboo Byjnath Sein, Sudder Ameen, is promoted to the office of Second Principal Sudder Ameen in Zillah Jessore.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. J. Harvey, Magistrate and Collector of Chittagong, for two months, on medical certificate. Mr. A. S. Annund to officiate as Magistrate and Collector, during the absence of Mr. Harvey, or until further orders.

Moulavee Rookunoodeen Khan Bahadur, Principal Sudder Ameen in Zillah Purnea, during the Dusserah Vacation.

The unexpired period of the leave of absence granted to Mr. C. H. Lushington, Assistant to the Magistrate and Collector of Sarun, on the 22d ultimo, is cancelled from the 31st idem, the date on which he rejoined his station.

2d September.

Mr. R. H. Scott is permitted to be absent from his office for two months, to visit the Hills, North of Dehra, for the benefit of his health, the Honourable the Lieutenant Governor is pleased to appoint Mr. R. N. C. Hamilton to take charge, until further orders, of the office of Secretary to the Lieutenant Governor in the Political and General Department.

In pursuance of the Orders of the Honourable the Lieutenant Governor of this date, Mr. Hamilton has received charge of the office of Secretary to the Lieutenant Governor in the Political and General Department.

13th September, 1837.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the Bengal Presidency Mr. D. Cunliffe, Writer, reported qualified for the Public Service.

6th September.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant to the Rev. Richard Arnold, District Chaplain at Cuttack, an extension of three days of the leave notified in the Gazette, dated 27th May last.

13th September.

Mr. D. Cunliffe having passed an Examination on the 5th instant, and being reported qualified for the Public Service by proficiency in two of the Native languages, the order issued on the 2d ultimo for that gentleman's return to England, is cancelled.

৩০ আগষ্ট।

আলিগড়ের কালেকটর ও মাজিস্ত্রেট শ্রীযুত টী পি উডকাক সাহেব ছুটি লইয়া ১৮৩৭। ৩৮ সালে বিলাত গমনার্থ অনুমতি পাইয়াছেন।

১ সেপ্তেম্বর।

চিকিৎসক শ্রীযুত এচ গথরি সাহেব স্বীয় প্রার্থনামতে সৈন্যাধ্যক্ষ সাহেবের অধীনে কর্ম্ম করিবেন এমত হুকুম হইয়াছে।

২ সেপ্তেম্বর।

মিরটের ধর্ম্মোপদেশক শ্রীযুত টি সি প্রবি সাহেব জুলাই মাসের ১৯ তারিখে গত মাসের ৭ তারিখপর্য্যন্ত যে এক মাসের ছুটি পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

২৮ আগষ্ট।

আগ্রার প্রধান সদর আমীন শ্রীযুত মুকুন্দ সিংহ পচুরি বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি ১২ দিবসের ছুটি পাইয়াছেন।

২৯ আগষ্ট।

শ্রীযুত জি ব্লন্ট সাহেব মুরাদাবাদের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জি এফ হারবি সাহেব আগ্রার একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এ ইউ সি প্লৌডন সাহেব আগ্রার কষ্টম কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি মেকেঞ্জি সাহেব মিরটের জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করিবেন।

আগ্রার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত সি জি মেন্সল সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি সেপ্তেম্বর মাসের ১ তারিখঅবধি তিন মাসের ছুটি পাইয়াছেন।

১ সেপ্তেম্বর।

শ্রীযুত বি টেলর সাহেব আগ্রা প্রদেশের একটিং কমিস্যনর হইয়াছেন। শ্রীযুত আর এন সি হেমিল্টন সাহেব শ্রীযুত টেলর সাহেব কর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত একটিং কমিস্যনরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ বি গবিন্স সাহেব দিল্লী প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

২ সেপ্তেম্বর।

বুন্দেলখণ্ডের জুমির জরীপকারক শ্রীযুত আর টেরেনো সাহেব স্বাস্থ্যার্থ নয় মাসের ছুটি পাইয়াছেন।

30th August.

Mr. T. P. Woodcock, Collector and Magistrate of Allyghur, permitted to proceed to Europe on Furlough, during the season 1837-8.

1st September.

Surgeon H. Guthrie, M. D., is, at his own request, placed at the disposal of His Excellency the Commander-in-Chief.

2d September.

The leave of absence for one month from the 7th ultimo, granted to the Reverend T. C. Proby, Chaplain at Meerut, under date the 19th July last, is cancelled at his own request.

28th August.

Mokund Sing Puchooree, Principal Sudder Ameen of Agra, has obtained leave of absence for 12 days, from the 3rd instant.

29th August.

Mr. G. Blunt to officiate as Magistrate and Collector of Moradabad.

Mr. G. F. Harvey to officiate as Magistrate and Collector of Agra.

Mr. A. U. C. Plowden to officiate as Collector of Customs at Agra.

Mr. C. Mackenzie to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in the District of Meerut.

Mr. C. G. Mansel, Magistrate and Collector of Agra, has obtained an extension of leave of absence on medical certificate, for 3 months, from 1st September next.

1st September.

Mr. B. Taylor to officiate as Commissioner of the Agra Division. Mr. R. N. C. Hamilton will continue to officiate as Commissioner until relieved by Mr. Tayler.

Mr. F. B. Gubbins to be an Assistant under the Commissioner of the Delhi Division.

2d September.

Mr. R. Terraneau, Revenue Surveyor in Bundelcund, has obtained leave of absence for nine months, for the recovery of his health.

সমাচার দর্পণ

শনিবার ২৩ সেপ্তেম্বর ১৮৩৭।

শ্রীযুক্ত দর্পণপাঠক মহাশয়েরদের প্রতি বিনয়পূর্ব্বক বিজ্ঞাপন।

এই শারদীয় মহামহোৎসবসময়ে পাঠক মহাশয়রা স্বং কর্ম্মস্থানহইতে স্বস্বা বাসে গমন করিবেন অতএব তাঁহারদিগের দর্শনীয় দর্পণ কোন্ দিবসঅবধি কোন্ দিবসপর্য্যন্ত কোন্ স্থানে প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন তাহা অনুগ্রহপূর্ব্বক অগ্রে জ্ঞাপন করিয়া বাধিত করিবেন।

জগন্নাথ।

আমরা বারম্বার লিখিয়াছি যে শ্রীযুক্ত কোর্টঅফডৈরেক্তর্স সাহেবেরদের নিতান্ত ইচ্ছা ও গবর্ণমেণ্টের একান্ত মানস যে ভারতবর্ষস্থ জগন্নাথের ব্যাপারবিষয়ের রক্ষণাবেক্ষণাদি করা দেশীয় গবর্ণমেণ্টের হাত ছাড়া হইয়া খোর্দার রাজা ও পাণ্ডারদের হস্তে অর্পিত হয়। এইক্ষণে শুনা গেল যে এই নিয়ম অতিশীঘ্র সম্পন্ন হইবে কটকের শ্রীযুত কমিস্যনর সাহেব কিয়ৎকালাবধি ঐ বিষয় হস্তান্তর করণের নিয়ম সকল নির্ব্বন্ধ করিতেছেন এবং বোধ করি যে তাহা এইক্ষণে গবর্ণমেণ্টের নিকটে নিবেদিত হইয়া থাকিবে তাহাতে অনুমান হয় যে আগামি যাত্রার পূর্ব্বে ঐ মন্দিরের তাবৎ রক্ষণাবেক্ষণাদি কার্য্য পাণ্ডারদের হস্তেই সমর্পিত হইবে এবং বুঝি পূর্ব্বে যেমন কর সংগ্রহ হইত তেমন তাঁহারাই তাহা সংগ্রহ করিয়া লইবেন।

তদ্বিষয়ে ইঙ্গলিসমেন সম্বাদপত্রের এক প্রস্তাবের দ্বারা আমরা অবগত হইলাম যে এই পর্য্যন্ত ঐ মন্দিরের বার্ষিক কর ৫৬০০০ টাকা উৎপন্ন হইয়াছে। ইহার পূর্ব্বে গবর্ণমেণ্ট কলিকাতাস্থ সরকারী খাতা বাড়ী হইতে রথযাত্রার বনাৎ খরিদের নিমিত্ত টাকার বরাৎ দিতেন। কিন্তু কোম্পানির বাণিজ্য বন্দ হওয়াতে কোম্পানি ঐ পাণ্ডারদের বৎসরে অধিক ১০০০ টাকা দিতেছেন যে তাঁহারা আপনারাই বনাৎ ক্রয় করিয়া লন।

জগন্নাথ ও গয়া ও প্রয়াগে বৎসরেং করের আয় ব্যয়ের হিসাব নীচে লিখিতব্য কর্দ্দ সংগ্রহ করিয়া প্রকাশ করা গেল।

১৮১০। ১১ সালঅবধি ১৮৩০। ৩১ সালপর্য্যন্ত২০ বৎসর জগন্নাথক্ষেত্রে কর আদায়।

জুমলা আদায়	২৪,৩৭,৫৭০
সালিআনা গড় আদায় ...	১,১৬,০৭৪
জুমলা খরচ	১১,৫৪,৪৪০
সালিআনা গড় খরচ... ...	৫৪,৯৭৩
খাটি জুমলা আদায় ...	১২,৮৭,৭৯০
সালিআনা খাটি গড় আদায়	৬১,১০১

১৮১০। ১১ সালঅবধি ১৮৩০। ৩১ সালপর্য্যন্ত ২০ বৎসর প্রয়াগে মির বহরের ঘাটে কর আদায়।

জুমলা আদায়	১৬,৪৬,৬৫৭
সালিআনা গড় আদায় ...	৮২,৩৩২
জুমলা খরচ	১,৪০,৭৮৮
সালিআনা গড় খরচ	৭.০৩৯
খাটি জুমলা আদায়	১৫,০৫,৮৬৯
সালিআনা খাটি গড় আদায়	৭৫,২৯৩

১৮০৩ সালঅবধি ১৮৩০। ৩১ সালপর্য্যন্ত ২৭ বৎসর গয়ার কর আদায়।

জুমলা আদায়	৬৩,৪৬,৭৬২
সালিআনা গড় আদায় ...	২,২৬,৬৭০
জুমলা খরচ	৯,৯৭,১৮৩
সালিআনা গড় খরচ... ...	৩৫,৬১১
খাটি জুমলা আদায়	৫৩,৪৯,৫৭৯
সালিআনা খাটি গড় আদায়	১,৯১,০৫৬

নদীর বাষ্পীয় জাহাজ।

এইক্ষণে তাবৎ মহাজনেরদের বাণিজ্য দ্রব্য প্রেরণের এমত অনুরাগ হইয়াছে যে গবর্ণমেণ্টের যে জাহাজ আছে তাহাতে কদাচ কুলান হয় না যে জাহাজ এক্ষণে অতিশীঘ্র প্রেরণ হইবে তদ্বিষয়ে এই ইশতেহার হইয়াছিল যে তাহাতে গত সোমবার পূর্ব্বাহ্নে মাল বোঝাই হইতে আরম্ভ হইবে। পরে ঐ তারিখের বেলা দুই প্রহরের মধ্যে জাহাজে যত মাল সমাবেশ হইতে পারে তাহা সমুদায় পূর্ণ হইল এবং তদধিক মালে পরিপূর্ণ ১৫০ গাড়ি জাহাজে মাল না ধরাতে ফিরিয়া দেওয়া গেল। সংপ্রতি গত বুধবারে যে ইশতেহার প্রকাশ হয় তদ্দারা অবগত হওয়া গেল যে কাপ্তান শ্রীযুত জনষ্টন সাহেব পক্ষপাতী না হওনার্থ ও লোক সকলকে হতাশ না করণার্থ নীচে লিখিতব্য নিয়মসকল প্রকাশ করিয়াছেন।

১। নৌকা প্রেরিত হওনের ১০ দিবস পূর্ব্বে এমত এত্তেলা দেওয়া যাইবে যে যে কোন ব্যক্তির মালের বিষয়ে দরখাস্ত গ্রাহ্য করা যাইবে।

২। ঐ সকল দরখাস্ত যেমন পঁহুছিবে তেমনি তাহা নম্বর বিলি হইবে এবং একং দরখাস্ত ঐ নম্বরসহিত দরখাস্তকারিরদিগকে ফিরিয়া দেওয়া যাইবে।

৩। তৎপরদিবসে ঐ সকল নম্বর একং টুকি তাসের কাগজে লিখিয়া বাক্সের মধ্যে রাখা যাইবে। পরে যে কোন ব্যক্তি দেখিতে ইচ্ছা করিলে তাঁহার সম্মুখে ঐ নম্বরি তাস একাদিক্রমে বাহির করা যাইবে ঐ জাহাজে যত মাল ধরিবে তত মা

SUMACHAR DURPUN.

SATURDAY, SEPTEMBER 23D. 1837.

To the Readers of the Durpun.

The Editor begs those Native gentlemen who may leave Calcutta during the coming Holidays, to inform him, where their papers are to be sent to and during what period.

Juggurnath.

We have had occasion several times to mention that it is the intention of Government, and the wish of the Court of Directors, that the management of the temple of Juggurnath be relinquished by the local Government, and entrusted to the Rajah of Khoordah and the Pandahs. We now learn that this measure is likely to be very soon carried into effect. The Commissioner in Cuttack has been employed in drawing up a plan for making this transfer, which has, we suppose, been submitted to Government, so that it is highly probable that before the next Ruth Jatra festival, the management of the temple will be in the hands of the Pandahs, who, we suppose, will collect the tax as has been done hitherto.

We learn from an article in the *Englishman*, that the expenses of the temple have hitherto been about 56,000 Rupees a year. Government formerly supplied broad cloth from their own Godowns, but after the Company's trade had ceased, an addition of about 1,000 Rupees a year was made to the sum, in order to enable the Pandahs to purchase the broad cloth themselves.

The following Statement of the collections, expenses and receipts of the pilgrim tax at Juggernath, Gyah and Allahabad, we copy from the *Englishman.*

Gross collections from 1810-11 to 1830-31 at Juggurnath, 20 years.

Amount of gross collections Rs.	24,37 570
Annual average being...	1,16,074
Amount of total charges.........	11,54 440
Annual average being............	54,973
Amount of net receipts.........	12,87,790
Annual average being...	61,101

Collections at Allahabad of Meer Buhr duties, from 1810-11 to 1830-31, 20 years.

Amount of gross collections...	16,46,657
Annual average being...	82,332
Amount of total charges.........	1,40,788
Annual average being............	7 039
Amount of net receipts.........	15,05,869
Annual average being............	75,293

Statement of duties on pilgrims at Gyah, from 1803-4 to 1830-31, 27 years.

Amount of gross collections...	63,46,762
Annual average being............	2,26 670
Amount of total charges.........	9,97,183
Annual average being...	35,611
Amount of net receipts	53,49,579
Annual average being...	1,91,056

The Inland Steamers.

The demand for freight on the part of the public is now become so great, that it is utterly impossible for the present Government boats to supply it. The vessel which is now under despatch was advertised to receive freight on the last Monday morning; by 12 o'clock on that day, not only was all the freight taken, but 150 hackery loads of goods were returned. We learn from an advertisement published on Wednesday last, that in order to prevent disappointment, and the appearance of partiality, Capt. Johnston proposes the following plan.

1st. Notice to be given at least 10 days previous to the despatch of a boat, of a day, for receiving applications for tonnage.

2nd. The applications to be numbered as received, and a receipt with a corresponding number given in return.

3rd. On the following day counters numbered to correspond with the applications to be mingled in a box and drawn out one by one in the presence of any parties who may choose to attend, until the amount of tonnage the

লের নম্বর যাঁহারদের বাহির হইবে তাঁহারদের মালই লওয়া যাইবে। ইহাতে যাঁহার সৌভাগ্যক্রমে যে নম্বর উঠিবে তাঁহাকে কহা যাইবে যে তোমার মাল পাঠাইয়া দেও এবং যাঁহারদের নম্বর না উঠে তাঁহারদের দরখাস্ত ফিরিয়া দেওয়া যাইবে।

জাহাজের অধ্যক্ষ উপরিউক্ত নিয়ম ভদ্র বোধ করিয়া প্রকাশ করিতেছেন কিন্তু বর্ত্তমান মাসের ৩০ তারিখপর্য্যন্ত যদি ইহাঅপেক্ষা আর কোন সুনিয়ম কেহ প্রকাশ করিতে পারেন তাহা তিনি সন্তোষপূর্ব্বক গ্রহণ করিবেন।

কলিঙ্গাস্থ মদরসার পুষ্করিণী।

কম্পেণ্ডিয়মের দ্বারা অবগত হওয়া গেল যে গত ১২ দিবসঅবধি ধর্ম্মতলাস্থ গোলপুষ্করিণী বাষ্পীয় যন্ত্রের দ্বারা জল পূর্ণ হইতেছে তাহাতে ১১ হাত জল হইয়াছে কিন্তু এ বৎসরে জলাভাবপ্রযুক্ত কলিঙ্গাস্থ মদরসার পুষ্করিণীতে কেবল তিন হাতের কিঞ্চিদধিক জল আছে। এই বৎসরে বৃষ্টির সময় প্রায় গত হইল অতএব যদি কোন উপায়ের দ্বারা এই পুষ্করিণী পূর্ণা না করা যায় তবে দীনহীন জীবের জীবনাভাবে অত্যন্ত ক্ষতি হইবে।

হিন্দুর পর্ব্বোপলক্ষে ছুটি।

বর্ত্তমান বৎসরে আগামি পূজোপলক্ষে যে বন্দ তাহা পূর্ব্বং অনেক বৎসরাপেক্ষা অধিক হইবে। শারদীয় মহাপূজোপলক্ষে সরকারী কার্য্য ৪ অক্টোবর অবধি ১২ তারিখপর্য্যন্ত বন্দ থাকিবে। কিন্তু ১৪ তারিখে চন্দ্রগ্রহণ আছে তাহাতেও তাবৎ আপীস বন্দ হইবে তৎপ্রযুক্ত একেবারে ১৪ তারিখপর্য্যন্ত ছুটির বিস্তারকরণের নিশ্চয় হইয়াছে অতএব মঙ্গলবার ৩ অক্টোবরঅবধি তাবৎ আপীসের কর্ম্ম বন্দ হইবে এবং সোমবার ১৬ তারিখের পূর্ব্বাহ্নে কার্য্য আরম্ভ হইবে।

আফীণ।

আফীণ নীলামের বিষয়ে এই নূতন নিয়ম হইয়াছে যে নগদ টাকাতেই বিক্রয় হইবে ঐ নিয়মানুসারে গত শুক্রবারে প্রথম নীলাম হয় কিন্তু তাহাতে এই বৎসরের প্রথম নীলামঅপেক্ষা প্রত্যেক সিন্দুক ৪০০ টাকা কম মূল্যে বিক্রয় হইল অরিএণ্টল অবজরবর সম্পাদক লেখেন জানুআরি মাসে আরো ৬০০০ সিন্দুক আফীণ নীলামে ধরা যাইবে এবং যদ্যপি ইতিমধ্যে চীন দেশের বাণিজ্যের কিছু সৌষ্ঠব না হয় তবে আমারদের বোধ হয় যে এইক্ষণকার মূল্যও থাকিবে না যেহেতুক বঙ্গাদি দেশীয় ১৯,০০০ সিন্দুক ও মালবদেশীয় ২৫,০০০ সিন্দুক এই বৎসরে নীলামে ধরা যাইবে।

নীল।

হরকরা সম্বাদপত্রের বাণিজ্যসম্পর্কীয় রিপোর্টের দ্বারা অবগম হইল যে নীলপ্রধানক জিলাহইতে যে সম্বাদ গত সপ্তাহের মধ্যে পঁহুছিয়াছে তাহা নানাবিধ। এইক্ষণপর্য্যন্তও ভাগীরথী অতি নিম্না আছেন ফলতঃ কলিকাতা অঞ্চলে বৎসরের এমত সময়ে যেমন নদীর বৃদ্ধি হয় তদপেক্ষা এ বৎসরে দেড় হাত কম আছে এবং আগামি অমাবস্যার পর এই বৎসরের মত হ্রাসই হইতে থাকিবে। ত্রিহুত জিলাতে অনুমান ১৪,০০০ মোন নীল জন্মিতে পারে। গত বৎসরে ২২,০০০ মোন জন্মিয়াছিল। পূরণিয়া জিলাতে গত বৎসরাপেক্ষা অনুমান ১১০০ মোন কম হইবে। আলাহাবাদ ও বারাণসী অঞ্চলে সংপ্রতি অতিভারি বৃষ্টি হইয়াছে এবং এইক্ষণকার গতিক দৃষ্টিতে বোধ করি এই বৎসরে সর্ব্বসুদ্ধ ৯০,০০০ মোন ফসলের অধিক হইবে না।

boat is capable of receiving is completed. The numbers drawn to be immediately published with notice to the parties to forward their goods, and the applications corresponding with undrawn numbers, to be returned to the applicants respectively on demand.

The above is the plan proposed to be adopted, but the Comptroller will be happy to receive the suggestions of parties for improvement until the 30th Instant.

Tank in Wellesley Square.

We learn from the *Compendium* that the Steam Engine having been employed for 12 days in raising water for the Wellington Square tank, it has risen 17 feet. In consequence of the want of rain the tank in Wellesley Square has no more than 5 feet water in it. The rains may almost be considered to have closed; unless, therefore, this tank be supplied with water by some means, the poor will very likely be reduced to great distress.

The Hindoo Holidays.

The approaching Holidays will be of longer continuance than in any preceding year. Public business will be suspended on account of the Doorga Poojah Holidays from the 4th to the 12th; but as the 14th happens to be an eclipse of the moon, on which occasion, all public offices are closed, it has been determined to extend the Holidays at once to the 14th. The offices will, therefore, close on Tuesday evening, the 3d, and open again on Monday morning, the 16th.

Opium.

The first sale of Opium on the new plan of prompt payment took place on Friday last, and there was a fall of 400 Rs. per chest since the first sale of the year. The Editor of the *Oriental Observer* remarks, that "when the January sale brings to market 6000 chests, unless the China trade improve much in the interval, we greatly mistake if the present rates can be maintained with an expected crop of 19,000 chests from Bengal, and 25,000 from Malwa of this season."

Indigo.

The accounts from the Indigo districts during the past week, as we learn from the *Hurkaru* Commercial Report, have been various. The Bhaugurutty still keeps low. Indeed, in the neighbourhood of Calcutta it is more than two feet lower than is usual at this season of the year; and we may expect it, after the next change of the moon, to begin to fall for the season. The estimate from Tirhoot continues to be 14,000 against 22,000 maunds of last year. In Poornea the out-turn will probably be 1100 maunds less this year. In Allahabad and Benares heavy rains have fallen; and there seems to be, as far as present appearances admit of a judgement, a probablity that the present crop will not exceed 90,000 maunds.

বরফ।

১৮ তারিখে রিপবলিকনামক জাহাজের দ্বারা যে বরফ আসিয়াছে ঐ জাহাজ যদ্যপি বষ্টন নগরহইতে আসিতে পাঁচ মাস লাগে তথাপি ঐ মাল উত্তম অবস্থাতে উত্তীর্ণ হইয়াছে। যত বরফ বোঝাই হইয়াছিল তৎসংখ্যা ২৪০ টন অর্থাৎ ৭২০০ মোন এবং পঁহুছনঅবধি এইপর্য্যন্ত জাহাজ কেবল ছয় বুরুল হাল্‌কি হইয়াছে ইহাতে বোধ হয় যে বরফ অনেক নষ্ট না হইয়া থাকিবে।

জনরব।

শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের শুভগমনের যেমন সময় সন্নিকৃষ্ট হইতেছে তেমন নানা জনরব উত্থিত হইতেছে তথাপি কোন জনই ঐ জনবাদ স্বীকার করে না যে ইহাই বটে। অন্যান্য জনরবের মধ্যে এই জনরব হইয়াছে যে শ্রীযুত মেকনাটন সাহেব পশ্চিম দেশে গমন করিলে শ্রীযুত মাঙ্গলস সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের পোলিটিকাল ও জুদিসিয়ল ডিপার্টমেণ্টের পদ গ্রহণ করিবেন এবং শ্রীযুত হালিডে সাহেব বোর্ড রেবিনিউর সেক্রেটরীর কর্ম্ম ত্যাগ করিয়া শ্রীযুত মাঙ্গলস সাহেবের পদ গ্রহণ করিবেন। আরো শুনা গেল যে শ্রীযুত সিডিন্স সাহেব যখন এই বৎসরে বিলাতে যাত্রা করিবেন তখন শ্রীযুত রিড সাহেব ডাকের কর্ত্তা হইবেন। এবং তৎপ্রযুক্ত সদর দেওয়ানী আদালতের জজের যে পদ শূন্য হইবে তাহাতে শ্রীযুত ওলফিলড সাহেব নিযুক্ত হইবেন।

আশ্চর্য্য ব্যাপার।

ইটালিনিবাস যুব এক ব্যক্তি জিনকিনলো কোম্পানির নীলামে একটা ঘোড়ী খরীদ করে পরে তাহা আপন বাটীতে লইয়া গেলে তাহা দেখিয়া অশ্বপরীক্ষক এক জন সাহেব কহিলেন যে ঘোড়ীটা গাভিণ হইয়াছে কিঞ্চিৎকাল পরে তাহার দুইটা মেদি মর্দ্দা বাচ্ছা জন্মিল কিন্তু উভয়ের বর্ণ ভিন্ন তাহার একটা জন্মিয়া দুই তিন ঘণ্টা পরে মরে অপরটা দুই তিন দিন পরে মরিল। এমত বিষয় কখন শুনা যায় নাই। কলিকাতার অনেক অশ্বপরীক্ষক সাহেবেরা এই বিষয় দেখিয়া অদ্ভুত জ্ঞান করিলেন।

শ্রীযুত বর্ড সাহেব।

আমরা অবগত হইলাম যে কৌন্সলী পদ শূন্য হইলে শ্রীযুত বর্ড সাহেব সেই পদে নিযুক্ত হইবেন। ইতিমধ্যে শুনা গেল যে তিনি কষ্টম বোর্ডের মেম্বরী পদে শ্রীযুত সর চার্লস ডাইলি সাহেবের পরিবর্ত্তে নিযুক্ত হইবেন।

কলিকাতার ঔষধালয়।

ইঙ্গলিসমেন সম্বাদপত্রে লেখে যে সংপ্রতি আমরা পার্ক স্ট্রিটের মধ্যে খাটিবাজার নামে বিখ্যাতস্থানীয় চিকিৎসালয়ের কার্য্য দর্শনার্থ গমন করিয়াছিলাম। ঐ চিকিৎসালয় কেবল শ্রীযুত ডাক্তর রিড সাহেবের কর্তৃত্বাধীন আছে। অন্যান্য লোকের সাহায্যে ঐ চিকিৎসালয় দীনহীন রোগিরদিগকে ঔষধ দানার্থ গবর্ণমেণ্টকর্ত্তৃক স্থাপিত হয়। ঐ স্থানে কত দীন দরিদ্র লোক যে উপকৃত হয় তাহার প্রায় সংখ্যা করা যায় না শুনা যাইতেছে যে প্রত্যহ পূর্ব্বাহ্নে ২০০ লোক করিয়া উপকার প্রাপ্ত হয়। ঐ চিকিৎসালয় দোতালা উপরি তালাতে চিকিৎসক সাহেব থাকেন নীচ তালাতে কেবল ঔষধ দেওয়া যায়। ঐ স্থানে প্রত্যু

Ice Cargo.

The *Republic* commenced discharging her ice cargo this morning, which was found to be in very fine order, notwithstanding a passage of nearly five months from Boston. The quantity of ice shipped was 240 tons, and as the ship has only lightened six inches since she sailed, the loss by melting cannot be very considerable.—*Engl. Sept.* 18.

On Dits.

As the period approaches for the departure of the Governor General, fame is busy telling of arrangements as settled, which, nevertheless, nobody will presume to vouch for. Among other on dits, it is said that Mr. Mangles is to officiate in Mr. Macnaghten's absence, as Secretary to the Governor of India in the Political and Judicial Department, and that Mr. Halliday will be transferred from the Secretaryship of the Revenue Board to the Secretarial duties now performed by Mr. Mangles. We have also heard Mr. Reid named as likely to succeed Mr. Siddons in the Post Office, when the latter goes home in the cold weather, and Mr. Oldfield as the probable successor to the vacancy in the Sudder which that appointment would create. But these are mere rumours.—*Ibid.*

A Singular Occurrence.

A young gentleman, resident of Entally, purchased a mare sometime ago, at one of the horse sales of Messrs. Jenkins, Low and Co., and on his taking her home for examination, was informed by one of the livery stable keepers, that the animal was in foal. Sometime after the mare brought forth two colts, one a horse, and the other a mare, and of different colours. One expired a few hours after its birth, and the other lived but two days. An occurrence of this nature is seldom to be heard of. Many of the stable keepers of Calcutta, called to view this strange sight, and expressed their surprise at the incident.—*Hurk. Sept.* 16.

Mr. Bird.

We understand that Mr. W. W. Bird, Provisional Member of Council, will succeed Sir Charles D'Oyly in the Board of Customs.

Short's Bazar Dispensary.

We had occasion to pay a visit to the Short's Bazar Dispensary in Park-street, under the sole superintendency of Mr. Reed, the apothecary. The dispensary was established by Government, with the aid of other charitable funds, simply for the purpose of dispensing medicine to the needy and distressed. It is incredible to relate the number of poor persons that receive the benefits of medical aid; no less a number than two hundred of a morning. The building is a two-storied house, the upper story, the apartment of the worthy apothecary, and the lower exclusively devoted to the dispensary. In the hall the omnium gatherum takes place from

…তোপ পড়িলেই নানা রোগিরা উপস্থিত হয় এতদ্ভিন্ন ঔষধরক্ষণার্থ আর দুই কুঠরী আছে এবং রাত্রে ওলাউঠা রোগিরা উপস্থিত হইলে তাহারদের নিমিত্ত শয্যা প্রস্তুতা আছে। আমরা ঐ স্থানে গিয়া দেখিলাম যে বারাণ্ডার মধ্যে তিন চারি জন এক ব্যক্তি দরিদ্র রোগির গাত্রে জোঁক বসাইতেছে ঐ ব্যক্তি ২৫ দিন বর্দ্ধমান হইতে আনিয়াছে তাহার কুনোর হাড় সরিয়াছে তাহাতে দুই ব্যক্তি তাহার হাত টানিয়া সোজা করিতেছিল। শ্রীযুত রিড সাহেব আমারদিগকে কহিলেন যে ৬ ঘণ্টাঅবধি ১১ ঘণ্টা বাজিল এখনপর্য্যন্তও আমি অত্যন্ত ব্যস্ত আছি তথাপি অদ্য তাদৃশ রোগী আইসে নাই। এই চিকিৎসালয় ও শ্রীযুত ওব্রায়ন সাহেবের অধীন চাঁদনিচকের চিকিৎসালয় ও শ্রীযুত রাইপর সাহেবের অধীন গরানহাটার চিকিৎসালয় এবং গবর্ণমেণ্টের প্রধান চিকিৎসালয় কেবল এই চারি চিকিৎসালয়ে কোম্পানির ঔষধদায়কেরদের লাভজনক কর্ম্ম আছে।

—

ত্রিপুরার সিরিশতাদারের তগীর।

কিয়ৎকাল হইল শ্রীযুত বোর্ডরেবিনিউর সাহেব ও শ্রীযুত ডাম্পিয়র সাহেবের সঙ্গে ত্রিপুরার কালেকটরী সিরিশ্তাদার শ্রীযুত কৃষ্ণচন্দ্র রায়ের অপ কর্ম্ম বিষয়ে যে লিখন পঠন হইতেছিল এবং হরকরা সম্বাদপত্র হইতে নীচে লিখিতব্য প্রস্তাব গ্রহণ করা গেল। তাহাতে দৃষ্ট হইবে যে কি অপরাধ হইয়াছিল এবং তদ্বিষয়ে বোর্ড কি বিচার স্থির করিবেন।

শ্রীযুত ডাম্পিয়র সাহেব লেখেন যে কৃষ্ণচন্দ্র রায় যেমন সুবিজ্ঞ ও মহানুভব কর্ম্মকারক তেমন তাঁহার অপকার্য্য বিষয়ে বোর্ডের নিকটে অভিযোগ করিতে হওয়াতে আমার অত্যন্ত খেদ হইতেছে। ডাম্পিয়র সাহেব কহিলেন যে আমি জানি যে এতদ্দেশীয় অন্যান্য সরকারী তাবৎ কর্ম্মকারক অপেক্ষা তাঁহার বিজ্ঞতা ও কর্ম্মদক্ষতা ও ভদ্র বিবেচনা আছে রেবিনিউ কার্য্যে তিনি অতিনিপুণ এবং কালেকটরী আপীসের তাবদ্ব্যাপার নির্ব্বাহ করণে অতিক্ষম এবং যদি উত্তমরূপে তাঁহার প্রতিশাসন হইত তবে আরো অতিদক্ষ এক জন সরকারী কর্ম্মকারক হইতেন এবং এতদ্দেশীয় লোকের নিমিত্ত কালেকটরী সম্পর্কীয় যে নানা উচ্চ পদ স্থাপিত হইয়াছে তাহাও ক্রমে প্রাপ্ত হইতেন কিন্তু ঐ সিরিশতাদারের উপর যে সাহেব লোকেরা কর্ত্তৃত্ব করিতেন তাঁহারদের অকর্ম্মণ্যতা ও আলস্যতা ও কোমলতাপ্রযুক্ত কালেকটরীর তাবৎ কার্য্য ও তাবৎ ক্ষমতা তাঁহারই হস্তে পতিত হয় কিন্তু তিনি কোন বিষয়েরই দায়ী ছিলেন না। সুতরাং সকল লোকই তাঁহাকে নানা অনুরোধ করিত তৎসঙ্গে কিছুং পারিতোষিকও দিত। এবং অতিশীঘ্রই অনেক টাকা সংগ্রহের উপায় তাঁহার করিতে হইল সেই মহাপরীক্ষা হইতে তিনি উত্তীর্ণ হইতে ক্ষম হইলেন না। কিন্তু ডাম্পিয়র সাহেব আরো কহেন যে ইহাতে যেমন কৃষ্ণচন্দ্রের দোষ তেমন কালেকটর সাহেবেরো আছে যেহেতুক ঐ সাহেবের ত্রুটিতে এবং অকর্ম্মণ্যরূপে কার্য্য নির্ব্বাহ করণেতে ও কৃষ্ণচন্দ্র রায়ের উপর তাবৎ কার্য্যের ভার অর্পণেতে কালেকটরী তাবৎ কার্য্য একেবারে বিশৃঙ্খল হইয়া গিয়াছে।

তাহাতে সেক্রেটরী শ্রীযুত ত্রিবিলিয় সাহেব বোর্ডের আজ্ঞাক্রমে ডাম্পিয়র সাহেবকে লেখেন যে আপনি কৃষ্ণচন্দ্র রায়কে কর্ম্মচ্যুত করিয়াছেন এবং তাঁহার নামে ফৌজদারীতে নালিস করিয়াছেন ইহাতে বোর্ডের সম্মতি আছে এবং বোর্ডের সাহেবেরা কমিস্যনর সাহেবের প্রতি

gun-fire in the morning, besides this, there are two other rooms for the medicine, &c., also some cots laid out for any cholera patients that may come in during the night. On our calling in, we observed three or four in the verandah having leeches applied; a poor native who dislocated his elbow at Burdwan, about twenty-five days ago, had two fellows pulling lustily at it, to get it into the socket. Mr. Reed informed us that he had been at work since six in the morning, it was then 11 o'clock, and he considered it rather a slack morning.

This dispensary, the Chadney Choke, under Mr. O'Brien, the Ghurunhuttee, under Mr. Riper, and the apothecary to the Honourable Company's dispensary, are the only four staff appointments for the subordinate medical department.—*Engl.*

—

Delinquencies of the Tipperah Collector's Sheristadar.

For sometime past a correspondence has been going on between the Board of Revenue and Mr. Dampier, the Commissioner, relative to the conduct of Kissenchunder Roy, Sheristadar of the Tipperah Collectorate, and the following extract from the *Hurkaru* will show what is the nature of the charge against him, as well as the decision of the Board.

Mr. Dampier regretted bringing to the notice of the Board such disreputable conduct on the part of an officer noble and intelligent as Kissenchunder Roy. Mr. Dampier says that he knows him to be possessed of more talent, aptitude for business and information than the majority of our native public servants. Mr. D. knows that Kissenchunder has acquired a thorough knowledge of Revenue duties, and all the details of a Collector's office, and he might, under proper controul, have been a most valuable and efficient public servant, and eventually have risen to the superior office now held by natives of this country. By the inefficiency, facility of disposition, and want of energy in those placed over him, he has had in his hands all the duties and the authority of the Collectorate, without any responsibility. Of course applications to him for favour accompanied by douceurs, soon became common, and Kissenchunder was unable to resist the temptation which offered him the means of obtaining with celerity considerable wealth; but the European officers are almost as much to be blamed as Kissenchunder (says Mr. Dampier) for, it is owing to their neglect, or inefficient discharge of business and dependence on him, that the state of affairs in the Collectorate has reached to such a height.

Mr. Secretary Trevelyan, under the direction of the Board, has informed Mr. Dampier, that the Board entirely approve of his having dismissed Kissenchunder Roy and instituted a criminal prosecution against him. The Board have desired the Commissioner

এই হুকুম করিয়াছেন যে কৃষ্ণচন্দ্রের এই মোকদ্দমাতে যে নিষ্পত্তি হয় তাহার রিপোর্ট করেন যেহেতুক তিনি যদ্যপি দোষীকৃত হন তবে উত্তরকালে কদাচ সরকারী কর্ম্ম না পাওনার্থ ঘোষণা করিতে বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টকে পরামর্শ দিবেন।

শ্রীযুত ত্রিবিলিয়ন সাহেব আরো লেখেন যে খাজাঞ্চীর নামে যে অভিযোগ হয় তাহা সিরিশতাদারের অপরাধাপেক্ষা কিছু লঘু বোধ হয় কিন্তু বোর্ডের সাহেবেরা ভরসা করেন যে ঐ মোকদ্দমাহওন সময়ে যাহা ব্যক্ত হয় তাহাতে দেখা যাইবে কমিস্যনর সাহেব যখন ঐ খাজাঞ্চীর নামে ও কৃষ্ণচন্দ্রের নামে একযোগে নালিস করিতে হুকুম দেন তখন তিনি অন্যায় বিবেচনা করেন নাই।

বোর্ডের সাহেবেরদের এমত বিবেচনা হইয়াছে যে ঐ কালেকটরী খাজানার তৌজী ও তহসীলের মুহুরিরা সিরিশতাদারের অপকর্ম্মের যদ্যপি অংশী ছিলেন না তথাপি তাহা জ্ঞাত ছিলেন অতএব ক্রমে তাঁহারদিগকেও তগীর করা উচিত বোধ হয়। এককালে তগীর করিলে কালেকটরী কার্য্যের কিঞ্চিৎ ব্যাঘাত হইতে পারে কিন্তু ক্রমশঃ যেমন তাঁহারদের কর্ম্মে অন্য ব্যক্তিকে নিযুক্তকরণের সুযোগ হইবে তেমনি তাঁহারদের অবসর দেওয়া উচিত। অতএব কমিস্যনর সাহেবের প্রতি এই হুকুম হইয়াছে যে তিনি একটিং কালেকটর সাহেবের সঙ্গে ঐক্য হইয়া এই বিষয়ে সুনিয়ম করেন।

এমত প্রবঞ্চনা উত্তরকালে আর না হইতে পারে এতদর্থ বোর্ডের সাহেবেরা কমিস্যনর সাহেবের প্রতি হুকুম করিয়াছেন যে তিনি আপন এলাকার মধ্যে কালেকটর সাহেবেরদিগকে এই হুকুম দেন যে যে জমিদারীর নীলামের কল্প হইতেছে তাহার বাঁকি পরিশোধবিষয়ে আমলারদের মৌখিক কোন কথা গ্রাহ্য করিবেন না কিন্তু বারম্বার খাজাঞ্চীর স্থানে লিখিত রিপোর্ট লইবেন তাহাতে খাজাঞ্চী ও সিরিশতাদারের দস্তখৎ থাকিবে এবং প্রত্যেক দিবসের নীলামের শেষে তত্তৎদিবসীয় নীলামের বিবরণ একই রুবকারীতে লিখিত থাকিবে। তাহাতে নীলামকারক আমলা যে জমিদারীর বাকি রাজস্ব আদায় হইয়াছে এমত রিপোর্ট দিয়াছেন সেই জমিদারী বা তাহার কোন অংশ কি নিমিত্ত নীলাম না হইল তাহার কারণ লেখা থাকিবে পরিশেষে শ্রীযুত ত্রিবিলিয়ন সাহেব লেখেন ঐ আমলারা যদি অপকার্য্য করে তবে ঐ রুবকারীই তাঁহারদের বিরুদ্ধে সাক্ষ্য হইবে অতএব ঐ রুবকারী লিখিতে হইলে তাঁহারা কখন এমত অপকার্য্য করিতে পারিবেন না।

—

জিলা হুগলির ডাকাইতী।

দেড় মাস হইল আমরা একটা জনশ্রুত প্রস্তাবিত প্রকাশ করিয়াছিলাম যে চন্দ্রকোণা থানার মাণিককুণ্ড গ্রামে লক্ষ্মীনারায়ণ চক্রবর্ত্তির বাটীতে এক ডাকাইতী হইয়াছিল এবং তাহাতে দস্যুরা নগদ ও জহরাতে ৫০০০ টাকা লুঠিয়া লয় এবং ঐ চক্রবর্ত্তির ভ্রাতাকে বর্সার দ্বারা এমত আঘাতি করে যে তাঁহার প্রাণ সংশয় হইয়াছিল। এইক্ষণে শুনিয়া পরমাহ্লাদপূর্ব্বক পাঠক মহাশয়েরদিগকে জ্ঞাপন করিতেছি যে হুগলির শ্রীযুক্ত মাজিস্ত্রেট সাহেব নাজিরের সাহায্যে অতিশীঘ্র অত্যন্ত পরিশ্রমপূর্ব্বক বমালসুদ্ধ ঐ দস্যুরদিগকে ধরিয়াছেন।

to report the result of the trial in order that, should he be convicted, the Board may take into consideration the propriety of recommending to Government that he should be gazetted as unworthy of serving Government in future.

The case against the Treasurer (Mr. Trevelyan observed,) appears less strong than that against the Sheristadar, but the Board hope, that the circumstances which will be elicited in the trial, will shew that the Commissioner acted judiciously in ordering him to be included in the criminal prosecution.

The Board are of opinion that the whole of the Treasury Towjee and Tehseel Mohurrirs, who all must have been cognizant, if not participators in the mal-practices of the Sherishtadar should be dismissed, not perhaps at once, which might be productive of inconvenience to the current duties of the office, but gradually as opportunity may offer for filling their places with properly qualified successors. The Commissioner has been directed to take measures accordingly in communication with the Acting Collector.

In order to prevent the recurrence of similar fraud, the Board have requested the Commissioner to instruct the Collectors in his division not to content themselves with a verbal report of the payment of balances of estates about to be exposed to sale, but to require the Treasurers in every such case to submit a written report, signed by himself, and countersigned by the Sheristadar, and at the close of each days sale, the report, or reports so submitted, should be embodied in one Rooboocarry proceeding of the officer holding the sale as constituting the grounds on which he acted in not selling the estates in portions of estates, the balances of which had been reported paid up. Mr. Trevelyan goes on observing, that it is not likely native officers would permit such complete evidence against themselves as such documents would afford, while, if exacting these reports did not deter them, it would convict them.

—

Dacoity in Zillah Hooghly.

About a month and a half ago, we published a report of an outrageous robbery committed at the house of one Luckhinarain Chuckerbutty, of the village of Manick Koondoo, appertaining to the Chunderkunna Thannah, and that the robbers had escaped with booty to the extent of about 5000 Rs. in specie and jewels, wounding the brother of the said Chuckerbutty thirteen times with a spear so severely that his life was despaired of; but we are happy to inform our readers that the worthy Magistrate of Hooghly, with great promptitude and indefatigable exertions, has succeeded in capturing this lawless gang, together with the missing property, by the active co-operation of the Nazir of the Magistrate.—*Courier.*

পশ্চিম প্রদেশে ডাকাইতী।

সংপ্রতি পশ্চিম প্রদেশে যে ডাকাইতী হইয়াছে তাহাতে হত আঘাতির সংখ্যার বিবরণ এই।

সুবল পরগনায় ফিরোজপুর গ্রামে এক ডাকাইতীতে ৩০ জন দস্যু হত হইয়াছে। পরগনে সরওয়ান টাটি গ্রামে এক জন বাণিজ্যকারির বাটী দস্যুকর্ত্তৃক আক্রান্ত হইয়া ১৭ জন পুরুষ ও ২ জন স্ত্রী হত হইয়াছে।

চন্দোসি পরগনায় সোরা গ্রামে ডাকাইতীতে গ্রাম্য ৩০ জন এবং ১৫ জন দস্যু হত হয় এবং সম্বল পরগনায় বগড়ি স্থানে এক কর্ম্মকারকের বাটী আক্রমণ হওয়াতে দস্যুরদের ৭ জন গ্রাম্য এক জন আঘাতী হয়।

অপর চন্দোসি পরগনায় দাদু গ্রামে ২০ জন ডাকাইত হত হয়।

বিজনূর জিলাতে দনুর গ্রামে ২০০ জন দস্যু বিবাহ যাত্রার ছলে প্রবেশ করিয়া লুঠ করে তাহাতে কএক জন হত ও আঘাতী হয়।

জিলা সহেশানে কাদর গঞ্জের নিকটে গ্রামবাসি লোকেরা জমায়ত হইয়া এক মহাজনের গোলা ভাজিয়া শস্য লুঠ করিয়া যাইতেছিল ইতিমধ্যে মীরউজির আলী থানাদার পোলীসের লোক সমভিব্যাহারে পঁহুছিয়া নিবারণের চেষ্টা করিলেন তাহাতে দস্যুরা থানাদার ও পোলীসের দুই লোককে আঘাতী করত তাবৎ শস্য লুটিয়া লইয়া গেল। থানাদার অত্যন্ত আঘাতী হইয়াছেন। বরেলিতে যে তৈনাতি অশ্বারূঢ়েরা আছে তাহারা মাজিষ্ট্রেট সাহেবের অনুরোধক্রমে অত্যাচার বারণার্থ পোলীসের সাহায্যার্থ আহূত হইল এবং এক সময়ে এক জন সিবিলিস মুর্কীয় যুব সাহেব তাহারদিগকে সঙ্গে লইয়া দস্যুরদের সঙ্গে যুদ্ধ করত আঘাতী হইয়াছেন। কিন্তু আঘাত ভারী নহে।

দোআব ও রুহেলখণ্ড ও অযোধ্যার নানা স্থানে প্রতিদিন লোকসকল একত্র হইয়া দাঙ্গা করিতেছে। এই সকলের কারণ কেবল দুর্ভিক্ষ।

মৈনপুরীর দুর্ভিক্ষ।

মৈনপুরীহইতে আগত পত্রে লেখে যে ঐ জিলা অত্যন্ত দুর্ভিক্ষাবস্থায় পতিত হইয়াছে। অতি শীঘ্র আরো দুর্ভিক্ষ হইবে এবং অনাহারে লোকসকল দস্যুতাতে প্রবর্ত্ত হইতেছে। ডাকাইতীর সংখ্যা হয় না লোকসকল অস্ত্র শস্ত্রী হইয়া শস্যের গোলা আক্রমণ করিতেছে। রাস্তা অগম্য হইয়াছে এবং জেহেলখানায় বিনামূল্যে আশ্রয় ও আহার পাওনপ্রযুক্ত কারাগার পূর্ণ হইতেছে।

পশ্চিম প্রদেশহইতে যে সম্বাদাগত হইয়াছে তাহা পূর্ব্বাপেক্ষা শুভাবহ বটে। হাতরাশহইতে লেখে যে ঐ স্থানে শনিবার পূর্ব্বাহ্নে অতিশুভজনক বৃষ্টি হইয়াছিল তাহাতে শস্যের মূল্য তৎক্ষণাৎ কমিল। তৎপর সোমবারেও অধিক বৃষ্টি হইল এবং মেঘাচ্ছন্ন ছিল তাহাতে পুনর্ব্বার লোকের উৎসাহ জন্মিল এবং রবির ফসলের বিষয়ে উদ্বেগ রহিত হইল খরীপেরো কিঞ্চিৎ হইতে পারে।

ভরতপুরে এমত ভারি বৃষ্টি হইয়াছে যে তাহাতে একেবারে গোম টাকায় ৩০ সের হইল।

Dacoitees in the Western Provinces.

The following is a list of decoitees recently perpetrated.

At Ferozepore, in the Pergunnah Subul, one inhabitant of the village and thirty dacoits were killed.

At the village of Tathee, Purgunnah Surwan, a buneah's house was attacked; seventeen men and two women dacoits were killed.

At the village Sorha, Purgunnah Chundousee, thirty men killed, fifteen dacoits, fifteen villagers; and at Bubroee, Purgunnah Sunbul, an attack was made on the house of a blacksmith; seven dacoits were killed and one of the villagers wounded.

At the village of Dadowl, Purgunnah Chundousee, twenty dacoits were killed.

At Dunnore, in the Zillah of Bijnore, two hundred dacoits, under the pretence of belonging to a wedding party, entered the village and plundered. Several persons were killed and wounded.

Near Kadir Gunj, in the Zillah of Saswan, the inhabitants of a village assembled, opened the granary of a merchant, and were about to remove the grain, when Meer Wuzeer Ali, the Thanadar, accompanied by the police, arrived and endeavoured to prevent them. The Thanadar and two of the Police were wounded and the grain taken away. The Thanadar is very dangerously wounded.

The Corps of Local Horse at Bareilly had been called out, on the requisition of the Magistrate, to assist the Police in preventing crime, and on one occasion a young civilian was wounded, when leading a small party against a body of dacoits, but the wound is not considered a dangerous one.

Daily tumultuous meetings and outrages occur in different parts of the Dooab, Rohilcund, and Oude, and the dread of famine is, doubtless, the inciting cause.

Famine at Mynpooree.

Letters from Mynpooree give the most horrible account of the state of the district. Famine rapidly approaches; hunger is urging people to the commission of robberies; dacoitees are numerous; armed multitudes make descents upon grain stores; the roads are every where unsafe; the jails fill because they afford bread and a home to the starving and the houseless.

The accounts which have just been received form the Western Provinces are much more favourable. They write from Hattras that a very satisfactory shower fell on Saturday, which reduced the price of grain. On the following Monday several showers of rain fell, and the sky remained overcast. Confidence was again restored; no fears having been entertained for the *Rubby* Crop, and the *Khureef* may not be an entire failure.

At Bhurtpore rain had fallen in such quantity as to reduce the price of wheat to 30 seers the Rupee.

নছিরাবাদে সংপ্রতি সুবৃষ্টি হইয়াছে এবং দুর্ভিক্ষের যে ভয় হইয়াছিল তাহা এইক্ষণে নিবৃত্ত হইয়াছে। ঐ স্থানে অনেক শস্য সঞ্চিত আছে এইক্ষণে রবির ফসলবিষয়ে আর কোন চিন্তা নাই।

এই শুভবৃষ্টি হওনের পূর্ব্বে পশ্চিম প্রদেশের গবর্ণমেণ্ট দ্বিতীয় সংখ্যক কমিস্যনর শ্রীযুত হেমিল্টন সাহেবকে এমত অনুমতি দিয়াছেন যে তাঁহার এলাকার মধ্যে যে পাঁচ গ্রাম আছে প্রত্যেক গ্রামের মধ্যে মাসে ২০০০ টাকা ব্যয়করত দরিদ্র লোকেরদের দ্বারা রাস্তা প্রস্তুত করেন।

লক্ষ্মণৌ।

লুধিয়ানা আকবারে লেখে যে লক্ষ্মণৌস্থ আমারদের এক জন মিত্রের পত্রের দ্বারা অবগম হইল যে অযোধ্যার শ্রীযুত রাজার রাজ্যকরণার্থ যত বুদ্ধি ও সদ্বিবেচনার আবশ্যক বোধ করি ততই তাঁহার থাকিতে পারে কিন্তু খেদের বিষয় এই যে তিনি কতক অতিনীচ লোকের বাধ্য আছেন বিশেষতঃ আজিমউল্লা নাপিত যাহা করিতে চাহে তাহাই করে এবং রাজার মুকুট ধারণের দিবসাবধি নিয়তই ছায়ার ন্যায় সঙ্গে আছে। রাজা ঐ ব্যক্তির অনেক প্রার্থনাবিষয় সিদ্ধ করিয়াছেন। এবং এমত হুকুম হইয়াছে যে রাজার নিকটে যাহার যে দরখাস্ত থাকে তাহা তাহার দ্বারাই করিতে হইবে। নওয়াব রসনউদ্দৌলা উজীরের প্রতিও এমত হুকুম হইয়াছে যে শ্রীযুক্ত রাজার সঙ্গে যখন যে কথা থাকে তাহা ঐ আজীম নাপিতের দ্বারা কহিতে হইবে ইহাতে নওয়াব বিলক্ষণ বিরক্ত হইলেন বটে তথাপি ঐ হুকুম প্রতিপালন করিতে হইল কিন্তু তিনি ঐ অপমান খণ্ডনার্থ এই স্থির করিয়াছেন যে ঐ আজীম উল্লা নাপিতের সঙ্গে কোন কথা কহিতে হইলে আপনি না কহিয়া আপনার নাপিতের দ্বারা কহিবেন। এইক্ষণে সোবানআলী খাঁ রাজার অতিপ্রিয় পাত্র হইয়াছেন এবং রসনউদ্দৌলাকে অপদস্থ করণার্থ নিতান্ত চেষ্টা পাইতেছেন।

লক্ষ্মণৌ।

লক্ষ্মণৌর শ্রীলশ্রীযুক্ত নূতন বাদশাহ এমত এক ইশতেহার দিয়াছেন যে উত্তরকালে হিন্দুরা আপনারদের দেবালয়ে কাংস্য শঙ্খ বাজাইয়া বিশ্বাসি মোসলমানেরদের কর্ণজ্বালা করাইবেন না। তাহাতে জন্মাষ্টমীতে হিন্দুরদের যে দেবপূজা করিতে হয় তাহা একপ্রকার মানসেই করিতে হইল। পরে ঐ শহরের মধ্যে দরিদ্র এক ব্যক্তি কোন্ জাতীয় কহা যায় না এইক্ষণকার উপস্থিত দুর্ভিক্ষপ্রযুক্ত স্বীয় কন্যা বিক্রয় করিয়াছিল। ইহা শ্রীযুক্ত রাজার কর্ণগোচর হইলে ঐ বেচারাকে কয়েদ করিতে হুকুম দেন।

রঙ্গ রাও।

দিল্লীর সম্বাদপত্রে লেখে যে আমারদের শেষ পত্র প্রকাশহওনের পর রেওয়ারির তহসীলদার রঙ্গরাওর মোকদ্দমাবিষয়ক কাগজপত্রসকল পাঠ করিয়াছি এবং আমরা অত্যাহ্লাদপূর্ব্বক কহিতেছি যে ঐ খাঁর নামে যে অভিযোগ হইয়াছে তাহা অস্মদাদির বিবেচনায় নিতান্ত অমূলক।

At Nusseerabad rain has lately been abundant, and the fearful prospect of famine has entirely disappeared. There is a large quantity of grain in store, and no fears are entertained for the *Rubby* Crop.

Previously to this seasonable fall of rain, the Government of the Western Provinces had allowed Mr. Hamilton, the Commissioner of the 2d Division, to expend 2000 Rs. a month in each of the five districts in his division, in employing men to work on the road.

Lucknow.

It appears by a letter from a friend at Lucknow, that his present Majesty of Oude seems to possess an adequate quantum of natural good sense and sound judgment, necessary in one destined to wield a sceptre; but it is a great pity that people of low origin have so much influence with him: as for instance Auzeem-oollah, the barber, has become his factotum, and has been constantly at his elbow, since the day of coronation. His Majesty has granted many of this barber's prayers, and has passed an order that people having any thing to bring to his Majesty's notice, should do so through his medium. Nawab Roushun ood dowla, the Vizier, has also been directed to make Auzeem-oollah the mouthpiece in his conference with his Majesty. The Nawab though he felt annoyed, has as a matter of necessity, obeyed the direction; but he has made a contrivance to avoid the indignity in some measure by making his barber the messenger between himself and Auzeem oodeen. Sobhan Ally Khan has become a great favourite with his Majesty, and is secretly trying to get Nawab Roushun-ood-dowla ousted from the Ministry.—*Lodianah Akhbar.*

Oude.

His Majesty the new King of Oude has issued his gracious proclamation henceforward forbidding his Hindoo subjects from profaning the ears of the faithful by the sound of their conches so the Hindoo festival of Ashtumee or the birth of Kunnya was celebrated in mourning! A poor man in the city caste unknown, from the pressure of the now prevailing famine, sold his daughter, which coming to the knowledge of the King, he directed him to be confined.—*Eng. 21st Sept.*

Rung Rao.

Since the publication of our last number, we have attentively perused a copy of the trial of Rung Rao, Tehseeldar of Rewarree, and have great pleasure in being able, conscientiously, to express our entire conviction of the falseness of the charges, which were brought against him.—*Delhi Gazette, Sept. 6.*

আরাকানস্থ সৈন্য।

গত শনিবাসরীয় গেজেটে প্রকাশিত এক আজ্ঞার দ্বারা গবর্ণমেণ্ট অনুগ্রহ করিয়া আরাকানে যে সৈন্য নিযুক্ত হইয়াছে তাহারদের মধ্যে চারি জন লেপ্তেনন্তের প্রত্যেক জনের ১৫০ টাকা করিয়া মাসিক বেতন বর্দ্ধন করিয়া দিয়াছেন।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন নামক পাঠশালার অধিকন্তু স্বাক্ষরকারিদিগের নাম।

৮ জুলাই তারিখ অবধি ৩১ আগষ্ট পর্য্যন্ত ১৮৩৭

কোং তঙ্কা।

শ্রীলশ্রীযুত দি রাইট অনরবল লার্ড অকলণ্ড বাহাদুর ২৫০
শ্রীশ্রীযুত নওয়াব একবালদ্দৌলা বাহাদুর বারাণসী ফরক্কাবাদী ১০
শ্রীযুত এন এন মানক সাহেব। ২০
শ্রীযুত জি হরকেলাট সাহেব। চুচুড়া। ... ৮
শ্রীযুত রাজা রাধাকান্ত বাহাদুর। ৮
শ্রীযুত বাবু হরকুমার ঠাকুর ৫
শ্রীযুত বাবু উপেন্দ্রমোহন ঠাকুর ৫
শ্রীযুত বাবু সীতানাথ বসু ৫
শ্রীযুত বাবু রসিকচন্দ্র নেউকী। ৫
শ্রীযুত বাবু শিবনারায়ণ ঘোষ। ১০
শ্রীযুত বাবু দেবনারায়ণ ঘোষ। ১০
শ্রীযুত বাবু আনন্দনারায়ণ ঘোষ। ১০
শ্রীযুত বাবু জগদ্দুর্লভ সিংহ।... ... .. ৫
শ্রীযুত বাবু প্রাণনাথ বসু। ৫

শ্রীকৃষ্ণহরি বসোঃ।
প্রধান সম্পাদকস্য।

১ সেপ্তম্বর। ১৮৩৭ সাল।

Arracan Local Battalion.

Government have been pleased, by an order published in last Saturday's Gazette, to increase the extra allowance of the four subalterns appointed to the augmented Arracan Battalion to 150 Rupees a month.

ADDITIONAL SUBSCRIBERS TO THE HINDOO BENEVOLENT INSTITUTION.

From 8th July to 31st August, 1837.

The Rt. Hon. Lord Auckland, G. C. B., ... *Co.'s Rs.* 250
His Highness Newab Ikbaladowlah Bahadur, *Benares F. Sicca* ... ... 10.
M. M. Manuk, Esq. 20
G. Herklots, Esq., Chinsurah, ... 8
Rajah Radhakant Bahadur, ... 8
Baboo Haro Coomar Tagore, ... 5
Baboo Opendermohun Tagore, ... 5
Baboo Seetanath Bose, ... 5
Baboo Russick Chunder Newgy, 5
Baboo Sibnarain Ghose, ... 10
Baboo Debnarain Ghose, ... 10
Baboo Anundnarain Ghose, ... 10
Baboo Jugutdullubh Sing, ... 5
Baboo Prannath Bose, ... 5

Krishnahuree Bose,
Genl. Supt.

The 1st Sept. 1837.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

মোকাম চিৎপুরের সরহদ্দে চোরধরা।

শ্রীযুত চন্দ্রিকাপ্রকাশক মহাশয়।

প্রণতিপূর্ব্বক নিবেদনমিদং। মহাশয় কি অন্যান্য সম্বাদপত্র প্রকাশক মহাশয়রা পোলিসের থানার দারোগা প্রভৃতির দোষ সর্ব্বদাই প্রকাশ করিয়া থাকেন। কিন্তু উচিত হয় তন্মধ্যে যে সকল দারোগা উত্তম কর্ম্ম করে তাহারদিগের গুণও প্রকাশ করেন। সকল দারোগাই দুরাত্মা দৌরাত্ম্যকারী রেসবত খোর এমত নহে ইহারদিগের মধ্যে কেহ২ এমত লোক আছেন তাঁহারা আপন মান সম্ভ্রম রক্ষার্থ সর্ব্বদা যত্নবান্। সম্প্রতি চিৎপুরের থানায় যে দারোগা আসিয়াছেন তাঁহার নাম শ্রীযুত রকীবদ্দি দারোগা ইনি প্রজা লোকের নিকট অতিপ্রিয় হইয়াছেন। যেহেতুক অতি মিষ্টভাষী শিষ্টলোক কাহারো অনিষ্ট চেষ্টা নাই। আইনমত কর্ম্মকরণে পিতাকেও রেয়াতি করেন না। এবং চিৎপুর থানার শামিল যে সকল স্থান ইহাতে অনেক দুষ্ট লোক আছে এবং অনেক ধনবান লোকেরও বাস। ঐ স্থানে শ্রীশ্রীযুত নওয়াব সাহেবের বাস ইহাভিন্ন অতি ধনাঢ্য কএক জন জমিদারের বাসস্থান। অপর অনেকানেক ভিন্নদেশীয় রাজারদিগের উকীলেরা আসিয়া ঐ অঞ্চলের যে সকল বাগ বাগীচা আছে সেই সকল সুখ সেব্য বাগানেই বাস করিয়া থাকেন। অপর কলিকাতাবাসি বাবুদিগের অনেকের বাগান ঐ স্থানে আছে। উত্তম স্থান প্রযুক্ত অনেকেই প্রায় বৎসরের মধ্যে অধিক কাল ঐ সকল বাগানে বাস করিয়া থাকেন ইহাতে সর্ব্বদাই চুরিহওনের সম্ভাবনা। বিশেষ পূর্ব্বাপর জ্ঞাত আছে চিৎপুর অতিভয়ানক স্থান ঐ স্থানে কত শত লোক পূর্ব্বে হত হইয়াছে। এজন্যে পূর্ব্বে হাওয়ালি জিলার জজ মাজিস্ত্রেট এলিএট সাহেব চিৎপুর মাণিকতলা থানার ফাঁড়ি থানা ছিল তাহা ঘুচাইয়া থানা করিয়া যান। তাহা না হইলে ঐ সকল স্থানে সর্ব্বদা দাঙ্গা ফসাত চুরি ডাকাইতী হইতে পারে। এনিমিত্ত হাওয়ালির সকল থানা অপেক্ষা অনেক বিবেচনায় চিৎপুরের থানা বড় শক্ত স্থান। এখানে অতিউপযুক্ত লোক দারোগা না হইলে কর্ম্ম চলে না কিন্তু এইক্ষণে উক্ত দারোগা তদুপযুক্ত লোক দেখিতেছি। যেহেতুক প্রতি রাত্রে দারোগা স্বয়ং এবং মুহরির শ্রীশিবচন্দ্র সরকার সমভিব্যাহারে রোঁদ ফেরেন অর্থাৎ প্রায় সমস্ত রাত্রি নানা স্থানে ভ্রমণ করেন। ইহাতে চৌকীদার লোক সর্ব্বদা সতর্ক থাকে এইপ্রকার সতর্ক থাকাতে মহোপকার হইতেছে। তৎপ্রমাণ একটা লিখি গত ৩০ আগষ্ট ১৫ ভাদ্র বুধবার রাত্রে কাশীনাথ বাবুর ফুলবাগাননামে খ্যাত স্থানে রাধামণি কলুনীর ঘরে এক চোর সিঁদ কাটিয়া প্রবেশ করিয়াছিল এবং তাহার সঙ্গে আর কএক জন চোর ছিল। তাহারা গৃহহইতে দ্রব্যাদি বাহির করিবার সময়ে ঐ কলুনী জাগিয়া চিৎকার করিবামাত্র চৌকীদার অতি হুসিয়ার ছিল তথায় উপস্থিত হইবাতে চোরেরা পলায়ন পরায়ণ হইল। চৌকীদার তৎপশ্চাৎ ধাবমান হইয়া এক জন চোরকে বল্লম মারিবাতে সে জখম হইয়া ভূমে পতিত হইল ইহাতেই তাহাকে সিঁদকাটি এবং কতক মালসহিত গ্রেপ্তার করিল। তাহার কিঞ্চিৎ কাল পরেই নিশাবসান হইলে দারোগা ও মুহরির রোঁদ ফিরিয়া থানায় আসিতেছিলেন জানিতে পারিয়া তৎক্ষণাৎ সারে জমীনে গিয়া সুরতহাল করিয়া সারেওয়ার মাজিস্ত্রেট সাহেবের নিকট রিপোর্ট করিবাতে সপ্রমাণ হইল। চোর ঐ থানার সরহদ্দের মধ্যে সিতি গ্রামের কিনু চাঁড়ালকে নয় মাস মেয়াদে কএদ হুকুম দিলেন। ইহাতেই আমি বিবেচনা করি এই দারোগাহইতে ঐ স্থানের অনেক চোর ধরা পড়িবেক অথবা শাসন হইবেক অর্থাৎ তাহারা চৌর্য্য ব্যবসায়ে ক্ষান্ত হইবেক। চন্দ্রিকাকার ও দর্পণকার মহাশয় অনুগ্রহ করিয়া এই সম্বাদ আপন২ কাগজে স্থান দিলে অপক্ষপাতি প্রকাশকরূপে খ্যাত হইবেন এবং আমরা ধন্যবাদ করিব ইতি।

চন্দ্রিকা ও দর্পণপাঠকস্য।

Spirit of the Native Papers.

To the Editor of the Chundrika.

You, as well as the Editors of other papers, are constantly declaring the inefficiency of the Police; but it is right on the other hand to publish the good deeds of the Darogahs. All Darogahs are not villainous, oppressive, and addicted to bribes. There are some among them who perpetually strive to maintain their own dignity. The Darogah who has just been appointed to the Chitpore Thannah, Ruckeebundy, has endeared himself to the people for his very affable, highly respectable, and unblameable conduct. In the execution of the laws he would not permit even his father to influence him. The places around the Chitpore Thannah are filled with wicked men. It is the residence of many rich natives. His Highness the Nawab resides there, and there are several very opulent Zemindars. The beautiful gardens with which it is studded are the residence of many ministers of foreign Courts. Many of the Calcutta Baboos have also their gardens there, and there are many natives who spend the greater part of their time in that pleasant retreat; hence there is always dread of robberies. In fact, Chitpore has always been dreaded on account of robberies, and many hundred men have been put to death there. It was on this account that Mr. Elliot, the former Judge and Magistrate of the 24-Pergunnahs, established the principal Thanna at Chitpore, whereas before that time it was subordinate to Manicktollah. If this had not been done, it would have been the scene of many thefts, robberies and riots. It is on this account esteemed the most difficult post in the 24-Pergunnahs, and requires a most vigilant officer; such a one is the present officer. Every night he makes his rounds through the Thannah in person, accompanied by his Muhurir Seebchunder Sirkar, and is, therefore, awake nearly the whole night. Thus the Chowkedars are kept continually on the *qui vive*, which is a cause of great satisfaction. In proof of this I would state, that on Wednesday, the 30th of August, in a place called the Flower garden of Cashenath Baboo, a thief cut a hole in the house of one Radhamoney Koloonee, and entered it with several accomplices. As they were removing the articles, the woman awoke and screamed out, and the Chowkedar who was on the alert, repaired thither, on which the thieves took to flight. The Chowkedar pursued them, and wounded one man with a spear, and brought him to the ground; on him were found the implements of robbery, and several stolen articles. A little towards the morning, the Darogah and Mohurir were returning to the Thannah after making their rounds, and on hearing of the circumstance, repaired to the spot, and made an inquest, after which the case was referred to the Magistrate, and the thief, who was Kenoo Chandal, of the village of Sethee, was condemned to nine months imprisonment. I fancy, therefore, that many of the thieves in that neighbourhood will be either seized by the Darogah, or too much terrified to carry on their depredations. If the Durpun and the Chundrika will publish this statement, I shall bless them for their impartiality.

A Reader of the Chundrika and the Durpun.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনকার ১১৫১ সংখ্যক দর্পণে প্রধান সদর আমিনের নিষ্পত্তির আপীল সদর দেওয়ানী আদালতে হইবার বিষয়ে এক নূতন আইনের পাণ্ডুলেখ্য প্রকাশ হইবায় তদুত্তর কস্যচিৎ বিচারার্থিনঃ নামধারির দ্বারা ১১৫৬ সংখ্যক দর্পণে যে ছাপন হইয়াছে তাহা কি পর্য্যন্ত ভ্রান্তি ও বিবেচনার অতীত তদ্বৃত্তান্ত নীচের কএক পংক্তিতে লিখিতেছি। শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় কৃপাবলোকনে দৃষ্টিগোচরকারণ সংশোধিত করিয়া নিজ দর্পণৈক পার্শ্বে স্থানদান দিলে চিরবাধিত হইব।

পাঠকবর্গ মহাশয়রা জ্ঞাত আছেন যে লার্ড কর্ণওয়ালিসের বন্দোবস্তের দ্বারা মুনসেফের নিষ্পত্তির আপীল সদর আমিনের নিকট হইয়া জজপর্য্যন্তই চূড়ান্ত ছিল। রীতি কি আইনের বিপরীত না হইলে মফঃসল আপীল আদালতে তজবীজ গ্রাহ্য হইত না। সদর দেওয়ানী আদালতে শেষ দেখা কখন কাহারো ভাগ্যক্রমে হয় নাই বিশেষতঃ মুনসেফের নিষ্পত্তির আপীলের আপীল জজের নিষ্পত্তি দ্বারা কখন কাহারো পক্ষে রীতির কি আইনের বিপরীত হইত না। কেননা মুনসেফ জমির নিষ্পত্তি করিতে পারিতেন না। আমারদিগের বঙ্গদেশীয় মনুষ্যসকল আশার আশ্রে মুনসেফের নিষ্পত্তি অর্থাৎ ৬৫ টাকার মোকদ্দমার জন্য স্বদেশত্যাগ করিয়া বিদেশে বাসাখরচ ও মোক্তারের বাসাখরচ ইত্যাদিতে দাবির দ্বিগুণ ব্যয় অনর্থক হইবাতে আমারদিগের তজবীজ জিলার মধ্যে হইবার কারণ লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব ঐ মফঃসল আপীল আদালত উঠাইয়া ১৮৩১ সালের ৫ আইন জারী করিয়াছেন। তাহাতে পূর্ব্বের তজবীজের শ্রেণিঅপেক্ষা এইক্ষণে কিছুই কম হয় নাই। বিচারার্থিনঃ নামধারির বিবেচনার ভ্রান্তি। কেননা মুনসেফের ফয়সলার এইক্ষণে প্রধান সদর আমিনের নিকট আপীল হইয়া জজপর্য্যন্ত চূড়ান্ত। ইহাতে বিচারকালীন কেহ

Correspondence.

To the Editor of the Durpun.

In No. 1151 of your Durpun, you published the draft of a Regulation for making the appeal from the Principal Sudder Ameen, cognizable at once by the Sudder Dewanny Adawlut. To this a reply was given in No. 1156 of the Durpun, by one who signs himself *A Lover of Justice.* The few lines which I now send you, will point out the erroneous and injudicious character of those remarks. Mr. Editor, I beg you kindly to correct this letter, and oblige me by giving it a place in the Durpun.

Your readers must well know, that according to the arrangement of Lord Cornwallis, an appeal from the Moonsiff lay to the Sudder Ameen, and from him finally to the Judge, and unless there had been the violation of some practice, or law, or regulation, the appeal could not be carried to the Provincial Court; but never has any one been so fortunate as to have his case finally examined in the Sudder Dewanny Adawlut. Every one was satisfied with the decisions of the Judge, in cases appealed from the Moonsiff's Court, for the Moonsiff could not decide any case of land. The people of Bengal in hopes of getting their cases decided, for causes of only 65 Rupees, submitted to the inconvenience and expense of leaving home, and paying an attorney, which expenses often amounted to double the value at stake. Lord William Bentinck, in order that we might have our cases decided in the district, passed Regulation V. of 1831; but this did not lighten the trouble formerly experienced in these causes. The *Lover of Justice* is in error, because at the present time the decision of the Moonsiff, may be appealed to the

কোন দলিল দাখিল করিতে অশক্ত হইয়া থাকে কিম্বা আইনের বিপরীত হয় তবে তাহার পুনর্ব্বিচারকারণ আশ্বাস আছে। যেমন পূর্ব্বের আইনের লিখিত জজের নিষ্পত্তিতে আইনের কি রীতির বরখেলাপ হইলে কোর্ট আপীলে দরখাস্ত করিতে পারিত।

অনন্তর নূতন আইনের পাণ্ডুলেখ্যের যে দোষারোপ। তদুত্তর এই যে ঐ আইনে এমত অভিপ্রায় নাই যে প্রধান সদর আমিনের নিষ্পত্তিমাত্রই সদর দেওয়ানী আদালতে আপীল হইবেক অর্থাৎ তাহাতে এই বর্ণনা আছে যে এইক্ষণে জজ সাহেবের আদালতের নিষ্পত্তির আপীল যেমত সদর দেওয়ানী আদালতে হইতেছে ঐরূপ মোকদ্দমা প্রধান সদর আমিনের নিকট অর্পণ হইলে তাহারি আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক। পঞ্চাশ হাজার টাকার অনূর্দ্ধ মোকদ্দমা বিলাত আপীল হয় না। ঐ সংখ্যার উর্দ্ধের দাবিদার বিলাত আপীলকরণেচ্ছু হইয়া যো ত্রাভাব হইলে তাহার বিধি ১৮১৪ সালের ২৮ আইনের ১৮ ধারাদ্বারা স্থির আছে। বিচারার্থিনঃ নামধারি মহাশয় এই সকল বিবেচনা যদ্যপি করিতেন তবে গবর্ণমেন্টের দোষারোপ করিতে কখন পারিতেন না।

কস্যচিৎ জিলা চব্বিশ পরগনার
চক্রবেড়েবাসি শ্রীঈশ্বরচন্দ্র ঘোষস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আমারদিগের জিলার নারায়ণগঞ্জ ও পোড়াবাহা ও ডাঙ্গাভাঙ্গা ও মকসুদপুর ও নেছরাগঞ্জের মুনসেফ সাহেবদিগের যেরূপ নাম বিখ্যাত হইয়াছে তাহা বিস্তার করিয়া লিখিলে মহাশয় মুদ্রাঙ্কিত করিতে সঙ্কোচ করিবেন। অতএব আমরা এইপর্য্যন্ত লিখিতেছি যে জিলার জজ ও কমিস্যনর সাহেব জিলানিবাসি শিষ্ট বিশিষ্ট নিরপেক্ষ ব্যক্তিদিগের স্থানে তাবৎ বৃত্তান্ত শ্রবণ করিয়া ত্বরায় বিহিত করুন নচেৎ এক প্রাণিকর্ত্তৃক অনেক প্রাণির হনন হইলে পশ্চাৎ ঐ এক প্রাণির প্রাণ দণ্ড করিলে দুঃখের বিমোচন হইবেক না। এ জিলার লোক নানাভয় ও কারণবশতঃ প্রকাশ হইয়া কাহারো নামে নালিস করিতে অশক্ত কিন্তু ১৮৩১ সালের ৫ আইনের লিখনমতে লোহরৎ অর্থাৎ জনতা হইলেও তাহার প্রতিকার করার বিধি আছে।

পূর্ব্ব অঞ্চলের কোন শহর জিলার
প্রজাদিগের নিবেদন।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

আমারদিগের জিলাসকলে যে এক জুলুম হইতেছে তাহা কোনমতে যৌক্তিক হয় এজন্য মহাশয়কে দরখাস্ত করিতেছি। এই তিন জিলার হিন্দু সদর আমিন ও ডেপুটি কালেকটর তথা আদালত ফৌজদারী ও কালেকটরীর সেরেস্তাদার ও পেস্কার মহাশয়রা বৎসরের মধ্যে এক২ জন দুই তিনবার আপন২ গুরু ও পুরোহিত আনাইয়া পুরাণ পাঠ বাহানাতে জিলার সকল মোক্তার ও ছোট২ আমলা ও উকীল লোককে নিমন্ত্রণ করিয়া ফি জনহইতে একটাকা দুই টাকা করিয়া দেওয়ান। তাবেদার আমলা ও উকীল ও মোক্তারেরা না দিয়া কোনমতে বাঁচে না। না দিলে ঐ মহাশয়েরা বেজার হন কাযেকাযেই যাহার যোত্র নাও থাকে ধার কর্জ্জ করিয়া দেয়। ভয় ও সরমে মুখে কিছু কহিতে পারে না মনে২ দুঃখ করে। ইহা সেওয়ায় মাসে২ মাতা পিতার শ্রাদ্ধ ও বিবাহ বলিয়া অন্যান্যের উপরোধে প্রায় চাঁদা করিয়া গরিব লোকের উপর অনেক বদিয়ত করেন। এ সকল বিষয় সেরেস্তাদার ও পেস্কার মহাশয়রা অধিক করেন। সদর

Principal Sudder Ameen, and in a final appeal to the Judge. If, therefore, during the trial, any document be omitted, or there be any irregularity, there is a hope of its being rectified, just as under the old system, if the decision of the Judge was contrary to law or practice, an appeal lay to the Court of Appeal.

To the objections which he lays to the new law, we reply, that it does not order that every decision of the Principal Sudder Ameen, shall be carried in appeal to the Sudder Dewanny Adawlut; but it provides that as at present the decision of the Civil Judge may be appealed to the Sudder Dewanny Adawlut; so the cases that are referred to the Principal Sudder Ameens, may be carried in Appeal to the Sudder Dewanny Adawlut. No appeal can go to the King in Council, except for sums above 50,000 Rupees. If any one who has a cause above that amount, wishes for an Appeal and has no funds, Regulation XXVIII. of 1814, Sec. 18, points out the remedy. If the *Lover of Justice* had considered all these matters, he would never have censured Government.

Eeshurchunder Ghose, in Chuckerbare, of the 24 Pergunnahs

To the Editor of the Durpun.

If we were to state to you the estimation in which the Moonsiff gentlemen of Naraingunge, and Puragacha, and Danga Bhanga, and Mucksoodpore, and Nussergunge were held, you would scarcely venture to publish it. We would, therefore, simply say, that the Judge and the Commissioner of the District ought to endeavour to obtain the truth from the testimony of respectable and impartial men residing in the district, and grant speedy relief; else if one man put another to death, what good will the dead derive from the punishment of the murderer? The people of this district, through fear and other causes, cannot venture to complain; but according to Reg. V. of 1831, the general opinion of society is a sufficient reason for enquiry.

The people of a certain district in the East.

To the Editor of the Durpun.

In our district there are certain acts of oppression which we now publish in the hope of relief. In three Zillahs mentioned below, the Hindoo Sudder Ameens and Deputy Collectors, and the Sheristadar and Peshkar of the Judge and the Collector do two or three times during the year, being their spiritual guides and brahmuns, and under the pretence of hearing the Poorans, invite the Attornies and inferior Amlahs of the Court to the ceremony, and exact 1 or 2 Rs. from each. The Officers and Vakeels and Mooktiars who are, in fact, under their influence, cannot escape without paying it; if it be not paid, those great gentlemen are offended, and hence, those who have no money, are obliged to borrow it. Through fear and shame they are unable to make objections, and they bear their griefs in secret; besides these there are almost monthly shraddas and marriages and other occasions, on all of which the poor are fleeced. The Sheristadar and Peshkar excel in these exaction; although the Sudder Ameens and Deputy Collectors are not free from this charge

আমিন ও ডেপুটি কালেকটরেরা কখন২। কিন্তু মোসলমান আমলা ও সদর আমিন ও ডেপুটিরা এ বিষয় কোন দিন করেন নাই। কেবল হিন্দুরাই এই জুলুম আবহমানঅবধি করিতেছেন। তাহাতে এই যে কাল পূজার সময় আসিতেছে ইহাতে আমরা এই সকল মিথ্যা পুরাণ পাঠওগয়রহ নিমন্ত্রণে বাসার২ টাকা দিয়া বরে আসিতে না পারিয়া ছয় আনার পয়সা খরচ করিয়া মহাশয়কে লিখিলাম। যদি মহাশয় ইহা রহিত করিতে পারেন তবে অনেক গরিবে আপনাকে দোয়া দিবেক। বরং যদি আপনি কমিস্যনর সাহেবকে লেখেন যে কমিস্যনর সাহেব এ কথার তহকীক করিয়া সত্য মিথ্যা জানিয়া রিপোর্ট করেন। কিন্তু দুঃখের বিষয় এই যে আমরা গরিবেরা আপন২ গুরু পুরোহিত আনিয়া ঐপ্রকার আমন্ত্রণ করিলে এ সকল উচ্চ পায়ার বড় মানুষেরা এক কড়াও না দিয়া তুচ্ছ করেন।

জিলা মৈমনসিংহ ও ঢাকা ও ত্রিপুরার
গরিব মোক্তার ও উকীল ও ছোট২
আমলার নিবেদন।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বহুবিধ বিনয়পুরঃসর নিবেদনমিদং। পারস্য ভাষা উঠায়নবিষয়ক অধোলিখিত কএক পংক্তি মহাশয়ের অতুল্যামূল্য দর্পণৈকদেশে যদি স্থানদানের যোগ্য হয় তবে তাহা স্থান দানে চিরবাধিত করিবেন।

পারস্য ভাষা উঠিবার পূর্ব্বে আমি শুনিয়াছিলাম যে প্রত্যেক জিলায় দেওয়ানী ও ফৌজদারী ইত্যাদি আদালতে ঐ ভাষা চলিত থাকিবে না। কারণ ঐ ভাষা বর্ত্তমান রাজ্যাধিপতি ও প্রজা উভয় পক্ষেরই নহে ইহাতে আদালতের কর্ম্ম বিপরীত হয়। অতএব ইহাঁরদিগের অধিকারে ইঙ্গলণ্ডীয় ভাষা এবং দেশীয় ভাষা প্রচলিত হইলে উত্তম হইবে। কিন্তু এইক্ষণে সকল সম্বাদপত্রদ্বারা অবগত হইলাম যে কেবল রেবিনিউসম্পর্কীয় স্থানে ঐ ভাষা উঠিয়া গেল ইহার কারণ কি ইহাতে আশ্চর্য্য বোধ হইতেছে।

যদি কেহ কহেন রেবিনিউসম্পর্কে ঐ ভাষা না উঠাইলে গবর্ণমেন্টের ক্ষতি হয় অন্যত্র নহে। আমি বলি যে দেওয়ানী ও ফৌজদারী আদালতে ঐ ভাষা থাকাতে গবর্ণমেন্টের কি উপকার আছে বরং প্রজারদিগের অনিষ্ট দেখিতেছি। দেওয়ানী আদালতের কর্ম্মকারি মহাশয়রা বিচারপতিকে ঐ ভাষার বিপরীতার্থ বোঝান্ তাহাতে লোকের মান ও সম্পত্তির হানি হয়। এবং ফৌজদারীতে আমলা মহাশয়রা একে আর করিয়া লোকেরদিগকে জীবনসংশয় ক্লেশে ফেলেন। মনুষ্যের জীবনাপেক্ষা বন্ধু কেহ নাই জীবন নষ্টকরিয়া যদি জগতের তাবৎ বস্তু পায় ইহাতে তাহার কি লাভ হয় এবং জীবনের পরিবর্ত্তে অন্য কোন বস্তু লইলে তাহাতেও তাহার লাভজ্ঞান কি। অতএব হে প্রিয় সম্পাদক মহাশয় যদি ইঙ্গলিস এবং দেশীয় ভাষা সর্ব্ব জিলায় চলিত হয় ও তাবৎ রাজকীয় কর্ম্ম উত্তম বিবেচনারূপে হয় তবে আমি সাহসপূর্ব্বক কহিতে পারি যে প্রজারা পরমেশ্বরের নিকট নিয়ত এই প্রার্থনা করিবেক যে রাজ্যের ক্রমশঃ শ্রীবৃদ্ধি হউক। তাহা হইলে প্রজারা নির্ব্বিঘ্নে এ সুখভোগ করিবে যাহা অপক্ষপাতি রাজা প্রদান করিতে পারিবেন।

শ্রীযুত বাবু তারকনাথ সেনের সুখচর
গ্রামের দাতব্য বিদ্যালয়ের শিক্ষক
শ্রীশ্যামাচরণ বসু।

The Mahomedan officers, and Sudder Ameens, and Deputy Collectors are not chargeable with this oppression. It is only the Hindoos who continually practice it. Now we, who are poor men, and are unable to pay the charge that will be demanded at the approaching Holidays by the gentlemen above named, for being invited to hear the stupid Poorans, have rather expended six annas in order to send you this letter. If you can bring about the abolition of this practice, many poor men will bless you. If you could prevail upon the Commissioner to examine into the matter, and ascertain the truth of this assertion, it would be well; but it is matter of regret that whenever we bring our own spiritual guides, and invite the officers above named to hear the Poorans, those great men will never attend.

The poor Mooktiars, Vakeels and Officers of Mymunsing, Dacca and Tipperah.

To the Editor of the Durpun.

Oblige me by publishing the following few lines in the Durpun, regarding the abolition of Persian. Before Persian was abolished, I had heard that this language was to be discontinued in the Civil and Criminal Courts of the district, because it is neither the language of our present rulers nor of the people, and is, therefore, unfit for the Courts. If, therefore, the English or Vernacular tongues were brought into use, it would be advantageous to all parties; but I now learn from all the Papers that it is to be abolished only in the Revenue Department;—why, I am at a loss to know.

If you say, that unless it be abolished in the Revenue Department, Government will suffer; but they will not suffer if it continue in other Departments. I would ask, what benefit Government derive from continuing it in the Civil and Criminal Courts? and is not this extremely injurious to the people? In the Civil Courts the Native officers have an opportunity, through means of Persian, of explaining every thing in an opposite sense; and hence the honour and the property of the people are injured, and in the Criminal Court the officers put the people to the greatest distress by their false interpretations; the people are thus afraid even for their lives. There is no friend like life; if a man loses his life, all the property in the world will be no compensation. If, therefore, Mr. Editor, the English and the Native languages were to prevail in all the Zillahs, and the buisness were conducted properly, I will say, that the people would continually pray for the prosperity of Government, and pass their time without any fear or anxiety.

Samachurn Bosoo, teacher of Baboo Tarucknath Sen's Charity School of Sookchur.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	৷৵	ঐ
২ ক্লাস	৷৷০	৷০	ঐ
৩ ক্লাস	৩৸০	৷০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৷০	১৪৷০	ঐ
৪ টাকার লোন	২	২৷০	ঐ

বেঙ্ক সেয়ার।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	13	0	13	0
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal............. Co's Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৫৯ সংখ্যা। বালম ১৯।] ৩০ সেপ্তেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল১৫আশ্বিন। SATURDAY, SEPTEMBER 30TH. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1159. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Sale.

NOTICE is hereby given that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munscetpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction with their buildings and other appurtenances in One Lot at the Export Ware-House, on Wednesday the 18th October, 1837. Upset price Co's. Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of Sale and other particulars may be ascertained on application at the Export Warehouse.

By Order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
31st August, 1837.

নীলাম।

সমাচার দেওয়া যাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিতপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাতাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ১৮ অক্তোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকায় নীলামে ধরা যাইবে।

এই সকল কুঠীর কোন রকমের লহনা বাকি ঐ২ কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাতাবাড়িতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হকুমক্রমে

খাতাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাতাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

ইশতেহার।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্‌দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ইশতেহার।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে বিভক্ত মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইশতেহার।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ টাকা ধরা গিয়াছে।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

বিদ্যাহারাবলি।

অর্থাৎ অস্ত্র চিকিৎসা বিদ্যার বিষয় ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হয়। মূল্য ১৪ টাকা।

ভারতবর্ষের ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথমাগমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয়। মূল্য ৮ টাকা।

হিতোপদেশ।

অর্থাৎ তাহার অর্থ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ২ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান সংপ্রতি শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ।০ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে।

গোলাধ্যায়।

অর্থাৎ ভূগোলীয় তাবদ্বৃত্তান্ত বাঙ্গলা ভাষায় মুদ্রিত। মূল্য ২ টাকা।

সংস্কৃত ভাষায়।

দেবনাগরের অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্ত্তৃক সঙ্কলন হইয়া সুচিসমেত দ্বিতীয়বার মুদ্রিত। মূল্য ৮ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ।।০ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ সাং ১৮৩১ সালের শ্রীল শ্রীযুত গবর্ণমেণ্টকর্ত্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মুনসেফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৫০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সানরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১ ০ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত তৃতীয়বার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বগ্নের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশে অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এই সকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে। এবং তাহার পার্শ্বে এইসকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ে যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

Just published from the Serampore Press,

IN PERSIAN.

IN 2 VOLUMES ROYAL OCTAVO.

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

PUBLICATIONS

OF

THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English, 8vo, Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Werk in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Brief view of History.

The Brief view of History from the creation of the world to the birth of Christ, compiled and translated into Bengalee by John C. Marshman; the English and Bengalee are printed on the same page. 12mo. Price 3 Rs.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition, carefully revised under the orders of Government and printed *in Nine volumes,* to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original *Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha,* or Grammar of *Vopa Deva,* with the Rules in *Sungskrit* and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by *Mritoonjuya Vidyalunkar. Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The *Hitopudesha* or Salutary Instruction, translated into Bengalee from the original *Sungskrit,* by *Mritoonjuya* Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 1 Rs. 8 As.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India, composed in Bengalee by *Mritoonjuya* Vidyalunkar. Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

২০ সেপ্তেম্বর ১৮৩৭।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব শ্রীযুত ডবলিউ পি পামর সাহেবের জিলা চব্বিশ পরগনা ও যশোহরের সাল্ট এজেন্টী কর্ম্মে নিযুক্তহওন এবং শ্রীযুত মেকেঞ্জি সাহেবের শালিকার নিমক গোলার সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্মে নিযুক্তহওন স্থির করিয়াছেন।

শ্রীযুত জে ডিওয়ার সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত বোয়ালিয়ার কমর্‌সিয়ল রেসিডেন্টী কর্ম্ম করিবেন।

এইক্ষণে উত্তর পশ্চিমাঞ্চলে শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর্ সাহেবের অধীন কর্ম্মকারক অথচ বঙ্গরাজধানীভূক্ত সিবিলসম্পর্কীয় শ্রীযুত সামুএল বৌরিং সাহেব স্বাস্থ্যার্থ উত্তমাশা অন্তরীপে গমননিমিত্ত সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবকর্ত্তৃক দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত হেনরি বান্সিটাট ও শ্রীযুত রিচার্ড কার্ণস রেক্‌স সাহেব কোম্পানির কেরাণি হইয়া বর্ত্তমান মাসের ১৫ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

১৯ সেপ্তেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এ টি ডিক সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঢাকার একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

সারণের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত সি গার্ষ্টিন সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ যে ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

বাঁকুড়ার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত ডি জে মনি সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখের হুকুমক্রমে শিঙ্গাপুরে গমন না করিয়া চিকিৎসকের সর্টিফকটক্রমে কেপে গমনার্থ এক বৎসরের ছুটি পাইয়াছেন।

ত্রিহুতের খাস ও বাজেয়াপ্ত মহাল যে আসিষ্টান্ট শ্রীযুত জে উইলর সাহেবের অধীন আছে তিনি স্বীয় কার্য্যোপলক্ষে দুই মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত জে জি কাম্বল সাহেব শ্রীযুত উইলর সাহেবের অনুপস্থানে ঐ আপীসের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

২১ সেপ্তেম্বর।

স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত ডবলিউ ডবলিউ বর্ড সাহেব হুগলির আদালতের ব্যাপার তদারকহওনের পর আদালত বন্দ করিয়া কলিকাতা রাজধানীতে আগমনের অনুমতি পাইয়াছেন।

১৮ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের কমিস্যনর শ্রীযুত জন হকিন্স সাহেব স্বীয় কর্ম্ম হাতে রাখিয়াই অত্যল্পকালের নিমিত্ত কলিকাতা রাজধানীতে আগমনের অনুমতি পাইয়াছেন।

৫ সেপ্তেম্বর।

শ্রীযুত আর বি মর্গেন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত হমিরপুরের পরমিট পঞ্জরার কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

৬ সেপ্তেম্বর।

শ্রীযুত এ সাঙ্ক সাহেব গোরক্ষপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর এচ এস কাম্বল সাহেব জনপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। শ্রীযুত কাম্বল সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ফরক্কাবাদের একটিং জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

৭ সেপ্তেম্বর।

শ্রীযুত এফ এস হেড সাহেব আলাহাবাদের একটিং জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত এম এফ ম্যুর সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণানুসারে সাহরণপুরের মাজিস্ত্রেট সাহেবের আসিষ্টান্টী কর্ম্ম করিবেন।

CIVIL APPOINTMENTS.

20th September, 1837.

The Right Honourable the Governor of Bengal is pleased to confirm the appointment of Mr. W. P. Palmer as Salt Agent of the 24-Pergunnahs and Jessore Agency, and Mr. C. Makenzie in the appointment of Superintendent of the Sulkea Salt Golahs.

Mr. J. Dewar will continue to perform the duties of Commercial Resident of Bhauleah, until further orders.

The Right Honourable the Governor of Bengal is pleased to grant Mr. Samuel Bowring, a Civil Servant of the Bengal Presidency, employed under the Lieutenant Governor of the North Western Provinces, leave to proceed to the Cape of Good Hope, and to be absent for two years, for the recovery of his health.

Messrs. Henry Vansittart and Richard Cairnes Raikes reported their arrival as Writers on this Establishment on the 15th instant.

19th September.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment:

Mr. A. T. Dick to officiate, until further orders as Joint Magistrate and Deputy Collector of Dacca.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. C. Garstin, officiating Magistrate and Collector of Sarun, for one month, in extension of the period allowed to join his station at Sarun.

Mr. D. J. Money, Joint Magistrate and Deputy Collector of Bancoorah, to proceed to the Cape of Good Hope, for twelve months, on medical certificate, instead of proceeding to Singapore, for six months, as sanctioned on the 5th instant.

Mr. J. Wheler, Assistant in charge of the Khas and Resumed Mehals in Tirhoot, for two months, on private affairs. Mr. J. G. Campbell will manage the department during the absence of Mr. Wheler.

21st September.

Mr. W. W. Bird, Special Commissioner, permitted to adjourn his Court, and return to the Presidency, as soon as the Local Enquiry is completed at Hooghly.

Mr. John Hawkins, Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, to proceed to the Presidency for a short time, retaining charge of his office.

5th September.

Mr. R. B. Morgan to take charge of the Custom House at Humerpore, until further orders.

6th September.

Mr. A. Sank to be Joint Magistrate and Deputy Collector of Goruckpore.

Mr. R. H. S. Campbell to be Joint Magistrate and Deputy Collector of Juanpore. Mr. Campbell will continue to officiate as Joint Magistrate and Deputy Collector of Furruckabad, until further orders.

7th September.

Mr. F. S. Head to officiate as Joint Magistrate and Deputy Collector of Allahabad.

Mr. M. F. Muir to exercise the powers specified in Clause 3, Section II. Regulation III. of 1821, as Assistant to the Magistrate at Scharunpore.

নং ৭৪।

অমুক এলাকার রেবিনিউ কমিস্যনর সাহেব বরাবরেষু।

বেনামিতে জমিদারী খরীদকরণবিষয়ে ব্যবস্থাপক কমিস্যন সাহেবেরদের সেক্রেটরি সাহেবের এক পত্রের প্রতিলিপি আপনকার নিকটে প্রেরণার্থ আজ্ঞাপ্ত হইয়াছি এবং এইক্ষণে আপনার প্রতি আজ্ঞা করা যাইতেছে যে ঐ পত্রের শেষে যে সকল জিজ্ঞাসা আছে তাহার অতি সংক্ষেপে অবিলম্বে উত্তর দেওনার্থ আপনার অধীন প্রত্যেক কালেকটর সাহেবকে হুকুম দিবেন এবং ঐ সকল বিষয়ে তাঁহারদের উত্তর প্রাপ্ত হইলে পর আপনি তাহা বোর্ডে প্রেরণ করিবেন এবং তৎসঙ্গে স্বীয় অভিপ্রায় ও সাধ্যমতে অতিরিক্ত যে সকল বিষয় জ্ঞাপন করিতে পারেন তাহাও করিবেন।

সি ই ত্রিবিলিয়ন
উপরি সেক্রেটরী

ফোর্ট উলিয়ম
সদর বোর্ড রেবিনিউ
১২ সেপ্তেম্বর ১৮৩৭।

নং ৩২.

কলিকাতার সদর বোর্ড রেবিনিউ সাহেব বরাবরেষু।

ভারতবর্ষের শ্রীযুত ব্যবস্থাপক কমিস্যন সাহেবেরা আমাকে আজ্ঞা করিয়াছেন যে নীচে লিখিতব্য লিপি আপনি বোর্ডের সাহেবেরদের বিবেচনার্থ তথায় অর্পণ করিবেন।

২। আদালতের আমলারা গোপনে অথবা বেনামিতে জমিদারী ক্রয় করিতে না পারেন এতদর্থ আদালতের যে হুকুম প্রকাশ হইয়াছে তদ্বিষয়ে আলাহাবাদ ও কলিকাতাস্থ সদর আদালত ও গবর্ণমেণ্টের মধ্যে যে সকল লিখন পঠন হইয়াছিল তাহা ব্যবস্থাপক কমিস্যন সাহেবেরদের নিকটে অর্পিত হইয়াছে ঐ সকল লিপ্যাদি ভারতবর্ষের গবর্ণমেণ্ট ব্যবস্থাপক কমিস্যন সাহেবেরদের নিকটে প্রেরণ করিয়া সামান্যতঃ এই জিজ্ঞাসা করিলেন যে যেং জমিদারী দেশীয় আমলা বা অন্য যে কোন ব্যক্তির দ্বারা বেনামিতে ক্রীত হইয়াছে সেই সকল অধিকার ক্রোক হওন যোগ্য কি না তদ্বিষয়ে আপনারা বিবেচনা করিবেন। কমিস্যনর সাহেবেরা সুজ্ঞাত আছেন যে বেনামিতে অধিকার দখলকরণ ও খরীদকরণের যে সাধারণ ব্যবহার এতদ্দেশে চলিতেছে তাহা অত্যন্ত অনিষ্টকর বটে কিন্তু তাঁহারা এই বিবেচনা করিয়াছেন যে এই ব্যবহার ভারতবর্ষের সর্ব্বত্র কি কারণে সৃষ্ট হইল তাহা এইক্ষণকার অপেক্ষা উত্তমরূপে জ্ঞাত না হইলে এমত গুরুতর বিষয়ে কোন সাধারণ পরিবর্ত্তন করা পরামর্শসিদ্ধ হয় না। এই অভিপ্রায়ে নীচে লিখিতব্য কএক বিষয়ে বোর্ডের সাহেবেরদিগকে জিজ্ঞাসাকরণার্থ আমার প্রতি হুকুম হইয়াছে।

১। আপনকার বোর্ডের সাহেবেরদের এলাকার মধ্যে যে সকল প্রদেশ আছে তাহাতে বেনামিরূপে ভূমি অধিকারকরণের রীতি চলিত আছে কি না।

২। যদ্যপি থাকে তবে প্রথমে ঐ ব্যবহার কি রূপে হইল এবং তাহার কারণ কি।

৩। ঐ ব্যবহার স্থির রাখণের কিছু ফল আছে কি না যদি থাকে তবে সে কি রূপ।

No. 74.

To the Commissioner of Revenue for the Division of

Sir,—I am directed to transmit a copy of a letter from the Officiating Secretary to the Law Commission, regarding the practice of holding Estates under fictitious names, and to request that you will call upon each of the Collectors subordinate to you to furnish an immediate answer, in as few words as possible, on each of the points stated at the conclusion of that letter; and that after you have received their replies, you will submit them to the Board with your own sentiments, and any additional information which it may be in your power to furnish.

I have the honour to be,
Sir,
Your most obedient servant,
(Signed) C. E. TREVELYAN,
Additional Secretary.

Sudder Board of Revenue,
Fort William,
The 12th September, 1837.

No. 32.

To the Secretary to the Sudder Board of Revenue at Calcutta.

Sir,—I am directed by the Indian Law Commissioners to request that you will lay the following communication before the Board, for the consideration of the Members.

2d. The Indian Law Commissioners have had before them certain correspondence between the Calcutta and Allahabad Sudder Courts and Government, on the subject of the Rules which have been issued by those Courts, for preventing subordinate Judicial officers from acquiring landed property secretly, or holding it under feigned names. This correspondence was laid before the Indian Law Commissioners by the Government of India, in connexion with the more general question of the expediency of rendering all lands liable to forfeiture, which have been purchased under fictitious names by any parties, whether Native Officers of Government or others. The Commissioners are fully impressed with the inconveniences, which result from the common Indian practice of purchasing and holding property in fictitious names, but they feel that it would be unsafe to make a general change in the existing law on so important a point, without a fuller knowledge than they now possess of the circumstances under which the practice has sprung up in every part of India. With this object I am directed to request that you will obtain the opinions of the Members on the following points.

1st. Is the practice of holding landed property under fictitious names common in the Provinces under the jurisdiction of your Board?

2d. If so, when did that practice originate, and what were the circumstances that induced it?

3rd. Are there any advantages in the continuance of that practice; and if there be, what are those advantages?

৪। এবং যদ্যপি এই ব্যবহার রহিত করণ বিষয় স্থির হয় তবে কোনপ্রকার আইনের দ্বারা তাহা একেবারে এমত রহিত হইতে পারে যে তাহাতে সাধারণ লোকের পক্ষে কোন অন্যায় না হয়।

জে পি গ্রাণ্ট
একটিং সেক্রেটরী।

ভারতবর্ষের ব্যবস্থাপক কমিস্যন
৩০ জুন ১৮৩৭ সাল।

4th. In case of it being determined to prevent the continuance of that practice, what provisions of law would most surely and conveniently and with least risk of injustice to individuals, effect that object?

I have, &c.
(Signed) J. P. GRANT,
Officiating Secretary.

Indian Law Commission,
The 30th June, 1837.

সমাচার দর্পণ

শনিবার ৩০ সেপ্তেম্বর ১৮৩৭।

কালেকটরী আপীসের সুধারা।

সংপ্রতি গবর্ণমেণ্ট কালেকটরী আপীসের নানাপ্রকার সুনিয়ম করিতে আরম্ভ করিয়াছেন তাহাতে হিসাবসকল অতি সুগম হইবে এবং প্রতারণাকরণ সুকঠিন হইবে।

কএক বৎসরাবধি চব্বিশ পরগনার কালেকটরীতে অতিভারি প্রতারণার ব্যাপার চলিতেছে এইক্ষণে গবর্ণমেণ্ট ঐ সকল বিষয় বিলক্ষণরূপে তদারক করিতে নিশ্চয় করিয়া তদনুসারে উত্তরকালীন প্রবঞ্চনা বারণার্থ সুনিয়ম করিতে স্থির করিয়াছেন এবং শ্রীযুত দৌরিন সাহেব ও শ্রীযুত তামস স্কট সাহেব ও শ্রীযুত আনরবল জে সি আর্স্কিন সাহেব ও শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হালিডে সাহেব ইহাঁরা ঐ কালেকটরীর হিসাব তজবীজকরণার্থ কমিটিস্বরূপ নিযুক্ত হইয়াছেন। ঐ অনুসন্ধানকরণের অভিপ্রায় এমত নহে যে পূর্ব্বকালীন প্রবঞ্চকেরদিগকে ধরেন কেবল উত্তরকালীন প্রতারণা নিবারণ করেন। বর্ত্তমান কালেকটর শ্রীযুত আর্স্কিন সাহেবের প্রতি হুকুম হইয়াছে যে তিন মাসপর্য্যন্ত যত জন নূতন কেরাণি নিযুক্তকরণের আবশ্যক হয় ততই নিযুক্ত করিবেন এবং তাঁহার ঐ সিরিশতার মধ্যে শ্রীযুত বাবু রামধন ঘোষকে রাখিতে হুকুম হইয়াছে যেহেতুক বোর্ডের সাহেবেরা তাঁহাকে অতি বড় মনুষ্য জ্ঞান করেন।

উক্ত কমিটির সাহেবেরদের প্রতি হুকুম হইয়াছে যে তাঁহারা চব্বিশ পরগনার কালেকটরীতে নিয়মের এমত পারিপাট্য করিয়া দেন যে কার্য্যের শৃংখলাবিষয়ে ও কালেকটরী হিসাব রাখণবিষয়ে তাহা অন্যান্য কালেকটরীতে আদর্শস্বরূপ হয়,

তাবৎ বঙ্গদেশ ব্যাপিয়া তাবৎ কালেকটরী আপীসেই যে একই প্রকার হিসাব রাখাযায় ইহা অত্যাবশ্যক। অতএব বোর্ড রেবিনিউর সাহেবেরা এই বিষয়ের সুনিয়ামক এক গ্রন্থ প্রস্তুত করিতে নিশ্চয় করিয়াছেন সেই গ্রন্থের মধ্যে কালেকটরী আপীসের তাবৎ রীতি ব্যবহার বিষয় লিখিত হইবে এবং হিসাব রাখণের এক পাণ্ডুলেখ্য থাকিবে। এতদ্রূপে কালেকটর সাহেব এক কালেকটরীহইতে অন্য কালেকটরীতে নিযুক্ত হইলে নূতন হিসাবপত্র বুঝিবার নিমিত্ত অধিককাল লাগিবে না। হিসাবের বহী একবার দেখিলেই সেই কালেকটরী আপীসের তাবৎ ভাব এককালীন সুজ্ঞাত হইতে পারিবেন এবং যাঁহারা কর্ম্ম প্রাপণাকাংক্ষী থাকেন তাঁহারা ঐ গ্রন্থ দেখিয়া সরকারী কার্য্যে যোগ্যহওনবিষয়ে যে বুদ্ধি বিবেচনার আবশ্যক তাহা এককালে প্রাপ্ত হইতে পারেন ইহাতে সরকারী কার্য্যের অতি সুগম হইবে প্রবঞ্চনার পথও একেবারে রহিত হইবে।

SUMACHAR DURPUN.

SATURDAY, SEPTEMBER 30TH. 1837.

Improvements in the Collector's Offices.

Government have recently adopted measures of improvement in the Collector's offices, which will have the effect of simplifying accounts, and rendering fraud more difficult.

For several years past, very extensive frauds have been committed in the Collectorate of the 24-Pergunnahs, and government have determined thoroughly to investigate them, and out of this investigation to frame measures for preventing these frauds in future. Mr. Dorin, Mr. T. C. Scott, the Hon J. C. Erskine, Mr. Tucker, and Mr. F. J. Halliday have been appointed a committee to investigate into the accounts of the Collectorate. The object of this investigation is not so much to pursue past delinquents, as to prevent future fraud. Mr. Erskine, the present Collector, is authorized to entertain whatever temporary establishment may be found necessary for the period of three months. In this establishment is to be included Ramdhun Ghose, of whom the Board entertain a very high opinion.

The members of this Committee are desired to place the Collectorate of the 24-Pergunnas in such a state of order, that it may serve as a model for the organization of other Collectorates, both as it regards rules of procedure, and system of accounts.

As it is very desirable that there should be one uniform system of accounts throughout Bengal, the Board of Revenue have determined to draw up a Manual, which will contain rules for the transaction of all the business in a Collector's office, and the method of keeping accounts. Thus Collectors transferred from one office to another will not be required to waste time in studying new systems of accounts; but will, by a slight examination of the books, be able at once to ascertain the state of the office. And those who are desirous of employment, will be enabled by the study of this manual to obtain at once all the information necessary to qualify them for office. Public business will thus be simplified and fraud will be prevented.

গবর্ণমেণ্ট অপর যে বিষয় স্থির করিয়াছেন সে এই যে কালেকটরী তাবৎ হিসাব ইঙ্গরেজী ভাষাব্যতিরেকে অপর কোন ভাষাতে লেখা যাইবে না ইহা হইলে কালেক্টর সাহেব ঐ হিসাব অনায়াসে বুঝিতে পারিবেন ইহাও চাতুরীর পথ নিবারণের আরো এক উপায় হইবে। প্রথমতঃ বোধ হইয়াছিল এই নিয়মে ব্যয় বাহুল্য হইবে পরে দৃষ্ট হইল যে তাহাতে অধিক ব্যয় হইবে না যেহেতুক কলিকাতা ও তদঞ্চলস্থ যুব ব্যক্তিরদের ইঙ্গরেজী লেখা পড়া হিসাব কিতাবে এমত নৈপুণ্য হইয়াছে যে মুহুরির ও হিসাবনবীস এমত অনেক ব্যক্তি অল্প বেতনেতে পাওয়া যাইতে পারে।

এই নিয়মের দ্বারা এইক্ষণে গবর্ণমেণ্টের ও সাধারণ পাঠশালাতে যে ভূরিং বালকেরা ইঙ্গরেজী বিদ্যাভ্যাস করিতেছেন তাঁহারদের উপজীবিকা প্রাপণের এক নূতন পথ এইরূপে সৃজন হইল। তাঁহারা কালেকটরী আপীসে প্রথমে মুহুরির স্বরূপ প্রবেশ করিয়া ক্রমশঃ স্বীয়২ সচ্চরিত্র ও কার্য্যনৈপুণ্যের দ্বারা ঐ আপীসের উচ্চ পদ পাইতে পারিবেন এবং ঐ পদসকল ক্রমেং আরো মূল্যবান হইয়া আসিবে। গবর্ণমেণ্ট এই নিশ্চয় করিয়াছেন যে কালেকটরী আপীসের অকর্ম্মণ্য কতক কর্ম্মকারকেরদিগকে বিদায় করিয়া অতিসুধারা করিবেন এবং যে আমলারদের উচ্চ পদ ও যাঁহারদের উপর অতিভারি ঝুঁকি আছে তাঁহারদের ক্রমে বেতন বৃদ্ধি করিয়া দিবেন। এইক্ষণে চব্বিশ পরগনার কালেকটরীতে তাহা আরম্ভ হইয়াছে ঐ স্থানের সিরিশতাদার উত্তরকাল মাসে ১০০ টাকা করিয়া বেতন পাইবেন।

বাউড়িয়ার পাঠশালা।

অবগত হওয়া গেল বাউড়িয়াস্থ যে পাঠশালা জেনরল আসেমলির মিসনরি সাহেবেরদের কর্ত্তৃত্বাধীন আছে তাহার দ্বিতীয় বার্ষিক ইমতেহাম গত ১৯ তারিখ বুধবারে হয় ঐ পরীক্ষা সেণ্ট আন্ড্রুর গির্জাঘরের প্রথম ও দ্বিতীয় ধর্ম্মোপদেশক শ্রীযুত চার্লস সাহেব ও শ্রীযুত নিকলজান সাহেব ও শ্রীযুত মকাই সাহেব ও বাউড়িয়ার কলের অধ্যক্ষ শ্রীযুত ওয়াকর সাহেবের সমক্ষে সম্পন্ন হয়। ঐ পাঠশালায় কলিকাতাস্থ জেনরল আসেমলির পাঠশালায় সুশিক্ষিত শ্রীযুত বাবু কেদার নাথ সিংহ শিক্ষা দেন। এবং ঐ পাঠশালার ব্যয় কিয়দংশ ঐ মিসনরি সাহেবেরদের ব্যয়ে হইতেছে কিয়দংশ ঐ কলের অধ্যক্ষেরা কিয়দংশ ছাত্রেরদের পিত্রাদিরা দিতেছেন। ঐ বিদ্যালয় যদ্যপি কেবল ১৮ মাস অবধি স্থাপিত হইয়াছে তথাপি ছাত্রেরা যে নানা বিদ্যাভ্যাস করিতেছেন তাহাতে বিলক্ষণ নৈপুণ্য হইয়াছে পরে শ্রীযুত চার্লস সাহেব নানা সংপ্রদায়ের অতিবিজ্ঞ ছাত্রেরদিগকে পুরস্কার প্রদান করিবেন এবং এই অল্পকাল বিদ্যাভ্যাস করাতে ছাত্রেরদের অনেক প্রশংসা করিলেন এবং তাঁহারদের বিদ্যা বিষয়ে অত্যুত্তম ব্যাখ্যা করত কহিলেন যে তোমারদের অধিক পরিশ্রম পূর্ব্বক শিক্ষা করিতে হইবে। ভরসা হয় যে আগামি পরীক্ষাসময়ে তোমারদের ও শিক্ষকের ইহাপেক্ষাও অধিক প্রশংসা হইতে পারিবে।

ডাক্তর মিল।

সংস্কৃত বিদ্যায় নিপুণ অতিপ্রসিদ্ধ

Another measure upon which Government appear to have decided is, that the Collectorate accounts shall be kept in English. This will enable the Collector to comprehend them with perfect ease; and will be a very great check on frauds. It was supposed that this would entail a very heavy expense, but this is not likely to be the case. A knowledge of English reading, writing and accounts is now so greatly diffused among the youth of Calcutta and its vicinity, that writers and accountants may easily be obtained, and at very reasonable salaries.

By this arrangement, those youths who are now studying English in the Government and in private Schools, will have a new path open for their support. Entering the Collector's office as clerks, they may gradually rise by their diligence and probity to the highest posts in it. And these posts will gradually become more and more valuable. Government have determined to reform the offices, to throw off some of the useless officers, and to increase the salaries of the higher and more responsible Native officers. A commencement has already been made in the 24-Pergunnahs, in which the Sheristadar is in future to receive a salary of 100 Rupees a month.

Fort Gloucester Seminary.

We understand that the second annual examination of the school at Fort Gloucester, under the superintendance of the General Assembly's Mission, at Calcutta, was held on Tuesday, the 19th instant. It was conducted in presence of the Reverend James Charles and Reverend William H. Meiklejohn, the senior and junior Ministers of St. Andrew's Church, the Reverend W. S. Mackey, of the Assembly's Mission, and Mr. Walker, Superintendant of the works at Gloucester. The school is taught by Baboo Kedarnath Singh, a young man educated at the Assembly's Institution in Calcutta, and is supported partly from the Funds of the Mission, partly by the proprietors of the Mills, and partly by the parents of the children who attend. Although it has not been in existence for much more than eighteen months, the pupils have made considerable progress in the different branches taught. Prizes were delivered to the most deserving in the different classes by the Reverend Mr. Charles, who, in complimenting them on the progress they had made during the short period they had been engaged in their studies, took occasion to impress upon them the necessity of continuing in industry and perseverance, and expressed a hope that their future examination would prove as creditable as the present, both to themselves and to their teacher.—*Engl.*

Dr. Mill.

This eminent oriental Scholar, is

শ্রীযুত ডাক্তর মিল সাহেব এইক্ষণে ভারতবর্ষহইতে স্বদেশে গমন করিবেন কিন্তু পুনর্ব্বার ভারতবর্ষে তদীয়াগমন সম্ভাবনা নাই। আমারদের এতদ্দেশীয় পাঠক মহাশয়েরদের জ্ঞাপন করণের আবশ্যক করে না যে তিনি সংস্কৃত শাস্ত্রে যেমন পারগ তদ্রূপ ইঙ্গলণ্ডীয় অপর কোন সাহেবই নাই। উক্ত সাহেব আসিয়াটিক সোসৈটির বহুকালাবধি অলঙ্কার স্বরূপ ছিলেন এবং ঐ সোসৈটি এই নিশ্চয় করিয়াছেন যে শ্রীযুত সাহেব ইঙ্গলণ্ড দেশে সমুত্তীর্ণ হইলে তাঁহার ছবি প্রস্তুত করা যায় এবং ঐ ছবি সোসৈটির অট্টালিকায় নিত্য দৃশ্যমান থাকে। ঐ সোসৈটির বৈঠকে যখন এই বিষয় উত্থাপিত হইল তখন সেক্রেটরী শ্রীযুত প্রিন্সেপ সাহেব শ্রীযুত ডাক্তর মিল সাহেবের অত্যাশ্চর্য্য বিদ্যা নৈপুণ্যবিষয় উত্থাপনপূর্ব্বক নীচে লিখিতব্য প্রস্তাব প্রকাশ করিলেন তাহাতে সকলই অবগত হইতে পারিবেন যে এতদ্দেশীয় পণ্ডিত মহাশয়রা তাঁহার বিদ্যাবিষয়ে কিপর্য্যন্ত বিবেচনা করেন।

শ্রীযুত ডাক্তর মিল সাহেব সংস্কৃত শাস্ত্রে কিপর্য্যন্ত পারদর্শী তদ্বিষয়ে পণ্ডিতেরদের অভিপ্রায় অবগত হইলাম যে শ্রীযুত ডাক্তর মিল সাহেব স্বীয় রচিত কোন এক প্রস্তাব তিন চারি জন পণ্ডিতের বিবেচনাদ্বারা সংশোধিত না হইলে মুদ্রাঙ্কিত করিতেন না। অতিবিচক্ষণ এক জন শ্রীযুত কমলাকান্ত বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকে জিজ্ঞাসা করিলাম যে সাহেবের পাণ্ডিত্যবিষয়ে আপনি কি রূপ বিবেচনা করিয়াছেন তাহাতে তিনি কহিলেন যে তদ্বিষয়ে আমার বিবেচনাসিদ্ধ বর্ণন আপনাকে এক শ্লোক দ্বারা জ্ঞাপন করি সেই শ্লোক আমার নিকটে আছে তাহাতে আমি বোধ করি ঐ শ্লোক শ্রীযুত ডাক্তর মিল সাহেবের সংস্কৃত বিদ্যাপারগতার প্রমাণ ভূষণোপাধি স্বরূপ। তাহাতে ঐ পণ্ডিত লিখেন যে আমারদের সংস্কৃত শাস্ত্রাভিজ্ঞ এমত এক জন কোথায় দৃষ্টচর যে নিয়ত সৎকবিত্বানুশীলনীয় অতিপূর্ব্বকালীন মহাকবিকৃত কাব্যের ন্যায় এক কাব্যের সৃষ্টি করিয়াছেন অতএব বোধ হয় ইনি দ্বিতীয় কালিদাস হইবেন।

---

about immediately to quit India without any intention of returning. Our Native readers need not be told that his knowledge of Sungskrit exceeds that of every other European in India. The Asiatic Society, of which he has for so many years been a distinguished member, have determined to request him to sit for his portrait in England, that it may be hung up in their rooms in Calcutta. At the last meeting of the Society, when this subject was brought forward, Mr. Prinsep, the Secretary, in alluding to the extraordinary talents of Dr. Mill, mentioned the following anecdote, which shews the high estimation in which he is held by the Native pundits in the country.

"A circumstance worthy of mention had enabled him to hear what the pundits thought of his attainments in Sungskrit, for Dr. Mill was so scrupulous to accuracy, that he never put a page of his own composition to press until it had undergone the scrutiny of several natives of learning. On asking an opinion of one of the most learned of these, Kamalakanta had begged to be allowed to express it in verse, and he now held in his hand what might really in some degree be regarded as a diploma of the Vice-President's Sungskrit proficiency. "Where, said the pundit, among all the English who have studied our language was there yet one who could compose a poem in the style and language of our most classical ages? Verily he is Kalidasa come again among us."

আফীণ।

বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টকে এই পরামর্শ দিয়াছেন এবং গবর্ণমেণ্টও তাহা গ্রাহ্য করিয়াছেন যে আগামি বৎসরে পাঁচবার আফীণের নীলাম হয় অর্থাৎ ১ জানুআরি ১ ফেব্রুআরি ১ আপ্রেল ১ মে ১ জুন। আগামি বৎসরে যত আফীণ নীলামে ধরা যাইবে তাহা বর্ত্তমান বৎসরাপেক্ষা ২০০০ সিন্দুকেরো অধিক।

Opium.

The Board has recommended, and Government have adopted the resolution, of fixing five Opium sales for the ensuing year, and on the following dates:—the 1st of January, February, April, May and June. The quantity to be brought for sale to the hammer will exceed, it is said, that of the last year by 2,000 chests.

অশুভকাল।

কলিকাতা ও তদঞ্চলে বর্ত্তমান বর্ষে অপূর্ব্ব ন্যূন বর্ষণ হইয়াছে তাহাতে এই ফল হইল যে তাবৎ পুষ্করিণ্যাদিতে এমত অল্প জল আছে যে আগামি গ্রীষ্মঋতু না আসিতেই তাবৎ মরু হইয়া যাইবে। তাহাতে যে দীনহীন লোকেরদের ঐ পুষ্করিণ্যাদির জীবনের উপরেই জীবনের নির্ভর তাহারদের জীবন সংশয় হইবে। বোধ করি হৈমন্তিক ধান্য ফসলেরো স্থানেং ব্যাঘাত হইতে পারে। তাহাতে শস্য মহাজনেরা দিন থাকিতেই শস্যের মূল্য এমত বাড়াইয়াছেন যে ছয় মাসের মধ্যে পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ করিয়াছেন কিন্তু শস্যের এমত উচ্চ মূল্যহওনের এক কারণ লোকে কহে যে অনেক শস্য সমুদ্রপথে প্রেরিত হইয়াছে এবং প্রেরণেরও কল্প আছে। এই সপ্তাহের মধ্যে পশ্চিম প্রদেশহইতে যে সম্বাদ আগত হইয়াছে তাহা শুভ বটে এবং এইক্ষণে ভাবি অতি দুর্ভিক্ষের বিষয়ে ভয় প্রায় দূর হইতেছে

The Weather.

The fall of rain this year in Calcutta and its vicinity has been unusually small, and the consequence is that all the tanks and ponds are so extremely low, that they may be expected to be nearly dry before the commencement of the next hot weather; the consequences will, therefore, be dreadful, to the poor whose sole dependance for water rests upon them. The winter crop of rice also may be expected in many places to fail, and this circumstance has already been anticipated by the grain merchants who have raised the price, within six months, to double its former value. The increased price of grain, however, is in part attributed by the natives to the large quantity which has been, and is likely to be, exported by sea. The accounts received during this week generally from the western provinces are more cheering than gloomy; and there seems little reason to dread the rapid approach of a famine.

বেরেনিস জাহাজের পুনর্ব্বার ফিরে আইসন।

বোম্বাইর পত্রে লেখে যে বেরেনিস জাহাজ প্রতিকূল বায়ুর পরাক্রমে দুর্ব্বল হইয়া সম্প্রতি বোম্বাইতে ফিরে আসিয়াছে এবং তাহার কলের আবশ্যক একাঙ্গ ভঙ্গ হইয়াছে। ঐ ভগ্নাংশ বোম্বাইর মিস্ত্রিরা সারিতে পারিবে না অতএব এইক্ষণকার মত তাহার যাতায়াত বন্দ হইল। ঐ জাহাজের দ্বারা যাঁহারা লিপ্যাদি প্রেরণ করিয়াছিলেন এবং যাঁহারা ঐ পত্রাদির উত্তর প্রতীক্ষায় ছিলেন তাঁহারদের অত্যন্ত ক্ষতি হইল।

উক্ত প্রস্তাব লিখনের পর শুনা গেল যে বেরেনিস জাহাজ যখন মক্কায় পঁহুছতে পাঁচ দিনমাত্র অবশেষ ছিল তখন বোম্বাইতে ফিরে আসিতে হইল। বোম্বাইহইতে প্রস্থিত হওনের পর একাদিক্রমে এগার দিনপর্য্যন্ত প্রতিকূল প্রবল বাতাস বহিয়াছিল কিন্তু যেমন বাতাস কিঞ্চিৎ কমিয়া সুপ্রকাশোপক্রমে যাত্রার শুভসময় উপস্থিত হইল এমত সময়েই কলের প্রধানাঙ্গ ভঙ্গ হইয়া অমনি তৎক্ষণাৎ অকর্ম্মণ্য হইল তাহাতে কাপ্তান সাহেব এই স্থির করিলেন যে পালিভরে নির্ভর করিয়া বোম্বাইতে ফিরে আইসেন। এবং তাঁহার জিম্মায় যে সকল ডাকের পুলিন্দা ছিল তাহা আটালণ্টা জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে প্রেরণ করেন ঐ জাহাজ ২৫ সেপ্তেম্বর তারিখে প্রস্থান করিবে এমত কল্প আছে।

Second return of the Berenice.

Letters from Bombay, of the 12th instant, mention that the *Berenice*, unable to cope with the monsoon, had returned to Bombay, with her main shaft broken. As this accident cannot be repaired at Bombay, the farther progress of this vessel, must be considered for the present as suspended; a most severe disappointment to all on both sides of the water, who have sent or who expect letters.

After writing the above, the following particulars were received.

The *Berenice* Steamer, with the August Mails, has a second time returned to Bombay; after having advanced to within five days of Mocha. She encountered the severest weather on leaving Bombay for eleven days. Just as the weather began to clear up, and the prospects became fair, the main shaft of the engine suddenly snapped, and the engines became immediately useless. The Captain, upon this, determined to return with the aid of his sails to Bombay, that the Mails might be transmitted to England by the *Atalanta*, which was advertized to start on the 25th of September.

কিল্লাতে ডাকাইতী।

বর্ত্তমান মাসের ২৩ তারিখে কলিকাতার কিল্লাতে অতি দারুণ এক ডাকাইতী হয় বিশেষতঃ বাদশাহের ২৬ রেজিমেণ্টের দুব্যালয়ে বলপূর্ব্বক দস্যুরা প্রবেশ করিয়া ১৫০০ টাকা হরণ করিয়াছে। ঐ ঘরে ২৫৭৮ টাকা ছিল কিন্তু অবশিষ্ট টাকা কিঞ্চিদ্দূরে একটা নর্দমাতে পাওয়া গিয়াছে। তাহাতে অত্যন্ত কঠিন তদারক হইতেছে কিন্তু অদ্যাপ ডাকাইতের কিছু অনুসন্ধান পাওয়া যায় নাই।

Robbery in the Fort.

On the 23d of the month, an extensive robbery was committed in the Fort. The Canteen of Her Majesty's 26th Foot was broken open, and 1,500 Rupees taken from thence. The Canteen contained 2,578 Rupees, but the rest of the money was found lying in a drain at some little distance. The strictest enquiries have been instituted, but as yet no clue has been found to the robbers.

ভাক্ত মহারাজ প্রতাপচন্দ্র।

এই সপ্তাহে পোলীসে ভাক্ত মহারাজ প্রতাপচন্দ্রের নামে এই নালিস হয় যে তিনি মাসাবধি স্বীয় বাসাবাটীতে ত্রয়োদশ বর্ষবয়স্কা এক নবোঢ়াকে বদ্ধ করিয়া রাখিয়াছেন তাহার সঙ্গে কোন ব্যক্তির সাক্ষাৎ করিতে দেন না। তাহাতে ফরিয়াদীর পক্ষে শ্রীযুত তামসন সাহেব আসামীর পক্ষে শ্রীযুত গ্রেহেম সাহেব আদালতে উপস্থিত হইলেন আসামী উপস্থিত ছিলেন না। গ্রেহেম সাহেব কহিলেন যে ঐ বালা স্বাধীনা যত কালাবধি রাজার বাসায় আছে তত কাল বাহিরে যাইতে রাজার নিষেধ ছিল এইক্ষণে ঐ বালা বাটীতে সে নাই তাহার মাতার নিকটে গিয়াছে। তাহাতে এক জন সার্জন উক্ত বিষয় অনুসন্ধানার্থ প্রেরিত হইল এবং যদি ঐ স্ত্রী তাহার মাতার ঘরে থাকে তবে তাহাকে আনাইতে হুকুম হইল। এক ঘণ্টার পরে ঐ স্ত্রী আনীতা হইলে তাহার কথাতে অভিযোগের বিষয় প্রমাণ হইল কিন্তু পরে তাহার মাতাকে জিজ্ঞাসা করাতে কহিল যে এইক্ষণে কেবল আমার কন্যাকে চাই আর কিছু দাওয়া নাই। পরে প্রার্থ

Raja Pertaub Chund.

A complaint was this week brought against the *soi disant* Maha Rajah Pertaub Chund, for detaining a girl, aged thirteen years, in his house for upwards of a month, and preventing any person from having access to her. Mr. Thompson attended as the legal adviser of the prosecutrix, and Mr. Graham as that of the defendant, who was not present. Mr. Graham stated that the girl was a free agent, and at liberty to go wherever she pleased all the time that she had been in the Rajah's house; and that she was not there now having been sent to her mother's house. A constable was then sent to ascertain the fact, and if the girl had been sent to her mother's house, to bring her up. About an hour after, the girl was brought up, and her statements fully confirmed the complaints; but on being questioned, the mother of the girl said, that she did not want any thing further than the restoration of her daughter.

নামত হুকুম হওয়াতে কন্যার মাতা আদালত হইতে কন্যাকে লইয়া গেল।

দণ্ড।

গত সপ্তাহে দুই জন অপরাধিকে নীচে লিখিতব্যমতে দণ্ড দেওয়া গেল।

প্রথমতঃ অপরাধিরদের মস্তক ও দাড়ি গোঁপ ইত্যাদি মুণ্ডন করিয়া চটের কৌপীন পরিধান করাণ গেল। পরে তাহারদের মস্তকাবরণ পাগের পরিবর্ত্তে নানা ছবিতে চিত্রিত কাগজের টুপি ধারণ করাইয়া কণ্ঠদেশে মাল্যস্বরূপ জুতার মালা এবং মুখের এক দিগে কালী অপর দিগে চূণ দেওয়া গেল। তদনন্তর অশ্বারোহণের বিনিময়ে গর্দ্দভে চড়াইয়া তাহারদের মুখ গর্দ্দভের লাঙ্গুলেরদিগাকে রাখিয়া সহীসের ন্যায় দুই জন মেহতর মস্ত কোপরি চামরবৎ ঝাড়ুর বাতাস করিতে লাগিল। পরে ঢেঁড়রা এপেশা এক জন তাহারদের সমুখেং জয়বাদ্যের ন্যায় ঢেঁড়রা পিটিতে লাগিল এবং যে ভূরিং লোক ঐ তামাসা দেখিতে আসিয়াছিলেন তাঁহারদের নিকটে ঐ দস্যুরদের কুকর্ম্মবিবরণ বর্ণন হইতে থাকিল তাহাতে কোনং লোক আহ্লাদ হইয়াছে বলিতে লাগিল কেহবা নানা কটুকাটব্য বলিয়া গালি দিল। স্ত্রী লোকের মুখ ফিরাইয়া হাঁসিতে লাগিল। এই মহাযাত্রা আলিপুরের জেহলখানা অবধি আরম্ভ হইয়া আলিপুরের সাঁকো পার খিদিরপুরপর্য্যন্ত গেল পরে খিদিরপুরের সাঁকো পার হইয়া খিদিরপুর দিয়া আলিপুরের আদালতের নিকট পঁহুছিল পরিশেষে জেহেলে গিয়া বিশ্রাম করিল।

সিবিলসম্পর্কীয় কর্ম্মে নিয়োগ।

শুনা গেল যে শ্রীযুত স্কন্স সাহেব মালদহের জাইণ্ট মাজিস্ত্রেটী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন এবং শ্রীযুত পাটন সাহেব ৩০ তারিখে চব্বিশ পরগনার মাজিস্ত্রেটী কর্ম্ম পুনর্ব্বার ধারণ করিবেন।

আলাহাবাদ।

আলাহাবাদহইতে লেখে যে ঐ অঞ্চল জলে আপ্লাবিত হইয়াছে যদ্যপি ঐ জিলায় অতিবিলম্বে জল হইয়াছে তথাপি এইক্ষণে দুর্ভিক্ষের ভয় গিয়াছে। কিন্তু ইতস্ততঃ অনেক গ্রামে অনাবৃষ্টিপ্রযুক্ত দুর্ভিক্ষ হওয়াতে রীতিমত তত্রত্য লোকেরা আপনারদের সন্তান বিক্রয় করিতেছে।

মীর্জাপুর।

এই অঞ্চলে ১৯ আগস্টঅবধি প্রায় প্রতিদিন বৃষ্টি হইয়াছে কিন্তু ঐ বৃষ্টি এমত বিলম্বে হইয়াছে যে কুণ্ঠির নীল কসল হইতে পারিবে না কিন্তু নূতন চারা ও খরীপের ফসল একাদিক্রমে সুবৃষ্টি হওয়াতে অত্যুত্তমরূপ জন্মিতেছে। এইক্ষণে নীলকর সাহেবেরদের কিঞ্চিৎ ভরসা হইতেছে তথাপি বর্ষার আরম্ভসময়ে নীলকর সাহেবেরদের যে ফসলের ভরসা হইয়াছিল তাহা প্রায় কুঠীতে তাহার তিন অংশের একাংশের অধিক হইবে না।

The mother and daughter then walked out of court hand in hand.

Punishment.

The following mode of punishment was adopted last week to two culprits in Calcutta:— They had one side of their heads, wiskers, mustaches and beards shaved; they were then clothed in *kuffnees* made of sackcloth, and their heads were decorated with fantastically painted paper foolscap; in lieu of turbans, and garlands of stringed shoes were suspended from their necks in the place of their head strings; their furnaces were daubed on one side with blacking, and on the other with chunam. They were then taken out of the Alipore Jail and mounted on jackasses in lieu of steeds, with their faces towards the tails of the patient animals, whilst two sweepers, every now and then flourished immense cocoanut shred brooms over these worthies, and a common crier preceded them, with a tomtom, beating on it the Rogue's March, and detailing to the numerous spectators the exploits of these two notable characters. The males alternately hissed or applauded as their whim directed them, and the females smiled and giggled. This procession commenced its perambulation from the Alipore Jail, went over Allipore bridge towards Kidderpore, and thence over Kidderpore bridge through Kidderpore to the Alipore Court, and thence back again to the Alipore Jail.

Civil Appointment.

We are informed that Mr. Sconce is appointed to the Joint Magistracy of Maldah, and that Mr. J. H. Patton will resume the duties of Magistrate of the 24-Pergunnahs on the 30th instant.—*Hurk.*

Allahabad.

Letters from Allahabad state, that the station had been perfectly deluged by rain, and that though late in the season, it had perfectly removed the fear of famine from that district. Many of the surrounding districts, however, are still suffering from drought, and the natives are selling their children as usual upon such occasions.

Mirzapore.

Rain has fallen almost every day since the 19th ultimo. It came too late to do any good to the Koontee Indigo plant, but the new plant and the Khureef crops are thriving admirably under the vegetating influence of alternate sunshine and rain. The planters are beginning to cheer up a little. We understand that few factories in this Province will turn out more than two-thirds of the produce that was expetted at the commencement of the season.—*Agra Ukh.*

শাজাহানপুর।

শাজাহানপুরহইতে লেখে যে এই মাসের ৫ তারিখে কএক ঘণ্টাব্যাপিয়া অত্যন্ত বৃষ্টি হওয়াতে দেশের অবস্থার পরিবর্ত্তন হইয়াছে খরীপের ফসল অর্থাৎ কার্পাস ও জোয়ার ও বাজরা কৃষকেরা একেবারে হতাশ হইয়াই বপন করিয়াছিল কিন্তু এইক্ষণে তাহা এমত আশ্চর্য্য দৃষ্ট হইতেছে যে এই জিলার মধ্যে এমত সুফসল পূর্ব্বে কখন জন্মে নাই। পূর্ব্বাপেক্ষা তিনগুণ ভূমিতে কার্পাস বোনা গিয়াছে এবং তাহা এমত তেজালরূপ বৃদ্ধি হইতেছে যে দেখিয়া সকলই বিস্ময়াপন্ন হইতেছে এই সকল পরিবর্ত্তন দশ পনর দিবসের মধ্যেই হইয়াছে এবং রবির ফসলের নিমিত্ত তাবৎ ভূমি অত্যুৎকৃষ্টরূপ চাস দিয়া প্রস্তুত করা যাইতেছে ফলতঃ জিলার মধ্যে ক্রমে সর্ব্বপ্রকারেই সুপ্রতুল ও শান্তি হইবে ইহাতে সন্দেহ নাই। ধান্য ও ইক্ষুর অত্যন্ত ব্যাঘাত হইয়াছে ধান্য একেবারে বিনষ্ট হইয়াছে ইক্ষুর অর্দ্ধেক গিয়াছে কিন্তু গত ২০ বৎসরের মধ্যে গড়ে যে মূল্যে চিনি বিক্রয় হইয়াছে এইক্ষণে তাহার দ্বিগুণ মূল্য আছে তাহাতে এই বৎসরেও ইক্ষুর কৃষকেরদের তাদৃশ ক্ষতি হইবে না এইক্ষণে যে পরগনায় অধিকাংশ ধান্য জন্মে তদ্ব্যতিরেকে অন্যান্য পরগনাতে রাজস্ব অধিক বাকি পড়িবে না।

জবলপুর।

জবলপুর জিলাহইতে লেখে যে গত কএক দিবসের মধ্যে বিলক্ষণ বৃষ্টি হইয়াছে এবং ধান্য ও অন্যান্য ফসলের বিষয়েও আর উদ্বেগ নাই। যে ভূমির আলি উত্তমরূপ বাঁধা গিয়াছে তাহা ও তাবৎ পুষ্করিণী জলপূর্ণা হইয়াছে তথাপি শস্যের মূল্য কিছুই কমে নাই কিনিমিত্ত বলা যায় না বোধ হয় যে একচেটিয়ার বাণিজ্যই কারণ হইতে পারে যেহেতুক জবলপুর অতিধনি মহাজনসমূহেতে পরিপূর্ণ তাহাতে তাঁহারা স্বেচ্ছামত ব্যবহারই করিয়া থাকেন।

নিমচ।

পালির যে পীড়া কেহং মারী কহে তাহা এইক্ষণে এখানহইতে ৪০ ক্রোশ অন্তরে নাথওয়ারা স্থানে অত্যন্ত প্রাদুর্ভূতা আছে। ৩৯ রেজিমেণ্টের এক কোম্পানির তিন জন সেনাপতি শ্রীযুত ডাক্তর রসল সাহেবের সমভিব্যাহারে ৯ তারিখে গমনপূর্ব্বক সেই স্থান বেষ্টন করিবেন এবং নিকটবর্ত্তি গ্রামস্থেরদের সঙ্গে ঐ গ্রাম্যলোকের কোন সম্পর্ক না হয়এনিমিত্ত নিয়ত সতর্ক থাকিবেন।

রাঙ্গুণ।

ব্রহ্মদেশীয়েরদের সঙ্গেসন্নিহিত কালিক যুদ্ধের বিষয়ে নিত্য যে ভাবনা হইয়াছিল তাহা ক্রমশো দূর হইতেছে এবং রাঙ্গুণহইতে বর্ত্তমান মাসের ২ তারিখের যে পত্র পঁহুছিয়া ইঙ্গলিসমেন সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে তদ্দ্বারা এককালেই দূরীকৃত হইয়াছে। ব্রিটিস গবর্ণমেণ্টের প্রতি ঐ বাদশাহের সুশীলতাবিষয়ক অত্যাহ্লাদজনক সম্বাদ প্রাপ্ত হওয়া যাইতেছে। রাঙ্গুণ বন্দরে জাহাজের যে ৪৬০ টাকা মাসুল ছিল তাহা শ্রীযুক্ত রাজা একেবারে উঠাইয়া দিয়াছেন এবং তত্রস্থ ইঙ্গলণ্ড নিবাসিরদের উপর যে কর নির্দ্ধারিত হইয়াছিল তাহারো অনেক লাঘব করিয়াছেন বিশেষতঃ ছুতার মিস্ত্রী ও কালপাতি ও কুলিরদের উপর যে মাসুল ছিল তাহা কমাইয়াছেন। ইঙ্গলিসমেন সম্বাদ পত্রের পত্রপ্রেরক লেখেন যে ইঙ্গলণ্ডীয়েরদের রেসিডেণ্ট সাহেব যখন ঐ রা

Shajehanpore.

Heavy rain fell for several hours on the 5th, and has quite altered the aspect of the country. The Khureef crops, such as cotton, jooar and bajra were sown, in a kind of despair, and to the astonishment of all, have proved the most favourable ever known. The luxuriance of the cotton crops (with a double or treble amount of land planted, too) is perfectly wonderful. All this change has been effected in the space of 10 or 15 days. The lands for the Rubbee crops, too, are beautifully prepared, and on the whole, there is now little doubt of a gradual return of peace and plenty. The crops which have suffered are the rice and sugar-cane; the former is totally destroyed; the latter one-half; but as prices of sugar are double the average of the last twenty years, no pecuniary loss will in reality, be incurred by the growers. There now can be no doubt of the full realization of the Government Revenue, with the exception of the rice growing Pergunnahs.—*Agra Ukh.*

Jubbulpore.

A great quantity of rain has fallen within the last few days, the rice and other crops are in consequence safe, the bounded lands and tanks being quite full. Grain however keeps up its price; why it should, is another question.—Monopoly most probably is the cause, for the town of Jubbulpore abounds with rich Mahajuns, who appear to do as they please.—*Agra Ukh.*

Neemuch.

The Palee disease, by some called the plague, is still raging to a fearful extent at a place called Nathwara, eighty miles from hence. A company of the 39th N. I. marches on the 9th instant with three officers and Dr. Russell; they are to surround the place, and to keep the villages from having communication with the neighbouring places.—*Correspondent of the Englishman.*

Rangoon.

The apprehensions which were entertained of an approaching war with the Burmese, have been for some time dying away, and appear now to have finally dissipated by the arrival of letters from Rangoon of the 2nd instant, as quoted in the *Englishman.* The most satisfactory accounts of the disposition of the King towards the British Government have been received. The King has reduced the port charges at Rangoon on ships about 460 Rupees, and has taken away entirely a number of duties and taxes to which the Residents were subject by the former Government. For instance the duty levied on work performed by carpenters, caulkers, and even coolies has been taken off. The letter of the correspondent of the

স্কার নিকটে বিদায় হইলেন তখন অতি সদ্ভাবেই হইয়াছেন কিন্তু কিনিমিত্ত বিদায় হইয়া আইলেন তাহা কিছু লেখেন না।

দোরা বিষয়ী।

গাঞ্জামহইতে ২০ তারিখের এক পত্রে লেখে যে মহানদীর পারে কএক জিলায় আঙ্গোরিয়ার জমিদারীতে অতিপ্রসিদ্ধ রাজবিদ্রোহি দোরা বিষয়ী ধরা পড়িয়াছে. পত্রপ্রেরক লেখেন যে কাহার দ্বারা এবং কি উপায়েতে ধৃত হইয়াছে তাহার বিশেষ বিবরণ শ্রুত হওয়া যায় নাই। ঐ জমিদারীস্থ তাবল্লোক তাহাকে বিলক্ষণ জ্ঞাত। সংপ্রতি ঐ ব্যক্তি গুমসরার রাজার সপক্ষ হইয়া ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে যুদ্ধকরণার্থ উপায় করিবার নিমিত্ত ঐ স্থানে গিয়াছিল। কিন্তু খুন পর্ব্বতীয় দেশ যে ত্যাগ করিয়া গিয়াছিল ইহা তাহার বড় নির্ব্বোধতা। সংপ্রতি তদ্বিষয়ে মান্দ্রাজের গবর্ণমেণ্টের মনের পরিবর্ত্তন হইয়াছে অতএব বোধ করি তাহার প্রাণদণ্ড করিবেন না কিন্তু যদ্যপি তাহাকে কোন কারাগারে বদ্ধ করেন বা মালাকার কোন উপদ্বীপান্তরে প্রেরণ করেন তবে সে ব্যক্তি পর্ব্বতীয় রাজা হইয়া কি প্রকারে তাহা সহিষ্ণু হইবে।

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌর শ্রীযুত বাদশাহ ভারতবর্ষের সুপ্রিমগবর্ণমেণ্টের অনুমতিক্রমে নওয়াব হকিম মেহদিআলী খাঁ বাহাদুরকে অযোধ্যার উজীরী ও নায়েবী কর্ম্মে পুনর্ব্বার নিযুক্ত করিয়াছেন। ঐ হকীম তাবদ্বিষয়ে যেমন সুজ্ঞাত এবং সর্ব্বতোভাবে দেশীয় বিবিধ বিষয়ে যেমন বোদ্ধা ও নানা চাকলাদারের রীতি ব্যবহার অত্যন্তসরূপ বিজ্ঞ ইহাতে বোধ হয় যে উজীরীপদ নির্ব্বাহকরণে তিনি অতিক্ষম। এই দুরবস্থাসময়েও তাঁহার নিযুক্তকরণেতে লক্ষ্ণৌনিবাসি তাবল্লোক বোধ করিবেন যে শ্রীযুক্ত বাদশাহ দেশের হিত করিয়াছেন।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

লার্ড অকলণ্ডের সঙ্কল্পিত পশ্চিম যাত্রা।

মিলেটরি সেক্রেটরীর ডিপার্টমেন্ট আপীসের এক অংশ কল্য কাশীতে নৌকায় যাত্রাকরত কলিকাতা ত্যাগ করিবেক কাশীতে সকলে একত্র হইয়াছে শ্রীযুতের আগমনপর্য্যন্ত অপেক্ষাতে থাকিবেক।

কহিতেছি যে শ্রীযুত লার্ড সাহেব প্রথমে লক্ষ্ণৌ পশ্চাৎ আগ্রা গমন করিবেন পশ্চিম প্রদেশের প্রান্তভাগে গমনকরণ পূর্ব্বে তাঁহাকে কিছু দিন আগ্রাতে বাস করিতে হইবেক লক্ষ্ণৌ গমন করিবার অভিপ্রায় এই যে অযোধ্যা দেশের মৃত রাজার অপব্যয়ে যেং বিপদ উপস্থিত আছে তাহার নিষ্পত্তি করিবেন এবং যদ্যপি সম্প্রতিকার রাজা সুনিয়ম ও সুশাসন স্থিরকরণে অনুরক্ত আছেন তথাপি তাঁহার কাল হইলে যেন পুনর্ব্বার পূর্ব্ববৎ অত্যাচার না হয় এবং দেশ অরাজকপ্রায় হইবাতে বহুকাল গত যেমন দস্যুবৃত্তি অপব্যয় ও দ্রব্যনাশ হইয়াছিল সেমত পুনর্ব্বার না হয় এই জন্য সকল বিষয় কোন সুরীতিদ্বারা স্থির করা আবশ্যক যাঁহারা গত ৫০ কিম্বা ৬০ বৎসরপর্য্যন্ত অযোধ্যার সকল ব্যাপার অবগত আছেন তাঁহারা সে স্থানে যে কিরূপ অন্যায় অত্যাচারেতে কর সঞ্চয় হইত তাহা বিলক্ষণ জানেন আসুফউদৌলার কালেতে রাজসভা কেবল ক্রীড়া ও জঘন্য কর্ম্মের স্থান ছিল সাদায়ত আলির কালেতে অত্যন্ত অন্যায় ও দৌরাত্ম্যাপহরণ ইত্যাদি হইত গাজুদি হাইদরের

Englishman, states that the British Minister parted with the King on the best terms, but he does not explain why he parted with him at all.

Ganjam.

A letter from Ganjam, dated 20th instant, announces the capture of Dora Bissoy, in the Zemindary of Angolia, in Cuttack, beyond the Mahanuddy. 'I have not heard by whom,' says the writer, 'or any thing whatever of the circumstances of capture. He was well known in that Zemindary, whither he had gone on the part of the late rajah of Goomsoor to concert an attack upon Boad. He was wonderfully foolish not to have adhered to Khondland. A change has come over the spirits of the Madras Goverment, and I trust there is no chance of his suffering death, though life in a dungeon or on the Malay coast will be no very valuable boon to the mountain chief.' —*Engl.*

Lucknow.

His Majesty the King of Lucknow, with the sanction and approbation of the Supreme Government of India, has been pleased to re-nominate Nawaub Hakeem Mehudee Ali Khan, Bahadur, Vizier and Naib of Oude. The Hukeem's local experience, his general knowledge of the country, and the true character of the different Chuckledars, fully qualify him for a proper and creditable discharge of the Ministerial duties. The inhabitants of Lucknow, particularly at this trying crisis, will hail his return to office, as a blessing conferred on the country.—*Agra Ukh.*

Spirit of the Native Papers.

Lord Auckland's intended Tour.

A division of the departmental offices (that of the Military Secretary's) leaves town to-morrow in progress to Benares by water, where the whole will assemble and await the arrival of Lord Auckland.

It is understood that his Lordship visits Lucknow and subsequently Agra. At the latter place we hear it is likely that he may be detained for some time before he proceeds to the Frontiers in the North West. The object of repairing to Lucknow is said to be a permanent adjustment of Oudh affairs which the ruinous extravagance of the late king has left in a state of great derangement: and however his present Majesty may feel disposed to restore order and secure something like an approximation to good Government, it seems desirable to place matters on such a basis as that his demise may not be attended by the disgraceful scenes which lately took place—nor the country thrown back on that system of mismanagement which has painfully distinguished its annals through a long and uninterrupted career of plunder, profligacy and waste. Those at all conversant with the condition of Oudh for the last fifty or sixty years can tell how shameless were the means resorted to for extorting the revenues. In the days of Asufud Dowlah, the Court was a scene of gambling and debauchery; in those of Saadut Ali, of extortion in its most unqualified and tyrannic form:

সময়ে কেবল প্রবঞ্চনা ছিল আর মৃত রাজার কালেতে দুঃশাসন এবং দেশের হিতাহিতে অনাবেশ ও তাচ্ছল্যতা ছিল সম্প্রতিকার রাজা যেং সুনীতি করিতে ইচ্ছুক আছেন তাহা যে তিনি করিতে পারিবেন ইহা তাঁহার বার্দ্ধক্যবস্থাহেতু অসম্ভব বোধ হয় অতএব আমারদিগের আশ্বাস এই যে শ্রীযুত লার্ড সাহেব তথা গমন করিয়া যেন এমত ব্যবস্থা করেন যে তাঁহার পরের রাজা রাজশাসনের ভারে ক্লিষ্ট না হন।—জ্ঞানান্বেষণ।

ইঙ্গলণ্ড দেশে বাষ্পজাহাজদ্বারা গমনাগমন বিষয়ে অনেকে সচেষ্ট হইয়াছেন প্রায় দুই সপ্তাহ হইল ইহার প্রসঙ্গ প্রকাশ হইলে পর অনেকানেক বাণিজ্যকর সভা এবং অন্যান্য লোকে ১০০০ অংশ গ্রহণ করিয়াছেন এইরূপ ইউরোপে যাতায়াত বৃদ্ধি হইলে এতদ্দেশের যেং উপকার নিশ্চয় হইবেক তাহা সকল আমারদিগের পাঠকগণের বুদ্ধিগোচর হইয়াছে কি না তাহা আমরা নিশ্চয় জানি না কিন্তু ইহার যথার্থ বোধ প্রাপ্ত হওয়া কোন মতে দুষ্কর নহে আমারদিগের যে পাঠকেরা এ বিষয়ে জনশ্রুতি মাত্র শুনিয়াছেন কিন্তু তদ্ব্যতিরিক্ত আর অধিক কিছুই জানেন না তাঁহারদিগের জ্ঞাপনার্থ কিঞ্চিৎ সংক্ষেপে লেখা আমারদিগের কর্ত্তব্য। বাষ্পবিষয়ক কলিকাতাস্থ কমিটির চেষ্টাতে ইঙ্গলণ্ড দেশে যথোচিত মনোযোগ হইয়াছে সুখ্যাতিবিশিষ্ট যে ডাং লার্ডনর সাহেব যিনি নিরর্থক কোন বিষয়ে কিছু লেখেন না তিনিই লার্ড মেলবর্ণ সাহেবকে এক পত্র লিখিয়া অত্যন্ত পাণ্ডিত্যপ্রযুক্ত এ সকল বৃত্তান্তের আলোচনা করিয়াছেন ইহাতে ফ্রাৎ নদীর পথ ত্যাগ করিয়া ইঙ্গলণ্ড রাজ্যাধিপতি যদি কলিকাতাস্থ কমিটির প্রস্তাবে সাহায্য করেন তবে যেং উপকার হইবেক তাহা উক্ত ডাং সাহেব যেপ্রকার বর্ণাইয়াছেন তাহার কোন উত্তর নাই তাঁহার মত এই যে ন্যূনাধিক দ্বাদশ বা ত্রয়োদশ লক্ষ টাকা সমসমুদয় বার্ষিক ব্যয় হইবেক এবং সকল বিবেচনার সম্ভাবনা বিবেচনাপ্রযুক্ত অনুমানকরত কহেন যে বাষ্পজাহাজ ব্যবহারে ও যাত্রিদিগের ভাড়াতে প্রতিবৎসর প্রায় একবিংশ লক্ষ ত্রিংশৎ সহস্র টাকার সংগ্রহ হইতে পারিবেক অতএব এইপ্রকার জাহাজ গমনাগমনের ব্যয়ানন্তর বার্ষিক লাভ হইবেক মধ্যস্থান স্থির হইয়াছে আর সুএজহইতে কৈরো সিকন্দরাবাদ জিব্রাল্টরদ্বারা বিস্কেনামক সাগর পারে ইঙ্গলণ্ড গমন হইবেক আর কেপের পূর্ব্ব দিগে যে ইঙ্গরেজদিগের বাণিজ্য বসতি স্থান আছে তাহার মধ্যদিয়া যেন যাতায়াত হইতে পারে এপ্রকার গমনাগমন স্থির হইবেক। ডাং লার্ডনর সাহেবের এই পত্রের এক আদর্শ প্রাপ্ত হইয়া কলিকাতাস্থ কমিটি সর্ব্বদা বিশেষ মনোযোগপূর্ব্বক ঐ পত্র মুদ্রাঙ্কিত করিয়া সাধারণ বিজ্ঞাপনজন্য প্রকাশ করিয়াছেন কমিটির সম্পাদক ইহার ভূমিকাতে সকলকে জ্ঞাপন করিয়াছেন যে এ ব্যাপার সম্পন্ন করিবার নিমিত্ত পঞ্চত্রিংশৎ লক্ষ টাকার আবশ্যক আছে ইহা ইঙ্গলণ্ডে গণনাপ্রযুক্ত স্থির হয় সম্পাদক সাহেব আর লেখেন যে এই টাকার কিয়দংশ এতদ্দেশে সংগৃহীত হইতে পারে তাহা কমিটির জিজ্ঞাস্য ইহার মধ্যে মান্দ্রাজেরও কথা আছে আর পঞ্চ শত টাকা প্রত্যেক অংশ করিয়া সপ্ত সহস্র অংশের বার্ত্তা প্রকাশ করিয়াছেন এই পঞ্চ শত টাকা একং শত করিয়া ক্রমেং তিন মাসান্তর সংগৃহীত হইবেক।

বাষ্পীয় জাহাজবিষয়ক প্রস্তাব সম্পত্তিজন্য

of Gajudie Hyder—intrigue; and under the late sovereign, of misrule and a most contemptible callousness, and general indifference to its condition. From the age of the present monarch it can hardly be expected that he will survive, to carry into execution the salutary measures of reform to which he seems sincerely inclined. We presume that his Lordship wishes to ensure the future tranquillity of these dominions, so that his successor may not be entangled in the proverbial difficulties of a native Government.—*Compendium, Sept. 12.—Gyan.*

The Steam communication with England has excited a very great activity; not less than 1195 shares having been taken up in Calcutta by different firms and individuals since the proposition was first publicly announced on Thursday before last. We are not quite sure whether our readers fully comprehend the advantages which the country at large is sure to derive from this accelerated intercourse with Europe, though they must be obvious to every man upon a moment's reflection. It is our duty to lay down the basis of the propositions as succinctly as the limits of our pages will permit for the information of such of our subscribers as may not have had the means of acquiring any thing beyond a mere hearsay communication of what is intended. The efforts of the Steam Committee of Calcutta appear at length to have awakened a corresponding interest in England. The celebrated Dr. Lardner, from whose pen nothing should fall in vain, has largely and ably discussed the question in a letter addressed to Lord Melbourne, wherein he lays down, we think unanswerably, the benefit that must accrue from the home Government lending its support to the Calcutta scheme in preference to the route by the Euphrates. The Doctor is of opinion that the entire expense may be fully estimated at the gross annual sum of £120,000 or between twelve and thirteen lakhs of Rupees, and calculates, upon most probable data, that the use of the steam vessels and the income from passengers, letters, &c. would realize about £213,000 per annum, thus yielding a positive yearly profit for the maintenance of the communication. Socotra is made the central point, and the route lies from Suez to Cairo, Alexandria, Gibraltar and so across the Bay of Biscay to England. It is also intended to regulate the intercourse, so that it may reach to all the colonial possessions and mercantile settlements of the British nation, Eastward of the Cape.

The Bombay Gazette states, that it is understood that the act for abolishing transit duties at Bombay, had been received by the Government, and that it provided for the retention of the Town Duties. Our contemporary, however is premature in this announciation. No draft of an act of this nature has as yet issued from the Legislative Council.

Dutch Steamer in the Eastern Seas.

There is a rumour that a steamer of the Batavian Government, with 100,000 dollars on board, has been burnt near Amboyna.

China.

Letters have been received in Calcutta from China to the 31st of July, which state, that the aspect of affairs was extremely gloomy, and that the prospects of the coming season were any thing but flattering. A letter from Macao, of the 1st of August states, that an understanding had been effected with the Mandarins on the *East Coast*, and that a brisk trade had sprung up in that quarter, which would make way for the large shipments now on their way thither. All idea of legalizing the trade appears to have been abandoned.

Sir John Grant.

Sir John Peter Grant arrived safely at Singapore at the end of August, and was received with the salute due to his rank.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

হরিণবাটীর রুটি প্রস্তুতকরণ যন্ত্র।

আমরা আহ্লাদপূর্ব্বক প্রকাশ করিতেছি মাষ্টর এডওয়ার্ড গিলিসন সাহেব যিনি হরিণবাটীর অধ্যক্ষ তিনি ঐ স্থানে এই ধারা চলিত করিয়াছেন যদ্দ্বারা সর্ব্বসাধারণের উপকার হইতে পারে এবং অন্যান্য কারাগারস্থ লোকেরদিগকে শিক্ষা দর্শান হয় ঐ সাহেবের এক অভিনব নিয়মের দ্বারা কলিকাতাস্থ লোকেরদের এই উপকার হইতেছে যে তদ্দ্বারা উত্তম ময়দা ও ভূসী প্রাপ্ত হইয়াছেন ঐ ময়দা ও ভূষী দেখিয়া বোধ হয় যে অন্যান্য ময়দা অপেক্ষা অত্যুত্তম গতবার এই বিষয়ে যাহা আমরা প্রকাশ করিয়াছিলাম তাহার পরবারও এই স্থানে গিয়া দেখিয়া আহ্লাদিত হইলাম যে মাষ্টর গিলিসন সাহেব উক্ত যন্ত্রবিষয়ে অত্যন্ত মনোযোগ দিয়াছেন এই যন্ত্রে এমত রুটি প্রস্তুত হইতেছে অন্যান্যাপেক্ষা উত্তম ও পরিষ্কৃত আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি তাঁহারা এই স্থানের রুটি যেন ক্রয় করেন আরো আমরা দৃঢ়রূপে কহিতেছি যাঁহারা রুটি ভাল বাসেন তাঁহারা ঐ স্থানহইতে রুটি আনাইয়া ব্যবহার করেন এই রুটির মূল্য অন্যান্যাপেক্ষা অধিক নহে প্রত্যহ এমত কলিকাতাস্থ অনেকেই কহিয়া থাকেন যে উত্তম রুটি মেলা ভার কিন্তু আমরা বিস্ময়াপন্ন হইলাম এই নূতন যন্ত্রের রুটি সুপ্রিম কোর্ট ও পোলীসের সাহেবেরা ভিন্ন অন্য কেহ লন না।—জ্ঞানান্বেষণ।

নৌকাডুবি।

চিনী বোঝাই দুইখান নৌকা গাজিপুর হইতে আসিয়া নূতন টাকশালের ঘাটে গত বৃহস্পতিবারে মারা পড়িয়াছে।—ঐ।

সমাজে উপস্থিত পত্র।

ভূম্যধিকারিদিগের অর্থাৎ জমিদারদিগের সমাজসংস্থাপন বিষয়ক।

ভারতবর্ষে বা পৃথিবীর অন্যান্য সভ্য দেশে ভূম্যধিকারির দিগের যাদৃশ স্বত্বরক্ষার আবশ্যকতা তাদৃশ অন্য কাহার নহে। কারণ ইহারা রাজ্যের প্রধান সাহায্যকারক এবং ইহাঁরা করের স্বরূপ যে ধন রাজাকে প্রদান করেন তদ্দ্বারা রাজ্যের প্রায় সমুদয় কর্ম্ম নির্ব্বাহ হয়। আর রাজা যদি ঐ করের স্বরূপ সাহায্য ইহাঁরদিগের হইতে না প্রাপ্ত হয়েন তবে রাজ্যের শাসনাদি প্রায় কোন কর্ম্মই নির্ব্বাহ করিতে পারেন না। ভারতবর্ষের ও অন্যান্য রাজ্যের ভূম্যুৎপন্ন বস্তু হইতে ধনোপার্জন হইয়া থাকে। এমতে ভূম্যধিকারিরদিগের পরিশ্রমাদির দ্বারা অন্যান্য লোকেরাও ধনোপার্জনের নানাপ্রকার উপায় প্রাপ্ত হইতেছে। এইহেতুক আমারদিগের ইহা নিশ্চয় বোধ হইতেছে যে অন্যান্য বাণিজ্য ব্যবসায়িরদিগের অপেক্ষা ভূম্যধিকারিরদিগের স্বত্ব রক্ষাহওয়া অত্যন্ত প্রয়োজনযোগ্য। এবং ইহাঁরদিগের ক্ষেত্র অর্থাৎ আবাদি ভূমি ধনের আকর হইয়াছে ইহা অন্যান্য মনুষ্যেরদের ধনোপার্জনের রীতিহইতে অত্যন্ত পৃথক্। কারণ যদি কোন রাজ্যে রাজশাসনের কোন বৈলক্ষণ্য বা সর্ব্বসাধারণের

Spirit of the Native Papers.

House of Correction Bread.

We have great pleasure in noticing the efforts of Mr. Edward Gleeson to make the House of Correction exemplary in effect on those who, by their malpractices, are made inmates of it, and also of his efforts to turn every thing to a publicly useful end. The Calcutta public have, since the introduction of Mr. Gleeson's new system of corrective labour, had the benefit of the best description of flour and bran; from which circumstance, we thought the operation of the new system had come up to its highest point, but since our last notice, we have visited the house about four times and have been gratified in viewing Mr. Gleeson occupied in establishing a bakery, the produce of which, in its usefulness, cleanliness and general superiority far exceeds any other establishment. The bread is made of the materials produced at the House of Correction, all of the best quality; and we recommend. it as good, and excellent, to all families. To support the opinion we have given, we advise all persons fond of good bread, to apply at the House of Correction bakery, where they will all, we are sure, feel as satisfied as we are. The price of a loaf does not exceed the ordinary charge, and while daily complaints are being made of the badness of bread, we must express a little surprise at Mr. Gleeson's bread not being more generally known, than it is by merely the dignitaries of the Supreme Court, and the Functionaries of the Calcutta Police.—*Hurk.—Gyan.*

Boat Capsized.

Two boats arrived from Gazeepore with sugar on board, were capsized while moored at the new Mint Ghaut on Friday last.—*Ibid.*

On the Establishment of a Society for protecting the Rights of Zemindars.

The necessity of protecting the rights of landholders, whether in India or in any other civilized country in the world, is greater than that of protecting the rights of any other class; for they are the great auxiliaries of the state, and the wealth which in the shape of revenue, they give to government, is the source from which all its establishment are paid. And if the state were to be deprived of this resource, there would be no means whatever left of carrying forward its movements. Both in India and in other countries, it is the produce of the ground, that is the great source of wealth. It is the labor of the landholders, therefore, which furnishes the means of opulence to other classes of the community, and hence we conclude, that there is greater necessity for preserving their rights than those of any other description of traders. Their fields are the true mines of wealth, and hence demand specific and particular protection greater in degree than any other interest. For if any irregularity should arise in the ad-

কোন বিপদ্ উপস্থিত হয় তবে বাণিজ্য ব্যবসায়িরা কিঞ্চিৎ ক্ষতি ও ক্লেশ স্বীকার করিয়া সেই রাজ্যহইতে আপনং ধন ও বিষয়াদির সহিত দেশান্তরে প্রস্থান করিতে সমর্থ হন। কিন্তু ভূম্যধিকারিরদিগের পক্ষে এরূপ কদাচ সম্ভব হইতে পারে না কেননা তাঁহাররিগের কেবল ভূমিতেই ধনোপার্জ্জন হইয়া থাকে এবং তাহা কদাচ স্থানান্তর করা যাইতে পারে না। এই নিমিত্তে ইহা প্রত্যক্ষ বোধ হইতেছে যে ভূম্যধিকারিরদিগের অন্যান্য অপেক্ষা স্বদেশের প্রতি ও রাজার প্রতি অধিক স্নেহ ও যত্ন থাকিতে পারে। এইহেতু রাজা অন্যান্য প্রজাগণঅপেক্ষা ভূম্যধিকারিরদিগের স্বত্ব রক্ষার প্রতি অধিক যত্নবান হন আর ইহাঁরদিগের অন্যান্য অপেক্ষা যে স্বত্ব রক্ষার অধিক আবশ্যকতা তাহা পূর্ব্বলিখিত বিষয়ের দ্বারা ব্যক্ত হইতেছে। পরন্তু ভারতবর্ষের ভূম্যধিকারিরদিগের রাজার নিকটে আপনং দুঃখ বিজ্ঞাপন করা ও তাঁহার নিকটহইতে অনুগ্রহ প্রার্থনা করা যে অত্যন্ত আবশ্যক হইতেছে ইহাতে আমারদিগের কোন সন্দেহ নাই। আর আমরা ইহা সর্ব্বদাই দেখিতেছি যে ভূম্যধিকারের অর্থাৎ জমিদারীবিষয়ের প্রতি অত্যন্ত ভ্রান্তিপূর্ব্বক আইন প্রকাশিত হইতেছে যাহাতে সর্ব্বসাধারণের বহু ক্লেশ হইয়া থাকে। এক্ষণে উক্ত বিষয় সপ্রমাণকরণার্থ কএক উদাহরণ লিখিতেছি যথা ১৭৯৩ সালের প্রথম ও দ্বিতীয় আইনের দ্বারা কালেক্টর সাহেবেরা বিচারকরণের শক্তিহইতে রহিত হন কিন্তু ১৮১৯ সালের দ্বিতীয় আইন ও ১৮২৮ সালের তৃতীয় আইনের দ্বারা তাঁহারা পুনর্ব্বার এমত শক্তি প্রাপ্ত হইয়াছেন যে এক বিষয়েতেই স্বয়ং বিবাদী হইয়া বিচারকর্ত্তা হন এবং আইনের দ্বারা ভূম্যধিকারিদিগের ফৌজদারী বিষয়ে প্রজার উপর কোন প্রভুত্ব নাই বরং ইহার বৈপরীত্যে যদি কোন বিষয়ে কোন প্রভুত্ব করেন তবে তাঁহারা দণ্ড্য হইয়া থাকেন কিন্তু তাঁহারদিগের আপনং ভূম্যধিকারমধ্যে যে সকল কুকর্ম্ম হয় সে সকল কুকর্ম্মের নিমিত্তে ভূম্যধিকারি মাত্রেতেই যে দায়গ্রস্ত হইয়া থাকেন ইহা কদাচ বিচারসিদ্ধ হইতে পারে না। এবং যে সকল কুকর্ম্ম নিবারণ করিবার কোন ক্ষমতা নাই সে সকল কুকর্ম্মের নিমিত্তে তাঁহারদিগের দায়ী হওয়াই বা কিরূপে সম্ভব হইতে পারে। এবং এ বিষয়ে অন্যান্য সহস্রং এইরূপ উদাহরণ দর্শান যাইতে পারে। কিন্তু ইহা প্রত্যক্ষ বোধ হইতেছে যে ভূম্যধিকারিরদিগের স্বীয়ং বর্ত্তমান অবস্থার প্রতি বিশেষ বিবেচনা করা উচিত। কিন্তু যৎকালে সর্ব্বসাধারণের মঙ্গল রক্ষা করিবার বা প্রাপ্ত হইবার যোগ্য কোন বিষয় উপস্থিত হয় তৎকালে সকলের ঐক্যহওন অত্যন্ত আবশ্যক করে যেহেতুক এইরূপে সকলের শক্তি একত্র হইলে উক্ত বিষয় অনায়াসে নির্ব্বাহ হইতে পারে। কিন্তু এমতে যদি ইউরোপদেশীয় ও হিন্দুজাতীয় ও মোসলমানজাতীয়েরদিগের মধ্যে দৃষ্টিপাতকর এবং যদি পূর্ব্বকালীন ইতিহাস দর্শন কর কিম্বা যদি ইদানীন্তন অবস্থার প্রতি বিশেষ বিবেচনা কর কিম্বা যদি সভ্য ও অসভ্য জাতিরদিগের সাদৃশ্য গ্রহণ কর তবে ইহা সহজেই বিদিত হইবে যে সর্ব্বকালে ও সর্ব্বদেশে সমাজাদির দ্বারা ঐক্য হওয়াই সাধারণ মঙ্গল রক্ষার প্রধান কারণ হইয়াছে অস্মদাদির ও ইউরোপদেশীয়েরদিগের মধ্যে যে নানা দল ও সভা দৃষ্ট হইতেছে তাহা আমারদিগের পূর্ব্বোক্তি সপ্রমাণকরণের উত্তম দৃষ্টান্তস্বরূপ হইতেছে। যাহা হউক উক্তরূপ সমাজাদির দ্বারা যদ্রূপ সহজে কর্ম্মসকল নির্ব্বাহ হয় তদ্রূপ এক ব্যক্তির যথাসাধ্য চেষ্টার দ্বারা কদাচ সম্ভব হইতে

ministration of any kingdom, or any general calamity should befal it, merchants with a trifling loss and difficulty, may remove themselves and their wealth to some other country; but this privilege does not apply to the proprietors of land, whose support is derived entirely from the ground, which they cannot remove. This is perhaps one reason why it is so evident that landholders are likely to be more attached than others by interest and affection to their rulers, and why rulers are always so particularly anxious to preserve the rights of the agricultural community. The necessity of thus preserving them will have appeared from what we have said above, and there can be no doubt, that there is a peculiar necessity for the landholders of India to acquaint their rulers with grievances, and to seek relief at their hands. We continually perceive that laws are passed with regard to the landholders of this country upon erroneous principles, which subjects them to great distress. In support of this opinion, we would observe, that by Reg. I. and II. of 1793, the Collectors are deprived of all judicial authority, but by Reg. II. of 1819, and Regulation III. of 1808, they are anew invested with this power to such an extent, that they are permitted to be both parties and judges in the same cause. By the Regulation, moreover, the landholders have no magisterial jurisdiction over their tenants. On the contrary, if they venture to exercise it, they subject themselves to punishment. To make them responsible, therefore, for all the transgressions committed within their estates, is contrary to reason and equity. To involve them in the guilt of those actions which they are unable to prevent is most unreasonable. Many other such examples might be produced to strengthen our assertion, and to make it manifest that it is highly necessary for the landholders to pay particular attention to their own interests. When, therefore, any matter arises which involves the acquisition or the preservation of the general interests, union becomes particularly necessary, and the union of the strength of all, renders the accomplishment of their desires easy. If you cast your eyes upon the Europeans, the Hindoos, or the Moosulmans; if you examine ancient history, or if you look at the present state of things or form a comparison between the civilized and barbarous nations, it will be abundantly evident that the union of men in societies has been the chief means of preserving their rights. The various parties and societies which are formed either in our own country or among Europeans, will furnish examples of the truth of this assertion. Be that as it may; that which cannot be accomplished by the most strenuous

পারে না। পরন্তু ইহা অত্যন্ত দুঃখের বিষয় যে এপ্রদেশীয় ভূম্যধিকারিরদিগের মধ্যে কোন ঐক্যভাব নাই। এতদ্বিষয়ের প্রতি আমরা কিঞ্চিৎ লিখিতে বাসনা করি যৎকালে ভূম্যধিকারিরদিগের রাজার নিকটে আপনং দুঃখজনক বিষয় বিজ্ঞাপন করিতে কিম্বা তাঁহাহইতে অনুগ্রহ প্রাপ্ত হইতে প্রার্থনা করেন তৎকালে তাহারদিগের মধ্যে কোন ঐক্যতা না থাকায় অত্যন্ত ক্লেশ প্রাপ্ত হন। কারণ ইহা দৃষ্ট হইতেছে যে এমত বিষয়ে কোন ব্যক্তিই রাজার নিকট বিজ্ঞাপন করিতে প্রস্তুত নহেন এবং কোন ব্যক্তি সর্ব্বসাধারণ বিষয় রক্ষা করিতে আপনি ভার স্বীকার করেন না এমতে অত্যন্ত আবশ্যক বিষয়সকলের প্রতি সর্ব্বদা অবহেলা হইয়া থাকে। এইরূপ যে সকল দুঃখ নিবারণজন্য রাজার নিকট বিজ্ঞাপনকরণ আবশ্যক হয় তাহার কোন চেষ্টা না হওয়াতে সকল ভূম্যধিকারিরদিগের পক্ষে অত্যন্ত হানি হইতেছে।

আমরা সর্ব্বদাই দেখিতেছি যে ভূম্যধিকারিরদিগের সর্ব্ব প্রকার স্বত্ব নষ্ট হইতেছে তত্রাপি কেহ রাজার নিকট আসিয়া নিবেদন করিতে উদ্যোগী হয়েন না কিন্তু যদ্যপি ইহা রাজার নিকট বিজ্ঞাপন করেন তবে যে অনায়াসেই সিদ্ধ হয় ইহাতে কোন সন্দেহ নাই। ইহা সকলেই অবগত আছেন যে প্রধান রাজকর্ম্মকারিরা কোন অত্যাচার করিলে তাঁহারদের অত্যাচারের বিরুদ্ধে নালিশ করিতে বা রাজার নিকটে বিজ্ঞাপন করিতে আমারদিগের দেশস্থ লোকেরা অত্যন্ত ভীত হইয়া থাকেন এবং সর্ব্বসাধারণের লাভজনক যে সকল বিষয়াদি তাহাতে কেহ সাহস পূর্ব্বক অগ্রসর হইয়া এমত কহিতে সমর্থ হন না যে হে মিত্র সকল আমি তোমারদের পক্ষে সপক্ষ হইয়া রাজার নিকটে আবেদন করিব এবং যে প্রকারে তোমারদের ক্লেশ নিবারণ ও দুঃখ বিমোচন হয় তাহার চেষ্টা করিব। যদ্যপি উক্তরূপ দুঃখে সকলেই দুঃখিত হইতেছেন তথাপি এমত কোন ব্যক্তি নাই যে তাহা নিবারণ করিতে স্বয়ং প্রবর্ত্ত হন ইহা অত্যন্ত খেদের বিষয় এই হেতু ইহার উপায় অন্বেষণ করা অবশ্য কর্ত্তব্য এবং এরূপ দুঃখ সহিষ্ণু হইয়া থাকা সভ্যদেশের মধ্যে অতিশয় নিন্দনীয় অপর ইঙ্গলণ্ড দেশের পার্লিমেণ্ট নামক মহাসভাতে ও অন্যান্য সভ্যদেশীয় ব্যক্তিরদিগের সভাতে ভূম্যধিকারিরদিগের স্বত্ব রক্ষার বিষয় প্রকৃতরূপে বিশেষ বিবেচিত হইয়া থাকে কিন্তু ভারতবর্ষের ভূম্যধিকারিরদিগের তাদৃশ স্বত্ব থাকাতেও তাহারা কেবল রাজসম্পর্কীয় ব্যক্তিরদিগের স্বেচ্ছাধীন হইয়া রহিয়াছেন। বর্ত্তমান সময়ে যেমত অপক্ষপাতি রাজশাসন ভারতবর্ষের মধ্যে প্রচলিত হইতেছে ইহা না হইয়া যদ্যপি বিপরীত উপস্থিত হয় অর্থাৎ ভূম্যধিকারিরদিগের স্বত্ব বিষয়ে যদি রাজা অত্যাচার করিতে প্রবর্ত্ত হন আর যদি তাঁহারদিগের আবেদন করিবার অনুপায় হয় তবে তাঁহারদিগকে রাজা যে প্রকারে শাসন করিবেন তাহাই তাঁহারদিগকে সহ্য করিতে হইবে এবং এই প্রকারে উপায় বিহীন দুরবস্থার সময়ে রাজার ও অবিচার করণের সম্ভাবনা যদ্দ্বারা তাঁহারদের প্রতি অন্যায় উপস্থিত হইতে পারে কিন্তু বর্ত্তমান সময়ে ইহাঁরদিগের স্বীয়ং দুঃখ নিবারণ করা দূরে থাকুক বরং ইহাঁরা আপনং চতুর্দ্দিকে কোথায় কি হইতেছে তাহাও জ্ঞাত নহেন কেননা কোন এক প্রদেশে কোন বিষয় উপস্থিত হইলে তাহা অন্যস্থানে প্রকাশ হয় না ইহাতে কোন ব্যক্তি কোন বিষয়ের ক্লেশ পাইলে তাহা নিবারণের ক্ষমতা অন্য ব্যক্তির থাকে না।—চন্দ্রিকা।

efforts of one individual, may be easily secured by the united efforts of a body. But it is matter of regret, that among the landholders of this country, there is no union. We wish particularly to draw attention to the fact, that whenever the proprietors of estates have any grievance to lay before the rulers, or any favour to ask of them, the want of union subjects them to the greatest inconveniences, because it appears that no one individual is prepared to put himself prominently forward on such occasions, or to take upon himself the responsibility of the general welfare, and thus most important interests are injured. And as there is no exertion made to give that information which might lead to the removal of that distress, all the landholders in the country are exposed to loss.

We see perpetually that the rights of landholders are universally invaded, but no one will venture to bring the matter before our rulers; and yet there can be no doubt that success would follow such representation. Every one knows that the people of this country are too timid to complain to the chief authority against the unjust actions of the public functionaries, or to make them in any way known. And in those matters which affect the general interest, no one has the courage to come forward and to say to his friends, "I will stand forth as your representative and bring this matter forward, and pursue those means which shall relieve your distress and anxiety." And though all participate in the general calamity, yet there is no one bold enough to seek redress. This is a matter of great sorrow, and hence the necessity for seeking some means of relief. To submit to such grievances, would reflect shame upon any civilized nation. In the Parliament of Great Britain, and in the assemblies of other civilized nations, the welfare of the landed interest is a subject of constant discussion, but although the landholders in India have similar rights, yet they are always in a state of subservience to the officers of Government. At present the Government of the country is administered with impartiality, but if a contrary system were to prevail; if the rulers were to begin to violate the rights of the landholders, and they have no means of redress, they must of necessity submit to whatever may be imposed upon them. While they are in this state of helplessness, there is a greater probability of injustice from the rulers; but at the present time so far from being able to defend themselves from grievances, they scarcely know what passes around them. That which happens in one place is scarcely known in another, and no person has therefore the means of assisting his neighbour.—*Chundrika.*

জগন্নাথের কর উঠিবার বিষয়।

কোর্ট অফ ডৈরেকটরের আজ্ঞাবশত গবর্ণমেণ্ট জগন্নাথের কর উঠিয়া দেওয়ার উপায় চেষ্টা করিতেছেন তাহা সকলে জানেন কোর্ট অফ ডৈরেকটরের ইচ্ছানুসারে কিপ্রকার ইহা সিদ্ধ হইতে পারে তাহা আমরা সংক্ষেপে লিখিব।

১৮৩৫ সালের ১২ আইনের ৩০ অধ্যায়ে গবর্ণমেণ্ট জগন্নাথের সেবার্থ ক্রমাগত বিহিত বেতন যাহা দিতে অঙ্গীকার করেন তাহা দিবেন আর জগন্নাথের মন্দিরের যে সকল কার্য্য তাহাতে যেন ইঙ্গরেজের হস্তার্পণ না হয় এবং তৎকর্ম্ম উত্তমরূপে হয় তন্নিমিত্ত ১৮০৯ সালের ৪ আইনানুসারে খুরদার রাজার প্রতি ঐ সকল কর্ম্মের ভারার্পণ হয় পূর্ব্বে গবর্ণমেণ্ট যত বেতন দিয়াছিলেন তাহা বিবেচনা করিয়া আন্দোলন করিলে ১৮০৮ সালে লার্ড মিণ্টো সাহেব ৫৬,০০০ টাকা স্থির করিয়াছেন এবং কম্বল কিম্বা বনাত ক্রয়করণে পাণ্ডারদিগের অক্ষমতাপ্রযুক্ত গবর্ণমেণ্টে দরখাস্ত করাতে উড়িষ্যার সুবেদারেরা যেমত পূর্ব্বে দিত তদ্রূপে গবর্ণমেণ্টও সেইপ্রকার দিতে স্বীকার করিয়াছেন ১৮৩০ সালপর্য্যন্ত দিয়াছিলেন তৎপর কোম্পানির বনাতের গুদামঘর না থাকাতে তৎপরিবর্ত্তে ১০০০ টাকা করিয়া দিতেন পূর্ব্বে গবর্ণমেণ্ট জগন্নাথের সেবার্থ যে সকল ভূমি প্রদান করিয়াছিলেন তাহাহইতে বার্ষিক ২১,০০০ টাকা উৎপন্ন হয় অবশিষ্ট ৩১,০০০ টাকা অন্যান্য উপায়েতে হইত। আমারদিগের কটক জেলা অধিকারানন্তর ২ বৎসরপর্য্যন্ত যাত্রির উপর কোন কর নির্দ্ধারিত হয় নাই ইহার পর জগন্নাথের সেবার্থ যত ব্যয় হইত তাহা যাত্রিরদিগের করেতেই সম্পন্ন হইত পুরী গয়া ও প্রয়াগেতে কর লইয়া গবর্ণমেণ্ট যে কত টাকা উপার্জন করিয়াছেন তাহা সকলে জানিতে ইচ্ছা করেন তন্নিমিত্ত আয় ব্যয়ের সংখ্যা নিম্নে লিখিতেছি।

পুরীতে ১৮১০ অবধি ১৮৩১ সালপর্য্যন্ত

কর গ্রহণে আয়	২৪,৩৭,৫৭০ টাকা
সর্ব্বসুদ্ধ	২৪,৩৭,৫৭০
প্রতিবৎসর	১,১৬.০৭৪
সর্ব্বসুদ্ধ ব্যয়	১১,৫৪,৪৪০
প্রতিবৎসর	৫৪,৯৭৩
সর্ব্বসুদ্ধ লাভ...	১২,৮৭,৭৯০
প্রতিবৎসর	৫১,১০১

প্রয়াগে মিরভর করগ্রহণে ২৪ বৎসরে অর্থাৎ ১৮১০ অবধি ১৮৩১ সালপর্য্যন্ত।

সর্ব্বসুদ্ধ আয়...	১৬,৪৬,৬৫৭ টাকা
প্রতিবৎসর	৮২.৩৩২
সর্ব্বসুদ্ধ ব্যয়	১,৪০,৭৮৮
প্রতিবৎসর	৭.০৩৬
সর্ব্বসুদ্ধ লাভ	১৫,০৫৮৬৯
প্রতিবৎসর	৭৫,২০৩

গয়ালিরদের কর গ্রহণে ১৮০৩ অবধি ১৮৩১ সালপর্য্যন্ত ২৮ বৎসরে

সর্ব্বসুদ্ধ আয়	৬৩,৪৬,৭৬২ টাকা
প্রতিবৎসর	২,২৯,৬৭০
সর্ব্বসুদ্ধ ব্যয়	৯,৯৭ ১৮৩
প্রতিবৎসর	৩৫,৬১১
সর্ব্বসুদ্ধ লাভ...	৫৩,৪৯.৫৭৩
প্রতিবৎসর	১,৯১.০৫৬

অদ্যপর্য্যন্ত ইহার সংখ্যা লিখিতে পারিলাম না তাহাতে আমরা দুঃখিত আছি কিন্তু গয়া ও প্রয়াগেতে গবর্ণমেণ্টদ্বারা যত কর গ্রহণ হয় তদপেক্ষা পুরীতে ন্যূন এবং শুনিতেছি যে কলিকাতাহইতে পুরীপর্য্যন্ত যে রাস্তা আছে তাহাতে যে ব্যয় আর যাত্রিরদিগের নিমিত্ত যে চিকিৎসাশালার তাহাতে ব্যয় পুরীর করহইতে সম্পন্ন হয় অতএব ইহাতে জগন্নাথের সেবার্থ গবর্ণমেণ্ট যাহা দিতে স্বীকার করেন তাহাই হয় তদ্ব্যতিরেকে লাভ হয় না।

মহারাষ্ট্রেরদের সময়ে মন্দিরের মধ্যে মহাপ্রসাদ বিক্রয়ের উপর কর নির্দ্ধারিত ছিল ঐ মহাপ্রসাদের কাষ্ঠ বিক্রয়েতে রথের খরচ এবং দক্ষিণা হইত এই সকল অল্প টাকার আদায়করণার্থে এক জন রাজসম্পর্কীয় লোক বিক্রয়সময়ে আবশ্যক হইতে পারিত কিন্তু ইহা হইলে অত্যন্ত ক্লেশ জন্মিত এই জন্যে ঐ কাষ্ঠ বিক্রয়ের একটা মূল্য স্থিরকরিয়া রাখিয়াছেন এই টাকা বাদে গবর্ণমেণ্টের যে বেতন দাতব্য ছিল তাহা দিতেন তথাপি সিবিল এডিটরের হিসাবে এই টাকা লেখা যায় ইহাতে তাহারদিগের পরিশ্রমমাত্র লাভ আর ইহাতে মিসেনরি মহাশয়রা নিশ্চয় বোধ করেন যে কাষ্ঠ বিক্রয়ের মূল্যানুসারে গবর্ণমেণ্টের লাভালাভ হয় এই বিষয়ে গবর্ণমেণ্ট হস্তার্পণ করাতে মিসেনরি মহাশয়রা গবর্ণমেণ্টকে অনুযোগ করেন এই জন্যেই ১৮৩৭ সালে জুলাই মাসে ফ্রেণ্ড অফ ইণ্ডিয়া নিজ পত্রে লেখেন যে গবর্ণমেণ্টের বিশেষ মনোযোগেতেই রথ যাত্রায় সমারোহ হইবে আর প্রাচীন কাষ্ঠময় মহাশয় আপন গর্ত্ত ত্যাগ করিয়া দর্শনেচ্ছুক সহস্র২ যাত্রিসমূহের নয়নগোচর হইবেন যদ্যপি ঐ ফ্রেণ্ড মহাশয়কে জিজ্ঞাসা করা যায় যে গবর্ণমেণ্টের মনোযোগে কিপ্রকারে রথযাত্রা সমারোহ হইবে তাহাতে তখন তিনি মৌনপ্রায় হইবেন আমরা শুনিয়াছি যে যাহারা দক্ষিণ প্রদেশে রথযাত্রা দেখিয়াছে তাহারা পুরীতে তদ্রূপ সমারোহ দেখে নাই আর একবার দেখিয়া পুনর্ব্বার কেহ ইহা দেখিতে ইচ্ছা করে না গত কএক বৎসরাবধি কেবল তিনখান রথের চতুষ্পার্শ্বে প্রায় ৫০০০ লোক একত্র হয় ইহারা অত্যন্ত দুঃখী ও প্রায় নগ্ন হইয়া চীৎকার করে জগন্নাথের এবং পুরীর নিকটস্থ রথের বারণ হস্তী আছে আর কতিপয় ইউরোপীয় লোকও দর্শনেচ্ছু হইয়া আসিয়া থাকে ইহা হামিল্টনকৃত ইষ্ট ইণ্ডিয়া গেজেটিয়রেও লিখিত আছে তবে ফ্রেণ্ড মহাশয় কি কারণ কহেন যে পুরীর নিকটস্থ লোক না থাকিলে রথ অর্দ্ধেক পথে কর্দ্দমমধ্যে পড়িয়া থাকিত তিনি কি সকলকে আপনার ন্যায় অনভিজ্ঞ বোধ করেন পাণ্ডা মনে করে যে সাহেব লোকেরা জগন্নাথের পূজার নিমিত্ত উপস্থিত হয় অতএব ইহাতে অত্যন্ত সন্তুষ্ট হইয়া অনেক২ বার তাহারদিগকে রথ দর্শন করিতে নিমন্ত্রণ করে অতএব বোধ হয় যে মিসেনরি সাহেবেরা যখন২ সে স্থানে গমন করেন তখন তাঁহারা কেবল পাণ্ডাদিগের ঐ অভ্যাসহেতু অপমান প্রাপ্তহওন হইতে রক্ষা পান আর মিসেনরি সাহেবেরা সে সময়ে ঘোষণাকরত যাহা বলেন তাহা কেহই বুঝে না এবং যে পুস্তক তাঁহারা বিতরণ করেন তাহাতে তাঁহারদিগের অভীষ্টসিদ্ধ কদাচ হয় না কেননা তাঁহারা যে বাধ্যে পুস্তক বিতরণ করেন তাহার বিপরীতে লোকেরা ব্যবহার করে ইস্পানদেশীয় লো

Abolition of Pilgrim Tax.

It is generally understood that Government, in consequence of orders from the Court of Directors, is now about to take measure for the abolition of all taxes on pilgrims, we shall briefly state the various ways in which, with regard to the most celebrated place of Hindoo superstition, Juggurnauth, we understand the wishes of the court can be carried into effect.

By Sect. XXX. Reg. XII. of 1835, Government bound itself to continue the established donation for the support of the temple of Juggurnauth, and with a view to the exclusion of European interference and the better management of the internal affairs of the temple, the superintendance of that edifice is by Reg. IV. of 1809, vested in the Rajah of Khoordah. In 1808, during Lord Minto's administration, this donation, was, after a review of the expenses incurred by the preceding Government, fixed at about Sa. Rs. 55,000, and as the priests of the temple represented their inability to procure the woollen clothes necessary for the ruths, Government in conformity with the practice of the soubadar of Orissa, engaged at the same time to furnish that also, which was accordingly done up till the abolition of the Company's Warehouses in 1830, when a sum of about Rs. 1,000, was agreed to be paid in lieu. The lands granted by preceding Governments for the support of the temple yield about Rs. 21,000 per annum, the balances therefore, of Rs. 36,000 has to be made good from other sources. Or the first two years after our acquisition of the Cuttack district, no tax on pilgrims was levied at Pooree. Since that period the expences of the temple have been defrayed by a tax on the pilgrims resorting to that shrine, and as it is a matter of curiosity to compare the sums collected by Government at three celebrated places where a tax on pilgrims is imposed, we here subjoin a statement up to 1830 of the gross collections, expenses and receipts of the tax at Juggurnauth, Gyah, and Allahabad.

Gross collections from 1810-11 to 1830-31 at Juggurnath 21 years, Rs. 24 37 570

Amount of gross collection, ...	24,37 570
Annual average being, ...	1,16 074
Amount of total charges, ...	11,54,440
Annual average being, ...	54,973
Amount of net receipts, ...	12,87,790

Collections at Allahabad of Meer Buhr duties, from 1810-12 to 1830-31, 24 years.

Amount of gross collections Rs.	16,46 657
Annual average being, ...	82,332
Amount of total charges... ...	1,40,788
Annual average being, ...	7,036
Amount of net receipts, ...	15,05,869
Annual average being, ... , ...	75,203

Statement of duties on pilgrims at Gyah, from 1803-4 to 1830-31, 24 years.

Amount of gross collections Rs.	63,46 762
Annual average being, ...	2,29,670
Amount of total charges, ...	9,97,183
Annual average being, ...	35,611
Amount of net receipts, ...	53,49,573
Annual average being, ...	1,9,056

We regret that it is not in our power to continue the above statement up to the current year, but however, it is apparent that Government derives a less revenue from this than from either of the other two sacred places, and we understand that the net receipts realized and more, are expended in maintaining the road from Calcutta to Pooree, a pilgrim hospital there, &c. &c. so that Government makes nothing by the tax except in so far as the tax makes the idolators defray the expense of their own idolatry, which Government have otherwise to make good from other sources.

During the Mahratta Government a tax was imposed on the sale of nominal or holy food within the temple, on the sale of the wood of which the ruths are made on presents, &c. &c. To realize these small sums it would have been necessary that an officer on the part of Government should attend the sales; this, however, being obviously inconvenient, fixed sums in lieu have been agreed on, which are deducted from the donation given by Government, although in consequence of the fancy of the civil auditor, these sums always appear in the accounts, thus merely giving a little more additional trouble in their preparation; but which has led the worthy Missionaries into a settled belief the Government is a gainer or loser by the price the sale of the wood of the ruths fetches, &c. &c. It is from such circumstances that the Missionaries so vehemently exclaim against interference of Government, that the *Friend of India* in his columns announces (vide *Friend of India* of July, 1837,) that in a few days the ruth Jattra with take place at Pooree, aided by all the splendor that the interposition of Government authority and influence can bestow; and that 'the old block will leave his den' to be exposed to the delighted eyes of hundreds or thousands of pilgrims assembled to do him honour. We rather think the worthy *friend* would be somewhat puzzled were he called upon to prove what splendor the said Government influence adds to the scene. We understand that those who have witnessed similar scenes in southern India, are always greatly disappointed at Juggernauth, and that if a man has once seen it, he will never go again from curiosity. For the last few years, one might see 3 wooden cars surrounded by perhaps 50,000 people, a mass of dingy, nearly naked human beings many presenting scenes of the utmost squalor and misery; a dozen elephants belonging to Juggernath and the Ruths about Pooree, and some Europeans attending to gratify their curiosity: and we cannot tell why the *Friend* when he made his discovery the other day that but for the inhabitants of district surrounding Juggernauth Pooree being called on to pull the Ruths, the Ruths would infallably be left half way in the mud, should have supposed the public as ignorant as himself, as he would have found that fact mentioned in that very recondite book called *Hamilton's East India Gazetteer*. The Aundas, priests of the temple, have an idea that all the Europeans who attend at their ceremonies, do so for the purpose of doing honour to Juggernath, and are therefore highly pleased and frequently invite the residents to attend, so that it is probable that the few Missionaries who attend on these occasions many owe their safety and utter freedom from insult, to that idea; besides, few of the people pay any attention to, or understand what they say, and the tracts which they so assiduously distribute are by no means applied to the purposes for which they were originally intended; an *heretico* might as well attempt to convert a mass of bigotted Spaniards on the elevation of the Host by their Archbishop,

...দের প্রধান ধর্ম্মাধ্যক্ষ যখন নির্ম্মাল্য গোধূমপিষ্টক তাহারদিগের সম্মুখে স্থাপিত করেন তখন এক জন বৈধর্ম্মিক তাহারদিগের মনে অন্য প্রবোধ জন্মাইতে চেষ্টা করিলে যেমত নিষ্ফল হয় তদ্রূপ রথযাত্রাকালীন মিসেনরি সাহেবেরদিগের উপদেশ বৃথা হয়।

সে যাহা হউক রাজাজ্ঞাপ্রযুক্ত যাত্রিদিগের কর গ্রহণ রোধ হইলে ৫৭,০০০ টাকা অঙ্গীকারমতে অবশ্যই দিতে হইবে কিন্তু ইহার ভূমির উৎপত্তি কেবল ২১,০০০ টাকা লইয়া থাকে অতএব অবশিষ্ট ৩৬,০০০ টাকা কেবল দুইপ্রকারে গবর্ণমেণ্ট দান করিতে পারিবেন ইহার প্রথমপ্রকার এই যে আপনারদিগের কোষহইতে প্রতিবৎসর ৩৬,০০০ টাকা দিউন কিম্বা ঐ টাকা বার্ষিক উৎপত্তিবিশিষ্ট ভূমি তাহার পরিবর্ত্তে দান করুন দ্বিতীয়প্রকার এই যে খুরদার রাজার সহিত কোন বন্দোবস্ত হউক যে তিনি ঐ কর গ্রহণ করিয়া ব্যয়ব্যতীত অবশিষ্ট টাকা নিজস্ব করিয়া লউন ইহার প্রথমপ্রকারে কোন দোষ দেখি না কেবল গবর্ণমেণ্টের অনেক ব্যয় হইবে কেননা তাহারদিগের ৩৬,০০০ টাকা দান করিতে হইবেক আর তদ্ব্যতিরিক্ত যে ৬১,০০০ টাকা রাস্তার নিমিত্তে লাভ হইত তাহাতেও বঞ্চিত হইবেন কিন্তু যদি এরূপ ব্যয় করিতে পারেন কিম্বা মিসেনরিরা যদি আর কোন উপায় দেখাইতে পারেন তবে তাহাতে কোন আপত্তি নাই যদ্যপি জাহাজের কর বৃদ্ধি করিয়া এ টাকার উৎপত্তি হয় তবে মিসেনরিরা জানিবেন যে তাঁহারাও অন্য লোকের সহিত জগন্নাথের বাদ্যকরের বেতন দিয়া থাকেন আর যে২ করযুক্ত বস্তু তাঁহারা ভোগ করেন তাহার কিঞ্চিৎ কর দেবপূজা বৃদ্ধিতে ব্যয় হয় তথাপি গবর্ণমেণ্ট যে ঐ বিষয়ে হস্তার্পণ করেন না ইহাতে সন্তুষ্ট থাকিবেন আরও কহি যদ্যপি যাত্রির কর রোধ হয় তবে অনেক২ দরিদ্র লোক অনেক দিবস পর্য্যন্ত তীর্থ করিতে যাইবেক এবং এইরূপে যে টাকা আদায় হয় তাহা পাণ্ডারদিগের হস্তে যাইবে পাণ্ডাতে এপ্রকার ধনের বর্ষণ হইলে কখনই আলস্যবান হইয়া থাকিবে না দ্বিতীয় পন্থা স্থির করা দুষ্কর ১৮০৯ সালের ৪ আইনের ৬ অধ্যায়ে যাত্রিরদিগের পথ উত্তরে কেবল উত্তর নলাঘাট ও দক্ষিণে লোকনাথ ঘাট স্থির হইয়াছে এই দুই স্থান মন্দিরের প্রায় এক ক্রোশ অন্তরে আছে আর যাত্রিরা কেবল কালেকটরের আপীসের অনেক পেয়াদা থাকাতে যাইতে পারে না আর যে পাশ না দেখাইলে মন্দিরে যাইতে পারে না ইহাতেও তাহারদিগের নিষ্করে যাইবার ব্যাঘাত জন্মে এবং কর সঞ্চয় পুরীর বাহিরে করা আবশ্যক কেননা স্নানযাত্রার সময়ে জগন্নাথকে বাহিরে আনিতে হয় ও রথযাত্রার সময় রথদ্বারা প্রায় এক ক্রোশ পথ আনয়ন করিতে হয় অতএব লোকেরা স্বচ্ছন্দে দর্শন করিয়া এক পয়সাও না দিয়া ফিরিয়া যাইবেক অতএব যাত্রী নহে ইহা নিশ্চয় স্থির না করিলে কাহাকেও পুরীর মধ্যে আসিতে বারণ করিতে পারিবেন রাজা

as the Missionaries' the Hindoos at such a period.

Since, however, it is the wish of the authorities that taxes on pilgrims be abolished, it strikes us that since to preserve inviolate the national faith, the sum of Sa. Rs. 57,000 must annually be given to the temple, the lands of which yield only £21,000, only two plans remain.

1st. That the sum of Rs. 36,000 be paid yearly from the Government treasury to the priests, or that government lands yielding that amount yearly be made over to them. 2nd. That an agreement be entered into with the Rajah of Koordah, that collect the tax, receiving any surplus above the necessary expenditure, as his private gain.

To the first plan there is no objection save one, that of expence to Government, which loses both the actual payment Sa. Rs. 36 000, and the former net profit 61,000, as it will still be necessary to keep up the road from Calcutta to Pooree, sircars, &c., in which expences the present net profits are absorbed. But, however, if Government is prepared for the abandonment of that amount of revenue, or if the missionaries can point out from what other sources the same amount can be collected, there will be little difficulty on that score. If it can be collected from increased sea customs, the Missionaries will have the great internal satisfaction of knowing that although they (in common with others) pay the piper, and that a portion of the tax on every taxed commodity which they consume goes to the direct support of idolatry, yet that Government no longer sullies its fair name by a tax of religion. We may also observe, that if the pilgrim tax be abolished, a much greater number of pilgrims, especially of the poorer classes, may be expected for some years to come, and that all the gross collections at present amounting on an average to Sa. Rs. 1,16,000, will go direct to the priests, whose influence and the activity of whose emissaries will in no ways be diminished by this sudden influx of wealth.

To the second plan there are difficulties in carrying it into execution. By Sect. VI. Reg IV. of 1809, the avenues for the admission of pilgrims into Pooree are confined to the Atharah Nulla Ghat on the north, and the Lokenath Ghat on the south. These, we understood, are about two miles distant from the temple, and pilgrims are effectually prevented from entering Pooree without a pass, by numerous piyadus attached for the purpose to the office of the Collector of the pilgrim tax. And by the necessity of showing their pass at the temple door. It is necessary that the tax be collected outside of Pooree, for otherwise during the Asnan Poornumee, when the idol is exposed to public view on the walls of the temple, and during the Ruth Jatra when the idols are drawn in their carts from the temple to the Goondichub Nor, a distance of perhaps 1½ miles, the people having *made dursun* would immediately march off to their homes without paying a farthing. The Raja, therefore, must have authority to investigate, and power to prevent any one from entering Pooree without payment, until satisfied that the person wishing to do so is not a pilgrim; this, it is evident, would constantly give rise to disputes, The Raja might exclude people who have

কে এমত শক্তি দিতে হইবেক কিন্তু ইহা করিলে সর্ব্বদা বিবাদ জন্মিবে যে২ ব্যক্তি রাজার ইচ্ছামত কর দান না করিবেক তাহারদিগকে রাজা হয়তো আসিতে দিবেন না সুতরাং অনেকে একত্র হইয়া কলহ করিতে উদ্যুক্ত হইবেক ইহাতে মাজিষ্ট্রেট সাহেবের সহকার্য্য প্রার্থনা করিবেন রাজা কিপ্রকার যাত্রিগণহইতে টাকা বলদ্বারা আদায় করিবেন তাহা অনুভব করা দুষ্কর নহে ইহাতে যাহারা বিহিত কর দিবেক না তাহারা সকলই বিলম্বপ্রযুক্ত বিরক্ত হইবে এবং এইরূপে নিষ্করে গমন করিতে পারে যে সিপাহী লোক তাহারা অত্যন্ত ক্রুদ্ধ হইবেক আর যে২ পর্ব্বতীয় রাজার প্রতি লোকেরদিগের অত্যন্ত ভক্তি আছে তাহার মধ্যে খুরদার রাজা এক জন যশস্বী অতএব দেশে এপ্রকার শক্তি প্রাপ্ত হইলে তিনিই ব্যবস্থাদায়ক হইয়া অত্যন্ত প্রবল হইবেন পরে তাহা হইতে ইঙ্গরেজদিগের অনেক উৎপাত হইতে পারিবেক গুমসরবাসিরা তাহারদিগের অধ্যক্ষের দোষে কিপর্য্যন্ত দুঃখ ভোগ করিয়াছে তাহা আমরা দেখিয়াছি খুরদা দেশ গুমসর দেশের নিকটবর্ত্তি দুই দেশের রীতি ধারা এক প্রকার আর লোকেরদিগের ভাষাও প্রায় এক ১৮১৭ ও ১৮১৮ সালে যে অত্যন্ত ক্লেশে জগবন্ধুর উপপ্লব দমন হয় তাহা আমরা বিস্মৃত হই নাই অতএব এপ্রকার কার্য্য কর্ত্তব্য নহে সুতরাং অবশ্যই গবর্ণমেণ্টকে পুরীতে ঐ ব্যয় স্বীকার করিতে হইবেক আর প্রয়াগ ও গয়াতে সঞ্চিত করও ত্যাগ করিতে হইবেক।

আমারদিগের বোধ হয় যে কর সঞ্চয় রোধ না করিয়া তাহা গ্রহণ করিয়া পাণ্ডাদিগকে যাহা ইচ্ছা তাহাই করণার্থ ৩৬,০০০ টাকা দান করা শ্রেয় কেবল পাশ দিবার বিষয়ে হস্তার্পণ করিতে হইবেক কিন্তু তাহা শীঘ্র নিষ্পন্ন হইতে পারে আর যাহা কর গ্রহণে আয় হইবে তাহা পুরীতে বা কলিকাতাতে এক পাঠশালা স্থাপনার্থ এডিউকেসন কমিটির হস্তে দান করা উচিত ঐ পাঠশালাতে কেবল ইঙ্গরেজী বিদ্যাভ্যাস হইবে ১,০০০ এবং ২,০০০ টাকা করিয়া উত্তম ইঙ্গরেজী লেখককে পুরস্কার করা কর্ত্তব্য এই লেখার প্রস্তাব নির্দ্ধারিত হইবেক আর যাহারা কিয়ৎকাল ঐ পাঠশালাতে বিদ্যাভ্যাস করিবে তাহারাই এপ্রকার পারিতোষিকের পাত্র হইবে ইহাতে বিদ্যা বুদ্ধি ও সুচেষ্টার বৃদ্ধি হইবেক এবং ইহাতেই তাহারদিগের অজ্ঞানতা দূর হইবাতে তাহারদিগের বুদ্ধি তীক্ষ্ণ হইবে এবং খ্রীষ্টীয়ান ধর্ম্মের যথার্থ শিক্ষা ও নীতি অবলম্বন তাহাতে সকল জাতিতেই এ ধর্ম্মের বৃদ্ধি হইবেক।—জ্ঞানান্বেষণ।

not the means of paying the amount he might demand, till their assemblage in great numbers would prove dangerous to the peace; sturdy beggars, as they subsist merely on charity, on which he would call in the civil power to support him. We can easily picture the various modes of extracting money from all who enter Pooree, that would be exercised by the Rajah and his dependence. The annoyance, delay, &c. which would await those who did not make a proper offering; the discontent of the sepoys who at present are admitted gratis, at being obliged to pay. The Rajah besides is one of those hill Rajas to whose person this people are greatly attached, and it would be dangerous to give him such an authority in his own country, erecting an imperium in imperio, as the Raja's good pleasure would be law, and his influence and resources would thereby be immensely increased, and if skillfully managed may at some future period seriously embarrass Government. We have lately seen how much the people of Goomsur have undergone for their chiefs. The Khoordah district is close to that of Goomsur; the features of the country and its people are of the same character, their language much the same. The insurrection of Jugbundho 1817 and 18 put down with so much trouble, is not yet forgotten by us. On these grounds, we believe, that the latter plan will not, if tried, be found to answer, and Government must therefore make up its mind to the above loss at Juggernath, as well as to the loss of the revenue drawn from similar sources at Allahabad and Gyah.

In the present circumstances, the best plan, we think, would be for Government, instead of abolishing still to collect the tax and to pay over to the priests of the temple the sum of Sa. Rs. 36,000 yearly, allowing them to do what they pleased with that sum. The only interference would be the system of passes which is easily done. The net receipts, might be handed over to the Education Committee with a view to their establishing a school or college, in which English should be the sole *language* taught, either at Pooree or in Calcutta, if such should be deemed more expedient for the education of Hindoos. Pecuniary prices of considerable amount (say one of 1000 Rs. and one of 2000 Rs.) might be yearly set aside for the best English essay on any given subject by those who may have studied at this college for a certain period and from whom regular attendance should be exacted. This would be a sufficient incentive to continued study and exertion, and would do more to raise up well educated natives than any other plan that has yet been introduced. By such means their ignorance would gradually be removed and their minds, freed from superstition, be prepared to embrace the grave truths of Christianity, which thence might be disseminated amongst all classes of the community.—*Gyan.*

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৷৶	ঐ
২ ক্লাস	৷৷০	৷০	ঐ
৩ ক্লাস	৩৸০	৷০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৷০	১৪৷০	ঐ
৪ টাকার লোন	২	২৷০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal..............Co's. Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৬১ সংখ্যা। বালম ১৯।] ১৪ অক্তোবর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৯ আশ্বিন। SATURDAY, OCTOBER 14TH. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1161. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

SUPREME COURT.

Peter Jacob Paul, one of the Executors, &c. Complainant, *versus*

Marinos Nicholas Kalonas and others, Executors, &c. Defendants.

Notice is hereby given that pursuant to a Decretal order made in this cause on the 24th day of July last, the Creditors and Legatees of John Demetrius Elias, are requested to come before the Master at his office in the Supreme Court, on or before the 11th day of February, 1838, and prove and establish their respective debts and legacies and that in default thereof they will be precluded from the benefit of the said Decretal order.

T. DICKENS, *Master.*

Master's Office,
11th August, 1837.
J. SANDES, *Attorney.*

নীলামে বিক্রয়।

জিলা নদীয়ার বহুমূল্যের তালুক ও ভূমিসম্পত্তি বিক্রয় হইবেক।

কলিকাতায় মোর হিকি কোম্পানি সাহেবদিগের দ্বারা তাঁহারদিগের নীলাম ঘরে আগামি ১৯ অক্তোবর ১৮৩৭ সাল বৃহস্পতিবারে নীলামে বন্ধকী কাগজের ক্রমতানুসারে বন্ধকদেওনকারির সম্মতিতে নীচের লিখিত তালুক ও ভূমিসম্পত্তি বিক্রয় হইবেক।

তফিশেষ।

নং ১। সুবে বাঙ্গালার জিলা নদীয়ার শামিল তিহি কনজপুরনামে বিখ্যাত এক তালুক তাহাতে ৫৯ মৌজা অথবা গ্রাম আছে তফিশেষ বউলিয়াঘাটা, বাকাবা, মনদাহা, বনরিয়া, বকসিপুর, বালেশ্বরপুর, বিজয়নগর, রাজাকুল বপাড়া, বোনিকি বলরাম, ফরিদকাটি, ফুলবাড়ী, গোবিলা, ঝিঘাটি, হাজিপুর, হেলাদেওরা, হাসিমপুর, হুদা, ইনাথপুর, কনকনিয়া, জয়রামপুর, সলকরকুতবপুর, জুতকুলিয়া, জুতহাসিমপুর, জুতরোসিম, কালুখালি স্বরূপপুর, খুরদা, ইনাথপুর, কনজপুর, কায়েতখালি, কুতবপুর, কাশিমপুর, কামারগারলিয়া, চারদা, মধুগ্রাম, খারদা কোলিয়া, কোইনদী কোলিয়া, লাওয়াখালি, মালিয়াত, মনোহরপুর, মধুগ্রাম, মধুপুর, মনোহরপুর নরদিহি, পাঁচবাড়িয়া, পাতিবিলা, পাখিরদা, পরমানন্দি, পুকরিয়া, রুকনপুর, রামচন্দ্রপুর, ইনাজলকর, রাখালগাছি, রামকৃষ্ণপুর, রোহালাবপুর, সীতারকুণ্ড, শিমুলিয়া, সোবিবা, সুরাগ্রাম, ফত্তেপুর। এই তালুকের সাম্বৎসরিক গবর্ণমেণ্টের খাজানা সিক্কা ১০,৭৪২।/১৩। দশ হাজার সাত শত বেয়াল্লিশ টাকা পাঁচআনা তের গণ্ডা দুই কড়া।

নং ২। এবং পূর্ব্বোক্ত জিলা নদীয়ার শামিল তিহি স্বরূপপুর নামে বিখ্যাত যে এক তালুক তাহাতে ৫১ একান্ন মৌজা অথবা গ্রাম আছে তফিশেষ আরন্দাবারপা, খোয়ালা, বলাবাড়িয়া ভবানীপুর, বালিয়াঘাট, বাদোয়াদি, ভরণপাড়া, ভাওয়ারপুর, বোহা বায়করগাছি, রুদ্ররগমন্দিয়া, বজরগখামার, বারিপাড়া, ঢাকলা, ছোটকড়ারপুর, চাঁদপুরচাকুলিয়া, দেবীপুর, ফকিরাবাদ, ফরিদপুর, ফুলবাড়ী, গোবরা, হাজিপুর, হায়বতপুর, যাত্রাপুর, জগন্নাথপুর, জাহারপুর, জলকরগ্রাম, যোত্রপাড়া, কাতালিয়া, খোরদা, মোক্তারপুর, খোরদা, হাজিপুর, কাটামানরা, কুতবপুর, খোরদা, ফুলবাড়ী, মুরতিয়া, মিত্রাপুকরিয়া, নাতাবারিয়া, নিধিকুন্দা, পুকরিয়া, পারলাই, সরুপুর, সুন্দরপুর, শিঙ্গী, মুকুন্দপুর, সাদতপুর, তজবিরপুর, এই তালুকের সাম্বৎসরিক গবর্ণমেণ্টের খাজানা সিক্কা ৮৪৬৫৸/১৬।। আট হাজার চারি শত পঁয়ষট্টি টাকা তেরআনা ষোল গণ্ডা দুই কড়া।

নং ৩। এবং পাথরিয়াঘাটার গঙ্গাতীরে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ একবিঘা তাহার উপর গুদম গ্রথিত আছে তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিমদিগে এবং পূর্ব্বদিগে সরকারী রাস্তা। উত্তরদিগে এক খণ্ড ভূমি যাহাকে কাশীনাথ বাবুর ঘাট কহে। দক্ষিণদিগে এক খণ্ড ভূমি যাহাকে পাথুরিয়াঘাটা কহে।

নং ৪। এবং কলিকাতা নগরের জোড়াবাগানের আনন্দরাম দাসের স্ট্রীটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক গৃহ বসতিবাটী যাহাকে বৈঠকখানা বাটী কহে তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণদিগে সরকারী রাস্তা। উত্তরদিগে বৈষ্ণবদাস শীলের পুর্ব্ব ভূমি সম্পত্তি যাহাকে জোড়া বাগান কহে। পুর্ব্বদিগে শ্রীমতী শ্যামাসুন্দরী দেবীর ভূমি সম্পত্তি। এবং পশ্চিমদিগে তারাচরণ বসাকের ভূমি সম্পত্তি।

ইহার বিশেষ বেওরা কৌন্সেল হৌস ষ্ট্রিটে উকীল শ্রীযুত টি সেণ্ডস সাহেবের নিকট পাওয়া যাইবে।

Sale.

NOTICE is hereby given that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munseetpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction with their buildings and other appurtenances in One Lot at the Export Ware-House, on Wednesday the 25th October, 1837. Upset price Co's. Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of Sale and other particulars may be ascertained on application at the Export Warehouse.

By Order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
31st August, 1837.

ইশতেহার।

নীলাম।

সমাচার দেওয়া যাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিতপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাতাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ২৫ অক্তোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকায় নীলামে ধরা যাইবে।

এই সকল কুটীর কোন রকমের লহনা বাকি ঐ২ কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাতাবাড়ীতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হুকুমক্রমে

খাতাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাতাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহছিবেক ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ইশতেহার।

রামায়ণ।

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিত রচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

বিদ্যাহারাবলি।

অর্থাৎ অস্ত্র চিকিৎসা বিদ্যার বিষয় ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হয়। মূল্য ১৪ টাকা।

ভারতবর্ষের ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথমাগমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয়। মূল্য ৮ টাকা।

হিতোপদেশ।

অর্থাৎ তাহার অর্থ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ২ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান সম্প্রতি শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ।০ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে।

গোলাধ্যায়।

অর্থাৎ ভূগোলীয় তাবদ্বৃত্তান্ত বাঙ্গলা ভাষায় মুদ্রিত। মূল্য ২ টাকা।

সংস্কৃত ভাষায়।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্তৃক সম্পন্ন হইয়া সূচিসমেত দ্বিতীয়বার মুদ্রিত। মূল্য ৮ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ||০ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ সাং ১৮৩১ সালের শ্রীল শ্রীযুত গবর্ণমেণ্টকর্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে। প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মুনসেফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৫০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সানরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ১|০ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গল ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত তৃতীয়বার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বপ্নের মধ্যে পণ্ডিতের ন্যায় নক্তা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জ্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশে অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে। এবং তাহার পার্শ্বে এইসকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জ্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জ্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জ্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ে যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 *Co.'s Rs.*

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

PUBLICATIONS
OF
THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English, 8vo. Price 10 Rupees

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Brief view of History.

The Brief view of History from the creation of the world to the birth of Christ, compiled and translated into Bengalee by John C. Marshman; the English and Bengalee are printed on the same page. 12mo. Price 3 Rs.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition, carefully revised under the orders of Government and printed *in Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of *Munoo*, with the commentary of Koolluk Bhuttu, printed *in the original Sungskrita* in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The *Moogdhubodha*, or Grammar of *Vopa Deva*, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition*. Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 1 Rs. 8 As.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India, composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
২ অক্টোবর।

অধঃস্থ আদালতসম্পর্কীয় বিচারকর্ত্তারদের ক্ষমতার্পণ ও বেতন বৃদ্ধিকরণার্থ এবং দেওয়ানী আদালতের বিচারবিষয়ে অন্যান্য সুনিয়ম নির্দ্দিষ্টকরণার্থ যে প্রস্তাবিত আইনের বিজ্ঞাপন গত ২ আগষ্ট তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই আইন উপরি লিখিত তারিখে কৌন্সেলে পঠিত হইয়া পুনর্ব্বিবেচিত হইল।

অতএব ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলকর্ত্তৃক ধার্য্যও যা নীচে লিখিতব্য আইন সর্ব্বসাধারণের বিজ্ঞাপনার্থ প্রকাশ হইল।

১৮৩৭ সালের ২৫ নং আক্ট।

হুকুম হইল যে বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারা মতান্তর হইয়া ১৮৩৭ সালের ১ নবেম্বর তারিখঅবধি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন কোন দেশে কোন জিলা বা শহরের জজ সাহেবের প্রতি আর নিষেধ থাকিবে না যে যে বিষয় প্রাপণার্থ মোকদ্দমা উপস্থিত করা যায় সেই বিষয়ের বাহুল্যপ্রযুক্ত নিষ্পত্ত্যর্থ প্রধান সদর আমীনের হস্তে অর্পণ করা যাইবে না।

২। এবং হুকুম হইল যে বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮২২ সালের ৭ আইনের ৩১ ধারার ২ প্রকরণ ও ১৮৩১ সালের ৮ আইনের ১৯ ধারার যে অংশে লেখে যে উক্ত প্রকার মোকদ্দমা সদর আমীন বা মুনসেফের বিচারযোগ্য নহে এবং তাঁহারদের হস্তে অর্পণ হইতে পারে না তাহা রদ হইল।

৩। এবং হুকুম হইল যে উক্ত রাজ্যের মধ্যে কোন জিলা বা শহরের জজ সাহেবের প্রতি ক্ষমতা অর্পণ হইল যে বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ১ প্রকরণের বিধ্যনুসারে উপস্থিতহওয়া কোন মোকদ্দমা বিচার ও নিষ্পত্তির নিমিত্ত তাহার বিরুদ্ধে আইনে কোন হুকুম থাকুক বা না থাকুক প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে পারা যায়।

৪। এবং হুকুম হইল যে ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারার ১ প্রকরণে যে টাকা বা মূল্য নির্দ্দিষ্ট আছে তদপেক্ষা অধিক মূল্যের যে মোকদ্দমা এই আইনের ১ ধারানুসারে কোন প্রধান সদর আমীনের হস্তে অর্পণ হয় তাহার আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবে এবং জিলার জজ সাহেবের নিষ্পত্তির আপীল যে রীতিক্রমে নিষ্পত্তি হয় সেই রীত্যনুসারে এই আপীলও নিষ্পত্তি হইবে এবং ঐ নিষ্পত্তির পুনর্ব্বিবেচনাকরণার্থ প্রধান সদর আমীন এককালে সদর দেওয়ানী আদালতে দরখাস্ত করিবেন এবং জিলার জজ সাহেবের নিষ্পত্তির পুনর্ব্বিবেচনার্থ দরখাস্ত হইলে যে বিধ্যনুসারে কার্য্য হয় সেই বিধ্যনুসারে ইহারো কার্য্য হইবে।

৫। এবং হুকুম হইল যে উক্ত রাজ্যের মধ্যে যখন কোন জিলা বা শহরের জজ সাহেব বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮৩১ সালের ৫ আইনের ৭ ধারার দ্বারা দত্ত পরাক্রমানুসারে মুনসেফের বিচারযোগ্য কোন মোকদ্দমা বিচারের নিমিত্ত সদর আমীনের হস্তে অর্পণ করিবেন সেই মোকদ্দমা প্রথমতঃ মুনসেফকর্ত্তৃক গ্রাহ্য ও বিচার হইলে যেরূপে আপীল ও হুকুম চলিত সেইরূপে ইহারো আপীল ও হুকুম চলিবে।

৬। কিন্তু যখন এইরূপ কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের দ্বারা নিষ্পত্তি হয় তখন সেই নিষ্পত্তির আপীল জিলা ও শহরের জজ সাহেবের নিকটে হইতে পারে এবং তিনিই তাহার বিচার ও নিষ্পত্তি করিতে পারেন এবং এই বিষয়ে আইনের মধ্যে কোন বিরুদ্ধ হুকুম থাকুক বা না থাকুক জিলা ও শহরের জজ সাহেব যে হুকুম দিবেন তাহাই চূড়ান্ত হইবে।

৭। এবং হুকুম হইলযে যখন সদর আমীনের বিচারযোগ্য কোন মোকদ্দমা উক্ত রাজ্যের মধ্যে কোন জিলা বা শহরের জজ সাহেব বিচার নিষ্পত্ত্যর্থ প্রধান সদর আমীনের হস্তে অর্পণ করেন তখন ঐ মোকদ্দমা প্রথমতঃ সদর আমীনের হস্তে অর্পণ হইলে এবং তাঁহার দ্বারা বিচার হইলে আপীল ও ইষ্টাম্প মাসুলের যেরূপ বিধি চলিত সেইরূপ বিধি ইহাতেও চলিবে।

৮। এবং হুকুম হইল যে আলাহাবাদের বা কলিকাতার সদর দেওয়ানী আদালত আপনারদের রেজিষ্টর সাহেবের দস্তখতী হুকুমের দ্বারা আপনারদের অধীন কোন জিলা বা শহরের জজ সাহেবেরদিগকে এমত হুকুম দিতে পারেন যে ঐ হুকুম প্রকাশহওনের সময়ে কিম্বা তাহার পরে ঐ জিলা বা শহরের জজ সাহেবের আদালতে যে কোন দেওয়ানী কি মুৎফরক্কা কি সরাসরী মোকদ্দমা উপস্থিত হয় তাহা ঐ প্রধান সদর আমীনের হস্তে অর্পণ করিতে পারেন এবং যে সকল মোকদ্দমা এইরূপে অর্পণ করা যায় তদ্বিষয়েপ্রধান সদর আমীন জিলা বা শহরের জজ সাহেবের আদালতে নিষ্পত্ত্যর্থ যে বিধি আছে সেই বিধ্যনুসারে নিষ্পত্তি করিতে পারেন এবং ঐ প্রধান সদর আমীনের নিষ্পত্তির আপীল প্রথমতঃ জিলা বা শহরের জজ সাহেবের নিকটে হইবে তৎপরে বিশেষরূপে সদর দেওয়ানী আদালতে হইতে পারে।

৯। এবং হুকুম হইল যে ১৮৩২ সালের ৭ আইনের ২ ধারার ২ প্রকরণ রদ হইল এবং যে সকল স্থলে প্রধান সদর আমীনের বিচার অথবা হুকুমের আপীল আইনমতে জিলা ও শহরের জজ সাহেবের আদালতে হইতে পারে সেই আপীল যদি ঐ প্রধান সদর আমীনের নিষ্পত্তি বা হুকুমের তারিখের পর অবধি ৩০ দিনের মধ্যে না করা যায় তবে তাহা গ্রাহ্য হইবে না এবং ঐ ৩০ দিবস ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ প্রকরণের বিধ্যনুসারে গণনা করা যাইবে কিন্তু যদ্যপি এমত প্রমাণ হয় যে আপেলাণ্ট তাঁহার অবশনীয় বাধা প্রযুক্ত মিয়াদের মধ্যে আপীল করিতে পারেন নাই তবে ঐ আপীল ঐ মিয়াদ অতীত হইলেও গ্রাহ্য হইতে পারে।

১০। এবং হুকুম হইল যে বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮৩১ সালের ৫ আইনের ২৫ ধারা ১ প্রকরণ রদ হইল।

১১। এবং হুকুম হইল যে ১৮৩১ সালের ৫ আইনের ২৫ ধারার ১ প্রকরণের বিধি মুনসেফের আদালতে আমলারদের প্রতি অর্শিবে।

১২। এবং হুকুম হইল যে মুনসেফ ও সদর আমীনের আদালতের আমলাসকল ঐ মুনসেফ ও সদর আমীনের দ্বারা নিযুক্ত হইবেন কিন্তু যে জিলা বা শহরের জজের কিম্বা যে সদর দেওয়ানী আদালতের এলাকার মধ্যে ঐ আদালত থাকে সেই জিলা বা শহরের জজ ও ঐ সদর দেওয়ানী আদালত তাহার উপর সাধারণ কর্ত্তৃত্ব করিবেন।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
2d October.

The Resolution and Draft of a proposed Act published for general information in the official Gazette of the 2d August last, for increasing the powers and raising the allowances of the Subordinate Judicial officers, and for introducing other improvements in the Department of Civil Justice, was read and re-considered on this date.

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council, is hereby promulgated for general information:

ACT, No. XXV. OF 1837.

I. It is hereby enacted, in modification of Section XVIII. Regulation V. 1831 of the Bengal Code, that from the first day of November, 1837, no Zillah or City Judge within the Territories subject to the Presidency of Fort William in Bengal, shall be precluded by reason of the amount of value of the property for the recovery of which a Suit is instituted, from referring that Suit to any Principal Sudder Ameen.

II. And it is hereby enacted, that so much of Clause Second, Section XXXI. Regulation VII. 1822, and Section XIX. Regulation VIII. 1831 of the Bengal Code, as provides that Suits of the description therein referred to shall not be cognizable by, or referrible to any Sudder Ameen or Moonsiff, be repealed.

III. And it is hereby enacted, that it shall be competent to every Zillah or City Judge within the said Territories, to refer for trial and decision any Original Suit preferred under the Provisions of Clause First, Second XXX Regulation II. 1810 of the Bengal Code, to any Principal Sudder Ameen, any thing in the existing Regulations to the contrary notwithstanding.

IV And it is hereby enacted, that in all Suits exceeding the amount or value specified in Clause First, Section XVIII. Regulation V. 1831, which shall under the authority of Section I. of this Act, be referred to a Principal Sudder Ameen, the Appeal from the decision of such Principal Sudder Ameen shall be direct to the Court of Sudder Dewanny Adawlut, and shall be conducted in all respects according to the same rules as if it were an Appeal from the decision of a Zillah Judge to the said Court of Sudder Dewanny Adawlut, and any application for a review of judgment on such decision shall be made by the said Principal Sudder Ameen directly to the said Court of Sudder Dewanny Adawlut, and shall be conducted in all respects as if it were an application for a review of a decision of a Zillah Judge.

V. And it is hereby enacted, that whenever a Zillah or City Judge within the said Territories in the exercise of the discretion vested in him by Section VII. Regulation V. 1831 of the Bengal Code, shall refer for trial to a Sudder Ameen, or Principal Sudder Ameen, a Suit within the competency of a Moonsiff to decide, such Suit shall be subject to the same rules in regard to Appeal as the said Suit would have been subjected to had it been received and tried by the *Moonsiff* in the *first* instance.

VI. Provided always, that when any such Suit shall have been decided by a Principal Sudder Ameen, the Appeal from such decision shall lie to the Zillah or City Judge, and shall be tried by him only, and that the decision of the Zillah or City Judge on such Appeal, shall be final, any thing in the existing Regulations to the contrary notwithstanding.

VII. And it is hereby enacted, that whenever a Zillah or City Judge within the said Territories shall refer for trial to a Principal Sudder Ameen a Suit within the competency of a Sudder Ameen to decide, such Suit shall be subject to the same rules in regard to Stamp Duties, and to the same rules in regard to Appeal, as the said Suit would have been subjected to, had it been referred to, and tried by, the Sudder Ameen in the first instance.

VIII. And it is hereby enacted, that it shall be competent to either of the Courts of Sudder Dewanny Adawlut within the Territories subject to the Presidency of Fort William in Bengal, by an Order under the signature of the Register of such Court, to authorize the Judge of any Zillah or City Court subordinate to such Court of Sudder Dewanny Adawlut to transfer to a Principal Sudder Ameen any Civil proceedings, whether miscellaneous or summary, which may be depending at the time when such Order is issued, or be thereafter instituted, in the Court of the said Zillah or City Judge, and all proceedings so transferred shall be disposed of by the said Principal Sudder Ameen according to the Rules prescribed in the Regulations for the guidance of the Zillah and City Judges in the like cases,—provided however that an Appeal from the order of the Principal Sudder Ameen in such cases shall lie in the first instance to the Zillah or City Judge, and specially to the Sudder Dewanny Adawlut.

IX. And it is hereby enacted, that Clause Second, Section II. Regulation VII. 1832, be repealed, and that in all cases in which an Appeal from the orders or decision of a Principal Sudder Ameen to a Zillah or City Judge is authorized by Law such Appeal shall not be received, unless the same be preferred within the period of thirty days from the date of the order or decision of the said Principal Sudder Ameen, to be calculated according to the rules prescribed in Clause Ten, Section VIII. Regulation XXVI. 1814, or unless it shall be proved, that the appellant was prevented by circumstances beyond his control from presenting his Appeal within the above mentioned period.

X. And it is hereby enacted, that Clause First, Section XXV. Regulation V. 1831 of the Bengal Code, be repealed.

XI. And it is hereby enacted, that the rule contained in the Second Clause of Section XXV. Regulation V. 1831, be extended to the Ministerial officers of the Moonsiff's Courts.

XII. And it is hereby enacted, that all Ministerial officers of the Courts of Moonsiffs, Sudder Ameens and Principal Sudder Ameens shall be nominated and appointed by those Courts respectively, subject to the general control of the Zillah and City Judges and Court of Sudder Dewanny Adawlut, within whose jurisdiction the said Courts may be situated.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

ফোর্ট উলিয়ম্‌
জুডিসিয়ল ডিপার্টমেণ্ট
২ অক্টোবর।
বিজ্ঞাপন।

১। এই ডিপার্টমেণ্টে ১৮৩১ সালের ১ নবেম্বর তারিখে যে বিজ্ঞাপনের দ্বারা বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮৩১ সালের ৫ আইনের বিধ্যনুসারে অধীন বিচার কর্ত্তারদের বেতন ও তাঁহারদের সিরিশতার বেতন নির্দ্ধারণ হয় তাহা মতান্তর হইল এবং তা, ::: শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে হুকুম করিতেছেন যে প্রধান সদর আমীনেরদের চারি অংশের এক অংশ ব্যক্তিরদের নীচে লিখিতব্য বিধ্যনুসারে বেতন বৃদ্ধি হয় এবং মুনসেফ ও সদর আমীনের চারি অংশের এক অংশ ব্যক্তিরদের তদ্রূপে বেতন বর্দ্ধন করা যায়। যাঁহারা এই বর্দ্ধিত বেতন পাইবেন তাঁহারা আপনারদের গুণ ও কর্ম্ম নৈপুণ্যানুসারে জিলা ও শহরের জজ সাহেবের রিপোর্টক্রমে এবং সদর দেওয়ানী আদালতের দ্বারা ঐ রিপোর্ট মঞ্জুরক্রমে গবর্ণমেণ্টকর্ত্তৃক মনোনীত হইবেন।

২। এবং শ্রীলশ্রীযুত হজুর কৌন্সেলে আরো সিরিশতা ও কাগজাদির খরচের নিমিত্ত প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফেরদিগকে যে বেতন দেওয়া যাইত তাহা নীচে লিখিত নিয়মানুসারে বৃদ্ধি করিলেন। এবং এই বিজ্ঞাপনের ১ প্রকরণক্রমে যে মুনসেফেরদের বেতন বৃদ্ধি না করা যায় তাঁহারদের নিজ বেতন মাসে ১০০ টাকা করিয়া থাকিবে।

৩। এই বিজ্ঞাপনের ২ প্রকরণে যে বেতন বৃদ্ধির হুকুম আছে তাহা অক্টোবর মাসের ১ তারিখঅবধি জারী হইবে।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী

প্রধান সদর আমীন।

	বর্ত্তমান	ভবিষ্যৎ
মাসিক নিজ বেতন.........	৪০০	৬০০
মুনসেফ।		
মাসিক নিজ বেতন.........	১০০	১৫০

প্রধান সদর আমীন।

	বর্ত্তমান	ভবিষ্যৎ
আমলা ও কাগজাদির নিমিত্ত মাসিক	১০০	১৫০
সদর আমীন।		
আমলা ও কাগজাদির নিমিত্ত মাসিক	৫০	৮০
মুনসেফ।		
আমলা ও কাগজাদির নিমিত্ত	১০	৪০

মাসিক এই ১০ টাকা কেবল কাগজাদির নিমিত্ত দেওয়া যাইত। মুনসেফেরদিগকে পূর্ব্বে মাসিক যে ১০০ টাকা বেতন দেওয়া যাইত তাহার মধ্যে আমলার মাহিয়ানা ছিল।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮ সেপ্তেম্বর ১৮৩৭।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে বোম্বাইর অশ্বারুঢ়ের তৃতীয় পল্টনের লেপ্তেনন্ত শ্রীযুত এফ ফারণ্ট সাহেবকে পার্সিয়া দেশের সৈনাতি সৈন্যের দ্বিতীয় অধ্যক্ষতা পদে নিযুক্ত করিয়াছেন।

২০ সেপ্তেম্বর।

পোষ্ট মাষ্টর জেনরল শ্রীযুত জি জে সিড্‌ন্স সাহেব আগামি মাসের ১৩ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব শ্রীযুত সিড্‌ন্স সাহেবের অনুপস্থানে ডাকঘরের কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

৪ অক্টোবর।

ভুলুয়া ও চট্টগ্রামের নিমক এজেণ্ট শ্রীযুত জি গগ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটি পাইয়াছেন।

শ্রীযুত সি বেরি সাহেব শ্রীযুত গগ সাহেবের অনুপস্থানে ভুলুয়া ও চট্টগ্রামের একটিং নিমক এজেণ্ট হইয়াছেন।

কোম্পানির কেরাণি শ্রীযুত জি এচ ক্লার্ক সাহেব ও শ্রীযুত টি সি ট্রাটর সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব হজুর কৌন্সেলে কোম্পানির কেরাণি শ্রীযুত টি সি ট্রাটর সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ঐ সাহেবকে বঙ্গ রাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

৪ অক্টোবর।

সিবিল আডিটর শ্রীযুত সি ত্রবর সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত জি এফ মাক্লিণ্টক সাহেব সিবিল আডিটরের পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

৩ অক্টোবর।

মুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

লেপ্তেনন্ত শ্রীযুত জেস্পার ত্রবর সাহেব দক্ষিণ কটকের রেবিনিউর সরবেয়র হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

চব্বিশ পরগনার কালেকটর শ্রীযুত জে ডানিথরণ সাহেব যে ছুটি পাইয়াছেন তদতিরিক্ত কলিকাতা রাজধানীতে প্রত্যাগমনের তারিখঅবধি তিন মাসের ছুটি পাইয়াছেন।

পুরণিয়ার সিবিল ও সেসন জজ শ্রীযুত ডবলিউ এ প্রিঙ্গল সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত জি জি মাকিণ্টস সাহেব শ্রীযুত প্রিঙ্গল সাহেবের অনুপস্থানে তদীয় পদের চলিত কর্ম্ম এবং স্বীয় কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের দায়েরসায়েরী ও রেবিনিউ কমিস্যনর শ্রীযুত জে হাকিন্স সাহেব স্বীয় কর্ম্ম নির্ব্বাহকরত কিছু দিনের নিমিত্ত কলিকাতা রাজধানীতে গমনার্থ তাঁহার প্রতি গত মাসের ২১ তারিখে যে হুকুম হয় ঐ হুকুমের পরিবর্ত্তে স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত রাবর্ট বারলো সাহেব শ্রীযুত হকিন্স সাহেবের অনুপস্থানে তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি বেরি সাহেব দশহরা বন্দপর্য্যন্ত কলিকাতা রাজধানীতে অবস্থান করিবেন।

নবদ্বীপ জিলার একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ এচ মার্টিন সাহেব ছুটি লইয়া বিলাত গমনার্থ প্রস্তুতনিমিত্ত এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত আর ট্রাটর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মার্টিন সাহেবের কর্ম্ম গ্রহণ করিবেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর এফ হজসন সাহেব গত আগষ্ট মাসের ২৯ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

বাখরগঞ্জের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত ই এচ সি মঙ্কটন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ রামজি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটি পাইয়াছেন।

ত্রিপুরার সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি ডবলিউ উইলসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি কলিকাতা রাজধানীতে অবস্থান করিবেন।

বীরভূমির প্রধান সদর আমীন কাজি মৌলবী শ্রীযুত মহম্মদ বেকে খাঁ বাহাদুর দশহরা বন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

FORT WILLIAM,
JUDICIAL DEPARTMENT,
2d October. 1837.
NOTIFICATION.

I. In modification of the Resolution in this Department, dated the 1st of November, 1831, which fixes the Monthly Personal and office Establishment Allowances of the Subordinate Judicial Functionaries appointed under Regulation V. of 1831 of the Bengal Code, the Right Hon'ble the Governor General of India in Council is pleased to direct that the Personal Allowances of one-fourth of the existing Principal Sudder Ameens, and of one-fourth of the existing Moonsiffs, be raised in the proportions specified in the margin.* The individuals receiving these Superior Allowances respectively, to be selected by the Government according to merits and services on the Report of the Zillah or City Judge confirmed by the Court of Sudder Dewanny Adawlut.

2. His Lordship in Council is further pleased to augment the Allowances granted to the Principal Sudder Ameens, Sudder Ameens and Moonsiffs on account of Establishment and Stationery as specified in the margins,+ and to fix the Net Personal Salary of the Moonsiffs, not promoted to the Superior Class authorized by Article 1 on this Notification at Rs. 100 per mensem.

3. The increase specified in the 2d paragraph of this Resolution is to take effect from the 1st instant.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

* PRINCIPAL SUDDER AMEENS.

	Present Rs. pr. mo.	*Future* Rs. pr. mo.
Personal Allce.	400	600
MOONSIFFS.		
Personal Allce.	100	150

+ PRINCIPAL SUDDER AMEENS.

	Present Rs. pr. mo.	*Future* Rs. pr. mo.
For Estabt. and Stationary,...	100	150
SUDDER AMEENS.		
For Estabt. and Stationary,..	50	80
MOONSIFFS.		
For Estabt. and Stationary,......	10*	40

* *N. B.* This Allowance of 10 Rupees per mensem was for Stationery only. The Salary of 100 Rupees per mensem, formerly granted to Moonsiffs, was intended to provide for their Establishments also.

CIVIL APPOINTMENTS.

18th September, 1837.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to appoint Lieutenant F. Farrant, of the 3d Bombay Cavalry, to be 2d in Command of the Detachment serving in Persia.

20th September.

Mr. G. J. Siddons, Post Master General, is permitted to be absent from his office for a period of one month, from the 13th proximo.

Mr. George Alexander will take charge and conduct the duties of the General Post office during the absence of Mr. Siddons.

4th October.

Mr. G. Gough, Salt Agent of Bulloosh and Chittagong, is permitted to be absent from his appointment, on medical certificate.

Mr. C. Bury is appointed to act as Salt Agent of Bulloosh and Chittagong during Mr. Gough's absence.

Messrs. G. H. Clarke and T. C. Trotter, Writers, are reported qualified for the Public Service by proficiency in two of the Native Languages.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach Mr. T. C. Trotter, Writer, reported qualified for the Public Service, to the Bengal Presidency.

Mr. C. Trower, the Civil Auditor, is permitted to be absent from his office for one month, from the 15th instant.—Mr. G. F. McClintock will conduct the duties of the Civil Auditor's office.

3d October.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment:

Lieutenant Jaspar Trower to the charge of the Revenue Survey of Southern Cuttack.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. Donnithorne, Collector of the 24-Pergunnahs, an extention of three months' leave of absence from the date of his return to the Presidency.

Mr. W. A. Pringle, Civil and Session Judge of Purnea, for one month, to visit the Presidency, on private affairs.—Mr. G. G. Mackintosh will conduct the current duties of Mr. Pringle's office in addition to his own, during his absence.

Mr. J. Hawkins, Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, for one month, on private affairs, in modification of the Order of the 21st ultimo, permitting him to proceed to the Presidency for a short time, retaining charge of his office—Mr. Rt. Barlow will execute the duties of Mr. Hawkins' office during his absence.

Mr. C. Bury, Magistrate and Collector of Rajeshahy, to remain at the Presidency till the close of the Dusserah Vacation.

Mr. W. H. Martin, officiating Magistrate and Collector of Nuddea, for one month, preparatory to his applying for permission to proceed to England on Furlough.—Mr. R. Trotter will take charge from Mr. Martin, until further orders.

Mr. R. F. Hodgson, Assistant under the Commissioner of the 12th or Bhaugulpore Division, for one month, on private affairs, from the 1st instant, in extension of the leave granted to him on the 29th August last.

Mr. E. H. C. Monckton, officiating Joint Magistrate and Deputy Collector of Backergunge for two months, on medical certificate.

Mr. R. W. Ramsay, Assistant under the Commissioner of the 12th or Bhaugulpore Division, for two months, on private affairs.

Mr. T. W. Wilson, M. D., Assistant Surgeon attached to the Civil station of Tipperah, to remain at the Presidency till the 17th instant, on private affairs.

Kazee Moulavee Mohummud Baiq Khan Behadoor, Principal Sudder Ameen of Beerbhoom, during the Dusserah Vacation.

২০ সেপ্তেম্বর।

শ্রীযুত ডি টি টিমিন্স সাহেব জিলা গোরক্ষপুরের নিষ্করভূমি তজবীজের নিমিত্ত ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আই ব্রুষ্টর সাহেব শাজাহানপুরের জইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

২১ সেপ্তেম্বর।

গাজিপুরের মাজিস্ত্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট অথচ শাহরণপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জি এফ এডমনষ্টোন সাহেব এক মাসের ছুটি পাইয়াছেন।

২২ সেপ্তেম্বর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের অনুমতিক্রমে শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেব নীচে লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ লাম্বর্ট সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ মাঙ্কটন সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের সদর দেওয়ানী ও নিজামত আদালতের উপরি জজ হইয়াছেন।

২৩ সেপ্তেম্বর।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত হেনরি জান টকর সাহেব কিয়ৎকালের নিমিত্ত মুজঃফর নগরের সিবিলসম্পর্কীয় চিকিৎসক হইয়াছেন।

২ অক্টোবর।

শ্রীযুত কাপ্তান জে লডলো সাহেব শ্রীযুত কাপ্তান ত্রিবিলয়ন সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত কোটার একটিং পোলিটিকাল এজেণ্ট হইয়াছেন।

রাজপুতানাস্থ গবর্নর জেনরলের এজেণ্টের একটিং আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত আর মারিসন সাহেব শ্রীযুত কাপ্তান লডলো সাহেবের নিকটহইতে সাম্ভর হ্রদের কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের হুকুমক্রমে উক্ত সাহেবেরা যে তারিখে স্ব২ একটিং পদের ভার গ্রহণ করিবেন সেই তারিখ অবধি ঐ সকল নিয়োগ ধরা যাইবে।

৪ অক্টোবর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সলে শ্রীযুত জি এচ ক্লার্ক সাহেব সরকারী কার্য্য নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ঐ সাহেবকে বঙ্গরাজধানীর কর্ম্মযুক্ত করিয়াছেন।

20th September.

Mr. D. T. Timins to be Deputy Collector for the investigation of Claims to hold Lands exempt from payment of Land Revenue in Zillah Goruckpore.

Mr. J. Brewster to officiate as Joint Magistrate and Deputy Collector of Shahjehanpore.

21st September.

Mr. G. F. Edmonstone, Assistant to the Magistrate and Collector of Ghazeepore, appointed to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Saharunpoor, has obtained leave of absence for one month, on his private affairs.

22d September.

With the sanction of the Right Honourable the Governor General of India in Council, the Lieutenant Governor is pleased to make the following Appointments:

Mr. W. Lambert to be a Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, for the North Western Provinces.

Mr. W. Monckton to be an Additional Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut for the North Western Provinces.

23d September.

Mr. Assistant Surgeon Henry John Tucker, M. D., appointed temporarily to the Medical Charge of the Civil station of Moozuffernugur.

2d October.

Captain J. Ludlow to officiate as Political Agent at Kotah, during the absence of Captain Trevelyan, or until further orders.

Lieutenant R. Morisson, officiating Assistant to the Agent to the Governor General at Rajpootana, to take charge of the Samohur Lake from Captain J. Ludlow.

The appointments are to have effect from the date on which the abovementioned officers received charge respectively of their officiating duties under the Orders of the Honourable the Lieutenant Governor.

4th October.

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach Mr. G. H. Clarke, reported qualified for the Public Service, to the Bengal Presidency.

সমাচার দর্পণ

শনিবার ১৪ অক্টোবর ১৮৩৭।

SUMACHAR DURPUN.

SATURDAY, OCTOBER 14TH. 1837.

জগন্নাথের মন্দির।

এইক্ষণে সকলের এমত বোধ হইয়াছে যে গবর্ণমেণ্ট পুরীর মন্দিরের কার্য্য বিষয়ে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের মানস পূর্ণ করিতে স্থির করিয়াছেন। কোর্ট অফ ডৈরেক্তর্সের অভিপ্রায় যে যাত্রিরদের কর একেবারে রহিত হয় এবং মন্দিরের রক্ষণাবেক্ষণাদি কার্য্য তত্রস্থ পণ্ডা ও খুরদার রাজার প্রতি অর্পণ করেন। দৃষ্ট হইল যে চন্দ্রিকাতে এতদ্বিষয়ে এক পত্র প্রকাশ হইয়াছে তাহাতে লেখেন যে ইহাতে যাত্রিরদের পক্ষে অনেক অনিষ্ট হইবে এবং ঐ দেশের কার্য্য বিষয়েও অধিক অভদ্র হইবে। সেই পত্র এই দর্পণস্থ করণের স্থান ছিল না। কিন্তু এই বিষয়ে অনেকের অনুরাগ আছে এই প্রযুক্ত তদ্বিষয়ে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা ভারতবর্ষে যে হুকুম প্রেরণ করেন তাহা সংক্ষেপে নীচে প্রকাশ করা যাইতেছে। এবং আমারদের বোধ হয় উক্ত মন্দিরের কার্য্য বিষয়ে গবর্ণমেণ্ট যে কোন নিয়ম স্থাপন করিবেন তাহা অবশ্যই কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের আজ্ঞামতই হইবে।

"১। দেশীয় দেবালয়ের আন্তরিক রক্ষণাবেক্ষণ বিষয় সকল এবং যাজক ও যাত্রিরদের আচার ব্যবহার ও ধর্ম্মক্রিয়াসকলে এবং ধর্ম্মকার্য্যের রীত্যাদি ও উৎসবের নিয়মেতে এবং সামান্যতঃ ধর্ম্মকর্ম্মের আন্তরিক নিয়মবিষয়ে এইক্ষণে ব্রিটিস গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরদের যে হস্তক্ষেপ আছে তাহা একেবারে রহিত হইবে।

"২। যাত্রিরদের কর সর্ব্বত্রই রহিত হইবে।

"৩। ধর্ম্মবিষয়ক যে অর্থদণ্ড ও যে দানাদি হয় তাহা ইহার পর ব্রিটিস গবর্ণমেণ্টের রাজস্বের মধ্যে গণিত হইবে না এবং ইহার পরে কোম্পানি বাহাদুরের কর্ম্মকারকেরদের দ্বারা ঐ করস্বরূপ দ্রব্যাদি গ্রহণ ও আদায় হইবে না।

"৪। উত্তরকালে ধর্ম্মবিষয়ক অর্থদণ্ড বা দান যে কোন নামেতে প্রচার থাকে বা যে কোনপ্রকারে প্রাপ্ত হওয়া যায় কি নগদে কি জিনিসে তাহা আদায় বা রক্ষণাবেক্ষণাদিকরণকার্য্যে কোম্পানি বাহাদুরের কোন কর্ম্মকারক কখন কোন স্থলে নিযুক্ত হইবেন না।

"৫। কোম্পানি বাহাদুরের কোন কর্ম্মকারক উত্তরকালে উপরিউক্ত কোন বিষয়ের দ্বারা কোন লাভ করিতে পারিবেন না।

"৬। দেবালয় বা পূজা বা উৎসব বা কোন ধর্ম্মাদি ক্রিয়া বিষয়ে তাবৎ হিন্দুরা স্বেচ্ছানুসারেই কার্য্য করিবেন।

"৭। যে কোন স্থানে যাত্রী বা পূজকেরদের শান্ত্যর্থ বা নির্ব্বিঘ্নে থাকনার্থ বিশেষত পোলীস নিযুক্ত ও রক্ষিত হইয়াছেন উত্তরকালে ঐ পোলীসের খরচা দেশের সাধারণ রাজস্বহইতে দেওয়া যাইবে এবং সামান্য পোলীসের কর্ম্মকারকেরদের তথায় নিযুক্ত থাকিতে হইবে।"

The Temple of Juggernath.

It is generally understood that Government are about to carry the wishes of the Court of Directors into execution relative to the temple at Pooree. The object of the Court is to abolish the *Pilgrim tax*, and to give up the management of the temple *entirely* to the Priests and to the Rajah of Khoorda. We perceive that there is a letter in the *Chundrika*, deprecating this measure, because of its tendency to injure the pilgrims and the country. We have not room for it in our paper of this day; but as the subject is one of very general interest, we have published below a summary of the instructions which the Court of Directors sent out to India on this subject; and we suppose that whatever arrangements may be made by Government relative to the Temple, will be made in accordance with these instructions.

"1. That the interference of British functionaries in the interior management of Native temples, in the customs, habits, and religious proceedings of their priests and attendants; in the arrangement of their ceremonies, rites, and festivals; and generally in the conduct of their interior economy, shall cease.

"2. *That the Pilgrim Tax shall every where be abolished.*

"3. That fines and offerings shall no longer be considered as sources of revenue by the British Government, and they shall consequently no longer be collected or received by the servants of the East India Company.

"4. That no servant of the East India Company shall hereafter be engaged in the collection or management, or custody of monies in the nature of fines or offerings, under whatever name they may be known, or in whatever manner obtained, or whether furnished in cash or in kind.

"5. That no servant of the East India Company shall hereafter derive any emolument resulting from the abovementioned or any similar sources.

"6. That in all matters relating to their temples, their worship, their festivals, their religious practices, and their ceremonial observances our native subjects be left entirely to themselves.

"7. That in every case in which it has been found necessary to form and keep up a police force especially with a view to the peace and security of the pilgrims or the worshippers, such police shall hereafter be maintained and made available out of the general revenues of the country."

শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ২১ তারিখের অপরাহ্ণ চারি ঘণ্টাসময়ে গবর্ণমেণ্ট প্রাসাদে ইউরোপীয় সাহেবেরদের সঙ্গে সাক্ষাৎকরণার্থ এক দরবার হইবে। তাঁহার পশ্চিম প্রদেশে যাত্রাকরণোপলক্ষে ঐ দরবার হইবে।

The Governor General.

The Right Honourable the Governor General, will hold a levee on Thursday next, the 19th instant, at four o'clock in the afternoon, preparatory to his departure for the Western Provinces.

বর্ম্মার যুদ্ধ।

এই সপ্তাহের মধ্যে ব্রহ্মদেশীয়েরদের সঙ্গে যুদ্ধ হইবে কি না এতদ্বিষয়ে নানা পত্রে অনৈক্য সম্বাদ আগত হইতেছে। পিলোরোসনামক যে জাহাজ গত সোমবারে পঁহুছে কথিত আছে যে তদ্দ্বারা এই সম্বাদ আইসে যে নূতন রাজা অহঙ্কারে মত্ত হইয়া পুরাতন রাজার সঙ্গে গবর্ণমেণ্টের যে সন্ধিপত্র হয় তাহার মধ্যে অঙ্গীকৃত কোন এক বিষয় প্রতিপালন করিব না এবং গবর্নর জেনরলের সঙ্গে কোন লিখন পঠন করিব না এমত কহিয়াছেন ফলে এমত কহিয়াছেন যে আমি কেবল রাজারদের সঙ্গে লিখন পঠন ব্যবহার করিব। আরো এই জনরব হইয়াছে যে শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব এমত সম্বাদ প্রেরণ করিয়াছেন যে নূতন রাজার পরাক্রম কিঞ্চিৎ দৃঢ়ীভূত হইলেই যুদ্ধারম্ভ করিবেন এমত সম্ভাবনা। কিন্তু এই সম্বাদ প্রাপণের দিনেক দুই দিনের পরে এমত সম্বাদ পঁহুছিল যে পীলোরোস জাহাজের দ্বারা এতাদৃশ কোন বার্ত্তা পঁহু

The Burmese War.

The most contradictory accounts have been published during this week on the question whether there would or *would not be a war with the Burmese.* The *Pelorus* which came in on Monday, was said to have brought information that the new King inflated with pride, had determined not to observe any of the treaties which had been made with his predecessor, and to hold no communication with the Governor General; in fact to hold intercourse only with Kings. It was also reported that Col. Burney had sent word that there was every probability of his beginning the war as soon as he found his power sufficiently established. But a day or two after, we find it confidently asserted that the *Pelorus* had brought no precise information whatever, and that the prospect of a war was remote. The fact, however, that Lord Auckland's depar-

ছে নাই এবং যুদ্ধসম্ভাবনাও নিকটবর্ত্তিনী নহে কিন্তু শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেবের পশ্চিম দেশে যাত্রা যে ২১ তারিখে স্থির হইয়াছে তাহাতে কিছু বিলম্ব হইবে না ইহাতে বোধ হয় যে তাঁহার বিবেচনাতেও এমত স্থির হইয়াছে যে এইক্ষণে কোন যুদ্ধ উপস্থিত নাই। যেহেতুক যুদ্ধসম্ভাবনা থাকিলে শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব কলিকাতায় অনবস্থিতসময়ে কখন শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব কলিকাতা রাজধানী পরিত্যাগ করিয়া যাইতেন না।

কথিত আছে যে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব আগামি সপ্তাহের মধ্যে কলিকাতাহইতে প্রস্থিত হইবেন।

খিদিরপুরস্থ বংশাল।

অবগত হওয়া গেল যে গবর্ণমেণ্ট খিদিরপুরস্থ বংশালের কোম্পানির সঙ্গে ঐ বংশালের কিয়দংশ ভূমি ক্রয় করণার্থ বন্দোবস্ত করিয়াছেন। ঐ ভূমি খরীদ করিতে অধিক বিলম্ব হওনের কারণ এই যে তাহার দলীল দস্তাবেজ গবর্ণমেণ্টের উকীলেরদের তাদৃশ প্রমাণ বোধ হয় না কিন্তু শুনা গেল যে ক্রেতারদের স্থানে জমিন লইয়া গবর্ণমেণ্ট ঐ ভূমি ক্রয়করণার্থ নিশ্চয় করিয়াছেন। তাহার মূল্য ৬৫ বা ৭০ হাজার টাকা দিতে হইবে। পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে যে খিদিরপুরস্থ বংশাল সাড়ে তিন লক্ষ টাকাতে ক্রয় করা গিয়াছিল।

সরচার্লস মেটকাফ।

শ্রীযুত সরচার্লস মেটকাফ সাহেব স্বাভাবিক বদান্যতাক্রমে কলিকাতায় ইউরোপীয় মল্লারদের যে আশ্রয় স্থান সম্প্রতি নির্দ্দিষ্ট হইয়াছে তদর্থ ৩০০ টাকা দান করিয়াছেন।

নূতন সমাজ।

কথিত আছে যে দেওয়ান শ্রীযুত রামকমল সেন এক নূতন সমাজ স্থাপন করিতে নিশ্চয় করিয়াছেন তাহার অভিপ্রায় যে নিষ্কর ভূম্যধিকারিদিগের পক্ষে এবং রাজকীয় কর্ম্মে বঙ্গভাষা চলনহওনবিষয়ে এক আবেদন পত্র ইঙ্গলণ্ড দেশে প্রেরণ করেন।

আফীণ।

ইঙ্গলিসমেন সম্বাদপত্রদ্বারা অবগত হওয়া গেল যে গবর্ণমেণ্ট এমত মানস করিয়াছেন যে বঙ্গাদি দেশে যে আফীণ উৎপন্ন হয় তাহা ক্রমে বৃদ্ধি করিয়া বৎসরে ২৫,০০০ মোন উৎপাদন করিবেন। শ্রুত হওয়া গিয়াছে যে আফীণ বোর্ডের সাহেবেরদের ইচ্ছা আছে যে কোম্পানি উত্তম আফীণ সুমূল্যে বিক্রয় করিয়া মালবা দেশজাত আফীণ বাজারহইতে উঠাইয়া দিবেন কিন্তু ইহা সম্পাদনার্থ প্রতিবৎসরে ৪৫,০০০ মোন উৎপন্ন করিতে হইবে। যেহেতুক বোধ হয় যে আগামি বৎসরে ভারতবর্ষহইতে তত্তুল্য সংখ্যক আফীণ চীন দেশে রপ্ত হইবে। গত কএক বৎসরের মধ্যে এতদ্দেশে আফীণের উৎপত্তি অনেক বৃদ্ধি হইয়াছে তাহাতে বোধ হয় যে কিঞ্চিৎ ন্যূন মূল্যে যদি আফীণ বিক্রয় করা যাইত তবে চীন দেশে আরো আফীণের দ্বিগুণ ব্যবহার হইত।

শারদীয় মহোৎসব।

আমারদের সুপরিচিত এক জন পত্রপ্রেরকের স্থানহইতে পত্র পাইয়া এই বিষয় প্রকাশ করিলাম। তাঁহার পত্র ও অন্যান্য স্থানহইতে শুনা গিয়াছে যে এই বৎসরে কলিকাতার মধ্যে কেবল দুই স্থানে বিশেষতঃ শ্রীযুক্ত রাজা কালীকৃষ্ণ বাহাদুরের বাটী ও শ্রীযুত বাবু মতিলাল

ture which was fixed for the 21st, has not been postponed, would indicate that, in His Lordship's opinion, there is no immediate chance of a war; for it is not to be supposed that, if such an event was probable, Lord Auckland would leave Calcutta, especially while the Commander-in-Chief was absent.

His Lordship, it is said, will positively leave Calcutta within a week.

The Kidderpore Docks.

We find Government have at last settled with the Dock Company for the purchase, of a part of Kidderpore Dock Yard. The long delay that has taken place, has been occasioned by the title deeds, which the Government lawyers are still dissatisfied with; but Government have resolved to take the property upon a guarantee we believe. The price to be paid for the ground taken, is about 65,000 or 70,000 rupees. Our readers will recollect the Kidderpore Yard sold for 3,50,000.—*Hurk.*

Sir Charles Metcalfe.

Sir Charles Metcalfe, with characteristic generosity, has remitted three hundred rupees to that excellent institution, the *Sailor's Home.*

A New Society.

It is said, that a society has been established by Dewan Ramcomul Sein, for the purpose of preparing and sending a petition to England on behalf of the owners of rent-free lands, and for the improvement of the Bengalee language.

Opium.

We learn from the *Englishman*, that it is the intention of Government to raise the Bengal produce of Opium within the next three years to 25,000 maunds per annum. It is the desire of the Board, we are told, to drive the Malwa drug entirely out of the market, by affording superior Company's Opium at a cheaper rate; but in order to do this, it will be necessary to produce 45,000 chests, for this is the quantity of Opium which will probably be exported from India to China in the next season. Considering how the Opium trade has increased within the last few years, it is not at all improbable, that if the Opium could be cheaper, the quantity consumed in China would be nearly doubled.

The Doorga Pojah.

We have inserted a letter on this subject from a well known Correspondent, and we have learnt from his letter, and from other sources of information, that *nautches* were given only in two houses in Calcutta, viz. that of Rajah Kalikissen and Baboo Motilal Sill, at more than 50

শীলের বাটীতে নাচ হইয়াছিল। এতদ্ভিন্ন প্রায় পঞ্চাশ ঘর ধনাঢ্য ব্যক্তিরদের বাটীতে ইউরোপীয় সাহেবেরদিগকে আহ্বানার্থ নাচ হইত সে সকল স্থানে হয় নাই ইহাতে বোধ করি যে আগামি বৎসরে নাচ একেবারেই রহিত হইতে পারে যেহেতুক সম্প্রতি কএক বৎসরাবধি কেবল ইউরোপীয় সামান্য ব্যক্তিরা ঐ উৎসবে যাইতেছেন।

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌর শ্রীলশ্রীযুক্ত বাদশাহ শ্রীযুক্ত নওয়াব মুন্তজিমুদ্দৌলা মেন্দি আলী খাঁ অর্থাৎ যাঁহাকে উজীরী পদ প্রদান করিয়াছেন তাঁহাকে লক্ষ্ণৌতে আনয়নার্থ শ্রীযুত কাপ্তান মাকনেস সাহেবকে রাজকীয় হস্তী অশ্ব এবং তৈনাতি সৈন্য সমভিব্যাহার করিয়া প্রেরণ করিয়াছেন। তাঁহারা সকলই গত ২৪ সেপ্তেম্বর তারিখে লক্ষ্ণৌতে উত্তীর্ণ হইয়া অবিলম্বে রাজবাটীতে উপস্থিত হইলেন। এবং বাদশাহ অতিসমাদরপূর্ব্বক শ্রীযুত নওয়াবকে গ্রহণ করিয়া ২১ পার্চার খেলয়াৎ এবং হস্তী অশ্ব পালকি তলওয়ার অলঙ্কার এবং অন্যান্য বহুবিধ সামগ্রী পারিতোষিক প্রদান করিলেন। শ্রীযুক্ত নওয়াব শ্রীলশ্রীযুত বাদশাহের সঙ্গে সাক্ষাৎকরণোত্তর রেসিডেণ্টী বাটীতে গমন করিয়া শ্রীযুত কর্ণল লো সাহেবকে সেলামাদি করিলেন সাহেবও তাঁহাকে অতিসম্ভ্রমপূর্ব্বক গ্রহণ করিলেন। ইহার পূর্ব্বে যখন ঐ নওয়াব অযোধ্যার রাজার উকীল ছিলেন তখন প্রজারা পরমসুখে কালযাপন করিত। তিনি সধন নির্ধন ব্যক্তিকে সমান জ্ঞানকরত অতি মনোযোগপূর্ব্বক রাজকীয় কার্য্য নির্ব্বাহ করিতেন এবং এমত যথার্থরূপ আচার ব্যবহারী ছিলেন যে তাহাতে কোন ব্যক্তির কোন অভিযোগ হইত না।

অতিনির্দ্দয়তার হত্যা।

২৯ সেপ্তেম্বর তারিখে সিংহভূমহইতে এক পত্র আইসে তাহাতে লেখে এনশাইন ব্লেংকিনসপ সাহেব পঞ্চম রেজিমেণ্টের তৈনাতি এক জন অশ্বারূঢ়কর্ত্তৃক অতিনিদারুণরূপে খুন হইয়াছেন। ঐ অশ্বারূঢ় অতিগর্হিত কর্ম্ম করাতে সাহেব দণ্ড দেওনার্থ তাহাকে কাওয়াজ করিতে হুকুম দিয়াছিলেন। অপর ঐ ব্যক্তি ২৯ তারিখের প্রত্যূষে পাঁচ ঘণ্টাসময়ে সেনাপতি সাহেবের বাটীতে গিয়া কোন যোগে বেহারাকে স্থানান্তর করিয়া সাহেবকে তলওয়ারের দ্বারা চারি প্রহারে হত করিল পরে হন্তা এই ব্যাপার করিয়া পলায়ন করিয়াছে কিন্তু যে ইউরোপীয় সিপাহীর জিম্মায় তোপ ছিল তিনি তাহাকে দেখিয়া পশ্চাৎ২ ধাবমান হওত সকলকে কহিলেন যে ইহাকে গ্রেপ্তার কর পরে তাহার নাগাইল পাইব না বুঝিয়া এক জন সিপাহীকে গুলি করিতে হুকুম দিলেন ঐ গুলি হন্তা ব্যক্তির পশ্চাদ্ভাগে লাগিল দুর্ভাগ্যক্রমে হন্তা ব্যক্তি জোবানবন্দী দেওনের পূর্ব্বেই মারা পড়িল।

পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

পূর্ব্বকার মত এইক্ষণেও পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম এক জন সাহেবের কর্ত্তৃত্বাধীন রাখা গবর্ণমেণ্ট নিশ্চয় করিয়াছেন। এইক্ষণে সদর দেওয়ানী আদালতের এক জন মহানুভব জজ শ্রীযুত এফ সি স্মিথ সাহেব ঐ উচ্চ পদে নিযুক্ত হইয়াছেন।

সেক্রেটরী কর্ম্মের পরিবর্ত্তন।

শুনা গেল যে কলিকাতাস্থ সেক্রেটরী সাহেবেরা শ্রীযুক্ত বড় সাহেবের সঙ্গে গমন করিবেন।

houses of rich natives where these nautches were wanted to be given in order to attract Europeans, they have been discontinued this year, and we suppose next year they may be discontinued altogether; because of late years they have been attended only by the lower classes of society.

Lucknow.

His Majesty the King of Oude, sent Capt. McNess, together with the state horses, elephants and guards to the banks of the Ganges, to escort His Highness Nawab Moontazimwood Dowlah Menday Ally Khan to Luckow. The party arrived at Lucknow on the 24th September last, and proceeded to the Palace, where the King received the Nawab with great joy and conferred on him a khelaut of 21 articles in number consisting of elephants, horses, palankeens, swords, ornaments and other valuables. The Nawab after paying his respects to his Majesty, proceeded to the House of the British Resident to pay his respects to Colonel Low who received him with every attention and kindness. When the Nawab was formerly Minister to the King of Oude, the subjects lived in comfort and ease; he discharged his duty to rich and poor with every care and such rigorous justice that none had to complain of him. —*Beng. Her.*

Atrocious Murder.

A letter from Singbhoom, dated the 29th September, states that Ensign Blenkinsop had been very barbarously murdered by a Sowar of the 5th Local Horse. This man had behaved very impertinently, and was ordered, therefore, to drill by Ensign Blenkinsop. About 5 o'clock in the morning of the 29th, he came to that officer's quarters, and contrived to send the bearer away, and then murdered the Ensign with four wounds. The murderer fled after committing the deed, but was observed by the European Corporal in charge of the guns, who ran after him, and called out to stop him; but finding that he could not gain upon him, he ordered a Sepoy to fire, who put a ball into his abdomen. Unfortunately the man died before his evidence could be taken.

Superintendent of Police.

Government have determined to place the Police of the country as formerly under the direction of a superintendent. Mr. F. C. Smith, at present one of the Judges of the Sudder Dewanny Adawlut, has, we hear, been appointed to this high and important post.

Arrangement of the Secretaries.

The arrangements in the Secretary Departments are now, we believe, completed as follows:

শ্রীযুক্ত প্রিন্সেপ সাহেব জেনরল ডিপার্টমেণ্টের সেক্রেটরীর কার্য্য রাখিয়া শ্রীযুত মাকনাটন সাহেবের অনুপস্থানে সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টের কার্য্যভার গ্রহণ করিবেন এবং শ্রীযুত মাকনাটন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত মাঙ্গ্‌লস সাহেব আদালত ও ব্যবস্থাপক কমিস্যন ও রেবিনিউ ডিপার্টমেণ্টের কার্য্য নির্ব্বাহ করিবেন। শ্রীযুত হালিডে সাহেব বঙ্গদেশস্থ গবর্ণমেণ্টের আদালত ও রেবিনিউ ডিপার্টমেণ্টের সেক্রেটরীর কার্য্য সম্পন্ন করিবেন।

মান্দ্রাজ।

আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে বাষ্পীয় জাহাজ প্রস্তুত হইয়া যাতায়াতকরণের যে কল্প আছে তাহাতে মান্দ্রাজস্থ লোকেরদের সম্মতি আছে। মান্দ্রাজের এক সম্বাদপত্রে লেখে যে ঐ স্থানে বোধ হয় ১,০০০ শ্যার উঠিতে পারিবে এখানে ১,৬০০ পর্য্যন্ত শ্যার উঠিয়াছে।

ডাকাইতী

যশোহরনিবাসি কোন ব্যক্তি এইক্ষণে কলিকাতায় আছেন তিনি আমারদের নিকটে নীচে লিখিতব্য ডাকাইতীর বিবরণ লিখিয়া প্রেরণ করিয়াছেন। ২ ভাদ্রের রাত্রে যশোহর জিলার ইশবপুর পরগনায় বাসুরি তেলিজাতীয় এক ব্যক্তির বাটীতে এক দল ৩০। ৪০ জন দস্যু আক্রমণ করিয়া ৫০০ টাকার সম্পত্তি লুটিয়া লয়। ঐ বাটীর কর্ত্তা দস্যুরদের কোন২ ব্যক্তিকে চিনিয়াছিল পরে ঐ থানার দারোগা যখন সুরতহালকরণার্থ ঐ স্থানে পঁহুছিলে ঐ ডাকাইতেরদের নাম তাঁহাকে কহিয়া দেওয়াতে তৎক্ষণাৎ তাহারা গ্রেপ্তার পরে আরো কেহ২ সর্ব্বনুদ্ধ ১৮ জন ধরা পড়িল পশ্চাৎ তাহারদের স্থানে অপহৃত সম্পত্তিরো কিছু২ পাওয়া গেল। ঐ দস্যুরা প্রথমতঃ মাজিস্ত্রেট সাহেবের সম্মুখে আনীত হইলে তথায় জোবানবন্দী হওনের পর শ্রীযুত সেসন জজ সাহেবের নিকটে অর্পিত হইল তাঁহার বিচারে তাহারা দোষীকৃত হইলে অর্দ্ধেকের ১০ বৎসর ও অর্দ্ধেকের ২০ বৎসরপর্য্যন্ত মিয়াদে পরিশ্রমযুক্ত কয়েদের হুকুম হইল।

দিল্লী।

সংপ্রতি নিমক চোরেরদের সঙ্গে পোলীসের লোকের একটা যুদ্ধ হওয়াতে পোলীসের এক জন বরকন্দাজ হত ও এক জন আঘাতী হইয়াছে।

সংপ্রতি দিল্লী শহরস্থ সুগণচাঁদ নামক এক জন প্রধান বণিকের বিরুদ্ধে ৫০০০০ টাকার এক মোকদ্দমার ডিক্রী হইয়া তৎক্ষণাৎ জারী হইল। ঐ শাহকার অতি বড় বাণিজ্যকারী ছিলেন অতএব তিনি এই ধন ক্ষতি দুঃখে বিরক্ত হইয়া একেবারে পরশনাথের মন্দিরে গিয়া সন্ন্যাসী হইয়া বসিয়াছেন। পূর্ব্বকার রীত্যনুসারে যখন মফঃসলের মোকদ্দমা সুপ্রিম কোর্টে আপীল হইতে পারিত তখন কেবল এই সুগণচাঁদ এক মোকদ্দমা মফঃসলে নিষ্পত্তি হইলে কলিকাতায় আপীল করিয়াছিলেন।

হরকরাপত্রে প্রকাশ হয় দিল্লীহইতে আগত পত্রে লেখে যে দিল্লীর প্রাচীন বাদশাহ গত মাসের ২৮ তারিখে লোকান্তরগত হইয়াছেন। শ্রীযুত মীর্জা আবুজফর

Mr. H. T. Prinsep, in addition to his duties as Secretary in the General Department, is to assume charge of the duties of the Secret and Political Department at the Presidency in the absence of Mr. Macnaghten, and Mr. Mangles is to act for Mr. Macnaghten in the Legislative, Judical and Revenue Departments. Mr. Halliday is to act for Mr. Mangles as Judicial and Revenue Secretary to the Government of Bengal.—*Courier, Oct. 7.*

We are glad to see that the Comprehensive Steam Prospectus is likely to receive considerable support at Madras. One of the Madras papers holds out a prospect of subscribers to the extent of a thousand shares in that presidency. Here the number taken already exceeds 1600.—*Cal. Cour.*

Dacoity.

The occurrence of the following dacoity has been intimated to us by an inhabitant of Jessore now in Calcutta. About midnight on the 2nd of Bhauder last, (16th of August last) the dwelling house of a man of the Tilee caste, in the village of Bausooree, Purgunnah Esubpoor, in zillah Jessore, was stormed by a gang of dacoits, between thirty and forty in number, and the property carried off was to the amount of about five hundred rupees. The master of the house had recognized some of them, and on the darogah of the division coming to hold an investigation on the spot, the former gave their names to the latter. They were secured immediately, and eventually some more, eighteen in all. A portion of the booty was found in their possession. The offenders were in the first instance taken before the Magistrate, by whom necessary depositions being taken, the case was referred to the Session Judge, before whom they took their trial and were convicted and sentenced to imprisonment and labour, the one half for ten years and to other hal f for fourteen years each.—*Hurk.*

Delhi.

An affray lately occurred between some salt smugglers and the Police, when one of the Police peons was murdered and the other wounded.

A suit for 50,000 was lately decided against a large Sahookar of this city—Soogun Chund, and an execution passed on it. The Sahookar, who had been a most extensive merchant, on this came to the resolution of renouncing this world, and is now a devotee in a temple of Parasnath. This man was the only native of these Provinces who ever appeared in the Supreme Court under the old privilege, by which appeals were admitted to that, from the Company's Courts.—*Agra Ukh.*

The *Hurkaru*, of Thursday states, that a letter which had been received from Delhi, contains the information that the old King of Delhi died on the 28th of

তৎপদাভিষিক্ত হইয়াছেন এবং শ্রীযুত রেসিডেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবেরা তাঁহাকে নজর প্রদানপূর্ব্বক প্রতিদান খেলয়াৎ প্রাপ্ত হইয়াছেন।

আগ্রা।

আগ্রা শহরে পুনর্ব্বার ওলাউঠা রোগ হইতেছে বিশেষতঃ গোরা সিপাহীরদের মধ্যে অতিপ্রাদুর্ভাব হইয়াছে। মৈনপুরী হইতে অনাহারি সহস্র২ ব্যক্তি আগ্রাতে আসিতেছে এবং ঐ স্থানে তাদৃশ ব্যক্তিরদের উপকারার্থ যে সমাজ স্থাপিত হইয়াছে তাহাহইতে তাহারা আহারার্থ কিঞ্চিৎ২ পাইতেছে।

ভরতপুর।

ভরতপুরের রাজকীয় প্রজারা অনাহারপ্রযুক্ত স্থানভ্রষ্ট না হয় এতদর্থ শ্রীযুক্ত রাজা স্বীয় ব্যয়ে আবশ্যকমতে তাহারদিগকে শস্যাদি প্রদান করিতেছেন। ঐ স্থানে টাকায় ষোল সের গোম বিক্রয় হইতেছে।

গয়লিয়র।

গয়লিয়রহইতে আগত পত্রে লেখে যে ঐ অঞ্চলে এই বৎসর অতিভয়ঙ্কর হইয়াছে এইপর্য্যন্ত একটাও ভারি বৃষ্টি হয় নাই কেবল কখন২ কিঞ্চিন্মাত্র হইয়াছে। খরীপের ফসল কাটিয়া পশুরদিগকে খাওয়ান যাইতেছে। শস্য এমত দুর্মূল্য হইয়াছে যে দরিদ্র ব্যক্তিরা ক্রয় করিতে পারে না। এবং অনশনে মুমূর্ষু সহস্র২ দীন দরিদ্র ব্যক্তি মালওয়ার ও নর্ম্মদা রাজ্যে যাইতেছে। ঐ স্থানে এই সময় কিঞ্চিৎ ভাল আছে। উত্তর পূর্ব্ব অঞ্চলহইতে আরো অশুভ সম্বাদ আসিতেছে।

গয়লিয়র শহরের মধ্যে শস্যের মূল্য অত্যন্ত বৃদ্ধি হইয়াছে বিশেষতঃ টাকায় বার সের গোম বিক্রয় হইতেছে। ধৌলপুর জিলাতে ইহাঅপেক্ষা সৌভাগ্য আছে যে হেতুক সেই স্থানে শস্যের উচ্চ মূল্য বলিয়া ক্লেশ নাই।

বোম্বাইর রাহাদারী মাসুল রহিত করণ।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে বোম্বাইতে রাহাদারি মাসুলের যে ইজারার মিয়াদ ছিল তাহা উত্তীর্ণ হইলে ঐ রাহাদারি মাসুল রহিতকরণের হুকুম হইয়াছে যদ্যপি এমত বিশেষ হুকুম হয় নাই যে তাহা একেবারে রহিত হইবে তথাপি এমত বোধ হয় না যে গবর্ণমেণ্ট পুনর্ব্বার তাহা বসাইবেন। কিন্তু নগরীয় মাসুল অদ্যাপি উঠান যায় নাই

হয়দরাবাদে উৎপাত।

সংপ্রতি হয়দরাবাদ শহরে অতিদারুণ উপদ্রব হইয়াছে। পূর্ব্বকার মন্ত্রি মণিরুলমুলুকের মিরাননামক পুত্রের সঙ্গে ঐ স্থানীয় এক জন ধনী সম্ভ্রান্ত জমিদারের বিবাদ হইয়াছিল তাহাতে এক পক্ষে জমিদার ও তদীয় লোক অপর পক্ষে মীর আরবেরা এই উভয় দলে যুদ্ধ হওয়াতে ঐ জমিদার মারা পড়িয়াছেন এবং উভয় পক্ষের ৭ জন হত ও ৭ জন আঘাতী হইল।

হিরাট।

হিরাটহইতে আগত সম্বাদের দ্বারা অবগম হইল যে মীর্জা আববাস স্বীয় ভ্রাতা হিরাটের অধ্যক্ষ শাহ কামরাণকে কহিয়াছেন যে আপনার ব্যয় আয়অপেক্ষা অধিক হইতেছে যেহেতুক লাম্পট্য

last month, at six o'clock in the morning. Mirza Aboozuffer has succeeded to the throne, and the Resident and his assistant have presented Nuzzur too, and received Khelauts from the New King.

Agra.

Cholera has again been raging in this town, and has made its appearance among the European soldiers. Several hundreds of starving people from the Mynpooree district have flocked to Agra; and receive some small assistance from a relief society which has been established there.

Bhurtpore.

In order to prevent the rapid emigration of his subjects for want of food, the Raja has ordered rations of grain to be distributed wherever necessary, at his own expense. Wheat is now selling at 16 seers the Rupee.

Gwalior.

A letter from Gwalior states, that the season in that part of the country has been very dreadful. There has not been one single heavy fall of rain, but merely a few slight showers. The Khureef crop has been cut down for food for the Cattle. Grain is at the price which the poor cannot afford, and thousands of poor starving wretches are emigrating to Malwah and the valley of the Nerbudda, where the season has been a little more favourable. The accounts from the North and the East are still worse.

The price of grain in this town is very high. Wheat sells at twelve seers. The Dhoulpore district has been more fortunate and has not yet been suffering from high grain prices.

Transit Duties at Bombay.

We are happy to learn that the transit duties at Bombay have been directed to be suspended after the existing farms have expired. Though it is not expressly stated that they are abolished, there can be little doubt that it is not the intention of Government to renew them. The Town duties, however, have not been taken off.

Affray at Hydrabad.

A very serious affray has lately occurred in the city of Hydrabad; in consequence of some dispute between Meer Alum, the son of the late Minister Muneerool Moolk and a Zeminder of wealth and importance, and a desperate conflict ensued between the Zemindar and his Pattan on the one side, and the Arabs of Meer Alum on the other, which resulted in the death of the Zemindar, and in 7 killed and the same number wounded.

Herat.

It appears by intelligence received from Herat, that Mirza Abbas had communicated with his brother Shaw Kamran, the chief of that state, on the subject of His Highness's expenditures running much over and above his in-

আছে কিন্তু এই সৎপরামর্শ হেয়জ্ঞান হওয়াতে শ্রীযুক্ত মীর্জা ইরাণের দরবারে গমন করিয়া তত্রস্থ সৈন্যাধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। তৎপরে ইরাণের রাজভ্রাতা কইখসুর সঙ্গে সাক্ষাৎ করিলে তিনি মীর্জার সদ্বংশ্যতাবিষয় সুজ্ঞাত হইয়া তাঁহাকে বংশ্য ও মর্য্যাদানুসারে হিরাটের মধ্যে এক জায়গীর নির্দ্দিষ্ট করিয়া দিলেন। এইক্ষণে মীর্জা আবাস অনেক লোক সমভিব্যাহারে ঐ জায়গীরে গমন করিয়াছেন এবং স্বীয় ভ্রাতা শাহ কামরণের অধিকারের উপরেও কিঞ্চিৎ আক্রমণ করিয়াছেন তথাপি এপর্য্যন্ত শাহ তাঁহাকে কিছু বলেন নাই।

আওরঙ্গবাদ।

গত মাসের ১০ তারিখ আওরঙ্গবাদে প্রথম বৃষ্টি হইয়া তিন দিন ব্যাপিয়া বর্ষিয়াছে এই সৌভাগ্যজনক বর্ষণ হওয়াতে ঐ স্থানে শস্যের মূল্য অতি ন্যূন হইয়াছে।

মান্দ্রাজে ওলাউটা।

শুনিয়া পরমাহ্লাদিত হওয়া গেল যে এইক্ষণে চল্লিশ রেজিমেণ্টের মধ্যে ওলাউঠা রোগের অত্যন্ত হ্রাসতা হইয়াছে। বেপারি জিলায় ঐ সৈন্যেরা প্রথম পঁহুছিলে ওলাউঠাগ্রস্ত হয় সেই স্থানে সর্ব্বসুদ্ধ যত লোক মারা পড়ে তৎসঙ্খ্যা এই। ১ সেনাপতি ৯ সিপাহী ১ পিয়াদা এবং ৫৩ পরিচারক। যাহারা স্বস্থ হইয়াছে তৎসংখ্যা ১ সেনাপতি ১১ সিপাহী ৪০ পরিচারক। এইক্ষণে অসুস্থ ১ গোরা হাবিলদার ১১ সিপাহী ২৪ পরিচারক কিন্তু ক্রমে স্বস্থ হইয়াছে। ঐ রোগ বেপারি জিলাতে অত্যন্ত ন্যূন হইয়াছে কিন্তু আমরা অতিখেদপূর্ব্বক প্রকাশ করিতেছি যে দারা সাহেব ও তাঁহার দারা ঐ রোগে মারা পড়িয়াছেন বিবি মঙ্গলবারে সাহেব তৎপরদিনে লোকান্তরগত হন।

[কোন পত্রপ্রেরকহইতে।]

দরবার।

গত ৪ অক্টোবর তারিখে বেলা ৪ ঘণ্টার সময় গবর্ণমেণ্ট হৌসে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড গবর্নর জেনরল বাহাদুরের দ্বারা এক দরবার হয়। যৎকালীন শ্রীশ্রীযুত গবর্ণমেণ্টের এবং স্বীয় সেক্রেটরী অর্থাৎ শ্রীযুত মাকনাটন সাহেব ও শ্রীযুত কালবিন সাহেব এবং অন্যান্য বর্গ সমভিব্যাহারে এক বিশেষাগারে আগমন করিলেন তৎসমকালে শ্রীযুত নওয়াব তহব্বর জঙ্গ বাহাদুর ও শ্রীযুত নওয়াব হোসাম জঙ্গ বাহাদুর ও শ্রীযুত মহারাজ রাধাকান্ত বাহাদুর ও শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর ও শ্রীযুত রাজা নৃসিংহচন্দ্র রায় বাহাদুর স্ব২ পদানুসারে যথাক্রমে মর্য্যাদাপুরঃসরে শ্রীশ্রীযুতের সমীপোস্থিত হইয়া সাদরে গৃহীতানন্তর আতর ও পান প্রাপণে বিদায় হইলেন।

অপর রাজোপাধিনিমিত্ত রাজা রাধাকান্ত বাহাদুর খেলায়ৎদ্বারা সম্বর্দ্ধিত হইলেন।

শ্রীশ্রীযুত দরবারগৃহে পদার্পণমাত্র তৎসম্মুখবর্ত্তি শ্রেণীবদ্ধ সৈন্যগণ সরাজপতাকা এবং বাদ্যদ্বারা অভিবাদন করিল পরে ভিন্ন২ রাজার উকিকার ও অন্যান্য

come, arising from His Highness being entirely given to sensualities; but the Mirza's salutary advice being trifled with, he repaired to the Court of Eran and got an appointment in the army there. The Mirza being subsequently introduced to Mirza Kykhoosrow, brother to the ruler of Eran, the latter being aware of the former's high descent, got him a jageer on the frontier of Herat, suitable to his rank and situation of life. Mirza Abbas has proceeded to the jageer with a large collection of men, and has encroached upon the possessions of his brother Shah Kamran; who, however, has taken such conduct very coolly.—*Loodianah Ukhbar, Sept. 17th.*

Aurungabad.

Rain fell for the first time this season, on the 10th inst., and continued to fall for three days. This providential fall immediately reduced the price of grain.

Cholera at Madras.

We are happy to hear that the Cholera had considerably abated in the 40th Regiment; the disease broke out on their first arrival in Vepery. The total number of deaths, since that period, have been 1 officer, 9 privates, 1 peon, and 53 followers; the recoveries have been 1 officer, 11 privates and 40 followers. The number of those at present sick are 1 Quarter Master Serjeant, 11 privates, and 24 followers, all of whom are recovering. The disease has also considerably abated in the district of Vepery, but we regret exceedingly to mention the melancholy circumstance of the death of the Revd. Mr. Darrah and his wife, who have both fallen victims to the Cholera, the latter died on Tuesday, and her husband last evening.—*Cons.*

[From a Correspondent.]

The Durbar.

At a Levee, held on the 4th instant, at 4 P. M. at the Government House, by the Right Honourable Lord Auckland, G. C. B. When His Lordship entered the private audience room accompanied by the Government and Private Secretaries, W. H. Macnaghten, and J. R. Colvin, Esqrs., and Aides-de-Camp; the Newabs Tahawer Jung and Hasam Jung, Bahadoors, Rajas Radhakant, Kalikrishna, and Nursing Chunder Roy, Bahadoors, were in due forms introduced to His Lordship in succession as to their respective rank and dignity, and they having been graciously received, obtained *Utter* and *Paun* from the hands of the Governor General, and retired.

Raja Radhakant Deb was honoured with an ordinary *Khelaut* on the bestowal of Titles.

No sooner His Lordship appeared in the *Durbar*, the Sepoys (leaded by the colours and music), that lined before the grand-hall, observed their obeisance, and the Vakeels of different

মান্য জনগণ রীতিমত সাক্ষাদনন্তর এবঞ্চ কেহ২ খেলায়ৎ প্রাপ্ত হইলে দরবার ভঙ্গ হয়।

শ্রীযুত রাজা রাধাকান্ত ও শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর দ্বয় একত্রে চতুরশ্বযোজিত শকটারোহণপূর্ব্বক শরীররক্ষক অশ্বারোহীকর্ত্তৃক শোভাবিশিষ্ট ছিলেন।

উক্ত দরবার শ্রীশ্রীযুতের পশ্চিমাঞ্চলে গমনোপলক্ষ হইয়াছিল এবং প্রবাদ আছে যে বর্ত্তমান মাসের ১৪ তারিখে শ্রীশ্রীযুত সপরিবার এবং মোসাহেব চয় একত্রে শুভযাত্রা করিবেন।

শারদীয়া পূজা।

কথিত বার্ষিকী পূজা হিন্দুগণেরা গত মাসের ২২ তারিখঅবধি বর্ত্তমান মাসের ৫ পর্য্যন্ত যথারীতি শোভাবাজারস্থ শ্রীযুত মহারাজ শিবকৃষ্ণ বাহাদুর এবং তদ্ভ্রাতৃগণের বাটীতে নৃত্য গীতাদির আমোদ প্রমোদ হইয়াছিল। এবঞ্চ শেষ দিনত্রয় অর্থাৎ ৬ তারিখঅবধি ৮ পর্য্যন্ত বিশেষরূপে হইয়াছিল। ঐ রাত্রে বিবিধ প্রধান বিবি ও সাহেব ও হিন্দু এবং মোসলমান মহান্ জন উক্ত পর্ব্বে একত্রিত হইয়াছিলেন এবং তাবতেই শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরের সৌজন্যতায় পরমানন্দিতপুরঃসর আর নাচ ইত্যাদি শ্রবণাবলোকন করিয়া বিশেষতঃ নবম বর্ষবয়স্ক কাশ্মীর দেশজাত বালকের অসিদ্বয় ক্রীড়ায় অত্যন্ত তুষ্ট হইয়া প্রত্যাগমন করিলেন।

ইহা কথিত হইল যে শ্রীশ্রীযুতের এবং তদ্ভগিনী দ্বয়ের শরীরাস্বচ্ছন্দে রাজারদিগকে আগমনে বাধ্যকরণে অগত্যাপারক হইলেন।

পুনশ্চ এবৎসর আর শ্রীযুত বাবু মতিলাল শীলের বাটীভিন্ন অন্যত্র নাচ হয় নাই।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর

আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রেসিডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নুতন ৫ টাকার লোন	১৩।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০ প্রিমিয়ম

States, and others, were formally presented before his Lordship, and after the bestowal of *Khelauts*, dismissed the Levee.

Rajas Radhakant and Kalikrishna, Bahadoors, were both attended the *Durbar* in a *carriage* and *four*, escorted by out-riders.

This *Durbar* has been taken place preparatory to the approaching tour in the Upper Provinces; and it is believed, that his Lordship, family, and Suit will leave the Presidency on the 14th of this month.

Doorga Pooja.

This annual Festival among the Gentoos has been kept up with usual merriment, consisting of *Nautches*, &c. from the 22d ultimo up to 5th instant, at the Sobha Bazar Residence of Maha Raja Shiva Krishna Bahadoor and brothers. And the *three* last nights, or from 6th to 8th of this month. When several distinguished Ladies and Gentlemen Hindoos and Mahomedans partook the pleasures of the Company, and were highly delighted by the warm reception of Maha Raja Kalikrishna Bahadoor, and in witnessing the *Nautchings* of the different Upera Dancers, and particularly of a Cashmerian boy of about 9 years old, who very excellently acted his part by the exercise of swords.

It is reported that the healths of the Governor General and the Honourable Miss Edens were not well enough to enable those high personages to honour the Rajas with their presence.

P. S. There was no other *Nautches* except at Baboo Mooteelal Seel's.

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮২৯ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮৩১ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ৮ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সম্প্রতি মহামহোপাধ্যায় ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তমকাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disct.

Bank Shares.

Bank of Bengal ....Co's Rs. 3,400—3,500.

সমাচার দর্পণ

১১৬২ সংখ্যা। বালম ১৯।] ২১ অক্টোবর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৬ কার্ত্তিক। SATURDAY, OCTOBER 21ST. 1837. [মূল্য মাসে ১ টাকা

No. 1162. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

Sale.

NOTICE is hereby given, that the Commercolly Silk Factory, with its Subordinate Filatures of Galimpore, Munseetpore and Meerpore (the property of the Honorable Company), will be sold by public Auction, with their buildings and other appurtenances, in one Lot, at the Export Ware House, on Wednesday, the 25th October, 1837. Upset price Co's Rs. 84,500.

No balance of any description will be sold with these Factories.

Conditions of sale and other particulars may be ascertained on application at the export Warehouse.

By order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT.
E. W. H. Kr.

Export Warehouse,
31as August, 1837.

নীলাম।

সমাচার দেওয়া যাইতেছে যে কোম্পানি বাহাদুরের কুমারখালি ও তদধীন গালিমপুর ও মনসিতপুর ও মীরপুরের বানক ইমারৎ আওলাৎ সরঞ্জাম সমেত এক লাট কলিকাতার খাতাবাড়ীতে ১৮৩৭ সালের আগামি ২৫ অক্টোবর তারিখ বুধবারে নীলাম হইবেক। ঐ লাট কোং ৮৪,৫০০ টাকার নীলামে ধরা যাইবে।

এই সকল কুঠীর কোন রকমের লহনা বাকি ঐ২ কুঠীর সঙ্গে বিক্রয় হইবেক না।

কলিকাতার খাতাবাড়ীতে অন্বেষণ করিলে এই বিক্রয়ের নিয়ম ও বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক ও আফীন বোর্ডের হুকুমক্রমে

খাতাবাটীর অধ্যক্ষ
জে ডবলিউ গ্রাণ্ট।

খাতাবাটী ৩১ আগষ্ট ১৮৩৭।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশে অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও মধ্যদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে। এবং তাহার পার্শ্বে এইসকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ে যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন সমাপ্ত হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে বিভক্ত মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

ইশতেহার।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি
সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তম্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

ইশতেহার।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২১ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ টাকা ধরা গিয়াছে।

দিগ্দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিপ্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO.

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Brief view of History.

The Brief view of History from the creation of the world to the birth of Christ, compiled and translated into Bengalee by John C. Marshman; the English and Bengalee are printed on the same page. 12mo. Price 3 Rs.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition, carefully revised under the orders of Government and printed in *Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages. Price 1 Rs. 8 As.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vali.

Raja Vali, a History of India, composed in Bengalee by Mritoonjuya Vidyalunkar. Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১১ অক্টোবর ১৮৩৭।

শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের কর্তৃক কলিকাতা রাজধানীর সিবিল সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত নীচে লিখিতব্য সাহেবেরা এত দ্দেশে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত আরথর এ রাবর্ট্স সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে পঁহুছিয়াছেন।

শ্রীযুত জর্জ এডমনষ্টোন সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে পঁহুছিয়াছেন।

শ্রীযুত আলেকজান্দর রস সাহেব বর্ত্তমান মাসের ৭ তারিখে পঁহুছিয়াছেন।

শ্রীযুত ডবলিউ এডওয়ার্ড সাহেব ১০ তারিখে পঁহুছিয়াছেন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত রালফ ইতিসন সাহেব শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের কর্তৃক কলিকাতা রাজধানীর আসিষ্টান্ট ধর্ম্মোপদেশকতা কার্য্যে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৯ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

২০ সেপ্তেম্বর।

নীচে লিখিতব্য এতদ্দেশীয় এক জন কর্ম্মকারক স্বীয় কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

ঢাকার ডেপুটি কালেক্টর শ্রীযুত বাবু রামলোচন ঘোষ বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

৩ অক্টোবর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম যশোহরের সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ সফী জিলা বীরভূমের সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত টি সি ট্রটর সাহেব ১৯ সংখ্যক অর্থাৎ কটক প্রদেশের মায়ের সায়েরী ও রেবিনিউ কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

১০ অক্টোবর।

শ্রীযুত এফ সি স্মিথ সাহেব এতদ্দেশীয় পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট হইয়াছেন।

শ্রীযুত জি এচ ক্লার্ক সাহেব ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা প্রদেশের মায়ের সায়েরী ও রেবিনিউ কমিস্যনরের আসিষ্টান্ট হইয়া দুই মাসের নিমিত্ত কলিকাতা রাজধানীতে থাকিয়া যশোহরের কমিস্যনর সাহেবের অধীন কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই ই এচ রেপটন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রেকস সাহেবের পরিবর্ত্তে বালেশ্বরের একটিং মাজিস্ত্রেটী ও কালেক্টরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ জে মরিস সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা কটকের নিষ্কর ভূমির তজবীজের নিমিত্ত একটিং স্পেশ্যল কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত জে এফ হাইড সাহেব কলিকাতা নগরের পারিপাট্য করণার্থ কমিটির সেক্রেটরী ও রেজিষ্টর ও তত্ত্বাবধারক হইয়াছেন।

শ্রীযুত বাবু বিনোদরাম সেন ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা মুরশিদাবাদের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত এ এফ ডনেলি সাহেব শ্রীযুত কমিস্যনর সাহেবকর্তৃক গত মাসের ২৯ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৬ তারিখপর্য্যন্ত যে ছুটি পান তদতিরিক্ত এই মাসের ২৯ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

পবনার একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত জে এস টরেন্স সাহেব ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব কর্তৃক যে ছুটি পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১৫ অবধি ২৫ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল মজীদ খাঁ কলিকাতা রাজধানীতে আগমনার্থ দশহরাবন্দপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

গত ২৭ জুলাই তারিখে ঢাকার মাজিস্ত্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ বেল সাহেব যে দুই মাসের ছুটি পান তাহার সম্পূর্ণকাল তাঁহার প্রার্থনামতে গত ২৪ তারিখঅবধি রহিত হইয়াছে।

CIVIL APPOINTMENTS.

11th October, 1837.

The following Gentlemen appointed by the Honourable the Court of Directors to the Civil Service of this Presidency, reported their arrival :—

Mr. Arthur A. Roberts, on the 6 h instant.

Mr. George Edmonstone, Junior, on the 6th instant.

Mr. Alexander Ross, on the 7th instant.

Mr. W. Edwards, on the 10th instant.

The Reverend Ralph Eteson has been appointed by the Honourable the Court of Directors an Assistant Chaplain on this Establishment, and reported his arrival at the Presidency on the 9th instant.

20th September.

The following officer has obtained leave of absence from his station

Baboo Ram Lochun Ghose, Deputy Collector of Dacca, for two months, from the 20th instant.

3d October.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Moolvie Mahommed Kuleem to be Sudder Ameen of Jessore.

Moolvie Mahommed Suffee to be Sudder Ameen in Zillah Beerbhoom.

7th October.

Mr. T. C. Trotter to be an Assistan under the Commissioner of Revenue and Circuit of the 19th or Cuttack Division.

10th October.

Mr. F. C. Smith to be Superintenden of Police in the Lower Provinces.

Mr. G. H. Clarke to be an Assistan under the Commissioner of Revenue an Ci cuit of the 15th or Dacca Division, bu to do duty for two months under the Com m ssioner of the 18th of Jessore Division at the Presidency.

Mr. E. E. H. Repton to officiate, unti further orders, as Magistrate and Collec tor of Balasore, in the room of Mr. Raike

Mr. F. J. Morris to officiate, until fur ther orders, as Special Deputy Collecto for the investigation of titles to hol land free from the payment of Revenue in Zillah Cuttack.

Mr. J. F. Hyde to be Secretary, Regis ter, and Examiner to the Committee fo the improvement of the town of Calcutta.

Baboo Benode Ram Sein to be Deputy Collector in Zillah Moorshedabad, unde the provisions or Regulation IX. of 1833

The following officers have obtaine leave of absence from their stations :

Mr. A. F. Donnelly, Collector of Midnapore, till the 29th instant, in extension of the leave granted by the Commissione from the 29th ultimo to the 16th current.

Mr. J. S. Torrens, officiating Joint Magistrate and Deputy Collector of Pubna, from the 15th to the 25th instant, in extension of the leave granted to him by the Commissioner of the 13th or Bauleah Division.

Moolvie Abdool Mujeed Khan, Principal Sudder Ameen of Chittagong, to proceed to the Presidency during the Dussera vacation.

The remaining portion of the leave granted to Mr. W. Bell, Assistant to the Magistrate and Collector of Dacca, on the 27th July last, for two months, is cancelled from the 24th ultimo, at his request.

৯ অক্টোবর।

সমাচার দেওয়া যাইতেছে যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর বর্ত্তমান মাসের ২১ তারিখ শনিবার পূর্ব্বাহ্ণে কলিকাতা রাজধানী হইতে পশ্চিম প্রদেশে যাত্রা করিয়া বাষ্পীয় জাহাজারোহণে বারাণসীপর্য্যন্ত উত্তীর্ণ হইয়া ছাউনি করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা শ্রীলশ্রীযুতের সমভিব্যাহারে গমনার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

মিলেটরি ডিপার্টমেণ্টের কার্য্যভারাক্রান্ত শ্রীযুত মেজর জেনরল সর উলিয়ম কেসমেণ্ট সাহেব।

সিবিল সম্পর্কীয় ডিপার্টমেণ্টের কার্য্যভারাক্রান্ত শ্রীযুত ডবলিউ এচ মাকনাটন সাহেব।

শ্রীযুত ডবলিউ এচ মাকনাটন সাহেবের ডেপুটি শ্রীযুত ডবলিউ এচ টরেন্স সাহেব।

উপরি উক্ত সাহেব লোকেরদের কলিকাতা রাজধানীর কর্ম্মে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত লেপ্টেনন্ট কর্ণেল জেমস ষ্টুয়ার্ট সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলেটারি ডিপার্টমেণ্টের একটিং সেক্রেটরী হইয়াছেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব ঐ গবর্ণমেণ্টের সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টের একটিং সেক্রেটরী হইয়াছেন। এবং শ্রীযুত আর ডি মাঙ্গলস সাহেব লেজিসলেটিব ও জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টের একটিং সেক্রেটরী হইয়াছেন।

১৪ অক্টোবর।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে গত মাসের ২৮ তারিখের অপরাহ্ণে দিল্লীর বাদশাহ আকবর শাহের মৃত্যু সম্বাদ প্রাপ্ত হইয়া ঐ বাদশাহের স্মরণার্থ কলিকাতাস্থ কিল্লার বুরুজহইতে এবং যুদ্ধসম্পর্কীয় অন্যান্য প্রধান স্থানহইতে মিনিট অন্তরে তাঁহার বয়ঃসমসংখ্যক ৮২ তোপ করিতে হুকুম দিয়াছেন।

৺ প্রাপ্ত বাদশাহের জেষ্ঠ পুত্র শ্রীলশ্রীযুত মীর্জা মহম্মদ আবুজফর আবুল মুজফর সরাজুদ্দীন মহম্মদ বাহাদুর উপাধি প্রাপ্ত হইয়া দিল্লীর সিংহাসনাভিষিক্ত হওয়াতে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে ঐ রাজাভিষেকের সম্ভ্রমার্থ ফোর্ট উলিয়ম কিল্লার বুরুজহইতে এবং যুদ্ধসম্পর্কীয় অন্যান্য স্থানহইতে সেলামী তোপ করিতে হুকুম দিয়াছেন।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের হুকুমক্রমে

ডবলিউ এচ মাকনাটন

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

২ অক্টোবর।

গাজিপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত সি রালিন্স সাহেব সুবেবাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

২৮ সেপ্টেম্বর।

হরিয়ানার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এস এস ব্রৌন সাহেব গত মাসের ১৮ তারিখের হুকুমনামাক্রমে যে ছুটি পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

২৯ সেপ্টেম্বর।

এটোয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মহম্মদ অলীমুদ্দীন খাঁ আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি ২০ দিবসের ছুটি পাইয়াছেন।

১১ অক্টোবর।

পুলোপিনাঙ্গের রেসিডেণ্ট কৌন্সলী শ্রীযুত জে ডবলিউ সালমন সাহেব স্বাস্থ্যার্থ চারি মাসের ছুটি লইয়া কলিকাতা রাজধানীতে আগমন করিতে ছুটি পাইয়াছেন।

9th October.

It is hereby notified, that the Right Honourable the Governor General will quit the Presidency in prosecution of his journey to the Upper Provinces, on the morning of Saturday, the 21st instant, proceeding by Steam to Benares, where His Lordship's Camp will be formed.

The following officers have been directed to proceed in attendance on His Lordship:

Major General Sir William Casement, K. C. B., in charge of the Military Department.

Mr. W. H. Macnaghten, in charge of the several Civil Departments.

Mr. W. H. Torrens, Deputy to ditto ditto.

To supply the place of the above officers at the Presidency, the Governor General in Council is pleased to make the following appointments:

Lieutenant Colonel James Stuart to officiate as Secretary to the Government of India in the Military Department.

Mr. H. T. Prinsep to officiate as Secretary to ditto in the Secret and Political Departments, and Mr. R. D. Mangles to officiate as Secretary to ditto in the Legislative, Judicial and Revenue Department.

14th October.

The Governor General in Council having received official intelligence of the demise of His Majesty Akbar Shah, King of Delhi, on the evening of the 28th ultimo, is pleased to direct that Minute Guns to the number of 82, being the number of the years of the deceased, be fired from the Ramparts of Fort William, and at all the principal stations of the Army, as a mark of respect for the memory of his deceased Majesty.

His Royal Highness the Prince Mirza Mahommed Aboo Zuffer, the eldest son of his late Majesty, having ascended the throne of Delhi, under the titles of Abool Mozuffer Surajoodeen Mahomed Buhadoor, the Governor General in Council is pleased to direct that, in honour of this occasion, a Royal Salute be subsequently fired from the Ramparts of Fort William, and at all the principal stations of the Army under this Presidency.

By Order of the Right Honourable the Governor General of India in Council.

W. H. MACNAGHTEN,

Secretary to the Govt. of India.

2d October.

The services of the Reverend C. Rawlins, A. B. now attached to the station of Ghazeepore, are placed at the disposal of the Right Honourable the Governor of Bengal.

By Order of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces.

28th September.

Mr. S. S. Brown, Magistrate and Collector of Hurrianah, has obtained leave of absence for one week, in extension of the leave granted him under Orders of 18th ultimo.

29th September.

Mahommed Ulleem Ooddeen Khan, Principal Sudder Ameen of Etawah, has obtained leave of absence for 20 days, from 1st November next.

11th October.

Mr. J. W. Salmond, Resident Councillor at Prince of Wales' Island, has been permitted to proceed to Calcutta, for the benefit of his health, and to be absent for a period of four months.

১৭ অক্টোবর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এফ জে হালিডে সাহেব শ্রীযুত আর ডি মাঙ্গলস সাহেবের পরিবর্ত্তে বঙ্গ রাজধানীর জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টের একটিং সেক্রেটরী হইয়াছেন।

শ্রীযুত সি ই ট্রিবিলিয়ন সাহেব শ্রীযুত হালিডে সাহেবের পরিবর্ত্তে সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটরী হইয়াছেন।

৪ অক্টোবর।

শ্রীযুত ই এচ মোরলাণ্ড সাহেব গত মাসের ২৮ তারিখে উত্তর পশ্চিম অঞ্চলের সিবল অডিটর ও ডেপুটি আক্কৌণ্টাণ্ট পদের ভার গ্রহণ করিয়াছেন।

৬ অক্টোবর।

চিকিৎসক শ্রীযুত জেমস ডনকেন সাহেব বেরেলি জিলার সিবলসম্পর্কীয় চিকিৎসক হইয়াছেন।

17th October.

The Right Honourable the Governor of Bengal has been pleased, with the sanction of the Supreme Government, to make the following appointments:

Mr. F. J. Halliday to officiate as Secretary to the Government of Bengal in the Judicial and Revenue Department, in the room of Mr. R. D. Mangles.

Mr. C. E. Trevelyan to officiate as Secretary to the Sudder Board of Revenue in the room of Mr. Halliday.

4th October.

Mr. E. H. Morland assumed charge of the offices of Civil Auditor and Deputy Accountant of the North Western Provinces, on the 28th ultimo.

6th October.

Mr. Surgeon James Duncan to the Medical Charge of the Civil Station of Bareilly.

সমাচার দর্পণ

শনিবার ২১ অক্টোবর ১৮৩৭।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের পশ্চিম দেশে শুভ যাত্রা অদ্য পূর্ব্বাহ্ণে স্থির হইয়াছে। আমরা শুনিয়াছি যদ্যপি কোন আকস্মিক বাধা উপস্থিত না হয় তবে শ্রীলশ্রীযুক্ত ১৮ মাস পর্য্যন্ত পশ্চিম দেশে অবস্থান করিবেন। তাঁহারা জল পথে বারাণসীপর্য্যন্ত গমন করিবেন ঐ ধামস্থ ছাউনিতে সহচরসকল একত্র হইবেন।

বৈদ্যনাথ।

বীরভূমির অন্তঃপাতি বৈদ্যনাথের মন্দির সংপ্রতি গবর্ণমেণ্টের দৃষ্টি গোচর হইয়াছে। পাঠক মহাশয়েরা অবগত আছেন যে বঙ্গদেশের মধ্যে ঐ দেবমন্দির সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ এবং অন্যান্য দেবদেবালয়াপেক্ষা বৈদ্যনাথের অধিক ভূমি বৃত্তি আছে। যখন বৃটিস গবর্ণমেণ্ট এই দেশ অধিকার করেন তখন দেখিয়াছিলেন যে ঐ ভূমি বৃত্তির তিন অংশের এক অংশ গবর্ণমেণ্টের প্রাপ্য কিন্তু গবর্ণমেণ্ট অতিশীঘ্র তাহা উপেক্ষা করিয়াছিলেন তথাপি তত্রস্থ প্রধান ওঝাকে নিযুক্তকরণে আপনারদের সম্মতির অপেক্ষা থাকে এমত ক্ষমতা চিরকালাবধি গবর্ণমেণ্টের আছে কিন্তু ১৮২০ সালে যখন ঐ বৃত্ত্যধিকারির পদ শূন্য হইল তখন গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে অপর এক ব্যক্তি প্রধান ওঝা তৎপদে নিযুক্ত হইলেন কিন্তু ঐ ব্যক্তি মন্দিরের কার্য্য কি অতিথি অভ্যাগত ও যাত্রিরদের উপকারের পক্ষে কিছু দৃষ্টি না রাখিয়া ঐ বৃত্তির অনেকাংশ হাত মারিলেন এবং তদ্দ্বারা স্বীয় পরিবারেরদিগকে সুখী করিলেন। কিয়ৎকাল পরে তাঁহার লোকান্তর হওয়াতে তৎপদে অপর ব্যক্তি নিযুক্ত করণের প্রস্তাব উত্থাপন হইলে গবর্ণমেণ্ট এই নিশ্চয় করিলেন যে ঐ বৃত্তির কর্ত্তৃত্ব কার্য্য এক জনের হস্তে অর্পণ না করিয়া তত্রস্থ অনেক পণ্ডারদের হস্তে অর্পণ করেন তাহাতে অধিকাংশ ব্যক্তি যাহা নিষ্পত্তি করিবেন তাহাই স্থির থাকিবে অতএব আপনারা আর বৈদ্যনাথের বৃত্তিবিষয়ে হস্তক্ষেপ করিব না।

নিষ্কর ভূমি।

এইক্ষণে নিষ্কর ভূমিবিষয়ক বিচার প্রায় অতিশীঘ্র নির্ব্বাহ হইতেছে তদ্বোধক

SUMACHAR DURPUN.

SATURDAY, OCTOBER 21ST, 1837.

The Governor General.

The departure of the Governor General is absolutely fixed for this morning. We have heard that if nothing unforeseen occurs, his Lordship is likely to be absent about eighteen months. The party proceed by water to Benares, where the camp will be formed.

The Temple of Deogur.

The temple of Bydenath in Beerbhoom has lately come under the special notice of Government. The reader is aware that it is the most celebrated of all the temples in Bengal; and that it enjoys far greater endowments in land than any other shrine. When the British Government took possession of the country, they found that as sovereigns, they were entitled to one-third of the revenues; but this third share they speedily relinquished. Still it was considered the prerogative of Government to give their sanction to the appointment of the Chief Priest. In 1820 when that post became vacant, a certain individual was appointed under the authority of Government; but instead of caring about the welfare of the temple or of the pilgrims, he alienated a large quantity of the property and enriched only his own family out of the revenues of the shrine. Some little time ago he died, and the question of choosing his successor having come up. Government determined to leave the matter entirely to the brahmun priests to be decided by the majority; and not any more to interfere with the affairs of Bydenath.

Rent-Free Lands.

We have copied from the *Chundrika*, a letter on the subject of the resumption of rent free lands, which is now go-

এক প্রস্তাব চন্দ্রিকাহইতে গ্রহণপূর্ব্বক প্রকাশ করা গেল। আমারদের বোধে যে সকল ভূমির সনন্দাদিরূপ সৎপ্রমাণ নাই তাহা গবর্ণমেণ্টের হস্তগত হওনের যোগ্য অতএব ঐ পত্রলেখকের অভিপ্রায়ে আমারদের তাদৃশ সম্মতি নাই তথাপি লেখকের বাঞ্ছা পূরণার্থ আমরা ঐ পত্র অনুবাদ করিয়া প্রকাশ করিলাম তাহাতে গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরদের দৃষ্টিপাত হইতে পারে।

ইনশালবেণ্ট আদালত।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত লেন মেনিয়ক সাহেব ইনশালবেণ্ট আদালতে গত শনিবারে আনীত হইয়া কহিলেন যে আমার বেতন এইক্ষণে মাসিক কেবল ৩৫০ টাকা কিন্তু উত্তরকালে সিবিলসম্পর্কীয় কার্য্যে প্রকৃতরূপে নিযুক্ত হইলে অধিক প্রাপণের প্রত্যাশা আছে। তাহাতে শ্রীযুত চীফ জুষ্টিস সাহেব হুকুম করিলেন যে ইহাঁর এইক্ষণকার বেতনের তিন অংশের এক অংশ মহাজনেরদিগকে দেওয়া যাউক উত্তরকালে যখন ইহাপেক্ষা অধিক বেতন পাইবেন তখন অধিক কাটিয়া দেওয়া যাইবে।

সর বেঞ্জিমেন মালকিন।

শুনিয়া আমরা পরমাহ্লাদিত হইলাম যে শ্রীযুত সর বেঞ্জিমেন মালকিন সাহেব কিঞ্চিৎ সুস্থ হইয়াছেন। কিঞ্চিৎ পূর্ব্বে তাঁহার পীড়া এমত ভয়ানক দৃষ্ট হইয়াছিল যে বাষ্পীয় জাহাজের দ্বারা অতিশীঘ্র সাগরহইতে তাঁহাকে ফিরে পাঠাইতে হইয়াছে। কল্য শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে তাঁহার পীড়া অনেক উপশম হইয়াছে।

মীর হুসেনআলীর মৃত্যু।

আমরা অত্যন্ত খেদপূর্ব্বক প্রকাশ করিতেছি যে মীর হুসেন আলী গত মঙ্গলবার অপরাহ্ণে পরলোকগত হইয়াছেন। তিনি দুই দিবসাবধি কেবল জ্বরগ্রস্ত হইয়াছিলেন। অনেক বৎসরাবধি ঐ আলী সদর দেওয়ানী আদালতের উকীল ছিলেন এবং উক্ত আদালতে উকীলেরদের মধ্যে সর্ব্বাপেক্ষা বিজ্ঞ ও অধিক ধনোপার্জন করিয়াছিলেন। তাঁহার মৃত্যুতে তদীয় মিত্রবর্গ সম্প্রদায় অত্যন্ত খেদার্ণবে মগ্ন হইয়াছেন।

পুনশ্চ আফীণ ধৃতকরণ।

এই সপ্তাহে শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে সম্বাদ পাইয়া শ্রীযুত মকান সাহেব যোড়াসাঁকোতে কৃষ্ণমোহন শাহ ও গঙ্গাধর শাহর বাটীতে গিয়া দেখিলেন যে তৎপূর্ব্বে ২ ঘণ্টা হইবে ৫ মোন আফীণ নৌকাহইতে গোপনে আনীত হইয়া ঐ বাটীর মধ্যে লুক্কায়িত আছে। ঐ আফীণ কতকগুলা শাক ও তরিতরকারি দিয়া ঢাকা ছিল। ঐ কুকর্ম্মে লিপ্ত অনেক ব্যক্তি সেই স্থানে ধরা পড়িয়াছে এবং তাহার নিকটবর্ত্তি অন্য এক বাটী অন্বেষণ করাতে ৪ বাক্স চোরা নীল পাওয়া যায়। আফীণ চোরেরা কষ্টম বোর্ডের সাহেবের নিকটে প্রেরিত হইল নীল মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান গেল।

নীলের ফসল।

হরকরার এক জন পত্রপ্রেরক বর্ত্তমান বৎসরে ভবিষ্যৎ নীলের কত ফসল হইবে তদ্বিষয়ক এক ফর্দ্দ পাঠাইয়াছেন এবং ঐ ফর্দ্দে ত্রিহুত ও ছাপরা জিলাতে ১৫,৫০০ মোন। কৃষ্ণনগরে ১৫,০০০ মোন যশোহরের ১৫,০০০ মোন ও অন্যান্য তাবৎ জিলা লইয়া সর্ব্বসুদ্ধ ৯০,১০০ মোন উৎপন্ন হইবে লিখিয়াছেন। কিন্তু এই অনুমান যে কিপর্য্যন্ত প্রমাণক তাহা এইক্ষণে কহা যাইতে পারে না।

ing on so rapidly throughout the country. Though we do not concur in the writer's views; because we think that every tenure with a defective title ought to lapse to Government, yet we cheerfully comply with the request of the writer, that we would put the letter in a state in which it may meet the eye of Government.

Insolvent Court.

Mr. Magniac, of the Civil Service, having been brought up in the Insolvent Court, last Saturday, and stated that his present allowances were only 350 Rupees a month, but that he expected a large income when he should obtain a situation on the strength of the Service, the Chief Justice directed, that for the present one-third of his salary should be paid to his creditors, but that an order should be issued for a larger deduction in proportion to the emoluments he might afterwards obtain.

Sir B. Malkin.

We are most happy to learn that Sir B. Malkin is considered to be much better. Appearances were so alarming, that it was found necessary to send him back to town by a Steamer forthwith. We had the gratification of hearing yesterday that there was a visible and favourable change.—*Comp. Oct.* 17.

Death of Meer Hosein Ali.

We are extremely sorry to announce the death of Meer Hosein Ali; he died on Tuesday evening, after an illness of two days, occasioned by fever. He was for many years Government pleader in the Sudder Dewanny Adawlut; he was the ablest and most successful pleader in that Court, and his death will be regretted by a very numerous circle of acquaintance.

Another Seizure of Opium.

During this week upon information received by the Superintendant, Mr. McCann, proceeded to Jora Sanko, to the house of Krishnomohun and Gungadhur Shah, and in due time discovered 5 maunds of Opium concealed in the premises, and only brought into town from the river side about two hours before. The opium was covered with vegetables. A great number of persons implicated, were arrested about the spot; and on searching the houses in the immediate neighbourhood, 4 boxes of stolen Indigo were also discovered. The Opium smugglers were forwarded to the Board of Customs, and the Indigo was forwarded to the Magistrate.

Indigo Crop.

A correspondent of the *Hurkaru* has come forward with an estimate of the probable out-turn of the Indigo of the present season, and he gives us for the Zillahs of Tirhoot and Chupra 15,500 maunds, Krishnagore 15,000 maunds, and Jessore 15,000; in all the districts, 90,100 maunds. How far this estimate is correct, remains to be seen.

আসামদেশের বিবরণ।

শ্রীযুত ডাক্তর মক্কাস সাহেব প্রায় দুই বৎসরাবধি আসামদেশে বাসকরত প্রকৃত কাগজ পত্র দৃষ্টিপূর্ব্বক উপায় প্রাপ্ত হইয়া তদ্দেশীয় তাবদ্বিষয়ক বৃত্তান্ত বিবরণের একগ্রন্থ প্রস্তুত করিয়াছেন। এবং ঐ গ্রন্থ গবর্ণমেণ্টের ব্যয়ে সম্প্রতি মুদ্রাঙ্কিত হইয়াছে। পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে যে আসামদেশের সর্ব্বাপেক্ষা গুণশালি ৺ প্রাপ্ত হলিরাম ঢেকিয়াল ফুকন ইহার কএক বৎসর পূর্ব্বে আসাম বুরঞ্জী নামক তদ্দেশীয় বিবরণের এক গ্রন্থ প্রকাশ করিয়াছিলেন কিন্তু শ্রীযুত ডাক্তর মক্কাস সাহেব যে গ্রন্থ এইক্ষণে প্রকাশ করিয়াছেন তাহা তদপেক্ষা পূর্ণ যেহেতুক ঐ দেশের রাজশাসনার্থ যে নানা সাহেবেরা নিযুক্ত ছিলেন তাঁহারদের রিপোর্টহইতে যে সকল বিষয় ইষ্ট তাহা চুম্বকে সংগ্রহ করিয়াছেন। এই অতিমনোরঞ্জক গ্রন্থের বিবরণ সংক্ষেপ লিখনেরও যদি আমারদিগের দর্পণে স্থান থাকিত তবে প্রকাশ করিতাম অতএব এইমাত্র লিখিয়া বিরত হইতে হইল। কামরূপ দেশের তাবৎ ভূমির দশাংশের একাংশ গ্রাম ও উদ্যান দুই অংশ ধান্য ভূমি সপ্ত অংশ করযোগ্য নহে অর্থাৎ জঙ্গল নদী পর্ব্বতাদি দেশীয় লোক সংখ্যা এইরূপ অনুমিত হইয়াছে।

আসামদেশের রাজস্বের আয় ব্যয় ও তদ্বিবরণ ঐ গ্রন্থহইতে সংগ্রহপূর্ব্বক নীচে প্রকাশ করা যাইতেছে।

জিলা।

আসাম রাজা	২,২০,০০০
দোরঙ্গ	৮৯.৫১৯
নওগাঁ	৯০,০০০
কামরূপ	৩,০০,০০০
গোয়াল পাড়া অনুমান	১,০০,০০০
সর্ব্বসুদ্ধ	৭.৯৯.৫১৯

শ্রীযুত কাপ্তান পেম্বর্টন সাহেবের রিপোর্ট অনুসারে আসাম ও গোয়ালপাড়া ও উত্তর জয়ন্তীর রাজস্বের আয় ব্যয়ের সংক্ষেপ বিবরণ।

আয়।

ভূমির রাজস্ব।	টাকা।
কামরূপ	২,০০,০০০
দোরঙ্গ	১,০০,০০০
নওগাঁ	৬০,০০০
জিলা গোয়ালপাড়া ও কোঁচবেহার	৮১,৮৪৪।৶
গোয়ালপাড়ার গারোর হাটে আদায়	৪১,৫০০
গারো মহালের রাজস্ব ও গারোদিগের নজর ন্যূনাধিক	৪,০০০
গোয়ালপাড়ার আফীণ বিক্রয়	১৪,২০০
আবকারী মহালের খাজনা	৩,৩২২
ইষ্টাম্প কাগজ বিক্রয়	৭,৩০৩/
উত্তর আসামের বন্দোবস্তী রাজস্ব	৫০,০০০
জয়ন্তীর রাজস্ব ন্যূনাধিক	৫.০০০
	৫,৬৭,১৬৯৷৴ ৬

বাদ।

সিবিলসম্পর্কীয় আমলা ও সর্ব্বপ্রকার খরচা ফিক তফসীল	৫.৪২,৭৮৯৶ ১১
লভ্য	২৪,৩৮০।/ ৭

ব্যয়।

সাধারণ খরচ।

এজেন্ট সাহেব ও তাঁহার সেরেস্তার মাসিক বেতন	৩,০১০
এজেন্ট সাহেবের আমলারদের রাহা খরচ	৬০৭।৶ ৫
ঐ ঐ বাজে খরচ	৫০০
কমিস্যনর সাহেবের দপ্তরে	৮৩৫

Topography of Assam.

Dr. McCosh, who has for more than two years resided in Assam, and had access to original documents, has drawn up a full account of the country, in every possible respect; and this work has just been printed at the expense of Government. Our readers may remember that a very good description of this country was published in the Bengalee language, by the late Huleeram Dhenkeal Fookkun, one of the most enlightened Natives of that country. But the present account of Dr. McCosh is far more ample, because he has been enabled to copy from the Reports of the various public officers who have been employed in the Government of the country. We wish we had space for a full analyses of this very interesting book, but we must content ourselves with stating, that of the area of Kamroop, one-tenth is village and plantation lands, two-tenths are under rice cultivation, and seven-tenths are waste, as rivers, hills and jungles.

The population of the country is thus estimated.

POPULATION OF ASSAM.

Districts.

Assam Rajah,	220,000
Durung,	89,519
Nowgong,	90,000
Kamroop,	300,000
Goalpara, not ascertained, but probably,	100,000
Grand Total,	799,519

The following is the account of all the revenues of Assam, together with the disbursements.

Abstract of Revenue and Charges of Assam, Goalparah, and Northern Jynteeah, as per Captain Pemberton's Report.

Receipts.

Land Revenue.		*Co.'s Rs.*
Kamroop, ...	Assam, estim	200,000
Durung,	Assam, do. ..	100,000
Nowgong, ...	Assam, do. ...	60,000
Zillah Goalparah, including Cooch Behar,......		81,844-4-6
Add.		
Garrow Haut collections at Goalparah,......		41,500
Rent of Garrow Mehals and Garrow Nuzzurana, about		4000
Sale of Opium at Goalparah,		14,200
Abkarry Collections		3,322
Sale of Stamps,..................		7,303-5-0
Upper Assam Tribute,.........		50,000
Jynteeah estimated Revenue,		5,000
		5,67,169-9-6
Deduct Civil Establishments and other charges, as per annexed statement, ...		5,42,789-3-11
Diff. Comp.'s Rupees,...		24,380-5 7

Disbursements.

General Charges.	*Per month.*
Agent's Establishment, including Agent's salary, per mensem,	3,010-0-0
Agent's Establishment, travelling allowances, ...	607-7-5
,, Contingency,.........	500-0-0
Commissioner's office, ...	835-0-0

দেওয়ানী ও ফৌজদারী আদালতের খরচ ...	১,৬০৶ ৪
কালেকটরী আদালতের খরচ	১,৫৩৷/ ১০
	৫,২৬৬৶ ৭
সালিয়ানা	৬৩,১৯৪৷৶
উত্তর আসাম ও সদিয়ার পোলিটিকাল এজেন্ট সালিয়ানা	২২.১২১৷৵ ৮
আসামদেশস্থ পদাতিক সৈন্যের খরচ	১,৫২,৬৪৮
আসামদেশস্থ সেবন্দি সৈন্যের খরচ	৬৬,০০০
	৩০,৩,০৬৪৷৵ ৮
সিবিলসম্পর্কীয় সেরেস্তা।	
কামরূপ সালিয়ানা ...	৫৮,৪৮৮
দোরঙ্গ ঐ	৩৫.১২১
নওগাঁ ঐ	৩২,৪৪৮
গোয়ালপাড়া ঐ ...	৮১,৭৬৭৷৷ ৩
রেবিনিউ সরবেয়রের দপ্তর ঐ.	৭০০০
উপরিউক্ত চারি জিলার বাজে খরচ মাসিক ২০০০ বার্ষিক.........	২৪,০০০
	কোং ৫,৪২,৭৮৯৶ ১১

আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে গবর্ণমেণ্ট আসামদেশের নিমিত্ত অতি সহজ যে নূতন আইন করিয়াছেন তাহা আসাম ভাষাতে অনুবাদ হইয়া অতিশীঘ্র প্রকাশ হইবে।

অযোধ্যা।

ইঙ্গলিসমেন সম্বাদপত্রের দ্বারা অবগম হইল যে গবর্ণমেণ্ট অযোধ্যা রাজ্যের ব্যাপারের মধ্যে এইপর্য্যন্ত হস্তক্ষেপ করিতে নিশ্চয় করিয়াছেন যে ঐ রাজ্যের মধ্যে সরকারী খরচে যে সৈন্যেরা নিযুক্ত আছে তদ্বিষয়ে এক নূতন নিয়ম করিবেন অর্থাৎ গবর্ণমেণ্ট এমত মানস করিয়াছেন যে অযোধ্যা রাজ্যের সরকারী কার্য্য নির্ব্বাহার্থ এক দল নূতন সৈন্য নিযুক্ত করিয়া কোম্পানি বাহাদুরের সেনাপতিরদিগকে ঐ নূতন সৈন্যের অধ্যক্ষতা কার্য্যে নিযুক্ত করিবেন। ইহাতে দেশের শান্তি ও মঙ্গল বৃদ্ধি হইবে সন্দেহ নাই দেশের মঙ্গল হইলে রাজস্ব পূর্ব্বের ন্যায় অন্যায়পূর্ব্বক আদায় না হইয়া যথার্থরূপে আদায় হইবে এবং এই নূতন নিয়মের দ্বারা সকলেরই মঙ্গল। বোধ হয় যে শ্রীযুক্ত রেসিডেণ্ট সাহেবের পরামর্শক্রমে ভারতবর্ষের মধ্যে প্রায় সর্ব্বাপেক্ষা বিজ্ঞ শ্রীযুত হকিম মেহ্দিআলী খাঁ অযোধ্যা রাজ্যের কর্তৃত্ব কার্য্যে অভিষিক্ত হইবেন। তাঁহার অতি সুবিবেচনীয় কর্তৃত্বাধীনে এবং বৃটনীয় কর্ম্মকারকেরদের সাহায্যে ভরসা করি যে এই দেশ পূর্ব্বের ন্যায় সমৃদ্ধ হইতে পারে।

রাজস্ব ক্ষমাকরণ।

পশ্চিম প্রদেশে অনাবৃষ্টিতে যে অত্যন্ত দুরবস্থা হইতেছে তদ্দৃষ্টে কমিস্যনর শ্রীযুত হমিল্টন সাহেব আলাহাবাদস্থ সদর বোর্ডে এই প্রস্তাব করিয়াছেন যে কিয়ৎকালের নিমিত্ত জমিদারেরদের স্থানে রাজস্ব আদায় ক্ষমা করা যায় এবং জমিদারেরদিগকে রাইয়তের স্থানে খাজানা আদায় করিতে নিষেধ হয়। ইহাতে যে বিষয়ে দৃষ্টি রাখিয়া কর্ম্ম করিতে হইবে তাহা এই যে রাইয়তেরা যে দৃঢ়তর কর কখন দিতে পারে না সেই কর দেওনের ভয়ে তাহারা অতি দূর২ স্থানে গিয়া আশ্রয় না লয় এবং যদ্যপি শ্রীযুত বোর্ডের সাহেবেরা শ্রীযুত হামিল্টন সাহেবের প্রস্তাবে সম্পূর্ণ সম্মত না হইয়াছেন তথাপি তাঁহার প্রস্তাবের মর্ম্মানুসারে রাজস্বের কিঞ্চিৎ ক্ষমা করিতে হুকুম দিয়াছেন।

,, Judicial Contingency,	160-2- 4
,, Revenue Contingency,	153 9-10
	5,266-3 7 for
12 Months,	63,191-11 0
Political Agent, Upper Assam and Suddya per annum, ...	22 121-10-8
Assam Light Infantry,.......	152 648- 6-0
,, Sebundy Corps, ...	66,000- 0 0
Civil Establishment.	
Kamroop, ...	58,488-0-0
Durung.	35,121-0-0
Nowgong, ...	32 448-0-0
Goalparah, ...	81,767-8-3
Revenue Survey Department,	7,000-0-0
Add for contingencies of the four Divisions (uncertain) 2000 per month...........................	24,000-0-0
Company's Rupees,	542,789-3-11

(Signed) F. JENKINS.

We are happy to learn, that the New Code of laws caused to be drawn up for Assam, is extremely simple in its nature, which Government have translated into the Assamese language, and will very shortly issue from the Press.

Oude.

We learn from the *Englishman*, that it is the intention of Government to interfere so far in the affairs of Oude as to re-organize the army, which is now kept up at the expense of the state, that is to say, it is the intention of Government to raise a new Army for the public service in Oude, and to officer it from the British Army. There can be no doubt that the peace and tranquillity of the country will be greatly promoted thereby; that the revenue will be collected without the usual oppression, and that the whole country will derive benefit from the arrangement. There can be little doubt that it was with the advice of the Resident that Hakim Mendy Ali Khan, one of the ablest natives to be found in India, was placed at the head of affairs in Oude. Under his able management, and with the cordial co-operation of the British authorities, it is to be hoped that this country will be restored to its former prosperity.

Distress of the Western Provinces.

In consequence of the severe distress which prevails in the Western Provinces through the drought, Mr. Hamilton, the Commissioner, proposed to the Sudder Board of Revenue at Allahabad, to suspend the exaction of revenue for a definite period from the Zemindars, and to prohibit their exacting the revenue in their turn from the ryuts; as the great object to be kept in view was to prevent their quitting their farms and seeking shelter in distant provinces, from exactions which they could never pay. Although the Board have not gone the full length of Mr. Hamilton's proposal, they have agreed according to the general spirit of it, to make some deductions.

ফরক্কাবাদ।

গত মাসের ১২ তারিখে যে বৃষ্টি হয় তাহাতে ঐ জিলার ভাবি মঙ্গলের চিহ্ন কিঞ্চিৎ দৃষ্ট হইয়াছে। অন্যান্য জিলা অপেক্ষা ফরক্কাবাদ জিলাতে ইহার পূর্ব্বে অল্প বৃষ্টিতে অধিক ক্লেশ হইয়াছিল। ঐ স্থানে খরীপের ফসল গিয়াছে এমত কহিতে হইবে কিন্তু যদি আর দুই এক আছড়া বৃষ্টি হয় তবে রবির ফসল রক্ষা পাইবে। নীল সামান্য বৎসরাপেক্ষা অধিক জন্মিবে এমত বোধ হইতেছে। তাহার মূল্যও অতিশয় চড়তি আছে অতএব নীলকর সাহেবেরদের এই বৎসরে বিলক্ষণ লাভ হইতে পারে।

শতদ্রু নদী।

অনাবৃষ্টিতে শতদ্রু নদীর ভাব এমত দেখা গিয়াছে যে অন্যান্য বৎসরে বর্ষাকালে একেবারে দেশাপ্লাবক হয় কিন্তু এই বৎসরে তাহা দিয়া পাদব্রজে গমন করা যায়। ইহাতে শস্যের মহামূল্য হইয়াছে এবং বিলোচি লোকেরা দুর্ভিক্ষ হইবে বোধে শতদ্রু পার হইয়া সিন্ধু দেশ লুঠ করিতেছে।

মুরাদাবাদ।

মুরাদাবাদ ও শাজাহানপুর জিলাতে শস্য অতিদুর্মূল্য কিন্তু আগামি রবির ফসলের বিষয়ে বিলক্ষণ ভরসা আছে সেই স্থানে ইউরোপীয় ও দেশীয় কর্ম্মকারক বদান্য মহাশয় ব্যক্তিরদের দানেতে দরিদ্র লোকেরা আহার পাইতেছে। তাঁহারদের মধ্যে প্রধান মাজিস্ত্রেট শ্রীযুত ওকডেন সাহেব অগ্রগণ্য এবং তদনুরূপ অন্যান্য মহাশয়েরদের যে বদান্যতা গুণ অব্যক্ত ছিল তাহা এইক্ষণে ব্যক্ত হইয়াছে।

জয়পুর।

জয়পুর রাজ্যস্থ সিপাহীরা সংপ্রতি মহাজনেরদের উপর আক্রমণ করিয়া প্রহার ও আঘাতের দ্বারা তাহারদের শস্য টাকায় ৩০ সেরপর্য্যন্ত সুমূল্যে বিক্রয় করাইতেছে তাহাতে এই অত্যাচারের বিষয়ে শ্রীযুত রাওল বৈ রসালের নিকটে নালিশ হয় এবং তিনি আপনার পৈতৃক ধারানুসারে ঐ নালিশবন্দ মহাজনেরদিগকে কহিলেন যে তোমরা যদি এই শহরে টাকায় ২৫ শের গোম এবং ৩৫ সের যব বিক্রয় কর তবে তোমারদিগকে রক্ষা করিব। তাহাতে অগত্যা তাহারদের স্বীকার করিতে হইল।

মীর্জাপুর।

মীর্জাপুরস্থ বংশীধর শাহ নামক অতি বিজ্ঞ বদান্য উৎসাহি ধনি এক জন হিন্দু মহাজন উজ্জলা নদীতে এক সাঁকো গ্রন্থনার্থ মাজিস্ত্রেট সাহেবের হস্তে ১২০০০ টাকা অর্পণ করিয়াছেন। ঐ নদী পুরাতন আলাহাবাদের রাস্তা ও মীর্জাপুর এবং বিন্ধ্যাচলস্থ অতিপ্রসিদ্ধ প্রতিমাস্থানের মধ্যস্থ। বহুকালাবধি ঐ পর্ব্বতীয় নদীতে একটা সাঁকো হওনের আবশ্যক ছিল কিন্তু এপর্য্যন্ত গবর্ণমেণ্ট নগরীয় মাসুল ও খুদারার মাসুলের কিঞ্চিদংশও এই মহা ব্যাপার সম্পাদনার্থ ব্যয় করিতে আজ্ঞা করেন নাই।

এইক্ষণে অনেক কালের পর মীর্জাপুর অবধি চণ্ডালগড়পর্য্যন্ত রাস্তা প্রস্তুত করণার্থ গবর্ণমেণ্ট হুকুম দিয়াছেন। এই মহা ব্যাপারের অনুষ্ঠান কেবল আমারদের মীর্জাপুরের অতি বিজ্ঞ কর্ম্মদক্ষ মাজিস্ত্রেট সাহেবের মহোদ্যোগে হইয়া তাঁহার কর্তৃত্বাধীনে ঐ কার্য্য এইক্ষণে শীঘ্র নিষ্পন্ন হইতেছে। সাবেক রাস্তার নিমিত্ত গবর্ণ

Furruckabad.

The rain on the 12th has made the prospects of the district a little brighter. This part of the country had previously suffered from drought, more, perhaps, than any other. The Khureef crops are almost a failure, but another fall of rain would make the Rubbee crop a plentiful one. The most profitable crop of all will be the Indigo seed, which is likely to be abundant and productive, far beyond average seasons; and the prices keeping very high, must make the out-turn highly advantageous.

The Sutlej.

The absence of rain has been so severely felt, that the water in the Sutlej is sufficiently low to make it fordable at a time when it usually overflows. This has raised the price of grain, and the Beloochees in anticipation of a famine, have crossed over and plundered the estates of the Ameers of Sindh.

Mooradabad.

Grain maintains its high price in this and the Shahjehanpoor districts, though the prospects of an abundant Rubbee crop are very favourable. Numbers of people are supported by the charity of the civil functionaries, both European and Native. Mr. Okeden is foremost in this work, and his example has called into life the torpid humanity of many others.—*Agra Ukh.*

Jeypoor.

The sepoys in the pay of this State, reasoning as sepoys do, recently rose on the Buneeahs, and by the persuasive power of blows and stripes forced them to dispose of their grain at a "reasonable price," *i. e.* 30 seers per rupee. Complaints being made against this violence to the Rawul Berree Sal, he, walking in the ways of his fathers, agreed to protect the complainants, if they bound themselves to supply the city with grain at the rate of 25 seers for wheat and 35 for barley, terms they closed with, having no better.—*Agra Ukh.*

Mirzapoor.

(From a Correspondent.)

A liberal, intelligent, enterprising and wealthy Hindoo merchant, of the name of Bunsidhur, has placed in the hands of the magistrate the sum of 12,000 Rupees for the purpose of building a bridge over the Oojlah Nuddee, between the town of Mirzapoor and the celebrated place of Thug worship—Bindachul, on the old Allahabad road. A bridge over this hill stream has for a long time been much desired; but Government would not permit any portion of the Town duties and Ferry collections to be applied to this object.

Government have at last sanctioned the construction of a new road between this station and Chunar. The community owe this grand improvement entirely to the exertions of our active and

মেণ্টের নম্রমানুসারে লজ্জা পাইতে হইত যেহেতুক বহুকালাবধি তাহাতে গাড়ি চলিতে পারিত না অথচ সাগর ও নর্ম্মদা দেশে ও দানাপুরে সৈন্য গমনের যে রাস্তা তাহার এক অংশ ঐ রাস্তা ছিল। নূতন রাস্তা ইঞ্জিনিয়র শ্রীযুত কাপ্তান উলিস সাহেবের দ্বারা প্রস্তুত হইয়াছে।

আগ্রা।

আগ্রা শহরে ক্রমে শস্য দুর্ম্মূল্য হইয়াছে এবং মহাজনেরা শস্য বিক্রয়ক রণে আরো দিনং দৃঢ় হইতেছেন। আগ্রা শহরের চেলো মহাজনেরদিগকে সকলে জানিতে পারে এবং উচিতমতে তাঁহারা সম্ভ্রান্ত হন এতদর্থ তাঁহারদের নাম নীচে লেখা যাইতেছে। পিরুমল। দ্বারকানাথ দাস ও অঞ্জনমল ইহাঁরদের মধ্যে বর্জনীয় চতুর্থ ব্যক্তি বস্তিরাম তিনি কিঞ্চিৎ ন্যূন মূল্যে শস্য বিক্রয় করিতে চাহেন যদি উক্ত মহাজনেরা সেই দরে বিক্রয় করেন কিন্তু তাহা তাঁহারা কদাচ করিবেন না।

গয়লিয়র।

গয়লিয়র অঞ্চল অতি দুরবস্থাতে পতিত হইয়াছে ১২ সেপ্তেম্বর অবধি বিন্দুমাত্র বর্ষণ হয় নাই কেবল ঐ দিবসে কিঞ্চিৎ মাত্র হইয়াছিল। তাবৎ চৌবাচ্চা শুষ্ক হইয়াছে এবং বোধ হয় যে মহারাজার ছাউনিতে যে ২ লক্ষ লোক আছে এবং রেসিডেন্ট সাহেবের চাকর নাকরেরা বুঝি মালওয়ার দেশে গিয়া প্রাণ রক্ষা করিবে।

স্কটলণ্ড দেশের পর্ব্বতীয় দুঃখিরদের উপকার।

এই অতিবদান্যতার ব্যাপার সম্পাদনার্থ বঙ্গদেশে যে টাকার চাঁদা হইয়াছে তাহার সংখ্যা ১৪.০০০। তাহাতে মান্দ্রাজস্থ ধনিরা স্বং বিষয়ানুসারে অধিক দান করিয়াছেন অর্থাৎ ১৩,৫৫৪৷৵ টাকা।

বোম্বাইতে সঞ্চয়ার্থ বেঙ্ক।

সংপ্রতিকার প্রকাশিত বোম্বাইর গবর্ণমেণ্ট গেজেটে ঐ রাজধানীস্থ বেঙ্কের দুই বৎসর অর্থাৎ ১৮৩৫ সালের ১ মে তারিখঅবধি ১৮৩৭ সালের ৩০ আপ্রেল পর্য্যন্তের কার্য্য প্রকাশ হইয়াছে। যদ্যপি ঐ বেঙ্ক টাকার সংখ্যাতে কলিকাতাস্থ বেঙ্কঅপেক্ষা অনেক পশ্চাৎবর্ত্তী তথাপি অধিক উন্নতি হইতেছে বোধ হয়। উক্ত বেঙ্কের বর্ত্তমান অবস্থার বিবরণ নীচে লেখা যাইতেছে।

আমানৎকারিরদের সংখ্যা ৯৭৫. তাহার মধ্যে তিন ভাগের এক ভাগ এতদ্দেশীয় লোক। আমানতী টাকার সংখ্যা ৩,৪০,২৭০। যত টাকা বাহির করা গিয়াছে তৎসংখ্যা ১,০২,৩৩৭। অতএব আমানৎকারিরদের নামে জমা ২,৬৯,০৬০।

[কোন পত্রপ্রেরকহইতে।]

নাচ।

বর্ত্তমান মাসের ১৪ তারিখে শোভাবাজারের রাজবাটীতে শ্রীযুক্ত মহারাজ শিবকৃষ্ণ বাহাদুর ও তদ্ভ্রাতৃগণের দ্বারা এক বিশেষামোদজনিক সভা হওনানন্তর রাত্রি ৯ ঘণ্টার সময়ে আরম্ভ হইয়া শেষ প্রহর যামিনীপর্য্যন্ত ছিল। এতদুপলক্ষে

worthy magistrate, under whose superintendence the work is rapidly progressing. The old road was a disgrace to the ruling powers, having for years been impassable to wheeled carriages, although it formed part of the military route between the Saugor and Nerbudda territories and Dinapore. The new line has been traced by Captain Willis, of the Engineers.—*Agra Ukh.*

Agra.

Grain continues to advance in price and the holders in firmness, as it is called. We annex the names of the principal corn merchants in the city, that they may be known and honoured as they deserve.

Peroo Mul, Dwarkanauth Doss, Unjun Mul; a fourth and honourable exception is Bustee Ram, who is willing to sell if his co-dealers will, but they will not.—*Agra Ukh.*

Gwalior.

This country is in a most deplorable condition; not a drop of rain since 12th ultimo, and then but a shower; our wells are nearly dry; and it is supposed the Maharajah's camp (200,000 souls) and the Residency must by and bye, go into Malwa.—*Agra. Ukh.*

Relief of the Distressed Highlands and Islands of Scotland.

The subscriptions in Bengal for this benevolent object amount to 14,000 Rupees. The Madras Presidency has come forward with a more liberal hand in reference to its limited means, and subscribed Rs. 13,544-13 as.

Savings' Bank at Bombay.

The last *Bombay Government Gazette* contains a report of the Savings' Bank at that presidency, for the first two years of its operations, from its commencement on the 1st May, 1835, to the 30th of April last. The establishment seems to be in a very thriving condition, though much behind the Calcutta Savings' Bank in the amount of its receipts. The following is a summary view of its condition:

The number of depositors amounts to 975, of whom one-third are natives. The amount of deposits to 3,40,270 Rupees. The sums withdrawn amount to 1,02,337 Rupees. The nett balance at credit of the depositors amounts to 269,060 Rupees.

[From a Correspondent.]

Nautches.

On the 14th instant, there was a select party at the splendid mansion of Maha Rajah Shiva Krishna Bahadoor and Brothers. The *Nautches* commenced just after 9 P. M., and kept up gleefully till 3 in the morning. Several Ladies and Gentlemen of respectable classes,

প্রধানং সাহেব ও বিবি লোক ও এতদ্দেশস্থ মান্য বংশ্য মহাশয়চয় এবং হিন্দুস্থানীয় রাজ ও নবাব দরবারের উকীল সকল আগমন করিয়াছিলেন।

নৃত্যশালা ইঙ্গরেজদিগের তুল্য সুশোভিতা ছিল এবঞ্চ সাহেবলোকের আহার্য্য সামগ্রীও উত্তম সুস্বাদুযুক্ত প্রস্তুতা ছিল।

আমন্ত্রিত মহানুভব ব্যক্তিগণসহ শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর স্বীয় প্রখ্যাত শিষ্টাচার ও মিষ্টালাপ ভাব এবং সৌগন্ধ্য দ্রব্যাদি প্রদান বিধানে তাবতেই আনন্দমনে নিজনিজ স্থানে প্রস্থান করিলেন।

উক্ত নৃত্য গীত কোন দেবোদ্দেশে হয় নাই।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

শিমলাহইতে গত মাসের ২০ তারিখে ভারতবর্ষের প্রধান সেনাপতি শ্রীল শ্রীযুত সর হেনরি ফেন জি সি বি হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসননামক পাঠশালার তাবদ্বৃত্তান্তাবগতি পুরঃসর তুষ্ট হইয়া তথাকার দর্শক শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরযোগে তদুন্নতিহেতু দানকারণ ১০০ এক শত মুদ্রা প্রদান করিয়াছেন।

শ্রীকৃষ্ণহরি বসোঃ

জেনরল সুপরিণ্টেণ্ডেণ্ট।

১৭ অক্তোবর ১৮৩৭।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

কলিকাতার মেডিকেল টোপগ্রাফি।

এই বিষয় ডাক্তর মার্টিন সাহেব বিরচিত পুস্তক আমরা অত্যন্ত আহ্লাদপূর্ব্বক পাঠ করিয়াছি টৌন ইমপ্রুবমেণ্ট কমিটিহইতে যে লিপির অপেক্ষা আছে তাহার অভাবে এই পুস্তকে অনেক উপকার হইবেক কলিকাতার পীড়ার হ্রাস বৃদ্ধিজনক অবস্থাসম্বন্ধীয় জ্ঞান এই গ্রন্থহইতে প্রাপ্ত হইলে পর সম্পূর্ণতররূপে অন্য কোন সামান্য গ্রন্থ রচিত হইতে পারিবেক এইক্ষণে এ স্থানেতে পূর্ব্বাপেক্ষা রোগের হ্রাস হইয়াছে তাহা যেং লোক অনেক দিবস পর্য্যন্ত এতদ্দেশে প্রবাস করিতেছেন তাঁহারা উত্তম জানেন এইরূপ পীড়া হ্রাস হইবার তিন কারণ আছে। প্রথম কারণ এই যে লাটরি কমিটি নগরের স্থান শোধন করিয়াছে—দ্বিতীয় কারণ এই যে বৈদ্যক শাস্ত্রের অনেক বৃদ্ধি হইয়াছে এবং তৃতীয় কারণ এই যে পূর্ব্বাপেক্ষা সকলে পরিমিত আহার ব্যবহার করিয়া থাকে এতদ্দেশে উষ্ণ বায়ুতে অনেক ব্যামোহ জন্মে বটে কিন্তু তথাপি তাহার বৃদ্ধির কারণ নষ্ট করিতে পারিলে তাহা করিয়া ব্যাধির আক্রোশ সহিবার কোন আবশ্যক নাই এবং স্বেচ্ছাধীন কর্ম্মেতেও তাহা বৃদ্ধি করিলে মূঢ়তা প্রকাশ হয় অতএব রোগবিষয়ক বর্ণনা কেবল নগরের অবস্থা ও লোকের নীতিবিষয়ের আলোচনা যদ্যপি আমরা সকল বিষয়ের উত্তম ব্যবহার করি তবে স্থান শোধন ও বুদ্ধির বৃদ্ধি সমতাতে চলিবে নূতনং রাস্তা নির্ম্মাণ কিম্বা বন জঙ্গল ছেদ কিম্বা পুষ্করিণী বদ্ধ কি

and Natives of rank and distinction, consisting Standing Vakeels of different Indian Courts, were assembled on the occasion.

The Ball-Hall was elegantly fitted up after the English style, and the European refreshment was nice and tasteful.

Every one of the Raja's guests was highly delighted by the display of the well-known characteristic politeness of Maha Rajah Kali Krishna Bahadoor, in the reception and in presenting *Utter Paun* and nosegays.

This social *fete* was held quite unconcerned with any idolatrous ceremony.

Hindoo Benevolent Institution.

From Simla, on the 20th ultimo, His Excellency General Sir Henry Fane, G. C. B., Commander-in-Chief of all India, in considering and perusing the proceedings of the Hindoo Benevolent Institution, has been pleased to forward through Maha Raja Kalikrishna Bahadoor, the visitor, a handsome donation of Co's. Rs. 100 for the aid of the said Institution.

KRISHNAHARI BASU,
Genl. Supdt.

The 17th Oct. 1837.

Spirit of the Native Papers.

Medical Topography of Calcutta.

We have gone over with no small degree of interest Dr. Martin's pamphlet on the Medical Topography of Calcutta, a work which, in the absence of the parturient production so long expected from the Town Improvement Committee, will serve as a tolerable outline with which to fill up a more complete, circumstantial, and less professional account of Calcutta, on this vital point of its internal economy. That this presidency has become a much healthier locality within these few past years, is a question on which most residents of any standing will be found to coincide, and we believe that the marked change may be attributed to three principle causes —the improvement effected by the Lottery Committee, the perfected state of medical science, and the substitution of a generous but temperate style of living, for the dissipation which was but too common a characteristic of the old times in India. The influence of the climate is unavoidable, but there is no necessity of adding to its debilitating effects, either by the sufferance of natural causes which can be removed or mitigated, or by the perpetuation of artificial ones which it is in our option to regulate; and on this account, Medical Topography will be found to resolve itself into a question of locality and morals, which will be good or bad in proportion as we take the proper means to improve them, or suffer them to remain neglected. If, as we believe, the universal determination to be, we propose steadily to follow up the former, the mental cultivation of the country must keep pace with the ameliorations projected on its surface. It is not sufficient that we form new lines of road, clear bents of jungle, fill up stagnant pools, build aqueducts, or effect other

য়া জল নির্গত হইবার পথ নির্ম্মাণ ইত্যাদি কর্ম্ম করাই কেবল শ্রেয় নহে কিন্তু হিন্দুদিগকে এমত কর্ম্মের আদর করিতেও শিক্ষা প্রদান করা আবশ্যক তাহা হইলে তাহারা আমারদিগের অভিপ্রায় বুঝিতে পারিবেক। বিদ্যার বৃদ্ধি হইলেই ইহা হইতে পারিবেক বিদ্যা প্রাপ্ত হইলেই লোকে ইউরোপীয় শাস্ত্রের গুণ বুঝিয়া তাহা দিবসিক কর্ম্মে ব্যবহার করিতে পারিবেক হিন্দুরদিগকে পাণ্ডিত্যতে বিখ্যাতকরণ আমারদিগের মানস নহে কিন্তু তাঁহারদের বুদ্ধিদ্বারা কোন উপকারক কর্ম্ম মিথ্যা সমারোহব্যতীত করিতে চাহি তাঁহারদিগকে তর্ক বিদ্যা শিক্ষাইতে আমারদিগের ইচ্ছা নাই কিন্তু সামান্য বিষয়ে তাঁহারদিগের বৃদ্ধি করিয়া আপনারদিগের হিতাহিতজ্ঞ করিতে চাহি যেন তাঁহারা স্বদেশের কুশলবিষয়ক সকল কর্ম্ম সম্পন্ন করিতে পারে কিন্তু আপনারদিগের কার্য্য দর্শন করাইয়া এই উপদেশ দিতে হইবেক হিন্দু লোকেরা শিক্ষাতে অনুরক্ত বটেন কিন্তু ইঙ্গরেজদিগের ন্যায় তাঁহারদিগের কর্ম্ম সম্পন্ন শক্তি কিম্বা সাহস নাই অতএব এ সকল আমারদিগকে করিতে হইবেক পরে তাঁহারা কেবল আমারদিগের কর্ম্ম দেখিয়া সেইরূপ ব্যবহার করিবে।

আর যেং কর্ম্ম শোধন সকলেই স্বীকার করেন যে কর্ত্তব্য কিন্তু অনেক দিন গত হইলেও নির্ব্বাহ করেন সে কর্ম্মসকল সম্পন্ন করা আমারদিগের আবশ্যক তদ্বিষয়ে বৃথা বাক্য উল্লেখ করিলে কিছু হইবেক না উপকথাতে যে বিদেশির বার্ত্তা আছে অর্থাৎ সে নদীর তীরে জল শুষ্ক হইলে পদব্রজে পার হইবেক এমত আশাতে দণ্ডায়মান ছিল আমরাও ঐ বিদেশির তুল্য কেননা আমরা অত্যন্ত পরিশ্রম ও মনোযোগ করিয়া অনেক কর্ম্ম আরম্ভ করি কিন্তু শীঘ্র আমারদিগের মনোযোগের পতন হয়।

কিন্তু এপ্রকার লিখিতে আমরা প্রায় ডাং মার্টিন সাহেবের রচিত পুস্তকের বিষয় বিস্মৃত হইয়াছিলাম তিনি কলিকাতার বর্ণনা সংক্ষেপরূপে করিয়াছেন পূর্ব্বকালের বন জঙ্গলাবস্থার বার্ত্তা প্রথমে লেখেন এ সময়ে জাব চারণক সাহেব এক পূর্ব্বপিতৃবৎ ছায়াবিশিষ্ট বৃক্ষমূলে বসিয়া এক মহারাজ্য স্থাপনের উপরে স্থির করেন ইহার পরে গবর্নর ফ্রিক বারওএল হলওএল ক্লাইব হেষ্টিংস ওএলেসলি কর্ণওয়ালিস ময়রা ইত্যাদি সাহেবেরা রাজত্ব করেন পরে আমারদিগের সময়ের নিয়ম স্থির হয়—যেং শোধন হইয়াছে তাহাসকল এ পুস্তকে লিখিত আছে আর ইউরোপের এক ক্ষুদ্র নগরের ন্যায় এ স্থানের সম্পত্তি নহে ইহাতেই যেং শোধন এখন আবশ্যক আছে তাহা বোধ হইবেক এই পুস্তক মেডিকাল বোর্ডে অর্পিত হইয়াছে ইহা না দেখিলে আমরা জ্ঞান করিতাম যে বিখ্যাত ব্যাধিবিষয়ে ইহার অধিক অংশ ডাং সাহেবের বিবেচনাতে অর্পণ করিবার কোন আবশ্যক ছিল না। এ পুস্তকে নিয়ম ও উত্তমরূপে শ্রেণী বন্ধনের অভাব আছে আর অবকাশাভাবে এরূপ হইয়াছে তাহা ব্যক্ত আছে এইং দোষব্যতীত এ পুস্তকে অনেক উত্তমং বিষয় লিখিত আছে আর ইহাতে পরে যাঁহারা লিখিবেন তাঁহারা অনেক সহায় পাইবেন আমারদিগের শরীরাবস্থার বিষয়ে যে মহা প্রবল বিষয় তাহা পূর্ব্বে এত দিবস জানিতাম না এইক্ষণে তাহা প্রকাশ হইয়াছে।—জ্ঞানান্বেষণ।

undertakings of public utility, we must teach the natives to understand the motives which actuate us, and to value the works themselves, for the benefits of which they are productive. And this is only to be done by the universal diffusion of education, enabling those who are its recipients to appreciate the advantages which result from the superior enlightenment of European science, and to apply its receipts to the practical purposes of every-day life. It is not our object to render the people of India a learned race, but simply to build on their natural intelligence, a superstructure which shall exhibit utility, without unprofitable ornament; in short, not to render them philosophers but men of plain sense, capable of sustaining and perfecting the plans of improvement which are being chalked out for the regeneration of the country in which they live. But to do this we must ourselves set the example. Docile to be taught, the native of British India is almost devoid of that talent for invention and aptitude for enterprise which are the distinguishing features of the European character. Those we must supply leaving our apt but timid pupils to follow in the path which has been carefully prepared for them.

The other portion of the duty which claims our attention consists in seriously setting about and not merely talking of those improvements which every one admits to be absolutely necessary, while year after year is allowed to slip away, without any thing being done. In this respect we seem to be like the countryman in the fable, who stood on the bank of the river waiting until he could pass dry shod—a moral unfortunately but too applicable to their zeal, but flagging and falling off after the first blush of effort.

But in the course of this discussion we had nearly lost sight of our author, who takes a brief but sufficiently connected view of the Topography of Calcutta, as it existed in the state of primeval jungle, when Job Charnock sate himself down like a patriarch of old under 'a shady tree' to lay unknown to himself the foundations of a mighty empire, through the long interval from Governor Fieke, Barwell, Holwell, Clive, Hastings, Wellesley, Cornwallis, Moira, and a host of others less known to fame, down to the more settled times in which our own lot is cast. Enough is adduced to shew the changes which have taken place, and the necessity which exists for further improvement if such can be said to exist at all, in a city deficient in almost every municipal requisite possessed by the smallest towns in Europe. Did you not perceive that the work have been submitted to the Medical Board, we should question the utility of devoting a goodly portion of it to the author's notice of the pathology and treatment of diseases unfortunately too familiar in every medical work in India, and in the experience of private and professional individuals, to need so prominent a place. There is also a want of arrangement and classification which gives the whole the appearance of having been hastily put together—a circumstance which is noticed in the preface, as being attributable to the little leisure which could be devoted to the subject. With these slight draw-backs the notes contain much that will be useful to future travellers over the same ground which, until public attention was recently directed to in the public prints, was unknown—almost unsuspected, though lying at our threshold, and exercising a serious influence over the health and comfort of the indwellers of this vast emporium of modern India.—*Gyan.*

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

৩।৪ বৎসর হইল আপনকার সমাচার পত্র পাঠ করিয়া আহ্লাদিত হইয়াছিলাম যে কতিপয় ধনিলোক হিন্দু বিধবা স্ত্রীলোকের পুনর্ব্বিবাহার্থ এক সভা করিতে মানস করিয়াছিলেন স্ত্রী এবং পুরুষ উভয়কে ঈশ্বর সমান সুখভোগ করিতে শক্তি দিয়াছেন কিন্তু পুরুষ যত ইচ্ছা তত বিবাহ করিতে পারেন স্ত্রী বাল্যাবস্থায় প্রথম স্বামী মরিলে দ্বিতীয়বার স্বামী করিতে পারেন না কিন্তু স্ত্রীলোকেরদের বন্ধুং চারা তাঁহারা স্ত্রীলোকেরদের চিরকাল বৈধব্য দশাহইতে মুক্ত করিবার উপায় স্থির করিতেছেন কিন্তু তাঁহারা ঐ বিষয়ে এক্ষণে কি করিতেছেন তাহা আমি জানিনা আমি বোধ করি তাঁহারা বিধবারদের পক্ষে যে মনোযোগ করিয়াছিলেন এক্ষণে বিস্মৃত হইয়া থাকিবেন প্রথমে যে সকল উপায় স্থির করিতে প্রবৃত্ত হইয়াছিলেন তাহা আরম্ভেতেই ভঙ্গ হইয়াছে।

আমি স্বয়ং ও এবিষয় বিস্মৃত হইয়াছিলাম কিন্তু ১৫ ভাদ্রের জ্ঞানান্বেষণ পাঠ করিয়া স্মরণ হইল যে বোম্বের কমিস্যনর সাহেবেরা নিজ আমলারদের জিজ্ঞাসা করিয়াছেন যে হিন্দু বিধবারদিগের পুনরায় বিবাহ হইলে তাহাতে আপত্তি আছে কি না আমি এই সময়ে ঐ সকল মহাশয়েরদের নিকট নিবেদন করিতেছি যাহারা পূর্ব্বে এই স্ত্রীলোকেরদের বৈধব্যাবস্থা হইতে মুক্ত করিতে মনস্থ করিয়াছিলেন তাঁহারা আলস্য ত্যাগ করিয়া এই প্রশংসনীয় বিষয় সংপূর্ণ করিতে চেষ্টা পাইবেন সম্পাদক মহাশয় আপনি জ্ঞান এবং বিবেচনা পূর্ব্বক এবিষয়ে যে প্রমাণ দিয়াছেন ইহাতে বোধ হয় আপনি মনোযোগী আছেন এবং আমি জানি যে হরকরা কুরিয়র ইঙ্গলিসমেন রিফর্মর ও দর্পণ সম্পাদক মহাশয়েরা ইহাঁরাও হিন্দু বিধবারদিগের এই দুরবস্থা হইতে মোচন করিতে ইচ্ছুক আছেন অতএব আমি আপনারদিগকে মিনতি করিতেছি।

আপনং পত্রে আন্দোলন করিয়া যাহাতে সকলের এবিষয়ে মনোযোগ হয় এমত চেষ্টা পাইবেন ইহা করিলে পর গবর্ণমেণ্ট এবিষয়ে মনোযোগ দিতে পারেন এবং হিন্দু মহাশয়েরাও বিধবাদিগের দ্বিতীয় বিবাহ না দেওয়া অন্যায় বিচার জানিতে পারিবেন আমি জানি চন্দ্রিকা সম্পাদক মহাশয় এবিষয়ে বিপক্ষ হইবেন এবং ইহার বিপক্ষে শাস্ত্রেরও প্রমাণ দিবেন কিন্তু ঐ আপত্তি সকল আমারদিগের ন্যায্য বিচারে থাকিতে পারিবে না স্ত্রী লোকেরদের অনেক বিবাহ করিতে নিষেধ আছে বটে কিন্তু ঐ নিষেধের তাৎপর্য্য এই যে তাঁহারদের প্রথম স্বামী বর্ত্তমান থাকিতে বিবাহ করিতে পারিবেক না স্ত্রীলোকেরদিগকে এমত সুখজনক ব্যাপারে এই নিষেধের নিমিত্ত ও বহুকালাব ধি এইরূপ ব্যবহার হওয়াতে বঞ্চিত করা উচিত নহে অতএব সম্পাদক মহাশয় আপনি এবিষয়ে কিঞ্চিৎ আন্দোলন করুন এবং চন্দ্রিকাসম্পাদক যে কিছু আপত্তি করিবেন তাহার প্রত্যুত্তর করিতে আমি অগ্রসর হইব।

জ্ঞানান্বেষণপাঠকস্য।

To the Editor of the Gyananneshun.

SIR,—Three or four years ago I was once delighted to read in your paper that a number of opulent natives had been thinking of calling a meeting in order to consider the desirableness of encouraging second marriage among the Hindoo widows. The Almighty has conferred the right, of enjoying the good things of the world equally on males and females. The former make no hesitation to exercise this right, and many as often as they please; but the latter are doomed to perpetual widowhood, even if they at a very young age lose their first husbands. Accordingly I thought that some relief was going to be given to our fair creatures, and that their friends were about to concert plans in order to prevent their perpetual widowhood. But what these gentlemen have been doing all this time I know not; I fear their humane zeal in favour of widows has been damped, and their plans destroyed even while merely in embryo.

I myself had also forgotten the matter; but it has been brought to my recollection by observing in the *Gyananneshun* of the 15th Bhadra, that the commissioners of Bombay have asked the servants of government to state, if there be any objection to the principle of second marriage among the Hindoo widows. I, therefore, embrace the opportunity of calling upon those gentlemen that had once purposed to redeem Hindoo females from perpetual widowhood, to awake from the lethargy in which they seem to have been bedded, and to set about bringing their laudable designs into execution. I conclude from the many proofs of wisdom and profound judgment which you have exhibited, that you, Mr. Editor, are yourself one that takes vivid interest in this good cause, and I know that the Editor of the *Hurkaru*, the *Courier*, the *Englishman*, the *Reformer*, and the *Durpun*, are also desirous of delivering Hindoo widows from their present wretchedness and misery. I beseech you all accordingly to call attention to this point, and discuss it in your several papers. Then will the government, perhaps, take the matter into consideration, and the Hindoos themselves be at last convinced of the impropriety of preventing their widows from marrying again. I know that the Editor of the *Chundrika* will raise his voice against this project, and be able likewise to produce passages from the shastrus against it. But they are of no authority, being opposed to all our notions of moral justice. It is true that women are forbidden to marry more than once, but this restriction is to prevent polygamy among them, while their first husbands are alive. But to this prohibition, and to the unjust usage of a long time continuance, the comforts of the fair sex ought not to be sacrificed. Do you, therefore, Mr. Editor, discuss the point I beseech you, and whatever the *Chundrika* will offer as his objections, I will not be backward to refute.

A Reader of the Gyananneshun.

পূজ্যবর শ্রীযুত সমাচারচন্দ্রিকা সম্পাদক মহাশয় মহোদয়েষু।

অধুনা নিষ্কর ভূমির করাকর্ষণ দুঃখ বিমোচনজন্য ইংগলণ্ডে আবেদন পত্র প্রেরণ করণের বিবরণ শ্রবণে যদ্যপিও হর্ষিত হইল কিন্তু পূর্ব্বরূপে এতদালোচনে নিশ্চিন্ত থাকিয়া শেষাবস্থায় সমুদ্যোগী হওয়া যেমন নির্ব্বাণ দীপে কিঞ্চিত্তৈলদানং ইত্যাদির ন্যায় বোধ হয়। সম্পাদক মহাশয় খেদের কথা কত লিখিব অল্পকালের মধ্যেই গবর্ণমেণ্টের লভ্যাকাঙ্ক্ষী কার্য্যকারকেরা প্রায় কর্ম্মসমাধা করিয়াছেন কলিকাতা নগরে তদ্দুরবস্থা কেবল সামান্যত প্রচার মফঃসলে হাহাকার সর্ব্বনাশ ঘটিয়াছে। নিষ্কর ভূমি ভিন্ন অন্য গতি বিহীন সহস্র২ দীন রাজবিচারে অন্যায়গ্রস্ত হইয়া মর্ম্মান্তিক বেদনা প্রাপ্তে অহর্নিশ সপরিবারে অন্নাচ্ছাদনের ক্লেশে সজলনয়নে শ্রীশ্রী পরমেশ্বর সন্নিধানে যথা বক্তব্য প্রার্থনা করিতেছেন তাহারদিগের এমত ভরসা নাই যে রাজা বাহা গ্রাস করিয়াছেন তাহা পুনঃপ্রদান হইবেক যাহা হউক সদ্বিষয়ের অনুষ্ঠান প্রশংসনীয় বটে। মফঃসলস্থ সাধারণ দীনব্যক্তিরা দুঃস্থতা প্রযুক্ত এতদুদ্যোগে অশক্ত যদ্যপিও বিপুলধন ভোগী ভূম্যধিকারী প্রভৃতি স্থানে২ আছেন কিন্তু তাঁহারদিগের আত্মবিষয়ের লভ্যার্থ যাদৃশ ব্যগ্রতা দেশহিতপক্ষে তাদৃশ মনোযোগ নাই সুতরাং কলিকাতাস্থ হিতৈষী প্রধানদিগের বিশেষ আনুকূল্যব্যতীত এতদ্বিষয় সাফল্য কদাচ সম্ভব নহে। আমি বোধ করি অত্র নগরস্থ যে কোন মতাবলম্ব ব্যক্তি হউন যাঁহারদিগের দেশ হিতপক্ষে যত্ন আছে অবশ্য এতদ্বিষয়ে সাহায্য করিবেন এইরূপে অবিলম্বে আবেদন পত্র প্রস্তুত পূর্ব্বক মফঃসলে পাঠাইলে অল্পকালের মধ্যেই লক্ষাধিক ব্যক্তির স্বাক্ষর হইতে পারিবেক। আমি স্বীকার করিতেছি বর্দ্ধমান এবং বিষ্ণুপুরাদি অঞ্চলের নিষ্কর ভূমি ভোগীপঞ্চ সহস্র সজ্জনের স্বাক্ষর করাইয়া দিব।

যে দেশহিতৈষি মহাশয়েরা নিষ্কর ভূমি বিষয়ে যে কি প্রকার অন্যায় ও অবিচার হইতেছেন তদ্বিবরণ কিঞ্চিদ্বিজ্ঞাপন করিতেছি ইংরাজী ১৮১৯ সালের দ্বিতীয় এবং ১৮২৮ সালের তৃতীয় আইন প্রভৃতি যে কএক বিধান নিষ্কর ভূমি বিষয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক সংস্থাপিত হইয়াছে তত্তদ্বিধানের অভিপ্রায় এই যে দিল্লীর বাদশাহের নিকট হইতে কোম্পানি বাহাদুরের সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার দেওয়ানী ভার প্রাপ্তির পূর্ব্ব অর্থাৎ ইংরাজী ১৭৬৫ সালের ১২ আগস্ট তারিখের অগ্রে যে বৃত্তি প্রদত্ত হইয়াছে তাহার উপর কস্মিনকালে গবর্ণমেণ্ট কর্ত্তৃক কর স্থাপিত হইতে পারিবেক না এতদ্বিধানের প্রকাশ্য ভাব দ্বারা এমত বোধ হয় না যে কেবল অন্যায়পূর্ব্বক বৃত্তিভোগীদিগের সর্ব্বনাশ করা যাইবেক কিন্তু গবর্ণমেণ্টের বর্ত্তমান কর্ম্মকারকেরা বুদ্ধির কৌশলে কি অপরূপ নিগূঢ় ভাব প্রকাশ করিতেছেন যেহেতুক এক সনন্দ ভুক্ত ভূমি কোম্পানি বাহাদুরের দেওয়ানী প্রাপ্তির পূর্ব্ব প্রদত্ত এবং গবর্ণমেণ্টের পূর্ব্বকালীনের নিযুক্ত নিষ্কর ভূমির তত্ত্বাবধারক কমিস্যনরদিগের স্বাক্ষরিত ছাড় ও ঐ ভূমির সংখ্যা রাজ দপ্তরে লিখিত থাকনের প্রমাণ হইলেও অর্দ্ধেক বাহাল ও অর্দ্ধেক বাজেয়াপ্ত করণের হুকুম দিতেছেন হায় কি আশ্চর্য্য এক মোকদ্দমায় আধা ডিক্রী আধা ডিসমিসের কথা যাহা শুনা আছে এইক্ষণে তাহাই স্পষ্ট দৃষ্ট হইল। যদি উক্ত আইনানুসারে কোন ভূমি অসিদ্ধ বোধ হয় তবে সম্পূর্ণ কর স্থাপিতের যোগ্য হইয়া থাকে তাহাতে গবর্ণমেণ্টের কর্ম্মকর্ত্তারা বিলক্ষণ তৎপর আছেন এমতে যে ভূমি পূর্ব্বোক্ত বিধান মতে যথার্থ প্রামাণ্য হয় তাহার অর্দ্ধেক কি নিগূঢ় অভিপ্রায়ে গবর্ণমেণ্টের পক্ষে ভুক্ত হইতেছে সাধারণ বুদ্ধির গতিরসাধ্য অধিকন্তু অর্দ্ধেক বাহালের প্রথাটাও এতদ্রূপ বিচারস্থলে কিপ্রকারে বিশ্বাস্য হইতে পারে কি জানি আবার কোন ভাব উপস্থিত হয় বলা যায় না বিবেচনা করুণ পূর্ব্বোক্ত মতে যৎকালে আধা ডিক্রী আধা ডিসমিস হইতে আরম্ভ হইয়াছে তৎকালে আর নিস্তার কি আছে। অনেক ব্রাহ্মণের শতাব্দবৎসর ভোগ প্রমাণের বৃত্তির সনন্দাদি গৃহদাহ বা চৌর্য্য এবং কারণান্তরে নষ্ট বা অপহৃত হইয়াছে ঐ সকল অনর্থীদিগের ভূমি যে গবর্ণমেণ্টের পক্ষে কি প্রকার আহ্লাদনীয় তাহার সীমা পরিসীমা নাই ইহাতে কেবল স্পেসিয়ল ডেপুটি কালেক্টরদিগের পক্ষপাত কিপ্রকারে বলিব বোধ হয় রেবিনিউ কর্ম্মাধ্যক্ষ গবর্ণমেণ্টের শুভানুধ্যায়ী প্রধান পদাভিষিক্ত মহাশয়দিগের এতদ্বিষয়ে কোন গোপনীয় বলবতী আজ্ঞা থাকিতে পারে তাহার নিদর্শনও পাওয়া যাইতেছে যদ্যপি স্পেসিয়ল ডেপুটি কালেক্টরদিগের হস্ত হইতে দৈবমধ্যে ভুলেক পরিত্রাণ পায় তাহার আপীল অবিলম্বে গবর্ণমেণ্টের পক্ষ হইতে স্পেসিয়ল কমিস্যনরের নিকট হইয়া থাকে এবং রেবিনিউ কমিস্যনর সাহেবেরা তদ্বিষয়ে কৃতকার্য্যার্থ সাধ্যানুসারে ত্রুটি করেন নাই অপর স্পেসিয়ল কমিস্যনরদিগের বিচারের কথা কত লিখিব বাক্য স্তব্ধ হইতে হয়। এক দিবস এক জন দুঃস্থ বৃত্তিভোগী স্পেসিয়ল কমিস্যনরের নিকট আবেদন করিয়াছিল যে বহুদিবসাবধি আপীলের নথী দাখিল হইয়াছে ত্বরায় নিষ্পত্তি করিতে আজ্ঞা হয় তাহাতে উক্ত দয়ানিধি অকাতরে কহিলেন যত দিবস ডিস্মিস মুলতবী থাকে বৃত্তিভোগির পক্ষেই শ্রেয়স্কল্প এ কথার ভাব ইহাই উপলব্ধি হয় যে আপীল নিষ্পত্তি হইলে গবর্ণমেণ্টের পক্ষেই জয় স্থির করণ আছে সুতরাং মোকদ্দমা নিষ্পত্তিকাল পর্য্যন্ত পূর্ব্বাধিকারির বিষয় হস্তে থাকিয়া কিঞ্চিৎ লভ্য সম্ভাবনা মাত্র। এস্থলে দয়াশীলাভিমানি গবর্ণমেণ্টকে নিষ্কর ভূমি বিষয়ে নির্দ্দয় ভিন্ন কি বলা উচিত হয় গবর্ণমেণ্টকর্ত্তৃক ইং ১৮৩৬ সালে এক আজ্ঞা প্রকাশ হইয়াছে যে ইং ১৮৩৭ সালাবধি ১৮৪২ সাল পর্য্যন্ত যে নিষ্কর ভূমির নালিস উপস্থিত না হইবেক তাহার উপর উত্তরকালে আর কোন আপত্তি হইতে পারিবেক না এ ভাবের মর্ম্ম গবর্ণমেণ্টের অভিপ্রায়ানুসারে কর্ম্মকর্ত্তারা বিলক্ষণ বুঝিতে পারিয়াছেন তাঁহারা সহজেই তৎপর তাহাতে আবেশ পাইলে কি আর রক্ষা আছে ছয়বৎসরের অপেক্ষা কোথায় এক বৎসরের মধ্যেই প্রায় কর্ম্ম সমাধা করিয়া তুলিয়াছেন অপর কালমহকারে এতদ্দেশীয়দিগের মধ্যেও কোন২ ব্যক্তি বিষয় কর্ম্মলোভে বা রাজদ্বারে মান্য হওনাশায় রাজসম্পর্কীয় প্রধান পদাভিষিক্তগণের মনোরঞ্জন জন্য এতদ্বিষয়ে রাজপক্ষে সহকারিতা করিতেছেন তাঁহারদিগকে অধিক কি কহিব সামান্য বিষয় বাসনায় রাজ্যস্থ লোকের অনিষ্ট করায় কি পুরুষার্থ আছে ইত্যলং বিস্তরেণ ২৬ আশ্বিন।

কস্যচিৎ যথার্থবাদিনঃ।

To the Editor of the Chundrika.

Having heard that it was proposed to send an address to England, to remove the distress arising from the resumption of rent free-lands, although I feel great delight, yet to have remained quiet when the question was first brought forward, to move in it only in the last stage, is like pouring oil into a lamp after it has been extinguished, Mr. Editor, what shall we write about our griefs; in a very brief period the various officers of Government have already finished the business. In the city of Calcutta the grievance is but partly known; in the Mofussil there is nothing but ruin and bewailing. Thousands of poor individuals who have no resource but the rent-free lands, having been adjudged guilty by the public servants, are reduced to the greatest distress, and without food or clothing for their families, night and day pray for relief to God. They have no hope that what their rulers have taken away will be again restored. Be that as it may; a virtuous effort like that which is now making, is worthy of praise; but the people in the Mofussil are unable to make such an effort on account of their poverty. Although there are Zemindars of immense wealth in various places, yet they have not the same anxiety for the welfare of the country, which they have for their own interests, and of course the project can not be successful, unless the patriotic Baboos of Calcutta will bestir themselves in it; and I think, therefore, that the Natives of Calcutta, without any distinction of creed, will hasten to assist in so good a work. If, therefore, a petition be quickly prepared and sent into the Mofussil, it will soon receive the signature of more than a hundred thousand persons. I myself will engage to obtain the signature of more than fifty thousand persons in Burdwan and Bishnopore, who are affected by these Regulations.

I now address myself to my own benevolent countrymen, and inform them what kind of injustice and oppression is going forward. The object of the 2nd Regulation of 1819, and the 3rd Regulation of 1828, and other Regulations which have been published by Government relative to rent-free-lands was, that no rents should ever be demanded regarding those lands which had been free before the 12th August, 1765, that is, before the English Government received the Dewanny of these three Provinces from the Emperor of Delhi. From the spirit of the papers then issued, it would appear that only those who were possessed of unsound titles would be ruined; but the present officers of Government display more wisdom and cunning, for in many cases tenures created before the accession of the Company to the Dewanny, and of which the title deeds were signed by the Commissioners formerly appointed to examine rent-free tenures, and the quantity of land contained in which was duly entered in the public Register; such tenures are half sustained and half resumed. How astonishing that we should now understand what is meant by half decreeing and half dismissing a case. If according to those Regulations a title appears to be unsound, then it ought to be entirely resumed and assessed, and this the resuming officers well understand. But according to those regulations where the title is sound, by what reasoning can half the land be resumed, and how can it be believed, that such a proceeding takes place in the Courts? What new signification may be put upon the regulations, who can tell? Now we beg you to judge whether there be any safety after they have thus begun, half to decree and half to dismiss suits. The sunnuds of many bramhuns, who have held their lands for more than a hundred years, have been lost either by fire or theft, or in some other way. When such is the case, the joy of the Government Officers in reference to such lands is boundless. Nor can we say, that this partiality attaches only to the Deputy Collector; we should rather think, that those who are at the head of the Revenue Department must have received some secret and strong orders on the subject, and this appears almost to be the case; for, whenever one or two unfortunate beings have escaped from the hands of the Deputy Collector, an appeal is immediately made on the part of Government. No effort is omitted in order to succeed. What shall we say with regard to the decisions of Special Commissioners? The mere sound of it stuns us. One day a poor holder of a rent-free tenure petitioned the special Commissioner speedily to decide his case, which had long been appealed; upon which that ocean of benevolence said, that the holder of the tenure that he would gain by all the length of time that the case was pending. The meaning of this phrase seems to be, that the decision of the case, and the success of Government would be coeval, and hence during the pending of the suit, the holder of the tenure would be a gainer by holding possession of the land. Can this be called any thing else but an act of harshness on the part of those who arrogate to themselves the title of merciful? In the year 1836, an order was passed, that all those tenures which were not brought under examination from 1837 to 1842, should not be at any future time subject to rent.

The purport of this, the officers of Government appear to have well-understood. They are clever, indeed, at their work, and the moment the spur is applied to them, what refuge will there be? Why talk of six years, the business is nearly over in one year. According to the vileness of the times, there are some natives of this country, who, for the love of gain or hoping to be honoured by their superiors, give their whole assistance to the views of the public authorities. What more shall I say to them; for a little pelf they are injuring the country universally. Is this manly? *26th Assin.—Chundrika.*

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	৷০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

ব্যাঙ্ক সের।

বাঙ্গাল ব্যাঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal ....Co's Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৬৩ সংখ্যা। বালম ১৯।] ২৮ অক্তোবর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১৩ কার্ত্তিক। SATURDAY, OCTOBER 28TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

'o. 1163. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত জেমস হিগিন্সন সাহেব মৃত নন্দলাল ঠাকুরের পুত্র অথচ উত্তরাধিকারি ললিতামোহন ও উপেন্দ্রমোহন ঠাকুর ও বুজেন্দ্রমোহন ঠাকুরের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের সূতানুটিতে পাথরিয়াঘাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বৈঠকখানাবাটী নং ৪০ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৷৷০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত নন্দলাল ঠাকুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম পূর্ব্ব ও উত্তর দিগে কোম্পানির সদর রাস্তা। দক্ষিণ দিগে দয়ালচাঁদ আঢ্যের বাটী ও ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত নন্দলাল ঠাকুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। উত্তর দিগে পূর্ব্বোক্ত নন্দলাল ঠাকুরের অপর এক বাটী। পূর্ব্ব দিগে রামকৃষ্ণ মল্লিকের বাটী ও ভূমি। পশ্চিম দিগে দয়ালচাঁদ আঢ্যের বাটী ও ভূমি।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩১৫ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত নন্দলাল ঠাকুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। দক্ষিণ দিগে কানাইলাল ঠাকুরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে লক্ষ্মীনারায়ণ মুখুয্যের বাটী ও ভূমি।

ইশতেহার।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২ নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মথুরামোহন সরকারের মহাশোত্তর উত্তরাধিকারি পীতাম্বর সরকারের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের মেন্দিবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৫৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৪৷৷০ নয় কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর সরকারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে কোম্পানির গলি। উত্তর দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে মৃত হয়দর আলীর বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাইওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

ইশতেহার।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। য়প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে: দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ভূবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইতেছে।

ইশতেহার।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ টাকা ধরা গিয়াছে।

দিগ্‌দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
১৬ অক্টোবর।

১৮৩৭ সালের ৬ অক্টোবর তারিখে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব যে আইন করিয়াছেন তাহা ভারতবর্ষের গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হইতেছে।

১৮৩৭ সালের ২৬ নং আক্ট।

হুকুম হইল যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের কোন আজ্ঞাক্রমে যে তারিখে এত্তেলা দেওয়া যাইবে যে উক্ত গবর্নর্ জেনরল বাহাদুর পশ্চিম প্রদেশে গমনার্থ কৌন্সলহইতে প্রস্থান করিয়াছেন সেই তারিখঅবধি ঐ এত্তেলার পর যে তারিখপর্য্যন্ত শ্রীলশ্রীযুক্ত কৌন্সলে পুনর্ব্বার উপস্থিত না হইবেন সেইপর্য্যন্ত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের যে সকল ক্ষমতা আছে আইনকরণ বিনা সেই সকল ক্ষমতা গবর্নর্ জেনরলের হস্তে থাকিবে।

ডবলিউ এচ মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

ফোর্ট উলিয়ম
জেনরল ডিপার্টমেণ্ট
২০ অক্টোবর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে ভারতবর্ষের কৌন্সলের উপরি মেম্বর শ্রীযুত অনরবল আলেকজান্দর রস সাহেবকে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুপস্থান পর্য্যন্ত উক্ত কৌন্সলের প্রসীডেণ্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সলে শ্রীযুত আলেকজান্দর রস সাহেবকে সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়ম রাজধানীর এবং কলিকাতা নগরের ডেপুটি গবর্নরী পদে নিযুক্ত করিয়াছেন।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের হুকুমক্রমে।

এচ টি প্রিন্সেপ
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুর শ্রীলশ্রীযুত রাইট আনরবল ডর্ড লার্ড অকলণ্ড সাহেব উত্তর পশ্চিম দেশে যাত্রাকরণাভিপ্রায় অদ্য হজুর কৌন্সলহইতে অন্তর হইলেন।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে

এচ টি প্রিন্সেপ
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

২১ অক্টোবর।

ভারতবর্ষের গবর্নর্ জেনরল বাহাদুর শ্রীলশ্রীযুত রাইট আনরবল জর্জ লার্ড অকলণ্ড সাহেব কলিকাতা রাজধানী হইতে উত্তর পশ্চিমদেশে যাত্রা করণেতে শ্রীযুত অনরবল আলেকজান্দর রস সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের নিয়োগক্রমে ভারতবর্ষের কৌন্সলে শ্রীলশ্রীযুক্তের আসনোপবিষ্ট হইয়াছেন।

শ্রীযুত আলেকজান্দর রস সাহেব ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের নিয়োগক্রমে উক্ত তারিখে কলিকাতা নগরের এবং সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়ম রাজধানীর ডেপুটি গবর্নরী পদ গ্রহণ করিয়াছেন।

উক্ত শ্রীযুক্ত সাহেবের উক্ত গবর্নরী পদ

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
16th October.

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 16th October, 1837, is hereby promulgated for general information :

ACT, No. XXVI. OF 1837.

It is hereby enacted, that from the day on which it shall be notified by an Order of the Governor General of India in Council, published in the Official Gazette, that the said Governor General has quitted his Council for the purpose of proceeding to the North Western Provinces till the time at which the said Governor General shall next, after the said Notification, rejoin his Council, the said Governor General shall have all the powers of Governor General in Council, except the power of making Laws or Regulations.

W. H. MACNAGHTEN,
Secy. to the Govt. of India.

CIVIL APPOINTMENTS.

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
20th October.

The Right Honourable the Governor General of India in Council, has appointed the Honourable Alexander Ross, Esq, Ordinary Member of the Council of India, to be President of the Council of India during the absence of the Governor General.

The Right Honourable the Governor General of India in Council, has appointed the Honourable Alexander Ross, Esquire, to be Deputy Governor of the Presidency of Fort William in Bengal and Deputy Governor of Fort William and of the Town of Calcutta.

By Order of the Right Honourable the Governor General of India in Council.

H. T. PRINSEP, *Secy. to Govt.*

It is hereby notified, that the Right Honourable George, Lord Auckland. C. G. C. B., Governor General of India, has this day quitted the Council of India for the purpose of proceeding to the North Western Provinces.

By Order of the Right Honourable the Governor General of India in Council,

H. T. PRINSEP, *Secy. to Govt.*

21st October.

The Right Honourable George, Lord Auckland, C. G. C. B., Governor General of India, having this day left the Presidency for the purpose of proceeding to the North Western Provinces, the Honourable Alexander Ross, Esquire, has taken his seat as President of the Council of India, under the appointment made by the Governor General of India in Council on the 20th instant.

The Honourable Alexander Ross, Esquire, has also this day assumed the offices of Deputy Governor of the Presidency of Fort William in Bengal, and of Deputy Governor of Fort William and of the Town of Calcutta, under the appointment made by the Governor General of India in Council on the same date.

The usual salute has been fired from the

ধারণোপলক্ষে ফোর্ট উলিয়ম কিল্লার বুর্জ হইতে রীতিমত সেলামী তোপ হইয়াছে।

কৌন্সলের শ্রীলশ্রীযুত অনরবল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে

এচ টি প্রিন্সেপ
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্টের জেনরল ও ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সেক্রেটরী শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের বন্দোবস্ত অনুসারে কলিকাতা রাজধানীর সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টের কার্য্য ভার গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত আর ডি মাঙ্গলস্ সাহেব গবর্ণমেণ্টের লেজিসলেটিব ও জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টের সেক্রেটরীর পদ গ্রহণ করিয়াছেন।

লেপ্তেনন্ত কর্ণল শ্রীযুত জেমস ষ্টুয়ার্ট সাহেব গবর্ণমেণ্টের মিলেটরি ডিপার্টমেণ্টের সেক্রেটরীর পদ গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত আর ডি মাঙ্গলস সাহেব একটিং প্রাইবেট সেক্রেটরী হইয়াছেন।

১৮ অক্টোবর ১৮৩৭।

শ্রীযুত ডবলিউ আদম সাহেব শ্রীযুত জে এফ হাইড সাহেবের পরিবর্ত্তে ষ্টেসনি কমিটির ক্লার্ক শ্রীযুত মারিজ সাহেবের কর্ম্মে একটিংরূপে নিযুক্ত হইয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব স্বীয় পরিবারের ধর্ম্মোপদেশক শ্রীযুত চার্লস উইমবরলি সাহেবকে জল পথে বারাণসীতে গমনের হুকুম দিয়াছেন যে তথায় শ্রীলশ্রীযুতের ছাউনি হইলেই পঁহুছিবেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

পাটনার ধর্ম্মোপদেশক শ্রীযুত আরথর হামন্ সাহেব বারাকপুরের একটিং ধর্ম্মোপদেশক হইয়াছেন।

শ্রীযুত চার্লস রালিনস সাহেব পাটনার ধর্ম্মোপদেশক হইয়াছেন।

১৭ অক্টোবর।

বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল হুকুম করিতেছেন যে দিনাজপুরের কালিয়াগঞ্জের থানার দারোগা তমিজুদ্দিন কএক জন কএদিয়দের উপর অত্যাচারকরণাপরাধে সেসন জজের বিচারে দোষযুক্ত হইয়াছেন অতএব ১৮৩৭ সালের ১৮ আইনের ৬ ধারার ৩ প্রকরণক্রমে তিনি উত্তরকালে আর সরকারী কার্য্যে নিযুক্ত হইতে পারিবেন না।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর ফ্রান্সিস সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে মালদহের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে এ হেনস্ সাহেব ঐ আইনের বিধানুসারে জিলা বীরভূমির ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু হরিচন্দ্র বসু ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে বীরভূম হইতে পরিবর্ত্ত হইয়া জিলা ঢাকার ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু ধর্ম্মচাঁদ ঘোষ উক্ত আইনের বিধানুসারে ঢাকার ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত রামধন সেন ঐ আইনের বিধানুসারে ঐ স্থানে ঐ ঐ।

শ্রীযুত বাবু হেরম্বনাথ ঠাকুর ঐ ঐ ঐ।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

মুরশিদাবাদের সিবিল ও সেসন জজ শ্রীযুত এফ ডবলিউ রসল সাহেব গত মাসের ২৬ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় দিবসের ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত জে জে হার্বি সাহেব গত মাসের ১২ তারিখে

Ramparts of Fort William on the above occasion.

By Order of the Honourable the President in Council,

H. T. PRINSEP, *Secy. to Govt.*

Mr. H. T. Prinsep, Secretary to Government in the General and Financial Departments, has taken charge also of the Secret and Political Departments, at the Presidency, under the arrangement ordered by the Governor General of India in Council on the 9th instant.

Mr. R. D. Mangles has taken charge of the office of Secretary to Government in the Legislative, Judicial and Revenue Departments.

Lieutenant Colonel James Stuart has taken charge of the office of Secretary to Government in the Military Department.

Mr. R. D. Mangles to officiate as Private Secretary.

18th October, 1837.

Mr. W. Adam is appointed to officiate for Mr. J. B. Marrige, as Clerk to the Committee for Controlling the Expenditure of Stationery, vice Mr. J. F. Hyde.

The Right Honourable the Governor of Bengal was pleased, on the 9th August last, to permit the Reverend Charles Wimberley, His Lordship's Domestic Chaplain, to proceed by water to Benares, so as to arrive there about the time of the formation of His Lordship's Camp.

The Right Honourable the Governor of Bengal is pleased to make the following appointments :

The Reverend Arthur Hammond, District Chaplain of Patna, to officiate as District Chaplain at Barrackpore.

The Reverend Charles Rawlins to officiate as District Chaplain at Patna.

17th October.

The Right Honourable the Governor of Bengal is pleased to determine that Tumeezoodeen, late Darogah of Thannah Kaleeagunge, in Zillah Dinagepore, who has been convicted by the Session Judge of oppression towards certain Prisoners, shall, under Clause Three, Section VI. Regulation XVIII. of 1837, be declared incapable of serving Government in future in any public capacity.

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. R. Francis to be Deputy Collector in Zillah Maldah under the provisions of Regulation IX. of 1833.

Mr. J. A. Heynes to be ditto ditto in Zillah Beerbhoom under ditto.

Baboo Hurrischunder Bhose removed from Beerbhoom, and appointed to be Deputy Collector under Regulation IX. of 1833, in Zillah Dacca.

Baboo Dhurm Chund Ghose to be Deputy Collector under Regulation IX. of 1833, in the Dacca Division.

Baboo Ram Dhun Sein to be ditto ditto under ditto in ditto.

Baboo Herumbernath Thakur to be ditto ditto under ditto in ditto.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. F. W. Russell, Civil and Session Judge of Moorshedabad, for six days, in extension of the leave granted to him on the 26th ultimo, on private affairs.

Mr. J. J. Harvey, Magistrate and Collector of Chittagong, for two months, on

যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

১৯ সংখ্যক অথবা কটক প্রদেশের কমিস্যনরের আসিষ্টাণ্ট শ্রীযুত টি সি ট্রটর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ৯ তারিখ পর্য্যন্ত কলিকাতা রাজধানীতে অবস্থান করিবেন।

ত্রিপুরার সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডেবেনপোর্ট সাহেব কলিকাতায় আগমনার্থে এক মাসের ছুটি পাইয়াছেন।

জিলা দিনাজপুরের সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব দশহরাবন্দ পর্য্যন্ত রঙ্গপুরে আগমনার্থ ছুটি পাইয়াছেন।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত কাজি মহম্মদ আলী দশহরা বন্দ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৯ অক্টোবর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর শ্রীযুত জে উইলকি সাহেবকে দিনাজপুরের সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসকতা পদে নিয়োগ করিয়াছেন।

২০ অক্টোবর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব ভারতবর্ষের গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের সম্মতিক্রমে নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জান লুইস সাহেব সদর বোর্ড রেবিনিউর বন্দোবস্তের সংশোধক ও রিপোর্ট কারক হইয়া কেবল তদ্বিষয়ে ঐ বোর্ডের মেম্বর হইয়াছেন। শ্রীযুত লুইস সাহেব শ্রীযুত ডাম্পিয়র সাহেব কর্ত্তৃক মুক্ত না হওনপর্য্যন্ত মুরশিদাবাদ প্রদেশের কমিস্যনরী কর্ম্ম করিবেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ ডাম্পিয়র সাহেব ১৪ সংখ্যক অথবা মুরসিদাবাদ প্রদেশের দায়ের সায়েরী ও রেবিনিউ কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত জে জে হার্বি সাহেব ১৬ সংখ্যক অথবা চট্টগ্রাম প্রদেশের ঐ ঐ হইয়াছেন।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এফ কার্ডিউ সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এ স্কন্স সাহেব মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে এ এফ হকিন্স সাহেব সদর দেওয়ানী ও নিজামত আদালতের একটিং রেজিষ্টর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ জে আলেন্ সাহেব জিলা নবদ্বীপের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর এবং পবনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত হালকেট সাহেব ত্রিপুরার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেব জিলা নবদ্বীপের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই এচ সি মঙ্কটন সাহেব জিলা বালেশ্বরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে উইলর সাহেব জিলা মৈমন সিংহের ঐ ঐ।

শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব জিলা বাখরগঞ্জের ঐ ঐ।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

১১ সংখ্যক অথবা পাটনা প্রদেশের দায়ের সায়েরী ও রেবিনিউর কমিস্যনর শ্রীযুত টি আর ডেবিডসন সাহেব শ্রীযুত রেবেন্সা সাহেবের প্রতি স্বীয় কর্ম্মের ভার অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ দরখাস্ত করিতে আগামি ডিসেম্বর মাসে কলিকাতা রাজধানীতে আগমনার্থ ছুটি পাইয়াছেন।

মৈমন সিংহের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে এম্ হে সাহেব কলিকাতা রাজধানীতে আগমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

medical certificate, in extension of the leave granted to him on the 12th ultimo.

Mr. T. C. Trotter, Assistant under the Commissioner of the 19th or Cuttack Division, to remain at the Presidency till the 9th proximo, on private affairs.

Mr. J. Davenport, M. D., Assistant Surgeon attached to the Civil Station of Tipperah, for one month, to visit Calcutta.

Mr. C. Mackay, Sudder Ameen in Zillah Dinagepore, to visit Rungpore during the Dusserah Vacation.

Kazee Mahommed Ally, Principal Sudder Ameen in Zillah Tipperah, during the Dusserah Vacation.

19th October.

The Right Honourable the Governor of Bengal has been pleased to confirm Mr J. Wilkie, M. D., in the office of Assistant Surgeon to the Civil Station of Dinagepore.

20th October.

The Right Honourable the Governor of Bengal, with the sanction of the Governor General of India in Council, has been pleased to make the following appointment:

Mr. John Lowis is attached to the Sudder Board of Revenue as Reviser and Reporter of Settlements, with the powers of a Member of the Board in that branch of business exclusively. Mr. Lowis will officiate, until relieved by Mr. Dampier, as Commissioner of the Moorshedabad Division.

The Right Honourable the Governor of Bengal has made the following appointments:

Mr. W. Dampier to be Commissioner of Revenue and Circuit of the 14th or Moorshedabad Division.

Mr. J. J. Harvey to be ditto ditto of the 16th or Chittagong Division.

Mr. H. T. Raikes to be Magistrate and Collector of Chittagong.

Mr. F. Cardew to be Magistrate and Collector of Jessore.

Mr. A. Sconce to be Joint Magistrate and Deputy Collector of Maldah.

Mr. J. A. F. Hawkins to officiate as Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut.

Mr. W. J. Allen to be Joint Magistrate and Deputy Collector of Nuddea, and to officiate as Joint Magistrate and Deputy Collector of Pubna.

Mr. R. C. Halkett to be Joint Magistrate and Deputy Collector of Tipperah.

Mr. C. Steer to officiate as Joint Magistrate and Deputy Collector of Nuddea.

Mr. E. H. C. Monckton has been authorized to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in Zillah Balasore.

Mr. J. Wheler ditto ditto in Zillah Mymunsing.

Mr. J. J. Ward ditto ditto in Zillah Backergung.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. T. R. Davidson, Commissioner of Revenue and Circuit of the 11th or Patna Division, to proceed to the Presidency, on medical certificate, in December next, preparatory to his applying for leave to proceed to the Cape of Good Hope, making over charge of his office to Mr. E. C. Ravenshaw.

Mr. J. M. Hay, Assistant to the Magistrate and Collector of Mymunsing, for one month, to proceed to the Presidency, on medical certificate.

২১ অক্টোবর।

শ্রীযুত এফ জে হালিডে সাহেব গবর্ণমেণ্টের জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টের স্বীয় একটিং সেক্রেটরীর পদ উপরি উক্ত তারিখে গ্রহণ করিয়াছেন।

৫ অক্টোবর।

আলিগড়ের জজ শ্রীযুত জে নিব সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগ্রাতে গমনার্থ এক পক্ষের ছুটি পাইয়াছেন।

৬ অক্টোবর।

সহেশ্বানের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত আর এচ ক্লার্ক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৫ সেপ্তেম্বর অবধি সাড়ে তিন মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত জে এ ক্রেগি সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত অথবা ক্লার্ক সাহেবের অনুপস্থান পর্য্যন্ত ঐ স্থানের একটিং মাজিষ্ট্রেটী ও কালেকটরী কর্ম্ম করিবেন।

মৈনপুরীর সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ বৌসফিল্ড সাহেব গত জানুআরি মাসের ২৫ তারিখে যে ছুটি পান তাহার সম্পূর্ণ কাল ৩০ সেপ্তেম্বর তারিখে স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনেতে রহিত হইয়াছে।

শ্রীযুত বাবু জয়গোপাল বন্দ্যোপাধ্যায় ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা মথুরার ডেপুটি কালেকটর হইয়াছেন।

৭ অক্টোবর।

অম্বালার পোলিটিকাল এজেন্সীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ সি গর্ডন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি আবশ্যক কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থে যে তিন মাসের ছুটি পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

21st October.

Mr. F. J. Halliday has this day assumed charge of the duties of his office as Officiating Secretary to the Government of Bengal in the Judicial and Revenue Department.

5th October.

Mr. J. Neave, Judge of Ally Ghur, has obtained leave of absence for a fortnight, to visit Agra, on his private affairs.

6th October.

Mr. R. H. P. Clarke, officiating Magistrate and Collector of Suheswan, has obtained leave of absence for 3½ months, from the 15th September last, on medical certificate. Mr. J. A. Craigie will officiate as Magistrate and Collector during the absence of Mr. Clarke, or until further orders.

The remaining period of the leave of absence for ten months, granted to Mr. H. Bousfield, Civil Assistant Surgeon of Mynpoory, on the 25th January last, has been cancelled from the 30th September, the date on which he rejoined his station.

Baboo Jyegopal Banoorjee to be Deputy Collector in Zillah Muttra, under the Provisions of Regulation IX. of 1833.

7th October.

The leave of absence for three months, from the 1st instant, granted to Mr. Assistant Surgeon A. C. Gordon, attached to Umbala Political Agency, to visit the Presidency, on urgent private affairs, is cancelled at his own request.

সমাচার দর্পণ

শনিবার ২৮ অক্টোবর ১৮৩৭।

বৈদ্যনাথের মন্দির।

তাবৎ বঙ্গদেশের মধ্যে এই দেবালয় সর্ব্বাপেক্ষা অগ্রগণ্য। যে সরকারী কর্ম্মকারকেরা ঐ দেবোত্তরের বিষয়ে মনোযোগ করিয়াছিলেন তাঁহারা এমত বৈরক্তিরূপে লিখিয়াছেন যে তাহার রাজস্ব বিষয় নিশ্চয় অনুমান করা দুঃসাধ্য কিন্তু ঐ বৃত্তিহইতে ৩৫০ ঘর পাণ্ডারা স্বচ্ছন্দে পরিবার প্রতিপালন করিতেছেন এবং ইহার পূর্ব্বে কোন২ ব্যক্তি বৎসরে ৪০ হজার টাকাতে ঐ দেবোত্তর ইজারা লইতে ইচ্ছুক হইয়াছিলেন এবং সংপ্রতি যে ওঝার মৃত্যু হইয়াছে তাঁহার অধিকার সময়ে তদ্দ্বারা তদীয় বংশ্য একেবারে স্বাধীন ঐশ্বর্য্যশালী হইয়াছেন। এবং ১০ জিলার মধ্যে ৯২ গ্রামে ঐ দেবোত্তর আছে ইত্যাদি বিষয় বিবেচনা করিয়া বোধ হয় যে বঙ্গদেশের মধ্যে ইহার তুল্য কোন দেবোত্তর নাই।

বৃটিস গবর্ণমেণ্ট এই দেশ অধিকারকরণসময়ে দেখিলেন যে ঐ দেবালয়ের উপহারাদির তিন অংশের দুই অংশ সরকারের পাওনা। কিন্তু ৪৬ বৎসর হইল পণ্ডারা আপনারদের দৈন্যবিষয়ে রোদন করিয়া গবর্ণমেণ্টকে এমত লওয়াইলেন যে আপনারদের প্রাপ্য দুই অংশ গবর্ণমেণ্ট ছাড়িয়া দিলেন। পরন্তু পণ্ডারদের এই ব্যাপার যে চাতুর্য্যরহিত এমত কহা যাইতে পারে না যেহেতুক তাঁহারা দুই বৎসরের উপহার ঐক্য করিয়া কহিলেন যে গড়ে বার্ষিক উপহার আট হাজার টাকার অধিক হয় না কিন্তু তাহার কএক বৎসর পরে দেখা গেল যে তাহা বার্ষিক ২০ হাজার টাকার ন্যূন নহে। কিন্তু যদ্যপি ঐ দেবোত্তরের মধ্যে গবর্ণমেণ্টের লভ্য যে দুই অংশ ছিল তাহা ত্যাগ করিলেন তথাপি ঐ দেব-

SUMACHAR DURPUN.

SATURDAY, OCTOBER 28TH. 1837.

Temple of Bydenath.

This temple stands foremost among all the temples in Bengal. Its revenues have been so variously stated by the different public officers who have touched on the subject, that it is difficult to arrive at any accurate estimate of them. But the fact, that three hundred and fifty priests are supported in ease and luxury from them; that an offer was made on a former occasion to farm them for 40,000 Rupees a year; and that the alienations of land during the incumbency of the late Ojah or Chief Priest, have made his family rich and independent; and that the endowments of the temple in ten districts, amount to ninety-five villages, prove that the pecuniary resources of this shrine, exceed those of any other in Bengal.

On taking possession of the country, the British Government found that two-thirds of the offerings belonged to the state. Forty-six years ago, the priests appear to have made out a lamentable case of poverty to Government, and to have prevailed on the public authorities to relinquish this share to them. That this transaction on the part of the Priests was not devoid of fraud, there can be little doubt, for the offerings which they asserted to amount on an average of two years, to only about 8000 Rupees a year, were found some years after to exceed 20,000 Rupees. But though the Government share of the profits was thus

লয় সরকারী সিরিশ্তার মধ্যে এইরূপে গণ্য হইল যে তাহাতে কর্তৃত্বকারি ওঝা নিযুক্তকরণে গবর্ণমেণ্টের সম্মতির অপেক্ষা থাকিল। ১৮৩৪ সালের শেষে কমিস্যনর শ্রীযুত মণি সাহেবের নিকটে সর্ব্বানন্দনামক যে প্রধান ওঝাকে গবর্ণমেণ্ট নিযুক্ত করিয়াছিলেন তাঁহার নামে অতিভারি অপরাধের বিষয়ে অভিযোগ হইল যে তাঁহাকে কর্তৃত্ব কার্য্যহইতে তগীর করেন। তাহাতে শ্রীযুত মণি সাহেব অতিসদ্বিবেচনাপূর্ব্বক গবর্ণমেণ্টের নিকটে এই পরামর্শ লেখেন যে ঐ দেবোত্তরের ব্যাপারহইতে আপনারদের ক্ষান্ত থাকাই উচিত। তাঁহার ঐ পত্র বোর্ড রেবিনিউর সাহেবেরদের বিবেচনার্থ অর্পণ হইল এবং বোর্ডের সাহেবেরা তাঁহার ঐ প্রস্তাবে সম্মত হইয়া আরো ইহা কহিলেন যে হিন্দুরদের তীর্থস্থান ও দেবালয়াদিতে গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করা অনুচিত ও অনাবশ্যক ও অপরামৃশ্য। এই পরামর্শে শ্রীলশ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেবও সহী দিলেন।

অপর এই বৎসরে প্রধান ওঝা সর্ব্বানন্দের লোকান্তর হয় এবং তাঁহার কর্ম্মে ব্যক্ত্যন্তরকে নিযুক্তকরণবিষয় পুনর্ব্বার গবর্ণমেণ্টের নিকটে প্রস্তাবিত হইলে ঐ কর্ম্মাকাংক্ষি দুই ব্যক্তি উপস্থিত হন এক ব্যক্তি অন্য এক জন প্রধান ওঝার পুত্র অন্য ব্যক্তি ঐ সর্ব্বানন্দের পুত্র অর্থাৎ যে সর্ব্বানন্দ আপনার অধিকারসময়ে ঐ বৃত্তির এত অংশ হাত মারেন যে তাহাতে বীরভূমের কর্ম্মকারক সাহেবেরা এই পরামর্শ দেন যে তাঁহার সন্তানকে যদি নিযুক্ত করিতে হয় তবে তাঁহারা যাহা লুঠিয়া গ্রাস করিয়াছেন তাহা উদ্গীর্ণ না করাইয়া নিযুক্ত না করেন। তাহাতে বোর্ডের সাহেবেরা এই উত্তর করিলেন যে পূর্ব্বকার গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে আমারদের প্রতি এই দেবালয়ের বিষয়ে হস্তক্ষেপকরণে নিষেধ আছে। তবে ঐ স্থানীয় পণ্ডারা কোন এক জন প্রধান ওঝাকে আপনারা মনোনীত করিতে পারেন তাহাতে যদি কোন আপত্তি উপস্থিত হয় তবে দেওয়ানী আদালতে তাহার নিষ্পত্তি করিতে হইবে। ইতিমধ্যে শ্রীযুত ষ্টেনিফোর্থ সাহেব ও শ্রীযুত স্কিনর সাহেব ঐ দেবালয়ের পূর্ব্বকার কার্য্য এবং বর্ত্তমান অবস্থাবিষয়ের অনুসন্ধান করাতে পূর্ব্বকার ওঝা ও তদ্বংশ্যের এমত শঠতা ও চাতুরী বোধ হইল যে ঐ স্থানীয় কমিস্যনর শ্রীযুত লুইস সাহেবের এমত পরামর্শ দিতে হইল যে এই বহুমূল্য বৃত্তি এতদ্রূপ অবস্থাতে ফেলে রাখা না যায় যে যাহাতে লুঠ হইতে পারে। এবং ঐ অধিকারে প্রধান ওঝা নিযুক্তকরণবিষয়ে কোন বিবাদ না হয় এনিমিত্ত গবর্ণমেণ্ট তাহা স্বয়ংই নিযুক্ত করেন কিন্তু বোর্ডের সাহেবেরা আপনারদের পূর্ব্বকার অঙ্গীকারমতই স্থির রাখিলেন এবং ১৮৩৫ সালের মার্চ মাসে গবর্ণমেণ্ট তদ্বিষয়ে যে আজ্ঞা করেন তদনুগামী হইয়া ঐ দেবালয়ের ব্যাপারে হস্তক্ষেপে নিবৃত্ত থাকিলেন এবং তৎসমকালে কহিলেন যে দেশের দেওয়ানী আদালত এমত অপারগ কহিতে পারি না যে দেবালয়ের কার্য্যঘটিত কোন বিবাদ উপস্থিত হইলে তাহার প্রতিকার করিবেন না এবং এতদ্রূপে ঐ দেবালয়ের তত্ত্বাবধারণ কার্য্যবিষয়ে গবর্ণমেণ্টের যে সম্পর্ক ছিল তাহা চিরকালের নিমিত্ত একেবারে রহিত হইল।

৺ প্রাপ্ত সর্ব্বানন্দ প্রধান ওঝা অর্থাৎ যাঁহার অধীনে ঐ বহুমূল্য বৃত্তি অর্পণ হইয়াছিল তিনি তাহাহইতে লক্ষ টাকা হরণ করিয়া পরিবারেরদিগকে অর্পণ করিয়াছেন এবং আপনার কুটুম্ব ভৃত্যেরদিগকে ঐ দেবোত্তর গ্রামসকল অত্যন্ত

abandoned, the temple was still so far reckoned among the establishments of the state, that the Governor General possessed a veto on the nomination of the Ojah. At the close of 1834, Mr. Commissioner Money received complaints of a heinous character against the Chief Ojah or Priest, Surbanund, the nominee of Government, with a request that he might be dismissed. Mr. Money, however, judiciously advised Government to withdraw from all further interference in the management of the temple. His letter was referred to the consideration of the Board of Revenue, who not only gave their concurrence to his proposal, but proposed "*that all interference with the internal management of such religious institutions was alike unwarranted, unnecessary, and unwise.*" With this opinion Lord William Bentinck concurred.

Surbanund, the chief Ojah, died during the present year, and the question of appointing a successor came anew before Government. Two candidates appeared for the office; one the son of a former; the other, the son of the late Ojah, who, during the life time of his father, had made away with so large a proportion of the property of the Temple, that the Local Agents recommended that, if he were appointed, it should be on condition that he disgorged some of his plunder. The Board stated, in reply, that according to the orders of Government, all interference in the management of the temple was interdicted; that the Priests must be left to settle the succession among themselves; and be referred, if necessary, to the Civil Courts for the adjustment of any disputes which might arise. Meanwhile, Messrs. Stainforth and Skinner were employed in conducting their enquiries into the past management and present condition of the temple, which unfolded to them such a scene of peculation and villainy, on the part of the late Ojah and his family, that Mr. Lowis, the Commissioner, felt himself called on to recommend that this valuable property should not be exposed to further plunder; and that the appointment should not be left as a bone of contention, but be filled up by Government. The Board, however, stood firm to their original determination; and taking the orders of Government of March, 1835, as their guide, refused to interfere in the management of the temple; justly remarking by the way, that they could never admit that the judicial institutions of the country were so defective, as not to be able to afford redress for any grievance connected with this temple. And thus, closes for ever the political alliance of the British Government with the shrine of Bydenath.

The Chief Priest, in whom was reposed the sacred trust of the large property devoted to the image, has enriched his own family with plunder to the extent of one lakh of Rupees, has underlet the lands to his own family and dependents, and actually alienated no fewer than twenty-two villages. We

খাকানায়ী ইজারা দিয়াছেন। এতদ্ভিন্ন ২২ খান গ্রাম একেবারে হস্তান্তর করিয়াছেন আরো শুনা গেল যে তাঁহার পরিবারের নামে ১২টা ফৌজদারী নালিস আছে তন্মধ্যে অনেক সপ্রমাণ হইয়াছে। তাহা এই২ আঘাতকরণ ও যাত্রিরদের উপর চড়াউকরণ বাটী ভাঙ্গিয়া ফেলন দাঙ্গার উদ্যোগকরণ উৎপাতকরণ চোরা আফিং ঘরে রাখণ। দৃষ্ট হইতেছে যে অনেক বৎসরাবধি ঐ দেবালয়ে যেরূপ অপকার্য্য হইয়া আসিতেছে তাহা প্রায় বিশ্বাসযোগ্য নহে।

গবর্নর্ জেনরল বাহাদুরের দরবার।

গত পূর্ব্ব বৃহস্পতিবার অপরাহ্নে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর এক দরবার করিয়াছিলেন। কিন্তু আমরা তত্রস্থ হইয়া দেখিলাম যে ঐ সভাতে যত সভ্যের সমাগমসম্ভাবনা ছিল তত সমাগত হন নাই।

বঙ্গদেশের গবর্নরী পদ।

শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব পশ্চিম দেশে যাত্রাকরণেতে শ্রীযুক্ত আনরবল রস সাহেব বঙ্গদেশের গবর্নরী পদ ধারণ করিয়াছেন। শ্রীযুত হালিডে সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুডিসয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টের সেক্রেটরী পদে নিযুক্ত থাকিবেন। শ্রীযুত ট্রিবিলয়ন সাহেব বঙ্গদেশের সেক্রেটরীর কর্তৃত্ব কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

পশ্চিম দেশে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের গমন।

গত শনিবাসরে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর পশ্চিম দেশে যাত্রা করিয়াছেন। তাহাতে কৌন্সেলের শ্রীযুত মেম্বর সাহেবেরা ও সেক্রেটরী সাহেবেরা ও অন্যান্য সিবিল ও যুদ্ধসম্পর্কীয় সাহেবেরা শ্রীযুক্তের অনুচর হইয়া চাঁদপালের ঘাট পর্য্যন্ত গমন করেন। এবং প্রত্যূষে ঠিক সওয়া ছয় ঘণ্টাঅবধি গবর্ণমেণ্ট হৌসহইতে তাঁহারদের গমনারম্ভ হইয়াছিল। শ্রীশ্রী মতী ইঙ্গলণ্ড মহারাণীর সৈন্যেরা চাঁদপাল ঘাট পর্য্যন্ত রাস্তার উভয়পার্শ্বে শ্রেণীবদ্ধরূপে দণ্ডায়মান হইল. এবং বহুতর গাড়ি ও সাধারণ জনতা ও অনেক বিবি সাহেব ও সাহেব লোকেরদের তথায় আগমন হওয়াতে ঐ ঘাট পরম শোভিত হইয়াছিল এবং শ্রীযুক্তেরদের আরোহণতরণী ঘাট হইতে প্রস্থিত হওনসময়ে এককালে ভাবলোক শ্রীযুক্তেরদিগকে অত্যন্ত সম্ভ্রম করিলেন তাহাতে শ্রীলশ্রীযুক্ত ও শ্রীশ্রীমতী ভগিনী দ্বয় অতি বাধ্যতা স্বীকার করিলেন। তাঁহারা দুই বাষ্পীয় জাহাজে আরোহণ করিয়াছেন বিশেষতঃ শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড ও তদীয় পরিবার শূর্ম্মানামক জাহাজে ঐ জাহাজ মেঘনানামক জাহাজের দ্বারা আকৃষ্ট হইবে। এবং শ্রীযুক্তের মুসাহেব ও তৎপরিবারেরা মাথাভাঙ্গা জাহাজে ঐ জাহাজ লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক জাহাজের দ্বারা আকৃষ্ট হইবে। অপর শ্রীযুক্তেরদের জাহাজ আরোহণেতে এবং কিল্লার নিকটদিয়া গমনকরণেতে এবং কৌন্সলের সভাপতি শ্রীযুক্ত রস সাহেবকে ডেপুটি গবর্নরী পদে নিযুক্ত করণেতে কিল্লাহইতে অনেক সেলামী তোপ হইল এই সকল ব্যাপার সাড়ে আট ঘণ্টার মধ্যেই সমাপন হইয়া গেল।

সর বেঞ্জিমেন মালকিন।

আমরা অত্যন্ত খেদপূর্ব্বক জ্ঞাপন করিতেছি গত শনিবার অপরাহ্ন পাঁচ ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের এক জন জজ সর বেঞ্জিমেন্ মালকিন সাহেব লোকান্তরগত হইয়াছেন।

find no less than twelve distinct criminal charges brought against the members of this family,—many of which were proved,—for wounding and assaulting pilgrims,—for breaking down houses,—for attempts to commit affrays,—for assaults—and for the possession of contraband opium. The temple appears to have been for many years such a sink of corruption, as to be scarcely credible.

The Governor General's Levee.

The Governor General held a levee at Calcutta, on Thursday week last, at four o'clock, which was not so numerously attended as we could have wished.

Governorship of Bengal.

On the departure of Lord Auckland for the Western Provinces, the Honourable Mr. Ross assumed charge of the Government of Bengal. Mr. Halliday officiates as Secretary to the Government of Bengal in the Judicial and Revenue Departments, and Mr. Trevelyan as Secretary to the Sudder Board of Revenue.

Departure of the Governor General for the Upper Provinces.

The Right Honourable the Governor General embarked this morning for the Western Provinces. His Lordship was attended to the ghaut by the Members of Council, Secretaries and many other Civilians and Military Officers, &c., who assembled for the purpose at Government House. Thence the procession started punctually at a quarter past six, H. M's. troops forming a street all the way to Chandpaul Ghaut, which presented a very lively scence, being crowded with carriages and a large concourse of persons, including many ladies,—and when the boat left the shore the universal demonstrations of respect and regard were feelingly acknowledged by His Lordship and his sisters. The whole party is distributed in two Steamers, Lord Auckland and his family occupying the *Soorma* flat towed by the *Megna*, and the Secretaries and their families proceeding in the *Matabhanga* flat towed by the *Lord William Bentinck*. The embarkation and passing the Fort, and subsequently the installation of the Honourable Mr. Ross, as President of the Council and Deputy Governor of Bengal, gave occasion for a good deal of firing of salutes, all which was over by half-past eight. —*Cal. Courier, Oct. 21.*

Sir Benjamin Malkin.

We regret exceedingly to announce the death, on Saturday afternoon, at 5 o'clock, of Sir Benjamin Malkin, one of the Puisne Judges of the Supreme Court.

উইলবরফোর্স বর্ড সাহেব।

কথিত আছে যে শ্রীযুত উইলবরফোর্স বর্ড সাহেব শ্রীযুত ডাইলি সাহেবের অস্বাস্থ্যপ্রযুক্ত কষ্টম ও নিমক ও আফীণ বোর্ডে ভর্ত্তি হইবেন।

পোলীস।

শুনা গিয়াছে যে শ্রীযুত জি টি এফ স্পিড সাহেব বঙ্গাদি প্রদেশে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের প্রথম আসিষ্টাণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। ঐ সাহেব মাসে ৫০০ টাকা বেতন পাইবেন এবং যখন মফঃস্বলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সমভিব্যাহারে ভ্রমণ করিবেন তখন পথখরচ বলিয়া আরো মাসিক ২০০ টাকা পাইবেন।

নূতন বাষ্পীয় জাহাজ।

ইণ্টরপ্রায়িজ নামক নূতন বাষ্পীয় জাহাজের কল যে জাহাজে বসান যাইবে তাহা কলিকাতাস্থ বংশালের কোম্পানি ১,৪০,০০০ টাকাতে নির্ম্মাণ করিতে চুক্তি করিয়াছেন তাহা বোম্বাইতে নির্ম্মিত হইলে ইহাপেক্ষা আর ১৫ হাজার টাকা অধিক লাগিত। পক্ষান্তরে কলিকাতার কার্য্য নিমিত্ত দুই খান আড়কাটির জাহাজ বোম্বাইতে প্রস্তুত হইবে।

কাশিমবাজারের রেশমী কোরা।

কস্যচিৎ বাণিজ্যকারিণঃ ইতিস্বাক্ষরিত পত্র নীচে লিখিতব্যমতে হরকরাতে প্রকাশ পাইয়াছে এবং তন্মধ্যে কাশিমবাজারে প্রস্তুত রেশমী কোরার বিষয়ে যে সকল চাতুর চলিতেছে তাহা প্রকাশ হইয়াছে।

এইক্ষণে আপনার সম্বাদপত্রের দ্বারা এই রাজধানীস্থ বাণিজ্যকারিরদিগকে জ্ঞাপন করিতেছি যে গত বৎসরে যখন ইঙ্গলণ্ড দেশে কাশিমবাজারীয় কোরার মূল্য অত্যন্ত চড়তি হইল তখন এইস্থানীয় বাণিজ্যকারিরা কোরার গুণ ও কোন্ প্রকার রেশমে তাহা প্রস্তুত হইয়াছে তাহার তদ্বাতদ্ব কিছু বিবেচনা না করিয়া অনবরত খরীদ করিতে লাগিলেন।

হে সম্পাদক মহাশয় আমি অনেক সাহেব লোকের স্থানে শুনিয়াছি যে ইঙ্গলণ্ডহইতে এমত পত্র পঁহুছিয়াছে যে ঐ সকল কোরার মধ্যে অনেক মন্দ ও দাগী ছিল কিন্তু তাহা মন্দ ও দাগী হওনের প্রকৃত কারণ প্রায় কেহ জ্ঞাত নহে সেই কারণ এই যে অনেক মহাজন ঐ কোরা ওজনে ভারিকরণার্থ তাহাতে চিনি বা সফেদা বা খড়ি মিশ্রিত করিয়া দিয়াছিল।

হে সম্পাদক মহাশয় এইক্ষণেও কাশিমবাজারে অনেক মহাজনেরা সেইরূপ কুকর্ম্ম করিয়া থাকে তাহাতে কেবল এই ফল হইবে যে কাশিমবাজারের অনুরাগ একেবারে যাইবে।

অতএব ঐ দ্রব্যের এতদ্দেশীয় ক্রেতারদিগকে এইক্ষণে সতর্ক করিয়া এই পরামর্শ দেই যে তাঁহারা ঐ কোরা খরীদ করণের পূর্ব্বে তপ্ত জলে কাচিয়া লন্ তাহাতে জানা যাইবে যে তাহার সঙ্গে চিনি প্রভৃতি দ্রব্য মিশ্রিত আছে কি না এবং কতক থান কাচিবার পূর্ব্বে কতক থান পরেওজন করেন।

পক্কাম্র।

এই বৎসরে অধিককালপর্য্যন্ত গ্রীষ্ম থাকাতে এমত শীতকালের আরম্ভসময়েও কলিকাতায় পক্কাম্র টাকায় ৮টা করিয়া বিক্রয় হইতেছে।

Mr. Wilberforce Bird.

It is stated that Mr. Wilberforce Bird is to be added to the Board of Customs, Salt and Opium, as a third Member, in consequence of the infirm health of Sir Charles D'Oyly.

Police.

Mr. G. T. F. Speed, we understand, is appointed head uncovenanted assistant to the superintendant of police in the *lower provinces*, at a salary of 500 rupees per mensem, with an additional allowance of 200 rupees per mouth, when out on a tour of inspection with the superintendant.—*Eng. Oct. 26.*

New Steamer.

The new Steamer intended to receive the engines of the *Old Enterprize*, is to be built by the Calcutta Docking Company, at an expense of 1,40,000 Rs. which is 15,000 less than she would have cost at Bombay.—On the other hand, two new Pilot Vessels for the *Bengal Marine* are to be built at Bombay.

Cossimbazar Silk Corahs.

The following letter, signed *A Trader*, has been published in the *Hurkaru*; it details the roguery which has been practiced with regard to the Cossimbazar Silk Corahs.

Sir,—I beg to bring to the notice of the mercantile community in the Presidency, through the medium of your journal, that last year, when there was a great demand for Cossimbazar silk corah piece goods at home, the merchants and agents of this place bought the said goods here, without much regarding their quality, and what stuff had been used in their manufacture.

Mr. Editor, I have been informed by many gentlemen of the complaints made in their letters from England, that many of those goods were damaged and mildewed, but the real cause of their being damaged and mildewed is not known to every one, which is in consequence of many dealers of the said goods having put white lead, sugar and chalk in those goods to make them weighty.

Mr. Editor, still that practice is carrying on at Cossimbazar, by many dealers of corah, and thereby a general bad name of Cossimbazar corahs will occur.

I, therefore, give warning to the purchasers in this place of the said goods, and recommend them to wash a few pieces of the above goods in hot water, before they make their purchase, and thereby it will be easily known whether any sugar, &c. is contained in those goods; and a few pieces must be weighed before washed, and then again weighed after being washed and dried.

Ripe Mangoes.

In consequence of the hot weather which we had this year, ripe mangoes have been sold at Calcutta at the present time, at the rate of eight for the Rupee.

ঢাকার কালেকটরী।

গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে সম্প্রতি ঢাকার কালেকটরী আপীসে ইঙ্গরেজী ভাষার দ্বারা কার্য্য আরম্ভ হইয়াছে এবং তত্রস্থ লোকেরা এইরূপ ইঙ্গরেজী ভাষার প্রাদুর্ভাব দেখিয়া বহুতর বালকেরদিগকে পাঠশালায় পাঠাইতেছেন। শ্রীযুত সিংক্লের সাহেব ও শ্রীযুত পার্ব্বতীচরণ সরকার ঢাকানিবাসি বালকেরদিগকে যে মত ইঙ্গরেজী ভাষা শিক্ষা দেওনার্থ উদ্যোগ করিতেছেন তদ্দৃষ্টে এড়ুকেসন কমিটির সাহেবেরা বোধ করেন যে অল্পকালের মধ্যেই অন্ধকারে ঢাকা ঢাকার লোকেরদের জ্ঞানালোক হইবে।

পশ্চিম প্রদেশ।

পশ্চিম প্রদেশে অনাহার নিমিত্ত দুঃখ দিন২ বর্দ্ধিষ্ণু হইতেছে। শস্যের মূল্য ক্রমেই বাড়িতেছে এবং বৃষ্টি হওনেরও কোন আকার নাই যে তদ্দ্বারা ঐ মূল্যের কিঞ্চিৎ ন্যূনতা হইতে পারে। প্রতিদিন যেরূপ অবস্থা দৃষ্ট হইতেছে কেবল এক স্থানে নহে কিন্তু তাবৎ পশ্চিম অঞ্চলেই তাহাতে হৃদয় বিদীর্ণ হয়। যে স্থানে শস্য কিঞ্চিৎ সুমূল্য আছে সেই স্থানে লোকেরা পালে২ যাইতেছে এক স্থানে বাসেতে লোকের যে অনুরাগ ছিল তাহা অনাহারের পরাক্রমেতে এককালে দূরীকৃত হইয়াছে। এবং অনেক জিলার সম্বাদ শুনা যাইতেছে যে একেবারে লোকশূন্য হইয়াছে এবং অন্যান্য যে জিলাতে আহারের অল্প ক্লেশ সেই জিলাতে অনাহারি লোকেরা ঝাঁকে২ যাইতেছে।

মীর্জাপুর।

৫। ৬ তারিখে মীর্জাপুরের তাবৎ অঞ্চলের মধ্যে অতিপ্রবল বৃষ্টি ও বাতাস হয় তাহাতে খরীপের ফসলের কিঞ্চিৎ ক্ষতি হইয়াছে কিছু২ ধান্য সংগ্রহ করা গিয়াছিল কিন্তু যাহা কাটা যায় নাই তাহা এবং যবারি ও বজরির ফসল এমত পড়িয়া গিয়া নষ্ট হইয়াছে যে তাহার উপর দিয়া সৈন্যসমূহ গমন করিলে যেমন হয় তেমনি হইয়াছে। কিন্তু এইক্ষণে পূর্ব্বের ন্যায় কাল নির্ব্বাত হইয়াছে ঐ ঝটিকার দ্বারা নদীস্থ নৌকাতে কোন ব্যাঘাত হইয়াছে এমত শুনা যায় নাই।

বালা সাহেব।

পুণ্যনগরহইতে আগত পত্রে লেখে যে সেতারার শ্রীলশ্রীযুক্ত রাজার চিঠীনবীস শ্রীযুক্ত বালা সাহেব সৈন্যবেষ্টিত হইয়া পুণ্যনগরে পঁহুছিবামাত্রই শ্রীযুত এজেণ্ট সাহেব তৎক্ষণাৎ তাঁহাকে সম্‌য়ারনামক রাজবাটীতে বদ্ধ রাখিলেন। আরো এমত জনরব হয় যে নরোত্তমনামক অপর এক ব্যক্তিকে ৯ তারিখে ৫০ জন সৈন্যে বেষ্টিত করিয়া নগরে পাঠান গিয়াছে। সেতারা রাজ্যের কুকর্ম্মে তিনিও লিপ্ত ছিলেন এমত সন্দেহপ্রযুক্ত তাঁহাকে ধরা যায়।

ঔষধাভাসে মৃত্যু।

গত ১৮ তারিখে মুচিপাড়ার এক জন চৌকিদার একটা বেদনার প্রতিকারার্থে

The Dacca Collectorate.

By the recent proposition of Government, the English language has been introduced in the Dacca Collectorate. The villagers having observed so rapid use of the English language in public business, have sent their children to Dacca to the English School in immense numbers. The zeal with which Mr. Sinclair and Baboo Parbutty Churn Sirkar are labouring to impart knowledge to the children of the inhabitants of Dacca, has led the Education Committee to judge that the ignorance now clouding over them will soon be dispersed.—*Poorno Chundrodoy.*

The Western Provinces.

The distress of the Western Provinces continues to increase. Grain is rising in price, and there is no appearance of rain which might give any hope of amelioration. The scenes which are daily presented, not at one station only, but at nearly all the considerable towns of the West, are truly heart-rending. Wherever grain happens to be a little reasonable, thither does the tide of population set in. All fixed habits must soon give way under the pressure of famine. Already do we hear of districts all but emptied of their inhabitants; and other districts in which there happens to be less of starvation, crowded with emigrants.

Mirzapore.

(From a Correspondent.)

On the 5th and 6th instant, a tremendous gale of wind, accompanied and followed by very heavy rain, was experienced in this district. The Khureef crops have sustained considerable damage. Part of the rice had been gathered in; but what remained uncut, and bejuwaree and bujeree crops were generally beaten down by the violence of the gale, as if an army had marched over them. The weather has again resumed its usual serenity. We have not yet heard of any wreck having occurred on the river.

Balla Saheb.

We are informed by letters from Poona, that Balla Saheb, the Chitness or Secretary of His Highness the Raja of Sattara, arrived in Poona, under escort, on the 5th instant, and was immediately lodged, by the orders of the Agent, in the Shunwar Palace, as a prisoner. It is also reported that another person by the name of Nurotum Rae, who is said to have been previously seized at Nassick, on suspicion of being connected with the Sattara business, was sent a prisoner, under a guard of about 50 men, to Nugger, on the 9th instant.—*Bomb. Durp.*

Death from Quackery.

A chowkeedar of Moocheeparah thannah met his death yesterday morning,

ঔষধের পরিবর্ত্তে বিষ খাওয়াতে মারা পড়িয়াছে। ঐ বেচারা এবং ঐ থানার অন্য দুই জন চৌকিদার কুমারনামক এক যমসম চিকিৎসকের নিকটে বাতের ঔষধ প্রার্থনা করিয়াছিল তাহাতে ঐ চিকিৎসক একটা পাত্রাধারে বিষমিশ্রিত কিঞ্চিৎ ঔষধ তাহারদিগকে দিয়া এই কহিলেন যে তোমরা এই ঔষধ ভক্ষণ করিয়া লইয়া যাও। তাহাতে হার্দি নামক ব্যক্তি তাহা খাইল অন্য দুই ব্যক্তি তাহা অতি বিরসবোধে অত্যল্প খাইয়াছিল কতক্ষণ অন্তরে তিন জনই তদ্দ্বারা পীড়িত হয় হার্দি দশ মিনিটের মধ্যে মরে অপর দুই জন তৎক্ষণাৎ চিকিৎসালয়ে প্রেরিত হইয়াছে কিন্তু তাহারদের স্বাস্থ্য হওনের প্রায় প্রত্যাশা নাই। অপর ঐ ঔষধ পরীক্ষা করিয়া দেখা গেল যে তাহা এতদ্দেশীয় অত্যুগ্র বিষতুল্য কুচিলা ফলেতে প্রস্তুত হইয়াছিল। ঐ ঔষধ খাইয়া ৫০ জন মারা পড়িতে পারিত। তাহাতে ১৮ তারিখে করনর সাহেবের সুরতহাল আরম্ভ হয়।

বঙ্গদেশে হাসিল রহিতের ব্যবস্থা বোম্বাইতে অর্পণ করণ।

অবগত হওয়া গেল যে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ সাহেব এতদ্দেশহইতে প্রস্থিত হওনের পূর্ব্বে যে শেষ কার্য্য করেন সে এই যে গত বৎসরে বঙ্গদেশে মাসুল রহিত করণের যে আইন হইয়াছে সেই আইন এইক্ষণে বোম্বাই অঞ্চলে চলন করিতে হুকুম দিয়াছেন।

প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের পরিভ্রমণ।

২৭ তারিখে শ্রীলশ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের পরিভ্রমণারম্ভের কল্প আছে। শ্রীযুক্ত সাহেব দিল্লী নছিরাবাদ নিমচ গয়ালিয়র এবং মৌ এই কএক স্থানে ভ্রমণ করিবেন।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

বোম্বাইঅবধি রাস্তা।

আমারদিগের এমত বোধ হইতেছে যে অন্যান্য স্থানের প্রধান২ রাজকর্ম্মকারিরা রাজধানীর মধ্যে খবর খবর যাহাতে সুগমে আইসে ইহার সদুপায় স্থির করিতেছেন ইণ্ডিয়া ফোরিন রিবিউহইতে আমরা জ্ঞাত হইলাম যে লার্ড অকলণ্ড কলিকাতাহইতে বোম্বাইপর্য্যন্ত এক সোজা রাস্তা করিবার মনস্থ করিয়াছেন এবং আগ্রার লেপ্টেনন্ত গবর্নর্ ঐ স্থানহইতে বোম্বাইপর্য্যন্ত রাস্তা করিবার জন্য এক জন অধ্যক্ষ শীঘ্র নিযুক্ত করিবেন এবং বোম্বাইর গবর্নর্ ঐ রাজ্যের কর্হইতে ঐরূপ রাস্তা হওনের এক আবেদন পত্র প্রজারদিগের কর্তৃক প্রাপ্ত হইয়া তাহা স্বাক্ষরিত করিয়া ইঙ্গলণ্ডের বিচারাধিপতিরদের নিকটে প্রেরণ করিয়াছেন। —জ্ঞানান্বেষণ।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

ইঙ্গলণ্ডহইতে স্থলপথে কতকগুলা খবরের চিঠী আসিয়াছে তাহাতে ভারতবর্ষের লোকেরদিগের কোন মঙ্গলজনক খবর নাই কিন্তু এইমাত্র আছে পার্লিমেণ্ট বাষ্পীয় জাহাজের দ্বারা যাতায়াতের নিমিত্ত কিছু টাকা প্রদান করিয়াছেন ইহাতে ডাকের মাসুল কম হইয়াছে ঐ চিঠী পঁহুছনেতে যত খবর আমরা পাইয়াছি তাহা আমারদিগের চুম্বকের মধ্যে পাইতে পারিবেন।— ঐ।

by taking a poisonous decoction for some pains. The poor fellow, with two other chowkeedars of the same thannah, went to an empiric, named Koomer, and asked for some medicine for the rheumatism, when a pot containing a mixture was given, with directions to drink it between them. Deceased, named Haddie, took his portion and drank it off; the other two finding it very nauseous, only drunk a small quantity. After a few minutes, the three were taken ill, the first Haddie, dying in ten minutes, and the two others were conveyed to the hospital with little or no hopes of recovery. On examining the potion, it was found to be a decoction of Coochelah, a rank native poison, sufficient to kill fifty. A coroner's inquest was assembled yesterday evening, at 5 P. M.—*Engl. Oct. 12.*

Extension of the Bengal Customs Act of last year to Bombay.

We understand, that the last act of the Governor General before his departure was, to sanction the extension of the Bengal Customs Act of last year to Bombay.

His Excellency the Commander in-Chief.

The Commander-in-Chief was to commence his tour on the 27th October, and to visit in succession Delhi, Nusseerabad, Neemuch, Mhow, and Gwalior.

Spirit of the Native Papers.

Road to Bombay.

It appears that the authorities of the different settlements are employed in facilitating the means of intercourse between the Presidencies. We learn from the *Indian Foreign Review* that Lord Auckland is adopting a line of road from this to Bombay; that the Lt. Governor of Agra is about to depute an officer on survey for a new line between that city and the former place; and that the Governor of Bombay has supported the petition of the inhabitants to the home authorities, for the part appropriation of the Revenues, to the execution of a similar object.—*Gyan.*

Latest European Intelligence.

The arrival of an overland packet has brought news from England of a date three days later than we were possessed of; but it contains nothing of interest to the Indian community, with exception to the fact that Parliament has sanctioned a sum of money being advanced for communication by steam, and has reduced the postage of letters by the same channel of intercourse. The mass of information that has thus reached us, will be found among our Extracts.—*Gyn.*

বাষ্পীয় জাহাজ।

বাষ্পীয় জাহাজবিষয়ক চাঁদায় ১৬৪০ জনের স্বাক্ষরিত হইয়াছে এবং ইহাতে ইঙ্গলণ্ডীয় লোকেরদের সাহায্য করাতে এমত বোধ হইতেছে যে এই বিষয় অবশেষে সম্পন্ন হইবে ইহা ত্বরায় কিম্বা বিলম্বে প্রকাশ পাইবে ইহা সম্পূর্ণ হইবার বিলম্ব ছিল বটে কিন্তু এইক্ষণে আর অধিক বিলম্ব হইবে না।—ঐ।

পত্রপ্রেরকেরদের প্রতি।

অন্যায়াসহিষ্ণু কস্যচিদ্দর্পণপাঠকস্য ইতি স্বাক্ষরিত পত্র আমরা প্রকাশ করিতে অক্ষম হইলাম। তাহাতে এক জমিদারের অনেক গ্লানিসূচক উক্ত লেখেন।

আমতানিবাসিনঃ পি ম ইতিস্বাক্ষরিত পত্র অপ্রকাশ্য রহিল তাহাতে কোন জিলা আদালতের মোক্তারেরদের কুব্যবহারবিষয় লেখেন।

বোড়াল নিবাসি জনানাং ইতিজ্ঞাপন মিদং ইত্যঙ্কিত জমাদারের সুরতহাল বিষয়ক এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা প্রকাশ করিতে অক্ষম হওয়া গেল। ঐ গ্রামের অত্যাচার বিষয়ক পত্র অনেকবার প্রকাশ করা গিয়াছে তাহা বিচার কর্ত্তার গোচর হইয়াও প্রতিকার না হইলে সাধ্য কি।

বর্দ্ধমাননিবাসি লোকেরদের এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা আগামি দর্পণে অর্পণার্থ বিবেচনা করা যাইবে।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

১৮৩৭ সালের ৩০ সেপ্তেম্বর তারিখের ১১৫৯ সংখ্যক দর্পণে দুই বিষয় আমারদের দৃষ্ট হইল। এক এই যে ব্যবস্থাপক ডিপার্টমেণ্টের সেক্রেটরী সাহেবের পত্র। অপর চব্বিশপরগনার কমিটি ঐ দুই বিষয়ে আমারদের যাহা পরামর্শ নীচে লিখিতেছি। বিনামিতে জমিদারী ক্রয় কএকপ্রকার হয়। একপ্রকার এই যে কোন ব্যক্তি ঋণগ্রস্ত থাকাতে উত্তমর্ণের স্বত্ব লোপার্থ অপরের নামে ক্রয় করে। দ্বিতীয় কেহ বা স্বকৃত বিষয় ভ্রাতৃ বণ্টনাদির ভয়ে করিয়া থাকে। তৃতীয় বিষয় এই যে কালেকটরী আমলাপ্রভৃতিকে ১৭৯৩ সালের ২ আইনে কিম্বা ১৮২২ সালের ১১ আইনে অথবা অন্য২ চলিত আইনে যাহা আছে তন্নিমিত্তও নিষেধ হয় এই ৩ এই কারণ ত্রয়েই ভারতবর্ষে এই রীতি ব্যাপক হইয়াছে। কিন্তু শেষোক্ত কারণ লোকের পক্ষে অনিষ্টকর বটে। ফলিতার্থ ইহা রহিতকরণের জন্য যত উপায় হইবেক তত উপায়ই বৃথা হইবেক। কেননা যাবৎপর্য্যন্ত ঐ কর্ম্মকারি ব্যক্তিরদের জন্মভূমিতে মমতা থাকিবেক তাবৎ ক্ষান্ত হইবেক না। এপ্রকার নিষেধ করা যদভিপ্রায়ে উহারি মর্ম্মের প্রতি দৃষ্টি রাখিয়া ঐ নিষেধ রহিত হইয়া এমত বিধি দেওয়া যায় যে যথেচ্ছা সকলই ক্রয় করিতে পারিবে কিন্তু আমলার নামে খরিদহওয়া মহালে কোন্‌প্রকার বা কি অসঙ্গতি বোধ হইলে কিম্বা চাতুরী অথবা অল্প মূল্য কিম্বা ছল প্রকাশ হইলে সেই আমলা এবং তাহার স্থাবরাস্থাবর বস্তু দায়ি হইবে তবে এপ্রকার অনিষ্টমূলোৎপাটন হইতে পারে। যেহেতুক ডাক সাব্যস্তকরণের সময় কিম্বা পরে কালেকটর সাহেবেরা বিশেষ মনোযোগী হইবেন এবং নীলামহওন মাত্রই তজ্জ করিবেন এবং বিশেষ অপেক্ষা না করিয়া ডাক সাব্যস্ত করিবেন না এবং উপরিস্থ হাকিমেরদের সন্দেহ নিরাকরণ না হওয়া পর্য্যন্ত মঞ্জুর করিবেন না। এমত যত্নেও যদ্যপি বিনামিতে খরিদ হয় তবে তজ্জন্য এমত প্রতিকার করা যায় যে ঐপ্রকার বিষয় উপস্থিত মাত্রই পুংখানুপুংখ তজ্জ হইতে পারে। নচেৎ

Steam.

1640 Shares have been already taken up in the comprehensive steam projection. This added to the countenance of the authorities in England shews very fair for the ultimate success of the scheme: of which indeed the result, from its nature, must sooner or later have been triumphant, even though the delay in execution have proved more protracted than it is happily now likely to become.—*Gyan.*

To Correspondents.

We cannot publish the letter of "*One who cannot suffer injustice;*" it is full of abuse of a Zemindar.

P. M. of Omptah is unpublishable. It abuses certain Native Attornies.

We have received a letter from *certain residents of Boral*, regarding the request of the Jemadar, which we cannot publish. We have often alluded to the oppressions in this village. If though brought to the notice of the ruler, no remedy is applied, what can we do?

We have a letter from *the Residents in Burdwan.* We will judge about its publication.

Correspondence.

To the Editor of the Durpun.

In No. 1159, of the *Durpun*, published on the 30th September, 1837, two subjects are brought forward; one is the letter of the Secretary in the Legislative Department; the other of the Committee of the 24-Pergunnahs. On both subjects we offer you our opinion. There are several ways of purchasing *benamee*, one is this; when a man is indebted, in order to defraud the creditor, he sells his property, or puts it in another name. *2ndly*, Others through fear of being obliged to divide their own acquired property among their brothers, put it in another name. *3rdly*, The Officers of the Collectorate and other officers are prohibited to purchase lands by Regulation II. of 1793, and XI. of 1822, or by some other current Regulations; these are the three reasons why, in this country, lands are held in some other name, except that of the real proprietor. The last occasion I have mentioned, is the cause of misery to the people, but whatever efforts may be made to prevent it, will be found useless; for as long as these native officers continue to live in their own native land, they will purchase lands. Now, if keeping in view the reason which dictated this prohibition, the prohibition were removed, and it was made the rule that every one might purchase lands; but that in the lands purchased by the Amlahs, if there appeared anything extraordinary or fraudulent, or the lands appeared to be purchased at a low rate, the Amlah himself and his lands should be held responsible; under such a rule the grievance arising from the purchase of lands by the Amlahs would be irradicated: for if while the rule prevailed, that the Collector should be on his guard about accepting the bid, and should examine carefully who were the bidders, and without careful examination should not confirm it, and that the purchase should not be valid, until all the doubts of the Higher Courts had been removed; lands are continually purchased inother names, then it appears advisable that wherever suspicions arise, the question should be sifted to

কেবল চাকরি করণমাত্রই যে এক ব্যক্তিকে আপন জন্মভূমিতে সম্পত্তি করাণ নিষেধ করা পক্ষান্তরে উহার কুকর্ম্মের পথ দর্শানমাত্র।

চব্বিশপরগনার কমিটির বিষয়ে যাহা লিখিত হইয়াছে যে কালেকটরী সিরিস্তার তাবৎ হিসাব ইঙ্গরেজীতে রাখা যাইবেক কিন্তু তদর্থ অল্প বেতনে কার্য্যোপযুক্ত লোক যদ্রূপ ঐ জিলায় প্রাপ্ত হইবেক তদ্রূপ অন্যত্র সাধারণ। বিশেষতঃ ১৭৯৩ সালের ২১ আইনের অভিপ্রায় এই ছিল যে দেশীয় ভাষায় সিরিস্তার হিসাবআদি স্থাপিত হইলে সকল প্রকার লোকের উপকার। নচেৎ কোন জিলার কালেক্টর সাহেবের হস্তে এমত অবকাশ নাই যে সেহা খতিয়ান রোকড় ভেরূনী ভৌজী মাসকাবার যাহা নামওয়ারি প্রত্যেকং রাখিতে হয় তাহার ঠিক দেন কিম্বা যোকাবিলা করেন। সুতরাং যদ্যপিও কোন দিন দিতে চাহেন তাহাতেও কএক জন কালেকটরভিন্ন অথবা বাঙ্গলার অঙ্ক চিনিতে না পারেন এমত নহে। সুতরাং গবর্ণমেণ্ট অপারগ কালেকটর কএক জনের অনুরোধে এপ্রকার করিয়া তাবৎ লোকের চক্ষে বস্ত্র আচ্ছাদন করিবেন তাহা কেবল ইঙ্গরেজী বিদ্যার পক্ষপাতি ব্যক্তিরদেরি তুষ্টিকরমাত্র। নচেৎ মেং ডনেলি সাহেবপ্রভৃতি দক্ষ ব্যক্তিরদের সমীপে কিছুই আটক হয় না ঐ বিদ্যালোচনাতে আমারদেরও সম্পূর্ণ সন্তোষ আছে কিন্তু এপ্রকার তাবৎ হিসাব একেবারে ইঙ্গরেজী করা এ আপত্তি আমারদের কখনই যাইবে না।

শ্রীযুত দর্পণসম্পাদক মহাশয়সমীপেষু।

বিনয়বিশিষ্ট নিবেদনমিদং। আমারদিগের এ প্রদেশে এমত জনরব হইতেছে যে গবর্ণমেণ্ট এইক্ষণে এমত স্থির করিয়াছেন যে বর্দ্ধমানের নিকটস্থ দামোদর নদের সেলামাবাদের মোহনা যাহা বালি পড়িয়া প্রায় বন্দ হইয়াছে ছাড়াইয়া দিলে আমারদিগের গ্রামমধ্যস্থ যে নদী আছে তাহার দুই পার্শ্ব পরিসর হইলে ও বাঁকের মাথা কাটাইয়া দিলে পাতরিয়া কয়লা আনিবার অতিসুগম হইবে। এবং কেহ কহে যে উক্ত মোহনা বন্দ থাকাতে অরায় বন্যার জল নিকাশ হইতে না পাইয়া দক্ষিণ অঞ্চল জুয়লাব হইয়া যায় এইনিমিত্ত গবর্ণমেণ্ট আন্দোলিত বিষয়ে প্রবর্ত্ত হইয়াছেন। হে সম্পাদক মহাশয় যদ্যপি ইহাও হয় তথাচ অকর্ত্তব্য কর্ম্মকারণ যেমত দক্ষিণ দেশ রক্ষা করিবেন তেমত এই অঞ্চল প্রতি বৎসর ভাসিয়া যাইবেক ও আমারদিগের গ্রামস্থ নদীর দুই পার্শ্বে কাহার বাসস্থান থাকিবেক না। তবে একের ভাল করিয়া অন্যের মন্দ করা ইহাই কি বিবেচনা হইয়াছে বরং ইহাতে আমরা গবর্ণমেণ্টকে দোষি করিতে পারি। যেহেতুক দক্ষিণ অঞ্চল কোনং বৎসর দৈবকৃত দৈববলে বৃদ্ধি হইয়া জুয়লাব হয়। আর উক্ত মোহনা ছাড়াইয়া দিলে যে প্রতি বৎসর আমারদিগের এ অঞ্চল ভাসিয়া যাইবেক তাহা গবর্ণমেণ্ট বিলক্ষণ জ্ঞাত আছেন তবে ইহাতে একেবারে কি প্রকারে প্রবর্ত্ত হওয়া যায়। বরং গবর্ণমেণ্ট প্রথম এক জন আমিনের দ্বারা তদারক করেন যে উপরিউক্ত মোহনা ছাড়াইয়া দিলে আমারদিগের এ প্রদেশের লোকের কত ক্ষতি বৃদ্ধি ও কত বাস নাশ হইবে। পরে যদ্যপিও করা কর্ত্তব্য হয় তবে ইহারও এক সুনিয়ম লিখিতেছি। আমারদিগের গ্রামের পূর্ব্বঅংশে হাটতলায় যে নদীর বাঁক আছে ঐ স্থানহইতে কাটাইয়া বৈদ্যবাটীর নিকট ৺গঙ্গার সহিত মিলাইয়া দিলে অতি অরায় জল নিকাশ হইলে তবু মন্দের ভাল হইবেক।

কেষাঞ্চিৎ চৌমুহা পরগনার গোপালনগরনিবাসিনাং।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

নীচে লিখিতব্য কএক পংক্তি যদি আপনি দর্পণে অর্পণ করা উচিত বোধ করেন তবে অনুগ্রহ পূর্ব্বক অর্পণ করিবেন।

একপ্রকার সফলও হইয়াছে কিন্তু চীনীয় গবর্ণমেণ্ট তাহা টের পাইলে নিবারণার্থ যে উদ্যোগ করিবেন তাহাতে সন্দেহ নাই।

আবা দেশ।

মরমেডনামক জাহাজ পঁহুছনেতে ২১ তারিখপর্য্যন্তের মৌলমীনের সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহার মধ্যে ইহা প্রকাশ করা যাইতেছে।

১৫ অক্তোবর তারিখে কোম্পানির জর্জ সুইণ্টননামক জাহাজ মৌলমীনহইতে রাঙ্গুণে পঁহুছিয়াছে এবং তদ্দ্বারা আবার রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব ও তাঁহার পরিজন ও ভৃত্যগণ পঁহুছিয়া অপরাহ্ণ চারি ঘণ্টাসময়ে জাহাজহইতে অবতীর্ণ হইলেন এবং তৎসম্ভ্রমানুসারে সেলামী তোপ হইল। তিনি ২১ অক্তোবর তারিখে মরমেড জাহাজ আরোহণে মৌলমীনহইতে কলিকাতাভিমুখে যাত্রা করিয়াছেন। আমারদের ভরসা হয় যে ঐ সাহেব এই রাজধানীতে পঁহুছিলে এইক্ষণে আবার রাজার সঙ্গে ব্রিটিস গবর্ণমেণ্টের যেমনভাব আছে তদ্বিষয়ে কিছু নিশ্চয় সম্বাদ পাওয়া যাইবে। এইক্ষণে আমরা অত্যন্ত অনিশ্চয়াবস্থায় আছি গবর্ণমেণ্ট তদ্বিষয়ে কি স্থির করিবেন তাহা কিছুই জ্ঞাত হইতে পারা যায় না। এইক্ষণে শ্রীযুত ডাক্তর বেইফলড সাহেব কন্সলের কর্ম্ম নির্ব্বাহার্থ রাঙ্গুণে আছেন। সেই স্থানে তাবৎ লোক সুস্থির ও সুমনে আছেন। কিন্তু সুতরাং ভাবি যুদ্ধবিষয়ে কিঞ্চিৎ ব্যগ্রতা আছে। ফলতঃ যেপর্য্যন্ত যুদ্ধ ও শান্তিবিষয়ের কিছু স্থৈর্য্য না হইবে সেইপর্য্যন্ত রাঙ্গুণ ও মৌলমীনস্থ লোকেরদের সন্দিগ্ধাবস্থা দূর হইবে না। তৎপ্রযুক্ত তাহারদের স্বার্থ ক্ষতি হইতেছে। এবং দেশের উন্নতিকরণার্থ কোন উদ্যোগও করিতে পারিছে না। যত কালপর্য্যন্ত মৌলমীনের উপর বর্ম্মারদের আক্রমণের সম্ভাবনা থাকিবে তত কাল কি নিমিত্ত তত্রস্থ লোকেরা আপনারদের ধন ও বসতির উন্নতিবিষয়ে উৎসাহী হইবে এবং বর্ম্মারদের সঙ্গে ইঙ্গলণ্ডীয়ের যুদ্ধ হইলে নিতান্তই ইঙ্গলণ্ডীয়েরা জয়ী হইবেন ইহা নিশ্চয় জানিয়া তাঁহারা এমত ভাবেন যে যুদ্ধের পরেই দেশের মধ্যে আমারদের অনেক উপার্জ্জনের উপায় হইবে এইক্ষণে কোন কার্য্যের আবশ্যক নাই।

অযোধ্যার রাজার বিষ ভক্ষণ।

এতদ্বিষয়ক প্রস্তাবের এক পত্র কোন ব্যক্তি আগ্রা আকবারে প্রকাশার্থ প্রেরণ করেন। এইক্ষণে আহ্লাদপূর্ব্বক আপনাকে জ্ঞাপন করিতেছি যে মুন্তমুজ উদ্দৌলা বাহাদুরের অত্যন্ত সদয় উদ্যোগ ও সূক্ষ্মানুসন্ধানদ্বারা এমত স্পষ্ট দৃষ্ট হইয়াছে যে বিষভক্ষণেতেই রাজার মৃত্যু হয় অতিকদর্য্য সোবান আলী খাঁ ও তাঁহারি গোষ্ঠী অতি ঘৃণ্যকম্বু বংশ্যের প্রবোধে ধনিয়া মাইরী নাম্নী ঐ বাদশাহের এক প্রিয়তমা বেশ্যা তাঁহাকে বিষ ভক্ষণ করায় কিন্তু ইবসান হুসেন খাঁ ঐ বেশ্যাকে বিষ আনাইয়া দিয়া এমত হুকুম দেন যদি তুমি ইহা বাদসাহকে না খাওয়াও তবে এইক্ষণেই তোমাকে খুন করিব। ভরসা হয় যে ঐ মুন্তমুজ উদ্দৌলা বাহাদুর রাজ্যের শাসনার্থ ঈশ্বর ও মনুষ্যের বিরুদ্ধ এই অপরাধ দোষিদিগকে অনুসন্ধান করিতে ত্রুটি করিবেন না। তাহা হইলে দয়ালু তাবৎ ব্যক্তিরা এমত ভরসা করিতে পারিবেন যে এই মহাপরা

that the Chinese Government, as soon as this is fully discovered, will take effectual means to prevent it.

Burma.

By the arrival of the *Mermaid*, we have received a *Moulmein Chronicle*, of the 21st ultimo, from which we subjoin the following extract:—

"The H. C. Schooner *George Swinton*, arrived here from Rangoon, on the 15th instant, bringing over Lieut. Colonel Burney, the Resident at the Court of Ava, with his family and suite. Colonel Burney landed at 4 P. M., on that day, under the salute due to his rank. He quitted Moulmein again this morning to embark on board the *Mermaid*, in which vessel he has taken his passage for Calcutta. We heartily trust that his proceeding to the seat of government will tend to bring the question of our relations with the Court of Ava to some kind of settlement. We seem at present to be in a very anomalous kind of position, and we are at a loss to divine what is the line of policy intended to be pursued. Dr. Bayfield remains at Rangoon in charge of the duties of Consul. All appears quiet and well disposed at that place, but, of course, much uneasiness and disquietude must be felt there at the prospect of being involved in hostilities; and, indeed, until the question of peace or war be fairly settled, the people of both places must continue in a state of doubt and suspense, to the manifest injury of their concerns, and not the decided obstruction to all attempts at improving the resources of this country. It is not to be supposed that people will settle or send their money here, so long as they have hanging over their heads the possibility of an invasion from the Burmese: and again, so long as war with the Burmese continues probable, the result of it is so easily guessed at, that people will hang back, expecting a wider field for the employment of their capital.—*Hurk.*

Poisoning of the late King of Oude.

To the Editor of the Agra Ukhbar.

SIR,—I am happy to be able to communicate that it has at length been satisfactorily discovered, through the humane exertion and vigilant inquiries of the venerable Moontuzmool-doulah Bahadoor, that the late King was taken off by poison, administered to him by a favorite female, of the name of Dhunneeah Mhyree, at the instigation of the vile Soobban Alee Khan, and the rest of the Kumboo tribe; but Ehsan Hosun Khan is the person from whose hands she received the fatal dose, and who threatened her with instant death in case of refusing to act as directed. His Lordship also, in the character of an ally, will, it is to be hoped, not shrink from causing an inquiry to be instituted into this daring outrage against the laws both of God and man, when the friends of humanity may confidently hope soon to see this blackest in the catalogue of human crimes, pursued with

ধের অবশ্য উচিত দণ্ড দেওয়া যাইবে। কিন্তু খেদের বিষয় এই যে মোসলমানেরদের শরাঅনুসারে কেসাসের দণ্ড কেবল সাক্ষাৎ অপরাধি ব্যক্তিরই হইতে পারে যাহারা তাহার প্রযোজক তাহারা নির্দ্দোষী কিম্বা কোন লঘু দণ্ডার্হ হয়।

মীর্জাপুরে নূতন ডাকের বিষয়ে আপত্তি।

মীর্জাপুর শহরস্থ এতদ্দেশীয় মহাজনেরা ঐ নগরে পূর্ব্বে যে দেশীয় ডাক ছিল তাহা পুনঃস্থাপন নিমিত্ত গবর্ণমেণ্টের নিকটে আবেদনার্থ উদ্যোগ করিতেছেন তাহার মূল কারণ এই যে এইক্ষণে সরকারী ডাকের দ্বারা যে লিপ্যাদি প্রেরণ হয় তাহার উপরে মাসুল অত্যন্ত এবং এতদ্দেশীয় ডাকের দ্বারা পত্র বা কোন ক্ষুদ্র পুলিন্দ বা বস্ত্রাদির নমুনা এই সকলের উপরে একই প্রকার মাসুলের হার ছিল সরকারী ডাকে তদ্রূপ নহে। কোম্পানির ডাকের দ্বারা ৩ সিক্কা ওজনি কোন পত্রাদি মীর্জাপুর হইতে ফরাক্কাবাদে প্রেরণ করিতে হইলে ১।/ মাসুল লাগে তাহা এতদ্দেশীয় ডাকে পাঠাইলে / মাত্র লাগে। মীর্জাপুর হইতে বারাণসীতে পত্রাদি পাঠাইতে হইলে তাহা অনেক ঘুরিয়া চণ্ডালগড় বেষ্টনপূর্ব্বক সিক্রোলে পাঠাইতে হয় এবং সেই স্থানেও কিছু বিলম্ব হইয়া শেষে বারাণসীতে পঁহুছে। তাহাতেও যদি ৩ সিক্কার অধিক ওজনে হয় তবে ।৶ মাসুল লাগে কিন্তু তাদৃশ পত্রাদি এতদ্দেশীয় ডাকের দ্বারা সোজা পথে প্রেরণ করিতে হইলে ৩ পয়সা লাগে। মীর্জাপুর ও বারাণসীর মধ্যে অধিক লিখন পঠন চলে এবং ঐ সকল লিপি সরাফ ও তদীয়গোমাস্তারদের মধ্যে স্বং বাণিজ্য কার্য্য বিষয়ে প্রত্যহই চলে। কাশীর বাজার ভাও দৃষ্টে মীর্জাপুরের বাজার ভাও স্থির হয় অতএব নিয়মমত অতি শীঘ্র পত্রাদি পঁহুছনে ঐ কার্য্যলিপ্ত ব্যক্তিরদের অত্যাবশ্যকতা এইপ্রযুক্ত সরাফেরা বোধ করেন যে মীর্জাপুরঅবধি বারাণসীপর্য্যন্ত অতিসোজা রাস্তা থাকিতে আমারদের পত্রাদি ঘুরিয়া চণ্ডালগড়বেষ্টনপূর্ব্বক প্রেরণকরণ যথা শিরোবেষ্টনপূর্ব্বক নাসিকা স্পর্শন। অপর বণিকেরা আরো ইহা অনিষ্ট বোধ করেন ঐ ডাকের পুলিন্দাদি যেপর্য্যন্ত ডাকের অধ্যক্ষ সাহেব না খোলেন সেইপর্য্যন্ত সিক্রোলে বন্ধ থাকে এবং ঐ ডাকের কর্ত্তা সাহেব যদ্যপি অতিচালাক ও কর্ম্মক্ষম হন তথাপি এমত হইতে পারে যে ডাকের পুলিন্দা পঁহুছিবামাত্রই তিনি উপস্থিত নহেন। পরে ডাকের পুলিন্দা খোলা গেলে পরও অতি শীঘ্রং পত্রাদি বিলি করণ ডাকের পেয়াদারদের ইচ্ছামত এবং যত শীঘ্র উচিত তত শীঘ্রই যে দেশীয় লোকেরদের পত্রাদি তাহারা দাখিল করিয়াদেয় এমত বুঝা যায় না।

এতদ্বিষয়ে আগ্রা আকবারে লেখেন যে পশ্চিম প্রদেশীয় প্রায় প্রধানং বণিক ও সরাফ ও মহাজনেরা পূর্ব্ববৎ দেশীয় ডাক স্থাপন হওনার্থ আগ্রার গবর্ণমেণ্টের নিকটে দরখাস্ত দিয়াছেন তাহাতে শ্রীযুক্ত উত্তর করিয়াছেন যে খেদ হইতেছে যে এই বিষয়ে কোন হুকুম দেওনের ক্ষমতা আমার নাই কিন্তু তোমারদের দরখাস্ত আমি শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে পাঠাইব ইতিমধ্যে পূর্ব্বের ন্যায় দেশীয় ডাক চালাইবার নিমিত্ত আমি অনুমতি দিলাম।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

গত পূর্ব্ব বৃহস্পতিবারে কলিংউডনামক জাহাজ ১২ জুলাই তারিখে লিবরপুল ছাড়িয়া সাগরে পঁহুছে এবং গত শুক্রবার মাদাগাসকরনামক জাহাজ ২০ জুলাই তারিখে লণ্ডন নগর হইতে প্রস্থিত হইয়া সাগরে উত্তীর্ণ হয় এমত সম্বাদ কলিকাতায় আসিয়াছে। বৎসরের সময়গতিকে শেষোক্ত জাহাজ অতিশীঘ্র পঁহুছিয়াছে।

কলিকাতাহইতে ১৫ অক্তোবর তারিখে যে ডাকের পুলিন্দা মহামারাতে প্রেরণ করা যায় এবং তথাহইতে শ্রীযুত কর্ণল চেসনি সাহেবের দ্বারা ইঙ্গলণ্ড দেশে নীত হয় তাহা ১২ জুলাই তারিখে লণ্ডননগরে পঁহুছে।

১৭ জুলাই তারিখে ইঙ্গলণ্ড দেশের শ্রীলশ্রীমতী মহারাণী স্বয়ং পার্লিমেণ্টে উপস্থিতা হইয়া রীতিমত ঐ সভার বৈঠক বন্দ করিলেন। অতিতরুণী মনোহারিণী মহারাণী ঐ সভাতে এই প্রথম গমন করেন। যে সভাতে অতিবক্তৃ নিপুণ ব্যক্তিরদের গমনে ক্ষোভে কম্প্রকলেবর হয় এমত মহাসভোপস্থানে ঐ অতিবালা অবলার কিরূপ ভাব হয় ইহা দর্শনার্থ তাবৎ লোকের অতিব্যগ্রতা হইয়াছিল।

তৎ সময়ে কুলীনসভা বহুতর কুলীনকুল ও কুলীনেরদের বনিতাগণ ও ভিন্নদেশীয় লোকেতে পরিপূর্ণা ছিল তাঁহারা সকলই অতিসুপরিচ্ছদে পরিচ্ছন্ন। এ দিগে শ্রীশ্রীমতী মহারাণী পরমশোভনীয় বহুমূল্য বসন পরিধানে ও হীরকাভরণভূষণে অষ্ট ঘোটকযোজিত শকটারোহণেযেমন রাজবাটীহইতে গমন করিতে লাগিলেন তেমনি সেলামী তোপ হইতে লাগিল। এবং মহারাণী সভার দ্বারে প্রবেশ করিবামাত্র তাবৎ সভাস্থ লোকেরা একেবারে নিশ্বাসাবরোধপূর্ব্বক নির্নিমেষাক্ষ হইয়া তাঁহার প্রতি ন্যস্ত দৃষ্টি হইলেন। পরে শ্রীশ্রীমতী যেমন কুলীনেরদের সভাতে প্রবেশ করিতে লাগিলেন তেমনি তূরী বাদ্য হইতে লাগিল এবং রীতিমত রাজকীয় বসনধারণার্থ ঐ সভাট্টালিকান্তর্গত বিশেষ প্রকোষ্ঠে গমন করিয়া রাজকীয় পরিচ্ছদ ধূম্রবর্ণ মখমলাচ্ছাদিতা হইলেন। অপর মহারাণীর প্রধান সংসারাধ্যক্ষ মহাশয় রাজমুকুট হস্তে করিয়া অগ্রেং চলিলেন এবং প্রধান মন্ত্রী রাজকীয় শস্ত্র প্রধান তলওয়ারহস্ত হইয়া অগ্রসর হইলেন। অনন্তর শ্রীশ্রীমতী মহারাণী স্বয়ং আগমনপূর্ব্বক যেক্ষণে সভাতে প্রবেশ করিলেন তৎক্ষণেই সম্মুখে সভাস্থ তাবল্লোক এককালে দণ্ডায়মান হইলেন প্রথমতঃ শ্রীশ্রীমতী ঐ মহতী সভার সমারোহ দেখিয়া চমৎকারে কিঞ্চিৎ ক্ষুদ্ধা হইয়াছিলেন কিন্তু তৎক্ষণমাত্রেই অক্ষোভে স্বাভাবিকভাবে অতিস্থির ও ধীরতারূপ সিংহাসন সোপানে পাদার্পণ করিয়া সভাস্থেরদিগকে উপবেশনার্থ আজ্ঞা করিলেন। তৎপরে হৌস অফ কমন্সীয় সভ্য লোকেরদিগকে আহ্বানকরণার্থ দূত প্রেরিত হইলে কমন্সের সভাপতি রাজসভোপযুক্ত বসন ভূষণে ভূষিত হইয়া এবং তদনুরূপ ঐ সভাস্থ তাবল্লোক অতিবেগে কুলীনসভাতে উপস্থিত হইলেন। পরে ঐ সভাপতি কুলীনসভাগত হইয়া স্বীয় বক্তৃতা প্রকাশকরত শ্রীশ্রীমতী মহারাণী ও তাঁহার সিংহাসনারোহণোপলক্ষে দেশের সন্তোষ সম বেদনপূর্ব্বক বর্ত্তমান বৎসরে পার্লিমেণ্টে যে সকল নিয়ম হইয়াছিল তাহার সংক্ষেপ বিবরণ ব্যক্ত করিলেন পরে শ্রীশ্রীমতী অতি স্পষ্ট ও অবিকল উচ্চারণে স্বীয় উত্তর বাক্যাবলি পাঠ করিলেন। এবং লোকেরা হৌস অফ কমন্সে সরকারী ব্যয়ার্থ যে সকল অর্থ দান করিয়াছিলেন তদর্থ বাধ্যতা স্বীকার করিয়া ঐ সভাতে যে সকল ব্যবস্থা নিরূপিত হইয়াছিল বিশেষতঃ যে ব্যবস্থাতে বিশেষং অপরাধিরদের প্রাণদণ্ড ক্ষমা করা গিয়াছে তদ্বিষয়ে স্বীয়

appropriate punishment. What a pity it is that "Kassas" extends only to the actual perpetrator of the deed, while abettors and accessaries are suffered to escape, merely by confiscation of property. "Tashheer," and other indignities prescribed by the Mahommedan law.

Native Daks.

The Native Muhajuns of Mirzapore are concocting a petition to the Governor General for the restoration of the Native daks, on the ground that the postage levied on letters, sent per Company's dak, is excessive, and that the native daks had only one rate of postage for letters, small parcels, musters, &c. without reference to bulk or weight, which is not the case with the Company's dak. The postage on a letter to Furruckabad of three sicca weight per Company's dak, is one rupee five annas —the same per native dak, one anna. On a letter to Benares *round* via Chunar to Secrole, and from thence after some detention to Benares per Company's dak, three sicca weight, is six annas; per native dak, *direct* to the city, three pies. The correspondence between Mirzapore and Benares is very great, and consists almost entirely of daily letters between shroffs and their correspondents on the subject of their banking business. The rate of exchange at Mirzapore are regulated entirely by the Benares quotations, and consequently the speedy and regular delivery of letters is an object of primary importance to those engaged in this business. The shroffs, therefore, conceive it a hardship to have their letters sent round via Chunar, when there is a good and direct road, and also to have them detained at Secrole until the mail is opend by the Post Master, who, however zealous and efficient, may possibly not be in attendance at the office when the mail arrives; and then after the important operation of opening the mail has been effected, the speedy delivery or otherwise of the letters will depend upon the pleasure of the peons; and they are not famous for delivering Native letters speedily.

It is reported that the Native merchants and shroffs in all the principle towns in the Western Provinces have presented petitions to the Lieutenant Governor for the re-establishment of the native daks, and that His Honour, in his replies, expressed his regret at not being empowered to pass any order on that subject, but that he would forward the petitions to the Governor General, and that in the mean time he would permit the native daks to run as usual.—*Agra. Ukh.*

Latest European Intelligence.

On Tuesday last, the *Collingwood*, from Liverpool, the 12th July, and on Friday, the *Madagascar*, from London, the 20th July, was announced in Calcutta. This latter vessel, considering the season of the year, has made a remarkably quick passage.

The mail which left Calcutta on the 15th of April, and was despatched to Mohamarrah, and conveyed home by Col. Chesney, reached London on the 12th of July.

Her Majesty the Queen of England prorogued Parliament in person on the 17th July. Nothing could exceed the interest excited on this occasion, when a young and lovely Queen, for the first time in her life, entered upon a scene in which the nerves of the most experienced might well have trembled.

The House of Lords was filled with Peers, Peeresses, and the foreign embassadors, all dressed in their most splendid robes. The queen was also dressed in the richest costume, and with a profusion of diamonds. As soon as she left the palace in the state carriage drawn by eight horses, a royal salute was fired, and the whole assembly fixed their eyes with breathless anxiety on the door to mark her entry. Her approach to the House of Lords was made known by the blowing of trumpets. She arrived at length, and went into the robing room, where the royal mantle of purple velvet was thrown over her other dress. The chief controller of her household then walked before her, bearing the crown, and then came the first minister of state bearing the sword of state; then followed the Queen herself. As soon as she entered, the whole assembly rose. She appeared at first to be for a moment appalled by the sight of the illustrious assembly; but soon recovered her self-possession, and walking with a firm step up the steps of the throne, begged their Lordships to be seated. A messenger was then despatched to summon the Commons, when the speaker in full robes, and as many members as were present, rushed into the House of Lords; and the speaker read his speech, congratulating her Majesty on her accession, and briefly detailing the measures which had been taken by Parliament during the year. Her Majesty then with a clear and unwavering voice, read her reply, in which she thanked the commons for the supplies they had voted, and expressed satisfaction at the laws which had been

সন্তোষ জ্ঞাপন করিলেন। অনন্তর শ্রীশ্রীমতী যেং স্থানশ্রেণীদিয়া সভাতে প্রবেশ করিয়াছিলেন তদনুসারে সভাহইতে প্রত্যাগমন করিলেন। তৎপরে পার্লিমেণ্টের সভা ভঙ্গ হইয়া পার্লিমেণ্টীয় নূতন সভ্যেরদিগকে মনোনীতকরণার্থ আজ্ঞা হইল।

এবং তাবৎ ইঙ্গলণ্ডদেশে রীতিমত পার্লিমেণ্টের নূতন কার্য্যকারি ব্যক্তিরদিগকে মনোনীতকরণবিষয়ে আন্দোলন হইতে লাগিল। ঐ পার্লিমেণ্টীয় ব্যক্তি মনোনীত হইলে বর্ত্তমান রাজমন্ত্রিরা স্বং পদে নিশ্চয় থাকিবেন কি না স্থির হইবে।

৺ প্রাপ্ত হওন পূর্ব্বে ইঙ্গলণ্ডাধিপতি চতুর্থ উলিয়ম বাদশাহের প্রধানামাত্য শ্রীযুত জেনরল সর হেরবর্ট টেলর কে জি সাহেব লিখিত পত্রিকা শ্রীমহারাজ কালীকৃষ্ণ বাহাদুর সি এম আর এ এস নিকট প্রেরিত।

শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর সমীপেষু।

লেখা—শোভাবাজার কলিকাতা উইনজর পুরী হইতে ১৭ জুন ১৮৩৭।

মহাশয়।

ভবদীয় গত ৭ ডিসেম্বর তারিখের পত্রিকা এবং তৎসম্বলিত গেস ফেবেল নামক ইঙ্গরেজী ও উর্দ্দ ভাষা ভাসিত গ্রন্থ প্রাপ্তে আমি মর্য্যাদাপুরঃসর শ্রীলশ্রীযুত বাদশাহ বিশেষানুগ্রহ পূর্ব্বক গ্রহণ করিয়া অস্মৎপ্রতি শ্রীলশ্রীযুতের অনুজ্ঞাক্রমে, আপনার এরূপ নৈপুণ্য ও গুণজ্ঞতা সুগোচর হইয়া বহুপ্রশংসা করিয়াছেন ইহা আপনকার বিজ্ঞাপন কারণ শ্রীলশ্রীযুতের আদেশানুসারে বিদিত করিলাম।

অলং সম্বর্দ্ধনা বিধানেতি।

স্বাক্ষরিত।

এচ. টেলর।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

পুষ্করিণীর দশা।

পুষ্করিণীর অবস্থার বিষয় পুনরায় আমারদিগের লিখিতে হইল কিন্তু অবস্থার বিষয় কেবল লিখিব ইহা নহে পুষ্করিণী হইতে যে সকল আপত্তি ঘটে তাহার বিষয় লিখি আমরা জানি হিন্দুকালেজ ও সিমুলিয়ার মধ্যস্থ কর্ণওআলিস ইষ্ট্রিটের নিকট রাজপথের অব্যবহিত পার্শ্বে ২টা আপদজনক পুষ্করিণী আছে ইহার কোন বেষ্টন নাই যাহাতে পথিক লোক দৈবাৎ না পড়িয়া রক্ষা পাইতে পারে এ নগরের মধ্যে অনেক মাতাল আছে তাহার মধ্যে কোন ব্যক্তি দৈবাৎ তাহাতে পড়িলে মারা পড়িতে পারে দমদমা ও বারাকপুরহইতে অনেক লোক এই পথ দিয়া যাতায়াত করে অতএব অন্ধকার রজনীতে তাহারদের পড়িবার সম্ভাবনা আছে ও যে সকল গাড়ী ঘোড়া এই রাস্তা দিয়া গমনাগমন করিয়া থাকে তাহারাও পড়িতে পারে এই সকল বিষয়ের তদারকের নিমিত্ত যে সকল লোককে ভার দেওয়া গিয়াছে তাঁহারা যে এই বিষয়ে মনোযোগ দেন না এ নিমিত্ত তাহারদিগকে অবশ্যই দোষী করিব ইহারা কেন শক্ত কাষ্ঠের বেড়া পূর্ব্বে দেন নাই এক্ষণে বা কেন না দেন ইহা কিছুই কহিতে পারি না আমরা বোধ করি যে ইহারদিগের অধিক টাকা নাই যে কাষ্ঠের বেড়া দেন কিম্বা এবিষয়ে অধিক মনোযোগ নাই আমরা জানি এস্থানে কোন দৈব ঘটিল হইলে এমন কোন আইন নাই যে তদ্দ্বারা বিচার হয় এবং ইহার বেড়া দেওনের যথেষ্ট টাকা আছে তবে যে কেন দেন নাই তাহার কারণ এই যে তাহারদিগের প্রকৃত মনোযোগ নাই অতএব যে সকল লোকেরা এই বিষয়ের তদারকের নিমিত্ত বেতন পাইতেছেন এ কর্ম্ম না করাতে তাঁহারদিগকে অবশ্য দোষী করিব।

passed, more particularly at those which abolished the punishment of death in so many instances. Her Majesty after this retired in the same order in which she had entered. Parliament was prorogued, and subsequently dissolved.

All England was, as usual, in a ferment respecting the new elections, which would, of course, determine whether the present ministry should continue in office or not.

Letter from General Sir Ht. Taylor, K. G. Priv. A. D. C. to His Majesty King William IVth., to Maha Raja Kalikrishna Bahadur, C. M. R. A. S., &c., despatched before the demise of His Majesty.

"To Raja Kalikrishna Bahadur, Sobha-Bazar, Calcutta.

"SIR,—I beg to acknowledge the receipt of your letter of the 7th December last, which I have had the honour of laying before His Majesty, together with the accompanying English and Oordoo version of "Gay's Fables;" which was graciously noticed by His Majesty, who has ordered me to assure you, that he has received with great satisfaction this mark of attention which is very creditable to your talents.

"I have the honour to be,

"Sir,

"Your most Obdt Servt.

"(Signed) H. TAYLOR.

"*Calcutta, June* 17, 1837."

Spirit of the Native Papers.

Condition of the Tanks.

We recur to the condition of the Tanks, which seem destined to form a never-failing subject of complaint. In this instance, however, it is not so much their state of which we have to complain, as of an attendant danger regarding two of them, situated along a part of Cornwallis Street, between the Hindoo College and Simlah,—if we mistake not there are two small tanks actually forming the boundary of the road; without a bank or any kind of fence whatever to protect the passenger from accident. We will not suppose, that in a city so famed for its sobriety, the sin of drunkenness could ever, or at any rate not above very rarely—bring a man's life into jeopardy: but in a dark night multitudes are dashing along this road, to and from the northern limits of the Town, as well as Dum-Dum and Barrackpore. There are vehicles of all denominations, and servants not overwell acquainted with the locale—and it may ever be, now and then that some of these are but—*so so*, though we do not aver it. Now to almost all not thoroughly aware of the position, (in dark or stormy nights more especially) there is *positive* danger. An unruly horse might, in one moment, precipitate a vehicle, where hope of assistance would be vain; and whilst there is liability to occurrences of this nature, we cannot find an excuse for the conservancy department in not having taken the means to prevent them. We cannot understand why good stout wooden railings on the edge of the road, where it touches the water, should not have been placed long ago, or should not be placed *now*. The only mode of explanation must be, either that the municipal funds are at too low an ebb— *too low an ebb! !* to afford these wooden railings (in default of more substantial ones) or, that there really is not that care taken upon these points, *that there ought to be*. No criminal code, that we know of, could take cognizance of any accident that *might* happen; but we are quite sure, that if the funds will admit of this necessary precaution, and it has not been observed only because the fact has not been heeded, a moral one would pronounce decided guilt on the part of those, who are paid that they may be vigilant, and whose duty, in such cases, might be supposed too palpable to need a reminiscence.—*Gyan.*

শ্রীযুত চন্দ্রিকাকর মহাশয় আপনি বৃহস্পতিবারের চন্দ্রিকায় লিখিয়াছেন নিষ্কর ভূমির বিষয় এক্ষণে সর্ব্বদাই লিখিবেন। অতএব আমরা এক আবেদন পত্র পাঠাইতেছি চন্দ্রিকায় স্থান দিবেন।

শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ডাদি মহারাজাধিরাজ মহোদয় সমীপেষু।

ভবদধিকারান্তর্গত ভারতবর্ষস্থ দেবোত্তর ব্রহ্মোত্তর মহত্রাণ পীরোত্তর চাকরান ফকীরান ইত্যাদি নিষ্কর ভূম্যধিকারি প্রজাবর্গের নিবেদন।

ভারতবর্ষ আমারদিগের পুরুষানুক্রমের জন্মভূমি চিরকালেই এই দেশে বাস করি দৈব ঘটনা বা রাজপীড়া হইলেও এস্থান ত্যাগ করিয়া অন্য রাজ্যে কখন যাই না।

এই ভারতবর্ষ পূর্ব্বে হিন্দু রাজার অধিকার ছিল তৎপরে যবনাধিকার হয়। তাহারদিগের অধিকার কালে প্রজাগণ নানা প্রকার পীড়ায় পীড়িত ও তাপিত হইয়া ইংলণ্ডাধিপতির অধিকারহওনে যবনাধিপতির হওয়াতে শ্রীশ্রী৺ অনুকূল হইলে প্রজাবর্গের অভিলাষ পূর্ণ হইল। ফলতঃ ইংরাজ বাহাদুর রাজ্যাধিপতি হইয়া দেশ শাসন করিলেন সুনিয়ম মত রাজকর গ্রহণপূর্ব্বক যথার্থ বিচার করিতে লাগিলেন ইহাতে রাজ্যস্থ লোক সুখী হইল। কিয়ৎকাল পরে অভাগা নিষ্কর ভূম্যধিকারিদিগের দৌর্ভাগ্যহেতু প্রায় ৩০ বৎসর গত হইল একবার লাখেরাজ বাজেয়াপ্ত করিতে হুকুম হয় কিন্তু বিচক্ষণ রাজকর্ম্মকারিগণ মফঃসল চর্চ্চা বুঝিলেন তাহার পর ঐবিষয় হইতে হস্তোত্তোলন করেন তদবধি ঐ ভূমি অবিবাদে ভোগ করিয়া আসিতেছি ঐ নিষ্কর ভূমি সকল হিন্দু রাজার দত্ত অধিকাংশ এবং পরে যবনেরাও রাজা হইয়া সেই বৃত্তি বহাল রাখিয়া পরে অনেক ভূমি হিন্দু মোছলমান উভয় জাতিকে দান করেন সেই নিষ্কর ভূমি এইকালপর্য্যন্ত আপনারা বহাল রাখিয়াছেন এবং চিরকাল বহাল রাখিবেন তাহাতে আমারদিগের দৃঢ়তম বিশ্বাসের অনেক কারণ হইয়াছিল যেহেতু আদৌ লার্ড কর্ণওআলিস সাহেব যখন জমীদারদিগের সহিত দশশালা বন্দোবস্ত করেন তৎকালে লাখেরাজ ত্যাগ করিয়া জমী জমা নির্দ্ধার্য্য হয় তৎপরে ১২০৫ সালে ও ১২০৯ সালে লাখেরাজ ভূমির নম্বরওয়ারি তায়দাদ করেন এবং মাল ও লাখেরাজ জমির যখন যেখানে বি

The Editor of the *Chundrika*, in his paper of Thursday last, promised that he would frequently treat on the subject of rent-free land. We hope, therefore, that the petition we send will meet with insertion.

To His Majesty the King of England.

The humble request of those, who in that part of your Majesty's dominions, called the East Indies, have an interest in the Brummutter, Debutter, Muhutran, Peerutter, Chuckran, and Fukkeeran lands. India is the land of our ancestors, and we continually reside in it; even when overtaken by misfortune or by the oppression of Government, we do not quit this land and resort to other countries.

This country formerly belonged to the Hindoos, and they were succeeded by the Mahomedans, under whose rule the people were subject to a variety of distresses and anxieties. But since, through the favour of God, the English have been in possession of the country, the people have found all their desires fulfilled. In fact, when the Government fell to the English, they began to govern it with justice, and to collect the revenues according to rule, by which all classes of people were filled with delight; but sometime after, through the evil destiny of those who enjoyed rent-free lands, an order was issued about 30 years ago to resume those lands, and a very close enquiry was instituted throughout the country regarding them. But afterwards Government refrained from putting forth their hands to touch them, and from that period those lands have been enjoyed without dispute. The greatest number of these tenures were originally created by the old Hindoo Sovereigns, and when the Mahomedans succeeded them, they not only confirmed these grants, but made new gifts to Hindoos and Moosulmans. These tenures have, to the present time, been protected by the British Government, and from various causes we were led to believe that they would be always protected. For when Lord Cornwallis made his perpetual settlement, the revenue was settled independently of these rent-free lands. After this, in the years 1205 and 1209, these rent-free tenures were duly registered; and whenever any dispute arose with regard to lands which either paid or did not pay rent, the Judges and other Ci-

রোধ উপস্থিত হইয়াছে সেই স্থানের জজ প্রভৃতি সাহেবেরা লাখেরাজ ভূমির দলিল বা ঐ তায়দাদ নম্বরওয়ারি ভোগ দখল সাবুদ পাইয়া দখলিকারের পক্ষে ফয়সালা দিয়াছেন অপর লাখেরাজ তায়দাদ দেখিয়া অনেককে সরকারের কর্ম্মের নিমিত্ত জামীন লইয়াছেন তাহাতে জামীনদার দেনাদার হইলে সেই লাখেরাজ ভূমি বিক্রয় করিয়া লইয়াছেন এবম্প্রকার শতং প্রমাণ পাওয়া গিয়াছে যে লাখেরাজ জমীর উপর কখন হস্তার্পণ করিবেন না ইহা আমারদিগের নিশ্চয় বোধ ছিল ইহার উপর রাজার লোভ জন্মিবেক এমত কথা আমরা স্বপ্নেও মনে করি নাই বরঞ্চ এই লোভ ছিল যে পূর্ব্বেং রাজারা যেমন ভূমি দান করিয়া গিয়াছেন ইহাঁরদিগেরও তাদৃশ অধিকার ইহাঁরা দীন দুঃখিদিগকে কি কারণ ভূমি দান না করেন একণে সে লোভ দূর হইয়াছে আমারদিগের পূর্ব্বের সঞ্চিত যাহা আছে তাহাই রক্ষা করিলে মহানন্দ প্রাপ্ত হই যদ্যপি শ্রীশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এমত কহেন যে বিলাতের আজ্ঞাক্রমে আমি ইহাতে হস্তক্ষেপ করিয়াছি ইহা বলিলে দোষ স্পর্শে যেহেতু নীতি শাস্ত্রে কহিয়াছেন যথা।

যোহকার্য্যং কার্য্যবচ্ছাস্তি স কিং মন্ত্রী নৃপেচ্ছয়া। বরং স্বামিমনোদুঃখং তন্ন শাসেনকার্য্যতঃ॥

অর্থাৎ রাজার ইচ্ছাতে যে অকার্য্যকে কার্য্য তুল্য করিয়া শাসন করে সে কি মন্ত্রি প্রভুর মনের দুঃখও ভাল তথাপি অকার্য্যকে কার্য্য করিয়া শাসন করিবে না। অপর কহিয়াছেন যে রাজার মন্ত্রি ও গুরু ও বৈদ্য প্রিয়বদ হয় অর্থাৎ রাজার ইচ্ছামত কর্ম্ম করে সে রাজার রাজ্য ধর্ম্ম ও শরীর শীঘ্র বিনাশকে পায় অতএব রাজাজ্ঞা হইলেও মন্ত্রিগণ বিবেচনা করিয়া কর্ম্ম করেন।—চন্দ্রিকা।

vilians simply demanded documentary proof of these tenures, or of their having been inserted in the Register, and framed their decrees accordingly. And many persons who possess rent-free lands have become security for others who were employed in the public service, and as necessity arose, the free lands of the securities have been sold. Hundreds of such proofs may be obtained, which shew that we never believed that Government would ever stretch forth their hands to these lands; we never even dreamed that our rulers would begin to covet these lands. We rather flattered ourselves that, like our former rulers, our present rulers would bestow gifts of free lands upon the poor and the distressed. That idea has now vanished; if we can only preserve what we possess, we shall think ourselves fortunate. If the Governor General says that he is acting under orders from home, he is still exposed to censure; for what says the shastrus, "can he be called a counsellor, who, at the desire of his sovereign, does that which ought never to be done?" "It is better to inflict pain on the sovereign, than to obey the unjust commands of the Government." Is it not, moreover said, that whenever a counsellor, or a spiritual guide, or a physician blindly follows the wishes of his sovereign, he will quickly destroy the kingdom, the holiness, and even the body of the king? The minister is not, therefore, obliged to act, simply because it is the wish of the sovereign. —*Chundrika.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

আপনকার ৩০ সেপ্তেম্বর তারিখের দর্পণে গরীব তালুকদার ইতিস্বাক্ষরিত এক পত্র প্রকাশ হয়। তাহাতে লেখেন যে জিলা হুগলির শ্রীযুত কমিসানর সাহেব শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের হুকুম রদ করিয়া পুনর্ব্বার গ্রামের চৌকীদারদিগকে মালের কার্য্য আঞ্জাম করিতে হুকুম দেওয়াতে জমিদার লোক ফি মাসে ৪২,০০০ টাকা বাজেখরচহইতে রক্ষা পাইয়াছেন। এ মাসে যে ১,২৬,০০০ টাকা ক্ষতি হইয়াছে তাঁহার নিকটে পাইবেন। কিন্তু তালুকদার মহাশয়রা মাথট বাট্টা বাজে আদায় খোরাঘাট ধান্য বন্দরদিগরের জমার দ্বারা যে বিস্তর লভ্য করিয়াছেন তাহা কাহারা ফিরিয়া পাইবেক লিখিতে বিস্মৃত হইয়াছেন। পরে চৌকীদার লোক তাবৎ রাত্রি জাগরণ করিয়া দিবাভাগে সমস্ত দিন মালের কার্য্য আঞ্জাম দিয়া পুনরায় চৌকী পাহারায় হাজির থাকিতে কদাচ সক্ষম হইতে পারে না। সুতরাং চুরি ডাকাইতি ইত্যাদি দস্যু বৃত্তির বৃদ্ধি হইতে পারে। যদ্যপি শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব চৌকিদারের পক্ষে কিঞ্চিৎ দুঃখ ভাবিলেন তাহা অদৃষ্টক্রমে শ্রীযুত কমিসানর সাহেব অন্যথা করিলেন। অতএব গরীবের পক্ষে সকলই রুষ্ট আপনি যদ্যপি সানুকূল হইয়া এই কএক পংক্তি দর্পণে প্রকাশ করেন তবে এ গোলামেরা রক্ষা পায়।

কস্যচিৎ গরীব চৌকীদারস্য।

Correspondence.

To the Editor of the Durpun.

In your letter of the 30th of September, a letter, signed *A Poor Talookdar*, appeared. In it he states, that the Commissioner of the Hooghly district, having upset the order of the Magistrate, and ordered the village Chowkedars again to collect the rents, the Zemindars have saved 42,000 Rs. a month; but who is to make good the 1,26,000 Rs. which has been already lost? Rather who will cause the Zemindars to make good the Mathote, Batta, and other illegal cesses which they have been levying upon the people? this your writer has forgotten to mention. Is it possible that a Chowkedar after having watched a whole night, and spent the next day in collecting the Zemindar's rent, can be fit to watch the whole of the next night? Of course, therefore, thefts and robberies, the harvest of rogues, will again increase. Now it appears that the Magistrate had taken some compassion upon the Chowkedars, but through their evil destiny, the Commissioner has reversed his order. Every one is offended at a poor man. If you will publish these few lines in the *Durpun*, these, your poor slaves, may possibly obtain redress.

Certain poor Chowkedars.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

আমরা বর্দ্ধমাননিবাসি লোক আমারদিগের দেশোপকারার্থ নীচের লিখিত কএক পংক্তি মুদ্রাঙ্কিত করিয়া বাধিত করিবেন।

১ দফা। জিলা বর্দ্ধমান যোতালকেরকোনং মুনসেফের গুণাগুণ প্রকাশার্থ লিখিতেছি।

To the Editor of the Durpun.

We are residents of Burdwan, and beg you to publish these few lines written by us.

1st. We write in order to explain to you the qualification of some of the Moonsiffs of Burdwan.

২ দফা। হুজুরহইতে মুনসেফ লোকের মায় আমলা ১১০ টাকা দরমাহা মোকরর আছে কিন্তু কোনং মুনসেফ আমলারদিগকে দরমাহা দেন না। মুনসেফ লোক আমলারদের দরমাহা ফরিয়াদী আসামীর নিকট তহরীর সবেব দেওয়ান তাহার বয়ান লিখিতেছি। দফাং আরজি দাখিলের তহরি।০ আনা এত্তেলানামা লিখিবার ৵ আনা সফিনা লেখাইবার ৵ আনা গাওয়া লোকের হাজিরা লেখাইবার।০ আনা গাওয়ার জোবানবন্দি করাইতে ১ টাকা গঙ্গাজলি ব্রাহ্মণ ৵ আনা কোরাণি মোল্লা ৵ আনা অন্য লওয়াজিম কাগজ তলব হইলে ঐ কাগজ দাখিল করিতে হইলেক।০ আনা মোকদ্দমা ডিক্রী করাইতে সেরেস্তাদার ১ টাকা বিশেষবিশেষে ৫। ৭ টাকা আছে। ফয়সলা লইতে।০ আনা ডিক্রী জারী করিতে ৸০ আনা বিক্রয়ের পরওয়ানা লেখাইতে।০ আনা। তায়দাদ বিক্রয় করিতে মুনসেফ মফঃসলে গেলে তাঁহার বেহারাখরচ ১॥০ টাকা আর মুনসেফ ও মুনসেফের খানসামার খোরাকি ১ টাকা তায়দাদ বিক্রয়ের টাকা ফরিয়াদীকে দিতে মুনসেফ টাকাফিসেবে ১ টাকা অথবা ২ টাকা লন। ফি মোকদ্দমায় উপরের লিখিত দস্তুরমতে মুনসেফ ৭। ৮ টাকা লন। ইত্যাদি প্রকারে মাসিক ৩০ মিছিলের কাত ২৪০ টাকা আমলা লোকের মারফত আদায় করিয়া ঐ টাকার অন্দরে সেরেস্তাদার ৪ টাকা রুবকারিনবীস ৩ টাকা মহাফেজ ৩ টাকা ফয়সলানবীস ৩ টাকা নাজির ৩ টাকা একুনে ১৬ টাকা আমলারদিগকে দিয়া বাকি টাকা আপনারা লন।

৩ দফা। মুনসেফ লোকের কাছারিতে মাস কাবারি যত এত্তেলানামা ও ডিক্রী জারীর পরওয়ানা হয় কাছারির পেয়াদা লোক ঐ চিঠির এক হিস্যা পায় বাকি তিন হিস্যা চিঠী মুনসেফ লোক আপনং চাকর অর্থাৎ খানসামা লোকের দ্বারা মিয়াদ আদায় করিয়া আপনারা লন। ইহাতেও মাসকাবারি ২৫ টাকা পান আর পেয়াদাদিগের স্থানে মুনসেফ লোক মিয়াদের কিছুং হিস্যা লইয়া থাকেন।

৪ দফা। যদ্যপি কোন ফরিয়াদী ৫ টাকা পাওনার কারণ কোন ব্যক্তির নামে নালিস করে তবে তাহাকে তহরির অর্থাৎ ৭ টাকা রেসমত দিলে তবে মোকদ্দমা ডিক্রী হয় এই রকম জুলুমে অনেকে নালিস করে না।

৫ দফা। সদর আমীন ও তাঁহারদের অমলারা দাদি ফরিয়াদীর প্রতি যেপ্রকার দৌরাত্ম্য করিয়া টাকা লন তাহার বয়ান করা বাহুল্য। দীনহীন লোকের প্রতি দয়ার লেশ নাই তাহারদের মোকদ্দমা হওয়া ভার। যদি কেহ খেদাম্বিত হইয়া আপন মামলা দরপেশ আদি করাইবার প্রার্থনা খোদ সদর আমীন প্রভৃতির নিকট করে তবে তাহারদের উপর ক্রোধিত হইয়া তাহারদের হক বরবাদ করিয়া দেন তাহার বয়ান কি লিখিব। যদি এই সকল বিষয় নিবারণের কারণ কিছু মনোযোগ হুকুম হয় এবং জজ সাহেবেরা ইহার তদারক রাখেন তবে এ দেশের দাদি ফরিয়াদীর প্রাণ রক্ষা হয় নতুবা এ মুলুক পয়মাল হইতেছে। ইহার নিবারণের হেতু এই যে আরজি দাখিল করিবামাত্র দাখিল হইয়া ২ রোজমধ্যে তাহার এত্তেলানামা জারী হয়। এবং ডিক্রী জারীর দরখাস্তআদি দাখিল হইবামাত্র তাহার পরদিবস ক্রোকী পরওয়ানাআদি ছাদের হয়। আমলারদের এ বিষয়ে গাফিলী প্রকাশ পাইলে তাহারদিগকে তগীর করেন আর মাস কাবারের ফয়সলার মধ্যে যে হাকিমের দুই তিন নম্বর অন্যায় তজবিজের আপীল দরপেশ হয় সে হাকিম কর্ম্মহইতে বরতরফ হয়। আর জজ সাহেব খুব তদারক রাখেন।

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু

শ্রীযুত বাবু রসময় দত্ত ছোট আদালতের কমিস্যনর পদ প্রাপ্ত হওয়াতে আমারদিগের এমত ভরসা হইতেছে যে এতদ্দেশস্থ মান্য ও সৎ ব্যক্তিরা এইরূপ বিশ্বাসি

2d. The Moonsiffs receive for themselves and for their officers 110 Rs. a month; but few Moonsiffs pay their officers. Those officers are generally paid most irregularly by the plaintiff and the defendant. Hear the particulars. Fees for lodging a complaint, 4 as.; for writing the summons, 2 as.; for issuing a subpœna, 2 as; for recording the appearance of witnesses, 4 as.; for taking down depositions, 1 R.; the brahmun who swears in the witnesses, 2 as.; the Mollah who swears them on the Koran, 2 as.; for filing the other miscellaneous Papers, 4 as.; for obtaining a decree; to the Sheristadar, 1 R.; and on particular occasions, 5 or 7 Rs.; for executing a decree, 12 as.; for writing out an order for sale, 4 as. When the Moonsiff proceeds to a distance to sell property, 1 R 8 as. for his bearers, and for his own and his servant's nourishment 1 R.; on paying over the money to the complainant, one or two Rupees, as the case may be, to the Moonsiff, and thus each case yields, according to the above calculation, 7 or 8 Rs. If the number of suits decided in a month be thirty, 240 Rs. will thus have been obtained through the Amlahs. Of this money, the Sheristadar may receive four Rupees. The Roobocary writer and the Mohafez, 3; the Decree Writer, 3; the Nazir, 3; altogether 16 Rs. for the Amlahs; the rest they take themselves.

3rd. For all the summonses and decrees which are executed in the Moonsiff's Kutcherry in the month, the peons or the peadahs receive one share of the fees the remaining three shares are divided among their servants; this may amount to 25 Rs. a month. Some of the wages of the peada also go to the *Moonsiff.*

4. If any complainant lodges a complaint against another for 5 Rupees, he must spend 7 Rupees to get a decree; through this oppression many will not complain at all.

5th. It would be too long for me to tell how the Sudder Ameens, and their officers, act towards the people; there seems to be no compassion whatever towards the poor. They cannot get any cause settled. If any man, being distressed, proposes to bring his own cause forward in the Courts, the Sudder Ameens are offended, and his rights are compromised; how shall I state the particulars? If any order can be obtained to prevent such proceedings, and if the Judges would themselves examine into them, then complainants and defendants might be protected; otherwise, the country cannot but be greatly injured. The means of preventing it appear to be this; that as soon as within two days after the complaint is offered, a summon shall be issued, and that the day after a decree has been passed, the order shall issue to seize the land in satisfaction of it; and that whenever the negligence of Amlahs shall be established, they shall be dismissed; that whenever it shall appear, that there have been three or more unjust decisions, the officer shall be dismissed, and that the Judge shall most carefully examine into these matters.

To the Editor of the Durpun.

SIR —The recent appointment of Baboo Russomoy Dutt to fill up the Commissionership holds out to us a cheering ray of hope, that henceforward all the native

কর্ম্মে নিযুক্ত হইবেন কিন্তু কোম্পানির আমলার মধ্যে প্রায় এমন লোক অল্প আছে গবর্ণমেণ্ট এতদ্দেশীয় লোকেরদিগকে উচ্চ পদ প্রদানের যে আইন করিয়াছেন ব্যক্তিরদিগকে তৎপদের উপযুক্ত বিবেচনা করিয়া গ্রহণ করা আবশ্যক ইহা করিলে এতদ্দেশীয় অনেকের উপকার দর্শিতে পারে আবদুল রাজা খাঁ ডিপুটি কালেক্টরের উপযুক্ত ছিলেন না কিন্তু গবর্ণমেণ্ট তাঁহাকে এই পদ দেওয়াতে তিনি এমত অব্যবহার করিয়াছেন তাহাতে তাঁহার স্বদেশস্থ লোকেরদিগের উপর কলঙ্ক হইয়াছে এই কারণের নিমিত্ত এতদ্দেশীয় লোকেরা এতদিনপর্য্যন্ত বিশ্বাসি কর্ম্ম পান নাই প্রাচীন আমলারদিগকে এই কর্ম্ম দেওয়াতে ঘুস ও বিশ্বাসঘাতক এবং অবিচার ইত্যাদি কুব্যবহার হইতেছে।

এইক্ষণে সম্পাদক মহাশয় এই সকল স্থান এবং অন্যান্য দেশের আমলারদিগের কিপ্রকার রীতি তাহা আপনি জানেন গবর্ণমেণ্ট এই সকল আমলারদের দোষ অত্যন্ত অনুসন্ধান করিতেছেন তত্রাপি তাহারা অনেক কুকর্ম্ম করিতেছে গবর্ণমেণ্ট তাহা টের পান না জজ মাজিস্ত্রেট ইত্যাদি সাহেবেরা দোষ নিরীক্ষণ এবং শাসন না করিয়া আমলারা যাহা করেন তাহাই গ্রাহ্য হয় সম্পাদক মহাশয় গো এই সকল আমলারদিগের মধ্যে কেহ২ লম্পট কেহ২ আফীমখোর কেহ বা মদ্যপানাসক্ত এবং ইহারা সকলেই কুসংসর্গে রত এই সকল অপকর্ম্ম গবর্ণমেণ্টের টাকাতে চলিতেছে।

সম্পাদক মহাশয় উক্ত বিশ্বাসি কর্ম্মে আমার মতে কিপ্রকার লোককে নিযুক্ত করিলে ভাল হয় তাহা শ্রবণ করুণ যাহারদিগের সচ্চরিত্র ও যাহারা সম্ভ্রান্ত লোকের স্তপারিস আনিবেক এবং যাহারদিগের কিঞ্চিৎ বিষয় থাকিবেক ও যাহারা ইঙ্গরেজী বিদ্যায় নিপুণ এমন সকল ব্যক্তিকে কর্ম্ম দিলে উত্তম হইতে পারে ইঙ্গরেজীতে নিপুণ বলিবার আমার তাৎপর্য্য এই যাঁহারা ভাগ্যক্রমে ইঙ্গরেজী বিদ্যা উপার্জ্জন করিয়াছেন তাঁহার জ্ঞান ও সদাচরণ হইতে পারে অতএব এমত লোকেরা সৎমতি ও মান্য অবশ্যই হইবেক — জ্ঞানান্বেষণ।

কস্যচিৎ জ্ঞানান্বেষণ পাঠকস্য
৩০ সেপ্তেম্বর ১৮৩৭ সাল

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু

আপনি অনুগ্রহ পূর্ব্বক দর্পণৈকপার্শ্বে নীচে লিখিতব্য প্রস্তাব প্রকাশ করিলে আমি অত্যন্ত বাধ্য হই কিয়ৎকাল হইল জিলা হুগলিস্থ হরিপালের থানা এলাকার মধ্যে কৃষ্ণনগর ও বাহিরগড় নামক স্থানে দুই ডাকাইতি হয় এবং যে দারোগা তাহার তদারককরণার্থ প্রেরিত হইয়াছিলেন তিনি প্রজা লোকেরদিগকে অত্যন্ত ক্লেশ দিয়া অন্যায় ও অতিনির্দ্দয়তারূপে অনেক টাকা বাহির করিয়া ঐ ব্যাপারের প্রকৃত কুকর্ম্মকারিরদিগকে ছাপাইয়া মাজিস্ত্রেট সাহেবকে একটা যেমন তেমন রিপোর্ট দিলেন শ্রীযুক্ত সাহেব তাঁহার বিশ্বস্ততা ও সত্যতার উপরে কিছুমাত্র নির্ভর না রাখিয়া পুনর্ব্বার তজবীজ করিতে হুকুম দিয়াছেন ইহাতে ঐ দুর্বৃত্ত দারোগার অত্যন্ত ভয় ও উদ্বেগ জন্মিয়াছে এবং যদি এইপ্রকার অনিষ্টবিষয়ের প্রতিকারার্থ কোন উদ্যোগ না হয় তবে দেশে কাহারো প্রাণ ধন রক্ষা পাইবে না। ইহাতে যে কত নালিস হইবে তাহা বলিতে পারা যায় না।

১২৪৪ সালের ১৩ বৈশাখের রাত্রে তালুকদারের কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরা কৃষ্ণনগরনিবাসি নীলুনামক এক ব্যক্তি নাপিতকে খুনকরাতে হত ব্যক্তির স্ত্রী থানার বরকন্দাজের নিকটে নালিস করিল তাহাতে দারোগা ঐ ব্যাপারের সুরতহালকরণার্থ আসিয়া তালুকদার ও রফাকারের সঙ্গে যোগ করিয়া খুন ছাপাইলেন। তাঁহারা ঐ হত ব্যক্তির এক বালকের স্থানে এই ইজাহার লিখিয়া লইলেন যে আমার পিতা শ্রীক্ষেত্রে যাত্রা করিয়াছেন পরে দারোগা মাজিস্ত্রেট সাহেবের নিকট ঐ রিপোর্ট দাখিল করাতে সুতরাং তদ্বিষয়ের আর কোন তজবীজ হইল না।

বর্ত্তমান সালের ৬ শ্রাবণের রাত্রে এক যুবতী স্ত্রী হত্যা হয় বিশেষত তাহার নাসিকা ও স্তন ছেদন করিয়া শবটা নিকটস্থ নদীর কূলে ফেলিয়া দেয় তাহাতে থানার মুনসী সরে জমীনে গিয়া পাইক লোকেরদিগকে প্রহার এবং দরিদ্র লোকেরদের প্রতি জুলুম করিয়া তথাকার রফাকারের সঙ্গে যোগে কিছু ঘুস খাইয়া খুন ছাপাইলেন। ঐ রফাকার লোচন নামক এক ব্যক্তি মুচিকে ১ টাকা দিয়া তাহার স্থানে এমত ইজাহার লিখিয়া লন যে আমার আড়াই বৎসর বয়স্ক একটি কন্যা মরিয়াছে। ঐ জোবানবন্দী অনুসারে মুনসী মাজিস্ত্রেট সাহেবের নিকটে রিপোর্ট করিলেন কিন্তু বন্দিপুরের থানার দারোগা ও মুনসী ঐ স্থানে আসিয়া পুনর্ব্বার তজবীজ করিয়া দেখিলেন যে নিতান্তই খুন হইয়াছে অতএব তাঁহারাও কতক সাক্ষীর জোবানবন্দী লইয়া মাজিস্ত্রেট সাহেবকে তদ্রূপ রিপোর্ট দিলেন কিন্তু তাঁহা তজবীজ বেআইনী মত দৃষ্ট হওয়াতে হরিপালের থানার দারোগাকে তথায় গিয়া তজবীজ করিতে হুকুম হইল ঐ দারোগাও মুনসীর রিপোর্ট সত্য বলিয়া লিখিয়াছেন কিন্তু যদ্যপি শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব স্বয়ং তথায় গমন করেন এবং ভদ্র লোকেরদের স্থানে সাক্ষ্য লন তবে তিনি অবশ্য এই হত্যাকারিরদিগকে ধরিতে পারিবেন।

যে দস্যুরা এই সকল খুন করিয়াছে তাহারা যখন চুরী বা ক্ষুদ্র২ অপরাধে ধৃত হয় তখন রামচাঁদ মিত্র তাঁহারদের সাহায্য করেন এবং দারোগারদের কিঞ্চিৎ দক্ষিণা দিয়া যোগেযাগে তাহারদিগকে রক্ষা করেন। এই নির্দয় দস্যুরা যেরূপ নির্ভয়ে ডাকাইতী ও খুন করিতেছে তদ্দৃষ্টে তাবল্লোক কম্পিতকলেবর হইতেছে তাহারদের নাম আমি এইক্ষণে ব্যক্ত করিব না শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব স্বয়ং গিয়া তদারক করুন।

কস্যচিৎ কৃষ্ণনগরনিবাসিনঃ।
কলিকাতা ২৬ অক্টোবর।

---

functionaries appointed to offices of trust, will be such as are known to possess, at least, some degree of honour and integrity —two qualities have rarely been found, except among the reformed portion of the natives, of whom there are but few (I believe) in the uncovenanted service.

It is of great importance to select proper persons for the high offices which the *Regulations* have rendered available to them, and it is in fact a thing which very nearly concerns the interests of the native community at large; for instance, Abdool Raja Khan was not a fit person to hold a Deputy Collectorship, and his behaviour towards the Government has brought a stain on the characters of all his countrymen—this is the reason, on doubt, that the natives have been so long excluded from confidential situations—this abuse has arisen from the practice of employing old Amlahs in those offices, which practice tends to nothing but to perpetuate and increase corruption and general distrust in the administration of justice.

Now, Mr. Editor, you may be well acquainted with the habits of the native Amlahs in these provinces as well as in the country below, and although the Government are looking out so sharply for the delinquencies of their servants, yet there are many things going wrong, which are never taken notice of; you cannot expect any of the Amlahs to be free from vice; some are opium eaters; others are fond of their glass; but the whole of them are slaves to indulgence in lewd company, which is a filthy amusement kept up partly at the expence of Government and partly of the people.

Now, Sir, allow me to explain to you my plan for nomination to the offices in question; let the candidates bear unexceptionable characters of respects, and besides, recommendations from different worthy gentlemen let them possess property to a certain amount; and above all, have a competent knowledge of the English language. I say the English language, because a man must be well advanced in moral and intellectual attainments before he can be depended on, which can only be expected from those who have had the good fortune to receive an English Education, and those who have been so favoured can surely not be without some degree of honour and good principles.

I am, Sir,
Your obdt. servt.
A Reader of the Gyananneshun.
Cawnpore 30th Sept 1837.

HORRID MURDERS.

To the Editor of the Durpun.

SIR,—I shall feel much obliged by your inserting the following in a corner of your valuable journal. Some time ago, two murders and thefts were committed at Krishnaghur and Bahirgura under thannah Huripaul, in Zillah Hooghly, and the darogah who was sent in to investigate into the matters, having harassed the people and made various tyrannical and cruel extortions, concealed the real perpetrators of these horrid deeds, and made false reports to the Magistrate, who, placing no confidence in the honesty and veracity of the worthy, has ordered a further investigation. This circumstance has excited the terror and apprehension of the poor people, who, unless strict measures are adopted by the proper authorities to check these evils, must always remain in a most uncertain and insecure state of life and property.

On the night of the 13th *Bysack*, 1244, Bengal era, the dacoits in the employ of the Talookdar having murdered one Neeloo Napit, an inhabitant of Kishnaghur; the wife of the deceased brought a complaint before the burkundauzes of the thannah. The darogah who came in to investigate into the case, in combination with Takoordass Savoue, the Talookdar, and Premchund Duguty, the rufaker, concealed the murderers. They gave a small sum of money to an infant child of the deceased, and obtained an *ejahar* from him, which set forth that the deceased, his father, had some time ago gone to a pilgrimage to Juggernauth. The darogah made the above report to the Magistrate, and consequently no further investigation has taken place.

On the night of the 6th *Srabun* of the present year, a young woman was murdered; her nose and breast cut off, and the dead body thrown on the river side at Bahirgura. The moonshy of the thannah came to the spot; beat the *paiks*; oppressed the poor people; and at last having made some exactions through Ramchand Mittre, rufakar of the place concealed the murderers. He, the rufakar, gave one rupee to one Lochun Moochy, and obtained an *ejahar* from him, which set forth, that one of his young daughters, aged 2½ years, had died. The Moonshy sent up his reports to the Magistrate according to the above deposition. A further enquiry was, however, made by the darogah of the thannah of Bundeepore. The Moonshy of the thannah came into the place, found out that a murder was committed, and sent up his reports to the magistrates with a number of witnesses, but his investigation being deemed irregular, the darogah of the thannah of Huripaul was then desired to make further enquiries. This worthy has corroborated the statements of the Moonshy; but should the Magistrate repair to the spot himself and institute an enquiry, by taking evidence from the respectable people of the place, he will, no doubt, find out the real perpetrators of the infernal deed.

When the ruffians who have committed the above murders are apprehended by the police officers for petty thefts, &c., the above Ramchund Mittre comes into their aid, and generally succeeds in finding out means for their escape, by giving bribes to the darogahs. The perfect impunity with which these heartless villains are carrying on robberies and murders, has filled the minds of the people with terrors and surprise. I would at present refrain from mentioning their names, and wait until the Magistrate institutes further enquiries.

An Inhabitant of Kishnaghur.
Calcutta, 26th Oct. 1837.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নুতন ৫ টাকার লোন	১৩।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক শেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Ol . Per Cent loan		
1st Class	0 2	0 6
2d Class	0 ½	0 4
[illegible] loan	3 12	4 0
Middle 5 per cent loan	0 0	0 0
N[illegible] per Cent	12 0	13 0
[illegible] per Cent loan	2 4	3 0 Disct

Bank Shares.

Bank of Bengal ....Co's Rs. 2,400—2,50[illegible].

সমাচার দর্পণ

১১৬৫ সংখ্যা। বালম ১৯।] ১১ নবেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৭ কার্ত্তিক। SATURDAY, NOVEMBER 11TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1165. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1. Rupee monthly.

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৬ নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব আরাটুন য়াকুব জোজেফের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার মুচিখোলার সম্মুখে গুয়াবেড়ের শামিল ও তন্মধ্যস্থিত বড় সাহেবের হাট নামে বিখ্যাত যে এক হাট তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫০/ পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং মৎস্যেতে পরিপূর্ণ বৃহৎ এক পুষ্করিণী আছে তাহার চারি অংশের এক অংশে ও তাহার চারি অংশের এক অংশের মধ্যে ও তাহার চারি অংশের এক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী আরাটুনয়াকুব জোজেফের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

এবং কলিকাতা নগরের পলক স্ত্রিট অর্থাৎ নেবুতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ১৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী আরাটুন য়াকুব জোজেফের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে হাজি মহম্মদ রোজা কাজির বাটী ও ভূমি। পশ্চিম দিগে নেবুতলার গলি। উত্তর দিগে মুরগিহাটার গলি। দক্ষিণ দিগে জান লুকস সাহেবের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সুপ্রিম কোর্ট।
কলিকাতা।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রামতনু মল্লিক প্রভৃতি ফরিয়াদী রামগোপাল মল্লিক প্রভৃতি আসামী পুনরুত্থাপিত সেই মোকদ্দমায় গত আপ্রেল মাসের ৬ তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি নবেম্বর মাসের ২১ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর অবধি দুই ঘণ্টার মধ্যে সুপ্রিম কোর্টের মাষ্টর আপীসে পবলিকসেলে অর্থাৎ নীলামে মৃত রাম গোপাল মল্লিকের নীচে লিখিত ব্য বিষয় বিক্রয় হইবেক।

লাট নং ১ কলিকাতা নগরের চৌরঙ্গীতে স্মিক সাহেবওয়ালা নামে বিখ্যাত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ৬৫১৶১০

ইশতেহার।

ছয় বিঘা ষোল কাঠা সাড়ে তিন ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে লিণ্ডিস্ত্রিট দক্ষিণ দিগে সদর স্ত্রিট পূর্ব্বদিগে মাজ সাহেবের গলি পশ্চিম দিগের এক অংশে রাজচন্দ্র দাসের বাটী অপরাংশে লিণ্ডি সাহেবের বালাখানা।

লাট নং২ কলিকাতা নগরের চৌরঙ্গী রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত ফেনুইক বাজার ও হয়দুা বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে ক্ষুদ্র ইষ্টক নির্ম্মিত গৃহ ও এক সুঁড়ি পথ ও এক বৃহৎ পুষ্করিণীর কিয়দংশ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি পূর্ব্বোক্ত সুঁড়ি পথ সমেত অনুমান ১৩।০।৵১৬।। তের বিঘা পাঁচ কাঠা ছয় ছটাক সাড়ে ষোল গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ৩ নং লাটের বাটী দক্ষিণ দিগের এক অংশে লিণ্ডিস্ত্রিট অপরাংশে বিশ্বম্ভর হালদারের বাটী পূর্ব্ব দিগে ৪। ৫ নং লাটের বাটী পশ্চিম দিগের এক অংশে পূর্ব্বোক্ত চৌরঙ্গীর রাস্তা অপরাংশে পূর্ব্বোক্ত বিশ্বম্ভর হালদারের বাটী।

লাট নং ৩ কলিকাতা নগরে চৌরঙ্গীর রাস্তার শামিল তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি এবং এক বড় পুষ্করিণীর কিয়দংশ ও এক ক্ষুদ্র পুষ্করিণী ও এক সুঁড়ি পথ ভূমি পূর্ব্বোক্ত সুঁড়ি পথ সমেত ১৩৫৪৶৯।। তের বিঘা উনিশ কাঠা তিন ছটাক সাড়ে নয় গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের এক অংশে কাপ্তান গুলহক সাহেব ও অন্যেরদের বাটী। দক্ষিণ দিগে ২ নং লাটের বাটী পূর্ব্ব দিগে ৫ নং লাটের বাটী পশ্চিম দিগের এক অংশে চৌরঙ্গী রাস্তা অপরাংশের এক দিগে তাজু খানাদারের বাটী অন্য দিগে শ্রীযুত এড্বার্ড মারান সাহেবের বাটী।

লাট নং ৪ কলিকাতা নগরে চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ১।০।৶৩।। এক বিঘা পাঁচ কাঠা সাত ছটাক সাড়ে তিন গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের এক অংশে ৫ নং লাটের বাটী অপরাংশে খয়রাতী কসায়ের বাটী। দক্ষিণ দিগে লিণ্ডি স্ত্রিট। পূর্ব্ব দিগে শ্রীযুত জেমস্মেজ সাহেবের বাটী। পশ্চিম দিগে ২ নং লাটের সুঁড়ি পথ।

লাট নং ৫ কলিকাতা নগরে চৌরঙ্গীর শামিল তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ২।।২/৭। দুই বিঘা বার কাঠা এক ছটাক সওয়া সাত গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জানবাজারের রাস্তা। দক্ষিণ দিগে ৪ নং লাটের বাটী। পূর্ব্ব দিগের এক অংশে নীচে লিখিতব্য ব্যক্তিদিগের বাটী বিশেষতঃ মীর সৈদু খানাদার ওই ওস্তাগর অপ্ত

ইশতেহার।

বাবু নাজীর হোসনউদ্দী বিবি দুায়বর খয়রাতী কসাই অপরাংশে ৬ নং লাটের বাটী এবং পশ্চিম দিগে ৩ নং লাটের সুঁড়ি পথ।

লাট ৬ নং কলিকাতা নগরের চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক ক্ষুদ্র ইষ্টক নির্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ।।০।৵১ দশ কাঠা ছয় ছটাক সওয়া এক গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে নাজির হোসনউদ্দীর বাটী। দক্ষিণ দিগে বিবি দুায়বরের বাটী। পূর্ব্ব দিগে লটু খানসামার বাটী: পশ্চিম দিগে ৫ নং লাটের বাটী।

লাট নং ৭ এবং পূর্ব্বোক্ত চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে এক ইষ্টক নির্ম্মিত ক্ষুদ্র গৃহ গ্রথিত আছে ভূমি অনুমান /৩।০৫ তিন কাঠা আট ছটাক পৌনে এক গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পিরু জমাদারের ভূমি। দক্ষিণ দিগে সরকারী গলি। পূর্ব্ব দিগে মেষ্টর লুকস সাহেবের ভূমি। পশ্চিম দিগে গুরুচরণ ঘোষের ভূমি।

লাট নং ৮। এবং কলিকাতা নগরে জানবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ওবন্দ ভূমি অনুমান ২/১/১৫। দুই বিঘা এক কাঠা এক ছটাক সাড়ে পনর গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জানবাজারের রাস্তা। দক্ষিণ দিগে রামমোহন দত্ত এবং মতি সাহা ও মেষ্টর ডবলিউ লাএড সাহেবের ভূমি। পূর্ব্ব দিগে জানবাজারের দ্বিতীয় গলি পশ্চিম দিগে মেষ্টর ফিপ্স সাহেবের বাটী এবং ৯ নম্বর লাটের ভূমি

লাট নং ৯। এবং পূর্ব্বোক্ত জানবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।০৫৶১৭ পাঁচ কাঠা পনর ছটাক সতর গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ৮ নম্বর লাটের ভূমি। পশ্চিম দিগে জানবাজারের প্রথম গলি। উত্তর দিগে মেষ্টর ফিপ্স সাহেবের ভূমি। দক্ষিণ দিগে মেষ্টর জেমেস তামসন সাহেবের ভূমি।

লাট নং ১০। এবং কলিকাতা নগরের চিৎপুর রোডের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ ভদ্রাসন বসত বাটী তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ৭/ সাত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের একাংশে রামপ্রসাদ সেনের বাটী ও ভূমি। অপরাংশে নবকৃষ্ণ পাল প্রভৃতির বাটী ও ভূমি। দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎ

ইশতেহার।

পুরের রাস্তা। পশ্চিম দিগের একাংশে প্রাণধন দত্তের বাটী ও ভূমি অপরাংশে গোবিন্দচাঁদ বাবুর বাটী ও ভূমি।

লাট নং ১১। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের বড় বাজারের হাঁসপুকুরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ১৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে অর্জুন সিংহের বাটী। উত্তর দিগের একাংশে স্বরূপচন্দ্র মল্লিকের বাটী ও ভূমি অপরাংশে মৃত হরেকৃষ্ণ সেটের ভূমি।

লাট নং ১২। এবং কলিকাতা নগরের হাঁসপুকরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৮ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে দ্বারকানাথ ঠাকুরের বাটী অপরাংশে মতিচাঁদ বাবুর বাটী। পশ্চিম দিগের একাংশে রামকানাই সরকারের বাটী অপরাংশে পরমসুখ বাবুর বাটী। পূর্ব্ব দিগে রামকৃষ্ণ সেটের বাটী। উত্তর দিগে সরকারী রাস্তা।

লাট নং ১৩। এবং কলিকাতা নগরে তুলাবাজারের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৬৪। ৬৬ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৪ এক বিঘা নয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামমোহন মল্লিক প্রভৃতির বাটী অপরাংশের এক দিগে গোলোকচন্দ্র রায়ের বাটী অন্য দিগে জগমোহন মল্লিকের ও অর্জুননাথ জীর বাটী। পশ্চিম দিগের একাংশে রামকৃষ্ণ কলিয়ার বাটী অপরাংশে তিনকড়ি বসুর বাটী। পূর্ব্ব দিগে বিশ্বম্ভর পণ্ডিতের বাটী। উত্তর দিগের একাংশে তুলাবাজারের গলি অপরাংশে গোবিন্দচন্দ্র সেটের বাটী।

লাট নং ১৪। এবং কলিকাতা নগরের মাছুয়াবাজারের সিন্দুরিয়াপটির রাস্তাতে লালু মল্লিকের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগের একাংশে কাশীনাথ দের বাটী অপরাংশের এক দিগে হরসুন্দর সেট ও নরসিংহ সেটের বাটী অন্য দিগে মৃত গোকুল শীলের বাটী। পূর্ব্ব দিগে রামপ্রসাদ শাহার ভূমি। উত্তর দিগে সরকিস সাহেবের আস্তবল।

লাট নং ১৫। এবং কলিকাতা নগ

রে বড় বাজারের পঞ্চাননতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটী নং ২৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে বৃন্দাবন আচ্যের ভূমি অপরাংশে রাধামোহন ঠাকুরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে মৃত রামকৃষ্ণ সেনের বাটী ও ভূমি। পশ্চিম দিগের একাংশে জগমোহন ধরের বাটী ও ভূমি অপরাংশে হরেকৃষ্ণ পাত্রের বাটী ও ভূমি। উত্তর দিগে আরমানী গলি।

লাট নং ১৬। এবং কলিকাতা নগরের আমড়াতলা গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৫ অনুমান ১৷২ এক বিঘা বারো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে কাশীনাথ মল্লিকপ্রভৃতির বাটী ও ভূমি অপরাংশে বিবি গেরেটের বাটী ও ভূমি। পশ্চিম দিগের একাংশে আরাতুন আরমানীর বাটী ও ভূমি অপরাংশে জগমোহন মল্লিকের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে আমড়াতলার গলি। উত্তর দিগের একাংশে জগমোহন রায়ের বাটী ও ভূমি অপরাংশের এক দিগে সনাতন শীলের বাটী ও ভূমি অন্য দিগে মৃত জগমোহন মল্লিকের বাটী ও ভূমি।

লাট নং ১৭। এবং পূর্ব্বোক্ত রাধাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটী নং ৪৮ তাহাতে ৯টা গুদাম আছে এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি সর্ব্বসুদ্ধ অনুমান॥৩ তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রাধাবাজারের রাস্তা। উত্তর দিগে রাজকৃষ্ণ মিত্রের বাটী ও ভূমি।

লাট নং ১৮। এবং পূর্ব্বোক্ত রাধাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টকনির্ম্মিত নূতন দোতালা গৃহ বসতবাটী নং ৪৩ তাহাতে সংপ্রতি গ্রথিত শ্রেণীবদ্ধরূপে কুঠরী ও গুদাম আছে এবং অন্যান্য নানাপ্রকার প্রয়োজনীয় ঘর আছে এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/২ ০ এক বিঘা দুই কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং ঐ ভূমির উত্তর দিগে এবং পূর্ব্ব দিগের শেষ ভাগে যে দুই ক্ষুদ্র খণ্ড ও বন্দ ভূমি আছে তাহা অনুমান /৪ চারি কাঠা। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে গুরুপ্রসাদ শাহার বাটী ও ভূমি অপরাংশে ললিতমোহন ঠাকুরের বাটী ও ভূমি। পশ্চিম দিগের একাংশে রাধাবাজারের রাস্তা অপরাংশে মৃত রামগোপাল মল্লিকের এক দোতালা বাটী। পূর্ব্ব দিগে শ্রীযুত এম মাণক সাহেবের ভূমি। উত্তর দিগের একাংশে মৃত রামগোপাল মল্লিকের বাটী অপরাংশে রাজকৃষ্ণ মল্লিকের বাটী ও ভূমি।

লাট নং ১৯। এবং কলিকাতা নগরের পুরাণা চিনাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও ছয়খান দোকান এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।২ এক বিঘা বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে ক্ষেত্রমোহন বসাক ও হরসুন্দর সেট ও নরসিংহ সেটের বাটী ও ভূমি অপরাংশের এক দিগে গোবিন্দচন্দ্র ধরের বাটী ও ভূমি অন্য দিগে জয়নারায়ণ বন্দ্যোপাধ্যায়ের ভূমি। পূর্ব্ব দিগে চিনা বাজারের রাস্তা। পশ্চিম দিগের একাংশে নুকেশ লেননামক গলি রাস্তা অপরাংশে রমানাথ বসাকের বাটী ও ভূমি। উত্তর দিগের একাংশে শিবচন্দ্র কলিয়ার বাটী ও ভূমি অপরাংশে লীল সাহেবের বাটী ও ভূমি।

লাট নং ২০। এবং কলুটোলার সভির বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ১ অনুমান সর্ব্বসুদ্ধ ৫/৮৮ পাঁচ বিঘা চৌদ্দ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত গৌরচরণ মল্লিকের ভূমি। পশ্চিম দিগের একাংশে রাধামোহন ঠাকুরের বাটী ও ভূমি অপরাংশে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে রূপনারায়ণ ঘোষাল প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে মৃত রামানন্দ সেন প্রভৃতির ভূমি অপরাংশের এক দিগে বিশ্বনাথ দত্তের ভূমি অন্য দিগে আনন্দ সেটের বাটী ও ভূমি।

লাট নং ২১। এবং কলিকাতা নগরের কলুটোলার সভির বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে মৃত হরি ঠাকুরের বসতবাটী। পূর্ব্ব দিগে রাধামোহন ঠাকুরের ভূমি। উত্তর দিগের একাংশে সরকারী নরদমা অপরাংশে রাধামোহন ঠাকুরের ভূমি।

লাট নং ২২। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের বড় বাজারের কাঁসারিপটীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী তাহাতে পাঁচটা গুদাম আছে তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত নীলমণি চন্দ্রের ভূমি। উত্তর ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে দ্বারকানাথ মল্লিকের বাটী।

লাট নং ২৩। এবং কলিকাতা নগরের বড় বাজারের দরমাহাটার শামিল ও তন্মধ্যস্থিত গোপাল মল্লিকের পোস্ত নামক ইষ্টক নির্ম্মিত কএকটা গুদাম তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৮১৮ এক বিঘা উনিশ কাঠা বারো ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত জগমোহন মল্লিকের ভূমি। পূর্ব্ব ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। উত্তর দিগে মৃত রূপলাল মল্লিকের ভূমি।

লাট নং ২৪। এবং কলিকাতা নগরের ধর্ম্মতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে কাপ্তান জানেষ্টন সাহেবের বাটী ও ভূমি। উত্তর দিগে ইন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়ের বাটী ও ভূমি।

লাট নং ২৫। এবং কলিকাতা নগরের নূতন চিনা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮১৮ ষোল কাঠা বারো ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিম দিগের একাংশে আশুতোষ দেব প্রভৃতির বাটী ও ভূমি অপরাংশে লিওপোল সাহেবের বাটী। দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে এক গাল। পশ্চিম দিগে লিমরুস সাহেবের বাটী ও ভূমি।

লাট নং ২৬। এবং কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলোকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎপুর রাস্তা। পশ্চিম দিগে মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে পূর্ব্বোক্ত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। অপরাংশে ভোলানাথ বাবু ও রামপ্রসাদ সেনের বাটী ও ভূমি।

লাট নং ২৭। এবং কলিকাতা নগরের নৈতোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৪।১ চারি বিঘা এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে স্বরূপ মল্লিক ও রাধামণি দাসী ও রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি। অপরাংশে গোলোকচন্দ্র ধরের ভূমি। পশ্চিম দিগের একাংশে প্রাণধন দত্তের ভূমি অপরাংশে গোবিন্দচাঁদ বাবুর ভূমি. পূর্ব্ব দিগের একাংশে মৃত রামগোপাল মল্লিকের বসত বাটী অপরাংশে ভোলানাথ বাবুর বাটী ও ভূমি। উত্তর দিগে শ্যামাচরণ মল্লিকপ্রভৃতির বাটী ও ভূমি।

লাট নং ২৮। এবং কলিকাতা সহরতলীর উল্টাডিঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ১১/ এগার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে দুইটা ইষ্টক নির্ম্মিত বৈঠকখানা এবং দুইটা পুষ্করিণী ও নানাপ্রকার বৃক্ষ আছে। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগের একাংশে মাধবপ্রভৃতির রাইয়তী ভূমি ও বাগান। পশ্চিম দিগে ভিকু শাহার ভূমি। উত্তর দিগে রাজা রাধাকান্ত দেবের বগান।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মেষ্টর আফিসে অথবা ফরিয়াদীর উকীল টি বিসুইনহো সাহেবের নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

টি ডিকিন্স
মেষ্টর।

মেষ্টর আফিস।
২৭ অক্টোবর ১৮৩৭ সাল।

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৯ নবেম্বর বৃহস্পতিবার পূর্ব্বাহ্ন বেলা দুই প্রহরের সময়ে বৈঠক হইবেক।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।
৪ নবেম্বর ১৮৩৭।

ইশতেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক আজোর্ণেড সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৯ নবেম্বর বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।"
৪ নবেম্বর ১৮৩৭।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদরেরআজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশে অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে। এবং তাহার পার্শ্বে এইসকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ে যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।
সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

১ নবেম্বর ১৮৩৭।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জি এ বুসবি সাহেব গত মে মাসের ৩ তারিখে কর্ম্ম হইতে মুক্ত হইয়া বিলাতে গমনার্থ যে ছুটি পান তদনুসারে গত জুলাই মাসের ৩১ তারিখে উত্তমাশা অন্তরীপ হইতে ইঙ্গলণ্ডদেশে গমন করিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা বর্ত্তমান মাসের ১ তারিখে বা তাহার পূর্ব্ব কোন তারিখের দরখাস্তক্রমে ১৮৩৭ সালে বিলাতগমনের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত আর মকান সাহেব।
শ্রীযুত সি ই ত্রিবিলিয়ন সাহেব।
শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব।
শ্রীযুত ডবলিউ উইলকিনসন সাহেব।
শ্রীযুত ডবলিউ এচ মার্টিন সাহেব।
এবং শ্রীযুত টি সি স্কট সাহেব।

এবং শ্রীযুত জেম্‌স লেন সাহেব ও শ্রীযুত টি পি উডকাক সাহেব উত্তর পশ্চিম অঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবকর্ত্তৃক বিলাতগমনার্থ ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এস জি স্মিথ সাহেব শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের দ্বারে বিলাত গমনার্থ ছুটির দরখাস্ত করিয়াছেন।

৩১ অক্টোবর।

বেহারের একটিং কালেক্টর শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব গত ২৯ আগষ্ট তারিখে যে ছুটি পাইয়াছিলেন তাহার সম্পূর্ণকাল বর্ত্তমান মাসের ২০ তারিখে রহিত হইয়া স্বীয় কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিয়াছেন।

৩ নবেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ এ প্রিঙ্গল সাহেব অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত জিলা হুগলির একটিং সেসন জজ হইয়াছেন।

১৭ অক্টোবর।

আলিগড়ের মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত টি পি উডকাক সাহেব কর্ম্মাবসর হইয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বিলাত গমনার্থ দরখাস্ত করিতে আড়াই মাসের ছুটি পাইয়াছেন।

১৮ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ ডি এচ রৌথ সাহেব আলিগড়ের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে বান্দার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

২১ অক্টোবর।

গোরক্ষপুরের আসিষ্টান্ট রেবিনিউ সরবেয়র লেপ্তেনন্ত শ্রীযুত আর সি সিকসপিয়র সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্ত গত জুলাই মাসের ৩১ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৩ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২০ অক্টোবর।

অষ্টম অশ্বারূঢ় সৈন্যের কর্ণেট শ্রীযুত সি জি ফেগন সাহেব সাগরপ্রদেশের লেপ্তেনন্ত গবরনর সাহেবের এজেন্টের আসিষ্টান্ট হইয়াছেন।

১ নবেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব বঙ্গরাজধানীর আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত রালফ ইটিসন সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন এমত আজ্ঞা করিয়াছেন।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

CIVIL APPOINTMENTS.

1st November, 1837.

Mr. G. A. Bushby, of the Civil Service, reported his departure from the Cape of Good Hope for England on the 31st July last, in pursuance of the Furlough leave granted to him on the 3d of May last.

The following Gentlemen have been admitted to Furloughs of the season 1837, under applications made on or before the 1st instant :

Messrs. R. Macan,
C. E. Trevelyan,
D. Pringle,
W. Wilkinson,
W. H. Martin, and
T. C. Scott ;

also Messrs. James Lean and T. P. Woodcock, who have obtained leave from the Lieutenant Governor of the North Western Provinces, to proceed to Europe, and Mr. S. G. Smith, who has applied for a Furlough through the Lieutenant Governor.

31st October.

The remaining portion of the leave of absence granted to Mr. H. C. Hamilton, officiating Collector of Behar, on the 29th August last, is cancelled from the 20th instant, the date on which he resumed charge of his office.

3d November.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to make the following appointment :

Mr. W. A. Pringle to officiate as Session Judge of Zillah Hooghly, until further orders.

17th October.

Mr. T. P. Woodcock, Magistrate and Collector of Allyghur, has obtained leave of absence for two and half months, on his private affairs, preparatory to applying for for Furlough.

18th October.

Mr. W. Dell. Routh to officiate as Joint Magistrate and Deputy Collector of Allyghur.

Syud Imdad Ali to be Deputy Collector, under the provisions of Regulation IX. of 1833, in the District of Banda.

21st October.

Lieutenant R. C. Shakespear, Assistant Revenue Surveyor in the District of Goruckpore, has obtained leave of absence to the 3d instant, in extension of that granted him on the 31st July last, to enable him to rejoin his station.

20th October.

Cornet C. G. Fagan, of the 8th Light Cavalry, to be Assistant to the Agent to the Lieutenant Governor in the Saugor Territories.

1st November.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to place the services of the Reverend Ralph Eteson, an Assistant Chaplain on the Bengal Establishment, at the disposal of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces.

সমাচার দর্পণ

শনিবার ১১ নবেম্বর ১৮৩৭।

পারস্য ভাষা।

পাঠক মহাশয়দিগকে আমরা পরমাহ্লাদ পূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে পারস্য ভাষার পরিবর্ত্তে দেশীয় ভাষা ব্যবহার করণের যে হুকুম বোর্ড রেবিনিউর সাহেবেরা দিয়াছিলেন তাহা অনায়াসে প্রায় বঙ্গদেশীয় জিলার মধ্যে সম্পন্ন হইয়াছে যে ইউরোপীয় সাহেবেরা দেশীয় ভাষা চলন বিষয়ে সন্দিগ্ধ ছিলেন তাঁহারা দেখিয়া আশ্চর্য্য বোধ করিয়াছেন যে কেমন নির্ব্বিঘ্নে ঐ ব্যাপার সম্পাদন হইয়াছে। আমলা ব্যতিরেকে এতদ্দেশীয় তাবল্লোকেরা ইহাতে পরম তুষ্ট হইয়াছেন যেহেতুক ইহার দ্বারা তাঁহারা পূর্ব্বকার অন্যায়াচরণ হইতে এক প্রকার মুক্ত হইলেন।

পয়সা।

কেহ২ অভিযোগ করিতেছেন যে নূতন পয়সা এইক্ষণে টাকশালে অনেক বদ্ধ রহিয়াছে কিন্তু ডেলি নিউস নামক সম্বাদ পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে এত টাকার পয়সা ন্যস্ত রাখণের কারণ এই যে গবর্ণমেণ্ট নিয়মিতমত প্রতিদিন পয়সা যোগাইতে পারেন এইক্ষণে কোম্পানি বাহাদুর যে দোকান বসাইয়াছেন তাহাতে প্রতি মাসে ১৯ লক্ষ পয়সা দেওয়া যাইতেছে।

ব্যবস্থাপক কমিস্যন।

শুনা গেল এইক্ষণে যে শ্রীযুক্ত আণ্ডর্সন সাহেব ব্যবস্থাপক কমিস্যনী পদে নিযুক্ত আছেন তিনি অতি শীঘ্র বোম্বাইস্থ কৌন্সেলের মেম্বরী পদস্থ হওনার্থ গমন করিবেন এবং যে শ্রীযুত নারিস সাহেব বহুকালাবধি বোম্বাইতে তৎ পদে নিযুক্ত ছিলেন তিনি এই ব্যবস্থাপক কমিস্যনী পদাভিষিক্ত হইয়াছেন।

আনরবল জান এলিয়ট সাহেব।

যে শ্রীযুত আনরবল জান এলিয়ট সাহেব কলিকাতাস্থ ডাকের প্রধান অধ্যক্ষতা কার্য্যে নিযুক্ত ছিলেন তিনি এইক্ষণে স্কটলণ্ড দেশান্তঃপাতি এক প্রদেশের প্রতিনিধি স্বরূপ পার্লিমেণ্টে প্রবিষ্ট হওনার্থ উদ্যোগ করিতেছেন।

প্রধান সৈন্যাধ্যক্ষের যাত্রা।

শুনা গেল যে শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের যাত্রা বিষয়ে এই স্থির হইয়াছে যে শ্রীযুক্ত সাহেব ২৫। ২৬ আক্টোবর তারিখে শীমলা হইতে প্রস্থিত হইয়া ২৭ তারিখে বার স্থানে পঁহুছিবেন তৎপরে হান্‌সি হিসার জয়পুর আজমীর এবং নছিরাবাদ দিয়া উদয় পুরে গমন করিবেন তথা হইতে নিমচ আগ্রা মথুরা দিল্লী এবং কর্ণাল দিয়া শীমলাতে উত্তীর্ণ হইবেন।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ও সঙ্গিগণ ২ তারিখে প্রাতঃকালে সাড়ে ছয় ঘণ্টা সময়ে মুঙ্গেরে উত্তীর্ণ হন এবং তৎপর দিবস প্রত্যূষে তথাহইতে যাত্রাকরণের কল্প ছিল।

পুনশ্চ কোলের উপদ্রব।

গত ৪ নবেম্বর তারিখে যে পত্র বাঁকুড়া হইতে আইসে তাহার নীচে লিখিতব্য চুম্বক প্রকাশ করা যাইতেছে। কল্য রাত্রে সেবুস্থানের চেইন বাজার হইতে অতিত্ব

SUMACHAR DURPUN.

SATURDAY, NOVEMBER 11TH, 1837.

The Persian Language.

We are happy to inform are readers that the orders of the Board of Revenue with regard to the substitution of the vernacular languages for the Persian have been carried into execution in all the districts of Bengal with perfect ease. Even those European gentlemen who doubted the feasibility of it have been astonished at the ease with which the change has been made. The natives of the country (the Amlahs excepted) are universally delighted with it, because it delivers them in a great measure from the oppression to which they were subject.

The Copper Currency.

It has been made a matter of complaint by some, that there is so large a quantity of the new copper currency locked up in the Mint, but we learn from the *Daily News* that the chief reason for retaining this sum of money is, that Government may be enabled to keep up a regular supply of pice through their Poddars. The sum that is now issued through those change shops being no less than nineteen lacks of Rupees a month.

The Law Commissioner.

We learn that Mr. Anderson, who is now a member of the Law Commission, will soon proceed as a member of Council to Bombay, and Mr. Norris, who was lately a member of Council at Bombay, is likely to succeed to his situation.

The Honourable J. E. Elliot.

The Honourable J. Elliot, formerly Postmaster General in Calcutta, has, we percieve, started in England to represent a Scotch county in the next Parliament.

The Commander-in-Chief.

We hear that the following was the last arrangement for the movements of the Commander in Chief, that His Excellency was to leave Simla on the 25th or 26th, and Bar on the 27th ultimo, proceeding through Hansee and Hissar, Jypore, Ajmere, and Nusserabad to Oudpore; and then back through Neemuch, Agra, Muttra, Delhi, and Kurnaul, to Simlah.—*Courier.*

The Governor General.

The Governor General and suite arrived at Monghir at half past ten o'clock on the morning of the 2d instant, and the boats started again the next morning.

Another Cole Insurrection.

We have received the following extract of a letter, dated "Bancoorah, Saturday, 7 A. M. November 4, 1837. Late last night an order came in here

রায় হুকুম পঁহুছিল যে ঐ ছাউনিতে যে বিবি সাহেব লোকেরা আছেন তাঁহারদিগকে আনয়নার্থ অতিশীঘ্র বেহারা পাঠাইবেন। এই পত্রের পরে কোলেরদের অঞ্চলহইতে অন্য দুই পত্র পঁহুছে তাহাতে লেখে যে তাবৎ কোলেরা বিশেষতঃ দক্ষিণ দিগে একেবারে ক্ষেপে উঠিয়াছে তাহাতে আমারদিগকে সৈন্য প্রেরণার্থ অতি তাগাদা করিতেছেন বোধ হয় যে এক কালেই সমুদায় কোলেরা যোগ করিয়া উঠিয়াছে কিন্তু এই ব্যাপার তাহারদের অস্থৈর্য্য বা অনাহারের ক্লেশপ্রযুক্ত তাহা এপর্য্যন্ত বোধ হয় নাই। আমি জুনমাসে উত্তর অঞ্চলে গিয়াছিলাম তখন ঐ স্থানে অতি দারুণ দুর্ভিক্ষ ছিল এইক্ষণেও টাকায় ৮ সের তণ্ডুল বিক্রয় হইতেছে সুতরাং তাহা কিনিতে অল্প লোকের যোত্র আছে। ভরসা হয় যে এই ক্লেশ বহুকাল থাকিবে না যেহেতুক ঐ অঞ্চলে সংপ্রতি অতি ভারি বৃষ্টি হইয়াছে। ২২। ২৩ তারিখে যে বৃষ্টি হয় তাহাতে ফসল পাকিতে পারে যদ্যপি ফসল উত্তম হয় নাই তথাপি মন্দ নহে কহা যাইতে পারে কিন্তু অনেক বিলম্বে বৃষ্টি হওয়াতে অনেক ভূমি আবাদ হয় নাই।

জুয়া খেলা।

বাঙ্গাল হরকরার এক জন পত্র প্রেরক সকলকে জ্ঞাত করিয়াছেন যে প্রতিবৎসর এই সময়ে রাসযাত্রোপলক্ষে কলিকাতা হইতে পাঁচ ক্রোশ অন্তরে এবং চাণক হইতে আড়াই ক্রোশ অন্তরে গঙ্গাতীরস্থ খড়দহগ্রামে কোন মান্য লোকের আনুকূল্যে অনেক দল জুয়াচোর একত্র হইয়া তিন দিবস ব্যাপিয়া সকল লোকের টাকা হরণ করিতে থাকে। অতএব আমরা চব্বিশ পরগনার মাজিস্ত্রেট সাহেবের নিকটে প্রার্থনা করিতেছি যে তিনি ঐ জুয়া খেলা একেবারে নিবারণ করেন এবং তদর্থ ঐ জুয়াচোরেরদিগকে তাড়িয়া দেওনের ভার এতদ্দেশীয় কোন দারোগার উপর অর্পণ না করেন করিলে সেই ব্যক্তি নিতান্তই ঐ জুয়ারিরদের স্থানে খুব টাকা লইয়া গোপনে খেলিতে অনুমতি দিবেন। ফলে ঐ অনিষ্ট নিবারণার্থ কোন উপযুক্ত ইউরোপীয় সার্জনকে উত্তম সৈন্য সঙ্গে দিয়া ঐ ভার অর্পণ করত ঐ স্থানে প্রেরণ করেন। ইহার পুর্ব্বে রাস যাত্রায় প্রতি বৎসরে শ্রীরামপুরেও এইরূপ খেলা হইত। এবং কলিকাহইতে আগত কএক জন চীনীয়েরদিগকে জুয়াখেলিতে অনুমতি দিয়া শ্রীরামপুরের গবর্ণমেণ্ট বৎসরে তাহারদের স্থানে হাজার টাকা করিয়া লইতেন তাহাতে এই শহরের সুব্যবহার একেবারে লোপ পাইয়া অসংখ্য চুরী ডাকাইতী হইতে লাগিল কাহারো কোন বিষয়ের স্থৈর্য্য ছিল না এবং অনেক বংশ একেবারে নিঃস্ব হইয়া গেল কিন্তু ৺ গুপ্ত হলনবর সাহেব যখন এই শহরের গবর্নর্ হইলেন তখন ঐ কুরীতির একেবারে সমূলোৎপাটনপূর্ব্বক নিবারণ করিলেন। এবং তদবধি রাসযাত্রা সময়ে বাসেন্দা লোকের সম্পত্তি হরণের আর কোন ভয় নাই।

express from Chenabazar, in Seyboo, to despatch out bearers to bring in the ladies of the camp. This letter was followed by two others from two other stations in the Cole country, saying, that the Coles were all up in insurrection, particularly towards the south, and urging the utmost haste. It would seem to be a simultaneous movement; but whether it arises from the unsettled habits of the Coles, or from the excessive pressure for want of subsistence, does not appear. When I was on the northern part, last June, it was dreadful; just now rice is selling there at eight seers per rupee, but few there are who have means to purchase it. It is to be hoped that the duration of this state of affairs will be short, as we have been blessed with copious rains, and the late showers on the 22nd and 23rd gave us as much as would suffice to bring the crops to maturity, which although to appearance not an abundant one, is still a fair one, though much ground remains uncultivated, owing to the lateness of the rains."—*Hurk.*

Gaming in the Vicinity of Calcutta.

A correspondent of the *Bengal Hurkaru* has brought to public notice the fact, that at the village of Khurda, about ten miles from Calcutta and five from Barrackpore, on the banks of the river, it is usual every year *at this season* of the Ras Poojah, for a large body of gamblers to resort thither, under the patronage of certain influential men, and to continue their nefarious schemes of plunder for several days. We know that this is the fact, having ourselves had occular demonstration of it. And we call upon the Magistrate of the 24-Pergunnahs to put down the practice at once, by the arm of authority. The dispersion of this villainous gang should not be entrusted to any native Darogah, for he will assuredly connive at the evil, taking care at the same time to make the gamblers pay him richly for impunity. But some honest European Sergeant ought to be deputed to the spot, with a sufficiently strong guard.

The same nefarious practice formerly prevailed at Serampore at the same season of the year; and the Government farmed out the privilege to a body of Chinamen from Calcutta, for more than a thousand Rupees a year. The consequences were most disastrous. The morals of the town were ruined; thefts and robberies were multiplied to an amazing extent; no property was safe and multitudes of families were reduced to absolute destitution. The late Mr. Hohlenberg had no sooner, however, taken his seat in the Government, than he put a stop to the practice; and from that date we have experienced no diminution of security at these festivals.

বোয়ালিয়ার কমিস্যনরী পদ রহিত।

সংপ্রতি ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের কমিস্যনরী পদে শ্রীযুত হকিন্স সাহেব নিযুক্ত ছিলেন তিনি এইক্ষণে সদর্‌ দেওয়ানী আদালতের রেজিষ্টরী পদস্থ হইয়াছেন। শ্রুত হওয়া গেল যে ঐ এলাকার কমিস্যনরী পদ এইক্ষণে রহিত হইয়াছে। উক্ত এলাকার জিলা এইরূপে বিভাগ করা গিয়াছে। দিনাজপুর মালদহ ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর জিলার অন্তর্গত। রঙ্গপুর ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার অন্তঃপাতি বোয়ালিয়া ও তাহার অন্তর্ভূত জিলা ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ জিলাভুক্ত হইল।

নদীতে বাষ্পীয় জাহাজ যাত্রাবিষয়ক সমাজ।

সংপ্রতি নদীতে বাষ্পীয় জাহাজ গমনাগমনের পাণ্ডুলেখ্য স্থির করণার্থ কলিকাতায় এক সমাজ নিযুক্ত হন এবং তাহাতে এই ব্যাপার সম্পাদনার্থ ২০ লক্ষ টাকা অর্থাৎ আট হাজার অংশ প্রত্যেক অংশে ২৫০ টাকা করিয়া সংগ্রহ করিতে কল্প হইয়াছে প্রথমতঃ ঐ সকল জাহাজ কেবল গঙ্গা দিয়া গমনাগমন করে এমত প্রস্তাব হইয়াছে। এবং আরো এই কল্প হইয়াছে এইক্ষণে যে সকল জাহাজ যাতায়াত করিতেছে তাহা গবর্ণমেণ্টের স্থানে ক্রয়করণার্থ প্রস্তাব এতদ্ভিন্ন যে সকল জাহাজের আবশ্যক তাহা ইঙ্গলণ্ড দেশে প্রস্তুতকরণার্থ ফরমাইস করা যায়।

পূর্ব্ব সীমাতে সৈন্য যাত্রা।

বারাকপুরস্থ ৭০।৭৩ এতদ্দেশীয় পদাতিক রেজিমেণ্টের প্রতি হুকুম হইয়াছে যে তাহারা অতিশীঘ্র শ্রীহট্টে যাত্রা করে তাহার অভিপ্রায় এই যে ঐ পূর্ব্ব সীমাতে হঠাৎ আসিয়া যদি ব্রহ্মদেশীয়েরা আক্রমণ করে তবে নিবারণ হয়। ঐ সৈন্যেরা এখানহইতে জলপথে ঢাকাপর্য্যন্ত গিয়া তথাহইতে স্থলপথে শ্রীহট্টে পঁহুছিবে। ফলে জানুআরি মাসের পূর্ব্বে ঢাকা হইতে স্থলপথ শুষ্ক না হওয়াতে কদাচ যাইতে পারে না। কিন্তু এই সকল সৈন্য প্রেরণেতে বারাকপুর প্রায় শূন্য হয় এইপ্রযুক্ত পূর্ব্বে যে ৪১ রেজিমেণ্টের প্রতি বারাণসী যাইতে হুকুম হইয়াছিল এইক্ষণে তাহারদিগকে বারাকপুরে থাকিতে হুকুম হইয়াছে। আরো হরকরা পত্রদ্বারা অবগম হইল যে দুই জন ইঞ্জিনিয়র সাহেবের প্রতি হুকুম হইয়াছে যে তাঁহারা অবিলম্বে ঐ সঙ্কট স্থানে গমন করেন এবং রাস্তা প্রস্তুতকারি এক পল্টন সৈন্যের প্রতি হুকুম হয় যে তাহারা এইক্ষণকার হাজারিবাগস্থ ছাউনি উঠাইয়া শ্রীহট্টে যাইবে তাহারা ঐ অঞ্চলে পঁহুছিয়া শ্রীহট্ট দিয়া দাউদপটলিঅবধি মণিপুরপর্য্যন্ত এক রাস্তা প্রস্তুত করিবে। মণিপুরস্থ যে সৈন্যেরা গম্ভীর সিংহের সৈন্য বলিয়া বিখ্যাত তাহারা এইক্ষণে ইঙ্গলণ্ডীয়েরদের হুকুমের অধীনে কার্য্য করিতে প্রস্তুত আছে। মণিপুরে গবর্ণমেণ্টের পোলিটিকাল এজেণ্টের আসিষ্টাণ্ট স্বরূপ এক জন নিযুক্ত রাখা যাইবে তৎকর্ম্মে যিনি নিযুক্ত হইবেন তাঁহার নামাঙ্কিত হইয়াছে। যে সৈন্যেরা হাজারিবাগহইতে শ্রীহট্টে যাইবে তাহারা বারাণসীর নূতন রাস্তাকরণ কার্য্যে নিযুক্ত ছিল। তাহারা ঐ কার্য্যহইতে গেলে পশ্চিমাঞ্চলহইতে অন্য এক কোম্পানি সৈন্য আসিয়া তৎকার্য্য করিবে।

ইঞ্জিনিয়রসম্পর্কীয় শ্রীযুত লেপ্তেনেন্ত টি এচ· সেল সাহেব ১১ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার প্রধান ইঞ্জিনিয়র সাহেবের আসিষ্টাণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। তাহার অভিপ্রায় যে ঢাকা ও শ্রীহট্ট ও আ

Bauleah Commissionership.

We are informed that the Commissionership of the 13th or Beauleah Division, lately vacated by the appointment of Mr. J. Hawkins, as Registrar to the Sudder Dewanny and Nizamut Adawlut, is to be abolished. The several Districts coming under the jurisdiction of this Division have been parcelled out as follows—Dinagepore and Malda, to the 12th or Bhagulpore Division; Rungpore, to the 15th or Dacca Division, and Beauleah with its dependencies, to the 14th or Moorshedabad Division.—*Hurk.*

Inland Steam Association.

A Prospectus has just been published for establishing an Inland Steam Association in India. It is proposed to raise twenty lakhs of Rupees in 8000 Shares of 250 Rupees each, and at the beginning to ply the vessels only in the Ganges; it is also proposed to make an offer to Government to purchase the Iron Vessels, now running, and to forward orders to England for other vessels to complete the plan.

Movements on the Eastern Frontier.

The 70th and 73rd Regt. are to start immediately from Barrackpore for Sylhet, to guard our Eastern Frontier in that direction against any sudden eruption of the Burmese. They will proceed by water all the way. In fact, before the month of January, it is scarcely possible for troops to march from Dacca across the country to Sylhet. As by this movement Barrackpore would almost be denuded of troops, the 41st Regt. which was under orders to leave Barrackpore for Benares, has been ordered to remain for the present. We also learn from the *Hurkaru*, that two Engineer Officers have received emergent orders to proceed to the threatened frontier, and that a complete company of sappers and miners has been directed to move from its present quarters at Hazareebaugh to Sylhet, for the purpose of opening a road from that station, through Daudpatlee to Munipore, where the force formerly known as Gumbeer Sing's Levy is, we hear, still available for friendly service. The political agent at Munipore is to have the services of an officer placed at his disposal as assistant, and we beleive that the individual destined for the employ is already indicated. Another company of sappers will move down from the Upper Provinces to take upon it the duties, on the new line of road to Benares, which are to be relinquished by that which marches for Sylhet.—*Eng.*

Lieut. T. H. Sale, of Engineers, is the officer appointed Assistant to the Executive Engineer of the 18th or Dacca Division, for the purpose of aid-

সাম এলাকার মধ্যে রাস্তার কার্য্য তজ্ঞবী জকরত সাহায্য করেন।

ইঞ্জিনিয়রসম্পর্কীয় শ্রীযুত লেপ্তেনন্ত আলার্ডেস সাহেব কাছার দিয়া মণিপুরপর্য্যন্ত রাস্তার তত্ত্বাবধারণ ও মেরামতকরণ কার্য্যে নিযুক্ত হইয়াছেন এতদর্থ তিনি রাস্তা প্রস্তুতকারি পঞ্চম কোম্পানি সৈন্যের সঙ্গে মিলিয়া তাহারদিগকে লইয়া শ্রীহট্টে গমন করিবেন। উক্ত সাহেব ঐ এলাকার প্রধান ইঞ্জিনিয়র সাহেবের আজ্ঞাধীনে কর্ম্ম করিবেন এবং এইক্ষণকার নিমিত্ত এই কর্ম্ম ও অন্যান্য স্থানীয় কার্য্যের তত্ত্ব লইবেন। এই সকল ব্যাপার এইক্ষণেই সম্পন্ন হওয়া উচিত ছিল কিন্তু তাহা কেবল সংপ্রতি আরম্ভমাত্র হইতেছে।

অবগতি হইল আসাম দেশে কামান পূর্ণকরণার্থ ফোর্ট উলিয়ম কিল্লার অস্ত্রাগারহইতে কামান প্রেরণ করিতে হুকুম হইয়াছে। তাহা বিশ্বনাথ স্থানে পোলিটিকাল এজেণ্ট শ্রীযুত মেজর ওয়াইট সাহেবের নিকটে প্রেরণ হইবে।

শ্রীযুত সদর্লণ্ড।

অবগত হওয়া গেল যে সদর দেওয়ানী আদালতে গবর্ণমেণ্টের যে উকীল পদশূন্য হয় তাহাতে শ্রীযুত সদর্লণ্ড সাহেবকে নিযুক্ত করা গিয়াছে।

আদালতের কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট।

অবগত হওয়া গেল যে বোর্ড রেবিনিউর সাহেবেরা সকলই ঐক্য হইয়া গবর্ণমেণ্টকে এই পরামর্শ দিয়াছেন শ্রীযুত বিগনল সাহেবকে আদালতের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মে নিযুক্ত করেন যেহেতুক গবর্ণমেণ্ট এমত নিশ্চয় করিয়াছেন যে ঐ গুরুতর ভারহইতে বোর্ডকে মুক্ত করিয়া সিবিলসম্পর্কীয় সাহেবব্যতিরেকে সাধারণ এক জন যোগ্য ব্যক্তিকে তৎকর্ম্মে বিশেষরূপে নিযুক্ত করেন ঐ সাহেব বোর্ড রেবিনিউর সাহেবেরদের সঙ্গে সম্পর্ক রাখিয়া তাঁহারদের অধীনে কর্ম্ম করিবেন। এইক্ষণে এই যে পদ সৃষ্ট হইল তাহা ১৮১৬ সালে যাহা সৃষ্ট হইয়াছিল তাহারই পুনঃস্থাপনমাত্র। ১৮১৬ সালে ঐ কর্ম্ম এক জন সিবিলসম্পর্কীয় সাহেবকে দেওয়া গিয়াছিল এবং তাহাকে এক বিশেষ সেরেস্তা নিরূপণ করিয়া দেওয়া যায় কিন্তু শ্রীলশ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্কের পরিবর্ত্তনের মধ্যেই তাহা পড়িল এবং তিনি ঐ সকল ভার বোর্ড রেবিনিউর ঘাড়েই চাপিয়া দিলেন কিন্তু কিঞ্চিৎ পরে সওয়াল জওয়াব প্রস্তুতকরণের ভারহইতে বোর্ডের সাহেবেরদিগকে মুক্ত করিয়া তাহা কালেক্টর সাহেবের ঘাড়ে ফেলিলেন। এবং তাহাতে ১৮১৬ সালের পূর্ব্বে যেরূপ ব্যবহার ছিল প্রায় সেইরূপই হইল কিন্তু শ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্কের নিয়মজন্য ক্লেশ ক্রমে বৃদ্ধি হইতে লাগিল যেহেতুক এইক্ষণে লাখেরাজ ভূমি বাজেয়াপ্তকরণের উদ্যোগে অনেকের সঙ্গে গবর্ণমেণ্টের বিরোধ হইতেছে এবং যে মোকদ্দমায় গবর্ণমেণ্ট লিপ্ত এমত মোকদ্দমার সংখ্যা অত্যন্ত বৃদ্ধি হইতেছে। ইহা বোর্ডের সাহেবেরদিগকে বিশেষরূপে জ্ঞাত করা গিয়াছে এইক্ষণে পূর্ব্বকার সুপরিণ্টেণ্ডেণ্টী পদ পুনঃস্থাপনার্থ বোর্ডের সাহেবেরা যে পরামর্শ দিলেন তাহাতে ভারতবর্ষের গবর্ণমেণ্ট সম্মত হইলেন এবং শ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেব বোর্ডের সাহেবেরদিগকে কহিলেন যে ঐ পদে কাহাকে নিযুক্ত করিতে ইচ্ছা হয় তাহা করুণ তাহাতে বোর্ডের সাহেবেরা শ্রীযুত বিগনল সাহেবকে মনোনীত করিয়াছেন। এইক্ষণে অবগত হওয়া গেল যে শ্রীযুত বিগনল সাহেব স্পেসিয়ল কমিসনর সাহেবের আদালতে আপনার তরফে এক জন মোক্তার নিযুক্ত করিতে পারিবেন এবং শুনা গেল যে এই সরকারী পদ প্রাপণেতে সদর দেওয়ানী আদালতে তাঁহার নিজের যে ওকালতী কর্ম্ম আছে তাহা ত্যাগ করিতে হইবে না।

উপঢৌকন।

হামিল্টন কোম্পানির দোকানে হাজিরা খাইবার উপযুক্ত অত্যুত্তম কএকখান রোপ্যময় বাসন এইক্ষণে আছে আরমানি সাহেবসমূহেরা শ্রীযুত ডাক্তর জাকসন সাহেবকে কৃতজ্ঞতার চিহ্নস্বরূপ ঐ বাসন দান করিবেন যেহেতুক সাহেব জানুআরি মাসে বিলাতে গমন করিবেন।

কানপুর ২৪ অক্টোবর।—এই স্থানের সর্ব্ব দিগে দুর্ভিক্ষ হইতেছে অত্যন্ত পঙ্গপাল ক্রমিক এই স্থানে আসিতেছে বৃষ্টি হইবার কোন আশা নাই এই বড় দুঃখের বিষয় যে গরীব দুঃখি লোকেরা আহার ও বস্ত্রাভাবে কানপুরের চতুঃপার্শ্বে পড়িয়া রহিয়াছে এই গরীব লোকেরা আমারদিগের উচ্ছিষ্ট দ্রব্য যাহা পূর্ব্বে গ্রহণ করিত না তাহা এইক্ষণে আহ্লাদপূর্ব্বক খাইতেছে। কথিত আছে অযোধ্যার রাজা লার্ড আকলণ্ডের সঙ্গে সাক্ষাৎ করিতে এই স্থানে আসিবেন।

অযোধ্যার নূতন সৈন্য।

অযোধ্যা রাজ্যের মধ্যে যে নূতন সৈন্য এইক্ষণে সংগ্রহ করা যাইবে তাহার অধ্যক্ষতা কর্ম্মে শ্রীযুত কর্ণল আণ্টিকেল সাহেব নিযুক্ত হইয়াছেন তিনি অতি শীঘ্র ঐ স্থানে পঁহুছিবেন। ঐ সৈন্যেরদের মধ্যে কেবল ইঙ্গলণ্ডীয় সেনাপতিরা থাকিবেন ইহাতে ঐ রাজ্যের যেমন মঙ্গল তেমন আমারদের সেনাপতি সাহেবেরদেরও কুশল আছে। এইক্ষণে ঐ স্থানে যে সৈন্যেরা আছে তাহারদিগকে প্রায় সিপাহী বলা যায় না অতএব তৎপরিবর্ত্তে এইক্ষণে উত্তম কর্ম্মণ্য সৈন্য নিযুক্ত হইবে এবং ইঙ্গলণ্ডীয় কোন২ সেনাপতিরদের বেতনও কিছু২ বৃদ্ধি হইবে। এইক্ষণে যে ইঙ্গলণ্ডীয় পল্টন নিযুক্ত আছে তাহারা তথাহইতে মুক্ত হইয়া দেশের সাধারণ কার্য্যে নিযুক্ত হইতে পারিবে।

অযোধ্যার পূর্ব্ব রাজার মৃত্যু.

লক্ষ্ণৌহইতে আগত এতদ্দেশীয় লোকের পত্রে লেখে যে অযোধ্যার পূর্ব্বতন রাজার মৃত্যু বিষয়ে শ্রীযুত রেসিডেণ্ট সাহেব ও শ্রীযুত হকিম মেহ্দিআলী খাঁ যে তজবীজ করিতেছেন তাহাতে দৃষ্ট হইল যে একটা স্ত্রী তাঁহাকে বিষ খাওয়াইয়াছিল। সেই স্ত্রী তাহা কবুল করিয়াছে। আরো লেখেন যে পূর্ব্বকার উজীরের পেস্কার সোবানআলী খাঁর প্রতি এই বিষয়ে দোষে হওয়াতে তিনি এইক্ষণে কয়েদ আছেন এবং এই তাবৎ বিষয় শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের পঁহুছন পর্য্যন্ত তদবস্থই থাকিবে।

নূতন বাষ্পী জাহাজ।

হরকরা সম্বাদ পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে ইঙ্গলণ্ডদেশে এইক্ষণে দুইখান নূতন বাষ্পীয় জাহাজ প্রস্তুত হইতেছে অতিশীঘ্র ঐ দুই জাহাজ এতদ্দেশে পঁহুছিলে সুফ সমুদ্রে গমনার্থ নিয়োজিত হইবে। ঐ জাহাজ পঁহুছিলে বোধ করি প্রতি মাসেই ভারতবর্ষে ও ইঙ্গলণ্ডদেশে বাষ্পীয় জাহাজের দ্বারা যাতায়াত নির্ব্বিঘ্নে সম্পন্ন হইবে কেবল তিন চারি মাস

---

ing in the examination of the road between Silhet and Assam.—*Hurk.*

Lieut. J. G. Allardyce, of Engineers, is appointed to survey and improve the road through Cachar to Munnipore, rejoining for this purpose the 5th Company of Sappers and proceeding in Command of it to Silhet. This officer is also placed under the controul of the District Engineer Officer, who, for the present, will have the general direction of this and similar local works which are now about to be commenced when they should have been complete.—*Hurk.*

We understand that orders have been issued for the immediate despatch of ordnance stores from the arsenal in Fort William to complete the artillery details in Assam, and consigned to Major A. White, the political agent in Upper Assam, at Bishnath.—*Eng. Nov. 9.*

Mr. Sutherland.

We hear that the Government Pleadership in the Sudder Dewanny, which lately became vacant, is likely to be given to Mr. Sutherland.

Mr. Bignell.

We understand that Mr. Bignell has been recommended by the unanimous approval of the Board of Revenue, to fill the situation of Superintendent and Remembrancer of Legal Affairs, Government having determined to relieve the Board of that department of its duties and to place it in charge of a special officer of competent qualifications, selected from among persons not in the covenanted service, who is to put himself in connexion with and under the control of the Board. This appointment is the revival of an office created in 1816, when it was given to a Civilian with an independent establishment. But it fell under the change-loving policy of Lord William Bentinck, who transferred the duties to the Board of Revenue; and shortly afterwards relieved the Board by entrusting the preparation of the pleadings to the Correctors and Commissioners in their respective districts, an arrangement little differing from the state of things prior to 1816. The inconvenience of Lord William's plan was beginning to be felt with increasing force, now that the resumption measures are placing Government in collision with so many persons, and creating a large increase in the number of suits in which Government is a party. This was strongly represented by the Board, and the Government of India having approved of their suggestion to revive the office of Remembrancer of the footing we have stated, his Honor the Lieutenant Governor, we hear, called upon the Board to select the individual to fill it, who, we therefore suppose, will be their nominee. It is intended that Mr. Bignell shall have liberty to appoint a subordinate officer to appear in the Special Commissioner's Court, and it is understood that he will not be precluded by his official situation from continuing his private practice as a pleader in the Sudder Dewanny.

Dr. Jackson.

There is to be seen at Messrs. Hamilton and Co.'s a handsome breakfast service of silver, an intended compliment of gratitude and esteem from the Armenian community to Dr. A. R. Jackson, who is about to proceed to Europe in January.—*Calcutta Cour. Nov. 8.*

Famine.

Cawnpore, Oct. 24.—The famine is working here in all directions. Immense flights of locusts are constantly passing over us, and as for rain we have given up all expectation of any until Christmas. It is really melancholy to see the hundreds of naked and starving creatures lying about Cawnpore, the poor wretches, so contrary to what would otherwise be the case, greedily devouring the remains of our dinner. It is said the monarch of Oude is to meet Lord Auckland here.—*From a Correspondent of the Englishman.*

The Oude Army.

Col. Anquetil has been appointed to the chief command of the new troops which are to be raised in the state of Oude, and he proceeds thither immediately. These Oude troops will be officered entirely from the British Army, a circumstance equally favourable to that state and to our service. It will give the state of Oude a good and efficient army, in lieu of its present soldiers, who scarcely deserve the name. It will give a small increase of pay to a certain number of British Officers, and place at the disposal of Government, for general service, the regular Regiments of the line which are now stationed there.

Death of the King of Oude.

Native letters from Lucknow mention that the result of investigations conducted by the Resident and Hukeem Mehndi, into the circumstances of the late King's death is, that it was occasioned by poison; a female who administered the draught having confessed the deed. It is added that Soobhan Alee Khan, the peishcar of the former Vizier, is now in prison on suspicion, and that matters will so remain until the arrival of the Governor General.—*Cal. Cour.*

Indian Steamers.

We learn from the *Hurkaru* that two more Steamers are now in progress in England, destined for service in the Red Sea, and that they may be shortly expected in this country. On their arrival, we suppose the monthly communication between England and India

প্রতিকূল দক্ষিণাবাতাসের সময়ে যাইতে পারিবে না। হরকরাতে লেখে যে ঐ জাহাজ ভারতবর্ষের মধ্যে নির্ম্মাণ হইলে ভদুত্ত্ব হইত যেহেতুক সেগুন কাষ্ঠ ব্যতিরেকে অন্য কোন কাষ্ঠ এতদ্দেশীয় নিজাতীয় রৌদ্রের তাপে টেঁকিতে পারে না।

বেরেনসি জাহাজ।

বেরেনসি জাহাজের যে অঙ্গ ভঙ্গ হইয়াছিল তাহা এইক্ষণে মেরামতে এমত সাঙ্গ হইয়াছে যে তাহাতে বোধ হয় এই মাসের ৩০ তারিখে ঐ জাহাজ পুনর্ব্বার সমুদ্র পথে গমনার্থ প্রস্তুত হইতে পারে। অতএব এমত এস্তেলা দেওয়া গিয়াছে যে ঐ জাহাজ উক্ত তারিখে বোম্বাইহইতে প্রস্থিত হইবে এবং বর্ত্তমান মাসের ১৬ তারিখে কলিকাতা হইতে যে সকল পত্র প্রেরিত হয় তাহা ঐ জাহাজ খুলিবার পূর্ব্বে পঁহুছিতে পারে। যদ্যপি ঐ নিয়মিত তারিখে ঐ জাহাজ প্রস্তুত হইতে বিলম্ব হয় তবে এমত অপেক্ষা আছে যে আটালণ্টা জাহাজ ইহার মধ্যে ফিরে আসিয়া উক্ত সময়ে যাইতে পারিবে।

হিউলিণ্ডি জাহাজ।

হিউলিণ্ডি জাহাজ ২৩ অক্তোবর তারিখে বোম্বাই হইতে প্রস্থিত হইয়া সুয়েজে গমন করে। তাহাতে সর্ব্বসুদ্ধ ৩৯২৩ পত্র প্রেরিত হয় তন্মধ্যে কলিকাতা হইতে ১০৯৭ পত্র প্রেরণ হয়।

বারাণসীতে নূতন রাস্তা।

বারাণসীর নূতন রাস্তা প্রস্তুত হওন বিষয়ে নীচে লিখিতব্য প্রস্তাব হরকরা হইতে গ্রহণ করা গেল। দৃষ্ট হইতেছে যে ঐ রাস্তা দামোদর নদ ঘেঁসে যাইবে কিন্তু কোন স্থানে পার হইবে না এইক্ষণে বাঁকুড়া ও বর্দ্ধমান দিয়া বারাণসীর যে রাস্তা আছে তদপেক্ষা এই রাস্তা সোজা হইয়া ২২ ক্রোশ ন্যূন হইল। ইহার তিন বৎসর পূর্ব্বে যখন ডাক একেবারে শালিকাতে পঁহুছনের নিয়ম হইয়াছিল তখন বারাণসীর রাস্তা অধিক দীর্ঘ করা গিয়াছিল যেহেতুক তাহা বর্দ্ধমান ও চুঁচুড়া দিয়া যাওয়াতে ১০ ক্রোশ ফের কিন্তু এইক্ষণে নূতন রাস্তা বর্দ্ধমানহইতে কোন স্থানেই দামোদর পার না হইয়া ঐ নদ দক্ষিণে রাখিয়া একেবারে সোজা যাইবে। এবং পরশুনাথ পর্ব্বত ঘেঁসিয়া হাজারিবাগ হইতে দুই ক্রোশ অন্তরে নাথুয়া বাড়ীর পশ্চিম দিয়া চলিবে এবং নূতন রাস্তা অবধি হাজারিবাগ পর্য্যন্ত একটা শাখা রাস্তা হইবে। তৎপরে দুই বৎসরাবধি উচ্চ ভূমি দিয়া রাস্তা প্রস্তুতকারি যে সৈন্যেরা পর্ব্বতীয় নূতন ঘাট প্রস্তুত করিতেছে সেই ঘাট দিয়া একেবারে বেহারের মাঠে উঠিবে এই নূতন ঘাট ঊর্দ্ধ ৬০০ হাত মাত্র পুরাতন দঙ্গাইর ঘাটে উঠিতে অতি ক্লেশ হইত ঐ ঘাট ৮০০ হাতের ন্যূন নহে উচ্চ ছিল। পরে এই রাস্তা বেহারে পঁহুছিয়া সের ঘাটিতে পুরাতন রাস্তার সঙ্গে মিলে অতএব সের ঘাটিপর্য্যন্ত এই নূতন রাস্তা এতদ্রূপে ২১ ক্রোশ ন্যূন হইয়াছে এবং ঐ স্থানহইতে বারাণসীপর্য্যন্ত পুরাতন যে রাস্তা আছে তাহা মেরামত হইয়া অতিপাকা হইয়াছে এবং তাহাও সোজা করিয়া এক ক্রোশপর্য্যন্ত কমান গিয়াছে অতএব এই নূতন রাস্তাতে সর্ব্বসুদ্ধ ২২ ক্রোশের লাঘব হইয়াছে ইহাতে পূর্ব্বাপেক্ষা আট ঘণ্টা ন্যূনে ডাক চলিবে তাহাতে সময়ের অনেক লাভ হইল। এই রাস্তার মধ্যে এক নদীতে ভারতবর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা সুশোভিত লৌহময় দীর্ঘ সাঁকো প্রস্তুত করা গিয়াছে কিন্তু অন্যান্য নদীর উপরে সাঁকো কি ইট গাঁথা এপর্য্যন্ত আরম্ভ হয় নাই।

will be kept up with regularity, except during the monsoon. The *Hurkaru* suggests, that they ought to have been built in India, as no wood but teak will long stand the effect of an India sun.

The Berenice.

Such progress has been made in repairing the shaft of the *Berenice*, that there is little doubt of her being ready for sea on the 30th of this month. Notice has, therefore, been given that she will start on that day from Bombay, and that letters sent from Calcutta by the 16th of this month are likely to be in time. Should the *Berenice* not be ready on the appointed day, it is confidently expected that the *Atalanta* will return in time to be dispatched in her stead.

The Hugh Lindsay.

The number of letters sent by the *Hugh Lindsay*, which left Bombay on the 23d of October, was 3,923, of which 1097 only were from Calcutta.

New Road to Benares.

The following account of the new road to Benares, we extract from the *Hurkaru*. It will be perceived that the road passes close by the Damoodur without ever crossing it. It will save 44 miles between the present route by Bancoorah and Burdwan, which was lengthened when three years since the dawk came a direct line through Sulkea; this caused a detour by Burdwan and Chinsurah of 20 miles; now, however, it continues through Burdwan, and thence direct, keeping the Damoodur on the south, and never crosses it at all, and passes close under the Parsonauth mountain, and to the west of Nutwabarry about four miles, and 24 miles from Hazareebaugh, to which station a new branch road has been completed; it continues over the high land, and descends into the Behar plains by a beautiful new Ghaut, constructed by the Sappers and Miners who have been nearly two years employed on it. This Ghaut will be only 600 feet elevation, whilst the old and tedious ascent at Dungy Ghaut was nearly 1,100 feet. Descending the plain, it unites with the old road at Shergotty, making a saving to that plan of 42 miles, and thence to Benares the road has been new constructed and strengthened—saving two miles—making, as the Sergeant said, 44 miles in the whole run, being equal to eight hours time in the running of the dawk—a great saving of time. There is by far the most magnificent and extensive iron bridge in India on the line, but the other bridges remain to be furnished, as well as the stoning of the road.

সিঙ্গাপুরের আদালত।

যে চার্টর অর্থাৎ রাজকীয় পরওয়ানার দ্বারা সিঙ্গাপুরপ্রভৃতির মোহানায় রাজকীয় আদালতকে সমুদ্রোপরি কৃত অপরাধের বিচারকরণ ক্ষমতা অর্পণ করা গিয়াছে ঐ পরওয়ানা উক্ত স্থানে পঁহুছিয়া সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ হইয়াছে। কিন্তু তত্রস্থ সম্বাদপত্রে এই অভিযোগ লেখে যে ইহার পূর্ব্বে ঐ স্থানে বোম্বেটিয়ারদিগকে গ্রেপ্তারকরণার্থ জাহাজ ছিল তাহারদের বিচার হওনের কোন উপায় ছিল না এইক্ষণে বিচার হওনের আদালত আছে কিন্তু তাহারদের ধরণার্থ কোন জাহাজ নাই যে দায়ানাক বাষ্পীয় জাহাজ ঐ মোহানার কার্য্যার্থ প্রেরিত হইয়াছিল তাহা এইক্ষণে মৌলমীনে যাইতে হুকুম হইয়াছে।

দারুণ খুন।

গত পূর্ব্ব রবিবার প্রত্যূষে দিল্লীর ছাউনিতে একটা অতি নিদারুণ হত্যা হয় বিশেষতঃ এক জন মেহতর এক মেহতরাণীকে ছুরী বা তলওয়ারের আঘাতে খুন করে। পরে ঐ মহাপাপিষ্ঠ হন্তা আপনার গলা কাটিল স্ত্রীটা তৎক্ষণাৎ মরিল। ঐ হন্তা ঐ রাত্রে ২৯ রেজিমেণ্টের হাঁসপাতালে নীত হইল কিন্তু সেই রাত্রেই মারা পড়িয়াছে।

রাজা প্রতাপচন্দ্র।

শ্রীযুত উলিয়ম বেনেট সাহেব শ্রীযুত রাজা প্রতাপচন্দ্রের স্থানে ৪২৬।৵৮ পাওনা দাবিতে ছোট আদালতে নালিস করেন।

ফরিয়াদী পারস্যে লিখিত এক বন্দোবস্তি পত্র আদালতে দাখিল করিয়া কহেন যে ইহাতে আসামীর দস্তখৎ আছে। তাহাতে লেখে যে ১২ আগস্ট তারিখ অবধি লোক ও কাগজ পত্র প্রস্তুতকরণার্থ তোমাকে মোক্তারী কর্ম্মে ১৫০ টাকা বেতনে নিযুক্ত করিলাম এবং শীঘ্র যথার্থ বিচারে আমার রাজ্য প্রাপণ সম্ভাবনা আছে তাহা হইলে আপনি ৩০০ টাকা করিয়া মাহিয়ানা পাইবা। এই বন্দোবস্তক্রমে ফরিয়াদী ১৩ মাস অর্থাৎ ১৮৩৭ সালের আগস্ট মাসপর্য্যন্ত ঐ কর্ম্মে পরিশ্রম করেন। ঐ মাসে তাঁহার চাকরী বন্দ হয়। ইহার পূর্ব্বে একবার শ্রীযুত বাবু রাজকিশোর দেওয়ানের স্থানে ৫০০ টাকা এবং শ্রীযুত ডাক্তর জকসন সাহেবের স্থানে ১৫০ এবং আসামীর স্থানে আরো কতক খুচরা সর্ব্বসুদ্ধ ৬৭৯ টাকা পান এই টাকা দাবিহইতে বাদ দিলে ১২০৭।০ টাকা পাওনা থাকে। কিন্তু উক্ত আদালতে নালিসের যোগ্য হওনার্থ তিনি কমাইয়া ৪২৬।৵৮ টাকার দাবিতে নালিস করেন। তৎপরে কতক দলিল দস্তাবেজ দাখিল এবং তিন চারি জন সাক্ষী উপস্থিত করিয়া কহিলেন যে ইহাতেই আমার প্রমাণ হইবে।

আসামীর পক্ষে শ্রীযুত গ্রেহেম সাহেব কহিলেন যে ফরিয়াদী কখন রাজার চাকরীতে ছিলেন না। চার্লস রিড সাহেব যখন রাজার মোক্তার ছিলেন তখন তিনি তাঁহাকে আপন কর্ম্মে নিযুক্ত করেন। গ্রেহেম সাহেব স্বীকার করিলেন যে ফরিয়াদী রাজার সঙ্গে মৈত্রভাবে কখন২ ক্ষুদ্র২ কোন কর্ম্ম করিতেন তন্নিমিত্ত রাজা তাঁহাকে পারিতোষিক স্বরূপ কিছু২ দিতেন কিন্তু তাঁহার [illegible] যে কোন বন্দোবস্ত হইয়াছিল কি [illegible] তাঁহার কোন

Admiralty Jurisdiction in the Straits.

The Charter conferring Admiralty Jurisdiction on the Recorder's Court in the Straits, has arrived there and is promulgated for general information. But the papers complain, that whereas formerly vessels captured Pirates, without any means of trying them, now they have a Court without the means of capturing Pirates. The *Diana* Steamer which was destined for service in the Straits, has been ordered out to Moulmein.

A Murder.

A murder attended with shocking circumstances was perpetrated in the Military Cantonment of Delhi, on Sunday morning last. A Mehtur killed a woman of the same cast, by inflicting a mortal wound with a knife or sword; the wretched murderer concluded by cutting his own throat: the woman died instantly; her assailant was immediately removed to the Hospital of the 38th Regiment, N. I. where he expired in the course of the night.—*Daily News.*

Raja Pertab Chunder.

W. Bennett sued Rajah Pertab Chund Bahadoor, the *pseudo* Rajah of Burdwan, for Co's Rs. 426-10-8 for wages due to him.

Plaintiff stated that the defendant, by a written Persian agreement which he filed in Court, and which he said was signed by the defendant, had consented on the 12th of August, 1836, to engage him as his Mooktar in procuring men and documents for him at the rate of 150 Co's Rs. per month, and which sum was to be increased to 300 Co.'s Rs. a month when his Highness would obtain justice and be elevated on his Guddee, an event the accomplishment of which he speedily anticipated. Plaintiff served defendant on this engagement for 13 months; viz. to the end of August, 1837, when his services ceased. At this time there were due to him 1207 Rs. 4 annas, after deducting the 500 Co.'s Rs. paid to him by Baboo Rajkissore Dewan, and 150 Co.'s Rs. paid to him by Dr. Jackson, and several other trifling payments by the defendant's orders, amounting in total to 679 Rs. He had, however, reduced the amount of his claim from 1207-4 to 426-10-8 to bring it within the Jurisdiction of this Court. He then filed several documents which he stated would prove his case, and called 3 or 4 witnesses.

Mr. R. Graham, on behalf of the Rajah, denied that the Plaintiff was ever a servant of the Rajah. He said that he had been engaged by Mr. C. Reed, as his assistant, whilst Mr. Reed was acting as the Rajah's Mooktar. He admitted that the Rajah occasionally gave plaintiff small presents for trifling jobs done by him for the Rajah as his friend,

পাওনা আছে তাহা একেবারে অপহ্নব করিলেন।

শ্রীযুত ডবলিউ এচ টিড সাহেব এই জোবানবন্দী দেন যে আমি আসামীকে লিখিতে দেখিয়াছি এবং তাঁহার সহী জানি কিন্তু এই বন্দোবস্ত তাঁহার সঙ্গে হইয়াছে কি না তাহা কহিতে পারি না যে হেতুক রাজাকে সহী করিতে দেখি নাই। ফরিয়াদীকে রাজার বাটীতে দেখিয়াছি কিন্তু কি কর্ম্মে নিযুক্ত বা কি বেতন পান তাহা জানি না রাজার মোহর নাই সহী করিয়া থাকেন বটে।

আলমেডা সাহেব কহিলেন যে আমি রাজার কর্ম্মে মাসিক ৫০ টাকা বেতনে নিযুক্ত ছিলাম। ফরিয়াদীকে রাজ বাটীতে দেখিয়াছি কিন্তু তিনি কর্ম্মকারক বলিয়া মাসে২ বেতন পাইতেন কি মৈত্রতা রূপে কোন কর্ম্ম করিয়া কিছু পারিতোষিক পাইতেন তাহা বলিতে পারি না আমি পারস্য ভাষা জানি না।

সদর দেওয়ানীর নিজামত আদালতের এক জন মুহুরির রামলোচন ঘোষ সাক্ষ্য দিলেন যে আমি ফরিয়াদী ও আসামী উভয়কেই জানি ফরিয়াদীকে রাজার কর্ম্ম করিতে দেখিয়াছি কিন্তু কি বেতন পান তাহা বলিতে পারি না। আমি পারস্য ভাষা জানি আসামীকে লিখিতে দেখিয়া এবং তাঁহার দস্তখতও জানি যে পারস্য লিখিত বন্দোবস্তি পত্র ফরিয়াদী দাখিল করিয়াছেন তাহাতে আসামীর দস্তখৎ আছে এমত বোধ হয় কিন্তু নিশ্চয় কহিতে পারি না কারণ দস্তখৎ করিতে দেখি নাই।

তাহাতে শ্রীযুত কমিস্যনর সাহেব কহিলেন যে ফরিয়াদীর মোকদ্দমা ঐ বন্দোবস্তের উপরেই আছে অতএব ঐ দস্তখৎ যে নিতান্তই আসামীর এমত স্পষ্ট প্রমাণ চাহি। ইহা নিশ্চয় হওন পর্য্যন্ত মোকদ্দমা মুলতবী থাকিল। শ্রীযুক্ত আরো কহিলেন যে আমার অত্যাশ্চর্য্য বোধ হইতেছে যে নানাস্থান হইতে রাজা টাকা কর্জ্জ করিতেছেন অতএব কি রূপে উনি য়ম বেনেট সাহেবকে তিনি ৭০০ টাকা উপঢৌকন স্বরূপ দেন। বেনেট সাহেব আসামীর মিত্র নহেন কুটুম্বও নহেন এবং তাহার কার্য্যও প্রায় কিছুই করেন নাই অতএব এইক্ষণে মোকদ্দমা মুলতবী রহিল।

চতুর্থ উলিয়ম রাজার মোসাহেব শ্রীযুক্ত জেনরল সর হরবর্ট টেলর সাহেব যে পত্র শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুরের নিকটে লেখেন তাহাতে উইণ্ডর কাষ্টল এই যে কথা আছে তাহার পরিবর্ত্তে কলিকাতা এই পদ পাঠ কর।

পত্রপ্রেরকেরদের প্রতি।

শ্রীবীরেশ্বর শর্ম্মণ ইতিস্বাক্ষরিত কাশীপুর গ্রামস্থ ঘাটবিষয়ক অতিদীর্ঘ পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা প্রকাশে আর কোন ফল দৃষ্ট হয় না সে যথার্থ বিষয়ের ফল প্রকাশই হইয়াছে।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

এতদ্দেশীয় সমাচার।

আমরা অত্যন্ত খেদপূর্ব্বক কহিতেছি যে শ্রীযুত ত্রিবিলিয়ন সাহেব পীড়ার নিমিত্ত এই স্থানহইতে যাওনের মনস্থ করিয়াছেন শ্রীযুক্ত ডনবের সাহেব ভাগলপুরের সেসন জজ যিনি এইক্ষণে পীড়িত হইয়া কলিকাতায় আসিয়াছেন তিনি রেবিনিউ বোর্ডের সেক্রেটরী কর্ম্ম চালাইবেন ইহা গেজেটে প্রকাশ হইয়াছে আমরা বোধ করি যে শ্রীযুক্ত ত্রিবিলয়ন সাহেবকে ও তাঁহার শ্যালা শ্রীযুক্ত আনরবল টি বি মেকোলি সাহেবকে এই বৎসর বিদায় দেওনার্থ কৌন্সেলে বিবেচনা হইতেছে বোধ করি লার্ড হঙ্গরফোর্ড জাহাজে কাপ্তান ফারকোআরসন সাহেবের দ্বারা যাইবেন।—ঐ।

but he denied the agreement or any debt due by the Rajah to the plantiff in toto.

W. H. Tydd, deposed, that he has seen the defendant write and knows his signature; is partially acquainted with the Persian language, but cannot say whether the agreement is signed by the Rajah, because he did not see him sign it. Has seen the plaintiff at the Rajah's, but cannot say in what capacity or on what salary he was employed: the Rajah has no signet, but writes his name with his hand.

L. Almeida deposed, that he was in the Rajah's employ at 50 Rs. a month: has seen the plaintiff there, but whether he was paid monthly as a servant, or did jobs as a friend and got presents, he cannot say. Does not know the Persian language.

Ram Lochun Ghose, a writer in the Sudder Dewanny and Nizamut Adawlut deposed, that he is acquainted with the parties to the suit. Has seen the plaintiff in the Rajah's employ, but what was to be his remmuneration deponent does not know. Deponent knows the Persian language, and has seen the defendant write, and knows the defendant's signature. Believes the signature to the Persian agreement, filed by the plaintiff, to be the defendant's signature; but he cannot swear positively that it is his, because he had not seen him sign it.

The Commissioner said, that as the plaintiff's case rested solely on the agreement, he must have positive proofs of the signature attached to it being the dependant's signature, and postponed the case for that purpose, remarking that he considered it very strange that the defendant, who was borrowing money in all directions, could afford to give nearly 700 Rs. away in presents to Mr. Bennett, for doing little or nothing as the deponent's stated; for Mr. Bennett was neither a friend or relation of the defendant it appears. Case postponed one week.—*Hurkaru, Nov. 7.*

Erratum.

Read at the conclusion of the letter from General Sir H. Taylor, K.G., A.D.C. to His Majesty King William the IVth. to Maha-Raja Kali-Krishna Bahadoor, C. M. R. A. S, the words "*Windsor Castle,*" instead of "*Calcutta.*"

To Correspondents.

We have received a long letter, signed *Beereshur Surmu*, relative to the Ghaut at Cossipore, but as the business is settled, there appears to be no use in publishing the letter.

Spirit of the Native Papers.

Local Intelligence.

We are sorry to observe that Mr. Trevelyan has been obliged to take leave of absence on sick certificate. Mr. Dunbar, Session Judge of Bhangulpore, and now in Calcutta on sick certificate, is in consequence gazetted to officiate as Secretary to the Sudder Board of Revenue. It is understood that Mr. Trevelyan will take his furlough this year, and we believe cabins are already engaged for himself and his brother-in law the Honourable T. B. Macaulay, Esq. in the ship *Lord Hungerford*, Capt. Farquharson.

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

চব্বিশ পরগনার মাজিষ্ট্রেটের সরহদ্দের মধ্যে খড়দহ গ্রামে হিন্দুরদিগের রাসযাত্রার সময়ে প্রতিবৎসর যে অন্যায় কর্ম্মসকল হয় তদ্বিষয়ক মল্লিখিত কএক পংক্তি আপনকার পত্রে প্রকাশ করিলে বাধিত হইব।

বিষ্ণুমতাবলম্বি যাঁহারা তাঁহারা এই রাস যাত্রাকে অতিশয় মানেন এবং যাঁহারা এই রাস নিজ গৃহে করিতে অক্ষম হন তাঁহারা যে স্থানে প্রসিদ্ধ বিগ্রহ আছেন শহরহইতে সেই স্থলে রাস দর্শন করিতে যান। খড়দহ শ্যামসুন্দর বিগ্রহের অতিপ্রসিদ্ধ স্থান তজ্জন্য কলিকাতাস্থ মান্য ব্যক্তিরা এবং অন্যান্য দেশীয় ইতর লোকেরা অনেকেই এই বিগ্রহের রাসলীলা দর্শনার্থ এই স্থানে গিয়া থাকেন এবং দোকানদারেরা এই সময় লাভকরণার্থ নানাবিধ তামসিক দ্রব্যাদি লইয়া যান যে কএক দিবস রাস হয় সেই কএক দিন এই স্থলে অনেক আহ্লাদ আমোদের বিষয় দৃষ্ট হয় গোস্বামীদের আমলারা যাহারদিগের এই গ্রাম রক্ষাকরণার্থ ভার আছে ও এই স্থানের জমীদার এবং এই বিগ্রহের সেবা করিয়া থাকেন যে সকল গোস্বামী ইঁহারা সকলে ফড় খেলায় অনেক টাকা পান তজ্জন্য প্রসিদ্ধ জুয়ারিরদিগের খেলার নিমিত্ত এক স্থান স্থির করিয়া রাখিয়াছেন অতএব এই কুকর্ম্মকারিরা মহোৎসবের কএক দিবস ক্রমাগত জুয়াখেলা করিয়া থাকেন কিন্তু যে সকল লোকের ঐ খেলায় এলাকা আছে তাহারদিগের নাম দিয়া আমি লজ্জা সরম ও আইনবিরুদ্ধের নিমিত্ত স্বীয় যথার্থ নাম স্বাক্ষরিত করিয়া প্রকাশ করিতে পারিলাম না।

পূর্ব্বোক্ত স্থানের নিকট পানিহাটীনামক এক ক্ষুদ্র গ্রামে শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায়চৌধুরীর রাসবাটীতে এতদ্রূপ তামসিক ক্রীড়া মহোৎসবের দিবসে হইয়া থাকে।

এই সকল বিষয় সর্ব্বসাধারণকে জ্ঞাত করিবার আমার তাৎপর্য্য এই যে বিচারপতিরা এই সকল কুকর্ম্ম নিরীক্ষণ করিয়া যাহাতে রহিত হয় এমত চেষ্টা পান। সম্পাদক মহাশয় আপনি এই বিষয়ের উপর কিঞ্চিৎ লিখিলে আরো ভাল হইতে পারে।

গ্রামবাসিনঃ।

চিৎপুরের রাস্তার কোন স্থানে
২ নম্বর ১৮৩৭ সাল।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

আপনকার দর্পণের দ্বারা দেশীয় অনেক স্থানের উপকার হইতেছে বিশেষতঃ এতদ্দেশীয় লোকের অজ্ঞানতা দূর হইতেছে কিন্তু এই অঞ্চলে কোন ধনি জমিদার বা দয়ালু খ্রীষ্টীয়ান না থাকাতে এতদ্দেশীয় দরিদ্র বালকেরদের বিদ্যা বিষয় একেবারে লোপ পাইতেছে এবং তাঁহারদের অভাবে এই অতি দেদীপ্যমান সময়েও বালকেরা অজ্ঞানান্ধকারে আচ্ছন্ন থাকিল। এই অঞ্চলে কলিকাতাস্থ কয়েক জন বৃহৎ ধনি কুঠীপতির খ্রীষ্টীয়ান আ

To the Editor of the Gyananneshun.

SIR,—Will you kindly insert in the column of the *Gyananneshun*, the following particulars of some unlawful practices, that yearly prevail in the Mofussil, particularly at Khardah, under the jurisdiction of the Twenty-four Pergunnahs' Magistracy at the Hindoo Festival Ross-jattra?

The festival of Ross-jattra is generally observed among the Hindoo orthodoxes of Vishnu persuasion, and those who do not and cannot keep it in their own houses often go out of the town, and visit those places where it is held of renowned idols, and with many zig-zag churs. Khardah is a consecrated place of the idol Shamshoondur, on which account many respectable lieges of Calcutta, and a great number of Calcutta and country plebeians assemble together to visit the idol of that place at the different festivals, particularly at the festival of Ross-jattra. Many shopkeepers do not omit the opportunity to repair there for profit; many novel shows and toys are sold on the occasion. In fact, the place presents on those days, a scene of novelty and recreation. The myrmidons, under whose care the village stands, the Zemindar, who enriches himself by its ruin, and the Gosains, who perform the ministerial offices of the idol, have devised a method to acquire the wealth by gambling, known under the denomination of Phur. For this purpose they have devoted a place to the accommodation of persons notorious for all sorts of gaming. They, in conjunction with those who are addicted to such vices, set up a continual gaming which is thus kept up every year during the whole time of the festival. Decency and self-preservation prevent my publishing the names of the parties who are concerned in this affair, as well as my attesting the facts contained in this communication by "my hand and seal" as the law phrase is.

Penhatty, a small village near the place mentioned, has also caught the infection. The same fun is carried on there as at Khardah during the days of the festival at Baboo Prankissen Roy Chowdhery's

My object for bringing this into public notice, is to make known to the proper authorities who will, no doubt, watch the opportunity of detecting these malpractices, and put an end to them. I hope, Mr. Editor, that it may not pass unremarked in your editorials; for it requires a hand more efficient than mine.

A Villager.

Somewhere near Chitpore Road,
2d November, 1837.

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—Through the influence of your valuable *Durpun*, many parts of the country are greatly improved, especially the ignorant state of the native minds, but to this part (having no opulent Zemindars and Christain philanthropists) the instruction for the indigent native youths, entirely overlooked, and in want of which the youths of this, at this enlightened age, appear to have become victims to inevitable ignorance; there are but a few Christian assistants at or about this, belonging to large and wealthy firms in Calcutta (some

ষ্টিটাণ্ট আছেন এবং তাঁহারা বিদ্যা দান বদান্যতা বিষয়ে অতি প্রসিদ্ধও বটেন কিন্তু তাঁহারদের নিজ কার্য্যের কিছু ব্যাঘাত হওয়াতে এই মহাব্যাপারের নিমিত্ত মনোযোগ করিতে পারেন না। এই স্থানস্থ সাধারণ এক পাঠশালার অধ্যক্ষ শ্রীযুত স্মিথ সাহেব তাঁহার এক জন মিত্রের সঙ্গে আসিয়া দেখিলেন যে এই স্থানে প্রায় ২০০ বালক অবিদ্যাতে উন্মত্ত হইতেছে এবং ইহার দশ ক্রোশ পর্য্যন্ত ইউরোপীয় বিদ্যা শিক্ষার্থ সরকারী বা কোন সাধারণ বিদ্যালয় নাই অতএব ঐ সাহেব ইহা সর্ব্বসাধারণকে জ্ঞাপন করিয়া তদ্বিষয়ে যথাসাধ্য উদ্যোগ করিয়াছিলেন কিন্তু বিফল হইল তথাপি তিনি নিত্য সাহায্যক রূপে প্রস্তুত আছেন। সম্পাদক মহাশয় আমার ইহা লিখনের অভিপ্রায় এই যে এই স্থানীয় অতি সদ্বংশজাত দরিদ্র এক বালককে এক জন ইউরোপীয় সাহেব কহিলেন যে মাসে ৩০ টাকা পাইলে আমি তোমারদিগকে বিদ্যা শিক্ষাইতে পারি তাহাতে চাঁদার দ্বারা মাসে ১৬ টাকা পর্য্যন্ত পাওয়া গেল অবশিষ্ট টাকার অভাবে এবং তদর্থ এক খান বাঙ্গালা ঘর প্রস্তুত করণোপযুক্ত ৬০ টাকার অভাবে এই মহাকল্প বিকল্পাবস্থায় রহিয়াছে অতএব হে সম্পাদক মহাশয় আপনি এবং অন্যান্য সম্পাদক মহাশয়েরা এই অভাগারদের প্রতি কিঞ্চিৎ কৃপা প্রকাশ করিয়া স্বং সম্বাদ পত্রে তাহারদের দুঃখ এবং বিদ্যা প্রাপণাকাঙ্ক্ষা জ্ঞাপন করেন তবে হইতে পারে যে এই পরম হিত কার্য্যে এতদ্দেশীয় কোন হিতৈষি বাবু বা সাহেব লোকেরদের দৃষ্টি পড়িতে পারে তাহা হইলে এই অজ্ঞান বালকেরা জ্ঞান পাইতে পারে এবং তাহাতে আমারদেরও অভিলাষ পূর্ণ হয়। আমি ইঙ্গরেজী ভাষাতে তাদৃশ পারগ নহি অতএব অনুগ্রহপূর্ব্বক ইহা সংশোধনপূর্ব্বক মুদ্রিত করিবেন।

কস্যচিৎ দুঃখিবালকহিতৈষিণঃ।

আমতা ১৯ অক্টোবর ১৮৩৭।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদনমিদং। যে এক বিষয় যথার্থাবগত হইয়া লিখিয়া পাঠাইতেছি অনুগ্রহপূর্ব্বক দর্পণে স্থানদানে হাকিমের কর্ণগোচর হইলে প্রজাগণের মঙ্গল। চব্বিশ পরগনার চেতলার হাট পূর্ব্বে সরকারের খাস পতিত ছিল। সন ১২৩৬ সালে শ্রীযুক্ত কালেক্টর সাহেবের তরফ কানুনগো ঐ হাটমজকুরের জমিজমা জমাবন্দ করিয়া প্রজা বিলি করেন কিন্তু ঐ হাটের মধ্যে যে সরকারী রাস্তা তাহা সরকারের ধর্ম্মার্থ খাস পতিত থাকে। ঐ রাস্তার দুই পার্শ্বে এবং ঐ রাস্তার উপর বেবাগত করিয়া সকল দুঃখি প্রজাগণ আপনং দ্রব্য সামগ্রী বিক্রয় করিয়া দিনপাত করে। ঐ রাস্তা হওয়াপর্য্যন্ত তাহাতে কখন কেহ খাজনা তোলা ইত্যাদি লয় নাই কিন্তু বেলতলা সাকিমের শ্রীপীতাম্বর সাধুখাঁ নামক এক জন যুগি ঐ হাটের জমা ৮৭ টাকা সালিয়ানা সরকারে মালগুজারী কানুনগোর বন্দোবস্তমতে নির্দ্ধার্য্য করিয়া ঐ হাটের জমির প্রজাগণের স্থানে ১৫০ টাকা স্থির করিয়া তাহাতেও তৃপ্ত না হইয়া স্বাভাবিক দুষ্টক্রিয়ানুসারে ঐ হাটের সরকারী পতিত রাস্তা যাহার সহিত ঐ নির্দ্ধারিত সালিয়ানা মালগুজারীর কোন সংস্রব নাই তাহাতে যে সকল দুঃখি প্রজাগণ পূর্ব্বোক্তমত দ্রব্য বিক্রয় করিয়া থাকে তাহারদিগের নিকট হইতে সরকারী মালগুজারী দারোগার পার্ব্বণি খাজনা তোলা ইত্যাদি অত্যাচারের দ্বারা ঐ সাধুখাঁ সালিয়ানা প্রায় ৩০০ টাকা করিয়া লওয়াতে এপর্য্যন্ত ২৫০০ টাকা আদায় করিয়া লইয়াছে তাহার কিছুই সরকারে দাখিল করে নাই। ঐ রাস্তার প্রজাগণেরা যাহা ঐ সাধুখাঁকে দেয় তাহা সরকারের মালগুজারী জানিয়া নালিশী হয় নাই। বর্ত্তমান সনের বৈশাখ মাহাতে সদর বোর্ডের আদেশমতে শ্রীযুত স্নেল সাহেব ঐ হাটের বিষয় অনুসন্ধান করাতে নবকিশোর সাধুখাঁ নামক এক জন সরকারের গোয়েন্দা সরকারের অপকার জানিয়া গত ২২ জ্যৈষ্ঠ তারিখে মোতাবেক আবেদা শ্রীযুক্ত সাহেবের সমীপে এক কেতা দরখাস্ত দাখিল করাতে ঐ দরখাস্ত দোএম কানুনের তজবীজে সোপর্দ্দ করিয়া ২৩ নম্বরে এক কেতা দফিনার পরওয়ানা জাহের করেন ঐ হুকুম মাফিক ঐ রাস্তার প্রজা ১৫ জন ঐ সাহেবের হুজুরে দাখিলকরাতে তাহার মধ্যে ৬ জন প্রজার জোবানবন্দী বাহলফে হওয়াতে গোয়েন্দা মজকুরের দরখাস্ত সপ্রমাণ হয় কিন্তু শ্রীপীতাম্বর সাধুখাঁ ধনী এবং চাতুরীর মানুষ এ কারণ আমলাগণের যোগদ্বারা ঐ মোকদ্দমার কোন হুকুম না হওয়াতে ঐ গোয়েন্দা মজকুর পুনরায় ৭ শ্রাবণ তারিখে ঐ মোকদ্দমা ফয়সলাকারণ এক কেতা দরখাস্ত করাতে তাহাও নথির শামিল রাখিয়া মোকদ্দমা এপর্য্যন্ত মুলতবী আছে। অতএব প্রার্থনা সরকারের লাভজন্য এবং প্রজার দুঃখ হরণকারণ যে বিষয় উপস্থিত এ বিষয়ে শ্রীযুক্ত কালেক্টর সাহেব বিশেষ মনোযোগী হউন। এবং এ বিষয়ে অনুসন্ধান করিলে শ্রীপীতাম্বর সাধুখাঁর অসাধুত্ব প্রকাশ পাইয়া প্রজাপ্রতি যে অত্যাচার করিতেছে তাহা স্পষ্ট দৃষ্ট হইবেক।

কস্যচিৎ চব্বিশ পরগনার কালেক্টরী কাছারির মোক্তারস্য।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

১ দফা। নিবেদন আমরা জিলা হুগলির পাণ্ডুয়া পরগনার অন্তঃপাতি গ্রামে বাস করিতেছি। আমারদের পুরুষানুক্রমে ইঙ্গলণ্ডীয় বিদ্যার্থক আপন জাতীয় বিদ্যা সম্যক্রূপে পারগ নাহি। মানস আপনং সন্তানগণকে বর্ত্তমান কালীন যে বিবিধ বিদ্যায় বালক সকল পারগ হইতেছে তাদৃশ করি কিন্তু অর্থাভাবে অক্ষম আছি ইতি।

২ দফা। এমত জনশ্রুতি হইতেছে যে ইঙ্গলণ্ডীয় বাহাদুর এতদ্দেশীয় ছাত্রগণকে নানাবিধ বিদ্যায় পারগ করিতে মানস করিয়া স্থানেং বিদ্যালয় স্থাপন করিয়া বিদ্যা দান করিতেছেন। আমারদিগের নিকট কোন এমত বিদ্যালয় স্থাপন নাই যে বাটীতে থাকিয়া আহারাদি করিয়া বিদ্যাভ্যাস করে। অন্য স্থানে যে বিদ্যালয় আছে তাহাতে প্রেরণ করিতে নগদ মুদ্রা বাসার ব্যয়করণে অশক্ত কিমধিকং নিবেদনমিতি।

৩ দফা। অত্যন্ত দুঃখসাগরে মগ্ন হইয়া মহাশয়কে নিবেদন বিদিত করিতেছি যে যদি কোন ধর্ম্মশীল ইঙ্গলণ্ডদেশীয় ব্যক্তি অথবা স্বদেশী বাঙ্গালি রাজা বাহাদুরেরা অনেক দান বদান্যতা করিয়া উপাধি গ্রহণ করিয়াছেন যদি অনুগ্রহ করিয়া এই মূর্খ স্থান পবিত্র করিয়া বালকবর্গের বিদ্যা দান করিয়া বালক সকলের পুনর্জন্ম করান। এই হেতুক প্রার্থনা করি যে হুগলির বানারস রোড মধ্যে বৈঁচির হালদার নামে পুষ্করিণীর উপরিভাগে এক বিদ্যালয় স্থাপন করিয়া আমারদিগের সন্তানগণকে বিদ্যা দান করিয়া কোন ধর্ম্মশীল ধন্যবাদ লউন।

৪ দফা। উপরুক্ত স্থানে বিদ্যালয় স্থাপন করিলে আমরা নীচের লিখিতব্য কএক গ্রামনিবাসি কায়স্থ ব্রাহ্মণ ও অন্যান্য জাতীয় সকলে যাবজ্জীবন প্রফুল্ল চিত্তে ৺ সমীপে তাঁহার কুশল ইচ্ছা করি। হরকরাসম্পাদক ও অন্যান্য সম্পাদক মহাশয়েরা অনুগ্রহপূর্ব্বক স্বং পত্রে এই পত্রের স্থান দান করিলে চিরবাধিত হইব ইতি তারিখ ১৩ কার্ত্তিক।

বৈঁচি ও হাথনি ও তালবোনা পোটবা উত্তর খণ্ড শিল্যাগড়ে চাঁপাটী বেড়েলা গ্রাম মধ্যনিবাসক দীনজনগণের নিবেদন।

---

of the members of which are well known for their taking active part in this benevolent object, but they having been involved in their private affairs, do not seem to take any notice of it.) Mr. Smith, the Governor of a private school, on a visit to his relatives at this, observing about 200 boys grown up uninstructed, and no private or public schools within 20 miles for the instruction of European science, promised to do his best, by proposition to the public, but ineffectual; however, he is at all times prepared to afford some assistance, if required. Mr. Editor, the object of my writing this, is that some boys, though poor but of respectable birth, having an offer from a European to teach them English at 30 Rs. per month, made by subscription 16 ½ Rs., but in want of the remainder monthly, and expence for building a Bungalow for a school, say about 60 Rs: this noble project is going to drop down; therefore, Mr. Editor, if you and your brother Editors take pity upon these unfortunate boys by circulating in all papers their sufferings and eagerness for acquiring knowledge, it would probably attract the notice of the benevolent Baboos and Gentlemen, and thereby relieve these youths from their growing savage life by affording assistance to this desired effect. Having no sufficient command over this language, beg of you to rectify the mistakes with your remarks.

I am,
Your most obedient servant,
One for the poor youths.

Omptah, Oct. 29th, 1837.

We prefer giving this letter verbatim. The artless simplicity of the original will tell more in its favour than as though it was in the most polished English.—*Ed.*

To the Editor of the Durpun.

Receive my salutations. If you will kindly publish in the *Durpun* the following statements, which from my own knowledge I can aver to be true, and bring the matter before our rulers, you will confer an obligation upon the people. The market of Cuttlah in the 24-Pergunnahs was formerly public property. In the year 1236, the Canoongoe, by order of the Collector, parcelled out the ground of this market among the ryuts; but left a large public road open, upon which no rent was levied. Upon this road and either side of it, the people were accustomed to move about and to bring their articles for sale, and thus to obtain a livelihood. From the time the road was made, no one had ever levied any dues whatever upon it. But Pitambir Sadhoo khan, a Joogee at Beltulla, having farmed the lands of the market from the Canoongoe, for 87 Rs. a year, exacted a rent of 150 Rs. from the people; but not satisfied with this, moved by cupidity, he proceeded to levy various exactions under various pretences from the poor people, who brought their little articles and sat down on the road to sell them, whereas no rent of the road was ever included in his engagement. By his nefarious practises he has collected three hundred Rupees a year, and to this period has amassed 2,500 Rs. not one farthing of which has he ever paid to Government. The people from whom those exactions are made, consider that the money goes to Government, and, therefore, make no remonstrance. In the month of Bysack of the present year, Mr. Snell proceeded to make enquiry about this market, by order of the Revenue Board, and Nobokissore Sadhoo-khan, a public spy, knowing that Government had been wronged in this matter, presented a petition to Mr. Snell, on the 22d Joisth, which was taken up under regulation II, and subpœnas were issued on the 22d of November. According to orders 15 people were summoned, six of whom were examined upon oath, by whose depositions the statement of the spy was substantiated; but Pitamber Sadhoo khan is rich and artful and was joined in his plans by the Amlahs, by which means no orders were issued. Upon this the spy on the 7th of Shrabon presented another petition on the subject, which was placed on the file, and there the matter rests. We pray, therefore, that the Collector will interest himself in the business, and relieve the people, and do justice to Government. If a true inquest be made, the misconduct of Pitamber Sadhoo khan and his oppression of the people will be at once made known.

A Mooktear of the Collector's Cutchery.

To the Editor of the Durpun.

We are residents in the District of Hooghly, in the village of Panroosh; for many generations we have had no opportunity of acquiring any knowledge either of English or of our own books, but we are very anxious that our children should participate in the knowledge which is now imparted to so many children in this country; but we are poor.

2dly. We hear that the English of the town determined to instruct the children of this country, and having established schools in various places are imparting knowledge. There is no school established near us which would enable us to send our children there, while we continue to support them at home; to send them to other places for education, would subject us to expenses for their support which we cannot bear.

3d. In great distress do we, therefore, make this request, that some benevolent Englishman, or some rich Rajah who has obtained a title by his generosity, would establish a school in this place, and give our children the regeneration of knowledge. We therefore pray that a School be established on an elevated spot, near the Bychur tank, on the road from Hooghly to Benares. And let some wealthy man acquire blessings by imparting knowledge to our children.

If a School be established in that place, we, the Brahmuns and Kaysets of the undermentioned villages, shall feel ourselves laid under eternal obligations. We hope the Editors of the *Hurkaru* and of other papers will oblige us by inserting this letter. *13th Cartick.*

Poor people residing in the villages Bainchee, Hathny, Talbona, North Potba, Sillaguria, Chapatee, and Berella.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৶	ঐ
২ ক্লাস	।।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নুতন ৫ টাকার লোন	১৩।।০	১৪।৬	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ... ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st Class,	0 2	0 6
2d. Class,	0 1	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent.	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disc.

Bank Shares.

Bank of Bengal ....Co's Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

tor in Zillahs Shahabad and Sarun, in the room of Mr. F. J. Morris.

Mr J. Alexander to officiate, until further orders, as Superintendent of the Khas Mehauls in Zillah Sarun, in the room of ...ington.

১১৬৬ সংখ্যা। বালম ১৯।] ১৮ নবেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৪ অগ্রহায়ণ। SATURDAY, NOVEMBER 18TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1166. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ৯ নবেম্বর বৃহস্পতিবার কলিকাতা শহরে শ্রীযুক্ত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়ার্টর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর টাক্সের ফেরফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ২৫ নবেম্বর বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। আগামি ২ নবেম্বর শনিবারের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থ সেসন অর্থাৎ মিসিল শেষোক্ত তারিখে বেলা ১১ ঘণ্টা পর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস আপীসে মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবার ব্যতিরিক্ত অন্যবারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাসহওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেকটরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গলা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা যে তিনি দিয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেকটরী দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দ্বারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিককালে নহে।

এবং ঐ ঘরে পুনর্ব্বার বাস হইলে তাহার এত্তেলা তদ্রূপে কালেকটর সাহেবকে দিলে তিনি তাঁহার রসীদ এবং ঘর শূন্য হওন এবং তাহাতে পুনর্ব্বার বাসকরণের এত্তেলা যদ্যপি পূর্ব্ববৎ না দেওয়া যায় এবং যদ্যপি পূর্ব্ববৎ এত্তেলা পাইয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব না দেন তবে ঘর শূন্য হইয়াছিল বলিয়া তাহার টাক্স রহিতের দাওয়া গ্রাহ্য হইবে না এবং এই সকল সেসনেতে যে টাক্স নির্দ্ধার্য্য করা গেল যে আগামি ১ ফেব্রুআরি তারিখে জারী হইবে কিন্তু ঐ তারিখের পূর্ব্বে জারী হইবে না ইতি,।

জেমস ইয়ং ক্লার্ক অফ দি পীস।
ক্লার্ক অফ দি পীস আপীস।
১০ নবেম্বর ১৮৩৭।

ইশতেহার।

সুপ্রিম কোর্ট।
কলিকাতা।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রামতনু মল্লিক প্রভৃতি ফরিয়াদী রামগোপাল মল্লিক প্রভৃতি আসামী পুনরুত্থাপিত সেই মোকদ্দমায় গত আপ্রেল মাসের ৬ তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে আগামি নবেম্বর মাসের ২১ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর অবধি দুই ঘণ্টার মধ্যে সুপ্রিম কোর্টের মাষ্টর আপীসে পবলিকসেলে অর্থাৎ নীলামে মৃত রাম গোপাল মল্লিকের নীচে লিখিতব্য বিষয় বিক্রয় হইবেক।

লাট নং ১ কলিকাতা নগরের চৌরঙ্গীতে স্লিক সাহেবওয়ালা নামে বিখ্যাত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ৬৸১৶১০ ছয় বিঘা ষোল কাঠা সাড়ে তিন ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে লিণ্ডি স্ত্রিট দক্ষিণ দিগে সদর স্ত্রিট পূর্ব্বদিগে মাজ সাহেবের গলি পশ্চিম দিগের এক অংশে রাজচন্দ্র দাসের বাটী অপরাংশে লিণ্ডি সাহেবের বালাখানা।

লাট নং২ কলিকাতা নগরের চৌরঙ্গী রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত ফেনুইক বাজার ও হয়দ্রা বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে ক্ষুদ্র ইষ্টক নির্ম্মিত গৃহ ও এক সুঁড়ি পথ ও এক বৃহৎ পুষ্করিণীর কিয়দংশ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি পূর্ব্বোক্ত সুঁড়ি পথ সমেত অনুমান ১৩৷০৵১৬৷ তের বিঘা পাঁচ কাঠা ছয় ছটাক সাড়ে ষোল গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ৩ নং লাটের বাটী দক্ষিণ দিগের এক অংশে লিণ্ডিস্ত্রিট অপরাংশে বিশ্বম্ভর হালদারের বাটী পূর্ব্ব দিগে ৪। ৫ নং লাটের বাটী পশ্চিম দিগের এক অংশে পূর্ব্বোক্ত চৌরঙ্গীর রাস্তা অপরাংশে পূর্ব্বোক্ত বিশ্বম্ভর হালদারের বাটী।

লাট নং ৩ কলিকাতা নগরে চৌরঙ্গীর রাস্তার শামিল তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি এবং এক বড় পুষ্করিণীর কিয়দংশ ও এক ক্ষুদ্র পুষ্করিণী ও এক সুঁড়ি পথ ভূমি পূর্ব্বোক্ত সুঁড়ি পথ সমেত ১৩৸৪৶৯৷৷ তের বিঘা উনিশ কাঠা তিন ছটাক সাড়ে নয় গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের এক অংশে কাপ্তান গুলহক সাহেব ও অন্যেরদের বাটী। দক্ষিণ দিগে ২ নং লাটের বাটী পূর্ব্ব দিগে ৫ নং লাটের বাটী পশ্চিম দিগের এক অংশে চৌরঙ্গী রাস্তা অপরাংশের এক দিগে তাজু খানাদারের বাটী অন্য দিগে শ্রীযুত এডবার্ড মারান সাহেবের বাটী।

লাট নং ৪ কলিকাতা নগরে চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ১।০৷৶৩৷৷ এক বিঘা পাঁচ কাঠা সাত ছটাক সাড়ে তিন গণ্ডা

ইশতেহার।

তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের এক অংশে ৫ নং লাটের বাটী অপরাংশে খয়রাতী কসায়ের বাটী। দক্ষিণ দিগে লিণ্ডি স্ত্রিট। পূর্ব্ব দিগে শ্রীযুত জেমস্‌মেক সাহেবের বাটী। পশ্চিম দিগে ২ নং লাটের সুঁড়ি পথ।

লাট নং ৫ কলিকাতা নগরে চৌরঙ্গীর শামিল তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ২৷২/৭৷ দুই বিঘা বার কাঠা এক ছটাক সওয়া সাত গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জানবাজারের রাস্তা। দক্ষিণ দিগে ৪ নং লাটের বাটী। পূর্ব্ব দিগের এক অংশে নীচে লিখিতব্য ব্যক্তিদিগের বাটী বিশেষতঃ মীর সৈদু খানাদার গুই ওস্তাগর জগু বাবু নাজীর হোসনউদ্দী বিবি দুায়বর খয়রাতী কসাই অপরাংশে ৬ নং লাটের বাটী এবং পশ্চিম দিগে ৩ নং লাটের সুঁড়ি পথ।

লাট ৬ নং কলিকাতা নগরের চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক ক্ষুদ্র ইষ্টক নির্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ৷৷০৷৵১ দশ কাঠা ছয় ছটাক সওয়া এক গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে নাজির হোসনউদ্দীর বাটী। দক্ষিণ দিগে বিবি দুায়বরের বাটী। পূর্ব্ব দিগে লটু খানসামার বাটী। পশ্চিম দিগে ৫ নং লাটের বাটী।

লাট নং ৭ এবং পূর্ব্বোক্ত চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে এক ইষ্টক নির্ম্মিত ক্ষুদ্র গৃহ গ্রথিত আছে ভূমি অনুমান /৩।০ ৬ তিন কাঠা আট ছটাক পৌনে এক গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পিরু জমাদারের ভূমি। দক্ষিণ দিগে সরকারী গলি। পূর্ব্ব দিগে মেষ্টর লুকস সাহেবের ভূমি। পশ্চিম দিগে গুরুচরণ ঘোষের ভূমি।

লাট নং ৮। এবং কলিকাতা নগরে জানবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/১/১৫৷। দুই বিঘা এক কাঠা এক ছটাক সাড়ে পনর গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জানবাজারের রাস্তা। দক্ষিণ দিগে রামমোহন দত্ত এবং মতি সাহা ও মেষ্টর ডবলিউ লাএড সাহেবের ভূমি। পূর্ব্ব দিগে জানবাজারের দ্বিতীয় গলি। পশ্চিম দিগে মেষ্টর ফিপস সাহেবের বাটী এবং ৯ নম্বর লাটের ভূমি

লাট নং ৯। এবং পূর্ব্বোক্ত জানবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷০৸৶১৭ পাঁচ কাঠা পনর ছটাক সতর গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এই

ইশতেহার।

রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ৮ নম্বর লাটের ভূমি। পশ্চিম দিগে জানবাজারের প্রথম গলি। উত্তর দিগে মেষ্টর ফিপস সাহেবের ভূমি। দক্ষিণ দিগে মেষ্টর জেমেস তামসন সাহেবের ভূমি।

লাট নং ১০। এবং কলিকাতা নগরের চিৎপুর রোডের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ তদ্রূপ বসত বাটী তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ৭/ সাত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের একাংশে রামপ্রসাদ সেনের বাটী ও ভূমি। অপরাংশে নবকৃষ্ণ পাল প্রভৃতির বাটী ও ভূমি। দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎপুরের রাস্তা। পশ্চিম দিগের একাংশে প্রাণধন দত্তের বাটী ও ভূমি অপরাংশে গোবিন্দচাঁদ বাবুর বাটী ও ভূমি।

লাট নং ১১। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের বড়বাজারের হাঁসপুকুরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ১৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷৷০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে অর্জুন সিংহের বাটী। উত্তর দিগের একাংশে স্বরূপচন্দ্র মল্লিকের বাটী ও ভূমি অপরাংশে মৃত হরেকৃষ্ণ সেটের ভূমি।

লাট নং ১২। এবং কলিকাতা নগরের হাঁসপুকুরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৮ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামকানাথ ঠাকুরের বাটী অপরাংশে মতিচাঁদ বাবুর বাটী। পশ্চিম দিগের একাংশে রামকানাই সরকারের বাটী অপরাংশে পরমসুখ বাবুর বাটী। পূর্ব্ব দিগে রামকৃষ্ণ সেটের বাটী। উত্তর দিগে সরকারী রাস্তা।

লাট নং ১৩। এবং কলিকাতা নগরে তুলাবাজারের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৬৪। ৬৬ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১ ৪ এক বিঘা নয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামমোহন মল্লিক প্রভৃতির বাটী অপরাংশের এক দিগে গোলোকচন্দ্র রায়ের বাটী অন্য দিগে জগমোহন মল্লিকের ও অর্জুননাথ জীর বাটী। পশ্চিম দিগের একাংশে রামকৃষ্ণ কলিয়ার বাটী অপরাংশে তিনকড়ি বসুর বাটী। পূর্ব্ব দিগে বিশম্ভর পণ্ডিতের বাটী। উত্তর দিগের একাংশে

ক্রিষ্টান আছেন এবং তাঁহারা বিদ্যা দান বদান্যতা বিষয়ে অতি প্রসিদ্ধও বটেন কিন্তু তাঁহারদের নিজ কার্য্যের কিছু ব্যাঘাত হওয়াতে এই মহাব্যাপারের নিমিত্ত মনোযোগ করিতে পারেন না। এই ব্যানন্দ সাধারণ এক প্রয়োজনে মালু মিশ্রিকের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপ চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগের একাংশে কাশীনাথ দের বাটী অপরাংশের এক দিগে হরসুন্দর সেট ও নরসিংহ সেটের বাটী অন্য দিগে মৃত গোকুল শীলের বাটী। পূর্ব্ব দিগে রামপ্রসাদ শাহার ভূমি। উত্তর দিগে সরকিস সাহেবের আস্তবল।

লাট নং ১৫। এবং কলিকাতা নগরের বড় বাজারের পঞ্চাননতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ২৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে বৃন্দাবন আঢ্যের ভূমি অপরাংশে রাধামোহন ঠাকুরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে মৃত রামকৃষ্ণ সেনের বাটী ও ভূমি। পশ্চিম দিগের একাংশে জগমোহন ধরের বাটী ও ভূমি অপরাংশে হরকৃষ্ণ পাত্রের বাটী ও ভূমি। উত্তর দিগে আরমানী গলি।

লাট নং ১৬। এবং কলিকাতা নগরের আমড়াতলা গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ৫ অনুমান ১।।২ এক বিঘা বারো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে কাশীনাথ মল্লিকপ্রভৃতির বাটী ও ভূমি অপরাংশে বিবি গেরেটের বাটী ও ভূমি। পশ্চিম দিগের একাংশে আরাতুন আরমানীর বাটী ও ভূমি অপরাংশে জগমোহন মল্লিকের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে আমড়াতলার গলি। উত্তর দিগের একাংশে জগমোহন রায়ের বাটী ও ভূমি অপরাংশের এক দিগে সনাতন শীলের বাটী ও ভূমি অন্য দিগে মৃত জগমোহন মল্লিকের বাটী ও ভূমি।

লাট নং ১৭। এবং পূর্ব্বোক্ত রাধাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটী নং ৪৮ তাহাতে ৯টা গুদাম আছে এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি সর্ব্বসুদ্ধ অনুমান ।।৩ তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রাধাবাজারের রাস্তা। উত্তর দিগে রাজকৃষ্ণ মিত্রের বাটী ও ভূমি।

লাট নং ১৮। এবং পূর্ব্বোক্ত রাধাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টকনির্ম্মিত নূতন দোতালা গৃহ বসতবাটী নং ৪৩ তাহাতে সংপ্রতি গ্রথিত শ্রেণীবদ্ধরূপে কুঠরী ও গুদাম আছে এবং অন্যান্য নানাপ্রকার প্রয়োজনীয় ঘর আছে এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/২০ এক বিঘা দুই কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং ঐ ভূমির উত্তর দিগে এবং পূর্ব্ব দিগের শেষ ভাগে যে দুই ক্ষুদ্র খণ্ড ও বন্দ ভূমি আছে তাহা অনুমান /৪ চারি কাঠা। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে গুরুপ্রসাদ শাহার বাটী ও ভূমি অপরাংশে ললিতমোহন ঠাকুরের বাটী ও ভূমি। পশ্চিম দিগের একাংশে রাধাবাজারের রাস্তা অপরাংশে মৃত রামগোপাল মল্লিকের এক দোতালা বাটী পূর্ব্ব দিগে নিযুক্ত এম মাকফ সনেরের ভূমি। উত্তর দিগের একাংশ মৃত রামগোপাল মল্লিকের বাটী অপরাংশে রাজকৃষ্ণ মিত্রের বাটী ও ভূমি।

of the for their lent of ed i

লাট নং ১৯। এবং কলিকাতা নগরের পুরাণ চিনাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও দুইখান দোকান এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১ ২ এক বিঘা বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে ক্ষেত্রমোহন বসাক ও হরসুন্দর সেট ও নরসিংহ সেটের বাটী ও ভূমি অপরাংশের এক দিগে গোবিন্দচন্দ্র ধরের বাটী ও ভূমি অন্য দিগে জয়নারায়ণ বন্দ্যোপাধ্যায়ের ভূমি। পূর্ব্ব দিগে চিনা বাজারের রাস্তা। পশ্চিম দিগের একাংশে মুরেশ লেননামক গলি রাস্তা অপরাংশে রমানাথ বসাকের বাটী ও ভূমি। উত্তর দিগের একাংশে শিবচন্দ্র কলিয়ার বাটী ও ভূমি অপরাংশে কীন সাহেবের বাটী ও ভূমি।

লাট নং ২০। এবং কলুটোলার মর্ত্তির বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ১ অনুমান সর্ব্বসুদ্ধ ৫/৮৮ পাঁচ বিঘা চৌদ্দ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত গৌরচরণ মল্লিকের ভূমি। পশ্চিম দিগের একাংশে রাধামোহন ঠাকুরের বাটী ও ভূমি অপরাংশে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে রূপনারায়ণ ঘোষাল প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে মৃত রামানন্দ সেন প্রভৃতির ভূমি অপরাংশের এক দিগে বিশ্বনাথ দত্তের ভূমি অন্য দিগে আনন্দ সেটের বাটী ও ভূমি।

লাট নং ২১। এবং কলিকাতা নগরের কলুটোলার মর্ত্তির বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে মৃত হরি ঠাকুরের বসতবাটী। পূর্ব্ব দিগে রাধামোহন ঠাকুরের ভূমি। উত্তর দিগের একাংশে সরকারী নরদমা অপরাংশে রাধামোহন ঠাকুরের ভূমি।

লাট নং ২২। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের বড় বাজারের কাঁসারিপটীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী তাহাতে পাঁচটা গুদাম আছে তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত নীলমণি চন্দ্রের ভূমি। উত্তর ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে দ্বারকানাথ মল্লিকের বাটী।

লাট নং ২৩। এবং কলিকাতা নগরের বড় বাজারের দরমাহাটার শামিল ও তন্মধ্যস্থিত গোপাল মল্লিকের পোস্তা নামক ইষ্টক নির্ম্মিত কএকটা গুদাম তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৬৪৬ এক বিঘা উনিশ কাঠা বারো ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত জগমোহন মল্লিকের ভূমি। পূর্ব্ব ও পশ্চিম দিগে সরকারী রাস্তা। উত্তর দিগে মৃত রূপলাল মল্লিকের ভূমি।

লাট নং ২৪। এবং কলিকাতা নগরের ধর্ম্মতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে কাপ্তান জানেষ্টন সাহেবের বাটী ও ভূমি। উত্তর দিগে ইন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়ের বাটী ও ভূমি।

লাট নং ২৫। এবং কলিকাতা নগরের নূতন চিনা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬১৬ ষোল কাঠা বারো ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিম দিগের একাংশে আস্তিতাব দের প্রভৃতির বাটী ও ভূমি অপরাংশে সিওপোস সাহেবের বাটী। দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে এক গাল। পশ্চিম দিগে লিমরস সাহেবের বাটী ও ভূমি।

লাট নং ২৬। এবং কলিকাতা নগরের মছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলোকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎপুর রাস্তা। পশ্চিম দিগে মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে পূর্ব্বোক্ত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। অপরাংশে ভোলানাথ বাবু ও রামপ্রসাদ সেনের বাটী ও ভূমি।

লাট নং ২৭। এবং কলিকাতা নগরের নৈহোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৪।১ চারি বিঘা এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে স্বরূপ মল্লিক ও রাধামণি দাসী ও রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি। অপরাংশে গোলোকচন্দ্র ধরের ভূমি। পশ্চিম দিগের একাংশে প্রাণধন দত্তের ভূমি অপরাংশে গোবিন্দচাঁদ বাবুর ভূমি। পূর্ব্ব দিগের একাংশে মৃত রামগোপাল মল্লিকের বসত বাটী অপরাংশে ভোলানাথ বাবুর বাটী ও ভূমি। উত্তর দিগে শ্যামাচরণ মল্লিকপ্রভৃতির বাটী ও ভূমি।

লাট নং ২৮। এবং কলিকাতা সহরতলীর উল্টাডিঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ১১/ এগার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে দুইটা ইষ্টক নির্ম্মিত বৈঠকখানা এবং দুইটা পুষ্করিণী ও নানাপ্রকার বৃক্ষ আছে। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগের একাংশে মাধবপ্রভৃতির রাইয়তী ভূমি ও বাগান। পশ্চিম দিগে ভিকু শাহার ভূমি। উত্তর দিগে রাজা রাধাকান্ত দেবের বাগান।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মেষ্টর আফিসে অথবা ফরিয়াদীর উকীল টি বি সুইনহো সাহেবের নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

টি ডিকিন্স
মেষ্টর।

মেষ্টর আফিস।
২৭ অক্টোবর ১৮৩৭ সাল।

সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট একুটি পক্ষে।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২২ নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব যে মোকদ্দমায় আগা করবলাই মহম্মদ ফরিয়াদী ও আগা আবদুল কাশীম কাসবিনি আসামী সেই মোকদ্দমায় ঐ কোর্টের একুটি পক্ষে গত ৩০ অক্টোবর তারিখের হুকুমক্রমে নীচে লিখিত বা বিষয় সকল নিতান্তই বিক্রয় করিবেন

বিশেষতঃ পূর্ব্বোক্ত আগা আবদুল কাশীম কাসবিনির ২৫০০ টাকার ২ কেতা কোম্পানির কাগজ তাহার মধ্যে ১ কেতা ১৮২৫। ২৬ সালের ৩৯০২ নং এবং রেজিষ্টরী নং ২০৩৩। ১৮৩৬ সালের ১ ফেব্রুআরি তারিখের ৫ টাকা সুদের সিক্কা ১০০ টাকার। অপর ১ কেতা ৪ টাকা সুদের সিক্কা ১৫০০ টাকার ১৮৩২ সালের ১ মে তারিখের। ১৮৩৩। ৩৪ সালের ৭১৭৩ রেজিষ্টরী নং। এই সকল কাগজের যত সুদ পাওনা আছে তাহা সমেত বিক্রয় হইবে।

এই বিক্রয়ের বিশেষ বৃত্তান্ত সরিফ দপ্তরে অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

১ নবেম্বর ১৮৩৭।

ইঞ্জিনিয়র সৈন্য সম্পর্কীয় শ্রীযুত লেপ্তনন্ত জে ডি কনিংহাম সাহেব লুধিয়ানার পোলিটিকাল এজেন্টের আসিষ্টান্ট হইয়াছেন।

৮ নবেম্বর।

ভারতবর্ষের ডাকমাসুল ও হাসিল বিষয়ক আইনের সংশোধক কমিটির সেক্রেটরী শ্রীযুত লেপ্তনন্ত টি জে টেলর সাহেব স্বাস্থ্যার্থ বর্ত্তমান মাসের ৯ তারিখ অবধি ২০ দিবসের নিমিত্ত গঙ্গাসাগরে গমনার্থ অনুমতি পাইয়াছেন।

মারিন বোর্ড ও হাসিল ও নিমক ও আফিংবোর্ডের দ্বিতীয় মেম্বর শ্রীযুত এচ এম পার্কর সাহেব গঙ্গাসাগরে গমনার্থ বর্ত্তমান মাসের ৯ তারিখ অবধি তিন সপ্তাহের ছুটি পাইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

৩ নবেম্বর।

যশোহরের সিবিল ও সেসন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব স্বীয় কর্ম্মের ভার শ্রীযুত এফ কার্ডিউ সাহেবের প্রতি অর্পণ করণের অনুমতি পাইয়াছেন।

চট্টগ্রামের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এচ টি রেকস সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে কলিকাতা রাজধানীতে অবস্থানার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

৪ নবেম্বর।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত আর এচ রাটরে সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে অদ্যকার তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

৭ নবেম্বর।

রঙ্গপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত টি এ শা সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব সিবিল ও সেসন জজের চলিত কর্ম্মের ভার রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত রাইলি সাহেবের প্রতি অর্পণ করণের অনুমতি পাইয়াছেন। শ্রীযুত রাইলি সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত স্বীয় কর্ম্ম করত ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ঢাকার ডেপুটি কালেকটর শ্রীযুত এম ডবলিউ কারথর্স সাহেব ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা প্রদেশের কমিস্যনর সাহেব কর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি ১ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বর্দ্ধমানের জাইন্টমাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জে এস টরেন্স সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ২৫ তারিখ অবধি বর্ত্তমান মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

কলিকাতার প্রধান মাজিস্ত্রেট শ্রীযুত ডি মাকফার্লন সাহেব নবেম্বর মাসে বাষ্পীয় জাহাজ পশ্চিম প্রদেশে যাওনের তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত ব্লাকিয়র সাহেব প্রধান মাজিস্ত্রেটী পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং শ্রীযুত মার্কমেসন সাহেব জাহাজ সম্পর্কীয় ডিপার্টমেন্টের ভার গ্রহণ করিবেন।

ফরিদপুরের সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি মাকিন্টায়র সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল মজিৎ খাঁ গত মাসের ১০ তারিখে যে ছুটি পান চিকিৎসকের সর্টিফিকটক্রমে তদতিরিক্ত তিন মাসের ছুটি পাইয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি এচ লসিংটন সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত এফ জে মরিস সাহেবের কর্ম্মে জিলা শাহাবাদ ও সারণের একটিং স্পেসিয়ল ডেপুটি কালেকটর হইয়াছেন

CIVIL APPOINTMENTS.

1st November, 1837.

Lieutenant J. D Cunningham, of the Engineers, has this day been appointed an Assistant to the Political Agent at Loodheana.

8th November

Lieutenant T. J. Taylor, Secretary to the Committee for revising the Customs' Laws and Post Office Regulations in India, has been permitted to proceed to the Sand Heads for the benefit of his health, and to be absent from Calcutta for a period of twenty days from the 9th instant.

Mr. H. M. Parker, Junior Member of the Board of Customs Salt and Opium, and of the Marine Board, has obtained leave of absence for a period of three weeks from the 9th instant, to enable him to proceed to the Sand Heads.

The following officers have obtained leave of absence from their stations:

3d November.

Mr. J. F. Cathcart, Civil and Session Judge of Jessore, for two months, on medical certificate. Mr. Cathcart has been authorized to make over charge of his office to Mr F. Cardew.

Mr. H. T. Raikes, Magistrate and Collector of Chittagong, to remain at the Presidency, for one month, on medical certificate, in extension of the time allowed to join his station.

4th November.

Mr. R. H. Rattray, a Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for one month from the present date, on Medical Certificate.

7th November.

Mr. T. A. Shaw, Civil and Session Judge of Rungpore, for two months from the beginning of next month, on private affairs. Mr. Shaw has been authorized to make over charge of the current duties of the office of Civil and Session Judge to Mr. James Reily, Principal Sudder Ameen of Rungpore, who has been empowered to conduct those duties until further orders, in addition to his own.

Mr. M. W. Carruthers, Deputy Collector of Dacca, to the 1st proximo, on private affairs, in extension of the leave granted to him by the Commissioner of the 15th or Dacca Division.

Mr. J. S. Torrens, Joint Magistrate and Deputy Collector of Burdwan, from the 25th ultimo to the 30th instant, on private affairs.

Mr. D. McFarlan, Chief Magistrate of Calcutta, for one month, from the date of the sailing of the November Steamer for the Upper Provinces. Mr. Blaquiere will conduct the current duties of the Chief Magistrate's Office, and Mr. McMahon will take charge of the Shipping Department.

Mr. C. Macintyre, Assistant Surgeon attached to the Civil Station of Furreedpore, for fifteen days, on private affairs.

Moulvie Abdool Mujeed Khan, Principal Sudder Ameen of Chittagong, for three months, on medical certificate, in extension of the leave granted to him on the 10th ultimo.

The Honorable the Deputy Governor of Bengal has been pleased to make the following Appointments:

Mr. C. H. Lushington to officiate, until further orders, as Special Deputy Collector in Zillahs Shahabad and Saran, in the room of Mr. F. J. Morris

Mr J. Alexander to officiate, until further orders, as Superintendent of the Khas Mehauls in Zillah Sarun, in the room of Mr. Lushington.

Mr W. Brown to be Deputy Collector in Zillah Balasore, under the provisions of Regulation IX. of 1833

Mr. C. P Casperez to be Deputy Collector in Zillah Midnapore, under ditto ditto.

Mr. E. H. C. Monckton has been this day placed at the disposal of the Lieutenant Governor of the North Western Provinces.

Captain H. Rutherford, Principal Assistant to the Commissioner of Assam, has reported under date the 26th ultimo, his return to the Presidency from the Cape of Good Hope

7th November.

The appointment of a Superintendent of Police for the Lower Provinces, (which, with the subsidiary arrangements made by the Legislature, in Act No. XXIV. of 1837. will relieve the Commissioners of Revenue and Circuit from all duties connected with the Police and the administration of Criminal Justice,) having rendered it practicable, to reduce the number of Commissionerships, the Honorable the Deputy Governor of Bengal has been pleased to abolish the Commissionership of the 13th or Baulea Division, and to make the following consequent alteration of jurisdictions, viz.

Zillahs Burdwan, Hooghly and Bancoora are transferred from the 14th to the 18th Division.

Zillahs Rungpore, Bogra, Rajshye and Pubna, are attached to the 14th Division.

Zillahs Dinagepore and Malda, are attached to the 12th Ditto.

Zillah Backergunge, is transferred from the 18th to the 15th Ditto.

23rd October.

Mr. W. Fane, Member of the Sudder Board of Revenue, has obtained leave of absence for two years, on Medical Certificate to proceed to the Cape of Good Hope, to commence from the date of the sailing of the ship on which he may embark.

Mr. N. A. Willard to be Deputy Collector in Zillah Allahabad, under the provisions of Regulation IX. of 1833.

24th October.

Mr. C. R. Cartwright to be Judge of Azimghur.

Mr. G. Blunt to be Magistrate and Collector of Allahabad. Mr. Blunt will continue to officiate as Magistrate and Collector of Moradabad, until further orders.

Mr. W. R. Timins to officiate as Magistrate and Collector of Allahabad. Mr. G. F. Edmonstone will relieve Mr. Cartwright from the Offices of Magistrate and Collector of Allahabad and officiate in those capacities until Mr. Timins joins his appointment.

Mr. A. U. C. Plowden to be Collector of Customs at Agra.

Mr. W. D. H. Routh to be Joint Magistrate and Deputy Collector of Ally Ghur.

28th October.

Mr. C. Fraser to be Commissioner of the Saugor Division, to take effect from the 10th instant.

শ্রীযুত জে আলেকজান্দর সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত লসিংটন সাহেবের কর্ম্মের পরিবর্ত্তে জিলা সারণের খাস মহালের একটিং সুপরিন্টেণ্ডেণ্ট হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ ব্রৌন সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা বালেশ্বরের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি পি কাস্পার্স সাহেব ঐ আইনের বিধানুসারে জিলা মেদনীপুরের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই এচ সি মংক্টন সাহেব উপস্থিত তারিখে উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের অধীন কর্ম্ম করেন এমত হুকুম হইয়াছে।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এচ রথরফোর্ড সাহেব উত্তমাশা অন্তরীপ হইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

৭ নবেম্বর।

বঙ্গাদি প্রদেশে পোলীসের এক জন সুপরিন্টেণ্ডেণ্ট সংপ্রতি নিযুক্ত হইয়াছেন তদ্দ্বারা এবং তদনুবর্ত্তি যেং কল নিয়ম নির্দ্ধার্য্য হইয়া ১৮৩৭ সালের ২৪ নং আক্টে প্রকাশ হইয়াছে তদ্দ্বারা পোলীস ও ফৌজদারী কর্ম্মের ভার হইতে মালের সায়েরী ও রেবিনিউর কমিস্যনর সাহেবেরা মুক্ত হইবেন। ইহাতে কমিস্যনরেরদের সংখ্যা ন্যূনকরণের উপায় হইয়াছে। অতএব বঙ্গদেশের শ্রীযুক্ত ডেপুটি গবরনর সাহেব ১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশ উঠাইয়া তাহার পরিবর্ত্তে নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

জিলা বর্দ্ধমান হুগলি বাঁকুড়া ১৪ সংখ্যক প্রদেশের পরিবর্ত্তে ১৮ সংখ্যক প্রদেশ হইল।

জিলা রঙ্গপুর বোগড়া রাজশাহী পাবনা। ১৪ সংখ্যক প্রদেশের শামিল হইল।

জিলা দিনাজপুর মালদহ। ১২ সংখ্যক ভুক্ত হইল।

জিলা বাখরগঞ্জ। ১৮ সংখ্যক প্রদেশের পরিবর্ত্তে ১৫ সংখ্যক হইল।

২৩ অক্টোবর।

সদর বোর্ড রেবিনিউর মেম্বর শ্রীযুত ডবলিউ ফেন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ যে জাহাজে আরোহণপূর্ব্বক গমন করিবেন ঐ জাহাজ গমনের তারিখ অবধি ২ বৎসরের ছুটি পাইয়াছেন।

জিলা আলাহাবাদের ডেপুটি কালেকটর শ্রীযুত এন এ উলিয়াড সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে আলাহাবাদের ডেপুটি কালেকটর হইয়াছেন।

২৪ অক্টোবর।

শ্রীযুত সি আর কার্টরাইট সাহেব আজিমগড়ের জজ হইয়াছেন।

শ্রীযুত জি ব্লান্ট সাহেব আলাহাবাদের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন ঐ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত মুরাদাবাদের একটিং কালেকটর ও মাজিস্ত্রেটী কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ আর টিমিন্স সাহেব আলাহাবাদের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন। শ্রীযুত জি এফ এডমনষ্টন সাহেব কার্টরাইট সাহেবকে আলাহাবাদের মাজিস্ত্রেটী ও কালেকটরী কর্ম্ম হইতে মুক্ত করিয়া টিমিন্স সাহেব স্বীয় কর্ম্ম স্থানে না পঁহুছন পর্য্যন্ত ঐ সকল কর্ম্ম একটিং রূপে নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ ইউ সি প্লৌডন সাহেব আগরার কষ্টম কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ ডি এচ রৌথ সাহেব আলীগড়ের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

২৮ অক্টোবর।

শ্রীযুত সি ফ্রেজর সাহেব সাগর প্রদেশের কমিস্যনর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা ২২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত ডবলিউ এফ ডিক সাহেব সরকারী কর্ম্মে অবসর হইয়া বর্ত্তমান বৎসরে এনিইটি বার্ষিক ভুক্ত হওনের নিমিত্ত দরখাস্তকরণার্থ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ২০ তারিখঅবধি ৪ মাসের ছুটি পাইয়াছেন।

এটাওয়ার মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত এস জি স্মিথ সাহেব ছুটি লইয়া বিলাতগমনার্থ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১০ তারিখঅবধি ২ মাসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব স্বীয় কর্ম্মের ভার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত জে কমিৎ সাহেবের প্রতি অর্পণকরণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত কমিৎ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত একটিৎ মাজিস্ত্রেটী ও কালেক্টরী কর্ম্ম করিবেন।

মুজঃফর নগরের বন্দোবস্ত সংশোধনার্থ নিযুক্ত শ্রীযুত আর কে ডিক সাহেব কমিস্যনর সাহেবকর্ত্তৃক গত মাসের ১৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত আগামি মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

সমাচার দর্পণ

শনিবার ১৮ নবেম্বর ১৮৩৭।

বর্ম্মা।

বর্ম্মারদের সঙ্গে ইঙ্গলণ্ডীয়েরদের এইক্ষণে কিরূপ সম্পর্ক চলিতেছে তদ্বার্ত্তা শ্রবণে এতদ্দেশীয় ভাবলোকের অত্যন্ত অনুরাগ এবং শেষে কি ফল সম্ভাবনা তদ্বৃত্তান্ত শুবণার্থও ব্যগ্রতা আছে। অতএব তদ্বিষয়ে আমরা এই মাত্র বলিতে পারি গত সপ্তাহে তাঁহারদের সঙ্গে যে রূপ শান্তি স্থৈর্য্য থাকনের সম্ভাবনা ছিল তদপেক্ষা এই সপ্তাহে অধিক সম্ভাবনা হইয়াছে। সংপ্রতি শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব এতদ্দেশে আসিয়াছেন তিনি এই বিষয় বিলক্ষণ অবগত আছেন। প্রথমে কথিত হইয়াছিল যে এই সকল বার্ত্তা জ্ঞাপনার্থ ঐ সাহেব শ্রীলশ্রীযুক্তের সহ সাক্ষাৎ করিতে বাষ্পীয় জাহাজে গমন করিবেন কিন্তু এইক্ষণে শুনা যাইতেছে যে ঐ কল্প রহিত হইয়াছে। এই সপ্তাহে ফরিঙ্গি এক ব্যক্তি ৩০। ৪০ হাজার টাকা লইয়া রাঙ্গুনহইতে এতদ্দেশে আসিয়াছে এবং কথিত আছে যে তিনি বর্ম্মাদেশীয় রাজার স্থান হইতে এমত উক্তি আনিয়াছেন যে ঐ রাজার বিলক্ষণ ইচ্ছা হইয়াছে যে শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব পুনর্ব্বার আবাতে প্রত্যাগমন করেন। ঐ সম্বাদদায়ক ব্যক্তি আরো কহেন যে এই নিমিত্ত আমি আবার দরবারহইতে প্রেরিত হইয়াছি এবং তিনি একখান বাষ্পীয় জাহাজ ক্রয় করণার্থ অনুসন্ধান করিতেছেন। আরো উক্ত আছে যে বর্ম্মার রাজা ফ্রান্সদেশে একজন উকীল প্রেরণার্থ স্থির করিয়াছেন। কেহ২ কহেন যে ইঙ্গলণ্ডীয়েরা যে প্রকার যুদ্ধায়োজন করিয়াছেন তদ্বিবরণ শুবণে ঐ রাজমন্ত্রিরা একেবারে স্তব্ধ হইয়া যুদ্ধ না করণার্থ অত্যুদ্যোগী আছেন কিন্তু ঐ রাজা ইঙ্গলণ্ডীয়েরদের প্রাতিকূল্যে যে কল্পনা আছে তদ্বিষয়ে অতি শ্লাঘা করিয়া থাকেন। পুনশ্চ এমত জনরব হইয়াছে যে নূতন রাজা সিংহাসনে অদ্যপর্য্যন্ত তাদৃশ দৃঢ় নহেন এবং প্রাচীন রাজাকে পুনঃ সিংহাসনে স্থাপনার্থ উদ্যোগ হইবে ইত্যাদি নানা বার্ত্তা সংগ্রহেতে আমারদের এই উপলব্ধি হয় যে ইঙ্গলণ্ডীয়েরা যদ্যপি প্রকৃতরূপে যুদ্ধার্থ প্রস্তুত হন তবে আরো কিছু কাল পর্য্যন্ত তাঁহার সঙ্গে শান্তিভাব থাকিতে পারে। ঐ রাজা অদ্যপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের যে প্রাতিকূল্যাচরণ করিয়াছেন সে কেবল রেসিডেণ্ট সাহেবকে তথা হইতে বিদায় করণ। ইহা সন্ধিপত্রের নিয়ম উল্লংঘনের মধ্যে একটা বিষয় বটে কিন্তু যদ্যপি তিনি ইঙ্গলণ্ডীয় রেসিডেণ্ট সাহেবকে তথায় পুনর্গ্রহণ করেন তবে তাঁহার সঙ্গে যুদ্ধকরণের আর কোন প্রধান কারণ থাকিবেনা। ফলে আমারদের বিলক্ষণ ভরসা আছে যে শান্তিই থাকিতে পারে।

হরকরাতে লেখে যে ২৮ অক্তোবর তারিখপর্য্যন্তের পত্র রাঙ্গুণহইতে পঁহুছিয়াছে এবং ব্রহ্মদেশের ব্যাপারে আমারদের যে অনুভব হইয়াছিল তাহা এই পত্রের দ্বারা দৃঢ়ীভূত হইল। পিলোড়স যুদ্ধজাহাজ রাঙ্গুণে পঁহুছিলে এবং মৌলমীনে যুদ্ধায়োজনের সম্বাদ আবাতে পঁহুছিলে রাজা এবং দরবারস্থ লোকেরদের মনঃপরিবর্ত্তন হইল। এবং সংপ্রতি সদ্বিবেচনাপূর্ব্বক পূর্ব্বসীমাতে যে সৈন্যেরা প্রেরিত হইয়াছে তদ্দ্বারা তাঁহারদের এই ভাব আরো দৃঢ় হইতে পারে। এবং হইতে পারে ঐ অসভ্য রাজার কিঞ্চিৎ বুদ্ধিও জন্মিবে। থরাবাদি রাজা অদ্যপর্য্যন্তও গর্ব্ববাক্য কহিতে ক্ষান্ত হন নাই কিন্তু মন্ত্রিরা শান্তিপক্ষাবলম্বী বটেন।

খড়দহের জুয়াখেলা।

শুনিয়া অত্যন্তাপ্যায়িত হইলাম যে গত রাসযাত্রা সময়ে জুয়াখেলা নিবারণার্থ চব্বিশ পরগনার শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব উদ্যোগী হইয়াছিলেন। সেই স্থানে এতদ্দেশীয় যে সকল লোক উপস্থিত ছিলেন তাঁহারদের মধ্যে কেহ২ আমারদিগকে কহিয়াছেন যে ঐ শ্রীযুক্ত সাহেব স্বয়ং তথায় উপস্থিত হইয়া পোলীস আমলারদিগকে তদ্বিষয়ে অতিশক্ত হুকুম দিলেন বিশেষতঃ তিনবার অর্থাৎ পূর্ব্বাহ্নে ও মধ্যাহ্নে ও সায়াহ্নে ঢেঁড়রার দ্বারা ঘোষণা এমত করা গেল যে মাজিস্ত্রেট সাহেব জুয়াখেলা করিতে নিষেধ করিয়াছেন এবং এই আজ্ঞা যে উল্লঙ্ঘন করিবে তাহার উচিতমত দণ্ড হইবে। পরে সরকারী আমলারা বরকন্দাজ লইয়া রাস্তার ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন। এবং ঐ হুকুমক্রমে যে গোস্বামিরা সামান্যতঃ ঐ জুয়াখেলার লভ্যের কিঞ্চিৎ২ অংশ পাইয়া থাকেন তাঁহারাও তাহা বারণার্থ লোকত উদ্যোগী ছিলেন। যে চীনীয়েরা দলে২ ঐ স্থানে রীতিমত মেজ সমেত আসিয়াছিল তাহারা হতাশহইয়া কিঞ্চিৎকাল ভ্রমণের পর পরিশেষে আপনারদের বাক্স বন্দ করিয়া রিক্ত হস্তে কলিকাতায় ফিরে গেল তথাপি শুনা গেল যে বাটীর মধ্যে কোন২ স্থানে দ্বার বন্দ করিয়া খেলা হইয়াছিল এবং শ্রীযুক্ত মাজিস্ত্রেট সাহেব এই কুকর্ম্মের সমূলোৎপাটনার্থ যদি নিতান্ত চেষ্টক হন তবে আগামি বৎসরে আরো কঠিন কড়াকড় চৌকি রাখিবেন। আগামি বৎসরে এই বিষয় তাঁহাকে স্মরণার্থ আমরাও কিছুমাত্র ত্রুটি করিব না।

যদ্যপি এই অতিপ্রসিদ্ধ নরক নিতান্তই উচ্ছিন্ন হইতে পারে তবে কলিকাতা ও তচ্চতুর্দ্দিকস্থ এতদ্দেশীয়লোকের মহোপকাররূপ স্বর্গ হইবে। এই উৎসবসময়ে দেশীয় নানা দিক্‌হইতে মহাজনতা উপস্থিত হয়। ইহাতে এই জুয়াখেলা নিমিত্ত যে মহা ক্ষতি তাহা অতি দূর২ দেশের মধ্যেও বিস্তার হইয়া থাকে। ঐ মহাপাপ স্থানে প্রতি বৎসরে লক্ষ২ টাকা অপহৃত হওয়াতে শত২ বংশ্য একেবারে জন্মের মত দরিদ্র হইয়া যায়। ঐ বার্ষিক উৎসবে এইপর্য্যন্ত যে মহাজুয়া চলিতেছিল তাহাতেই ঐ উৎসব অতিপ্রসিদ্ধ হইয়াছে।

The following officers have obtained leave of absence:

Mr. W. F. Dick, Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, for four months from the 20th proximo, on his private affairs, preparatory to his applying for permission to retire from the Service on an Annuity of the present season.

Mr. S. G. Smith, Magistrate and Collector of Etawah, for two months from the 2d proximo, on his private affairs, preparatory to applying for Furlough. Mr. Smith is authorized to make over charge of his offices to Mr. J. Cumine, the Joint Magistrate and Deputy Collector, who will officiate as Magistrate and Collector, until further orders.

Mr. R. K. Dick, employed in the revision of Settlements at Moozuffernugger, to the 15th proximo, on medical certificate, in extension of the leave granted him by the Commissioner on the 13th ulumo.

SUMACHAR DURPUN.

SATURDAY, NOVEMBER 18TH. 1837.

Burmah.

The greatest interest exists among all classes of the community on the subject of our relations with the Burmese, and all are anxious to hear how matters are likely to turn out. We may say, therefore, that this week there appears to be greater probability that peace will be continued than there was last week. Col. Burney who has just come round, and who has accurate information on the subject, would, it was stated, immediately proceed in a Steamer up the river to communicate personally with his Lordship; but it has since been stated, that he has given up the idea. During this week, a person of Portugueze extraction, has come from Rangoon with 30 or 40,000 Rupees, and he is said to bring a message from Tharawaddi, to entreat Col. Burney to return to Ava. He states that he was deputed for this purpose from the Court. He has also been looking out for a Steamer to purchase; and it is said, that the Burmese King intends to send an embassy to France. It has also been affirmed, that the warlike demonstrations which the English had made, had terrified the King's ministers, who were extremely unwilling to go to war; but the King still continues to vapour about his great designs against the English. A rumour has also got abroad, that the New King was not very firm on his throne, and that there was likely to be some effort made to restore the dethroned monarch. Putting all these rumours together, it would appear as though peace might be preserved for a time, by our being fully prepared for war. The only act of aggression of which he has yet been guilty, has been the dismissal of the British Minister, which is an infringement of the treaty. If he receives the British Minister back again, there can be no reason for our plunging into a war with him. We sincerely hope that peace may be preserved.

We have letters from Rangoon to the 28th *October*. They confirm our views of the state of affairs in Burmah, where the report of the arrival of the *Pelorus*, and of warlike stores at Moulmein had already changed the tone of the King and his Court. The late judicious movements of crops to the frontiers will keep up this feeling, and probably bring his barbaric Majesty to his senses. His Ministers appear almost converted to pacific measures already, although King Tharawaddi still talks pompously.—*Bengal Hurk. Nov. 11.*

Gambling at Khurda.

We are happy to learn that energetic measures were adopted by the Magistrate of the 24-Pergunnahs, during the days of the *Rass* festival, at Khurda, to prevent gambling. Some of the Natives who were there, assured us that he repaired in person to the place, and issued the strictest orders on the subject to the Police Officers. It was, therefore, proclaimed three times, in the morning, at mid-day, and at night fall, by beat of drum, that all gambling had been strictly prohibited by the Magistrate; and that any infringement of the order would be visited with condign punishment. The public officers paraded the streets with their armed retainers; and even the Gossains, who usually share the gains of the gamblers, were seen busily employed in preventing the practise. The Chinese who had flocked to the place as usual with their tables, walked about in despair, and eventually packed up their boxes, and returned empty handed to Calcutta. Still, however, there was a good deal of gambling in private houses with closed doors; and it will be necessary for the Magistrate to set a more vigilant watch next year, if he wishes completely to eradicate the practise. We shall not fail to draw his attention to the subject when the season comes round.

A very great service will be rendered to the Native community of the Metropolis and its populous neighbourhood, if this most renowned *hell* can be effectually put down. The vast assemblage of people from all parts of the country at this festival, diffuses to a very wide extent the mischief which this gambling entails. Lakhs of Rupees are annually lost at this shrine of vice; and hundreds of families are ruined for life. The temple owes much of its celebrity to the gambling which has hitherto been carried on at the annual festival.

শ্রীরামপুরস্থ রাস দর্শনার্থ ইহার পূর্ব্বে কলিকাতারাজধানীহইতে বহুতর লোক আসিত কিন্তু যদবধি ৺ প্রাপ্ত হলমবর্গ সাহেব জুয়া উঠাইয়া দিলেন তদবধিই এই রাসের জাঁক ভাঙ্গিয়াছে।

বাষ্পীয় জাহাজের পুলিন্দা।

বেরেনিস জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডদেশে যে ডাকের পুলিন্দা প্রেরণার্থ উদ্যোগ হইতেছে তাহা পূর্ব্ব২ দিবসে বন্দ হইয়া কলিকাতাহইতে প্রেরিত হইল। বেরেনিস জাহাজ বর্ত্তমান মাসের ৩০ তারিখে বোম্বাই ছাড়িয়া সুয়েজে যাইবে।

দিনাজপুরের ইঙ্গরেজী পাঠশালা।

অবগত হওয়া গেল যে অতিঘোরান্ধকারাচ্ছন্ন দিনাজপুর জিলাতে গবর্ণমেণ্টের পক্ষে এক ইঙ্গরেজী পাঠশালা স্থাপনার্থ নিশ্চয় হইয়াছে। ঐ জিলার মধ্যে এই আশ্চর্য্য বিষয় দৃষ্ট হইতেছে যে প্রজারা অতিদরিদ্র তথাপি গবর্ণমেণ্ট ঐ জিলাহইতে অতিভারি রাজস্ব পাইতেছেন। বোধ হয় রাজস্ব আদায়ের বিষয়ে অতিসমৃদ্ধ জিলা বর্দ্ধমানের পরই দিনাজপুর গণ্য। কিন্তু তদপেক্ষা আশ্চর্য্য বিষয় এই যে দিনাজপুর জিলার প্রজা লোক অতি অজ্ঞান ও অসভ্য অতএব যদি ঐ স্থানে একটা ইঙ্গরেজী বিদ্যালয় গবর্ণমেণ্টের অধীনে স্থাপিত হয় তবে তদ্দ্বারা তাহারদের মধ্যে বিদ্যানুরাগ জন্মিতে পারে কিন্তু যদ্যপি ঐ পাঠশালার দ্বারা কেবল এইমাত্র অনুরাগ হইত যে কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্বাধীনে যে যুব জমিদারেরদের উত্তরকালে অধিকাংশ প্রজারদের উপর অতি পরাক্রম থাকিবে তাঁহারদিগকে উত্তম বিদ্যা শিক্ষাণ যায়। তবে আমরা জ্ঞান করিতাম যে ঐ বিদ্যালয়েতে দেশের মহোপকার হইতে পারে।

জমিদারেরদের সমাজ।

রিফার্ম্মরপত্রে লেখে যে আমরা পরমাহ্লাদপূর্ব্বক জ্ঞাপন করিতেছি গত শুক্রবার অপরাহ্ণে চারি ঘণ্টাসময়ে ভূম্যধিকারি ব্যক্তিরদের সমাজ স্থাপনের ঔচিত্যানৌচিত্য বিবেচনার্থ কলিকাতা ও তৎসন্নিহিতস্থানীয় প্রধান২ জমিদারেরদের হিন্দুকালেজে প্রথম বৈঠক হয়। সমাজের অভিপ্রায় এই যে চেম্বর অফ কমর্স অর্থাৎ বাণিজ্য সমাজের দ্বারা যেমন বাণিজ্য বিষয় রক্ষা পাইতেছে তদ্রূপ এই সমাজের দ্বারা দেশীয় ভূমি সম্পর্ক বিষয়সকল রক্ষা পায় ও উন্নত হয়। অপর এই বিষয়ে ঐ বৈঠকে অনেক কথোপকথন হইয়া এই প্রকরণের নানা বিষয় উত্থাপিত হইল এবং নিষ্করভূমি বাজেয়াপ্তের যে ব্যাপার হইতেছে তদ্বিষয়েও বিশেষ বিবেচনাপূর্ব্বক এই স্থির হইল যে ভূমিসম্পর্কীয় ব্যক্তিরদের উচিত যে তাঁহারা সমুদায়ে ঐক্যবাক্য হইয়া যথাসাধ্য উপায়ের দ্বারা উচিতমতে আপনারদের বিষয় রক্ষা করেন। পরে এই সমাজের এক পাণ্ডুলেখ্য ও বিধিসকল নির্ব্বন্ধকরণার্থ ক্ষণেকের নিমিত্ত এক কমিটি স্থাপন করেন অর্থাৎ শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেববাহাদুর এবং শ্রীযুত বাবু রামকমল সেন এবং শ্রীযুত বাবু ভবানীচরণ মিত্র ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর। এই কমিটি মহাশয়েরদিগকে কেবল এই উপদেশ জ্ঞাপন করা গেল যে সমাজের বিধান প্রস্তুতকরণসময়ে ইহা স্মরণ করিবেন যে এই সমাজ জাতি কি দেশ কি বর্ণ কিছু বিভেদ না করিয়া সর্ব্বপ্রকার লোকের নিমিত্ত স্থাপন হইল অতএব তাহার বহির্ভূত কেহই থাকিবেন না। এই সমাজের এমত সাধারণ নিয়ম হইবে যে তদ্দ্বারা সর্ব্বপ্রকার ব্যক্তিই তাহাতে প্রবিষ্ট হইতে পারেন। এবং দেশের মধ্যে যে কোন ব্যক্তি ভূমিসম্পর্কীয় হন তিনি স্বচ্ছন্দে ঐ সমাজের অন্তঃপাতী হইতে পারেন। এই কমিটির কার্য্য সমাপন হইলে পর ঐ সকল বিধির বিবেচনার্থ ও সমাজ স্থাপনার্থ সাধারণ এক বৈঠক হইবে।

The *Rass* temple in Serampore, which formerly drew crowds from the metropolis, has fallen into disrepute since Mr. Hohlenberg drove away the gamblers.

The Steam Mails.

The Mail to be despatched to England by the *Berenice* was closed in Calcutta the day before yesterday. The *Berenice* will leave Bombay for Suez on the 30th of this month.

Public Seminary at Dinagepore.

We have heard that it is intended to establish a Public School, on the part of Government, in the dark and benighted district of Dinagepore. This district is remarkable for the extreme poverty of its inhabitants, and for the large revenues which it yields to Government, being, if we mistake not, second in this respect only to the wealthy district of Burdwan. But it is still more remarkable for the extremely ignorant and uncivilized condition of the people. An English Seminary, supported by the influence of Government, will do much to create a thirst for knowledge; but if it did nothing more than impart a good education to the wards of Court, the young Zemindars, who will eventually exercise so extensive an influence over a large portion of the people, we should consider its establishment a great local blessing.

The Zemindary Association.

We have much pleasure in announcing that last Friday, at 4 P. M. a preliminary meeting of the principal Zemindars, residing in and near Calcutta, was held at the Hindoo College, for the purpose of considering the propriety of forming an association among those who are interested in the soil, the object of which would be to defend and promote the landed interests of the country, in the same manner as the Chamber of Commerce has been instituted for the commercial interests. After a good deal of desultory conversation, in which the various points connected with the subject were considered, the resumption operations occupying no inconsiderable portion of attention, the meeting came to the resolution that the landed interests of the country ought to unite and protect themselves with every legitimate means in their power. They then proceeded to elect a provisional committee, for the purpose of preparing a sketch and a set of rules for the association, and the following gentlemen were nominated; Rajah Radhacant Deb Bahadoor, Baboo Ramcomul Sen, Baboo Bhobanychurn Mitter, and Baboo Prosunno Coomar Tagore. The only instructions with which the members of this provisional committee were charged was, that in preparing the rules, they should bear in mind that the association was intended to embrace people of all descriptions, without reference to caste, country, or complexion, and rejecting all exclusiveness, was to be based on the most universal and liberal principles: the only qualification necessary to become its members, being the possession of interest in the soil of the country. When the provisional committee have finished their work, a general public meeting will be called to reconsider the rules, and establish the association. -*Reformer.*

শ্রীযুত লার্ড অকলণ্ড।

শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব রবিবার অপরাহ্ণে পাঁচ ঘণ্টার সময়ে পাটনাতে উত্তীর্ণ হইয়া তথায় ৮ তারিখ পর্য্যন্ত অবস্থান করিলেন। পরে দানাপুরে গমনপূর্ব্বক দরবারে উপবিষ্ট হইলেন। এবং সকলে তাঁহার সঙ্গে সাক্ষাৎ করণার্থ নিকটে যাঁহারা নাম প্রেরণ করিয়াছিলেন তাঁহারদের সঙ্গে সাক্ষাৎ করিলেন। অপর ঐ স্থানীয় সেনাপতি সাহেবেরা শ্রীলশ্রীযুক্ত ও শ্রীমতী মিস ইডেনকে এক নাচে ও ভোজে আহ্বান করিলেন তাহাতে শতাবধি মহাশয়ব্যক্তি উপস্থিত ছিলেন।

কানপুর।

কানপুর হইতে আগত ৭ নবেম্বর তারিখের পত্রে লেখে যে এইস্থানীয় সম্বাদ এই। কানপুরের গোলাঘাটে শস্যপূর্ণ ৯ খান নৌকা কেহ২ কহেন ১১ নৌকা ৪ তারিখে দগ্ধ হইল। এখানে টাকায় ১২ সের আটা ১৪ সের বুট ঘোড়ার দানা প্রায় মিলে না। শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের পোষিত পশু প্রভৃতি অর্থাৎ ১০৮ হস্তী ৭০০ উষ্ট্র ২০০ খালাসী ও ৫০০ বেহারা পঁহুছিয়াছে শ্রীমতী মিস ইডেনের বাসার্থ বৃহৎ পাঁচ তাম্বু সঙ্গে২ চলিতেছে। শ্রীলশ্রীযুক্তের ছাউনির নিমিত্ত প্রতিদিন ১৫০ মোন শস্য লাগিবে। তাহা কি প্রকারে কোথায় মিলিবে। দেশীয় তাবৎলোক অনাহারে মৃতপ্রায় আছে।

শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর ও আমাত্যগণ দুই বাষ্পীয় জাহাজারোহণে দানাপুরহইতে ১০ তারিখে অতি প্রত্যূষে যাত্রা করেন। বাষ্পীয় জাহাজ অত্যুত্তমাবস্থায় আছে।

বারাণসীহইতে সাধারণ পত্রে লেখে যে শ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর ও তদীয় সমভিব্যাহারিবর্গের ১৭ তারিখে বারাণসীতে উত্তরণের কল্প ছিল ৯ তারিখে শ্রীলশ্রীযুক্ত দানাপুরে অবস্থান করেন তৎপরদিবস পূর্ব্বাহ্ণে তথাহইতে প্রস্থিত হওনের সম্ভাবনা। ঐ পত্রের তারিখের পাঁচ দিবস পূর্ব্বে শ্রীলশ্রীযুক্তের ত্বৈনাতি সৈন্য ও গাড়ি ঘোড়াপ্রভৃতি বারাণসীতে পঁহুছে।

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব।

অবগম হইল যে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের আরোহণার্থে ১৫ তারিখে একখান বাষ্পীয় জাহাজ আলাহাবাদে প্রস্তুত থাকিবে অতএব ১ ফেব্রুআরি তারিখে কলিকাতা রাজধানীতে তাঁহার আগমনের অপেক্ষা আছে।

সিহোর।

১ তারিখের মৌহইতে আগত পত্রে লেখে যে আমি এইমাত্র শুনিলাম যে শ্রীযুক্ত কমিস্যনর সাহেব ৬৮ রেজিমেণ্ট সৈন্য তথায় বদ্ধ রাখিয়াছেন এবং যে ৭২ রেজিমেণ্ট এখানহইতে সাগর প্রদেশে যাইতেছিল তাহারাও ঐ স্থানে ধৃত হইয়াছে। কাপ্তান গেডেস সাহেবের অধীনে যে অশ্বারূঢ় ও গোলন্দাজেরা ছিল তাঁহারদিগকেও ঐ স্থানে গমনার্থ হুকুম

Lord Auckland.

Lord Auckland reached Patna on Sunday, the 5th instant, and remained there to the 8th, when he proceeded on to Dinapore, where he held a levee, and granted private audience to those who solicited it. His Lordship and the Misses Edens also accepted of a ball and supper by the officers of the Station, at which 100 persons sat down.

Cawnpore.

The following is an extract of a letter received from Cawnpore, 7th November. "The only items of news are, nine grain boats (some say eleven) burnt at Golah Ghaut, Cawnpore, on the morning of the 4th. Ottah, 12 seers per rupee; gram 14 seers; forage getting very scarce. The Governor General's public cattle, 108 elephants, 700 camels, besides 200 classies and 500 bearers. There are 5 field officer's tents for the use of the Misses Edens. The consumption of grain for the Camp will be upwards of 6 tons or 150 maunds a day—and this in districts where people are starving!" --*Hurk.*

The two Steamers with the Governor General and his suite proceeded on from Dinapore, at daylight on the morning of the 10th instant. The vessels are reported in excellent working order.—*Cal. Cour.*

A private letter from Benares informs us, "that the Governor General and his suite were expected to arrive there on the 17th instant. His lordship was at Dinapore on the 9th Instant, and was to leave that station on the following morning. The Governor's body guard, carriages, horses, &c., arrived at Benares about five days prior to the date of the letter in question."

Sir Charles Metcalfe.

We hear that a Steamer is to be at Allahabad, on the 15th January, for Sir Charles Metcalfe, who may, therefore, be expected in Calcutta about the 1st of February.– *Hurk.*

Sehore.

A letter from Mhow, dated 1st instant, says, "I have this moment heard that the Commissioner at Sehore has detained the 68th and the 72nd on their route from Saugor hence, has been ordered there also, The Horse Artillery from hence under Captain Geddes proceeds direct to Sehore; in case of their be-

হইয়াছে এবং যদ্যপি ঐ সৈন্যেরদের কোন আবশ্যকতা থাকে তবে বোধ হয় অবশ্য যুদ্ধসম্ভাবনা আছে। যে সৈন্যেরা সেই স্থানে আটক হইয়াছে তাহারদের নিমিত্ত এ স্থানহইতে বারুদগোলা ইত্যাদি প্রেরিত হইয়াছে। অতএব আপনি অতিশীঘ্র এই বিষয়ের কোনসম্বাদ অবশ্য শ্রবণ করিবেন। বোধ হয় যে এই বিভুটপ্রযুক্ত এখানে ৪৪ রেজিমেণ্টের যত কাল থাকনের সম্ভাবনা ছিল তদপেক্ষা অধিক কাল থাকিবে। ১৫ তারিখে তাহারদের যাত্রা স্থির হইয়াছিল।

পুণ্যনগর।

প্রকৃত অপরাধি নারায়ণ ভট চিত্রালয় ছয় দিবস হইল পুণ্যনগরে ধৃত হইয়া সেতারাতে প্রেরিত হয়। ইহার পূর্ব্বে অতিদরিদ্র নির্দোষ প্রাচীন এক ব্রাহ্মণকে ঐ নারায়ণ ভট্ট বলিয়া ধৃত করিয়া সেতারাতে প্রেরণ করা গিয়াছিল। প্রকৃতাপরাধি ব্যক্তির প্রতি এই অভিযোগ হয় যে ঐ স্থানে যে ষড়যন্ত্র হইয়াছিল তিনি তাহার এক জন অংশী।—বোম্বাই দর্পণ।

সিন্ধুনদীর বাণিজ্য।

লাহোরের মহাজনেরদিগকে সিন্ধুনদীর উপরে বাণিজ্যেতে শ্রীযুক্ত মহারাজ রণজিৎ সিংহ অনেক প্ররোচনা করিয়াছেন এবং পঞ্জাব দেশজাত দ্রব্যেতে পূর্ণ ৩০ ৩৫খান নৌকা কথিত আছে অতিশীঘ্র এতদর্থ বোম্বাইতে প্রেরিত হইবে যে ঐ স্থানে ঐ দ্রব্যের কিরূপ উঠতি হয়। শুনা গেল মহারাজ রণজিৎ সিংহ মহাজনেরদের নিকটে এইরূপ অঙ্গীকার করিয়াছেন যে এই নূতন বিষয়ে যদি তোমারদের কিছু ক্ষতি হয় তাহা পূরণ করিয়া দিব

বোম্বাইতে রাহাদারি মাসুল উঠান।

বহুকালের পর বোম্বাইর রাহাদারি মাসুল এইক্ষণে উঠিল। এবং বঙ্গদেশীয় রীত্যনুসারেই তাহা হইয়াছে। ঐ স্থানীয় মাসুল রহিতকরণের আইনের হেতুবাদ পাঠ করিয়া বোধ হয় এই ব্যাপার সম্পন্ন করিতে বিলম্ব হওনের কারণ এই যে তাহাতে রাজস্বের অতিক্ষতি সম্ভাবনা অতএব অগ্রে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের বিশেষ অনুমতি প্রাপণের আবশ্যকতা ছিল। বঙ্গদেশে রাহাদারি মাসুলের ক্ষতি যেমন সমুদ্রপথে আনীত দ্রব্যের মাসুলের দ্বারা পূরিত হইল তেমন বোম্বাইর মাসুল ক্ষতি পূরণের সম্ভাবনা নাই। এই বিষয়ে মান্দ্রাজে সর্ব্বাপেক্ষা কাঠিন্য আছে যেহেতুক ঐ স্থানে অন্যান্য রাজধানীঅপেক্ষা সমুদ্রীয় বাণিজ্য অল্প এবং রাহাদারি মাসুল অধিক। তথাপি আমারদের ভরসা হয় যে অল্পকালের মধ্যে দেশের যাবৎ রাহাদারি মাসুলই উঠিয়া যাইবে। যেহেতুক জুয়াখেলার মাসুলব্যতিরেকে রাহাদারি মাসুলের দ্বারা রাজস্ব উৎপাদন করা যেমন অনিষ্ট তদ্ভিন্ন আর কি অনিষ্ট নিয়ম আছে।

খাণ্ডেশে সিন্ধিয়ার রাজ্য ফিরিয়া দেওন।

বোম্বাইর সম্বাদপত্রে লেখে আমারদের এই স্থানে এমত সম্বাদ পঁহুছিয়াছে যে খাণ্ডেশের কএক প্রদেশ সংপ্রতি সিন্ধিয়াকে প্রত্যর্পণ করা গিয়াছে কথিত আছে যে সিন্ধিয়া বৃটিস গবর্ণমেণ্টের কিঞ্চিৎ ধারিতেন তাহা পরিশোধার্থ ঐ প্রদেশ বন্ধক স্বরূপ গবর্ণমেণ্টের হস্তে থাকে। সাত বৎসর হইল ঐ কর্জ তিনি পরিশোধ করিয়াছেন তদবধি ঐ প্রদেশ বৃটিস গবর্ণমেণ্টের জিম্মায় আছে রাজস্ব তাঁহার নিকটে দাখিল হইতেছে।

ing required, there may be a "flare up." Ammunition has been despatched from hence for the corps detained, so you may hear something from that quarter shortly. This will probably detain the 44th Regiment here longer than they expected; they were to have marched on the 15th instant.—*Eng. Nov. 14.*

Poona.

The real Narryen Bhut Chittalay, not the poor old innocent Brahman who was in vain escorted to and from Sattara, was apprehended about six days ago, and sent to Sattara under a guard. He is charged with having been an accomplice in the late conspiracy.—*Bombay Durpun, Nov. 3.*

Trade of the Indus.

Runjeet Sing has encouraged the merchants of Lahore to embark on the trade of the Indus; and a fleet of thirty or thirty-five boats laden with the produce of the Punjab, would, it is stated, be dispatched immediately to Bombay, to try what market could be found for them. It is understood that Runjeet has undertaken to indemnify the merchants for whatever losses they may sustain in this novel undertaking.

Abolition of the Transit Duties at Bombay.

The Transit Duties have at length been abolished at Bombay; and that Presidency has been placed upon the same footing as Bengal. From the Preamble to the Act of Abolition, we gather that the delay in carrying this measure into effect, has arisen from the necessity of seeking the sanction of the Court of Directors for a measure which was likely so very materially to interfere with the revenue. The same amount of equivalent cannot be expected at Bombay in the Sea Duties, which was found in Bengal. At Madras the difficulty in this respect will be still greater; for there the inland duties are heavier, and the maritime trade less than at either of the other Presidencies. We hope, however, that ere long the Transit Duties will be abolished throughout the country; for of all modes of raising a revenue, that by gambling excepted, this is the most exceptionable.

Restoration of Scindia's Territories in Kandeish.

We do not know what truth may be in the story, but we are informed that some districts of Khandeish have lately been given over to Scindia. It is said we held them till a certain debt due to us by Scindia should be paid up, and which payment was made some seven years ago; since then we managed those districts, and paid the rents to the Gwalior ruler.

আরো কথিত আছে যে ঐ প্রদেশ তাঁহাকে ফিরিয়া দেওনের কারণ এই যে শ্রীযুক্ত মেজর সদর্লণ্ড সাহেব গয়লিয়রের দরবারে এমত আদেশ করেন যে নিজামের কএক দল অশ্বারূঢ় সৈন্য যেমন ইঙ্গলণ্ডীয় সেনাপতিরদের অধীনে আছে তদ্রূপ অশ্বারূঢ় সৈন্য সিন্ধিয়াও প্রস্তুত করিয়া দিবেন ইহা তিনি অস্বীকৃত হইতে পারিলেন না। কিন্তু ইহা কহিলেন যে এই রাজ্য অতিনিঃস্ব অতএব ঐ আপত্তি খণ্ডনার্থ কেবল এই উপায় চিন্তা করিলেন যে খাণ্ডেশ প্রদেশ তাঁহারদিগকে ফিরিয়া দেওয়া যায়। কথিত আছে যে কর্তৃত্বকারি গবর্ণমেণ্ট বোম্বাইর গবর্ণমেণ্টের সঙ্গে বিন্দুমাত্র পরামর্শ না করিয়া ঐ প্রদেশ ফিরিয়া দিতে আজ্ঞা করিয়াছেন।

ঐ প্রদেশ ১৭ বৎসরঅবধি ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যভুক্ত আছে এবং কথিত আছে যে ঐ প্রদেশীয় প্রজাগণ ইঙ্গলণ্ডীয়েরদের আশ্রয় পাইয়া এমত সন্তুষ্ট ছিল যে আপনারদের প্রাচীন রাজার অধীন না হইতে হয় এতদর্থ তাহারা এক দরখাস্ত করে। তাহারদের বিলক্ষণ স্মরণ আছে যে পূর্ব্বকার রাজকীয় আমলারা তাহারদিগকে কিরূপ ত্রস্ত করিয়া টাকা না লইতেন। কিন্তু বর্ত্তমানাবস্থায় তাহারদের ঐ প্রার্থনার প্রতিবন্ধকতা স্বীকারহইতে পারিল না অতএব তাঁহারাও তাঁহারদের ভূমি অর্পিত হইয়াছে। এইক্ষণে গয়লিয়রের রাজা তাঁহারদের সঙ্গে যথেষ্টাচরণ করিবেন।

লাডাকহইতে আগত ব্যক্তিরা লেখেন যে মহারাজ রণজিৎ সিংহের এক জন কুটুম্ব রাজা গোলাব ত্রিব্বতের রাজার নিকটে আপনার দুই জন কাশ্মীরী ভৃত্যকে বহুমূল্য উপঢৌকন সঙ্গে দিয়া প্রেরণ করেন। কিয়ৎকালাবধি ত্রিব্বতের রাজা পট্টীস্থানে বাস করিতেছেন। ঐ কাশ্মীরীরা তাঁহাকে কহিলেন যে এইক্ষণে আপনকার রাজধানী লাডাকে প্রত্যাগত হইয়া স্বীয় রাজ্য করিতে পারেন। এবং আপনকার অপদস্থ হওনের পর ঐ পদস্থ যিনি ছিলেন তিনি বার্ষিক ৩০,০০০ টাকা করিয়া দিতেন আপনকার কেবল ১৮,০০০ টাকা দিলেই হইবে।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

আমারদিগের প্রেরিত পত্রের মধ্যে দেখিতে পাইবেন যে অযোধ্যার রাজার মৃত্যুবিষয়ক অনেক আশ্চর্য্য ঘটনা হইয়াছে তাহা কুরীয়রসম্পাদক গত সন্ধ্যাকালের পত্রে সংক্ষেপে কিঞ্চিৎ লিখিয়াছেন পত্রপ্রেরকের পত্রে অনেক নূতন খবর আছে তজ্জন্য আমরা ত্বরায় প্রকাশ করিলাম। অযোধ্যা রাজ্যের কএক বৎসরপর্য্যন্ত কর্ম্ম সকল অত্যন্ত মন্দরূপে চলিতেছে অতএব সর্ব্বপ্রকার কুকর্ম্ম হওন সম্ভবনীয় অতএব আমারদিগের পত্রপ্রেরক যাহাং লিখিয়াছেন তাহা সকল সত্য। রাজা এমন মানি ব্যক্তি এবং বৃটিস বিচারাধিপতিরা তাঁহাকে রক্ষা করিতেছেন এমত ব্যক্তির উপর এতদ্রূপ দৌরাত্ম্য হইবে আমরা মনেও জানি না মৃত রাজার দুরবস্থায় আমারদিগের স্নেহ জন্মে কারণ তিনি রাজা হইয়া ও শত্রুবের

It is further said, that the immediate cause which led to the surrender of those districts, was Major Sutherland's having applied to the Gwalior Court to raise a contingent of horse on the same footing as that we had in the Nizam's Army. This request could not well be refused, but a plea of poverty was thrust forward, which could only be obviated by the surrender of the Kandeish districts, and the Supreme Government, it is said, without consulting that of Bombay, gave directions for the delivery of those districts accordingly.

For the seventeen years during which that portion of territory was under the British control, it is said the inhabitants were so satisfied with the protection secured to them, that they petitioned against being transferred to their ancient ruler, having a full recollection of the grinding system practised by his underlings; but their request could not, under the circumstances, be allowed to stand in the way, and they and the territory have been handed over, to be controlled and governed as Gwalior's Lord may deem necessary.—*Bom. Gaz.*

Ladakh.

People arrived from Ladakh state, that Rajah Golaub, a connexion of the Ruler of Lahore, sent two Cashmerians, his confidants, with a valuable present, to the Rajah of Tibet, who has for some time taken up his residence at the place called Putty, with the message, that his Highness might now return to Ladakh, and resume the Government of that place, and instead of 30.000 rupees, which the individual who had been in possession of the state since he was ousted from it, used to pay, he should have to pay only 18,000 rupees.—*Loodianah Akhbar, Oct. 28.*

Spirit of the Native Papers.

It will be seen by reference to our correspondence columns, that there have been some very extraordinary circumstances connected with the death of the late King of Oude, which were cursorily adverted to in the columns of last evening's *Courier*. As there appears to be much novel information in the communication of our correspondent, we hasten to give it place. That the system of shameful mismanagement by which Oude has been "painfully distinguished" for years, would render any act of profligacy probable, we have but too long known,—but, taking it upon the assertion of our correspondent as fact,—that this villainy would have dared to direct itself against the person of the King, armed as he was by his station, and supported by British authority, we were not prepared to expect. We cannot but sympathize with the deceased, under the strange vicissitudes of his fortune, when we perceive a Prince, in possession of a throne, beset by enemies at the very foot of it, and

দ্বারা বেষ্টিত ছিলেন এবং হত্যারদিগের হিংসা ও প্রবঞ্চনাহইতে উদ্ধার হওন হেতু অন্যের সহায়তা যাচ্ঞা করিয়াছিলেন এই রাজার খাদ্য এক জন ইঙ্গরেজের সম্মুখে প্রস্তুত হইত কারণ তাহাতে এমন কোন প্রবঞ্চনা না থাকে যাহাতে তাঁহার জীবনহানি হইতে পারে। ঐ সাহেব সর্ব্বদা ছদ্মবেশে কূপহইতে রাজার নিমিত্ত জল আনিতেন হায় কি দুঃখের বিষয় উচ্চপদে উচ্চ ক্লেশ কথিত আছে রাজা অত্যুত্তম লোক ছিলেন। কিন্তু আমরা এপ্রকার কহিতে পারি না কারণ তাঁহার অকাল মৃত্যু হওয়াতে আমরা খেদিত আছি কিন্তু তিনি সাধারণের নিকট যেপ্রকার ব্যবহার করিয়াছিলেন তাহাতে আমরা তাঁহার প্রতি খেদিত নহি। যৎসময়ে তিনি মন্ত্রী গ্রহণ করিলেন তখন তিনি উত্তমাবস্থায় ছিলেন এবং তিনি জানিতেন এই মন্ত্রী রেসিডেণ্ট সাহেবের অতিপ্রিয় ছিলেন তিনি অনুচিত ও বিশ্বাসঘাতকি কর্ম্ম করাতে ও রাজা তাঁহাকে রাখিয়াছিলেন ইহাতে তাঁহার মূর্খতা প্রকাশ হইয়াছে আমারদের পত্রপ্রেরক লেখেন যে ঐ উজীর রেসিডেণ্ট সাহেবের সহায়তা পাওয়াতে রাজার শক্তি হ্রাসতা হইয়াছিল কিন্তু বোধ হয় উজীর রেসিডেণ্ট সাহেবকে প্রতারণা করিয়া থাকিবেক এই সাহেবের অতিসুখ্যাতি অতএব তিনি এইপ্রকার করিয়াছেন এমত বিশ্বাস হয় না কিন্তু যদ্যপি রাজা রেসিডেণ্ট সাহেবকে জ্ঞাত করিয়া থাকেন যে মন্ত্রী আমার প্রাণ দণ্ড করিবার চেষ্টায় ফিরিতেছে ইহাতে ঐ সাহেব মনোযোগ না করিয়া থাকেন তবে তিনি অবশ্যই দোষী হইবেন প্রথমতঃ রাজা তাঁহাকে জানাইয়াছিলেন এমত বোধ হয় না কিন্তু সকল অনুসন্ধান করিয়া দেখিলে বোধ হয় যে তিনি জ্ঞাত করিয়া থাকিবেন যাহা হউক রেসিডেণ্ট সাহেবই মান্য হইলেন এতদ্রূপ দৌরাত্ম্য হওয়াতে স্পষ্ট দেখা যাইতেছে এই সকল রাজ্যের বিষয়ে মধ্যস্থ হওয়া অত্যাবশ্যক। সংপ্রতি শ্রীযুত গবর্নর্ জেনরল যে উপায় স্থির করিয়াছেন তাহাতে রাজ্যের কুশল হইবেক যদ্যপি গবর্নর্ সাহেব ঐ সকল উপায় আপন মত দিয়া দৃঢ় করেন তবে বর্ত্তমান রাজার রাজ্য অতিউজ্জ্বল হইবেক।—জ্ঞানান্বেষণ।

অযোধ্যাধিপতির মৃত্যু।

ডেলি নিউসসম্পাদক মহাশয়েষু।

গত রজনীর কুরিয়রপত্রে এবং অদ্যকার প্রাতের সমাচারপত্রে লক্ষ্ণৌর খবরের মধ্যে দিল্লীশ্বরের বিষপানে মৃত্যুর সম্বাদ পাঠ করিলাম তাহা আপনকার ডেলিপত্রে প্রকাশ হইলে বাধিত হইব। এক জন সাহেব যিনি রাজার এক মাস মৃত্যুর পূর্ব্বে লক্ষ্ণৌ পরিত্যাগ করিয়া আসিয়াছিলেন এবং যিনি ঐ রাজপরিবারের মধ্যে বাস করিতেন তিনি আমাকে কহিলেন রাজা নিঃসন্দেহে বিষপানে ত্বরায় মরিবেন এবং তিনি রাজার মৃত্যুর খবর শুনিতে প্রত্যহ উৎকণ্ঠিত হইতেন ঐ সাহেব রাজার তাবৎ খাদ্য দ্রব্য আপনি বাজারহইতে ক্রয় করিতেন ও প্রত্যেক বস্তুর রন্ধন হইলে তদারক করিয়া রাজার সম্মুখে পাঠাইতেন তিনি ছদ্মবেশে সর্ব্বদা কূপহইতে রাজার নিমিত্ত জল আনিতে রাত্রিতে যাইতেন অনেক বার রাজাকে বিষপান করাইবার চেষ্টা পাইয়াছিল ইহা উজীরের কর্ম্ম রাজা বোধ করিয়াছিলেন কারণ উজীর সশঙ্কিত ছিলেন যে রাজা কখন তাঁহার অন্যায়োপার্জ্জিত ধন অপহরণ করেন এই রাজা নির্দোষী এবং উত্তম মনুষ্য ছিলেন এবং দেশের তাবৎ গোলমাল উজীরহইতে হইয়াছিল রাজা তাহা দমন করিতে অক্ষম ছিলেন কারণ রেসিডেণ্ট সাহেব উজীরের সহায়তা করিতেন আমি খেদপূর্ব্বক কহিতেছি পূর্ব্বোক্ত সাহেব আমার সহিত সাক্ষাৎ হইলে কিছু দিন পরে দেশে গমন করিয়াছেন আমি তাঁহার কথায় সম্পূর্ণ বিশ্বাস করি এই বিষয় যদি ভাল বোধ করেন তবে আপনকার প্রেরিতপত্রের স্থানে প্রকাশ করিবেন।

কস্যচিৎ বৃদ্ধসৈন্যস্য।

৯ নবেম্বর ১৮৩৭ সাল।—ঐ।

পত্রপ্রেরকের প্রতি।

কস্যচিৎ অপক্ষপাত জনানাং ইতি স্বাক্ষরিত বাঘাটির রাস্তা বিষয়ক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহার মোকদ্দমা চলিতেছে এইক্ষণে তাহা প্রকাশার্থ বিবেচ্যাবস্থায় থাকিল।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

আমারদিগের এই কএক পংক্তি অনুগ্রহ পূর্ব্বক মহাশয়ের দর্পণে অর্পণ করিয়া মহোপকার করুন।

৩০ কার্ত্তিক রাত্রি ১১ ঘন্টা সময়ে সেওড়াফুলির ৺ প্রাপ্ত হরিশ্চন্দ্র রাজার নূতন হাটের উত্তর প্রান্তে এক খান ঘরে বাঙ্গাল ফড়িয়ারা পাক করিতে ছিল। তৎসময়ে কি প্রকারে ঐ ঘরের দরমার বেড়াতে অগ্নি লাগিয়া জ্বলিয়া উঠিল। তৎকালে লোক সকল কেহ২ শয়নে কেহ২ ভোজনে ছিল এবং অনেকে রাস যাত্রা দর্শনে গিয়াছিল। তৎপ্রযুক্ত ঐ অগ্নি নির্ব্বাণের কোন উপায় না হওয়াতে এক গৃহ হইতে অপর গৃহে এতদ্রূপে নানাবিধ সামগ্রীতে পরিপূর্ণ প্রায় ৭। ৮ শত ঘর একেবারে ভস্মসাৎ হইয়া গেল। ঐ মহাগ্নি উত্তরীয় বাতাসের সাহায্যে উত্তরহইতে উত্তরোত্তর দগ্ধ করিয়া দক্ষিণ সীমাতে পূর্ব্বোক্ত রাজার ৺ ঠাকুরাণী বাটীর দপ্তরখানা পর্য্যন্ত দগ্ধ করিল পরে শ্রীরামপুরস্থ গবর্ণমেণ্টের কর্ম্মকারক শ্রীযুত ডিক্রুস সাহেব প্রায় শতাবধি লোক সমভিব্যাহারে উপস্থিত হইয়া পুরোবর্ত্তি এক খান ঘর ভাঙ্গিয়া দিলে অগ্নি আর দক্ষিণগামী না হওয়াতে দক্ষিণস্থ দেগঞ্জ রক্ষা পাইল। কিন্তু পরদিবস বেলা দুই প্রহর পর্য্যন্তও ঐ প্রলয়াগ্নির শেষ হয় নাই। তাহাতে অনুমান সর্ব্বশুদ্ধ প্রায় লক্ষ টাকার সম্পত্তি ছাই হইয়া গিয়াছে। এবং সর্ব্বে গোলমালে অনেকের অনেক টাকার দ্রব্য লুঠও গিয়াছে কিন্তু ৺ ইচ্ছায় কোন প্রাণির হানি হয় নাই।

এই মহা বিপদের মধ্যে আশ্চর্য্য বিষয় এই যে ঐ মহাপ্রলয়াগ্নির গ্রাসের মধ্যে পড়িয়াও এক ব্রাহ্মণের প্রায় ৪।৫ হাজার টাকার তণ্ডুলাদি পূর্ণ গোলা রক্ষা পাইয়াছে। তাহাতে ঐ ব্রাহ্মণের সাহস ও নিষ্ঠার বিষয় অত্যাশ্চর্য্য যেহেতুক চতুর্দ্দিগে যখন ঐ মহাগ্নি জাজ্বল্যমান হইয়া উঠিল তখন তাঁহার ভৃত্যেরা গোলার দ্রব্যাদি বাহিরকরণে উদ্যত হইলে ব্রা

compelled to seek the friendly assistance of an individual foreigner, in evading the attempts of treachery and malice. His late Majesty's food was prepared in presence of "a gentleman living in his family," who saw it carried to the table, that no deception might be practised—no effort made for his destruction. He further "frequently accompanies the King in disguise to draw water from the public wells, for his Majesty's own use!! What a scene of wretchedness this discloses, and how strikingly it points out that the loftiest stations are rarely the most enviable. His Majesty it appears, bore the character of being a good man, and we know of nothing that induces us to qualify the assertion as far as his private character stands affected; but we confess that we cannot, notwithstanding our commiseration at his premature and unhappy fate, extend the same indulgence to the consideration of his public conduct. He was, perhaps, placed in a nice and even critical situation when he made choice of his minister; the more especially so, if he was conscious, that this man had acquired the confidence of the Resident—yet, even with this allowance, we are at a loss to comprehend the weakness that suffered him to remain in office, when his malversations once became manifest, and a suspicion was engendered of his fidelity. Our correspondent states, that his Majesty's control ceased, because the vizier was supported by the Resident. For the honour of the British name, we must suppose, that functionary to have been deceived. His fame is too well established to admit a doubt of the fact: but he is not exempt from blame, if the king did ever state his apprehension that his crafty and rapacious servant was likely to attempt his life. We know not that he did; but it does not seem improbable, on a review of the circumstances, that he should have done so although for the resident's credit, we hope he did not. Nothing can more forcibly mark the strong necessity that has existed for our intervention in the affairs of these unhappy dominions, than this daring instance of what treason and influence united have been able to execute. The steps lately taken will soon produce tranquillity, and the last decisions of our Governor General alone seem wanting to set the seal of conformation on those brighter prospects which appear likely to attach to the reign of the present sovereign of Oude.—*Daily News, Nov. 10.*

DEATH OF THE KING OF OUDE.

To the Editor of the Daily News.

DEAR SIR,—In last night's *Courier*, and in the morning papers of to-day, there is a short passage under the head "Lucknow," relative to the poisoning of the King, which for particular reasons, I will thank you to insert in your next *Daily News*. A gentleman, who left Lucknow about a month before the King's death, and who lived in his family, told me he had not the *smallest doubt* His Majesty would die by poison soon after he left him, and he expected to hear of his death every day. All the King's food, he himself (the gentleman in question) purchased by H. M.'s order in the bazar, *saw every article dressed* and carried to table before him. He often *went with the King in disguise* at night, to draw water from the public wells for His Majesty's use. Several attempts had been made to poison the King all of which H. M. attributed to the late Vizier, who was afraid H. M. would sometime or other make him disgorge his illgotten wealth. The King was an innocent, amiable man, & all the disorders of the country were owing to the Vizier, whom H. M. was unable to control, as he was supported by the Resident. I regret that the gentleman above alluded to went home shortly after I saw him. I can rely with *implicit* confidence on his word. You may publish the foregoing, if you please, in your correspondence sheet.

Yours very truly,

VETERAN.

November 9, 1837.

To Correspondents.

We have received a letter, regarding the Bagatee road, signed by *certain impartial men;* the course is now under discussion, and we cannot, therefore, publish the letter.

Correspondence.

To the Editor of the Durpun.

Oblige me by publishing the following few lines in the *Durpun*. On the 13th Kartick, about 11 o'clock at night, a number of retail dealers were cooking in a house on the north side of the New Bazar, established by the late Harrischunder Rajah. By some means or other, the mats which surrounded the house took fire. The people around were some of them asleep, some of them had sat down to eat, and many were gone to the *Rasa* festival. There was, therefore, no means of extinguishing the fire, which spread from house to house, till between 7 and 800 had been reduced to ashes. The fire spread, through the force of the wind from the North to the South, destroying every thing in its progress, to the counting house of the Goddess. Just at this time Mr. D'Cruz who is employed by the Danish Government of Serampore, arrived there with about 100 people, and immediately proceeded to break down some houses in the face of the fire, which prevented its spreading any farther, and thus Delgunge was saved. The fire was not absolutely extinguished before 12 o'clock next day. The property destroyed cannot amount to much less than a lakh of Rupees; in the confusion much property was stolen, but through the goodness of God no life was lost.

In this great calamity, it is a matter of surprise that a store house, containing 4 or 5,000 Rupees worth of corn, belonging to a Brahmin, was saved, though in the middle of the fire. His courage and deliverance appear wonderful. When the fire was raging all around, and his servants were

ক্ষণ কহিল যে গোলাহইতে এক পয়সার দ্রব্যও বাহিরকরণের আবশ্যক নাই আমি বরং গোলার মধ্যে বসিয়া পরমেশ্বরকে ডাকিব তাহাতে আমার ভাগ্যে যাহা থাকে তাহাই হইবে। এই কথা কহিয়াই ব্রাহ্মণ গোলার মধ্যে বসিয়া ঈশ্বরের নাম জপ করিতে লাগিল। তাহাতে ৺ ইচ্ছায় ব্রাহ্মণের তাবৎ বিষয় রক্ষা পাইয়াছে।

পরন্তু এই নূতন হাট অতিসমৃদ্ধ হইয়াছিল যেহেতুক ঐ হাটে নানা পল্লিগ্রাম হইতে নানাবিধ দ্রব্য আমদানী হওয়াতে তৎক্ষণাৎ বিক্রয় হইয়া নানাস্থানে বিশেষতঃ কলিকাতা নগরে অধিকাংশ যাইত। উক্ত রাজা অনেক ব্যয় বিতরণ দরবারাদি করিয়া অতিসমৃদ্ধ বৈদ্যবাটীর পুরাতন হাট ভাঙ্গিয়া স্বীয় রাজবাটীস্থ ৺ ঠাকুরাণী বাটীর উত্তরাংশে এই হাট বসান। তাহাতে রাজা অনেক টাকা ব্যয় করিয়া হট্টের অধিকাংশ ঘর প্রস্তুত করিয়া দেন এবং অনেক দোকান দারেরদিগকে অর্থেতে ও কএক বৎসরপর্য্যন্ত কর গ্রহণ না করাতে অনেক সাহায্য করেন। এইক্ষণে মহা খেদের বিষয় এই যে ঐ রাজা ইহলোক ত্যাগ করিয়া স্বর্গবাসী হইয়াছেন এবং তাঁহার উত্তরাধিকারিরাও অতি শিশু রাজ্যও এক প্রকার হস্তান্তর হইয়াছে অতএব ঐ হাটের তাবৎ গোলদার ও দোকানদারেরা সর্ব্বনাশে হাহা রবেরোদন করিতেছে।

কেষাঞ্চিৎ দুঃখিজনানাং

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

এই কয়েক পংক্তি অনুগ্রহ পূর্ব্বক দর্পণে স্থান দিয়া আমারদের কৃতজ্ঞতা স্বীকার প্রকাশ করুন।

সম্পাদক মহাশয় প্রতি বৎসরে খুরদহ গ্রামে শ্রীযুত মহাবংশ্য গোস্বামিদিগের ৺ শ্রীশ্রী শ্যামসুন্দর ঠাকুরের রাস যাত্রা মহোৎসবে কার্ত্তিকী পূর্ণিমাবধি তিন দিন ব্যাপিয়া দিবা রাত্রি চতুর্দ্দিক ন্যূনাধিক ২০ ক্রোশ হইতে নানা স্থানীয় স্ত্রীপুরুষ সাধারণ বহুতর লোকের সমাগম হইয়া থাকে। অতএব ঐ মহোৎসব এতদ্দেশীয় লোকের পক্ষে একপ্রকার আনন্দজনক বটে কিন্তু মহা খেদের বিষয় এই তাহাতে যে দুইটা মহানিষ্ট ব্যাপার অর্থাৎ অনেক লোকের ধন প্রাণ উভয় নষ্ট হয় যেহেতুক ঐ মহোৎসবের জাঁকের প্রধানাঙ্গই জুয়াখেলা তাহাতে এতদ্দেশীয় অনেক ভদ্র সন্তানের সর্ব্বনাশ হইয়া যায় ইতোর লোকের বিষয় বক্তব্য নহে। প্রাণ হানির বিষয় ঐ উৎসবের সময়ে এবং তাহা সমাপনের পরদিবসে গোষ্ঠবিহার যাত্রা দর্শনার্থ এতদ্দেশীয় আবাল বৃদ্ধ বনিতা বিশেষতঃ অধিকাংশই স্ত্রীলোক একখান পারাবারের পানসিতে সমাবেশের অধিক দ্বিগুণ ত্রিগুণ নাবিকেরা লইয়া পার করে। তাহাতে প্রতিবৎসরেই দুই তিন খান পানসি মগ্ন হইয়া অনেকের প্রাণ হানি হয়। অতএব ইহার অধিক অনিষ্ট আর কি আছে পরন্তু এই মহানিষ্টের মধ্যে ধন ক্ষয়ের বিষয় শ্রীযুত সমাচার পত্র সম্পাদকাগ্রগণ্য মহাশয়েরদিগের সমাচার পত্রে বিশেষ আন্দোলন হওয়াতে শ্রীযুত বিচারকর্ত্তারদের দৃক্‌পাত হইয়া এই বৎসরে প্রায় রহিত হইয়াছে। প্রাণহানির বিষয়ও আপনারদের সমাচার পত্রের শ্রীবৃদ্ধিতে নিবৃত্ত হইবে এমত দৃঢ় তর ভরসা আছে। যেহেতুক আপনারা যখনযে বিষয় ধরেন তাহা তখনই হউক বা কিছু বিলম্বে হউক লিখিতেং প্রায় শেষ করিয়াই থাকেন। অতএব আমারা পরমাহ্লাদ পূর্ব্বক অগ্রে মহাশয়েরদিগকে পশ্চাৎ বিচারকর্ত্তাকে আমারদের মহোপকারের প্রতিদান স্বরূপ অগণ্য ধন্য বাদ দিয়া শ্রীশ্রী৺ সন্নিধানে নিরন্ত প্রার্থনা করি যে আপনারা চিরজিবী হইয়া এই সকল কুব্যবহার নিবারণে যত্ন করত শ্রীশ্রী৺ অনুগ্রহ পাত্র হউন।

কেষাঞ্চিৎ জুয়ারি পুত্রাপহৃত সার্ব্বস্বানাং।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

কস্যচিৎ দরিদ্র চৌকিদার নামধারি আপনকার পত্রপ্রেরক দেশীয় কর্ত্তারদের তাবন্নিয়ম স্থিরকরণের অত্যন্ত চেষ্টিত আছেন তিনি তা

ployed in getting out whatever they could from the house, the brahmin forbid them to take out the value of a single pice, but said, "I will go and sit myself within the store, and then call upon God, and whatever may be appointed for me, let it happen;" saying this, the brahmin went into the place, and began to call upon God, and all his property was saved.

This new Bazar had become very flourishing; it was the mart for the goods of all the surrounding villages, of which the produce found a very quick sale, and was immediately sent abroad every where, more particularly to Calcutta. The old Rajah had spent a great deal of money in establishing the Bazar, and had almost broken up the old and celebrated market of Buddyabatee by this new market, which he established to the north of the Goddess's temple. At a great expense he erected nearly all the houses himself, and advanced money to the shopkeepers, and remitted the rents for several years. It is greatly to be regretted, that the Rajah is now dead, and his successor is very young; in fact the Estate may almost be said to have passed out of the family, and hence the shopkeepers and merchants of the *Haut* are reduced to the greatest poverty.

Certain poor People

To the Editor of the Durpun.

Oblige me by publishing these few lines in the *Durpun*, regarding the festival, held every year at Khurdah at the *Rass* in honour of Samsoonder Thakoor, belonging to the noble family of the Gosswamees. For three days after the full moon in Cartick, there is a vast assemblage of men and women, night and day, from a distance of forty miles. This festival is, therefore, in one respect the occasion of joy to the people of the country, but it is matter of regret that it is accompanied with evils which destroy the property and lives of a great many; for the chief celebrity of this shrine is its gambling, by which the sons of many respectable men are entirely ruined, independently of the injury done to the people. The loss of life is thus occasioned; the day after, the Goshbehar festival is held, and is attended by crowds of men, women and children, but chiefly by women who are crowded into boats, which are filled with twice or three times the number of passengers they ought to carry. Every year two or three of these boats are upset, and many lives are lost. What can be more unfavourable than this? At it regards the loss of property, in consequence of the agitation of the subject in the Newspapers, the attention of the Magistrate has been drawn to it, and it has been this year almost extinguished. And it is possible that through the discussion of the subject in the Papers, even the loss of life may be prevented; for whenever any subject is taken up in the papers with vigour, either then or subsequently, by continual writing, the matter is brought to a close. We, therefore, return our thanks, first to you, and then to the Magistrate, for the service which has been rendered, and pray that you may live for ever, in order to assist in putting down these evils.

One who has suffered from Gambling.

To the Editor of the Durpun.

SIR,—Your correspondent, under the mask of "Certain poor Chowkeedars," ap-

হা করিতে পারেন। কিন্তু এক জনের উপকারের নিমিত্ত অন্য ব্যক্তিকে তিরস্কারকরণের আবশ্যক কি। ইহার পূর্ব্বে আমলারদিগকে উৎকোচ দেওনার্থ জমিদারেরা রাইয়তেরদের স্থানে মাথটপ্রভৃতি লইতেন কিন্তু এইক্ষণে দেশ এমত দরিদ্র হইয়াছে যে তাহারা আর টাকা দিয়া উঠিতে পারে না। জমিদারেরদের বিলক্ষণ সন্তোষ হইত যদ্যপি আপনার পত্রপ্রেরক মফঃসলের হস্তবুদ তাবৎ খাজানা লইয়া সরকারে রাজস্ব দিয়া তাঁহারদের জমিদারী লন এবং আপনি বাট্টা মাথটপ্রভৃতি তাবৎ লন। আমি জমিদারেরদের বিষয়ে নিশ্চয়ই কহিতে পারি যে তাঁহারদের অধিক পরিশ্রমের কার্য্য নাই বটে। রাত্রি জাগরণে কেবল পাঁচ ঘন্টার কর্ম্ম। খাজানা আদায় করা বৎসরের মধ্যে কেবল দুই এক দিনের কর্ম্ম এতদ্ভিন্ন মালের কাছারীতে প্রতিদিন দুই ঘন্টা করিয়া থাকিতে হয়। অবশিষ্ট সময় তাহারদেরই অতএব ইহা বড় কঠিন পরিশ্রমের কর্ম্ম নহে। তিনি কি ইহা অবগত নহেন যে এইরূপে চৌকিদারেরা দুষ্কর্ম্মে প্রবর্ত্ত হইতে পারে না। তাহারা সকলই নীচ জাতীয় তাহারা অবকাশ পাইলেই কেবল মদ্য পান ও চুরী ডাকাইতীর নিমিত্ত চেষ্টা পায়। তাহারদের পরিবর্ত্তে ভদ্র ব্যক্তিকে ভারি বেতন দিয়া রাখা যায় ইহা সৎপরামর্শ বটে কিন্তু টাকা কোথাহইতে হয়। এইক্ষণে রাইয়তেরা অন্যাহারে মৃতপ্রায় তাহারদের উপরে আর ভার চাপাইলে মরার উপরে খাঁড়া হয়। অতএব সাধারণ লোকের উন্নতি দৃষ্টে তদর্থ উত্তম লোক রাখিতে পারা যায় এইক্ষণে সে কথা মিথ্যা দশসালা বন্দোবস্তানুসারে তালকদারেরদের কর্ম্ম করা চৌকিদারেরদের হক। তাঁহারদের গ্রাম সরঞ্জামী পাইক নাম এই কথাতেই দেখা যাইতেছে। অতএব আপনার ঐ পত্রপ্রেরকের পত্রদ্বারা তাহারদের সে হক লোপ হইতে পারে না।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেল্দ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ টাকা ধরা গিয়াছে।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৸৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩h০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

pears to be much interested in upholding the measures of the local authorities—let him do so, but he should not vilify one party to benefit the other. There was a time when the Bumindars exacted mathote, &c. from their ryuts to meet the corresponding exactions of the Amlahs; but for some years past, the country has been too much impoverished to pay any such demands. Most of the landholders would be heartily glad, were your correspondent to take their estates on the annual payment of mofussil husthood, thus reserving to himself all the batta, mathote, &c. As for the Chowkeedars, I can assure him that they are not overworked; for the duty of watching at night seldom exceeds 5 hours, and the collecting of revenue only one or two days in a month, besides a daily attendance of about two hours in the Mal Kutchery, the rest of the twenty-four hours he has to himself. Is this hard working, Sir? Does he not know that this employment keeps away the Chowkeedars from mischief, as it is well known that they belong to the lowest class of society, and that their leisure hours are chiefly devoted to drinking, and forming schemes of robberies, &c. It is certainly very desirable that a well paid and better class of men should replace them; but where is the expense to come from? A tax on the already famished population! that would be indeed making the bad worse; their change must be coeval with that of the general community. Any premature attempt will only tend to increase the evil. The land-holders have a right to the services of the Chowkeedars, *i. e. gram sungamee pykes*, as the very word denotes; by the perpetual settlement, they have, therefore, no fear of losing that right by the lucubrations of your correspondent.

Yours obediently,

A Talookdar.

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disct.

Bank Shares.

Bank of Bengal..............Co's Rs. 2,400—2,500.

৺সমাচার দর্পণ

১১৬৭ সংখ্যা। বালম ১৯।] ২৫ নবেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১১ অগ্রহায়ণ। SATURDAY, NOVEMBER 25TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1167. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ৯ নবেম্বর বৃহস্পতিবার কলিকাতা শহরে শ্রীযুক্ত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়ার্টর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর টাক্সের কোফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ২৫ নবেম্বর বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। আগামি ২ নবেম্বর শনিবারের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থ সেসন অর্থাৎ মিসিল শেষোক্ত তারিখে বেলা ১১ ঘণ্টা পর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস আপীসে মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবার ব্যতিরিক্ত অন্য বারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাসহওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেকটরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গলা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা যে তিনি দিয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেকটরী দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মুক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিককালে নহে।

এবং ঐ ঘরে পুনর্ব্বার বাস হইলে তাহার এত্তেলা তদ্রূপে কালেকটর সাহেবকে দিলে তিনি তাঁহার রসীদ এবং ঘর শূন্য হওন এবং তাহাতে পুনর্ব্বার বাস করণের এত্তেলা যদ্যপি পূর্ব্ববৎ না দেওয়া যায় এবং যদ্যপি পূর্ব্ববৎ এত্তেলা পাইয়াছেন এমত রসীদ কালেকটর সাহেব না দেন তবে ঘর শূন্য হইয়াছিল বলিয়া তাহার টাক্স রহিতের দাওয়া গ্রাহ্য হইবে না এবং এই সকল সেসনেতে যে টাক্স নির্দ্ধার্য্য করা গেল যে আগামি ১ ফেব্রুআরি তারিখে জারী হইবে কিন্তু ঐ তারিখের পূর্ব্বে জারী হইবে না ইতি।

জেমস ইয়ং ক্লার্ক অফ দি পীস।
ক্লার্ক অফ দি পীস আপীস।
১০ নবেম্বর ১৮৩৭।

ইশতেহার।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩০ নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত তামস ব্রাকেন সাহেব মৃত শিবচন্দ্র বসুর বিধবা স্ত্রী অথচ উত্তরাধিকারিণী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্রমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে কলুটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গেযে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে জাক সাহেবের বাটী। পূর্ব্ব দিগে গাঁমস সাহেবের বাটী। দক্ষিণ দিগে লালমোহন সাহার বাটী। উত্তর দিগে এক জন আরমানির বাটী।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি তাহাতে খাপরেল ঘর আছে ভূমি অনুমান।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিম দিগে শ্রীনাথ বাবুর গলি নং ৫০। দক্ষিণ দিগে পারারি সাহেবের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে কালীনাথ বাবুর বাটী।

৩ দফা। এবং কলিকাতা নগরে কুমারটুলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৬ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে রঘুনাথ পালের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে শ্রীনারায়ণ দত্তের বাটী। পূর্ব্ব দিগে রাধাকিশোর চক্রবর্ত্তির গুদাম। পশ্চিম দিগে রামমোহন বসুর বাটী।

৪ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নং ১৬ তাহাতে কএকখান খাপরেলের ঘর আছে ভূমি অনুমান /৪।।০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মুক্তারাম পালের বাটী ভূমি। দক্ষিণ দিগে কাশী মিত্রের ঘাটে যাইতে গলি। উত্তর দিগে হরচন্দ্র ঘোষের রাইয়তী ভূমি। পশ্চিম দিগে রাজা গোপীমোহনের ভূমি।

৫ দফা। এবং কলিকাতা নগরের বাগবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা নং ৭৭ তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপ চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কোম্পানির রাস্তা। দক্ষিণ দিগে এক রাস্তা। পূর্ব্ব দিগে মাণিক ঘোষের বাটী। পশ্চিম দিগে গোবর্দ্ধন পাঠকের বাটী ও ভূমি।

৬ দফা। এবং কলিকাতা নগরে বাগবাজারের রামকান্ত বসুর রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি নং ২৪ তাহাতে কএকখান খাপরেল ঘর আছে ভূমি অনুমান ।।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে রাজা রাজবল্লভের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে জয়নারায়ণ বসুর বাটী ও ভূমি। উত্তর দিগে রাজা রাজবল্লভের রাইয়তী ভূমি। দক্ষিণ দিগে কোম্পানির গলি।

৭। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি তাহাতে কএকখান খাপরেল ঘর আছে ভূমি অনুমান ।২ বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে মৃত কৃষ্ণ চক্রবর্ত্তির বাটী ও ভূমি। পশ্চিম দিগে মৃত্যুঞ্জয় বসুর রাইয়তী ভূমি ও জগন্নাথ বসুর বৈঠকখানা। দক্ষিণ দিগে রামকান্ত বসুর গলি। পূর্ব্ব দিগে জগন্নাথ বসুর রাইয়তী ভূমি।

৮ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত কালাবাগাননামে ইষ্টকনির্ম্মিত প্রাচীরবেষ্টিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৭ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে জগন্নাথ বসুর উদ্যান বাটী। উত্তর দিগে রামকান্ত বসুর রাস্তা। পূর্ব্ব দিগে মৃত শিবচন্দ্রের একতালা বাটী ও ভূমি। পশ্চিম দিগে কোম্পানির নরদমা।

৯ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ত্রিপুরা দাসী ও প্রাণকৃষ্ণ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে জগন্নাথ বসুর উদ্যান বাটী। উত্তর দিগে রমাকান্ত বসুর গলি। পূর্ব্ব দিগে মৃত্যুঞ্জয় ও জগন্নাথের গলি। পশ্চিম দিগে জগন্নাথ ও শিবচন্দ্রের রাইয়তী ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩০ নবেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু গণেশ দাসের বিরুদ্ধে বেণ্ডিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্রমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরে ফিরিঙ্গি গির্জ্জার রাস্তা অবধি আমড়া তলার গলিপর্য্যন্ত যে গলি সেই গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৭ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পূর্ব্বোক্ত গলি। দক্ষিণ দিগে যে দুই বাটী কালিষ্টান লাজার ও আক্রু সাহেবের দখলে ছিল সেই দুই বাটীর লাগাও সংপ্রাক্তকার প্রস্তুত আগা করবলাইমহ জাঁদের বা

টী। পূর্ব্ব দিগে জর্জ হিকমন সাহেবের দরজী বাটী। পশ্চিম দিগে মৃত হাজি হয়দরের যে বাটী এইক্ষণে আগা করবলাই মহম্মদের দখলে আছে।

২। এবং কলিকাতা নগরের বড়বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৵২ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে শ্রীকৃষ্ণ কপূরের বাটী। পূর্ব্বদিগে কোম্পানির গলি। পশ্চিম দিগে বৃন্দাবন দাস গুজরাটির বাটী। দক্ষিণ দিগে গঙ্গানারায়ণ ক্ষত্রিয়ের বাটী।

৩। এবং কলিকাতা নগরের হাড়কাটার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সনাতন কাটওরার বাটী ও ভূমি পশ্চিম দিগে রঘুনাথ উড়িয়ার বাটী ও ভূমি। উত্তর দিগে হিনু উড়িয়ার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে এক গলি।

৪। এবং কলিকাতা নগরের তেরেটি বাজারে চিনেপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৵৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বাবু গণেশ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগমোহন শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে শ্রীযুত পিচ সাহেবের বাটী ও ভূমি দক্ষিণ দিগে দেবী মুখুয্যের ভূমি। উত্তর দিগে এক গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

নীলামে বিক্রয়।

জিলা নদীয়ার বহু মূল্যের তালুক ও ভূমি সম্পত্তি বিক্রয় হইবেক

কলিকাতায় মোর হিকি কোম্পানি সাহেবদিগের দ্বারা তাঁহারদিগের নীলাম ঘরে আগামি ৩০ নবেম্বর ১৮৩৭ সাল বৃহস্পতিবারে নীলামে বন্ধকী কাগজের ক্ষমতানুসারে বন্ধক দেওনকারির সম্মতিতে নীচের লিখিত তালুক ও ভূমি সম্পত্তি বিক্রয় হইবেক।

তদ্বিশেষ।

নং ১। সুবে বাঙ্গালার জিলা নদীয়ার শামিল ডিহি কনজপুর নামে বিখ্যাত এক তালুক তাহাতে ৫৯ মৌজা অথবা গ্রাম আছে তদ্বিশেষ বউলিয়া ঘাটা, বাজাবা মনদাহা, বনরিয়া, বকসিপুর, বালেশ্বরপুর, বিজয় নগর, রাজাকুল বপাড়া, বোনিকি বলবার, করিদকাটি, ফুলবাড়ী, গোবিলা, ঘিঘাটি, হাজিপুর, হেলাদেওরা, হাসিমপুর, হদা, ইনাথপুর, কনকনিয়া, জয়রামপুর, সলকরকুতবপুর, কুতকুলিয়া, কুতহাসিমপুর, কুতরোসিম, কালুখালি, ঘরপপুর, খুরদা, ইনাথপুর, কনজপুর, কায়েতখালি, কুতবপুর, কাশিমপুর, কামার গারলিয়া, চারদা, মধুগ্রাম, খারদা কোলিয়া, কোইনদী কোলিয়া, লাওয়াখলি, মালিয়াড়, মনোহরপুর, মধুগ্রাম, মধুপুর, মনোহরপুর, নরদিহি, পাঁচবাড়িয়া, পাতিবিলা, পাখিরদা, পরমানন্দিপুকরিয়া, রুকনপুর, রামচন্দ্রপুর, ইনাজলকর, রাখাগাছি, রামকৃষ্ণপুর, রোহালাবপুর, সীসারকুণ্ড, শিমুলিয়া, সোবিবা, সুবাগ্রাম, ফতেপুর। এই তালুকের সাম্বৎসরিক গবর্ণমেণ্টের খাজানা সিক্কা ১০৭৪২৵১৩। দশহাজার সাত শত বেয়াল্লিশ টাকা পাঁচ আনা তেরগণ্ডা দুই কড়া।

নং ২। এবং পূর্ব্বোক্ত জিলা নদীয়ার শামিল ডিহি স্বরূপপুর নামে বিখ্যাত যে এক তালুক তাহাতে ৫১ একান্ন মৌজা অথবা গ্রাম আছে তদ্বিশেষ আরন্দাবারপা, ধোয়ালা, বলাবাড়িয়া, ভবানীপুর, বালিয়াঘাট, বাদোয়াদি, ভরণপাড়া, ভওয়ারপুর, বোহা, বায়করগাছি, রুদ্রগমন্দিয়া, বজরগখামার, বারিপাড়া, চাকলা, ছোটকড়ারপুর, চাঁদপুরচাকুলিয়া, দেবীপুর, ফকিরাবাদ, ফরিদপুর, ফুলবাড়ী, গোবরা, হাজিপুর, হায়বতপুর, যাত্রাপুর, জগন্নাথপুর, জাহারপুর, জলকরগ্রাম, ঘোত্রপাড়া, কাতালিয়া, খোরদা, মোক্তাপুর, খোরদা, হাজিপুর, কাটামানরা, কুতবপুর, খোরদা, ফুলবাড়ী, সুনতিয়া, মিত্তাপুকরিয়া, নাতাবারিয়া, নিশিকুন্দ, পুকরিয়া, পারসাটি, সরুপুর, সুন্দরপুর, শিজি, মুজঃপুর, সাদতপুর, তক্বিরপুর। এই তালুকের সাম্বৎসরিক গবর্ণমেণ্টের খাজানা সিক্কা ৮৪১১৸৵১১। আট হাজার চারি শত পাঁয়ষট্টী টাকা তের আনা যোলগণ্ডা দুই কড়া।

নং ৩। এবং পাথরিয়াঘাটার গঙ্গাতীরে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৵ এক বিঘা তাহার উপর গুদাম গ্রথিত আছে তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে এবং পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। উত্তর দিগে এক খণ্ড ভূমি যাহাকে কাশীনাথ বাবুর ঘাট কহে। দক্ষিণ দিগে এক খণ্ড ভূমি যাহাকে পাথুরয়াঘাটা কহে।

নং ৪। এবং কলিকাতা নগরের জোড়াবাগানের আনন্দরাম দাসের ষ্ট্রীটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক গৃহ বসতবাটী যাহাকে বৈঠকখানা বাটী কহে তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা উত্তর দিগে বৈষ্ণবদাস শীলের পুর্ব্ব ভূমি সম্পত্তি যাহাকে জোড়াবাগান কহে। পূর্ব্ব দিগে শ্রীমতী শ্যামাসুন্দরী দেবীর ভূমি সম্পত্তি এবং পশ্চিম দিগে তারাচরণ বসাকের ভূমি সম্পত্তি

ইহার বিশেষ বেওরা কৌন্সেল হৌস ষ্ট্রীটে উকীল শ্রীযুত টি সেগুন সাহেবের নিকট পাওয়া যাইবে।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পুর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
২০ নবেম্বর ১৮৩৭।

নীচে লিখিতব্য আইন ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ১৮৩৭ সালের ২০ নবেম্বর তারিখে শ্রীযুক্ত ভারতবর্ষের কৌন্সলের প্রসীডেণ্ট হজুর কৌন্সলে জারী করিয়াছেন। শ্রীলশ্রীযুক্তের সম্মতি পাঠ হইয়া কৌন্সলের বহীতে লিখিত হইয়াছে। অতএব হুকুম হইল যে এই আক্ট সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

১৮৩৭ সালের আক্ট নং ২৮।

হুকুম হইল যে বঙ্গদেশে চলিত আইনের মধ্যে ১৮২৯ সালের ১০ আইনের ৭ ধারার যে প্রকরণে লেখে যে ষ্টাম্প মামুলের কর্ত্তৃত্ব কর্ম্ম কেবল কোম্পানির চিহ্নিত চাকরের হস্তে অর্পণ হইবে তাহা রদ হইল।

—

নীচে লিখিতব্য আইন ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ১৮৩৭ সালের ২০ নবেম্বর তারিখে শ্রীযুক্ত ভারতবর্ষের কৌন্সলের প্রসীডেণ্ট হজুর কৌন্সলে জারী করিয়াছেন। শ্রীলশ্রীযুক্তের সম্মতি পাঠ হইয়া কৌন্সলের বহীতে লিখিত হইয়াছে। অতএব হুকুম হইল যে এই আক্ট সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

১৮৩৭ সালের ২৯ নং আক্ট।

১। হুকুম হইল যে ১৮৩৭ সালের ১ দিসেম্বর তারিখঅবধি ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সলে কৌন্সলের আজ্ঞাক্রমে বঙ্গাল দেশে চলিত আইনের মধ্যে যে কএক আইনে এমত হুকুম আছে যে দেওয়ানী কার্য্যে অথবা রাজস্বের কার্য্যে পারস্য ভাষার ব্যবহারকরণের আবশ্যক সেই হুকুম সামান্যতঃ অথবা যে কোন সীমার মধ্যে উচিত বোধ হয় সেই সীমার মধ্যে রহিত করিতে হুকুম দিতে পারেন এবং ঐ সকল কার্য্য কোন্ অক্ষর ও কোন্ ভাষায় চলন হইবে তাহার হুকুম দিতে পারেন।

২। এবং হুকুম হইল যে উক্ত শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সলে কৌন্সলের আজ্ঞাক্রমে এই আইনের দ্বারা তাঁহাকে প্রদত্ত ক্ষমতা তাঁহার অধীন কোন কর্ম্মকারককে যে কোন বিষয় বর্জনীয় রাখা তাঁহার উচিৎ বোধ হয় তাহাতে দৃষ্টি রাখিয়া অর্পণ করিতে পারেন।

—

নীচে লিখিতব্য আইন ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ১৮৩৭ সালের ২০ নবেম্বর তারিখে শ্রীযুক্ত ভারতবর্ষের কৌন্সলের প্রসীডেণ্ট হজুর কৌন্সলে জারী করিয়াছেন। শ্রীলশ্রীযুক্তের সম্মতি পাঠ হইয়া কৌনসলের বহীতে লিখিত হইয়াছে। অতএব হুকুম হইল যে এই আক্ট সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

১৮৩৭ সালের আক্ট নং ৩১।

হুকুম হইল যে ১৮৩৫ সালের ১৭ নং আক্টের যে অংশে লেখে যে কোম্পানি বাহাদুরের অধিকারস্থ টাকশালহইতে যে কতক মুদ্রা বাহির হইবে তাহার এক পৃষ্ঠে গ্রেট ব্রিটেন ও ঐর্লণ্ডের সম্মিলিত রাজ্যের বর্ত্তমান রাজার উত্তমাঙ্গের প্রতিবিম্ব থাকিবে সেই অংশ কিঞ্চিৎকালের নিমিত্ত রহিত হইল। এবং যে পর্য্যন্ত ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সলের আজ্ঞাক্রমে ঐ আইনের ঐ অংশ পুনর্ব্বার বলবৎ করিতে হুকুম না দেন সেই পর্য্যন্ত তাহা রহিত থাকিবে।

এবং হুকুম হইল যে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সলে পু

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেল্দ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ টাকা ধরা গিয়াছে।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
20th November, 1837.

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council, on the 20th November, 1837, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded. Ordered, that the Act be promulgated for general information.

ACT, No. XXVIII. OF 1837.

It is hereby enacted, that so much of Section VII. Regulation X. of 1829 of the Bengal Code, as directs that the Officer to whom the management of the Stamp Duties may be transferred, shall be a Covenanted Officer, be repealed.

—

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council, on the 20th November, 1837, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded. Ordered, that the Act be promulgated for general information.

ACT, No. XXIX. OF 1837.

It is hereby enacted, that from the first day of December, 1837, it shall be lawful for the Governor General of India in Council, by an Order in Council, to dispose, either generally, or within such local limits as may to him seem meet; with any provision of any Regulation of the Bengal Code, which enjoins the use of the Persian language in any Judicial proceeding, or in any proceeding relating to the Revenue, and to prescribe the language and character to be used in such proceedings.

II. And it is hereby enacted, that from the said day it shall be lawful for the said Governor General of India in Council, by an Order in Council, to delegate all or any of the powers given to him by this Act, to any subordinate authority, under such restrictions as may to the said Governor General of India in Council seem meet.

—

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council, on the 20th November, 1837, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded. Ordered, that the Act be promulgated for general information.

ACT, No. XXXI. OF 1837.

I. It is hereby enacted, that so much of Act, No. XVII. of 1835, as directs that certain Coins issued from the Mints within the Territories of the East India Company, shall bear on the obverse the head of the reigning Sovereign of the United Kingdom of Great Britain and Ireland, shall be suspended, till the Governor General of India in Council shall, by an Order in Council, declare those parts of the said Act to be again in force.

II. And it is hereby enacted, that till the said Governor General in Council

ঝোক মতে যে পর্য্যন্ত কৌনসলের হুকুম না দেন সেই পর্য্যন্ত ঐ মুদ্রার এক পৃষ্ঠে ৺ প্রাপ্ত চতুর্থ উলিয়ম বাদশাহের মস্তকের প্রতিবিম্ব থাকিবে।

নীচে লিখিতব্য আইন ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ১৮৩৭ সালের ২০ নবেম্বর তারিখে শ্রীযুক্ত ভারতবর্ষের কৌনসলের প্রেসীডেন্ট হজুর কৌনসলে জারী করিয়াছেন। শ্রীলশ্রীযুক্তের সম্মতি পাঠ হইয়া কৌন্‌সলের বহীতে লিখিত হইয়াছে। অতএব হুকুম হইল যে এই আক্ট সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ হয়।

১৮৩৭ সালের ৩৮ নং আক্ট।

হুকুম হইল যে বঙ্গদেশে চলিত ১৮১০ সালের ১৯ আইনের ৯ ধারার বিধান মতান্তর হইল এবং কোন ব্যক্তি সরকারী সিবিল অথবা সৈন্যসম্পর্কীয় বা চিকিৎসাসম্পর্কীয় কর্ম্মে না থাকাপ্রযুক্ত ঐ আইন অনুসারে আমীনের কর্ম্মে নিযুক্ত হওনের প্রতিবন্ধকতা নাই।

রস ডি মাঙ্গেলস

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজকর্ম্মে নিয়োগ।

৮ নবেম্বর ১৮৩৭।

পদাতিক সৈন্যের ২৫ রেজিমেণ্টের লেপ্তনন্ত শ্রীযুত এচ সি সিক্‌সপিয়র সাহেব গত আগষ্ট মাসের ২৮ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত হয়দরাবাদে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্ত ২০ অক্টোবর তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

রাজপুতানা রাজ্যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল এজেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ডবলিউ এচ ত্রিবিলিয়ন সাহেব স্বাস্থ্যার্থ উত্তমাশা অন্তরীপে গমন নিমিত্ত জাহাজ আরোহণের তারিখ অবধি দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

১৫ নবেম্বর।

পোষ্টমাষ্টর জেনরল শ্রীযুত জি জে সিড্‌ন্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইতে বর্ত্তমান মাসের ১৩ তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত জেনরল পোষ্ট আপীসের কর্ম্ম করিতে থাকিবেন।

১৪ নবেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ই সি রাবেন্সা সাহেব ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের একটিং কমিস্যনর হইয়া তৎপদের চলিত কর্ম্মের ভার শ্রীযুত ডেবিডসন সাহেবের স্থানহইতে গ্রহণ করিয়াছেন। কিন্তু শ্রীযুত ডেবিডসন সাহেবের ছুটি আরম্ভ না হওনপর্য্যন্ত পাটনায় থাকিবেন।

শ্রীযুত সি গারষ্টিন সাহেব শ্রীযুত রাবেন্সা সাহেবের পরিবর্ত্তে পাটনায় একটিং উপরি জজ এবং ঠগি মোকদ্দমার বিচারার্থে সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ লূক সাহেব শ্রীযুত গারেষ্টিন সাহেবের পরিবর্ত্তে সারণের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ শ্রীযুত কাথকার্ট সাহেবের অনুপস্থানে যশোহরের সিবিল ও সেসন জজের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত ডি সি স্মিথ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৬ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ এচ মারটিন সাহেব গত মা

shall make such an Order in Council as is aforesaid, the said Coins shall bear on their obverse the head of His late Majesty, William the Fourth.

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council, on the 20th November, 1837, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded. Ordered, that the Act be promulgated for general information.

ACT, No. XXXVIII. OF 1837.

It is hereby enacted, in modification of the provision contained in Section IX. Regulation XIX. of 1810, of the Bengal Code, that no person shall, by reason of his not being in the Civil, Military, or Medical branch of the service, be incapable of being appointed a Local Agent under that Regulation.

ROSS D. MANGLES,
Offg. Sec. to Govt. of India.

CIVIL APPOINTMENTS.

8th November, 1837.

The leave of absence granted to Lieutenant H. C. Shakespear, of the 25th Regiment Native Infantry, on the 28th August last, has been further extended from the 10th to the 20th October, to enable him to join his appointment at Hydrabad.

Captain H. W. Trevelyan, Assistant to the Agent to the Governor General for the States of Rajpootana, has obtained leave of absence for the period of two years, from the date of his embarkation, to enable him to proceed to the Cape of Good Hope for the benefit of his health.

15th November.

Mr. G. J. Siddons, Post Master General, has obtained leave of absence under Medical Certificate, for two months, from the 13th instant, preparatory to his embarkation for Europe.

Mr. George Alexander will continue in charge of the General Post Office until further orders.

14th November.

The Honorable the Deputy Governor of Bengal has been pleased to make the following Appointments:

Mr. E. C. Ravenshaw to officiate as Commissioner of Revenue and Circuit of the 11th or Patna Division, and to take charge of the current duties of that office from Mr. Davidson, who will remain at Patna until his leave commences.

Mr. C. Garstin to officiate as Additional Judge of Patna and Session Judge for the trial of Thuggee cases, in the room of Mr. Ravenshaw.

Mr. W. Luke to officiate as Magistrate and Collector of Sarun, in the room of Mr. Garstin.

Baboo Hurreenarain Ghose, Principal Sudder Ameen in Jessore, to conduct the current duties of the office of the Civil and Session Judge of Jessore, during the absence of Mr. Cathcart.

The following Officers have obtained leave of absence from their stations:

Mr. D. C. Smith, a Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for one month, on private affairs, from the 16th instant.

Mr. W. H. Martyn, Officiating Magistrate and Collector of Nuddea, till the

সের ৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত সিরিঙ্গাপাটাম নামক জাহাজের প্রস্থান তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

ফরিদপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের আসিষ্টাণ্ট শ্রীযুত এ লিটিলডেল সাহেব শ্রীযুত কমিস্যনর সাহেব কর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২০ তারিখ অবধি ২৫ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ ডেবিডসন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বাস্থ্যার্থে সমুদ্রপথে গমন নিমিত্ত দরখাস্ত করিতে কলিকাতায় আগমন জন্য ছুটি পাইয়াছেন। লেপ্তনন্ত শ্রীযুত এফ জি বাকহৌস সাহেব নওগাঙ্গের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ইনসাইন শ্রীযুত টি ব্রোডি সাহেব গোয়ালপাড়ার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে ঢাকার ডেপুটি কালেকটর শ্রীযুত বাবু রামলোচন ঘোষ স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ অতিরিক্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

১ নবেম্বর।

মিরাটের জজ শ্রীযুত আর সি গ্লিন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৫ তারিখ অবধি ২০ দিনের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব স্বীয় পদের চলিত কর্ম্মের ভার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত কালিন মেকেঞ্জি সাহেবের প্রতি অর্পণের অনুমতি পাইয়াছেন।

২ নবেম্বর।

গোরক্ষপুরের উপরি জজ শ্রীযুত আর জে টেলর সাহেব গত সেপ্তেম্বর মাসের ১৪ তারিখে দশহরাহেতু পর্য্যন্ত যে ছুটি পান তাহা রহিত হইল।

নীচে লিখিতব্য সাহেবেরা ছুটি পাইয়াছেন:

হমিরপুরের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ আর কেনেওয়ে সাহেব ছুটি লইয়া বিলাতে গমনার্থ গত ২ মার্চ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

সিওনির প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত ডি এফ মাকলৌড সাহেব গত মে মাসের ১২ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত কাপ্তান এম স্মিথ সাহেব সাগর জিলার প্রধান আসিষ্টাণ্ট হইয়াছেন।

লেপ্তনন্ত শ্রীযুত সি আর ব্রৌন সাহেব ঐ জিলার প্রধান আসিষ্টাণ্ট হইয়াছেন। লেপ্তনন্ত শ্রীযুত ব্রৌন সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত সিওনির একটিং প্রধান আসিষ্টাণ্ট হইয়াছেন উপরি উক্ত নিয়োগ গত মাসের ১০ তারিখ অবধি গ্রাহ্য হইয়াছে।

৩ নবেম্বর।

রহেলখণ্ড প্রদেশের কমিস্যনর শ্রীযুত আর এচ স্কট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ এক বৎসরের ছুটি পাইয়াছেন।

৪ নবেম্বর।

শ্রীযুত জি এফ হারবি সাহেব আলীগড়ের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

৮ নবেম্বর।

শ্রীযুত জি এ বুস্‌বি সাহেব সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত কর্ত্তৃক ১৮৩৭ সালের ৩ মে তারিখে ছুটি লইয়া বিলাত গমনার্থ যে বিদায় পান তাহা গত জুলাই মাসের ৩১ তারিখে গ্রহণ করিয়াছেন।

কানপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত এম জে জেনিংস সাহেব কলিকাতার শ্রীলশ্রীযুত লার্ড বিশোপ সাহেব কর্ত্তৃক স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি ১ জানুয়ারি তারিখ অবধি যে ছুটি পান তাহা মঞ্জুর রহিল।

sailing of the Ship *Seringapatam*, which he proposes to proceed to Europe, in extension of the leave granted to him on the 3d ultimo.

Mr. A. Littledale, Assistant to the Joint Magistrate and Deputy Collector of Fureedpore, from the 20th to the 25th instant, on private affairs, in extension of the leave granted to him by the Commissioner.

Captain A. Davidson, Principal Assistant to the Commissioner of Assam, to visit Calcutta, on Medical Certificate, preparatory to his making application to proceed to Sea for the benefit of his health. Lieutenant F. G. Backhouse will conduct the duties at Nowgong, and Ensign T. Brodie will perform the duties of Gowalparah.

Baboo Ram Lochun Ghose, Deputy Collector of Dacca, under Regulation IX. of 1833, an extension of ten days leave of absence to enable him to join his Station.

1st November.

Mr. R. C. Glyn, Judge of Meerut, has obtained twenty days leave of absence from the 25th instant, on his private affairs. Mr. Glyn is authorised to make over charge of the current duties of his office to Mr. Colin Mackenzie, the Officiating Joint Magistrate and Deputy Collector.

2d November.

The leave granted to Mr. R. J. Tayler, Additional Judge of Goruckpore, on the 14th September last, to be absent from his Station during the Dusserah vacation, is cancelled.

The following Officers have obtained leave of absence:

Mr. W. R. Kennaway, Magistrate and Collector of Humeerpoor, for one month, on his private affairs, in extension of the leave granted him on the 2d March last, preparatory to applying for Furlough.

Mr. D. F. Macleod, 1st Junior Assistant at Seonee, for three months, on his private affairs, in extension of the leave granted him on the 12th May last.

Captain M. Smith to be Principal Assistant in the Saugor District.

Lieutenant C. R. Browne to be first Junior Assistant in ditto. Lieutenant Browne will continue to Officiate as First Junior Assistant at Seonee, until further orders.

The foregoing Appointments are to take effect from the 10th ultimo.

3d November.

Mr. R. H. Scott, Commissioner of the Rohilcund Division, has obtained leave of absence on medical certificate, for twelve months, to visit the Hills.

4th November.

Mr. G. F. Harvey to officiate as Magistrate and Collector of Allygurh.

8th November.

Mr. G. A. Bushby availed himself on the 31st July last of the Conditional Furlough, granted to him by the Right Honourable the Governor of Bengal, under date the 3d May, 1837.

The leave of absence, on private affairs, for one month, from 1st January next, granted by the Lord Bishop of Calcutta to the Reverend M. J. Jennings, Chaplain at Cawnpore, is confirmed.

সমাচার দর্পণ

শনিবার ২৫ নবেম্বর ১৮৩৭।

১৮৩৬। ৩৭ সালে কলিকাতা রাজধানীর বাণিজ্য।

শ্রীযুত বেল সাহেব উক্ত রাজধানীর বাণিজ্যবিষয়ে অতি বহুমূল্য অপর এক বিবরণ পুস্তক প্রকাশ করিয়াছেন এবং আমারদের নিকট তাহার এক খণ্ড প্রেরণ করিয়াছেন। পাঠক মহাশয়েরা শুনিয়া পরমাপ্যায়িত হইবেন যে ১৮৩৫। ৩৬ সালে যদ্যপি তৎপূর্ব্ব বৎসরাপেক্ষা বাণিজ্যের এমত বৃদ্ধি হইয়াছিল যে তদ্রূপ তাহার কোন পূর্ব্ব বৎসরে হয় নাই তথাপি গত বৎসরে তদপেক্ষা বৃদ্ধি হইয়াছে। পূর্ব্ব বৎসরাপেক্ষা গত বৎসরে রপ্তানীর বৃদ্ধি ৪৮ লক্ষ টাকা আমদানীর বৃদ্ধি ৩৫ লক্ষ টাকা। কলিকাতার সমুদয় তাবৎ বাণিজ্যের তিন অংশের দুই অংশ ইঙ্গলণ্ড দেশের সঙ্গে হয়। গত বৎসরে যে দ্রব্য ইঙ্গলণ্ড দেশে রপ্ত হয় তাহাতে ৮০ লক্ষ টাকা বৃদ্ধি হয় কিন্তু অন্যান্য দেশে কিঞ্চিৎ কম হইয়াছিল অতএব কলিকাতায় গত বৎসরে নানা স্থানহইতে যত দ্রব্য আমদানী হয় তাহার সর্ব্বসুদ্ধ মূল্য ৩ কোটি ৮ লক্ষ টাকা। এবং এতদ্দেশজাত বা প্রস্তুত যত দ্রব্য অন্য দেশে রপ্ত হয় তাহার মূল্য ৬ কোটি ৬৭ লক্ষ টাকা।

ইঙ্গলণ্ডহইতে তুলার সূতা ও বস্ত্র আমদানীর অত্যন্ত বৃদ্ধি হইয়াছে। ভারতবর্ষে ইঙ্গলণ্ড দেশহইতে এই দুই দ্রব্য সর্ব্বসুদ্ধ যত আমদানী হয় তাহার মূল্য ১ কোটি ১৬ লক্ষ টাকা।

এতদ্দেশহইতে যত দ্রব্য রপ্ত হইয়াছে তাহার মধ্যে যে দ্রব্যের বাণিজ্য অধিক বৃদ্ধি হইয়াছে তাহা রেশম ও রেশমি কাপড় ফলতঃ গত বৎসরে রেশমের বাণিজ্য আধিক্যরূপেই হইয়াছিল এবং তাহাতে ঐ বাণিজ্যকারিরদের অধিক ক্ষতিও হইয়াছে কিন্তু অন্যান্য যে অনেক বাণিজ্য দ্রব্য এই দেশহইতে রপ্ত হইয়া ক্রমে২ রপ্তানীর বৃদ্ধিই হইতেছে অবশ্য তাহা অবগত হইতে পাঠক মহাশয়েরা ইচ্ছা করিবেন।

দৃষ্ট হইতেছে যে ১৮২৯ সালে যৌ ২,৬৩,০০০ টাকার রপ্তানী হইয়াছিল। ১৮৩৬। ৩৭ সালে ৫,১৮,০০০ টাকার রপ্তানী হয়। ঐ আট বৎসরের মধ্যে গালার রপ্তানীর এমত বৃদ্ধি হইয়াছিল যে পূর্ব্বে ২ লক্ষ টাকার ছিল। ১৮৩৬ সালে ১০ লক্ষ টাকাপর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে। চামড়ার রপ্তানীরও তদ্রূপ আশ্চর্য্য বৃদ্ধি দেখা যাইতেছে ১৮২৯। ৩০ সালে ১ লক্ষ ৪০ হাজার টাকার ছিল গত বৎসরে ১০ লক্ষ টাকারো অধিক হইয়াছে। দেশীয় আদ্রকের রপ্তানীও তদপেক্ষা আশ্চর্য্য বৃদ্ধি হইয়াছে। আট বৎসর হইল কেবল ৪৫০০ টাকার রপ্তানী হইত কিন্তু গত বৎসরে আড়াই লক্ষ টাকার রপ্তানী হইয়াছে। সোহাগার বিষয়েও তদ্রূপ কহা যাইতে পারে। আট বৎসরের মধ্যে তাহার রপ্তানী ৫০ হাজারঅবধি দেড় লক্ষ টাকাপর্য্যন্ত হইয়াছে। ভেরাণ্ডার তৈলের রপ্তানীও সোহাগার তুল্য বৃদ্ধি হইয়াছে কিন্তু কুসুম ফুলের তদপেক্ষাও বৃদ্ধি দৃষ্টি হইতেছে। ১৮২৯ সালে ৫৮০০০ টাকার রপ্তানী গত বৎসরে ২ লক্ষ ২৩ হাজার টাকাপর্য্যন্ত হয়। কিন্তু চটের বাণিজ্য আট বৎসরাবধি ক্রমে বৃদ্ধি হইতেছে কোন বৎসরেই কমে নাই। পূর্ব্ব আট বৎসরে ১২ লক্ষ চট রপ্ত হইত গত বৎসরে ৬০ লক্ষ হইয়াছে। কিন্তু শুনিয়া সকলই খেদিত হইবেন গত বৎসরে তণ্ডুলের রপ্তানী পূর্ব্ব২ বৎসরাপেক্ষা অধিক বৃদ্ধি হইয়াছে। গত বৎসরে প্রায় ২৪ লক্ষটাকার তণ্ডুল একেবারে পাঠান যায়

অপর শ্রীযুত বেল সাহেবের গ্রন্থহইতে সর্ব্বাপেক্ষা যে আহ্লাদজনক সম্বাদ প্রাপ্ত হওয়া গেল তাহা এই যে রাহাদারি মাসুল রহিতকরণেতে সরকারী রাজস্বের কিছু ক্ষতি হয় নাই। কলিকাতার বন্দরে গত এক বৎসরের মধ্যে আমদানী রপ্তানী দ্রব্যের উপরে মাসুল ৮ লক্ষ টাকারো অধিক বৃদ্ধি হইয়াছে অতএব গবর্ণমেণ্ট রাহাদারি মাসুলে যাহা ত্যাগ করেন তাহা উত্তর পশ্চিম সীমার ও কলিকাতা বন্দরের আমদানী রপ্তানীর বাণিজ্যেতে ফিরে পাইয়াছেন অতএব এতদ্রূপে তাঁহারা প্রজারদের অশেষ উপকার করিয়াও আপনারদের লাভের ক্ষতিভাগী হন নাই।

চন্দননগরে ঘোরতর দাঙ্গা।

চন্দননগরে যে ঘোরতর দাঙ্গা হয় তদ্বিষয়ক নীচে লিখিতব্য বিবরণ হরকরা পত্রহইতে গ্রহণ করা গেল।

আমারদের ভরসা হয় ঐ ব্যাপারে যাহারা লিপ্ত আছে তাহারদের যথোচিত দণ্ড হইবে। গত শুক্রবার অপরাহ্ণে চুঁচুড়াতে যে নবম সংখ্যক গোরা পল্টন আছে তাহার চারিজন সেনাপতি মৃগয়ার্থ বহির্গমন করিয়াছিলেন। তাঁহারা গঙ্গাতীরে গমন করত অজ্ঞানত হুগলির সীমার বহির্ভূত হইয়া ফ্রাসীয়েরদের সীমাতে প্রবিষ্ট হইয়াছিলেন পরিশেষে যাইতে২ একটা বৃহৎ চরের উপর পঁহুছেন ঐ চর কিনারার লাগাও। ঐ চরে সাহেবেরা একত্র না থাকিয়া ছিন্ন ভিন্ন হইয়াছিলেন। পরিশেষে ঐ চরের মধ্যে ভ্রমণ করত তীরস্থ এক মন্দিরের নিকটে গেলেন, তৎসময়ে অনেক লোক তাঁহারদিগকে দেখিতেছিল ঐ চরের উপর চরিতেছিল এমত কএকটা শূকর তাঁহারদিগকে কেহ২ দেখাইলেন। তাহাতে সাহেবেরদের বোধ হইল যে ঐ সকল লোকের ইচ্ছা ঐ শূকর আমরা মারি অতএব সাহেবেরা গুলি মারা তাহার তিনটা শূকর মারিলেন প্রথমতঃ এই বিষয়ে কেহ কিছু বলিল না কিন্তু কিঞ্চিৎ পরে দেশীয় মহাজনতা লাঠি লইয়া হরিবোল২ বলিতে২ কিনারাহইতে সাহেবেরদের উপর পড়িল। সাহেব লোকেরা এই বিষয় কিছু সাবধান না হওয়াতে এবং ছিন্ন ভিন্ন হওয়াতে আপনারদিগকে রক্ষা করিতে অক্ষম হইলেন এবং তৎকালে সাহেবেরদের বন্দুক গুলি পূর্ণ ছিল তৎপ্রযুক্ত ঐ সকল লোকের উপর ছুড়িতে উন্মুক হইলেন। সৌভাগ্যক্রমে পোলীসের লোক পঁহুছনেতে একজন সাহেব রক্ষা পাইলেন অপর অতিযুব একজন সাহেব কোন যোগে হুগলির সীমাতে পলায়নের দ্বারা বাঁচিলেন। কিন্তু ঐ সকল লোক লেপ্টেনন্ট বি সাহেবের উপর পড়িয়া লাঠির দ্বারা সাহেবের মস্তক ভূমিতে ফেলিয়া অতি নির্দ্দয়তারূপে প্রহার করিল এবং তাঁহার মস্তক এমত ভাঙ্গিয়া ফেলল যে মস্তকপর্য্যন্ত দৃষ্ট হইতে লাগিল সর্ব্ব শরীর আঘাতে আচ্ছন্ন হইল। কাপ্তান ডি সাহেবকে এক ইটের আঘাতে ভূমিতে ফেলিয়া দেওয়াতে কিঞ্চিৎকাল অচৈতন্য হইলেন। তৎপরে ঐ আক্রামক লোকেরা

SUMACHAR DURPUN.

SATURDAY, NOVEMBER 25TH. 1837.

The Commerce Presidency during the year 1836-37.

Mr. Bell has published another volume of his valuable comparative statement of the trade of this Presidency, and has favoured us with a copy of it. Our readers will be happy to learn, that though in the year 1835 36 there had been a greater improvement in trade, than in any preceding year, yet the last year still exhibits an increase. The increase of exports above the preceding year was *forty-eight* lakhs of Rupees, and the increase of imports *thirty-five*. Two-thirds of the entire trade of Calcutta is carried on with England, and in the last year, the increase in articles sent thither, was more than *eighty lakhs* of Rupees, but to other countries the trade had, in some measure, fallen off. The entire value of the articles imported into Calcutta from all parts of the world, was three crores, and *eight* lakhs; and the entire value of the articles grown and manufactured in this country which were exported, was *six crores and sixty-seven lakhs.*

The increase in the import of Cotton Twist and Cloth from England has been very considerable. The entire value of the import of these two articles into India, was one *crore* and *sixteen* lakhs of Rupees.

The chief increase in the export of articles raised in this country, has been in the matter of Silk and Silk Piece Goods; but the fact is, that the trade in silk was greatly overdone last year, and that those who were engaged in it, suffered a very serious loss. But there are a number of other articles of which the export has been gradually increasing from this country, which it will not be uninteresting to notice.

Thus in the article of Lac Dye, we find an increase from *two lakhs* and *sixty three thousand* in 1829, to *five lakhs and eighteen thousand* in 1836-37. Within the same period the exportation of Shell Lac, has increased from about *two lakhs* of Rupees a year to *ten lakhs*. The exportation of Skins and Hides, moreover, shews a remarkable increase. In 1829-30, it was only about *one lakh* and *forty thousand* Rupees; in the last year it had increased to more than *ten lakhs*. Country Ginger has experienced a still more singular increase; for eight years ago, the quantity exported was only about 4500 Rs; in the last year it was *two lakhs* and *a half*. The same may be said of Borax, of which the export has increased in eight years, from *half a lakh* of Rupees to a *lakh* and *a half*. Castor Oil is also another increasing export. It has increased in very nearly the same ratio as Borax; but to the export of Safflower there has been a farther increase from 58,000 in 1829-30, to 2,23,000 in the last year. The trade in Gunny Bags, however, exhibits, perhaps, the most steady increase of any. Eight years ago the number exported was *twelve lakhs*, in the last year the number was no less than *sixty lakhs.*

It will, however, be heard with regret, that the exportation of rice in the last year has been greatly in excess of the former years, and that no less than *twenty-four lakhs* of Rupees worth was exported.

The most gratifying fact which we gather from this statement of Mr. Bell, is that the public revenues of the state have not suffered by the abolition of the Transit Duties. In the port of Calcutta, the increase of duties on the export and import trade in this single year, has been more than *eight lakhs* of Rupees. Whatever Government gave up in the Transit Duties, they have thus gained back in the duties on export and import trade at the Port of Calcutta, and along our north western frontier. Thus they have been enabled to do incalculable good to their subjects, without any injury to themselves.

Outrage at Chandernagore.

The following account of an outrage at Chandernagore, we copy from the *Hurkaru.* We hope the wretches who perpetrated it, will experience the most condign punishment.

Four officers of the 9th, stationed at Chinsurah, started on Friday afternoon on a shooting excursion. They proceeded along the banks of the river, until they had, without being aware of it, passed the southern boundary of the Hooghly Station, and got within the French Territory. They had proceeded on, until they came to a large chur connected with the bank of the river, not keeping together but straggling. They were wandering about on this chur, nearly opposite a temple on the bank, when some natives, of whom a great many were looking at them, pointed out to some pigs which were running about on the chur. The officers, thinking that the natives meant them to fire at the pigs, did so, and shot three of them. At first no notice appeared to be taken of this proceeding, but presently a crowd of Natives rushed down the bank, armed with latties, and shouting "hurri bole! hurri bole!" The officers were not only taken by surprise, but being separated, were not in a condition to defend themselves, and were unwilling to fire, their guns being loaded with ball. Lieutenant H. was saved by the fortunate interposition of some of the Police, and young Lieutenant C. by some means made his escape into the Hooghly Territory, where he was safe. The crowd rushed upon Lieutenant B. knocked him down with their heavy latties, and beat him in a most unmerciful manner, his head being cut open down to the skull, and his body covered with severe contusions. Captain D.—— was knocked by a large brick bat, which for the time completely stunned him; the natives then fell upon, beat him dreadfully with their latties,

তাঁহার উপর পড়িয়া নানা আঘাতকরত বক্ষস্থলে লাথি মারিতে লাগিল এবং এক জঙ্ঘাতে অত্যন্তাঘাতকরত তাঁহাকে একেবারে খুন করিল এমত দৃষ্ট হইল কিন্তু সাহেব অতিবলিষ্ঠপ্রযুক্ত কিঞ্চিৎ হুঁস পাইয়া তাহারদের সঙ্গে কুস্তাকুস্তি করিতে লাগিলেন ফলতঃ লোকেরা তাঁহাকে মন্দিরের নিকটে টানিয়া লইয়া গেল কিন্তু যাইতে২ তিনি তাহারদের কএক জনকে ভূমিতে ফেলিয়া দিলেন। তাঁহাকে ঐ মন্দিরে লইয়া যাওনের অভিপ্রায় এই বোধ হইল যে ঐ স্থানে তাঁহাকে বলিদান করে। এবং এক জন তাঁহার বক্ষে ছুরীর দ্বারা বারম্বার আঘাত করিতে চেষ্টা পাইল কিন্তু সাহেব যেমন ঐ আঘাত নিবারণ করিতে লাগিলেন তেমনি স্থানে২ তাঁহার হস্ত কাটিয়া যাইতে লাগিল। সেই মন্দিরে ঐ দস্যুরা তাঁহাকে একেবারে খুন করিত কিন্তু ইতিমধ্যে কএক জন ভদ্র মনুষ্য আসিয়া তাহা নিবারণ করিলেন তাহাতে যদ্যপি তৎকালে কিঞ্চিৎ ক্ষমা দিল তথাপি দস্যুরা অতিনির্দ্দয়তাপূর্ব্বক সাহেবকে ছাড়িয়া না দিয়া চন্দননগরের দিগে আধ ক্রোশপর্য্যন্ত হেঁচড়িয়া নিয়া গেল পরিশেষে পোলীসকর্ত্তৃক সাহেব মুক্ত হইয়া চন্দননগরে নীত হইলেন। সাহেব যখন ঐ স্থানে পঁহুছিলেন তখন ঐ হেঁচড়ানিতে মুখে রক্ত উঠিয়া হতপ্রায় হইয়াছিলেন। কাপ্তান ডি ও লেপ্তেনন্ত বি সাহেবকে শ্রীযুক্ত থিয়র্স সাহেবের ঘরে লইয়া গেলেন। ঐ সাহেব ও তাঁহার পরিবার এবং চন্দননগরস্থ অন্যান্য কএক বিবি সাহেবেরা ঐ স্থানে আসিয়া অত্যন্ত কৃপাপূর্ব্বক সাহেবের ক্ষত ধৌতকরণেতে ও অন্যান্যপ্রকার শুশ্রূষা করণেতে ডাক্তর সাহেবের সাহায্য করিতে লাগিলেন। ফলতঃ তাঁহারা যেরূপ দয়া তাঁহার প্রতি প্রকাশ করিলেন তাহা বর্ণন অসাধ্য। এইক্ষণে সাহেব লোকের জবানবন্দী লওয়া গিয়াছে এবং ঐ ভয়শীল অথচ আক্রামক সরদারকে ধৃতকরণার্থ অত্যন্ত উদ্যোগ করা যাইবে। যে দুই সেনাপতি সাহেবেরা এইরূপ আক্রান্ত হন তাঁহারা চুঁচুড়াতে নীত হইলেন এইক্ষণে শুনা গেল যে তাঁহারা কিঞ্চিৎ স্বস্থ হইয়াছেন।

সর চার্লস গ্রে।

গত সপ্তাহের কলিকাতাস্থ সম্বাদ পত্রে বারম্বার লিখিত আছে যে ব্যবস্থাপক কমিস্যনর শ্রীযুত মকালি সাহেব কর্ম্মে ইস্তকা দিলে পূর্ব্বকার চীফ জুষ্টিস শ্রীযুত সর চার্লস গ্রে সাহেব তৎকর্ম্মে নিযুক্ত হইবেন।

সঞ্চয়ার্থ বেঙ্ক।

সঞ্চয়ার্থ বেঙ্কের কার্য্য বিবরণের অদ্য প্রকাশিত চুম্বকে বোধ হয় যে ঐ বেঙ্ক স্থাপনঅবধি প্রথম চারি বৎসরে ন্যূনাধিক ২৪ লক্ষ টাকা ন্যস্ত হয় এবং ঐ চারি বৎসরের মধ্যে যত টাকা বহিষ্কৃত হইয়াছে তাহা ৮ লক্ষ টাকার ন্যূন হইবে অতএব এইক্ষণে জমা ১৪,৪০,০০৬ টাকা তন্মধ্যে ১০,৬২,৮৭৩ টাকা শতকরা ৪ টাকা সুদের লোনে জমা হয় এবং ৩,৭৭,১৩২ টাকা বেঙ্কে জমা আছে অতএব বোধ হয় যে এই বেঙ্ক স্থাপনেতে যেমন সাধারণ লোকের উপকার সম্ভাবনা ছিল তাহা পূর্ণ হইল তদতিরিক্ত তদ্দ্বারা গবর্ণমেণ্ট কোষেরো উপকার দর্শিয়াছে। বেঙ্কহইতে যে টাকা বাহির হইয়াছে তদ্বিষয়ে এই মন্তব্য যে তাহার হিসাব তজবীজ করিয়া দেখা গেল নানাকা

stamped upon his chest, inflicted a severe wound on one of his legs; and in short, seemed bent on murdering him. Being a powerful man, as soon as he recovered from the effect of the blow with the brick bat, he struggled desperately; but the natives seized him and dragged him up the bank towards the temple, and succeeded in getting him there, although in the way he knocked several of them down. When they got him into the temple, their object seemed to be to immolate him on the shrine; for a man attempted repeatedly to stab him in the heart, and in warding off the knife, Captain D.'s fingers were severely cut. That he would have been murdered there, had not some respectable natives come up and interfered, there can be no doubt. They prevailed upon the people to desist from their purpose; but the wretches, even in acceding to the request, manifested further brutality, for instead of carrying him, they actually dragged him by the heels, with his head upon the ground, for nearly a mile, towards Chandernagore; and when he was at length released by the Police and brought to that place, he was nearly suffocated with the rush of blood to his head. Captain D. and Lieutenant B. were brought to the house of Monsieur Theirs, where they received the kindest attention, not only from the gentleman, but from the ladies of his family, and some other ladies of Chandernagore, who came in and also assisted the Doctor of the station in dressing their wounds. Nothing could exceed the kindness they experienced. Their depositions were taken in due form, and every effort will, no doubt, be made to arrest some of the leaders of this savage and cowardly assault. The two officers so severely injured were brought into Chinsurah in the evening, and are, we are happy to state, both doing well.

Sir Charles Grey.

It has been repeatedly stated within the last week in the Calcutta Papers, that Sir Charles Grey, the former Chief Justice of Calcutta, is likely to succeed Mr. Macaulay in the Law Commission.

Savings' Bank.

An abstract of the operations of the Savings' Bank, published to-day, shews that its receipts in the first four years have amounted within a few hundred Rupees to twenty-four lakhs, and that the withdrawals in the same period have been less than one-third of the amount of the deposits, leaving a balance of Rupees 14,40,006, of which Rupees 10,62,873 have been transferred to the 4 per cent. loan, and Rupees 3,77,132 remain at open credit in the Bank. Hence, it appears that the establishment, while it has more than answered the first expectations entertained as regards the public, has been useful to the Government treasury. With respect to the withdrawals from the Bank, it is worthy of remark, than upon examination they appear to bear the following proportions to the deposits in

রি নানা ব্যক্তিরা এই২ হিসাবে টাকা বাহির করেন। বিশেষতঃ এতদ্দেশীয় লোকেরা নয় আনা হিসাবে। সিবিলসম্পর্কীয় সাহেব লোকেরা সাড়ে তিন আনা মিলিটরীসম্পর্কীয়েরা দুই আনা ইতর লোকেরা অর্দ্ধ আনা।

বারাকপুর।

বারাকপুরহইতে নবম রেজিমেণ্ট অবিলম্বেই চট্টগ্রামে যাইতে হুকুম পাইয়াছে। ইহা বর্ম্মারদের বিষয়ে সাবধানহওনার্থ। এইক্ষণে বারাকপুরে কেবল দুই পল্টন মাত্র রহিল অনেক বৎসরাবধি এমত অল্প পল্টন বারাকপুরে ছিল না।

আফীণের নীলাম।

আগামি বৎসরের আফীণ নীলামের যে ইশতেহার দেওয়া গিয়াছে তদ্বিবরণ এই।

প্রথম নীলাম।

	সিন্দুক
২ জানুআরি পাটনার আফীন... ...	৪৬০০
বারাণসীর	২৪০০
	৭০০০
দ্বিতীয় নীলাম। অনুমান ২ ফেব্রুআরি	২৩০০
তৃতীয় নীলাম। অনুমান ২০ আপ্রেল	৪০০০
চতুর্থ নীলাম। অনুমান ২০ মে	২০০০
পঞ্চম নীলাম। অনুমান ২৫ জুন	৩৮০০

বেরেণসী জাহাজের দ্বারা পত্র প্রেরণ।

বেরেণসি জাহাজের দ্বারা ইঙ্গলণ্ড দেশে কলিকাতাহইতে যত পত্র প্রেরিত হয় তৎসংখ্যা এই।

কলিকাতার মাসুলি চিঠী	১০৭৭
খবরের কাগজ	১৬৬
বিনা মাসুলী চিঠী	৪৩
মফঃসলের চিঠী	৮৫
	১৩৭১

শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর ও শ্রীযুক্ত লার্ড বিসাপ।

শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুর ও সমভিব্যাহারিবর্গ যে বাষ্পীয় জাহাজারোহণ করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৫ তারিখে বারাণসীতে পঁহুছিয়াছে।

শ্রীযুক্ত লার্ড বিসাপ সাহেব এক্সপেরিমেননামক বাষ্পীয় জাহাজারোহণ করিয়া ১৫ তারিখের অতিপ্রত্যূষে পাটনাহইতে প্রস্থিত হইয়া তদ্দিবসের অপরাহ্নে মুঙ্গেরে উত্তীর্ণ হন। এক দিবস মুঙ্গেরে অবস্থানার্থ স্থির হইয়াছিলেন। পরে ১৭ তারিখের প্রত্যূষে মুঙ্গেরহইতে ভাগলপুর গমন করিবেন এবং ঐ স্থানে চারি দিবস অবস্থান করিবেন। পুনশ্চ রামপুর বোয়ালিয়াতে দুই দিন অবস্থিতি করিয়া ঢাকায় যাইবেন।

বেলূন।

শ্রীযুত রাবর্টসন সাহেব কলিকাতাহইতে বিলাতে প্রত্যাগমনের পূর্ব্বে পুনর্ব্বার বেলূন যন্ত্রের দ্বারা আকাশপথগামী হইতে নিশ্চয় করিয়াছেন। এবার পূর্ব্বাপেক্ষা বৃহৎ বেলূন প্রস্তুত হইবে এবং তাহাতে দুই জন আরোহী হইবেন বেলুন এক ক্রোশ পর্য্যন্ত উঠিবে তদ্ভিন্ন ছত্রাকার এক যন্ত্র তাহার সঙ্গে যোজিত হইবে এবং তাহাতে একটা বানর সঙ্গে করিয়া উঠিবেন। পরে ঐ ছত্রাকার যন্ত্রের দ্বারা বানরকে নামাইবেন। ফলতঃ বর্ত্তমান বৎসরের মার্চ মাসে বেলূনের ব্যাপার যেমন দৃষ্ট হইয়াছিল তদপেক্ষা আরো এই ব্যাপার সুদৃশ্য হইবে। যদ্যপি রাবর্টসন সাহেবের চাঁদা বিলক্ষণ পূর্ণ হয় তবে কলিকাতাস্থ কিল্লার মাঠহইতেও একবার উঠিবেন এমত মানস আছে।

the transaction of different classes:— those of Natives being nine annas in the Rupee; civil functionaries, three and a half annas; military persons, two annas; and miscellaneous persons, half an anna. — *Cal. Cour. Nov.* 18.

Barrackpore.

The 9th Regiment has been ordered from Barrackpore to Chittagong immediately, as a precautionary measure. Thus there will, for the present, remain at Barrackpore only two corpse, a fewer number than has been stationed there for many years past.

Opium Sales.

The advertisement is out for the Opium sales of next year. It is as follows:

1st sale 2d January, Patna...........	4,600
Benares	2,400
Chests......	7,000
2d Sale, on or about the 2d February,	2,300
3d Sale, on or about the 20th April,	4,000
4th Sale, on or about the 20th May,	2,000
5th Sale, on or about the 25th June,	3,800

The Overland Despatch of Letters by the Berenice.

The despatch of overland letters (from Calcutta) by the *Berenice* comprized the following:

Calcutta postage letters, ...	1077
Ditto ditto Newspapers, ...	166
Free letters, ...	43
Inland ditto, ...	85
— *Orient. Obs. Nov.* 18.	1371

The Governor General and the Lord Bishop.

The Steamers conveying the Right Honourable the Governor General and his party, arrived at Benares on the morning of the 15th instant.

The *Experiment*, with the Lord Bishop on board, left Patna at day-light on the morning of the 15th November, and reached Monghyr on the same evening. She was to remain one day at Monghyr, and to start again for Bhagulpore on the morning of the 17th, where the Bishop intended to remain four days, and to make a further stay of two days at Rampore Bauleah, and thence proceed to Dacca. — *Cal. Cour.*

Mr. Robertson.

Our readers will observe, by the prospectus inserted in another column, that Mr. Robertson is resolved to give us another Aerostatic exhibition before he leaves Calcutta for Europe, and on this occasion a larger Balloon is to be employed for the conveyance of two persons, and the Balloon is to rise to a height of more than two miles; besides which, there is to be a parachute with a Monkey in it. In short, the exhibition is to be rendered very much more interesting than than of March last year, which attracted so immense a crowd of Natives. We believe it is Mr. Robertson's intention to ascend from the plain, if the previous subscription answers his expectations. — *Cal. Cour. Nov.* 20.

আগ্রাতে হাসিল আদায়

বর্ত্তমান বৎসরের পূর্ব্বার্দ্ধে আগ্রার কালেকটরীতে হাসিলবাবতে ৪.৩০,৮৮৭ টাকা আদায় হয়। গত বৎসরের পূর্ব্বার্দ্ধে কেবল ৩.৩৭,৬৭২ টাকা হইয়াছিল অতএব ছয় মাসের মধ্যে ঐ কালেকটরীতে লক্ষ টাকারো অধিক আদায় হইয়াছে।

বিজয়নগর।

গত মাসের ২২ তারিখে বিজয়নগরের এক পত্রে লেখে যে তাহার পূর্ব্ব তিন দিন পর্য্যন্ত ১১ বুরুলপর্য্যন্ত বর্ষিল। ঐ মাসের প্রথমেও তত্তুল্য বর্ষণ হয় তদ্দ্বারা ঐস্থানীয় বড়২ পুষ্করিণী পরিপূর্ণা হইয়াছিল। তৎসময়ে আরো বৃষ্টির সম্ভাবনা ছিল তৎপ্রযুক্ত শস্যের মূল্য কমিয়া টাকায় ২০। ২৪ সের করিয়া হইল তাহাতে সকলের এমত ভরসা জন্মিল যে সপ্তাহের মধ্যে টাকায় ৩০ সের করিয়া শস্য দাঁড়াইবে।

ফাষ্টর সাহেব

হাবড়ার শ্রীযুত পিটর ফষ্টর সাহেব কয়েদ না হইয়া ইনশালবেণ্ট আদালতে এমত দরখাস্ত করিয়াছেন যে কর্জের অর্দ্ধেক টাকা দিতে আমি প্রস্তুত আছি। অতএব ইনশালবেণ্টের ব্যবস্থার দ্বারা উপকৃত হইয়া মুক্ত হইতে বাঞ্ছা করি। তাহাতে রীতিমত তাঁহাকে সর্টিফিকট দেওয়া গিয়াছে।

জাইণ্ট মাজিস্ত্রেট।

ডেলি নিউসনামক সম্বাদপত্রে লেখে যে গবর্ণমেণ্ট এমত নিশ্চয় করিয়াছেন যে সিবিলসম্পর্কীয় কিম্বা সরকারী কোন কর্ম্মে নিযুক্ত না আছেন এমত কএক ব্যক্তিকে জাইণ্ট মাজিস্ত্রেটী পদে নিযুক্ত করিবেন। এই প্রস্তাবের যে কিপর্য্যন্ত সত্যতা তাহা এইক্ষণে আমরা নিশ্চয় কহিতে পারি না। কিন্তু পোলীসের ডিপার্টমেণ্টে অল্পকালের মধ্যে অতিগুরুতর পরিবর্ত্তন হইবে তাহাতে সরকারী কর্ম্মকারকেরদের সংখ্যা বৃদ্ধি অবশ্যই করিতে হইবে এবং সিবিলসম্পর্কীয় কর্ম্মকারকেরদের মধ্যে মাজিস্ত্রেটী কর্ম্মে নিয়োগার্থ যুবব্যক্তিও সাধারণ। সুতরাং ঐ সকল পদে সাধারণ ব্যক্তিরদের মধ্যহইতে বাচনি করিয়া নিযুক্ত করিতে হইবে।

সিবিল ও সেসন জজ।

ইউরোপীয় সাহেব লোকেরা শুনিয়া চমৎকৃত হইয়াছেন যে রঙ্গপুর জিলায় শ্রীযুত শা সাহেব যৎকিঞ্চিৎকাল অবর্ত্তমান থাকাতে তত্রস্থ প্রধান সদর আমীন শ্রীযুত রাইলি সাহেব কোম্পানির চিহ্নিত চাকরের মধ্যে না হইয়াও ঐ সিবিল ও সেসন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে হুকুম পাইয়াছেন। এই নূতন আশ্চর্য্য ব্যাপার শ্রবণ নিবৃত্তি না হইতে হইতেই শুনা গেল যে যশোহরের তদনুরূপ উচ্চ পদ হিন্দু এক ব্যক্তিকে অর্পিত হইয়াছে।

আবা।

আবার ব্যাপারের ভাবিবিষয়ে গত সপ্তাহে যে সম্বাদ আগত হয় তদপেক্ষা নূতন এইমাত্র বার্ত্তা শ্রবণ হইল। আক্যাবহইতে এই মাসের ৮ তারিখের পত্রে লেখে যে থারাবাদি রাজা ৩০ হাজার যোদ্ধা সৈন্য বৈতনিক করিয়া রাখিয়াছেন। তন্মধ্যে একাংশ মৌলমীনের নিকটে ব্রহ্মদেশীয়েরদের সীমাতে নিযুক্ত অপরাংশ আরাকানে ইঙ্গলণ্ডীয়েরদের সীমাতে রক্ষিত তৃতীয়াংশ প্রাচীন রাজার নিকটে তৈনাতী আছে। কথিত আছে নূতন রাজা আসামের স্বাধীন প্রধান২ অধ্যক্ষেরদিগকে স্বপক্ষকরণার্থ উদ্যোগ করিতেছেন। তাঁহারদের যে এক জন অধ্যক্ষ চীনীয় বাদশাহকে কর দেন তিনি কহিয়াছেন যে থরাবাদির কল্পনাসকল পূর্ণ হইলে আমি তাঁহার সহকারী হইব।

ইঙ্গলিসমেন সম্বাদপত্রে লেখে যে গবর্ণমেণ্ট কলিকাতাস্থ হাসিলের মাজিস্ত্রেট সাহেবের প্রতি এমত হুকুম করিয়াছেন যে রাঙ্গুণে আর কোন কামানাদি প্রেরণ করিতে না দেন: কিন্তু বর্ম্মার রাজ্যে এইক্ষণেও লক্ষ কামান ন্যস্ত আছে।

পশ্চিম প্রদেশে ডাক।

ডাকের বিষয়ে যে নূতন নিয়ম হয় তাহাতে তাবৎ সাধারণ লোকের ডাক বন্দ হইয়াছে ইহাতে পশ্চিম প্রদেশস্থ মহাজনেরা বিরক্ত হইয়াছেন এমত নহে তাহাতে তাঁহারদের মহা ক্লেশ হইতেছে এবং তাঁহারা মির্জাপুরের মাজিস্ত্রেট ও ডাকের অধ্যক্ষের দ্বারা শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের নিকটে এক দরখাস্ত দিয়াছেন ঐ দরখাস্তে অনেক লোকের সহী আছে। মির্জাপুরের মহাজনেরা আপনারদের যে নিজ ডাক ছিল তাহা ঐ আইন জারীহওনের পরও রাখিয়াছিলেন। কিন্তু ঐ নূতন আইনে যে অতিভারি গুনাহগারী নির্দ্দিষ্ট আছে সুতরাং তদ্ভয়ে এইক্ষণে তাঁহারদের ঐ ডাক উঠাইতে হইয়াছে।

ইঙ্গলণ্ড দেশহইতে আগমনীয় ডাকের পুলিন্দা।

কুরিয়র পত্রদ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুত সর রাবর্ট গ্রাণ্ট সাহেব ইঙ্গলণ্ড দেশে পত্রদ্বারা এমত পরামর্শ দিয়াছেন যে জুলাই আগষ্ট সেপ্তেম্বর মাসের লণ্ডন নগরীয় ডাকের পুলিন্দা দমাসেকের পথ দিয়া ভারতবর্ষে প্রেরিত হয়। বেরেণসি জাহাজের দ্বারা যে শেষ পরীক্ষা হয় তদনুসারে দৃষ্ট হইতেছে যে মসুম সময়ে প্রতিকূল বায়ুর সময়ে বোম্বাইহইতে বাষ্পীয় জাহাজের সুয়েজে গমন করা অসাধ্য অতএব যদ্যপি আর কোন উপায় স্থির না হয় তবে মাসে২ নিয়মিতমতে পুলিন্দা প্রেরণ ও আগমন দুঃসাধ্য হইবে।

গত সপ্তাহে সুয়েজ নগরে পালিভরে এক জাহাজ যাইবে এমত ইশ্‌তিহার দেওয়া যায়। ঐ সম্বাদ শ্রবণমাত্রই ১৩ জন ঐ জাহাজে গমনার্থ দরখাস্ত করেন। তৎপরে শুনা গেল যে আরো দুই খান জাহাজ ঐ পথে যাইতে স্থির হইয়াছে।

মেজর জেনরল সর হেনরি ওয়ার্স্লি সাহেবের বদান্যতা।

মেজর জেনরল শ্রীযুত সর হেনরি ওয়ার্স্লি সাহেব বহুকালাবধি ভারতবর্ষের সৈন্যসম্পর্কীয় অত্যুচ্চ পদ প্রাপ্ত হইয়াছিলেন। তিনি সংপ্রতি রায়ল আসিয়াটিক সোসাইটিকে একেবারে দশ সহস্র টাকা দান করিয়াছেন। ঐ সোসাইটির বৈঠকে এই মহা দানোপলক্ষে তাঁহার নিকটে বিশেষ বাধ্যতা স্বীকার করণ স্থির হইল এবং অংশিরা এমত উৎসুক হইলেন যে চাঁদার দ্বারা ঐ বদান্য মহাশয় ব্যক্তির এক প্রতিমূর্ত্তি প্রস্তুত করাইয়া ঐ প্রকোষ্ঠের মধ্যে স্থাপন করেন।

আশ্চর্য্য আঙ্গরাখা।

চান্দার রাজা শ্রীযুক্ত গঙ্গাধর রাও এইক্ষণে আগ্রার শ্রীযুক্ত লেপ্তেনন্ত গবরনর্ ও ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের নিকটে দরখাস্তকরণার্থ আগ্রায় আসিয়াছেন। দরখাস্ত এই যে আমার পৈতৃক যে হীরকাবলিযুক্ত আঙ্গরাখা এইক্ষণে বারাণসীস্থ আমার মোক্তা

Customs Collections at Agra.

The Customs Collections at Agra for the past half year amount to 4,30,887, against 3,37,672 in the corresponding period of last year; being an improvement of nearly a lakh of Rupees in six months.

Vizianagram.

A letter of the 22d ultimo from Vizianagram, mentions that within the preceding three days 11 inches of rain had fallen, the same quantity which they had at the commencement of the month; and that the great Tank was at last full. There was every appearance of more rain, and grain was already at 20 to 24 seers for the Rupee, and expected to be 30, within the week.—*Spectator.*

Mr. Foster.

Mr. Peter Foster, of Howrah, though not in custody, has petitioned the Insolvent Court to be allowed to take the benefit of the Act on his making over assets to the amount of one half of his debts; and the usual certificate has been granted him.

Joint Magistrates.

The *Daily News* states it to be the intention of Government to appoint to the office of Joint Magistrate a number of individuals not in the Civil, or even in the Public Service. How far this is true, we have not the means of ascertaining just now. There must, of course, be very material changes made very soon in the Police department; and they will, necessarily involve an increase in the number of public functionaries; and as the Civil Service cannot spare even a junior from the Magisterial Service, we suppose the increase will be made up from the community at large.

Civil and Session Judges.

To the no little surprize of the European community, the task of performing the current duties of the Civil and Session Judge's office has been at Rungpore committed, during the temporary absence of Mr. Shaw, to Mr. Riley, the Principal Sudder Ameen, an uncovenanted servant. Our surprize at this innovation had scarcely subsided, ere the same high situation in Jessore was conferred *pro tempore* on a Hindoo.

Ava.

The only addition to the authentic information received regarding our future relations with Ava, is from Akyab, the 8th instant. It is stated that Tharawaddy has thirty thousand fighting men in pay,—of which one portion guards the Burmese frontier towards Moulmein; another that of Arracan; whilst a third mounts guard over the old King. It is *said* that the new King is endeavouring to make partizans among the independent chiefs of Assam, and that one of them, who pays tribute to the Chinese, has promised to join the Burmese when Tharawaddy's plans are ripe.

The *Englishman* states, that Government have given orders to the Collector of Customs not to permit the farther export of fire arms to Rangoon. They have a hundred thousand already in the Burmese dominions.

Dawk in the Western Provinces.

The new Post Office arrangement by which all private dawks are forbidden, has not only given extreme umbrage to the merchants in the Western Provinces, but has really subjected them to a very great inconvenience, and a very numerously signed petition to the Governor General has been forwarded through the Magistrate and the Post Master at Mirzapore. The merchants of Mirzapore at first continued their private dawks, but the fear of the heavy fine which the new Act imposes, very soon constrained them to give it up.

Mails from England.

We learn from the *Courier*, that Sir Robert Grant has written home to recommend that the London Mails of July, August and September be forwarded to India by way of Damascus. From the last experiment made by the *Berenice*, it would appear impossible to keep up the communication between Bombay and Suez during the monsoon, and some other plan must, therefore, be devised, or we can never expect to succeed in the establishment of a regular monthly communication.

During the last week, a sailing vessel has been advertised to proceed to Suez. The fact was no sooner known, than thirteen applications for passages were made. Two other vessels, we understand, have been laid on this route.

Munificence of Major General Sir Henry Worsley.

Major General Sir Henry Worsley, who for many years held one of the most important posts in the India Army, has recently made a donation of 1000 Pounds to the Royal Asiatic Society. The meeting acknowledged the donation by a special vote of thanks, and a general feeling prevailed among the members, that they should mark their sense of the liberality displayed, by a subscription for a bust of the donor to be placed in the Society's meeting room.

Valuable Ungurkha.

The Rajah of Chand, Gungadhur Rao, is now at Agra, to prosecute his suit before the Lieutenant Governor and the Governor General for a diamond Ungurkha or Jacket, valued by the family at a million and thirty thousand

রের নিকটে আছে তাহা আমি ফিরে পাই। ঐ আঙ্গরাখার মূল্য ১ কোটি ৩০ লক্ষ টাকা। নাগপুর বৃটিস গবর্ণমেণ্টের হস্তগতহওনসময়ে ঐ আঙ্গরাখার কোন স্থান সারিবার নিমিত্ত মাধূজী কালানামক এক জন বারাণসীস্থ সরাফ অর্থাৎ মোক্তারের হস্তে দেওয়া গিয়াছিল। কথিত আছে নাগপুরের ঐ অপদস্থ রাজার হীর কাখিত অপর এক আঙ্গরাখা ছিল তাহার মূল্য ৩ কোটি টাকার ন্যূন নহে। তাহাও তৎসময়ে বারাণসীতে প্রেরিত হইয়াছিল বোধ হয় ঐ আঙ্গরাখাও এই ক্ষণে ঐ স্থানে আছে।

শাহারণপুর।

শাহারণপুরস্থ আমেরিকীয় মিসনরি সাহেবেরা অর্থাৎ শ্রীযুত কাম্বেল সাহেব ও শ্রীযুত জেমস সাহেব এমত ঘোষণা করিয়াছেন যে এই দুর্ভিক্ষসময়ে যত পিতৃমাতৃহীন বালক তাঁহারদের নিকটে আনীত হইয়া আবেদন করিবে ঐ মহাশয়েরা তাহারদিগকে গ্রাসাচ্ছাদন দিবেন এবং যদ্যপি বালকেরদের ইচ্ছা হয় তবে তাঁহারদের স্থাপিত ঐ স্থানে যে পাঠশালা আছে তাহাতে বিদ্যা শিক্ষার্থ প্রবিষ্ট হইতে পারে।

মান্দ্রাজে ঝড়কা।

মান্দ্রাজে ঝটকার মনুষ্ম আরম্ভেই ঐ স্থানে যে সকল জাহাজ ছিল তাহার অত্যন্ত ক্ষতি হইয়াছে। মিনার্ভা ও জন নামক জাহাজে এক জন গোরা সৈন্য ইউরোপ দেশে প্রত্যাগমনার্থ আরোহী হইয়াছিলেন ঐ দুই জাহাজ ঝটকাসময়ে অতিসঙ্কটে পড়িল। থরমাইয়া জাহাজ ও তটে পড়িয়াছে কিন্তু মাল রক্ষা পাইবে বোধ হয়। ঐ ঝটকাতে অন্যান্য কএকখান ক্ষুদ্র জাহাজেরও মহাক্ষতি হইয়াছে ঐ ঝটকার আরম্ভের পুর্ব্বে মান্দ্রাজহইতে কলিকাতাপর্য্যন্ত যে ডাক আসিয়া থাকে তাহা পঁহুছনে এক সপ্তাহ বিলম্ব হইয়াছে এবং যে সম্বাদের কাগজ পঁহুছিয়াছে তাহা এমত আর্দ্র যে তথায় বিলক্ষণ বর্ষা উপস্থিত হইয়াছে এমত বোধ হয়।

পত্র প্রেরকেরদের প্রতি।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসননামক পাঠশালার স্বাক্ষরকারিরদের উপরি এক ফর্দ প্রাপ্ত হওয়া গিয়াছে আগামি সপ্তাহে প্রকাশ করা যাইবে।

কস্যচিৎ বরিসাল নিবাসি প্রজাবর্গ হিতাকাঙ্ক্ষিণ ইতি স্বাক্ষরিত পত্র পাওয়াগিয়াছে আগামি দর্পণে প্রকাশার্থ বিবেচনা করা যাইবে।

শ্রী শিবাভিলাষ চক্রবর্ত্তী সাং আমতা ইতি স্বাক্ষরিত পত্র প্রকাশে তাদৃশ ফল দৃষ্ট হয় না। নালিস না করিলে মিথ্যা সাক্ষিরদের দমন হইতে পারে না।

pounds sterling, and now in the hands of his Agent at Benares. It was formerly deposited with Madhoojee Kala, a Benares Surroff, for some repairs, when Nagpore was reduced by the British Government. The Ex-Rajah is said to have been the owner of a diamond jacket, valued at three millions of money, which was also at Benares at the same period, and is still, it is said, in deposit at the same place. —*Agra. Ukh.*

Scharunpore.

The American Missionaries at this Station, Messrs. Campbell and James, have circulated notices, that all orphans through the present famine will be relieved with food and clothing, on application to them, and if willing, be admitted as scholars in the school established by these gentlemen. —*Ibid.*

Madras Gale.

The monsoon has set in at Madras with great violence, and has done much damage to the shipping in the roads. The *Minerva* and the *John*, on which a European Regiment has embarked on its return to England, were placed in a very perilous situation. The *Thalia* has gone ashore, but it was said her cargo would be saved. Some other smaller vessels had also suffered very considerably in the gale.

In consequence of the setting in of the monsoon, the dawk from Madras to Calcutta has been detained more than a week, and the papers that had arrived bear sufficient testimony of the fact.

To Correspondents.

The List of the additional Subscribers to the Hindoo Benevolent Institution has been received, and will appear next week.

We have received the letter signed "*One anxious for the welfare of the people of Burisal.*" It is under consideration.

There does not appear to be much use in publishing the letter of "*Seebabhilas,*" of Omptah. Perjury can be put down only by the Courts.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

খড়দহ ও শ্রীরামপুরের জুয়াখেলা নিবারণ হইয়াছে ইহা আনন্দের বিষয় কিন্তু সে জুয়াচোরেরা আপন ইচ্ছাক্রমে স্বীয় ধন ক্ষয় করিত তাহাতে হাকিম অত্যন্ত মনোযোগী হইতেন না। এতকারণ এতকাল রহিত হয় নাই ভাল এবারে তাহাতে মনোযোগ করিয়াছেন রহিত হইয়াছে অবোধ ব্যক্তিদিগের ধন বৃথা গেল না। কিন্তু যদ্যপি তাহারা নির্ব্বোধতাহেতুক সেই ধন মদ্যপান দ্বারা বা বেশ্যার দ্বারা নষ্ট করে তাহার নিবারণ করাও হাকিমের উচিত হয়। আমরা বিবেচনা করি যদি দর্পণকার মহাশয় আমারদিগের মতে প্রবিষ্ট হন তবে এই বিষয় গবর্ণমেণ্টে বারম্বার লেখা যায় যে হিন্দু ও মোছলমান মদ্যপান করিতে পারিবেক না এবং হিন্দু হইয়া ইঙ্গরাজের ন্যায় আচার ব্যবহার করিতে পারিবেক না তাহা হইলে দেশের অনেক লোকের ধন রক্ষা হইবেক। আমরা মনে করি এবিষয়ে দর্পণকার মহাশয় মনোযোগী হইবেন না কেননা তাহাতে গবর্ণমেণ্টের অনেক ক্ষতি হইবেক যেহেতু মদের দোকানের খাজনা অনেক টাকা আবার হয় যদি হিন্দু মোছলমানে মদ্য পান না করে তবে কি এত দোকান থাকিতে পারে। আবকারি মহালের তহসীলের কাগজ দৃষ্টি করিলে জানিতে পারেন প্রায় বৎসরং কত টাকা বৃদ্ধি হইতেছে সুতরাং গবর্ণমেণ্টের ক্ষতি বিষয়ে তিনি কদাচ হস্তার্পণ করিবেন না। ঐ জুয়াখেলায় যদি কোম্পানির কিঞ্চিৎ কর নির্দ্ধারিত থাকিত তবে কি দর্পণকার তাহাতে হস্তক্ষেপ করিতেন না মাজিষ্ট্রেট সাহেব তাহাতে কোন কথা কহিতে পারিতেন। খেলার রাজস্ব গোস্বামি মহাশয়েরা পাইতেন তাহা রহিত করিলে কাহার ক্ষতি নাই। যদি গবর্ণমেণ্ট মদের দোকান রহিত করিয়া দেন তবে বুঝিতে পারি দেশের হিতার্থে বিলক্ষণ মনোযোগী আছেন নচেৎ পরের অনিষ্ট করিয়া সুখ্যাতি লওয়া কঠিন কর্ম্ম নহে।

Spirit of the Native Papers.

It is a matter of delight that the gambling has been put down at Khurdah and Serampore. The gamblers used, however, only to destroy their own property. Formerly Government paid no attention to the matter, and hence this practice has been continued. Well, now they have attended to it, and the evil has been stopped, and foolish people will no longer be able to throw away their money in this manner. But is it not equally the business of Government to prevent these foolish people from expending their money in drinking and licentiousness? We fancy that if the Editor of the *Durpun* were to adopt our religion, he would frequently address Government upon the subject, and entreat that Hindoes and Moosulmans should not be permitted to get drunk, and that Hindoos should not be allowed to adopt English customs, by which a great deal of their wealth is lost. We think the Editor of the *Durpun* will not exert himself in this matter, because it will bring loss upon Government, since they enjoy a large revenue from the tax upon liquor shops. If the Hindoos and Moosulmans were not to drink Arrack, would there be so many shops in existence? If any one could see the accounts of the Abkaree department, he would see how greatly this revenue has increased. But Government will lose by abolishing the shops, and the *Durpun* will not, therefore, touch the business. If the Company obtained any revenue from gambling, the *Durpun* would not have mooted the business, and the Magistrate, would he have said any thing upon the subject? The revenue arising from gambling at Khurdah was enjoyed by the Gossains, and there can be no harm, therefore, to any one in forbidding the gambling. If Government would at once abolish the liquor shops, we should believe them sincere in their endeavours to benefit the country; otherwise, to gain fame by touching the interests of others, is no very difficult matter.—*Chundrika.*

প্রেরিতপত্র।

শ্রীযুক্ত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

গত শুক্রবার হিন্দুকালেজে এতন্নগরস্থ এবং দূরস্থ কতিপয় ভাগ্যবল্লোক একত্রীকরণ হইয়া এই স্থির হইয়াছে যে গবর্ণমেণ্টকর্ত্তৃক কঠিন নিয়ম অর্থাৎ যে আইন প্রস্তুত হইয়াছে এবং প্রচলিত আছে ও হইবেক তাহাতে তাৎপর্য্য নিষ্কর ভূম্যাদি ছলে বলে গ্রহণ করা ইষ্ট হইয়াছে। তজ্জন্য অত্যল্প দিবসের মধ্যে এই স্থানে প্রকাশিত কোন সভাতে বক্তৃতার দ্বারা সদসদ্ পার সম্ভাবনা হইবেক বিশেষরূপ প্রকাশ না হওনের কারণ দূরস্থ মহাত্মা ব্যক্তিরদিগের আগমন হয় নাই নিবেদনেতি।

Correspondence.

To the Editor of the Durpun.

On Friday last, a number of wealthy inhabitants of this town and from a distance got together, and determined, in reference to the very severe measures which Government are adopting, and to the law which is in force or may be in force, and the object of which is to obtain all the rent free lands by force or fraud; that in a few days, at a certain Society, the propriety or impropriety of a measure should be discussed. The reason for not publishing any thing yet on the subject, was that many gentlemen from a distance had not come.

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

প্রিয় সম্পাদক মফঃসল সম্পর্কীয় পোলিসের কার্য্য শোধনার্থ সংপ্রতি গবর্ণমেণ্ট লোক নিযুক্ত করিয়াছেন আমি এ বিষয় শ্রবণে পরমাহ্লাদিত হইলাম। বহুকালাবধি আমার প্রার্থনা ছিল মফঃসলের পোলীসের প্রতারণা জালে বদ্ধ হইয়া দীনদরিদ্র প্রজারা যে সমস্ত কষ্ট পাইতেছেন গবর্ণমেণ্ট কৃপাবলোকনপূর্ব্বক তাহা নিবারণ করেন সেই আশা এক্ষণে সফল হইবে। আমি পূর্ব্বে শুনিয়াছি মফঃসলের পোলীসের লোকেরা অর্থ লোভে না পারে এমত অপকর্ম্ম নাই বিশেষতঃ বর্দ্ধমানে আসিয়া পোলীসের হস্তে বরং ঠেকিয়া আরো শিক্ষা পাইলাম। সম্পাদক মহাশয় বর্দ্ধমানের স্বর্গীয় মহারাজ তেজশ্চন্দ্র বাহাদুরের কনিষ্ঠা স্ত্রী শ্রীমতী মহারাণী বসন্তকুমারী ফৌজদারী সম্পর্কীয় বিচার প্রাপণার্থ আমাকে মুক্তিয়ার করিয়াছেন। অতএব আমি বর্দ্ধমানে থাকিয়া তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিতেছি আপনি বুঝিতে পারেন পরাণ বাবু ও তাঁহার পরিবারেরা আমার বিপক্ষ সুতরাং তাঁহারদিগের ক্রোড়ের মধ্যে থাকিতে হইল। একারণ আপন সম্ভ্রম রক্ষার্থ বাসাতে কয়েক জন বরকন্দাজ রাখিয়াছি এবং শ্রীমতী মহারাণীও আমাকে তদুপযুক্ত সম্ভ্রমেতেই রাখিয়াছেন আমাকে এইরূপ দেখিয়া বর্দ্ধমানের পোলীস

To the Editor of the Durpun.

Government recently appointed certain individuals in order to improve the Police of the country, and the intelligence of this has filled me with delight. I have long wished that Government would look with compassion upon the poor and distressed people in the country, who are entangled in the net of the Mofussil Police, and that they would afford relief; and this hope is about to be fulfilled. I had formerly heard that there was no wickedness which the Police officers would not do for money. Having arrived at Burdwan, I came in contact with the Police, and was well instructed in the subject. Mr. Editor, the youngest widow of the late Muharaj Tejuschunder, Muharanee Bussuntkoomaree, appointed me her Mooktear to manage the business she might have in the Magistrate's Court, and I have been carrying on her business while I came to Burdwan. You will, of course, understand that this placed me in opposition to Poran Baboo and his connections. Of course I was obliged to live amongst them. In order, therefore, to preserve my own honor, I kept some armed retainers in my house; and the Muharanee maintained my dignity in the same manner. Seeing me in this state, the Darogah of the town of Burdwan, filled with en-

সের কোন আমলালোভেতে উন্মত্ত হইয়া প্রথমত বরকন্দাজ দিয়া পাঠাইল "আমি এক দিবস বাবুর সঙ্গে সাক্ষাৎ করিব" কিন্তু পোলীসের সে আমলার প্রতি আমার চিরকাল ঘৃণা আছে। অতএব আমি তাহাতে সম্মত হইলাম না এইরূপ দুই তিন দিবস বলিয়া শেষে আমার নিকট এক পরবানা পাঠাইল তাহার অভিপ্রায় এই যে আমি ঐ পরবানানুরূপ কার্য্য করিব না তবেই সে মিথ্যা এক মোকদ্দমার ভয় দেখাইয়া আমার স্থানে বিলক্ষণ হাত মারিবে।

ঐআমলার পরবানাতে লেখে কলিকাতা হইতে যে ব্যক্তি আসিয়া বাসা করিয়া রহিয়াছে এবং আপনাকে বাবু কহলাইতেছে তাহার নাম সাকিম জিলা এবং বাসাতে কত লোক থাকে আর কখন কোন লোক বাসাতে কি কারণে আইসে এবং ঐ বাবু কহলানেও য়ালা কি নিমিত্তে আসিয়াছে এই সকল অবিলম্বে লিখিয়া থানায় পাঠাইতে হইবে যদি না দেয় তবে তাহার কারণ লিখিবে আর বাসায় যখন যে লোক আসিবে তাহার আসিবার কারণ প্রত্যহ লিখিয়া থানায় পাঠাইতে হইবে। আমি তাহার এইরূপ অসভ্যের লেখা দেখিয়া একেবারে ক্রোধে পরিপূর্ণ হইলাম এবং প্রতিজ্ঞা করিলাম এই মূর্খ আমলাকে প্রতিফল না দিয়া জল গ্রহণ করিব না। কারণ আমি ইঙ্গলণ্ডীয়, শ্রীমতী মহারাণী বিকটোরিয়ার প্রজা তাঁহার অধিকারের মধ্যে যথা ইচ্ছা স্বেচ্ছাপূর্ব্বক বাস করিতে পারি তাহাতে পার্লিমেন্টের অথবা কোম্পানি বাহাদুরের কোন আইনের মধ্যে নিষেধ নাই। তবে ঐ আমলা আমাকে এপ্রকার অসভ্যের পত্র কি কারণে লেখে। পরে তৎক্ষণাৎ এই বিষয় মাজিস্ত্রেট সাহেবের নিকট লিখিয়া পাঠাইলাম কিন্তু বিজ্ঞবর মাজিস্ত্রেট সাহেব এবিষয়ে আমার প্রতি সদ্ব্যবহার করিয়াছেন। পত্র পাঠমাত্র তিনি কহিলেন বাবুর নিকট আমলার এপ্রকার পত্র পাঠাইবার কোন অধিকার নাই তাহাকে আমি বিলক্ষণ প্রতিফল দিব। তাহাতে ঐ আমলার আশায় ছাই পড়িল এবং ভয়েতে আমার সঙ্গে সাক্ষাৎ করিতে আসিল কিন্তু আমি তাহাকে উপরে উঠিতে দেই নাই।

কোন২ আমলা অত্যন্ত দুরাচার বর্দ্ধমান শহরের মধ্যে চুরী ডাকাইতির গন্ধ পাইলে সর্ব্বাং প্রজারদের শরীরে রস থাকিতে ছাড়ে না। এখানকার লোকেরা বলে শ্রাবণ মাসে এক ঘরে তিনটা স্ত্রী হত্যা হইয়াছিল তাহাতে ঐ রক্ষিস দরিদ্র লোকের স্থানে ১৪০০ শত টাকা ঘুস নিয়াছে এবং ঐ সময়ে এক গৃহস্থের চুরী হয় তাহার গন্ধে যাহাকে পায় তাহাকেই চোর বলিয়া কয়েদ রাখিয়া টাকা নিয়া ছাড়িয়াছে। যাহা হউক আমি তাহার দুষ্কর্ম্মের অনুসন্ধানে রহিলাম বিশেষ জানিয়া মাজিস্ত্রেট সাহেবকে এবং মহাশয়কে অবশ্য জ্ঞাত করিব।—শ্রীগৌরীশঙ্কর তর্কবাগীশ।

pidity, sent me word to say that he wished one day to visit the Baboo. I have always had a strong antipathy to the Police Darogas; I, therefore, did not agree to it. Two or three messages were sent in this manner in succession; at length he sent me a Perwannah, ordering me to comply with it, and I knew that on my non-compliance, he would get up a charge, and lay me under contribution.

The Darogah's perwannah orders, that the individual who had arrived there to reside, and who called himself a Baboo, should furnish his name and the Zillah to which he belonged, and the number of persons residing with him, and report when any persons might come to his house, and the reason of their coming; and that this pretended Baboo should also declare why he had come, and send all these particulars to the Thannah; and that if he did not do so, he should declare the reason of his refusal, and that he should daily report to the Thannah, the persons who might arrive at his house, and the reason of their coming. I was very much enraged at this dishonorable proceeding, and determined that I would not drink water, til I had paid off this stupid Darogah. For I am a subject of Her Majesty Queen Victoria, and I can reside at my own pleasure in any part of her dominions, and there is no Act of Parliament, and no regulation of Government to forbid it; how, then, did the Darogah venture to send me so disgraceful an order? I immediately addressed the Magistrate, and that worthy public officer formed a correct decision on the subject. On receiving my address, he stated that the Darogah had no authority to send such a letter, and that the Darogah should be duly reprimanded. The Darogah's wishes were thus reduced to ashes, and in terror he endeavored to come to see me, but I did not allow him to ascend my house. Some of the Police officers here are very wicked; the moment they smell a dacoity in this town, they never let the poor people off till they have sucked every thing from them. The people here say, that three women were put to death in the month of Shrabun, and that the Police officers extorted 1 400 Rs. from the people. At the same time there was a theft in the house of a householder, and that they seized on a variety of people as being thieves, and confined them, and extorted money from them. Be that as it may, I will keep a sharp look out on their proceedings, and not fail to inform you as well as the Magistrate of them.

Gowreesunker Turkabagish.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

১১৬৩ সংখ্যক দর্পণ দর্শনে আমরা গ্রামস্থ সর্ব্বজনে একেবারে দুঃখ সাগরে মগ্ন হইলাম যেহেতুক তন্মধ্যে কেয়াং চৌমুহা পরগনার গোপালনগর নিবাসিনাং ইতিস্বাক্ষরিত পত্রে যে দামোদর নদের সেলামাবাদের মহানা কাটাইবার প্রস্তাব তৎপত্রপ্রেরকেরা লিখিয়াছেন তাহা সত্য হইলে সর্ব্বনাশের বিষয়। কারণ উক্ত মহানা কাটাইয়া দিলে যে নদ আমারদিগের দুই গ্রামের মধ্যে দিয়া গিয়াছে তাহার যেরূপ প্রাদুর্ভাব হইবে তাহা লিখনাতীত। উক্ত নদের পার্শ্বদ্বয়ে যাহারং বাস আছে তাহারা নদগত হইবেক ও তদব্যতিরিক্ত কিঞ্চিৎ দূরস্থ গ্রামসকল প্রতিবৎসর প্রতি বন্যায় ভাসিয়া যাইবেক। হে সম্পাদক মহাশয় গবর্ণমেন্ট কি এমত সর্ব্বনাশীয় কর্ম্মে প্রবৃত্ত হইবেন তবে বলা যায় না। যদ্যপি আমারদিগের অধিক পাপ হইয়া থাকে তন্নিমিত্ত যেমত পূর্ব্বে

To the Editor of the Durpun.

On seeing the 1163 No. of the *Durpun*, all the inhabitants of this village are immersed in an ocean of grief, for if the cutting of the canal through Silamabad which was mentioned in the *Durpun*, in the letter signed, *Certain Residents of Gopaulnugur*, in the Chowmoah Pergunnah be true, then we are ruined. For if that Mohanah be opened, then the stream which passes through our villages will become overwhelming beyond description. Those who live on both sides of the river will be swept away by it, and those who live in the more distant villages will be ruined by the annual innundation. Mr. Editor, will the Government adopt so ruinous a procedure? We cannot tell. If our sins should

সাধারণ জলপ্লাবন হইয়াছিল তাহা না হইয়া এই এক আমারদিগের বিনাশের কারণ হইবেক কিন্তু ইহার সত্যাসত্য না জানিয়া ক্রন্দন করাও মিথ্যা। অতএব সম্পাদক মহাশয় অনুগ্রহ করিয়া আমার এই পত্রখানি আপনকার দর্পণে স্থান অর্পণ করিলে অন্যান্য সম্পাদকেরাও অনুগ্রহ প্রকাশে আপন২ সম্বাদপত্রে স্থান অর্পণ করিবেন তদৃষ্টে উক্ত প্রস্তাব সত্য কি মিথ্যা অবশ্য কোন মহাশয় লিখিবেন। অপরন্তু সম্পাদক মহাশয় আপনি দেশবিদেশের সম্বাদ পাইয়া থাকেন যদি স্যাৎ এই বিষয়ের কোন সঠীক সম্বাদ পাইয়া থাকেন অথবা পান অনুগ্রহপ্রকাশে আপন সম্বাদপত্রে স্থান দিবেন। ফলিতার্থ এই যদ্যপি কিছু অগ্রে নিশ্চয় জানিতে পারা যায় তবে আপনারা স্ব২ পরিবার সমূহে প্রাণ লইয়া যে দেশে নদ নদী কি বিল ঝিল অথবা দীর্ঘ পুষ্করিণী নাই সেই দেশে যাইয়া বাস করি কিমধিকমিতি।

কেয়াংশ্চ হড়া ও বন্দিপুর নিবাসিনাং।

have become very heavy, then as a punishment for them we may be subject to this alteration, which will bring ruin with it, in lieu of the inundations to which we were formerly subject. I beg, therefore, Mr. Editor, that you will publish this letter in your paper, and I hope that other Editors will copy it. And this will lead some one to say, whether the intelligence be true or not. But Mr. Editor, you receive intelligence from all parts; if, therefore, you should have received any correct information on this subject, or should hereafter receive it, you would much oblige us by publishing it. In fact, if we could have known of this before, we might have removed, our families and dwellings to some spot where there are no male or female rivers, nor jheels, nor long tanks.

Certain Residents of Hora and Bundipore.

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বপ্নের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লুকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	৷৵	ঐ
২ ক্লাস	৷৹	৷৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	৷৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৹	১৪৷৹	ঐ
৪ টাকার লোন	২	২৷৹	ঐ

ব্যাঙ্ক সেয়র।

বাঙ্গাল ব্যেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম্‌

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এই ক্ষণেছাপা হইতেছে।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st Class,	0 9	0 6
2d. Class,	0 [illegible]	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disct.

Bank Shares.

Bank of Bengal,........Co.'s Rs. 2,400—2 500.

সমাচার দর্পণ

১১৬৮ সংখ্যা। বালম ১৯।] ২ দিসেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১৮ অগ্রহায়ণ। SATURDAY, DECEMBER 2D. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1168. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

রিসিবর আফিস।

জায়দাদ ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় শ্রীমতী ভবসুন্দরী দেবী ফরিয়াদি ও রাজচন্দ্র হালদারদিগর আসামী সেই মোকদ্দমায় ১৮৩৭ সালের ২৯ মে তারিখের সুপ্রিম কোর্টের হুকুমপ্রমাণ শ্রীযুত এ্লএচ মেকনাটন সাহেব ৺ কালীচরণ হালদারের ইষ্টেটের নীচের লিখিত জায়দাদের রিসিবর মোকরর হইয়া ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব আগামি মঙ্গলবার ৫ দিসেম্বর বেলা দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের রিসিবর আফিসে ঐ জায়দাদ একং খণ্ড করিয়া ইজারা দেওয়া যাইবেক ইজারার মিয়াদ ঐ সময়ে নিরূপিত হইবেক। যাঁহারা ইজারা লওনেচ্ছুক হন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন। ইজারার সরং ও বেওরা রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

জায়।

জিলা ২৪ পরগনার পরগনা কিসমত সাপুরের তালুক আবাদ রামলোচনপুর শ্রীকৃষ্ণনগর ও লক্ষ্মীনারায়ণপুরের ও পরগনে কিসমত হেঙ্গেগড়ের মৌজা শিবগঞ্জের হেজামপুর তরফ হরিমল মৌজা অম্বিকানগর ও কৃষ্ণশরণপুরের তৌফির জমি আন্দাজি ১২,০০০ বার হাজার বিঘা।

রিসিবর আফিস
তারিখ ৩০ নবেম্বর ১৮৩৭ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৭ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব পিতর ফাষ্টর সাহেবের বিরুদ্ধে দুই ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে এই সকল বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনায় বোরো পরগনার শালিখার গোলাবাটী ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক কারখানাবাটী ও তাহার সঙ্গে যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৪৷।০ চৌদ্দ বিঘা দশ কাঠা তাহাতে কএকটা গুদাম ও বাবুর্চিখানা ঘর আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পিতর ফাষ্টরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও দক্ষিণ দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা উত্তর দিগে দয়ারাম কয়ালের বাটী ও ভূমি। পশ্চিম দিগে মৃত রঘুনাথ মিত্রের বাগাত ভূমি।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত কারখানা বাটী তাহাতে কএকটা ইষ্টক নির্ম্মিত একতালা গুদাম ও কএকখান খাপরেল ঘর ও কএকটা কাঁচা গুদাম ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১২৴ বার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পিতর ফাষ্টরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে গোলাবাটী ঘাটের রাস্তা। উত্তর দিগে দয়ারাম কয়ালের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গঙ্গা। পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী তাহাতে আস্তবল ও বাবুর্চিখানা আছে তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামি পিতর ফাষ্টরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্ব দিগে কোম্পানির রাস্তা। পশ্চিম দিগে বিবি ফাষ্টরের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে পাদরি সাহেবের গির্জা ঘর।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামি পিতর ফাষ্টরের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে পূর্ব্বোক্ত পিতর ফাষ্টরের অপর এক বাটী ও ভূমি। উত্তর দিগে পূর্ব্বোক্ত পিতর ফাষ্টরের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে এক গলি।

এবং পূর্ব্বোক্ত পিতর ফাষ্টর সাহেবের হরেক রকমের লওয়াজিমা বিশেষতঃ চৌকী চেষ্টদ্রাজ আলমারি কৌচ টানা পাখা মেজপ্রভৃতি বিক্রয় হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৭ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মসুম সরকারের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে বিক্রয় করিবেন।

১ দফা। যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০৷। সাড়ে দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মসুম সরকারের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সেখ দিদারবক্সের বাটী ও ভূমি দক্ষিণ দিগে রোস পাইকেড়ের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে রামমোহন মল্লিকের ভূমি পশ্চিম দিগে কোম্পানির রাস্তা।

২ দফা। আরো সমাচার দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত ৭ দিসেম্বর তারিখে সরিফ সাহেব ঠিক দুই প্রহর এক ঘণ্টার সময় চিৎপুর রাস্তায় ১০১ নং বাটীতে ফাইরাই ফেসিয়াস পরবানার ক্ষমতাতে পূর্ব্বোক্ত আসামীর ব্যবসায়ের দ্রব্য অর্থাৎ হরেক রকমের সুগন্ধি দ্রব্য বিক্রয় হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৭ দিসেম্বর বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত অদ্বৈতচন্দ্র দত্তের উইলে লিখিত টর্নি গঙ্গানারায়ণ দত্ত ও জয়গোপাল দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে বিক্রীত হইবেক।

বিশেষতঃ কলিকাতা নগরে সিমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৴১ এক বিঘা এক কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত অদ্বৈতচন্দ্র দত্তের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মৃত রাজা শিবচন্দ্র রায়ের বাটী ও রাইয়তী ভূমি। উত্তর দিগে মাণিকতলার রাস্তা নামে বিখ্যাত কোম্পানির রাস্তা। পশ্চিম দিগে শ্রীমতী কাত্যায়নী দাসীর রাইয়তী ভূমি ও বাটী। পূর্ব্ব দিগে কোম্পানির গলি।

এবং কলিকাতা নগরে সূতালুটিতে হাটখোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গুদাম ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২।০ দুই বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত অদ্বৈতচন্দ্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কোম্পানির নর্দ্দমা। পশ্চিম দিগে কাশীনাথ বসুর রাইয়তী ভূমি। পূর্ব্ব দিগে মহেশচন্দ্র মল্লিকের রাইয়তী ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যইতেছে যে আগামি ৭ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দার সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব প্রথম ক্রেতা বিক্রয়ের নিয়ম পূর্ণ না করাতে পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের বিরুদ্ধ বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। এবং জিলা বারাসৎ পরগনায় আড়দেবক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত নানাপ্রকার ফলের বৃক্ষ সমেত যে বৃহৎ এক বাগান অনুমান ৪০ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বৃহৎ এক পুষ্করণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরিনারায়ণ ভট্টাচার্য্যের বাটী। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীরদের বাগান। উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হলধর বন্দ্যোপাধ্যায়ের ধান্য ভূমি।

২ দফা এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত নানাপ্রকার ফলের বৃক্ষ সমেত যে এক উদ্যান অনুমান ৫০ পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে বৃহৎ এক পুষ্করিণী ও ইষ্টকানির্ম্মিত দুই কুঠরী এবং তাহার এক অংশে রাইয়ত আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে আসামীরদের উপরি উক্ত উদ্যান। পূর্ব্ব দিগে রামধন বন্দ্যোপাধ্যায়ের বাগান। উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে হলধর বন্দ্যোপাধ্যায়ের বাটী।

৩ দফা। এবং শেষোক্ত বাগানের নিকট যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লি

খিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪ দফা। এবং কলিকাতানগরের সূতানুটি অথবা আহিরি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বলরাম ভট্টাচার্য্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে রামধন মুখুয্যের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে নারায়ণ শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে বিশ্বেশ্বর চাটুয্যের বাটী ও ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত কলিকাতা নগরের সূতানুটিতে হোগলকুড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত কিয়দংশ একতালা কিয়দংশ দোতালা গৃহ বসতবাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গুরুদাস মুখুয্যের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রামধন মুখুয্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে হারাণ বক্সির বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী গলি।

৬ দফা। এবং পরগনা বারাসতের আড়বেবক ও জয়পুরের শামিল ও তন্মধ্যস্থিত যে কএক খণ্ড ও বন্দ আবাদী ও গয়াবাদী ভূমি অনুমান ৫৪ চৌয়ান্ন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পীতাম্বর মুখুয্যে ও দিগম্বর মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৭ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানা ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের ঠনঠনিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩৸৪ তিন বিঘা উনিশ কাঠা তাহাতে এক পুষ্করিণী আছে তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার ছয় অংশের চারি অংশে ও তাহার ছয় অংশের চারি অংশের মধ্যে ও তাহার ছয় অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে রূপনারায়ণ ঘোষালের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে জগন্মোহন নন্দনের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে ভৈরবচন্দ্র দত্তের এক খণ্ড ভূমি। উত্তর দিগে রামনারায়ণ গঙ্গোপাধ্যায়ের এক খণ্ড ভূমি।

২। এবং জিলা চব্বিশ পরগনায় পরগনা মাদনমল্লার হরিনাভির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ও দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ৪ ৹ চারি বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক. তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে বিজয়গোবিন্দ বসুর বাটী ও ভূমি। এবং রামধন ঘোষের ভূমি। দক্ষিণ দিগে রাস্তা। পূর্ব্ব দিগে বৃন্দ মোহন ঘোষ ও হরমোহন ঘোষের বাটী ও ভূমি উত্তর দিগে রামচাঁদ সান্যালের বাটী ও ভূমি।

৩। এবং পূর্ব্বোক্ত জিলা মুড়াগাছা পরগনায় জগদ্দলের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১২ বার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গোপীমোহন করের বাগান। পশ্চিম দিগে মহেশচন্দ্র রায়ের বাগান। দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত মহেশচন্দ্র রায়ের অন্য এক বাগান. পূর্ব্ব দিগে আদিগঙ্গা।

৪। এবং জিলা চব্বিশ পরগনায় মাদনমল্ল পরগনার শামিল ও তন্মধ্যস্থিত সীতাকুণ্ডনামে বিখ্যাত যে এক তালুক অথবা জমিদারী তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনার শামিল ও তন্মধ্যস্থিত জগন্নাথপুর নামে বিখ্যাত যে এক তালুক অথবা জমিদারী তাহার সাত অংশের চারি অংশে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসাসে বিক্রীত হইবেক।

৬। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনার শামিল ও তন্মধ্যস্থিত তেঁতুলবেড়িয়া নামে বিখ্যাত অন্য যে এক তালুক অথবা জমিদারী তাহার সাত অংশের চারি অংশেতে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৭। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনার তেঁতুলবেড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ১৫/ পনর বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী ও নানা জাতীয় বৃক্ষ আছে তাহার সাত অংশের চারি অংশেতে ও তাহার সাত অংশের চারি অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮। এবং পূর্ব্বোক্ত জিলায় ও পূর্ব্বোক্ত পরগনায় জগন্নাথপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ২০/ বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার সাত অংশের চারি অংশেতে ও তাহার সাত অংশের মধ্যে ও তাহার সাত অংশের চারি অংশের উপর পূর্ব্বোক্ত আসামী পঞ্চানন ঘোষ ও শ্রীমতী সখীমণি দাসী ও শ্রীমতী বুদ্ধময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

রাজকর্ম্মে নিয়োগ।

২২ নবেম্বর ১৮৩৭।

ভুলুয়ার ডেপুটি নিমক এজেণ্ট ও নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে বেকর সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৫ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

১৬ নবেম্বর।

জিলা ময়মনসিংহের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জে হুইলর সাহেব কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্ত যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

ময়মনসিংহের মাজিস্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে এম হে সাহেব গত মাসের ২০ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সটিফিকটক্রমে কলিকাতা রাজধানীতে থাকিবার জন্যে দুই মাসের ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের সায়েরসায়েরী ও রেবিনিউ কমিসানর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ রামজি সাহেব গত মাসের ৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় অত্যাবশ্যক কর্ম্ম নিমিত্ত বিলাত গমনার্থ যে জাহাজ আরোহণ করিবেন সেই জাহাজের গমনের তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

আরাকানের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনন্ত এ সি রেনি সাহেব চিকিৎসকের সটিফিকটক্রমে মসূরি ও সিমলা পর্ব্বতে গমনার্থ ১৮ মাসের ছুটি পাইয়াছেন।

২১ নবেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এচ সি বাগ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত ভাগলপুরের একটিং জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর এফ হজসন সাহেব মুঙ্গেরের জাইণ্ট মাজিস্ট্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করণের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত ই ই উডকাক সাহেব বালেশ্বরের জাইণ্ট মাজিস্ট্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করণের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে টি সেব সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে জিলা কটকের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু রামপ্রসাদ রায় ঐ ঐ ঐ।
শ্রীযুত বাবু রামতনু সেন ঐ ঐ ঐ।
শ্রীযুত বাবু মুকুন্দ প্রসাদ ঐ ঐ ঐ।
শ্রীযুত বাবু জগমোহন রায় চূড়ামণি ঐ ঐ ঐ।
শ্রীযুত জি আলন্ সাহেব কটকের ও পুরীর দক্ষিণ অঞ্চলের ঐ ঐ ঐ
শ্রীযুত বাবু সদানন্দ রায়। ঐ ঐ ঐ।

১১ নবেম্বর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর নীচে লিখিতব্য বন্দোবস্ত করিয়াছেন।

নেপালের রেসিডেণ্ট শ্রীযুত বি এইচ হজসন সাহেব স্বাস্থ্যার্থ কলিকাতা রাজধানীতে গমন

CIVIL APPOINTMENTS.

22d November, 1837.

Mr. J. Baker, Deputy Salt Agent and Superintendent of Bullooah Salt Chokies, is permitted to be abseut on urgent private affairs for a period of one month, from the 25th instant.

16th November.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. J. Wheler, exercising powers of Joint Magistrate and Deputy Collector in Zillah Mymunsing, for ten days, on private affairs, in extension of the time allowed to join that station.

Mr. J. M. Hay, Assistant to the Magistrate and Collector of Mymunsing, for two months, to remain at the Presidency, on medical certificate, in extension of the leave granted to him on the 20th ultimo.

Mr. R. W. Ramsay, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhaugulpore Division, to proceed to England, on account of urgent private affairs, and to be absent from his station till the sailing of the Ship in which he may take his passage, in extension of the leave granted to him on the 3d ultimo.

Lieutenant A. C. Rainey, Junior Assistant to the Commissioner of Arrakan, for eighteen months, to proceed to the Hills of Mussoorie and Simlah, on medical certificate,

21st November.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. H. C. Bagge to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Bhaugulpore.

Mr. R. F. Hodgson has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Monghyr.

Mr. E E. Woodcook to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Balasore.

Mr. J. T. Shave to be Deputy Collector in Zillah Cuttuck, under Regulation IX, of 1833.

Baboo Rampersaud Roy to be ditto ditto in ditto under ditto.

Baboo Ramtonoo Sein to be ditto ditto in ditto under ditto.

Baboo Mokundpersaud to be ditto ditto in ditto under ditto.

Baboo Jugmohun Rai Churumunee to be ditto ditto in ditto under ditto.

Mr. G. Allan to be ditto ditto in the Southern Division of Cuttack, Pooree, under ditto.

Baboo Soodanud Roy to be ditto ditto in ditto ditto under ditto.

11th November.

The Right Honourable the Governor General of India has been pleased to make the following arrangements :

Mr. B. H. Hodgson, the Resident at Nepal, has obtained three months' leave of absence from the 5th proximo, to pro-

নিমিত্ত আগামি ৫ তারিখ অবধি ৩ মাসের ছুটি পাইয়াছেন।

রেসিডেন্ট সাহেবের একটিং আসিষ্টান্ট শ্রীযুত এ কেম্বল সাহেব হজসন সাহেবের অনুপস্থানে একটিং রেসিডেন্ট হইয়াছেন।

নেপালের নিজামত সৈন্যাধ্যক্ষ শ্রীযুত লেপ্তেনন্ত গর্ডন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ আগামি মাসের ২ তারিখ অবধি ৩ মাসের ছুটি পাইয়াছেন।

পদাতিক সৈন্যের ৪০ রেজিমেণ্টের এনসাইন শ্রীযুত এল টি ফরেষ্ট সাহেব লেপ্তেনন্ত গার্ডন সাহেবের অনুপস্থানে নেপালের নিজামত সৈন্যের অধ্যক্ষ হইয়াছেন।

ফতেগড়ের ধর্ম্মোপদেশক শ্রীযুত আর ইউইং সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৬ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে ডবলিউ নাইট সাহেব সাহরণপুরের সিবিলসম্পর্কীয় একটিং চিকিৎসক হইয়াছেন।

৮ নবেম্বর।

শ্রীযুত ই উইলমট সাহেব বদাউনের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আর টি টকর সাহেব এটোয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

৯ নবেম্বর।

মুরাদাবাদের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জে এস ক্লার্ক সাহেব গত আগষ্ট মাসের ১১ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে অবস্থানার্থ এক বৎসরের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব গত সেপ্তেম্বর মাসের ১৬ তারিখের হুকুমক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ কলিকাতা রাজধানীতে আসিয়া দরখাস্ত করিতে যে অতিরিক্ত ৩ মাসের ছুটি পান তাহা রহিত হইয়াছে।

১০ নবেম্বর।

আগ্রার মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি জি মানসেল সাহেব যে ৩ মাসের ছুটি পান তাহার সম্পূরণকাল বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি স্বীয় কর্ম্ম পুনর্নিযুক্ত হওয়াতে রহিত হইল।

১১ নবেম্বর।

আলিগড়ের সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ই ত্রিটন গত ফেব্রুআরি মাসের ২২ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২০ তারিখ অবধি আগামি মার্চ মাসের ২০ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা বর্ত্তমান বৎসরে ছুটি লইয়া বিলাত গমনার্থ যে দরখাস্ত করেন তাহা সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব মঞ্জুর করিয়াছেন।

শ্রীযুত এইচ পি রসল সাহেব।

শ্রীযুত ডি সি স্মিথ সাহেব।

শ্রীযুত জেমস ডানিথরন সাহেব ভারতবর্ষস্থ কোম্পানি বাহাদুরের কর্ম্মে বর্ত্তমান মাসের ৯ তারিখ অবধি ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

কোম্পানির কেরানি শ্রীযুত জি এফ কোবরন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত আর সি রেকস সাহেব কৃষ্ণনগরে গমন করিয়া বঙ্গভাষা শিক্ষা করণার্থ অনুমতি পাইয়াছেন।

কৌন্সলের শ্রীলশ্রীযুত প্রসীডেন্টে সাহেব শ্রীযুত জি এফ কোবরন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে বঙ্গ রাজধানীর কর্ম্মযুক্ত করিয়াছেন।

১৫ নবেম্বর।

উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের দিল্লীস্থ এজেণ্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্তেনন্ত জে এচ ফিলিপস সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে স্বীয় কর্ম্মে পুনর্নিযুক্ত হইয়াছেন।

ceed to the Presidency, for the benefit of his health.

Mr. A. Campbell, Acting Assistant to the Resident, has been nominated to officiate as Resident during the absence of Mr. Hodgson.

Lieutenant Gordon, Commanding the Nepal Escort, has obtained three months' leave of absence from the 2d proximo, for the purpose of visiting Calcutta, on his private affairs.

Ensign L. T. Forrest, of the 40th Regiment N. I., has been appointed to the command of the Nepal Escort during the absence of Lieutenant Gordon.

The Reverend R. Ewing, Chaplain at Futty Gurh, has obtained one month's leave of absence, on private affairs, from the 26th instant.

Mr. Assistant Surgeon J. W. Knight to officiate in Medical charge of the Civil station of Seharunpore.

8th November.

Mr. E. Wilmot to officiate as Magistrate and Collector of Budaon.

Mr. R. T. Tucker to officiate as Joint Magistrate and Deputy Collector of Etawah.

9th November.

Mr. J. S. Clarke, Magistrate and Collector of Moradabad, has obtained twelve months' leave of absence on medical certificate, to remain in the Hills, in extension of the leave granted him on the 11th August last. The extension of leave of absence for three months allowed Mr. Clarke under orders of 16th September last, to enable him to visit the Presidency, preparatory to applying for permission to proceed to the Cape of Good Hope, is cancelled.

10th November.

The unexpired portion of the leave of absence for three months, granted to Mr. C. G. Mansel, Magistrate and Collector of Agra, on the 29th August last, is cancelled from the 1st instant, on which date he resumed charge of his office.

11th November.

Mr. E. Tritton, Civil Assistant Surgeon of Allyghur, has obtained leave of absence from the 20th instant to the 20th March next, on medical certificate, in extension of the leave granted him on the 22d February.

22d November.

The Honourable the Deputy Governor of Bengal has complied with the applications of the undermentioned gentlemen of the Civil Service for leave to proceed to Europe on Furlough in the present season:

Mr. H. P. Russell.

Mr. D. C. Smyth.

Mr. James Donnithorne has been permitted to resign the East India Company's Civil Service from the 9th instant.

Mr. G. F. Cockburn, Writer, is reported qualified for the Public Service by proficiency in two of the Native Languages.

Mr. R. C. Raikes has been permitted to proceed to Kishnaghur and prosecute his study of the oriental languages at that station.

The Honourable the President in Council is pleased to attach Mr. G. F. Cockburn, Writer, reported qualified for the Public Service, to the Bengal Presidency.

15th November.

Lieutenant J. H. Phillips, Assistant to the Agent to the Lieutenant Governor North Western Provinces at Delhi, rejoined his office on the 1st instant.

সমাচার দর্পণ

শনিবার ২ দিসেম্বর ১৮৩৭।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর ও সমভিব্যাহারি বর্গ গত মাসের ১৬ তারিখে বারাণসীতে উত্তীর্ণ হইয়াছেন। এবং তৎসময়ে তাঁহাকে গ্রহণার্থ সৈন্যেরা শ্রেণীবদ্ধ হইল। তাহাতে ঐ স্থানে ১৭ তারিখে ইউরোপীয় লোকের নিমিত্ত ও ১৮ তারিখে এতদ্দেশীয় লোকের নিমিত্ত দরবার হয়। উভয় সভাতেই বহুতর লোকের সমাগমহইয়াছিল। অযোধ্যার রাজবংশ্য দুই মহাশয় আমীর উদ্দোলা ও একবাল উদ্দোলা এবং তাঁহারদের অন্যান্য দূরস্থ কুটুম্বেরাও উপস্থিত হইয়াছিলেন এবং কাশীর রাজা ও চতুর্দ্দিকস্থ কতিপয় হিন্দু রাজারাও সমাগত ছিলেন তাঁহারা সকলই খেলাৎ প্রাপ্ত হইলেন এবং রীতিমত দরবারের নিয়ম হইয়াছিল কোন অংশে কিছু ত্রুটি হয় নাই অতএব সমাগত ব্যক্তিরা স্ব২ পদানুসারেই গৃহীত হইলেন। ২১ তারিখে শ্রীলশ্রীযুক্ত অমাত্যগণ সহিত কাশীর রাজার সহিত সাক্ষাৎ করিলেন এবং ঐ শহরনিবাসি দিল্লীর বাদশাহ বংশ্যের এক বেগমের বিশেষানুরোধে তাঁহার নিকটে গিয়াও সাক্ষাৎ করিলেন। শ্রীলশ্রীযুক্ত তাঁহার নিকটে আসিয়া সাক্ষাৎকরণেতে বেগমের অতিসম্ভ্রম হইল তাহাতে তিনি এমত তৃপ্ত হইয়া কহিলেন যে আপনি যদি আমার সঙ্গে সাক্ষাৎ না করিতেন তবে আমার দুই পুত্র মরণেতে যাদৃশ দুঃখ তদপেক্ষাও অধিক দুঃখ হইত। আলাহাবাদে শ্রীলশ্রীযুক্তের গমনার্থ গত মাসের ২৩ তারিখ স্থির ছিল পরে রীতিমত নানা মঞ্জিলে গমন করিবেন।

বারাণসীহইতে আগত পত্রে লেখে যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ও শ্রীমতী মিস ইডেনকে বারাণসীর শ্রীযুক্ত রাজা গত মাসের ২১ তারিখে অতিসমারোহ মহানাচ করিয়া আহ্বান করিলেন এবং শ্রীলশ্রীযুক্ত ২৩ তারিখে চণ্ডালগড় ও মীর্জাপুরদিয়া গমনপূর্ব্বক আলাহাবাদে উত্তীর্ণ হওনার্থ স্থির করিয়াছিলেন। জনপুর দিয়া না যাওনের কারণ এই যে ঐ রাস্তা অতিকদর্য্য। গত মাসের ৩০ তারিখে বা বর্ত্তমান মাসের ১ তারিখে আলাহাবাদে তাঁহারদের পঁহুছনের অপেক্ষা ছিল এবং ঐ স্থানে অযোধ্যার নূতন সৈন্যের বিষয়ে অবিলম্বে নিয়ম স্থিরকরণার্থ শ্রীযুত কর্ণল লো সাহেব ও শ্রীযুত আঙ্কপিটর সাহেব শ্রীলশ্রীযুক্তের সঙ্গে সাক্ষাৎ করিবেন। লক্ষ্ণৌর শ্রীযুক্ত বাদশাহের অস্বাস্থ্যবিষয়ক অশুভ সম্বাদ প্রাপণেতে লক্ষ্ণৌতে শ্রীলশ্রীযুক্তের গমন করা এইক্ষণে রহিত হইয়াছে।

কাঙ্গালি বিদায়।

গত বুধবারে পাতরিয়া ঘাটাস্থ শ্রীযুত বাবু শিবনারায়ণ ঘোষ ও শ্রীযুত বাবু আনন্দ নারায়ণ ঘোষের ৺ মাতৃশ্রাদ্ধে আবাল বৃদ্ধ স্ত্রী সাধারণ বহুসংখ্যক কেহ২ কহে ৫০।৬০ হাজার কেহ কহে ৭০ ৮০ হাজার কাঙ্গালি উপস্থিত হইয়াছিল।

এই সকল লোক ব্যবসায়ে কাঙ্গালি নহে কিন্তু অতিদরিদ্র মজুরি করিয়া দিন পাত করে। ইতিমধ্যে যখন যে বড় শ্রাদ্ধ উপস্থিত হয় তখন সেই স্থানে গিয়া ভি

SUMACHAR DURPUN.

SATURDAY, DECEMBER 2D. 1837.

The Governor General.

The Governor General and suite reached Benares on the 16th, the troops being drawn out to receive him. A levee was held on the 17th and on the 18th instant a Durbar, both of which were numerously attended. Two scions of the *Oude family*, Ameen Ood-Dowla and Ekbal Ood-Dowlah, with some more distant relatives were present, as were the Rajah of Benares and other Hindoo Princes from the neighbouring states. They were invested with khilats, and every regard was shewn to etiquette and to their respective feudal privileges and pretensions. On the 21st the Governor General and suite paid visits of ceremony to the Rajah of Benares, and at her express solicitation to the Begum of the Delhi family, residing in that city. The latter seems to have been so impressed by the honour thus conferred, that she declared, the refusal to have granted it, "would have effected her more than the loss of her two children!!" His Lordship was to leave Benares on the 23d en route to Allahabad —making the usual stages in marching to that place.—*Daily News.*

Letters from Benares mention that the Governor General and the Hon. Miss Edens were to be entertained with a splendid Nautch, by the Rajah of Benares, on the 21st of this month, and that on the 23d they were to start for Allahabad via Chunar and Mirzapore, giving up the intention of going to Juanpore, on account of the bad state of the road. The party expected to reach Allahabad on the 30th instant or the 1st of December, where Colonels Low and Anquetil were to meet the Governor General, with a view to immediate arrangements for the Oude force. His Lordship's intended visit to Lucknow is likely to be given up, in consequence of very bad accounts of the King's health. *Cour.*

Distribution of Alms.

A great number of beggars assembled at Calcutta, on the occasion of the Shraud of the late mother of Baboos Sibnarian and Aunund Narian Ghose, of Pautooria Ghaut, which took place on Wednesday last. Their number was, according to some, between fifty and sixty, according to others, between seventy or eighty thousand,—men, women and children.

These, it must be observed, were not for the most part what may be called *professional* beggars, but persons in in-

ক্ষ: করে। যদ্যপি পোলীসের দ্বারা শহরের সীমাতে কোন প্রতিবন্ধক না হইত এবং যদি তাহারদের গোপনে আসিতে না হইত তবে বোধ করি লক্ষেরো অধিক ভিক্ষুক উপস্থিত হইত।

✓ প্রাপ্ত রাজা গোপীমোহন ও রূপলাল মল্লিকের শ্রাদ্ধে অনেক কাঙ্গালি ভগ্নার্শা হইয়াছিল তৎপ্রযুক্ত ও বুঝি অনেক কম হইয়াছে শ্রাদ্ধের পরদিবস প্রত্যুষ পাঁচ ঘণ্টা সময়ে তাহারদিগকে কএক বড়২ বাড়ী পোরা গিয়া সাত ঘণ্টাসময়ে বিদায় আরম্ভ হইল। প্রত্যেক ব্রাহ্মণকে আধুলি এবং সামান্য ছোট বড় কাঙ্গালিরদিগকে একং সিকি দেওয়া গিয়াছে। আমরা ঐ স্থানে গিয়া দেখিলাম যে কোনং কাঙ্গালিনী আপনার কএক দিবসের বালকপর্য্যন্ত আনিয়াছিল। কিন্তু শুনিয়া আহ্লাদিত হইলাম যে ঐ ব্যাপারে কোন দুর্ঘটনা হয় নাই। ইহার কারণ দুই জন সার্জন এবং এতদ্দেশীয় পোলীস চাপড়াসিরদের সতর্কতা। নিমতলার রাস্তার ধারে বাবু মথুর সেনের বাটীতে এক জন কাঙ্গালি প্রসব হইল। এবং ঐ বাটীর কর্ত্তা বাবু ঐ প্রসূতাকে বিলক্ষণ রূপে রক্ষণাবেক্ষণ করিয়া তৎপরদিবসে ঐ শিশুসন্তানযুক্ত বাটীতে পঁহুছাইয়া দিলেন। দুই প্রহর দুই ঘণ্টাসময়ে তাবৎ কাঙ্গালি বিদায় সমাপন হইল।

digent circumstances, who earn a livelihood by their labour, but go a begging only when a great Shraud is to be performed. *Had there been no restriction on the frontiers of the town by the police, and were they not, therefore, obliged to get in by stealth, their number would in all probability have exceeded a lakh!* The disappointment they met with in the two last instances, viz. the Shraud of the late Rajah Gopeemohun and the late Baboo Rooplaul Mullick, did also operate as one of the causes of the number being comparatively small. About five o'clock the following morning they were collected into the compounds of large native houses. The distribution commenced about seven o'clock; the Brahmuns had half a rupee, and others without distinction of creed, age or sex, a quarter rupee each. We had the curiosity to witness a part of it, and were astonished to find that some of the women had brought out their children, aged only a few days. But we are glad to observe that no accident happened, for which, it must be confessed, we are indebted to the exertion of two Serjeants, aided by the native police. At the house of Baboo Mothoor Sein, in Nimtullah street, one of these beggar women was delivered of a son; and to the credit of the Baboos be it spoken, that every care was caused to be taken of mother and infant; we have since learnt that both the mother and child have been safely conveyed home. The distribution closed about two o'clock in the afternoon.—*Hurk.*

নূতন বাষ্পীয় জাহাজ।

অবগত হওয়া গেল যে জাহাজ নির্ম্মাণকারি কোম্পানির দ্বারা গবর্ণমেণ্টের পক্ষে খিদিরপুরে যে নূতন বাষ্পীয় জাহাজ আরম্ভ হইয়াছে তাহার কর্ম্ম অতিশীঘ্রং চলিতেছে। এবং অধস্থভাগ ও কতক পঞ্জরও প্রায় প্রস্তুত হইয়াছে। বোধ হয় ঐ জাহাজ নয় মাসের মধ্যে নির্ম্মাণ সমাপন হইবে এবং যদি এই মিয়াদের মধ্যে তাহা কল বসায়নের উপযুক্ত মত প্রস্তুত না হয় তবে কারিকরেরদের গুনাহগারী হইবে। ঐ জাহাজের মাস্তুল ও পালি ও কতকং সরঞ্জামের নিমিত্ত ১ লক্ষ ৪০ হাজার টাকায় চুক্তি হইয়াছে। জাহাজের সর্ব্বত্রই তামার প্রেকে আঁটা যাইবে এবং জাহাজ প্রস্থে যত থাকিবে তদপেক্ষা ছয় গুণ দীর্ঘ অর্থাৎ ১৬৫ ফুট দীর্ঘ ২৭ ফুট প্রস্থে হইবে। এবং অতিভারি বোঝাই হইলেও কেবল ১১ ফুট জল ভাঙ্গিবে। কিন্তু যে এণ্টরপ্রাইজ জাহাজের পরিবর্ত্তে এই জাহাজ প্রস্তুত হইতেছে তাহা যখন কয়লা ও মালেতে পরিপূরিত হইত তখন ১৫ ফুট জল ভাঙ্গিত।

The New Steamer.

We understand that rapid progress is making in the new Steamer building at Kidderpore for Government, by the Docking Company; the *keel* is nearly ready, and several of the frames are converted. This vessel is to be completed in nine months, under a penalty if she is not ready to receive her machinery. One lakh and forty thousand Rupees is to be paid for the hull, complete with masts, yards, and certain stores; the vessels is to be entirely copper fastened; and the proportion of breadth to length is six times of the first to the latter, being 165 and 27, feet beam, and her draft of water is not to exceed 11 feet when loaded. Whereas the draft of the *Enterprize*, which this vessel is to supersede would, with the same quantity of coals and cargo aboard, be 15.

সতী

শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্কের সতীরীতিনিবারক আইন উল্লংঘকের কোন দণ্ডের কথা ইহার পূর্ব্বে কখন শুনা যায় নাই। কিন্তু এইক্ষণে হরকরা পত্রদ্বারা অবগম হইল যে গত ৬ নবেম্বর তারিখে মাণিক সিংহ ও প্রসাদ সিংহ ও ভোলা সিংহ ও অন্যান্য ব্যক্তির ভাগলপুরের সেসন জজ সাহেব যে দণ্ড করিয়াছেন তাহা তাহারদিগকে শুনাইবার নিমিত্ত মাজিস্ত্রেট সাহেবের সমক্ষে আনীত হইল। ঐ সকল লোক একটা সহমরণের সাহায্যকরাতে সেসন জজ সাহেবের আদালতে বিচারিত হয়। লার্ড উলিয়ম বেণ্টীঙ্কের আমলে সতীরীতিবারক যে আইন হয় তদ্বিরুদ্ধে তাহারা কর্ম্ম করিয়াছিল ইহা বিলক্ষণ প্রমাণ হওয়াতে তাহারদের প্রতি আদালতের হুকুম হইল যে তোমারদের এই বেআইনী কর্ম্ম করা সপ্রমাণ হইল অতএব বিনাশৃঙ্খলে কঠিন পরিশ্রমযুক্ত ৩ বৎসর করয়া প্রত্যেক ব্যক্তির কয়েদ থাকিতে হইবে।

Suttees.

We have not heard before of any conviction for the breach of Lord William Bentinck's Regulation, prohibiting Suttees; but we learn from a report of the *Hurkaru*, that on the 6th November last, Manik Sing, Pershad Singh, Bholah Singh, and some others, were brought up before the Magistrate to hear the sentences passed against them by the Session Judge at Bhagulpore, to whose Court they were committed to take their trial for aiding in a case of Suttee. Their having done so in spite of the regulation passed for its abolition, during the administration of Lord William Pentinck, being satisfactorily proved, the Court told them that they were convicted of the act laid to their charge, and were sentenced each to imprisonment of three years with labour, but without chains.—*Hurk.*

বাষ্পীয় জাহাজের মহাচাঁদা।

ইঙ্গলণ্ড দেশ ও ভারতবর্ষের প্রধানং বন্দরে বাষ্পীয় জাহাজের দ্বারা গমনাগমনের যে কল্প হইয়া ছল তাহাতে শ্রীলশ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব সহী করিয়াছেন। তাহা এই সপ্তাহে প্রকাশ হইয়াছে। তদ্বিষয়ে এইপর্য্যন্ত যত শ্যার গৃহীত হইয়াছে তাহার সংখ্যা ২,১৯৯ এবং টাকার সংখ্যা ১০,৯৫,০০০।

Comprehensive Steam Fund.

The subscription of the Commander-in-Chief to the conditional scheme for establishing a steam communication between England and the principal ports of India, appears in the list of this week. The total number of shares now subscribed, amount to 2,199 or Rupees 10,95,000.

সরকারী পোদ্দার।

কুরিয়রপত্রে লেখে যে আমারদের এক জন পত্রপ্রেরক সরকারী এক পোদ্দারের দোকানে যেরূপ কর্ম্ম হইতেছে তদ্বিষয়ে এক পত্র লিখিয়াছেন তাহা কর্তৃত্বকারি সাহেব লোকেরদের দৃষ্টিগোচর হইবে এমত আমারদের ভরসা হয় তাহা হইলে ঐ কুব্যবহারের বিষয়ে বিলক্ষণ অনুসন্ধান হইবে। ফলে তাদৃশ অনিষ্ট ব্যাপার হওনের কোন আটক নাই কিন্তু এইক্ষণে নূতন পয়সা এমত শীঘ্রং বাহির হইতেছে যে বাজারে ঐ পয়সারই দিনং বৃদ্ধি হইতেছে অতএব অল্পকালের মধ্যে সাধারণ ব্যক্তিরাও অল্প বাট্টা দিয়া নূতন পয়সা পাইতে পারিবে। আমরা শুনিয়াছি যে এক জন সম্ভ্রান্ত সরাফ গবর্ণমেণ্টে নিবেদন করিয়াছেন যে আমাকে যদি টাকশালহইতে তাবৎ নূতন পয়সা দেন তবে কেবল ১ পয়সা বাট্টা লইয়া বিক্রয় করিব। ফলতঃ এই বাণিজ্যের বিষয়ে একটা নিয়ম নির্দ্ধার্য্য করিলে ভাল হয়।

The Government Money Changers.

We hope the notice sent to us by a correspondent, of the mode of doing business at one of the Government Change Shops, will meet the eye of the controlling authority, and that enquiry will consequently be made into the facts of the case. Abuses of the kind described are very likely. The issue of new pice, however, goes on so rapidly, that every day renders the coin more abundant in the bazar, and it will not be long before every man will find it easy to get change to any extent at a trifling batta. Indeed, we have heard that a very respectable Shroff offered to engage to conduct the Podar-business to any extent, charging only one pice batta, if freely supplied with pice from the Mint. The trade seems to be one that might advantageously be put under license.—*Cour. Nov. 23.*

বাবু হরিমোহন সেন।

অবগত হওয়া গেল যে টাকশালের অধ্যক্ষ শ্রীযুত বাবু হরিমোহন সেন নদীতে গমনাগমনার্থ দুইখান বাষ্পীয় জাহাজের ফরমাইস ইঙ্গলণ্ড দেশে পাঠাইয়াছেন এবং এইক্ষণে মিত্রবর্গের মধ্যে ঐ কল্পের সাহায্যের চেষ্টা পাইতেছেন।

Baboo Hurromohun Sen.

We learn that Baboo Hurromohun Sen, of the Mint, has sent directions to England for two Iron Steamers for river navigation; and is now casting about amongst his friends for shareholders in the speculation.

ভূপাল।

ভূপালহইতে শেষাগত সম্বাদে লেখে যে ঐস্থানীয় বেগম সর সঙ্গে কোন বিভ্রাট উপস্থিতহওনের অপেক্ষায় ভূপালস্থ ইঙ্গলণ্ডীয়েরদের রেসিডেণ্ট শ্রীযুত উল্কিন্সন সাহেবের অনুরোধে মৌহইতে আলাহাবাদে গমনশীল ৬৮ রেজিমেণ্ট এবং সাগরহইতে মৌস্থানে গমনশীল ৭২ রেজিমেণ্ট আটক হইয়া ঈশ্বরনামক স্থানের নিকটে গুঙ্গাতে ছাউনি করিয়াছে। ঐ বেগম শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের হুকুম প্রতিপালন করিতে ইচ্ছুক নহেন: গত দুই মাসাবধি বেগম পোলিটিকাল একেন্টের নিকটে নানাপ্রকার টালমটালকরত বিলক্ষণ অঙ্গীকার করিতেছেন কিন্তু তাহা প্রতিপালন করিতে মানস নাই। শ্রীযুত উল্কিন্সন সাহেবের বুদ্ধি ও নৈপুণ্যের উপর নির্ভর রাখিয়া শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর এই তাবৎ বিষয়ের কর্তৃত্ব তাঁহার হস্তে অর্পণ করিয়াছেন। এবং শ্রীযুত উল্কিন্সন সাহেব বেগমকে কহিয়াছেন যে শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের আজ্ঞা প্রতিপালনার্থ আমি আপনাকে ১২ নবেম্বরপর্য্যন্ত মিয়াদ দিলাম নতুবা ঐ আজ্ঞা প্রতিপালন না করণের প্রতিফলভাগিনী হইতে হইবে কিন্তু যুদ্ধবিষয়ে বেগমের এমত অনুরাগ দৃষ্ট হইতেছে যে ইঙ্গলণ্ডীয় যো

Bhopal.

The latest account from Bhopal states, that the 68th Regiment on its way to Allahabad from Mhow, and the 72d on its way from Sagur to Mhow, have been halted at the request of Mr. Wilkinson, Political Agent at Bhopal, at Goonga, near Ishire, in the expectation of a row with the Begum—who refuses to carry into execution His Lordship's commands. For the last two months she has been amusing the Political Agent with fair promises, without the least intention of fulfilling them. Mr. L. Wilkinson, to whose sagacity and judgement His Lordship has entrusted the entire management of the affair, has given her to this day, the twelfth November, to execute the Governor General's orders, or to stand the consequences of the disobedience. In her spirit of pugnacity she had bound on a turban like our Bou-

য়াদসিনাম্নী এক জন প্রাচীন রাণীর ন্যায় মস্তক বেষ্টনপূর্ব্বক উষ্ণীষ ধারণকরত কটিতে তলবার বন্ধন করিয়া এমত প্রতিজ্ঞা করিয়াছেন যে আমি যোদ্ধার ন্যায় যুদ্ধ করিয়া যুদ্ধস্থলেই প্রাণত্যাগ করিব। ইহাতে যুদ্ধসম্ভাবনা বোধে ৬৬ রেজিমেণ্ট সৈন্য ঐ স্থানে আটক হইয়াছে এবং ৪ কোম্পানি সৈন্য ও হুসেঙ্গাবাদহইতে কামান যাইতে হুকুম হইয়াছে। এবং শ্রীযুত কাপ্তান গেডিস সাহেব গোলন্দাজ লইয়া এইক্ষণে সিহোরে প্রস্তুত আছেন।

কিন্তু বোধ হয় যে বেগম ইহার পরে বিবেচনা করিয়া দেশীয় কর্ত্তৃত্বভার ও গদি উপযুক্ত অধিকারি নওয়াবকেই দিবেন।

আবার রাজা।

মৌলমীনহইতে ব্রিটিস মনাকনামক জাহাজ আগত হওয়াতে আবার নূতন রাজার নিকটে যে এক জন ইঙ্গলণ্ডীয় ব্যক্তি বাস করেন তাঁহার ১৫ অক্তোবরের এক পত্র কলিকাতায় পঁহুছিয়াছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই লেখেন যে রাজা কহেন অল্পকালের মধ্যেই ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে আমার বিরোধ হইবে অতএব তদর্থ প্রস্তুত হওনার্থ তিনি বহু সৈন্যাদি সংগ্রহ করিতেছেন। সংপ্রতি ঐ স্থানে যে নৌকার খেলা হয় তাহাতে ৩০০ নৌকা একত্র করেন প্রত্যেক নৌকাতে ৫০।৬০ জন করিয়া লোক ছিল। এবং অধিকারের নানা স্থানে হুকুম দিয়াছেন যে আমি কেবল দাঁড়ি মাজি লোক চাহি অন্য কোনপ্রকার সৈন্যের আবশ্যক নাই। ঐ পত্রে আরো লেখে যে তিনি আবা শহর একেবারে উচ্ছিন্ন বিশেষতঃ পুরদ্বার ও রাজবাটী সমূলোৎপাটন করিতে হুকুম দিয়াছেন এবং যত লোক ঐ স্থানে বাস করিবে প্রত্যেক ব্যক্তির ৪০ টাকা করিয়া গুনাহগারী হইবে।

বোম্বাইর বাণিজ্য।

গত বৎসরে বোম্বাইর বাণিজ্যবিষয়ক এক রিপোর্ট ঐ রাজধানীতে প্রকাশ হইয়াছে তদ্দ্বারা অবগম হইল যে কলিকাতার যেমন বাণিজ্যের বৃদ্ধি তদপেক্ষাও অধিক বোম্বাইর চতুর্দ্দিক্‌হইতে আমদানীতে বাণিজ্যের বৃদ্ধি হইয়াছে তাহা নীচে লিখিতব্য বিবরণে দৃষ্ট হইবে।

১৮১৬ সালে আমদানী......	৩,২৪,৩৩,৭২২
১৮২৬।২৭ সালে ঐ	৪,৫৭,৬৬,৭৪১
১৮৩৬।৩৭ সালে ঐ.........	৮,৭৯,৮৮,০২৮

ঐ স্থানহইতে নূতন দ্রব্য অর্থাৎ পশম তাহার রপ্তানী অত্যন্ত বৃদ্ধি হইয়াছে। ঐ রপ্তানী এইরূপ হইয়াছে।

১৮৩২।৩৩ সালে পৌণ্ড অর্থাৎ অর্দ্ধ সের ..	৬৯,৯৪৪
১৮৩৪।৩৫ সালে ঐ	৪,৮৬,৫২৮
১৮৩৫।৩৬ সালে ঐ	১১,৯৬,৬৬৪
১৮৩৬।৩৭ সালে ঐ	২৪,৪৪,০১৯

এই সকল পশম প্রথমে মন্দ ছিল কিন্তু ক্রমে ভাল হইয়া আসিতেছে। শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের বদান্যতায় ও সাধারণ মহাশয়েরদের উৎসাহেতে বোম্বাইতে অতিপ্রসিদ্ধ পশমী পশু জাতির আমদানী হইয়াছে। কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা ইঙ্গলণ্ড দেশহইতে যে মেষপশু প্রেরণ করেন তাহার কোন টার ৩০০ কোনটার মূল্য ৪০০ টাকা।

পুণ্যনগরে সংস্কৃত ও মহারাষ্ট্রী পাঠশালা।

গত মাসের ১ তারিখে পুণ্যনগরস্থ সংস্কৃত ও মহারাষ্ট্রী পাঠশালার বার্ষিক পরীক্ষা শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব এবং অনেক ইউরোপীয় ও এতদ্দেশীয় মহাশয়েরদের সমক্ষে হইল। তাঁহারদের মধ্যে জজ কালেকটর ও অন্যান্য কর্ম্মকারক সাহেবেরা এবং ভাও মহারাজ ও পুণ্যনগরবাসি অন্যান্য সরদারেরা ছিলেন। অপরাহ্ন সাড়ে চারি ঘণ্টাসময়ে শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব বিশ্রামবাগে উপস্থিত হইলে মহারাষ্ট্রী পাঠশালার ও সংস্কৃত পাঠশালার ছাত্রেরা আনীত হন পরে সংস্কৃত বিদ্যাভ্যাসি বালকেরদের কিঞ্চিৎকাল পরীক্ষা হইল এবং জ্যোতিষের বিষয়ে কতিপয় প্রশ্ন করা গেল তাহাতে ছাত্রেরা তাদৃশ উত্তর করিতে না পারাতে অধ্যাপকেরা উত্তর করিলেন ঐ প্রশ্ন এই যে পৃথিবী অচলা কি সচলা এবং ইউরোপীয়েরদের মধ্যে যে সকল বিদ্যা প্রচলিত তদ্বিষয়ের কোনং জিজ্ঞাসা হইল। অপর ব্যাকরণ ও স্মৃতি ও নৈয়ায়িক সংপ্রদায় ছাত্রেরদের পরীক্ষা হইল এবং অলঙ্কার শাস্ত্রের এক জন ছাত্র শ্রীযুত সর রাবর্ট গ্রাণ্ট সাহেবের প্রশংসক যে কএক কবিতা রচিতা হইয়াছিল তাহা পাঠ করিলেন। তৎপরে যে সকল ছাত্রেরা কৃতবিদ্য হইয়াছেন এবং পরীক্ষার্থ নিযুক্ত কমিটির সাহেবেরদের সম্মুখে পরীক্ষোত্তীর্ণ হইয়াছিলেন তাঁহারদিগকে পুরস্কার প্রদান করা গেল। তৎপরে মহারাষ্ট্রী বিদ্যাভ্যাসি ছাত্রেরা উপস্থিত হন তাহারদের অত্যাশ্চর্য্যরূপ বিদ্যা হইয়াছে। উপরিস্থ সংপ্রদায়েরা বিলক্ষণ ব্যাকরণযুক্ত আবৃত্তি করিলেন গণিত শাস্ত্রের বিষয়ে অনেক উত্তর দিলেন এবং শ্রীযুত হটন সাহেবের সংগৃহীত ক্ষেত্রমাপক বিদ্যার অনেক উত্তর করিলেন। এবং ভূগোলীয় বিদ্যার মূল নিয়মের বিষয় অতিসুপ্রবেশপূর্ব্বক কহিলেন এবং মেপ অর্থাৎ দেশীয় নক্সার দ্বারা দেশীয় নানা দিক ও স্থান নির্ণয় করিয়া জ্ঞাপন করিলেন। তাঁহারা ইহা ইঙ্গরেজী ভাষাতে অনুবাদিত গ্রন্থের দ্বারা বোম্বাইতে অধীতবিদ্য অধ্যাপককর্ত্তৃক শিক্ষিত হইয়াছিলেন। দেশীয় মহাশয়েরা ও শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব ছাত্রেরদের উত্তম শিক্ষা দেখিয়া অতিচমৎকৃত হইলেন এবং এতদ্বিষয়ে পাঠশালার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাণ্ডি সাহেবের অত্যন্ত প্রশংসা করিলেন। এই কর্ম্মে তাঁহার নিযুক্ত থাকাতে দেশের অত্যন্ত হিতসম্ভাবনা। সংস্কৃত বিদ্যালয়ের দ্বিতীয় অধ্যাপকেরদের বেতন ২০ অবধি ৩০ টাকাপর্য্যন্ত বর্দ্ধিত হইয়াছে।

চীন দেশ।

চীন দেশহইতে ১২ নবেম্বর তারিখপর্য্যন্তের সম্বাদ পঁহুছিয়াছে। আফীণ বাণিজ্যের ভবিষ্যৎবিষয়ক বিবরণ পূর্ব্বাপেক্ষা অন্ধকারাচ্ছন্ন আছে। কাণ্টননগরস্থ চীনীয় কর্ম্মকারকেরা ঐ বাণিজ্য বারণার্থ নিত্য নূতন আইন জারী করিতেছেন অপর কাণ্টননগরে প্রকাশিত ফ্রি প্রেসনামক সম্বাদপত্রে লেখে যে ব্রিটিস গবর্ণমেণ্টের উচিত যে ঐ আইন জারীকরণে চীনীয়েরদের দৌর্ব্বল্যবিষয়ে সহকারিতা করিয়া আপনিই আফীণের বাণিজ্য উঠাইয়া দেন। তাহা হইলে পর বঙ্গ রাজধানীর রাজস্ব কিঞ্চিৎ ক্ষীণ হয় বটে কিন্তু না হইলেও ইঙ্গলণ্ডদেশে ও চীন দেশের মধ্যে যে অন্যান্য উত্তম বাণিজ্য চলিতেছে তাহার হানি হইতে পারে।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

অধিকন্তু স্বাক্ষরকারি।

সেপ্তম্বর অবধি ২৩ নবেম্বর তারিখপর্য্যন্ত ১৮৩৭।

		বৎসরিক। দান।	কোং টাকা।
শ্রীযুত জনরল সর এচ ফেন সাহেব ভারতবর্ষের প্রধান সেনাপতি।	শিমুলা।...	০	১০০
শ্রীল শ্রীযুত শাহজাদা মহম্মদ বসীরুদ্দীন বাহাদুর।	. ...	১২	০

dizá, and begirt a sword on her thigh, and swears to die like a true Amazon in the thick of battle. In anticipation of a skirmage, the 66th are to furnish four companies and their guns from Hoshungabad. Captain Geddes, with a detail of Artillery, is already at Sehore in readiness.

In all probability, however, she will find discretion advisable, and yield the Government and guddee to its rightful occupant the Nawab.—*Cour. Nov. 27.*

New King of Ava.

By the *British Monarch* from Moulmein, a letter has been received at Calcutta from an English subject, residing near the new King of Ava. It is dated 15th October, and states among other matters, that the King says, he expects some discussion with us ere long! and that he is keeping up a large preparatory establishment, having collected no less than 300 boats at the late boat races, each manned by 50 or 60 men. He has ordered the whole country to furnish boatmen, and says that he requires no other revenue. The letter also states that Ava is now to be laid waste. The gateways and palace are to be destroyed, and every man who remains afterwards must pay 40 rupees.—*Hurk.*

Commerce of Bombay.

A report of the trade of Bombay for the past year has been published at that Presidency, from which we learn, that the imports from all places have increased in even a greater proportion than at Calcutta, as will be seen from the following memorandum. Value of imports from all places

in 1816 ... ... Rs.	3,24,33,722
in 1826-27	4,57,66,741
in 1836-37...	8,79,88,028

The increase in the export of wool. a new article. has been remarkably great. The exports

in 1832-33 were, ... lbs.	69,944
„ 1834-35	4,86,528
„ 1835-36	11,96,664
„ 1836 37	24,44,019

The quality of the wool, which was at first very inferior, has been gradually undergoing a change for the better. To the liberality of the Court of Directors, and the enterprise of private individuals, is Bombay indebted for many valuable crosses from celebrated stocks. The Court of Directors sent out rams from England which cost as high as from £30 to 40.

Poona Schools and College.

The examination of the Poona Sungskrit College and the Marathee Schools took place on Wednesday, the 1st instant, before the Right Honourable the Governor, and a numerous assembly of European and Native Gentlemen; among whom were, the Judge, the Collector, and many European Gentlemen, with Bhaoo Maharaj, and other Sirdars of Poona. At about ½ past 4 o'clock, P. M. His Excellency arrived at Visrambaug, in which all the Marathee schools were brought together. The examination of the Sungskrit College occupied a short time; a few questions were proposed in the department of Astronomy, which were answered by the teachers, being too difficult for the students. Their object was to enquire whether the earth was stationary or moving, and also to ask the opinion of the students on some other great truths of the Copernican system. The classes of Grammar, law, and logic, were also examined, and some verses composed by one of the students in rhetorick, in praise of Sir R. Grant, were recited. The usual rewards were given to those students who had completed their course of instruction, and had passed an examination before a committee appointed for that purpose. The Marathee classes were then called up. They exhibited wonderful progress; as the upper boys, in addition to reading and parsing, solved many problems in Algebra, proved several theorems in Hutton's Geometry, and shewed a very correct acquaintance with the principles of geography, and the directions and situations of different countries on maps; all this they were taught by school masters educated at Bombay, from translations. The native gentlemen highly admired the proficiency of the boys, and His Excellency appeared much pleased. There is no doubt that great credit is due to Captain Candy, the superintendant of schools, from whose appointment much good is expected to result. The salary of the assistant tutors in the Sungskrit College has been increased from 20 to 30 Rs. a month.

China.

Intelligence has been received from China to the 12th October. The prospects of the Opium trade were darker than ever. The Chinese authorities at Canton had issued fresh edicts against the trade, and even the *Free Press* of Canton, had begun to argue the expediency of the British Authorities aiding the weak power of the Chinese marine, to put down a branch of trade, which, however important to the interests of the Bengal finances, may compromise the whole legitimate trade of England with China.

HINDOO BENEVOLENT INSTITUTION.

Additional Subscribers.

From the 1st Sept. to 23d Nov. 1837.

	Ann.	Don.
		Co.'s Rs.
His Excellency General Sir H. Fane, G. C. B., Commander-in-Chief of India, (Simla)	0	100
H. R. H. Prince Mahomed Basheeruddin, Bahadoor, ...	12	0

শ্রীযুত রাজা বরদাকণ্ঠ রায়। ...	০	৫০
শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র গাঙ্গুলী	০	৫
শ্রীযুত বাবু তারাচাঁদ মজুমদার।	০	৫
শ্রীযুত বাবু পিয়ারিমোহন বসু।	০	৪
শ্রীযুত বাবু রাজকৃষ্ণ রায় চৌধুরী	১০	০
শ্রীযুত বাবু কৃষ্ণকিশোর নেউগী।	৫	০
শ্রীযুত বাবু শিবচন্দ্র ঠাকুর। ...	০	৫
শ্রীযুত বাবু রামতনু রায়।	১	০

শ্রীকৃষ্ণহরি বসোঃ
প্রধান সম্পাদকস্য।

২৩ নবেম্বর ১৮৩৭।

বর্ত্তমান মাসের ২৮ তারিখে সুপ্রেম কৌন্সেলের মেম্বর শ্রীযুত অনরবল হেনরী সেক্সপিয়র সাহেব দর্শক শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরানুরোধে আহ্লাদপূর্ব্বক হিন্দু বিনবোলেন্ট ইনষ্টিটিউশন নামক পাঠশালার কার্য্যাধ্যক্ষগণের সভাপতিত্ব পদ গ্রহণ করিলেন ঐ পদ পূর্ব্বে মৃত সর বি এচ মালকীন সাহেব ধারণ করিয়াছিলেন।

শ্রীকৃষ্ণহরি বসোঃ
প্রধান সম্পাদকস্য।

২৯ নবেম্বর ১৮৩৭।

পত্র প্ররকেরদের প্রতি।

কস্যচিৎ বর্দ্ধমান বাসি পাঠকস্য স্বীয় স্বাক্ষরিত পত্র বিবেচনাধীন থাকিল।

কেষাঞ্চিৎ কলিকাতা নিবাসি জনানাং এবং অপক্ষপাতিনঃ জলধর শর্ম্মণ স্বীয় স্বাক্ষরিত এই দুই পত্রেই ধর্ম্মসভার নিয়ম ভঙ্গ বিষয় লেখেন। স্থানাভাব প্রযুক্ত অপ্রকাশ্য রহিল আগামিতে বিবেচনা করা যাইবে।

কস্যচিৎ কুমারহট্ট বাসান্বিত পত্র ভাবি দর্পণে প্রকাশ করা যাইতে পারে।

Rajah Barodakant Roy,............ 0 50
Baboo Obinaschunder Gangolee, 0 5
Baboo Tara Chund Mozendar,... 0 5
Baboo Pearimohun Bose, ... 0 4
Baboo Rajkishen Roy Chowdry, 10 0
Baboo Kishenkishore Newgy, .. 5 0
Baboo Shib Chunder Takoor, .. 0 5
Baboo Ramtonoo Roy, ... 1 0

Kishnahari Bose, *Genl. Supdt.*
H B I. the 23d Nov. 1837.

On the 28th instant, the Honourable Henry Shakespear, Esquire, the Ordinary Member of the Supreme Council, is pleased to accept the Presidentship of the Managing Committee to the Hindoo Benevolent Institution, lately vacated by the demise of Sir B. H. Malkin, Kt., having been requested by its Visitor Maha Rajah Kalikrishna Bahadoor, C. M. R. A. S., H. M. A. P.

Krishnahari Bose, *Genl. Supdt.*
The 29th Nov. 1837.

To Correspondents.

A Resident at Burdwan is under consideration. We have received the letter, signed *Certain Residents in Calcutta*, relative to a breach of the rules of the Dhurma Subha. For want of room we cannot publish them; they are under consideration.

A Resident at Koomar Hattu in our next.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

মহাশয়ের জ্ঞানান্বেষণপ্রকাশিত বিষয় শাসনকারি মহাশয়দিগের কর্ণকুহরে প্রবেশ করে অতএব আমি অনুরোধ করিতেছি অনুগ্রহপূর্ব্বক এই পত্র জ্ঞানান্বেষণে অর্পণ করিয়া তাঁহারদিগের কর্ণগোচর করিবেন।

মফঃসলবাসি প্রজারা যে নানা প্রতিবন্ধকপ্রযুক্ত বিচারস্থানে উপস্থিত হইতে ভয় করেন তাহার মধ্যে বিবিধপ্রকারে অর্থ ব্যয় প্রতিবন্ধক আমি প্রত্যক্ষ দেখিলাম রাজাঅবধি ক্ষুদ্র লোকপর্য্যন্ত যে কেহ কেন হয় না বিচারস্থানে পদার্পণ করিবে বিনাদানে তাহার পরিত্রাণ নাই বিচারপতি সাহেবদিগের আমলাঅবধি বাবুর্চিপর্য্যন্ত সকল লোক বহুকাল ক্ষুধিত রাক্ষসের ন্যায় মুখ বিস্তার করিয়া থাকেন তাহাতে বাদি প্রতিবাদি দূরে থাকুন যদি কোন ভদ্রলোক সাহেবদিগের কেবল বা ক্যালাপের নিমিত্ত সাক্ষাৎ করিতে যান তথাচ তাহারা ঐ ব্যক্তিকে আপনারদিগের শিকার জ্ঞান করে।

আমি বর্দ্ধমানে আসিয়া প্রথমতঃ একজন বিচারপতির সঙ্গে সাক্ষাৎকরণার্থ তাঁহার গৃহে গিয়াছিলাম পরে সাহেবের সহিত আলাপ করিয়া প্রত্যাগমনকালীন আমার পাল্কির সঙ্গে২ চারি জন বরকন্দাজ আসিল এবং তাহার কিঞ্চিৎপরেই সাহেবের খানসামা সরদার বেহারা বাবুর্চি ইত্যাদি পাঁচ ছয় জন লোক আসিয়া উপস্থিত হইল তাহারদিগকে জিজ্ঞাসা করিলে কহিল মহাশয় বড় মানুষ আমারদের সাহেবের নিকটে গিয়াছিলেন একারণ কিছু পাইবার প্রত্যাশাতে আসিয়াছি আমি তৎকালীন বিবেচনা করিলাম ভাল গরীবলোক আসিয়াছে কিছু দিলে ক্ষতি নাই অতএব তাহারদিগকে ৫ টাকা দিলাম কিন্তু তাহার পরে আদালত ফৌজদারী কালেক্টরী ও ডেপুটি কালেকটরী সম্পর্কীয় প্রধানদিগের সকল চাকরেরা পালে২ আসিতে লাগিল ঐ সকল ক্ষুদ্র লোকেরা আসিয়া ভিক্ষার প্রার্থনা করে এমত নহে তাহারা সাহসপূর্ব্বক বলে সর্ব্বস্থানে পাইয়া থাকি অতএব মহাশয় না দিবেন কেন কিন্তু আমি দেখিলাম ইহা অন্যায় অতএব তৎকালীন তাহারদিগকে তাড়িয়া দিলাম।

সম্পাদক মহাশয় আপনকার স্মরণ হইবে পূর্ব্বে বর্দ্ধমানের আদালত ফৌজদারী কালেকটরীসম্পর্কীয় আমলারদিগের চাকর কেবল উৎকোচেতে পরিপূর্ণ ছিল তাহার পর বিজ্ঞবর কমিস্যনর সাহেব এখানে আসিয়া অনেক প্রকাশ করিয়াছিলেন এ কারণ কিঞ্চিৎকাল আমলারদের আহার সঙ্কোচ হইয়াছিল কিন্তু এইক্ষণে সেই আহার বিলক্ষণ চলিতেছে।

বর্দ্ধমানের রাজবাটীতে টাকা অনেক আছে এ কারণ রাজপরিবারেরা বিচার স্থানে পদার্পণ করিতে চাহেন না অতি ক্ষুদ্র মোকদ্দমা যাহা কলকাতার লোকেরা তুচ্ছ করেন তাহ উপস্থিত হইলেও তোড়া২ টাকা আমলারদিগের ভোজ দিয়া রাজপরিবারেরা গৃহে বসিয়া থাকেন পরে রাজার আমলা ও পূর্ব্বোক্ত আমলার মধ্যে ঐ টাকা বিভাগ হয় এই প্রথা চিরকাল চলিয়া আসিতেছে অতএব অশিক্ষিত আমলারা ঘুসের গন্ধে কিপর্য্যন্ত আহ্লাদিত হয় মহাশয় বিবেচনা করিবেন।

সম্পাদক মহাশয় আমি ফৌজদারী আদালতে এক ক্ষুদ্র বিষয়ের নিমিত্ত দরখাস্ত করিয়া আমলারদের মতে না চলিয়া যে কএক বিষয়ে তাহারদের প্রতারণা প্রত্যক্ষ দেখিয়াছি তাহাও লিখিতেছি প্রথমে আমার দরখাস্ত এবং সাক্ষিপ্রভৃতির জোবানবন্দী আসামীর কৈফিয়ৎ বিচারপতির হুকুমের রুবকারী এই কএক বিষয়ের নকল চাহিলাম কিন্তু আমলারা দেই দিতেছি বলিয়া কএক দিবস ভাঁড়াভাঁড়ি করিতে লাগিল পরে মাজিস্ত্রেট সাহেবের নিকট জ্ঞাত করিলে উত্তর করিল ময়দা পাই নাই এ কারণ কাগজ যুড়িয়া দিতে পারি নাই অদ্য দিতেছি কিন্তু মাজিস্ত্রেট সাহেব ধমক দিলে পর নকলের কাগজ আনিয়া দিল তাহাতে দেখিলাম আট আনা দামের একটা ষ্টাম্পকাগজে যাহা লেখা যায় তাহাতেই আমার তিনটা করিয়া কাগজ লাগাইয়াছে। সম্পাদক মহাশয় এ স্থানে বিবেচনা করিতে হইবেক আমি যে বিষয়ের দরখাস্ত করিয়াছি তাহা বোধ করি মোকদ্দমার মধ্যেই নহে কিন্তু হিসাব করিয়া দেখিলাম ইহাতেই আমার ৩০ টাকার ষ্টাম্প কাগজ উঠিয়া গিয়াছে এই তুচ্ছ বিষয়েতেই যদি এপ্রকার হইল তবে গরীবলোকেরা কিরূপে মোকদ্দমা করিতে পারিবে।

আমলারা কেবল এই মাত্র প্রতারণা করিয়া ছাড়িয়াছিল এমত নহে আমি ঐ সকল নকল আনিয়া মিলাইয়া দেখিলাম পারস্য ভাষাতে অনেক স্থলে আসল মুদ্দা ছাড়িয়া লিখিয়া দিয়া পরে আমার এ বিষয়ে অত্যন্ত রাগ উপস্থিত হইল এবং মাজিস্ত্রেট সাহেবকে তৎক্ষণাৎ বলিয়া দিলাম তাহাতে মাজিস্ত্রেট সাহেব ধমক দিয়াছিলেন কিন্তু লেখক কহিল ভুল হইয়াছে।

আমলারদের এই সকল প্রতারণার বিষয়ে আমি বিচারপতি মহাশয়দিগের উপর বড় দোষার্পণ করাতে পারি না কেন না তাহারদিগের একং জনের হস্তে গবর্ণমেণ্ট সমূহ কর্ম্মের ভার দিয়াছেন কেবল মোকদ্দমার কাগজের দুই এক পঙ্‌ক্তি শুনিয়া সহী করিতেই তাঁহারদিগের দিন যায় তবে সকল বিষয়ে কিরূপে মনোযোগ করিবেন কিন্তু এবিষয়ে শ্রীযুত উডকাক সাহেব এক জন আমলার প্রতি অত্যাশ্চর্য্য বিচার করিয়াছেন তিনি এক আমলার দুই টাকা জরীমানা করিয়াছিলেন পরে

Spirit of the Native Papers.

To the Editor of the Gyananneshun.

SIR,—As subjects that are published in your paper receive the notice of government, I beg you will do me the favour of inserting the following lines in a corner of the *Gyananneshun.*

I have personally experienced that of all obstacles that stand as bars to the access of mofussilites into courts of justice; bribery and corruption are the greatest. No one, from the Rajah to the lowest peasant, can pass off well when once he has entered into a legal process, without satisfying the demands of the amlah and menials of the civil authority, who are constantly seeking, like so many hungry Rakhases, objects for gratifying their avarice; in so much that not only the parties concerned in a suit, but also private and independent persons desiring only to pay their respects to the judge or magistrate, become a prey to these devouring harpies.

On my coming to Burdwan, I went one day to see a gentleman in the civil service and on my return from his home, after paying my respects, I found that four Burkunoazes were coming beside my palankeen, who were soon joined by five or six more, consisting of the khansama, sirdar cook, &c. I inquired into the cause of their following me, when they said that they expected some buksis from me, since I had called upon their master. I thought they were poor men, and was induced to gratify their wishes, and so gave them five rupees. But I was surprized to find that the amlah of the criminal and fiscal courts came in hordes shortly after, and declared that they were in the habit of receiving presents from their master's visitors, and hoped I would not disappoint them. I was struck by their meanness and venality, and so turned my face from them.

You will, I dare say remember, Mr. Editor, that the amlahs of the criminal and fixed courts lived before chiefly upon bribery and corruption; but the Commissioner having exposed their wickedness, for a time their roguery was put a stop to. At present however they are as greedy as they ever were.

In the Rajbarry there is a great deal of money, and in consequence the Rajah fears to enter into any process. The smallest cause which would be considered the most trifling in Calcutta, entails heavy expense upon the Rajah's family—and as there is a secret plot between the magistrate's amlah and that of the Rajah, you can form some conception of the manner in which the Rajah's money must be plundered by the combined tricks of these men.

I had a cause of my own in the criminal court, and as I did not choose to satisfy the demands of the amlahs, I could personally experience their wickedness. I asked copies of my petition, that deposition of witnesses, the defendants *kaiphiut* and the magistrate's order, but they avoided supplying them to me, by subterfuges from time to time. Upon this, I made a representation to the magistrate, when they pretended that they had no flour for making paste, and could not, therefore, join the papers; but the magistrate reproving them for their conduct, they produced the documents. They had prepared these so cunningly, that where an eight anna stamped paper might suffice, they put me to the expence of three rupees. My cause was a very trifling one, and yet I find upon calculation that my expense only for stamped paper has been 30 rupees! Hence you may conceive how difficult it must be for poor people to obtain justice.

This was not all the wickedness I experienced from them. When I examined the papers I discovered that they had made considerable alterations in the Persian copies—I complained of this before the magistrate who gave them a sharp reproof; but the transcriber pleaded mistake on his behalf.

I cannot blame the authorities much for these tricks on the part of the amlahs, since such is the multiplicity of business which government has put in their hands, that their whole time is occupied merely in hearing a few lines from every petition, and in affixing their signatures to the different papers. How can they attend to every thing? But Mr. Woodcock has in this respect done a very remarkable thing to one of the amlahs. He had fined a man two rupees,

ঐ আমলাকেই জরীমানার হুকুম লিখিতে কহিলেন সে ব্যক্তি বোধ করিয়াছিল হুকুম লিখিয়া রাখিয়া দিবে সাহেব আর শুনিবেন না এই বিবেচনাতে দুই টাকার কথাটি ছাড়িয়া লিখিয়া রাখিল পরে সাহেব কহিলেন কি লিখিয়াছ পাঠ কর শুনি তখন পাঠ করিতে হইল কিন্তু পাঠের কালে ঐ টাকার স্থলে গোলমাল করিল সাহেব তাহা বুঝিয়া কহিলেন ফের পড় তাহাতেই প্রতারক আমলা ঠেকিয়া পড়িল কিন্তু ঐ ব্যক্তি এক জন প্রতিষ্ঠিত প্রাচীন আমলার পুত্র একারণ সাহেব বরতরপ না করিয়া কহিলেন এবার তোকে ক্ষমা করিলাম কিন্তু পাঁচ টাকা জরীমানা হইল আমি শুনিতেছি শ্রীযুত উডকাক সাহেব ও শ্রীযুত বাবু রসিক কৃষ্ণ মল্লিক আমলারদের কর্ম্মেতে নিয়ত চক্ষু রাখেন এবং সর্ব্বদাই তাঁহারদিগের ইচ্ছা যথার্থ বিচার করেন অতএব আমি প্রার্থনা করি সকল বিচার কর্ত্তারা এইরূপ মনোযোগ করুন।

কস্যচিৎ বর্দ্ধমানবাসিন।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

শ্রীযুত বাবু কুমার সত্যচরণ ঘোষাল বাহাদুর সংপ্রতি ডাকের দ্বারা কাশীধামে গমন করিয়াছেন তাঁহার পত্র এবং ঐ ধামস্থ তদীয় মিত্রবর্গের পত্রদ্বারা শ্রীল শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অতি প্রশংসনীয় কর্ম্ম বিশেষতঃ তদ্দেশীয় রাজা ও অন্যান্য মান্য মহাবংশ প্রসূতের দিগকে খেলাৎপ্রভৃতি দান করিয়াছেন ইহা শুনিয়া আমার অত্যন্তাহ্লাদ জন্মিয়াছে আপনকারও তদ্রূপ জন্মিবে বোধে ঐ সকল খেলয়াৎ প্রাপ্ত ব্যক্তিরদের নাম প্রেরণ করিতেছি অনুগ্রহপূর্ব্বক দর্পণে প্রকাশ করিবেন। ৮ তারিখে শ্রীলশ্রীযুক্ত ঐ স্থানে এক দরবার করিলেন তাহাতে এই সকল মহাশয়েরা উপস্থিত ছিলেন এবং তাঁহারা এই সকল পুরস্কার প্রাপ্ত হইলেন।

রাজা উদিতনারায়ণের পুত্র শ্রীযুক্ত রাজা ঈশ্বরীপ্রসাদ বাহাদুর ও জয়প্রকাশ সিংহের পৌত্র তাঁহার নাম জ্ঞাত নহি ও শ্রীযুত রাজা কালীশঙ্কর ঘোষাল বাহাদুর ও শ্রীযুত বাবু হরিনারায়ণ সিংহ ও শ্রীযুত বাবু কুমার সিংহ ও শ্রীযুত রাজা পত্নীমল্ল ও শ্রীযুত কুমার উদিতপ্রকাশ সিংহ ও শ্রীযুত কুমার সত্যপ্রসন্ন ঘোষাল প্রভৃতি সমাগত হইয়াছিলেন।

এবং পশ্চাৎ লিখিতব্য মান্য মহাশয়রা লিখিতব্যমত পুরস্কার প্রাপ্ত হইলেন।

রাজা ঈশ্বরীপ্রসাদ বাহাদুর সপ্ত পার্চার খেলাৎ ও এক হস্তী ও এক অশ্ব ও এক পালকি এবং মুক্তার হার ও শিরপেঁচ কলগী এবং ঢাল তলবার।

বাবু জয়প্রকাশ সিংহের পৌত্র সপ্ত পার্চার খেলাৎ এবং ঢাল তলবার ও মুক্তাহার ও শিরপেঁচ কলগী। রাজা কালীশঙ্কর ঘোষাল বাহাদুর সপ্ত পার্চার কলগী। ও মুক্তাময় হার ও এক পালকি। বাবু হরিনারায়ণ সিংহ সাত পার্চার খেলাৎ ও এক ঘোটক। বাবু কুমার সিংহ সাত পার্চার খেলাৎ ও গোশোয়ারা এবং এক যোড়া শাল। রাজা পত্নীমল্ল সাতপার্চার খেলাৎ ও মুক্তার হার ও শিরপেঁচ কলগী। কুমার উদিতপ্রকাশ সিংহ ছয় পার্চার খেলাৎ ও শির পেঁচ কলগী।

ভূকৈলাস রামকুমার বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

অদ্যকার দর্পণের মধ্যে গৌরীশঙ্কর তর্কবাগীশ ইতিস্বাক্ষরিত যে পত্রে বর্দ্ধমানের দারোগার প্রতি তিনি যে অভিযোগ প্রকাশ করেন তাহা পাঠ করিলাম যদ্যপি আমি উভয় পক্ষের কোন পক্ষীয়ই নহি তথাপি দেখিতেছি উক্ত দারোগার প্রতি সুদ্ধ অকারণ দোষারোপণ হইয়াছে. যেহেতুক ঐ দারোগা বাবুর প্রতি যেরূপ ব্যবহার করিয়াছিলেন তদনুরূপ ব্যবহারকরণের হুকুম কেবল এক আইনে নহে কিন্তু দুই আইনে অর্থাৎ ১৭৯৩ সালের ৯ আইনে ১৮১৭ সালের ২০ আইনে আছে অতএব তাঁহার প্রতি অন্যায় দোষ উদ্ধার করা আমার উচিত। এবং ঐ দারোগা বাবুর নামে যে পরবানা দেন তাহাতে মাজিস্ত্রেট সাহেব যে তাঁহাকে তিরস্কৃত করেন ইহাতে ঐ সাহেব যে আইনমত কর্ম্ম করিয়াছেন এমত বলিতে পারি না। যেহেতুক বাবু ঐ নগরের মধ্যে আগন্তুক লোক বটেন এবং দারোগা তাঁহাকে যে সকল কথা জিজ্ঞাসা করেন তাহা উক্ত আইন অনুসারে তিনি জিজ্ঞাসা করিতে পারেন এবং এই অধিকারের বোধে আরো তাঁহার এইরূপ জিজ্ঞাসা করা বিশেষরূপে উচিত ছিল। কারণ শ্রীমতী মহারাণী বসন্ত কুমারীর মহালে তিনি কি নিমিত্ত প্রবেশ করেন তাহা আমি যেমন অবগত তেমন ঐ দারোগাও অবশ্য জ্ঞাত আছেন। কিন্তু ইউরোপীয় মাজিস্ত্রেট সাহেব দারোগার প্রতি যেরূপ হুকুম করিয়াছেন তাহা বোধ করি উপরিউক্ত আইন জ্ঞাত না হইয়াই করিয়া থাকিবেন। পত্রপ্রেরক লিখিয়াছেন যে দারোগা আমলা বলপূর্ব্বক টাকা ঘুস লইতেছেন তাহা এতদ্রূপ জ্ঞাপন করিয়াছেন যে এই বিষয়ের সঙ্গেও ঐ উৎকোচের সম্বন্ধ ছিল কিন্তু তবে কেন তিনি বিশেষরূপে লেখেন নাই যে আমার স্থানহইতেও টাকা লইয়াছে। আমি জানি যে তাঁহার স্থানে কোন উৎকোচ গ্রহণ কেহই করে নাই অতএব তাঁহার উৎকোচ গ্রহণের বিষয় প্রস্তাবের কোন আবশ্যক ছিল না।

কথিত আছে যে বাবু ঐ রাণীর দরবারে নিযুক্ত থাকাতে পরাণ বাবু বিপক্ষ হইয়াছেন। যদ্যপি ঐ পত্রলেখক ঐ সকল গুপ্ত ব্যাপারের বিষয় প্রকাশ না করেন তবে আমি করিব তিনি তাহা অপহ্নব করিতে পারেন করুন। সে যা হউক লেখক আপনাকে তর্কবাগীশ বলিয়া লেখেন আমি অতিদূরস্থ হইয়াও দূরবিনের দ্বারা দৃষ্টি করিয়া কহিতে পারি যে তিনি কদিকাতস্থ একটা সম্বাদপত্রমাত্র শোধন করিতেন। অতএব কোনপ্রকারেই তাঁহার বাবুর পক্ষ হওয়া উচিত ছিল না. যদি তিনি এই বিষয়ে হস্তক্ষেপ না করিতেন তবে তাঁহার মঙ্গল হইত ও সম্ভ্রম বজায় থাকিত। এবং আমারো এই বিষয়ে এপর্য্যন্ত লিখন আবশ্যক হইত না।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় বরাবরেষু।

জিলা হুগলির বালিগ্রামের মধ্যে বহুমান্য বহু দিনের প্রাচীন বাসী ৺ জগৎরাম পাল তাঁহারদিগের ব্যয়ের দ্বারা ঐ স্থানের শ্রীশ্রী৺ ভাগীরথীর পশ্চিম তীরে নীরে যুগবন্ধ সুদৃষ্ট সোপান সহিত দিব্য পাকা ঘাট নির্ম্মাণ আছে ঐ ঘাটের উপরি স্থাপিত স্বদেশী বিদেশী গঙ্গাযাত্রিকদিগের তিষ্ঠনার্থ এক পাকা বাসগৃহছিল। পরে ঐ ঘর পুরাতন হওয়াতে দৈবাৎ পবনোৎপাতে পতিত হয় তাহাতে কতিপয় লোকের ক্লেশ জানিয়া ঐ স্থানাধিপতি বিচারক প্রজারক্ষক পরোপকারক মাজিস্ত্রেট শ্রীলশ্রীযুত সামুএল্‌স সাহেব মহাশয় পরক্লেশ নিবারণার্থে নিজ ব্যয়ে কিম্বা অন্যের দ্বারা সে যাহা হউক এইক্ষণে তাঁহার সাহায্যের দ্বারা ঐ স্থানের পূর্ব্বোক্ত ভগ্ন গঙ্গাযাত্রিকের ঘর পুনস্থাপন করিয়াছেন তাহাতে

and then ordered the same individual to draw the order concerning the fine. The man thought that Mr. Woodcock would not trouble his mind any further, and, therefore, in drawing the order left off mentioning the two rupees. But the magistrate, to his great confusion, desired him to read what he had drawn, and the crafty amlah tried to evade his master's notice by an inaudible reading. Mr. Woodcock, however, was not satisfied by this and so wished to hear it read a second time, when the wicked rogue was caught in the fact. But as he was the son of an old amlah, Mr. W. only sharply reproved him and fined him five rupees. I understand that Mr. Woodcock and Baboo Russick Krishna Mullick keep a constant watchful eye upon the amlahs, and thus do all they can to do justice. I wish every civil authority would do the same.

A Resident of Burdwan

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—I cannot sufficiently express the pleasant sensations created in my breast, by perusing notes from Koomar Suttchurn Ghosaul Bahadoor, (who has lately proceeded to Benares by dak) and other friends at Benares, mentioning the praise-worthy acts of His Lordship, the Governor General, at that place, in bestowing marks of honor on native Gentlemen and Rajahs, and I hope, that feeling the same sentiments, you will publish the names of those that have received khalats, in the columns of your paper.

The Durbar was held by His Lordship at Benares, on the 18th instant, in which were present Raja Issury Prusaud Bahadoor, son of Oodit Narain, Baboo Joy Prukash Sing's grandson, (whose name I have not learnt) Raja Colly Sunker Ghosaul Bahadoor, Baboo Hurry Narain Sing, Baboo Koomar Sing, Raja Putnee Mul, Koomar Oodit Prukash Sing, Koomar Sutt Proshunno Ghosaul, and others, and the following gentlemen received the following honours: -

Raja Issury Prusaud Bahadoor, received a hupt parcha, an elephant, a horse, a palankeen, a pearl necklace, serpetch culgee, sword and shield.

Baboo Joy Prokash Sing's grandson, hupt parcha, shield and sword, a pearl necklace, and serpetch culgee, sword and shield. Raja Colly Sunker Ghosaul Bahadoor, hupt parcha serpetch culgee, a pearl necklace, and a palankeen. Baboo Hury Narain Sing, hupt parcha and a horse. Baboo Koomar Sing, hupt parcha, goshowarah and doshalah. Raja Putne Mul, hupt parcha, a pearl necklace, and serpetch culgee. Koomar Oodit Prukash Singh, hupt parcha and serpetch culgee.

Yours obediently,

Ram Coomar Bundopadhya.

Bhookoylass, 29th Nov. 1837,

To the Editor of the Durpun.

SIR,—I have read in your paper of this morning the charges brought against the Darogah of the town of Burdwan, by one signing himself *Gowreesunker Turkabageesh.* Though I am not interested in either the one or the other party, still as I find the poor Darogah causelessly blamed, there being not only one but two legislative enactments justifying the line of proceeding instituted by that officer towards the Baboo, the hero of the inditer of the letter; namely, Reg. IX. of 1793 and XX. of 1817; I cannot but stand forth in his defence and impugn the conduct of the Magistrate in reprehending the Darogah, as he is stated to have done, for issuing a Purwannah in the name of the Baboo in question, who was a new comer into the said town, and who was, therefore, required by him, under the Regulations above cited, to furnish the particulars which he called for. This he was, in my humble opinion, the more warranted in doing, as he, like myself, must have been aware of the errand in which the Baboo is gone to visit the court of the Moharanee Bussunt Coomaree. What the European functionary, however, did, must, I presume, have been done by him in ignorance of the Regulations to which I have adverted. As for extortions of money, of which the writer has brought forward some instances, as if they bore on the present matter, I am surprised that he does not explicitly affirm whether there was any made in his own case, which I am sure was not, and, therefore, he might as well have dispensed with making any allusion on that head.

It is said that the Baboo's going to the Ranee's Court has placed him in opposition to Poran Baboo. * * * *

If the writer will not reveal all the secrets touching these affairs, I shall do it for him, and leave him to contradict them if he can. By the bye, he is a Turkabageesh, as he styles himself, and I believe I can see, as it were, through a telescope, that he was once the corrector of the proof sheets of a certain newspaper; but in either of the foregoing capacities it certainly ill-becomes him to advocate the cause of the Baboo. He had by all means acted wiser, and paid greater regard to his own character, if he had not taken this part, and thus precluded the necessity of the present task being undertaken by,

Yours truly,

A matter-of-fact man.

25th Nov. 1837.

Note by the Editor. – We have been obliged to curtail this letter, having no great love for an action for libel.

HOOGHLY DISTRICT.

To the Editor of the Durpun.

In the village of Bali, in the District of Hooghly, there is the ancient and respectable family of the late Juggutram Paul. At their expense a most excellent Ghaut was built on the Western Bank of the Bhageeruthee. Above the Ghaut, there was an excellent house which had been built for the accommodation of all those who came from near or far to the river; but the house became old and was thrown down in a storm. Seeing the inconvenience thus occasioned to many people, our benevolent and active Magistrate, Mr. Samuels, has, either at his own expence, or through the assistance of others, re-established this place, and multitudes both in the neighbourhood and from a distance pray to their heavenly father, that he may long continue to direct the affairs of the district. Mr. Editor, at the present time, a fellow

স্বদেশী ও ভিন্ন দেশীয় শত২ ব্যক্তি বর্গস্থ পিতার স্থানে তাঁহার এই রাজ্য চিররাজ্য কারণ প্রার্থনা করিতেছেন। সম্পাদক মহাশয় বর্ত্তমান কালে ঐ ঘরের সংলগ্ন পশ্চাৎ পশ্চিম দিগে কোতাকার এক বেটা উদাসীন ভণ্ড ব্রহ্মচারি বেশে উপস্থিত হইয়া তৎস্থানে এক ঘর বান্ধিয়া সাকার এক কালী প্রতিমা স্থাপন করত তদুপলক্ষে ঐ ঘাটে লাগিত যত নৌকার নাবিকদিগের স্থানে সহজরূপে কিম্বা দুষ্করূপে যে প্রকারে পারে সে সেই প্রকারে প্রত্যহ লভ্য করে। যদি কোন নৌকাস্থিত ব্যক্তি ঐ বৃত্তি দিতে অনিচ্ছুক হয় তবে ঐ স্থান নিবাসী ফৌজদারি আদালতের অমুক আমলা ঐ ব্রহ্মচারির সহায় হইয়া বলদ্বারা আদায় করেন আরও ঐ ব্রহ্মচারির ব্যবহার দেখুন। প্রায় প্রত্যহ সন্ধ্যাতে ঐ প্রতিমাধিকারি ও উক্ত আমলা ঠাকুরটি ও আর২ মহাশয়েরা তথায় উপস্থিত হতে কালীপ্রসাদ ভক্ত হইয়া মদ্য পানেআসক্ত প্রযুক্ত মত্ততা হইয়া স্ব২ পৌরুষ ব্যক্ত করেন। সম্পাদক মহাশয় ইতিমধ্যে অমাবস্যা হইলে উক্ত ব্যক্তিরা আনন্দ সাগরে মগ্ন হইয়া ছাগ ইত্যাদি ছেদন করত সে ইচ্ছা পূর্ণ করেন, মহাশয় গো ইঁহারদিগের আর২ কথা লিখনে লেখনী বাধিত হইল আমার বোধ হয় যে এই স্থানে ঐ কালী কালস্বরূপ হইবেন। কেন না এ স্থানের কুব্যবহার সকল আর২ ইতর লোকেও শিক্ষা পাইতেছে পরে তাহারাও প্রবল হইবে।

কস্যচিৎ বালিনিবাসি প্রকাশকস্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয়
পরোপকারকেষু।

সম্পাদক মহাশয় গো আশ্চর্য্য ব্যাপার অবিচার দেখুন চুঁচুড়া নগরের পূর্ব্ব ভাগীরথী পারে ভাটপাড়া নামক গণ্ডগ্রামনিবাসি বহু মান্য ধনাঢ্য ও বর্ণশ্রেষ্ঠ শ্রীযুত বাবু তারকনাথ রায় মহাশয় তাঁহার ঐ গ্রাম মধ্যে বাবুআনী নামক একপটী ও তন্মধ্যে আর২ স্থানে ও কিঞ্চিৎ২ জমী আছে। সে সকল স্থানে বহু দিনের প্রজা স্থাপনও আছে ঐ প্রজাবর্গের রাজস্ব আদায়ের সময় বর্ত্তমান ১২৪৪ সালের মাহ ফালগুণে কিন্তু উক্ত জমীদার মহাশয় বর্ত্তমানকালে ঐ ফালগুণ স্বরূপে প্রজাদিগের উপর নিজ দ্বারের দ্বারির দ্বারায় যেপ্রকার দুঃখ দিয়া তহশীল তাগাদা করিতেছেন তাহা লিখন অসাধ্য। কোন২ শিষ্ট শান্ত প্রজা অপমান ভয়ে ভীত হইয়া উক্ত মাহাস্থ কিস্তি বর্ত্তমান মাসে দাখিল করাতে কথিত ফালগুণ মাহার তারিখ বন্দ দাখিলা দিয়া বন্দোবস্তে খাজনা আদায় করিতেছেন। ইহাতে প্রজাদিগের প্রাণান্ত হইতেও অধিক কেন না এবৎসর জল কষ্ট প্রযুক্ত কোন২ ভূমি আবাদ রহিত আছে। ও যে ভূমিতে আবাদ হইয়াছে তাহাতে প্রায় জলাভাবে শস্যাভাব হইবে বর্ত্তমান বৎসরে প্রজাদিগের রাজস্ব দাখিল করা অসাধ্য হইবে। কিন্তু বাবুজী তাহা বিবেচনা না করিয়া কিম্বা ভবিষ্যৎকালে প্রজাদিগকে ছলে দুঃখ দিবার মনস্থে এমত কর্ত্তব্য রহিত কর্ম্ম করিতেছেন তাহা বলা যায় না। আমি এই প্রকার জমিদারের অন্যায় দেখিয়া আগত ভবিষ্যৎকালে রাজস্ব বিষয়ে জমীদার মহাশয় পুনরায় বিপরীতাচরণ না করেন। এই জন্যে এই বিষয় পরোপকারকাগ্রগণ্য শ্রীলশ্রীযুত দেশাধিপতি বিচার কর্ত্তা মহাশয়ের কর্ণ গোচর করিয়া রাখিলাম।

কস্যচিৎ ভাটপাড়া নিবাসি জনস্য।

শ্রীযুত দর্পণকার মহাশয়
সমীপেষু।

পত্র প্রেরকের প্রথমোক্তি যে পরমেশ্বর স্ত্রী পুরুষ এতদুভয় ব্যক্তিকেই সমান সুখভোগ করিতে শক্তি দিয়াছেন। কিন্তু পুরুষ স্বেচ্ছানুসারে বহুবিবাহ করিতে পারেন স্ত্রী বাল্যাবস্থায় পতি বিয়োগিনী হইলে পুনরুদ্বাহ করিতে পারেন না। উত্তর তবে জ্ঞানান্বেষণ পাঠক পত্র প্রেরককে ক্ষণেক কাল নিমিত্ত সজ্ঞান হইয়া প্রথমতঃ এই বিবেচনা করিতে হইবেক যে যখন কোন কর্ত্তা আপন কন্যাপাত্রস্থ করেন তখনই তাঁহাকে দান করেন। দান বলি কেন না ঐ কর্ত্তা তদনন্তর ঐ কন্যা পুনর্দানকরণের নিতান্তই স্বত্বচ্যুত হন যেহেতুক একবার

---

who calls himself a Brumhucharee, had planted a house close to the West of this building, and has fixed an image of *Kalee* in it, and every boat which comes to this Ghaut is laid under contribution, and this fellow extracts money from boatmen by fair means and by foul. If any boatman appears unwilling to pay any thing, there is a certain officer of Police there, who comes to the assistance of the Brumhucharee and gets money out of them by force. Now, hear the conduct of this Brumhucharee. Every evening he and the afore mentioned Amlah, and other persons, assemble to perform the rite of Kalee, and drink liquor till they are intoxicated, and *expose their persons shamefully*. At the new moon the aforementioned persons are immersed in an ocean of delight, and slaughter kids, and do what they like. Mr. Editor, I forbear to go into particulars, but nothing can be worse for the place than the establishment of this image of *Kalee*, for other people are beginning to learn their evil ways.

A Resident at Bali.

To the Editor of the Durpun.

I beg leave to lay before you the following act of injustice:—To the East of Chinsurah, on the banks of the river, there is the large village of Bhatparah, in which Baboo Tarucknauth Roy, a rich respectable Native gentleman resides. He possesses in the village a *puttee*, called Babooani, besides some other pieces of ground, on which some very ancient tenants reside. The period for receiving rents from them is the month of Falgoon, 1244, but this gentleman has most unjustly insisted upon the payment of the rents before hand by his own Agent, and is putting them to inconvenience, such as I cannot describe. Some of the most respectable people, through fear of dishonour, have paid Falgoon rent at the present time, and obtained receipts for the Falgoon rent. To do this, they have been subject to every inconvenience; for during the present year in some places, through want of rain, there has been no cultivation. In other places, the cultivation has been greatly impeded from the same cause, so that it will be no easy matter for the people to pay up their rents. But the Baboo paying no attention to this, and caring nothing about the inconvenience of the people, has adopted this most illegal proceeding. Seeing these unjust acts, with the view, if possible, of preventing the recurring of them, I have brought this matter forward, hoping that it may come under the eye of those who are in authority.

Certain Residents of Bhatpara.

MARRIAGE OF WIDOWS.

To the Editor of the Durpun.

The first inquiry of the writer is this, that God has created men and women with equal capacities for happiness; but the man can, at his own wish, marry as often as he desires, but the woman who, even in youth becomes a widow, cannot marry again. I reply, that the writer who signs himself a reader of the *Gyananneshun*, should, for a short time, form a right judgment, and consider that when any father gives his daughter in marriage, he has given her away. I call it a gift, because the father forfeits all right to make a second gift of her, since he has parted with all right over her. When any thing is thus given away we call it a gift;

স্বত্বত্যাগ করিয়া কোন বস্তু কাহাকে দেওয়াই দান পদার্থ এতাবতা যাহা একবার প্রদত্ত হইয়াছে তাহার পুনর্দান কিরূপে সম্ভাবনা হইতে পারে। যেহেতুক মনু ধর্ম্মশাস্ত্রে কহিয়াছেন। যথা। ১। সকৃদংশো নিপততি সকৃৎকন্যা প্রদীয়তে। সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সতাং সকৃৎ। অর্থাৎ সাধুদিগের অংশপাত ও কন্যা দান ও দিলাম এই কথা এই তিন একবারই হইয়া থাকে পুনর্ব্বার হয় না তবে নষ্ট লোকের যাহা হউক। বিশেষ কারণ এই যে একবার স্বত্বত্যাগপূর্ব্বক পরস্বত্বোৎপন্ন বস্তুর পুনর্দান অসম্ভব। ২। নোদ্বাহিকেষু মন্ত্রেষু নিয়োগঃ কীর্ত্ত্যতে ক্বচিৎ। ন বিবাহ বিধাবুক্তং বিধবাবেদনং পুনঃ। অর্থাৎ বিবাহ সম্বন্ধীয় মন্ত্রে বিবাহিতা কন্যার বিবাহের পুনর্নিযোগ কেহ কহেন না এবং বিবাহ বিধি বিষয়ে বিধবা কন্যার বিবাহও কেহ কহেন না। সুতরাং বিবাহিতা স্ত্রীরও পুনরুদ্বাহ হইতে পারে না। এতদবধারণ করিয়াও যদি পত্র প্রেরক পুরাতন সনাতন বিধির বিরুদ্ধাচরণ চিকীর্ষু হন তবে তাঁহাকে অজ্ঞ মূঢ় পক্ষপাতি ও হিন্দু ধর্ম্ম দ্বেষি ভিন্ন অন্য কি বোধ করা যাইবেক। যাহা হউক দর্পণকার মহাশয় কমিটী সভাধ্যক্ষ মহাশয়দিগের পূর্ব্বাপেক্ষা এক্ষণে এতদ্বিষয়ে কিঞ্চিৎ মনোযোগিতা দেখিয়া লেখক কিঞ্চিৎ খেদিত হইয়াছেন ইহাতে অস্মদাদির খেদের বিষয় এই যে এই উদ্যোগের উপক্রমেই পত্র প্রেরক খেদিত হইলেন। অপরং কিম্ভবিষ্যতি। পত্র প্রেরকের দ্বিতীয় উক্তি যে তিনি ভাদ্রস্য পঞ্চদশ দিবসীয় জ্ঞানান্বেষণদ্বারা অবগত হইয়াছেন যে বোম্বের কমিশ্যনর কর্ত্তৃক তৎকর্ম্ম কারকেরা জিজ্ঞাসিত হইয়াছেন। যে হিন্দু বিধবাদিগের পুনর্ব্বিবাহ হইলে তাহাতে কোন আপত্তি আছে কি না। ইহাতে পত্র প্রেরক পরম পুলকিত হইয়া আপাতত সভাধ্যক্ষ মহাশয়দিগকে স্বমত প্রদান ও কতিপয় স্বপক্ষ সম্পাদক মহাশয়দিগকে রাজ্যেশ্বরের কর্ণগোচর করিতে পরামর্শ দিতেছেন। দর্পণকার মহাশয় যদিও তন্মতাক্রান্ত বটেন তথাপি মহাশয়কে বিবেচনা করিতে হইবেক যে যখন শ্রীশ্রী৺ কৃপা পুরঃসর রাজ্যেশ্বরকে সম্মতি সুবুদ্ধি ও সদ্বিবেচনা দিয়া সকলের শ্রেষ্ঠ করিয়াছেন তখন তিনি স্বীয় সদ্বিচার দক্ষতা দ্বারা সাধ্যানুসারে সুবিচার প্রচারের ত্রুটি করিবেন না। এবং চতুর্দ্দিগস্থ বিধর্ম্মি চতুরচার্ব্বাকদিগের চাতুরীতে কদাচ ভ্রান্ত হইয়া এই প্রাচীন সর্ব্বাচীন হিন্দু ধর্ম্ম যাহা অনাদিকালপর্য্যন্ত অবাধে নিরাপদে চলিয়া আসিতেছে তাহা উচ্ছিন্ন করিতে যত্নবান হইবেন। তবে অতএব এবম্বিধ ধর্ম্মের নাশাশা না করিয়া বরং প্রজ্বলিত দ্বেষানল নির্ব্বাণ করাই শ্রেয়। নচেৎ চরমে সম্পাদন বিরহে হতাশ হইলে ঐ হুতাশে অভিতাপ হইয়া অধিকন্তু হাস্যাস্পদও হইতে হইবেক। যাহা হউক পত্র প্রেরকের এতদ্বিষয়ে এতদ্রূপ সদুৎসাহ দৃষ্টে শুদ্ধ এই মাত্র বোধ হইতেছে যে তিনি অবশ্যই কোন বিশিষ্টবংশলোচন বা উজ্জ্বল কুলতিলক হইবেন। দর্পণকার মহাশয় পত্র প্রেরকের আর২ মৃষাজল্পনার উত্তর অপ্রয়োজনীয় জন্য অধুনা এই পর্য্যন্তই লিখিলাম। পরে প্রয়োজন বিধায় পুনর্লেখনী ধারণে শৈথিল্য হইবেক না শ্রীমচ্চন্দ্রিকা ও পূর্ণচন্দ্রোদয় প্রচারক মহাশয়েরা হিন্দু ধর্ম্ম রক্ষণে এক্ষণে বিলক্ষণ প্রবল অতএব উপলব্ধি হইতেছে যে তাঁহারাও এই কতিপয় ছত্র স্ব২ পত্রস্থ করিয়া লিখিত বিষয়ের যথা বক্তব্য ব্যক্ত করিতে মৌনাবলম্বন করিবেন না।

কস্যচিদ্ধর্ম্মদাসস্য।

---

what has been once given, therefore, cannot be given a second time, for Munoo has said, " These three things can occur but once. Shares made by the virtuous, and the giving away of a daughter, and pronouncing the word, " I have given." The wicked may act otherwise. The particular reason for it is this, that whatever has been given away and become the right of another, cannot be given away again. Secondly, Munoo says, " According to the Muntru which is pronounced at weddings, nobody can ever speak of a second wedding, and nobody, in fact, ever does speak of the marriage of widows. A widow, therefore, cannot marry again. If with these authorities before him, the writer wishes to act contrary to the ancient institutions, we must consider him ignorant, partial, and an enemy to Hindooism. Be that as it may, Mr. Editor, the writer seeing the members of the Society more active than usual, is distressed; but our cause for trouble is this, that at the very first effort for the marriage of widows, the correspondent has cause for distress; what will come next? The writer's second assertion is, that he learnt from the *Gyananneshun* of the 15th instant, that the Bombay Government had been making enquiries whether there was any objection, according to the Hindoo Shastrus, to the marriages of widows. The writer is delighted at this, and has imparted his opinions to the heads of parties, and has advised the Editors of Newspapers to enlighten the rulers of the country on this subject. Though you, Mr. Editor, are of his opinion, yet it becomes you to think, that when God in his goodness, has placed our rulers in authority over all, it is to be expected that they will not fail to use their own knowledge and judgement to the full extent of their power; and that they will not be deceived by the unbelievers, whom we see on all sides to interrupt this institution of Hindooism, which has now been in vogue from the remotest antiquity. The writer, instead of entertaining a hope regarding the destruction of this Hindoo practise, ought to set himself to extinguish the fires of discord; otherwise, he will himself be disappointed; he will be tormented and burnt in this fire, and become an object of ridicule to others. Be that as it may; I judge from the earnestness of the writer on this subject, that he must certainly be the descendant of some most illustrious and ancient line. Mr. Editor, there can be no necessity for refuting all his other falsities, and here I pause; if it be necessary, I shall not neglect hereafter to take up my pen. The *Chundrika* and the *Poornuchundrodoy* are strong in their support of the Hindoo religion; and I hope that they will insert these lines in their journals, and not fail to favour the public with their own thoughts on the subject.

A Servant of Righteousness.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৷৶	ঐ
২ ক্লাস	৷৹	৷৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	৷৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।৹	১৪।৹	ঐ
৪ টাকার লোন	২ [illegible]	২।৹	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	6	
2d. Class,	0	¼	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	8	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৬৯ সংখ্যা। বালম ১৯।] ৯ দিসেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ২৫ অগ্রহায়ণ। SATURDAY, DECEMBER 9TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1169. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

SUPREME COURT.

Peter Jacob Paul, one of the Executors, &c. Complainant, *versus*

Marinos Nicholas Kalonas and others, Executors, &c. Defendants.

Notice is hereby given, that pursuant to a Decretal order made in this cause on the 24th day of July last, the Creditors and Legatees of John Demetrius Elias, are requested to come before the Master at his office in the Supreme Court, on or before the 11th day of February, 1838, and prove and establish their respective debts and legacies, and that in default thereof, they will be precluded from the benefit of the said Decretal order.

T. DICKENS, *Master.*

Master's Office,
11th August, 1837.

J. SANDES, *Attorney.*

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম হিকি সাহেব রামদয়াল রায়ের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের সূতালুটিতে শ্যামপুকুরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ॥২ বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামি রামদয়াল রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গোপীকৃষ্ণ বাবুর বৈঠকখানা। দক্ষিণ দিগে দয়ারাম সরকারের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত গোপীকৃষ্ণ বাবুর এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে কৃষ্ণসখা ঘোষের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বিবনকুমার বিবি ও বাবু বলরাম দাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রীত হইবেক।

১। বিশেষতঃ কলিকাতা নগরের তুলা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে কতক তেতালা ও কতক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ১৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৬ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিবনকুমার বিবি ও বাবু বলরাম দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে শান্তপ্রসাদ বাবুর বাটী ও ভূমি। পশ্চিম দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে তুলা বাজারের রাস্তা। উত্তর দিগে দয়ালচাঁদ বাবুর বাটী ও ভূমি।

২। এবং বড়বাজারের কাশীনাথ বাবুর পোস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ পোস্তা ভূমি তাহাতে রাইয়ত আছে ভূমি অনুমান ১ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিবনকুমার বিবি ও বাবু বলরাম দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও পূর্ব্বদিগে পূর্ব্বোক্ত আসামীরদের বাটী ও ভূমি দক্ষিণ দিগে পোস্তার রাস্তা। উত্তর দিগে গোবর্দ্ধন দাসের বাটী ও ভূমি।

৩। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিবনকুমার বিবি ও বাবু বলরাম দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে কাশীনাথ মল্লিকের ভূমি। পূর্ব্ব দিগে গোবর্দ্ধন দাসের ভূমি। পশ্চিম দিগে মদন সেনের ভূমি। উত্তর দিগে পোস্তার রাস্তা।

৪। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ॥২ বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বিবনকুমার বিবি ও বাবু বলরাম দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত আসামীরদিগের বাটী। পশ্চিম দিগে গঙ্গাতীরের রাস্তা। উত্তর দিগে গোবর্দ্ধন দাসের ভূমি। দক্ষিণ দিগে পোস্তার রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সুপ্রিম কোর্ট
কলিকাতা।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রামতনু মল্লিক প্রভৃতি ফরিয়াদী রামগোপাল মল্লিক প্রভৃতি আসামী পুনরুত্থাপিত সেই মোকদ্দমায় গত আপ্রেল মাসের ৬ তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে গত ২১ নবেম্বর তারিখে মৃত রামগোপাল মল্লিকের ইষ্টেটের নীচে লিখিতব্য যে সম্পত্তি বিক্রয় হয় নাই তাহা আগামি ১৩ দিসেম্বর তারিখে বেলা দুই প্রহর অবধি দুই ঘণ্টার মধ্যে সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেবের আপীসে উক্ত ডিক্রীর অভিপ্রায় সিদ্ধ্যর্থ বিক্রীত হইবেক। বিশেষতঃ

লাট নং ১। কলিকাতা নগরে চৌরঙ্গীতে শান্তিরাম সিংহ ও রাজচন্দ্র দাসের বাটীর এবং সদর রাস্তার দক্ষিণ পশ্চিম স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।১৬৵৯৫ এক বিঘা এগার কাঠা চৌদ্দ ছটাক নয় গণ্ডা তিন কড়া তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা স্লিক সাহেবওয়ালানামে বিখ্যাত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার চারি অংশের একাংশ তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে লিণ্ডি স্ত্রিট। দক্ষিণ দিগে সদর স্ত্রিট। পূর্ব্ব দিগে মাজ সাহেবের গলি। পশ্চিম দিগে কাপ্তান লিণ্ডের বালাখানা এবং রাজচন্দ্র দাস ও শান্তিরাম সিংহের বাটী শেষোক্ত এক খণ্ড ভূমি চারি সমানাংশে বিভক্ত।

লাট নং ২। সদর রাস্তা ও মাজ সাহেবের গলির লাগাও দক্ষিণ পূর্ব্ব কোণের শামিল ও তন্মধ্যস্থিত যে পূর্ব্বোক্ত নং ১ লাটে লিখিত স্লিক সাহেবওয়ালা ভূমির চারি অংশের একাংশ এক খণ্ড ও বন্দ ভূমি জরীপে অনুমান ১।৪।০৭ এক বিঘা নয় কাঠা চারি ছটাক সাত গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক।

লাট নং ৩। লিণ্ডিস্ত্রিত ও মাজ সাহেবের গলির লাগাও উত্তর পূর্ব্বকোনের শামিল ও তন্মধ্যস্থিত যে পূর্ব্বোক্ত ১ নং লাটে লিখিত স্লিক সাহেব ওয়ালা নামে বিখ্যাত ভূমির চারি অংশের এক অংশ ভূমি অনুমান ১।৪।০৭ এক বিঘা নয় কাঠা চারি ছটাক সাতগণ্ডা তাহা কিছু কমী হউক বেশী হউক।

লাট নং ৪। A চিহ্নিত কাপ্তান লিণ্ডির বাটী ও লিণ্ডিস্ত্রিটের লাগাও উত্তর পশ্চিম কোণের শামিল ও তন্মধ্যস্থিত যে ১ নং লাটে লিখিত স্লিক সাহেব ওয়ালী নামে খ্যাত ভূমির চারি অংশের একাংশ অনুমান ১।৪।/২ এক বিঘা নয় কাঠা পাঁচ ছটাক দুই গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক।

লাট নং ৫। A চিহ্নিত চৌরঙ্গীতে লিণ্ডি স্ত্রিটের শামিল ও তন্মধ্যস্থিত ফেনুইক বাজার নামে বিখ্যাত যে এক খণ্ড ও বন্দ ভূমি ঐ ভূমি এবং লাট নং ৬ A ও লাট নং ৭ A ও লাট নং ৮ A চিহ্নিত

ভূমি অনুমান ৩।৩৬৵৫ তিন বিঘা তের কাঠা চৌদ্দ ছটাক পাঁচগণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী আছে। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত লিণ্ডিস্ত্রিট পশ্চিম দিগে বিশ্বম্ভর হালদারের বাটী এবং ১০ নং লাটের কিয়দংশ। উত্তর দিগে A চিহ্নিত ৬ নং লাট। পূর্ব্ব দিগে কাঁচা রাস্তা।

লাট নং ৬। A চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি ও বৃহৎ পুষ্করিণীর কিয়দংশ ভূমি অনুমান ৪।৩ ১৯ চারি বিঘা তের কাঠা চারি ছটাক ঊনিশ গণ্ডা এক কড়া তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে কাঁচা রাস্তা। দক্ষিণ দিগে লাট নং ৫ A চিহ্নিত। পশ্চিম দিগে লাট নং ১০। উত্তর দিগে ফেনুইক বাজারের অপরাংশ অর্থাৎ লাট নং ৭ A।

লাট নং ৭। A চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি এবং ঐ বৃহৎ পুষ্করিণীর অবশিষ্টাংশ অনুমান ৪/৵১২। চারি বিঘা এক কাঠা পনর ছটাক বার গণ্ডা এক কড়া তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে কাঁচা রাস্তা। দক্ষিণ দিগে লাট নং ৬ A। পশ্চিম দিগে লাট নং ৯ A। উত্তর দিগে লাট নং ৮ A অথবা ফেনুইক বাজারের অপরাংশ।

লাট নং ৮। A চৌরঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২।১৬/৯॥ দুই বিঘা এগার কাঠা তের ছটাক সাড়ে নয় গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে কাঁচা রাস্তা। উত্তর দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে লাট নং ৭ A। পশ্চিম দিগে এড্বার্ড মরেন ও মীর সয়দু খানাদার ও কাপ্তান গুলহকের বাটী অথবা ফেনুইক বাজারের অবশিষ্টাংশ।

লাট নং ৯। A পূর্ব্বোক্ত চৌরঙ্গীতে ১০ নং লাটসমেত হয়দ্রা বাগাননামে বিখ্যাত স্থান ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬/৪।/১১ ছয় বিঘা চারি কাঠা পাঁচ ছটাক এগার গণ্ডা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে চৌরঙ্গী রাস্তা। উত্তর দিগে কাপ্তান গুলহক প্রভৃতির বাটী। পূর্ব্ব দিগে লাট নং ৭ A। দক্ষিণ দিগে লাট নং ১০।

লাট নং ১০। পূর্ব্বোক্ত চৌরঙ্গিতে হয়দ্রা বাগানের অপরাংশ ও তন্মধ্যস্থিত যে এক খুদ্র ইষ্টক নির্ম্মিত গৃহ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি ৬/২৬/১।০ ছয় বিঘা দুই কাঠা তের ছটাক এক গণ্ডা দুই কড়া কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে চৌরঙ্গী রাস্তা। উত্তর দিগে লাট

নং ৯ A পূর্ব্ব দিগে লাট নং ৬ A দক্ষিণ দিগে বিশ্বম্ভর হালদারের দখলের বাটী

লাট নং ১১। A কলিকাতা নগরের পুরানা চীনা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে ২ দুইটা পাকাঘর এবং ৩৮ টা শ্রেণীবদ্ধ গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।২ এক বিঘা বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে মৃত ক্ষেত্রমোহন বসাকের বাটী। ও হর সেট ও নর সিংহ সেটের বাটী। অপরাংশে গোবিন্দচন্দ্র ধরের ভূমি ও জয়নারায়ণ বাঁড়ুয্যের ভূমি। পূর্ব্ব দিগে সুকিশ লেন নামক গলি পশ্চিম দিগের একাংশে চীনা বাজারের রাস্তা অপরাংশে রামনাথ বসাকের বাটী। উত্তর দিগের একাংশে মৃত শিবচন্দ্র কলিয়ার বাটী অপরাংশে লীল সাহেবের বাটী

লাট নং ১২ A এবং কলিকাতা নগরের কলুটোলার মল্লিকবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২ [illegible] কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে মৃত হরি ঠাকুরের বসতবাটী। পূর্ব্ব দিগে রাধামোহন ঠাকুরের ভূমি। উত্তর দিগের একাংশে সরকারী নরদমা অপরাংশে রাধামোহন ঠাকুরের ভূমি।

লাট নং ১৩। A কলিকাতা নগরের এস্প্লানেডরোডে কসাইটোলার দক্ষিণ পশ্চিম কোণের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইক্ষণে গোর সাহেবের দখলে আছে। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে কপ্তান জান্সটন সাহেবের বাটী। উত্তর দিগে ইন্দ্রনারায়ণ মুখুয্যের বাটী।

লাট নং ১৪। A কলিকাতা নগরে বারিকের পশ্চাদ্ভাগে লায়ন্স রেঞ্জনামক স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮১৮০ ষোল কাটা বার ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের একাংশে আশুতোষ দেব প্রভৃতির বাটী অপরাংশে লিপু সাহেবের বাটী। দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে এক গলি। পশ্চিম দিগে আশুতোষ দেব বাটী।

লাট নং ১৫ A। এবং কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলোকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চক্ষপুরের রাস্তা পশ্চিম দিগে মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগের একাংশে সরকারী নর্দমা অন্যাংশে পূর্ব্বোক্ত মৃত রামগোপাল মল্লিকের ভূমি অপরাংশে ভোলানাথ বাবুর ভূমি এবং অপরাংশে রামপ্রসাদ সেনের ভূমি।

লাট নং ১৬। A কলিকাতা নগরের নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ১/৩ এক বিঘা তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মৃত রামগোপাল মল্লিকের ভদ্রাসন বাটী। পশ্চিম দিগে প্রাণধন দাসের বাটী দক্ষিণদিগে গোলোকচন্দ্র ধর ও মৃত গোবিন্দচন্দ্র ধরের বাটী। উত্তর দিগে সরকারী নর্দমা।

লাট নং ১৭। A কলিকাতা নগরে নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ১/১। এক বিঘা দেড় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী নর্দমা উত্তর দিগে তেলির বাটী নামে বিখ্যাত বাটী। পশ্চিম দিগে গোবিন্দচাঁদ বাবু ক্ষত্রিয়ের বাটী। পূর্ব্ব দিগে ভোলানাথ বাবু ক্ষত্রিয়ের বাটী।

লাট নং ১৮ A। এবং কলিকাতা সহর তলীর উল্টাডিঙ্গীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি অনুমান ১১/ এগার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে দুইটা ইষ্টকনির্ম্মিত বৈঠকখানা এবং দুইটা পুষ্করিণী ও নানাপ্রকার বৃক্ষ আছে। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগের একাংশে মাধব দত্ত রাইয়তী ভূমি ও বাগান পশ্চিম দিগে ভিকু শাহার ভূমি। উত্তর দিগে রাজা রাধাকান্ত দেবের বাগান।

লাট নং ১৯ A এবং কলিকাতা নগরের বড় বাজারের পঞ্চাননতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ২৯ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপ চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে বৃন্দাবন আঢ্যের ভূমি অপরাংশে রাধামোহন ঠাকুরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে মৃত রামকৃষ্ণ সেনের বাটী ও ভূমি পশ্চিম দিগের একাংশে জগমোহন ধরের বাটী ও ভূমি অপরাংশে হরেকৃষ্ণ পাত্রের বাটী ও ভূমি। উত্তর দিগে আরমনী গলি।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মেষ্টর আফিসে অথবা ফরিয়াদীর উকীল টি বিনুইনতো সাহেবের নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

টি ডিকিন্স
মেষ্টর।

মেষ্টর আফিস।
ডিসেম্বর ১৮৩৭ সাল।

আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলে শ্রীযুত কোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহা অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোনং আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোনং স্থানে বঙ্গ দেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশে অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোনং আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে। এবং তাহার পার্শ্বে এইসকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোনং আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এই মাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ে যেং বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৩৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

কবিতা রত্ন কর।

অর্থাৎ স্বর্ণের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাদি গুনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত মূল্য ৩ টাকা।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লুকভট্টকৃতটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতানন্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৩ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১১ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎসারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও কষ্টাম ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে মূল্য ৪ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগ্দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

২২ নবেম্বর ১৮৩৭।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আলেকজান্দর স্মিথ সাহেব শ্রীযুত ডাক্তর জি ফরবেস সাহেবের পরিবর্ত্তে হিজলির নিমক এজেন্টের আসিষ্টান্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

২৯ নবেম্বর।

শ্রীযুত সি টি সিলি সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখ অবধি ভারতবর্ষে কোম্পানি বাহাদুরের সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

কোম্পানির কেরানি শ্রীযুত এচ এম রিড সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থে এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত ডবলিউ জে মর্গেন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থে এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হওনজন্য শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের আজ্ঞাক্রমে যে কাল নিরূপিত আছে তাহা উত্তীর্ণ হওয়াতে বিলাতে ফিরে যাইতে হুকুম পাইয়াছেন।

শ্রীযুত এচ বি বেলি সাহেব উপরি উক্ত তারিখে ভারতবর্ষস্থ গবর্ণমেণ্টের বঙ্গরাজধানীর সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টের একটিং ডেপুটি সেক্রেটরীর কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। ঐ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত জেনরল ডিপার্টমেণ্টের ডেপুটি সেক্রেটরীর কর্ম্মও করিবেন।

২১ নবেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

গোলন্দাজ সৈন্যের লেপ্তেনন্ত শ্রীযুত আর স্মিথ সাহেব কটকের রেবিনিউ সরবেয়র হইয়াছেন। এবং আপন এলকার মধ্যে সীমার বিবাদ নিষ্পত্ত্যর্থ ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে ডেপুটি কালেকটরী কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

২৫ নবেম্বর।

শ্রীযুত জি এফ কোবরণ সাহেব ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের মালের সায়েরা ও রেবিনিউ কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

দিনাজপুরের সদর আমীন শ্রীযুত সি মেকি সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত দিনাজপুরের সিবিল ও সেসন জজের চলিত কর্ম্ম নির্ব্বাহার্থে অনুমতি পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত দুর্গানারায়ণ রায় অন্য হুকুম না হওন পর্য্যন্ত ঐ জিলার সিবিল ও সেসন জজের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

২৮ নবেম্বর।

শ্রীযুত লেপ্তেনন্ত জে সি হানিংটন সাহেব শ্রীযুত লেপ্তেনন্ত নিকলসন সাহেব শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের মোসাহেব হওয়াতে তাঁহার পদে ১৮৩৩ সালের ১৩ আইনের বিধানুসারে গবরনর জেনরলের এজেন্টের প্রধান আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত লেপ্তেনন্ত টামস সিমসন সাহেব শ্রীযুত হেনিংটন সাহেবের পরিবর্ত্তে ১৮৩৩ সালের ১৩ আইনের বিধানুসারে গবরনর জেনরলের এজেন্টের দ্বিতীয় আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব কলিকাতা রাজধানীহইতে শ্রীযুত ডবলিউ এচ মেকনাটন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত আদালৎসম্পর্কীয় বিবেচনাকরণীয় কমিটির একটিং প্রেসীডেন্ট হইয়াছেন।

২৫ নবেম্বর।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের পূর্ব্বকার একটিং রেজিষ্টর শ্রীযুত আর মকান সাহেব গত সেপ্তেম্বর মাসের ৫ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত আরবীয় আতাইৎউল রহমন জাহাজ গমনের তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২৮ নবেম্বর।

যশোহরের স্পেসিয়ল ডেপুটি কালেকটর শ্রীযুত এফ লোথ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ২০ দিবসের ছুটি পাইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

22d November, 1837.

Mr. Assistant Surgeon Alexander Smith is appointed Assistant to the Salt Agent of Hidjellee, vice Dr. G. Forbes, deceased.

29th November.

Mr. C. T. Sealy has been permitted to resign the East India Company's Civil Service, from the 24th instant.

Mr. H. M. Reid, Writer, is reported qualified for the Public Service, by proficiency in two of the Native languages.

Mr. W. J. Morgan having exceeded the period within which, under the orders of the Honourable the Court of Directors, he ought to have qualified himself for the Public Service by proficiency in two of the Native languages, has been ordered to return to England.

Mr. H. V. Bayley has been this day appointed to officiate as Deputy Secretary to the Governments of India and Bengal in the Secret and Political Department. Mr. H. V. Bayley will also act as Deputy Secretary in the General Department, until further orders.

21st November.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

Lieut. R. Smith of Artillery, to be a Revenue Surveyor in Cuttack, and has been invested with the powers of a Deputy Collector under Regulation IX. of 1833, for the special and exclusive duty of deciding boundary disputes within the limits of his operations as Surveyor.

25th November.

Mr. G. F. Cockburn to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Baugulpore Division.

Mr. C. Mackay, Sudder Ameen in Dinagepore, has been authorized to conduct the current duties of the office of Civil and Session Judge of Dinagepore until further orders.

Baboo Doorganarain Roy, Principal Sudder Ameen in West Burdwan, to conduct the current duties of the office of Civil and Session Judge of that District, until further orders.

28th November.

Lieut. J. C. Hannyngton to be a Principal Assistant to the Agent to the Governor General under Regulation XIII. of 1833, vice Lieut. Nicolson who has been appointed to the Staff of the Governor General.

Lieut. Thomas Simpson to be a Junior Assistant to the Agent to the Governor General under Regulation XIII. of 1833, vice Lieutenant Hannyngton.

Mr H. T. Prinsep will officiate as President of the Law Examination Committee, during the absence of Mr. W. H. Macnaghten from the Presidency.

25th November

The following officers have obtained leave of absence from their stations:

Mr. R. Macan, late officiating Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, until the sailing of the Arab Vessel *Attait ool Ruhmun*, in extension of the leave granted to him on the 5th September last.

28th November.

Mr. F. Lowth, Special Deputy Collector of Jessore, for twenty days, on medical certificate.

ঢাকার ডেপুটি কালেকটর শ্রীযুত এম ডবলিউ কারুথর্স সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১৫ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

পাটনার স্পেসিয়ল ডেপুটি কালেকটর শ্রীযুত আর এন ফার্কহার সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের সিবিল ও সেসন জজ শ্রীযুত এচ মোর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন। শ্রীযুত আর টরেন্স সাহেব মোর সাহেবের অনুপস্থানে তৎ২ কর্ম্ম একটিং রূপে নির্ব্বাহ করিবেন।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ আলী দশহরাবন্দ পর্য্যন্ত যে ছুটি পান তদতিরিক্ত পাঁচ দিবসের ছুটি পাইয়াছেন।

১৮ নবেম্বর।

ফরাক্কাবাদের উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের এজেন্ট শ্রীযুত হেনরি সুইটেনহম সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে জুডিসিয়ল ডিপার্টমেণ্টের কর্ম্ম হইতে ছুটি পাওয়াতে শ্রীযুত এফ এচ রাবিন্সন সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত এজেন্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে অনুমতি পাইয়াছেন।

দেরাধুনের পোলিটিকাল এজেন্ট শ্রীযুত লেপ্তেনন্ত কর্ণেল এফ ইয়ং সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে আগ্রাতে গমনার্থ নবেম্বর মাসের ১৬ অবধি ৩০ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

শ্রীলশ্রীযুত প্রেসীডেন্ট সাহেব কোম্পানির কেরানি শ্রীযুত এচ এম রিড সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থে নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে শ্রীলশ্রীযুত বঙ্গরাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

বিজনুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি আলন সাহেব ১৮৩৭ সালের শেষে ছুটি লইয়া বিলাতে গমনার্থ অনুমতি পাইয়াছেন।

দিল্লীর ধর্ম্মোপদেশক শ্রীযুত রাবর্ট এবরেষ্ট সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৩৭ সালের ১ নবেম্বর অবধি ১ দিসেম্বর পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

৭ নবেম্বর।

নীচে লিখিতব্য সাহেবেরা ছুটি পাইয়াছেন।

ফতেপুরের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ আরম ষ্ট্রং সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি ১ দিসেম্বরঅবধি দুই মাসের ছুটি পাইয়াছেন

১৪ নবেম্বর।

মীর্জাপুরের একটিং কষ্টম কালেকটর শ্রীযুত ডবলিউ ই মনি সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে বর্ত্তমান মাসের ২৩ তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত মনি সাহেব স্বীয় কর্ম্মের ভার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত টি কে লাইড সাহেবের প্রতি অর্পণ করণের অনুমতি পাইয়াছেন।

বান্দার সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ সিল সাহেব শ্রীযুত ডাক্তর ষ্টোকস সাহেবকে হমিরপুরের চিকিৎসকতা কর্ম্মের ভার হইতে মুক্ত করিবেন। শ্রীযুত সিল সাহেব বান্দার স্বীয় কর্ম্মের ভার তত্রস্থ পদাতিক সৈন্যের ৫৩ রেজিমেন্টের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সেরেল সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১৫ নবেম্বর।

ফরাক্কাবাদের জজ শ্রীযুত এচ সুইটেনহেম সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটি পাইয়াছেন। ঐ সাহেব জজী কর্ম্মের ভার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত আর এচ এস কাম্বল সাহেবের প্রতি অর্পণের অনুমতি পাইয়াছেন। ঐ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত তৎকর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মিরটের জজ শ্রীযুত আর সি গ্লিন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে যে ছুটি পান তাহা গ্রহণ করিয়া স্বীয় চলিত কর্ম্মের ভার মিরটের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট

Mr. M. W. Carruthers, Deputy Collector of Dacca, a further extension of leave of absence on private affairs, to the 15th proximo.

Mr. R. N. Farquharson, Special Deputy Collector of Patna, for one month, on private affairs.

Mr. H. Moore, Civil and Session Judge of Chittagong, for six weeks, on medical certificate. Mr. R. Torrens will officiate in those capacities during the absence of Mr. Moore.

Moulavee Mahommed Ali, Principal Sudder Ameen in Tipperah, for five days, in addition to that granted to him for the period of the Dusserah.

18th November.

Mr. Henry Swetenham, Agent to the Lieutenant Governor North Western Provinces at Furruckabad, having obtained leave of absence, on medical certificate, in the Judicial Department, Mr. F. H. Robinson has been directed to receive charge of the Agent's office, and to conduct the duties, until further orders.

Lieutenant Colonel F. Young, Political Agent at Deyra Dhoon, has obtained leave of absence to visit Agra, on private affairs, from the 16th to the 30th November, 1837.

29th November.

The Honourable the President in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. H. M. Reid, Writer, reported qualified for the Public Service.

18th November.

Mr. C. Allen, officiating Collector and Magistrate of Bijnore, is permitted to proceed to Europe on Furlough, during the Season 1837-38.

The Reverend Robert Everest, Chaplain at Delhi, has obtained an extension of leave of absence, on medical certificate, from the 1st November to 1st December, 1837.

7th November.

The following officers have obtained leave of absence:

Mr. H. Armstrong, Magistrate and Collector of Futtehpore, for two months, on his private affairs, from the 1st December next.

14th November.

Mr. W. E. Money, officiating Collector of Customs at Mirzapore, for two months, on his private affairs, from the 23d instant. Mr. Money is authorized to make over charge of his office to Mr. T. K. Lloyd, the officiating Joint Magistrate and Deputy Collector.

Mr. H. Sill, Civil Assistant Surgeon of Banda, to relieve Doctor Stokes from the Medical charge of Humeerpore. Mr. Sill will make over the duties of his own office at Banda to Mr. Assistant Surgeon Serrell, attached to a Wing of the 53d Regiment N. I. stationed there.

15th November.

Mr. H. Swetenham, Judge of Furruckabad, has obtained six months' leave of absence, on medical certificate. Mr. Swetenham is authorized to make over charge of the Judge's office to Mr. R. H. S. Campbell, the officiating Joint Magistrate and Deputy Collector, who will conduct the current duties thereof, until further orders.

Mr. R. C. Glyn, Judge of Meerut, has been directed on his availing himself of the leave of absence granted him on the 1st instant, to make over charge of the current duties of his office to Mr. J. B. Mill, As-

শ্রীযুত জে বি মিল সাহেবের প্রতি অর্পণ করণের অনুমতি পাইয়াছেন।

৪ দিসেম্বর।

ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীলশ্রীযুত প্রেসিডেন্ট সাহেবের হুকুমক্রমে নীচে লিখিত ব্য ইশ্‌তেহার সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীলশ্রীযুতের ছাউনি সিক্রোল ২২ নবেম্বর ১৮৩৭ সাল।

জুডিসিয়ল ডিপার্টমেন্ট।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৩৬ সালের ২৬ আইনের বিধ্যনুসারে শ্রীযুত কাপ্তান এফ এস হকিন্স সাহেবকে স্বীয় ছাউনির মধ্যে মাজিস্ত্রেট স্বরূপ কর্ম্ম নির্ব্বাহার্থ নিযুক্ত করিয়াছেন।

১৮ নবেম্বর।

আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত রালফ্ ইটিসন সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত গাজিপুরের একটিং ধর্ম্মোপদেশক হইয়াছেন।

২২ নবেম্বর।

রাজপুতানা রাজ্যস্থ গবর্নর্ জেনরলের এজেন্টের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্তনন্ত আরথর কনালি সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটি লইয়া বিলাত গমনার্থ দরখাস্ত করিতে কলিকাতা রাজধানীতে আগমন নিমিত্ত ছুটি পাইয়াছেন।

কোটার পোলিটিকাল এজেন্ট শ্রীযুত মেজর আর রস সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে বাসার্থ ১৮৩৮ সালের ১৫ নবেম্বর পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

সমাচার দর্পণ

শনিবার ৯ দিসেম্বর ১৮৩৭।

ডাক্তর মার্সমন সাহেবের লোকান্তর

আমরা অত্যন্তখেদার্ণবে মগ্ন হইয়া প্রকাশ করিতেছি যে ৺ প্রাপ্ত ডাক্তর কেরি এবং ওয়ার্ড সাহেবের সহকারি শ্রীরামপুরস্থ ডাক্তর মার্সমন সাহেবের কাল হইয়াছে। এতদ্দেশীয় প্রায় তাবল্লোক সাহেবকে এমত সুজ্ঞাত আছেন যে তাঁহার গুণ ও বিদ্যালোচনার প্রাজ্ঞতাবিষয়ক বর্ণনের প্রায় কিছু আবশ্যকতা নাই। যে তিন মহানুভব ব্যক্তির দ্বারা শ্রীরামপুর স্থান সর্ব্ব সাধারণের সুগোচর হইয়াছে তাঁহারদের মধ্যে এই শেষ মহাত্মার শেষ লোকগমন হইল। ইহার বার মাস পূর্ব্বে সাহেবের তাবৎ মানসিক ও শারীরিক শক্তি সম্পূর্ণ ছিল। কিন্তু গত বৎসরের অক্টোবর মাসে তাঁহার পরিবারঘটিত একটা দুর্ঘটনাবিষয়ক অনুশোচনেতে মনের এমত বৈকল্য হইল যে তদবধি আর শান্তি হইল না। ছয় মাস হইল শারীরিক অস্বাস্থ্যগ্রস্ত হইয়া ক্রমশঃ রোগে ও বার্দ্ধক্যে ক্ষীণ হইতে লাগিলেন পরে গত মঙ্গলবার ৫ তারিখে শ্রীরামপুরে স্থিত ৩৮ বৎসর বাসকরণানন্তর ৬৯ বৎসর ৭ মাস ১৫ দিন আয়ুর্ভোগ করিয়া ইহলোক পরিত্যাগ করিলেন।

পশ্চিমপ্রদেশীয় ভূমির রাজস্ব।

পাঠক মহাশয়েরা অবগত আছেন যে ব্রিটিস গবর্ণমেণ্ট যখন পশ্চিম প্রদেশ অধিকার করেন তখন তাঁহারা এই অঙ্গীকার করিয়াছিলেন যে দশ বৎসরের পর এই অঞ্চলের তাবৎ অধিকারের রাজস্বের বন্দোবস্ত করিব। কিন্তু শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ইহা শুনিয়া কহিলেন যে আমারদের অনুমতিব্যতিরেকে তোমারদের এই অঙ্গীকারকরণের ক্ষমতা

sistant to the Magistrate and Collector of Meerut.

4th December.

The following Notification is published for general information by order of the President of the Council of India in Council.

Head Quarters, Camp, Secrole, the 22d Nov. 1837.

Judicial Dept. The Right Honourable the Governor General of India has been pleased to appoint Captain F. S. Hawkins to perform the duties of Magistrate in the Camp of His Lordship, under the provisions of Act XXVI. of 1836.

18th November.

The Reverend Ralph Eteson, Assistant Chaplain, to officiate as Chaplain at Ghazeepore, until further orders.

22d November.

Lieut Arthur Conolly, Assistant to the Agent to the Governor General for the States of Rajpootana, has obtained extension of leave of absence to the 31st January next, on Medical Certificate, to enable him to proceed to the Presidency, preparatory to applying for Furlough.

Major R. Ross, Political Agent at Kotah, has obtained an extension of leave of absence, on Medical Certificate, to remain on the Hills, until the 15th December. 1837.

SUMACHAR DURPUN.

SATURDAY DECEMBER 9TH. 1837.

Death of the Reverend Dr. Marshman.

With feelings of the deepest regret we have to announce the decease of the Reverend Dr. Marshman, one of the Serampore Missionaries, the associate of the late Dr. Carey and Mr Ward. He was so well known in the Native community, that there can be no necessity for us to dwell upon his labours or his virtues. He is the last of the three great men, who have rendered the name of Serampore, so familiar to every native ear. He was in the full possession of his faculties a twelve month ago, but a very severe domestic calamity in October last year, so affected his spirits, that he never recovered them. His health began to fail about six months ago, and he gradually sunk, under the weight of years and disease; and on Tuesday last, the 5th of December, expired at his residence in Serampore, aged between sixty and seventy years; after a residence in the town of thirty-eight years.

Land Revenue in the Western Provinces.

Our readers are aware that when the British Government took possession of the Western Provinces, they promised that a permanent settlement of the Land Revenue should be made at the end of ten years. The Court of Directors, however, declared that it was not competent for Government to make such a promise

ছিল না অতএব তাঁহারা তদ্রূপ বন্দোবস্তকরণে স্বীকার না করিয়া এই স্থির করিলেন যে ঐ সকল ভূমির কিরূপ উৎপাদনশক্তি আছে ইহার সম্পূর্ণ সম্বাদ না পাওনপর্য্যন্ত কেবল অল্পকাল মিয়াদের নিমিত্ত মধ্যেং বন্দোবস্ত করিব। কিন্তু ঐরূপ বন্দোবস্তকরণেতে কৃষিকর্ম্মের অত্যন্ত ব্যাঘাত হইয়াছে দৃষ্ট হইল এবং কএক বৎসরাবধি পশ্চিমপ্রদেশীয় রাজস্বের অতিযথার্থরূপে বন্দোবস্তকরণার্থ মহোদ্যোগ হওয়াতে এইক্ষণে প্রায় ঐ বন্দোবস্তের শেষ হইয়াছে। এবং গবর্ণমেণ্ট পশ্চিমপ্রদেশীয় জমিদারের প্রতি অনুগ্রহ করিয়া এমত বন্দোবস্ত করিয়াছেন যে অনেককালপর্য্যন্ত তাহা অন্যথা করিতে পারা যাইবে না। কিন্তু বঙ্গদেশ ও বেহার ও উড়িষ্যাতে যেরূপ চিরকালীন বন্দোবস্ত করিয়াছেন তদ্রূপ কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা অন্য কোন দেশে বন্দোবস্ত করিতে দিবেন না। মিরটের মেকাজিনের শেষসংখ্যক পত্রে এই বন্দোবস্তবিষয়ক অতিদীর্ঘ এক প্রস্তাব প্রকাশ আছে তাহাতে কিপর্য্যন্ত বন্দোবস্ত হয় তদ্দ্বারা ফল জন্মিয়াছে তাহার সম্পূর্ণ বিবরণ লিখিত হইয়াছে। নানা জিলাতে কতং রাজস্ব নির্দ্ধার্য্য হইয়াছে তাহা ঐ গ্রন্থহইতে গ্রহণ করা গেল। তাহা পাঠ করিয়া পাঠক মহাশয়েরা অসন্তুষ্ট হইবেন না

	১২৪২ সালের জমা।	১২৪৩ সালের জমা।
১ সংখ্যক প্রদেশ।		
শাহরণপুর......	৯,৯১,০৭৬	৯,২৫,৯৯৪
মুজঃফরনগর ...	৬,১৩,৪৩২	৬,১১,৪০৪
মিরট	১৫,৯৮,২২৫	১৬.১২,৯৪২
বুলন্দশহর	৮,৭১,০৫৫	৮,৭৬,৫২২
আলিগড়.........	১৭,০৭,৮১২	১৭,০৪,৫৯০
২ সংখ্যক প্রদেশ।		
আগ্রা............	১৬,১৫,৭১৭	১৬,৬৫,৬৯২
মথুরা	১৫,৯৭,৩২১	১৬,০৫,৬৪৪
ফরক্কাবাদ ..	১৭,৬২,৬৭১	১৭.৬৪.৩৯৪
মৈনপুরী.........	১৮.৩৫,১৬১	১৮,৩৪,৭১৪
৩ সংখ্যক প্রদেশ।		
বরেলি	১৪,৭৩,৮৮৬	১৪,০৭,৩৪৬
শাহজাহানপুর	১১,২৩,৪৬৪	১১,১৫,৭০০
পিলভীত	৪.৮৮,৩৬৪	৪,৮৯.৭০৭
মুরাদাবাদের দ প্র	৯,৭৯,১২৫	৯,৭৯,১৬৮
মুরাদাবাদের উ প্র	১৪,৬৪,৬৬৮	১৪,৭৯,০৫৬
সহেশ্বান.........	৯,৭৯,৩০৯	১০,১৪,০৪৮
কমাউন	২,১৬.৪৩৮	২,১৬,৭৮০
৪ সংখ্যক প্রদেশ।		
আলাহাবাদ ...	১৯,০১,০২৭	২০,২২,৬১৫
ফতেপুর.........	১৩,৩১,৬৫৮	১৩,৩৪,৪২৫
কানপুর	২৭,০১,৮১৫	২৬,৮৩,৩৫৮
বিলা	৬,৭৯,৪৫১	৬,৮০,০০১
বান্দা	১৮,৫৯,০৭৮	১৮,৫৮,৪২৮
হামিরপুর	১৪,১৫,৭৯৭	১৪,২৬,১৭৭
৫ সংখ্যক প্রদেশ।		
বারাণস........	১০,৭৮,৩৩৪	১০,৭৬,২৫৬
মীর্জাপুর	৬,৬৬,৯৬৩	৬,৬৭,৯৪৩
জানপুর	১১,৫৪,৩৭৮	১১,৫২,১০৬
গাজীপুর	১২,৩৯,০৮৯	১২,৪৩,০৮৮
গোরক্ষপুর......	১০,২১,৬২৮	১১,১১,৫৫১
আজিমগড়... ...	১২,৪১,২০১	১২,৮২,৯০৭
দিল্লী প্রদেশ।		
৫ জিলায়	৩৪,২৩,৩৮২	৩৭,১৫,৮১১
সাগর ও নর্ম্মদা।		
৩ জিলায়	২৩,৪২,৩১৭	২২,২৮,১৮১

এই কার্দ্দ উক্ত কর্দ্দহইতে এই বৈলক্ষণ্য দৃষ্ট হইবে যে পশ্চিমপ্রদেশীয় রাজস্ব বঙ্গ ও বেহার ও উড়িষ্যাহইতে কিঞ্চিদধিক এবং মান্দ্রাজের সমুদায় রাজস্বহইতে কেবল কএক লক্ষ টাকা অতিরিক্ত কিন্তু বোম্বাইর তাবৎ রাজস্বহইতে দ্বিগুণ তাহা নীচে লিখিতব্য কর্দ্দে দৃষ্ট হইবে।

without their concurrence; and they, therefore, disallowed the engagement of a permanent settlement; and determined that, until Government were possessed of full information respecting the capabilities of the land, the settlement should only be made for short periods. This has been found exceedingly detrimental to the interests of agriculture; and very strenuous efforts have, therefore, been making for several years past to complete, upon a fair valuation, the settlement of the land revenues of the Western Provinces. The work is now in a great measure complete, and Government have, therefore, been enabled to give to the Zemindars of the West the advantage of a settlement which will not be disturbed for many years. A perpetual settlement like that which was given to Bengal, Behar and Orissa, the Court of Directors have determined never to give to the country any more. In the last number of the *Meerut Universal Magazine* there is a long article on the subject of the settlement; and full particulars are given of the progress which has been made, and of the result. We have given below from that work a statement of the revenue of the various districts, which will be read with interest.

	Jumma of 1242.	*Jumma of* 1843
1ST. DIVISION.		
Seharunpore, ...	9,91 076 ...	9,25,99
Mozuffernugur,	6,13,432 ...	6,11,40
Meerut, ...	15.98,225 ...	16,12,94
Boolundshuhur,	8,71,055 ...	8,76.52
Allyghur,..... ...	17,07,812 ...	17,04,59
2D DIVISION.		
Agra, ...	16,15,717 ...	16.65.69
Muttra,...........	15,97,321 ...	16,05,64
Furruckabad,...	17.62,671 ...	17,64,39
Mynpooree,......	18,35,161 ...	18,34,71
3D. DIVISION.		
Bareilly,.........	14.73,886 ...	14,07.34
Shajehanpore, ..	11 23,464 ...	11,15,70
Pelibheet, ...	4 88 364 ..	4.89.70
Mooradabad,S D.	9.79,125 ...	9.79 16
Mooradabad,N.D.	14 64,668 ...	14.79.05
Suheswan, ...	9 79,309 ...	10,14 04
Kumaoon,.........	2,16,438 ...	2,16,78
4TH. DIVISION.		
Allahabad,......	19,01,027 ...	20,22.61
Futtehpore,......	13,31,658 ...	13,34 42
Cawnpore, ...	27,01,815 ...	26.83,35
Belah, ...	6,79,451 ...	6,80,00
Bandah, ...	18,59 078 ...	18,58 42
Humeerpore, ...	14,15,797 ...	14,26 17
5TH DIVISION.		
Benares, ...	10,78,334 ...	10,76.25
Mirzapore, ...	6,66,963 ...	6,67,94
Jounpore, ...	11,54,378 ...	11,52.10
Ghazeepore, ..	12,39,089 ...	12 43,08
Goruckpore, ..	10,21,628 ...	11 11 55
Azimguth, ...	12,41,201 ...	12 82,90
DELHI DIVISION.		
Five districts, ...	34.23 382 ...	37,15,81
Saugor and Nerbudda Territories.		
Three Divisions,	23,42 317 ...	22,28 18

It will be seen from this statement that the Revenues of the Western Provinces exceed a little those of Bengal and Behar; that they are several lakhs above the revenues of Madras; and more than double the whole revenue of Bombay; as the following figures will shew

	জমা ১৮২৯।৩০ সিক্কা টাকা।	অর্দ্ধক্রোশ	লোকসংখ্যা
চিরকালীন বন্দোবস্ত।	৩,২৪,৭০,৮৫৩	১৪৯,৭৮২	৩৫,৫১৮,৬৪৫
মিয়াদী বন্দোবস্ত।	৩,৭৬,১৯,৫৫৩	১৬১,২৫০	৩৪,১৯১,৪২৬
সুবে বাঙ্গাল।	৭,০০,৯০,৪০৬	৩১১,০৩২	৬৯,৭১০,০৭১
	মান্দ্রাজী টাকা।		
চিরকালীন বন্দোবস্ত।	৮৫,১১,০০৯	৪৯,৬০৭	৩,৯৪১,০২১
মিয়াদী বন্দোবস্ত।	২,২৭,২৭,০০৫	৯২,৩১৬	৯,৫৬৭,৫১৪
মান্দ্রাজী।	৩,১২,৩৮,০১৪	১৪১,৯২৩	১৩,৫০৮,৫৩৫
মিয়াদী বন্দোবস্ত। বোম্বাই।	১,৪৮,১৯,২৮৮	৬৪,৯৩৮	৬,২৫১,৫৪৬
জুমলা।	১১,৬১,৪৭,৭০৮	৫১৭,৮৯৩	৬৯,৪৭০,১৫২

	Jumma of 1829-30	Sq. miles.	Population.
	Sicca Rupees.		
Permanently settled,	3 24 70.853	149,782	35,518 645
Periodically settled,	3.76,19.553	161,250	34,191,426
Bengal,	7,00,90,406	311,032	69,710,071
	Madras Rupees.		
Permanently settled,	85.11.009	49,607	3,941 021
Periodically settled,	2.27.27,005	92,316	9.567,514
Madras,	3,12.38.014	141,923	13,508,535
Periodically settled, Bombay,	1 48,19,288	64,938	6,251,546
Total,	11,61.47,708	517,893	69,470,152

ইঙ্গলণ্ডহইতে শেষাগত সম্বাদ।

গত বুধবারে কলিকাতায় এককালে লণ্ডননগরীয় সেপ্তেম্বর ও অক্টোবর মাসের ডাকের পুলিন্দা পঁহুছিল। তদ্দ্বারা ইউরোপহইতে পূর্ব্বে আমারদের গোচর যে দুই মাসের সম্বাদ ছিল তৎপরের দুই মাসের সম্বাদ পঁহুছে। ইঙ্গলণ্ডের শ্রীশ্রীমতী মহারাণী বিলক্ষণ স্বস্থা ছিলেন।

কথিত আছে যে কলিকাতাস্থ লেজিস লেটিব কমিসান ও লেজিস লেটিব কৌন্সেলের যে পদ এইক্ষণে শ্রীযুক্ত মকালি সাহেব ত্যাগ করিয়া যাইতেছেন ঐ পদে লণ্ডননগরীয় কৌন্সলী এক জন অতিবিজ্ঞ শ্রীযুত এমস্ সাহেব নিযুক্ত হইবেন।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিতে যে বার মাস হইল কলিকাতাবধি গঙ্গাসাগরপর্য্যন্ত লৌহময় এক রাস্তা প্রস্তুতকরণ কল্প ইঙ্গলণ্ডদেশে হইয়াছিল এবং তদর্থ চাঁদার দ্বারা কতক অর্থ সংগ্রহও হইয়াছিল এবং এতদ্দেশে কিপর্য্যন্ত সংগ্রহ হইতে পারে তাহার তদন্তকরণার্থ এক জন মোক্তার এই দেশে প্রেরিত হইয়াছিলেন। তিনি আসিয়া দেখিলেন যে ঐ কল্প সম্পাদনোপযুক্ত টাকা সংগ্রহ ন তাস্থ অসম্ভাবনা বুঝিয়া প্রত্যাগমন করিয়াছেন। এইক্ষণে শ্রুত হওয়া গেল যে ঐ চাঁদার সংগ্রাহক কোম্পানি বিলুপ্ত হইয়াছেন এবং তদর্থ যে টাকা সংগৃহীত হইয়াছিল তাহা দাতারদিগকে ফিরিয়া দেওয়া গিয়াছে।

নূতন পার্লিমেন্টের মেম্বরেরদিগের মনোনীতকরণকর্ম্ম সমাপ্ত হইয়াছে। ঐ নূতন পার্লিমেন্টের পক্ষাপক্ষবিষয়ে ইঙ্গলণ্ড দেশে বিপরীত হিসাব দেওয়া গিয়াছে। কিন্তু অনুমান হয় রাজমন্ত্রিরদের পক্ষে বিপক্ষাপেক্ষা ৪০ জন অধিক হইবে। ১৫ নবেম্বর তারিখে কর্ম্মনির্ব্বাহার্থ পার্লিমেন্টের বৈঠক করিতে হুকুম হইয়াছে।

শ্রীযুত টর্টন সাহেব সদবরিস্থানের প্রতিনিধিস্বরূপ পার্লিমেন্টে নিযুক্ত হওনার্থ উদ্যোগ করিয়াছিলেন কিন্তু বিফল হইয়াছে।

আগস্ত ও সেপ্তেম্বর মাসে ইঙ্গলণ্ডদেশে বাণিজ্যোন্নতির কিঞ্চিৎ প্রত্যাশা ছিল। প্রায় তাবদ্দ্রব্যের মূল্য চড়তি হইতেছিল এবং ১০ অক্টোবর তারিখে নীলের যে ত্রৈমাসিক ভারি নীলাম হওন স্থির হইয়াছিল তাহাতে জুলাই মাসের নীলাম অপেক্ষা পৌণ্ড অর্থাৎ সেরপ্রতি ১ সিলিং নীল অধিক বিক্রয় হইবে। পূর্ব্বাপেক্ষা শতকরা ২০ টাকা করিয়া চড়তি হইয়াছিল। আমেরিকা দেশেও বাণিজ্যোন্নতির ভরসা হইতেছিল। ইঙ্গলণ্ড দেশে টাকার অভাব ছিল না এবং ইঙ্গলণ্ডদেশের প্রধান ব্যাঙ্ক শতকরা ৪ টাকা করিয়া ডিসকৌণ্ট স্থির করিয়াছিলেন। কথিত ছিল যে শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব কুলীনেরদের মধ্যে গৃহীত হইয়াছেন।

স্পাইনদেশহইতে যে সম্বাদ পঁহুছিয়াছে সে অতিবিরুদ্ধই। ডন কার্লস প্রায় কিছু কৃতকার্য্য না হইয়া স্পাইনের রাণীর এক জন সেনাপতিকর্ত্তৃক পরাভূত হইয়াছিলেন।

ইঙ্গলণ্ডীয় সৈন্যেরা ডন কার্লসের সহকারি যুদ্ধার্থ নিযুক্ত ছিল তাহারদের সহকারি স্পানীয় সৈন্যেরা পরিত্যাগ করাতে তাহারাও হত হইয়াছে।

ইঙ্গলণ্ডদেশে এই বৎসরে যেমন ফসল হইয়াছে এমত পূর্ব্বে প্রায় কোন বৎসরে জন্মে নাই।

যে আটালাণ্টা জাহাজের দ্বারা এই সকল সম্বাদ পঁহুছিয়াছে তাহা এই বৎসরের প্রথমে ইঙ্গলণ্ড দেশহইতে প্রেরিত নূতন বাষ্পীয় জাহাজ। ঐ জাহাজ এইবার উত্তম চলিয়াছে বোম্বাইহইতে সুয়েজে পঁহুছিতে ২০ দিন প্রত্যাগমনে ২১ দিন লাগে।

শুনা গেল যে কোম্পানি বাহাদুর সর্ব্বাপেক্ষাবৃহৎ সিমাইরেম্সনামক এক জাহাজ নির্ম্মাণ করিয়া এতদ্দেশে প্রেরণ করিতে আজ্ঞা করিয়াছেন ঐ জাহাজ ৩০০ অশ্বের বলধারী হইবে। কথিত আছে আরো চারি পাঁচখান বাষ্পীয় জাহাজ অতিলম্বে প্রস্তুত করিয়া প্রেরণকরণার্থ ইচ্ছুক আছেন। অতএব আমরা নিশ্চয় জানি যে কাল ও বায়ু প্রতিকূল না হইলে ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে প্রতিমাসেই বাষ্পীয় জাহাজের দ্বারা যাতায়াত হইবে।

লার্ড বিশাপ সাহেব।

এক্সপেরিমেন্টনামক বাষ্পীয় জাহাজারূঢ় শ্রীযুত লার্ড বিশাপ সাহেব ২৯ তারিখের প্রত্যূষে ঢাকাতে উত্তীর্ণ হইলেন। বোয়ালিয়াহইতে তথায় পঁহুছিতে ২৬ ঘণ্টা লাগিয়াছে। পরে ১১ তারিখে কলিকাতায় আগমনার্থ তথাহইতে প্রস্থিত হওনের কল্প ছিল। তন্মধ্যে বরিশালে কিঞ্চিৎকাল অবস্থান করিবেন। ঐ জাহাজের কাপ্তান শ্রীযুত রে সাহেব বোধ করেন ১৬ তারিখপর্য্যন্ত কলিকাতায় পঁহুছিতে পারেন।

শ্রীযুত কর্ণল পৌনি সাহেব।

অবগত হওয়া গেল যে শ্রীযুক্ত লেপ্টেনন্ট কর্ণল পৌনি সাহেব শ্রীযুত কর্ণল বাটিন সাহেবের ইঙ্গলণ্ড দেশে গমনের তারিখঅবধি ঐ সাহেবের পরিবর্ত্তে কিল্লাস্থ তাবৎ যুদ্ধসরঞ্জামি ব্যাপারের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। অশ্বারূঢ় গোলন্দাজসম্পর্কীয় শ্রীযুত লেপ্টেনন্ট কর্ণল গ্রেহেম সাহেব তৃতীয় পল্টন গোলন্দাজের অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণার্থ কানপুরে অতিশীঘ্র গমন করিবেন। শুনা গেল শ্রীযুত কর্ণল টেনেণ্ট সাহেব ইঙ্গলণ্ড দেশে প্রত্যাগমন করিবেন।

বর্ম্মার যুদ্ধবিষয়।

আরাকানান্তঃপাতি ক্যুক ফিউকস্থানে এক জন সেনাপতি সাহেব ১৯ নবেম্বর তারিখের পত্রে এই লেখেন।

“এইক্ষণমাত্র সাণ্ডোবেহইতে সম্বাদ পঁহুছিয়াছে যে ঐ স্থানের নিকট এক স্থানে পাঁচ হাজার বর্ম্মারা অস্ত্রধারী হইয়া জমারত হইয়াছে অনুমান হয় তাহারা ঐ স্থানের উপর চড়াউ হইবে শ্রীযুত এচ সাহেবের সৈন্য পুষ্টকরণার্থ দুই কোম্পানি সৈন্য লইয়া তাঁহার সঙ্গে যাইবার নিমিত্ত প্রস্তুত হইতে আমার প্রতি হুকুম হইয়াছে।

The Overland Mails.

The London Mails for August, September and October, arrived at once on Wednesday last. By this occasion, intelligence from Europe two months later than we were in possession of, has been received.

Her Majesty the Queen was in excellent health.

Mr. Amos, a well known barrister in London, has, it is said, been appointed to succeed Mr. Macauley, as the Head of the Law Commission, and Member of the Legislative Council in Calcutta.

Our readers will remember, that the plan of forming a rail-road between Sagur and Calcutta was adopted in England some twelvemonths ago. Subscriptions were raised, and an Agent was sent out to this country to see what could be done; but he found that the case was utterly hopeless, and he returned to England. We now learn that this Company has been dissolved, and that the money remaining in hand will be returned to the subscribers.

The election of Member of Parliament had been completed; various contradictory calculations are given in the English papers, regarding the character of the new Parliament, but it would appear that the majority in favour of the Ministers would be about forty. Parliament was ordered to meet for the despatch of business on the 15th November.

Mr. Turton had lost his election for Sudbury and had gone into France.

The prospect of Commercial Affairs in England was greatly improved in the months of August and September. The price of most articles was rising, and at the large quarterly sale of Indigo which was to be held on the 10th of October, it was confidently expected that the price would be a shilling a lb. or a rupee a seer above the July sale. Silk had risen 20 per cent. The prospects of trade also in America were said also to have been greatly improved. Money was very plentiful, and the Bank of England was discounting at four per cent.

It is said that Lord William Bentinck will be raised to the Peerage.

The accounts from Spain are very contradictory. Don Carlos had been able to effect nothing, and had been defeated by one of the Queen of Spain's Generals. The English troops who were employed in Spain against him, in consequence of being *deserted* by the Spaniards, have almost been cut to pieces.

The harvest in England had been more favourable than it has been for many years past.

The *Atalanta*, by which these items of information have been received, is one of the new Steamers sent out at the beginning of this year from England. She has made an exceedingly good passage, having been 20 days from Bombay to Suez, and about 21 days on her return.

We learn that the Company have built, and are about to despatch to India, the *Semiramis* a much larger Steamer than any which has yet been sent out to India. It contains two Steam Engines of 300 horse power. It is also stated, that the Court of Directors were prepared to send out four more steamers, if necessary. We may be certain, therefore, that so far as wind and weather permit, steam communication with India, will be kept up with very regularly every month.

The Lord Bishop.

The *Experiment* Steamer, with the Lord Bishop on board, arrived at Dacca on the morning of the 29th ultimo, having made the passage from Rampore Bauleah in 26 hours; and was to leave on the 11th instant, for Calcutta, stopping a few hours at Burrisaul, where his Lordship intends landing. Capt. Wray expects to reach Calcutta in the afternoon of the 16th.—*Cal. Cour.*

Lieut.-Col. Powney.

We have been informed, that Lieut.-Colonel Powney is appointed Principal Commissary of Ordnance, in succession to Colonel Battine, from the date of the latter proceeding upon furlough. Lieut.-Colonel Graham, of the Horse Artillery, immediately proceeds to join the 3d Brigade, of which he will assume the command at Cawnpore. We learn that it is probable that Lieut.-Colonel Tennant will proceed to Europe on furlough.—*Hurk.*

Kyouk Phyoo.

A letter just received from an Officer at Kyouk Phyoo, dated November 19, contains the following:

"A despatch has just come in from Sandoway, that five thousand of the Burmese are assembled in arms somewhere near, and that it is supposed they are going to attack the station. I have just received an order to hold myself in readiness to proceed with two companies to reinforce H——, if any further movement is made."—*Cal. Cour.*

গোয়ালপাড়া।

গোয়ালপাড়াহইতে আগত পত্রে লেখে যে যে সাহেব লোকেরা ভোটান দেশে গমন করিতেছেন তাঁহারা গোয়ালপাড়াতে ২৬ তারিখে পঁহুছিয়াছেন। সাহেবেরা জলপথে গুয়াহাটিপর্য্যন্ত যাইবেন তথাহইতে পর্ব্বতে আরোহণ করিবেন এবং ইহার পূর্ব্বে শ্রীযুত টরনর সাহেব যে পথদিয়া ভোটানে গমন করিয়াছিলেন ইহঁারা সেই পথদিয়া গমন না করিয়া তাহার উত্তরাংশের এক পথ দিয়া যাইবেন।

মাজিষ্ট্রেট সাহেবের হত্যা চেষ্টা

ত্রিবয়হইতে ৬ তারিখের সাধারণ এক পত্র আগত হয় তাহাহইতে নীচ লিখিত চুম্বক গ্রহণ করা গেল। ত্রিবয়স্থানের মহম্মদ সফীনামক প্রধান মাজিষ্ট্রেট সাহেব গত ২৭ তারিখের রাত্রে রোঁদ ফিরিতেছিলেন ইতিমধ্যে তাঁহার প্রতি কোন লোক গুলি করিল কিন্তু তাঁহার গাত্রে লাগিল না। গুলনিক্ষেপক ব্যক্তিকে ধৃত করণার্থ মহোদ্যোগে অনেক অনুসন্ধান হইয়াছিল এবং ঐ অপরাধি কোনলোক ইহা সাব্যস্ত হওনের প্রমাণ যে ব্যক্তি দিবে তাহাকে ঐ মহম্মদ সফী সরকারহইতে আপনি ২০০ টাকা পারিতোষিক দেওনার্থ স্বীকৃত হইলেন তাহাতে ৪ তারিখে এমত সম্বাদ পাওয়া গেল যে চীনীয় এক ব্যক্তি ঐ অত্যাচার করিয়াছে। পরে সে ব্যক্তি ধৃত হইলে কবুলও করিল যে আমিই সাহেবের প্রতি গুলি করিয়াছিলাম এইক্ষণে সে রীতিমত কয়েদ আছে।

ইটায়া।

এই স্থানে কৃষাণ লোকেরদের অনেক ক্লেশ হইতেছে এই অঞ্চল এইক্ষণে অতি দীনহীন লোকেতে পরিপূর্ণ হইয়াছে কিন্তু ঐ সকল লোক যখন এখানে পঁহুছিল তখন তাহারদের উপকার করিবার কোন উপায় ছিল না অতএব এইক্ষণে তাহারা নিতান্ত অনাহারে মরিতেছে। যাহারা অনাহারে বা অনাহারে দৌর্ব্বল্যে অথবা উপযুক্তাহার না পাইয়া মরিতেছে তাহারদের এক ফর্দ্দ করিয়া দেখা গেল যে সেপ্টেম্বর মাসাবধি নবেম্বর মাস পর্য্যন্ত ৬০ জনের কম নাহ মারা পড়িয়াছে। এই অঞ্চলে এইপ্রকার অনেক লোক উত্থানশক্তিরহিত হইয়া পড়িয়া আছে অত্রস্থ সাহেব লোকেরা চাকরের দ্বারা একং থলিয়া বুট পাঠাইয়া দিতেছেন যে অনাহারি লোকেরা পালেং আসিতেছে তাহারদিগকে তাহা একং মুটি করিয়া দেওয়া যাইতেছে। এবং যে রুগ্নব্যক্তিরদের ঔষধের আবশ্যক হয় তাহারদিগকে চিকিৎসালয়ে প্রেরণ করিতেছেন। অনেক শতং লোক প্রতিদিন সাহেব লোকেরদের বদান্যতাতে আহার পাইতেছে।

বরেলি।

এই মাসের মধ্যে বরেলির ফৌজদারী জেহলখানাতে ২৫০০ লোকের ন্যূননহে বদ্ধ ছিল অথচ ঐ জেহেলে প্রকৃতরূপে ৮০০ লোকের অধিক ধরে না। সুতরাং ইহাতে অনেকের পীড়া ও মৃত্যু হইতেছে। এইক্ষণে চিকিৎসালয়েও ৫০।৬০ জন আছে এতদ্ভিন্ন দুই তিন চারি ক্রোশী পীড়িত বন্দুয়ানেরাও পড়িয়া আছে এইস্থানস্থ বায়ুরোগের যে তিন চিকিৎসালয় আছে তাহাতে ৮১ জন রোগী আছে। এবং প্রতিদিন ৪০।৫০ জন করিয়া ঔষধ পথ্যের নিমিত্ত আইসে।

Goalpara.

Letters from Goalpara announce the arrival there of the Mission proceeding to Bhotan, on the 26th ultimo. They were to continue their route by water as far as Goahatty, and thence to ascend the hills through a pass laying due North, avoiding Mr. Turner's route. — *Cal. Cour.*

Attempt on the Life of a Magistrate.

We have been permitted to make the following extract from a private letter from Tavoy, dated the 6th ult:

"The chief native magistrate at this station (Mahomed Suffy) on going his rounds on the night of the 27th ultimo, was fired at, but not touched. Every enquiry was made which might lead to the discovery of the person who fired the shot—a reward of 200 from the public, together with 200 more from Mahomed Suffy, was offered to any one who should give information that would lead to the conviction of the offender—and on the 4th instant information was given that a Chinese was the individual who committed the deed —he has accordingly been apprehended, and on being examined he acknowledged that he was the guilty person. He has been placed in prison and tethered in the usual manner."—*Moul. Chronicle. Nov. 4.*

Etawah.

There is much suffering here among the agricultural classes. The Station is crowded with the most miserable objects, many of whom arrive too late for relief, and die from pure starvation. By a calculation made, it appears that the number of deaths from stravation or debility, the effect of insufficient food, has been from the beginning of September to the commencement of November, about 60. The poor wretches are found lying about the Station unable to move, and the residents send out persons with bags of parched gram to feed the starving people flocking in, and to bring those needing medical treatment into hospital. Several hundreds are fed daily on private charity. —*Agra Ukh. Nov. 23.*

Bareilly.

In the middle of this month upwards of 2,500 prisoners were in the Foujdary Jail of this Station, the accommodation being scarcely fit for 800. Of course, sickness and mortality are largely generated by such a state of things. Even now there are between 50 and 60 in hospital, besides the sick in the hospitals, of different detached gangs 5, 6 and 8 miles off. At present the three Insane Hospitals contain 81 patients, and about 40 or 50 is the extent of daily attendance for medicine and advice at the City Dispensary.—*Agra Ukh.*

হলণ্ডের শ্রীলশ্রীযুত বাদশাহের পৌত্র।

গত মঙ্গলবার অপরাহ্ণে শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর বেলগাছিস্থ স্বীয় উত্তমোদ্যানে শ্রীলশ্রীযুক্ত প্রিন্স হেনরিনামক হলণ্ডীয় বাদশাহের পৌত্রকে আহ্বানপূর্ব্বক ভোজন করাইলেন। ঐ স্থানে বিশেষং ব্যক্তির সমাগম হইয়াছিল এবং হিন্দুস্থানীয় ও মান্দ্রাজীয় আশ্চর্য্যং ভোজবাজি ও নাচ ও বাজির তামাসা হইয়াছিল। শ্রীলশ্রীযুক্ত যুবরাজ অপরাহ্ণ চারি ঘণ্টাসময়ে ঐ স্থানে আগমনপূর্ব্বক কিঞ্চিৎ ভোজন করিলেন তৎপরে হস্ত্যারোহণে উদ্যান পরিভ্রমণ করিতে লাগিলেন। অনন্তর উক্তপ্রকার বিবিধামোদে রাত্রি সাড়ে এগার ঘণ্টাপর্য্যন্ত যাপন হইল। যুবরাজ ঐ সকল আহ্লাদজনক ব্যাপার দর্শনকরত পরম সন্তুষ্ট হইয়া প্রত্যাগমন করিলেন। কথিত আছে যুবরাজ হিন্দুস্থানীয় ব্যক্তিরদের ভোজবিদ্যা দেখিয়া বিশেষ তুষ্ট হইলেন।

শ্রীযুত চীফ জুষ্টীস সাহেবের বাটীতে চুরি।

শ্রীযুত চীফ জুষ্টীস সাহেবের প্রতাপ ভয়েতেও চোরেরদের কর্তৃক তাঁহার দ্রব্য ও রক্ষা পাইল না। গত রবিবারে ২৬ তারিখে মুচিখোলাস্থ শ্রীযুতের বাটী হইতে কএক থান কাপড় চুরী হয়। পরে গত সোমবার সাহেবের এক জন ধোবা ধৃত হইয়া তাহার স্থানে অপহৃত কএক থান কাপড় পাওয়া গেল।

বারাসতে চুরি।

কোন মিত্রের স্থানে অবগত হওয়া গেল যে গত ১৮ তারিখের রাত্রিযোগে বারাসতের জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডিড সাহেবের প্রকোষ্ঠে কএক জন দস্যু প্রবেশ করিয়া একটা সিন্দুক অপহরণ করত বন মধ্যে লইয়া গেল এবং তাহার মধ্যে যাহা ছিল সমুদায় হরণ করিল। অপহারকেরা পলায়ন করিয়াছে কথিত আছে যে শ্রীযুত ডিড সাহেব কলিকাতায় কোন কার্য্যার্থে গমন করাতে ঐ রাত্রে বারাসতে ছিলেন না তাহাতে দস্যুরা তাঁহার অবর্ত্তমানতা সময়ে সুযোগ পাইয়া স্বচ্ছন্দে আপনারদের কার্য্য নির্ব্বাহ করিল।

বারাসাতে ইঙ্গরাজী পাঠশালা।

শুনা গেল বারাসাতে শ্রীযুত হেবরলিন সাহেব যে ইঙ্গরাজী পাঠশালা স্থাপন করিয়াছিলেন তাহা অনেক কালাবধিই চলিয়াছিল কিন্তু ঐ স্থানে গমন করিয়া শুনিলাম যে তাহা এইক্ষণে বন্দ হইয়াছে।

ইউনিয়ন বেঙ্ক।

অবগত হওয়া গেল যে ইউনিয়ন বেঙ্কের কএক জন অংশিরা অল্প দিনের মধ্যে এক বৈঠক করিবেন তাহার অভিপ্রায় যে ঐ বেঙ্কের মূলধন আরো ৮ লক্ষ টাকাপর্য্যন্ত বৃদ্ধি করা উচিত কি না বিবেচনাকরণ। তাহা হইলে বেঙ্কের মূলধন ৪০ লক্ষ টাকাপর্য্যন্ত হইবে। তাহা এইরূপে নির্ব্বাহ করা যাইবে বিশেষতঃ ৮০০ নূতন শ্যার হইবে এবং ঐ শ্যার ক্রয়করণের প্রস্তাব প্রথমতঃ পুরাতন অংশিরদের নিকটে করা যাইবে।

Prince Henry.

An entertainment was given to His Royal Highness Prince Henry, by Baboo Dwarkanauth Tagore, at his elegant villa at Belgauchee, on Tuesday evening last—the party was a select one. The entertainment was composed of Hindoosthanee and Madras juggling, nautches, fire works, &c. His Royal Highness came about four, and partook of an early dinner, after which he took a ride upon an elephant about the garden, and then his attention was engaged by the amusements already described, till half past eleven o'clock, when he left the party, evidently highly delighted with what he saw. The Prince is said to have been particularly gratified with the performances of the Hindoosthanee jugglers.—*Hurk. Dec. 7th.*

Robbery at the Residence of the Chief Justice.

The influence of the Chief Justice does not suffice to deter thieves from filching his property. It appears, that on Sunday, the 26th of November last, a quantity of wearing apparel was stolen from His Lordship's residence, at Garden Reach. On Monday last, a servant of the washerman to the family, was captured in town with a portion of the stolen property.—*Ibid.*

Robbery at Barasut.

We learn from a friend, that on the night of the 18th of November last, the residence of Mr. Deedes, the Joint Magistrate at Barasut was entered by a party of robbers, who carried off a trunk therefrom, and taking it to a jungle hard by, broke it open and rifled it of its contents. The offenders have made their escape. It is stated that Mr. Deedes was away from Barasut that night, having to attend to some business at Calcutta; and the thieves, encouraged by his absence, availed themselves of the opportunity to accomplish their object.—*Probhakur, Dec. 4.*

English School at Barasut.

The English School which had been established by the Rev. Mr. Hæberlin, at Barasut, and which went on very well for some years, has, we found, on a visit to that place, lately to our great regret, been closed for some time.—*Ibid.*

The Union Bank.

We understand that some of the principal Union Bank Proprietors are about to call a meeting, for the purpose of considering of the expediency of a further increase of capital to the extent of eight lakhs, whereby the capital of the Bank will be raised to forty lakhs altogether. The plan is to do this by issuing 800 new shares, giving existing proprietors, as before, the first option of subscribing.—*Cal. Cour.*

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম ।

অচিহ্নিত কর্ম্মকারিদিগকে প্রধানং রাজকীয় পদে নিযুক্তকরণের ক্রমে বৃদ্ধি হইতেছে। বাবু দুর্গাচরণ রায় যিনি পশ্চিম বর্দ্ধমানে সদরআমীন ছিলেন তিনি গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ২৫ অক্টোবরে সিবিল্ শেষণ জজের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিতে যেপর্য্যন্ত না অন্য হুকুম আইসে সেপর্য্যন্ত ভার পাইয়াছেন। অস্মদ্দেশীয় লোকের প্রতি গবর্ণমেণ্ট যে এতদ্রূপ ব্যবহার করিতেছেন তাহাতে আমরা আহ্লাদিত আছি। ইহাতে গবর্ণমেণ্ট তাঁহারদের স্নেহ পাইবেন কারণ তাঁহারদিগের গুণের আদর শিক্ষাইবার এবং গুণ অবজ্ঞেয় বস্তু নহে ইহা দর্শাইবার এই যথার্থ উপায় ইহার স্বাভাবিক ফল এই তাঁহারা স্বীয় ক্ষমতা বুঝিতে পারিবেন এবং যথার্থ বুঝিলে পর অনেক অদ্ভুত কর্ম্ম করিবেন যাহাতে তাঁহারদিগের অবস্থা শোধন হইতে পারিবেক।—জ্ঞানান্বেষণ।

গত সপ্তাহে এই সম্বাদ ছিল যে এক ডচ দেশস্থ জাহাজ পঁহুছিয়াছে এই জাহাজে ঐ দেশের দ্বিতীয় লেপ্তনেণ্ট প্রিন্স হেনরি আর অরেঞ্জ আসিয়াছেন ইনি নেদরল্যাণ্ড রাজ্যের উত্তরাধিকারির দ্বিতীয় পুত্র। ইউরোপীয় রাজপুত্র এই দেশে পূর্ব্বে কখন আইসেন নাই অতএব এই জন্য অনেক আহ্লাদ আমোদ হইয়াছে। এই রাজপুত্রের কলিকাতায় পঁহুছিবামাত্র সম্মানার্থ তোপ হইল এবং উপযুক্ত রাজকর্ম্মকারিরা তাঁহাকে গবর্ণমেণ্ট হৌসে লইয়া গেলেন এই বাটীর একাংশ তাঁহার থাকিবার জন্যে দত্ত হইয়াছে। গত বৃহস্পতিবারে টউনহালে সাধু আন্দ্রু স্মরণার্থ বার্ষিক খানা হইয়াছিল তাহাতে এই মানি রাজপুত্র উপস্থিত হইয়া সম্ভ্রান্ত করিয়াছিলেন এবং সোমবার ঐ স্থানে নৃত্য হইয়াছিল তাহাতে তিনি উপনীত ছিলেন। কথিত আছে তিনি অদ্য ডাক যোগে বারাণসীতে যাইবেন ও শ্রীযুত লার্ড আকলণ্ডের সহিত একত্র হইয়া আগ্রাপর্য্যন্ত যাইবেন ইহার সঙ্গে পূর্ব্বের জাহাজের কাপ্তান এবং কাপ্তান কেইন সাহেব যিনি তাঁহার এডিকেপ হইয়াছেন তাঁহারাও যাইবেন।

আমরা ইহা প্রকাশ করিতে ভ্রান্ত হইব না এই খ্যাত্যাপন্ন দর্শক শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুরের বাগানে আহারাদি করিতে সম্মত হইয়াছেন। এই সময়ে তাঁহার নিমিত্ত বাইনাচ হইবে এমত কল্পনা আছে। ঐ।

সংপ্রতি পূর্ণিয়াহইতে এক জন সাহেব আসিয়াছেন তন্মুখে ইহা শুনিয়া আমরা আহ্লাদিত হইলাম যে কর্ণল লইড সাহেব ডারজিলিংদেশস্থ পর্ব্বতহইতে ময়দানপর্য্যন্ত এক নূতন রাস্তা প্রস্তুতকরণের উপায় করিতেছেন। গঙ্গার নিকটস্থ কারিগোলা দেশহইতে পূর্ণিয়াপর্য্যন্ত এক ভাল রাস্তা আছে এবং পূর্ণিয়াহইতে মরঙ্গের নিকটস্থ তিতিলা গ্রামপর্য্যন্ত আর একটা রাস্তা আছে। যখন এই পথ প্রস্তুত হইবে তখন কলিকাতাস্থ সওদাগরেরা ও অন্যান্য লোকেরা এই সুযোগে গ্রীষ্মকালে চিরাপঞ্জিতে না গিয়া ডারজিলিং দেশে যাইবেন কারণ অনেকে বোধ করেন চিরাপঞ্জি অনেক দূর ও তদপেক্ষা ডারজিলিং স্বাস্থ্যদায়ক স্থান।

বাজার অনেক কমিয়াছে। শিবনারায়ণ পাল ও কাশীনাথ পাল যাঁহারা ক

Spirit of the Native Papers.

The appointment of uncovenanted officers to the superior civil situations is progressing. Baboo Doorganarain Roy, Principal Sudder Ameen of west Burdwan, has been nominated in Government Orders of the 25th October, to perform the current duties of Civil and Session Judge in that district, until further orders. We congratulate our countrymen on the application of this liberal spirit. It will go far to insure their affection, because it is the surest mode of teaching them to put a value on the distinction, by shewing that merit is not overlooked; of which the necessary consequence must be, a higher appreciation of themselves,—which, if rightly understood, will work wonders in the way of their general reform.—*Gyan.*

The past week has not been altogether barren of events. A Dutch Frigate has arrived, bringing, as its second Lieutenant, Prince Henry of Orange, the second son of the heir to the Netherland's throne. This advent of an European Prince royal,—as it is unprecedented, so it has been marked by corresponding gaieties. The prince on his reaching Calcutta received royal salutes, and was conducted by the proper functionaries to Government House, a wing of which was appropriated to his accommodation. His Royal Highness honoured the annual dinner at the Town Hall, on Thursday last, in commemoration of St. Andrew; and, on Monday, graced the ball room at the same place, by his presence. He will start, it is said, this day by dakh for Benares, to join Lord Auckland, with whom it is his intention to proceed as far as Agra; and is to be accompanied on his journey by the Captain of the Frigate and Capt. Caine, who has been appointed to act as his aid-de-camp.

We must not forget to add, that the illustrious stranger condescended to participate in the festivities of Dwarkanauth Tagore's villa, where he was entertained with a native nautch got up expressly for the occasion.—*Gyan.*

We are glad to hear from a gentleman lately arrived from Purneah, that Colonel Lloyd is making preparations for the construction of a road from the new hill station of Darjeeling to the plains. There is already a good road from Carigola on the ganges to Purneah, and there is also a road of some sort from the latter place to Tityleea on the borders of the Morung. When the communication shall be completed, we have no doubt many residents of Calcutta, merchants and others, will take advantage of it to avoid the hot weather, though the inconvenient distance and somewhat of prejudice have deterred them from resorting to Chirra Poonjee, over which station, however, Darjeeling seems to have considerable advantage in point of salubrity.—*Ibid.*

A considerable failure in the Bazar is announced—the firm of Sebaram

লিকাতায় ৭০ বৎসরাবধি সুখ্যাতিপূর্ব্বক বাণিজ্য করিতেছিলেন তাঁহারদের বাণিজ্যের কুঠী দেউলিয়া হইয়াছে। কথিত আছে যে তাঁহারা ২৫ লক্ষ টাকার কারবার করিতেছিল কিন্তু আমরা শুনিয়াছি তাঁহারদিগের দুই লক্ষ টাকা লোকসান হইয়াছে এই ক্ষতি এবৎসর আফীম বিক্রয় করাতে হইয়াছে ইহার দায় একটীন অংশি কাশীনাথের উপর ইঁহার ভ্রাতা বিবাদ করিয়া দিয়াছেন কিন্তু তাহার ভ্রাতার এই লোকসান শোধন করিবার অনেক উপায় আছে। ঐ।

ইঙ্গরাজী নূতন পত্র। কতিপয় মাসের মধ্যে যে কএক খান পত্র প্রচার হইয়াছে তাহা আমরা নিয়মিত মত পাঠ করিতেছি তাহারদিগের নাম ষ্টারইনদিইষ্ট রেইনবো আনামেগেজিন এবং খয়ের খাহ হণ্ড এইপত্রের পূর্ব্বোক্ত তিন খান ইঙ্গরাজী ভাষায় প্রকাশ হইতেছে তন্মধ্যে প্রথমোক্ত পত্র প্রতি মাসে প্রকাশ হইয়া থাকে এবং তন্মধ্যে বিদ্যাবিষয়ক বর্ণনা ও কিঞ্চিৎ২ ধর্ম্ম বিষয়ক আন্দোলন ও আছে এই পত্রের ছয় সংখ্যা প্রকাশ হইয়াছে তাহার লিখিত অনেকানেক বিষয় পাঠে বোধ হইয়াছে যে উক্তবিবরণ সমুদয় যুবা ব্যক্তিদের পাঠার্থক আনন্দজনক ও উপকারক বটে। আমরা শুনিয়াছি যে ঐ পত্র উত্তমোত্তম বিদ্যাগারস্থ পাঠোত্তীর্ণ কতিপয় ব্যক্তিরা সম্পন্ন করিতেছেন কিন্তু গ্রাহক অত্যল্প আছে। দ্বিতীয় লিখিত পত্র বহুবাজারস্থ বেনিবোলেণ্ট ইনষ্টিটিউসন নামক বিদ্যাগারস্থ ছাত্রদিগের দ্বারা সম্পন্ন হইয়া প্রতিমাসে দুইবার প্রকাশ হয়। তৎ পত্র যে সকল অল্পবয়স্ক বালকদিগের দ্বারা লিখিত হয় তাহা শুনিয়া আমরা ঐ বিদ্যালয়ের বালকদিগকে প্রচুর বিদ্যোপার্জ্জন শীঘ্র হওন বিষয়ে বিশেষ ধন্যবাদ দিই তৎপত্রেও যেমত বিষয়াদি আন্দোলন হইয়া থাকে তৎসমুদয় যুবকালে আন্দোলনীয় উপযুক্ত তাহার সন্দেহ মাত্র নাই কিন্তু ঐ পত্র পাঠশালাভুক্ত কেবল ছাত্র ভিন্ন অপর সাধারণের প্রায় চক্ষুপাত নাই। তৃতীয়োক্ত পত্রের কেবল প্রথম সংখ্যাই কতিপয় হিন্দু বালক কর্ত্তৃক প্রকাশ হইয়াছে তাহার গুণ কথনে আমরা কোন প্রমাণ পাইলাম না যেহেতুক ঐ পত্র কোন ইঙ্গরাজী পুস্তক হইতে অনুবাদিত হইয়া মুদ্রিত হইয়াছে একারণ তাহা নূতন বলিয়া অথবা যুবলোকেরদিগের ক্ষমতাকৃত ভাবিয়া যে কেহ মূল্য দিয়া ক্রয় করিবেন তাহাও হইল না অতএব অতিন্যূন মূল্য করাতেও তাহা বিক্রয় হইল না। এবং শুনাগিয়াছে যে ঐ পত্রের যে ১ সংখ্যা ৫০০ মুদ্রিত হইয়াছে তাহা বিক্রয় হওনের পর দ্বিতীয় সংখ্যা মুদ্রাঙ্কন হইবেক অতএব নিশ্চয়ই হইয়াছে যে তাহার আর সংখ্যা প্রকাশ হওন দুর্ল্লভ। চতুর্থোক্ত পত্র বারাণসী নিবাসি পাদরি মেথর সাহেব কর্ত্তৃক লিখিত হইয়া স্কুলবুক সোসাইটী যন্ত্রে প্রকাশ হইতেছে তাহা রোমানাক্ষরে উর্দ্দু ভাষায় লিখিত হয় এবং ইঞ্জলীয় ধর্ম্মপুস্তকান্তর্গত বিবরণ সকল লিখিত হয় এই পত্র প্রকাশে সাহেবের অভিপ্রায় এই যে ইঙ্গরাজ লোকের যে সকল চাকর যবন ও হিন্দুস্থানি আছে তাহারা ঐ ভাষা প্রায়ই বুঝে অতএব তাহারদিগকে রোমান অক্ষর চিনাইয়া পড়াইলেই অনায়াসে ঐ ধর্ম্মের আলোচনা হইবে কিন্তু ঐ বিষয় ভূরি২ খ্রিষ্টীয়ানেরা ভৃত্যদিগকে চিরকাল জ্ঞাপন করাইয়া কতই খ্রিষ্টীয়ান করিয়াছে যে ঐ পত্রে আরো হইবেক বরং পূর্ব্বধারায় হইবার সম্ভাবনা বটে নচেৎ ঐ জন্য যে মাসে২ পত্র প্রকাশ করি

Paul and Cossinauth Paul, a house of seventy years standing, reputed the oldest Shroffs in Calcutta. There transactions are said to have embraced about twenty five lakhs of Rupees; but we are told the failure is limited to about a couple of lakhs, and that it has been forced upon the acting partner Cossinauth by a quarrel with his brother about their joint responsibility for losses on Opium this year, which the latter is supposed to have ample means of making up.—*Ibid.*

New English Newspapers.

We have been regularly perusing the several new papers which have been published within the last few months; their names are, *The Star in the East; The Rainbow; The Anna Magazine; The Khyr Khahend.* The three first papers are published in English; the first on the list, once a month; it contains various articles connected with general knowledge, with some discussions of a religious character. Six numbers have already appeared. On perusing its articles we are led to think that it is well adapted for youths. We hear that it is published by several students who had completed their education at our first Seminaries; but it has few subscribers. The second on the list is published twice a month, by some of the scholars of the Benevolent Institution in Bow Bazar. Considering the extreme youth of those who write in it, we praise that Institution for the prospect it holds out of giving so complete an education to its scholars.

The subjects which it discusses are just those which ought to occupy the attention of youth; of this there can be no doubt. But it has scarcely any general circulation, beyond the circle of the school itself. Of the third in the list, only one number has been published, by certain Hindoo youths; we have no evidence which could lead us to pronounce on its merits, for it consists of translations published from English books; hence no one could purchase it under the idea that it was a new publication, for that it shewed forth the talents of the young men; though fixed at a low price, it did not sell. We have heard that after 500 Copies had been sold of the first number, a second would be published. It appears certain, therefore, that its continuance is extremely doubtful. The fourth on the list is published by the Rev. Mr. Mather, of Benares, at the School Book Society's Press. It is published in the Oordoo language and in the Roman character, and consists of subjects drawn from the Holy Scriptures. The idea of the gentleman in publishing it was, that as there were many *Moosulman* and Hindoo servants of Europeans who were acquainted with that language, if they could be acquainted with the Roman character, they might embrace that faith. But how many Christians have long taught their servants this path without success, to give a hope that this paper would succeed in this object? Rather in the mode formerly adopted, there was hope of success, but there does not appear the prospect of any adequate success to justify the expense, month by month, of such a Paper. If it be said, that this will lead to the extension of the Oordoo language, we would state as our

ন্না ব্যয় করিবেন তদুপযুক্ত লভ্য পাইবেন না। তবে যদি কহেন যে উর্দ্দূভাষার চালনা প্রচুর করিবেন তাহাতে এমত পরামর্শ আমরা দিই যে ঐ পত্রে ধর্ম্মপুস্তকের ভাষান্তর কেবল প্রকাশ করিলে সর্ব্ব জাতীয়ের গ্রাহ্য হইবেক না অতএব যদ্যপি ঐ পত্র চিরায়ু করিবার মানস থাকে তবে রূপান্তর করণাবশ্যক।

সর্ব্বতোভাবে বিবেচনা করিলে বোধ হয় যে এতদ্দেশে ছাপা পত্রের প্রতি লোকেরদিগের তাদৃক অনুরাগ জন্মে নাই যাদৃক হওয়া উচিত কেননা এদেশে যে সকল সম্বাদপত্র প্রকাশ হইতেছে তাহার গ্রাহক প্রায়ই অধিক নাই তাহার কারণ দুই আছে প্রথমতঃ সমাচার পত্রকে লোকে শ্রদ্ধা করেন না এবং বুঝেন না যে ইহাতে কিং উপকার হয় দ্বিতীয়তঃ পত্রের মূল্য ও অধিক তাহা সর্ব্বসাধারণে দিতে সক্ষম হয়েন না। তাহার কারণ আমরা এই বলিতে পারি যে এদেশের যে কোন শ্রেণিস্থ লোকই হউন উপায় অতিঅল্পই করেন অতএব তাহা হইতে এবম্প্রকার ব্যয় দেওনেও সক্ষম নহেন। বিলাত আমেরিকা প্রভৃতি দেশে যে সমাচার ও নানাবিষয়ক পত্রের কিরূপ বাহুল্য ও চিরায়ুর প্রথা হইয়াছে তাহা এদেশের সর্ব্বসাধারণ লোকেরা শুনিয়া আশ্চর্য্য হইবেন অথবা মিথ্যাই জ্ঞান করিবেন। অর্থাৎ ঐ সকল স্থানে একং দেশে কোথাও ৫০। কোথাও ১০০ প্রকার পত্র প্রকাশ হইয়া থাকে এবং কলিকাতার প্রকাশ্য বাঙ্গাল হরকরাদি পত্রের দ্বিগুণ ও ত্রিগুণ পত্র তথায় সিকি মূল্যে প্রকাশ হইতেছে এবং আরো অতিপ্রামাণ্যং পুস্তক ও পত্র যাহা ।০ মূল্যে তথায় প্রকাশ হয় তাহা এদেশে দুই টাকার মূল্যে হয় না। যে হেতু অনেক দেশস্থ পেনি মেগেজিন নামে একং পত্র প্রকাশ হইয়া থাকে তাহার মূল্য একপেনি অর্থাৎ বাঙ্গালা অর্দ্ধ আনা মাত্র ঐ সকল পত্রে বিস্তর উপযুক্ত প্রস্তাব ও নানাপ্রকার প্রতিমূর্ত্তি থাকে ঐ সকল পত্রের ৫। ৭। ১০ সহস্র প্রত্যেক সংখ্যা বিক্রীত হয়। সুতরাং যাহা এক শত কলিকাতার অবোধ্য মূল্যে বিক্রয় হইয়া লাভ হইবে তাহা তদ্দেশে অতিসামান্য মূল্যে দুই সহস্র বিক্রয় হইয়া হঠাৎ লভ্য হয় এবং যে সকল জ্ঞানি ব্যক্তিরা লেখকরূপে নিযুক্ত আছেন তাঁহারাও বাঁরং বেতন [illegible] প্রাপণে যেপর্য্যন্ত পরিশ্রমে পত্র সম্পাদন করেন তাহা বিবেচনা করিলে ঐ সকল পত্র এদেশের পত্রাপেক্ষা মূল্যবানই জ্ঞান করিতে হয়। এদেশের পত্র বহুকাল গোঙাইলে ও যে তদ্রূপ দশাপ্রাপ্ত হইবে এমতও সম্পূর্ণ ভরসা হয় না। ইতোমধ্যে পত্র সকল ক্রমেং পতন হইতেছে তাহার প্রমাণ এদেশে অল্প পত্র হয় নাই কিন্তু সমুদয়ই নাশ হইতেছে বিশেষতঃ আমরা নিশ্চয়ই করিয়াছি যে যদ্যপিও সংবাদযুক্তপত্র এতদ্দেশে অতি সংকীর্ণাবস্থায় জীবিত থাকে তথাপি জ্ঞান বিষয়ক আন্দোলনীয় পত্র জীবিত থাকিবার কোন ভরসাই নাই। এই দৃষ্টেই আমরা পূর্ণ চন্দ্রোদয় পত্রের অধিক কালীন যে সকল বিষয় লিখিয়া যে ধারানুসারে চালাইয়াছিলাম তাহার পরিবর্ত্ত করাতে এক্ষণে পূর্ণচন্দ্রোদয়ের দ্বিগুণ উন্নতাবস্থা হইয়াছে। এইপ্রকার বিবেচনানন্তর আমরা বোধ করি যে যাঁহারা জ্ঞানযোগ বিষয়ক লিখিত পত্র প্রকাশ করিতে বাঞ্ছান্বিত হন তাঁহারা দুই মত নিয়ম নির্দ্ধার্য্য করতঃ একং পত্র প্রকাশ করেন। প্রথমতঃ বাঙ্গালা বা ইঙ্গরাজী যে কোন ভাষাই হউক যদ্যপি যুবা লোকেরদিগের উপকারিকা পত্রিকা প্রকাশ মনন করেন তবে রাজধানীর মধ্যে যত পাঠশালা আছে সকলের কর্ত্তারা একত্র হইয়া নির্দ্ধার্য্য করতঃ প্রত্যেকং স্কুল হইতে কিঞ্চিৎং মুদ্রা সংগ্রহানন্তর যাহাতে পত্রের ব্যয় চলে এমত স্থির করিয়া একং মাসিক বা ত্রৈমাসিক পত্র প্রকাশ করেন তাহা সমুদয় স্কুলের ছাত্র ও শিক্ষকদিগের কর্ত্তৃক লিখিত হইয়া একত্র প্রকাশ পায় যে তাহা হইলে সাধারণে মান্য হইবেক। দ্বিতীয়তঃ অন্যান্য জ্ঞানি লোকেরা যদ্যপি কোন পত্র প্রকাশ মনন করেন তবে একসভা এমত করুন যে তাহাতে জ্ঞান যোগের কেবল আলোচনাই হয় এবং তন্মধ্যে ধনি ও বিদ্বানেরা একসভাস্থ থাকেন তবে তাঁহারদিগের অনেক ব্যক্তি কর্ত্তৃক আনুকূল্য হইয়া পত্র বহুদিন চলিবেক। পরে সাধারণের তাহাতে অনুরাগ জন্মিলে এবং তখন তাঁহারদিগের সাহায্য দ্বারা ক্রমে সর্ব্ব মান্য ও চিরায়ু হইতে পারে নচেৎ দুই এক ব্যক্তির অনুরাগে বা ব্যয়ে কোন পত্র প্রকাশারম্ভ করিলে তাহার ক্ষতিতে বা অনুরাগের ত্রুটিতে এবং দেশের গতিকে পত্র বন্ধ হইয়া কেবল লজ্জাকর হয় মাত্র অতএব এই বিষয়ে যাঁহারদিগের মনঃ নিবেশ আছে ঐ সকল মহাশয়েরা কিঞ্চিৎ বিবেচনা করেন এমত আমারদের প্রার্থনা।

opinion, that if it consist only of translation from the Holy Scriptures, it will not be universally agreeable. If, therefore, the object be to make this paper live, the plan should be changed.

On looking on all sides, it appears that a sufficient fondness for printed Papers has not yet appeared in this country, such as ought to have appeared. The Newspapers have generally but few supporters. There may be two reasons for this; first, the Natives have little taste for Newspapers, and know not the advantages which may arise from them. Secondly, the price of the Papers is so high that all cannot pay it; and the cause we may state to be this, that in all the ranks of society means of expending are small and hence they cannot pay for such an article. In England and America the size of the Newspapers and of other Publications is such, and the means of making them good are such, that the people of this country would, on hearing of them feel astonished, and scarcely credit them. In those countries there are, perhaps, fifty, perhaps, a hundred Papers published, and Papers twice or three times the size of the *Hurkaru* are published at about one fourth of its price. Many valuable works, which in those countries pay at four annas, would not pay in this country, even at two Rupees. There is the *Penny Magazine* which is published at two pice; it contains much valuable information and wood cuts; of this Magazine, five, seven, and even ten thousand copies are printed. Of course, a Paper of which 100 copies might be sold in Calcutta at a high price, would not be so profitable as papers of which 2,000 copies were sold at a lower price. Those able men who are appointed to edit them, and who receive large salaries for that purpose, labour so well upon those Journals, that they must appear far more valuable than the Journals of this country. We cannot hope that papers in this country will reach them, even after longer exertion; but our papers are gradually diminishing, for though we had many papers in this country, they all appear to be decaying. We have determined that although papers filled with news are not in this country in the most flourishing condition, yet there is no possibility of keeping alive a paper devoted to literature. Under this impression we have altered the arrangement and subjects which we have long adopted in this journal, and it is now twice as flourishing. We are, therefore, led to conclude that those who wish to publish a Literary Paper ought to adopt one of these two plans; first, if it be intended to publish a paper for the benefit of the youth either in English or in Bengalee, then let the heads of the Schools in this Metropolis assemble together, and determine to collect a small sum from each school sufficient for the expense of the publication, and then determine upon either a monthly or quarterly work. Let the whole of it be written either by the masters or by the scholars, and be published together; it will then be universally regarded. Secondly, if any other learned men wish to publish a paper, let them form a society devoted to literary enquiries, and let the wealthy and learned be united in one society, and their labours will then be supported by many, and continue for very long time; and when there has been a general love for the thing excited through this united support, the paper will be universally respected, and will live: else, if a paper be published at the desire or expense of only one or two, the paper may be brought to the ground through losses, or through the decay of ardour, or through the change of circumstances; and this will be a cause for shame. We, therefore, intreat those who have this matter at heart to take this into consideration.—*Poornu Chundroduyu.*

প্রেরিতপত্র।

মহামহিম শ্রীযুত দর্পণ প্রকাশক
মহাশয় প্রবল প্রতাপেষু।

আমার এই কয়েক পংক্তি অনুগ্রহ প্রকাশ রাখিয়া দর্পণে অর্পণ করিয়া চির বাধিত করিবেন।

জিলা চব্বিশ পরগনার মোতালকের মধ্যে পরগণে বরিদহাটী তরফ মনুরাজদিগর শ্রীযুত রামরত্ন মিত্রের নামে লেখা যায় ঐ পূর্ব্বোক্ত মহালের সদর জমা পাঁচ হাজার টাকা তাহাতে কএক সন সেরেস্তার আমলাগণের সহিত যোগ সাজসে হজুর তাহুতের সরবরা না করিয়া ত্রিশ হাজার টাকা সরকার বাহাদুরের বাকি হয় এ এক আশ্চর্য্য কথা। কারণ বৎসরের মধ্যে তিনং নীলাম বিক্রয়ের লাটবন্দি হয় এমত কত লাটবন্দি গত হইয়াগিয়াছে তথাচ পূর্ব্বোক্ত বিষয়ের প্রতি কালেকটর সাহেবের দৃষ্ট্যবলোকন না হইয়া তদারক কিছুই হয় নাই। অনুমান করি কালেকটর সাহেব দয়ালু হন এইক্ষণে ঐ পূর্ব্বোক্ত মহাল নীলাম বিক্রয় হইবায় সরকারে খাসে খরিদ হইয়া শাজোয়াল মোকরর হইবার এক কেতা ইস্তেহারের হকুম ছাদর হইবাতে কোনং ব্যক্তি ৩। ৪। ৫ হাজার টাকা মেকদারমতে জামিনদারের কায়দাদ লিখিয়া ও নগদ টাকা আমানত করিয়া ইজারার প্রার্থনায় দরখাস্ত দাখিল করেন সে সকল দরখাস্তের প্রতি সুন্দররূপ হকুম প্রকাশ করিয়াছিলেন। পরে উপরের লিখিত সাবেক তালুকদার রামরত্ন মিত্র ঐ মহালের শাজওয়ালি কর্ম্মের প্রার্থনায় রামচন্দ্র মুখোপাধ্যায় নামে এক ব্যক্তি খাড়া করিয়া ২০০০ দুই হাজার টাকা জামিনী মেকদারে আমানত স্বরূপ রাখিয়া দরখাস্ত করাইবাতে জিলা মজুকুরের ডিপুটী কালেকটর শ্রীযুত রায় রামচন্দ্র মিত্র সরকারের খয়েরখা এবং অতি বিজ্ঞ ও বিবেচক রিপোর্টের দ্বারা খোদ কালেকটর সাহেব ধর্ম্ম অবতার দুষ্ট দমন শিষ্ট প্রতিপালন সরকারের বাকী ৩০০০০ ত্রিশ হাজার টাকার প্রতি দৃষ্টি রাখিয়া চুলচেরা বিচারের দ্বারা ঐ পূর্ব্বোক্ত রামচন্দ্র মুখোপাধ্যায়কে শাজওয়ালি কর্ম্মে মোকরর করিয়া সরফরাজ করিয়াছেন। এ বিষয় আমলাগণ প্রকাশ করিয়াছিল যে শুনা যায় রামরত্ন মিত্রের বেনামী তাহাতে ধর্ম্মঅবতারেরা জাগ্রৎ নিদ্রিত হইয়া সরকারের প্রতি সদ্ব্যবহার প্রকাশে রামরত্ন মিত্রের মনোবাঞ্ছা পূর্ণিত করিলেন

Correspondence.

To the Editor of the Durpun.

Oblige me by publishing the following few lines in the *Durpun*. In the Zillah of the 24-Pergunnahs, in the Pergunnah of Borijhatee, the village Munooraj, stands in the name of Ramrutton Mittre. The Sudder Jumma of the land is 5000 Rupees, but for several years, through collusion with the Amlahs, the public revenues have not been paid, and the balance is now 30,000 Rs. What an astonishing thing is this. Three times a year are estates in arrears lotted for sale: how often must this estate have been lotted without the Collectors looking at it or examining it; perhaps the Collector is merciful. Now this estate has been sold and purchased by Government, and an advertisement was put forth regarding the appointment of a Sajowal, upon which some persons offered security for three, four or five thousand Rupees, and wished to deposit ready money, and petitioned to have an Izara of the lands. The answer that was given to these petitions was most excellent, but at length the old Talookdar, Ramrutton Mittre, having petitioned to be appointed sejawal of the land, and having set up a man of the name Ramchunder Mookhopadhya, as his security for 2000 Rupees, sent in his petition to the Deputy Collector; upon which, Ramchunder Mittre, the Deputy Collector, a favourite officer and a wise and judicious man, made his report, and the Collector seeing that 30,000 Rs. had been lost by this man, by a most excellent decision, appointed this same Ramchunder Mookhopadhya to the office of Sejawal The officers of this Court say that they have heard that it is Ramrutton Mittre himself who has taken it in another name, and thus has the European gentleman apparently, with his eyes open, fulfilled the wishes of Ramrutton Mittre. Mr. Editor, this is a matter of great regret, because it brings stain upon those who are without stain.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent.	13	0	13	0
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal,........Co.'s Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৭০ সংখ্যা। বালম ১৯।] ১৬ দিসেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ৩ পৌষ। SATURDAY, DECEMBER 16TH. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1170. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price 1 Rupee monthly.

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব আরাটুন য়াকুব জোজেফের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনায় মুচিখোলার সম্মুখে গুয়াবেক্তের শামিল ও তন্মধ্যস্থিত বড় সাহেবের হাট নামে বিখ্যাত যে এক হাট তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ৫০/ পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং মৎস্যেতে পরিপূর্ণ বৃহৎ এক পুষ্করিণী আছে তাহার চারি অংশের এক অংশে ও তাহার চারি অংশের এক অংশের মধ্যে ও তাহার চারি অংশের এক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী আরাটুন য়াকুব জোজেফের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান নিয়মানুসারে বিক্রীত হইবেক।

এবং কলিকাতা নগরের পলক স্ত্রিট অর্থাৎ নেবুতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী নং ১৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী আরাটুন য়াকুব জোজেফের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে হাজি মহম্মদ রোজা কাজির বাটী ও ভূমি। পশ্চিম দিগে নেবুতলার গলি। উত্তর দিগে মুরগিহাটার গলি। দক্ষিণ দিগে জান লুকস সাহেবের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব হরপ্রসাদ বসুর বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের সূতানুটিতে শ্যাম বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ৩/ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী হরপ্রসাদ বসুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরি লিখিত কাল ও স্থান ও নিয়মানুসার বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা। উত্তর দিগে মৃত রামকান্ত বসুর পুষ্করিণী. পশ্চিম দিগে পূর্ব্বোক্ত রামকান্ত বসুর বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে রামনারায়ণ গঙ্গোপাধ্যায়ের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ দিসেম্বর বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত অদ্বৈতচন্দ্র দত্তের উইলে লিখিত টর্সি গঙ্গানারায়ণ দত্ত ও জয়গোপাল দত্তের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের সূতানুটিতে হাটখোলার কালীতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত পাকা গুদাম ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ।।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত মৃত অদ্বৈতচরণ দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে সরকারী নর্দ্দমা। পশ্চিম দিগে গোপাল সিংহের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে অদ্বৈতচরণ দত্তের বৈঠকখানা।

২। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ১।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত অদ্বৈতচরণ দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মহেশচন্দ্র মল্লিকের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে সরকারী নরদ্দমা। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত গুদাম। উত্তর দিগে সরকারী রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সুবে বাঙ্গালার জিলা চব্বিশ পরগনায় খড়দহ গ্রামের ৺ প্রাপ্ত হরেন্দ্রনারায়ণ বিশ্বাস জমীদার যে শেষ উইল করিয়া যান ঐ উইলের প্রোবেট সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিজিআষ্টিকল এলাকার সম্পর্কে উক্ত উইলে লিখিত চারি টর্সি পূর্ব্বোক্ত খড়দহ গ্রামস্থ শ্রীযুত আনন্দময় বিশ্বাস ও শ্রীযুত বিশ্বনাথ বিশ্বাস ও শ্রীযুত শম্ভুনাথ বিশ্বাস ও শ্রীযুত কাশীনাথ বিশ্বাস জমিদারানকে অদ্য প্রদান করিলেন। ঐ মৃত ব্যক্তির ইষ্টেটের উপর যে কোন ব্যক্তির দাওয়া থাকে তাহা পূর্ব্বোক্ত টর্সিরদিগকে অবিলম্বে জ্ঞাপন করিবেন কিম্বা কাহারো স্থানে ঐ মৃত ব্যক্তির পাওনা থাকে তিনি ঐ টাকা উক্ত টর্সিরদের স্থানে অগৌণে অর্পণ করিবেন।

হেজর ও ইসমালী।

কলিকাতা ১২ দিসেম্বর ১৮৩৭

সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের কলিকাতা নগরের পাতরিয়া ঘাটার ৺ প্রাপ্ত দেওয়ান দেবনারায়ণ ঘোষ যে উইল করিয়া যান ঐ উইলের প্রোবেট সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিজিআষ্টিকল এলাকার সম্পর্কে উক্ত উইলে লিখিত দুই টর্সি পাতরিয়া ঘাটাস্থ শ্রীযুত আনন্দনারায়ণ ঘোষ ও শ্রীযুত গিরীন্দ্রচন্দ্র ঘোষকে অদ্য প্রদান করিলেন। ঐ মৃত ব্যক্তির ইষ্টেটের উপর যে কোন ব্যক্তির দাওয়া থাকে তাহা পূর্ব্বোক্ত টর্সিরদিগকে অবিলম্বে জ্ঞাপন করিবেন কিম্বা কাহারো স্থানে ঐ মৃত ব্যক্তির পাওনা থাকে তিনি ঐ টাকা উক্ত টর্সিরদের স্থানে অগৌণে অর্পণ করিবেন।

হেজর ও ইসমালী

কলিকাতা ১২ দিসেম্বর ১৮৩৭।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাহারা গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার, কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বরভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতা হওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

ইশতেহার।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালেরসপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৯ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সাল অবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন ইদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা

রাজকর্ম্মে নিয়োগ।

২৯ নবেম্বর ১৮৩৭।

ভারতবর্ষের মাসুলের আইন ও ডাক মাসুলের আইন সংশোধক কমিটির সেক্রেটারী লেফ্‌টেনন্ট শ্রীযুত টি জে টেলর সাহেব বর্ত্তমান মাসের ২৮ তারিখে স্বীয় কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিয়াছেন।

৬ দিসেম্বর।

কৌন্সলের শ্রীলশ্রীযুত প্রসীডেণ্ট সাহেব শ্রীযুত এচ আথর্টন সাহেবকে বঙ্গরাজধানীভুক্ত করিয়াছেন।

শ্রীযুত জি আই সিডন্স ও শ্রীযুত ডবলিউ এচ বাল্‌পি সাহেব ভারতবর্ষস্থ কোম্পানির কর্ম্মে ইস্তফা দেওনার্থ অনুমতি পাইয়াছেন।

প্রথমোক্ত সাহেব মাদাগাস্কর নামক জাহাজের আড়কাটি ছাড়নের তারিখ অবধি এবং শেষোক্ত সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখ অবধি ইস্তফা দেন।

বারাণসীর আফীণ এজেণ্ট শ্রীযুত জান ট্রাটর সাহেব বর্ত্তমান মাসের মধ্যাবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জান জাক্‌সন সাহেব ট্রাটর সাহেবের অনুপস্থানে এজেণ্ট সাহেবের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত আর ই কনলিপ সাহেব ও শ্রীযুত এচ আথর্টন সাহেব গত মাসের ২৫ তারিখে ইঙ্গলণ্ড হইতে রাবর্ট ইস্‌মল নামক জাহাজারোহণ পূর্ব্বক কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব শ্রীযুত টি সি স্কট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ই ই এচ রেপ্‌টন সাহেবকে বালেশ্বরের একটিং সাল্ট এজেন্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন। ঐ নিয়োগ গত আগষ্ট মাসের ২৫ তারিখে শ্রীযুত রেপটন সাহেব এজেন্টী কর্ম্মের ভার গ্রহণ করাতে ধর্ত্তব্য হইবে।

শ্রীযুত ডবলিউ জে মর্গেন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে পরীক্ষাতে উত্তীর্ণ হইয়া সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ঐ সাহেবকে বিলাতে প্রত্যাগমনার্থ যে হুকুম হইয়াছিল তাহা রহিত হইল।

নীচে লিখিতব্য সাহেবেরা শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্‌তর্স সাহেবেরদের কর্ত্তৃক কলিকাতা রাজধানীর সিবিল সম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হইয়া পঁহুছিয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

গত মাসের ২৯ তারিখে শ্রীযুত ফ্রান্সিস লেষ্টক বোফর্ট সাহেব।

২৭ তারিখে শ্রীযুত জর্জ কার্ণক বর্ণস সাহেব।

ঐ তারিখে শ্রীযুত আরথর হরবর্ট কক্‌স সাহেব।

সুবে বাঙ্গালার শ্রীশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য সাহেবেরদিগকে যেং স্থানের ডাকের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত করিয়াছেন তাহা প্রত্যেক নামের নিকটে লেখা গেল।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে ও ডুয়র সাহেব মেদিনীপুরে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি ডবলিউ ফুলর সাহেব নবদ্বীপে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কে মাকিনন সাহেব ত্রিহুতে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ কিন সাহেব বহরমপুরে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি ডবলিউ বর্ট সাহেব চট্টগ্রামে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ এম এম মিণ্টো সাহেব কটকে।

৩০ নবেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আনরবল জে সি আরস্কিন সাহেব শ্রীযুত ডানিথরন্‌ সাহেবের পরিবর্ত্তে কলিকাতা ও জিলা চব্বিশ পরগনার কালেকটর হইয়াছেন।

শ্রীযুত আরস্কিন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ই বেণ্টল সাহেব দিনাজপুরের মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

20th November, 1837.

Lieutenant T. J. Taylor, Secretary to the Committee for Revising the Customs' Laws and Post Office Regulations in India, resumed charge of his office on the 28th instant.

6th December.

The Honourable the President in Council is pleased to attach Mr. H. Atherton, to the Bengal Presidency.

Messrs. G. I. Siddons and W. H. Valpy have been permitted to resign the East India Company's Civil Service, the former from the date on which the Pilot may quit the Ship "*Madagascar*" at Sea, and the latter from the 5th instant.

Mr. John Trotter, Opium Agent at Benares, has obtained leave of absence, for one month, on private affairs, from the middle of the present month. Mr. Assistant Surgeon John Jackson will carry on the current duties of the Agency during Mr. Trotter's absence.

Messrs. R. E. Cunliffe and H. Atherton, of the Civil Service, reported their return to the Presidency from England on board the Ship "*Robert Small*," on the 25th ultimo.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to appoint Mr. E. E. H. Repton to officiate as Salt Agent of Balasore, in the room of Mr. T. C. Scott. The appointment to take effect from the 25th October last, the date of Mr. Repton's receiving charge of the Agency.

Mr. W. J. Morgan having passed an examination on the 1st instant, and being reported qualified for the public service by proficiency in two of the Native languages, the order issued on the 29th ultimo for that gentleman's return to England, is cancelled.

The following gentlemen, appointed by the Honourable the Court of Directors to the Civil Service of this Presidency, reported their arrival:

Mr. Francis Lestock Beaufort, on the 29th ultimo.

Mr. George Carnac Burnes, on the 27th ultimo.

Mr. Arthur Herbert Cocks, on the 27th ultimo.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to appoint the following gentlemen to be Post Masters at the Stations set against their names respectively:

Mr. Assistant Surgeon J. O. Dwyer at Midnapore.

Mr. Assistant Surgeon C. W. Fuller at Nuddea.

Mr. Assistant Surgeon K. Mackinnon, M. D., at Tirhoot.

Mr. Assistant Surgeon A. Kean, M. D., at Berhampore.

Mr. Assistant Surgeon T. W. Burt at Chittagong.

Mr. Assistant Surgeon A. M. M. Minto at Cuttack.

30th November.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

The Honourable J. C. Erskine to be Collector of Calcutta and the 24-Pergunnahs, vice Mr. J. Donnithorne, resigned.

Mr. E. Bentall to be Magistrate and Collector of Dinagepore, vice Mr. Erskine.

শ্রীযুত ডবলিউ লা সাহেব শ্রীযুত বেণ্টল সাহেবের পরিবর্ত্তে বগুড়ার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব শ্রীযুত জি এ সি প্লৌডেন সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা চব্বিশ পরগনা ও নবদ্বীপ ও মুরশিদাবাদে নিষ্কর ভূমির সনন্দের তজবীজ করণার্থে একটিং ডেপুটি কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

জিলা নবদ্বীপ চব্বিশ পরগনা ও মুরসিদাবাদের ডেপুটি স্পেসিয়ল কালেকটর শ্রীযুত জি এ সি প্লোডেন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন।

৫ দিসেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীযুক্ত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত হেনরি আথরটন সাহেব ১০ সংখ্যক অর্থাৎ কটক প্রদেশের সায়েরসায়েরী ও রেবিনিউ কমিসানর সাহেবের আসিষ্টাণ্ট এবং মেদিনীপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এচ এম রিড সাহেব ১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের সায়েরসায়েরী ও রেবিনিউ কমিসানরের আসিষ্টাণ্ট হইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এম নাইটিঙ্গল সাহেব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মক্‌রে সাহেবের অনুপস্থান পর্য্যন্ত মুঙ্গেরের সিবিল সম্পর্কীয় চিকিৎসক হইয়াছেন।

শ্রীযুত জে এচ রাইলি সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে জিলা যশোহরের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই স্মার্ট সাহেব ঐ আইন অনুসারে জিলা মুরশিদাবাদের ঐ ঐ।

বীরভূমির সিবিল ও সেসন জজ শ্রীযুত জে এচ ডাইলি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন। প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ফায়েক শ্রীযুত ডাইলি সাহেবের অনুপস্থান পর্য্যন্ত উপরি উক্ত পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সুবে বাঙ্গালার গবর্ণমেণ্টের জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টের একটিং ডেপুটি সেক্রেটরী শ্রীযুত টি সি স্কট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৯ তারিখ অবধি সেরেঙ্গাপাটাম নামক জাহাজের প্রস্থান তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বেহারের রাজস্ব বন্দোবস্তের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি এফ হোল্টন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ ১৮ মাসের ছুটি পাইয়াছেন।

মুঙ্গেরের সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে মেকরা সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটি পাইয়াছেন।

ফরিদপুরে সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি মাকিণ্টায়র সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ গত মাসের ৭ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত ছয় দিবসের ছুটি পাইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ দশহরাবন্দে যে ছুটি পান তদতিরিক্ত গত মাসের ১৭ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

২০ দিসেম্বর।

শ্রীযুত ই তামস সাহেব জিলা শাহরণপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই আর কার্টরাইট সাহেব জিলা আজিমগড়ে পঁহুছনের নিমিত্ত যে ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

Mr. W. A. Law to be Joint Magistrate and Deputy Collector of Bogra, vice Mr. Bentall.

Mr. J. S. Torrens to officiate as Deputy Collector for the investigating of Titles to hold land free from the payment of Revenue in Zillah 24-Pergunnahs, Nuddea, and Moorshedabad, during the absence of Mr. G. A. C. Plowden, or until further orders.

The following officer has obtained leave of absence from his station:

Mr. G. A. C. Plowden, Special Deputy Collector of Nuddea, 24-Pergunnahs and Moorshedabad, for one month, on medical certificate.

5th December.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. Henry Atherton to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 10th or Cuttack Division, and to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Midnapore.

Mr. H. M. Reid to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 12th or Bhaugulpore Division.

Mr. Assistant Surgeon M. Nightingale to perform the Medical Duties of the Civil station of Monghyr, during the absence of Mr. Assistant Surgeon Macrae.

Mr. J. H. Reily to be Deputy Collector in Zillah Jessore, under the provisions of Regulation IX. of 1833.

Mr. E. Smart to be Deputy Collector in Zillah Moorshedabad, under ditto ditto.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. H. D'Oyly, Civil and Session Judge of Beerbhoom, for one month, to visit the Presidency, on private affairs. Moulavee Mahommed Faiq, the Principal Sudder Ameen, will conduct the current duties of the above office, during Mr. D'Oyly's absence.

Mr. T. C. Scott, Officiating Deputy Secretary to Government of Bengal in the Judicial and Revenue Department, on private affairs, from the 9th instant, till the sailing of the Ship "*Seringapatam*," on which vessel he proposes to embark for England on Furlough.

Mr. G. F. Houlton, Superintendent of Unassessed Mehals and Settlement Affairs in the District of Behar, for eighteen months, to proceed to the Hills, on Medical Certificate.

Mr. Assistant Surgeon J. Macrae, attached to the Civil Station of Monghyr, for three months, on private affairs.

Mr. Assistant Surgeon C. Macintyre, attached to the Civil Station of Fureedpore, for six days, in extension of the leave granted to him on the 7th ultimo, to enable him to rejoin his station.

Baboo Hurreenarain Ghose, Principal Sudder Ameen in Jessore, an extension of leave of absence from the termination of the Dusserah Vacation to the 17th ultimo.

20th November.

Mr. E. Thomas is authorised to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in Zillah Saharunpoor.

Mr. E. R. Cartwright has been allowed leave of absence for one month, in addition to the prescribed period for joining his appointment of Judge of Zillah Azimgurh.

২১ নবেম্বর।

শ্রীযুত জে ডেবিডসন সাহেব শ্রীযুত সুইটেনহেম সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ফরক্কাবাদের একটিং জজ হইয়াছেন। শ্রীযুত ডেবিডসন সাহেব এটোয়ারের চলিত কর্ম্মের ভার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত আর টি টকর সাহেবের প্রতি অর্পণের অনুমতি পাইয়াছেন।

২২ নবেম্বর।

শ্রীযুত এস জে বিচর সাহেব শ্রীযুত এচ আর্মস্ট্রং সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত ফত্তেপুরের একটিং মাজিস্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

২৩ নবেম্বর।

বারাণসী প্রদেশের কমিস্যনর শ্রীযুত এফ করি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বারাণসী হইতে গমনের তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত ই পি স্মিথ সাহেব কমিস্যনরী কর্ম্ম এবং গাজিপুরের স্বীয় জজী কর্ম্ম কিছু কালের নিমিত্ত নির্ব্বাহ করণের অনুমতি পাইয়াছেন।

২৪ নবেম্বর।

শ্রীযুত আর কে ডিক সাহেব বিজনুরের একটিং মাজিস্ট্রেট ও কালেকটর হইয়াছেন এবং শ্রীযুত আলেন সাহেবকে আগামি জানুআরি মাসের ১ তারিখে ঐ সকল কর্ম্মহইতে মুক্ত করণের অনুমতি পাইয়াছেন।

২৫ নবেম্বর।

শ্রীলশ্রীযুত লার্ড বিশাপ সাহেব কর্ত্তৃক আলাহাবাদের ধর্ম্মোপদেশক শ্রীযুত প্রাট্ সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখ অবধি যে এক মাসের ছুটি পান তাহা মঞ্জুর হইল।

ধর্ম্মোপদেশক শ্রীযুত ডবলিউ ষ্টরক সাহেব শ্রীযুত ইউইং সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে ছুটি লওয়াতে ফত্তেগড়ের একটিং ধর্ম্মোপদেশক হইয়াছেন।

পদাতিক সৈন্যের ৪১ রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত রাম্‌জি সাহেব দিল্লীর ডেপুটি পোষ্টমাষ্টর হইয়াছেন।

শ্রীযুত জেম্‌স ডেবিডসন সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবের ফরক্কাবাদস্থ একটিং এজেণ্ট হইয়াছেন।

৬ দিসেম্বর।

আজমিরের সুপরিণ্টেণ্ডেণ্ট এবং রাজপুতানা রাজ্যের গবর্নর্ জেনরলের এজেণ্টের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত এন বি এডমনষ্টন সাহেব গত মাসের ২২ তারিখে উত্তমাসা অন্তরিপহইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

১১ দিসেম্বর।

শ্রীলশ্রীযুত প্রসিডেণ্ট সাহেব ভারতবর্ষের হুজুর কৌন্সেলে শ্রীলশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের জজ সাহেবদিগের কর্ত্তৃক যে সকল সাহেব লোক নামাঙ্কিত হয় তাহার মধ্যে শ্রীযুত জেম্‌স ইয়ং সাহেবকে আগামি বৎসরের নিমিত্তে কলিকাতা নগরের সরিফী পদে নিযুক্ত করিয়াছেন।

২৮ নবেম্বর।

মান্দ্রাজের অশ্বারূঢ় সৈন্যের লেপ্তেনন্ত শ্রীযুত ডবলিউ ওয়ার্ড সাহেব হয়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের অধীনে কর্ম্ম করিবেন এমত হুকুম হইয়াছে।

21st November.

Mr. J. Davidson to officiate as Judge of Furruckabad during Mr. Swetenham's absence, or until further orders. Mr. Davidson has been authorized to make over charge of the current duties of the Judge's Office at Etawah to Mr. R T. Tucker, the Officiating Joint Magistrate and Deputy Collector.

22d November.

Mr. S. J. Becher to officiate as Magistrate and Collector of Futtehpore, during the absence on leave of Mr. H. Armstrong, or till further orders.

23d November.

Mr. F. Currie, Commissioner of the Benares Division, has leave of absence for six weeks, on his private affairs, commencing from the date on which he may leave his Station. Mr. E. P. Smith is authorized for the present, to conduct the duties of the Commissioner's Office, as well as of his own Office of Judge of Ghazeepore.

24th November.

Mr. R. K. Dick to officiate as Magistrate and Collector of Bijnour, and directed to relieve Mr. Allen from the charge of those offices on the 1st January next.

25th November.

The leave of absence for one month, from the 15th instant, granted by the Lord Bishop to the Reverend Mr. Pratt, Chaplain at Allahabad, is approved.

The Reverend W. Sturrock, A. B., to officiate as Chaplain at Futtyguri, on Mr. Ewing's availing himself of the leave of absence granted to him on the 11th instant.

Captain William Ramsey, 41st Regiment Native Infantry, appointed Deputy Post Master at Delhi.

Mr. James Davidson, appointed to officiate as Agent to the Honourable the Lieutenant Governor of the North Western Provinces at Furruckabad.

6th December.

Mr. N. B. Edmonstone, Superintendant of Ajmeer and First Assistant to the Agent to the Governor General for the States of Rajpootana, reported his return to Calcutta from the Cape of Good Hope, on the 26th ultimo.

11th December.

The Honourable the President of the Council of India in Council has been pleased to appoint James Young, Esq. one of the Gentlemen nominated by Her Majesty's Judges of the Supreme Court, to be Sheriff of Calcutta during the ensuing year.

28th November.

Lieutenant W. Ward, of the Madras Horse Artillery, is placed under the Orders of the Resident at Hydrabad.

সমাচার দর্পণ

শনিবার ১৬ দিসেম্বর ১৮৩৭।

সুপ্রিম কোর্ট।

বর্ত্তমান মাসের ৮ তারিখে চীফ জুষ্টীস শ্রীযুক্ত সর এড্‌বার্ড রয়ন সাহেবের সম্মুখে সুপ্রিম কোর্টের চতুর্থ মিছিল আরম্ভ হয়। পরে গ্রাণ্ড জুরির সাহেবেরা শপথ সমাপন পূর্ব্বক আপনারদের সভাপতিকে নিযুক্ত করিলে শ্রীযুক্ত চীফ জুষ্টীস সাহেব তাঁহারদের নিকটে বক্তৃতা করিলেন যে এই মিছিলে যে অল্প মোকদ্দমা আছে ইহাতে আপনারদের প্রতি আমার সন্তোষ জ্ঞাপন করি। কিন্তু ঐ অল্প মোকদ্দমার মধ্যে দুইটা খুনী মোকদ্দমার বিষয়ে আপনারদের বিশেষ মনোযোগ করিতে হইবে। পরে শ্রীযুক্ত তাবৎ বৃত্তান্ত কহিয়া জ্ঞানকৃত বধে এবং অজ্ঞানকৃত বধে কিরূপ দণ্ডের বিভিন্নতা আছে তাহা জ্ঞাপন করিলেন।

গ্রাণ্ড জুরির সাহেবেরদের নিবেদন।

মোকদ্দমা নিষ্পত্তি হওনসময়ে গ্রাণ্ড জুরির সাহেবেরা আপনারদের নিকটে যে সকল নালিস হইয়াছিল তাহা নিষ্পত্তি করিয়া তাঁহারদের সভাপতি আপনার ও আপনার সহকারিরদের নিমিত্ত শ্রীযুক্ত জজ সাহেবেরদের নিকটে নীচে লিখিত আবেদন করিলেন।

শ্রীশ্রীমতী রাণীর কলিকাতাস্থ সুপ্রিম কোর্টের প্রধান জজ শ্রীযুত সর এড্‌বার্ড রয়ন সাহেব ও শ্রীযুত জজ সর জন পিটর গ্রাণ্ট সাহেব বরাবরেষু।

শ্রীশ্রীমতী মহারাণীর কলিকাতার গ্রাণ্ড জুরীর সাহেবেরা নিবেদন করেন যে এই শহরস্থ যে শ্রেণীহইতে গ্রাণ্ড জুরী নিযুক্ত হয় তাঁহারা প্রায় সকলই ব্যবসায়ী এবং তাঁহারদের সময়োপযুক্ত প্রচুর২ কর্ম্ম আছে এবং যদ্যপি তাঁহারা এই সরকারী কর্ম্মে আপনারদের অবকাশমতে সময় দান করিতে অনিচ্ছু নহেন তথাপি যাঁহারা এই কর্ম্মকরণের যোগ্য তাঁহারদের মধ্যে এই কর্ম্মকরণের ভার সমানাংশে বিভাগ করিয়া দেওয়া উচিত। গ্রাণ্ড জুরির যে ফর্দে ক্লার্ক অফ দি ক্রৌন সাহেবের সহী আছে তাহা যদি প্রকৃত হয় তবে দুই বৎসরের মধ্যে একবারের অধিক কোন এক জনের গ্রাণ্ড জুরীর কর্ম্ম করিতে হইত না কিন্তু বর্ত্তমান জুরিরদের মধ্যে অনেকেরই দুই বৎসরের মধ্যে বারম্বার কর্ম্ম করিতে হইতেছে। এবং যে অন্যান্য ব্যক্তিরদের নাম ঐ ফর্দে আছে তাঁহারা প্রায় কখন এই কর্ম্ম করেন না।

গ্রাণ্ড জুরির সাহেবেরা আরো আবেদন করেন যে জুরিরদের সংখ্যা ২৩ অবধি ন্যূন করিয়া যদি ১৬ পর্য্যন্ত হয় তবে তাঁহারদের পক্ষে অনেক উপকার আছে এবং এইরূপ মতান্তর করণে আইনেও কোন নিষেধ নাই।

গ্রাণ্ড জুরির সাহেবেরা আরো নিবেদন করেন যে আপনারা রাস্তার মেরামত ও জল সেচনের বিষয়ে মনোযোগ করেন। এই শহরের মধ্যে বড়২ রাস্তার অতিকর্ণ্য মেরামত এবং জল সেচন না করা মহানিষ্ট বিষয় তাহা এই শহরের স্থাপিত আদালতের এলাকার মধ্যস্থ শ্রীশ্রীমতী রাণীর প্রজারদের স্বাস্থ্যবিষয়ে অমঙ্গল এবং সম্পত্তি ক্ষতিজনক ও প্রাণবিনাশক এই সকল অনিষ্ট বিষয় নিবারণের যে সকল উপায় আছে তাহা যদি প্রচুর না হয় তবে আমরা অর্থাৎ বর্ত্তমান জুরিরা এই সুযোগে আপনারদিগকে জ্ঞাপন করিতেছি যে আমারদের স্থানে যে টাক্স সংগ্রহ হয় তাহার ব্যয়বিষয়ে এবং যে মাজিস্ট্রেট ও অন্যান্যেরা ঐ টাক্সের উপস্বত্ব বিষয়ে কর্ত্তৃত্বকারী হন তাঁহারদিগকে মনোনীতকরণবিষয়ে যদি আমারদের সম্মতি বা অসম্মতি গ্রাহ্য হয় তবে আমরা নগরের সৌষ্ঠবার্থ অতিরিক্ত নূতন টাক্স দিতেও প্রস্তুত আছি বর্ত্তমানরূপ রক্ষণাবেক্ষণেতে আমারদের সন্তোষ নাই আমরা বারাবর টাক্স দিয়া আসিতেছি অতএব আমারদের ইচ্ছা যে রাস্তায় আলোক করণার্থ বা জল সেচনার্থ বা রাস্তা মেরামত নিমিত্ত বা শহর পরিষ্কার করণ নিমিত্ত যে সকল কর আদায় হয় তাহার ব্যয় বিষয়ে আমারদের সম্মত্যসম্মতির অপেক্ষা থাকে। এই সকল ব্যাপার সম্পাদনে অতি সৌষ্ঠব হইতে পারে। আমারদের বোধ হয় যে এই শহরের মধ্যে

SUMACHAR DURPUN.

SATURDAY, DECEMBER 16TH. 1837.

Supreme Court.

The fourth Quarter Sessions, Oyer and Terminer, commenced on the 8th inst. before the Chief Justice, Sir Edward Ryan. After the Grand Jury had been sworn, and had chosen their foreman, the Chief Justice delivered his charge, congratulating them on the few cases coming before them this sessions. Of these few cases, however, there were two which required their serious attention. There are two cases of murder. His lordship detailed the particulars and pointed out the distinction between murder and manslaughter.—*Engl.*

Presentment of the Grand Jury.

During the trial of the cases, and after the Grand Jury had disposed of the indictments submitted to them, the foreman, on behalf of his colleagues and himself, delivered the following:

"To the Honourable Sir Edward Ryan, Knight, Chief Justice. The Honourable Sir John P. Grant, Knight, Puisne Justice of Her Majesty's Supreme Court at Calcutta.

The Grand Jurors of our Sovereign Lady the Queen do present, that the class of persons in whom the duties of grand jurymen in this city devolve, are for the most part men of business, who have full occupation for their time; that however willing to devote a reasonable portion of their time to the discharge of a public duty, a fair and equal division of the labour among those liable to serve should be secured to them. If the list of grand jurors bearing the signature of the Clerk of the Crown be a correct one, it should not fall to the lot of any individual to serve on a grand jury, more than once in two years, whereas many of the present jury are called upon to serve much more frequently, while others whose names are on the list appear to evade the duty altogether.

The grand jurors further beg to remark, that a reduction of the number of grand jurors from 23 to 16 (to which they understand there is no legal objection) would afford considerable relief.

The grand jurors next beg to call your Lordship's attention to the state of the roads, both as regards repairs and watering: the inefficiency of the former, and the partial or total absence of the latter, on the grand line of communication intersecting this city, are nuisances of great magnitude, prejudicial alike to the health and property, and dangerous to the lives of Her Majesty's subjects residing within the jurisdiction of her Court here established. If the means available for the removal of these nuisances are not sufficient, the present jurors take this opportunity of expressing their willingness to be taxed for municipal purpose, provided they are allowed a voice in the application of the tax levied from them, or in the election of the Magistrates or others who are to have the controul of the produce of the tax. That they are not satisfied with the result of the present system of management, and, as rate payers, would prefer to have some voice in the application of the sums raised by an assessment, and other wise for lighting, watering, paving, or cleansing the Town, all which they consider capable of immense improvement. That they consider many parts of the Town a disgrace to any

এমত অনেকং কুস্থান আছে যে তাহা সভ্য রাজধানীর অতি লজ্জাকর অতএব এই বিষয় সম্পূর্ণরূপে আমূল শোধনার্থ উপযুক্ত স্থানে আপনারা নিবেদন করেন এমত আমরা প্রার্থনা করি।

আবা।

রাঙ্গুণহইতে লেডি ক্লিফর্ডনামক জাহাজ পঁহুছনেতে ঐ স্থানীয় ১ তারিখের লিখিত আমারদের পত্রপ্রেরকের এক পত্র পাওয়া গিয়াছে তদ্দ্বারা নীচে লিখিতব্য সম্বাদ অবগত হওয়া গেল।

থরাবাদি রাজা অনেককালের পর স্বীয় পরিজন ও দরবারস্থ তাবৎ অমাত্যবর্গের বিনীতি পরামর্শ শুনিয়া খোকমৌন অর্থাৎ যে স্থানে তিনি রাজধানী করিতে মনস্থ করিয়াছিলেন তাহা ত্যাগ করিতে স্থির করিয়াছেন সেই স্থান অতি অস্বাস্থ্যজনকও হইয়াছে এইক্ষণে মানস করিয়াছেন যে ঐ স্থানহইতে প্রত্যাগত হইয়া আবাতে বাস না করিয়া অমরাপুরে বাস করিবেন ঐ স্থান তাঁহার পিতামহের ছিল এবং তিনি কহেন যে ঐ স্থানই মেরামৎ করিয়া আমি বাস করিব।

তাঁহার কার্য্যে অধিকাংশ প্রজারা বিরক্ত আছেন জানিয়া এক ইশতেহার প্রকাশ করিয়াছেন এবং তিনি যে শপথ করিয়াছিলেন তদ্বিষয়ে অথবা তাঁহার ভ্রাতুষ্পুত্রের যে স্বত্ব আছে তদ্বিষয়ে কিছুমাত্র উল্লেখ না করিয়া এইমাত্র কহেন যে আমি ঐ ভ্রাতার অস্বাস্থ্যপ্রযুক্ত রাজ্যভার গ্রহণ করি। আমরা অবগত হইলাম যে তিনি যখন সিংহাসন প্রথম আক্রমণ করেন তখন আবাতে এইরূপ এক ঘোষণা করত এমত মিথ্যা কহিলেন যে ঐ ভ্রাতা স্বেচ্ছাপূর্ব্বকই আমাকে রাজ্য দান করিয়াছেন। সকলই কহেন যে এইক্ষণে ঐ ভ্রাতার মন ও শরীর যেমন উত্তমাবস্থায় আছে তাদৃশ পূর্ব্বে অনেক বৎসরাবধি ছিল না বটে কিন্তু যদ্যপি তিনি রাজ্যকরণক্ষম ছিলেন না তথাপি তাঁহার পুত্রই বর্ম্মারদের ব্যবস্থা ও ব্যবহারানুসারে সিংহাসনাধিকারী হন ভ্রাতা কদাচ অধিকারী হইতে পারেন না। কিন্তু থরাবাদির এইরূপ ঘোষণা করাতে বোধ হয় যে প্রজারদের অভিপ্রায়মত কিঞ্চিৎ২ তাঁহার মানিতে হইতেছে। কথিত আছে যে তিনি আরো এমত ঘোষণা করিয়াছেন যে পূর্ব্বকার রাজকর্ম্মকারকেরদের স্থানে আমি এত ভূরিং টাকা পাইয়াছি যে তাহাতে এইক্ষণে আর আমার রাজস্ব লওনের কিছু আবশ্যকতা নাই। অতএব এই সকল অনুষ্ঠানের দ্বারা বোধ হয় যে তিনি অত্যল্পকালের মধ্যে প্রজারদিগকে রাজশাসনের দ্বারা অনুরক্ত করিতে পারিবেন। যখন তিনি এইরূপে প্রজারদিগকে তুষ্ট করিয়া উঠিবেন তখন আমরা নিশ্চয় বুঝিতে পারি যে আমারদের বৃটিস গবর্ণমেণ্ট বিলক্ষণ অবগত হইবেন যে এমত বলবান্ রাজাকে আমারদের সন্নিহিত রাজ্যের মধ্যে আপনাকে সংস্থাপক হইতে দেওয়াতে বুদ্ধি ও পারদর্শিতাংশের ত্রুটি হইয়াছে যেহেতুক প্রথমে অল্পব্যয় ও অল্পায়াসেই ইহা নিবারণ হইতে পারিত।

যদ্যপি আমরা এমত শুনিতাম যে আমারদের যুদ্ধনিমিত্ত গমন ও যুদ্ধোদ্যোগ বিষয়ক যে সম্বাদ থরাবাদির আমলারদের নিকটে পঁহুছিয়াছে তাহা শুনিয়া তাঁহারদের উদ্বেগ জন্মিয়াছে তবে তাঁহারা একপ্রকার শান্ত্যবস্থায় থাকিতে পারিতেন এবং বৃটিস গবর্ণমেণ্টের বিষয়েও কিছু মর্য্যাদা রাখিতেন। কিন্তু শুনিয়া খেদিত হইলাম যে রাঙ্গুণ ও আবাতে কএক জন বাণিজ্যকারী অতি মনোযোগপূর্ব্বক থরাবাদির সেনাপতির

civilized capital, and respectfully yet earnestly press on the attention of the Court, for presentation in the proper quarter, the necessity of a thorough improvement in these matters.—*Hurk.*

Ava.

The *Lady Clifford*, from Rangoon, has brought us letters from a correspondent of the 1st instant, from which we gather the following intelligence.

Tharrawaddie has at length apparently yielded to the solicitations of his own family as well as of the whole of his Court, and consented to leave Khoukmoung, which has also proved very unhealthy,—and he proposes, we understand, to come down the country again, not to Ava, but to Umeerapura, his grandfather's city, which he now talks of repairing and making his future capital.

Sensible also, it would appear, that a large majority of the people are dissatisfied with his proceedings, he has issued a proclamation explaining, without reference however to the solemn oath which he took, or to the rights of his nephew, that he has assumed the sovereignty in consequence of the indisposition of his brother. On first seizing the throne, we understand, he issued a similar proclamation at Ava, and in which he untruly declared, that his brother had voluntarily transferred the sovereignty to him. The brother, all accounts say, is now in a better state of mind and body than what he had been for several years past; and even if he really were unfit to govern, his son, according to Burmese law and custom, was the proper person, and not the brother to relieve him. Tharrawaddie's proclamation, however, shows something like respect for the opinions of the people, and by such acts as well as by the declarations, which he is said to have made, that he will levy no revenue for the present, having collected an abundance of treasure from all the servants of the late Government, he will not be long, we presume, in reconciling the inhabitants in general to his administration. As soon as he has accomplished this object, our Government, we may venture to predict, will discover its want of judgment and foresight in having allowed a chief of such a character to establish himself in a great empire in our neighbourhood, when it might have been prevented with very little trouble and expense.

We should like to have heard that Tharrawaddie's officers continued uneasy at the reports taken to them of our military movements and hostile preparations, because we believe that such uneasiness would be the most likely cause of keeping them quiet and respectful as far as our Government is concerned; but we regret to learn, that some traders both at Rangoon and Ava

দের এই সকল ভয় দূর করিতে উদ্যোগ করিয়া তাঁহারদিগকে কহিয়াছেন যে তাঁহারদের মুনীব বৃটিস গবর্ণমেণ্টের প্রতি যে সকল অসম্ভ্রমের উক্তি করিয়াছিলেন তাহাতে ঐ গবর্ণমেণ্ট কিছুমাত্র প্রতিফল দিতে এবং বর্ম্মারদের লেঠার মধ্যে প্রবিষ্ট হইতে ইচ্ছা করেন না।

থরাবাদি মৌলমেনের সম্মুখবর্ত্তি মার্ত্তাবান স্থানে আরো এমত ঘোষণা করেন গত ১০।১১ বৎসরের মধ্যে যে ১৫।২০ হাজার তালাইন জাতীয়েরা ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারস্থ হইয়াছে তাহারদিগকে পিগু দেশে ফিরে বাস করিতে আহ্বান করিতেছেন এবং তাহারদের নিকটে এমত অঙ্গীকার করিয়াছেন যে তোমারদের বাটী ভূমি ও আরং সম্পত্তি সকল ফিরিয়া দিব এবং তোমারদিগকে পূর্ব্বকার ও বর্ত্তমান ঋণহইতে মুক্ত করিয়া নানাপ্রকারে সম্ভ্রান্ত করিব।

শ্রীশ্রীমতী রাণীর লারন নামক জাহাজ গত দিবসে মৌলমেনে কলিকাতাহইতে প্রস্থান করিল। অবগত হওয়া গেল যে ঐ জাহাজের দ্বারা টেনাসরিমের কমিস্যনর শ্রীযুত ব্লাণ্ডল সাহেবের নিকটে পত্র প্রেরণ করা যায় এবং রাঙ্গুণের রেসিডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত বেফিল সাহেবের নিকটে পত্র যায় তাহাতে লেখেন যে শ্রীযুত কর্ণল বর্ণি সাহেবের অস্বাস্থ্য হওয়াতে এবং তিনি স্বীয় কর্ম্মে পুনর্ব্বার যাইতে অক্ষম হওয়াতে আসিষ্টাণ্ট শ্রীযুত ডাক্তর বেফিল সাহেব এইক্ষণেই রেসিডেণ্টী ভার গ্রহণ করিয়া আমার দরবার এবং এখানকার তাবৎ লিখন পঠনাদি করিবেন। ঐ পত্রের প্রকৃত মর্ম্ম কিরূপ তাহা আমরা নিশ্চয় কহিতে পারি না।

যুদ্ধার্থ প্রস্তুতহওন।

অবগম হইল যে শ্রীযুক্ত লার্ড বিশপ সাহেব যে এক্সপেরিমেণ্টনামক বাষ্পীয় জাহাজারোহণে কলিকাতায় আগমন করিতেছেন ঐ জাহাজ কলিকাতায় পঁহুছিলে আরাকানে প্রেরিত হইবে এবং গবর্ণমেণ্ট আর দুইখান যুদ্ধজাহাজ নির্ম্মাণ করিতে আজ্ঞা দিয়াছেন তাহাতে ভ্রমণকারি দুইটা ১৬ সের কামান থাকিবে এবং ঐ জাহাজের দ্বারা যুদ্ধের সরঞ্জাম ও লওয়াজিমা দ্রব্যাদিও প্রেরণ হইতে পারিবে।

আরাকান।

ক্যাক ফিউকহইতে আগত এক পত্রে লেখে যে আমি আহ্লাদপূর্ব্বক আপনাকে জ্ঞাপন করিতেছি যে এই অঞ্চলে এইক্ষণে তাবদ্বিষয় শান্ত্যবস্থায় আছে এবং যুদ্ধারম্ভ হইলেই যদ্যপি প্রথমে এই অঞ্চলের উপর অত্যাচার হইবে তথাপি ঝটিতি এই স্থানের কোন ব্যাঘাত হইবে না বোধ হইতেছে। বর্ম্মারদের সাকল্যরূপে আক্রমণার্থ এই স্থান অত্যুপযুক্ত। আয়ঙ্গনামে প্রসিদ্ধ পর্ব্বতীয় পথহইতে কেবল দুই জোয়ারে আসা যায়। ঐ পথদিয়া ব্রহ্মদেশীয়েরদের তাবদ্বাণিজ্য চলে এবং আবাহইতে ঐ পথদিয়া বর্ম্মারদের সৈন্যেরা এইস্থানে দুই সপ্তাহের মধ্যে পঁহুছিতে পারে। অন্যান্য বড়ং নগর এই স্থানাপেক্ষাও নিকট বিশেষতঃ এক নগর কেবল চারি মঞ্জিল অন্তরিত অতএব ১০।১২ বা ১৫ দিবসের মধ্যে বর্ম্মারদের ৫।৬ হাজার লোক অনায়াসে আরাকানে পঁহুছিতে পারে। কিন্তু এই স্থানে ঐ সৈন্যেরদের আক্রমণ নিবারণের উপায় অতি অনুপযুক্ত আছে যেহেতুক তাবৎ সুশিক্ষিত সৈন্যেরা এইক্ষণে আক্যাব ও ক্যাকফিউক ও সাণ্ডোবে ও অন্যান্য স্থানে ছিন্নভিন্ন হইয়া আছে এবং তাহারা রুগ্ন ভুগ্নও বটে এইপ্রযুক্ত হঠাৎ কোন মহাক্রমণ হইলে তাহা নিবারণে ক্ষম হইতে পারে না। আ

have been very active in removing all uneasiness from the minds of Tharrawaddie's officers, and assuring them that the Governor General has no intention or desire of resenting their master's insulting language or meddling with him.

Tharrawaddie has also sent down a proclamation to Martaban, directly opposite to our station of Moulmein, inviting back to Pegu all the 15,000 or 20,000 Talains who emigrated into our Provinces during the last 10 or 11 years, promising to restore to them their houses, lands, and other property, and engaging that they shall be released from all their former debts and free from taxation, and that they shall receive other immunities and honours.—*Hurk.*

H. M. S. *Larne* left town yesterday for Moulmein. We understand she conveys dispatches to M. Blundel, the Commissioner of Tenasserim, and Dr. Bayfield, the assistant to the Resident at Rangoon, announcing that in consequence of the illness of Col. Burney, and his inability to return to his duty, the assistant, Dr. Bayfield, will for the present take charge of the Residency, and communicate directly with the Court of Ava and the Government here. Of course we cannot learn the exact tenor of these dispatches.—*Bengal Herald.*

Warlike Preparation.

We learn that the *Experiment* steamer which is now coming down with the Bishop, is to be despatched to Arracan on her arrival at Calcutta, also that Government have sanctioned the building of two war boats carrying two traversing 32-pounder carronades capable of conveying troops, baggage, stores, &c. —*Hurk. Dec.* 11.

Arracan.

A letter from *Khyoo Phyoo* states —I have the pleasure to inform you that all is at peace in this district, and for the present likely to remain so, though this were doubtless the first point of attack when the rupture is made. This place is situated most advantageously for a successful attack. It is only about two tides distant from the celebrated Aeng pass, by which all the Burmese merchants pass to Ava, which is only about a fortnight's march for the Burmese troops. Other towns of importance are much nearer, one especially, only about 4 marches. So that in 10 or 12, say 15 days at the most, a party of 5 or 6000 men might be marched upon our Arracan territory. At present the means of defence is very inefficient, the regulars being scattered at Akyub, Khyook Phyoo, Sandoway, as well as being much broken by sickness, renders them almost inefficient for

রাকানাস্থ মগ সৈন্যেরদিগকে এইক্ষণে উত্তমরূপে শিক্ষা করাণ যাইতেছে তাহারা উত্তরকালে উত্তম কর্ম্মণ্য হইবে আমি বুঝি যে মগ সৈন্যেরদের উপরে যদি ভদ্র সেনাপতি থাকেন তবে বর্ম্মারদের ভয়ঙ্কর হইতে পারিবে। বর্ম্মারদিগকে তাহারা অতিঘৃণা করে এইপ্রযুক্ত ইঙ্গলণ্ডীয়েরদের প্রতি প্রভুভক্ততা রাখিতে পারে। কিন্তু গবর্ণমেণ্টের উচিত যে নিয়মমত শিক্ষিত এক পল্টন সৈন্যকে প্রস্তুত করিয়া রাখেন যে ক্ষণে বর্ম্মা সৈন্যেরা আমারদের সীমাতে প্রথম আক্রমণ করিবে সেইক্ষণেই বাষ্পীয় জাহাজের দ্বারা ঐ সৈন্যেরদিগকে প্রেরণ করেন যেহেতুক এক পল্টনেতে যদি কএক জন নিপুণ সেনাপতি থাকেন তবে তাঁহারাই সহস্রং বর্ম্মারদিগকে তাড়িয়া দিতে পারিবেন। এই বিষয়ে গবর্ণমেণ্টের অতিশীঘ্র মনোযোগ করা উচিত যেহেতুক আরাকান দেশ বর্ম্মারদের অতিপ্রিয়।

দুর্ভিক্ষ।

গবর্নর্ জেনরল বাহাদুর।

সম্প্রতি আগ্রাহইতে অতিপ্রামাণিক এক ব্যক্তির প্রমুখাৎ শ্রবণ করিয়া অত্যন্ত খেদিত হওয়া গেল যে উত্তরাঞ্চলে দুর্ভিক্ষপ্রযুক্ত যে ক্লেশ হইতেছে তাহা একেবারে অনাহারের ক্লেশ কহা যাইতে পারে এবং বিশেষ খেদের বিষয় এই যে শ্রীলশ্রীযুক্তের গমনীয় পথেই এইরূপ দুর্ভিক্ষ হইয়াছে। শ্রীলশ্রীযুক্তের সঙ্গে যত লোক ও অশ্ব ও হস্তিপ্রভৃতি যাইতেছে তাহারদের আহারীয় দ্রব্যের ব্যয়েতে দুর্ভিক্ষ প্রদেশে তাঁহারদের ক্লেশজনক ও দরিদ্র প্রজারদের পক্ষে যৎপরোনাস্তি অমঙ্গল অতএব এই মাসের ৮ তারিখের হরকরা পত্রে আমরা যে সম্বাদ প্রকাশ করিয়াছিলাম অর্থাৎ ডেপুটি কমিস্যরী জেনরল সাহেব এমত কহিয়াছেন যে শ্রীলশ্রীযুক্তের গমনেতে বর্ত্তমান দুঃখাবস্থার আরো বৃদ্ধি হইবে। এই সম্বাদের উপরে নির্ভর করা যাইতে পারে। হইতে পারে যে শ্রীলশ্রীযুক্ত এইক্ষণেই কলিকাতাভিমুখে আগমন করিতেছেন।

অবগত হওয়া গেল কলিকাতায় এমত সম্বাদ পঁহুছিয়াছে যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর দুই মাসের মধ্যে কলিকাতা রাজধানীতে প্রত্যাগমন করিতে কল্প করিয়াছেন। তাহার এক কারণ এই যে পশ্চিমাঞ্চলের নানা জিলাতে বর্ত্তমান দুর্ভিক্ষপ্রযুক্ত সমভিব্যাহারি মহাজনতার ব্যয়োপযুক্ত আহারীয় দ্রব্য যোগান সুকঠিন। অপর কারণ অদ্যপর্য্যন্ত ব্যক্ত হয় নাই। আমারদের বোধ হয় যে এই সম্বাদ প্রত্যয়নীয় বটে।

অবগত হওয়া গেল যে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর গত ৯ তারিখ শনিবারে আলাহাবাদহইতে কানপুরে গমনার্থ কল্প করিয়াছিলেন ঐ স্থানে শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব শ্রীলশ্রীযুক্তের সঙ্গে সাক্ষাৎ করিবেন। আলাহাবাদ হইতে ছাউনি উঠিয়া ফত্তেগড়ে যাইবে। ৬ তারিখে আলাহাবাদে এক দরবারকরণ কল্প স্থির হইয়াছিল যেহেতুক ঐ স্থানে এতদ্দেশীয় কতিপয় মান্য ব্যক্তির উপস্থিত ছিলেন তন্মধ্যে প্রসিদ্ধ বান্দার নওয়াব শ্রীযুত দীনায়ত্ত দাস এবং বায়ী বাবায়ীর দুই জন কুটুম্ব।

বর্দ্ধমানের ভাক্ত রাজা।

আমরা শুনিয়াছিলাম যে বর্দ্ধমানের ভাক্ত রাজার দাবির বিষয়ে উপযুক্ত আদালতে নিষ্পত্তি হইয়াছে বা হইবে এবং কৌশলক্রমে গবর্ণমেণ্ট এবং মান্যং উচ্চ পদস্থ ব্যক্তিরদিগকে স্বপক্ষে সাহায্যকরণার্থ যে উদ্যোগ করিতেছেন

repelling any considerable or sudden attack. The local corps of Mugs is under efficient training, and promised to be a very excellent corps. The Mugs, I should think, will, if well led on, prove formidable opponents to the Burmese; the dislike they bear to the Burmese will secure their fidelity, but the Government should have a regiment of regulars ready to be despatched by steam to this district on the first intimation of a movement towards the frontiers; for, one regiment headed by some officers will repel a host of boasting Burmans. It is important that this should receive the prompt attention of Government, for Arracan is dear to the Court of Ava. - *Engl.*

Scarcity.—The Governor General.

We regret to learn from the testimony of a native of respectability just come down from Agra, that distress, approaching to famine, is prevailing in the north, and what is most to be lamented directly in the line of Lord Auckland's progress. The influx of so large a number of consumers of provisions as attend his Lordship, men, horses, and elephants, into a land of famine, must not only be greatly distressing to themselves, but must be a most serious calamity upon the miserable inhabitants; we, therefore, think that the information we published in the *Hurkaru* of the 8th, relative to the opinion expressed by the Deputy Commissary General, that his Lordship's progress would aggravate the existing distress, may be relied on, and consequently that it is most probable that his Lordship is now on his way back to Calcutta.—*Hurk.*

We understand that accounts have been received in town of the Governor General's intention to return to the Presidency in two months, owing partly to the existing scarcity in the Provinces, and to the consequent difficulty of procuring sufficient supplies for the consumption of so large a party, and partly to another cause not yet divulged. We believe that this intelligence may be relied upon.—*Daily News, Dec.* 11.

We understand the Governor General was to leave Allahabad on Saturday last, the 9th instant, for Cawnpore, where Sir Charles Metcalfe will meet his Lordship. The camp will thence proceed on to Futtyghur. A Durbar was to be held at Allahabad on the 6th instant, there being several natives of rank at the place, the most distinguished of whom are Denait Dos, the Nawaub of Banda, and two relations of the Baiza Bae.—*Cal. Cour.*

The Pseudo Raja of Burdwan.

We had imagined that the question of the Burdwan Pretender's claims had been, or was to be settled by a competent tribunal, and that the erratic gentleman had abandoned the habit of seeking by indirect means to interest

তাহা ত্যাগ করিয়াছেন। কিন্তু এইক্ষণে যেমন শুনা গিয়াছে তদ্দ্বারা বোধ হয় যে তদ্রূপ নহে। অবগতি হইল যে ঐ রাজা ইহার পূর্ব্বে জেনরল আলার্ড সাহেবকে যেমন ত্যক্ত করিয়াছিলেন তেমনি এইক্ষণে জেনরল বেণ্টুরাকে আপনার প্রার্থনা বিষয়ে মনোযোগ করিতে উত্ত্যক্ত করিতেছেন। জেনরল বেণ্টুরা এইক্ষণে সরকারী কোন ভারাক্রান্ত হইয়া আইসেন নাই কলিকাতার মধ্যে তাঁহাকে একজন অতিথির ন্যায় জ্ঞান করা যাইতে পারে। অতএব তিনি অতি যথার্থরূপে উক্ত রাজার বিষয় উপেক্ষা করিয়াছেন অতএব তিনি যদি ঐ সাহেবকে আর দেক না করেন তবে তাঁহাকে ভদ্রজ্ঞান হইতে পারে। ঐ রাজার যে কিঞ্চিৎ সঞ্চিত বিষয় ছিল তাহা যে সকল ব্যক্তি তাঁহাকে বেষ্টন করিয়া আছেন তাহা নিত্যং ব্যয়ের দ্বারা শেষ করাইতেছেন এবং নিত্যং মিথ্যা ভরসাতে পূর্ণ করিতেছেন তাহারদের উচিত জেনরল বেণ্টুরা অর্থাৎ যে এক জন বিদেশী অতিথি রূপ সাহেব আমারদের মধ্যে নির্লিপ্ত হইয়া বাস করিতেছেন তাঁহাকে আর বিরক্ত না করেন।

আফীণ

কাণ্টন নগরহইতে যে শেষ পত্র আইসে তাহার এক পত্রে লেখে যে আমারদের আফীণের বাজার অতি অভদ্রাবস্থায় আছে। কাণ্টন নগরে তাহা বিক্রয় করা অসাধ্য হইয়াছে। কএকখান জাহাজ পূর্ব্ব দিগস্থ তটে প্রেরিত হইয়াছে সেই স্থানে এক্ষণেও কিঞ্চিৎ বিক্রয় হইতে পারে কিন্তু যদ্যপি এই স্থানে বাণিজ্যাবস্থার কোন ভদ্রতরূপ পরিবর্ত্তন না হয় তবে বর্ত্তমান বৎসরে অথবা আগামি বৎসরে যে আফীণ আমদানীর কল্প আছে তাহা কোন প্রকারেই উঠিবে না বোধ হয়। বাজারভাওর যে ফর্দ্দ পাঠান যাইতেছে তদ্দ্বারা আপনি তাহার দর জানিতে পারিবেন কিন্তু সে কেবল নামমাত্র। এবং আফীণ ক্রয় বিক্রয় করিতে যত লোক ধরা পড়ে তাহারদের প্রতি চীনীয় গবর্ণমেণ্টের এমত কঠিন হুকুম আছে যে দালালেরা সর্ব্বদা সশঙ্কিত কাহারো সঙ্গে দেখা করিতেই পারে না। অতএব বর্ত্তমানাবস্থায় অতিসাবধানতাতেই আফীণ প্রেরণ করিতে হয় অত্যল্প মূল্যে ক্রীত না হইলে প্রেরণ করা উচিত হয় না। এই স্থানে এই প্রকার একটা জনশ্রুতি হইয়াছে যে দুই মাসের মধ্যে এই বিষয়ের সর্ব্বপ্রকার প্রতিবন্ধক উঠিয়া যাইতে পারে কিন্তু ঐ প্রবাদের উপর আমরা ভরসা রাখিতে পারি না যদ্যপি তাহা হয় তবে অবিলম্বেই আপনাকে জ্ঞাপন করিব

শুনা গেল ওয়াটরউইচনামক জাহাজ এইক্ষণে ১২০০ সিন্দুক আফীণ লইয়া চীন দেশে যাইতেছে। বোধ হয় যে এত অধিক আফীণ এক জাহাজের দ্বারা ইহার পূর্ব্বে কলিকাতা বন্দরহইতে কখন প্রেরণ হয় নাই।

১৮৩৮ সালের সরিফ সাহেব।

শ্রীযুক্ত ভারতবর্ষীয় কৌন্সলের প্রেসীডেণ্ট শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের জজ সাহেবেরা যে কএক জন সাহেবেরদের নামাঙ্কিত করিয়াছেন তন্মধ্যে আগামি বৎসরের নিমিত্ত শ্রীযুত জেম্স ইয়ং সাহেবকে কলিকাতার সরিফীপদে নিযুক্ত করিয়াছেন।

কএক মোগলের কুকর্ম্ম।

কথিত আছে যে গত সোমবার অপরাহ্নে এক জন মোগলের পরিহিত বস্ত্র মাছুয়া বাজারের, মধ্যদিয়া আগমন

government and individuals of rank and degree in his cause. From what has reached us, however, this would not appear to be the case. The pseudo Rajah has, we understand, been pestering General Ventura to assist his views in like manner as he teazed General Allard, but the former officer, who is here merely as a private individual, and may be regarded as one of the guests of the Calcutta community, has very properly disregarded the appeals made to him, and would be glad to be relieved from further importunities. It is to be hoped that those who surround the Rajah, preying upon his means and feeding his famished hopes, will see the propriety of abstaining for the future from those indecent interruptions of the quiet and retirement of a foreign guest. -- *Engl. Dec.* 14.

Opium.

One of the latest letters from Canton says, "our Opium market continues in a most unsatisfactory state, and it is quite impossible to effect sales at Canton. Several vessels have been sent up the eastern coast where the deliveries are still practicable to a limited extent, but we fear we should never be able to get through the quantity yet to come on the next year's supplies, unless some change takes place in the trade here. In the accompanying Price Current, you will observe the quotations, but they are quite nominal, and the brokers are afraid to be seen even moving about, so strict are the orders of Government to seize all parties found trafficking in the drug. Under present circumstances, therefore, great caution is requisite in making shipments, and only at very low prices. There is some rumour of the restrictions being removed in about a couple of months hence, though we cannot calculate upon it, but should such be the case, we will lose no opportunity of apprising our friends of it." —*Eng.*

We learn that the *Water Witch* sails with upwards of 1200 chests of Opium on board,—the largest quantity, we believe, ever shipped on board one vessel in this port. -*Eng. Dec.* 11.

Sheriff for 1838.

The Honourable the President of the Council of India in Council has been pleased to appoint James Young, Esq. one of the Gentlemen nominated by Her Majesty's Judges of the Supreme Court, to be Sheriff of Calcutta during the ensuing year.

Misconduct of certain Moguls.

It is stated, on the forenoon of Monday last, the clothes of a Mogul being torn, at Machua Bazar, by a Baboo's palanqueen running foul of the same, a

শীল এক বাবুর পাল্কির ধাক্কা লাগাতে ছিঁড়িয়া গেল তাহাতে কএক জন মোগল ও অন্যান্যেরা অতি ক্রোধান্বিত হইয়া পাল্কির উপর পড়িল তাহাতে বাবু প্রহারভয়ে পাল্কিহইতে লাফ দিয়া পলায়ন করিলেন পাল্কিখান আক্রামকেরা লইয়া গেল।

ঔষধালয়।
ডাক্তর রাঙ্কিন সুপরিণ্টেণ্ডেণ্ট।

এমত জনশ্রুতি আছে যে নানা ঔষধালয় অল্প দিনের মধ্যে স্থাপিত হইবে তাহাতে চিকিৎসা শিক্ষালয়ের ছাত্রেরা কর্ম্ম পাইবেন এবং শ্রীযুত ডাক্তর রাঙ্কিন সাহেব তাহার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন ছাত্রেরা সব আসিষ্টাণ্ট সরজন নামে বিখ্যাত হইবেন এবং জিলার চিকিৎসক সাহেবের অধীনে এক২ জন ছাত্র নিযুক্ত হইবেন। ঐ চিকিৎসক সাহেবকে এই অতিরিক্ত ভারের নিমিত্ত অধিক মাসে ৩০ টাকা করিয়া দেওয়া যাইবে ইহাতে সাহেবের কেবল সওয়ারিভাড়া মাত্রের আনুকূল্য হইবে।

পারস দেশ।

সংপ্রতিকার লিখিত পারসদেশ হইতে যে পত্র পঁহুছিয়াছে তাহাতে লেখেন যে শ্রীযুত রাজা হিরাটের যুদ্ধার্থ গমন করিবেন কি না তদ্বিষয়ে অদ্যপর্য্যন্ত সন্দেহ আছে। তিন পল্টন সৈন্য অবাধ্য হইয়া তেহরানের নিকটস্থ এক মন্দিরে ছাঁউনি করিয়া আছে এবং আর তিন পল্টন একত্র হইয়া স্ব২ গৃহে প্রত্যাগমন করিয়াছে। সংপ্রতি রাজা যে তিন জন রাজকীয় ব্যক্তিকে আন্দীবলে কয়েদ করিয়াছিলেন তাঁহারা রুসীয়দেশে পলায়ন করাতে রাজার বিলক্ষণ ভয় জন্মিয়াছে তাঁহারা অপদস্থ রাজা ও তাঁহার সেনাপতি এবং রাজার অন্য এক পিতৃব্য। উক্ত ব্যক্তিরা অত্যাশ্চর্য্যরূপে মৃত্তিকার ভিতরে একটা সুড়ঙ্গ করিয়া প্রস্থান করেন। পারসদেশে যত লোক পলায়ন করিয়া আশ্রয় লয় তাহারদিগকে পারসীয়েরদের যেমন ফিরে পাঠাইতে হয় তেমন রুসীয়েরদের প্রতি আদেশ নাই।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।
৭ ডিসেম্বর ১৮৩৭।

অন্যান্য কর্তৃকোপ্থাপিত দৈবসিক ইঙ্গরেজী পাঠশালা স্থাপনহেতু শ্রীযুত বাবু কাশীনাথ বসুজর প্রস্তাবে উক্ত বিদ্যামন্দিরের কর্ম্মনিষ্পাদন সভা আহ্লাদপুরঃসর সম্মতিদ্বারা "হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসনের প্রথমাধীনা পাঠশালা" উপাধি ধারণকারণ অনুমতি প্রদানে জিলা বারাসতান্তর্গত আনরপুর স্থানে স্থাপিতা হইয়াছে।

পশ্চাল্লিখিত ব্যক্তিদ্বয় কথিত সংপৃক্ত কার্য্য সমাধাজন্য নিযুক্ত হন।

শ্রীযুত বাবু মধুসূদন সরকার প্রধান শিক্ষক ও মুদ্রাসংগ্রাহক।

এবং শ্রীযুত কাশীনাথ বন্দ্যোপাধ্যায় সাহায্যকারক ঐ ঐ।

আজ্ঞাক্রমে
শ্রীকৃষ্ণহরি বসোঃ
প্রধান সম্পাদক।

পত্রপ্রেরকেরদের প্রতি।

কস্যচিৎ জনানাং ইতিস্বাক্ষরিত পত্রাদি এই দর্পণেও প্রকাশকরণে অক্ষম হওয়া গেল। কস্যচিৎ যশোহর নিবাসি দেশোপকারাভিলাষিণ ইত্যঙ্কিত পত্র এবং কস্যচিৎ সিঙ্গুর বাসিনঃ ইত্যঙ্কিত পত্র এবং কস্যচিৎ পাবনানিবাসি স্বাক্ষরিত পত্র এবং কস্যচিৎ দর্শকস্য ইত্যঙ্কিত পত্র বিবেচনাবস্থায় রহিল।

কস্যশ্চিদনূঢ়কন্যাঃ কুমার্য্যা ইত্যঙ্কিত পত্র এবং আজ্ঞাকারি শ্রীহুগলি নিবাসিন ইতিস্বাক্ষরিত পত্র এবং কস্যচিৎ মুরশিদাবাদের শ্রীযুত রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুরের বেতনভুক জনস্য ইতিস্বাক্ষরিত পত্র অর্পণীয় বটে।

কেষাঞ্চিৎ চৌকী শালিখার অধীন সমস্ত প্রজাবর্গাণাং ইতিস্বাক্ষরিত অতিদীর্ঘ পত্র রাজস্ব আদায়ের ভারাক্রান্ত এক মিলেটরী সাহেবের আদালতবিষয়ক পত্র প্রকাশযোগ্য বোধ হয় না।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

আমারদিগের পত্র প্রেরক এমত এক ব্যবহারের উপর লিখিতে আমারদিগকে অনুরোধ করিয়াছেন তাহাতে পুরুষের পক্ষে কলঙ্ক স্ত্রীর পক্ষে দুঃখজনক ঐ ব্যবহার আমারদিগের মতে নিতান্ত অন্যায়। ঐ ঘৃণিত ব্যবহার এই যে হিন্দু স্ত্রীলোকেরদের বিবাহ বিষয়ে এপর্য্যন্ত আপত্তি আছে তাহাতে চিরকালের নিমিত্ত তাঁহারদিগের মনকে দাস্যাবস্থায় রাখে ঐ অবস্থা হইতে এক্ষণে উদ্ধার হইবার চেষ্টা আমরা পাইতেছি কিন্তু স্ত্রীলোকেরদিগের বিবাহ বিষয়ে নীচ ব্যবস্থা থাকাতে উহাঁরা কদাচ ঐ অবস্থা হইতে মুক্ত হইতে পারিবেন না। আমরা বোধ করি এই দাসত্ব শৃঙ্খল ত্বরায় ত্যাগ করিলে এই জানা যাইবেক যে বিদ্যা আমারদিগের মধ্যে রোপণ হইয়াছে তাহা অনর্থক হয় নাই বরং যে সুফলের আশা করা গিয়াছিল তাহা ফলিতেছে। ঐ দাসত্ব শৃঙ্খল ব্যবহারের নিমিত্ত আমারদিগকে মানিতে হইতেছে কিন্তু এব্যবহার অতি কদর্য্য। জগদীশ্বর স্ত্রী পুরুষ নির্ম্মাণ করিয়া এমত কখন মনে করেন নাই যে একজন অন্য জনের দাস হইবে কিম্বা এক জন অন্যকে নীচ বলিয়া গণ্য করিবেক। বিধাতা যিনি অতি জ্ঞানী ও দয়াল তাঁহার এমত ইচ্ছা নহে যে তাঁহার সৃষ্টির মধ্যে একজন জন্মাবধি অন্যের দাস হইবে কিন্তু মনুষ্যের শঠতাক্রমে এই সকল বাধাজনক শৃংখল হইয়াছে ঈশ্বরের ইচ্ছাক্রমে নহে। স্ত্রীলোকেরদিগের সুখের নিমিত্ত শাস্ত্রীয় বচন প্রমাণ দেওনের কোন আবশ্যক নাই। স্ত্রীলোকেরদিগকে অবশ্য মনুষ্য বলিয়া গণনা করিতে হইবেক ইহারা সর্ব্বতোভাবে পুরুষের সঙ্গে সমান কিন্তু আমারদিগের ব্যবস্থা ও ব্যবহারের দ্বারা তাঁহারদের অবস্থা এপ্রকার নীচ করাতে তাঁহারা যে মনুষ্য নহেন এমত প্রকার পাইতেছে না বরং আমারদিগের নিষ্ঠুর ব্যবহারেতে তাঁহারদিগের মনুষ্য বোধ করি না এমত প্রকাশ হইতেছে যদ্যপি কেহ ইহা কহেন যে স্ত্রীলোকেরদিগের পৃথিবীস্থ লোকেরদের সঙ্গে আলাপ কুশল না থাকিলে তাঁহারদের অত্যল্প কুমর্ম্ম করিবার সম্ভাবনা হয় কিন্তু আমরা এই কথায় বিশ্বাস করি না স্ত্রীলোকেরা কিছু মাত্র উপদেশ না পাওয়াতে এবং ঠিক মতামত বিষয় ও যথার্থ অযথার্থ বোধ শিক্ষা না পাইলে তাঁহারদিগের মন সৎপথে থাকিবে এমত আমরা বোধ করি না সাংসারিক জ্ঞান দ্বারা এই জানা যাইতে

number of Moguls and others assailed the palanquees in a furious manner. The Baboo, fearful of sustaining personal injury, jumped out of the palanqueen and effected his escape. The palanqueen was carried off by the aggressors.—*Hurk.*

Dispensaries—Dr. Ranken, Superintendent.

There is a report current, that the institution of the numerous Dispensaries is intended to provide situations for the medical students of the College, and that Dr. Ranken is to be superintendent of Dispensaries. The students are to be denominated sub-assistant surgeons, and one is to be appointed to each Dispensary under the zillah surgeon, who is to have 30 rupees per mensem for his extra occupation, a sum, we fear, which will scarcely cover the expense of conveyance which will become indispensable. —*Eng.*

Persia.

Letters from Persia of late dates, state that the King was at Bertam, and it was still a question of doubt whether he would or could proceed to Herat. Three Regiments were encamped at a shrine close to Tehran, and four others have gone off in a body to their houses. His Majesty lately received a fright, by the escape of three princes to Russia, who were in confinement in Andebul. These are the Ex-Shah and his General, and another of the King's uncles. The escape was cleverly managed; it was effected by a mine which they had been long digging. Russia is not like Persia, obliged to restore refugees.—*Beng. Hurk.*

HINDOO BENEVOLENT INSTITUTION.
The 7th December, 1837.

The Managing Committee of the above Institution has granted the request of the individuals applied to, through Baboo Kashinath Bosoo, for the establishment of an English Day School, under the denomination of the "First Subordinate School of the Hindoo Benevolent Institution," at Anurpore, in Zillah Barasut.

The following Gentlemen are to conduct the duties attached thereto:

Baboo Madhushudan Sircar, Head Teacher and Collector.

Baboo Kashinath Banerjea, Assistant to ditto ditto.

By Order,
Krishnahari Basoo,
Genl. Supdt.

To Correspondents.

We cannot publish the letter signed "*Certain Persons.*" The following letters are under consideration:—"*A Resident of Jessore, anxious for the Welfare of the Country;*" "*A Resident of Singoor;*" "*A Resident of Pubna;*" "*A looker on.*"

"*An Unmarried Female;*" "*A Subordinate, Resident at Hooghly;*" and "*A Resident at Moorshedabad, employed by Raja Krishna Chunder Bahadoor,*" will appear.

"*All the People under the Sulkea Choukee,*" a long letter; and a letter respecting a Military Officer connected with the revenue, are inadmissible.

Spirit of the Native Papers.

We are called on, by a Correspondent, to notice what we have long considered as an absolute farce disgraceful to one sex and degrading to the other. We mean the detestable doctrine that is still maintained in the marriage of Hindoo Women. A more grovelling system—one more likely to perpetuate that slavery of the mind from which we are now endeavouring to escape,—could hardly have been devised; and we are of opinion that the sooner we shake off the trammels a vile custom has thrown around us in this respect, the more decidedly we shall shew that the seeds of knowledge have not been implanted in vain, but are producing the good fruit that was anticipated when they were first bestowed. The Creator, in forming the sexes, never could have intended that one should have been destined as the mere tool of the other,—to be its slave, or to be ranked as an altogether inferior class. It is not the disposition of a Providence perfectly wise and beneficent, that a particular class of his creatures should, from their birth, become the despised and abject *servants* of another; but man in the ingenuity of a selfish cunning has devised shackles, which are certainly contrary to the spirit of nature. No reference to the *shastras* is requisite, to prove that there are, or are not, texts favourable to the well being of our females. They must be regarded as human beings, equally with their lordlier masters, and their condition, as such, under the humiliating system to which our laws and usages condemn them, instead of demonstrating *their* unfitness to take their proper places in the scale of reason, only evinces the diabolical inhumanity with which they have been treated. If it shall be said that the temptation to crime becomes less, as the objects are further removed from worldly intercourse, we have the strongest doubts upon this point. Uneducated, brought up without any fixed principles, or even any definite notions of propriety, we question much whether there can be any guarantee for the affections of the heart thus loosely based, and rudely brought out. If knowledge of the world teaches us the existence of certain drawbacks to the opinion we might otherwise be disposed to entertain of it, we are also taught at the same time the necessity of regulating our conduct by a code of honour (the child of principle) which restrains every well ordered mind from the commission of acts incompatible with its own, and the generally received sense of what is right;

ছে পূর্ব্বে আমরা যেমত কহিলাম ইহার ও ভিন্নতা কখনং হইয়া থাকে কিন্তু আমরা ইহা ও জানিতেছি যে কোন নিশ্চিত ব্যবস্থানুসারে ব্যবহার করা আমারদিগের অত্যাবশ্যক কারণ ইহা করিলে আমরা হটাৎ স্বীয় মতের ও যথার্থের বিপক্ষে অনুচিত কর্ম্ম করিতে পারিনা। ইহা জগতের মধ্যে সর্ব্ববিষয়ে সম্পূর্ণ জ্ঞানী হইব এমত চেষ্টা পাওয়াতে মূর্খতা প্রকাশ হয় আমারদিগের ভাল মন্দ উভয় বিষয়ে সন্তুষ্ট থাকা উচিত কিন্তু ইহা ও স্মরণ রাখা কর্ত্তব্য কোন পথে চলা আমারদিগের আবশ্যক তাহা উপদেশ দ্বারা জানা যায় এবং নিজ বিপথগামি ইচ্ছাক্রমে ইহা ত্যাগ করি। বিদ্যা দ্বারা মনের দৃঢ়তা হইলে যথার্থ পথে চলিবার সম্ভাবনা কি থাকেনা যদ্যপি এমত হয় তবে আমারদিগের সকল বিদ্যা মন্দ বোধ করিয়া পশুদের ন্যায় অন্ধকারে মগ্ন হইয়া থাকে উচিত কারণ অমরা ইচ্ছাপূর্ব্বক জ্ঞান পরিত্যাগ করি যাহাতেই কেবল আমরা প্রধানরূপে গণ্য হই। কিন্তু যদ্যপি আমরা অনুভান করি যে বিদ্যাদ্বারা মনের দৃঢ়তা ও মতের বিচক্ষণতা এবং ন্যায় অন্যায়ের যথার্থ বোধ জন্মে তদ্দারা আমারদিগের সুখ্যাতি ও অখ্যাতি হয় ইহা জানিয়া শুনিয়া অমরা স্ত্রীলোকেরদিগকে এ বিষয়ে বঞ্চিত করিয়া রাখি তবে এজন্য আমরা দোষী আছি। কয়েকজন স্ত্রীলোক আমারদিগের ইতিহাসের মধ্যে আছে যাহারা বিদ্যা দ্বারা দাসত্বাবস্থাহইতে মুক্ত হইয়াছিল। যত স্ত্রীলোক আছে তাহার মধ্যে অত্যল্প এরূপ হইয়াছে। এপ্রকার বিদ্যা পাইয়া কয়েক জনের বুদ্ধি ও মতি শোধন হয় নাই স্ত্রীলোকেরা নীচ সমভিব্যাহারে থাকিয়া অত্যন্ত কুমতি পায় কারণ ইহারদিগের আলাপ কুশল সর্ব্বদা অতি হীনের সহিত হইয়া থাকে আমরা স্পষ্ট কহিতেছি বিদ্যাদ্বারা কখন মন্দ ফল জন্মেনা ও ইহাতে কদাচ পরস্পরের বিচ্ছেদ করে না যদ্যপি হয় তবে স্ত্রীলোকেরদিগের ও যে দেশে এরূপ ব্যবহার তাহারও পক্ষে লজ্জাকর হয়।

জ্ঞানান্বেষণ।

ভারতবর্ষীয় রবর।

আমরা বোধ করি স্মিথনামক এক জন বিদ্বান্ ক্লার্ক যাঁহার খ্রীষ্টীয়ান নাম আমরা অবগত নহি তিনি ফোর্ট উলিয়মের অস্ত্রাগারহইতে বেলট ও পৌচেস এবং অন্যান্য রেজিমেণ্টের নিয়োগের নমুনা পাইতে এতদ্দেশে ভারতবর্ষীয় রবর ঐ সকল দ্রব্যের দ্বারা প্রস্তুত হইতে পারে কি না ইহার পরীক্ষার্থ আজ্ঞা পাইয়াছেন।

একজন কর্ম্মাধ্যক্ষ যিনি মাষ্টর স্মিথের বিদ্যা বিষয় ভাল জানেন তদ্দারা আমরা শুনিয়াছি যে ভারতবর্ষীয় রবর উক্ত বস্তু দ্বারা প্রস্তুত করণার্থ মাষ্টর স্মিথের মনোযোগ আছে ইহা প্রকাশ হইয়াছে এবং ভরসা করি ভারতবর্ষীয় রবরের কল প্রস্তুত করণার্থ পারগতার পরীক্ষা হইবে ঐ সকল বস্ত্র চর্ম্মের দ্বারা প্রস্তুত হইয়া ক্যান্‌বিস কিম্বা বিট্রি কাপড় নির্ম্মাণ হয় ইহাতে গ্রীষ্মকালে অতিশয় উপকারজন্মে। আমরা ভরসা করি আমারদিগের অনুভূত পরীক্ষার ফল পরে দর্শাইবে।

জ্ঞানান্বেষণ।

and as in this world a search after perfection is folly, we must be content to take the good and the bad as they happen to meet us, remembering always that instruction indicates the path we ought to pursue, and that nothing but our own perverseness can make us deviate. Are the chances of propriety lessened by the strengthening of the mind? If so, let us at once bid adieu to all information, as to the most baneful of our acquaintances; and retrograde into that utter mental darkness which would rank us beneath the brute creation, because we have voluntarily forfeited the use of that reason which constitutes our superiority. But if, as we think, the mind is *fortified* by information,—if its views becomes fixed, its notions of right and wrong definitive, its aspirations corrected by the conviction that respect or disrepute attaches to the character we establish for ourselves, then we do not hesitate to affirm that we merit still stronger reprehension, as being conscious of these things, and still striving to deprive a portion of our fellow-creatures of their just participation of what is as much their birth-right as it is our own. What are the numbers of our females, taken from the whole course of our history, who have been elevated by knowledge beyond the abject condition of the very worst servitude? What proportion do they bear to the mass? And what are the instances that such knowledge has only tended to inflame the imagination without correcting the understanding? We doubt if there is any thing, in the intercourse of the world, more calculated to infix vicious thoughts, than is to be learnt from the contaminating association of the menials to whom we destine our females, for the only communication they have the opportunity of possessing amongst themselves; and we are free to confess that we shall never consider Education as having produced its full effect, until it urges the determination of riving asunder bonds, which are most cruel as they respect woman, and most disgraceful as they affect the character of the country which tolerates them.

Indian Rubber.

We understand that a very scientific clerk in one of the Government Offices of the name of Smith (the Christian name of the gentleman we have not been able to obtain,) has obtained permission to receive from the arsenal of Fort William, musters of belts, pouches, and other articles of regimental appointments, for the purpose of instituting a course of experiments to ascertain whether they cannot be made up in the country of Indian Rubber. The attention of Mr. Smith to the particular employment of Indian Rubber in the preparation of the articles noticed, has been reported, we are told, by a high functionary, who has had opportunities of appreciating Mr. Smith's valuable scientific knowledge: and it is expected that the feasibility of preparing engine hose of Indian Rubber will also be experimentally tested,—the wear and tear of that article, when made of hide, canvas or vitry, being very great —not to mention the more than ordinary demand which is made for hose during the dry season. We hope hereafter to have it in our power to announce the successful result of the contemplated experiment.—*Daily News.*

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

আমার লিখিত পোলীসের কোন আমলার অন্যায় বিষয়ক পত্র যাহা দর্পণে অর্পিত হইয়াছিল ২ ডিসেম্বর তারিখের দর্পণে তাহার উত্তরাভাস প্রকাশ হইয়াছে ঐ আভাস লেখক উভয়পক্ষের কোন পক্ষীয় নহেন এই কথা লিখিয়া পূর্ব্বেই স্বীয় সভ্যতাজ্ঞাপন করিয়াছেন। এবং নাম স্বাক্ষর স্থলে আপনাকে যথার্থবাদী ব্যক্ত করেন কিন্তু তিনি যেরূপ লিখিয়াছেন তাহাতে আমার প্রতি ঐ সভ্যতা ও নামানুরূপ কার্য্য করা হয় নাই যাহা হউক আমি এবিষয়ে তাঁহাকে অধিক বলিব না। কিন্তু যে দুই আইনের উল্লেখ করিয়া পোলীসের ঐ আমলার অবাধিত শক্তি স্থাপন করিয়াছেন তাহাতে আইন বিষয়ে অনভিজ্ঞ লোকেরদের ভ্রম জন্মিতে পারে অতএব তদ্বিষয়ে কিঞ্চিৎ লিখিতে হইল।

পত্র প্রেরক লেখেন দারোগা বাবুর প্রতি যেরূপ ব্যবহার করিয়াছিলেন তদনুরূপ ব্যবহার করণের হুকুম কেবল এক আইনে নহে কিন্তু দুই আইনে অর্থাৎ ১৭৯৩ সালের ৯ আইনে ১৮১৭ সালের ২০ আইনে আছে। সম্পাদক মহাশয় এস্থলে আমি খেদপূর্ব্বক বলি যদি পত্র প্রেরক উক্ত দুই আইনেতে দৃষ্টি করিতেন তবে কদাচ এরূপ লিখিতেন না। তিনি কাহার মুখে শুনিয়া কেবল আমাকে অপ্রস্তুত করিবার নিমিত্ত আইনের নাম উল্লেখ করিয়াছেন।

আমি উক্ত দুই আইনের প্রতি প্রকরণ বিবেচনা করিয়াছি তাহাতে ১৭৯৩ সালের ৯ আইনের মধ্যে অধিক চাকর রাখনিয়ার বা আগন্তুক লোকের প্রতি দারোগার কার্য্যের নামোল্লেখ মাত্র নাই আর ১৮১৭ সালের ২০ আইনে যাহা লেখা আছে তাহাতেও দারোগা অধিক চাকর রাখনিয়াকে বা আগন্তুক ভদ্র লোককে কিছু জিজ্ঞাসা করিতে পারে। তাহাকে এমত পরাক্রম প্রদত্ত হয় নাই বরঞ্চ ১৮১৭ সালের বিংশতি ব্যবস্থাতে দারোগার প্রতি যে আজ্ঞা আছে আমি তাহা লিখিয়া দিতেছি এই আজ্ঞা দেখিয়া লেখক মহাশয় স্বীয় ভ্রম সংশোধন করুন।

১৮১৭ সালের বিংশতি ব্যবস্থার ৩০ ধারার প্রথম প্রকরণে লেখেন। যদি কোন লোক অসাধারণ সংখ্যক অস্ত্রধারি সৈন্য প্রস্তুত করেন এবং নূতন দুর্গ নির্ম্মাণ অথবা পুরাতন দুর্গ পরিষ্কার কিম্বা অস্ত্রশস্ত্রাদি যুদ্ধোপযুক্ত বস্তু আহরণ আরম্ভ করেন তবে সরহদ্দের দারোগা নিয়ত এ বিষয় মাজিস্ত্রেট সাহেবের নিকট জ্ঞাপন করিবেন।

ঐ ব্যবস্থার ৩১ ধারার দ্বিতীয় প্রকরণে লেখেন বাদশাহের কার্য্যেতে কিম্বা সম্ভ্রান্ত কোম্পানি বাহাদুরের সিবিল বা মিলেটরী সম্পর্কীয় কার্য্যেতে নিযুক্ত নহেন এমত কোন ইউরোপীয় ব্যক্তি যদি দারোগার সীমাবচ্ছিন্নের মধ্যে বাসেচ্ছু হয়েন তবে ঐ দারোগা মাজিষ্ট্রেট সাহেবের গোচর করিবেন।

সম্পাদক মহাশয় পোলীসের কোন আমলা

Correspondence.

To the Editor of the Durpun.

Something in the shape of an answer to my letter, respecting improper conduct of a certain Police Amlah, which was inserted in the *Durpun*, appeared in your paper of the 2d instant. To make a show of goodness, the writer in the very begining of his letter observes, that he is "not interested in either the one, or the other party," and designates himself "*A matter-of-fact man*," in the place of signature; but in his style of language, his behaviour towards me contradicts his good profession, and is ill-worthy of the name he has assumed; notwithstanding this, I shall dwell no farther on this point. To undeceive those who are not learned in the laws, and are likely to be misled by the reference he makes to the regulations to justify the unlawful power of that Police Amlah, I shall just address you a few lines.

The writer remarks, "there being not only one but two legislative enactments justifying the line of proceeding instituted by that officer towards the Baboo, viz. Reg. IX. of 1793 and XX. of 1817." This drives me, Mr. Editor, to the painful necessity to say, that if he had seen those two Regulations, your correspondent would never have written to this purport. It appears that he has been guided by merely what he had heard of the Regulations, and talked of them with a view to confound me.

Having examined with attention every paragraph of those two Regulations, I find that in Reg. IX. of 1793 there is not the least mention of how Darogahs are to act towards new comers, or towards those who may have a large establishment of servants; and that the contents of Reg. XX. of 1817 do not authorize Darogahs to put any questions to gentlemen who may have numerous servants, or who may have newly come within their jurisdiction. Let me, however, recite what the Darogahs are enjoined by Reg. XX. of 1817, that the writer may correct his error.

Sect. 30, Para. 1 of Reg. XX. of 1817 runs thus:—"the darogahs of police shall uniformly report to the magistrates, whenever any individuals within their respective jurisdiction, may entertain in their service any extraordinary number of armed men, or may commence building or repairing any fort or gurhee, or collecting together any quantity of arms, ammunition, or military stores."

Sect. 31, Para. 2 of Reg. XX. of 1817 says that, "on the arrival of any European not in his Majesty's or the Honourable Company's civil or military service, who may propose to settle within the limits of any Thannah Jurisdiction, the Darogah of the division shall report the circumstance for the information of the Magistrate."

Your correspondent, Mr. Editor, nam-

আমারপ্রতি যে ব্যবহার করিয়াছিল পত্র প্রেরক এই আইনের নাম লিখিয়া বলিয়াছেন তাহা যথার্থ করিয়াছে। কিন্তু পূর্ব্বোক্ত আজ্ঞানুসারে আমার প্রতি তাহার যথার্থ ব্যবহার করা হইয়াছে কি না আপনি বিচার করিবেন। যথার্থবাদী নামধারি লেখক এবিষয়ে কেবল আমাকে দোষী কহিয়াছেন এমত নহে অতি সদ্বিচারক মাজিষ্ট্রেট সাহেব যিনি সর্ব্বদা আইন দেখিয়া সাবধানপূর্ব্বক বিচার করেন তাঁহার প্রতিও বলিয়াছেন যে তিনি আইন দৃষ্টি না করিয়া ঐ আমলাকে ধমক দিয়াছেন। অতএব জ্ঞানি লোক সকলকে সাবধানপূর্ব্বক নিবেদন করিতেছি মহাশয়েরা বিবেচনা করিবেন বরং আইন দৃষ্টি না করিয়া যিনি ঐ মহামহিমাস্পদ বিচার কর্ত্তাকে ব্যবস্থানভিজ্ঞ বলেন তিনি কিরূপ নিন্দনীয় হয়েন।

পত্র প্রেরক প্রথমার্দ্ধে যাহা লিখিয়াছেন তাহার উত্তর এই পর্য্যন্ত লিখিয়া লেখনীকে বিশ্রাম দিলাম শেষার্দ্ধের উত্তর এইক্ষণে লিখিব না কেননা তিনি স্বীয় নাম ধাম গোপন করিয়া যাহা ইচ্ছা তাহাই লিখিয়াছেন। যদি আমাকে কোন বিষয়ে দোষি করিতে পারেন তবে নামব্যক্ত করিয়া লিখিবেন তাহার পত্রে যেরূপ লেখা দেখিব আমিও তদনুরূপ ব্যবহার করিব। নতুবা তিনি লুক্কায়িত ভাবে থাকিয়া একং তুক্কা বলিবেন আমি রাজকীয় ব্যবস্থানুসারে তাঁহাকে ধরিতে পারিব না তবে নিরর্থক বিবাদে কেবল আমার সময় নাশ ও মহাশয়কে বিরক্ত করা হইবে অতএব তাহা করিব না। কিন্তু অবশেষ পত্র প্রেরক মহাশয়কে একটি সমাচার দিতেছি তিনি যে দারোগাকে তারিয়া দোষ উদ্ধার করিতে উদ্যত হইয়াছিলেন সে গরীব কএকদিন হইল পদচ্যুত হইয়াছে অতএব এই সময়ে যদি পারেন তবে অগ্রে তাঁহার উপকারের পন্থা দেখুন।

শ্রীগৌরীশঙ্কর তর্কবাগীশ।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয় গবর্ণমেণ্ট যে পত্র বাহক ডাক নিযুক্ত করিয়াছেন তাহাতে দেশের অসংখ্য উপকার হইয়াছে ইহা সকলেই স্বীকার করিবেন কেননা যদি নিজের এক লোক দিয়া বিংশতি ক্রোশ ব্যবধানে পত্র পাঠান যায় তবে ঐ লোক অতিসত্বর হইলেও এক দিবস প্রাতে চলিয়া পরদিন সন্ধ্যাকালে সে স্থানে উপস্থিত হইবে। এবং তাহার পথের খরচ ও মজুরিতে এক ভরি পরিমিত পত্রের মাসুলাপেক্ষা চতুর্গুণের অধিক ব্যয় লাগে বিশেষতঃ সে লোক চারি দিনের ন্যূনে আসিয়া উত্তরের সম্বাদ জানাইতে পারে না কিন্তু ডাকে পত্র পাঠাইলে তৃতীয় দিনে উত্তর আনিতে পারে আর এক ভরি পরিমিত পত্রের মাসুল তিন আনা মাত্র ব্যয় লাগে এই সকল কারণে ডাক যোগে পত্র প্রেরণে সকলে উপকার স্বীকার করেন। কিন্তু ডাকের আড্ডার অধ্যক্ষেরা অথবা পত্র বাহকেরা এই আহ্লাদজনক বিষয়েতেও আমাকে বিরক্ত করিতেছে। ছয় মাস গত হইল আমি নৈহাটী থাকিয়া জ্ঞানান্বেষণ যন্ত্রালয়ে ডাকযোগে এক পত্র পাঠাইয়াছিলাম তাহাতে আমার অতি প্রয়োজনীয় বিষয় লেখা ছিল কিন্তু শুক্রবারে দুই প্রহরের পর হুগলির ডাকে পত্র দিয়া রবিবারে দশ ঘণ্টা কালে কলিকাতায় গিয়া দেখিলাম তাহা যায় নাই সেই দিবস দুই প্রহরের পর ডাক হরকরা পত্র দিয়া উপস্থিত করিল অতএব তাহাতে আমার এক বিষয়ে অত্যন্ত ক্ষতি হইল।

বর্দ্ধমানে আসিয়া এপর্য্যন্ত কলিকাতাতে ন্যূনাধিক এক শত পত্র ডাকযোগে দিয়াছি তাহার মধ্যে আমার অনেক পত্র নিয়মিত সময়ে কলিকাতায় যায় নাই এক বারের পত্রের উত্তর আসিতে বিলম্ব হইবাতে আমি যাঁহার নিকট পত্র লিখিয়াছিলাম তাঁহাকে অনুযোগ করিয়া লিখিলাম পরে তিনি উত্তর লিখিলেন ১২ তারিখের পত্র ১৪ তারিখ সন্ধ্যাকালে পাইয়াছি। এবং তারিখ দেখিয়া দুই বাহককে প্রতি রাগ করিয়াছিলাম তাঁহাতে পত্র বাহক উত্তর করিল হুগলির ডাক ঘরে পত্র পড়িয়াছিল আমি কি করিব এপ্রযুক্তই উত্তর লিখিতে বিলম্ব হইয়াছে।

এ বিষয়ে মহাশয়কে আরো প্রবল প্রমাণ দেখাইতেছি আপনকার স্মরণ থাকিবে ৮ তারিখের জ্ঞানান্বেষণে তৎ সম্পাদক মহাশয় লিখিয়াছেন। বর্দ্ধমান বাসি এক বন্ধুর পত্র আমরা মঙ্গলবারে সন্ধ্যাকালে পাইয়াছি একারণ প্রকাশ করিতে পারিলাম না। মহাশয় আমি ঐ পত্র রবিবারে দুই প্রহর সময় বর্দ্ধমানের ডাকে দিয়াছি সেই তারিখের লেখা ডাকমুন্সির রসীদ আমার নিকট আছে কিন্তু তাহা মঙ্গলবারে সন্ধ্যাকালে কলিকাতায় জ্ঞানান্বেষণ যন্ত্রালয়ে গেল ইহাতে আপনকার বিচারে কে দোষী হয়।

আমি জানি কলিকাতা হুগলি শ্রীরামপুরের পত্রাদি পরদিন দশ ঘণ্টা সময়ে বর্দ্ধমানের ডাক ঘরে আইসে কিন্তু আপনকার দর্পণ এবং অন্যান্য পত্রাদি আমি সন্ধ্যাকালে পাই বরঞ্চ সাহসপূর্ব্বক বলিতে পারি পাঁচ ছয় খানা পত্র তৃতীয় দিন সাত আট ঘণ্টা কালেও পাইয়াছি অতএব মহাশয় বিবেচনা করুন ইহাতে আমার পক্ষে ক্ষতি হয় কি না। আমি সন্ধান করিয়া নিশ্চয় জানিয়াছি সাহেব লোকের পত্র দশ এগার ঘণ্টার মধ্যেই তাঁহারদিগের নিকট উপস্থিত করে তবে কি বাঙ্গালি বলিয়া আমার দৌভাগ্যে এইরূপ হইতেছে।

এবিষয়ে কাহাকে দোষী করিব আমি নিশ্চয় জানিনা অতএব মহাশয়ের নিকট নিবেদন করিলাম যাহার দোষ থাকে আমার প্রার্থনা মহাশয় সম্পাদকীয় উক্তিশ্রেণীতে কিঞ্চিৎ লিখিয়া তাহাকে সতর্ক করেন।

কস্যচিৎ বর্দ্ধমানবাসি পাঠকস্য।

ing these two Regulations, affirms that the conduct of the Police Amlah towards me was consistent with justice; but it is for you, Sir, to consider whether there is any thing in the above injunctions to justify his conduct. "*A matter-of-fact-man*" does not only throw blame upon me, but tries to find fault with an impartial Magistrate, who administers justice with caution, and is invariably guided by the Regulations in the discharge of the duties which belong to his honourable post. I, therefore, call upon all wise men to decide to what degree do s he make himself liable to censure, who without having seen the Regulations, questions the legal attainment of a highly respected Magistrate.

Having replied to the first half of your correspondent's letter, I give rest to my pen. I am not inclined at present to answer the other half; for while keeping me ignorant of his name and residence, the writer has given a loose rein to his expressions. If he can convict me of any offence whatever, let him come forward and address you in his own name, and I shall treat him as his language may deserve, but the dark insinuations he utters from behind the curtain, are not cognizable by law; and by engaging in useless dispute I would only kill my time, and give you needless trouble, neither of which I am willing to do. By the bye, I have to communicate a piece of intelligence to your correspondent, the poor Darogah whom he tried to defend, has been a few days ago turned out of office, so if he can do him any service at this crisis, let him first of all make that effort.

Goureesunker Turkobageesh.

Burdwan, 10th Dec. 1837.

To the Editor of the Durpun.

The public mails which the Government have instituted, have conferred incalculable benefit upon the country, which all will acknowledge. For if one had to send a letter by his own messenger twenty miles, however rapidly the messenger might walk, he would scarcely reach the place before the evening of the second day, and the expense of sending the letter would be four times what is required for the transmission of a single letter by post. The man could scarcely bring back a reply in less than four days; but if the letter be sent by post, the reply may be expected on the 3d day, and the expense of a single letter would not exceed three annas. On these accounts, all acknowledge the benefit of the establishing of the post; but those who have the direction of the Post Offices or the postmen have given me sufficient knowledge in reference to this delightful establishment. Six months ago being at Nyhattee, I sent a letter by dawk to the *Gyananneshun*; the letter was one of very great importance to me, but though I sent it on Friday after two o'clock to the Post Office at Hooghly, and reached Calcutta on Sunday at 10 o'clock, I found that the letter had not arrived: the postman brought it after two o'clock, which subjected me to the greatest inconvenience.

From the time I reached Burdwan, I have sent at least 100 letters by dawk to Calcutta; many of which did not reach that city at the regular time. On one occasion when there had been an unusual delay in my receiving a reply, I wrote sharply to my correspondent, to which he replied, I received your letter of the 12th, only on the evening of the 14th; and on looking at the dates I begun to scold the newsman, upon which he replied, the letter laid in the Hooghly Post Office; what could I do? This is the reason of the delay in my reply.

I can give you a stronger proof. It may be in your recollection, that the Editor of the *Gyananneshun* stated on the 8th of this month, that he had received a letter from his friends at Burdwan on the afternoon of Tuesday, and that, therefore, he could not reply to it. Mr. Editor, I put that letter into the Post Office of Burdwan on Sunday at 12 o'clock, and I have the Dawk Moonshee's receipt for it, yet it did not arrive at the *Gyananneshun* office before Tuesday evening; judge you who is to blame.

I know that letters sent from Calcutta, Hooghly, and Serampore, arrive at Burdwan at 10 o'clock the next morning, but your *Durpun* and other letters I do not receive before the evening. I can state, moreover, with confidence, that some of my letters do not reach me before seven and eight the next morning, on the third day. You can easily judge to what inconvenience I am subjected. I have clearly ascertained that the gentlemen receive their letters at 10 and 11 o'clock: is this delay, therefore, because we are Bengalees?

I do not know whom to blame on this account; I therefore send the matter to you. Whosoever be to blame, it is my request that you would add something editorially, and touch him up a little.

A Resident in Burdwan.

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তম্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ টাকা ধরা গিয়াছে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহছিবেক ইতি।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	।৵	ঐ
২ ক্লাস	।৹	।৹	ঐ
৩ ক্লাস	৩৸৹	।৹	ঐ
মধ্যম ৫ টাকার লোন	৹	৹	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৹	১৩৷৹	ঐ
৪ টাকার লোন	২	২।৹	ঐ

বেঙ্ক সেয়র।

বেঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০	প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	[illegible]
2d. Class,	0 4	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 8	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disct.

Bank Shares.

Bank of Bengal.........Co.'s Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৭১ সংখ্যা। বালম ১৯।] ২৩ দিসেম্বর ১৮৩৭ সাল শনিবার ১২৪৪ সাল ১০ পৌষ। SATURDAY, DECEMBER 23D. 1837. [মূল্য মাসে ১ টাকা।

No. 1171. VOL. XIX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৮ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত রিচার্ড হো কথ্রেল সাহেব ক্ষেত্রচাঁদ চক্রবর্ত্তির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের বড় বাজারের বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩৬ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ক্ষেত্রচাঁদ চক্রবর্ত্তির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে শ্যাম দাসের বাটী ও ভূমি। পূর্ব্ব ও দক্ষিণ দিগে কাশীনাথ মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৮ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মসুম সরকারের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৪২ ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ॥০॥ সাড়ে দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মসুম সরকারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সেখ দিদার বক্সের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে রোসন পাইকেড়ের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে রামমোহন মল্লিকের ভূমি। পশ্চিম দিগে কোম্পানির রাস্তা।

২ দফা। আরো সমাচার দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত ২৮ দিসেম্বর তারিখে সরিফ সাহেব ঠিক দুই প্রহর এক ঘণ্টার সময় চিৎপুর রাস্তায় ১০১ নং বাটীতে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পূর্ব্বোক্ত আসামীর ব্যবসায়ের দ্রব্য অর্থাৎ হরেক রকমের সুগন্ধি দ্রব্যদ্রব্য বিক্রয় করিবেন।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৮ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মীর মহব্বব আলির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১। বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার ইটালির পদ্মপুকুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মীর মহব্বব আলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও উত্তর দিগে উইলসন সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে তারাচাঁদ সরকারের বাটী ও ভূমি। পশ্চিম দিগে চূড়ামণি কাওরার এক খণ্ড ভূমি।

২। এবং জিলা চব্বিশ পরগনার ডিহি পঞ্চান্নগ্রামের কড়িয়ার শামিল ও তন্মধ্যস্থিত পূর্ব্বোক্ত আসামী মীর মহব্বব আলীর যে এক ভাড়াটিয়া ঘরের মধ্যে নানা রকম চামড়া ও তৈয়ারী চামড়া ও মশলা এবং মুচিরদের হাতিয়ার আছে ও পাঁচখান খড়ুয়া ঘরের মশলা এই সকল বিক্রয় করিবেন।

৩। এবং পূর্ব্বোক্ত জিলায় ইটালির পদ্মপুকুরের শামিল ও তন্মধ্যস্থিত পূর্ব্বোক্ত আসামী মীর মহব্বব আলির অপর যে চারিখান খড়ুয়া ঘরের মশলা আছে তাহা বিক্রয় করিবেন।

৪। এবং কলিকাতা নগরের তালতলার শামিল ও তন্মধ্যস্থিত পূর্ব্বোক্ত আসামী মীর মহব্বব আলির অপর যে চারিখান খড়ুয়া ঘরের মশলা আছে তাহা বিক্রয় করিবেন।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই সকল বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

রিসিবর আফিস

তালুক ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মোকদ্দমায় ক্ষেমাদাসী ফরিয়াদি ও শিবপ্রসাদ বসু দিগর আসামি ও নূতন সুট সেই মোকদ্দমায় সনহালের ১৭ জানুয়ারি তারিখের সুপ্রিমকোর্টের হুকুম প্রমাণ শ্রীযুত এলিএট মেকনাটন সাহেব জিলা চব্বিশ পরগণার পরগণা মাগুরার চক বোনহুগলি তালুকের রিসিবর মোকরর হইয়া ঐ তালুক ইজারা দিবার ক্ষমতা পাইয়াছেন অতএব ২৬ দিসেম্বর ১৮৩৭ সাল মঙ্গলবার বেলা দুই প্রহরের সময় সুপ্রিমকোর্টের রিসিবর আফিসে ঐ তালুক ইজারা দেওয়া যাইবেক ইজারার মিয়াদ ঐ সময় নিরূপিত হইবেক অতএব

ইশতেহার।

যে কেহ ইজারা লওনের প্রার্থনা রাখহ ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবা।

ইজারার সরত ও ব্যাওরা রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফিস।

তারিখ ১৯ দিসেম্বর ১৮৩৭।

সুবে বাঙ্গালার জিলা চব্বিশ পরগনায় খড়দহ গ্রামের ৺ প্রাপ্ত হরেন্দ্রনারায়ণ বিশ্বাস জমীদার যে শেষ উইল করিয়া যান ঐ উইলের প্রোবেট সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিজিআষ্টিকল এলাকার সম্পর্কে উক্ত উইলে লিখিত চারি টর্ণি পূর্ব্বোক্ত খড়দহ গ্রামস্থ শ্রীযুত আনন্দময় বিশ্বাস ও শ্রীযুত বিশ্বম্ভর বিশ্বাস ও শ্রীযুত শম্ভুনাথ বিশ্বাস ও শ্রীযুত কাশীনাথ বিশ্বাস জমিদারনেকে অদ্য প্রদান করিলেন। ঐ মৃত ব্যক্তির ইষ্টেটের উপর যে কোন ব্যক্তির দাওয়া থাকে তাহা পূর্ব্বোক্ত টর্ণিরদিগকে অবিলম্বে জ্ঞাপন করিবেন কিম্বা কাহারো স্থানে ঐ মৃত ব্যক্তির পাওনা থাকে তিনি ঐ টাকা উক্ত টর্ণিরদের স্থানে অগৌণে অর্পণ করিবেন।

হেজর ও ইস্মালী।

কলিকাতা ১২ দিসেম্বর ১৮৩৭।

সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের কলিকাতা নগরের পাতরিয়া ঘাটার ৺ প্রাপ্ত দওয়ান দেবনারায়ণ ঘোষ যে উইল করিয়া যান ঐ উইলের প্রোবেট সুবে বাঙ্গালার ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিজিআষ্টিকল এলাকার সম্পর্কে উক্ত উইলে লিখিত দুই টর্ণি পাতরিয়া ঘাটাস্থ শ্রীযুত আনন্দনারায়ণ ঘোষ ও শ্রীযুত গিরীন্দ্রচন্দ্র ঘোষকে অদ্য প্রদান করিলেন। ঐ মৃত ব্যক্তির ইষ্টেটের উপর যে কোন ব্যক্তির দাওয়া থাকে তাহা পূর্ব্বোক্ত টর্ণিরদিগকে অবিলম্বে জ্ঞাপন করিবেন কিম্বা কাহারো স্থানে ঐ মৃত ব্যক্তির পাওনা থাকে তিনি ঐ টাকা উক্ত টর্ণিরদের স্থানে অগৌণে অর্পণ করিবেন।

হেজর ও ইসমালী।

কলিকাতা ১২ দিসেম্বর ১৮৩৭।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

ইশতেহার।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত দাখিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪৲চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে. অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

রাজকর্ম্মে নিয়োগ।

৬ ডিসেম্বর ১৮৩৭।

পুলোপিনাঙ্গের রেসিডেণ্ট কৌন্সলী শ্রীযুত জে ডবলিউ সামণ্ড সাহেব গত অক্টোবর মাসে যে ছুটি পান তদনুসারে গত মাসের ৮ তারিখে কলিকাতার আগমনার্থ জাহাজারোহণ করিয়াছেন।

শ্রীযুত কাপ্তান লো সাহেব শ্রীযুত সামণ্ড সাহেবের অনুপস্থান পর্য্যন্ত পুলোপিনাঙ্গের একটিং রেসিডেণ্ট কৌন্সলী পদে নিযুক্ত হইয়াছেন।

মালাক্কার রেসিডেণ্ট কৌন্সলী শ্রীযুত সামুয়েল গার্লিং সাহেব গত আগস্ট মাসের ৯ তারিখের হুকুমনামাক্রমে যে ছুটি পান তদনুসারে গত অক্টোবর মাসের ২৬ তারিখে ঐ স্থানহইতে প্রস্থান করিয়াছেন।

পুলোপিনাঙ্গ ও সিঙ্গাপুর ও মালাক্কার গবর্নর সাহেব গার্লিং সাহেবের অনুপস্থান পর্য্যন্ত শ্রীযুত উলিয়ম তামস লুইস সাহেবকে মালাক্কার একটিং রেসিডেণ্ট কৌন্সলী পদে যে নিযুক্ত করেন তাহা মঞ্জুর রহিল।

ধর্ম্মোপদেশক শ্রীযুত এচ এস ফিসর সাহেব উইণ্ডর নামক জাহাজারোহণে ইঙ্গলণ্ড হইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন। ঐ জাহাজ গত মাসের ২৫ তারিখে সাগরে পঁহুছে।

১৩ ডিসেম্বর।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ এন গারেট সাহেব ব্রক্সবরণবরি জাহাজারোহণ পূর্ব্বক ইঙ্গলণ্ড হইতে কলিকাতা রাজধানীতে আসিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে গঙ্গাসাগরে পঁহুছিয়াছে।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত এফ ই রিড সাহেব বর্ত্তমান বৎসরে ছুটি লইয়া বিলাৎ গমনের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO,

A GUIDE

TO THE

REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

SECOND-HAND BOOKS.

For Sale at the Serampore Press.

Ouseley's Persian Miscellanies, 4to 10 0

Government Regulations, *in English* from 1793 to 1820, in 5 volumes, folio, bound in leather and lettered,.......................... 35 0

Richardson's English, Persian, and Arabic Dictionary, 2 volumes, royal, bound in cloth,............ 40 0

Macpherson's History of the European Commerce with India, 4to. bound and lettered,............... 12 0

Harington's Analysis of the Laws and Regulations, the 2d volume, (the 1st missing) folio, bound in leather,......................... 6 0

Circular Orders of the Sudder Dewanny and Nizamut Adawlut, folio, bound in leather,............. 6 0

Terms—Cash.

CIVIL APPOINTMENTS.

6th December, 1837.

Mr. J. W. Salmond, Resident Councillor at Prince of Wales' Island, embarked for Calcutta on the 8th ultimo, under the leave granted him on the 11th of October last.

Captain Low has been appointed Acting Resident Councillor at Prince of Wales' Island, during Mr. Salmond's absence.

Mr Samuel Garling, the Resident Councillor at Malacca, left that Settlement on the 26th October last, under the leave granted to him in Orders, dated 9th August last.

The appointment by the Governor of Prince of Wales' Island, Singapore and Malacca, of Mr. William Thomas Lewis, to Officiate as Resident Councillor at Malacca, during Mr. Garling's absence, is confirmed.

The Reverend H. S. Fisher reported his return to the Presidency from England on board the Ship "*Windsor*," which Ship arrived off Saugor on the 25th ultimo.

13th December.

Mr. W. N. Garrett, of the Civil Service, reported his return to this Presidency from England on board the Ship "*Broxbornebury*," which Ship arrived at the Sand Heads on the 8th instant.

Mr. F. E. Read, of the Civil Service, is permitted to proceed to Europe on Furlough in the present season.

সিবিল সম্পর্কীয় শ্রীযুত আর মকান সাহেব আতাইৎউলরহমন নামক জাহাজারোহণপূর্ব্বক ইঙ্গলণ্ডে যাত্রা করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে আড়কাটি ছাড়িয়া গিয়াছে।

শ্রীলশ্রীযুত বৈনপ্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সলে শ্রীযুত ডবলিউ এন গারেট ও শ্রীযুত আর ই কনলিফ সাহেবকে বঙ্গরাজধানীর সিবিল সম্পর্কীয় কর্ম্মভুক্ত করিয়াছেন।

কোম্পানির কেরানি শ্রীযুত ডবলিউ জে মর্গেন সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় ভাষায় নিপুণ হওয়াতে তাঁহাকে বঙ্গরাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে ডাকঘরের কর্ম্মে নীচে লিখিতব্য চিকিৎসক সাহেবেরদিগকে তত্তন্নাম নিকটে লিখিত স্থান সকলে যে নিয়োগ করেন তাহা মঞ্জুর হইল।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে ওডায়র সাহেব মেদিনীপুরে।

ঐ ঐ শ্রীযুত সি ডবলিউ ফুলর সাহেব নবদ্বীপে।

ঐ ঐ শ্রীযুত কে মাক্কিনন সাহেব ত্রিহুতে।

ঐ ঐ শ্রীযুত এ কিন সাহেব বহরমপুরে।

ঐ ঐ শ্রীযুত টি ডবলিউ বর্ট সাহেব চট্টগ্রামে।

ঐ ঐ শ্রীযুত এ এম এম মিন্টো সাহেব কটকে।

উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্নর সাহেব কর্ত্তৃক নবেম্বর মাসের ২৫ তারিখে দিল্লীর ডাকঘরের কর্ম্মে পদাতিক সৈন্যের ৪১ রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত ডবলিউ রামসি সাহেবকে কিঞ্চিৎকালের নিমিত্ত যে নিয়োগ করেন তাহাও মঞ্জুর হইল। কিন্তু এই সাহেব দিল্লীর পোষ্টমাষ্টর নামে বিখ্যাত হইবেন।

১২ ডিসেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

গত অক্টোবর মাসের ২৭ তারিখে শ্রীযুত উইলকিনসন সাহেবের নিকট হইতে কর্ম্মের ভার গ্রহণ করিলেন শ্রীযুত বি জে কালবিন সাহেব জিলা কটকের দক্ষিণ প্রদেশের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর ও নিমক এজেণ্ট হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ বালপি সাহেব কর্ম্মে ইস্তফা দেওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত চার্লস গার্ষ্টিন সাহেব জিলা সারণের মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন। শ্রীযুত গার্ষ্টিন সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত পাটনার উপরিক্ত ও ঠগী মোকদ্দমার তজবীজ করণার্থে সেসন জজের কর্ম্ম করিতে থাকেন।

শ্রীযুত হালকেট সাহেব সদর জেলার অনুপস্থান পর্য্যন্ত শ্রীযুত সি টি সিল সাহেব বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে জনসন সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা শ্রীহট্টের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে এফ ফ্রেজর সাহেব ঐ আইনের বিধানুসারে জিলা রাজশাহীর ঐ ঐ।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের কিঞ্চিৎকালের নিমিত্ত জজ শ্রীযুত উইগ্রাম মনি সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি ১৪ দিবসের ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যাক অর্থাৎ ভাগলপুর প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর এফ হজসন সাহেব গত অক্টোবর মাসের ২৪ তারিখে যে ছয় সপ্তাহের ছুটি পাইয়াছিলেন তাহার সম্পূরণকাল বর্ত্তমান মাসের ৪ তারিখে স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনেতে রহিত হইল।

ছোট আদালতের দ্বিতীয় কমিস্যনর শ্রীযুত জে ডবলিউ মাকলৌড সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে দুই বৎসরের নিমিত্ত উত্তমাশা অন্তরীপে গমনার্থ ছুটি পাইয়াছেন।

Mr. R. Macan, of the Civil Service, embarked for England on board the Arab Ship "*Atait-ool-Ruhman*," which Ship was left by the Pilot at Sea on the 8th instant.

The Honourable the President in Council is pleased to attach Messrs. W. N. Garrett and R. E. Cunliffe, of the Civil Service, to the Bengal Presidency.

The Honourable the President in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. W. J. Morgan, Writer, reported qualified for the Public Service.

The Appointments made by the Honourable the Deputy Governor of Bengal on the 6th instant, of the following Medical Officers to be Post Masters at the Stations set against their names respectively, are confirmed:

Mr. Assistant Surgeon J. O'Dwyer at Midnapore.

" " C. W. Fuller at Nuddea.

" " K. Mackinnon, M. D., at Tirhoot.

" " A Kean, M. D., at Berhampore.

" " T. W. Burt at Chittagong.

" " A. M. M. Minto at Cuttack.

The Appointment of Captain W. Ramsay, 41st N. I., to the charge of the Post Office at Delhi, made by the Lieutenant Governor of the N. W. Provinces, on the 25th November last, is also confirmed, but the designation of this Officer will be Post Master of Delhi.

12th December.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. B. J. Colvin to officiate as Magistrate, Collector, and Salt Agent in the Southern Division of Zillah Cuttack, from the 27th October last, the date on which he received charge from Mr. Wilkinson.

Mr. Charles Garstin to be Magistrate and Collector of Zillah Sarun, in the room of Mr. W. H. Valpy, resigned. Mr. Garstin will continue to officiate, until further orders, as Additional Judge of Patna and Session Judge for the trail of Thugs.

Mr. C. T. Sealy has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Bancoorah, during the period of Mr. Halkett's absence from the Sudder Station.

Mr. J. Johnson to be Deputy Collector in Zillah Sylhet, under the provisions of Regulations IX. of 1833.

Mr. J. F. Fraser to be ditto ditto in Zillah Rajeshahy under ditto.

The following Officers have obtained leave of absence from their stations:

Mr. Wigram Money, a temporary Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, an extension of leave of absence for fourteen days, from the 1st instant.

The remaining period of the leave of absence granted to Mr. R. F. Hodgson, Assistant under the Commissioner of the 12th or Bhaugulpore Division, on the 24th October last, for six weeks, is cancelled from the 4th instant, the date on which he rejoined his station.

Mr. J. W. Macleod, Second Commissioner of the Court of Requests, is permitted to proceed to the Cape of Good Hope, on medical certificate, for a period of two years.

১৩ দিসেম্বর।

শ্রীযুত ডবলিউ জে মর্গেন সাহেব ১৮ সংখ্যাক অর্থাৎ যশোহর প্রদেশের সারেরসায়েরী ও রেবিনিউ কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট হইয়াছেন।

১৫ দিসেম্বর।

মৈমনসিংহের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

২ দিসেম্বর।

শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের দিল্লীস্থ এজেন্টের আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান জে গ্রেহেম সাহেব শ্রীযুত কর্ণেট রাবিনসন সাহেবের পরিবর্ত্তে ঠগ ধৃত করণীয় জেনরল সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টান্ট হইয়াছেন।

অশ্বারূঢ় সৈন্যের সপ্তম রেজিমেন্টের কর্ণেট শ্রীযুত ই জে রাবিন্সন সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুক্ত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

৭ দিসেম্বর।

মান্দ্রাজস্থ পদাতিক সৈন্যের তৃতীয় রেজিমেন্টের লেপ্তেনন্ত শ্রীযুত ডবলিউ এফ ইডেন সাহেব ইন্দোরের রেসিডেন্ট সাহেবের তৃতীয় আসিষ্টান্ট হইয়াছেন।

২ দিসেম্বর।

শ্রীযুত ই এচ সি মংটন সাহেব শ্রীযুত এচ আরমষ্ট্রং সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত ফতেপুরের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ফতেখাঁ ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা আজিমগড়ের ডেপুটি কালেকটর হইয়াছেন।

২৯ নবেম্বর।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সলের গত অক্টোবর মাসের ১৮ তারিখের হুকুমক্রমে ভারতবর্ষস্থ হাসিল ও ডাক মাসুল সংশোধক কমিটি আগামি মাসের ১ তারিখে রহিত করিয়াছেন।

শ্রীযুত কাপ্তান টি জে টেলর সাহেব ভারতবর্ষস্থ গবর্ণমেন্টের জেনরল ডিপার্টমেন্টের অধীন থাকিয়া যে সকল চালান আসিতেছে ও আসিবেক তাহা গ্রহণ করিবেন। এবং হাসিল ও ডাক মাসুল দপ্তরী কর্ম্মের সাহায্য করিবেন।

১৯ দিসেম্বর।

শ্রীলশ্রীযুত প্রেসীডেন্ট সাহেব হজুর কৌন্সলে সিবিল সম্পর্কীয় শ্রীযুত ই করি সাহেবকে অন্য হুকুম না হওন পর্য্যন্ত বঙ্গরাজধানীর অন্তর্ভুক্ত করিয়াছেন। সিবিল সম্পর্কীয় শ্রীযুত ই করি সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখে ইঙ্গলণ্ড হইতে কলিকাতা রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন। সিবিল সম্পর্কীয় শ্রীযুত টি সি স্কাট সাহেব ও শ্রীযুত ডবলিউ এচ মার্টিন সাহেব ও শ্রীযুত ডবলিউ উইলকিন্‌সন সাহেব সেরেঙ্গাপাটম জাহাজারোহণ পূর্ব্বক বিলাতে যাত্রা করিয়াছেন ঐ জাহাজ এই মাসের ১৬ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

১৮ দিসেম্বর।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব সুপ্রিম গবর্ণমেন্টের সম্মতিক্রমে শ্রীযুত এন জে হালহেড সাহেবকে সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজী কর্ম্মে পুনর্নিযুক্ত করিয়াছেন।

১৯ দিসেম্বর।

শ্রীযুত এচ এম পিগু সাহেব কর্ম্মে ইস্তফা দেওনের নিমিত্ত বর্ত্তমান মাসের ২১ তারিখ অবধি এক মাসের ছুটি পাওয়াতে শ্রীযুত জে ডনবার সাহেব ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর প্রদেশের সায়েরসায়েরী ও রেবিনিউ কমিস্যনরী কর্ম্মে একটিংরূপে নিযুক্ত হইয়াছেন। ঐ সাহেব সদর বোর্ড রেবিনিউর সেক্রেটরী কর্ম্মের ভার শ্রীযুত ই করি সাহেবের প্রতি অর্পণ করিবেন। শ্রীযুত করি সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত ঐ কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন।

13th December.

Mr. W. J. Morgan to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 18th or Jessore Division.

15th December.

Mr. D. Pringle, Magistrate and Collector of Mymunsingh, for one month, on private affairs.

2d December.

Captain J. Graham, Assistant to the Agent to the Honourable the Lieutenant Governor at Delhi, has been appointed an Assistant to the General Superintendent of the Operations for the Supression of Thuggee, in the room of Cornet Robinson.

Cornet E. J. Robinson, of the 7th Regiment Light Cavalry, has been placed at the disposal of the Honourable the Lieutenant Governor North Western Provinces.

7th December.

The Right Honourable the Governor General of India is pleased to make the following appointment:

Lieutenant W. F. Eden, of the 3d Regiment Madras Native Infantry, to be 3d Assistant to the Resident at Indore.

1st December.

Mr. E. H. C. Monckton to Officiate as Magistrate and Collector of Futtehpore, during the absence of Mr H. Armstrong, on leave, or till further orders.

Futteh Khan to be Deputy Collector under Regulation IX. of 1833, in Zillah Azimghur.

29th November.

Under a Resolution passed by the Right Honourable the Governor General of India in Council on the 18th October last, the Committee for Revising the Customs and Post Office Regulations in India, will be dissolved from the 1st proximo.

Captain T. J. Taylor will, under the Superintendence of the Secretary to the Government of India in the General Department receive and arrange the Returns still expected or in progress, and aid generally in the business of the Customs and Post Office Departments.

19th December.

The Honourable the President in Council is pleased to attach Mr. E. Currie, of the Civil Service, to the Bengal Presidency, until further orders.

Mr. E. Currie, of the Civil Service, reported his return to this Presidency from England on the 12th instant.

Messrs. T. C. Scott, W. H. Martin and W. Wilkinson, of the Civil Service, embarked for England on board the Ship "*Seringapatam,*" which vessel was left by the Pilot at Sea on the 16th instant.

18th December.

The Honourable the Deputy Governor of Bengal is pleased, with the sanction of the Supreme Government, to re-appoint Mr. N. J. Halhed to be a Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut.

19th December.

Mr. H. M. Pigou having obtained leave of absence for one month, from the 21st instant, preparatory to retiring from the Service, Mr. J. Dunbar is appointed to officiate as Commissioner of Revenue and Circuit of the 8th or Jessore Division. Mr. Dunbar will make over charge of the Office of Secretary to the Sudder Board of Revenue to Mr. E. Currie, who will officiate in that capac ity until further orders

সমাচার দর্পণ

শনিবার ২৩ দিসেম্বর ১৮৩৭।

বিদ্যাধ্যাপনের জেনরল কমিটি।

বিদ্যাধ্যাপনীয় জেনরল কমিটি গবর্ণমেন্টের নিকটে যে রিপোর্ট দাখিল করিয়াছেন তাহার এক অনুবাদ লিপি আমরা পাইয়াছি তাহাতে ১৮৩৬ সালের ঐ কমিটির কার্য্য বিবরণ লিখিত আছে। পাঠক মহাশয়েরদের জ্ঞাপন করণের প্রায় আবশ্যক নাই যে ইঙ্গরাজী বিদ্যাধ্যাপনের ভার গবর্ণমেণ্ট স্বহস্তেই গ্রহণ করিয়াছেন এবং প্রজাক্ষেত্র মধ্যেও ঐ বীজ বপন করণার্থে দেশের নানা স্থানে পাঠশালা স্থাপন করিয়াছেন। ন্যূনাধিক ২৪ বৎসর হইল পার্লিমেণ্ট হুকুম করিয়াছেন যে লোকের বিদ্যাশিক্ষার্থে সরকারী কোষহইতে বার্ষিক লক্ষটাকা ব্যয় করা যাইবে। ঐ টাকা এইক্ষণে উক্ত কমিটির অধীনে রক্ষিত হইয়াছে কিন্তু গতবৎসরে কমিটির সাহেবেরা তদ্বিষয়ে ন্যূনাধিক সাড়ে তিন লক্ষ টাকা ব্যয় করিয়াছেন অর্থাৎ মাসে প্রায় ৩০ হাজার টাকা। ইহার মধ্যে কিয়দংশ বিদ্যাধ্যাপনার্থ কোনং ব্যক্তিকর্ত্তৃক প্রদত্ত টাকার উপস্বত্ব হইতে অধিকাংশ রাজ কোষহইতে ব্যয় হইয়াছে। কমিটির ইচ্ছা আছে যে সাধ্য হইলে প্রত্যেক জিলার মধ্যেই একং ইঙ্গরেজী বিদ্যালয় স্থাপন করেন। ১৮৩৬ সালের মধ্যে কমিটি আর ৬ পাঠশালা স্থাপন করিয়াছেন অতএব ঐ বৎসরের শেষে তাঁহারদের অধীনে সমুদায়ে ৩০ পাঠশালা ছিল তাহার বিবরণ এই।

১ আগ্রা।
২ আজমীর।
৩ আলাহাবাদ।
৪ বরেলি।
৫। ৬ বারাণসী। { ইঙ্গরেজী পাঠশালা। সংস্কৃত বিদ্যালয়।
৭ ভাগলপুর।
৮। ৯। ১০। ১১ কলিকাতা। { চিকিৎসা বিদ্যালয়। হিন্দু কালেজ। মহম্মদি কালেজ। সংস্কৃত কালেজ।
১২ চট্টগ্রাম।
১৩ ঢাকা।
১৪ ১৫ দিল্লী। { ইঙ্গরেজী কালেজ। পূর্ব্বদেশীয় ভাষার কালেজ।
১৬ ফরক্কাবাদ।
১৭ গৌহাটি।
১৮ গাজিপুর।
১৯ গোরক্ষপুর।
২০ হুগলি। মহম্মদ মহসীনের কালেজ।
২১ হুসেঙ্গাবাদ।
২২ জব্বলপুর।
২৩ মৌলমীন।
২৪ মীরট।
২৫ মেদিনীপুর।
২৬ মুরশিদাবাদ।
২৭ পাটনা।
২৮ পুরী।
২৯ রাজশাহী।
৩০ সাগর।

ঐ বৎসরের মধ্যে হিন্দুকালেজের নিয়ম অতি কর্ম্মণ্যরূপে নিরূপিত হওয়াতে অত্যল্পকালের মধ্যে ১২০০ ছাত্র তথায় প্রবিষ্ট হইয়াছেন।

SUMACHAR DURPUN.

SATURDAY, DECEMBER 23D. 1837.

General Committee of Public Instruction.

We have received a copy of the Report presented to Government by the Committee of Public Instruction, which contains a detail of their proceedings for the year 1836. Our readers need not be told, that Government have taken the work of English education into their own hands; and have been gradually establishing seminaries in various parts of the country for the purpose of diffusing it among the people. About twenty-four years ago, Parliament ordered that the sum of one lakh of Rupees should be devoted to the education of the people of this country, year by year. This sum is placed at the disposal of the Committee; but the sum which they expended in the year above mentioned far exceeded this amount, for it was no less than three lakhs and sixty thousand Rupees, or about thirty thousand Rupees a month. Some of this expenditure is furnished from funds which have been left for education, but the greater part came directly from the revenues of the state. It is the desire of the Committee to establish, if possible, an English Seminary in every district throughout the country.

নিমিত্তে দণ্ড প্রাপ্ত হইত অতএব তাঁহার ও যে রূপ লোভ দর্শাইয়া দুঃখি ব্যক্তিদিগের বিত্তাপহরণ করিত যথা এক পয়সা দিয়া এক আনা পাইবে উক্ত বাবুও তদ্রূপ যথা চারি টাকা দিয়া সুবর্ণ নির্ম্মিত আলবোলা অর্থাৎ দুই হাজার টাকা পাইবে তবে আর সংসার পোষণের নিমিত্তে ক্লেশ পাইবে না। ইত্যাকার লোভ জাল বিস্তার করিয়া দীন দুঃখি লোকের ধন হরণ করিতে প্রবৃত্ত হইয়াছেন। অতএব এ বিষয়ে যদি শ্রীযুক্ত মাজিস্ত্রেট সাহেব মহাশয় কিঞ্চিৎ কটাক্ষ না করেন তবে নিতান্ত অরাজক প্রদেশের ন্যায় অনিষ্টজনক ব্যাপার প্রবলিত হইল। ইহাতে ভরসা করি অন্যান্য সম্পাদক মহাশয়েরা নিজ২ অমূল্য পত্রে প্রকটন পূর্ব্বক দয়ালু দুষ্ট দমন শিষ্ট পালনকারি দেশাধিপতির কর্ণ গোচর করিয়া এতাদৃশ উপদ্রব রহিত করিতে তাচ্ছল্য করিবেন না।

কস্যচিদ্বাগবাজার নিবাসিনঃ।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয়েষু।

আপনি গত শনিবারে আমার যে পত্র বর্দ্ধমানের দারোগার বিষয়ে শ্রী গৌরীশঙ্কর তর্কবাগীশের পত্রের উত্তর যাহা প্রকাশ করিয়াছেন তাহার ভাষান্তর করিতে কিঞ্চিৎ ভুল হইয়াছে অর্থাৎ যে স্থানে লিখিতেছেন যে গৌরীশঙ্কর কি ইহা অপহ্নব করিতে পারিবেন যে তাঁহার কোন এক মোকদ্দমাতে সাক্ষ্য দেওনকালে তিনি অপ্রতিভ হন নাই সে স্থানে মুনিবের না হইয়া মুনিব হইবেক অর্থাৎ গৌরীশঙ্কর কি ইহা জ্ঞাত নহেন যে তাঁহার মুনিব কোন স্থানে সাক্ষ্য দেওনকালে অপ্রতিভ হন নাই দ্বিতীয় যে স্থানে উকীলের পরওয়ানা ভাষান্তর করিয়াছেন সে স্থানে পরওয়ানা না হইয়া অস্ত্র স্বরূপ উকীল লইয়া বর্দ্ধমানে গিয়াছেন কি না ইহা হইবেক ইহা নিবেদন মিতি।

কস্যচিৎ যথার্থবাদিনঃ।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

হুগলির অন্তঃপাতি বৈদ্যবাটীতে ডাকাইতের সম্বাদ শুনিয়া এবং দস্যু ধৃত জন্য মাজিস্ত্রেট সাহেব পূর্ব্বোক্ত স্থানে স্বয়ং অবতীর্ণ হইয়াছেন তাহার বিশেষ অদ্যাবধি যদিও আমরা জ্ঞাত নহি তথাচ ঐ সাহেবের পূর্ব্বের কোন২ দস্যু ধৃতের পক্ষে যেরূপ লক্ষ তাহা বিলক্ষণরূপে অনেকেই বেত্তা আছেন প্রথমে দস্যুগণে ধৃত করণ জন্য নানাপ্রকার কৌশল ও ছলকল করিয়া থাকেন। এবং মফঃস্বল দারোগা প্রভৃতির দ্বারা যাহার বাটীতে চৌর্য্য কর্ম্ম হয় তাহার চতুর্দ্দিগস্থ ব্যক্তিদিগের প্রতি নানা অত্যাচার ও দারোগাদিগের উদর পরিপূর্ণ করান। পরে দস্যু ধৃত হইলে তাহারদিগের শ্রীঘরে প্রেবেশ করাইয়া সেই দস্যুগণের প্রতিবাসী ভদ্র লোকের প্রতি মাস তদারক অর্থাৎ ঐ ধৃত দস্যুরা কখন কোথাও চৌর্য্যবৃত্তি করিয়াছে কি না এবং তাহারদিগের সন্দেহ হয় কি না তাহা জানিবার কারণ দারোগার দ্বারা মফস্বলে পরবানা পাঠান। একে পল্লিগ্রামস্থ ভদ্র লোক স্বভাবত ভীত তাহাতে দারোগার নাম শ্রবণ করিলে শ্রুবণে হস্তার্পণ পূর্ব্বক শপথে সভয়ে অভয় জন্য স্বস্থান হইতে পলায়ন পরায়ন করেন। বিশেষে যদিও দস্যুগণে মনে সন্দেহ করেন তথাচ ঐ দুরন্ত দস্যুগণের ভয়ে যথার্থ কহিতে পারেন না। যেহেতু তাঁহারা দেখিতেছেন যে দস্যুরা অপহৃত দ্রব্য সহ ধৃত হইয়াও পরে মাজিস্ত্রেট সাহেবের সুবিচারে প্রায় মুক্ত হইয়া আইসে কি জানি যদি কেহ মাস তদারকে যথার্থ কহে তবে সে দায় হইতে মুক্ত হইয়া ঐ ভদ্র লোকদিগের প্রতি কোন অত্যাচার করে এই আশংকায় কেহ যথার্থ কহে না সুতরাং পরম সাধু হইয়া আইসে তাহার দৃষ্টান্ত এক এই যে সন ১২৪৩ সালের অর্থাৎ গত বৎসর কার্ত্তিক কি অগ্রহায়ণে জাহানাবাদ পরগণার মধ্যে এক ধনি মুসলমানের ভবনে দস্যুরা দলবদ্ধ হইয়া অনেক বিষয় অপহরণ করে তাহাতে ঐ বিজ্ঞবর মাজিস্ত্রেট স্বয়ং সেস্থানে যাইয়া চোর ধৃত জন্য বহুশ্রম করেন। পরে সেস্থান হইতে প্রায় ১৫ ক্রোশ অন্তর বর্দ্ধমান অন্তঃপাতি জামালপুরের নিকটবর্ত্তি গ্রামে চোরের সন্ধান পাইয়া সেলামাবাদ রায়না ও ধনেখালি এবং জাহানাবাদের চারি ব্যক্তি দারোগা ঐ জামালপুরে উপস্থিত হইয়া মাজিস্ত্রেট সাহেবের আজ্ঞানুসারে নানা প্রকার সন্ধান করিয়া কালাড়া চণ্ডিপুর প্রভৃতি কএক গ্রাম বাসী বড় নকৌড়ি ও ছোট নকৌড়ি পাইক ও ভৈরব বন্দ্যো বাণেশ্বর কমল রূপচাঁদ বাগদী প্রভৃতিকে বমাল সহ ধৃত করিয়া এবং তাহারদিগের দ্বারা অপহৃত বস্তুর মধ্যে রৌপ্য স্বর্ণ বস্ত্র শাল বনাত প্রভৃতি অন্যান্য তাহারা যাহা বিক্রয় করিয়াছিল তাহাও ঐ দস্যুদিগের দ্বারা জ্ঞাত হইয়া ঐ দারোগারা ক্রয় কর্ত্তাদিগেরে ধৃত করিয়া বহু কষ্ট দেওয়াতে ঐ নষ্টেরা দারোগার হস্তে হস্তার্পণ করিয়া অনায়াসেই নিষ্কৃতি পাইলেন বিশেষে ঐ সেলমাবাদ থানার জমাদ্দারের ক্রয় করা অনেক দ্রব্য পাওয়া যায় ইহাতেই আমরা বিশেষ ভীত যেহেতু দারোগা বক্সি জমাদ্দার ইহারা স্বয়ং এরূপ হইয়া পুনর্ব্বার কর্ম্মে বজায় থাকিলে অন্য উপায় কি। পরে দারোগাদিগের সমীপে ঐ দস্যুরা স্বীকার করিল যে তাহারা ঐ জাহানাবাদে ডাকাইতি করিয়া ঐ সকল দ্রব্যাদি হরণ করিয়াছে। এমতে ঐ দারোগারা ঐ দস্যুগণকে মাজিস্ত্রেটের নিকট প্রেরণ করিলেন ঐ দস্যুরা সাহেবের সম্মুখে আনীত হইলে পূর্ব্ব দারোগার নিকট চৌর্য্যবৃত্তি স্বীকার পুনর্ব্বার অস্বীকার করিয়া কহিল যে দারোগাদিগের নিগ্রহেতে প্রাণ সংশয় জন্য স্বীকার করিয়াছিলাম। কিন্তু আমরা দস্যুবৃত্তি করি নাই ইহাতে ঐ মাজিস্ত্রেট ঐ রূপ মাসতদারকের পরবানা মফঃস্বলে পাঠাইলেন। তাহাতে দস্যুদিগের পথ রক্ষা পাইয়া অনায়াসেই রক্ষা পাইয়া স্বস্থানে প্রস্থান পূর্ব্বক নকৌড়ি প্রভৃতি তাহারদিগের পূর্ব্বের চৌকিদারি কর্ম্মে নিযুক্ত থাকিয়া সচ্ছন্দে কাল ক্ষেপণ করিতেছে। এমতে অস্মদাদির বক্তব্য এই যে যে সকল দস্যুরা অপহৃত দ্রব্য সহ ধৃত হয় তাহারদিগের মাস তদারকের আবশ্যক কি। বরং যাহারদিগকে সূক্ষ্ম সন্দেহে ধৃত করা যায় তাহারদিগের মাস তদারক আবশ্যক অতএব হে সম্পাদক মহাশয় প্রথমে মাজিস্ত্রেটেরা যে রূপ আড়ম্বর করিয়া থাকেন পরে তাহার কিছু মাত্র রক্ষা পায় না কেবল প্রজার ক্লেশ মাত্র দস্যুদলের প্রশ্রয় বাড়ান অতএব আমারদের নিবেদন এই যে মাজিস্ত্রেট সাহেব এই বিষয় তদারক করিয়া এমত কোন সুনিয়ম করেন যে তাঁহার উদ্যোগে দেশের মঙ্গল হয়।

কস্যচিৎ প্রজাবর্গস্য।

---

practised that mode of gambling, called *knofun*, used no kind of force; why, then, were they deemed worthy of punishment? But as they deprived the poor of their property by practising on their cupidity, saying, that by pledging one pice a man might obtain an anna, so the Baboo above mentioned offers them for four rupees, so to speak, a golden bait, of 2,000 Rs. which will relieve them from all farther anxiety respecting the support of their families. Thus by spreading out the net of cupidity, poor miserable wretches are deprived of their property. If, therefore, the Magistrates do not look into this matter, iniquity will become strong, as though the country had no ruler. I hope, therefore, that the other Editors will insert this article in their own papers, and bring the evil to the notice of our rulers, whose business it is to repress the wicked and to encourage the good, and that they will not be slack in putting down these nefarious practises.

A Resident at Baug-bazar.

To the Editor of the Durpun.

In my letter which you published last Saturday, in reply to the communication of Gouree Senker Turkabageesh, there were some discrepancies in the translation. For instance, where you say, "Can Gouree Sunker deny that he committed himself, in giving his evidence in a certain case?" it should read thus:—"Does not Gouree Sunker know that his master committed himself in giving evidence in a certain case?" Secondly, where you have translated the word "a legal warrant," instead of the word "warrant" it should read thus:—"Is he not gone to Burdwan with a lawyer for his weapon?"

A Matter-of-fact-man.

HOOGHLY DACOITIES.

To the Editor of the Durpun.

We have heard of the dacoities which have been committed in the district of Hooghly, in the Thannah of Buddibatee, and that the Magistrate has proceeded himself thither in order to seize the offenders; and though we are not yet will acquainted with the particulars, yet many are acquainted with the circumstances which transpired when offenders were seized by that gentleman on a former occasion. 1st. Various contrivances were set on foot in order to discover them. Through means of the Darogahs much oppression was practiced towards the neighbours of those from whose houses the articles had been stolen, and thus the Darogahs obtained a full belly. When the offenders were seized, they were lodged in confinement, and their neighbours, who were respectable men, were subjected to inquiries to ascertain where and when the thieves had pursued their vocation, and whether there was any real suspicion of their guilt. To ascertain these particulars, the Darogah sent Perwannahs into the interior. Now, it should be remembered, that village people are by nature timid, and that on hearing the name of a Darogah, they put their hands to their ears, and through dread of being obliged to swear, fly from their own residence. And although they may suspect the guilt of the robbers, they scarcely dare to tell the truth for fear of them; for they perceive that the robbers, though seized with the stolen articles, do frequently come out clear from the Magistrates inquiry. They fear that when inquiries are made of them, if they tell the truth, the robbers may yet esca, e, and afterwards inflict great distress upon them, notwithstanding their respectability; hence, they are withheld from telling what they know, and robbers get off as though they were honest men. I will give you a proof of this. Last year, in the month of Kartick or Augran, a gang of robbers united together and plundered the house of a wealthy Moosulman, of much property. The Magistrate himself proceeded to the spot, and laboured much to seize the thieves. And having obtained some intelligence of them in a village near Jumalpore, thirty miles off, in the district of Burdwan, the Darogahs of Selimabad, Rynah, and Dhuniacolly, and Jehanabad Thannas, proceeded to Jumalpore, and unknown to the Magistrate, made great search, and seized Bora Nucouree and Chotta Nucouree, pykes, and Bhyrub, Bundia, Baneshur, Kumal, Roopchand Bagdee, and others, with the stolen articles; these men resided in Calara, Chundipore, and other villages. Through them they ascertained to whom they had sold the silver, gold, clothes, shawls, woollens, and and other articles, and seized the purchasers, and thus, with great difficulty, were enabled to discover the whole transaction, and to get into their own hands all the offenders. Particularly they found that many articles had been purchased by the Jemadar of Selimabad Thannah; this filled us with particular dread, for if Darogahs, Buxees, Jemadars, and other officers, after such detection, are again appointed to the public service, what remedy can we have? The robbers confessed to the Darogahs, that they had committed the robbery in Jehanabad, and stolen all those articles. The Darogahs sent the offenders up to the Magistrate; but they denied before the Magistrate all that they had confessed before the Darogahs, and said that the confession had been extorted from them through fear, and that they had committed no robbery. The Magistrate upon this sent a fresh Perwannah into the Mofussil, to enquire when and were the robbery had been committed, and thus the rogues escaped, and returned to their own village, and Nucouree and the others were appointed to their old situations, and are living in perfect security. Now we would observe, that when the robbers have been taken with the articles upon them, what necessity can there be for a *mash tudaruck*, or an inquest of particulars? In those cases in which an offender is taken up upon suspicion, such an inquest may be very proper. Mr. Editor, it too often happens that the great exertions made by the Magistrate end in nothing, and only give trouble to the poor and confidence to the offenders. We would, therefore, intreat the Magistrate to look into this matter, and to make such arrangements that his exertions may prove really beneficial to the country.

Certain Subjects.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0 2	0 6		
2d. Class,	0 4	0 4		
3d. Class,	3 12	4 0		
Middle 5 per cent loan,	0 0	0 0		
New 5 per Cent,	13 0	13 0		
4 per Cent loan,	2 4	2 0	Disct	

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500.

পঃক কমিসয়ন গবর্ণমেণ্টকে এই পরামর্শ দিয়াছেন যে তাহা এতদ্দেশীয় ভাষাতে প্রকাশ করা যায়। তৎপ্রযুক্ত ঐ আইন জারী হওনের পূর্ব্বে এতদ্দেশীয় লোকেরাও তদ্বিষয়ে আপনারদের সম্মত্যসম্মতি জ্ঞাপন করিতে পারিবেন।

সুপ্রিম কোর্ট।

আগামি সোমবার সুপ্রিম কোর্টের টর্মের প্রথম দিন হইবে। কথিত আছে তাহাতে এত অধিক মোকদ্দমার শুননি হইবে যে পূর্ব্বে অনেককালাবধি ঈদৃশ হয় নাই।

গবর্নর্ জেনরলের ছাউনি।

শুনা যাইতেছে যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ছাউনি অতিশীঘ্র ভঙ্গ হইয়া প্রত্যেক ব্যক্তি পৃথক্‌রূপে ডাকের দ্বারা সীমলাতে গমন করিবেন।

হাকিম মেন্দির লোকান্তর।

আমরা অত্যন্ত খেদিত হইয়া প্রকাশ করিতেছি অয়োধ্যার রাজার প্রধান মন্ত্রি হাকিম মেন্দি আলী খাঁ ২৬ দিসেম্বর তারিখে লোকান্তরগত হইয়াছেন। ঐ মহাশয় এতদ্দেশীয় তাবৎ মন্ত্রিঅপেক্ষা অতি রাজনীতিজ্ঞ ছিলেন ইহাতে সন্দেহ নাই এবং অনেক বৎসরাবধি অতিবিজ্ঞতারূপে রাজকার্য্যে কর্তৃত্ব করিয়াছিলেন। কিন্তু শেষে রাজার সঙ্গে কিঞ্চিৎ অকৌশল হওয়াতে রাজকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক স্বীয় প্রচুর সম্পত্তি লইয়া ইঙ্গলণ্ডীয়াধিকারে আসিয়া বাস করিয়াছিলেন। গত বৎসরে রাজার মরণোত্তর বর্ত্তমান রাজ সিংহাসনোপবিষ্ট হইলে উক্ত মন্ত্রিকে লক্ষ্ণৌতে আহ্বান করিয়া তাবৎ রাজকীয় কার্য্য অর্পণ করেন। কিন্তু তিনি এই মহোচ্চ পদের সম্ভ্রম অল্পকালমাত্র ভোগ করিতে পারিলেন।

শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর স্বয়ং যাইতে অসমর্থ হওয়াতে শ্রীযুত মেকনাটন সাহেব ঐ ছাউনিহইতে লক্ষ্ণৌর রাজাকে সম্ভ্রমসূচক সেলামাদি করণার্থ ২৮ দিসেম্বর তারিখে লক্ষ্ণৌ গমন করিতে প্রস্তুত ছিলেন। এবং ৩০ তারিখে তাঁহার প্রত্যাগমনের কল্প ছিল।

পশ্চিম দেশে দুর্ভিক্ষের যে অতিশয্য হইতেছিল তাহা এইক্ষণে কিঞ্চিৎ২ হ্রাস হইতেছে শুনিয়া আমরা পরমাহ্লাদিত হইলাম।

ডবস সাহেব।

আমরা এই আহ্লাদজনক সম্বাদ প্রাপ্ত হইয়াছি যে মাষ্টরনেকুটি শ্রীযুত ডবস সাহেব জাহাজের দ্বারা সমুদ্রপথে গমন করাতে বিলক্ষণ সুস্থ হইয়াছেন এবং তিনি অবিলম্বে পুনর্ব্বার ফত্তেশালম নামক জাহাজআরোহণে এই স্থানে উত্তীর্ণ হইবেন। ঐ জাহাজ ১৫ দিসেম্বর তারিখে সিঙ্গাপুরে পঁহুছিয়াছে।

মার্টিন সাহেব।

বঙ্গদেশের শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর্ সাহেব হুগলির জজ শ্রীযুত মার্টিন সাহেবকে কর্ম্মচ্যুত করিয়া সিবিলসম্পর্কীয় সাহেবেরা কর্ম্মচ্যুত হইলে যে বেতন পান তাঁহারদের তুল্য তিন চারি শত টাকা মাসিক মুশাহেরা নিরূপণ করিয়া দিয়াছেন। মার্টিন সাহেবের প্রতি যে অভিযোগ হইয়াছিল তদ্বিষয়ে শ্রীযুত ডবলিউ ডবলিউ বর্ড সাহেবের বিবেচনার দ্বারা এইপর্য্যন্ত সাব্যস্ত হইয়াছে যে বঙ্গদেশের শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর্ সাহেব উত্তরকালে মার্টিন সাহেবকে এতাদৃশ উচ্চ পদে রাখা অনুচিত বোধ করিয়াছেন। এই মোক

Native languages; the natives will thus have an opportunity of offering their opinion, before the code comes into operation.

Supreme Court.

Next Monday is the first day of Term, and it is reported that more cases are to be brought forward for trial than have been known for a long time past.

Governor General's Camp.

We hear that the Camp of the Governor General will break up immediately, and that the various parties will proceed separately by Dawk to Simlah.

Death of Hukeem Mendy.

We are extremely sorry to announce that Hukeem Mendy, the Prime Minister of the King of Oude, died on the 26th December. He was, without doubt, the ablest native statesman in all India. For many years he governed with very great ability the kingdom of Oude, but in consequence of some misunderstanding with the King retired from office, and went to live, with his large fortune, in the British dominions. Upon the death of the late king, during the last year, and the accession of the present Monarch, he was recalled to Lucknow, and the entire affairs of the country were delivered into his hands. He held this elevated post but a very few months.

Mr. Macnaghten was to leave the Governor General's Camp for Lucknow, by Dawk, on the 28th of December, in order to compliment the king, the Governor General himself being unable to go. He expected to return on the 30th Dec.

We are happy to learn that the appearance of scarcity in the Western Provinces had begun to disappear.

Mr. Dobbs.

We are happy to learn that Mr. Dobbs, the Master in Equity, has been completely restored to health by his voyage to Sea, and that he is coming back immediately on the *Futteh Salum*, which ship arrived at Singapore on the 15th of December.

Mr. Martin.

The Deputy Governor of Bengal has ordered the removal of Mr C. R. Martin, the Judge of Hooghly, and his being placed on the allowance of a senior merchant out of employ. The charges brought against Mr. Martin are considered to have been so far established by the investigation held by Mr. W. W. Bird, that His Honour considers it inexpedient to continue him in the high office he held. Much praise is bestowed

দ্দমাতে শ্রীযুত লুইস সাহেবেরও অত্যন্ত প্রশংসা হয় যেহেতুক হুগলি জিলাতে মার্টিন সাহেবের প্রতি যে অভিযোগের জনশ্রুতি হয় তাহা তিনিই প্রথমে গবর্ণমেণ্টকে জ্ঞাপন করেন। বোধ করি যে ইহার পরে মার্টিন সাহেবের বিষয়ে আরো কোন তজবীজ হইতে পারে।

আমদানী রফ্তানী জাহাজের সংখ্যা।

১৮৩৭ সালের ১ জানুআরিঅবধি শনিবার ৩০ দিসেম্বরপর্য্যন্ত কলিকাতা বন্দরে ছোট বড় নানাপ্রকার কি জাহাজ কি বার্ক কি স্কুনর কি সুলুক কি দুনি আমদানী ও রফ্তানী হয় তাহার সংখ্যা এই। আগত ৫৭৭ গত হয় ৫৪১। সমুদায়ে ১১১৮ ইহাতে জ্ঞাত হওয়া গেল যে ১৮৩৬ সালে গতাগত জাহাজের সংখ্যা ১৮৪৮ হয়। তদপেক্ষা গত বৎসরে ৭৩০ কম হইয়াছে। তাহার মুখ্য কারণ এই শুনা গেল যে শ্রীযুত কোম্পানি বাহাদুরের নিমিত্ত নানা উপদ্বীপহইতে যে সকল জাহাজে লবণ আসিত এইক্ষণে তদৃশ আইসে না।—হরকরা।

সম্বাদ গুণাকর।

বঙ্গভাষায় সম্বাদ গুণাকরনামক এক অভিনব সম্বাদপত্র শ্যামপুকুরিয়ানিবাসি শ্রীযুত বাবু গিরিশচন্দ্র বসুকর্তৃক সম্পাদিত হইয়া এই সপ্তাহাবধি প্রকাশ হইতেছে। ঐ সম্বাদপত্র সপ্তাহের মধ্যে দুইবার মঙ্গল ও শুক্রবারে প্রকাশ পাইবে। ঐ অমূল্য গুণাকরের মূল্য কেবল ১ টাকামাত্র স্থির করিয়াছেন।

কৃত্রিম মুদ্রা।

গত শনিবারে কলিকাতাস্থ শ্রীযুত মকান সাহেব এতদ্দেশীয় কএক লোকের স্থানে কএকটা কৃত্রিম আধুলি পাইয়া তাহারদিগকে কয়েদ করিয়াছেন। ইহার পূর্ব্বে দেশীয় লোককর্তৃক যত কৃত্রিম মুদ্রা প্রস্তুত হইয়াছিল তাহাহইতে এই আধুলি অতিসুদৃশ্য এবং টাকশালে এইক্ষণকার প্রস্তুত প্রকৃত মুদ্রা যেমন টাটকা ও নিখুঁত ঠিক তাদৃশ করিয়াছে।

চুরির উদ্যোগ।

কলিকাতার সিমলাবাসি এতদ্দেশীয় মধ্যবিত্ত সম্ভ্রান্ত এক ব্যক্তি কেবল আপনারা দুইটি স্ত্রী পুরুষ বাটীতে থাকেন অপর কোন ব্যক্তি তাঁহারদের নিকটে থাকে না। যে এক জন দাসী থাকে সেও রাত্রি হইলে আপন ঘরে যায়। এক ব্রাহ্মণ ঐ ব্যক্তির তাবৎ সম্পত্তি হরণের চেষ্টা করিয়াছিল কিন্তু সৌভাগ্যক্রমে তাহাহইতে রক্ষা পাইয়াছে। ব্রাহ্মণের সঙ্গে বাবুর বিশেষ পরিচয় ছিল না কেবল তিন চারি দিন পূর্ব্বে তাঁহার সঙ্গে আলাপ করিয়া গত বুধবার রজনীযোগে কিঞ্চিৎ মিষ্টান্ন আনয়নকরত বাবুকে বারম্বার কহিল যে ইহা দেবতার প্রসাদ আপনি এইক্ষণেই ভক্ষণ করুন। কিন্তু বাবু স্বেচ্ছাচারিতাপ্রযুক্ত তৎসময়েই তাহা খাইতে স্বীকার না করিয়া কহিলেন যে ভোজনের পর সেবন করিব। পরে ব্রাহ্মণকে বিদায়করণোত্তর দ্বার রুদ্ধ করিয়া অন্তঃপ্রকোষ্ঠে গিয়া সস্ত্রীক ঐ প্রসাদ সেবন করাতে অর্দ্ধ ঘণ্টার মধ্যে উভয়ই অচেতন হইয়া পড়িলেন। পরদিবসেরও অ

by His Honour Mr. Lowis, who first brought to notice the reports affecting Mr. Martin's character, which were current in the Hooghly district. Some further investigations, it is supposed, are to take place.—*Ben. Hurk. Jan. 1.*

Arrival and Departure of Vessels.

The number of vessels of every denomination and description, viz. ships, barques, schooners, sloops, dhoones, &c., that arrived at and departed from the port of Calcutta from the 1st of January, to Saturday the 30th of December, 1837, were as follows:—

Arrivals..............................	577
Departures..........................	541
	1118

We find a great decrease in the number of arrivals and departures during the past year, compared with those of 1836, which was 1848; thus the total of decrease proves 730. This is, we are informed, to be attributed chiefly to the discontinuation of coasting vessels bringing Salt for the Honourable Company, as formerly.—*Hurk. Jan. 2.*

Sumbad Goonakur.

During the present week, an addition has been made to the number of Bengalee newspapers. The name of the new Journal is *Sumbad Goonakur*; and is edited by Baboo Greeschunder Bose, of Sampookur. It is to appear twice a week, namely, Tuesday and Friday, and is to be charged for at one rupee a month.—*Cal. Cour.*

Counterfeit Coins.

On Saturday last, Mr. McCann discovered some counterfeit coins of half rupees in possession of some natives who have since been placed in confinement. The Rupees are the very best which, perhaps, the Natives, have ever coined; they are in every respect as new and as perfect as the genuine coins manufactured at the mint.

Attempt at a Great Robbery.

A native gentleman, now in rather obscure circumstances, who resides at Simlah, with his wife, having no body else residing in the house; the only servant, a female, being in the habit of going to her house at night, has lately had a very narrow escape of being robbed of all his property by a Brahmun. The Brahmun was a stranger to the Baboo, and had introduced himself to him three or four days previously. On Wednesday night last, he came with some sweetmeats which he said had been offered to the gods, and desired him repeatedly to take a part of the same, but he partinaciously refused to do it then, promising to do so when he took his meal. A little after he sent the Brahmun away, and shutting the street door after him, went to the female apartment, where himself and his wife both partook of the sweetmeats, and in the course of about half an hour after became quite senseless, in which state they continued till a late hour the next

নেকক্ষণপর্য্যন্ত তদবস্থ থাকিলে তাঁহার বহির্বাটীস্থ দোকানদার এক জন স্ত্রী অসময়ে অনেকক্ষণপর্য্যন্ত দ্বার রুদ্ধ দেখিয়া সন্দেহে দ্বার ভাঙ্গিয়া দেখিল যে তখনও তাঁহারদের হুঁস নাই। কিঞ্চিৎপরে সচেতন হইয়া কর্ত্তা তাবদ্ব্যাপার প্রকাশ করিলেন। অতএব ঐ প্রসাদে নিঃসন্দেহই কোন মাদক দ্রব্য মিশ্রিত ছিল। কিন্তু বাবু যদি ব্রাহ্মণের সমক্ষেই প্রসাদ খাইতেন তবে বোধ করি তাঁহার অনেক হাজার টাকার সম্পত্তি অপহৃত হইত।

মীর্জাপুরে নূতন বেঙ্ক।

২ জানুআরি তারিখের ইঙ্গলিসমেন সম্বাদপত্রদ্বারা অবগত হওয়া গেল যে আগ্রা বেঙ্কের ন্যায় মীর্জাপুরে এক নূতন বেঙ্ক স্থাপন হইবে। এবং ঐ বেঙ্কের কার্য্য নির্ব্বাহার্থ পশ্চিম ও দক্ষিণ দেশের প্রতি শহরে এক২ জন গোমাস্তা নিযুক্ত হইবে। উক্ত বেঙ্কে বিলপ্রভৃতির ডিসকৌণ্ট বা হুণ্ডীয়ান ব্যতিরেকে কর্জ্জ বা বাণিজ্যার্থ অন্য কোনপ্রকার দেনা লেনা হইবে না এবং নোট চালায়নের ব্যবহারও হইবে না। ঐ তারিখের ইঙ্গলিসমেন পত্রে আরো লেখে মীর্জাপুর বেঙ্কের কলিকাতার কর্ম্মনির্ব্বাহক ইউনিয়ন বেঙ্ক হইবে। খেদের বিষয় এই যে বাঙ্গাল বেঙ্কের মহাক্ষমতা থাকিতেও দেশের মধ্যে স্থানে২ শাখা বেঙ্ক স্থাপন কি নিমিত্ত করেন না।

গয়াতে ডাকাইতী।

সম্প্রতি গয়াধামে এক দিবস সায়ং ৭ ঘণ্টাসময়ে সম্ভ্রান্ত ধনি এক ব্যক্তি সরফের কুঠীতে শতাবধি দস্যু আসিয়া দুই এক জনকে হত ১২ জনকে আঘাতীকরত ১৫,০০০ টাকা লুটিয়া প্রস্থান করিয়াছে।

কালনায় অগ্নি

কথিত হইয়াছে ২৪ ডিসেম্বর তারিখে কালনাতে দারুণ অগ্নি লাগিয়া তিন দিন ব্যাপিয়া থাকে তাহাতে লক্ষ্যমান লক্ষ টাকার সম্পত্তি দগ্ধ হইয়াছে

বসন্তরোগ

কথিত আছে যে পশ্চিম দেশে বসন্ত রোগের অতিপ্রাদুর্ভাব হইয়াছে। পল্টনীয় এক জন উত্তম সুশীল শ্রীযুত লেপ্টেনন্ট ডিক সাহেব বসন্তরোগে দেহত্যাগ করিয়াছেন। আগ্রা শহর ও তাহার উপনগরের অনেক দীনদরিদ্র বালকেরা ঐ রোগাভিভূত হইতেছে এবং আজমীর শহরে ৩,০০০ বালক ছয় সপ্তাহের মধ্যে উক্ত রোগে মারা গিয়াছে

কাছাড়।

শুনা গেল যে কাছাড়ের পূর্ব্ব সীমায় লক্ষ্মীপুরে শ্রীহট্টস্থ ৪ কোম্পানি লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যেরা ছাউনি করিয়া থাকিবে। হুকুম হইয়াছে যে তাহারদের নিমিত্ত সার্জ্জেণ্টের ঘর ও গারদখানা ও হাসপাতালপ্রভৃতি স্থাপিত হইবে।

কুর্গ।

মান্দ্রাজের সম্বাদপত্রে প্রকাশ হয় যে অল্প দিন হইল বৃটিশ গবর্ণমেণ্টের হস্তে সমর্পণ হইয়াছে যে কুরুগ দেশ তত্রত্য প্রজারা প্রাচীন রাজার শাসনাপেক্ষা বৃটিস গবর্ণমেণ্টের কোমল শাসনেতে অত্যনুরক্ত ও সন্তুষ্ট আছেন। দেশের নানা স্থানে উত্তম২ থানা রাস্তা প্রস্তুত হইতেছে তদ্দ্বারা তদ্দেশোৎপন্ন মূল্যবান বাণিজ্য

day. A woman who kept a shop in a part of the premises, finding the door shut to an unusual hour, broke in and found them in that state. On their recovering their senses, the husband related all the particulars.

There is no doubt that the sweetmeats were impregnated with some intoxicating drug; and that if the Baboo had eaten them while the Brahmun was in the house, he would have robbed him of all his movables, which are estimated at some thousands of rupees.—*Ibid.*

New Bank at Mirzapore.

We learn from the *Englishman* of the 2nd January, that a new Bank is about to be established at Muzapore, upon the same principle as the Bank of Agra. It proposes to establish Agents in all the principal stations in the Upper Provinces and in the Deccan, and to confine its operations to discount and remittances, without attempting to issue notes or to engage in any kind of speculation or loans. The Union Bank, says the *Englishman*, is the Calcutta Agent of the Mirzapore concern. It is a great pity that the Bengal Bank, with its eminent advantages, should still hold back from establishing branch banks throughout the country.

Dacoity at Gyah.

A dacoity has just taken place at Gyah. About seven in the evening from 50 to 100 persons attacked the banking house of a respectable Shroff, killed one or two men, wounded about a dozen, and carried off about 15,000 Rs.

Fire at Culna.

A fire is said to have broken out at Culna, on the 24th December, which lasted for three days, and consumed property to the extent of 100,000 Rs.

Small Pox.

The small pox is represented as raging in the Western Provinces. An excellent and promising officer, Lieutenant Dick, has just been carried off by it. In the city and suburbs of Agra, the disease is very common among the children of the poor. At Ajmere it is said that 3000 children have died of it within six weeks.

Sylhet.

We learn that four companies of the Sylhet Light infantry are to be stationed at Luckipore, the Eastern boundary of Cachar. Orders have been transmitted for the erection of the usual number of public buildings, a serjeant's bungalow, guard houses, hospital, &c.—*Eng. Dec. 29.*

Coorg.

The Madras Papers state, that the inhabitants of Coorg, which has recently been ceded to the British Government, are far more contented and happy than they were under the ex-rajah. Numerous excellent roads are now in progress throughout the country, which would facilitate travelling and the trans-

ও গমনাগমনের অতিসুগম হইবে। ঐ তাবদ্দেশের দেওয়ানী ও সৈন্যসম্পর্কীয় খরচ সর্ব্বসুদ্ধ বৎসরে আড়াই লক্ষ টাকা তাহা দেশীয় উৎপন্ন রাজস্বাপেক্ষা লক্ষ টাকা অধিক। পূর্ব্বকার রাজার দেওয়ানীবিষয়ক ব্যয়হইতে এইক্ষণকার দেওয়ানীতে ব্যয় অধিক হয় না। কিন্তু দেশ রক্ষণার্থ এক পল্টন পদাতিক সৈন্য ও কএকটা তোপ ইত্যাদিতে অধিক খরচ পড়িতেছে। রাজধানী মারকরার জল বাতাস এমত স্বাস্থ্যজনক যে সৈন্যেরা তথায় চারি বৎসরাবধি ছাউনি করিলেও কেবল তাহারদের মধ্যে ইউরোপীয় এক ব্যক্তির মৃত্যু হয় তাহাও রোগে নহে দৈবাৎ কোন আঘাতে।

সিঁধ।

কলিকাতার তালতলাস্থ বাবু রামধন ঘোষের বাটীতে গত শুক্রবার রাত্রে সিঁধ কাটিয়া ১০। ১২ টাকা মল্যের স্বর্ণ রৌপ্যপ্রভৃতি সম্পত্তি হরণ করিয়াছে। আমারদের নিকট এই সম্বাদ শনিবারে আইসে সেপর্য্যন্ত ঐ এলাকার পোলীসের মহোদ্যোগ হইলেও অপহৃত সম্পত্তি বা চোরের কোন অনুসন্ধান পাওয়া যায় নাই।

শঠতা।

সপ্তাহাতীত হইল দুই জন রওয়ানি বেহারা কএকখান ছুরী কাঁচি কিনিতে বড় বাজারে গিয়াছিল কিন্তু দুর্ভাগ্যপ্রযুক্ত যে দোকানদারের নিকটে পড়িয়াছিল তাহারা বদমায়েস প্রতারণারূপে ঐ সকল লৌহময় দ্রব্য বিক্রয় করিয়া থাকে। তাহাতে যাহার মূল্য।০ এমত ১ খান ছুরী ও ২খান কাঁচি ঐ বেহারারদের স্থানে ১ টাকাতে বিক্রয় করিল তাহারা ঐ জিনিস লইবামাত্র আমারদিগকে ঠগাইল বুঝিতে পারিয়া কহিল যে আমারদের টাকা ফিরিয়া দেও তোমার জিনিস লও। তাহাতে ঐ প্রবঞ্চক দোকানদারেরদের এক জন ঐ বেহারারদিগকে চোর২ বলিয়া চৌকিদারকে ডাকিতে গেল। তৎপ্রযুক্ত ঐ বিদেশী নিরপরাধী দুই ব্যক্তি চৌকিদারের নাম শুনিয়া ভয়ে ঐ জনতার মধ্যহইতে পলায়ন করিল।

বিদ্যার্থির উৎসাহ বর্দ্ধন।

ধারওয়ার সদর আমীন শ্রীযুত বিক্রান্ত রাও বাহাদুরের পুত্র শ্রীযুত ত্রিমূল রাও সদ্বিদ্যা প্রাপণার্থ রাজধানীস্থ বিদ্যালয়ে থাকিয়া নানা বিদ্যাতে সুশিক্ষিত ও সুপ্রতিষ্ঠিত হইয়াছেন। বোম্বাইর শ্রীল শ্রীযুত গবরনর সাহেব এই সম্বাদ শ্রবণ করিয়া উৎসাহ বর্দ্ধনার্থ তাঁহাকে উৎকৃষ্ট খেলাৎ প্রদান করিয়াছেন।

বোম্বাইর লবণ।

অল্প দিন হইল বোম্বাইর গবর্ণমেণ্ট লবণের উপর ভারি মাসুল বসাইয়াছেন তৎপ্রযুক্ত লবণের অধিক মূল্য হইয়াছে। পূর্ব্বে ঐ লবণ টাকায় ৬ মোন ছিল এইক্ষণে টাকা মোন হইয়াছে তাহাতে দীনহীন লোকেরা কষ্টে হাহা করিতেছে কিন্তু

portation of its rich produce. The expenses of the Civil and Military Establishments is estimated at about two and a half lakhs of Rs. a year, which exceeds the income of the country by about one lakh of Rupees. The Civil Establishment is not more expensive than that of the late rajah; but the keeping up an entire Regiment of Native Infantry, and some Artillery, augments the charge of the Province. The climate of the Capital, Mercara, is so salubrious that though it has been occupied by our troops for four years, only one death has occurred among the Europeans stationed there, and that arose from accident.

Burglary.

The dwelling house of Baboo Ramdhon Ghose, a native gentleman residing at Taultallah, was broken into on the night of Friday last, and property abstracted therefrom, consisting of gold and silver articles, &c. to the amount of about ten or twelve thousand rupees. Up to the time that the intelligence reached us on Saturday, the exertions of the police of the division were any thing but successful in tracing the offenders, or the stolen goods out.—*Hurk, Jan. 2d.*

Common Swindling.

Two Rowane-bearers came to the Burro bazar about a week ago, for the purpose of making a purchase of some cutlery. They happened to fight upon some men of bad character, who deal in iron implements, and gain their livelihood by fraud. They bought of them a knife and two scissors (nor worth 4 annas) for a Rupee, which they had no sooner slipped into their hands, than they became sensible of the fraud.—They offered to return the articles and wanted their Rupee back. In the mean time, one of those cheats called out Thieves! Thieves! and immediately went out to call for Chowkedars. The two innocent fellows, strangers as they were, hearing the name of the Policemen, sadly walked out from among a number of people assembled on the occasion.

Encouragement of Learning at Bombay.

The Governor of Bombay having learnt that Trimool Rao, the son of Rao Bahadoor, Venkut Rao, the Principal Sudder Ameen of Dharwar, had come to the Presidency to obtain a superior education, and had greatly distinguished himself by his acquirements in European knowledge, has presented him with a handsome khilat.

Salt at Bombay.

The Supreme Government having recently imposed a heavy tax upon the Salt of Bombay, the price of that article has greatly risen, and instead of six maunds per Rupee, at which it was selling, it is now sold at a Rupee a maund. The consequence is, that the

গবর্নর্ জেনরল।

শ্রুত হওয়া গেল শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ২১ তারিখে কানপুরে উত্তীর্ণ হইয়া এক দরবার করিলেন এবং ২৩ তারিখে লক্ষ্ণৌর যুবরাজকে প্রাত ভোজনার্থ নিমন্ত্রণ করেন। তৎপরে হিন্দুস্থানের নানা প্রদেশস্থ সরদারেরা আসিয়া শ্রীযুতের সঙ্গে সাক্ষাৎ করিলেন এবং তদ্দিবসীয় সায়ংসময়ে ঐ স্থাননিবাসি সাহেব লোকেরদের ভোজে আহূত হইয়া শ্রীলশ্রীযুত গমন করিলেন। এবং ২৬ তারিখের অপরাহ্নে লক্ষ্ণৌর যুবরাজের সঙ্গে শ্রীলশ্রীযুত গিয়া সাক্ষাৎ করিলেন। তদ্দিবসীয় সায়ংসময়ে তত্রস্থ সাহেবেরা নাচ ও নিশার ভোজে শ্রীশ্রীমতী মিস ইডেনেরদিগকে আহ্বান করিলেন। অনন্তর শ্রীমতী মিসেরা পরদিবস প্রাতঃকালে কানপুরহইতে লক্ষ্ণৌতে যাত্রা করিলেন এবং পুনর্ব্বার ফতেগড়ে শ্রীল শ্রীযুতের নিকটে আসিবেন। এইক্ষণে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব কানপুরে উপস্থিত আছেন এবং তাঁহার এমত অপেক্ষা আছে যে ২৯ তারিখে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সহিত ভোজন করিবেন। এমত কথিত আছে ২ জানুআরি তারিখে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর উদ্দেশ্য পথে যাত্রা করিবেন। অন্য সম্বাদ দ্বারা অবগত হওয়া গেল তিনি মৃগয়ার্থও কোন২ স্থানে গমন করিবেন শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের অপেক্ষা আছে যে সিমলা পর্ব্বতে গমনার্থ তিনি ১৮ তারিখে কর্ণালে পঁহুছিবেন।

আগ্রা।

৮ জানুআরি তারিখের সন্ধ্যাকালে কানপুরহইতে উপরি ডাকের দ্বারা ৩১ দিসেম্বর তারিখের যে পত্র আগত হয় তদ্দ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব ঐ তারিখে গবর্নর্ জেনরল বাহাদুরের ছাউনিতে আগমন করিয়া ১ জানুআরি তারিখে উত্তর পশ্চিম প্রদেশের গবর্নরীকর্ম্মে ইস্তফা দেওনের নিশ্চয় করিলেন এবং ঐ ইস্তফা দেওয়াতে ঐ প্রদেশ চারি বৎসরপর্য্যন্ত স্বতন্ত্র গবর্নরের অধীনে থাকিয়া এইক্ষণে পুনর্ব্বার গবর্নর্ জেনরল বাহাদুরের অধীনে হইল। এবং যেং বিষয় আমারদের গোচর হইতেছে তদ্দ্বারা বোধ হয় যে উত্তরকালে ঐ প্রদেশের উক্ত পদ কোন স্বতন্ত্র গবর্নরের অধীনে থাকিবে না। এক্ষণও কোন নূতন লেপ্তেনন্ট গবর্নর্ নিযুক্ত হন নাই। পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন যে কোম্পানির চার্টরের ৩৮ প্রকরণের বিধানুসারে শ্রীযুত কোর্ট অফ ডিরেক্তর্স সাহেবেরদের ঐ লেপ্তেনন্ট গবর্নরী পদ একেবারে রহিত কিম্বা পরিবর্ত্তনকরণের ক্ষমতা আছে এবং ৫৭ প্রকরণানুসারে প্রত্যেক রাজধানীর কৌন্সিলিরদের পরিবর্ত্তনকরণ কিম্বা রহিতকরণ বা সংখ্যার ন্যূনতাকরণ ইত্যাদির ক্ষমতা আছে। ইঙ্গলণ্ড দেশহইতে যে পত্র আইসনের অনেক কালাবধি প্রতীক্ষা আছে বোধ করি তদ্দ্বারা আমরা এই গুরুতর বিষয়ের কোন প্রকৃত সম্বাদ প্রাপ্ত হইতে পারিব। শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব কানপুরহইতে আলাহাবাদ পর্য্যন্ত স্থলপথে যাত্রা করিবেন এবং ঐ স্থানে বাষ্পীয় জাহাজারোহণে কলিকাতায় আগমন করিবেন। শ্রীযুক্ত সাহেব ফেব্রুআরি মাসের প্রথম সপ্তাহের পূর্ব্বে কলিকাতায় উত্তীর্ণ হইতে পারিবেন না ৭ তারিখপর্য্যন্ত সম্ভবনা।

ভারতবর্ষ ইঙ্গলণ্ড মধ্যে বাষ্পীয় জাহাজের গমনাগমন।

সম্প্রতি কলিকাতায় এক বৈঠক হইয়াছিল তাহার অভিপ্রায় এই যে ইঙ্গলণ্ড ও ভারতবর্ষমধ্যে বাষ্পীয় জাহাজের বাহুল্যরূপে গমনাগমন মান্দ্রাজ সিংহল দ্বীপ কলিকাতা ব্যাপিয়া তদর্থে হৌস অফ কমন্স এক দরখাস্ত দেওনের পরামর্শ করা যায় তাহাতে শ্রীযুত লার্ড বিশপ সাহেব স্বাভাবিক উত্তেজনানুসারে ঐ ব্যাপার সম্বাদানুকূল বক্তৃতা করিলেন পরে অনুমতি হইল ঐ দরখাস্তের এক প্রতিলিপি করিয়া তাহা [illegible] সভাপতি স্বাক্ষর করেন অপর বোম্বাই [illegible] গমন যদি কেবল [illegible] অন্যান্য রাজধানীর লোকের অপকার আছে এবং তাঁহারদের মিসর দেশের সুগমপথ দিয়াও ইঙ্গলণ্ড দেশে যাওয়াহইতে [illegible] কলিকাতাহইতে [illegible] যাত্রা করিলে বোম্বাইর তুল্য [illegible] অধিক আরোহী [illegible] সম্প্রতি যে আটালান্টা বাষ্পীয় জাহাজ বোম্বাইহইতে যাত্রা করিবে তাহাতে আরোহির সংখ্যা ৩২ তন্মধ্যে ৬ বিবি ১৪ সাহেব ১২টি তাহারদের বালক।

বাবু রসময় দত্ত।

শ্রীযুত বৃজ্‌কি সাহেব অল্প দিনের মধ্যে ছোট আদালতে উপস্থিত হইবেন এবং তৎপরিবর্ত্তে যে শ্রীযুত বাবু রসময় দত্ত ছোট আদালতের একটিং কমিস্যনর্‌রূপে নিযুক্ত আছেন তিনি সম্প্রতি শ্রীযুত মেকলৌড সাহেবের বিলাত গমন করাতে তৎপদে নিযুক্ত হইয়াছেন।

কৃত্রিম মুদ্রা।

ধনঞ্জয় বনমালী রামধন রামকৃষ্ণ কালীকুমার রামনাথ এবং গোপাল ইহারা শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের সম্মুখে আনীত হইল। পরে এই সাক্ষ্য দ্বারা জ্ঞাত হওয়া গেল যে শ্রীযুত মকান সাহেব গত শনিবারের পূর্ব্বাহ্নে দবীদীন নামক এক ব্যক্তির দ্বারা কোন সন্ধান পাইয়া মির্জাপুরে উপস্থিত হন এবং ঐ স্থানে উপরি লিখিত পাঁচ ব্যক্তির কাহারো স্থানে ১০ কাহারো স্থানে ৮ এইরূপে সর্ব্বশুদ্ধ ৪১টা কৃত্রিম আধুলি পাইলেন। এতৎপ্রকারে অপরাধিরদের দোষ সাব্যস্ত হওয়াতে এই হুকুম হয় যে তাহারদের স্থানে প্রাপ্ত মুদ্রার সংখ্যানুসারে তাহারদের অর্থদণ্ড করা যায়। এবং দণ্ডের টাকা না দিতে পারিলে প্রত্যেক ব্যক্তি ৩ মাস করিয়া হৌসঅফকরেকশনে কঠিন পরিশ্রমযুক্ত কয়েদ থাকিবে। রামনাথ ও গোপাল দোষ সাব্যস্ত না হওয়াতে খালাস হইল।

কলিকাতায় অগ্নি।

অদ্য পূর্ব্বাহ্ণ দশ ঘণ্টা সময়ে গুড়িয়াতলার ৩ সংখ্যক থানার মধ্যে তামস নামক এক ব্যক্তি ফিরিঙ্গির খড়ুয়া ঘরে আগুন লাগিয়া নিকটবর্ত্তি ১১ খান খাপরেল ঘর ও থানার একাংশ দগ্ধ হইল আমরা খেদিত হইয়া প্রকাশ করিতেছি যে ঐ অগ্নিতে এতদ্দেশীয় দুই জন ফিরিঙ্গির প্রাণ হানি হয় তন্মধ্যে এক ব্যক্তি বৃদ্ধ ও খঞ্জ দ্বিতীয় ব্যক্তিও প্রাচীন তৎসময়ে পানাদিতে মত্ত থাকনপ্রযুক্ত তথাহইতে ধাবনে অসমর্থ ছিল ঐ দুই ব্যক্তির প্রাণ রক্ষার্থে অনেক লোক উদ্যোগ করিয়াছিল। এবং এক ব্যক্তি ঐ উদ্যোগ করাতে মৃতকল্প হইয়া নিবৃত্ত হয়। পরে ৭টা দমকল পঁহুছিলে তাহারা স্বাভাবিক উত্তেজনা ও অঙ্গীকারানুসারে অগ্নি নির্ব্বাণ করিতে চেষ্টা করিয়াছিল।

The Governor General.

We understand that the Governor General held a Durbar on the 21st, (the date of his arrival in Cawnpore) and "gave a splendid breakfast to the Prince of Oude" on the 23rd, after which he was formally visited by several native chieftains from various parts of Hindoosthan. In the evening his Lordship honoured a Station Dinner Party with his presence. On the 26th the station gave a Ball and Supper to the Misses Eden, and the visit of the Prince of Oude was returned by his Lordship on the morning of the same day. The ladies left Cawnpore for Lucknow the following morning, and were to rejoin his Lordship at Futtehgurh. Sir Charles Metcalfe had reached Cawnpore, and was to dine with his Excellency on the 29th. It is said that Lord Auckland would start in prosecution of his journey on the 2nd instant. Another account states, that it was reported his Lordship would make a sporting excursion. The Commander-in-Chief was expected at Kurnaul on the 18th ultimo, in progress to Simlah.—*Daily News, Dec. 9.*

Agra.

By letters received last evening by express from Cawnpore, and dated the 31st December, we learn, that Sir Charles Metcalfe arrived in Camp on the 31st, and was to resign charge of the N. W. Provinces on the following day, the 1st January. The Government of this portion of the Empire is once again vested in the Governor General, after a separation of about 4 years duration. From what we see, and from what we hear, the probability is, that these Provinces will not again be placed under a separate Government. No new Lieutenant Governor has been appointed; and as our readers know, the Court of Directors has the power, under the 38th Section of the Charter, to revoke and alter the appointment in question; and by the 57th Section, to revoke and alter the appointment of Councils, in any of the Presidencies, to reduce the number of Councillors, and so forth. The forthcoming, and long expected despatch, will probably bring some interesting intelligence on this subject. Sir Charles Metcalfe will march from Cawnpore to Allahabad, and will then embark on the Steamer, for Calcutta. He cannot be in Calcutta before the 1st week in February; and the 7th is the day on which it is calculated he will arrive.—*Cal. Cour. Jan. 9.*

Steam Communication between England and India.

A meeting was held at Calcutta, on Thursday last, to petition the House of Commons, to establish a Comprehensive Steam communication between England and India, which should embrace Madras, Ceylon and Calcutta. The meeting was addressed in very eloquent terms by the Lord Bishop, who advocated the cause with his wonted zeal. The petition was ordered to be engrossed and signed by the Chairman. By confining Steam communication to Bombay, the residents at the other Presidencies are deprived of all opportunity of availing themselves of it, and of taking the more agreeable route through Egypt. Undoubtedly, if the vessels were to start from Calcutta, the number of passengers would be as great as that from Bombay, and possibly greater. We perceive that the passengers on the *Atalanta*, on her present voyage from Bombay, are no fewer than *thirty-two*, viz. six ladies, fourteen gentlemen and twelve children.

Baboo Russomoy Dutt.

Baboo Russomoy Dutt, who has been for some time Acting Commissioner of the Court of Requests, in the room of Mr. Brietzcke, who is shortly expected back, has been appointed to act in the same Court in the room of Mr. McLeod, who goes home.

Counterfeit Coins.

Dhunnujoy, Bunmaley, Ramdhun, Ramkisto, Caulicoomar, Ramnauth, and Gopaul, being brought before the Magistrate, it appeared in evidence that Mr. M. Cann, in consequence of information received from one Dabeedeen, had proceeded to Mirzapore, on the forenoon of Saturday last, and there found in the possession of the first five prisoners, counterfeit new half rupees, some ten, some eight, and so on, in all, forty in number. The Prisoners being thus convicted, were sentenced to pay a fine proportioned to the number of the said coins found in their possession respectively, or in default of the payment of the fine, to be kept to hard labour in the House of Correction three calendar months each. Prisoners Ramnauth and Gopaul were discharged, in consequence of no criminality being established against them. *Com. Adv. Jan. 10.*

Fire in Calcutta.

This morning at about one o'clock, a fire broke out in the hut of a Portuguese, named Thomas, at Gouriahtolla, in the 3rd Division. Eleven large tiled huts were destroyed, and a part of the Division Thannah. We regret to add that two Native Portuguese lost their lives on the occasion. The former is said to have been a crippled old man, and the latter an elderly man, who had been regaling himself with a few cups of Cogniac, and was so inebriated as to be unable to escape from the fiery element.

ইনশালবেণ্টের ইষ্টেট।

অরিয়ণ্টল অবজরবরসম্বাদপত্রে এমত জনশ্রুতি প্রকাশ হয় যে দেউলিয়া কুঠীর আসৈনি সাহেবেরদের প্রতি এমত দৃঢ় হুকুম হইয়াছে যে তাঁহারা যথাসাধ্য শীঘ্র আপনারদের হিসাব নিষ্পত্তি করিয়া কর্ম্ম বন্দ করেন আমরা ভরসা করি এই জনরব সমূলক হউক প্রথম কুঠী দেউলিয়া আট বৎসর হয় শেষ কুঠী দেউলিয়া চারি বৎসরের কম নহে হইয়াছে অতএব তাঁহারদের হিসাব নিষ্পত্তির সম্পূর্ণ কালই হইয়াছে ইহার পর আর বিলম্ব করিলে উত্তমর্ণেরদের কিছু হইতে পারে না।

ব্যবস্থাপক কমিস্যন।

শ্রীযুত মকালি সাহেব এতদ্দেশহইতে প্রস্থিত হইলে পর যে শ্রীযুত কামরন সাহেব ব্যবস্থাপক কমিস্যনর আছেন তিনি কৌন্সলের চতুর্থ মেম্বর হইবেন এবং যে শ্রীযুত আমস্ সাহেব প্রধান ব্যবস্থাপক কমিস্যনীপদে নিযুক্ত হইয়াছেন তাঁহার উপস্থিতিপর্য্যন্ত শ্রীযুত কামরন সাহেবই কৌন্সলের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ক্রেক্রাফ্ট সাহেবের প্রতিকূলে দরখাস্ত।

গত বৃহস্পতিবার ও শুক্রবারে আমরা আদালতে উপস্থিত থাকাতে শ্রীযুত ক্রেক্রাফ্ট সাহেবের প্রতিকূলে এক দরখাস্ত দেখিতে পাইলাম ঐ দরখাস্ত শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর্ সাহেবের নিকটে অর্পিত হয় এবং তাহাতে এই অভিযোগ লেখে যে চব্বিশ পরগনার সিবিল ও সেসন জজ শ্রীযুত ক্রেক্রাফট সাহেব প্রতিদিনই দুই প্রহর এক ঘণ্টা দুই ঘণ্টাসময়ে আদালতে আইসেন এবং তিনি কেবল ফৌজদারী মোকদ্দমায় ঐ কাল ক্ষেপণ করেন অতএব দরখাস্তকারকেরা শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর্ সাহেবের নিকটে এই নিবেদন করেন যে ঐ সাহেবের প্রতি হুকুম হয় যে তিনি সপ্তাহের মধ্যে দুই দিন দেওয়ানী মোকদ্দমা শুনেন। ঐ দরখাস্তে প্যারিলাল মণ্ডল ও কৃষ্ণানন্দ বিশ্বাস এই দুই জন প্রধান জমিদারের স্বাক্ষর এবং আদালতের দুই তিন জন উকীল ও অন্য এতদ্দেশীয় আট জনের সহী ছিল।

পরে প্যারিলাল মণ্ডল ও কৃষ্ণানন্দ বিশ্বাস ও উকীলেরা আদালতে আসিয়া কহিলেন যে আমরা এই দরখাস্তের কোন প্রসঙ্গই জানি না এবং তাহা নিতান্তই কৃত্রিম তাহাতে অবশিষ্ট যে কএক ব্যক্তির নাম ছিল তাহারদিগকে আদালতের কোন ব্যক্তিই চিনে না। আদালতের তাবৎ নথি তত্ত্ব করা গিয়াছে এবং ঐ আদালতে কোন মোকদ্দমা কিম্বা কোন আপীলী মোকদ্দমার কাগজপত্রে তাঁহারদের নাম নাই।

ফলতঃ মাসাবধি হইল ঐ শ্রীযুত সাহেব অত্যন্ত পীড়িত থাকাতে আদালতে কেবল দুই তিন দিন কিঞ্চিৎ বিলম্বে আসিয়াছিলেন। অতএব তৎসময়ে সাহেব এমত পীড়িত ছিলেন যে আদালতে না গেলেও কোন দোষ হইতে পারেনা যে হেতুক বারম্বার জ্বরাভিভূত হইয়া অতি দৌর্ব্বল্যে আদালতহইতে তাঁহার স্বস্থানে যাইতে হইয়াছিল। আমারদের বোধ হয় যে ঐ দরখাস্ত কোন অধস্থ আদালত হইতে প্রেরিত হইয়া থাকিবে। ক্রেক্রাফট সাহেব তাঁহারদের প্রিয়পাত্র নহেন ইহার কারণ সাহেবের কর্ম্ম শৈথিল্য নহে। কিন্তু তিনি এতদ্দেশীয় লোকেরদের বশ্য তাহইতে এককালে মুক্ত হইয়াছেন এবং ইহার পূর্ব্বে অনিষ্টকর যে পরাক্রম আমলারদের ছিল তাহা খর্ব্ব করিয়া তাঁহারদিগকে প্রকৃত স্থান অর্থাৎ কেবল মুহুরির স্থানেই বহুপ্রায় করিয়া রাখিয়াছেন।

আমরা স্বীকার করিতেছি যে সংপ্রতি ঐ জজ সাহেব কার্য্যের তাবৎকাল অর্থাৎ ১১ ঘণ্টাবধি ৫। ৬ ঘণ্টাপর্য্যন্ত ব্যাপিয়া তাবৎ লোককেই আদালতে যাইতে দেন ইহাতে আমরা অত্যন্ত উপকার জ্ঞান করি। আমরা কি দেওয়ানী কি ফৌজদারীবিষয়ক মোকদ্দমা তাঁহার নিকটে স্বচ্ছন্দে নির্ব্বাহ করিয়াছি কার্য্যান্তরে ব্যস্ত বলিয়া কখন আমারদের কার্য্যের বিলম্ব করেন নাই। যদ্যপি আদালতের তাবৎ উকীলেরা সত্য কহেন তবে তাঁহারদের অবশ্য স্বীকার করিতে হইবে যে ঐ আদালতে গত দশ বার মাসের মধ্যে কর্ম্মনির্ব্বাহের বিশগুণ সুগম হইয়াছে।

এই কৃত্রিম দরখাস্ত লইয়া কিছু গণ্ডগোল হইয়াছে এবং আরো মাসেক দুই মাসের মধ্যে এমত দুই একখান দরখাস্ত পড়নেরো আশ্চর্য্য নাই। সকলই অবগত আছেন যে শ্রীযুত ক্রেক্রাফট সাহেব আলিপুরের প্রধান সদর আমীনের প্রতিকূলে সদর দেওয়ানী আদালতে রিপোর্ট করিয়াছেন এবং এইক্ষণে মাণিকতলার মুনসেফের নামে অভিযোগের এক নালিস তাঁহার নিকটে উপস্থিত আছে। তাহাতে অনায়াসে দেখা যাইবে যে ঐ কর্ম্মকারক মুন্সেফ আপনার প্রতিকূলাচারি ব্যক্তিরদের প্রতি কিরূপ ক্রোধ দর্শাইতে পারেন।

নীলবীজ।

ফত্তেগড়ের ৩০ দিসেম্বর তারিখের পত্রদ্বারা অবগম হইল যে ঐ স্থানে নীলের বীজ অত্যল্প জন্মিয়াছে এবং ঐ বীজের মোনকরা মূল্য ১৩ টাকা। গত বৎসরাপেক্ষা ঐ মূল্য দ্বিগুণ হইয়াছে। এইক্ষণে ভয় হইতেছে যে দেশের নানা স্থানে নীলবীজ পাওনের যে বন্দোবস্ত হইয়াছিল তাহা হইতে পারিবে না। কার্পাসেরো যৎপরোনাস্তি ক্ষতি। তাহার মোনকরা ১৪ টাকা বৃদ্ধি হইয়াছে এবং ঐ চড়তি মূল্যে সংপ্রতি এক খেপ বিক্রয়ও হইয়াছে।

বর্ম্মা।

ব্রহ্মদেশীয় ও ইঙ্গলণ্ডীয়েরদের মধ্যে এইক্ষণে কোন নূতন বিষয় উপস্থিত হয় নাই। কেবল রাঙ্গুন ও মৌলমেনহইতে কোনং জনশ্রুতি শুনা যায়। কথিত আছে মৌলমেনের সম্মুখবর্ত্তি মার্ত্তাবানের বর্ম্মা অধ্যক্ষ সাধারণ এক উৎসবসময়ে ইঙ্গলণ্ডীয়েরদের গ্লানিময় গানকরত অতি দর্প করিয়া কহিয়াছেন যে বর্ম্মারা অবিলম্বেই মৌলমেন শহর উচ্ছিন্ন করিবেন এবং প্রায় প্রত্যহই মৌলমেনহইতে এমত সম্বাদ আসিতেছে যে বহুতর বর্ম্মা সৈন্য সমবেত হইয়া যুদ্ধার্থ প্রস্তুত হইতেছে। রাঙ্গুনহইতে আগত পত্রের দ্বারা অবগম হইল যে ঐ স্থানে এমত জনরব রাষ্ট্র আছে যে নূতন রাজা কহেন যে রাজকীয় আরং কার্য্য নিষ্পত্তি হইলে পর ইঙ্গলণ্ডীয়েরদের সন্ধিপত্রের নিয়ম প্রতিপালন করিতে আমার ইচ্ছা আছে। কিন্তু অল্প দিন হইল কলিকাতাহইতে তিনি এমত সম্বাদ পাইয়াছেন যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল কহেন যে ঐ রাজার সঙ্গে আমারদের যুদ্ধকরণের কোন কারণ নাই। বোধ হয় যে এই সম্বাদের দ্বারা দেশের অনিষ্ট ফল হইতে পারে।

পত্রপ্রেরকেরদের প্রতি।

কলিকাতার দাঙ্গাবিষয়ে আমরা কএক পত্র পাইয়াছি কিন্তু তাহা অবশ্য প্রকাশ্য বোধ হইল না।

The Insolvent Estates.

The *Oriental Observer* states, that a rumour is prevalent that peremptory orders have been issued to the Assignees of the various fallen firms, to wind them up with the least possible delay. It is to be hoped that the rumour is true. Eight years have now elapsed since the first of the great houses fell and nearly four years since the bankruptcy of the last. It is, therefore, fully time that their affairs should be finally settled, for the creditors can expect little or nothing from any farther delay.

Legislative Council.

Mr. Cameron, the Law Commissioner, goes into Council, as the fourth Ordinary Member, on the departure of Mr. Macaulay, and he will continue to officiate until the arrival of Mr. Amos, who has been appointed to the head of the Law Commission.

The Petition against Mr. W. Cracroft.

We were present in Court on Thursday and Friday last, and read a petition addressed to the Deputy Governor, complaining that Mr. Cracroft, the Civil and Session Judge of the 24-Pergunnahs, attended Court between 1 and 2 o'clock daily, and that he appropriates his time to the hearing of only criminal cases. The petitioners also prayed that the Deputy Governor should desire Mr. Cracroft to fix two days in the week for the hearing of Civil cases. The petition bore the signatures of Pearee Loll Mundul and Kistoonund Biswass, both respectable Zemindars, the names of two or three vakeels of the Court, and about eight other Bengalee names.

Pearee Loll Mundul and Kistoonund Biswass, as well as the vakeels, denied all knowledge of the petition, and declared it in open Court to be a forgery; the remaining names are unknown in the Court, as the whole of the files have been searched and no suits whether in Court, or by appeals from the Native Subordinate Courts, bearing those names have been found.

The fact is, that about a month ago, Mr. Cracroft did attend Court for about two or three days at late hours, but he was then in a very sick state, and could have very well staid away altogether, as he was often obliged to quit the Court in a state of fever and debility. We suppose this petition must have originated with some of the subordinate native Courts, with whom Mr. Cracroft is rather unpopular, not for neglect of duty, but for having set aside native influence altogether, and for having placed the Amlahs on their proper footing, that of clerks, &c., instead of allowing them the dangerous interfering influence they were formerly *allowed* to practise.

We must confess that we have lately experienced great good in the Judge allowing access to him at all hours of business, as from 11 to 5 and 6 p. m. we have transacted both civil and criminal business, without being put off on account of any particular engagement of the Court. Were all the native pleaders to speak the truth, they would have no alternative but to confess that business has been facilitated ten fold, nay twenty fold, within the last 10 or 12 months.

As this forged petition has made a little noise, as it were, we would not be surprised at several others being sent in within the next month, or two. Mr. Cracroft (we believe it is pretty well known) has made a reference to the Superior Court against the Principal Sudder Ameen of Allipore, and a case is now pleading before him against the Moonsiff of Manick Tullah, in which that officer has shewn how he can vent his spleen on those who care not for him. —*Hurk.*

Indigo Seed.

Futtehghur letters of the 30th, represent the crop of Indigo seed as very short, and prices 13 Rs. per maund, fully 100 per cent. above last year's! It is feared many contracts for the Indigo districts will remain unfulfilled. The Cotton crop too has suffered very severely, and prices have advanced to 14 Rs., at which a sale on the spot has actually been effected.—*Cal. Cour.*

Burma.

Nothing new has transpired with regard to our relations with the Burmese, except some rumours from Rangoon and Moulmein. It is stated that the Burmese Governor of Martaban, the town directly opposite to Moulmein, had sung songs at the public festivals, grossly abusing the English, and boasting that the Burmese would go and destroy Moulmein. Reports are also daily brought to that place, stating that the Burmese are assembling forces and making warlike preparations. They write from Rangoon, that a report had been brought down the country, that the King intends to acknowledge the Treaties with the English, as soon as his other affairs are settled, but that the recent intelligence from Calcutta, that the Governor General did not consider that he has any cause of quarrel with the King, was likely to produce disastrous consequences.

To Correspondents.

We have received two articles on the subject of riots in Calcutta which do not appear important for insertion.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

এতন্নগরীয় পথিমধ্যে ধূলী সমূহ অতিশয় উড্ডীয়মান হওয়াতে তন্নিবারণার্থ চাঁদপালের ঘাটোপরিস্থিত জল যন্ত্র সপ্তদশবার ঘূর্ণিত হইয়া নর্দ্দমা পরিপূর্ণ হয় কিন্তু আমরা বোধ করি যে পূর্ব্বে ইঙ্গলণ্ডীয় পল্লীর পুষ্করিণী হইতে জল উত্থিত হইয়া যদ্রূপ ধূলী নিবারণ হইতো তদপেক্ষা এই জল যন্ত্র দ্বারা অধিক জল উত্থিত হইয়া ইঙ্গলণ্ডীয় পল্লীর যাবদীয় ধূলী নিবৃত্তি হইবে যদ্যপি শ্রীলশ্রীযুক্ত গবর্ণমেণ্ট অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক বাঙ্গালি পল্লীর ধূলী নিবারণার্থ টেকশালের ঘাট এবং ইস্মিত সনের ঘাট এই ঘাটদ্বয়ের মধ্যে এক জল যন্ত্র সংস্থাপন করেন তবে গবর্ণমেণ্ট বাঙ্গালিদিগের মহোপকার করেন এবং তাহাতে গবর্ণমেণ্টের সমীপে কৃতজ্ঞতা সকলেই স্বীকার করিবেন আর ঐ গবর্ণমেণ্ট সর্ব্বত্র সর্ব্বজন কর্তৃক অতিশয় প্রশংসিত হইবেন।—জ্ঞানান্বেষণ।

গত সপ্তাহের অন্যান্যাপেক্ষা এক প্রকাশ করণ যোগ্য দেখিতেছি যে রাজকর্ম্মকারিদিগের প্রতি নির্ণীত সময় এই যে দশ ঘটিকা সময়ে রাজকর্ম্মকারিরা যাইয়া ৪ ঘটিকা পর্য্যন্ত কর্ম্ম করিবেন কিম্বা একাদশ ঘটিকা সময়ে গমন করিয়া ৫ পঞ্চম ঘটিকা পর্য্যন্ত কর্ম্ম করিবেন এই সময় নির্ণয়ে এক দোষ দৃষ্ট হইতেছে যে কর্ম্মকারিদিগের অনেককাল পর্য্যন্ত কার্য্য করিতে হইবে এবং আমরা শ্রুত আছি যে বহুং রাজকার্য্যকারি অধিক বেলায় রাজকার্য্যে যাইতেন তাঁহারদিগের প্রতি এই সময় নির্ণয় করণ অতিশয় ক্লেশজনক হইয়াছে এই অনুমতি করণের প্রতি যে যথার্থ কারণ কি তাহা বোধ হইল না কিন্তু আমরা বোধ করি যে ইঙ্গলণ্ডীয় স্থানে রাজকার্য্যকারিগণ অত্যাবশ্যক কর্ম্ম হইলেও ৪ ঘটিকার ঊর্দ্ধে কর্ম্ম করেন না সে সময়ে সকল কার্য্যই বন্ধ হইয়া থাকে কিন্তু যদ্যপি হাজির বিষয়ে গবর্ণমেণ্ট বিবেচনা করিয়া থাকেন যে সময় নির্ণয় করিলে উত্তমরূপে রাজকার্য্য হইবে আর সময় নির্ণয় না করিলে রাজকার্য্যের হানি হইবে তবে যে নির্ণীত সময়ের পরিবর্ত্তন বিষয়ে আমারদিগের কারণ দর্শান সে উচিত নহে কিন্তু সময়ের অনির্ণয় সাধারণ বিবেচকেই করিয়াছেন অতএব কিকারণ দর্শাইব।—ঐ।

প্রেরিতপত্র।

উৎকোচগ্রাহি মুন্সেফের দৌরাত্ম্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

বহুবিধ বিনয়পুরঃসর সেলাম সংস্থু নিবেদনমিদং জিলা চব্বিশ পরগণার এক মুন্সেফের যদ্রূপ সদ্বিচারকতা ও সচ্চরিত্রতা প্রবল হইয়া উঠিয়াছে ইহাতে প্রজা সকলে বিবিধ বিপদাপন্ন হইয়া একেবারে উচ্ছন্ন হইবার উপক্রম হইয়াছে যেহেতুক ইনি একটাকা অবধি একশত টাকা পর্য্যন্ত উৎকোচ গ্রহণ করিয়া থাকেন তাহার ন্যায় অন্যায় কিছুই বিবেচনা নাই। যে ব্যক্তি কিঞ্চিৎ যোত্রাপন্ন তাহারি জয়২ কার। ঐ সদ্বিচারক মুন্সেফের উক্ত চৌকীতে পাদার্পণ হইয়াবধি তত্রস্থাধীন প্রজা সকলে সমূহ অন্যায় ও অবিচার বশত নানাপ্রকার দারিত হইয়া এতদ্রূপ জর্জ্জরিত হইয়াছে যে তথা হইতে বাস ত্যাগপূর্ব্বক স্থানান্তরে বাস করণোদ্যত।

আদৌ। শ্রীসেখ এমামবক্স জমাদার তমঃসুক বাবুদী একশত ও কএক টাকার এবং আর এক ঐ বাবুদী কএক টাকার এই দুই নালিস করেন তাহাতে সাক্ষ্য সকলের দ্বারা ঐ দুই তমঃসুক এবং টাকা দেওয়া প্রকৃত সাব্যস্ত হইলে তথাপি সদ্বিচারক মুন্সেফ উভয় আসামীর নিকট কিঞ্চিৎ২ উৎকোচ গ্রহণ করিয়া

Spirit of the Native Papers.

The Chandpaul Steam Engine now works for 17 hours during the day, with the view of replenishing the reservoirs wherever the aqueducts extend. We hope that this commendable exertion will not confine itself to the instances of those tanks only, which are to be found in the European parts of the city: and that, in due course of time, puckah water courses will be so carried as to reach all the major divisions of the metropolis. If Government would establish another Engine half way between Smithson's Ghaut and the mint, so as to feed the reservoirs in the thickly crowded residences of the native inhabitants, it would confer a boon, not only demanding, but certain of securing the gratitude of thousands who would benefit from so well timed an act of kindness.—*Gyan.*

Amongst other events occurring during the past week, we have to notice the resolution of limiting attendance at public offices to the hours of 10 and four, or 11 and five. Fault has been found with this arrangment, on the ground that much valuable time will be lost to men in business: and it has been stated to us, that the very late hour at which several functionaries attend their offices would render it peculiarly inconvenient. We do not perceive the justness of these remarks as they apply *to the order itself.* In England, we believe that any one going to the Custom-house on business, however important, would find its transaction impossible after 4 o'clock, at which hour every department of the establishment is closed. If the Government would visit, with a very justifiable reprehension, that remissness of attendance which constitutes the delay, in getting through business, that under a stricter attention to hours, might easily be accomplished, we think there would remain little reason to complain of an alteration, which, referring to the climate, we regard as considerate and well adapted to general convenience.—*Ibid.*

Correspondence.

To the Editor of the Durpun.

Receive a thousand salutations. In a certain division of the 24-Pergunnahs the excellent conduct and judgment of a certain Moonsiff has become very conspicuous, and the people in that jurisdiction are subject to so many misfortunes, that there seems a prospect of their entire destruction. He is in the habit of receiving bribes from one Rupee to a hundred: there is no distinction before him between right and wrong; he who possesses a little money gets the victory. From the time when that excellent judge set his foot in that division, the people under him, subject as they have been to injustice and oppression, are so completely subdued, that they are even disposed to quit the place and go elsewhere.

1st. Shekh Emambux, Jemadar lodged a complaint for a bond of a hundred and odd Rupees, and also for another demand of the same sum. The bond and the receipt of the money were proved by witnesses, yet the excellent Moonsiff, after receiving a trifle from both parties, without

দিবা বিশিষ্ট হেতুতে ঐ দুই তমঃসুককে জাল কহিয়া দাবি ডিসমিস করিলেন এক্ষণে তাহার আপীল হইয়াছে অতএব ন্যায় অন্যায় সূক্ষ্ম বিচার দ্বারা অবশ্য প্রকাশ পাইবেক।

দ্বিতীয়। শ্রীশ্রীমন্ত বন্দ্যোপাধ্যায় নামক জনেক ঐ সাকিনের রামমোহন মালার নামে তমঃসুক বাবুদী ৩৮ নম্বরে ২১৬ টাকার দাবিতে এক নালিস করে তাহাতে ঐ তমঃসুকে যে কএক জন সাক্ষি ছিল তাহারদিগের প্রত্যেক সাক্ষী দ্বারা ঐ তমঃসুক প্রকৃত সাব্যস্ত হইয়া ঐ মালা মকদ্দমা রফা করিবার নিমিত্ত যে সকল কথোপকথন করিয়াছিল তাহাতে তৎকালীন যে কএক জন সাক্ষী ছিল তদ্ব্যক্তিদিগের জবানবন্দী দ্বারা তাহাও বিলক্ষণ সপ্রমাণ হইল। তথাচ ঐ কর্ম্মকারক ঐ মালার নিকট দুই খান জাল এবং নালিসের আরজী দাখিল হওয়া পর্য্যন্ত ক্রমিক তপস্বি প্রভৃতি উত্তমং মৎস্য সকল ও কিঞ্চিৎ নগদ মুদ্রা ইত্যাদি গ্রহণ করিয়া অবশেষে কোন বিশেষ ওজর না পাইয়া ফরিয়াদীকে কহিলেন যে তুমি জামিন না লইয়া টাকা কেন দিলা এবং ও ব্যক্তি ক্ষুদ্র জাতি মালা বিশেষত দুঃখী উহার এমত সম্পত্তি কি যে এত অধিক টাকা কর্জ লয় অতএব এ বিষয় ফেরব আমি ইহা ডিসমিস করিলাম। কিন্তু এস্থানে সকলে বিবেচনা করিয়া দেখুন যে টাকা কর্জ্জ দিবার সময় তমঃসুক লিখিয়া লইলেই রীতিমত হইল জামিন কে কোথায় লইয়া থাকে। অপিচ উক্ত সদ্বিবেচক ধর্ম্মিষ্ঠ কর্ম্মকারক ভায়া ইহা কোন বিবেচনায় কহিলেন যে উহার এমত কি সম্পত্তি যে এতদ্রূপ কর্ম্ম করে। ভাল কাহার কত সম্পত্তি আছে তাহা কে জানিতে পারে সে ব্যক্তির সম্পত্তি আছে না আছে তাহা তিনিই কেন আপন মনেং বুঝিয়া দেখুন না। যাহা হউক ফলে এ বিষয় আপীল নিষ্পত্তি দ্বারা বাবাজীর তপস্বিমৎস্য খাওয়া অনুমান কদাচ রক্ষা পাইবেক না।

তৃতীয়। কাশীনাথ সাধুখাঁ নাম জনেক কলু আছে তাহার সঙ্গে বাবাজীর যথেষ্ট সংপ্রীতি সর্ব্বদাই তাহার নিকট মুদ্রাদি গ্রহণ করিয়া থাকেন। সংপ্রতি উক্ত সাধুখাঁ জনেকের নামে মিথ্যা এক তমঃসুক এবং তৈলের উঠানার পাওনা বাবুদী ন্যূনাধিক ৩০০ টাকার দাবিতে নালিস করে তাহাতে তমঃসুকে ৫ জন সাক্ষির নাম ছিল। কিন্তু তৈলের উঠানার বিষয়ে সাক্ষী কেহ ছিল না বিশেষত ঐ তমঃসুকে ঢেরা সহী ছিল। কিন্তু যাহার নামে নালিস সেব্যক্তি উত্তম লিখিত পঠিত করিতে পারে ইহাতে ঐ মোকদ্দমা রুবকার হইয়া তমঃসুকের মধ্যে সকল সাক্ষী বর্ত্তমান থাকাতেও এক জনার সাক্ষ্য দ্বারা তমঃসুক সিদ্ধ সাব্যস্ত হইল না। অর্থাৎ সে কহিলেক যে আমি এ তমঃসুকের সাক্ষী হই নাই এবং ইহার বিশেষ বৃত্তান্তও কিছু অবগত নহি। তদনন্তর অন্য আরং সাক্ষিদিগের কাহারো জবানবন্দী না হইয়া এবং আসামীর সহীর বিষয়ে কিছুই তদারক না করিয়া অবলোলাক্রমে তাহা ডিক্রী হুকুম দিলেন অবশেষে তৈলের উঠানার বিষয়ও তদ্রূপ হইল। সে ব্যক্তি অতি দীন দুঃখী তাহার এমত সম্পত্তি কিছুই নাই যে সে এত টাকার দেনাপাওনা করে এবং সাধুখাঁও এমত সাধু নহেন যে কিঞ্চিৎ রস ভিন্ন কাহাকেও টাকা কর্জ্জ দেন ইহা কেবল আড়িপ্রযুক্ত শুদ্ধ ঐ ব্যক্তিকে নষ্ট করিবার নিমিত্ত এতদ্রূপ ষড়যন্ত্র করিয়াছে। কিন্তু এস্থানে আমারদির বক্তব্য এই যে বিজ্ঞবর মুন্সেফ তাহা ইহার সম্পত্তি বিষয়ে কিছু তদারক করিলেন না কেবল দুঃখি ব্রাহ্মণ শ্রীমন্ত বন্দ্যোপাধ্যায়ের মোকদ্দমার সময়েই আসামীর সম্পত্তির বিবেচনা করিয়া মোকদ্দমার সূক্ষ্ম বিচার করিয়াছিলেন। এক্ষণে এ দীনহীনের সর্ব্বনাশোপস্থিত আপীল করে এমত ক্ষমতা নাই গ্রামস্থ ভাবৎবিশিষ্ট লোকেরা চাঁদার দ্বারা তাহার আপীল বিষয়ে উদ্যোগী আছেন। এক্ষণে ঐ দুরাত্মা উৎকোচ গ্রাহি অনেক বিচার এতদ্রূপ করিয়াছে এবং করি

any cause, declared both bonds to be false, and dismissed the complaint. The case has been appealed, and the truth will, doubtless, be established upon a careful investigation.

2nd. Shreemunt Bundopadhayu lodged a complaint against Rammohun Mala, a fisherman, for a bond of 216 Rupees. Those who had witnessed the bond gave evidence, and established its correctness; and it was clearly proved by the written evidence of those who were present, that the fisherman had made offers of settling the business. Yet that excellent officer, after having received from the fisherman, two nets and some excellent mangoe fish from the time the complaint was lodged, as well as a few Rupees, was at length obliged, for want of any other excuse, to say to the complainant, why did you lend money without security? The defendent is a man of low caste, a fisherman, and in distress. What property had he to justify his contracting such a debt? The whole business is, therefore, fraudulent, and I dismiss the case. But every one will here perceive, that when a bond is taken on lending money, the legal mode of proceeding has been followed; and who ever thinks of taking security? But this wise and holy Moonsiff, where did he obtain his opinion that the defendent was a poor man and the transaction improbable? Who knows whether another has property or not? This he can easily determine in his own mind. Be that as it may, the question is now under appeal, and all farther eating of mangoe fish will be stopped.

3rd. Casheenath Sadhookhan, an oilman, is a particular friend of the Moonsiff, and is always giving him money. Latterly Sadhookhan lodged a false complaint against certain persons residing in Bamoonguch e for 300 Rs. on account of a bond and the daily supplies of oil; there were five names as witnesses to the bond, but there were no witnesses to the oil transactions; and the bond was signed with a mark, yet the person against whom the complaint was lodged was able to read and write well. After the cause had commenced, although all the witnesses to the bond were present, yet not one of them could establish it, but declared that they did not witness it, and knew nothing about the business.

The depositions of other witnesses were not taken, and no enquiry was made regarding the signature of the defendant, yet, to our amazement, the bond was decreed, and the same rule was followed with regard to the oil. The defendant was a poor man, possessed of no property which could lead him into such large transactions; nor is Sadhookhan so excellent a man, that he would lend money without adequate security; it was merely done in order to ruin the defendant. It was a clear conspiracy. Now, it was remarkable to us, that the Moonsiff should have made no enquiry regarding the property of the defendant. It was only in the case of Shreemunt Bundopadhayu, that he took into consideration the defendant's property, and made so excellent a decision. Now, this poor man is entirely ruined; he has no means of making an appeal; but the respectable men in the village are endeavouring to raise a subscription to enable him to do so. The individual to whom we allude has passed, and is passing, many such decisions, which it

ভেছে তাহিস্তার বর্ণনে লাপ বাহুল্য মাত্র। অতএব হে সম্পাদক মহাশয় আপনি অনুগ্রহ পুরঃসর দয়া প্রকাশে স্বীয় দর্পণৈক প্রান্তে এবং ফ্রেণ্ডঅফইণ্ডিয়া পত্রে এতদ্বিষয় স্থান দান করিলে মহিচারক শ্রীশ্রীযুত জজ সাহেবের কর্ণ গোচর হইয়া এ দীনহীন প্রজাবর্গের ঐ পাপিষ্ঠ উৎকোচগ্রাহির হস্তহইতে বিমুক্ত হইয়া ধন মান রক্ষা হইবেক এবং বিজ্ঞবর শ্রীযুক্ত ইংলিসমেন ও বাঙ্গাল হরকরা সম্পাদক মহাশয় প্রভৃতি ইঙ্গরাজী পত্র সম্পাদকেরা ও চন্দ্রিকা ও পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয়েরা দয়া প্রকাশে এতদ্বিষয় স্ব২ পত্রৈক প্রান্তে স্থান দান পুরঃসর চির বাধিত করিতে আজ্ঞা হইবেক। নচেৎ এ দীনহীনদিগের একেবারে উচ্ছিন্ন হইবার উপক্রম হইয়াছে অলমতি বিস্তরেণ।

কেদাঙ্গিৎ চৌকী সালিখার
অধীন সমস্ত প্রজাবর্গানাং।

শ্রীযুত সমাচার দর্পণ প্রকাশক
মহাশয় সমীপেষু।

মহাশীর্ষিবেদনমিদং

দর্পণোদিত আমার ষট প্রশ্ন দেখিয়া চন্দ্রিকা সম্পাদক আত্ম অভিপ্রায় ১২৮১ সংখ্যক চন্দ্রিকা পত্রে যে কএক কথা লিখিয়াছেন এবং কস্যচিৎ ঘটকস্য বাক্ষরিত যে প্রেরিত পত্র পরে প্রকাশ করিয়াছেন তদুত্তর সহ লিখিতেছি আপনকার দর্পণ পার্শ্বে প্রকাশিয়া বাধিত করিবেন।

প্রথমতঃ। চন্দ্রিকাসম্পাদক ধর্ম্মসভার নিয়ম দেখাইয়া আমার প্রকৃত নাম ধাম আদি জাত্য বিজ্ঞ হইবার বাসনা এবং সভার যথ নিয়ম পত্র লাভের যে কল্প না করিয়াছেন তজ্জন্য সম্পাদক মহাশয়ের নিকট বাধিতা হইলাম। এ অবলা একাকিনী রোদন করিলে ধর্ম্ম সভার সদয় অধ্যক্ষদের গণের স্নেহলাভের পাত্রী হবেক এমত বোধ করি না এজন্য কতিপয় কুলবালার সম্মতি সংগ্রহ করিবার সচেষ্টিত রহিলাম যদি ভগবৎ কৃপায় সে আশা সফলা হয় শীঘ্র ধর্ম্ম সভার নিয়ম অনুসারে সম্পাদক মহাশয়ের নিকট নিবেদন করিব। অপর চন্দ্রিকাসম্পাদক ধর্ম্মসভার নিয়ম প্রকাশিয়া শেষ ভাগে আপন অভিপ্রায় অর্থাৎ চন্দ্রিকাসম্পাদকের নিকট উত্তরের প্রত্যাশা রাখি এমত আগামি দর্পণে ব্যক্ত করিলে তথ্য দাদির বুদ্ধি বিবেচনায় যে মত হইবেক তাহাই লিখিবে। ইত্যাদি অর্থের বচনের নানুকুল্য তার এ অবলাকে পরিতুষ্ট করিবার যে অঙ্গীকার দিয়াছেন তদ্দ্বারা সুধীর সম্পাদকের করুণা বিস্তার গণিলাম। কৃপাপূর্ব্বক সম্পাদক মহাশয় আগামিতে যথার্থ বিবেচনানুসারে উত্তর প্রদান করেন এই প্রার্থনা।

১২৮২ সংখ্যক চন্দ্রিকা পত্রে ঘটক দাদা রাগান্ধ হইয়া চন্দ্রিকা সম্পাদককে উপদেশ ছলে আমার প্রকটিত প্রশ্নোত্তর লিখা অনুপযুক্ত এবং তাহা হইলে লেখক সম্প্রদায় অর্থাৎ আমরা অনেকেই ইহাতে অসন্তুষ্ট হইব। যে লিখেন ইহার কারণ কি বিচারিতে অবলা। চন্দ্রিকা সম্পাদক স্বয়ং প্রত্যুত্তর দিবার স্বীকৃত হইয়াছেন। পরে ঘটকের উপদেশে প্রতিজ্ঞা ভঙ্গ করিবেন এমত বোধ করি না। তবে দাদার আন্তরিক বেদনার হেতু অনেক আছে তাহাতে কি করেন বল্লালী পদ্ধের ভক্তিবিলাস এবং আইবড় বুড়ীর যুক্তি অভিলাষ অনেক জানেন এবং ইহাই ঘটক দাদাদিগের জীবিকা সংস্থান সুতরাং অন্যথা হইলে নানা আপদ ঘটে। কুল মর্য্যাদার পারিপাট্য কৌলীন্য সম্প্রদায়ে

would be too long here to detail. Wherefore, Mr. Editor, we beg you to exert your benevolence, and to insert this letter both in the *Durpun* and in the *Friend of India*, in order that it may reach the ears of our Judge, that the poor and distressed may be delivered from the hands of this man, and preserve their wealth and honour; and if the excellent Editors of the *English man* and the *Bengal Hurkaru*, and other English papers, and also the Editor of the *Chundrika* and the *Poorno Chundrodoy*, will benevolently copy this article into their Journals, we shall be extremely obliged; otherwise the poor people of this district must be entirely destroyed.

All the people of ——

To the Editor of the Durpun.

The Editor of the *Chundrika*, on seeing my six questions, has published his own remarks on them, in the 1281st No. of that paper, and has subsequently published a letter, signed by one calling himself a *Ghuttuk*. I now beg leave to send you for publication in the *Durpun* my reply to both.

1st. The Editor of the *Chundrika* has quoted the rules of the Dhurma Subha, and expressed a wish to know my name, residence and family. I beg to return my thanks to the Editor, for the information he has given me, regarding the rules of the Society, on the subject of receiving communications. I do not fancy that the tears of a poor weak woman like myself would procure me any compassion from the worthy members of that Society. I must, therefore, wait for the consent and or the assistance of other female Koolins. If, through the favour of God, this, my hope, be fulfilled, I will make an application to the Secretary of the Society, according to its rules. The Editor of the *Chundrika* after having given us the rules of the Society, has given his own determination, viz. that if we state in the next *Durpun* that we still expect a reply from the *Chundrika*, he will furnish us with it, according to the best of his abilities. I acknowledge my obligations to him for the promise he has held out of satisfying me, a poor woman, by the declaration of his own sentiments, and I pray him, that in the exercise of his benevolence, he would give us a reply, to the best of his ability, in his next paper. In No. 1282 of the *Chundrika*, my elder brother, the Ghuttuk, in a storm of passion, under the pretence of giving advice to the *Chundrika*, states that he ought not to give any reply to my queries, and that if he did, the whole body of Ghuttuks would be dissatisfied. I cannot ascertain the reason of his writing thus. The *Chundrika* has himself promised to give a reply, and I cannot fancy that he will break his promise at the call of the Ghuttuk; but there are many reasons for the pain which this, my brother, feels at heart. What is he, then, to do? He knows, of course, the excellency of the rules which Bullal established, and of the admirable reasoning by which the keeping old women unmarried is supported: it affords the Ghuttuk, my brother, the means of living; and if any alteration be made, it may plunge him into difficulties. The Koolins declare that the dignity of their race is indescribable. Let the *Chundrika* judge, whether I have censured the whole body of the Koolins, for the fault of one or two, or whether I have not formed my judgement from the faults of a great many. Let the *Chundrika* and other learned readers, after examining the conduct of those residents of Bikrumpore, Jessore, and Foolbelguria, who esteem themselves the most dignified among the Koolins, determine the matter. I refrain at present from publishing names, but if my good brother, the Ghuttuk, be not satisfied, I will publish the names, the residence, and the excellencies of those who consider themselves the most honourable in the four ranks of Koolins. There is a common saying, that he who has no stain, has no family honour; and upon this, Hasaee, Khandar and others, have been gradually restored to their family dignity. My good brother, the Ghuttuk, wishes to know the particulars of this. I will not be backward in giving them to him. At present, I will simply ask this Ghuttuk, upon what principle he defends *a man's giving his own aunt, and his own sister, and his own daughter in marriage to one and the same person?* Is not this a faulty marriage, as being within the prohibited degrees? In such transactions as this, is there not a shameful violation of all principles? If he wants a proof of this assertion, let him inquire in Jessore; or if he ask it of me, I will give it.

An Unmarried Girl of Dhobapara,
Joymoney Street.

অপার। এক মহাত্মার দোষ যে অন্যা সকলকে দোষী করিয়াছি কি অনেকের ব্যবহার দোষ আছে ইহার সুক্ষ্ম বিচার চন্দ্রিকা সম্পাদক এবং অন্যান্য বিজ্ঞবর পাঠক গণ বিক্রমপুর যশহর এবং ফুলবেলগড়িয়াস্থ প্রধান কৌলীন্য মর্য্যাদাভিমানি গণের আচার ব্যবহার প্রতি দৃষ্টি করিলে বুঝিতে পারিবেন। অদ্য স্পষ্ট নামোচ্চারণ করিলাম না আগামি ঘটক দাদা শান্ত না হয়েন ফুলবঙ্গজ সর্ব্বানন্দ প্রভৃতি মেল চতুষ্টয়ের আশ্রয় বদলের নাম ধাম গুণ কীর্ত্তন হবেক। দোষ নাই যার কুল নাই তার। ইতি বচনে হাঁসাই খাঁনদার প্রভৃতির যে দোষোদ্ধার ক্রমাগত হইয়াছে তাহাও ঘটক দাদা স্পষ্ট জানিতে চাহেন প্রকাশ করিতে বিরত না হব। বর্ত্তমানে ঘটক দাদার নিকট আমার জিজ্ঞাস্য এই যে এক পাত্রে পিসি বমাও আত্ম সহোদরা ও দুহিতা প্রদান করাতে কি যুক্তি উক্ত ইহাতে সম্পর্ক দোষ স্পর্শে কি না এবং বমালি তরঙ্গে লজ্জার প্রসঙ্গ অনঙ্গ রঙ্গ মাত্র আছে কি না ইহার প্রমাণ চাহেন যশহরে সন্ধান লইবেন অথবা লিখিবেন আমি নাম প্রকাশিব ইতি।

কস্যাশ্চিন্ন গোত্রাঃ কুমার্য্যাঃ
ধোপাপাড়া জয়মণি স্ট্রীট।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয়
বরাবরেষু।

এই স্থানের সরাফের মাজিষ্ট্রেট সাহেবের স্থানে কোন ছল করত হুকুম পাইয়া এক নূতন অনিষ্ট ব্যাপার করিতে আরম্ভ করিয়াছে বিশেষতঃ তাহারদের নিকটে কি সিক্কা কি কোম্পানির টাকা ভাঙ্গাইতে গেলে এক আনা করিয়া বাট্টা লয়। এই বিষয় পোলীসের চৌকীদারদিগকে জ্ঞাপন করাতে তাঁহারা সিক্কা টাকা কোম্পানির টাকার তুল্য বলিয়াই হুকুম দিলেন। এই প্রযুক্ত আমি অনুরোধ করিতেছি যে আপনি অনুগ্রহ করিয়া এই কএক পংক্তি দর্পণে প্রকাশ করেন এইক্ষণে ভরসা করি যে তদ্দ্বারা এতদ্দেশীয় দরিদ্র লোকেরা প্রতি যে অন্যায় অত্যাচার হইতেছে তাহাহইতে মুক্তি হইতে পারে।

গরীবজনস্য।

আমতা ২৬ দিসেম্বর ১৮৩৭।

To the Editor of the Durpun.

SIR,—The Shroffs at this place, under pretence of an order from the Magistrate, have commenced carrying on a new system of extortion, by charging every rupee (whether it be a Sicca or Company's) with one anna Batta. This was brought to the notice of the Police chaps here, but their noble decision made the complainant forfeit his Sicca for a Co's.; I consequently feel inclined to solicit the favour of your giving these few lines a corner in your valuable paper, whereby it would undoubtedly relieve the people from this illegal oppression, especially the poor in the interior.

Yours obediently,
A Poor Man.

Omptah, 26th Dec 1837.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

নীচে লিখতব্য বিবরণ প্রেরণ করিতেছি আপনকার বহুমূল্য দর্পণে প্রকাশ করিয়া বাধিত করিবেন

কস্যচিৎ পাঠকস্য।

৩ অক্টোবর তারিখের বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নরের সেক্রেটরী সাহেবের পত্রের চুম্বক।

২ দফা। তালুক বেলপুকুরিয়ার বন্দোবস্ত বিষয়ে ডেপুটি কালেকটর শ্রীযুত কালীপদ ঘোষালের যে রিপোর্ট শ্রীযুত কমিস্যনর সাহেব দাখিল করিয়াছেন তাহাতে ঐ ডেপুটি কালেকটরের অতিপ্রশংসা হয়।

প্রকৃত চুম্বক
ই রেপটন কালেকটর

SIR,—I beg the favour of your inserting the following notice in your valuable Durpun, and thus oblige

A Reader.

Extract of a letter from the Secretary to the Government of Bengal, dated 3d Oct. 1837.

2. Para. The English report upon the settlement of Talooka Belpookoriah submitted to the Commissioner, by Deputy Collector Roy Kalleepud Ghosal, does much credit to that officer's intelligence.

(True Extract)
(Signed) E REPTON,
Collector.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৵	ঐ
২ ক্লাস	ⅡO	।O	ঐ
৩ ক্লাস	৩৸O	।O	ঐ
মধ্যম ৫ টাকার লোন	O	O	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।O	১৪।O	ঐ
৪ টাকার লোন	২	২।O	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan				
1st Class	0	2	0	6
2d. Class.	0	¼	0	4
3d. Class	3	12	4	0
Middle 5 per cent loan.	0	0	0	0
New 5 per Cent	12	0	13	0
4 per Cent loan.	2	4	2	0 Disct

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৭৫ সংখ্যা। বালম ২০।] ২০ জানুআরি ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ৮ মাঘ। SATURDAY, JANUARY 20TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1175. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

SUPREME COURT.

Peter Jacob Paul, one of the Executors, &c. Complainant, *versus*

Marinos Nicholas Kalonas and others, Executors, &c. Defendants.

Notice is hereby given, that pursuant to a Decretal order made in this cause on the 24th day of July last, the Creditors and Legatees of John Demetrius Elias, are requested to come before the Master at his office in the Supreme Court, on or before the 11th day of February, 1838, and prove and establish their respective debts and legacies, and that in default thereof, they will be precluded from the benefit of the said Decretal order.

T. DICKENS, *Master.*

Master's Office,
11th August, 1837.
J. SANDES, *Attorney.*

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৫ জানুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত রিচার্ডহো কথেল সাহেবক্ষেত্রচাঁদ চক্রবর্ত্তির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের বড় বাজারের বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩৬ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ক্ষেত্রচাঁদ চক্রবর্ত্তির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে শ্যাম দাসের বাটী ও ভূমি। পূর্ব্ব ও দক্ষিণ দিগে কাশীনাথ মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সং

ইশতেহার।

স্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গর্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইলেন

ইশতেহার।

কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয় দুই বালমে জেলদবন্দি হইয়াছে। ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল

ইশতেহার।

পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈল প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বদেশের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ।।০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

Just published from the Serampore Press,

IN PERSIAN,

IN 2 VOLUMES ROYAL OCTAVO, A GUIDE TO THE REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September. 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Brief view of History.

The Brief view of History from the creation of the world to the birth of Christ, compiled and translated into Bengalee by John C. Marshman; the English and Bengalee are printed on the same page. 12mo. Price 3 Rs.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition, carefully revised under the orders of Government and printed *in Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed *in Eight volumes* quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages Price 1 Rs. 8 As.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India, composed in Bengalee by Mritoonjya Vidyalunkar. Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১০ জানুআরি ১৮৩৮।

কৌন্সেলের শ্রীলশ্রীযুত প্রেসীডেন্ট সাহেব শ্রীযুত এফ এম রিড সাহেবকে পোষ্ট মাষ্টর জেনরলী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন। এবং শ্রীলশ্রীযুত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সামিওল ডেবিস সাহেবকে পাটনার ডাকঘরের কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

শ্রীযুত জোসেফ সিমসন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে ভারতবর্ষীয় কোম্পানির জাহাজ তত্ত্বাবধারকতা পদ গ্রহণ করিয়াছেন।

৮ জানুআরি।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

পূরণিয়ার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত এফ ই রিড সাহেব ছুটি লইয়া বেলাত গমনের নিমিত্ত কলিকাতা রাজধানীতে আগমনার্থ ২ মাসের ছুটি পাইয়াছেন।

৯ জানুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ জে মরগন সাহেব চব্বিশ পরগনার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ আডম সাহেব শ্রীযুত সি ডবলিউ ব্রুক সাহেবের অনুপস্থান পর্য্যন্ত ছোট আদালতের একটিং কমিসনর হইয়াছেন।

কুমারখালির সাবেক আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ জে থরণ্টন সাহেব পাবনার সিবিল সম্পর্কীয় চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত টি এ ডিরমন সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা ঢাকা ও মৈমনসিংহের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু জয়নারায়ণ দাস ঐ আইনের বিধানুসারে বাঁকুড়ার ডেপুটি কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

ভাগলপুরের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত টি ওয়াএট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ ১ মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত আর এ ইয়ং সাহেব ঐ পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

চট্টগ্রামের উপরি জজ শ্রীযুত আর টরেন্স সাহেব স্বীয় অত্যাবশ্যক কার্য্যোপলক্ষে ৬ সপ্তাহের ছুটি পাইয়াছেন।

আসামের কমিসনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত টামস হগন্স সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে কলিকাতা রাজধানীতে আসিবেন।

বাকরগঞ্জের সদর আমিন ও মুন্সেফ শ্রীযুত জে জে জর্ডন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ বর্ত্তমান মাসের ১৬ তারিখ অবধি আগামি মাসের ১৫ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন। শ্রীযুত নরহরি শিরোমণি শ্রীযুত জর্ডন সাহেবের অনুপস্থান পর্য্যন্ত কার্য্য করিবেন।

১১ জানুআরি।

নবদ্বীপের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত টি সি লক সাহেব বর্ত্তমান মাসের ১৪ তারিখ অবধি ১ সপ্তাহের ছুটি পাইয়াছেন।

১ জানুআরি।

শ্রীযুত আনরবল সরচার্লস মেটকাফ সাহেব অদ্য গবরনর জেনরলের অনুমতিক্রমে উত্তর পশ্চিম অঞ্চলের স্বীয় লেপ্তেনন্ট গবরনরী কর্ম্মে ইস্তফা দিয়া বিলাত গমনার্থ প্রস্তুত হইতে কলিকাতা রাজধানী আসিতে অনুমতি প্রাপ্ত হওয়াতে শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর লেজিসলেটিব ডিপার্টমেণ্টে ১৮৩৭ সালের ৪ সেপ্তেম্বর তারিখের লিখিত নিয়মানুসারে ঐ সকল প্রদেশের সমুদয় কর্ম্মের সুপরিণ্টেণ্ডেন্টী ভার গ্রহণ করিয়াছেন।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুকুম করিতেছেন যে যেপর্য্যন্ত শ্রীযুত সরচার্লস মেটকাফ সাহেব জাহাজ গমনের নিমিত্ত স্বীয় পদ শূন্য না করেন তৎপর্য্যন্ত লেপ্তেনন্ট গবরনরী পদের যে সম্ভ্রম তাহা প্রাপ্ত হইতে থাকিবেন

CIVIL APPOINTMENTS.

10th January, 1838.

The Honourable the President in Council is pleased to appoint Mr. John F M. Reid, to be Post Master General.

His Honour in Council is also pleased to appoint Mr. Assistant Surgeon Samuel Davies, Post Master at Patna.

Mr. Joseph Simpson assumed charge of the office of Surveyor of Shipping to the East India Company, on the 1st instant.

8th January.

The following officer has obtained leave of absence from his station:

Mr. F. E. Read, Joint Magistrate and Deputy Collector of Purneah, for two months, to visit the Presidency, preparatory to his proceeding to Europe on Furlough.

9th January.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. W. J. Morgan to be an Assistant to the Magistrate of the 24-Pergunnahs.

Mr. W. Adam to officiate as a Commissioner of Court of Requests during the absence of Mr. C. W. Brietzcke.

Mr. H. J. Thornton, late Assistant Surgeon of Commercolly, is transferred to the Civil Station of Puona.

Mr. T. A. Dearman to be Deputy Collector in the Districts of Dacca and Mymunsing, under the Provisions of Regulation IX. of 1833.

Baboo Joynarain Doss to be Deputy Collector in the District of Bancoorah, under ditto ditto.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. T. Wyatt, Officiating Civil and Session Judge of Bhaugulpore, for one month, to visit the Presidency, on private affairs. Mr. A. R Young will conduct the current duties of the office.

Mr. R. Torrens, Additional Judge of Chittagong, for six weeks, on urgent private affairs.

Mr. Thomas Hugan, Sub-Assistant to the Commissioner of Assam, to proceed to the Presidency, on medical certificate.

Mr. J. J. Jordan, Sudder Ameen and Moonsiff of Backergunge, to visit the Presidency, on private affairs, from the 16th instant to the 15th proximo. Nur Hurry Sreemoney will officiate during Mr. Jordan's absence.

11th January.

Mr. T. C. Loch, Assistant to the Magistrate of Nuddea, for one week, on private affairs, from the 14th instant.

1st January.

The Honourable Sir Charles Metcalfe, Bart., G. C. B., having this day received the sanction of the Governor General to relinquish his charge of the office of Lieut. Governor of the N. W. Provinces, with permission to proceed to the Presidency, preparatory to his embarkation for Europe, the Governor General has, in conformity with the Resolution recorded in the Legislative Department on the 4th September, 1837, assumed the immediate Superintendence of the Affairs of those Provinces.

The Governor General is pleased to direct, that Sir Charles Metcalfe shall continue to receive all the honours due to the station of Lieut.-Governor, and that the officers of his personal Staff shall remain attached to him until he may finally va-

এবং তাঁহার মোসাহেবেরা তাঁহার নিকটেই নিযুক্ত থাকিবেন।

শ্রীযুত সি মেকসুইন সাহেব উত্তর পশ্চিম অঞ্চলের গবর্নর জেনরলের জুডিসিয়ল ও রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্টের সেক্রেটরী পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত জে টামাসন সাহেব মেকসুইন সাহেবের অনুপস্থানে অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত একটিং সেক্রেটরি হইয়াছেন।

১০ জানুআরি।

একটিং পোষ্ট মাষ্টর জেনরল শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব স্বাস্থ্যার্থ গঙ্গাসাগরে গমনের নিমিত্ত সাগর নামক আড়কাটি জাহাজ কলিকাতা হইতে গমনের তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এইচ আবর্ট সাহেব শ্রীযুত মারিজ সাহেবের স্থানে শ্রীযুত ডবলিউ আদম সাহেবের পরিবর্ত্তে ষ্টেসিনরী কমিটির একটিং ক্লার্ক পদে নিযুক্ত হইয়াছেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব ধর্ম্মোপদেশক শ্রীযুত এইচ এস ফিসর সাহেবকে অন্য হুকুম না হওন পর্য্যন্ত কলিকাতার একটিং ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত করিয়াছেন।

মৌর ধর্ম্মোপদেশ শ্রীযুত জে বেল সাহেব গত আগষ্ট মাসের ১১ তারিখ অবধি যে ছুটি পান সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর কর্ত্তৃক তদতিরিক্ত দুই মাসের ছুটি পাইয়াছেন।

১৩ জানুআরি।

মহীশূরের সুলতানেরদের সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্তেনন্ত কর্ণল শ্রীযুত জে কালফিল্ড সাহেব এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

৪ জানুআরি।

পদাতিক সৈন্যের লেপ্তেনন্ত শ্রীযুত আর মরিসন সাহেবপলেপ্তেনন্ত কনালি সাহেবের পরিবর্ত্তে রাজপুতানা রাজ্যস্থ গবরনর জেনরলের এজেন্টের আসিষ্টান্ট হইয়াছেন। এই নিয়োগ কনালি সাহেবের বিলাত গমনার্থ জাহাজ আরোহণের তারিখ অবধি চলিবেক।

৩ জানুআরি।

মহীশূর রাজ্যস্থ গবর্ণমেন্টের কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট লেপ্তেনন্ত শ্রীযুত ডব সাহেব শ্রীযুত হেনরি ইষ্টোক্স সাহেব কর্ম্মে ইস্তফা দেওয়াতে তাঁহার পরিবর্ত্তে নগর প্রদেশের সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়াছেন। লেপ্তেনন্ত ডব সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত চেতলদুর্গ প্রদেশের একটিং সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম করিতে থাকিবেন।

২৬ দিসেম্বর।

মৈনপুরীর প্রধান সদর আমীন শ্রীযুত নওয়াব মহম্মদ আবদুল্লা খাঁ বাহাদুর স্বীয় কর্ম্মোপলক্ষে ফত্তেগড়ে আগমনার্থ ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

২৭ দিসেম্বর।

শ্রীযুত আহমদউল্লা খাঁ ১৮৩৩ সালের ৯ আইন অনুসারে বারাণসীর ডেপুট কালেকটর হইয়াছেন।

২৮ দিসেম্বর।

নীচে লিখিতব্য সাহেবেরা ছুটি পাইয়াছেন

সাহরানপুরের জজ শ্রীযুত জি ডবলিউ বেকন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগরাগমনার্থ ১৮৩৮ সালের আগামি মাসের ৮ তারিখঅবধি ১৫ দিবসের ছুটি পাইয়াছেন। ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ যে কনালি সাহেব শ্রীযুত বেকন সাহেবের প্রত্যাগমন না হওন পর্য্যন্ত জজ আপীসের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মৈনপুরীর জজ শ্রীযুত এ ডবলিউ বেগবি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ফত্তেগড়ে গমনার্থ ১৮৩৮ সালের আগামি মাসের ৫ তারিখঅবধি ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

২৯ দিসেম্বর।

শ্রীযুত আর এন সি হেমিল্টন সাহেব আগরা প্রদেশের একটিং কমিস্যনর হইয়াছেন।

cate that office by his embarkation for Europe.

Mr. C. Macsween is appointed to be Secretary to the Governor General for the N. W. Provinces, in the Judicial, Revenue and General Departments.

Mr. J. Thomason to officiate as ditto during the absence of Mr. Macsween, or until further orders.

10th January.

Mr. George Alexander, Officiating Post Master General, has obtained leave of absence for two months, to proceed to the Sand Heads for the benefit of his health —to take effect from the date of the departure from Calcutta of the "Saugor" Pilot Vessel.

Mr. H. Aubert is appointed to officiate, vice Mr. W. Adam for Mr. J. B. Marrige, as Clerk to the Committee for Controlling the Expenditure of Stationary.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to appoint the Rev. H. S. Fisher to officiate as Junior Presidency Chaplain, until further orders.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to grant to the Reverend J. Bell, District Chaplain at Mhow, two months' leave of absence, in extension of the leave granted to him on the 10th August last.

13th January.

Lieutenant Colonel J. Caulfield, Superintendent of the Mysore Princes, has obtained one week's leave of absence to proceed to Saugor.

4th January.

Lieutenant R. Morrieson, of the 52d Regiment Native Infantry, is appointed to be Assistant to the Agent to the Governor General for the States of Rajpootana, vice Lieutenant Conolly. This appointment to have effect from the date of Lieutenant Conolly's embarkation for Europe.

3d January.

Lieutenant Dobbs, the 3rd Assistant to the Commissioner for the Government of the Territories of His Highness the Rajah of Mysore, is appointed to be Superintendent of the Nuggur Division, vice Mr. H. Stokes, resigned. Lieutenant Dobbs will continue to officiate as Superintendent of the Chittledroog Division, until further orders.

26th December.

Nawab Mohummud Abdoolla Khan, Bahadoor, Principal Sudder Ameen of Mynpooree, has obtained leave of absence for ten days, to visit Futtehghur, on his private affairs.

27th December.

Ahmud Oollah Khan is appointed Deputy Collector, under Regulation IX. of 1833, in Zillah Benares.

28th December.

The following officers have obtained leave of absence :—

Mr. G. W. Bacon, Judge of Seharunpore, for fifteen days, from the 8th proximo, 1838, to visit Agra on his private affairs. Mr. W. J. Conolly, Magistrate and Collector of the District, to conduct the current duties of the Judge's Office until Mr. Bacon's return.

Mr. A. W. Begbie, Judge of Mynpooree, for fifteen days, from the 5th proximo, 1838, to visit Futtehghur, on his private affairs.

29th December.

Mr. R. N. C. Hamilton is appointed to officiate as Commissioner of the Agra Division.

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ দিসেম্বরপর্য্যন্ত দর্পণের মূল্য ৮ টাকার হিসাবে দিয়াছেন।

শ্রীযুত আনরবল এ রস সাহেব।
শ্রীযুত জে পাটল সাহেব।
শ্রীযুত ই এ সামুএলস সাহেব।
শ্রীযুত ডবলিউ কার সাহেব।
শ্রীযুত আর জে বেগশা সাহেব।
শ্রীযুত জে বয়ল সাহেব।
শ্রীযুত পাদরি ইউয়ার্ট সাহেব।
শ্রীযুত কুরিয়রসম্পাদক।
শ্রীযুত সামুএল স্মিথ কোং।
শ্রীযুত থাকর কোং।
জেনরল ডিপার্টমেন্ট।
শ্রীযুত পাদরি ফ্রি সাইমন সাহেব।
শ্রীযুত এন গেনসর সাহেব।
শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর।
শ্রীযুত মহারাজ অন্নদাপ্রসাদ রায়।
শ্রীযুত প্রিন্স জালাল উদ্দীন।
শ্রীযুত আগা কারবোলাই মহম্মদ।
শ্রীযুত সেখ ফৈজালী।
শ্রীযুত দেওয়ান তারিণীচরণ চট্টো।
শ্রীযুত দেওয়ান কাশীনাথ বসু।
শ্রীযুত বাবু রামতনু চাটুয্যা।
শ্রীযুত বাবু রসিকচন্দ্র নেউগী।
শ্রীযুত বাবু কালাচাঁদ বসু।
শ্রীযুত বাবু দুর্গাচরণ পাল।
শ্রীযুত বাবু মধুসূদন নন্দী।
শ্রীযুত বাবু জয়কৃষ্ণ মুখুয্যা।
শ্রীযুত বাবু রাজবল্লভ শীল।
শ্রীযুত বাবু ঠাকুরদাস সেন।
শ্রীযুত বাবু মতিলাল শীল।
শ্রীযুত বাবু কানাইলাল ঠাকুর।
শ্রীযুত বাবু রমানাথ বসাক।
শ্রীযুত বাবু গোবর্দ্ধন ঘোষ।
শ্রীযুত বাবু রাধাকান্ত সেট।
শ্রীযুত বাবু নন্দগোপাল বসু।
শ্রীযুত বাবু কেদারনাথ ঘোষাল।
শ্রীযুত বাবু বৈদ্যনাথ বসু।
শ্রীযুত বাবু আনন্দচন্দ্র পাল।
শ্রীযুত বাবু রাধানাথ পাল।
শ্রীযুত বাবু রাজকৃষ্ণ মিত্র।
শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র সরকার।
শ্রীযুত বাবু ভুবনমোহন বাড়ুয্যা।
শ্রীযুত বাবু গৌরসুন্দর সেট।
শ্রীযুত বাবু শ্রীকৃষ্ণ লাহা।
শ্রীযুত বাবু দেবনারায়ণ দে।
শ্রীযুত বাবু রসময় দত্ত।
শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর।
শ্রীযুত বাবু রামরতন বসু।

নেপালস্থ শ্রীযুত বাবু তারাচরণ চক্রবর্ত্তী ১৮৩৭ সালের ৩১ দিসেম্বরপর্য্যন্ত জোড় ১২ টাকা।

The Editor begs to acknowledge the following subscriptions for the *Durpun, for the current year,* from January 1st to December 31st, 1838, EIGHT Rupees each :—

The Hon. A. Ross, Esq.
J. Pattle, Esq.
E. A. Samuells, Esq.
W. Carr, Esq.
R. J. Bagshaw, Esq.
J. Boyle, Esq.
The Rev. Mr. Ewart.
The Editor of the Calcutta Courier.
Messrs. Samuel Smith & Co.
Messrs. Thacker & Co.
The General Department.
Rev. Fre Simon.
Mr. N. Gantzer.
Maha Raja Kaleekissen Bahadoor,
Maha Raja Unnodaprisad Roy.
Prince Jalali Oddeen.
Aga Curbolie Mahomed.
Sheikh Fyzalli.
Dewan Tarineechurn Chutto.
Dewan Kasheenath Bosoo.
Baboo Ramtonoo Chatterjee.
,, Russickchunder Newgee.
,, Kalachund Bosoo.
,, Doorgachurn Pall.
,, Modhoo Soodun Nundee.
,, Joykissen Mookerjee.
,, Rajoollubh Sill.
,, Tnakoordass Sen.
,, Moteelal Sill.
,, Kanaee Lall Tagore.
,, Romanath Bysack.
,, Goverdhon Ghose.
,, Radhakant Sett.
,, Nundogopal Bosoo.
,, Kedarnath Ghosal.
,, Buddenath Bosoo.
,, Aunudochunder Pal.
,, Radhanath Pal.
,, Rajkristo Mittre.
,, Hurrischunder Sirkar.
,, Bhoobun Mohun Bundo.
,, Gour Soonder Sett.
,, Shreekissen Laha.
,, Debnarayan Dey.
,, Russomoy Dutt.
,, Prussunno Coomar Tagore.
,, Ramrutton Bose.
,, Taracurn Chuckerbutty, of Nepaul, to Dec. 1837, Co.'s Rs. 12.

সমাচার দর্পণ

শনিবার ২০ জানুআরি ১৮৩৮।

দর্পণগ্রাহক মহাশয়েরদের নিকট আমরা নিবেদন করিয়াছি যে দর্পণের মূল্য বিষয়ে আমারদের যে মতান্তর করণ আবশ্যক বোধ হইয়াছে তাহাতে তাঁহারদের সম্মতি হয়। আমারদের দর্পণের মূল্য মাসে ১ টাকা করিয়া আছে বটে কিন্তু প্রায় ৫। ৬ হাজার টাকা বাকি পড়িয়াছে এবং স্বতন্ত্র হিসাবের খাতা পাঁচ শতের কম নাই আছে অতএব এত লোকের স্থানে অতি অল্প২ করিয়া টাকা সংগ্রহ করা অত্যন্ত ক্লেশজনক ফলতঃ তাহাতে এমত বিরক্তি আছে যে তদপেক্ষা দর্পণ লিখন ও তর্জমা করণেতে যে মহাপরিশ্রম তাহাও লঘু জ্ঞান হয় অতএব এইক্ষণে বর্ত্তমান নিয়ম ত্যাগকরিয়া আমারদের হিসাবের বাহুল্য খর্ব্ব না করিলেই নহে। অতএব আমরা এই প্রস্তাব

SUMACHAR DURPUN.

SATURDAY, JANUARY 20TH. 1838.

We have been constrained to appeal to our subscribers, to sanction the change which we feel it necessary to make in the terms of subscription to this journal. Our outstanding balances of only a Rupee a month subscriptions, amount to more than five thousand Rupees, and the number of separate accounts in our books exceeds five hundred. The labour of collecting in small sums from so many individuals is very great; indeed, it is a source of so much vexation, that compared with it, even the labour of composing and translating the paper itself is trifling. We are constrained, therefore, to break up the present system, and to bring our accounts within a narrower compass. We pro-

করিতেছি যে বার্ষিক মূল্য ১২ টাকা অবধি ৮ টাকা পর্য্যন্ত কমাইলাম এবং আমারদের তাবৎ মিত্র কি প্রাচীন কি নব্য তাঁহারদের নিকটে প্রার্থনা করি যে তাঁহারা বৎসরের মূল্য অগ্রে দেন। আমরা নিশ্চয় জানি যে আমারদের এইরূপ দাওয়া করাতে কেবল যে গ্রাহক মহাশয়েরা চারি পাঁচ বৎসরপর্য্যন্ত টাকা বাকি রাখিয়াছেন এবং আমারদের লোককে ন্যূনাধিক বিংশতিবার তাঁহারদের দ্বারহইতে তাড়িয়া দিয়াছেন কেবল তাঁহারদিগকেই এই নিয়মকরাতে আমরা হারাইব এমত অনেক ব্যক্তির নাম আমরা প্রকাশ করিতে পারি। যে মূল্য এইক্ষণে আমরা নির্দ্ধারিত করিয়াছি তাহা গ্রাহকেরদের সংখ্যা লইয়া হিসাব করিলাম তাহাতে কেবল ছাপা ও কাগজ ইত্যাদির খরচ পোষাইবে। সম্পাদনীয় পরিশ্রম ও সময়ের নিমিত্ত এই মাত্র লাভ রহিল যে কখনো২ ইশ্‌তেহার আইসে। যদি জিজ্ঞাসা করেন তবে কিনিমিত্ত প্রতি সপ্তাহে এইরূপ নিরর্থক পরিশ্রম স্বীকার করেন। উত্তর ভারতবর্ষের মধ্যে এতদ্দেশীয় কাগজে দর্পণ প্রথম মুদ্রিত হয় এবং আমরা বিংশতি বৎসরাবধি এই কর্ম্মে পরিশ্রম করিতেছি যদ্যপি আমারদের লাভ যৎকিঞ্চিন্মাত্র থাকুক বা না থাকুক তথাপি ঐ পরিশ্রমে অনেক লোকের উপকারসম্ভাবনা বোধ করিয়া তাহা আমরা ত্যাগ করিতে অনিচ্ছুক।

যে গ্রাহক মহাশয়েরা আমারদের ইষ্টসিদ্ধ করিয়া এই নিয়মানুসারে দর্পণের মূল্য অগ্রে প্রেরণ করিয়াছেন তাঁহারদের নিকটে আমরা নিতান্ত বাধ্য হইলাম। তাঁহারদের নাম আমরা দর্পণে প্রকাশ করিলাম এবং প্রতিসপ্তাহেই এইরূপ প্রকাশ করিব।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

নবেম্বর মাসের ডাকের পুলিন্দা ইঙ্গলণ্ডদেশহইতে গত ১২ তারিখ শুক্রবারে কলিকাতায় পঁহুছিয়াছে। হিউলিণ্ডি জাহাজ অত্যাশ্চর্য্য বিলম্বে অর্থাৎ ৩২ দিনে সুয়েজহইতে পঁহুছিল। অপর কলিকাতাস্থ বাণিজ্যকারি সমাজ অত্যন্ত বিনীতি করাতে গবর্ণমেণ্ট আপনারদের উপকারপক্ষেও দৃষ্টি রাখিয়া হুকুম দিলেন যে ১৪ তারিখের কলিকাতার দিবসীয় ডাক বোম্বাইতে না পঁহুছিলে ঐ জাহাজ খুলিবে না।

ইঙ্গলণ্ডের শ্রীশ্রীমতী রাণী এইক্ষণে ব্রাইটননগরস্থ রাজবাটীতে বাস করিতেছেন এবং প্রতিদিন অশ্বারোহণে কিম্বা শকটারোহণে বায়ুসেবনার্থ ভ্রমণ করেন এবং যখন২ বাহিরে বিরাজমানা হন তখন লোকসকল পরমাহ্লাদ প্রফুল্লচিত্তে আপনারদের সন্তোষ জ্ঞাপন করেন। নবেম্বর মাসের ৪ তারিখে ব্রাইটন নগরহইতে লণ্ডন রাজধানীতে শ্রীশ্রীমতীর গমনের কল্প ছিল যেহেতুক ৯ তারিখে ঐ রাজধানীতে তাঁহার শুভাগমনার্থই এক মহোৎসবহওন সম্ভাবনা ছিল। ঐ উৎসবে শ্রীশ্রীমতীকে গ্রহণার্থ মহা সমৃদ্ধিপূর্ব্বক উদ্যোগ হইতেছিল। ফলতঃ সম্বাদপত্রে লেখে যে গত ২৫ বৎসরের মধ্যে ইঙ্গলণ্ড দেশে এমত মহাসমারোহের উৎসব দৃষ্ট হয় নাই। এবং ঐ উৎসবদিবসে শ্রীশ্রীমতীর গমন দর্শনার্থ লোকেরা এমত ব্যগ্র হইয়াছিল যে যে রাস্তা দিয়া তিনি চলিবেন সেই রাস্তার ধারে বালাখানার নীচ কুঠরী কেবল এক দিনের নিমিত্ত ৫০০ টাকা ভাড়া দিতে স্বীকৃত ছিল।

এই সুযোগের দ্বারা আমেরিকা দেশহইতে যে সম্বাদ আসিয়াছে তাহা পূর্ব্বাপেক্ষা সন্তোষকর এবং এমত আশ্বাস প্রাপ্ত হওয়া গিয়াছে যে বাণিজ্যের ব্যাপার পুনর্ব্বার ভদ্রাবস্থায় আসিতেছে।

pose, therefore, to reduce the annual subscription price, from Twelve Rupees to Eight, and to require from all our friends, whether old or new, a payment for a twelvemonth in advance. We are confident, that by this requisition, we shall lose only those subscribers,—we could name many—who have allowed their subscription to run on, unpaid for four or five years, and constrained our messengers so frequently to leave their doors empty handed. The price which we have now fixed for the paper, will, calculating from the number of our subscribers, just cover the expense of printing and paper. For our editorial labour and time, there remains only the remuneration obtained from casual advertisements. Why, it may be asked, continue this weekly drudgery? Because the *Durpun* was the first Native paper ever published in India; because we have now conducted it for twenty years; and because we feel loth to abandon an enterprize, which may do good to others, even though it should bring us little or no pecuniary benefit.

We beg to return our cordial thanks to those of our subscribers who have entered into our views, and sent us their subscriptions in advance. A list of their names will be found in another column. We propose, in future, to insert all such subscriptions.

Latest European Intelligence.

The November Mails reached Calcutta on Friday last, the 12th; the *Hugh Lindsay* having made the extraordinary long and tedious passage of 32 days. At the earnest solicitation of the mercantile community of Calcutta, combined with an attention to their own convenience, Government directed the departure of that vessel from Bombay, to be postponed till the arrival of the Calcutta dawk of the 14th instant.

Her Majesty continued to reside at Brighton, and to take daily exercise either on horseback or in a carriage. She was treated with the most heartfelt enthusiasm whenever she moved abroad. She intended to return to London, on the 4th November, to be present at the great feast which was to be given her in the city of London on the 9th. The most splendid preparations were in progress for receiving her; in fact, the papers state that nothing so magnificent as this feast will be, has been witnessed in England for twenty-five years. So eager were people to witness the procession, that 50*l*. had been offered for the use of a ground floor, on the line through which it was to pass, for a single day.

The intelligence received by this opportunity from America, is of a more satisfactory nature. There is a general assurance that trade was fast returning to a satisfactory position.

১৮ অক্টোবর তারিখে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের এক সভা হয় তাহাতে শ্রীযুত এমস্‌ সাহেব শ্রীযুত মকালি সাহেবের পরিবর্ত্তে ভারতবর্ষের সুপ্রিম কৌন্সলের চতুর্থ মেম্বরীপদে শপথপূর্ব্বক নিযুক্ত হইলেন। তাহার কিঞ্চিৎ পরে শ্রীযুত এমস্‌ সাহেব রোবর্টসনামক জাহাজারোহণে এতদ্দেশে আগমনার্থ নিশ্চয় করিয়াছিলেন এবং তৎসময়ে এমত সম্বাদ ছিল যে ১ নবেম্বর তারিখে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের এক বিশেষ বৈঠক হইয়া এই প্রস্তাব উত্থাপিত হইবে যে ভারতবর্ষের পূর্ব্বকার গবর্নর্‌ জেনরল শ্রীলশ্রীযুত মার্কুইস ওয়েলস্‌লি সাহেবকে ২ লক্ষ টাকা দান করা যায়।

কথিত আছে যে কোম্পানি বাহাদুর অতিবৃহৎ জাহাজে ওয়েল্‌স্‌ দেশীয় অত্যুত্তম কয়লা বোঝাই করিয়া মক্কা ও বোম্বাইতে প্রেরণ করিতেছেন।

ইঙ্গলণ্ডদেশে গত বৎসরের রাজস্ব তৎপূর্ব্ব বৎসরের রাজস্বের সঙ্গে ধরিয়া দেখিলে বোধ হইল যে অতি বিলপনীয়রূপ ন্যূন অর্থাৎ ২ কোটি টাকাপর্য্যন্ত কম হইয়াছে। ইহার মধ্যে পৌনে দুই কোটি টাকা কেবল হাসিল বাবতেই কমিয়াছে তাহার কারণ বাণিজ্যের বিষয়ে দীর্ঘকাল ব্যাপিয়া অতি বিভ্রাট হইয়াছিল এবং তৎপ্রযুক্ত আমেরিকা দেশহইতে যে জিনিসের ভারি ফরমাইস আসিত তাহা কমিয়া গেল।

শ্রীযুত কোম্পানি বাহাদুরের সিমাইরামিস নামক বাষ্পীয় জাহাজ ১২ নবেম্বর তারিখে ইঙ্গলণ্ডহইতে বোম্বাইতে যাত্রা করিবে এমত স্থির হইয়াছিল।

পরে ১৫ নবেম্বর তারিখে নূতন পার্লিমেণ্টের সভা স্থির হইয়াছিল এবং ঐ তারিখে এক জন সভাপতি নিযুক্ত হইবেন। ডনকাষ্টর স্থানে শ্রীযুত আরল ফিৎস উলিয়ম সাহেব যেরূপ বক্তৃতা করিলেন তাহাতে সাধারণ লোকের এমত অনুভব হইল যে আগামি পার্লিমেণ্টের বৈঠক যে কুলীনেরা এ পর্য্যন্তও শ্রীশ্রীমতী মহারাণীর প্রতিকূলাচারী আছেন তাঁহারদের মধ্যে অনেকেই সপক্ষ হইবেন।

শ্রীযুক্ত কোম্পানি বাহাদুরের নিকটে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব এতদ্দেশহইতে যে ভূরি২ টাকা প্রেরণ করিয়াছেন তাহাতে লণ্ডন নগর একেবারে টাকায় ভেসে গিয়াছে। এইক্ষণে কোম্পানি বাহাদুর উদ্বর্ত্ত টাকা শতকরা ২।।০ টাকা সুদে বেঙ্কে কর্জ দিতেছেন।

ইউনিয়ন বেঙ্ক।

গত ছয় মাসের নিমিত্ত ইউনিয়ন বেঙ্কের অধ্যক্ষরা শতকরা ১২ টাকা ডেবিডেণ্ট দিতে স্বীকৃত হইয়াছেন।

কলিকাতায় আমদানী জিনিসের গুদাম।

গত শুক্রবারে মালের গুদাম সমাজের বৈঠক হইয়া তাঁহারদের রিপোর্ট পাঠ হইল। বোধ হয় ঐ উদ্যোগে বিলক্ষণ লাভ হইতে পারিবে। এইক্ষণে তাবৎ গুদাম মালে পরিপূর্ণ আছে এবং ঐ সমাজের যত স্থান আছে তাহার দেড়া স্থান পূর্ণহওনোপযুক্ত জিনিসের আমদানী হইতেছে। যে গুদামবাটী প্রস্তুতকরণার্থ সমাজ উদ্যোগী হইয়াছেন তাহাতে বিশ হাজার টন অর্থাৎ ৬ লক্ষ মোন জিনিস ধরিতে পারিবে এমত হিসাব করা গিয়াছে। কিন্তু যদি তাবৎ বৎসরব্যাপিয় কেবল ১৫,০০০ টন মালও গুদামযাত হয় তবু ঐ গুদামে ২ লক্ষ ৭০ হাজার টাকা ভাড়া আসিবে তাহাতে যে আসল টাকা ঐ ব্যাপারে ব্যয় হইবে তাহার উপযুক্ত সুদ পোষাইবে।

On the 18th October, a Court of Directors was held at the East India House, to swear in Mr. Amos, as Fourth Member of the Council of India, in the room of Mr. Macaulay. Mr. Amos intended to come out immediately in the *Robarts*. Notice was also given, that a Special General Court would be held on the 1st of November, to lay before the Proprietors a proposal for granting the sum of 20,000*l*. to the Marquis of Wellesley, the former Governor General of India.

It is stated that the Honourable Company were sending out vessels of the largest dimensions, laden with Welsh Coals for the Depôts at Mocha and Bombay.

There had been a lamentable falling off in the revenues of England in the past year, as compared with the preceding year, of more than two millions sterling. Seven-eighths of this decrease is in the department of Customs, which is to be attributed to the long continued monetary crisis, which created so large a cessation of American orders.

The East India Company's Steam ship, the *Semiramis*, was to sail for Bombay on the 12th of November.

Parliament was to meet for the choice of a Speaker on the 15th November, and for the dispatch of business on the 20th. From a speech delivered at a Public Dinner at Doncaster, by Earl Fitzwilliam, a general impression prevailed, that in the approaching session of Parliament, a considerable number of the Peers who have hitherto opposed her Majesty's present ministers, were likely to come round to them.

The liberal remittances of Lord Auckland to the Company, have had the effect of inundating London with cash. The Company continues to lend its surplus money to the Bank of England, at 2½ per cent.

The Union Bank.

The Union Bank has declared a dividend of *twelve* per cent. for the last six months.

Bonded Warehouse in Calcutta.

The Report of the Directors of the Bonded Warehouse Association was read at a meeting on Friday last. The speculation is likely to turn out very profitable. All the godowns are full, and there are consignments enough to fill half as much space again as the Association possess. The range of buildings which the Association are about to erect, is calculated to hold goods to the extent of 20,000 tons, or six lakhs of maunds; but even supposing that the goods warehoused throughout the year should not exceed 15,000 tons, the return for rent will be 2,70,000 Rupees, which will yield a very handsome return on the Capital to be expended in it.

কোম্পানির চাকরেরদের অস্বাস্থ্যে ছুটি হওনকালীন বেতন।

গত বৃহস্পতিবারের কলিকাতা গেজেটে শ্রীযুত আনরবল কৌন্সেলের প্রসীডেণ্ট সাহেব সিবিল ও যুদ্ধসম্পর্কীয় ও ধর্ম্মোপদেশক ও আড়কাটি সাহেবেরা অস্বাস্থ্যপ্রযুক্ত ছুটি লইয়া দেশান্তরে গমন করিলে কি বেতন পাইবেন তাহা প্রকাশ করিয়াছেন। এই বিষয়ে গবর্ণমেণ্ট যে নিয়ম করিয়াছেন তাহা বদান্যতারূপই হইয়াছে। যদি কোন সিবিলসম্পর্কীয় সাহেব উত্তমাশা অন্তরীপে কিম্বা কোম্পানির চাটরে লিখিত সীমার মধ্যে দুই বৎসরের নিমিত্ত স্বাস্থ্যার্থ গমন করেন এবং তাঁহার মাসিক বেতন যদি দুই হাজার টাকার অধিক হয় তবে প্রথম বৎসরে ঐ বেতনের ছয় অংশের এক অংশ এবং দ্বিতীয় বৎসরে চারি অংশের এক অংশ কাটা যাইবে।

যদি মাসিক বেতন দুই হাজার টাকার অধিক না হয় তবে প্রথম বৎসরে আট অংশের এক অংশ দ্বিতীয় বৎসরে ছয় অংশের এক অংশ কাটা যাইবে

যদি মাসিক বেতন ৫০০ টাকার অধিক না হয় তবে প্রথম বৎসরে কিছু কাটা যাইবে না দ্বিতীয় বৎসরে কেবল আট অংশের একাংশ কাটা যাইবে।

দুই বৎসর অতীত হইলে পরও যদি কোন সিবিল সম্পর্কীয় সাহেব কর্ম্মে অনুপস্থিত থাকেন তবে কর্ম্মরহিত সিবিলসম্পর্কীয় সাহেবেরা যে বেতন পান তিনি তত্তুল্যমাত্র বেতন পাইবেন।

যদি কোন সিবিলসম্পর্কীয় সাহেব অস্বাস্থ্যপ্রযুক্ত দুই বৎসরের ছুটি পান তবে তিনি তৎপরে স্বীয় কর্ম্মস্থানে পঁহুছিয়া তিন বৎসর উপস্থিত না থাকিলে দ্বিতীয় বার ছুটি পাইবেন না।

আড়কাটি সাহেবেরা অস্বাস্থ্যপ্রযুক্ত ছুটি লইলে তাঁহারদের বেতনও ঐ মত বদান্যতারূপে নির্দ্দিষ্ট হইয়াছে। যে আড়কাটিরা বিলাতে যাইবেন তাঁহারা স্বং পদানুরূপ পাথেয় পাইবেন।

শ্রীযুত ডাক্তর ওসাগনেসি সাহেব।

অবগত হওয়া গেল যে চিকিৎসা শিক্ষালয়ের শিক্ষক শ্রীযুত ডাক্তর ওসাগনেসি সাহেবের প্রতি অনুমতি হইয়াছে যে তিনি সাধারণ চিকিৎসা ব্যবসায়ও করিতে পারেন।

বাষ্পীয় জাহাজবিষয়ে দরখাস্ত।

গত বুধবার বাষ্পীয় জাহাজবিষয়ক দরখাস্তে স্বাক্ষর আরম্ভ হইয়া এইক্ষণে ১,৩০০ ব্যক্তির স্বাক্ষর হইয়াছে ইহা উচিতই হইয়াছে যেহেতুক আমরা যদি হৌস অফ কমন্সের দ্বারে বারম্বার ঘা মা মারি ও চীৎকারশব্দ না করি তবে তাঁহারদের ভূরিং কর্ম্মে ব্যস্ততাপ্রযুক্ত আমারদের প্রার্থিতবিষয়ে মনোযোগ হইতে পারে না।

ভারতবর্ষে কয়লার আকর।

পূর্ব্বে বারম্বার গবর্ণমেণ্টে আবেদিত হইলে পর শ্রীযুক্ত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব এই মহারাজ্যের মধ্যে আকরীয় দ্রব্যের অনুসন্ধানার্থ কয়লা ও লোহার কমিটি নিযুক্ত করিয়াছিলেন। সংপ্রতি ইঙ্গলিসমেন সম্বাদপত্রের দ্বারা জ্ঞাত হওয়া গেল যে উক্ত কমিটির অনুসন্ধানের অতি শুভফল জন্মিয়াছে অল্প দিনের মধ্যে ঐ কমিটির রিপোর্ট প্রকাশ করা যাইবে। ঐ রিপোর্টে লেখে যে ভারতবর্ষের মধ্যস্থল অর্থাৎ পূর্ব্ব আসামঅবধি পশ্চিম কচদেশপর্য্যন্ত সাড়ে ছয়শত ক্রোশব্যাপ্য কয়লার আকরশ্রেণী পাওয়া গিয়াছে। এইক্ষণে ঐ আকরহইতে কয়লা বহিষ্করণের উদ্যোগমাত্র বক্রী আছে যেহেতুক দেশের মধ্যে নানা স্থানে অনায়াসে গমনাগমনের সুগম হয় এইনিমিত্ত এই আকর পরমেশ্বর অনুগ্রহপূর্ব্বক আমারদিগকে দিয়াছেন।

ঐ রিপোর্টে আরো লেখেন যে আরব দেশান্তঃপাতি সিয়র বেনি ইয়াসনামক উপদ্বীপে কয়লার আকরের চিহ্ন দেখা গিয়াছে যদি ঐ চিহ্ন প্রকৃত হয় তবে ভারতবর্ষহইতে মিসর দেশে বাষ্পীয় জাহাজের গমনোপযুক্ত কয়লা খরচের তিন অংশের এক অংশ ন্যূন হইবে এবং ঐ পথদিয়া কেবল আরোহি লোক ও পত্রাদি প্রেরণ করা যায় এমত নহে কিন্তু অল্প কালের মধ্যে বাণিজ্যদ্রব্যও ইউরোপে প্রেরণ হইতে পারিবে।

শ্রীযুত আদাম সাহেব।

সংপ্রতি শ্রীযুত আদাম সাহেব ষ্টেসিনরি কমিটির ক্লেশকর কর্ম্মহইতে মুক্ত হইয়া ছোট আদালতের বুদ্ধিসাধ্য কমিস্যনরী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন কিন্তু আমারদের বাঞ্ছা ছিল যে ঐ সাহেবের এতদ্দেশে বহুকালাবধি দৃষ্টকর্ম্মতা এবং বিশেষগুণ দেশীয় ভাষার বিদ্যাধ্যাপনীয় মহা গুরুতর ব্যাপারে খাটান যায়। কুরিয়র সম্বাদপত্রে লেখে ঐ কমিস্যনরী কর্ম্মে যদি ব্যবস্থাভিজ্ঞ অতিনিপুণ কোন উকীল নিযুক্ত হইতেন তবে আরো উত্তম হইত। আমরাও কহি যে এই বিবেচনা ভদ্র বটে কিন্তু তাহা হইলে শ্রীযুত আদাম সাহেবকে পুনর্ব্বার বিদ্যাধ্যাপনের অনুসন্ধায়কতা কর্ম্মে প্রেরণ করা উচিত হয় নতুবা আদাম সাহেবের ন্যায় ছোট আদালতের কমিস্যনরী কর্ম্মে উপযুক্ত ব্যক্তি কলিকাতার মধ্যে অল্প পাওয়া যায়।

নীল।

গত অক্টোবর মাসে ইঙ্গলণ্ড দেশে যে নীলের নীলাম হয় তাহাতে পূর্ব্ব নীলাম অপেক্ষা পৌণ্ডপ্রতি দেড় শিলিং অর্থাৎ সেরপ্রতি ১ ০ টাকা চড়তি হইয়াছে কিন্তু ইঙ্গলণ্ড দেশে এইরূপ চড়তি হওয়াতে এতদ্দেশে যেরূপ চড়তি হওনের অপেক্ষা ছিল সেরূপ হয় নাই।

বলিহইতে রক্ষা।

গুমশূরহইতে আগত বর্ত্তমান মাসের ৯ তারিখের পত্রদ্বারা অবগম হইল যে গুমশূর খোন্দজাতীয়েরা ১২ জন বালক বৃদ্ধ যুব স্ত্রী পুরুষকে বলিদানার্থ স্থির করিয়াছিল ইতিমধ্যে সরকারী কর্ম্মকারক এক জন সাহেব সন্ধান পাইয়া তাহারদিগকে উদ্ধার করিয়াছেন এবং ঐ সাহেবের এমত অপেক্ষা আছে যে আরো ২৪ জনকে এতদ্রূপে রক্ষা করিয়া আপনার ছাউনিতে আনাইতে পারিবেন যদ্যপি সাহেব ইতিমধ্যে তাহারদিগকে রক্ষা না করিতেন তবে আগামি পৌর্ণমাসীতে তাহারদের অর্দ্ধেক ব্যক্তিকে বলিদান করিত। যেহেতুক এই নির্দ্দয়াচরণ পূর্ণিমাতেই প্রায় সম্পন্ন হইয়া থাকে। আমারদের ভরসা হয় যে ঐ বিজ্ঞবর সাহেব ও তাঁহার সহকারি মহাশয়েরা ঐ নিষ্ঠুর ব্যবহারের একেবারে সমূলোৎপাটন করিতে পারিবেন।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে যে যখন প্রথম একবার এই বলিদানের বিষয় প্রকাশ হইয়াছিল তখন গবর্ণমেণ্ট এই জ্ঞাপন করিয়াছিলেন যে ঐ নির্দ্দয়া

Allowance to Public Servants absent upon sick leave.

In the *Calcutta Gazette* of last Thursday morning, the Honourable the President in Council has promulgated the new rules by which the allowances of Civil, Military and Ecclesiastical Servants, as well as the Pilot Service will be regulated, when they are obliged to go to sea for the restoration of their health. The arrangements which Government have made, are of the most liberal character. If a Civil Servant proceed to the Cape of Good Hope, or to any place within the limits of the Company's Charter for two years, and his pay exceeds 2000 Rs. a month, one-sixth of that salary will be deducted for the first year, and one-fourth for the second year.

If the salaries do not exceed 2000 Rs. a month, the deduction will be one-eighth for the first year, and one-sixth for the second year.

If the salaries be not more than 500 Rs. a month, no deduction will be made the first year, and the deduction of the second year, will be only one-eighth.

After the second year shall have expired, if the Civil Servant obtains an extention of leave, he will only receive the allowance of a Civil Servant out of employ.

After a Civil Servant shall have received a leave of absence on sick certificate for two years, he will not be allowed a second leave of absence, until he shall have been at his post again for three whole years.

The allowances which are granted to the members of the Pilot Service, who may be obliged to proceed to sea for the benefit of their health, are calculated upon the same liberal scale; and Pilots who may be authorized to proceed to England for the benefit of their health, will be allowed passage money according to their rank.

Dr. O'Shaughnessy.

We perceive that Dr. O'Shaughnessy, of the Medical College, has been permitted to engage in private practice.

Steam Petition.

The Steam Petition, though opened for signatures only on Wednesday last, already contains above thirteen hundred signatures. This is as it should be. Unless we rap at the door of the House of Commons, repeatedly and loudly, we shall not obtain a hearing amidst the din of business with which it is crowded.

Coal in India.

In consequence of repeated suggestions to the Government of India, Lord William Bentinck appointed a Coal and Iron Committee, to examine and report upon the mineral resources of this Empire. We are happy to learn from the *Englishman*, that their researches have been crowned with the most gratifying success. The Report which will shortly be published, states that a line of coal field, extending *thirteen hundred* miles across the centre of India, from Upper Assam to Cutch, has been discovered. It only remains to apply ourselves diligently to the working of these mines. These are the means with which the bounty of Providence has furnished the country for the improvement of its internal intercourse.

The Report also states, that indications of coal have been observed on the island of *Sier Ben Iyas*, on the coast of Arabia. If this should prove true, one-third of the expense of the communication by steam between India and Egypt will at once be lessened, and not only passengers and letters, but goods will, at no distant period, be transmitted to Europe by that route.

Mr Adam.

Mr. Adam has been relieved from the drudgery of the Stationary Office, and appointed to the more intellectual duties of Commissioner in the Court of Requests. We could still have wished that his long experience, and his peculiar talents had been devoted to the greater and more important work of vernacular education. The *Courier* wishes a thorough-bred lawyer to be appointed to the office. Most willingly, say we, if they will send back Mr. Adam to his educational researches. Otherwise, few men could be found in Calcutta better fitted for that Court than he is.

The Price of Indigo.

At the sale held in England in October, Indigo ranged about a shilling and a half a pound higher than at the preceding sale; but this improvement in England has not produced such an increase of prices as was expected in this country.

Rescue of Human Lives from Sacrifice.

A letter from Goomsoor, of the 9th instant, states that an officer of Government had succeeded in rescuing twelve individuals of different sexes and ages, who had been marked out for sacrifice by the Khoonds in Goomsoor; and also that the same active officer expects that twenty-four more victims would soon be brought into his camp. The full moon is the period destined for the consummation of these inhuman rites; and on the full moon of the present month one half of these wretched beings would have been offered up, if they had not been rescued. It is to be hoped that the perseverance of this worthy officer and his co-adjutors, will succeed in eradicating this barbarous custom. Our readers will remember the declaration of Government, when the subject was first brought to public notice, that if no o-

চরণ যদি আর কোন উপায়ে নিবারণ না হইতে পারে তবে আমরা সৈন্য পাঠাইয়া ঐ দেশ অধিকার করিব।

বোম্বাইতে বাষ্পীয় জাহাজ।

ইঙ্গলণ্ডহইতে বোম্বাইতে হুকুম পঁহুছিয়াছে যে ঐ স্থানে বেরেনসি জাহাজের ন্যায় অপর একখান নূতন বাষ্পীয় জাহাজ প্রস্তুত করা যায়। ঐ জাহাজ নির্ম্মাণকারিরা বিলাতহইতে আসিবে এবং আরো হুকুম হইয়াছে যে প্রত্যেক খেপে বাষ্পীয় জাহাজ আটাইশ২ দিন অন্তরে পাঠান যায়।

বেরেনসি জাহাজ সুয়েজে গমনকরত পথিমধ্যে এক দুর্ঘটনাগ্রস্ত হয় বিশেষতঃ ৬ দিসেম্বর তারিখে অকস্মাৎ তিনটা অতিবৃহৎ শব্দ শ্রুত হইয়া দেখা গেল যে জাহাজের পার্শ্বস্থ চুঙ্গীর উপরিভাগটা একেবারে চূর্ণ হইয়া গিয়াছে। তৎক্ষণাৎ জাহাজ স্থগিত করা গেল এবং পরে কেবল একটা কলেই চলিল। দুই কল চলনসময়ে চাকাসকল মিনিটের মধ্যে ১৭ বার ঘূরিত এক কল চলনসময়ে ১২বার ঘূরিতে লাগিল। দিসেম্বর মাসের পুলিন্দা লইয়া ঐ জাহাজ ২৫ তারিখে বোম্বাইতে পঁহুছনের কল্প ছিল।

পশ্চিম দেশে দুর্ভিক্ষ।

এক জন সাহেব মৈনপুরীহইতে কানপুরে গমনকরত কুরিয়রপত্রসম্পাদকের নিকটে পত্র প্রেরণ করেন তাহাতে যে দেশদিয়া সাহেব গমন করেন সেইদেশীয় লোকের দুঃখবিবরণ এমত বর্ণন করেন যে তাহা শ্রবণে বুক বিদীর্ণ হইয়া যায়। জীর্ণতা ও অনাহারে মৃত ও মুমূর্ষু এমত অসংখ্যক দীন দরিদ্র ব্যক্তিরদিগকে পথিমধ্যে প্রতিঘণ্টায় দেখিয়াছেন এবং দেশীয় ধনি ব্যক্তিরা তাহারদের অশেষ ক্লেশ দেখিয়াও কিছু মনোযোগ করেন না। পরন্তু প্রধান২ নগরস্থ ইঙ্গলণ্ডীয় সাহেবেরা দীন দরিদ্রেরদের ক্লেশের উপশমকরণার্থ অতিবদান্যতা প্রকাশ করিতেছেন কিন্তু তদ্বিষয়ে জমিদাররদিগকে কোন প্রকারে কিছু সাহায্যকরণার্থ লওয়ান যায় না।

কাবল।

ব্রিটিস গবর্ণমেণ্ট কাবলে যে শ্রীযুত কাপ্তান বর্ণস সাহেবকে প্রেরণ করিয়াছেন তাঁহার অতি মনোরঞ্জনীয় প্রস্তাব আমরা নীচে লিখিত ৩ তারিখের দিল্লী গেজেটহইতে গ্রহণ করিলাম।

কাবলে ইঙ্গলণ্ডীয়েরদের উকীলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত ডাক্তর লার্ড সাহেব ও শ্রীযুত লেপ্তেনন্ত উড সাহেব মীর মোরাদ বেগের সঙ্গে সাক্ষাৎকরণার্থ কুণ্ডানে গমন করিয়াছেন। মোরাদ বেগ স্বীয় অস্বাস্থ্য প্রযুক্ত উক্ত সাহেবেরদিগকে চিকিৎসার্থ আহ্বান করিয়াছিলেন। এবং ইঙ্গলণ্ডীয়েরদের মধ্যে এই দুই জন সাহেবই ঐ দেশে এই প্রথম প্রকাশ্যরূপে গমন করিয়াছেন।

শ্রীযুত কাপ্তান বর্ণস সাহেব ও শ্রীযুত লেপ্তেনন্ত লিচ সাহেব কিয়দ্দিবসাবধি অতি স্বাস্থ্য হইয়া কাবলে অবস্থান করিতেছেন এবং তাঁহারা ঐ দেশীয় অতি স্নিগ্ধ শীত বায়ু সেবন করিতেছেন।

কিঞ্চিৎ কাল হইল বোখারার উকীল কাবলে উপস্থিত হইয়া কাবলের অধ্যক্ষকে এই সকল দ্রব্য নজর দিলেন বিশেষতঃ উত্তম সাজ ও স্বর্ণাভরণ সমেত ২ অশ্ব এবং ১০ গাঁইট নানা রঙ্গের বনাৎ ও এক প্রস্থ পরিধেয় পোশাক।

শিকেরদের সঙ্গে যুদ্ধকরণার্থ বোখারার অধ্যক্ষ স্বীয় অর্থ ও সৈন্যের দ্বারা কাবলের অধ্যক্ষের সাহায্য করিতে প্রস্তুত আছেন। এবং কাবলের অধ্যক্ষ স্বয়ং শীতকালের মধ্যেই বা তৎপরে পেসয়রে গমনার্থ উদ্যোগী আছেন। পারসদেশহইতে যে উকীল কাবলে আসিতেছিলেন তিনি কান্দহারপর্য্যন্ত আসিয়া কাবলে আসিতে অসন্তুষ্ট হইলেন। যেহেতুক তাঁহার পূর্ব্বে ইঙ্গলণ্ডীয় উকীল কাবলে পঁহুছিয়াছেন। এইনিমিত্ত ঐ উকীল বিরক্ত হইয়া এইক্ষণে কান্দহারেই আছেন এবং এই বিষয়ে পারসীয় বাদশাহের অভিপ্রায় জ্ঞাতহওনার্থ বাদশাহের নিকটে মহম্মদ খাঁ পেসকিসমৎকে কাবলের অধ্যক্ষ প্রেরণ করিয়াছেন। এই বৎসরে কাবল অধ্যক্ষের নিকটে তিন দেশীয় উকীলের গমন হইয়াছে বিশেষতঃ বোম্বাইহইতে প্রেরিত ইঙ্গলণ্ডীয় উকীল ও পারসীয় উকীল এবং বোখারার উকীল।

কাবলদেশে অতিশীঘ্র শীত আসিতেছে বরফ এপর্য্যন্ত পড়ে নাই কিন্তু দিন২ অপেক্ষা হইতেছে। সুতরাং ঐ সকল উকীলেরদের শীত চারি মাস কাবলে বদ্ধ থাকিতে হইবে।

বোখারাহইতে কাবলে যে উকীল আসিয়াছেন তাঁহার সমভিব্যাহারে কাবলের অধ্যক্ষ দোস্ত মহম্মদ খাঁ কএক জন সম্ভ্রান্ত ব্যক্তিকে দুই তিন দিনের মধ্যে বোখারার অধ্যক্ষের নিকটে প্রেরণ করিবেন এমত কল্প আছে। তাহার অভিপ্রায় এই যে বোখারার আমীর ও কাবলের আমীর ও কুণ্ডানের আমীর ইহাঁরা পরস্পর শিকেরদের বিরুদ্ধে যে সন্ধিপত্র করিয়াছেন তদ্বিষয়ে কোন কথোপকথন হয়। এবং কাবলের অধ্যক্ষ বোখারার অধ্যক্ষের নিকটে যে নজর প্রদান করিয়াছেন তাহা এই। পাঁচ২ শত টাকা মূল্যের ১০ যোড়া কাশ্মীরী শাল ও এক প্রস্থ অত্যুৎকৃষ্ট পরিধেয় পোশাক এবং রৌপ্যময় আমারীসমেত এক হস্তী।

ব্রিটিস গবর্ণমেণ্টপক্ষীয় উকীল শ্রীযুত কাপ্তান বর্ণস সাহেব যে নজর প্রদান করিয়াছেন তাহা এই। যাহার মধ্যে গমনশীল এক জাহাজ দৃষ্ট হয় এমত এক বৃহৎ বাজনঘড়ী ও এক রৌপ্যময় ইঙ্গরেজী ঘড়ী ও এক স্বর্ণময় ফ্রান্সিস ঘড়ী এবং একযোড়া পিস্তল ও এক বন্দুক ও কএকটা ক্ষুদ্র২ বাজনযন্ত্র কএকখান চাকু এবং নীলরং ও অন্যান্য রঙ্গের কতক কাগজ ও কএক খান ক্ষুর ও আলপীন এবং কিঞ্চিৎ নস্য ও অন্যান্যপ্রকার কতিপয় ইঙ্গরেজী দ্রব্য সর্ব্বশুদ্ধ ৩০ হাজার টাকার দ্রব্য। ইঙ্গলণ্ডীয় উকীল যে নজর দেন তাহা বোখারার উকীলের দত্ত অপেক্ষা অধিক মূল্যের এবং ঐ সকল দ্রব্যের শিল্পনৈপুণ্য দেখিয়া কাবলের দরবারস্থ লোকেরা আশ্চর্য্য জ্ঞান করিয়াছেন শ্রীযুত কাপ্তান বর্ণস সাহেব কাবলের চতুর্দ্দিকস্থ দেশের যে অনুসন্ধান লইয়াছেন তাহাতে তাঁহার অত্যন্ত প্রশংসা হয়।

পারস দেশ।

পারসের বাদশাহ শ্রীযুত মহম্মদ শাহ এইক্ষণে মেসেদ রাজধানীতে বাস করিতেছেন এবং হিরাট দেশ আক্রমণার্থ ৫০ হাজার সৈন্য প্রেরণ করিয়াছেন বা করিবেন। ঐ দেশ এইক্ষণে শান্তাবস্থায় আছে এবং পূর্ব্বকার লুঠকারিরা দমন হইয়াছে কিন্তু বাল্খ শহর কুণ্ডানের রাজা মীর মুরাদ বেগের লুঠের দ্বারা অতিশীর্ণ হইয়াছে। বালখ শহর বোখারার রাজার রাজ্যের মধ্যে এবং ঐ রাজা মীর মোরাদ বেগের সঙ্গে যুদ্ধ করিতে কদাচ ক্ষম নহেন।

ther means were found to avail, they would take military possession of the country.

Steamers at Bombay.

It is understood that instructions have been received from England at Bombay, to build a new Steamer on the model of the *Berenice*. The Engineers are to be sent out from England to superintend the building of her. It has also been farther directed, that the Steam communication shall be kept up every twenty-eight days.

A very serious accident had happened to the *Berenice* on her way to Suez. On the 6th of December, three tremendous crashes were suddenly heard on board, and it was found that the cover of the starboard cylinder was smashed to pieces. The vessel was instantly stopped, and subsequently proceeded on with only one engine. With both she made 17 revolutions in a minute; with one, but 12. She was expected to reach Bombay with the December mail, about the 25th of January.

Famine in the Western Provinces.

A letter from a gentleman in the service, travelling to Cawnpore from Mynpooree, has been sent to the Editor of the *Courier*. He gives a heart-rending description of the sufferings of the population in the district through which he passed. The dead and the dying from exhaustion and want of food were seen by him almost every hour. The wealthy natives regarded the sufferings of the poor with the greatest apathy. In the larger stations the liberality of the Europeans had greatly relieved the sufferings of the poor; but the Zemindars could not be prevailed upon to give any assistance whatsoever.

Kabul.

The following account of Captain Burnes's most interesting mission, on the part of the British Government to Kabul, is extracted from the *Delhi Gazette* of the 3rd instant.

Dr. Lord and Lieutenant Wood, attached to the British Mission at Kabul, have proceeded at Koondun to Meer Moorad Beg. This Chief having invited them over to examine the illness he is suffering from. These are the first Europeans that ever went openly to this country. Captain Burnes and Lieutenant Leech, are at Kabul, quite well, and enjoy the fine winter of that place.

The Embassador from Bokhara, arrived at Kabul, some time ago—and presented to the Ameer two valuable horses, with gold ornaments and saddles, together with 10 bales of broad cloth of colours, and a robe.

The Ameer of Bokhara is ready to assist the Ameer of Kabul, with money and troops, against the Sikhs. The Ameer of Kabul is thinking of proceeding to Peshawar in person after the winter, or during it. The Embassador from the Court of Persia to Kabul, has taken the sulks at Khandar, and will not proceed to Kabul, in consequence of the English Mission having arrived before him. He is still at Khandar, and Mahomed Khan Paish Kismut has been sent to Khandar to learn what is the wish of the Persian Monarch's Mission. The Ameer of Kabul has this year three missions to attend to—one of Bombay and India, British; one of Persia; and one of Bokhara.

The winter is fast approaching at Kabul; the snow has not fallen yet, but daily expected. All who are at Kabul of these missions, remain fast for four months.

The Bokhara Mission leaves Kabul in two or three days, with persons of character, sent by Ameer Dost Mahomed Khan, to the ruler of that place, (to relate the different treaties between the two Ameers against the Shikhs, and Meer Morand Beg, ruler of Koondus.) The presents from Kabul are 10 pairs of Cashmere Shawls of 500 Rupees, and a dress for the Ameer, together with an Elephant and silver howdah.

The presents Captain Burnes gave on the part of the British Government are:—a clock with ship in motion; a silver English watch and a small gold French watch; a pair of pistols; a gun; a few musical boxes; penknives; blue and coloured paper; razors; pins and snuff; and different handsome English articles of value—in all about 3,000 Rupees; a present too far excelling that of the ruler of Bokhara, and the workmanship of the articles astonished those at Kabul. Much praise is due to Captain Burnes in getting every information of the surrounding countries.

Persia.

Mahomed Shah, King of Persia, is at Mushed, and has sent, or will do so, a force consisting of 50,000 men against Herat. The country now is very quiet, and the former plunderers are greatly reduced, although the city of Balk has been greatly reduced by continual plunders on the part of Meer Morad Beg, of Koondus, with whom the army ruler of Bokhara, to whom Balk belongs, is unable to combat.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদনমিদং আপনকার অতুল্য নির্ম্মল দর্পণে নীচে লিখিতব্য এক পংক্তি স্থান দিয়া চিরবাধিত করিতে আজ্ঞা হয়।

১ দফা পোলীসের আমলা মহামহিম মহারাজাদিগের অন্যায় আক্রমে প্রজার প্রীতি সর্ব্ব। তাহা এইরূপে বিচারপতি মহাশয়দিগের শ্রুত আছে। তথাচ অস্মদাদির দুঃখ বিষয় মহাশয়কে বিদিত করিয়া দুঃখ নিবারণ করি।

২ দফা। দর্পণ প্রকাশক মহাশয় গো দুঃখের বিষয় কি লিখিব পোলীসের অতি ক্ষুদ্র আমলা এক ব্যক্তি ঘাটাল থানার অন্তঃপাতি কর্ম্মকারক সাক্ষাৎ রাক্ষস যেহেতুক তাহার হাতে কিছুই এড়ায় না। হাকিম তাহাকে রক্ষার নিমিত্ত কর্ম্মে অভিষিক্ত করিয়াছেন তিনিও ভক্ষণেই তৎপর আছেন। ১০ পৌষ রাত্রে এক ব্যক্তি নারায়ণ জানা নামক প্রজার সর্ব্বনাশ করিয়াছেন তাহার সাপে ছুঁচা ধরা হইয়াছে অর্থাৎ ছাড়িলে চক্ষু যায় খাইলে প্রাণ যায় ইহক্ষণের আইন হেতুক অপচয় বিষয় প্রকাশ কোনমতে সম্ভব নহে অধিক কি লিখিব। এবিষয় মহাশয় সুন্দর বিবেচনা করিবেন এবং পাঠক মহাশয়রাও বিলক্ষণ প্রবিধান করিবেন।

৩ দফা। শুনিলাম কোন২ ব্যক্তিকে তামাকু হরণ করিয়াছে বলিয়া ধৃত করিয়া স্বীয় বলে মুক্ত করিয়াছিল। ঐ বিষয় কোন নির্ব্বোধ ব্যক্তি হাকিমান সমীপে জানায়। তাহাতে হাকিম তদর্থে অনুসন্ধান হেতুক এক পদাতিক নিযুক্ত করেন ঐ পদাতিকের নিকট ভদ্র ব্যক্তি যাহারা মিথ্যে কহিতে অশক্ত তাহারদিগের গরহাজীর করিয়া দুই জন বাগদি চৌকীদারকে রাজসমীপে মিথ্যে শপথ করাইয়া ত্রাণ পাইবার উদ্যোগী আছে। হে সম্পাদক মহাশয় উক্ত ব্যক্তির অভিযোগ যেখানে হয় তাহার এক বর্ণও মিথ্যে নহে। দীনহীন জনে আত্যন্তিক মর্ম্মপীড়া না পাইলে রাজসমীপে নিজ দায় করিয়া আবেদন করে না ইহাও নিশ্চিত জানিবেন।

৪ দফা। ঐ ব্যক্তিকে পরমেশ্বর আমারদের দুর্ভাগ্যক্রমে বহুকালাবধি ফাঁড়িদার করিয়াছেন। হে পরমেশ্বর এ দুঃখ কে শুনে ঐ নরাধমের কুকর্ম্ম বহু জনে একত্র হাকিম সমীপে কহিলে ধর্ম্ম ঘট করিয়া আমাকে খারাপ করিতেছে এই কথা উত্তর করিয়া মিথ্যে গাওয়া দিয়েও খালাস পায়। উহার কৃত কর্ম্মের যাহারা সত্য কথা হাকিম সন্নিধানে কহে তাহারাও শাস্তি পায়। দর্পণ প্রকাশক মহাশয় গো শুনিয়াছি আইনে এমত খোলাসা আছে যে হাকিম প্রত্যেক লোকের প্রতি অন্তঃপাতি প্রজা যদি নারাজ থাকে তবে তাহার বরতরফ অথবা ঐ স্থান হইতে বদলি হইতেও পারে। প্রজার কুশলার্থে ইহার প্রতি হাকিমেরদের কি কোন বিধি নাই। উক্ত ব্যক্তির ব্যবহার যদি হাকিমানের তজবীজ করা মত হয় তবে হুগলির ফৌজদারী সেরেস্তা তদারক করিলেই জ্ঞাত হইতে পারেন। এইরূপে আমরা ঐ ব্যক্তির নামে জিলায় নালিসে ক্লান্ত হইয়া মানসে ৺ সমীপে নালিস করিতেছি আর মহাশয়ের দর্পণে বিদিত করিতেছি মহাশয় শোধন পূর্ব্বক পত্রখানি দর্পণস্থ করিবেন ইতি।

দীনহীন প্রজানাং।

Correspondence.

INJUSTICE AT GHATTAL.

To the Editor of the Durpun.

Receive my salutations, and oblige me by publishing the few following lines in your valuable *Durpun*.

1st. The distress which the poor continually suffer from the injustice of the Police Amlahs, must at length have reached the ears of our rulers. Yet we would address you upon the subject, in the hope that our distresses may be removed.

2nd. Mr. Editor, how shall we describe our distress. A very inferior Amlah of the Thannah of Ghattal, is a very monster, for nothing escapes from his grasp. He was placed by our rulers in his situation for our protection, but he is now perfect in the ways of extortion. On the evening of the 10th of Pous, he brought a man of the name of Narain Jannah, entirely to destruction. This is just like a serpent seizing a musk rat; if the serpent lets the rat go, he losses his eye sight; if he eats him up, he loses his life. Under the present regulations, it is highly unadvisable to make known any loss which a man may have sustained. What more shall we write? You may easily form a judgment on the subject, and the reader cannot be ignorant of it.

3rd. We hear he has just seized some individuals who are said to have stolen some tobacco, and released them upon his own strength. The matter was brought before our ruler by some stupid fellow, and the ruler deputed a peon to examine the matter; whereupon the offending Amlah represented to the peon, that certain respectable men, who would never utter that which is false, were not to be found, and at the same time brought forward two *bagdee* Chowkeedars, through whose false oaths he is endeavouring to obtain deliverance. Mr. Editor, whatever complaints may any where be made against this man, are true to the tittle. The poor never make complaints to the ruler, until their distress is become insufferable. Of this you may be certain.

4th. To our misfortune has this man been long appointed to his present situation. Who will hear our complaints? If many individuals should unite together to make their complaints against him to our rulers, he would state that they had taken an oath before a sacred colsee to ruin him. With this reply, and with the aid of some false witnesses, he would get off. Even those who tell the truth, respecting his misdeeds to our rulers, are punished Mr. Editor, I have heard that in the Regulations, it is ordained, that if all the people in the jurisdiction of a public officer are dissatisfied with him, he is either to be dismissed or removed to some other station. Is there no rule by which our rulers could, in this case, promote the welfare of the people? If it pleased our rulers to examine into the conduct of this man, they have only to look into the records of the Hooghly Criminal Court. We refrain from complaining of him in the Zillah Court. We appeal to the Almighty against him; and we send this representation to the *Durpun*. Correct and publish this letter.

The Poor.

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

শুনিয়া পরম সুখী হইলাম ঘাটাল থানার অন্তঃপাতি দুদের বাঁদ নামক গ্রামের ভগীরথ মান্না নামে এক ব্যক্তি জালিয়ার বাটীর নিকট ছোট একটি ডোবায় ১৬ ষোল খান শিল তামা ৩১ দিসেম্বর বেলা দুই প্রহরের সময় ধৃত হইয়াছে অনুমান হয় আর অধিক তামা ঘাটাল থানার দারোগা ধৃত করিয়াছেন। কথিত আছে যে ঐ দ্রব্য কএক মাস গত হইল তমলুকের নিকট রূপনারায়ণ নদেতে খড়াইল নিবাসি মহাজনদিগের এক নৌকা আন্দাজ তিন শত মোন দস্যুরা হরণ করিয়াছিল ঐ জালিয়ার পুত্র নকু নামক ক্ষীরপাই নিবাসি গদাধর জালিয়া ও নকু জালিয়া মসত্তর বোম্বেটের পরিবার সৌভাগ্যক্রমে জগন্নাথ পাল ফাঁড়িদার কএক দিবস আপন ফাঁড়িতে ছিল না তাহার নিজালয় রাধানগর আপন পুত্রকে একটিং রাখিয়া নিজ ভূমির ধান্য কর্ত্তন হেতু গিয়াছিল তন্নিমিত্ত নির্বিঘ্নে উক্ত দ্রব্য ধৃত হইল। কি জানি পোলীস আমলা মহাশয়েরা এ বিষয় রাজ কর্ণগত করিতে সক্ষম কি অক্ষম হন বলা যায় না এ সকল ব্যক্তির দমন হইলে দেশের মঙ্গল এতদ্বিধান নিবেদন ইতি। ১ জানুআরি ১৮৩৮ সাল।

মনোভিলাষপূরক শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু।

দর্পণ প্রকাশক মহাশয় যদ্যপি এই কএক পংক্তি মহাশয়ের দর্পণে অর্পণ করিয়া প্রকাশ করেন তবে আমরা সকলে প্রাণ দান পাই কিমধিকং পুনঃ।

জিলা চব্বিশ পরগনার মাজিস্ত্রেট সাহেব মহাশয় মহাশ্রয়েষু।

পানিহাটী গ্রাম বাসি প্রজাগণের নিবেদন জিলা চব্বিশ পরগনার মোতালক থানাতে মহাশয় যে এক জন দারোগাকে প্রেরণ করিয়াছেন ইহার নিকট দুষ্ট পালন শিষ্ট দমন হয়। ডাকাতিকে বলে ছিনালি চোরে করে চুরি ধরে ভাল মানুষ চোরকে দেয় ছেড়ে এক জনার নামে গ্রেপ্তারি ধরে দশ জনকে পরে টাকা লইয়া দেয় ছেড়ে। মুরথালের সাক্ষিরা যদ্যপি কোন কর্ম্মান্তরে যায় তবে তাহারদিগের বাটীর জানানা লোকের বেআবরু করে কিম্বা মুরথালের কারণ যদ্যপি কাহারো দেখা না পায় তবে স্ত্রী লোকের অপমান করে পরে টাকা লইয়া ছাড়িয়া দেয়। ধর্ম্মাবতার যদ্যপি মনোযোগ না করিয়া কোন শাসিত কিম্বা প্রজাগণের উপর কৃপাদৃষ্টি না করেন তবে আমরা প্রাণে মারা যাই ধর্ম্ম অবতার বিনা আমারদিগের আর গতি নাই।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

খাজাঞ্চির কর্ম্মের ঘৃণিত ব্যবহার যাহা পূর্ব্বে অনেক বার শুনা গিয়াছে সংপ্রতি বর্দ্ধমানের কালেকটরী খাজাঞ্চির প্রতিও সেইরূপ দোষার্পণ হইয়াছে আমারদিগের গবর্ণমেন্ট কালেকটরী খাজাঞ্চির কর্ম্ম বহুমূল্যজ্ঞান করেন অতএব নিয়ম করিয়াছেন ৪০ হাজার টাকার জামীন দিতে পারিলে ব্যক্তিরা খাজাঞ্চির পদ পাইবেন। সম্পাদক মহাশয় ঐ কর্ম্মের বেতন ৪০ টাকা তাহাতে ৪০ হাজার টাকার জামীন দিতে হয় একারণ প্রধান বংশ্য লোকেরা খাজাঞ্চির কর্ম্মের প্রার্থনা করেন না।

যাহারা খাজাঞ্চির পদে নিযুক্ত হয় তাহারদিগের মধ্যে বিদ্যা বুদ্ধি রহিত ব্যক্তিরাই অধিক সুতরাং একেবারে ভাণ্ডারের কর্ত্তা হইয়া লোভ সম্বরণ করিতে পারে না। তাহারদিগের প্রধান লাভের বিষয় এই যে অনির্দিষ্ট যথেষ্ট সুদ লইয়া ভাণ্ডারের টাকা অন্যকে কর্জ দেয় এবং নিজের কিম্বা বন্ধু লোকের প্রয়োজন সময়ে ঐ টাকা দিয়া কর্ম্মোদ্ধার করে মনে ভাবে ঐ টাকা আনিয়া ভাণ্ডার পুরিয়া রাখিবে কিন্তু হঠাৎ তহবিল বুঝিয়া দিতে হই

RECOVERY OF PROPERTY.

To the Editor of the Durpun.

I have heard with pleasure, that in the village of Dooderbaug, in the Thannah of Ghattal, in a hole near the house of a fisherman of the name of Bhugerut Mannah, 16 pieces of copper were found at twelve o'clock, on the 31st of December; and we believe the Darogah of Ghattal had seized some others. It is said that some months ago, robbers plundered a three hundred maund boat, belonging to some Mahajuns, of Khairail, near Tumlook, on the Roopnarain. Nuccoo, the son of that fisherman, is connected with the families of Guddadhur and Nuckoo, fishermen of Keerpoy, who are notorious pirates. Happily, Juggurnath Paul, the Faieedar, had been absent for some days from his station, having gone to his own residence at Radhanugur, to gather in his harvest, and left his son acting in his stead. This is the reason why these articles have been seized. We cannot tell whether the police officers will or will not bring this matter to the knowledge of the public authorities. If such robbers could be repressed, the country would be greatly benefitted.

1st January, 1838.

DAROGA'S MISCONDUCT.

To the Editor of the Durpun.

If you would publish these few lines in the *Durpun*, we may be saved.

To the Magistrate of the 24-Pergunnahs.

The humble representations of the inhabitants of Penetty.

The individual whom you have appointed as Darogah in a certain Thannah in the 24-Pergunnahs, represses the good and encourages the evil. A dacoity he calls an ordinary offence; when robbers plunder, he seizes good men and lets go the rogues. If there is an order to seize one man, he seizes ten, and lets them off when they have well paid him. If the witnesses in any process depart upon any occasion, he dishonours even the women of their house; and when holding an inquest, if he cannot find any individual, he disgraces the female members of the family, and then lets them off on their paying him. Mr. Editor, unless through some efforts he can be repressed, and the people can be compassionated, we cannot live. Without the special interposition of God, we see no help.

BURDWAN KHAJANCHEE.

To the Editor of the Durpun.

We have all along heard that the office of Khajanchee is very much disliked, and now we find that the Khajanchee of the Burdwan Treasury has been brought under censure. Our Government consider this office as very important, and have, therefore, ordered that no one shall be appointed who cannot give 40,000 Rs. security. Mr. Editor, the pay of this office is 40 Rs. a month, and yet the security is so high; hence, men of family do not covet it. The greater number of Khajanchees are men without either wisdom or knowledge. Therefore, when they suddenly obtain charge of a large treasury, they can scarcely repress their cupidity. Their chief source of gain is this, that they secretly lend out the public money at high interest, and on occasion, relieve their own necessities or those of their friends, with the public funds. Their hope is that they shall be able to refund the money in

সেই প্রমাদ উপস্থিত হয়। আমি শুনিয়াছি বর্দ্ধমানের খাজাঞ্চি নিজে তহবিল ভাঙ্গেন নাই কিন্তু কোন প্রধান আমলাকে ১৬ শত টাকা দিয়াছিলেন তাহাতেই পদচ্যুত হইলেন।

আমি এইক্ষণে বর্দ্ধমানের সকল আমলার দোষ গুণ বিশেষ করিয়া জানিতে পারি নাই কিন্তু ফৌজদারি নাজীর আথরআলীর বিষয়ে যেরূপ জানিয়াছি তাহাতে বোধ হয় ঐ ব্যক্তি উত্তম লোক বটে ঐ নাজীর ২৩ বৎসর হইল গবর্ণমেণ্টের কর্ম্ম করেন তাহাতে অনেক বার অনেক বিষয়ে সাহেব লোকের নিকট প্রতিষ্ঠা পত্র পাইয়াছেন। আথরআলি ইহার পূর্ব্বে হচিসন সাহেবের আমলে দারোগা ছিলেন তখন বর্দ্ধমানে চুরী ডাকাইতির অত্যন্ত ভয় ছিল অতএব তিনি সাহেবের নিকট রিপোর্ট করিলেন যে বদমায়েস নীচ লোক সকল রাত্রে একত্র থানাতে বা ফাঁড়িতে থাকিবে আর গ্রামে২ গোমস্তা মণ্ডল চৌকীদারের সঙ্গে রাত্রে চৌকী দিবে এবং ভারি২ গ্রামে স্থানে২ ফাঁড়ী বসাইতে হইবে। পরে হচিসন সাহেব ঐ রিপোর্ট দেখিয়া সেই প্রকার হুকুম দিয়া ছিলেন তাহাতেই এপর্য্যন্ত ঐ নিয়ম চলিয়া আসিতেছে। এতদ্ভিন্ন ডাকাইতেরা বর সাজিয়া বিবাহের সমারোহপূর্ব্বক গ্রামে পড়িয়া ডাকাইতী করিত তাহাতেও আথরআলী পরামর্শ দিয়াছিলেন নিকটস্থ থানাদার কিম্বা ফাঁড়ীদারের নিকট পাস নিয়া বর যাত্রেরা কন্যা দাতার গ্রামস্থ থানাদার কিম্বা ফাঁড়ীদারকে দেখাইলে দল বল সহিত গ্রামে উঠিতে পারিবে। তাহাতেও হচিসন সাহেব ঐরূপ হুকুম দিয়াছিলেন অতএব পূর্ব্বে চোর ডাকাইতের যেরূপ উৎপাত ছিল তাহার অনেক ন্যূনতা হইয়াছে।

ঐ নাজীর পোতনার থানায় দারোগা থাকিতে ঠাকুরদাস মণ্ডলের বাটীতে বমাল সহিত ডাকাইত গ্রেপ্তার করেন তাহাতে বাঁকুড়ার মাজিস্ত্রেট সাহেব তাঁহাকে প্রতিষ্ঠা পত্র দেন। এবং রাজকৃষ্ণ থানায় দারোগা থাকিয়া উক্ত গ্রামে ডাকাইত ধরেন তাহার পরে শহর বর্দ্ধমানে আসিবামাত্রই জুলফাখাঁ ও গুরুচরণ কুমার নামক দুই প্রসিদ্ধ দস্যুকে ধরিয়াছেন। তাহাতে বর্দ্ধমানের জাইণ্ট মাজিস্ত্রেট মিলেট সাহেব তাঁহাকে প্রতিষ্ঠা পত্র দিয়াছেন এই ব্যক্তি পারসি আরবি ভাষাতে উত্তম। এবং বাঙ্গালা ভাষাতেও কর্ম্ম চালাইতে পারেন আর উৎকোচ বিষয়ে বলিতে পারি এপর্য্যন্ত কেহ আমাকে বলে নাই যে আথরআলী কাহার নিকট উৎকোচ নিয়া পক্ষপাত করিয়াছেন।

সম্পাদক মহাশয় এই বিষয় লিখিতে২ আমার স্মরণ হইল জ্ঞানান্বেষণের পত্র প্রেরক বর্দ্ধমানে গবর্ণমেণ্টের বিদ্যালয় স্থাপন বিষয়ে যে সম্বাদ লিখিয়াছিলেন আপনকার দর্পণে তাহা প্রতিবিম্বিত করিয়াছেন। অতএব সেই বিষয়ের কিঞ্চিৎ সম্বাদ লিখি বোধ হয় মহাশয় তাহা প্রকাশের অযোগ্য জ্ঞান করিবেন না। বর্দ্ধমানের সুশীল মাজিস্ত্রেট সাহেব গবর্ণমেণ্টের আজ্ঞা প্রমাণে চাঁদার বিষয়ে যথেষ্ট চেষ্টা আরম্ভ করিয়াছেন তাহাতে বর্দ্ধমানস্থ রাজ পরিবারেরা ১২৫০ সহস্র টাকা দিয়াছেন অথবা দিবেন বলিয়া স্বীকৃত হইয়াছেন। কিন্তু অন্য কেহ এপর্য্যন্ত কিছু দেন নাই। জ্ঞানান্বেষণের পত্র প্রেরক যেরূপ লিখিয়াছেন আমিও বোধ করি সেইরূপ করিলেই ভাল হয় অর্থাৎ মাজিস্ত্রেট সাহেব যদি সকল জমীদারকে ডাকিয়া সভা করেন তবে কতক সাহায্য হইলে হইতে পারে। নতুবা বর্দ্ধমান জিলা বাসি জমীদার ও ধনাঢ্যবর্গ যাঁহারা বিদ্যোপার্জ্জনের

time; but when they are suddenly called upon to account for the cash, they fall into difficulties. I hear that the Khajanchee of Burdwan did not embezzle money for his own use, but that he gave 16,000 Rupees to some principal Amlah; hence he has been dismissed.

I have not yet been able to ascertain the character of all the Burdwan Amlahs but according to what I hear of Athur Ali, the Nazir of the Criminal Court, I believe him to be a very good man. He has been 23 years in the service of Government, and has received excellent certificates from many public officers. In the time of Mr. Hutchinson he was a Darogah. At that period there was great dread of Dacoities in Burdwan; he, therefore, recommended in his report, that suspected characters among the lower ranks should be obliged to pass the night in the Thannah or the Faree; or that they should keep watch in the villages with the Gomastahs, Mundals and Chowkedars, and that Farees should be established in certain large villages. Mr. Hutchinson on seeing the report, passed an order accordingly, and this arrangement continues to this day. Besides this, the Dacoits, under pretence of wedding processions, used to go in great pomp to the villages and plunder them. Upon this Athur Ali advised, that those who might go with the bridegroom should obtain a pass from the native officer of their own village, and should be obliged to show it to the native officer of the village where the bride resided, otherwise they should not be permitted to enter the village with a large procession. Mr. Hutchinson passed an order accordingly, and the consequence has been that the number of Dacoitees has been amazingly diminished.

While the Nazir was the Darogah of the Pootna Thannah, he seized Dacoits with the stolen articles in the house of Thakoordoss Mundul, and the Magistrate of Bancoorah gave him a certificate of good conduct. While he was Darogah of Rajkrishno Thannah, he seized some Dacoits in the village of Ooro; and immediately on his arrival at Burdwan, succeeded in seizing Julfakhun and Gooroochurn, two very celebrated dacoits; on which, Mr. Millet the Joint Magistrate of Burdwan, gave him an honourable certificate. He is well acquainted with Persian and Arabic, and well able to conduct bussiness in Bengalee. Respecting bribes, no one has ever yet told me that Athur Ali has taken any and perverted justice.

Mr. Editor, while upon this subject, I remember that a correspondent of the *Gyanunneshun* wrote to that Paper, regarding the establishment of a Government Seminary at Burdwan, and you have also transferred that letter to your columns. I fancy, therefore, that if I can give you some good news on this subject, you will not consider it unworthy of publication. Our excellent Magistrate of Burdwan has, at the request of Government, greatly exerted himself respecting the subscription, and the family of the Rajah of Burdwan have either given or promised 1250 Rs., but no one to this day has paid any thing. I believe that if the advice given in the *Gyaanneshun* were followed, good effects would result; that is to say, if the Magistrate would call a meeting of the Zemindars, assistance might possibly be obtained; otherwise, the Zemindars and rich men of Burdwan who know nothing of the blessings of knowledge

লাভালাভ কিঞ্চিন্মাত্র বুঝিতে পারেন না তাঁহারা যে চাঁদা পত্র দেখিবামাত্রে স্বাক্ষর করিবেন সে সময় অতিদূরে রহিয়াছে।

বর্দ্ধমান বাসি দর্পণ পাঠক।

বর্দ্ধমানে মেলা।

প্রতিবৎসর উত্তরায়ণ সংক্রান্তির পর দিবস দামোদর নদের ধারে যেরূপ মেলা হইয়া থাকে এবারে গত শনিবারেও সেই রূপ হইয়াছিল চতুর্দ্দিগে চারি পাঁচ ক্রোশ ব্যবহিত বাসি লোকেরা আসিয়া এই মেলাতে একত্র হয় এবং অনেকে ধর্ম্মস্থানে দামোদরে অবগাহন করত জলপান করিয়া স্ব২ স্থানে প্রস্থান করে। এতদ্ভিন্ন বহু লোক মেলা দর্শনার্থই আসিয়া থাকেন। গত দিবস বেলা চারি ঘণ্টার পরে শ্রীযুত যুবরাজ অমাত্যগণ সহিত গাড়ি আরোহণ পূর্ব্বক মেলা স্থলে সমাগত হইয়া নদের ধারে২ ভ্রমণ করিতে লাগিলেন এবং তাঁহার আহ্লাদার্থ অনেক টাকার সোলার পক্ষীইত্যাদি ক্রীত হইল। অনন্তর শ্রীযুত পাদরি সাহেব ও সুযোগ বুঝিয়া ঐ লোকারণ্যের মধ্যে খ্রীষ্টের মঙ্গল সম্বাদ প্রকাশ করিতে লাগিলেন। মেলাতে আশ্চর্য্য এই যে বলদাকৃষ্ট গাড়ির উপর অনেক পাল্কি বসান গিয়াছিল এবং প্রত্যেক পাল্কিতে হিন্দু মোছলমান সাধারণ পাঁচ ছয় জন স্ত্রীলোক বসিয়া খড়খড়ীয়ার ছিদ্র দিয়া কৌতুক দেখিতেছিলেন। কিন্তু খেদের বিষয় এই যে চোরেরা গোলের মধ্যে স্ত্রী লোক ও বালকদিগের আভরণ কাটিয়া নিয়া বহু প্রাণিকে রোদন করায়।

কস্যচিৎ পাঠকস্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় বরাবরেষু।

আশ্চর্য্য ব্যাপার এই হইয়াছে যে গৃহস্থের বাটীতে ডাকাইতী হইলে সর্ব্বস্ব যায়। পরে আইন অনুসারে পোলীসের দারোগা সরেজমীনে গিয়া তাহার তদারক করিয়া থাকেন কিন্তু এইপর্য্যন্ত ঐ দারোগারা কোন স্থানেই দস্যুরদের স্থান হইতে এক পয়সাও দেওয়াইতে পারেন নাই বরং মড়ার উপর খাঁড়ার ঘা দিয়া সেই গৃহস্থ ও প্রতিবাসি গ্রামস্থ ভদ্র লোকের প্রতি নানা তর্জ্জন গর্জ্জন ভয় দেখাইয়া অবশিষ্ট যাহা থাকে তাহা লইয়া প্রস্থান করেন ইহা সকল দারোগারই রীতি বটে। কিন্তু নীচে লিখিত দারোগার এই এক অত্যাশ্চর্য্য ব্যবহার প্রায় সকলই জ্ঞাত আছেন যে কাশীম বাজারের দারোগা দস্যুরদের সঙ্গে ষড়যন্ত্র করত তাহারদের স্থানে টাকা ও অপহৃত দ্রব্যের অংশ লইয়া থাকেন পরে ডাকাইতী হইলে গৃহস্থের নিকট হইতে ও প্রতিবাসিরদের স্থানে অশেষ ক্লেশ দিয়া দিনে ডাকাইতী করিয়া অবশিষ্ট যাহা থাকে তাহা লইয়া প্রস্থান করেন বিশেষতঃ কিয়দ্দিবস হইল কাশীম বাজারের কাশী মুদির বাটীতে ডাকাইতী হইয়া যথা সর্ব্বস্ব গেল। দারোগা তাহার পরেই তথায় পঁহুছিয়া ঐ মুদি ও বহুতর ভদ্র লোককে ধরিয়া তদারক ছলে অশেষ ক্লেশ ও ভয় দর্শাইয়া আপন অভীষ্ট মত বাক্স পূর্ণ করিলেন তাঁহার এইরূপই ব্যবহার। অতএব সম্পাদক মহাশয় অনুগ্রহ পূর্ব্বক এই বিষয় দর্পণে স্থান দিলে বিচার কর্ত্তারদের কর্ণগোচর হইতে পারে তাহা হইলে অবশ্য তাঁহারা ইহার সূক্ষ্ম অনুসন্ধান করিয়া অবশ্য এই অঞ্চল রক্ষা করিবেন ইতি।

কস্যচিৎ কাশীম বাজার নিবাসিনঃ।

---

will not put down their names on merely seeing a subscription list. That period is not yet come.

A Reader of the Durpun, residing at Burdwan.

MELAH ON THE DAMOODUR.

To the Editor of the Durpun.

Every year on the day after the Sunkrantee of the Oottur uyunu, a Melah is held on the banks of the Damoodur. The Melah was this year held on Saturday. People flocked to it from a distance of eight or ten miles around, and assembled there, and many performed a religious bathing in the stream, and after partaking of food, departed to their own homes. Besides these, many came simply to see the Melah. Yesterday, after 4 o'clock, the Rajah came with his officers in a carriage to the place where the Melah was held, and moved up and down along the banks of the river. For his pleasure a number of birds, made of the Indian cork, were purchased. There was also a Missionary, who embraced the occasion of preaching to the people. The most astonishing thing at the Melah was, that many palaukeens were placed upon carts drawn by oxen. In each palankeen, there were five or six Hindoo or Moosulman women, who looked out upon the scene, through the blinds. But it is to be regretted that a number of thieves got in among the crowd, and stole many ornaments from the women and children, and occasioned many tears.

A Reader.

COSSIMBAZAR.

To the Editor of the Durpun.

It is singular that whenever a Dacoity happens in a house, every thing is lost. According to the Regulations, the Darogahs of the Police proceeds to the spot and make their inquiries; but in no instance have those Darogahs been able to oblige the robbers to refund a single pice; rather their visit is like striking another blow upon a dead body. They threaten the respectable inhabitants of the village, and seizing what the robbers have left, take their departure. This is the case with all Darogahs. Few are ignorant of the conduct of the Darogah of Cossimbazar, described below. He is in league with the Dacoits and obtains a share of the stolen money and property, and afterwards inflicts the the greatest misery upon the people of the villages, and in this open day robbery takes away what the others have left. A few days ago there was a dacoity at the house of Cashee Moody, and he lost his all. The Darogah arrived there soon after, and seized the Moodee and many respectable men, and after making an enquiry and putting them to great dread and inconvenience, filled his box. Such is his practice. I beg you, therefore, Mr. Editor, to publish this in the *Durpun*, that it may reach the ears of our rulers, that enquiry may be made and the people of this neighbourhood saved.

A Resident of Cossimbazar.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

ব্যাঙ্ক সেয়র।

বাঙ্গাল ব্যাঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st Class,	0	2	0	8	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent.	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	8	Disct.

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৭৬ সংখ্যা। বালম ২০।] ২৭ জানুয়ারি ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ১৫ মাঘ। SATURDAY, JANUARY 27TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1176. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining un-sold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুম ক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জন ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেব কর্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রাঙ্কিত মূল্য ৪ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরী সাহেবকর্তৃক রচিত তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ৩ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দনভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুলূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

৭ সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মুদ্রা প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইলেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয়া দুই বালমে জেলদবন্দ হইয়াছে। ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪ ৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈল প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ॥০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

Just published from the Serampore Press,

IN PERSIAN,
IN 2 VOLUMES ROYAL OCTAVO
A GUIDE
TO THE
REVENUE REGULATIONS OF THE PRESIDENCIES OF BENGAL AND AGRA.

Price, 20 Co.'s Rs.

Applications for the above to be made at the Serampore Press, and also the Church Mission Press, Calcutta.

PUBLICATIONS
OF
THE SERAMPORE PRESS.

Moonsiffs' and Ameens' Guide Book.

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

Guide to the Revenue Regulations.

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees.

Macnaghten's Hindoo Law.

Considerations on the Hindoo Law as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

Bengalee Dictionary.

In two Volumes, 8vo. The first Volume consists of an Abridgement of the forementioned Dictionary; the Second Volume is a Dictionary, English and Bengalee, compiled by Mr. Marshman. Price 10 Rs. the set, or 6 Rs. the separate Volume.

Bengalee Dictionary.

A Dictionary of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey, in three Volumes, 4to. Price 50 Rs.

Brief view of History.

The Brief view of History from the creation of the world to the birth of Christ, compiled and translated into Bengalee by John C. Marshman; the English and Bengalee are printed on the same page. 12mo. Price 3 Rs.

Regulations of Government in Persian.

The Regulations of the Bengal Government, translated into the Persian Language. A new edition, carefully revised under the orders of Government and printed *in Nine volumes*, to the year 1831. Price of the entire set 150 Rupees, or 20 Rupees each volume.

Regulations of Government in Bengalee.

The Regulations of the Bengal Government, revised under the authority of Government, and printed ***in Eight volumes*** quarto, down to the year 1833. Price 100 Rupees the entire set, or 20 Rupees a volume.

Munoo Sunghita.

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

The Ramayun.

The Metrical Translation of the Ramayun executed by the celebrated Kriteebass, and revised by a learned hand. Second Edition. Price 8 Rs.

Sungskrit and Bengalee Grammar.

The Moogdhubodha, or Grammar of Vopa Deva, with the Rules in Sungskrit and the meaning in Bengalee. Price 2 Rs.

Butrisha Singhasun.

The Butrisha-Singhasun, or the 32-imaged Throne, written in Bengalee by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Hitopudesha.

The Hitopudesha or Salutary Instruction, translated into Bengalee from the original Sungskrit, by Mritoonjuya Vidyalunkar. *Third Edition.* Price 2 Rs.

Murray's Grammar.

The Abridgement of Murray's English Grammar, translated into the Bengalee language, by John C. Marshman. The original rules in English are printed with the translation. Price 1 R.

Bengalee Grammar, 8vo.

A Grammar of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Fourth Edition.* Price 2 Rs.

Colloquies, 8vo.

Colloquies, in Bengalee and English, intended to facilitate the acquisition of the Bengalee language, compiled by the Rev. Dr. Carey. *Third Edition.* Price 2 Rs.

The Dig-durshun, 8vo.

The Dig-durshun, or Indian Youth's Magazine, containing a variety of useful information. The Bengalee translation is printed on the page opposite to the original English. Price of the 16 Numbers, 8 Rs.

Anecdotes of Virtue and Valour.

A Translation in Bengalee of a selection of Anecdotes of Virtue and Valour, 12mo. The English and Bengalee are given on opposite pages Price 1 Rs. 8 As.

The History of India.

From the arrival of the English in India to the close of the Marquis of Hastings's administration, compiled and translated by John C. Marshman, 2 vols. 8vo. Price 8 Rs.

Raja Vuli.

Raja Vuli, a History of India, composed in Bengalee by Mritoonjya Vidyalunkar. Price 2 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

১৭ জানুআরি ১৮৩৭।

শ্রীযুত জে এফ এম রিড সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখে জেনরল পোষ্ট আপীসের কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

কৌন্সলের শ্রীলশ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব কোম্পানির কেরানি শ্রীযুত জি ডি রেক্স সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মযুক্ত করিয়াছেন।

কোম্পানির কেরানি শ্রীযুত জি দি রেক্স সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

বঙ্গ রাজধানীর ধর্ম্মোপদেশক শ্রীযুত জে সি প্রবি সাহেব ছুটি লইয়া বিলাত গমনের অনুমতি পাইয়াছেন।

২১ নবেম্বর ১৮৩৭।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এফ আরস সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা সারণের ডেপুটি কালেকটর হইয়াছেন।

১১ জানুআরি।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা বর্দ্ধমানের ডেপুটি কালেকটর শ্রীযুত আর টি ডবলিউ বেট্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

১৬ জানুআরি ১৮৩৮।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এ ওগেলবি সাহেব শ্রীযুত এচ পি রসল সাহেব ছুটি লইয়া বিলাত গমন করাতে তাঁহার পরিবর্ত্তে জিলা নবদ্বীপের কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে এ এফ হকিন্স সাহেব শ্রীযুত জে এফ এম রিড সাহেবের পরিবর্ত্তে বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি সদর দেওয়ানী ও নিজামত আদালতের রেজিষ্টর হইয়াছেন।

শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব শ্রীযুত বি গোল্ডিং সাহেবের পরিবর্ত্তে পুরণিয়ার সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত বি গোলডিং সাহেব শ্রীযুত কাথকার্ট সাহেবের পরিবর্ত্তে যশোহরের সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখ অবধি শ্রীযুত ডাম্পিয়র সাহেব কর্ত্তৃক কর্ম্মে যুক্ত না হওন পর্য্যন্ত অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর প্রদেশের রেবিনিউ কমিস্যনর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

শাহাবাদের সিবিল ও সেসন জজ শ্রীযুত ডবলিউ ডেণ্ট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত এচ এস লেন সাহেব শ্রীযুত ডেণ্ট সাহেবের অনুপস্থান পর্য্যন্ত ঐ পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সারণের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ লুক সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ৫ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি ডবলিউ ফুলর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিবসের ছুটি পাইয়াছেন।

১৮ জানুআরি।

১৮ সংখ্যক অর্থাৎ যশোহর প্রদেশের একটিং কমিস্যনর শ্রীযুত জে ডনবার সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমন করিবেন। ঐ সাহেব অস্বাস্থ্যের সর্টিফিকটক্রমে যে জাহাজারোহণে গমন করিবেন ঐ জাহাজের গমন তারিখ পর্য্যন্তও ছুটি পাইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

17th January, 1838.

Mr. J. F. M. Reid assumed charge of **the General Post Office on the 15th instant.**

The Honourable the President in Council is pleased to attach to the North Western Provinces, Mr. G. D. Raikes, Writer, reported qualified for the Public Service.

Mr. G. D. Raikes, Writer, is reported qualified for the Public Service, by proficiency in two of the Native Languages.

The Reverend J. C. Proby, Chaplain on the Bengal Establishment, is permitted to proceed to Europe on Furlough.

21st November.

The Deputy Governor of Bengal has been pleased to make the following appointment:

Mr. F. Arrouch to be Deputy Collector in Zillah Sarun, under the Provisions of Regulation IX. of 1833.

11th January.

The following officer has obtained leave of absence from his station:

Mr. R. T. W. Betts, Deputy Collector under Regulation IX. of 1833, in Zillah Burdwan, for six weeks, from the 1st ultimo, on medical certificate.

16th January.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. A. Ogilvie, to be Collector of Zillah Nuddea, vice W. H. P. Russell, who has proceeded to England on Furlough.

Mr. J. A. F. Hawkins to be Register of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut from the 10th instant, vice Mr. J. F. M. Reid.

Mr. J. F. Cathcart to be Civil and Session Judge of Purneah, vice Mr. B. Golding.

Mr. B. Golding to be ditto ditto of Jessore, vice Mr. Cathcart.

Mr. D. Pringle to Officiate as Commissioner of Revenue of the 18th or Jessore Division from the 20th instant, until relieved by Mr. Dampier, or until further orders.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. W. Dent, Civil and Session Judge of Shahabad for one month, to visit the Presidency, on private affairs. Mr. H. S. Lane will conduct the current duties during Mr. Dent's absence.

Mr. W. Luke, Officiating Magistrate and Collector of Sarun, an extension of leave of absence to the 5th proximo, on private affairs.

Mr. Assistant Surgeon C. W. Fuller, attached to the Civil Station of Nuddea, for ten days, on private affairs.

18th January.

Mr. J. Dunbar, Officiating Commissioner of the 18th or Jessore Division, to proceed to the Cape of Good Hope for two years, on medical certificate. Mr. Dunbar has likewise obtained leave of absence, on Sick Certificate, until the sailing of the Ship on which he may take his passage to the Cape.

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরিঅবধি ৩১ ডিসেম্বরপর্য্যন্ত দর্পণের মূল্য ৮ টাকার হিসাবে দিয়াছেন।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব।
শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব।
শ্রীযুত ডবলিউ সি ব্লাকিয়র সাহেব।
শ্রীযুত ও মাকিন্টস সাহেব।
শ্রীযুত পাদরি সি ই ডিবর্গ সাহেব।
শ্রীযুত ই জি মাকালি সাহেব।
শ্রীযুত জে এচ কুপর সাহেব।
শ্রীযুত টি এস ক লয়ার্ড সাহেব।
শ্রীযুত প্রিন্স মহম্মদ মেহিদি।
শ্রীযুত দেওয়ান গোবিন্দপ্রসাদ বসু।
শ্রীযুত বাবু নীলকমল পালচৌধুরী।
শ্রীযুত বাবু বিশ্বম্ভর সেন।
শ্রীযুত বাবু রামধন ঘোষ।
শ্রীযুত বাবু রামকমল বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ শীল।
শ্রীযুত বাবু রামসেবক মল্লিক।
শ্রীযুত বাবু জগদানন্দ মল্লিক।
শ্রীযুত বাবু বিশ্বনাথ মুখুয্যে।
শ্রীযুত বাবু লুকরাম উপাধ্যায়।
শ্রীযুত বাবু রাজকৃষ্ণ সেট।
শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ সেট।
শ্রীযুত বাবু উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু হলধর সেন।
শ্রীযুত বাবু পীতাম্বর চক্রবর্ত্তী।
শ্রীযুত বাবু গৌরমোহন গোস্বামী।
শ্রীযুত বাবু আনন্দচন্দ্র নন্দী।
শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ পালচৌধুরী।
শ্রীযুত বাবু বিশ্বম্ভর বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু বেহারিলাল শীল।
শ্রীযুত বাবু কালিদাস সরকার।
শ্রীযুত বাবু কৃষ্ণশখা ঘোষ।
শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ দেব।
শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ।
শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র ঘোষ।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব ১৮৩৭ সালের ডিসেম্বর মাসপর্য্যন্ত ৬ টাকা।

বারাণসীস্থ শ্রীযুত বাবু কেদারনাথ সিংহ ১৮৩৯ সালের জুন মাসপর্য্যন্ত ১২ টাকা।

সমাচার দর্পণ

শনিবার ২৭ জানুআরি ১৮৩৮।

গত সপ্তাহে শালিখার মুনসেফের কর্ম্মের উপর অভিযোগ সূচক এক পত্র আমরা প্রকাশ করিয়াছিলাম এবং ঐ কর্ম্মকারক তাহার এক উত্তর চন্দ্রিকাতে প্রদান করিয়াছেন তাহাও আমরা অদ্যকার দর্পণে প্রকাশ করিলাম। ঐ উত্তর আমারদের নিকটে প্রথমে প্রেরণ করিলে ভাল হইত যেহেতুক তাহা প্রকাশ করিতে আমরা ক্ষণমাত্র বিলম্ব করিলাম না। যখন আমারদের দর্পণে কোন সরকারী কর্ম্মকারকের প্রতি কোন দোষ অর্পণ হইয়া থাকে তখনই তাঁহাকে ঐ দোষ উদ্ধারের উপায় দেওয়া আমরা যথার্থ বোধ করি। চন্দ্রিকা সম্পাদক মহাশয় ঠাহরেন যে আমারদের নিকটে ঐ সকল পত্র ইঙ্গরেজী ভাষাতে প্রেরিত হয় কিন্তু তাহা নহে ঐ পত্র বঙ্গ ভাষাতেই আমারদের নিকটে প্রেরিত হইলে তাহার অনুবাদ করিয়া আমরা প্রকাশ করিলাম। ফলতঃ আমারদের এমত নিয়ত বাঞ্ছা যে এতদ্দেশীয় বাঙ্গালি মহাশয়েরা আমারদের নিকট বঙ্গ ভাষাতেই পত্র প্রেরণ করেন যেহেতুক তাঁহারদের স্থানে অনেক ইঙ্গরেজী পত্র পাওয়া যায় বটে কিন্তু তাহার মধ্যে কখন২ অনেক পত্রার্থ বুঝা ভার হয় অতএব তাহাতে আমারদের দ্বিগুণ পরিশ্রম করিতে হয় প্রথমে ইঙ্গরেজী সংশোধন পরে বঙ্গ ভাষাতে তর্জ্জমা।

গবর্ণমেণ্ট যে অবধি দেশীয় লোকের দিগকে নানা ভারি২ কর্ম্ম দিতেছেন এবং দেশীয় প্রায় তাবৎ কর্ম্মের নিমিত্ত বঙ্গ ভাষা চালাইতে হুকুম দিয়াছেন তদবধি আমারদের নিকটে যত পত্র আসিয়া থাকে তাহার দ্বিগুণ আসিতেছে অতএব চন্দ্রিকা সম্পাদক মহাশয় বোধ করেন যে আমারদের আর কিছু ছাপাইবার প্রস্তাব না থাকাতে অগত্যা ঐ পত্র প্রকাশ করিতে হইয়াছে ইহা তাঁহার নিতান্ত ভ্রম। আমারদের যখন দুই খানি পত্র প্রকাশ করিতে হয় তখন নিয়ত চারি বা পাঁচ খান পত্র অপ্রকাশ্য থাকে।

দর্পণ পূরণার্থ আমারদের প্রস্তাব প্রাপ্তির কিছু অপ্রতুল নাই কেবল অর্পণার্থ স্থানেরই অপ্রতুল হয় এবং এইক্ষণে আমরা এই নিয়ম করিয়াছি যে দর্পণের মূল্য অগ্রে দিতে হইবে এবং তাহার মূল্য ১২ টাকা অবধি ৮ টাকা পর্য্যন্ত কমান গেল ইহাতে বোধ হয় যে গ্রাহকের ও পত্র প্রেরকেরদের বৃদ্ধি হইতে পারিবে এবং তদ্বিষয়ে যদি বর্ত্তমান মাসের হিসাব আমরা বিবেচনা করি তবে বুঝি যে আমারদের ঐ প্রত্যাশা বিফল হইতে পারিবে না।

ব্যবস্থাপক কমিসান।

শ্রীযুত মকালি সাহেব স্বীয় কর্ম্মে ইস্তফা দিয়া বিলাত গমন করাতে গত সোমবারে শ্রীযুত সি এচ কামরন সাহেব ভারতবর্ষীয় কৌন্সলের চতুর্থ মেম্বরী পদ শপথ পূর্ব্বক গ্রহণ করিলেন। এবং শ্রীযুত এমস সাহেব বিলাতহইতে প্রত্যাগমন পর্য্যন্ত ঐ সাহেব তৎ কর্ম্ম করিতে থাকিবেন। আমরা শুনিয়া পরম আপ্যায়িত হইলাম যে শ্রীযুত কর্ণল ইয়ং সাহেব ব্যবস্থাপক কমিসানের কর্ম্ম করণার্থ নিযুক্ত হইয়াছেন। তিনি চল্লিশ বৎসরাবধি ভারতবর্ষে অবস্থান করিতেছেন এবং গবর্ণমেণ্টের অতি মহোচ্চপদে ইহার পূর্ব্বে অভিষিক্ত ছিলেন তৎপরেও অনেক বৎসরাবধি বাণিজ্য ব্যবসায়ে নিযুক্ত ছিলেন অতএব ঐ শ্রীযুক্ত সাহেব দেশীয় ভাব ও দেশীয় ক্ষতি বৃদ্ধি বিষয় বিলক্ষণ জ্ঞাত আছেন ফলতঃ ঐ মহা পদে নিযুক্ত করণার্থ তিনি সর্ব্বাপেক্ষা উপযুক্ত ব্যক্তি ইহাতে সন্দেহ নাই কিন্তু অনেক কালাবধি এতদ্দেশীয় লোকের এই আশ্চর্য্য বোধ হয় যে ভারতবর্ষে ঐ ব্যবস্থাপক কমিসান স্থাপন কালেই কি নিমিত্ত তাঁহার নাম উল্লেখ না হইয়াছিল। আমারদের ভরসা আছে যে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা এইক্ষণে তাঁহাকে ঐ পদে মুখ্য রূপেই অভিষিক্ত করিবেন।

আলাহাবাদের স্তম্ভ।

পুনর্ব্বার আলাহাবাদের স্তম্ভ বিষয়ে গবর্ণমেণ্টের বদান্যতা প্রকাশ হইয়াছে. ঐ স্তম্ভ ২৪ হাত দীর্ঘ এবং কেবল এক খানি প্রস্তরময় বহুকালাবধি আলাহাবাদের কিল্লার মধ্যস্থলে পতিত আছে। তাহা এতদ্দেশীয় অতি প্রাচীন হিন্দু রাজার আমলে প্রস্তুত হইয়াছিল এবং তাহার উপরে যে কথা খোদিত আছে ঐ কথা এমত প্রাচীন দেবনাগরাক্ষরে যে তাহা এইক্ষণে কোন পণ্ডিত পাঠ করিতে পারেন না কিন্তু শ্রীযুত ডাক্তর মিল সাহেব ও শ্রীযুত জেমস প্রিন্সেপ সাহেব তাহা পাঠ করত অর্থ করিয়াছেন। পরে দিল্লীর কোন যবন রাজা স্বীয় নাম ঐ স্তম্ভোপরি খোদিত করেন কিন্তু অনেককালাবধি তাহা আলাহাবাদে অমনি পতিত আছে তদ্বিষয়ে কেহই কিছু অনুসন্ধান করেন না এইক্ষণে শুনা গেল শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব ঐ স্তম্ভ উত্থাপন পূর্ব্বক এক অট্টালিকার মধ্যে স্থাপনার্থ দুই সহস্র মুদ্রা প্রদান করিয়াছেন তাহা আলাহাবাদের মধ্যস্থলেই স্থাপিত হইবে এবং

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year,* from January 1st to December 31st, 1838, EIGHT Rupees each:—

J. S. Torrens, Esq.
W. H. Elliott, Esq.
W. C. Blaquiere, Esq.
O. Mackintosh, Esq.
Rev. C. E. Driberg.
E. G. McCaly, Esq.
J. H. Cooper, Esq.
T. S. Colriard, Esq.
Prince Mohamed Mahedy.
Dewan Govindprisad Bosoo.
Baboo Neelcomul Pal Chowdry.
,, Bissumbhur Sen.
,, Ramdhon Ghose.
,, Ramcomul Bundo.
,, Khetternauth Sill.
,, Ramsebuk Mullick.
,, Juggutanund Mullick.
,, Bishoonath Mookerjee.
,, Lookooram Oopadhya.
,, Rajkrishnoo Sett.
,, Praukissen Sett.
,, Oomeschunder Bundo.
,, Holodhur Sen.
,, Petumber Chuckerbutty.
,, Gourmohun Gosseen.
,, Anuhdochunder Nundee.
,, Gungunarayan Pal Chowdry.
,, Bissumbhur Bundo.
,, Beharelol Sill.
,, Kalledass Sukar.
,, Krishnoosukha Ghose.
,, Gopal Krishnoo Deb.
,, Nobinchunder Ghose.
,, Sumbhoochunder Ghose.

W. H. Elliott, Esq. to Dec. 1837, 6 Rs.
Baboo Kedarnath Sing, of Benares, to June, 1839, 12 Rs.

SUMACHAR DURPUN.

SATURDAY, JANUARY 27TH. 1838.

We published a letter last week which impugned the conduct of the Moonsiff of Sulkea; and that Officer has sent a reply to the *Chundrika*, which we have transferred to our own columns. He ought to have sent it to us; we certainly should not have hesitated for a moment to publish it. Whenever the conduct of a public officer has been censured in our columns, we consider it but a matter of justice to give him the opportunity of defending himself. The *Chundrika* is wrong in supposing that the letter was sent to us in English. It was sent in Bengalee, and translated by us. In fact, we always prefer to receive letters in Bengalee from our Native correspondents; for many of the English letters we receive from them are scarcely intelligible, and we have the double labour of revising the original, and then transferring it to the Bengalee language.

Since Government have conferred so many offices upon Natives of the country, and made Bengalee the language of public business, our Native correspondence has increased two-fold. The *Chundrika* is, therefore, out also in supposing that we were driven to the publication of that letter for want of matter. For every two letters which we insert there are four and often five which we are constrained to omit. The difficulty we experience is not to find matter for the *Durpun*, but room for the matter we have. And now that we have established the rule of advance payments and have lowered the price of the *Durpun* to *Eight* Rupees a year, we expect a larger influx both of subscribers and of correspondents. And if we are to judge from the present month, we think these expectations will not be vain.

Law Commission.

Mr. Macaulay having resigned his situation and returned to England, Mr. C. H. Cameron, was on Monday last, sworn in as Fourth Member of the Council of India, in which capacity he will continue to act, until Mr. Amos arrives from England. We are most happy to perceive that Col. Young has been appointed to officiate in the Law Commission. He has been more than forty years in India, and has filled some of the highest posts under Government. He has, moreover, been engaged in commercial business for many years, and is thoroughly acquainted with the country and its various interests; and is, without doubt, the very fittest man that could be selected for this important post. Indeed, it has been all along a matter of surprize, that in the formation of this Law Commission, his name should have been left out. We most sincerely hope that his appointment will be made permanent by the Court of Directors.

The Allahabad Column.

The liberality of Government has been again manifested, regarding the Allahabad Column. This column is thirty-six feet long, and consists of one single block, but has long been lying on the ground, within the fort of Allahabad. It was erected by some of the early Hindoo sovereigns of the country, and the inscription upon it, is in the most ancient kind of Deva Nagree, which none of the modern Pundits can read. It has, however, been decyphered by Mr. James Prinsep and Dr. Mill. One of the Mahomedan sovereigns of Delhi, inscribed his own name upon it; but it has long been lying neglected at Allahabad. We now learn that Lord Auckland has allowed a sum of 2000 Rupees for raising it up, and fixing it on a pedestal; and that it is to be placed in Allahabad

ঃপরি ইঙ্গলণ্ড দেশের রাজকীয় চিহ্নরূপ সিংহ বসান যাইবে। কিন্তু আমাদের আহ্লাদ হইতেছে যে ঐ স্তম্ভ কলিকাতা রাজধানীতে আনীত হইবে না কেননা ভারতবর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা এক যে প্রাচীন স্তম্ভ ভারতবর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রাচীন শহর প্রয়াগের মধ্যেই স্থাপিত হয় ইহা নিতান্ত যুক্তিসিদ্ধ।

ডেপুটি কালেক্টরী পদ।

ডেলি নিউস সম্বাদপত্রদ্বারা অবগম হইল যে জিলা চট্টগ্রামের ডেপুটি কালেক্টরেরা স্বং পদের কার্য্য নির্ব্বাহদ্বারা রাজকর্ম্মকারকেরদিগকে এমত সন্তুষ্ট করিয়াছেন যে তথাকার কমিস্যনর শ্রীযুত ডাম্পিয়র সাহেব তাঁহারদের বেতন বর্দ্ধনার্থে গবর্ণমেণ্টকে পরামর্শ দিয়াছেন এবং ঐ পরামর্শ সুগ্রাহ্যও হইয়াছে। এইক্ষণে ঐ পদস্থ ব্যক্তি সাধারণের বেতন বৃদ্ধিকরণবিষয়ে এমত প্রস্তাব হইয়াছে যে তাঁহারদিগকে দুই শ্রেণীতে বিভক্ত করা যায় তন্মধ্যে নীচস্থ শ্রেণীরদিগকে ৩০০ উচ্চস্থেরদিগকে ৫০০ টাকা বেতন দেওয়া যায়।

নেপাল।

শুনা গেল যে নেপালের বর্ত্তমান মহারাজার এক ছবি নেপালদেশীয় ছবিকরের দ্বারা প্রস্তুত হইয়া শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নিকটে প্রদত্ত হইয়াছে এবং অনুমান হয় যে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের এক প্রতিমূর্ত্তি অল্পকালের মধ্যে প্রস্তুত হইয়া কাটমাণ্ডুর দরবারশালায় লটকান যাইবে।

শ্রীলশ্রীযুত মহারাজাধিরাজ বিক্রম শাহা সমসের জঙ্গ এইক্ষণ পঞ্চবিংশবর্ষ বয়স্ক হইবেন তিনি দীর্ঘাংশে মধ্যমাকার অতিবিচক্ষণ সুদৃশ্যবদন তাঁহার আচার ব্যবহার অতিকোমল বিনীত। এই মহামহিম মহানুভব মহাশয়েরদের ছবির বিনিময়করণ ভারতবর্ষীয় অতিপ্রীত প্রণয়সম্বন্ধীয় রীত্যনুসারি। যেহেতুক অন্যান্য রাজারদের ন্যায় তাঁহারদের পরস্পর সাক্ষাৎ হওয়া সুকঠিন অতএব সাক্ষাদভাবে তাঁহারদের ছবি নয়নগোচর রাখণ সন্তোষজনক হইবে। এবং যে মৈত্রীভাবের দ্বারা এইরূপে ছবির বিনিময় হইল সেই ছবি দর্শন করিয়া ঐ মৈত্রীভাব নিয়ত মনের মধ্যে দেদীপ্যমান থাকিবে।

নীল।

গত বুধবারে মোর ডকি কোং নীলের আড্ডায় অনেক নীল বিক্রয় হইল। তৎসময়ে ইঙ্গলণ্ডীয় ফ্রান্সীয় আরবীয় অনেক গ্রাহক উপস্থিত ছিলেন ঐ নীলামের এইরূপ ফল হইল।

বিশেষতঃ

	টাকা
বুলিয়ার কুটীর নীল ৯৭ সিন্দুক গড় মূল্য	১৪৩।৫
৭৭ সিন্দুক সোণাবেড়িয়ার	১৯০
৪৩ সিন্দুক বকসারের......	১৫৩
১০ সিন্দুক পাকা ডাঙ্গার...	২০২

মান্য লোকেরদের সঙ্গে দেশীয় জজেরদের লিখনপঠন।

আদালতসম্পর্কীয় কর্ম্মে দেশীয় মান্য লোকেরদের সঙ্গে এতদ্দেশীয় জজেরদের কোন লিখন পঠন করিতে হইলে যেরূপে তাঁহারা ঐ লিখন পঠন করিবেন তদ্বিষয়ে সদর দেওয়ানী আদালত নানা জিলার জজ সাহেবেরদের নিকটে নীচে লিখিতব্য প্রকার হুকুম দিয়াছেন।

with the British Lion on the top. We are happy to find that it is not to be removed to Calcutta, because it is more appropriate that one of the most ancient monuments of India, should be fixed in its most ancient city.

Deputy Collectorships.

We learn from the *Daily News*, that the Deputy Collectors in the District of Chittagong have given so much satisfaction in the execution of their duties, that Mr. Dampier, the Commissioner, has recommended to Government to give them an increase of salary; that the proposal has been favourably received, and that it is proposed to make a general increase throughout this branch of the service; that is to say, to divide the Deputy Collectors into two branches; to give the lower rank 300 Rs. a month, the higher 500 Rs.

Nepaul.

We learn that a very well executed and striking likeness of the present Maha Rajah of Nepaul (by a Nepaulese artist) has been presented by His Highness to the Governor General, and that a portrait of Lord Auckland is expected ere long to adorn the walls of the presence chamber in the Palace at Cathmandu.

Maha Rajah Dae Raj Rajendur Vikram Sah Shumsher Jung is said to be about 25 years of age, of middle stature, intelligent, of very pleasing expression, and of mild and highly prepossessing manners. The exchange of portraits by these important personages, is, we believe, conformable to the most approved usages of friendly intercourse in the East, debarred, as they, in common with sovereigns in general necessarily are, from the gratification of personal meetings, it will be a pleasing substitute, to have constantly in view, the likeness of each other, and a ready means of recalling at all future times the kindly sentiments in which the exchange of portraits had been made.

Indigo Sale.

A large Indigo Sale took place at the Indigo Mart, on Wednesday last, at which there was a good attendance of buyers for the English, French and Gulph markets. The following was the result of the sale:—

97 Chests from the Bulleah concern, averaged	143	8
77 Chests of the Sonapara concern, averaged	190	0
43 Chests from the Buxar concern, averaged	153	0
10 Chests from the Puka danga, averaged...... ...	202	0

Correspondence of Native Judges with Natives of Rank

The Sudder Dewanny Adawlut have circulated the following instructions to the several Zillah Judges, on the subject of the mode of address to be adopted by Native Judges, when corresponding on matters of business, with natives of rank.

প্রথমতঃ প্রধান সদর আমীনেরা গবর্ণমেণ্টের কোন চিহ্নিত চাকরেরদিগকে কোন বিষয় জ্ঞাপন করিতে হইলে তাহা রুবকারীর দ্বারা জ্ঞাপন করিবেন কেবল গবর্ণমেণ্টের সেক্রেটরী অথবা সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরদের অথবা বোর্ড রেবিনিউর সাহেবেরদের বা সৈন্যসম্পর্কীয় সাহেবেরদের নিকটে জ্ঞাপন করিতে হইলে বর্ত্তমান রীত্যনুসারেই লিখিবেন।

দ্বিতীয় সদর আমীন ও মুনসেফেরা পূর্ব্ববৎ ইউরোপীয় জজ সাহেবেরদের দ্বারা কোম্পানির চিহ্নিত চাকরেরদের নিকটে লিখন পঠন পাঠাইবেন কেবল তাঁহারদের সম্মুখে উপস্থিত মোকদ্দমাতে যে কোন সরকারী কর্ম্মকারকেরা লিপ্ত থাকেন তাঁহারদের নিকটে কোন মধ্যস্থাবলম্বন্যতিরেকেও পত্রাদি পাঠাইতে পারেন।

তৃতীয় এতদ্দেশীয় জজেরা কি মুনসেফ কি সদর আমীন কি প্রধান সদর আমীন এতদ্দেশীয় মান্য ব্যক্তিরদের নিকটে মধ্যস্থ বিনা পত্রাদি পাঠাইবেন।

তাবৎ মফঃসল আদালতে সরকারী কার্য্যবিষয়ে লিখন পঠন একইপ্রকার নিয়মানুসারে সম্পাদন অত্যাবশ্যক বোধ হওয়াতে জিলাস্থ জজ সাহেবের দর প্রতি হুকুম হইয়াছে যে গবর্ণমেণ্টের চিহ্নিত চাকরেরদের সঙ্গে প্রধান সদর আমীনের লিখন পঠনাদির নিরূপণবিষয়ে উপরি যে বিধান লিখিত হইল তাহা আমলে আনবার নিমিত্ত বিলক্ষণ মনোযোগ করেন এবং তাহাতে কিরূপ ফলোদয় হয় ইহার সম্বাদ ছয় মাস পরে জ্ঞাপন করিবেন এবং তদ্রূপ অনুমতি সদর আমীন ও মুনসেফেরদের প্রতি দেওয়া উচিত কি না তদ্বিষয়েও তাঁহারা আপনারদের অভিপ্রায় জ্ঞাপন করেন।

এতদ্দেশীয় জজেরদিগকে উক্তপ্রকার আজ্ঞা জ্ঞাপন করণসময়ে জিলার জজ সাহেবেরদের প্রতি হুকুম হইয়াছে যে তাঁহারা বিশেষরূপে তাঁহারদিগকে ইহা জ্ঞাত করবেন যে আদালতের বিষয়ঘটিত দেশীয় মান্য লোকেরদের সঙ্গে তাঁহারদের লিখন পঠনকরণ আবশ্যক বোধ হইলে তাঁহারদের প্রতি অতিসম্মানপূর্ব্বক পত্র লিখিবেন এবং জিলার ইউরোপীয় জজ সাহেবেরা আদালতের কর্ম্মোপলক্ষে মান্য লোকেরদের নিকটে যেরূপে পত্র লেখেন ও যেরূপে শিরোনামা লেখেন তদনুরূপই লিখিবেন। এবং তদ্রূপ দেশীয় মান্য লোকেরদের প্রতিও হুকুম হইল যে তাঁহারা দেশীয় জজেরদিগকে প্রকৃতরূপে সম্মান করিবেন এবং ১৮৩২ সালের ১৪ দিসেম্বর তারিখের আদালতের সরকুলরপত্রে যেরূপ লিখনের রীতি ও শিরোনামা দেওনের নিয়ম আছে তদনুরূপে তাহা লিখিবেন।

জালকাগজ ধরা পড়ন।

১২ তারিখ শুক্রবারে দুলালনামক এতদ্দেশীয় এক ব্যক্তি বাঙ্গাল বেঙ্কে টাকা লওনার্থ ১৬ টাকার এক বেঙ্ক নোট লইয়া যায়। তৎক্ষণাৎ ঐ নোট কৃত্রিম বোধ হওয়াতে ঐ ব্যক্তিকে পোলীসে পাঠান গেল পরে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেবের সম্মুখে কহিল যে এক জন ইউরোপীয় সরাপ বিক্রেতার স্থানে আমি ঐ নোট পাই সরাপের মহাজন কহেন যে আমি ইহা যশোহরনিবাসি হরধর রায়ের স্থানে পাইয়াছিলাম।

বাঙ্গাল বেঙ্ক নোট।

যাঁহারা বেঙ্ক নোট লইয়া থাকেন তদ্বিষয়ে তাঁহারদিগকে অতি সাবধান হইতে

1st. Principal Sudder Ameens will correspond direct by Rooboocarries with all Covenanted Officers of Government, except the Secretaries to Government, the Sudder Dewanny Adawlut, the Board of Revenue, or any Military Officers, in regard to whom, the present practice is to be continued.

2nd. Sudder Ameens and Moonsiffs, will forward all communications to Covenanted Officers as heretofore, through the European Judges, except communications to such officers as are parties to suits before them, in which case, they will be addressed direct to the officer whom they may concern.

3rd. The Native Judges of every grade, will correspond direct with Natives of rank.

It being desirable that an uniform mode of conducting public correspondence should be introduced into all the Mofussil Courts, the attention of the Zillah Judges has been requested to the practical application of the rule above laid down for the regulation of the correspondence of Principal Sudder Ameens with Covenanted Officers, the result of which the Judges have been requested to communicate, on the expiration of six months, together with their opinion as to the expediency or otherwise of extending the same privilege to Sudder Ameens and Moonsiffs.

In communicating the above instructions to be *Native Judges*, the Zillah Judges have been particularly desired to impress upon them the propriety of observing a proper respect towards all Natives of rank, with whom it may be necessary to correspond on official matters, and addressing them in the form and style employed on like occasions by the European Judge of the district. In like manner Natives of rank will be required to pay proper respect to the Native Judges, adopting as a general rule the forms of address laid down in the Courts' Circular of the 14th December, 1832.—*Hurk.*

Forgery Detected.

On Friday, the 12th instant, a native, named Doolal, presented at the Bank of Bengal, a sixteen rupee note to be cashed, when it was discovered to be a forgery. Doolal was made over to the police, and being brought before the Magistrate, stated that he received it from a European wine merchant, and the latter proved that he got it from one Hurradhun Roy, a resident in Zillah Jessore.—*Com. Adv. Jan.* 20.

Bank of Bengal Notes.

We advise our friends who have dealings in paper currency, to take a little precaution in the receipt of Bank

আমরা পরামর্শ দেই। শুনা যাইতেছে যে প্রসীডেন্সি পে আপীসের অধ্যক্ষ সাহেবের নিকটে জেনরল ট্রেজুরীহইতে দশ২ টাকার দুইখান কৃত্রিম নোট প্রেরিত হইয়াছে। কিন্তু আমরা এক্ষণপর্য্যন্ত জ্ঞাত হইতে পারি নাই যে কোন্ ছলে ঐ কৃত্রিম নোট প্রথমে ট্রেজুরীর মধ্যে প্রবিষ্ট হইয়াছিল।

আসিষ্টাণ্ট মাজিস্ট্রেট।

শুনাযাইতেছে গবর্ণমেণ্ট অল্প দিনের মধ্যে কএক জন আসিষ্টাণ্ট মাজিস্ট্রেট নিযুক্ত করিবেন। আমারদের বিবেচনা হয় যে শিবপুরে এক জন আসিষ্টাণ্ট মাজিস্ট্রেট নিযুক্ত থাকিলে ভাল হয় যেহেতুক ঐ স্থানে বহুতর লোকের বসতি এবং তাহার মধ্যে কোন থানা বা পোলীস নাই এবং হাবড়াতেও ঐ রূপ মাজিস্ট্রেট নিযুক্ত করিলে তত্রস্থ লোকের পরম সুখ হয় এবং বর্ত্তমান রীতির ন্যায় এক সোমবার অবধি অন্য সোমবার পর্য্যন্ত মাজিস্ট্রেট সাহেবের আগমন অপেক্ষায় থাকিতে হয় না।—হরকরা।

বেঙ্কের ডিসকৌণ্ট বৃদ্ধি।

টাকার খেঁচ এবং তাহার অধিক টান হওয়াতে কলিকাতাস্থ দুই বেঙ্ক শতকরা ১ টাকা ডিসকৌণ্ট বাড়াইয়াছেন। তাহাতে বাঙ্গাল বেঙ্কে সর্ব্বাপেক্ষা উচ্চ হার শতকরা ১০ টাকা ইউনিয়ন বেঙ্কে ১১ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে।

শ্রীযুত লার্ড বিশাপ সাহেব।

আমরা অত্যন্ত খেদিত হইয়া প্রকাশ করিতেছি যে কলিকাতার শ্রীযুত লার্ড বিশাপ সাহেব এমত অসুস্থ হইয়াছেন যে গত রবিবারে তিনি পারমার্থিক ধর্ম্মোপদেশ করিতে অসমর্থ হইয়াছিলেন।

বরফ।

কলিকাতা কুরিয়রের দ্বারা শুনিয়া অতি আপ্যায়িত হইলাম যে ডোবর জাহাজ ২৯ আগস্ত ও নরফল্ক জাহাজ ২০ সেপ্তেম্বর তারিখে এ বন্দরে আগমনার্থ বস্তন নগর ছাড়ে। পূর্ব্বোক্ত জাহাজে কতক বরফ আছে। গত বৎসর শেষ না হইতে২ অন্য দুই জাহাজ প্রেরণ হওনের কল্প ছিল।

শ্রীযুত এফ সি স্মিথ সাহেব।

যে শ্রীযুত এফ সি স্মিথ সাহেব বঙ্গরাজধানীর পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন তিনি গত মঙ্গলবার অপরাহ্নে জলঙ্গীনামক বাষ্পীয় জাহাজারোহণপূর্ব্বক নদীর উজানে গমন করিয়াছেন পরে গয়াতে পঁহুছিয়া আপনার সেরেশ্‌তার কর্ম্ম আরম্ভ করিবেন।

আগ্রিকল্‌তুরাল সোসৈটি।

আগামি ২৯ তারিখ সোমবার পূর্ব্বাহ্ণ দশ ঘণ্টাসময়ে টৌনহালে বার্ষিক শাক সবজী দর্শান যাইবে। বোধ করি ঐ দর্শন অতিমনোরঞ্জনীয় হইবে। আমারদের পরামর্শ যে কলিকাতানিবাসি এতদ্দেশীয় মহাশয়েরা অবকাশমতে ঐ ব্যাপার দর্শনার্থ গমন করেন। এবং ঐ দিবসের সায়ং কালে ঐ সোসৈটির মেম্বরেরা একত্র হইয়া টৌনহালে ভোজন করিবেন।

হত্যা।

কল্য পূর্ব্বাহ্নে চৌরঙ্গীর মধ্যে ধাঙ্গড় জাতীয়া এক স্ত্রী অতি নির্দ্দয়রূপে খুন হইল। এই অতি নির্দ্দয় ব্যাপারের বিষয় এমত শুনা গেল যে ঐ স্ত্রীর স্বামী মরিচ উপদ্বীপে গমনার্থ বন্দোবস্ত করিয়াছিল কিন্তু ঐ স্ত্রী স্বামির গমনে অনিচ্ছু হইয়া তাহার অনিচ্ছাতেই পশ্চাৎ২ কলিকাতা পর্য্যন্ত আসিয়াছিল। এবং যে ঘরে ঐ খুন হয় সেই ঘরে গত রাত্রে ঐ জাতীয় ৭ জন মদ্যপান করিয়া অনেক রাত্রি পর্য্যন্ত এমত মাতামাতি করিয়াছিল ঐ ঘরের মধ্যে একটা খুন হইলেও তাঁহারদের মাতামাতি ভঙ্গ হইল না এবং তাহারা ঐ খুনের বিষয়ে কিছুই কহিতে পারিল না। রাত্রি তিন ঘণ্টা সময়ে ঐ মৃত স্ত্রীর স্বামী প্রথম খুন হইয়াছে বলিয়া গোরসরাবৎ করিতে লাগিল তাহাতে আলো আনিয়া দেখিল যে ঐ স্ত্রীর গলদেশের এক দিগ অবধি অপর দিগ পর্য্যন্ত কাটা গিয়াছে। হাতেও একটা অস্ত্রাঘাত ছিল এবং এক খান ছুরী তাহার নিকটে পড়িয়া আছে।

শ্রীযুত হজসন সাহেব।

কাটমাণ্ডুর রেসিডেণ্ট শ্রীযুত হজসন সাহেব বৌদ্ধবিদ্যা ও বৌদ্ধধর্ম্মের বিষয়ে অনেক কালপর্য্যন্ত অনুশীলন করিয়া অন্যান্য বিদ্বান্‌ব্যক্তিঅপেক্ষা অনেক নূতন বিষয় প্রাপ্ত হইয়াছেন। আমরা আহ্লাদপূর্ব্বক প্রকাশ করিতেছি যে পারিস নগরের আসিয়াটিক সোসাইটি উক্ত সাহেবের গুণ প্রশংসাসূচক এক মুদ্রা তাঁহাকে প্রদানার্থ প্রস্তুত করিতে হুকুম দিয়াছেন ঐ মুদ্রার উপরেও তাঁহার গুণসূচক কথা খোদিত থাকিবে এবং গবর্ণমেণ্টকে এই নিবেদন করিয়াছেন যে ঐ সাহেবকে লিজনঅব আনর এই অতিসম্ভ্রান্ত উপাধি প্রদান করেন।

যশোহর।

কসবাহইতে আগত এক ব্যক্তি এমত কহে যে ঐ জিলায় বিলক্ষণ ধান্য ফসল হইয়াছে। উৎকৃষ্ট বালাম তণ্ডুলের মোন ১ টাকা এবং কিঞ্চিৎ মোটা রকমের মোন ৮৵ হইয়াছে। এবং খাজুরে চিনিও অতিসুমূল্য হইয়াছে। মহাজনেরা দাদনি লোকেরদের স্থানে ৩ টাকা ৩।০ টাকা করিয়া মোন লইতেছেন।

শ্রীরামপুর শহরে ডিক্রীজারী।

এই দেশে যদবধি ইনশালবেণ্ট আদালত নিযুক্ত হয় তদবধি দেন্মার্ক গবর্ণমেণ্ট যাহারা আপনারদের ঋণ পরিশোধ না করিতে হয় এতদর্থ শ্রীরামপুরে আশ্রয় লইতে আইসে তাহারদিগকে আশ্রয় দেন না। সংপ্রতি যে এক ব্যক্তি পলায়ন করিয়া শ্রীরামপুরে আসিয়াছিল তাহার প্রতিকূলে ছোট আদালতের তিন খান ডিক্রী লইয়া শ্রীরামপুরের আদালতে আসিয়া এক ব্যক্তি নালিস করাতে আসামী ওজর করিল যে আমি এই ডিক্রীর টাকা দিয়াছি ফরিয়াদী তাহা খণ্ডন করিলে ঐ ডিক্রীর টাকা প্রাপণার্থ আদালতের হুকুম পাইলেন এবং আসামী ঐ টাকা না দিতে পারাতে তাঁহার ঐ টাকার তুল্য কতক লওয়াজিমা মাজিস্ট্রেট সাহেবের অধীনে রাখাগিয়া তাঁহাকে ঐ টাকা দেওনের ও ঐ দ্রব্য উদ্ধারার্থ ১৫ দিবস মিয়াদ দেওয়া গেল এবং ঐ মিয়াদ গতে যদি টাকা না দেন তবে ঐ জিনিস বিক্রয় করিয়া ফরিয়াদীকে টাকা দেওয়া যাইবে।

Notes—as we understand that two counterfeit Bank of Bengal Notes for ten rupees each, were issued from the General Treasury to the receipt of the officer in charge of the Presidency Pay Office. We have not yet been able to ascertain how, or by what deception the notes in question,—in their present state,—were received into the Treasury in the first instance.—*Daily News, Jan.* 19.

Assistant Magistrates.

We have heard it rumoured, that the Government intend very soon to appoint Uncovenanted Assistant Magistrates, and we think they may very well appoint one at Seebpore, where a vast population are, as it may be said, without any police; and we believe our neighbours across the water would be very glad to have a Magistrate at Howrah, and not be obliged to wait from one Monday to another, to meet the Magistrate, as is now the case.—*Hurk.*

Increase of Discount.

The scarcity of money and the great demand for it; has induced both the Banks in Calcutta to raise the rate of discount one per cent; the highest rate of the Bengal Bank being now ten per cent. and that at the Union Bank eleven per cent.

The Lord Bishop.

We learn with great regret, that the Bishop has been so indisposed as to be unable to preach the charity sermon, intended to be preached on Sunday morning last.

Ice.

The Calcutta *Courier* states, to our great satisfaction, that the American ships *Dover* and *Norfolk* had left Boston for this Port respectively, on the 29th of August and 20th of September; the former it is conjectured with a farther supply of Ice for the store here. Two or three more ships were expected to be dispatched for the same destination before the close of the last year.

Mr. F. C. Smith.

Mr. F. C. Smith, the Superintendent of Police for the Bengal Presidency, embarked on board the *Jellinghee*, and proceeded up the river on the afternoon of Tuesday last. He is to join his establishment at Gyah, and commence the duties of his office.

Agricultural Society.

The annual exhibition of vegetables at the Town Hall, is fixed for Monday next, the 29th instant, at 10 A. M. The sight will be exceedingly interesting, and we would advise all the Native residents in Calcutta, who can spare time, to be present.

In the evening the Members of the Society will dine together at the Town Hall.

Murder.

A cruel murder was perpetrated yesterday morning at Chowringhee, on a Daungur woman. The following we have learnt of this atrocious deed. It seems that the husband of the deceased is under engagement to proceed to the Mauritius, and that the deceased followed him to Calcutta against his inclination, but last night about seven of his countrymen made a night of it with some arrack, and the whole slept in the same room, in which the murder was committed, and yet not one was disturbed. They can give no account whatever of the circumstance. The husband was the first that gave the alarm, about 3 o'clock in the morning, and on lights being produced, the deceased was discovered with her throat cut from ear to ear, and a knife laying near her. She had also a small wound in her hand.—*Engl. Jan.* 25.

Mr. Hodgson.

Mr. Hodgson, the British Resident at Katmandoo, has employed a large portion of his leisure, in making researches into the Boudist literature and religion; and has made discoveries beyond those of any other scholar. We learn with much satisfaction, that the Asiatic Society of Paris, to shew their sense of his merits, have caused a medal to be struck, with an appropriate inscription, in order to be presented to him; and have recommended to the Government to bestow on him the order of the Legion of Honour.

Jessore.

A Native arrived from Cusbah states, that the rice crop of the season has proved a very good one in that Zillah. The price of Balum rice of fine quality is a Rupee a maund, and that of coarser kind, fourteen annas. Date Sugar too, is selling cheap; those who have made advances to manufacturers are purchasing it from them at from three Rupees and a quarter, to three Rupees and a half the maund.

Execution of Decrees at Serampore.

Ever since the enactment of the Insolvent Act in this country, the Danish Authorities have refused to give protection to debtors, who abscond to that place, to avoid the enforced payment of the debts due by them. Lately, a person proceeded from Calcutta to that town, with copies of three decrees of the Court of Requests, against an individual who had absconded to that Settlement; and after having rebutted the defendant's allegations of his having paid the amount of these decrees, he obtained an order for the immediate payment of their amount, and it was only on consideration of the defendant having placed in the custody of the Danish Court, some furniture, &c., sufficient to cover the amount of these decrees, that he had 15 day's time allowed him to pay the money and redeem the pledged articles, at the expiration of which period, if not redeemed, they will be sold to satisfy these decrees.

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌর শ্রীযুত বাদশাহ জলোদর রোগগ্রস্ত হইয়া অতিক্লিষ্ট হইয়াছেন। বোধ হয় ঐ রোগই সংহারক হইবে। সংপ্রতি আরঞ্জ দেশীয় রাজকুমার শ্রীযুক্ত প্রিন্স হেনরি কানপুরহইতে লক্ষ্ণৌতে আগমনপূর্ব্বক রাজদরবার ও নগর দর্শন করিলেন।

আগ্রাতে বসন্ত রোগ।

আগ্রাতে এইক্ষণ পর্য্যন্তও বসন্ত রোগ অতি প্রবলরূপ আছে তদ্দ্বারা প্রতিদিন প্রায় ৫০ জন এতদ্দেশীয় বালক ও যুবা মারা যাইতেছে। ইউরোপীয় কএক জন সাহেবেরাও ঐ রোগগ্রস্ত হইয়াছেন বিশেষতঃ শ্রীযুত লেপ্তেনণ্ট কর্ণল বড্‌ল শ্রীযুত কাপ্তান ব্লাইস শ্রীযুত আবট শ্রীযুত লেপ্তেনণ্ট রেনি সাহেব এবং গোরা ও গোলন্দাজ পল্টনের কএক জন ইউরোপীয়েরা। এক্ষণে বৃষ্টিরও কোন লক্ষণ দৃষ্ট হয় না। এই সপ্তাহের মধ্যে পশ্চিমা বাতাস অতি প্রবলরূপে বহিতেছে এবং গ্রীষ্ম ও অপূর্ব্বরূপ বর্দ্ধিষ্ণু আছে।—আগ্রা আকবর।

ব্রহ্মদেশ।

শ্রীশ্রীমতী রাণীর লারননামক জাহাজ রাঙ্গুনহইতে ৬ তারিখে মৌলমেনে আসিয়া সংপ্রতি কলিকাতায় পঁহুছিয়াছে তদ্দ্বারা এই সম্বাদ অবগত হওয়া গেল যে মৌলমেনে বর্ম্মারদের আক্রমণবিষয়ে যেমন প্রবল ভয় ছিল সেই ভয় এইক্ষণে তেমনিই প্রবল আছে। দিনেক দুই দিনের মধ্যে নদীর উপর দুইবার ডাকাইতী হইয়াছে। এক ডাকাইতীতে এতদ্দেশীয় এক ব্যক্তি আঘাতী হয়। এবং ৩১ দিসেম্বর তারিখে দোরায়নগরের প্রধান মণ্ডলকে এক দল দস্যু পড়িয়া তৎক্ষণাৎ গুলির দ্বারা হত করিল। ঐ দস্যুরা নদীর পারে বর্ম্মারদের সীমাহইতে আসিয়াছিল এবং প্রতিরাত্রেই বিশ ত্রিশ জন দলবদ্ধ হইয়া মার্ত্তাবানের দিগে আইসে দেখিয়া বোধ হয় যে তাহারা প্রস্তুত হইয়া কোন স্থানে যাত্রা করিতেছে। এবং উপলব্ধি হয় যে মার্ত্তাবান ও বিলাঙ্গস্থ বর্ম্মা অধ্যক্ষদের স্বভাব ও মনের পরিবর্ত্তন হইয়াছে। যেহেতুক বর্ম্মা অধ্যক্ষের নিকটে সংপ্রতি এক দূত প্রেরিত হওয়াতে ঐ অধ্যক্ষ তাহাকে কহেন যে আমারদিগের আর প্রাচীনভাব ও মৈত্রতা নাই আমি এইক্ষণে বৃদ্ধ হইয়াছি বটে তথাপি ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে পুনর্ব্বার যুদ্ধ করিতে বাশনা করি। টালায়ন জাতীয়েরদের মধ্যহইতে বাছনি করিয়া এক পল্টন সৈন্য স্থির করিতে হুকুম পঁহুছিয়াছে এবং ঐ পল্টন শ্রীযুত কাপ্তান উলিয়ম্‌স সাহেবের অধীন থাকিবে।

পক্ষান্তরে রামরিহইতে এমত সম্বাদ পঁহুছিয়াছে যে ঐ স্থান বিলক্ষণ শান্তাবস্থায় আছে এবং তথায় যে পরমিট চৌকি ছিল তাহা বর্ম্মার রাজা উঠাইয়া দিয়াছেন এবং তাঁহার দেশে আরাকান হইতে আমদানী জিনিসের যে মাসুল ছিল তাহাও রহিত করিয়াছেন। ঐ মাসুল রহিতকরণের এই কারণ ইশতেহারের দ্বারা প্রকাশ করেন যে ইহাতে ব্রহ্ম ও ইঙ্গলণ্ডীয় এই দুই মহারাজ্যের ক্ষতি হইতেছে। রাঙ্গুনহইতে যে সম্বাদ পঁহুছিয়াছে তাহাও শান্তিজনক বটে।

ব্রহ্মদেশীয় ভাষাতে মৌলমেনে যে সম্বাদপত্র প্রকাশ হয় বোধ হয় তদ্বিষয়ে আমরা পূর্ব্বে কোন উল্লেখ করি নাই। মৌলমেন ও তদঞ্চলে চল্লিশেরো অধিক গ্রাহক হইয়াছে শুনিয়া আমরা আহ্লাদিত হইলাম। কিঞ্চিৎকাল হইল ঐ সম্বাদপত্রের কএকখান আরাকানে প্রেরিত হয় এবং রামরিস্থ আদালতের বর্ম্মা কর্ম্ম

Lucknow.

The King is suffering from a dropsical attack, which it is expected will be fatal. His Royal Highness Prince Henry of Orange paid a visit to the Court and city from Cawnpore.—*Hurk.*

Small Pox at Agra.

The Small Pox continues to rage with unabated violence. It is computed that upwards of 50 Natives—children and adults,—are carried off daily. Several Europeans have been attacked by it—Lieut.-Colonel Budley, Capt. Blois, Mr. Abbott, Lieut. Renny, and some in the European Regiment and Artillery. The weather presents no appearance of rain. Strong westerly winds have been blowing throughout the week, and the temperature is unusually high.—*Agra Ukhbar.*

Burmese Affairs.

H. M. S. *Larne* has just come in from Moulmein, at which place she arrived from Rangoon on the 6th. The apprehension of a Burmese eruption appears to have been as strong as ever at Moulmein. Two instances of river dacoitees had occurred within a day or two, in one of which, a native of India was wounded. The head man of the village of Derai, one of the largest villages in the province, was surrounded by robbers on the night of the 31st December, and the head man shot dead on the spot. The robbers came from the Burmese side of the river. Several bodies of armed men have been seen to arrive at Martaban at night, to go upon the river in parties of 20 or 30, as if prepared for some expedition. The disposition of the Burmese authorities at Bileng and Martaban is said to have undergone a considerable change. A messenger who was sent across was told by the Governor, "things are changed and are not as they were. I am old, but I should like to fight the English again." Orders have been sent down to raise the Talein corps, which is to be placed under the command of Capt. Williams.

On the other hand the intelligence from Ramree states, that every thing is quiet there, and that the King has withdrawn all his Permit Chowkees, and abolished all imposts on goods going from Arracan into his own country, saying, in his proclamation, that it was detrimental to the trade between the two great nations. The intelligence from Rangoon is also of a pacific nature.

We do not remember to have previously noticed the publication of a newspaper in the Burmese language, at Moulmein. We are most happy to learn, that it already numbers more than forty subscribers at Moulmein and its neighbourhood. Some little time ago copies of it were sent to Arracan and handed to the Burmese officers of the Court at

কারকের নিকটে প্রেরণ করা যায়। তাঁহারা ঐ সম্বাদপত্র দেখিয়া আশ্চর্য্য বোধ করিলেন এবং তাহার গ্রাহক হইয়া নিয়ত তাহা প্রাপণাকাঙ্ক্ষী হইলেন।

শ্রীযুত ওয়াথেন সাহেবের বদান্যতা।

বোম্বাইর সিবিলসম্পর্কীয় শ্রীযুত ওয়াথেন সাহেব কেপে যাত্রাকরণের পূর্ব্বে দেশীয় লোকের বিদ্যাধ্যাপনার্থ সমাজে সহস্র মুদ্রা প্রদান করিলেন ঐ টাকা পাঠশালাস্থ দেশীয় সুশিক্ষিত ছাত্রেরদিগকে পুরস্কার দেওয়া যাইবে।

বোম্বাইর ডাকের সুনিয়ম।

শুনিয়া আপ্যায়িত হইলাম বোম্বাইর ডাক বাঙ্গী এমত বিস্তীর্ণরূপে চলিবে যে কলিকাতা মান্দ্রাজ আগ্রা এবং ভারতবর্ষের মধ্যস্থল পর্য্যন্ত তাহার যাতায়াত হইবে কিন্তু দেশের মধ্যে যে সকল কদর্য্য রাস্তা আছে তাহা উত্তমরূপে প্রস্তুত না করিলে গমনাগমনের সুগম হইবে না।

পালির মারক।

পালিনগরস্থ মারকের পুনরুত্থানবিষয়ে যে ভয়ানক সম্বাদ হইয়াছিল সে অলীক ঐ স্থানে এইক্ষণে মারক নাই।

দরবার।

বর্ত্তমান মাসের ৭ তারিখ শুভদিন বোধ করিয়া দিল্লীর শ্রীলশ্রীযুক্ত বাদশাহ সিংহাসনোপবেশন স্থির করিয়া ঐ দিবসের পূর্ব্বাহ্ণ ৯ ঘণ্টাসময়ে কিল্লার লাহোরনামক বহির্দ্বারস্থ সেলামী তোপ ধ্বনি করণসময়ে রাজতক্তে উপবিষ্ট হইলেন। এবং ১০ ঘণ্টাসময়ে শ্রীযুত মেটকাফ সাহেব এবং তাঁহার দ্বিতীয় আসিষ্টাণ্ট ও শ্রীযুত রাবিনসন সাহেব ও কিল্লাধ্যক্ষ শ্রীযুত কাপ্তান উলিসন সাহেব দরবারে উপস্থিত হইয়া রীতিমত শ্রীলশ্রীযুক্ত বাদশাহকে নজর দিলেন এবং সাহেবেরাও প্রতিদানস্বরূপ খেলাৎ ও এক নূতন মুদ্রা প্রাপ্ত হইলেন।

ঐ দরবারে বহুতর লোক সমাগত ছিলেন এবং সাড়ে ১০ ঘণ্টাসময়ে শ্রীলশ্রীযুক্ত দরবারহইতে অন্তর্মহলে গমন করিলেন তৎসময়েও সেলামী তোপ হইল।

চীন।

চীনদেশহইতে ১৭ দিসেম্বর তারিখপর্য্যন্তের সম্বাদ আগত হইয়াছে। এইক্ষণপর্য্যন্তও আফীম বিক্রয়ের অতিশৈথিল্যভাব আছে। কিন্তু গোপনে বিক্রয় বিষয়ে এমত সুযোগ হইতেছে যে চীনীয় কোন২ প্রধান কর্ম্মকারকেরা তাহা দেখিয়াও দেখেন না এমত অনুভব হয়।

চীনদেশে ১৮৩৭ সালের আফীম প্রায় ১৬০০০ সিন্দুকজমা আছে। তাহার সঙ্গে ১৮৩৮ সালের বোম্বাইহইতে প্রেরিত মালবার আফীম ২২০০০ সিন্দুক এবং কলিকাতাহইতে প্রেরিত পাটনার ও বারাণসীর আফীম ১৯০০০ সিন্দুক যদি একত্র করা যায় তবে এই বৎসরে বিক্রয়ার্থ আফীম ৫৭০০০ সিন্দুকের কম নহে জমা হইবে এতৎপ্রযুক্ত বোধ হয় যে আফীমের মূল্য অতিকম হইবে। পাটনার আফীম কি সিন্দুক ৮০০ টাকা মালবার আফীম মূল্য ৬০০ টাকার ঊর্দ্ধ হইতে পারে না।

ইঙ্গলণ্ড দেশে অতিভারি মুমূর্ষু দান।

এতদ্দেশীয় অনেক লোকেরা অনুভব করেন যে ইঙ্গলণ্ডদেশ অতিনির্ধন ধনাঢ্য

Ramree, among whom it created a great sensation, and an anxiety to subscribe for it, and have it transmitted to them regularly.

Mr. Wathen's Gift.

Mr. Wathen, of the Bombay Civil Service, the day before his departure for the Cape, made a gift of 1000 Rupees to the Native Education Society, to be distributed in prizes among the boys who attend the Seminary.

Improvement in the Post of Bombay.

We are happy to learn, that the Dawk Banghy system of Bombay is to be immediately extended, so as to embrace a communication by means of the Banghy with Calcutta, Madras, Agra, and Central India. But until the roads are improved, it is impossible that there can be any substantial improvement in the communication.

Palee Plague.

The late alarm at the re-appearance of the Plague at Palee seems to have been premature; the pestilence does not exist.—*Cal. Cour.*

The Durbar.

The 7th instant being considered a lucky day, was fixed upon by His Majesty for the ceremony of the "Jashun" or Coronation, on which day, about 9 o'clock, His Majesty took his seat on the "Tukht Taoos" under a Royal Salute from the Post Guns placed in battery at the Lahore Gate of the Palace. About 10, Mr. Metcalfe, attended by Mr. Robinson, his 2nd Assistant, and Captain Wilson, Commandant, Palace Guards, proceeded to the Durbar, and presented to His Majesty the "Nuzzur" usual on the occasion, receiving the customary "Khiluts and new Coinage."

The Durbar was very fully attended. About half past 10 o'clock, another Royal Salute announced His Majesty's having returned to his private apartments in the Palace.—*Delhi Gazette, Jan.* 10.

China.

Intelligence has been received from China to the 17th December. The sale of Opium was still very slack, though from the facilities which existed for smuggling, it was supposed that some of the higher Mandarins were conniving at it. The stock of Opium was very large; not less than 16,000 chests of 1838. If to this be added 22,000 chests of Malwa, from Bombay; and 19,000 chests of Patna and Benares from Calcutta, of 1838, there will be a total of 57,000 chests to be disposed of during the present year. It was supposed, therefore, that prices must undergo a very great reduction, and that Patna would, in all probability, fall to 800 Rupees and Malwa to 600 Rupees a chest.

Large Lagacies in England.

Many of the Natives of this country have been in the habit of thinking that

ব্যক্তি অল্পমাত্র আছেন। ইহাতেই এই অনুভব হয় বটে যে তাঁহারা অনেক ইউরোপীয়েরদিগকে এতদ্দেশে ধনোপার্জ্জনার্থ আসিতে দেখেন। ফলে ইহাও বিবেচনায় সিদ্ধ বটে যে যাঁহারা ধনোপার্জ্জনার্থ স্বদেশছাড়া হন তাঁহারা সকলই নির্ধন ধনি ব্যক্তিরা স্বদেশহইতে কুত্রাপি গমন করেন না। এতদ্দেশীয় লোকের ঐ অনুভব দূর হয় এনিমিত্ত আমরা কহিতেছি যে এক জন ডে সাহেব জীবদ্দশাপর্য্যন্ত কেবল জুতার কালী প্রস্তুতকরণব্যবসায়ী ছিলেন বৎসর দুই হইল তিনি ৫০ লক্ষ টাকা উত্তরাধিকারিদিগকে দিয়া লোকান্তরগত হন এবং উড সাহেব গ্লাষ্টর নগরের বেঙ্কের মহাজন ছিলেন তিনি গত বৎসরে ১ কোটি টাকা রাখিয়া পরলোকগত হন। এবং এক জন বণিক কুট সাহেবের বিধবা পরে ডচেস অফ সেণ্টাল বেন্স হইয়া গত বৎসরে স্বীয় তাবৎ সম্পত্তি ১ কোটি ৮০ লক্ষ টাকা অষ্টাদশবর্ষবয়স্কা এক যুব স্ত্রীকে দান করিয়া গিয়াছেন।

England was a very poor country, and contained very few rich men. This idea has arisen from seeing so many Europeans come out to India to make their fortune. But they ought to recollect, that it is the poor who come abroad, while the rich remain at home. To convince them of this truth, we have only to mention, that Mr. Day, who was, during his whole life, only a manufacturer of Blacking, left a fortune of fifty lacks of Rupees to his heirs, a year or two ago. Mr. Wood, a banker at Gloucester, left at his death a crore of Rupees in money. And the Dutchess of St. Albans, who was formerly the widow of Mr. Coutts, a banker, and died last year, bequeathed all her fortune, which amounted to one hundred and eighty lacks of Rupees, to a young lady, who is not yet eighteen years old.

স্থানাভাবপ্রযুক্ত প্রভাকরের প্রস্তাব আমরা এই দর্পণে অর্পণ করিতে অক্ষম হইলাম বাঞ্ছা আছে আগামিতে প্রকাশ করিব।

Want of room obliges us to omit the article in the *Prubhakur.* We hope to give it next week.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

জগদাত্মীয় শ্রীযুত চন্দ্রিকা প্রকাশক মহাশয় মহোদয়েষু।

অভিবাদন পূর্ব্বক নিবেদনমিদং গত ১৩ পৌষ শনিবারের দর্পণে শালিখার মুনসেফের প্রতি কটাক্ষ করিয়া কোন ব্যক্তি এক পত্র প্রকাশ করিয়াছেন তদুত্তর বিলক্ষণ রূপ আমি প্রদান করিব। কিন্তু জানিতে চাহি শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় পক্ষপাত করেন কি না যদি উত্তর পত্র সকল তাঁহার কাগজে স্থান দেন এমত বুঝিতে পারি তবে যে কএক মোকদ্দমায় অন্যায় ফয়সালা মুনসেফ মহাশয় করিয়াছেন লেখক লেখেন তাহার তাবৎ বৃত্তান্ত প্রকাশ করিয়া দিতে পারি। যাহা হউক আপাততঃ এই কএক পঁক্তি লিখিতেছি ইহাতেই দর্পণ প্রকাশকের সৌজন্যতা প্রকাশ পাইবেক।

শালিখার মুনসেফের প্রতি যে কলঙ্ক রাষ্ট্র করিয়াছেন তাহা কি সবিচারক জজ সাহেবের গ্রাহ্যহইতে পারে। কেন না তিনি বিলক্ষণরূপে জ্ঞাত আছেন ঐ মুনসেফ যে তারিখ অবধি উৎপদে নিযুক্ত হন আর অদ্য পর্য্যন্ত যত মোকদ্দমা ফয়সালা করেন তাহার মধ্যে কয়টা আপীল হয় এবং সেই আপীলের মধ্যে মুনসেফের ফয়সালা কয়টা বরকরার থাকে। অপর দর্পণের প্রকাশিত ফৈরাদী সেখ এমামবক্স জমাদ্দার এ ব্যক্তির মোকদ্দমা যখন ফয়সালা না হইয়াছে সেই কালীন মুনসেফের নামে জজ সাহেবের নিকটে দরখাস্ত করিয়াছিল যে আমার মোকদ্দমা হুজুরে তজবীজ হয় আমি মুনসেফের নিকট মোকদ্দমা করিতে রাজী নহি ইত্যাদি বয়ান লিখিয়া দেয় তাহাতে জজ সাহেব ঐ দরখাস্তকারির পাঁচ টাকা জরীমানা করেন। যদি দর্পণের পত্র প্রেরক আপন নাম ধাম লিখিয়া পত্র প্রকাশ করিতেন তবেই জানা যাইত যে তিনি মিথ্যা কলঙ্ক করিয়া কিপ্রকারে পার পাইতেন। যাহা হউক এইক্ষণেও ব্যক্ত অনুমান হইতেছে যে কএক জন মোকদ্দমায় হারিয়াছে তাহারাই বদনাম করিয়া ফিরিতেছে। ভাল সে মোকদ্দমার আপীল হইবেক লিখিতেছে তাহাতেই জানা যাইবেক কিন্তু তাহাতে অনেক কাল গৌণ হইবেক। ঐ মোকদ্দমাকারির উচিত হয় যে রুবকারির নকল সে পাইয়াছে তাহাই দর্পণে প্রকাশ করুক তাহা হইলেই মুনসেফের বিচারের ক্ষমতা বা অজ্ঞতা অথবা পক্ষপাতিতা প্রকাশ হইবেক যেহেতুক সেই ফয়সালার আরজী জবাব জবাবলজবাব রুদ্দ জবাব ও দলিল দস্তাবেজ এবং সাক্ষির জোবানবন্দী প্রভৃতি তাবৎ কাগজাতের খোলাসা আছে তাহার উপর মুনসেফের রায় লিখিয়াছেন ইহাতেই কে না বুঝিতে পারিবেন। নচেৎ দর্পণের এক প্রেরিত পত্র আপন মতলব মত লিখিয়া প্রকাশ করিলেন মুনসেফ ঘুসখোর ইহা বলিলেই সেই মুনসেফের প্রতি কি হাকিম তৎক্ষণাৎ দোষে করিবেন।

চন্দ্রিকা।

Spirit of the Native Papers.

SULKEA MOONSIFF.

To the Editor of the Chundrika.

Receive my most humble salutations. Some person has published in the *Durpun*, of Saturday last, the 13th Pous, certain observations which are directed against the Moonsiff of Sulkea. I will give him a good reply. I wish to know whether the Editor of the *Durpun* will shew his partiality or not. If he publishes this reply in his Journal, I can furnish all the particulars of the decisions for which the Moonsiff is blamed. Be that as it may, I now send you these few lines, which will suffice to try the real character of the *Durpun*. Can the blame thrown upon the Sulkea Moonsiff be credited by the Judge? The Judge must well know how many decisions the Moonsiff has passed from the day of his appointment to the present day; how many of these have been appealed, and how many yet remain. The complainant, whose name is mentioned in the *Durpun*, Shekh Emambux, Jemadar, presented a petition to the Judge before his cause was decided, begging that it might be decided by the Judge, as he was not satisfied at its remaining with the Moonsiff. Upon this, the Judge fined him 5 Rupees. If the correspondent of the *Durpun* had given his name and residence, we should then have known how he would have escaped, after bringing such false charges. Be that as it may, I now suspect that the writers are certain individuals, who have lost their causes. Those men are going about censuring the Moonsiff. The writer says, that the cause will be appealed; it will then be well known; but this will involve a great delay. The individual who is connected with that cause, ought to publish in the *Durpun* the roobocarry which he has received, and then the wisdom or ignorance, or the partiality displayed in the Moonsiff's decision will be apparent; for in that roobocarry the complaint and the reply, and the replications and the answers, and the documents and the evidence, are all inserted; and there is the Moonsiff's own decision. Who would not then understand the matter? But for him simply to publish a letter, according to his own will, in the *Durpun*, charging the Moonsiff with bribery, will this alone induce the Magistrate to suspect the Moonsiff?—*Chundrika.*

প্রেরিতপত্র।

প্রাণকৃষ্ণ মল্লিকের দৌরাত্ম্য।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

কিয়ৎ কালাতীত হইল উক্ত মল্লিকজিউ ছয় মাস কারাগারে বদ্ধ ছিলেন তথাপিও তাহার দৌরাত্ম্যের উপশম হয় নাই। সম্প্রতি এমত এক ব্যাপার ঐ মল্লিকজিউ করিয়াছেন যে এমত আশ্চর্য্য কেহ কখন শুনে নাই একারণ কএক পঁক্তি লিখিয়া আপনার নিকট প্রেরণ করিতেছি অনুগ্রহ পূর্ব্বক দর্পণে অর্পণ করত অস্মদাদিকে ঐ দুরাত্মার হস্ত হইতে রক্ষা করিতে আজ্ঞা হইবেক।

সাং ভবানীপুরের শ্রীরাজকৃষ্ণ দেব শ্রীশ্রী৺পঞ্চমী পূজার নিমিত্তে আপনার জমি পরিষ্কার করাইতে ছিলেন এমত কালিন ঐ প্রাণকৃষ্ণ মল্লিক তারামণি বাগদিনীকে যৎকিঞ্চিৎ অর্থ দিয়া মাজিস্ত্রেট সাহেবের নিকট এক দরখাস্ত করাইল যে রাজকৃষ্ণ দেব জোর করিয়া আমার জায়গার দখল করিতেছে। হায়২ কি আশ্চর্য্য ব্যাপার দেখুন যে ব্যক্তি বহুকালাবধি কোম্পানির খাজনা দিয়া সেই জমি ভোগ দখল করিতেছে হঠাৎ তাহার উপর কি উৎপাত ফেলিল। পরে মাজিস্ত্রেট সাহেব দারোগার উপর ঐ বিষয়ের তদারকের কোন ভার না দিয়া দাঙ্গা মওকুব রাখিবে এমত হুকুম দিলেন। কিন্তু ওখানে দাঙ্গার কোন সম্ভাবনাই নাই। পরে ঐ মল্লিক জিউ দারোগার চাপরাসিকে সঙ্গে লইয়া ঐ রাজকৃষ্ণ দেবের জমিতে মাজিস্ত্রেট সাহেবের হুকুম জারি করিয়া ঐ জমি দখল করিবার উপক্রম করিল। ইহা দেখিয়া আমারদিগেরও এমত শঙ্কা হইতেছে যে ঐ ব্যক্তি কখন কি ফিকির করিয়া আমারদিগেরও ঘর দ্বার কাড়িয়া লইবে। যদ্যপি কেহ এমত কহেন যে হাকিম থাকিতে কি এক জনের জমি আর এক জন জোর করিয়া লইতে পারে তাহা পারে না বটে কিন্তু প্রজা লোককে না হক খরচান্ত ও তকলিফ দিতে পারে কি না। বিজ্ঞ মহাশয়েরা বিবেচনা করুন পশ্চাৎ ঐ প্রধর্ম্মের আরও গুণাগুণ ব্যক্ত করিব।

কস্যচিৎ ভবানীপুর নিবাসিনঃ।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয়েষু।

ভবদীয় ১১৯০ সংখ্যক দর্পণালোকনে মোকাম ইটাওয়ার করুণার্দ্র চিত্ত মান্য বদান্য সাহেব লোক কর্ত্তৃক দীনহীনেরদিগের প্রাণ রক্ষোপায়ে তৎপর হওয়ায় আমরা প্রসন্ন বদনে ধন্যবাদ দিলাম যাহা হউক অনাবৃষ্টিপ্রযুক্ত এ বৎসর প্রায় সর্ব্বত্রই বিশেষতঃ শ্রীশ্রী৺বৃন্দাবন ধামে মহামার হাহাকার পড়িয়াছে যেহেতুক এই ধাম স্বভাবত ভিক্ষুক ব্রজবাসির বসতি ও তীর্থ বাস সম্বন্ধে নানা সম্প্রদায়ী ঘোর শূন্য ভুক্ত অভ্যাগত বৈষ্ণব যাহারা উক্ত ব্রজবাসির দ্বারে মাধুকরি বৃত্তিকে জীবিকা স্থির করিয়াছেন। তদুপরে চতুঃপার্শ্বস্থ দেশ বিদেশস্থ বহুবিধ গৃহস্থ কুটুম্ব ও অনাথ নিরাশ্রয়ী দুর্দ্দশাপন্ন লোক সকল অন্নাভাবে মৃতিচ্ছন্ন হইয়া পঙ্গপালের ন্যায় পালে২ দলে২ একেকালে এতাবৎ পরিপূর্ণ যে ঐ সকল ক্ষুধিত দুঃখিত শীর্ণ জীর্ণ ব্যক্তিদিগের হুৎকার ফুৎকার কোলাহলে কর্ণকুহর বিদীর্ণ হইতেছে যদ্যপি এখানে কতিপয় এতদ্দেশীয় রাজা ও কলিকাতা মহা নগরস্থ ধনাঢ্য লোকের অন্নসত্র এবং মকর ও বানরের নিমিত্ত চনক বন্দান

Correspondence.

PRANKRISHNO MULLICK.

To the Editor of the Durpun.

Some time ago, this Prankrishno Mullick was confined for six months in Jail, yet his oppressions have not ceased. He has just performed a much more astonishing thing than any thing which has yet been heard of. I therefore, send you a few lines, which I beg you to publish in the *Durpun*, and thereby to deliver us from the hands of this oppressor.

Rajkrishno Day, of Bhobanipore, was clearing his ground for the performance of the Punchomee Poojah; just at this time, Prankrishno Mullick gave a little money to Taramony Bagdinee, and through her presented a petition to the Magistrate, stating that Rajkrishno Day had forcibly taken possession of her grounds. How astonishing is this, that an individual who has been in possession of this ground for a long time, paying rent to the Company, should suddenly be brought into these difficulties. The Magistrate, instead of giving orders to the Darogah to examine into the business, ordered that the disturbance should be suppressed, but there was no idea of any disturbance there. This Mullick, however, taking the Darogah's Chuprassee with him, went to execute the Magistrate's order upon Rajkrishno Day's ground, and began to take possession of it. Seeing this, we are alarmed, lest this individual should, by some contrivance, some day take possession of our houses and property. If any one should say, that while the Magistrate exists, no man can deprive another of his ground, this may be true; but yet they may subject the poor to much unjust trouble and expense. Let the wise judge upon this subject. I will publish some other transactions of this worthy.

A Resident of Bhobanipore.

BRINDABUN.

To the Editor of the Durpun.

In the 1190 No. of your paper, you have described how the benevolent, respectable, and liberal gentlemen of Etawah have exerted themselves to relieve the poor and distressed; for this we most cheerfully praise them. Be that as it may, through the want of rain in the present year, the people are uttering loud lamentations every where, and particularly at Brindabun; for this place being a sacred spot, and the residence of many Brujbasees, who are by nature mendicants, the various classes of poor miserable Voisnubs who come here, obtain food by begging from door to door, from the Brujbasees. Besides this, from all the surrounding districts many of the relatives of the residents, and many unprotected and distressed people, reduced to their wit's end by starvation, come here like flocks of locusts, and suddenly so fill the place, that the ear is tortured with the wailing and the cries of all these hungry, distressed, and emaciated beings. And although some of the Rajahs of the country, and

আছে ও তত্রস্থ সম্পাদকেরা স্থূলে কিঞ্চিৎ স্থূলে কিঞ্চিৎ রূপে টাকার পরিমিতানুসারে সুতরাং অল্প ভাগে অন্নদানাদি করিতেছেন। ইহাতে উপস্থিত দুর্ভিক্ষ সময়ে কিরূপে সুনুদান হইতে পারে অতএব এখানেও অনেকানেক দুঃখি লোকের প্রাণ দীপআয়ুঃ স্বরূপ তৈল থাকিতেও অনাহার প্রবল বায়ু সহকারে নির্ব্বাণ হইতেছে। অতএব ঐ সত্র নির্ব্বাহকেরদিগের প্রতি বিশেষ আক্ষেপ এই যে উপস্থিত সময়ানুরোধে ময়ূর বানরের পরিবর্ত্তে আপাতত মহৎজীব মনুষ্যদিগের প্রতি দয়া করিলে কতক সাহায্য হইতে পারে। যদি কহ ঐ সকল জন্তু বিশেষ প্রাণির কি গতি তাহা বনস্থিত হইতেও সম্ভাবিত হইতে পারে পরে মহৎ সত্রাধিপতিদিগে এতাবৎ সম্বাদ সুগোচর করিলে তাঁহারাও এ সময়ে কিছু অধিক দয়ানের এবং ঔপাধিক কোন দ্রব্য বিতরণের প্রতি সদ্গুণ স্বরূপ তাঁহারদের মনোযোগ অবশ্য করিতে পারেন। কেননা (দুর্ভিক্ষ সম্পৎ অচিরাৎ চিরায়) বিবেচনা করা উচিত হয় যে এতদ্দেশের ফসল খরিপ এবৎসর তাবৎ নষ্ট হইয়াছে রবির যে আশা ছিল তাহাও নাই অতএব আপাততঃ কার্ত্তিক মাহা পর্য্যন্ত ঐরূপ অন্ন কষ্ট স্পষ্ট জানা যাইতেছে তবে ঈশ্বরাধীন যেমত হউক। অধিকন্তু খেদ এই যে এখানে সাহেবান লোকের তাদৃশ গমনাগমন নাই। নচেৎ একরূপ সদুপায় স্থির হইয়া উঠিত অতএব এ সকল দুর্দৈব সমাচার দর্পণে অর্পণ করিবার তাৎপর্য্য এই যে কলিকাতাস্থ সত্রাধিপতি দানশালি মহাশয়েরা প্রথমেই অবলোকন করিবেন পরে মোং আগরা ও মথুরার সাহেবান লোকের সমীপেও আলোকিত হইবার সম্ভাবনা আছে। অধিকন্তু প্রার্থনা এই যে এতৎ হিতৈষি বার্ত্তা শ্রীযুত চন্দ্রিকা প্রকাশক মহাশয় স্বীয় পত্র প্রান্তে স্থান দিলে অত্যন্ত বাধিত হইব। যেহেতুক তাঁহার চন্দ্রিকা কলিকাতা নগরে এতদ্রূপে ব্যাপিত ও প্রকাশিত অলমতি বিস্তরেণ।

কেষাঞ্চিৎ দীনজন হিতৈষিণাং
৺ বৃন্দাবন নিবাসিনাং।

the rich men of Calcutta have appointed food to be distributed to the people, and gram to the monkeys and peacocks; yet the distributors of their bounty, through various wicked contrivances, curtail the gifts, and distribute but a small portion of food. How, then, in the present time of famine, can their gifts be adequate? Of course, many poor people, although there be sufficient oil to keep alive the flame of life, find that it is extinguished through the strong blasts of hunger. We would, therefore, more particularly request the agents of those benevolent men, that in consequence of the adversity of the times, they would rather curtail the food of the peacocks and the monkeys, and exhibit more compassion towards man, the nobler animal; this would bring some assistance. If you ask how those animals are to live, we say, that they may feed upon the trees of the forest. And if this intelligence reaches those who make these gifts, they may not only be prevailed upon to enlarge their gifts, but considering the times, entrust the distribution of them to more honest men; for famine is temporary, but the remembrance of it is lasting. This proverb they should keep in mind, and remember that the Khureef harvest has, in this country, been entirely destroyed, and even the hope of the Rubby is departed. But now there is every prospect of this scarcity of food, till the month of Kartick; but every thing is in the hands of God. It is particularly to be regretted, that there are so few Europeans who come to this place; otherwise, some plan would have been devised for the people. My reason for publishing this melancholy intelligence is, that it may be seen by the rich Natives in Calcutta, whose liberality is extended to Brindabun; and that it may, possibly, catch the eye of the gentlemen residing at Agra and Muttra. I would farther intreat the Editor of the *Chundrika* to oblige me by publishing this letter in his paper, because his paper is printed and circulated in Calcutta.

A Well-wisher of the Poor, residing in Brindabun.

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিনয়পূর্ব্বক নিবেদনমিদং বর্দ্ধমান এলাকার পুলবন্দি বিষয়ে শ্রীযুত গবর্ণমেণ্টের বিশেষ মনোযোগ আছে কিন্তু মণ্ডল ঘাট ও ভুরসুট ও কতক২ বালিয়া পরগনার প্রজালোকের দুরদৃষ্টক্রমে প্রায় প্রতিবৎসর প্রবল বন্যার প্রবাহে উক্ত এলাকার পুল ভগ্ন হইয়া প্রজা লোকের নানা প্রকার অবস্থা হয় তাহা সুবিজ্ঞাত আছে লিখনে লিপি বাহুল্য মাত্র। যদ্যপিস্যাৎ সাম্বৎসরিক জলপ্লাবন নিবারণার্থে সেলামাবাদ নদীর মোহানা খোলাইয়া ৺ গঙ্গা দিয়া অধিকাংশ বন্যার জল নির্গত হওনের কল্প হইয়া ছিল তাহাতেও অধিক ব্যাঘাত সম্ভাবনা। উক্ত পরগনার প্রজালোকের ক্লেশ নিবারণার্থ বিশেষ যুক্তি ব্যতিরিক্ত জলাভাব এবং জলাশয় তুল্য স্বীকার করিতে হইয়াছে অতএব অধো লিখিত কল্পনা শ্রীল শ্রীযুতের সুগোচর নিমিত্ত অমূল্য দর্পণে এবং অন্যান্য সম্বাদ পত্র দ্বারা প্রকাশ পাইলে দেশের ভদ্র হইতে পারে। বালিয়া পরগনার পুলের মধ্যে জমিদার কর্ত্তৃক এক পাকা সাঁকো নির্ম্মিত হওয়াতে প্রজালোকের পক্ষে কি প্রকার শুভজনক আছে তাহা লেখনে লেখনী অসমর্থা। যদ্যপি উক্ত এলাকার পুলের মধ্যে স্থান বিশেষে ঐমত এক২ সাঁকো নির্ম্মিত হয় যে অরায় বন্যার জলের আগম ও নির্গম হইতে পারে তাহা হইলে পুলের উপর অধিক বন্যার জলের প্রকোপ হইতে পারে না এবং বর্ষণীয় জলাভাবে শস্য উৎপন্ন হইয়া স্বচ্ছন্দরূপে রাজস্ব আদায় হয় এবং প্রজালোকের ধন প্রাণ বন্যা হইতে রক্ষা পায় ইতি।

প্রজানাং।

BURDWAN EMBANKMENTS.

To the Editor of the Durpun.

Government are now paying particular attention to the embankments in Burdwan; but through the evil destiny of the inhabitants of Mundulghaut, Bhoorsoot, and some other Pergunnahs, the embankments near them are injured annually by the inundation, and the poor are subject to great distress. This is well known, and it would be redundant to repeat it. Although it had been proposed, in order to prevent the annual inundation, to open the creek of Selimabad, and to turn the greater part of the water into the Ganges; there would have been great inconvenience even in this, and unless much judgement be used in the relief of the people of those Pergunnahs, there may be both too much and too little water; both must be acknowledged to be equally detrimental. I, therefore, propose the following plan, and publish it in the *Durpun*, that it may reach the Governor General. If it be published in other Newspapers, the country will be benefited. In the embankment of Balia Pergunnah, a Pucka Bridge has been erected by the *Zemindar*, by which the advantage gained by the poor is so great, that I can scarcely describe it. If other such bridges were to be erected in the same line of embankment, by which the water of the inundation might have a free passage, there would not be such a flood of water over the embankment, and the lands thus saved from inundation, might be brought into cultivation, and the public revenue increased, and the property and lives of people might be preserved.

Certain People.

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

নিবেদনমিদং মফঃস্বলের প্রচলিত কুনিয়ম সকল সমাচার পত্রিকার দ্বারা প্রকাশ হওয়াতে বিচার কর্ত্তারদের বিশেষ মনোযোগ হইয়া তদ্দ্বারা অনেকানেক সুনিয়ম স্থাপন হইতেছে। কিন্তু অধোলিখিত বিবরণ অপ্রকাশ্য অবস্থায় থাকাতে ক্রমশঃ বৃদ্ধি হইতেছে অতএব মহাশয়ের অনুগ্রহাকাংক্ষী হইয়া লিখিতেছি যে কএক পংক্তি দর্পণে প্রকাশ করিয়া দীন হীন দরিদ্র প্রজাকে চিরবাধিত রাখিবেন।

দামোদরনদের কিনারাস্থ জমিদারীর মধ্যে অনেক গ্রামেতেই প্রতি বৎসর ধান্য বন্দর হইয়া থাকে জমিদার মহাশয়েরা উক্ত বন্দর হওন জন্য জায়গার ৫০ নাং ৫০০ টাকা পর্য্যন্ত জমাতে ইজারা বিলি করেন ইজারদার লোক উক্ত জমা ও আপনারদের বেতন ধান্য মহাজনেরদের নিকট হইতে পোষাইয়া লন। অধিক লভ্যাকাংক্ষী হইয়া গরীব প্রজা লোককে দুই চারি আনার কিম্বা অধিকের ধান্য খরীদ করিতে আইলে মুটী চুটকি কয়ালি পোদ্দারি ইত্যাদি বাবতে ফি টাকার ধান্যতে প্রায় এক আনার ধান্য লন ইহাতে খরীদার লোক অস্বীকার হইলে ধান্য খরীদ করিতে পায়নাই। সুতরাং ইজারদার লোকের স্বেচ্ছায়ও লোকসান স্বীকার করিতে হয় এ সকল অন্যায় বিষয় রাজকীয় কর্ম্মকর্ত্তারদের সুগোচর হইলে উক্ত কুনিয়ম প্রতিকার জন্য বিশেষ মনোযোগী অবশ্যই হইতে পারেন।

ওয়ান ফর দি ওএলফেয়ার অফ দি পিপল।

THE DAMOODUR.

To the Editor of the Durpun.

Through the publication in the papers of many evil practices in the Mofussil, the attention of our Judges is drawn to them, and thereby many excellent arrangements are made; but the following evil having long remained unknown, has rather increased. I, therefore, intreat you to publish these few lines in the *Durpun*, and lay under obligation the poor and the distressed.

On the banks of the Damoodur, large markets of grain are annually established in many villages. The Zemindars, in order to encourage these markets, let out the ground at sums varying from 50 to 500 Rupees. The Izardar gets back this sum, and the price of his own labour from the grain merchants; but they are under the influence of cupidity. Whenever the poor come to purchase a few annas of grain, under various pretences, they take nearly an anna's worth out of every rupee. If the purchaser be unwilling to agree to this, he cannot obtain the grain, and hence the Izardars themselves are obliged to submit to a loss. If these unjust actions could be made known to our rulers, perhaps, they would attentively provide some remedy for the evil.

One for the Welfare of the People.

সংস্কৃত ভাষায়।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্ত্তৃক সম্পন্ন হইয়া সুক্সিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোক সকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ সাং ১৮৩১ সালের শ্রীযুত গবর্ণমেণ্টকর্ত্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে। প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মুনসেফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪॥০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঁক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	6 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disct.

Bank Shares.

Bank of Bengal,........Co.'s Rs. 2,400—2,500.

সমাচার দর্পণ

১১৭৭ সংখ্যা। বালম ২০।] ৩ ফেব্রুআরি ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ২২ মাঘ। SATURDAY, FEBRUARY 3RD. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1177. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price – 1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুম ক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

SUPREME COURT.

Peter Jacob Paul, one of the Executors, &c. Complainant, *versus*

Marinos Nicholas Kalonas and others, Executors, &c. Defendants.

Notice is hereby given, that pursuant to a Decretal order made in this cause on the 24th day of July last, the Creditors and Legatees of John Demetrius Elias, are requested to come before the Master at his office in the Supreme Court, on or before the 11th day of February, 1838, and prove and establish their respective debts and legacies, and that in default thereof, they will be precluded from the benefit of the said Decretal order.

T. DICKENS, *Master.*

Master's Office,
11th August, 1837.
J. SANDES, *Attorney.*

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৩

ইশতেহার।

ফেব্রুআরি শনিবার পূর্ব্বাহ্ন বেলা দুই প্রহরের সময়ে বৈঠক হইবেক।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।
ঐ উনিয়ন বেঙ্ক ২৯ জানুআরি ১৮৩৮।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে কলিকাতা শহরের এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম কুঠীর ও তদন্তঃপাতি স্থানসকলের শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের সাধারণ ও ত্রৈমাসিক আজ্জোর্ণেড সেসন অফ দি পীস অর্থাৎ মিছিল কলিকাতাস্থ ঘরের টাক্সসম্পর্কীয় উক্ত জুষ্টীস সাহেবেরদের দপ্তরখানাতে আগামি ৩ ফেব্রুআরি বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দুই প্রহরের সময়ে বৈঠক হইবে।

জে ইয়ং
ক্লার্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস দপ্তরখানা।
২৯ জানুআরি ১৮৩৮।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মুদ্রা প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইলেন

ইশতেহার।

কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে সে দুই তিন কাণ্ড যে মূল্য লইয়া ছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবেক কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয়া দুই বালমে জেলদবন্দি হইয়াছে ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর্‌ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪ ৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৪ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল

ইশতেহার।

পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রেসিডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বদেশের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতাসভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য।০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাটাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাবাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

২২ জানুআরি ১৮৩৮।

ভারতবর্ষের ব্যবস্থাপক কমিসনের মেম্বর শ্রীযুত সি এচ কামরন সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে কলিকাতা রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

২৪ জানুআরি।

শ্রীযুত আনরবল ডবলিউ এচ মেলবিল সাহেব চার্লসগ্রাণ্ট নামক জাহাজ যে তারিখে আড়কাটি ছাড়ে সেই তারিখ অবধি ইষ্টইণ্ডিয়া কোম্পানির সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত তামস পারি উডকক সাহেব গত অক্টোবর মাসের ১৭ তারিখে উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্টেনণ্ট গবর্নর কর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর কর্ত্তৃক ফেব্রুআরি মাসের বাষ্পীয় জাহাজের প্রস্থান তারিখ অবধি ছুটি পাইয়াছেন।

শ্রীযুত সি আর মার্টিন সাহেব উপরি উক্ত তারিখ অবধি ভারতবর্ষ সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৮৩৫ সালের ৯ আইনের বিধ্যনুসারে নোয়াখালি জেলার নিমক চৌকির সুপরিণ্টেণ্ডেণ্ট যখন নিমক রক্ষাকরণার্থে যে আইন চলিতেছে ঐ আইন উল্লঙ্ঘক ব্যক্তির দিগকে ঐ জিলার একটিং ডেপুটি কালেকটর সাহেবের হাতে অর্পণ করিবেন তখন ঐ ডেপুটি কালেকটর তাঁহারদের বিচারকরণের ক্ষমতা প্রাপ্ত হইলেন এবং ঐ একটিং ডেপুটি কালেকটরের প্রতি হুকুম হইল যে ঐ২ মোকদ্দমার বিষয়ে বঙ্গদেশে চলিত ১৮১৯ সালের ১০ আইনের ৯৬ ও ১০৯ ধারা এবং অন্যান্য ধারানুসারে কার্য্য করিবেন।

১৭ জানুআরি।

শ্রীযুত ডাক্তর কৃষ্টি সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে নেপাল রেসিডেন্সীর চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

২৪ জানুআরি।

আবার রেসিডেণ্ট শ্রীযুত লেপ্টেনণ্ট কর্ণল বর্ণি সাহেব গত ডিসেম্বর মাসের ৬ তারিখ অবধি দুই মাসের ছুটি পাইয়াছেন।

২২ জানুআরি।

ভারতবর্ষীয় কৌন্সেলের শ্রীলশ্রীযুত প্রেসিডেণ্ট সাহেব শ্রীযুত সি এচ কামরন সাহেবকে ভারতবর্ষীয় ব্যবস্থাপক কমিসনের মেম্বরী ও প্রেসিডেণ্টী পদে নিযুক্ত করিয়াছেন।

১৬ জানুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এ ই কাম্বল সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে জিলা ২৪ পরগনার ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু রামধন ঘোষ ঐ আইনের ঐ বিধ্যনুসারে জিলা নবদ্বীপের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু দুর্গাচরণ চট্টোপাধ্যায় ঐ আইনের বিধ্যনুসারে ঢাকার ঐ ঐ।

২৩ জানুআরি।

পণ্ডিত শ্রীযুত হরিহর গুপ্ত ঐ আইনের বিধ্যনুসারে জিলা চট্টগ্রামের ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু গোলোকচন্দ্র বোল ঐ আইনের বিধ্যনুসারে চট্টগ্রামের ঐ ঐ।

শ্রীযুত বাবু রামসুন্দর রায় ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষাল ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় ঐ আইনের বিধ্যনুসারে ঐ জিলার ঐ ঐ।

শ্রীযুত বাবু হরিহর মুখোপাধ্যায় ঐ আইনের বিধ্যনুসারে ভুলুয়ার ডেপুটি কালেকটর হইয়াছেন।

CIVIL APPOINTMENTS.

22d January, 1838.

C. H. Cameron, Esq., Member of the India Law Commission, reported his return to this Presidency on the 18th instant.

24th January.

The Honourable W. H. L. Melville has been permitted to resign the East India Company's Civil Service from the date on which the Pilot may quit the Ship "Charles Grant" at Sea.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to grant to Mr. Thomas Parry Woodcock, of the Civil Service, proceeding on Furlough, an extension of the leave of absence granted to him under the Orders of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces, dated the 17th October last, till the date of the departure of the February Steamer from Bombay.

Mr. C. R. Martin has been permitted to resign the East India Company's Civil Service from this date.

The Officiating Deputy Collector of Noakhally is hereby vested with jurisdiction, for the trial of persons charged with offences against the Laws for the protection of the Salt Revenue, when made over by the Superintendent of Salt Chokees appointed to that District, under the Act No. IX. of 1835; and the said Officiating Deputy Collector shall, and is hereby empowered to exercise, in respect to such cases the powers described in Sections XCVI. and CIX. and other provisions of Regulation X. 1819 of the Bengal Code.

17th January.

Dr. Christie assumed Medical charge of the Nepaul Residency on the 1st instant.

24th January.

Lieutenant Colonel Burney, Resident at Ava, has obtained leave of absence for two months, from the 6th of December last.

22d January.

The Honourable the President of the Council of India in Council, has been pleased to appoint Mr. C. H. Cameron to be a Member and President of the Indian Law Commission.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

16th January.

Mr. A. E. Campbell to be Deputy Collector in Zillah 24-Pergunnahs, under the provisions of Regulation IX. of 1833.

Baboo Ramdhone Ghose to be ditto ditto in Zillah Nuddea, under ditto.

Baboo Doorgachurn Chatterjee to ditto ditto in Zillah Dacca, under ditto.

23d January.

Pundit Hurrehur Gooptee to be Deputy Collector in Chittagong, under the provisions of Regulation IX. of 1833.

Baboo Golvck Chunder Boll to be ditto ditto in ditto under ditto.

Baboo Ramsoonder Rai to be ditto ditto, in ditto under ditto.

Baboo Nobind Chunder Ghosal to be ditto ditto in ditto, under ditto.

Baboo Govind Chunder Bysack to be ditto ditto in ditto, under ditto.

Baboo Keitee Mohun Mookerjee to be ditto ditto in ditto, under ditto.

Baboo Hurryhur Mookerjee to be ditto ditto in Bulloah, under ditto.

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর প্রদেশের একটিং রেবিনিউ কমিসনর শ্রীযুত জি এফ ব্রৌন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গয়ায় গমনার্থ এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ টি রেক্স সাহেব গত নবেম্বর মাসের ৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত এক্সপিরিমেণ্ট নামক জাহাজ চট্টগ্রামে পঁহুছন পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব স্বায় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত সি জে এচ গ্রেহেম সাহেব শ্রীযুত ডিরম সাহেবের অনুপস্থান পর্য্যন্ত উপরি উক্ত পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মেদিনীপুরের একটিং কালেকটর শ্রীযুত আর হৌষ্টন সাহেব উপরি উক্ত পদের কর্ম্ম অর্পণের তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

১৯ সংখ্যক অর্থাৎ কটক প্রদেশের রাজের সাহেবী ও রেবিনিউ কমিসনরের আসিষ্টাণ্ট শ্রীযুত টি সি ট্রাটর সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বায় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১০ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৬ সংখ্যক অর্থাৎ চট্টগ্রাম প্রদেশের রেবিনিউ কমিসনর শ্রীযুত জে জে হারবি সাহেব চলিত কর্ম্মে থাকিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২ তারিখে যে দুই মাসের ছুটি পাইয়াছিলেন তাহার সম্পূর্ণকাল তাঁহার প্রার্থনা মতে রহিত হইয়াছে।

২৬ জানুআরি।

মালদহের সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব গত মাসের ১৯ তারিখে ছয় সপ্তাহের যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

১৫ জানুআরি।

শ্রীযুত কাপ্তান জে ডবলিউ ডগলেস সাহেব ইন্দোরের রেসিডেণ্ট সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইয়াছেন। এই নিয়োগ শ্রীযুত মেজর জনষ্টন সাহেব কর্ম্মে ইস্তফা দেওনের তারিখ অবধি চলিবে।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর কৃষ্টি সাহেব নেপালের রেসিডেন্সী চিকিৎসকতা কর্ম্মের ভার বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি গ্রহণ করিয়াছেন।

১৩ জানুআরি।

বরেলির জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত আর এচ পি ক্লার্ক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৩৭ সালের ২০ নবেম্বর তারিখ অবধি এক বৎসরের ছুটি পাইয়াছেন।

নীচে লিখিতব্য মহাশয়রা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ ডিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য দিয়াছেন।

- শ্রীযুত জি হর্কলষ্টস সাহেব।
- শ্রীযুত সি রিড সাহেব।
- শ্রীযুত হিলস ফর্লং কোং।
- শ্রীযুত মহারাজা রাজনারায়ণ বাহাদুর।
- শ্রীযুত বাবু দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুত বাবু কালিদাস বন্দ্যোপাধ্যায়।
- শ্রীযুত বাবু জয়চাঁদ পালচৌধুরী।
- শ্রীযুত বাবু উদয়চাঁদ বসাক।
- শ্রীযুত বাবু আনন্দচন্দ্র সেন।
- শ্রীযুত বাবু রাজকৃষ্ণ মুখুয্যে হাজারিবাগ।
- শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।
- শ্রীযুত বাবু তারাচাঁদ মুখুয্যে।
- শ্রীযুত বাবু হরলাল ঠাকুর।
- শ্রীযুত বাবু রামচরণ মল্লিক।
- শ্রীযুত বাবু দুর্গাচরণ দত্ত।
- শ্রীযুত বাবু বিশ্বনাথ মতিলাল।
- শ্রীযুত বাবু রাধামোহন বসু।
- শ্রীযুত বাবু রাজকিশোর সেন।
- শ্রীযুত বাবু রামচন্দ্র মিত্র।
- শ্রীযুত বাবু রাধানাথ ঘোষ।
- শ্রীযুত হিলস ফর্লং কোং ১৮৩৭ সালের ডিসেম্বরপর্য্যন্ত ৯ টাকা।

The following officers have obtained leave of absence from their stations:

Mr. G. F. Brown, Officiating Commissioner of Revenue of the 12th or Bhaugulpore Division, for one week, to visit Gyah on private affairs.

Mr. H. T. Raikes, Magistrate and Collector of Chittagong, up to the date on which the River Steamer *Experiment* may reach Chittagong, in extension of the leave granted to him on the 3d of November last.

Mr. W. M. Dirom, Officiating Magistrate and Collector of Rajeshye, for one month, on private affairs. Mr. C. J. H. Graham will conduct the duties of the above offices during Mr. Dirom's absence.

Mr. R. Houstoun, Officiating Collector of Midnapore, for one month, from the date of his delivering over charge of the current duties of that office.

Mr. T. C. Trotter, Assistant under the Commissioner of Revenue of the 19th or Cuttack Division, an extension of leave, on private affairs, to the 10th proximo.

The unexpired portion of the leave of absence for two months, granted to Mr. J. J. Harvey, Commissioner of Revenue of the 16th or Chittagong Division, on the 2d instant, to remain at the Presidency on private affairs, in charge of his office, is cancelled at his request.

26th January.

Mr. Assistant Surgeon J. Lamb, attached to the Civil Station of Malda, has obtained leave of absence for two months, on medical certificate, in extension of the leave for six weeks, granted to him on the 19th ultimo.

15th January.

Captain J. W. Douglas to be 2d Assistant to the Resident at Indore.

This appointment to take effect from the date of Major Johnston's resignation.

Mr. Assistant Surgeon R. Christie assumed Medical charge of the Residency at Nepaul on the 1st instant.

13th January.

Mr. R. H. P. Clarke, Joint Magistrate and Deputy Collector of Bareilly, has obtained leave of absence for twelve months, from the 20th November 1837, on medical certificate.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year,* from January 1st to December 31st, 1838, EIGHT Rupees each:—

- G. Herklots, Esq.
- C. Reed, Esq.
- Messrs. Hills, Forlong and Co.
- Maha Raja Rajnarayan.
- Baboo Anundchunder Sen.
- „ Doorgadass and Kaleedass Bundo.
- „ Joychund Pal Chowdree.
- „ Oodychund Bysack.
- „ Rajkissen Mookerjee, Hazareebaugh.
- „ Unnodaprisad Bundo.
- „ Tarachund Mookerjee.
- „ Hurrolall Tagore.
- „ Ramchurn Mullick.
- „ Doorgachurn Dutt.
- „ Bishoonath Moteelall.
- „ Radhamohun Bose.
- „ Rajkissore Sen.
- „ Ramchunder Mitter.
- „ Radhanath Ghose.

Messrs. Hills, Forlong and Co. to Dec. 1837, 9 Rs.

স্পেসিয়ল কমিস্যনর সাহেবের আদালত। কলিকাতার এলাকা।

শ্রীযুত ই আর বারওয়েল সাহেব স্পেসিয়ল কমিস্যনর।

নং ২৭৬ জিলা ভুলুয়া।

গবর্ণমেণ্ট আপেলাণ্ট।

রাণী কাত্যায়নী রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া চর সোণা দিয়া।

১৮৩৩ সালের ২১ জুলাই তারিখে সুন্দরবনের শ্রীযুত কমিস্যনর সাহেব এই মোকদ্দমার এইরূপ ডিক্রী করিলেন যে বিবাদি ভূমি রিস্পাণ্ডেণ্টের দশসনী বন্দোবস্তের জমিদারীর শামিল অতএব তাহা গবর্ণমেণ্টের করের যোগ্য নহে। তাহাতে চট্টগ্রামের শ্রীযুত কমিস্যনর সাহেব আপীল করেন কিন্তু শ্রীযুত ডেপুটি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই মোকদ্দমা নথিহইতে বাহির করাতে স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব নথিহইতে ঐ মোকদ্দমা উঠাইয়া দিয়া ১৮৩৭ সালের ২৬ দিসেম্বর তারিখে ডিসমিস করিলেন।

নং ২১৭ জিলা সুন্দরবন।

বিবি মেরিয়ান হোমস আপেলাণ্ট।

গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া চর অল্কী।

১৮৩৩ সালের ২০ আপ্রেল তারিখে সুন্দরবনের কমিস্যনর সাহেব ইহা বলিয়া এই মোকদ্দমা ডিক্রী করেন যে দশ সনা বন্দোবস্তের পর ঐ চর পড়ে পরে স্পেসিয়ল কমিস্যনর সাহেবের আদালতে তাহার আপীল হয় এবং কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব ১৮৩৭ সালের ৭ দিসেম্বর তারিখে সুন্দরবনের কমিস্যনর সাহেবের কৃত নিষ্পত্তির বিবেচনা করেন এবং নথির তাবৎ কাগজপত্র পাঠ করিয়া এবং আপেলাণ্ট যে সকল মুখস্থ ও লিপিবদ্ধ সাক্ষ্য ও দলীল দস্তাবেজ দর্শাইয়াছিল তাহা পাঠ করিয়া অধস্থ আদালতের ডিক্রীই বজায় রাখিলেন যেহেতুক সুষ্টত এমত প্রমাণ হইল যে ঐ বিবাদি ভূমি নিতান্ত চর বটে এবং দশ সনী বন্দোবস্তের পর পড়িয়াছে এবং তাহার কোন অংশ দশ সনী বন্দোবস্তি জমির শামিল ছিল না অতএব সুন্দরবনের কমিস্যনর সাহেবের ডিক্রী বজায় থাকিল।

নং ৫২। সুন্দরবন জিলা।

মুনসী মহম্মদ অসীর আপেলাণ্ট।

গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া মহাল রাণী কছির প্রভৃতির শামিল ৪২০০ বিঘা চর ভূমি।

সুন্দরবনের শ্রীযুত কমিস্যনর সাহেব এই মোকদ্দমার প্রথম বিবেচনা করিয়া ১৮৩৬ সালের ২৮ সেপ্তম্বর তারিখে এই হুকুম করেন যে বিবাদি ভূমি সুন্দরবনের সীমার মধ্যে অতএব তাহা করের যোগ্য। পরে ঐ ডিক্রীর আপীল হয় এবং ১৮৩৭ সালের ২০ দিসেম্বর তারিখে স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব অধস্থ আদালতের তাবৎ নিষ্পত্তি কার্য্যের বিবেচনা করিয়া দেখিলেন যে কমিস্যনর সাহেবের ডিক্রী অন্যথা করণের কোন হেতু নাই অতএব তাহা বহাল ও বজায় রাখিলেন যেহেতুক ঐ বিবাদি ভূমি সুন্দরবনের জঙ্গলের মধ্যে ছিল এবং দশ সনী বন্দোবস্তের সঙ্গে কোন এলাকা নাই।

১৮৩৬ সাল নং ১ জিলা ত্রিপুরা।

আপেলাণ্ট দেওয়ান নুর আলি।

রিস্পাণ্ডেণ্ট গবর্ণমেণ্ট।

দাওয়া চর চারতলা ও সোণারামপুর।

১৮৩৫ সালের ১২ অগস্ত তারিখে ডেপুটি কালেক্টর সাহেব হুকুম দিলেন

COURT OF THE SPECIAL COMMISSIONERS.

Under Regulations III. of 1819 and II. of 1828.

Calcutta Division.

E. R. BARWELL, ESQ. *Special Commissioner.*

No. 276.—ZILLA BHOOLOOAH.

Government, ... *Appellant.*

versus

Ranee Kutyanee.......... *Respondent.*

Claim.—Chur Sonadeah.

The Commissioner of Soondurbun recorded his judgment in this case on the 21st of July, 1833, against the assessment of the land in contention by Government, in consequence of its being included in the Respondent's permanently settled estate. The appeal of the Revenue Commissioner of Chittagong was struck off the file, under the orders of Mr. Special Commissioner, E. R. Barwell, dated the 26th December, 1837. The Deputy Superintendent and Remembrancer of Legal Affairs having withdrawn the suit.

No 217 —ZILLA SOONDURBUN.—Bebee Mary Anne Holmes, &c., *Appellants.*

versus

Government, ... *Respondent.*

Claim.—Chur Ulkee.

On the 20th, of April, 1833, this case was decided by the Soondurbun Commissioner in favour of Government, on the ground that the alluvion had formed since the Decennial Settlement. The case was appealed to the Court of the Special Commissioners. Mr. Special Commissioner, E. R. Barwell, entered into the investigation of the proceedings of the Soondurbun Commissioner, on the 7th December, 1837, and after going through all the records of the file, and examining every oral and documentary evidence adduced on the part of the Appellant, felt himself called upon to uphold the decision of the lower court; it being satisfactorily proved that the land in dispute was an alluvion, and formed, subsequent to the conclusion of the Decennial Settlement, and no portion of it was attached to any of the permanently settled estate. The decree of the Soondurbun Commissioner was accordingly confirmed.

No. 52.—SOONDURBUN.

Moonshee Mohummud User, *Appellant.*

versus

Government, ... *Respondent.*

Claim.—4200 Beegahs of Alluvial Land, situated in Mahal Ranee Kutchhee, &c.

The Soondurbun Commissioner, by whom this case was originally investigated, had declared on the 28th September, 1836, the contested land liable to assessment, on the ground of its being situated within the limits of the Soondurbun forest. This decree was appealed against, and Mr. Special Commissioner E. R. Barwell, on the 20th December, 1837, looked into the proceedings of the lower court, and found nothing in them to form an opinion contrary to the judgment given by the Soondurbun Commissioner, he accordingly upheld and confirmed the same; the land in dispute being actually situated within the Soondurbun Jungals, and no wise connected with any of the permanently assessed estates.

No. 1 of 1836.—TIPPERAH.

Dewan Noor Uli, &c... ... *Appellants.*

versus

Government, ... *Respondent.*

Claim.—Chur Chartulah and Sonarampoor.

The Deputy Collector, on the 12th August, 1835, gave judgment in favour of assessing the Alluvion by Govern-

যে ঐ চর গবর্ণমেণ্টের করের যোগ্য যেহেতুক তাহা দশ সনী বন্দোবস্তের পরে পড়ে। এই ডিক্রীর আপীল হয় এবং ১৮৩৭ সালের ১৪ সেপ্তম্বর তারিখে কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব ডেপুটি কালেক্টরের ডিক্রী নীচে লিখিত মতে অন্যথা করিলেন।

যত সাক্ষ্য দেওয়া গেল তাহা তজবীজ করাতে এবং ভূমি জরীপ করাতে এমত প্রমাণ হইল যে ঐ তাবৎ চর চারতলা ও সোণারামপুরের ভূমি ৯২ দ্রূম ৩ কানি ১৯ গণ্ডা ৩ কৌড়ি তাহার মধ্যে শ্রীযুত বারওয়েল সাহেব আপেলাণ্টকে ১৫ দ্রূম ৪ কানি ১৬ গণ্ডা ভূমি তাঁহার দশ সনী বন্দোবস্তি জমিদারীর শামিল বলিয়া তাঁহাকে ফিরিয়া দিতে হুকুম দিলেন এবং অবশিষ্ট অর্থাৎ ৭৬ দ্রূম ১৫ কানি ১০ গণ্ডা ৩ কৌড়ি ভূমি তাহার পরে চর পড়িয়াছে বলিয়া এবং দশ সনী বন্দোবস্তি ভূমির সঙ্গে কোন সম্পর্ক নাই বলিয়া গবর্ণমেণ্টের করের যোগ্য হওনের হুকুম দিলেন।

পরে রীতিমত এই মোকদ্দমা স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত মাডক সাহেবের নিকটে ১৮৩৭ সালের ৬ নবেম্বর তারিখে উপস্থিত হয় ঐ সাহেব শ্রীযুত কমিস্যনর বারওয়েল সাহেবের মতে ঐক্য হইয়া আরো বিশেষ হুকুম দিলেন যে আপেলাণ্টের ভূমি জরীপ করাতে যদ্যপি কোন চাতুরী ছিল ইহার পরে দৃষ্ট হয় তবে ঐ মোকদ্দমা পুনর্ব্বার বিবেচনা হইতে পারিবে এবং এই ডিক্রীর দ্বারা পুনশ্চ বিবেচনার প্রতিবন্ধকতা হইতে পারিবে না।

১৮৩৭ সালের ১৩ দিসেম্বর তারিখে কমিস্যনর শ্রীযুত বারওয়েল সাহেব শ্রীযুত মাডক সাহেবের মতে সম্মত হইলেন।

ment, on the ground of its having formed posterior to the Decennial Settlement. This decision was appealed against, and Mr. Special Commissioner E. R. Barwell, on the 14th September, 1837, modified the Deputy Collector's decree, as follows:—

The examination of all evidence adduced, and the measurement effected, proved—that the whole extent of Chur Chartulah and Sonarampoor consisted of 92 doons, 3 kanees, 19 gundahs and 3 cowrees - of these, Mr. Barwell decreed to the Appellent 15 doons, 4 kanees and 16 gundahs as a restoration of original lands attached to his permanently assessed estate; and the remainder, 76 doons, 15 kanees, 10 gundahs and 3 cowrees, was adjudged assessable by Government, as surplus land, not belonging to any settled Muhal.

The case, in due course, was brought before Mr. Special Commissioner Maddock, for a second voice, on the 6th November, 1837. This Officer concurred in the opinion recorded by his colleague, Mr. Special Commissioner E. R. Barwell, and added a provision to the following effect:—that should there appear any fraud on the part of the Appellants in the measurement of the land, the present decision shall prove no bar to investigate the case *de novo.*

Mr. Special Commissioner E. R. Barwell recorded his agreement to the above additional provision on the 13th December, 1837.—*Reporter.*

সমাচার দর্পণ

শনিবার ৩ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর।

পশ্চিম দেশে শস্যাদির দুর্মূল্যতাপ্রযুক্ত যে ক্লেশ আছে তাহা শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর আপনার গমনপ্রযুক্ত আর বৃদ্ধি না হয় এনিমিত্ত যথাসাধ্য উপায় চেষ্টা করিয়াছেন তাহা এই শ্রীলশ্রীযুক্তের ছাউনিস্থ পনর হাজারেরো অধিক লোকের খাদ্য দ্রব্যাদি অযোধ্যাহইতে আসিতেছে এবং তথাহইতে শ্রীযুত কর্ণল লো সাহেবের অতিমনোযোগপ্রযুক্ত ভূরিং আহারীয় সামগ্রী শ্রীলশ্রীযুক্তের পশ্চাৎ২ প্রেরিত হইতেছে। শ্রীলশ্রীযুক্ত আপনার গমনীয় প্রত্যেক মঞ্জিলে অনাহারি ব্যক্তিরদিগকে অতি বদান্যতারূপে নিজহইতে ভক্ষ্যাদি দান করিতেছেন। ইহাতে বোধ হইতেছে যে শ্রীলশ্রীযুক্ত দীনহীন লোকের দুরবস্থা দূরকরণার্থ সাধ্যানুসারে সতত তৎপর আছেন। এবং কোন২ স্থানে প্রজারদের বাকি রাজস্বক্ষমাকরণদ্বারা কোন স্থলে জলাভাবে কূপ খননার্থ তাগাবি দওনের দ্বারা গবর্ণমেণ্টের পরম হিতৈষিতা প্রকাশ করিতেছেন। কোন২ সম্বাদপত্রদ্বারা এমত জনরব রাষ্ট্র হয় যে কোন২ জিলা দিয়া শ্রীলশ্রীযুক্তের গমনকরণসময়ে সেই জিলায় শস্যাদি অতিসুমূল্য দর্শিত হইল। তাহাতে অনুভব হইল যে ইহা তত্রস্থ ইউরোপীয় কর্ম্মকারক সাহেবকর্ত্তৃক শ্রীলশ্রীযুক্তের তুষ্ট্যর্থ প্রতারণারূপে সম্পন্ন হয়। কিন্তু এই জনরব সমূলক নহে। আমরাও বোধ করি ইহা নিতান্ত অবিশ্বাস্য যেহে

SUMACHAR DURPUN.

SATURDAY, FEBRUARY 3RD. 1838.

Governor General.

The Governor General has done all in his power to prevent any increase, in consequence of his march through the country, of the distress which so generally prevails. All the forage for his Lordship's Camp, which we are given to understand exceeds 15 000 individuals, has been provided from Oude, from which province large supplies have been received, through the active agency of Col. Low. His Lordship has liberally distributed food and provisions to the starving at every stage of his progress; which shews his real anxiety to relieve the exigencies of the poor, as far as he is individually able. At the same time, the remission of revenue and the advances made to the cultivators to enable them to dig wells, exhibit the benevolent anxiety of Government. A rumour has found its way into some of the public prints, that in some of the provinces through which his Lordship has passed, the price of provisions has been lowered; and it has been surmised that this was occasioned by the agency of the European officers of Government for the gratification of the Governor General. But the report wants foundation. We are strongly inclined to disbelieve it altogether, because, in the

ত্তুক সর্ব্বজনগোচর মহা দুর্ভিক্ষের দ্বারা দেশের যে অশেষ ক্লেশ হইতেছে তাহা গোপন কতক্ষণ থাকিতে পারে এবং ঐ প্রবঞ্চনা প্রকাশ হইলে ঐ প্রবঞ্চক কর্ম্মকারক দেশাধিপতির ক্রোধপাত্র হইতে পারেন।

শ্রীযুত সর চার্লস মেটকাফ।

মেঘনানামক বাষ্পীয় জাহাজাকৃষ্ট শর্ম্মানামক জাহাজারোহণে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব ও তাঁহার সমভিব্যাহারি অমাত্য সাহেবেরা গত মাসের ২২ তারিখে দানাপুরে পঁহুছিয়াছেন এবং এই সপ্তাহে কলিকাতায় তাঁহারদের আগমনের অপেক্ষা আছে। গত মঙ্গলবারে কলিকাতাস্থ প্রধান২ সাহেব লোকেরা বৈঠক করিয়া শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব কলিকাতায় উত্তীর্ণ হইলে তাঁহাকে এক মহা ভোজ দেওনের তাবন্নিয়ম স্থির করিয়াছেন।

সম্প্রতি টৌনহালে কলিকাতা নিবাসি সাহেবেরা সভাস্থ হইয়া এই স্থির করিলেন যে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব কলিকাতায় উপনীত হইলে তাঁহাকে নাচ দর্শন ও নিশায় ভোজ দিবেন এবং ইহাও স্থির হইল ঐ ব্যাপারের নিয়ম সম্পাদনার্থ তাবৎ প্রকার লোক হইতে কর্ম্মাধ্যক্ষ নিযুক্ত হইবেন শুনিয়া আহ্লাদিত হইলাম যে তন্মধ্যে এতদ্দেশীয় দুই মহাশয়ও নিযুক্ত হইয়াছেন।

সভা ভঙ্গ হওনের পূর্ব্বে শ্রীযুত ক্লার্ক সাহেব এই প্রস্তাব করিলেন যে চাঁদার দ্বারা শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে সমাজ কর্তৃক সম্ভ্রমের চিহ্নস্বরূপ এক রৌপ্য পাত্র প্রদান করা যায় তাহাতে তৎক্ষণাৎ ২০০০ টাকার সহী হইল।

পরে শুনা গেল যে সিবিল সর্ব্বীয় সাহেবেরাও ঐ শ্রীযুক্ত সাহেবকে সম্ভ্রমের চিহ্ন প্রদানার্থ এক চাঁদা করিয়াছেন সেই চিহ্ন এই যে শ্রীযুক্ত সরচার্লস মেটকাফ সাহেবের বাথ উপাধির যে চিহ্ন আছে তাহাতে এক হীরকময় তারা দেওয়া যাইবে।

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব বৃহস্পতিবারে কলিকাতায় পঁহুছিলেন।

নিজ সেক্রেটরী।

মেডিকেল বোর্ডের সেক্রেটরী শ্রীযুত ডাক্তর হচিনসন সাহেব সম্প্রতি কেপ হইতে প্রত্যাগত হইয়া বঙ্গদেশীয় শ্রীল শ্রীযুত গবর্নরের নিজ সেক্রেটরী পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত হচিনসন সাহেবের অনুপস্থানে শ্রীযুক্ত মাঙ্গল্স্ সাহেব তৎকর্ম্ম নির্ব্বাহ করিতেছিলেন।

টৌনহালে শাকসবজী দর্শন।

গত সোমবারে কলিকাতার টৌনহালে বার্ষিক শাকসবজী দর্শন হইল তৎসময়ে অনেক ইউরোপীয় সাহেব ও বিবি সাহেব এবং এতদ্দেশীয় মহাশয়েরা উপস্থিত ছিলেন। মালিরা যে সকল শাকসবজী দর্শাইল তাহা অপূর্ব্ব উৎকৃষ্ট অন্যান্য বৎসরে কখন এমত দৃষ্ট হয় নাই। পশ্চাৎ লিখিত মহাশয়রা তাহার পরীক্ষা করিলেন বিশেষতঃ শ্রীযুত ডাক্তর ওয়ালিক সাহেব শ্রীযুত দেওয়ান রামকমল সেন শ্রীযুত ডবলিউ ষ্টরম সাহেব শ্রীযুত গিবন সাহেব। শ্রীমতী বিবি পেনিংটন সাহেব পুরস্কার বিতরণ করিলেন কৃতকার্য্য মালিরদিগকে সর্ব্বসুদ্ধ ২০০ টাকা ও ১২খান মুদ্রা পুরস্কারস্বরূপ প্রদত্ত হইল।

নূতন পয়সা।

এক ইশ্তেহারের দ্বারা জ্ঞাত হইয়া আমরা পরমাপ্যায়িত হইলাম যে গবর্ণমেণ্ট এইক্ষণে এই নির্দ্ধার্য্য করিয়া সর

present unequivocal state of starvation under which so many of the Provinces in the West are suffering, such a proceeding could not long remain concealed, and when fraud was discovered, it could not fail to draw down the indignation of the ruling authorities upon the deceitful officers.

Sir Charles Metcalfe.

The *Soorma*, in tow of the *Megna*, arrived at Dinapore on the 22d of last month, with Sir Charles Metcalfe and suite on board Sir Charles is expected to reach Calcutta this week.

A meeting was convened in Calcutta on Tuesday last, by the leading members of Society, to make arrangements for a grand dinner to be given to Sir Charles Metcalfe on his arrival.

At the meeting held at the Town Hall, it was determined that the inhabitants of Calcutta should give a ball and supper to Sir Charles Metcalfe on his arrival, and that the stewards should be chosen from all classes of Society. We are happy to perceive two Natives among them. Before the meeting broke up, Mr. Clarke proposed, that a subscription should be opened for giving Sir Charles a Testimonial of the esteem and veneration of the community, in the shape of a piece of plate; and more than 2000 Rupees were immediately subscribed.

We have since learnt, that the gentlemen of the Civil Service, propose to form a subscription, in order to present him with a mark of their esteem; and that it is to consist of a Star of the Order of the Bath, set in diamonds.

Sir Charles reached Calcutta on Thursday.

Private Secretary.

Mr. Hutchinson, Secretary to the Medical Board, who has lately been to the Cape and has just returned, has been appointed Private Secretary to the Honourable the Governor of Bengal. Mr. Mangles has held the appointment during Mr. Hutchinson's absence.

Exhibition at the Town Hall.

On Monday last, the annual exhibition of vegetables was held at the Town Hall, which was numerously attended by Ladies, Gentlemen and Natives. The vegetables which the Native Malees exhibited, were astonishingly good, far superior to any thing that had been seen in former years. The judges of the vegetables were Dr Wallich, Dewan Ram Komul Sen, Mr. W. Storm and Mr. Gibbon. The prizes were distributed by Mr Pennington. Altogether 200 Rupees in money and twelve medals were distributed among the most successful malees.

Issue of New Pice.

We are happy to perceive from a public notification, that Government have come to the determination of issuing 64

কারী পোদ্দারের দোকানে টাকায় নূতন পয়সা ১৬ গণ্ডা দিতে এবং পুরাণ পয়সা ১৬ গণ্ডা লইতে হুকুম করিয়াছেন। ইহাতে সকলেরই বিশেষতঃ দরিদ্র ব্যক্তিরদের অধিক উপকার হইবে যেহেতুক পয়সার দরের অনিয়ম থাকা প্রযুক্ত লোকের অশেষ ক্লেশ হইতে ছিল।

বিনা ষ্টাম্পে জামিনী খত।

সদর দেওয়ানী আদালতের সুগোচর হইয়াছে যে কোন২ জিলায় আসল খত যে কাগজে লেখা যায় সেই কাগজে জামিনী খত লিখিত হইয়া গ্রাহ্য হইয়া থাকে। এইপ্রকারে যে খত বহুমূল্য ষ্টাম্প কাগজে লেখা কর্ত্তব্য সেই খত এইক্ষণে অল্পমূল্যের আসল খতের তুল্য কাগজে লেখা যাইতেছে। উক্ত আদালতের বিবেচনায় এই ব্যবহার আইনবিরুদ্ধ অতএব তাঁহারা তাবৎ জিলার জজেরদের প্রতি আজ্ঞা করিয়াছেন যে তাঁহারা ঐরূপ ব্যবহার নিবারণ করেন।

কলিকাতার ঘোড়দৌড়।

গত বুধবার প্রাতঃকালে কলিকাতায় যে ঘোড়দৌড় হইয়াছিল তাহাতে দেবাৎ অতি বিলপনীয় এক দুর্ঘটনা হইল বিশেষতঃ যে দুই ঘোড়া লক্ষিত স্তম্ভপর্য্যন্ত দৌড়িয়া যাইতে ছিল ইতিমধ্যে অকস্মাৎ এক ছুটা ঘোড়া তাহারদের অগ্রে দৌড়িল তাহাতে ঐ দুই ঘোড়া চমকিয়া আরোহিসুদ্ধ পতিত হইল তৎপ্রযুক্ত এক ব্যক্তি অত্যন্তাঘাতী হইল অন্য ব্যক্তি তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিল কিন্তু অশ্বের কোন হানি হয় নাই।

নগদ টাকা।

কিয়দ্দিবস হইল হরকরাপত্রে তৎসম্পাদক লিখিয়াছিলেন যে কলিকাতার ত্রেজুরীতে নগদ ১০ কোটি টাকা জমা আছে। এবং ঐ টাকা বর্ম্মারদের সঙ্গে যুদ্ধের সম্ভাবিত আবশ্যক হওনার্থ সঞ্চিত হইয়াছে। এই কথা প্রকৃত কি না তাহা আমরা অবগত নহি।

গত বৃহস্পতিবারে যে আগ্রা আকবর প্রাপ্ত হওয়াগেল তাহাতে লেখে যে আগ্রা শহরে এবং নিকটবর্ত্তি জিলাতেও টাকার অত্যন্ত টান হইয়াছে এবং কোন২ জিলাতে টাকামাত্র নাই যেহেতুক ঐ অঞ্চলে বাণিজ্য ব্যাপার স্থগিত হইয়াছে এবং কথিত আছে যে তথায় গবর্ণমেণ্ট শতকরা ৪ টাকা সুদে কর্জ্জ করিতেছেন।

ইনশালবেণ্ট আদালত।

সম্প্রতি ইনশালবেণ্ট আদালতহইতে সুপ্রিম কোর্টে অতিভারি এক মোকদ্দমার আপীল হইয়াছে। বিশেষতঃ ফার্গিসন কোং কুঠীর এক জন অংশী শ্রীযুত ডেবিড ক্লার্ক সাহেব ১৮২৭সালের আপ্রিল মাসে আপনার অংশ ত্যাগ করেন এবং ঐ কুঠীর সঙ্গে তাঁহার হিসাব কিতাব হইলে পর তাঁহার লভ্যাংশ জমা ৬ লক্ষ টাকা থাকে এইপ্রযুক্ত তিনি ঐ টাকার ডেবিডেণ্ডের দাওয়া করেন। ফার্গিসন কোং কুঠীর আসৈনি সাহেব মহাজনেরদের পক্ষ হইয়া ঐ দাওয়ার প্রতিবন্ধকতারূপ কহেন যে শ্রীযুত ক্লার্ক সাহেব যে সময়ে কুঠীর অংশিত্ব ত্যাগ করেন তৎসময়ে কুঠী দেউলিয়া ছিল। এই মোকদ্দমা ইনশালবেণ্ট আদালতে জুষ্টীস মালকিন সাহেবের সম্মুখে শুননি হইলে তিনি ক্লার্ক সাহেবের দাওয়ার বিষয় গ্রাহ্য করিয়া নিষ্পত্তি করিলেন কিন্তু ফার্গি

new pice at the shroff's shops, and of receiving 64 old sicca pice in exchange for a Rupee. This will be a very great relief to all, but more particularly to the poor, who have long groaned under the hardships of a fluctuating currency.

Unstamped Security Bonds.

It has been brought to the notice of the Sudder Dewanny Adawlut, that in some districts it has become the custom to admit, as evidence, Security Bonds, written on the same paper with the Principal Bond. Thus, the Security Bonds, which ought, in many cases, to be written on stamp paper of a high value, are only written on the paper of the lower value of the original Bond. The Court deem that this practice is contrary to law, and have, therefore, directed the Judges throughout the country to prohibit it.

Calcutta Races.

At the races held at Calcutta on Wednesday morning, a very melancholy accident occurred. As two horses were on the full stretch approaching the post, a horse which had got loose, ran before them; when both the race horses, with the riders, were brought to the ground. One of the riders was severely injured, but the other was killed on the spot. The horses escaped without injury.

Cash.

The *Harkaru*, in a late number, stated that there was an accumulation of ten crores of Rupees in the Treasury in Calcutta; and that this sum was reserved to meet the expenses of a Burmese war, if one should break out. How far this statement is correct, we have no means of knowing.

The *Agra Ukhbar* received on Thursday states, that there is a great scarcity of money at that station, and in many of the provinces near it. Some of the districts are, indeed, without any money at all, owing to the general stagnation of commerce; and it is said, that Government have been obliged to borrow money at four per cent.

Insolvent Court.

A very important case has been brought in appeal from the Insolvent Court before the Supreme Court. Mr. David Clarke, one of the partners of the late house of Ferguson and Co., had retired from it in April, 1827, and upon his quiting the concern, a balance of accounts was struck between him and his partners, by way of dissolution of copartnership, and a sum, more or less of six lakhs of Rupees, was carried to the credit of Mr. Clarke. He, therefore, claimed to receive his dividend upon this sum. The assignee of Ferguson and Co., who acts on behalf of the creditors, resisted this claim, upon the plea that at the time when Mr. Clarke quitted the house, it was in a state of insolvency. The case was heard before the late Mr. Justice Malkin, in the Insolvent Court, and he decided in favour of the claim of Mr. Clarke. The

সন কোং আইসেনি ঐ নিষ্পত্তিতে সম্মত না হইয়া সুপ্রিম কোর্টে আপীল করিলেন। গত সপ্তাহে তাহা শ্রীযুক্ত জজ সাহেবেরদের সম্মুখে শুননি হইল তাহাতে উভয়পক্ষীয় উকীলের সওয়াল জওয়াব শুনিয়া আদালত এই নির্দ্ধার্য্য করিলেন যে অন্য মিছিলে এই মোকদ্দমার নিষ্পত্তি করা যাইবে।

এই মোকদ্দমা অতিগুরুতর যেহেতুক ইহাতে কেবল ফার্গিসন কোং কুঠীর বিষয় লিপ্ত আছে এমত নহে কিন্তু দেউলিয়া অন্যান্য কুঠীর বিষয়ও লিপ্ত। সকলেরই বোধ আছে যে ঐ সকল দেউলিয়া কুঠীর অনেক অংশিরা বহুতর ধন লইয়া বিলাতে চলিয়া গিয়াছেন এবং অনুমান হয় যে ঐ অংশিরদের গমনকালেই ঐ সকল কুঠী দেউলিয়া ছিল। এই বিষয়ের এক উদাহরণ এই যে ১৮২০ সালের পুর্ব্বে আলেকজান্দর কোং কুঠীর চারি জন অংশী অনেক সম্পত্তি লইয়া বিলাতে প্রস্থান করেন। এবং ১৮৩২ সালে অর্থাৎ শেষ অংশি প্রস্থানের ১২ বৎসর পরে ঐ কুঠী সাড়ে ৩ কোটি টাকার নিমিত্ত দেউলিয়া হয়। বোধ হয় এইক্ষণে ঐ টাকার দশ অংশের একাংশমাত্র ঐ কুঠীর ইষ্টেটহইতে পাওয়া যায়। অতএব যদি ১৮২০ সালে ঐ কুঠীর দেনা পরিশোধ করণের ক্ষমতা ছিল তবে কুঠীর অংশিরা ১৩ বৎসরের মধ্যে কোনপ্রকারে ৩ কোটি ২০ লক্ষ টাকা নষ্ট করিয়াছেন বলিতে হয় অর্থাৎ প্রত্যেক বৎসরে ২৪ লক্ষ এবং মাসিক ২ লক্ষ টাকা উড়াইয়া দিয়াছেন। কিন্তু এমত বাহুল্যরূপ সম্পত্তি ক্ষয় করা অতিঅবিশ্বসনীয়।

এক্সপেরিমেণ্ট বাষ্পীয় জাহাজ।

এক্সপেরিমেণ্টনামক নূতন লৌহময় বাষ্পীয় জাহাজ দুই এক দিবসের মধ্যে চট্টগ্রামের নদীতে প্রেরিত হইয়া গমনাগমন করিবে। ঐ জাহাজ ৩ ফুট জল ভাঙ্গে। যদ্যপি সময় এইক্ষণে অতিসুন্দর না হইত তবে এমত ক্ষুদ্র জাহাজ বহিঃসমুদ্রে প্রেরণ করা অতিসঙ্কট হইত।

ডাকবাঙ্গী।

এইক্ষণে ডাকবাঙ্গী কলিকাতাহইতে কেবল নাগপুরপর্য্যন্ত প্রেরণ হইয়া থাকে কিন্তু বোম্বাইর গবর্ণমেণ্ট এই নূতন বন্দোবস্ত করিয়াছেন যে ঐ ডাক নাগপুরহইতে বোম্বাইপর্য্যন্ত চলিবে। সংপ্রতি ইশতেহার দেওয়া গিয়াছে যে ডাকেতে পুলিন্দাদি কলিকাতাহইতে একেবারে বোম্বাইপর্য্যন্তই পাঠান যাইবে।

স্থলপথে গমন।

কচিনহইতে আগত ৩১ দিসেম্বর তারিখের পত্রে লেখে যে দুই খেপ বোম্বাইর বাষ্পীয় জাহাজে গমনার্থ পরিপুর্ণ আরোহি লোক প্রস্তুত আছে। এই নিমিত্ত কচিনহইতে যে সকল লোক বাষ্পীয় জাহাজে গমনাকাংক্ষী ছিল তাহারা ভগ্নাশ হইয়াছে এবং ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে যেপর্য্যন্ত কেবল বোম্বাইহইতে বাষ্পীয় জাহাজ যাইবে সেই পর্য্যন্ত কলিকাতাস্থ লোকের যাত্রাকরণের কোন প্রত্যাশা থাকিবে না।

প্রধান সদর আমীন।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবেক যে কএক মাস হইল এমত এক আইন প্রকাশ হইয়াছিল যে জজ সাহেবেরা প্রধান সদর আমীনের প্রতি যত টাকার মোকদ্দমা হউক না কেন তাহা অর্পণ ক

Assignee of Fergusson and Co., however, not satisfied with this decision, appealed to the Supreme Court, and the case came on for hearing before the Judges last week. After the arguments of Council on both sides had been heard, the Court determined to give their decision upon a future day.

This is a case of very considerable importance, because it affects the character, not only of the late house of Fergusson and Co., but of some of the other houses. It is a well known fact, that the partners of some of them retired to England with very large fortunes; but it is very much a matter of doubt, whether at the time of their retirement, the houses were not insolvent. To take one particular instance. The house of Alexander and Co. had sent home previously to 1820, four partners with large fortunes. In 1832, that is, twelve years after the departure of the last partner, the house fails for three hundred and fifty lakhs of Rupees. Of this sum, one-tenth will possibly be realized from its assets. If, therefore, in 1820, this house was solvent, the managers of the concern during these thirteen years, must have contrived to annihilate property to the extent of three crores and twenty lakhs of Rupees, or *twenty-four lakhs of Rupees a year*, or taking one month with the other, *two lakhs of Rupees* a month,—which is utterly incredible.

The Experiment Steamer.

The *Experiment*, a new river iron steamer, proceeds in a day or two to Chittagong, and is destined for river service in that district; she draws less than three feet water. Except at this extremely mild season, it certainly would have been extremely hazardous to have embarked such a vessel upon an open sea.

Dawk Bangy.

Up to the present time the Dawk Bangy has been confined to the route between Calcutta and Nagpore; but in consequence of the recent arrangements of the Bombay Government, it has been extended from Nagpore to Bombay, and an advertisement has just appeared in the papers, stating that parcels may now be despatched from Calcutta all the way to Bombay.

Overland Travelling.

A letter from Cochin, dated the 30th of December, states that the Bombay steamers are quite full for the next two trips, so that the individuals at Cochin, who are anxious to obtain a passage in one of them, have been entirely disappointed; and it appears clear, therefore, that so long as the communication is confined to Bombay, there is no chance whatever of any passenger from Calcutta or Madras obtaining a birth in them.

Principal Sudder Ameens.

Our readers may remember that some months ago, an Act was passed, authorizing the Judges to make over to the Principal Sudder Ameens, suits of

রিতে পারেন এবং মোকদ্দমাকারিরা তাহার আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিবেন। অদ্যকার দর্পণে আমরা উক্ত আদালতের এক সাধারণ আজ্ঞা প্রকাশ করিলাম তাহাতে ঐ নূতন আইন কিরূপে জারী হইবে তাহার তাবদ্বিবরণ লিখিত আছে।

শ্রীযুত স্পেশিয়ল কমিসানর সাহেবের আদালতে লাখেরাজ ভূমির কএক মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে তদ্বিবরণও প্রকাশ করা গেল।

এতদ্দেশীয় জজের দিগকে মোকদ্দমা অর্পণ বিষয়ে সদরদেওয়ানি আদালতের হুকুম।

আদালত হুকুম করিতেছেন যে যে মোকদ্দমায় গবর্ণমেণ্ট অথবা গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরা এক পক্ষ হন সেই মোকদ্দমার বিষয় যদি পাঁচ হাজার অধিক না হয় তবে ঐ মোকদ্দমার নথি জজ সাহেবেরা আপনারদের হস্ত হইতে প্রধান সদর আমীন ও মুনসেফেরদের হাতে অর্পণ করিবেন। ১৮৩১ সালের ৫ আইনের ৭ ও ২৫ ধারানুসারে জিলার জজ সাহেবেরদের ক্ষমতা আছে যে ঐ প্রকার কোন মোকদ্দমা আপনারদের নিকটস্থ নথিতে রাখণ আবশ্যক বোধ করিলে রাখিতে পারেন এই হুকুম জারী করণের পর তাহার সম্বাদ ১৫ দিবসের মধ্যে তাঁহারা সদর দেওয়ানী আদালতে দিবেন এবং তাঁহাদের প্রতি হুকুম হইল যে তাঁহারা আপনারদের নিকটস্থ নথিতে যে সকল মোকদ্দমা রাখিয়াছেন তাহার এক ফর্দ এবং তাহা কি নিমিত্ত রাখিয়াছেন তাহার বিশেষ বেওরা তৎসময়ে লিখিয়া জ্ঞাত করিবেন।

জিলার জজ সাহেবেরদের প্রতি আরো হুকুম হইয়াছে যে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ১ প্রকরণানুসারে যে মোকদ্দমা উপস্থিত হয় তাহা উপরি লিখিত প্রকারে প্রধান সদর আমীনের হাতে অর্পণ করিবেন কিন্তু তাহার মধ্যে যে মোকদ্দমা জিলার জজ সাহেবের দ্বারা বিচার হওয়া উচিত বোধ করেন সেই প্রকার মোকদ্দমা আপনারদের নথিতে রাখিবেন এবং তাহার এক ফর্দ এবং কি নিমিত্ত রাখিলেন তাহার বিশেষ বিবরণ লিখিয়া জ্ঞাত করিবেন। এইরূপে যে সকল মোকদ্দমা প্রধান সদর আমীনের হাতে অর্পণ হয় সেই মোকদ্দমা পূর্ব্ববৎ তজবীজ ও রিপোর্ট করণার্থ জিলার কালেকটর সাহেবের নিকটে প্রেরণ হইবে এবং কালেকটর সাহেব আপনার কার্য্য নিষ্পত্তি করিয়া ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ৬ প্রকরণানুসারে নিষ্পত্তি হওনার্থ প্রধান সদর আমীনের নিকটে পুনর্ব্বার প্রেরণ করিবেন।

যে নূতন আইন এইক্ষণে হইয়াছে তাহাতে জজ সাহেবেরদের প্রতি হুকুম আছে সদর দেওয়ানী আদালতের সাধারণ কর্ত্তৃত্বের উপর তাঁহার দৃষ্টি রাখিয়া পাঁচ হাজার টাকার অধিক সম্পত্তির যে কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে বিচারার্থ অর্পণ করিতে পারেন।

সদর দেওয়ানী আদালত এইক্ষণে জজ সাহেবেরদের প্রতি হুকুম করিতেছেন যে তাঁহারা অতি বিবেচনাপূর্ব্বক ঐ ক্ষমতানুসারে কার্য্য নিষ্পত্তি করিবেন এবং নীচে লিখিত বিষয়সকলের প্রতি দৃষ্টি রাখিবেন।

১ পাঁচ হাজার টাকার ঊর্দ্ধ কোন মোকদ্দমার দলীল দস্তাবেজ যদি ইঙ্গরেজী ভাষায় লিখিত থাকে অথবা তাহা যদি ইঙ্গলণ্ডীয় কোন ব্যবস্থা ঘটিত হয় তবে ঐ প্রধান সদর আমীন ইঙ্গরেজী ভাষা বিলক্ষণরূপ জ্ঞাত না হইলে তাঁহার প্রতি অর্পণ করিবেন না।

whatever amount they might be, and directing that all appeals from the Principal Sudder Ameens should be made at once to the Sudder Dewanny Adawlut. We have this day published a Circular Order of that Court, which defines how this new law is to be carried into execution.

We also publish several cases of rent-free lands, which have recently been decided in the Special Commissioner's Court.

Circular Orders.
Transfer of Cases for Trial by Native Subordinate Judges.

The Court have directed the immediate transfer from the files of the Judges, to those of the Principal Sudder Ameens and Moonsiffs, of all suits in which the Government or its officers may be a party, and in which the amount of value of the property sued for, may *not* exceed 5000 rupees. The Zillah Judges are, of course, competent to retain under Sections VII. and XXV., Regulation V. 1831, any of the above suits on their own files, provided they see sufficient grounds for so doing; but in reporting to the Court (which they have been requested to do within fifteen days) the execution of the present orders, the Judges have also been requested to submit a list of all the suits, that they have so retained, and to explain their reasons briefly for doing so.

The Zillah Judges have in like manner been directed to transfer to the file of the Principal Sudder Ameens all suits preferred under Clause 1, Section XXX., Regulation II. 1819, retaining, however, on their own file, any suits of the above nature, that they (the Judges) think ought to be tried by the Judge, submitting a list of the same, and their reasons for having retained the cases. All suits thus referred to a Principal Sudder Ameen have been directed to be sent as heretofore to the Collector of the District for investigation and report; the Collector on closing his proceedings will transmit them under Clause VI., Section XXX., Regulation II. 1819, to the Principal Sudder Ameen for decision.

The Act now passed authorizes the Judges, subject, of course, to the general controul of the Sudder Dewanny Adawlut, to refer any suit above the value of 5000 rupees to the Principal Ameen for trial. The Superior Court have requested the Zillah Judges to exercise this power with a sound discretion, and their attention has been called to the following illustrations:

1st.—No suit above 5000 rupees shall be referred to a Principal Sudder Ameen, in which the documentary evidence may be in the English language, or may involve points of English law, unless such Principal Sudder Ameen is acquainted with the English language.

২ জজ সাহেব পাঁচ হাজার টাকার উর্দ্ধ কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করিলে A চিহ্নিত নিয়মানুসারে তাহার রিপোর্ট সদর দেওয়ানী আদালতে করিবেন।

৩ পাঁচ হাজার টাকার উর্দ্ধ যত মোকদ্দমা প্রধান সদর আমীনের আদালতে মাসের শেষে নথিতে মুলতবী থাকে সেই সকল মোকদ্দমার পারস্য ভাষাতে লিখিত এক বিবরণ B চিহ্নিত নিয়মানুসারে প্রস্তুত করিয়া তাহার দুই নকল জজ সাহেবের নিকটে পাঠাইবেন। এবং পাঁচ হাজার টাকার উর্দ্ধ সম্পত্তির যত মোকদ্দমা ঐ মাসের মধ্যে নির্ব্বাহ বা নিষ্পত্তি করিয়াছেন তাহার বিবরণ C চিহ্নিত নিয়মানুসারে লিখিয়া দুই ফর্দ্দ জজ সাহেবের নিকটে পাঠাইবেন। জজ সাহেব ঐ দুই ফর্দ্দের মধ্যে এক খান আপনার মাসিক কার্য্য বিবরণের ফর্দ্দ সহিত সদর দেওয়ানী আদালতে প্রেরণ করিবেন অপর এক খান আপন আদালতের মধ্যে রাখিবেন।

৪ প্রধান সদর আমীনের নিষ্পত্তির যত সরাসরী আপীল হয় তাহা আপেলাণ্ট এককালে সদর দেওয়ানী আদালতে করিবেন।

৫ কাবেতামত যত আপীলের দরখাস্ত হয় তাহা প্রধান সদর আমীনকে দিতে হইবে এবং প্রধান সদর আমীন ১৭৯৩ সালের ৬ আইনের ১১ ধারার নিয়মানুসারে তাহা প্রস্তুত করিবেন। অপর ঐ মোকদ্দমার রোয়দাদ সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে প্রেরণ করিতে হইবে। কিন্তু প্রথমতঃ প্রধান সদর আমীন তাহাতে আপনার পদের সহী ও মোহর বসাইয়া জিলা বা শহরের জজের নিকটে পাঠাইবেন এবং তিনি ১৮২৩ সালের ১৯ সেপ্তম্বর এবং ১৮২৪ সালের ২১ মে তারিখের নং ৬৭ ও ৭০ সাধারণ আজ্ঞানুসারে ঐ পুলিন্দাতে কোন প্রকারে জল সম্পর্ক না হয় এইরূপে বন্দ করিয়া তাহা রীতিমত সর্টিফিকট সমেত সদর দেওয়ানী আদালতের রেজিষ্টরের নিকটে পাঠাইবেন। শেষোক্ত আইনের হুকুম অনুসারে মোকদ্দমার রোয়দাদের যে নকল দেওনের হুকুম আছে তাহা জজ সাহেবের দপ্তরে অতি সাবধানে রাখিতে হইবে।

৬ পাঁচ হাজার টাকার উর্দ্ধ মোকদ্দমার ডিক্রী পুনর্ব্বিবেচনা করণ বিষয়ে যে সকল দরখাস্ত হয় তাহা তদ্রূপে প্রধান সদর আমীনের নিকটে পাঠান যাইবে এবং যখন তাহা পুনর্ব্বিবেচনা করণ পরামর্শ সিদ্ধ হয় তখন তিনি ১৮৩১ সালের ৫ আইনের ১৯ ধারার নিয়মানুসারে কার্য্য করিবেন এবং তাঁহার দরখাস্ত জজ সাহেবের দ্বারা সদর দেওয়ানী আদালতে প্রেরিত হইবে।

৭ কিন্তু সদর দেওয়ানী আদালতের তাবৎ হুকুম যেমত উচিত হয় প্রধান সদর আমীনের নিকটে নতুবা জিলার জজ সাহেবের নিকটে অর্পিত হইবে কিন্তু ঐ হুকুমের ফিরৎনামাসকল প্রধান সদর আমীন বিশেষ বিপরীত হুকুম না পাইলে জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জজ সাহেব তাহা রীতিমত সর্টিফিকট সমেত সদর দেওয়ানী আদালতে প্রেরণ করিবেন।

2d.—On referring any suit to a Principal Sudder Ameen above the amount of 5000 rupees, the Judge will report to the Superior Court that he has done so agreeably to a form marked A.

3d.—The Principal Sudder Ameen will forward to the Judge, in duplicate, a Persian statement, as per form, marked B., of all suits above the amount of 5000 rupees, that may be pending on his file at the end of the month, and another, as per form, marked C., of all suits above the amount of 5000 rupees, that may have been decided or disposed of by him during the month. One of each of the above statements, will be forwarded by the Judge to the Court with the monthly returns, the other will be retained for record in the Judge's office.

4th.—All summary appeals from the decisions of Principal Sudder Ameens will be made direct by the parties to the Sudder Dewanny Adawlut.

5th.—All petitions for regular appeals will be preferred direct to the Principal Sudder Ameens, who will make up the original record in the manner prescribed by Regulation VI. of 1793, Section XI. The package containing the record of the case is to be addressed to the Registrar of the Sudder Court, and it is in the first instance, to be sent under the official signature and seal of the Principal Sudder Ameen to the Zillah or City Judge, who having had the parcel properly secured from wet, agreeably to the circular orders, No. 67 and 70, dated the 19th September, 1823, and the 21st May, 1824, will at once forward it with the usual certificate to the Registrar of the Sudder Court. The copy of record which is required, is to be made by the regulation last quoted, is to be deposited for safe custody in the office of the Judge.

6th.—All applications for revisions of judgment in suits above 5000 rupees will likewise be made to the Principal Sudder Ameens, and when recommended to be admitted, that officer shall proceed, agreeably to Section XIX, Regulation V. of 1831, and the application shall be forwarded by the Judge to the Sudder Dewanny Adawlut.

7th.—Precepts from the Sudder Court will be either sent direct to the Principal Sudder Ameen, or to the Zillah Judge, as may be deemed most expedient; but all returns, unless specially directed otherwise, will be submitted by the Principal Sudder Ameen to the Judge, for the purpose of being transmitted by him with the usual certificate to the Sudder Dewanny Adawlut.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

আমি জানি দেশের অনিষ্টজনক বিষয় সমাচারপত্রসম্পাদক মহাশয়রা জ্ঞাত হইলে তাহারা প্রকাশ করেন কিন্তু গবর্ণমেণ্টের মফঃসলের নানা দপ্তরখানার কার্য্য কিরূপ চলে সমাচারপত্রে তাহা বিস্তারিত হয় নাই ইহাতে বোধ হয় যে ঐ সকল দপ্তরখানার কার্য্যসম্পাদক মহাশয়দিগের বিশেষরূপে সুগোচর নাই অতএব আমি যাহা জানিয়া বিরক্ত হইয়াছি তাহা লিখিয়া প্রেরণ করিলাম আপনি জ্ঞানান্বেষণে প্রকাশপূর্ব্বক বাধিত করিবেন।

গবর্ণমেণ্টের নানা দপ্তরখানার মধ্যে যে কএক স্থানের কার্য্য জানিয়াছি তাহার সমুদয় বিবরণ লিখিতে হইলে অত্যন্ত বাহুল্য হইবেক অতএব নিকটস্থ রাজস্বসম্পর্কীয় কোন স্থানের বৃত্তান্তমাত্র লিখিতেছি ইহাতেই পাঠকবর্গ বিবেচনা করিতে পারিবেন নিকটে এরূপ হইলে দূরস্থ নানা স্থানে কিপর্য্যন্ত অন্যায় হইতে পারে। সম্পাদক মহাশয় আমি যে স্থানের কথা লিখিতেছি আপনকার আলাপিত লোকের মধ্যে অনেকে তথায় কর প্রদান করিয়া থাকেন যদি অনুগ্রহপূর্ব্বক তাঁহারদিগের নিকট জিজ্ঞাসা করেন তবে আমার সকল কথাই সপ্রমাণ বোধ হইবে ঐ দপ্তরখানাতে জমিদার লোকেরা চালান দিয়া অর্থাৎ অমুক পরগনার অমুক জমিদারের খাজানা এত টাকা দেওয়া গেল এইরূপ লিখিত অথচ স্বং নাম স্বাক্ষরিত পত্রসহিত কর দেন পরে ঐ চালান দোরস্তনবিসের নিকট যায় তাঁহার কর্ম্ম এই যে চালান দোরস্ত এই কথা লিখিয়া নিজ নাম স্বাক্ষর করিবেন কিন্তু তাঁহার নিকট বিনা দানে পার নাই ১ অবধি ৫ টাকাপর্য্যন্ত তাঁহাকে পার্ব্বণি দিতে হয় তাহা না দিলে যেপ্রকার ছল আরম্ভ করেন তাহাতে খাজনাই দাখিল হয় না অনন্তর পরীক্ষকনিকট পরকসহি করাইতে হয় কিন্তু অগ্রে তাঁহাকে তুষ্ট না করিলে কার্য্যোদ্ধার হয় না জমিদারেরা যদি নির্দোষ টাকাও দাখিল করেন তথাচ কিছু না পাইলে বাট্টা লাগিবেক বলিয়া ফেলিয়া রাখে যদি কোন জমিদার বিবাদ করেন তবে কহে তুমি টাকার পরিবর্ত্তে নোট দেও সুতরাং তৎক্ষণাৎ নোট আনিতে পারে না অতএব পোদ্দারের সন্তোষ করিয়া কার্য্যোদ্ধার করেন তাহার পরে সুদকসানবিসের কসনিতে ঠেকিতে হয় তিনি কিছু না পাইলে সুদকসাতেই দিন শেষ করেন বিশেষতঃ এজমালি জমিদারির কোন এক অংশির সুদ কসিতে হইলে তাঁহার বিলক্ষণ লাভ আছে দুই কিম্বা অধিক অংশির মধ্যে যিনি মিয়াদমধ্যে খাজনা দিয়াছেন তাঁহার নিকট সুদ এক পয়সাও পাওনা হয় না কিন্তু সুদকসানবিস ঐ ব্যক্তির আসল খাজনাহইতে স্বচ্ছন্দে অন্যাংশির সুদ কাটিয়া নিয়া কহেন তুমি অন্য অংশির নিকটহইতে এ টাকা বুঝিয়া লইবা। সম্পাদক মহাশয় এজমালি জমিদারি যে বারং নীলামে ধরা পড়ে তাহার এই এক প্রধান কারণ জানিবেন কেননা অগ্রে যে কোন অংশী টাকা দাখিল করেন তাঁহার আসল করহইতে অন্য অংশির সুদ টাকা যায় কিন্তু ঐ টাকা অন ভাগিরাও তাহাকে ইচ্ছাপূর্ব্বক দেন না অতএব কোন হিস্যাদার অগ্রে টাকা দাখিল করেন না এইপ্রযুক্ত কালেকটর সাহেব এজমালি জমিদারিকে নীলামে ধরিয়া দেন।

তদনন্তর সিয়ানবিসের নিকট যাইতে হয় তিনি স্বীয় জমা না করিয়া কদাচ টাকা জমা করেন না অতএব তাঁহাকে সন্তুষ্ট করিয়া শেষ খাজাঞ্চির নিকট গমন হয় কিন্তু খাজাঞ্চির বিষয়ে আমি লেখনীকে ক্লেশ দিব না [illegible] সমস্ত খাজাঞ্চির বৃত্তান্ত আপনকার পাঠকবর্গ উত্তমরূপে জানিয়াছেন কিন্তু যে কএক জন আমলার কথা কহিলাম তাঁহারা সকল সময়েতেই এইরূপ করেন বিশেষতঃ নীলামের দিনে নিলামব্যতিরেকে দ্বিলাম শব্দ নাই কেন

Spirit of the Native Papers.

To the Editor of the Gyananneshun.

SIR,—I am aware that the Editors of Newspapers will gladly insert in their journals any communication containing the notice of any thing which produces misery to the people. No detailed report being published of the manner in which business is carried on in the several courts of the *Mofussil*, I am led to suppose that it is not fully known to the public. I therefore, send you an account of what I have been sorry to learn on this subject, and beg you will give it publicity in your valuable and highly esteemed journal.

All that has come to my knowledge, with respect to a few of the Government offices I cannot communicate to you, for fear that my letter should be too long. I will, therefore, relate the method in which business is conducted in a Collector's office in the vicinity of ——— from which your readers will judge what is likely to be the case in the Mofussil, when the state of things so near the city is such as is described below.

Many Zemindars with whom you are acquainted, have occasion to deposit *Khazana* in the Cutcherry I am speaking of, and if you make enquiries of them, you will perceive the truth of my statement. When a Zemindar makes his payment of his *Khazana* in the Cutcherry I have alluded to, he takes with him a paper, called the *Challan*, containing the name of the Pergunnah where his Zemindaree is situated, the amount of *Khazana* deposited, with the signature of the *Zemindar* affixed to it. The *Challan* first goes to a person whose business it is to examine it and to write down upon it that it is correct, with his proper signature attached. But he will never do this unless he is paid a douceur of 1 to 6 Rs. according as the amount deposited is large or small. If it is refused him, he makes such a number of excuses that the payment can be scarcely ever made.

The next person to be applied to is the *Poddar* or money examiner, who must also be paid a douceur before he will agree to do his duty. Be the money ever so good, still if his fee is refused, *batta* is charged, and so business is delayed. Again in exchange of money, notes are required to be produced, which it is impracticable to do immediately. Thus the cupidity of the *Poddar* must be satisfied. But this is not all. The *Challan* is next taken to a person whose duty it is to calculate the interest of money, and who like the rest is quite as exorbitant in his demands. He makes the handsomest profit, when he has to deal with the holder of a share in a joint *Estate*. If one, or two, more holders of a joint estate come to make payment of their shares of the revenue, the interest on the rest is deducted from it, and he is told to take the same from them. This is one of the principal reasons why joint estates are so often put up for sale. The party above alluded to, seldom recovers the money without instituting a civil suit against those from whom it is due; and the consequence is, that none of the parties make the payment of this share before the rest. Delay is thus unavoidably created, and the estate put up for sale by the Collector.

After having freed himself from the clutches of the interested calculator, he falls into the hands of the *Mohurer*, whom he must pay something before his money is credited in accounts. Next he has to go to the *Khazanchi*, whose nefarious doings are so well known to your readers, that I shall not make any mention of them here.

Such are the usual tricks of the Amlahs of a Collector, but they have no bounds. On sale days they are particularly tyran-

া জমিদারেরা সে দিবস চোরের ন্যায় থাকেন যেহেতুক টাকা দাখিল না হইলে কালেকটর নীলাম বলেন অতএব আমলারা যাহা ইচ্ছা করেন তাহাই সফল হয় কিন্তু ভারি২ জমিদারের পক্ষে এ আপদ ঘটে না আমলার সঙ্গে তাঁহারদের একপ্রকার বন্দোবস্তই স্থির আছে তাঁহারা গবর্ণমেণ্টকে যেরূপ রাজস্ব দিয়া থাকেন আমলাকে দেওয়াও সেইরূপ জানেন সম্বৎসরপরে পার্ব্বণিস্বরূপে একেবারেই টাকা ধরিয়া দেন।

সম্পাদক মহাশয় আমার কথা মিথ্যা জ্ঞান করিবেন না কোন ভারি জমিদারের খাতার মধ্যে সাক্ষাৎ দেখিলাম কএক জন আমলার পার্ব্বণি টাকার খরচ রহিয়াছে এবং সাহসপূর্ব্বক বলিতেছি যদি গবর্ণমেণ্ট সন্ধান করেন তবে অনেক ভারি জমিদারের জমা খরচের খাতা তলপ করিয়া এ বিষয় যথার্থ জানিতে পারিবেন।

সম্পাদক মহাশয় আপনি বিবেচনা করুন গবর্ণমেণ্টের প্রত্যেক দপ্তরখানাতে যাঁহারা প্রধান পদে নিযুক্ত আছেন তাঁহারা কাছারিতে গিয়া নিয়মিত কএক ঘণ্টা আপনারদিগের কর্ম্ম করেন আমলারদের কর্ম্ম চক্ষু তুলিয়া দেখেন না তবে লক্ষ্মীছাড়া লোভি আমলারা কিরূপে তাহারদের অন্যায় লাভ ত্যাগ করিবে আমি গবর্ণমেণ্টের সকল দপ্তরখানার প্রধান মহাশয়বর্গকে নিবেদন করিতেছি তাঁহারা আমলারদের ব্যবহার দৃষ্টি করুন এবং শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর কৃপা করিয়া সিবিল সাহেবেরদিগকে কহুন তাঁহারা যেন লোভি আমলারদের প্রতি সম্পূর্ণ বিশ্বাস না করেন।

কস্যচিৎ জমিদার হিতাকাঙ্ক্ষিণঃ।
—জ্ঞানান্বেষণ।

শ্রীযুত চন্দ্রিকা প্রকাশক মহাশয় সমীপেষু।

গত ১৫ পৌষীয় চন্দ্রিকায় মরিচ উপদ্বীপে প্রেরিত কুলিদিগের বিষয়ে যাহা প্রকাশ হইয়াছে তল্লেখক সবিশেষ জ্ঞাত নহেন অর্থাৎ ঠিক লিখিতে পারেন নাই অতএব আমি যাহা অবগত আছি তাহা লিখি চন্দ্রিকায় প্রকাশ করিয়া দীনহীন লোকের নিস্তার উপায় করিবেন।

আদৌ মরিচ উপদ্বীপ হইতে ইণ্ডেণ্ট অর্থাৎ এত লোকের প্রয়োজন এমত একখানি চিঠী আইসে তাহা দেখিয়া এখানকার কুলির এজেণ্ট সাহেবেরা কোন ইঙ্গরাজ দফাদারকে কহেন আমি এক মাসের মধ্যে এত কুলি চাহি ঐ দফাদার সাহেব কালা দফাদারদিগকে হুকুম দেন তাহারা কালাসুত কুলিদিগের ঘাড়ে চাপিয়া নানা কথায় ভুলাইয়া কলিকাতায় আনে আনিবামাত্র এজেণ্ট হৌসের সাহেবদিগের নিকট হইতে এক মাহার মাহিয়ানার টাকা এডবেন্স লয় সেই এডবেন্স টাকার মধ্যে কুলিদিগের খাইতে দেয় পরে কুলিদিগকে হৌসে আনিয়া নাম লেখাইয়া দেয় কে কি কর্ম্ম জানে তাহা হৌসওয়ালা সাহেব জ্ঞাত হইয়া মাহিয়ানার বন্দোবস্ত করেন ছোকরা ২ স্ত্রীলোক ৩ পুরুষ মাত্র ৪ কোন কর্ম্ম বিশেষ জানিলে ৫।৬।৭।১০ টাকা পর্য্যন্ত মাহিয়ানা স্থির হয় শেষ তাহারদিগের হস্তে কালা ফিতা বান্ধিয়া এক২ শীল করেন পরে পোলীসের পাশের দরখাস্ত করা যায় তাঁহারা পাশ করিলে ডাক্তর সাহেব তাহারদিগকে তজবীজ করেন অর্থাৎ সুস্থ শরীর কি না তিনি সর্টিফিকট দেন তাহাতে কি কুলি পোলীসের খরচা ১ টাকা আর ডাক্তর সাহেবের খরচা ১ টাকা লাগে তাহা দিয়া জাহাজে পাঠাইবার সময় হয় সেই সময় আর ৪ চারি মাসের মাহিয়ানা বাহির হয় পূর্ব্বের এক মাসের এডবেন্স সহিত হিসাব হইয়া পোলীসের খরচা বাদ পড়ে বাকী টাকা দফাদারেরা হৌস হইতে হিসাব করিয়া লয় গোরা দফাদার যাহা লইবার তাহা লন শেষ কালা দফাদারের হাতে পড়ে তিনি হিসাব বুঝাইয়া দেন যত দিন কলিকাতায় ছিল তাহার খোরাকি খরচ এত ঘরভাড়া এত গঙ্গা পার হইয়াছিল তাহার পারাণি খরচ এত এই মত শত২ কথা কহিয়া দুইটী কাহারও হস্তে একটী টাকা দিয়া জাহাজে উঠিতে কহেন কুলি সে সময় নারাজ হইয়া চীৎকার করিলে কহে যদি তুই না যাইতে চাহিস তবে যে খরচ হইয়াছে তাহা ফিরে দে ইহাতে পাঁচ ছয় টাকার দাবি তাহার উপর করে সে তাহা কোথা হইতে দেবেক তাহাতে হৌসের সাহেবেরা বিচার করিয়া কহেন যদি টাকা না দিতে পারে তবে অবশ্য জাহাজে যাইবেক সে সময়ে যদি কুলি কহে ছয় মাসের মাহিয়ানা দিবা কথা ছিল ইহার মধ্যে ২ টাকা আমি পাইয়াছি সে কথায় দফাদার উত্তর করে পূর্ব্বে এক মাসের এডবেন্স লইয়াছে একণে চারি মাসের পাইয়াছে এক মাসের টাকা তোমার হাতে আছে জাহাজ খুলিয়া গেলে আপনি দিবেন কথা আছে তাহা পাইলে উহারদিগকে তৎক্ষণাৎ দিব ইহা শুনিয়া এজেণ্ট সাহেব কহেন দফাদার ঠিক কথা কহিতেছে ইহার মধ্যে মিথ্যা কিছুই নাই আমি পূর্ব্বে এডবেন্স এবং পরে যাহা দিয়াছি এই সত্য এবং এক মাসের হাতে আছে ইহাও মিথ্যা নয় কুলি লোক বেকুফ কিছুই হিসাব বোঝে না লেযাও জাহাজে উঠাও সেও পিছে এক মাহার মাহিয়ানা পাইবেক এই কথা কহিয়া গলায় হাত দিয়া জাহাজে উঠাইয়া দেয় তখন তাহার কথা আর কে শুনে জাহাজ খুলিয়া গেলে দফাদার ঐ এক মাসের টাকা হৌস হইতে লইয়া গঙ্গার ভাটার সময় জলে ভাসাইয়া দেয় কুলি লোকের নিকট গিয়া পঁহুছে এই পর্য্যন্ত কুলির বিশেষ জানি লিখিলাম ইহাতে আপনকার যে বক্তব্য থাকে লিখিবেন নিবেদন ইতি।—চন্দ্রিকা।

আইনিক ব্যবস্থা।

ব্রিটিস গবর্ণমেণ্টের নিয়োজিত এতদ্দেশীয় ব্যবস্থাপক সমাজাধ্যক্ষ মহাশয়েরা বিবিধ বিতর্ক ঘটিত বিবেচনা দ্বারা সংপ্রতি পূর্ব্বকৃত কুরীতি সমূহ পরিবর্ত্ত পুরঃসর নানা রূপ নিয়মের সৃষ্টি সংস্থাপন করিতেছেন অতএব একণে বিশেষরূপে প্রণিধান করা কর্ত্তব্য যে ভারতবর্ষীয় সমুদয় বিচারাগারের ফতোয়ার অনুসারে মৌলবী কর্ত্তৃক বিচার ঘটিত মুস্কিল আপত্তি নিষ্পত্তি করা অতিশয় অযুক্ত সুবিচারক দেশাধ্যক্ষ অদ্যাপিও কি নিমিত্ত রুচির দুষ্কক্রমে ঐ অপ্রয়োজনীয় বিফল ব্যয়যুক্ত প্রবলা প্রথাকে জাগরূকা রাখিয়াছেন আমরা তন্মর্ম্ম বোধে নিতান্ত অক্ষম হইলাম। ব্রিটিস লণ্ডেশ্বরের অধিকারের মধ্যে প্রধানাংশ হিন্দুস্থান এবং তন্মধ্যে প্রচুরাংশই হিন্দুপ্রজা প্রসিদ্ধ যবন মাত্রেই এতদ্দেশে অধিবাস করেন না তবে যে কয়েক ঘর পড়া পাতকো ক্ষুদ্র পাতি সহীস ঘরামি চৌরে চৌঙ্গর নাড়ু তাহারা বহুকালাবধি বঙ্গাদি প্রদেশ মধ্যে বসবাস করিয়া আসিতেছেন তাঁহারা কিছু তাদৃশ বিত্ত বিভবাদির অধিপতি নহেন এবং ঐ সকল যবনদিগের পরমার্থ সাধনার্থ কুলধর্ম্ম ব্যতীত বৈষয়িক বিষয় বর্গে হিন্দুগণের ব্যবহারের অবিকল অনুগামি হইয়াছে মুরশিদাবাদ ও ঢাকা প্রভৃতির নবাবেরা কোম্পানির বিত্তভোগি ও গত যবন রাজারদের বংশীয় তাঁহারদিগের বিত্ত বিষয়ক বিবাদের আপত্তি নিষ্পত্তি সামান্য আদালত কর্ত্তৃক কদাচ হয় না অতএব অধুনা হিন্দু বর্গের মোকদ্দমা বিষয়ে মহম্মদীয় ব্যবস্থা গ্রহণ করাতে কেবল সাধারণের অন্তঃকরণে পরিতাপের এক চিরচিহ্ন প্রদান করা সার মাত্র বস্তুতঃ অপকার ভিন্ন উপকার কিছুই উপলব্ধি হয় না বরং এ

nical. The Zemindars appear before them like so many culprits, and are obliged to satisfy their exorbitant demands in order to save their estates from the hammer. With respect to the wealthiest Zemindars, the case is, however, somewhat different. They previously come to a settlement with the Amlahs, that they shall pay them so much per annum, and they consider this in the light of public *Khazana* which they can never avoid paying.

All these assertions, Mr. Editor, I repeat again are true to the very letter. I have myself seen in the accounts of a respectable Zemindar, that several Amlahs of a Collector have been debited with Sa. Rs. 600, as their annual *Parbunny*, and I dare say that if the Government would look to the books of some respectable Zemindars, and inspect the contents carefully, they will be fully satisfied of the truth of my statements.

Further, Mr Editor, the European functionaries only transact business every day during the fixed hours, and do not exercise any efficient control over their ignorant and dishonest Amlahs; how can it then be expected, that these extortionate practices will ever be abandoned? I therefore beg respectfully to entreat the heads of offices to give some attention to the malpractices of their subordinates, and I also hope that our present Governor General will issue instructions to the public officers not to trust their Amlahs so very implicitly.

A well wisher to the Zemindars.
—Gyananneshun.

To the Editor of the Chundrika.

The writer of the article which appeared in your paper of the 15th Pous, relative to the transmission of labourers to the Mauritius, does not appear to understand the subject; he has, therefore, not written correctly. I send you what I know; if you will publish it in the *Chundrika*, you will greatly benefit the poor and the distressed.

In the first place, an indent arrives from the Isle of France, with an order for so many labourers. The Agent for Coolies here on seeing this, says to the English agent, "I have occasion for so many labourers within a month;" the European agent then gives his orders to the black agents who sets to work with the poor devils of Coolies, and by many representations, contrive to get them to Calcutta. On their arrival, the black agent obtains an advance of wages for them for a month, from the house of business. From this advance he feeds the Coolies, who are then brought to the counting-house, and a list is taken of them, and an account of what they are able to do. The agency house then fixes their monthly allowances from this list, that is, two Rupees for boys, three Rupees for women, and from four to ten Rupees for the men, according to their abilities. A piece of black tape is then put round their wrist, to which a seal is affixed. Application is then made for a Police pass, which being obtained, the Doctor is called in to feel them, and to give a certificate of their health. Every cooly is charged one Rupee for the expense of the Police, and another Rupee for the Doctor's fee. The time now arrives for shipping them, and four month's more advance is to be paid; from which the police expense being deducted, the agents receives the balance from the house. After the white agent has taken his share, the coolies fall into the hands of the black agent, who sits down to settle accounts with them, charging them so much for food for every day they were in Calcutta; so much for house rent; so much for crossing; and a hundred such other little matters; and the account being settled, he gives one man two rupees, and another man one Rupee, and so on, and sends them on board. If at that moment the Coolies become unwilling to embark and make a noise, he says, if you do not wish to go, return me all the money that has been spent on you; and runs up his claim on them to five or six Rupees. Where can the poor creatures get this sum? The member of the house of business then comes forward and says, If they cannot refund the money, they must embark. If the cooly says, I was promised six month's wages and I have received only two Rupees, the black agent replies, one month's advance was given at first; four month's have now been paid; one month remains to be received, which will be paid when the ship has taken her departure. Such was the agreement; the moment I receive this month's wages, it shall be paid. Upon this, the member of the House of agency says, the native agent has spoken correctly; there is nothing false in it. He says truly that we have paid a month's advance, and subsequently four month's wages, and that one month is still due. The Coolies are stupid fellows and do not understand accounts; take them away; embark them on board the ship; they shall get their month's wages afterwards. When these words are uttered, the hand is applied to their necks, and they are obliged to go on board the vessel. After that, who hears of their complaints? After the ship has taken her departure, the native agent receives the remaining month's pay. Do you think that he makes this money float down the river with the next tide, so that they may receive it? Thus far I have written regarding the Coolies from my own knowledge.

MAHOMEDAN LAW.

Those who are appointed by Government to preside over the making of Laws, have now with great judgement and skill corrected many of the former mischievous rules, and are giving us now excellent Regulations; it is, therefore, at the present time particularly worthy of enquiry, how far it is reasonable that in all the Courts of India legal points of great difficulty, should be settled by the Moulovees according to Mohamedan Law? We are unable to comprehend, why the excellent and judicious rulers of the country should, with so much zest, still continue to maintain this useless and expensive, but violent mode of operation. Hindoosthan is one of the greatest possessions of the Crown of England; and in Hindoosthan the larger number of the subjects consists of Hindoos; and the most respectable of the Mohamedans also reside in the country; but there are a number of houses of low, mean, ignoble Mahomedans, who have for a long time resided in this country, but they are possessed of no property of any consequence; and those Mahomedans, with the exception of their religious observances, follow the Hindoos in all other secular matters. The Nawabs of Moorshedabad, Dacca, and other places, are now dependent upon the Company; and the descendants of former Moosulman Rajahs have all their differences with regard to property settled in other than the ordinary Courts. Therefore, at the present

তদ্বিষয়ে মৌলবির বেতনার্থ গবর্ণমেণ্টের বৎসরিক বিপুল বিত্ত বৃথায় বিনষ্ট হইতেছে এতদ্বিনিময়ে অপর কোন দেশোপকারক কর্ম্মকদম্বে ঐ প্রচুর মুদ্রা ব্যয় করিলে সার্থকের নিমিত্ত সাধারণের হৃদোদ্যানে ভূপতির সুখ্যাতি স্বরূপ ফুল্ল কুসুমের সৌরভ সমুহ অনবরত আমোদ করিতে পারে।

রাজা প্রজা উভয় পক্ষের বিদ্যা বিষয়ক সম্বন্ধাভাব ও দেশের অপকার বোধে সংপ্রতি যদ্রূপ পারস্য ভাষা পরিবর্ত্তের পরম প্রকরণ প্রকটন হইয়াছে তদ্রূপ মৌলবির বিফল বিধান উত্তোলন পূর্ব্বক হিন্দু শাস্ত্রোক্ত পণ্ডিত এবং রাজকীয় ধর্ম্ম পুস্তকের ব্যবস্থাই গ্রহণ করা শ্রেয়ঃ কল্প আমরা অনুমান করি যে বিধিদায়ক সমাজ সম্পাদক সাহেব মহাশয়েরা অবশ্যই অবিলম্বে এবিষয়ে বিশেষ বিবেচনা করিতে পারেন। এতদ্দেশীয় সংবাদ পত্র সম্পাদনাধ্যক্ষ মহাশয়েরা অনুগ্রহপূর্ব্বক এবিষয় ভূয়ঃ২ স্বং পত্রে আন্দোলন করিলে পশ্চাৎ সহজে সুসিদ্ধ হইতে পারে। বিশেষতঃ আমরা বিবিধ বিনয় পুরঃসর সম্পাদকাগ্রগণ্য শ্রীযুত দর্পণকার মহাশয়কে অনুরোধ করি যে তেঁহ আমারদিগের অন্যকার এতদুক্ত অনুবাদ করিয়া দর্পণে অর্পণ করিলে গবর্ণমেণ্টের সুগোচর হইতে পারে ইত্যলং বিস্তরেণ।—প্রভাকর।

time to judge suits instituted by Hindoos according to the Mahomedan Law, only serves to perpetuate mental regret; there can be no advantage in it, and it is decidedly injurious. Indeed, the wages Government give them every year on this account, is only wasting of so much money. It, instead of this expenditure, Government were to lay the same money out in some other advantageous mode, it would be creditable to Government and advantageous to the country.

In consequence of the Persian language having no connection with the rulers of the country and the people, and its being disadvantageous to the country, the use of it has recently been abolished. If, in the same manner, the habit of keeping Moulovees be dispensed with and Pundits well acquainted with the Hindoo Shastrus were appointed, and precepts were drawn from the Royal legal works, we think this would be worthy of the early consideration of the lawgivers of the country. If the Editors of the various papers of the country would repeatedly take this subject up in their Journals, it might in time be easily accomplished. We would more particularly request the Editor of the *Durpun* to translate this article and insert it in his own paper, in order that it may catch the eye of Government.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

এতন্নগরস্থ সুতে হাটার নিবাসি বিশিষ্ট মল্লিক গোষ্ঠীপতিরা ঐ স্থানের অতিপ্রাচীন ও অবাধে ও অবিবাদে নিরাপদে কালযাপন করিয়া আসিতেছেন ইহারদের বাটী ৺ ঠাকুরের পুলিনোপরি গ্রন্থিত অথিত ইহারদের স্নানাদি করণার্থে ৺ পূজার বাটীর সম্মুখে ও সদর বাটীর প্রাঙ্গণের পূর্ব্বপার্শ্ব দিয়া তীর অবধি প্রায় নীর পর্য্যন্ত এক ঘাট বান্ধা গিয়াছে তথায় পূর্ব্বে কেবল ঐ বৃহদ্গোষ্ঠীর স্নানাদি হইত তদনন্তর ঐ পল্লি প্রবাসি বিশিষ্ট ব্রাহ্মণ সজ্জন মহাশয়েরা উত্তম ঘাটাবলোকনে পুলকিতান্তঃকরণে মল্লিকদিগের সম্মতিক্রমে স্নানাদি করিতে আসিতেন কালানুসারে ঐ পাড়ায় প্রবাসির প্রাচুর্য্য হওয়াতে প্রায় অনেকেরই ঐ ঘাটে স্নানার্থে আগমনের উপক্রম হইল ও তন্মধ্যে অশিষ্ট দুষ্টের দুষ্টতা অনুদিন বৃদ্ধি হওয়াতে বিশিষ্ট শিষ্ট নিষ্ঠাবান্তা গণের যদ্রূপ কষ্ট দৃষ্ট হইল তাহা বর্ণনাসাধ্য বিশেষতঃ স্ত্রীলোকদিগের অন্তঃপুরে ঘাটে আসাও একেবারে রুদ্ধ হইল তথাচ মল্লিকেরা কাহাকেও কিছু না কহিয়া ধীর হইয়া এই স্থির করিলেন যে যতক্ষণ বাটীর স্ত্রীলোকেরা স্নানাদি করিতে আসিবেন তদবধি প্রথম বহির্দ্বার রুদ্ধ থাকিবেক এই মত স্থির হইলে ১২ পৌষ সোমবার উক্ত মল্লিকেরা পরিবারদিগের স্নানকালীন প্রথম দ্বার রুদ্ধ করেন ইতিমধ্যে দুই জন লোক শ্রীযুক্ত মাণিকচন্দ্র বিশ্বাসের বাসাস্থই হউক বা অন্য কাহারো তাহা কহিতে পারিলাম না ফলত তৎসম্বন্ধীয় লোক বটেন স্নানার্থে আসিয়া বহির্দ্বার রুদ্ধ দেখিয়া ক্রুদ্ধ হইয়া প্রায় যুদ্ধ করিতে উদ্যত হইয়া ও আপনারদের হিস্ত দেখিয়া মুদ্ধ ভয়ে পলায়ন পরায়ণ হইয়া শেষ বিশেষরূপে কর্ত্তার কর্ণগোচর করাইলেন তাহাতে বাবু আপনাকে সাত রাজার ধন বিশ্বাস করিয়া ক্রোধাকুল হইয়া হিতাহিত বিবেচনা রহিত হইয়া বলপূর্ব্বক স্নান করিতে আজ্ঞা দিলেন তেঁহাৎ তল্লোকেরা দলবদ্ধ হইয়া মহাযোদ্ধার ন্যায় সিংহনাদ করত দ্বারের সম্মুখে উপস্থিত হইয়া দ্বার খুলিতে কহিল ফলতঃ মল্লিকেরা তাহা না করিবায় উহারা উন্মত্ত হইয়া হরিবোল২ দ্বার খোল ইতি ধ্বনি করত মহা গণ্ডগোল করিয়া তৎক্ষণাৎ দ্বার ভাঙ্গিয়া বাটী প্রবিষ্ট হইয়া যথোচিত দৌরাত্ম্য করিয়া স্নান করণানন্তর বাসায় গমন করিলেক পরে গোষ্ঠীপতিরা তদ্বিরুদ্ধে সবিচারক শ্রীযুত সমুএল সাহেবের হজুরে হাজির হইয়া অভিযোগ করিবার দারোগার প্রতি সুরতহাল করিতে অনুমতি হইল তাহাতে দারোগা ২২ পৌষ বুধবার প্রাতঃকালে তদ্বৃত্ত স্থানে সমাগত হইয়া উভয় পক্ষের সাক্ষিদিগের সাক্ষ্যে ও প্রত্যক্ষ লক্ষ করিয়াও উহারদের ভাগ্যক্রমে যথার্থ পক্ষ তৎকালীন নিশ্চয় না করাতে মল্লিকেরা শ্রীযুক্তের সন্নিধানে সবিনয়ে পুনরাবেদন করাতে ধর্ম্মাবতার সদয় হইয়া ২৭ পৌষ বুধবার অপরাহ্নে তথায় উপনীত হইয়া প্রথমতঃ ভগ্ন দ্বার অবলোকন করিলেন পরে বাটী প্রবিষ্ট হইয়া ঐ ঘাটের প্রায় চতুঃপার্শ্বেই অন্দর মহলের বাটী দেখিতে পাইলেন। তাহাতে তদ্বাটীর ভিতরের ঘাট এমত সদুপলব্ধি হইল বিশেষতঃ ঐ ঘাটের দক্ষিণাংশে যে অন্য অত্যুত্তম এক বান্ধা ঘাট যাহা সাধারণের কারণ নির্ম্মিত হইয়াছে অথচ উহারা প্রায় তথায় গমন করে না দেখিয়া সুদ্ধ উহারদের শঠতা ও বিরোধ করিবার মানস অনুভূত হইয়া পর দিবস রাজস্থানে বিচারাসনে উপবেশনানন্তর আজ্ঞা দিলেন যে প্রচুর প্রমাণ প্রাপণে ও অবলোকনে নিশ্চয় বোধ হইল যে উহা মল্লিকদিগের বাটীর ঘাট অতএব অদ্যাবধি কোন অপর লোক উক্ত ঘাটে স্নানাদি করিতে পারিবেক না এবং দ্বার ভাঞ্জন যদিও তাহার অনুমতিক্রমে অমুক কর্ত্তৃক হইয়া থাকুক তথাপি তৎকালীন তিনি বা তাঁহার কোন আত্মীয় তথায় উপস্থিত না থাকাতে শ্রীযুক্ত এইবার ক্ষমা করিলেন এবং যদি ভবিষ্যতে তাঁহারা এমত করিতে ক্ষান্ত না হন তবে আইনানুসারে নিতান্তই চূড়ান্ত দণ্ডার্হ হইবেন। অতএব দর্পণকার মহাশয় স বক্তার পতি অপক্ষপাতি মহামতির সুবিচারে বিশ্বাসের আশ্বাস গিয়া শেষ বসিয়া দীর্ঘ নিশ্বাস ছাড়িতেছেন তারা কি। যদি সম্পাদক মহাশয় কহেন যে ৺ গঙ্গার ঘাট বদ্ধ করা কোন্ বিচার। উত্তর মল্লিকেরা আপনারদের বৃহদ্গোষ্ঠী দেখিয়া প্রায় বাটীর ভিতরেই গঙ্গা স্নানের ঘাট বান্ধাইয়াছেন। যদি ইহা সর্ব্বসাধারণের জন্য হইত তবে তাঁহারা অবশ্যই অন্য কোন প্রকাশ্য স্থানে নির্ম্মাণ করাইতেন আর প্রবাসি মহাশয়দিগেরই বা এই কোন্ বিচার যে নিকটে অন্য উত্তম বান্ধা ঘাট সত্ত্বে তাহা উপেক্ষা করিয়া লোকের বাটীর ভিতরের ঘাটে স্নান করিতে আসিবেন। আহা তাহাও যদি ভদ্র লোকের ন্যায় ভদ্ররূপে আসিতেন তবে কি ক্ষতি ছিল। যদি সম্পাদক মহাশয় কহেন যে যে ঘাটে যাহারা পূর্ব্বাবধি স্নানাদি করিয়া আসিতেছে তাহারা আমি তাহা কি প্রকারে ত্যাগ করিবেক। উত্তর ইহা কিছু কৌলিক কর্ম্ম নহে যে তাহা ত্যাগ করা যায় না বিশেষতঃ যেখানে সন্নিকটে অন্য এক বান্ধা ঘাট আছে তথায় স্নান করিলে কি গঙ্গা স্নান হয় না কি তাহাতে কোন হানি আছে। ফলতঃ অগ্র পশ্চাৎ বিবেচনা না করিয়া এতদ্প্রকার কর্ম্মে হঠাৎ প্রবৃত্ত হইলে অপমানিত হইয়া চরমে হাস্যাস্পদও হইতে হয়। যাহা হউক উহারা এইক্ষণে শ্রীশ্রী৺ নিকটে করপুটে শ্রীযুক্তের শ্রীবৃদ্ধির প্রার্থনা করতঃ সুখে কালযাপন করিতেছে। সম্পাদক মহাশয় অধুনা এই পর্য্যন্তই লিখিলাম আবশ্যক হইলে পুনর্লেখনী ধারণে ত্রুটি হইবেক না ইত্যাঙ্কাং লিপিরিয়ং মাঘস্য ষোড়শ দিনকা রবিবাসরীয়া।

কস্যচিৎসত্যবাদিনঃ।

Correspondence.

To the Editor of the Durpun.

In this city, the respectable Mullicks who reside in the Ghootea Bazar, a very ancient family have long lived here without trouble, difficulty or impediment; their houses being upon the banks of the river. In order that they may have the facilities of bathing, just in front of their family temple, and on the east side of their residence, they have built a Ghaut which extends to the water's edge. Formerly only the members of that family used to bathe there; afterwards, the respectable brahmuns residing in the vicinity, coveting the use of the Ghaut, with the consent of the Mullick, used to come down to bathe there. And afterwards when the population increased in the neighbourhood, a great many of the neighbours got into the habit of coming there to bathe; but in consequence of the great increase of wickedness, the most respectable bathers were exposed to such distress, as I cannot describe. The respectable women did not venture down, there in their dresses. Yet the Mullicks saying nothing to any one, simply determined that the outer gate should be shut until the females of the house had returned from bathing. Having determined on this, on Monday, the 12th Pous, the Mullicks closed the outer gate, while the families were bathing; in the mean time two people, whether residing in the house of Manickchunder, or in some other house, I cannot tell, but still belonging to that connection, came to bathe, and seeing the outer door shut, became enraged and prepared for a scuffle, but seeing that they were only two, were overcome with fear, and fled to make known the matter to the Baboo. Upon this, the Baboo Manickchunder, buoyed up with the idea of his own wealth, in a great passion, which deprived him of all judgment, ordered them to go down and bathe by force; upon which those men, with a great crowd and immense shouting, came to the great gate and ordered it to be opened; but the Mullicks not complying with this, they cried out "Huribole, Huribole, open the gate," and by force breaking it down, proceeded into the house, committing many outrages, and after having bathed, took their departure.

The Mullicks, in opposition to this, proceeded to Mr. Samuells, and laid their complaint; upon which an order was given to the Darogah, to inquire into all the particulars. The Darogah proceeded there on Wednesday, the 22d Pous, and hearing the witnesses on both sides, and looking into the matter himself, *unfortunately* being unable to decide which side had the right, the Mullicks again applied to Mr. Samuells, who proceeded himself there on the evening of the 27th Pous, and looked at the broken gate, and then entering the house, saw the Ghaut and all the buildings near it; and determined in his mind, that the Ghaut belonged to the house, and seeing an excellent Ghaut to the south of it, which appeared to have been built for the general use, and ascertaining that scarcely any body used it, judged that the dispute arose from their quarrelsome disposition and from fraud. The next day, seated on the judgement seat, he decided, that in consequence of full proof and personal examination, it was evident that the Ghaut belonged to the Mullicks, and that from this time forward no other persons should venture to bathe there; and that although the door had been broken down, evidently with the consent of a certain person, yet as neither he nor any of his friends were present the fault should be overlooked this time but that if such an outrage was repeated they would be subject to the full penalties of the law. And Manickchunder Biswas having lost all hope of favour from the impartial and wise judge, is now setting down and drawing a long breath. What else can he do? If you should say, Mr. Editor that it is not right to shut up a Ghaut on the river, we reply, that the Mullicks, in consequence of their very large family, have built the Ghaut almost within their own house. If it had been built for all, it would have been erected in some other place; and what reason is there for the neighbours to abandon an excellent large Ghaut which is near, and insist on going through a private dwelling to this Ghaut If, like respectable men, they had come down decently to bathe, there would have been no harm. If it be said, Mr. Editor that they ought not now to be deprived of a Ghaut, which they have used so long we reply, that it is no hereditary observance which they cannot abandon; and what harm would there be in their proceeding down to bathe at the excellent Ghaut which is near? In fact, any one entering upon such a course, without looking before and after him, only encountered the risk of being disgraced and becoming ridiculous. Be that as it may, the Mullicks are now praying with joined hands to the Almighty for the welfare of the Magistrate Thus far I have written to day, if it be necessary to say more, I will write hereafter.

A Speaker of the Truth

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	।৶	ঐ
২ ক্লাস	।।০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0 3		0 6	
2d. Class,	0		0 4	
3d. Class,	5 8		4 0	
Middle 5 per cent loan,	0		0 0	
New 5 per Cent,	13		13 0	
4 per Cent loan,	2		2 0	Di

Bank, Shares.

Bank of Bengal......Co.'s Rs. 2,400—2,5[illegible]

সমাচার দর্পণ

১১৭৮ সংখ্যা। বালম ২০।] ১০ ফেব্রুআরি ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ২৯ মাঘ। SATURDAY, FEBRUARY 10TH, 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1178. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুম ক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল

On the 1st February instant, my Mooktear, Isshen Chunder Mojoomdar, lost the four following Bengal Bank Notes, to the amount of Co's. Rs. 350, at the Collectorate Cutcherry of the 24-Pergunnahs at Allypore, where he went to pay the Government Revenue on my behalf. If any person finding either all those notes or any of them, will be rewarded; on the notice being given to my address at Simlah in Calcutta.

BUDDINATH BOSOO.

Calcutta, 3d February, 1838.

Bengal Bank Notes

No.		
471	for Co's. Rs.	100
6,024,	„	100
11,320	„	100
11,111	„	50
		350

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে গত ফেব্রুআরি মাসের ১ তারিখে শ্রীযুত মহেশচন্দ্র মজুমদার আলিপুরে জিলা চব্বিশ পরগনার কালেকটরী কাছারিতে আমার তরফ কোম্পানির খাজানা দাখিল করিতে যাওয়াতে নীচে লিখিতব্য নং কোং ৩৫০ টাকার ৪ কেতা বাঙ্গাল বেঙ্ক নোট হারাইয়াছে। যদি কোন ব্যক্তি ঐ সমুদয় নোট কিম্বা তাহার মধ্যে কতক পাইয়া থাকেন তবে কলিকাতার সিমলা স্থানে আমার বাটীতে সম্বাদ দিলে উপযুক্ত পুরস্কার প্রাপ্ত হইবেন।

বাঙ্গালবেঙ্ক নোট।

৪৭১নং ১ কেতা কোং ১০০ টাকা
৬০২৪নং ১ কেতা কোং ১০০ টাকা
১১৩২০নং ১ কেতা কোং ১০০ টাকা
১১১১১নং ১ কেতা কোং ৫০ টাকা

শ্রীবৈদ্যনাথ বসু কলিকাতা সীমলা।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলকাতার সাবেক সরিফ শ্রীযুত রিচার্ড হো কথেল সাহেব ক্ষেত্রচাঁদ চক্রবর্ত্তির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের বড় বাজারের বাঁশতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩৬ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ক্ষেত্রচাঁদ চক্রবর্ত্তির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে শ্যাম দাসের বাটী ও ভূমি। পূর্ব্ব ও দক্ষিণ দিগে কাশীনাথ মল্লিকের বাটী ও ভূমি। উত্তর দিগে সরকারী রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুইপ্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রামনারায়ণ মুখোপাধ্যায়ের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা মেদিনীপুরে বগড়ি পরগনা বসনচারার শামিল ও তন্মধ্যস্থিত বগড়ি নামে বিখ্যাত যে এক তালুক তাহার ১৫ ডিহিতে ৬৭৩ মৌজা আছে বিশেষতঃ ডিহি নিজ বসনচারা ডিহি বাচুয়া ডিহি কেদারা ডিহি বসন্তপুর ডিহি কসবা ডিহি রসকুণ্ড ডিহি উড়িয়াসহী ডিহি করুই ডিহি গয়েষ্টন ডিহি নয়াবসত ডিহি পাত্রপাড়া ডিহি টুলবাড়িয়া ডিহি পশ্চিম ডিহি আগরা ডিহি হাবিলি তাহার অর্দ্ধেক অংশেতে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যেও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী রামনারায়ণ মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানার প্রবেশ দ্বারের নিকট কলকাতার সরিফ সাহেব মৃত তারাকিঙ্কর চট্টোপাধ্যায়ের পুত্র অথবা উত্তরাধিকারি নবচন্দ্র চট্টোপাধ্যায় এবং মৃত কালীকিঙ্কর চট্টোপাধ্যায়ের তিন পুত্র অথবা উত্তরাধিকারি তারাচাঁদ চট্টোপাধ্যায় ও হরচন্দ্র চট্টোপাধ্যায় ও মহেন্দ্রলাল চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা ভুলুয়ার আমীরাবাদ পরগনার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী তাহাতে কাছারি বাটী প্রভৃতি তাহার নয় আনা অংশে ও তাহার নয় আনা অংশের মধ্যে ও তাহার নয় আনা অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত তারাকিঙ্কর চট্টোপাধ্যায় ও মৃত কালীকিঙ্কর চট্টোপাধ্যায়ের প্রত্যেকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইরূপে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইশতেহার।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নিষ্পত্তার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত জানরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ॥০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

সদগুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জন ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেব কর্ত্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রাঙ্কিত মূল্য ৪ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরী সাহেবকর্ত্তৃক রচিত তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ৩ টাকা।

সংস্কৃত ভাষায়।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্ত্তৃক সম্পন্ন হইয়া সূচিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোক সকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ সাং ১৮৩১ সালের শ্রীযুত গবর্ণমেণ্টকর্ত্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে। প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মুনসেফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথা ক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রেসিডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফিসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ২ বালম প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রেই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ই ত।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

CIVIL APPOINTMENTS.

31st January, 1838.

Lieutenant-Colonel Caulfield, Superintendent of the Mysore Princes, has been this day appointed Agent to the Governor General at Moorshedabad, vice the Honourable Mr. Melville, resigned.

Captain Ouseley will take charge of the office of Superintendent of the Mysore Princes, retaining his present office, until further orders.

The Honourable W. H. L. Melville, of the Civil Service, embarked for England on board the Ship "*Charles Grant*," which Ship was left by the Pilot at Sea on the 28th instant, from which date his resignation will take effect.

Sir Charles D'Oyly, Bart., has been permitted to resign the East India Company's Civil Service, from the date on which the Pilot may quit the Ship "*Thomas Grenville*" at Sea.

Mr. C. E. Trevelyan, of the Civil Service, embarked for England, on board the Ship "*Lord Hungerford*," which Vessel was left by the Pilot at Sea on the 17th instant.

Mr. G. D. Raikes, Writer, attached to the North Western Provinces, is permitted to remain at the Presidency for one month from this date.

Mr. George Gough, Salt Agent of Bulloah and Chittagong, is permitted to proceed to the Cape of Good Hope or New South Wales, for the benefit of his health and to be absent on that account for a period of two years.

1st February.

The Honourable the President of the Council of India and Deputy Governor of Bengal, has this day appointed Surgeon James Hutchinson, to act as his Private Secretary, until further Orders.

30th January.

The Honourable the Deputy Governor of Bengal is pleased, with the sanction of the Supreme Government, to appoint Mr J. R. Hutchinson, as a Temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, in the room of Mr. D. C. Smyth.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. J. F Cathcart, Civil and Session Judge of Purneah, an extension of leave, on medical certificate, to the 16th instant.

Mr. G. Adams, Joint Magistrate and Deputy Collector of Midnapore for twenty days, in extension of the leave granted to him, on medical certificate, on the 18th July last, preparatory to his applying for permission to proceed to England on Furlough.

1st February.

Mr. J. Curtis, Judge of Burdwan, for one week on private affairs from the 5th instant. Mr. J. T. Mellis will conduct the current duties of Mr. Curtis' office.

2d February.

Mr. R. M. Skinner, Officiating Magistrate of Mymunsing, for six days' from the 9th instant, on private affairs, in extension of the time allowed to join his station.

ERRATUM.—For Baboo Ramdhone Ghose appointed on the 16th ultimo, to be Deputy Collector in Zillah Nuddea, under the provisions of Regulation IX. of 1833, read Baboo Ramdhone Sein.

রাজকর্ম্মে নিয়োগ।

৩১ জানুআরি ১৮৩৮।

মহীশূরের সুলতানেরদের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনন্ট কর্ণল কালফিল সাহেব শ্রীযুত আনরবল মেলবিল সাহেব কর্ম্মে ইস্তফা দেওয়াতে তাঁহার পরিবর্ত্তে মুরশিদাবাদস্থ গবর্নর জেনরলের এজেণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত কাপ্তান ওসলি সাহেব স্বীয় কর্ম্ম নির্ব্বাহ করত মহীশূরের সুলতানেরদের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

৩১ জানুআরি।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ এচ এল মেলবিল সাহেব বিলাত গমনার্থে চার্লস গ্রাণ্ট নামক জাহাজ আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে এই তারিখ অবধি সাহেবের কর্ম্মে ইস্তফা দেওন গ্রাহ্য হইবেক।

শ্রীযুত সর চার্লস ডাইলি বারনেট সাহেব টামস গ্রাণ্ট জাহাজ আড়কাটি ছাড়নের তারিখ অবধি ভারতবর্ষস্থ কোম্পানির সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত সি ই ত্রিবিলিয়ন সাহেব বিলাত গমনার্থ হাঙ্গর ফোর্ড নামক জাহাজ আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

উত্তর পশ্চিম অঞ্চলস্থ কোম্পানির কেরানি শ্রীযুত জি ডি রেক্স সাহেব কলিকাতা রাজধানীতে অবস্থানার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

ভুলুয়া ও চট্টগ্রামের নিমক এজেণ্ট শ্রীযুত জর্জ গফ সাহেব স্বাস্থ্য নিমিত্ত কেপে অথবা নিউ সৌথ উয়েল্‌স গমনার্থ দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

১ ফেব্রুআরি।

ভারতবর্ষস্থ কৌন্সেলের শ্রীলশ্রীযুত প্রেসিডেণ্ট সাহেব এবং সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত চিকিৎসক শ্রীযুত জেমস হচিনসন সাহেবকে অদ্য নিজের সেক্রেটরী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন

৩০ জানুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব সুপ্রিম গবর্ণমেণ্টের অনুমতিক্রমে শ্রীযুত জে আর হচিনসন সাহেবকে শ্রীযুত ডি সি স্মিথ সাহেবের পরিবর্ত্তে সদর দেওয়ানী ও নিজামত আদালতের কিঞ্চিৎ কালের নিমিত্ত জজের কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

পুরণিয়ার সিবিল ও সেসন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৬ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

মেদনীপুরের জাইণ্ট মাজিস্ত্রেট শ্রীযুত আদম সাহেব গত জুলাই মাসের ১৮ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত ছুটি লইয়া বিলাত গমনার্থ দরখাস্ত করিতে ২০ দিবসের ছুটি পাইয়াছেন।

১ ফেব্রুআরি।

বর্দ্ধমানের জজ শ্রীযুত জে কার্টিস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৫ তারিখ অবধি এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত জে টি মেলিস সাহেব শ্রীযুত কার্টিস সাহেবের পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

২ ফেব্রুআরি।

মৈমনসিংহের একটিং মাজিস্ত্রেট শ্রীযুত আর এম স্কিনর সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৯ তারিখ অবধি ছয় দিবসের ছুটি পাইয়াছেন।

অশুদ্ধ শোধন ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা নবদ্বীপের ডেপুটি কালেক্টর রামধন ঘোষ না হইয়া শ্রীযুত বাবু রামধন সেন বর্ত্তমান মাসের ১৬ তারিখে নিযুক্ত হইয়াছেন।

২০ জানুআরি।

পদাতিক সৈন্যের ৬৯ রেজিমেণ্টের এনশান শ্রীযুত এম ই সরবেল সাহেব শ্রীযুত এনশান আর হিল সাহেবের পরিবর্ত্তে অযোধ্যার পদাতি সৈন্যের প্রথম রেজিমেণ্টের দ্বিতীয় সেনাপতি হইয়াছেন।

৩১ জানুআরি।

শ্রীযুত জান মাষ্টর সাহেব বর্ত্তমান মাসের ২৫ তারিখ অবধি ভারতবর্ষীয় কোম্পানির সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

৫ ফেব্রুআরি।

শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব গবর্ণমেণ্টের ১০ তারিখের হুকুম নামাক্রমে যে দুই মাসের ছুটি পান তাহা তাঁহার প্রার্থনা মতে অদ্যকার তারিখ অবধি রহিত হইল। শ্রীযুত আলেকজান্দর সাহেব সাগর হইতে প্রত্যাগত হইয়া গবর্ণমেণ্টের জেনরল ডিপার্টমেণ্টের স্বীয় ডেপুটি সেক্রেটরী পদ পুনগ্রহণ করিয়াছেন।

পোষ্টমাষ্টর জেনরল শ্রীযুত জে এফ এম রিড সাহেব বায়ু কর্ম্মোপলক্ষে চারি মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব শ্রীযুত রিড সাহেবের অনুপস্থানপর্য্যন্ত তাঁহার কর্ম্ম একটিংরূপে নিযুক্ত হইয়াছেন। এই নিয়োগ যে তারিখে শ্রীযুত রিড সাহেব কর্ম্ম অর্পণ করিবেন সেই তারিখঅবধি চলিবে।

কৌন্সলের শ্রীলশ্রীযুত প্রসীডেণ্ট সাহেব সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ আনউইন সাহেবকে উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মভুক্ত করিয়াছেন।

গত ৩১ জানুআরি বুধবারে এবং বর্ত্তমান মাসের ৩ তারিখ শনিবারে কলিকাতা গেজেটে প্রকাশিত ১৮৩৮ সালের ৪ আইনের সম্পর্ক যেপর্য্যন্ত থাকে সেইপর্য্যন্ত তাহা অশুদ্ধ প্রযুক্ত রদ হইল।

নীচে লিখিতব্য মহাশয়রা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য দিয়াছেন।

শ্রীযুত জি সুরিটা সাহেব।
শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র হই।
শ্রীযুত বাবু প্রাণনাথ বসু।
শ্রীযুত বাবু রাধামাধব বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু মাধবচন্দ্র শীল।
শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ।
শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ গুপ্ত।
শ্রীযুত বাবু আশুতোষ দেব।
শ্রীযুত বাবু তারাচাঁদ দাস।
শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ ঘোষ।
শ্রীযুত বাবু রামধন ঘোষ।
শ্রীযুত বাবু গোপীমোহন দত্ত
শ্রীযুত বাবু কালীকৃষ্ণ রায়।
শ্রীযুত বাবু রাজেন্দ্র মিত্র বারাণসী।
শ্রীযুত বাবু ঈশানচন্দ্র রায় ঘাটাল।
শ্রীযুত বাবু রায় কালীপদ ঘোষাল।
শ্রীযুত মহম্মদ আরিপ খাঁ দানাপুর।

১৮৩৮ সালের ১ ফেব্রুআরিঅবধি ১৮৩৯ সালের ৩১ জানুআরিপর্য্যন্ত।

শ্রীযুত বাবু রঘুনাথ বাহাদুরী দিনাজপুর।
শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র ঐ।
শ্রীযুত বাবু ঈশানচন্দ্র সেন নাজির ঐ।
শ্রীযুত বাবু রাসবিহারী ঘোষ ঐ।
শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র চৌধুরী ময়মনসিংহ।

বারাণসীস্থ শ্রীযুত বাবু রাজেন্দ্র মিত্র ১৮৩৭ সালের ১৭ দিসেম্বরপর্য্যন্ত কো° ১৭ টাকা।

20th January.

Ensign M. E. Sherwill, of the 69th Regiment Native Infantry, has been appointed to be 2d Subaltern to the 1st Regiment of Infantry of the Oude Contingent, vice Ensign R. Hill, posted to the Cavalry.

31st January

Mr. John Master has been permitted to resign the East India Company's Civil Service, from the 25th instant.

5th February.

The leave of absence granted under Orders of Government, dated the 10 h ultimo, to Mr. George Alexander, for two months, is cancelled at his request from this date. Mr. Alexander has returned from Saugor, and resumed charge of his duties as Deputy Secretary to Government in the General Department.

Mr. J. F. M. Reid, Post Master General, is permitted to be absent for a period of four months, on private affairs.

Mr. George Alexander is appointed to act for Mr. J. F. M. Reid during his absence,—the appointment to take effect from the date on which Mr. Reid makes over charge of his office.

The Honourable the President in Council is pleased to attach Mr. H. Unwin, of the Civil Service, to the North Western Provinces.

The Calcutta Gazettes, published on Wednesday, the 31st January last, and Saturday, the 3rd instant, are hereby cancelled, as far as Act No. IV. of 1833, is concerned, in consequence of some errata.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year*, from January 1st to December 31st, 1838, EIGHT Rupees each:

Mr. G. Surita.
Baboo Eeshurchunder Hoee.
" Praunnath Bosoo.
" Radha Madhub Bondo.
" Madhubchunder Sil.
" Doorgaprusad Ghose.
" Lokheenarayan Goopt.
" Asootose Deb.
" Taracheand Dass.
" Boisnubchurun Ghose.
" Ramdhun Ghose.
" Gopeemohun Dutt.
" Kaleekissen Roy.
" Rajendru Mitter, Benares.
" Eshanchund Roy, Ghatal.
Roy Kaleepuddo Ghosaul.
Muhumud Arif Khan, Dinagepore.

From 1st. Feb. 1838, to Jan. 31, 1839.

Baboo Rughoonath Bahadooree, Dinagepore.
" Govindchund, do.
" Eshan Chund Sein, Nazir, do.
" Rasbeharee Ghose, do.
" Bhyrubchunder Chowdree, Mymensing.

Baboo Rajendru Mitter, of Benares, to Dec. 1837, 17 Co's. Rs.

সমাচার দর্পণ

শনিবার ১০ ফেব্রুআরি ১৮৩৮।

পারস্য ভাষা।

পারস্যভাষা উঠাইয়া দিবার বিষয়ে বঙ্গদেশের শ্রীশ্রীযুত গবর্নর সাহেবের নীচে লিখিত যে আজ্ঞা আমরা প্রকাশ করিলাম এই হুকুমের দ্বারা ঐ বিষয়ের একেবারে শেষ হইল তাহাতে এই আজ্ঞা হয় যে ১২ মাসের মধ্যে তাবৎ আদালতে ও কালেক্টরী কাছারীতে ঐ বিদেশীয় ভাষার ব্যবহার উঠিয়া যাইবে এবং তাহার পরিবর্ত্তে দেশীয় ভাষা চলিত হইবে। ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরদের প্রতি অনুমতি হইয়াছে যে এই ভাষা পরিবর্ত্তনেতে কোন অনিষ্ট না ঘটে এমত তাঁহারা সুনিয়ম করিতে পারেন কিন্তু ঐ পারস্য ভাষা একেবারে চূড়ান্তরূপে উঠাইয়া দেওন ১৮৩৯ সালের জানুআরি মাসের পর আর কিছুমাত্র বিলম্ব হইবে না। এই অদ্ভুত ভাষার পরিবর্ত্তনেতে দেশীয় তাবল্লোকের অতিশুভ সম্ভাবনা বিষয়ে আমারদের পরম আহ্লাদ বহুকালাবধি দেশীয় তাবল্লোকের অতিব্যগ্রতা ছিল যে সরকারী কর্ম্মকারকেরদের সঙ্গে তাঁহারদের যে সকল নিজ কার্য্য তাহা আপনারদের ভাষার দ্বারা নির্ব্বাহ করিতে পারেন এবং তাঁহারা এই বিষয় বারম্বার গবর্ণমেণ্টকে নিবেদনও করিয়াছেন। এক্ষণে পরিশেষে ১৮৩৮ সালে শ্রীলশ্রীযুক্ত লার্ড আকলণ্ড সাহেবের আনুকূল্যে তাঁহারদের ঐ ইষ্টসিদ্ধ হইল অতএব ইদানীং বঙ্গভাষার বিষয়ে মনোযোগ না করণে আর কোন ওজর থাকিবে না। অধুনা বিদেশীয় আর কোন ভাষা অভ্যাসকরণে কিঞ্চিন্মাত্র কারণ থাকিল না অতএব আমারদের ভরসা হয় যে বঙ্গভাষাতে বিদ্যাদানার্থ বঙ্গদেশময় গ্রামেগ্রামেই পাঠশালা স্থাপন হইবে।

বিজ্ঞাপন।

ভারতবর্ষস্থ কৌন্সলের শ্রীযুক্ত প্রসীডেণ্ট অর্থাৎ সভাপতি সাহেব গত মাসের ৪ তারিখে ১৮৩৭ সালের ২৯ আইনের ২ ধারাক্রমে ঐ আক্টের দ্বারা শ্রীশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সলের যে সকল ক্ষমতা আছে তাহা বঙ্গদেশের শ্রীযুক্ত ডেপুটি গবর্নর্ সাহেবকে অর্পণকরাতে ঐ শ্রীযুক্ত ডেপুটি গবর্নর্ সাহেব এই নিশ্চয় করিয়াছেন যে ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি বাঙ্গালা দেশের তাবৎ প্রদেশে আদালত ও রাজস্ব সম্বন্ধীয় কার্য্যে পারস্য ভাষার পরিবর্ত্তে দেশীয় ভাষার চলন হইবে এবং এতদ্রূপ পরিবর্ত্তনকরণার্থ ১ জানুআরি তারিখঅবধি ১২ মাস নির্দ্দিষ্ট হইল।

শ্রীলশ্রীযুক্তের এমত বোধ আছে যে এই পরম মাঙ্গলিক নূতনমেতে অতিপ্রাচীন ও দেশীয় মূলবদ্ধ নিয়মের পরিবর্ত্তন হইবে অতএব তাহা অতিসাবধানে নির্ব্বাহ করিতে হইবে।

এইপ্রযুক্ত শ্রীলশ্রীযুত নানা কর্ম্মাধ্যক্ষেরদিগকে এমত ক্ষমতা দিতেছেন যে এই সুনিয়ম তাঁহারা আপনাং দপ্তরে এবং আপনারদের অধীন নানা দপ্তরে তাঁহারদের সদ্বিবেচনাপূর্ব্বক ক্রমেং প্রবিষ্ট করান। কেবল ইহাই নিতান্ত হুকুম হইল যে উক্ত মিয়াদের মধ্যে তাহা সম্পূর্ণরূপে সমাপ্ত করিতে হইবে।

শ্রীলশ্রীযুক্তের জ্ঞাপনার্থ এই নিয়ম সম্পাদননিমিত্ত যেরূপ উদ্যোগ হইয়াছে তাহার এক রিপোর্ট আগামি ১ জুলাই

SUMACHAR DURPUN.

SATURDAY, FEBRUARY 10TH. 1838.

The Persian Language.

We publish below the orders of the Governor of Bengal, relative to the abolition of Persian. This letter finishes the business altogether. It directs, that within one twelve month, the use of this foreign language in all the Judicial Courts and in all the Collector's Offices shall cease, and that the vernacular languages shall be substituted in their stead. The European Officers are allowed to make such arrangements as shall prevent inconvenience from the change; but the final abolition of this language is not, on any account, to be delayed beyond January, 1839. We congratulate the whole Native community on this auspicious change. Long have the Natives felt the utmost anxiety, that in the management of their own public business, they might be permitted to use their own languages; and often have they conveyed their wishes to Government on this subject; and now at length, in the year 1838, under the auspices of Lord Auckland their wishes are fulfilled. There can now be no more excuse for not cultivating the Bengalee language. We hope, that as there is no longer any necessity of acquiring any foreign language, seminaries for imparting instruction in the Bengalee language will be generally established throughout the country.

Resolution.

The President of the Council of India in Council having been pleased, on the 4th ultimo, in conformity with section 2, Act No. XXIX. of 1837, to delegate to the Deputy Governor of Bengal all the powers given to the Governor General in Council by that Act, the Deputy Governor has resolved, that in the districts comprized in the Bengal Division of the Presidency of Fort William, the vernacular language of those districts shall be substituted for the Persian in Judicial proceedings, and in proceedings relating to the Revenue, and the period of twelve months from the 1st instant shall be allowed for effecting the substitution.

His Honour is sensible that this great and salutary reform must be introduced with caution, involving as it does, the complete subversion of an old deeply rooted system.

He, therefore, vests the various heads of department with a discretionary power to introduce it into their several offices, and those respectively subordinate to them by such degrees as they may think judicious, only prescribing that it shall be completely carried into effect within the period above mentioned.

For His Honour's information a report of the progress made in the introduction of this measure will be requir-

তারিখে এবং তৎপরে ১৮৩৯ সালের ১ জানুআরি তারিখে দিতে হইবে।

হুকুম হইল যে উক্ত বিজ্ঞাপনের এক নকল জেনরল ডিপার্টমেণ্টে প্রেরিত হয় এবং ঐ দপ্তরের অধীন তাবৎ কর্ম্মকারকেরদিগকে তদনুযায়ি হুকুম দেওয়া যায়।

এফ জে হালিডে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং
সেক্রেটরী।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট
২৩ জানুআরি ১৮৩৮ সাল।

ed on the 1st July next, and again on the 1st January, 1839.

Ordered, that a copy of the above resolution be transmitted to the General Department for the issue of instructions to the above effect, in respect to the offices subject to that department.

(A true copy.)
(Signed) F. J. HALLIDAY,
Officiating Sec. to the Govt. of Bengal.
Judicial and Revenue Department, 23d Jan. 1838.

গবরনর জেনরলের ছাউনি।

মিরটনিবাসি এক জন পত্রপ্রেরকের পত্রহইতে আমরা এই সম্বাদ আমরা গ্রহণ করিলাম। এই অঞ্চলে অনাবৃষ্টিপ্রযুক্ত এমত ক্লেশ হইয়াছে যে কোন সামান্য দুর ও অতিকষ্টে মিলে এতদ্দেশীয় দীন দরিদ্র লোকেরা আহারাভাবে নানা স্থানে ভ্রমণ করত আপনারদের সন্তান পর্য্যন্ত বিক্রয় করিতেছে। অতএব বর্ত্তমানকালীন ক্লেশ অতিভয়ঙ্কর। টাকায় বুট ১৮ সের গোম ১৮ সের আটা ১৪ তণ্ডুল ৯। মুরগি প্রায় মিলে না এবং চুরী ও হত্যার সংখ্যা নাই।

প্রতিদিনই দুর্ভিক্ষাগমের প্রতীক্ষা হইতেছে এবং ইহার উপরেও দেশীয় তাবল্লোকের এমত শঙ্কা হইয়াছে যে শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ও তাঁহার ছাউনিস্থ বহুতর লোকের আগমন হইতেছে এবং ঐ ছাউনিতে প্রত্যহ এত অধিক আহারীয় দ্রব্য লাগে যে শ্রীলশ্রীযুক্ত যদি এক দিনের অধিক এই স্থানে অবস্থান করেন তবে সকলেরই প্রাণান্ত হইবে।

ছাউনির দিন খরচ।

অনুমান	মোন
বুট	১২০
গোম...	১২০
আটা...	৮০।৯০
ঘৃত	১০
মাখন...	৫
দুগ্ধ	১৫
মুরগি	১২০ টা
ভেড়ি	৯০
ডিম	৫০০

—হরকরা।

THE GOVERNOR GENERAL'S CAMP.

We give the following extracts from a letter of a correspondent at Meerut :

"The present drought is so great that it is with difficulty any thing is obtained. The poor natives in consequence of the famine are going about selling their children, and the general distress is awful. Gram is selling at 18 seers; wheat at 18 also; attah at 14 seers, and rice at 9 seers per rupee. Fowls very scarce, robberies and murders innumerable.

We are daily expecting a famine, added to which the population dread the visit of the Governor General and his followers. The great consumption of articles in his Camp will be sure to cause the greatest distress, if the Governor remains here more than a day. The daily consumption of the Camp is estimated as follows.

Gram,......	120	Maunds per diem.
Wheat, ...	120	do. do.
Attah, ...	80 to 90	do. do.
Ghee, ...	10	do. do.
Butter, ...	5	do. do.
Milk, ...	15	do. do.
Fowls,......	120	do. do.
Sheep,......	90	do. do.
Eggs, ...	500	do. do.

—Hurk.

এতদ্দেশীয় এক মহাশয়ব্যক্তির অপূর্ব্ব বদান্যতা।

গত সোমবারের ইঙ্গলিসমেন সম্বাদ পত্রদ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ ঠাকুর দিষ্ট্রিক্ত চারিটেবল সোসৈটিকে লক্ষ টাকা প্রদান করিয়াছেন। ঐ টাকার সুদের দ্বারা বহুতর দীনহীন ব্যক্তিরদের আহার নির্ব্বাহ হয় এতদর্থ ঐ টাকা সোসৈটিকে উপযুক্ত বন্ধকস্বরূপ ভূমির দ্বারা দত্ত হইয়াছে। এই টাকা স্বতন্ত্র জমা থাকিবে এবং দ্বারকানাথ ফণ্ডনামে বিখ্যাত হইবে যেহেতুক এইরূপ যে মহানুভব মহাশয়ব্যক্তি টাকা প্রদান করেন তাঁহার নাম ঐ মহাদানের সঙ্গে চিরস্মরণীয় হইবে।

Munificent Donation of a Native Gentleman.

We learn from the *Englishman*, that on Monday last, Baboo Dwarkanath Tagore bestowed upon the District Charitable Society, the magnificent sum of *One lakh* of Rupees, to be secured to the Society on good mortgages, and placed at interest for the benefit of the numerous poor who are maintained from the funds of that excellent Institution. The donation is to form a separate fund, and to be called "the Dwarkanath Fund," that the memory of the princely donor may be associated in perpetuity with this noble object.

এতদ্দেশীয় লোকের দেউলিয়াহওন।

গত সপ্তাহের মধ্যে কলিকাতাস্থ এতদ্দেশীয় এক কুঠীর অধ্যক্ষ তারাচাঁদ দে ও মাধবচরণ দে ১০ লক্ষ টাকার দেউলিয়া হইয়াছেন। তাঁহারদের দেনা পরিশোধার্থ এইক্ষণে স্থিৎ কেবল ৪ লক্ষ টাকা আছে। এই কুঠী আফীণের বাণিজ্যের মহাক্ষতিতেই দেউলিয়া হয়। কিয়দ্দিবস পূর্ব্বে পূরণচাঁদ ও বিষুণচাঁদনামক দুই মহাজন আফীণের বাণিজ্যে দেউলিয়া হইয়াছেন। ইহা লইয়া আফীণের দ্বারা এই তিন কুঠী গেল।

Extensive Native Failure.

During the past week, a native house of business in Calcutta, Tarachand Day and Madhubchurn Day, failed for the amount of ten lakhs of Rupees, against which they can only bring four lakhs of available assets. Their stoppage was caused by losses in Opium. A few days previous, Poorachand and Bissenchund failed from the same cause. This makes the third failure on this speculation.

গঙ্গাসাগরের মেলা।

প্রতিবৎসরে গঙ্গাসাগরের যেমন মেলা হইয়া থাকে তদপেক্ষা এই বৎসরে অতি হইয়াছিল। ঐ স্থানে ন্যূনাধিক ৭০ হাজার নৌকা জমা হয় এবং কথিত আছে ৬ লক্ষ লোক হইয়াছিল কিন্তু আমরা বোধ করি ইহা প্রকৃত না হইবে। তদ্বিষয়ে আমারদের এতদ্দেশীয় এক জন পত্রপ্রেরকের এক পত্র আমরা এই সপ্তাহে প্রকাশ করিলাম তিনি লেখেন ঐ মেলাতে প্রায় ২ লক্ষ লোক হইয়াছিল ইহা সম্ভব বটে। এবং এমত কথিত আছে যে ঐ স্থানে এতদ্দেশীয় বাণিজ্যদ্রব্য ১২ লক্ষ টাকার ন্যূন নহে বিক্রয় হইয়াছে। নানা দূর২ দেশ অর্থাৎ বোম্বাই অযোধ্যা শ্রীরঙ্গপটম লাহোর দিল্লী ও বঙ্গাদি প্রদেশ এবং নেপাল ও ব্রহ্মদেশহইতে বহুতর লোক আসিয়াছিল।

Annual Mela at Saugor.

The Mela which is held every year at Gunga Saugor, is stated this year to have been much larger than on any preceding year. The number of boats which were assembled, is stated to have amounted to 70,000, and the number of individuals present has been reckoned at 600,000. This, however, is not correct. A native correspondent whose letter we publish this week, makes the number amount to only 200,000, and we think that he is much nearer the mark. It is stated that the articles of Asiatic produce which were sold on the occasion, were of the value of twelve lakhs of Rupees. The assemblage was comprized of natives from Lahore, Delhi, Oude, Seringapatam, Bombay, and the Lower Provinces, as well as many from Nepaul and the Burmese States.

আফীণ।

গত সোমবারে এক্সচেঞ্জঘরে বেহার ও বারাণসীর আফীণ ২২৫৫ সিন্দুক বিক্রয় হইল। বেহারের আফীণ গড়ে ফি সিন্দুক ৭১০ বারাণসীর গড়ে ফি সিন্দুক ৬১০ টাকা মূল্য হইল। সর্ব্বশুদ্ধ ১,৫২,৩৭৫ টাকার আফীণ বিক্রয় হইয়াছে।

Opium Sale.

On Monday last, a sale of 2,255 chests of Behar and Benares Opium was held at the Exchange; the former sold on an average, at 710 Rupees; the latter, at 611 Rupees the chest. The whole proceeds of the sale amounted to Rupees 15,23,075.

শ্রীযুত ডাক্তর জেমস হচিনসন।

মেডিকেল জর্ণল ও হরকরা সম্বাদপত্রে লেখে যে মেডিকেল বোর্ডের সেক্রেটরী শ্রীযুত ডাক্তর জেমস হচিনসন সাহেব বঙ্গদেশের শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেবের নিজ সেক্রেটরী পদে নিযুক্ত হইয়াছেন। ঐ পত্রে আরো লেখে যে শ্রীযুত ডাক্তর রাঙ্কিন সাহেব এইক্ষণকার স্বীয় পদের কর্ম্মই নির্ব্বাহ করিতে থাকিবেন। কলিকাতাস্থ আমারদের মিত্রবর্গ শুনিয়া পরমাপ্যায়িত হইবেন যে ঐ গ্রন্থের দ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুক্ত ডাক্তর নিকলসন সাহেব তাঁহারদের চিকিৎসা করণার্থ কলিকাতায় অবস্থান করিতে থাকিবেন যেহেতুক তিনি উচ্চ পদ প্রাপণ অস্বীকারেও কলিকাতার চিকিৎসকতা কর্ম্মকরত এই রাজধানীতেই বিরাজ করিবেন।

Dr James Hutchinson.

Our contemporaries of the *Medical Journal* and *Hurkaru*, announce the appointment of Dr. James Hutchinson, Secretary to the Medical Board, as Private Secretary to the Deputy Governor of Bengal. The periodical gives us the further information, that Dr. Rankin will retain his present situation. Our friends in Calcutta will rejoice to hear from the same authority, that they are likely to retain the services of Dr. S. Nicolson, who has declined promotion, and remains here as a Presidency Surgeon in consequence.—*Daily News.*

বাষ্পীয়বিষয়ে আবেদন।

গত রবিবারে ডাকবাঙ্গীর দ্বারা ৬০১৯ নাম স্বাক্ষরিত বাষ্পীয়বিষয়ক দরখাস্ত বোম্বাইতে প্রেরণ করা গেল এবং তথা হইতে আটালাণ্টা জাহাজের দ্বারা ইঙ্গদেশে প্রেরিত হইবে।

The Steam petition was despatched by Dawk Bangy to Bombay on Sunday last, in order to be forwarded by the *Atalanta*; the Petition has 6,019 signatures.

দামোদর নদ।

দামোদর নদের জল বৃদ্ধিপ্রযুক্ত যে ক্ষতি নিয়ত হয় তন্নিবারণার্থ এক খাল কাটনের বিষয়ে সম্প্রতি অনেক আন্দোলন হইয়াছে অতএব তদ্বিষয়ক এক প্রস্তাব আমরা রিফার্ম্মর পত্রহইতে গ্রহণ করিয়া নিম্নে প্রকাশ করিলাম।

দামোদর নদ রামগড় ও বর্দ্ধমান দিয়া পূর্ব্বদিগ্বাহী হইয়া চেচাই ও সেলিমাপুর পর্য্যন্ত গিয়াছে। ঐ স্থানে গবর্ণমেণ্ট অতিদৃঢ়রূপে এক পুলবন্দি করিয়াছেন তৎপরে দক্ষিণ দিগে বহিয়া সেলামাবাদে দুই স্রোতে বিভক্ত হয়। প্রধান ভাগ শ্রীকৃষ্ণপুর ও রাজবলহাটদিয়া ১৮ ক্রোশ পর্য্যন্ত বহিয়া ফলতার কিঞ্চিৎ ভাটিয়ানে ভাগীরথীর সঙ্গে মিলে। ঐ নদের উভয় দিগেই অতিশক্তরূপে পুলবন্দি আছে। অপর স্রোতের নাম কানা নদী দক্ষিণ দিগ বাহিনী হইয়া বন্দিপুরপর্য্যন্ত চলে। তৎপরগতা নদীর অনেক বাঁক আছে কিন্তু ঠিক দক্ষিণে গোপালনগরপর্য্যন্ত. যায় তৎপরে কিঞ্চিৎ উত্তরাংশ বহিয়া চন্দন

The Damodur River.

As the subject of cutting a canal, to prevent the injury which often arises from the overflowing of this river, has engaged much public attention, we have copied the following article from the last *Reformer*.

"The river after running eastward through Ramgur and Burdwan districts as far as Chechae and Salalpore, where a strong embankment is kept up by Government, takes a southerly turn, and is divided into two branches at Selmabad; the main branch passing via Sreekissunpore, and Rajbul Hat, a course of 35 miles, pours its waters into the Hooghly a little below Fulta: both banks of this channel are bunded or embanked. The smaller channel, called Kanneh-nuddy, takes a south-easterly turn as far as Bundeepore, from which place it is full of windings, and bendings but still keeping its course downward

নগর ও হুগলির কিঞ্চিৎ পশ্চিমে নয়সরায়ে গঙ্গার সঙ্গে মিলে। এই খালের মোহানা সেলামাবাদের নিকটে বালিতে এমত পুরিয়া গিয়াছে যে প্রধান নদে যদি অধিকতর জল বৃদ্ধি না হয় তবে ঐ বালির উপর দিয়া জল চলিতে পারে না জল বৃদ্ধি হইলেও অত্যল্প চলিবে এইনিমিত্ত তাহার নাম কানা নদী। এতদ্রূপে দামোদরের জল বৃদ্ধি হইলে তাহার বেগ যাহাতে কোন বাধা নাই এমত দুই খোলাসা মুখে না বহিয়া এক প্রণালীতে পুলবন্দিতে প্রতিবন্ধকতা অপর প্রণালীতে বালিতে প্রতিবন্ধকতা সুতরাং তৎসংযুক্ত বন্যা হয় এবং বর্ষাকালে ঐ বন্যা অতিপ্রবল ভয়ানক দৃষ্ট হয় জলের কল্লোল কোলাহল অনেক ক্রোশপর্য্যন্ত শুনা যায় ঐ জল হয় সলালপুরের নিকটস্থ পুলবন্দির উপর দিয়া আইসে নতুবা পুল ভাঙ্গিয়াই বাহির হয়। কখন২ উভয়প্রকার দুর্ঘটনাই ঘটে। পুলের যে দিগে ভাঙ্গে সেই দিগেই মহাবিপত্তি ক্রমে পুলের উপর দিয়া জল গেলে চৌমুহা বাহর গড়া আড়সা এবং বেলিয়ার কিয়দংশ ও পাঁড়ুয়া পরগনা ভাসিয়া যায় পুল ভাঙ্গিয়া চলিলে মণ্ডলঘাট ভুরসুট বেলিয়া বোরো ও বাহির পরগনার তদ্রূপ দুরবস্থা হয়। আমি স্থূলেই কহিতে পারি যে প্রত্যেকবারের বন্যাতে ফসল ও বলদ গৃহ বাটীইত্যাদিতে দেড় লক্ষ টাকার ন্যূন নহে সম্পত্তি ক্ষতি। এইক্ষণে এই বন্যা বারণার্থ যে পাণ্ডুলেখ্য হইয়াছে তদ্বিষয়ে কিঞ্চিৎ লিখি। প্রথম এই যে সলালপুরহইতে বক্রভাবে এক খাল কাটিয়া হরিণগ্রামে কানানদীর সঙ্গে দামোদরকে মিলান যায় ঐ খাল দুই ক্রোশ যাইতে পারে ইহা হইলে বালি পড়িয়া যে চড়া হয় তাহা হইতে পারে না। ঐ স্থানহইতে দুই তিনবার বালি উঠাইবার উদ্যোগ হইয়াছিল কিন্তু তাহা উঠাইলেও পুনর্ব্বার পড়ে পরে বন্দিপুর অবধি নদীর অনেক বাঁক আছে অতএব বন্দিপুরহইতে দক্ষিণ পূর্ব্বাংশে বালির খালপর্য্যন্ত এক খাল কাটনের প্রস্তাব হইয়াছে। বন্দিপুরহইতে বালির খাল ৮ ক্রোশ অন্তর। প্রথম পাণ্ডুলেখ্য এই। দ্বিতীয় পাণ্ডুলেখ্যেতে এইমাত্র বৈলক্ষণ্য আছে যে বন্দিপুরহইতে বালির খালপর্য্যন্ত খাল না কাটাইয়া গোপালনগরহইতে বৈদ্যবাটীপর্য্যন্ত এক খাল কাটা যায় এইস্থান সাড়ে চার চার ক্রোশ অন্তরিত মাত্র ইহাতে কিঞ্চিৎ কম খরচ পড়ে বটে কিন্তু তাহা হইলে গোপালনগরের উজানের নদীর যে কৌটিল্যভাব আছে তাহা থাকে তাহার প্রতিকার প্রথমোক্ত পাণ্ডুলেখ্যেতে হইতে পারে।

তৃতীয় পাণ্ডুলেখ্য এই যে এইক্ষণে কানানদী স্পর্শ না করিয়া দক্ষিণ পূর্ব্ব দিগে সলালপুরহইতে বিজলি জলার নিকট গুয়ানদীপর্য্যন্ত এক খাল কাটা যায় এই খাল সাড়ে তিন ক্রোশপর্য্যন্ত কাটিতে হয়। ঐ ক্ষুদ্র গুয়া নদী ঐ জলাঅবধি আরম্ভ হইয়া গোপালনগরের নীচে কানানদীর সঙ্গে মিলে তথাহইতে হয় বৈদ্যবাটী নতুবা বালির খালপর্য্যন্ত উচিতমতে মিলাইতে হয়। এই শেষ পাণ্ডুলেখ্যে এই উপকার দর্শে যে পূর্ব্বোক্ত দুই পাণ্ডুলেখ্যাপেক্ষা ইহাতে পথ সোজা ও খর্ব্ব হয় কিন্তু খরচ অধিক পড়ে।

---

as far as Gopalnagore, goes up northeast, passing at a little distance westward of the towns of Chandernagore and Hooghly, and joins the Hooghly at Nuesurae. The mouth of this channel at Selmabad is choked up by a heavy accumulation of sand, so much so that the water does not get over it, unless there is an extraordinary rush in the main channel, and even then, comparatively very little. For this reason this branch is called Kanneh-nuddy or the blind channel. Thus the swollen currents of the Dumoder, instead of finding two clear channels to divide their force, and carry out the water, are met, in their impetuous course by the accumulation of sand in the one, and by the bunds on both banks in the other. An inundation is the consequence, and the scene which ensues in the rainy season is perfectly awful; the roaring of the water is heard from a distance of many miles all around, and the torrent forces its way either by dashing over the Government embankment at Salalpore on the banks of the *main channel*, or breaks through the bunds of the *main branch*, some times it does both; the result is disastrous either way. By the former, the rich Pergunnahs of Chewmoha, Bahergureh, Arsa, and parts of Baleah and Pundorah are laid waste; by the latter, Pergunnahs Mundleghat, Bhoorsoot, Baleah, Bero and Baereh meet with the same fate. It will not be exaggerating if I estimate, in round numbers, the loss of crops, cattle, houses, &c. in either case at 1½ lakh of Rupees on every occasion in which this catastrophe occurs.

I now come to the plans, by which it was proposed to prevent the recurrence of these inundations. The 1st was to cut the Damoder in a crooked line from Salalpore, and join the Kanneh-nuddy at Herringaum, a distance of 3 or 4 miles, by this means the sand accumulated would be avoided. The mere removal of it has been attempted once or twice, but in vain, because soon after it is removed, the channel is filled up again—then as the windings commence at Bundeepore, to cut a straight line there south-east, and carry out the water into the Ganges by the Balookhal, a distance of 16 miles from Bundeepore. The 2nd plan differs from the first in this respect only, that instead of cutting a canal from Bundeepore to Balookhal, one is proposed to be cut from Gopalnagore to fall into the Hooghly at Bydyabatty, a distance of 8 or 9 miles. This plan is more economical, but the course of the river above Gopalnagore will remain indirect which is remedied in the first. The 3d plan recommends that the Kanneh-nuddy should be left as it is, but that a new line should be cut in the south-east direction from the main channel at Salalpore, and join it with the Kanneh-nuddy at Beejleejallah, a distance of 7 miles. This small river has its rise in that *julah* situated a little below Selmabad, and merges in the Kanneh-nuddy below Gopalnagore. From thence the course may be turned either to Bydyabatty or Balookhal, as may appear best. This last plan would have the advantage of making the road shorter and straighter than it would be by adopting either of the two former, but it involves more expense.—*Bengal Herald.*

ডেপুটি কালেকটর।

পাঠক মহাশয়েরা অবগত আছেন যে নিষ্করভূমি বাজেয়াপ্তকরণবিষয়ে যে রীতি এইক্ষণে প্রচলিত হইতেছে তৎসম্বন্ধীয় নানা জিলার মধ্যে অনেক ডেপুটি কালেকটর নিযুক্ত হইয়াছেন। প্রত্যেক জিলাতে কত জন করিয়া নিযুক্ত হইয়াছেন তাহা অবগত হওনার্থ তাঁহারদের কিঞ্চিৎ ব্যগ্রতা আছে এই বোধে গত বৎসরের শেষে তদ্রূপ যত জন ডেপুটি কালেকটর নিযুক্ত হন তাহার নীচে লিখিয়া এক ফর্দ্দ আমুরা প্রকাশ করিতেছি। আমারদের বোধ হয় যে বর্ত্তমান বৎসরে তাঁহারদের সংখ্যা অত্যন্ত বৃদ্ধি হইবে যেহেতুক প্রায় এমত সপ্তাহ যায় না যে তাহাতে ঐ ডেপুটি কালেকটরী কর্ম্মে কোন নূতন ব্যক্তি নিযুক্ত না হন

আলাহাবাদ	১
আজিমগড়	২
বাখরগঞ্জ	২
বান্দা	১
বরেলি	১
বেহার	৪
বীরভূম	৩
ভাগলপুর	১
বুলন্দশহর	১
ভুলুয়া	১
বর্দ্ধমান	৩
কানপুর	১
চট্টগ্রাম	২৪
কটক	১৮
ঢাকা	৫
দিনাজপুর	১
ফতেপুর	১
গাজিপুর	১
গোরক্ষপুর	২
হামিরপুর	১
যশোহর	১
মালদহ	১
মিরট	১
মেদিনীপুর	৫
মির্জাপুর	২
মুঙ্গের	২
মুরশিদাবাদ	৩
মুরাদাবাদ	১
ময়মনসিংহ	২
মৈনপুরী	১
নদীয়া	১
চব্বিশপরগণা	২
পাটনা	২
পবনা	১
পুরণিয়া	১
রাজশাহী	২
সাহারণপুর	১
সারণ	১
শাহাবাদ	১
শ্রীহট্ট	২
ত্রিপুরা	৬
তিরহুত	২
	১১৫

এই কর্ম্মকারকেরদের বেতন ৩০০ টাকা মাসে অতএব ১১৫ জনের মাসিক বেতন ৩৪,৫০০ টাকা সম্বৎসরের খরচ ৪,১৪,০০০ টাকা। এই কর্ম্ম এইরূপে নানা ধর্ম্মাবলম্বিরদের মধ্যে বিভক্ত আছে।

হিন্দু	৫৪
মুসলমান	৩৪
খ্রীষ্টিআন	২৪
	১১২

Deputy Collectors.

Our readers are aware that Deputy Collectors, in reference to the resumption of rent-free lands, now in progress, have been appointed in various districts. Under the idea that they may be curious to know what number has been appointed in each district, we publish a list of the appointments made up to the close of the last year. We expect however, that the number will be greatly increased during the present year, as scarcely a single week passes over without some fresh appointment of this nature.

Allahabad	1
Azimghur	2
Backergunge	2
Banda	1
Bareilly	1
Behar	4
Beerbhoom	3
Bhagulpore	1
Boolundshuhur	1
Booleah	1
Burdwan	3
Cawnpore	1
Chittagong	24
Cuttack	18
Dacca	5
Dinagepore	1
Futtehpore	1
Gazeepore	1
Goruckpore	2
Humeerpore	1
Jessore	1
Malda	1
Meerut	1
Midnapore	5
Muzapore	2
Monghyr	2
Moorshedabad	3
Moradabad	1
Mymensing	2
Mynpooree	1
Nuddea	1
24-Pergunnahs	2
Patna	2
Pubnah	1
Purneah	1
Rajshahye	2
Saharunpore	1
Sarun	1
Shahabad	1
Sylhet	2
Tipperah	6
Tirhoot	2
	115

The expense attending these appointments at 300 Rupees a month each, amounts to 34,500 Rupees monthly, or 414,000, Four lakhs of Rupees a year. They are distributed in the following manner among the three classes of Indian Society.

Hindoos	54
Mahomedans	37
Christians	24
	115

কলিকাতায় অতিভারি চুরি।

বড় বাজারনিবাসি বাবু পঞ্চানন বসাকের বাটীতে গত সপ্তাহে অতিভারি এক চুরি হইয়াছে। তাহাতে যে সকল দ্রব্য অপহৃত হয় তাহার মধ্যে হাজার টাকা মূল্য এমত অনেক যোড়া কাশ্মীরী শাল ছিল। এবং কথিত আছে পাঁচ হাজার টাকার রুপার বাসন। এই সকল দ্রব্য বাবুর তোষাখানায় থাকে ঐ কুঠরীর তালা ভাঙ্গিয়া চোরেরা প্রবেশ করিয়াছিল এই চুরির বিষয়ে বাবুর কোন২ চাকরের উপর এমত সন্দেহ হইয়াছে যে হয় ইহারাই চুরি করিয়াছে কিম্বা প্রযো

Extensive Robbery.

An extensive robbery was, during the last week, committed on the premises of Baboo Punchanun Bysack, a native gentleman residing within the Burra Bazar division. The property carried off consisted chiefly of rich Cashmere shawls, a single pair of which was valued at no less than 1,000 rupees, and silver articles to the amount of, as report says, 5000 Rupees. These were in the Baboo's Toshakhana or store room, which was entered by breaking open the padlock of the door thereof. Some of the servants in the service of the Baboo, are strongly suspected to be

জক ছিল। শনিবারের সায়ং কালপর্য্যন্তও ঐ সকল দ্রব্যের কোন প্রকারে কোন সন্ধান পাওয়া যায় নাই এবং যাহারদের প্রতি সন্দেহ পড়িয়াছে তাহারদের দোষ সাব্যস্থহওনেরও কোন নিশ্চয় প্রমাণ হয় নাই।

ইউরোপে প্রেরিত মালের উপর কোম্পানির দাদনি।

গবর্ণমেণ্টের কোষ এক্ষণে টাকায় পূর্ণ আছে এই নিমিত্ত বাণিজ্যকারিরদের অত্যন্ত ইচ্ছা আছে যে গবর্ণমেণ্ট ঐ কোষ মুক্ত করিয়া ইউরোপে প্রেরণীয় মালের উপর দাদন দিতে আরম্ভ করেন কলিকাতায় এই বিষয়ক জনরব সপ্তাহব্যাপিয়া আন্দোলন হইতেছে কিন্তু এইক্ষণপর্য্যন্ত ঐ জনরবের কোন মূল দৃষ্ট হয় নাই।

বকসরে অতিদারুণ ডাকাইতী।

অল্প দিন হইল এক দল দস্যু তন্মধ্যে অনেকাংশ অশ্বারোহী বকসরস্থ অশ্বালয়ের কোষে পড়িয়া তাবৎ টাকা লইয়া গেল ঐ দস্যুরা ৫০। ৬০জন দলবদ্ধ ছিল ঐ স্থানীয় গারদে অত্যল্প সিপাহী থাকাতে তাহারা দস্যুরদের কোন প্রতিবন্ধকতা করিতে পারিল না যে এক জন চৌকিদার তাহারদের বাধা জন্মাইয়াছিল তাহার মস্তকে দস্যুরা বর্ষাঘাত করিল। ঐ দস্যুরা পাটনাস্থ কোন মহাজনের প্রেরিত টাকার সন্ধান পাইয়া তাহা লুঠকরণাভিপ্রায়ে বকসরের নিকটবর্ত্তি কোন স্থানে কিয়ৎকালাবধি ওৎ করিয়া ছিল কিন্তু তদ্বিষয়ে নিরাশ হইয়া ঐ কোষের উপর পড়িয়া ২০ হাজার টাকা পূর্ণ এক লোহার সিন্দুক ও অন্য পাঁচ হাজার টাকা এবং দুই হাজার টাকার রূপার বাসন লুঠিয়া চলিয়া গেল। শেষোক্ত সম্পত্তি শ্রীযুক্ত কাপ্তান তামসন সাহেবের ছিল।

ত্রিহুতে দুর্ভিক্ষ।

ত্রিহুতহইতে আগত পত্রে লেখে যে অক্টোবর মাসঅবধি জানুআরির মধ্যপর্য্যন্ত এই স্থানে বিন্দুমাত্র বর্ষে নাই এবং চারি ভাগের তিন ভাগ ভূমিতে নীলের কৃষির নিমিত্ত কোন উদ্যোগও হয় নাই। জলাভাবে তাবৎ প্রকার শস্যই শুষ্ক হইয়া যাইতেছে এবং কেবল নীল না জন্মিবার কোন প্রত্যাশা নাই এমত নহে প্রাণধারণীয় কোন প্রকার দ্রব্যেরই জন্মিবার ভরসা নাই। এইক্ষণেই দুর্ভিক্ষতে লোকেরদের অত্যন্ত ক্লেশ হইয়াছে।

ঠগ।

মান্দ্রাজের সম্বাদপত্রে লেখে যে এই স্থানে এক জন ঠগ ধৃত হইয়াছে এবং সেই ব্যক্তি কহে যে আমারদের দলের ২০০লোক মান্দ্রাজে আছে এবং চিতুরে যে এক ব্যক্তি ধরা পড়িয়াছে সে কহে যে আমরা এই অঞ্চলে ৮। ১০ জনের অধিক নাই।

পঞ্জাবের বাণিজ্য।

শ্রীযুক্ত মহারাজ রণজিৎ সিংহ এবং অমৃতেশ্বরস্থ কতিপয় মহাজন বাণিজ্য দ্রব্য বোঝাই করিয়া যে সকল নৌকা প্রেরণ করিয়াছিলেন তাহা হাক্কিপাটন স্থানে বিয়া ও শতদ্রু নদীর মোহানাতে পঁহুছে। ৫ জানুআরি তারিখে বা তৎপূর্ব্বে তথাহইতে প্রস্থানের কল্প ছিল এবং এমত অপেক্ষা আছে যে তথাকার অন্যান্য নৌকার বিলম্বেতে যদি কোন বাধা না

the perpetrators of the theft, or at least accessories to it; but no trace of any portion of the property was up to Saturday evening found, nor sufficient evidence to bring the offence home to the parties suspected.—*Hurkaru, Feb. 8.*

Advances on Goods to Europe.

There is a general anxiety on the part of the community, that the Government, whose Treasury is now full of cash, should open it and grant advances on the shipment of goods to Europe; and a report to this effect was spread abroad in Calcutta during the week, but as yet there appears to be no foundation for it.

Great Dacoity at Buxar.

A band of dacoits, many of whom were on horseback, have just attacked the treasury of the stud at Buxar, and carried off the money. The band consisted of from fifty to sixty persons, and as the guard which was stationed there was very small, they were unable to make any resistance. The chowkeedar, who alone offered to resist the party, was speared in the head. The dacoits had been hovering for some time about the town of Buxar, for the purpose of carrying off a large sum of money, which a Mahajun expected from Patna, and of which the dacoits had received intimation; but being disappointed, they attacked the stud treasure, and carried off an iron chest, containing 20,000 Rs., another sum of 5000 Rs., and about 2000 Rupees worth of silver plate, the property of Captain Thompson.

Famine in Tirhoot.

A letter from Tirhoot states, that from October to the middle of January, not a drop of rain had fallen. Three-fourths of the Indigo lands were not even prepared for culture; vegetation was withering, and there was every prospect, not only of no Indigo, but even of a want of the common necessaries of life. The scarcity is already very severely felt by the natives.

Thugs.

The Madras papers state the apprehension of a Thug, who declared that 200 of his brethren were at Madras. A Thug at Chittore, however, has declared that there were only 8 or 10 of that fraternity to be met with there.

Trade with the Punjab.

Information has been received, by Government, that the fleet of boats from the dominions of Maharajah Runjeet Sing, laden with merchandize, partly the property of the Maharaja himself, and partly that of the merchants of Umritser, were assembled at Hara-Ke Pattun, at the confluence of the Beyah and the Sutlej, and were to leave that place on or before the 5th January. They may be expected to arrive at Mithenkot about the 25th January, should

জন্মে তবে ২৫ তারিখে মিথুনকোটে পঁহুছিবে এবং সিন্ধু নদীর সঙ্গমস্থলে ১০ কিম্বা ১৫ ফেব্রুআরি তারিখপর্য্যন্ত পঁহুছনের সম্ভাবনা আছে। ঐ সকল নৌকাতে শাল এবং রাবি ও শতদ্রু নদীর মধ্যবর্ত্তি দেশজাত ও এই উভয় নদীর আকর স্থান পর্ব্বতের মধ্যজাত দ্রব্য বোঝাই আছে। অম্বালাস্থ পোলিটিকাল একেণ্ট শ্রীযুত ডাক্তর গার্ডন সাহেব বোম্বাইপর্য্যন্ত ঐ নৌকার সঙ্গে গমনার্থ নিযুক্ত হইয়াছেন। এবং অমৃতেশ্বরহইতে যে সকল নৌকা প্রেরিত হইয়াছে তদ্ভিন্ন লুধিয়ানা ও ভাবলপুরস্থ মহাজনেরদের অন্যান্য নৌকাও চলিবে এমত অপেক্ষা আছে।

রাঙ্গুণ।

১২ জানুআরি তারিখে অমরাপুরহইতে রাঙ্গুণে যে ডাক পঁহুছে তদ্দ্বারা অবগম হইল যে আবার পূর্ব্ব দিগে মরশিস্থ শানজাতীয়েরা নূতন রাজার অবাধ্য হইয়াছে।

এই বিষয়ে বর্ম্মার রাজা কহেন যে আমি শানেরদের সঙ্গে বন্দোবস্ত নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করিয়াছি তাহার অশিষ্টতাতেই এইব্যাপার হইয়াছে। অতএব রাজা তৎক্ষণাৎ ঐ ব্যক্তিকে ও তাহার অধীন প্রধান ৬ ব্যক্তিকে খুন করিতে হুকুম দিলেন।

রাঙ্গুণের প্রাচীন অধ্যক্ষকে একবার কয়েদ করিয়া তাঁহার স্থানে অনেক টাকা লওয়া গিয়াছিল পুনর্ব্বার তাঁহাকে কয়েদ করা গিয়াছে। এবং প্রাচীন রাজার রাঙ্গুণের কর্ম্মকারক এক ব্যক্তি কেবল রাজ্যের মধ্যদিয়া ভ্রমণ করিতেছিল তাহাকে হত্যা করা গেল এবং রাঙ্গুণের নদীর শেষ চৌকিতে নিযুক্ত ব্যক্তি ইহা কহিয়াছিলেন যে আমার চৌকিতে আদায়হওয়া মাসুল আমারই হক। ইহাতে রাজা হুকুম করিলেন যে ঐ ব্যক্তির পেট চিরিয়া আঁত বাহির কর।

কিন্তু এইক্ষণে ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্টের সঙ্গে বর্ম্মা রাজার মৈত্রীভাব দৃষ্ট হইতেছে। এবং অল্প দিন হইল অমরাপুর হইতে এক জন সম্ভ্রান্ত মহাজন আসিয়া কহেন যে বর্ম্মা রাজা শ্রীযুত কর্ণল বর্ণি সাহেবকে এইক্ষণে অতিস্নেহ করিয়া থাকেন।

পালির মারক।

অল্পকাল হইল কথিত ছিল যে ঐ মারক পুনর্ব্বার পালিনগরে দৃষ্ট হয় কিন্তু পশ্চিমদেশীয় কোন সম্বাদপত্রদ্বারা তাহা অলীক বোধ হইল। পরন্তু কতিপয় দিনগীয় লুধিয়ানা আকবরে প্রকাশ হয় যে পালি নগরে মারক পুনর্ব্বার প্রাদুর্ভূত হইয়া একেবারে তাবৎ সংহারক হওয়াছিল এই সম্বাদ কোন প্রামাণিক স্থানহইতে আগত না হইয়া থাকিবে ফলতঃ তদ্বিষয়ে প্রথম যে জনরব হইয়াছিল বোধ করি ইহা তাহারই প্রতিধ্বনিমাত্র হইবে।

ইউরোপীয় শেষাগত সম্বাদ।

ইঙ্গলণ্ডদেশহইতে বেরেনিস জাহাজস্থ পত্রপুলিন্দা যে তারিখে কলিকাতায় পঁহুছনের অপেক্ষা ছিল সেই তারিখে অর্থাৎ গত মঙ্গলবারে কলিকাতায় পঁহুছিয়াছে। যদ্যপি বোম্বাইহইতে সুয়েজে গমনসময়ে ঐ জাহাজের কোন অঙ্গ ভঙ্গ হইয়াছিল তথাচ প্রত্যাগমনসময়ে প্রকৃত সময়েই পঁহুছিয়াছে। কিন্তু দুর্ভাগ্যক্রমে বোম্বাইর বন্দরে প্রবেশকরণসময়ে তীরস্থ

no delay occur in the arrival of the other boats at that place; and it is expected that the whole will reach the sea port of the Indus by the 10th, or at the latest, the 15th February. Their cargoes consist of shawls and other articles, produced either in the territory situated between the Ravee and Sutlej, or in the hills, contiguous to the sources of these rivers. Assistant Surgeon Gordon, attached to the political agency at Ambala, has been appointed to conduct the enterprize to Bombay. In addition to the boats dispatched from Umritser, it is expected that others will join it from Loodiana and Bhawulpore, belonging to the merchants at those places.—*Cour. Jan. 20.*

Rangoon.

On the 12th of January, a dispatch boat arrived at Rangoon from Umurapore, with the following intelligence. The Shans of Monory to the East of Ava, have refused to submit to the New King. His Majesty imputed this to the mismanagement of the officer whom he had appointed over the Shans, and he immediately ordered him and six of his principal assistants to be executed. The late Governor of Rangoon who had once before been confined and squeezed, has been again imprisoned. A Rangoon officer of the old king has been executed for travelling through the country, and the chief of the Lower Chowkey in the Rangoon river has been ordered to be embowelled, because he declared that the fees of his office belong to him of right.

But the Burmese Government appears to be friendly to the British Government. A respectable merchant lately arrived from Umerapoor, states, that the King expresses himself very much in favour of Colonel Burney.

The Palee Plague.

Some little time ago, it was stated that the plague had again made its appearance at Palee, but the report was soon after contradicted in the Western Provinces. The *Loodiana Ukkhar*, however, in a very recent number says, that the plague has made its appearance there and has nearly depopulated the place; but we are inclined to think that this information is not derived from original sources, and it is the mere echo of the rumour, to which we have already alluded.

Latest European Intelligence.

On Tuesday last, the very day on which the packets of the *Berenice* were expected, they arrived in Calcutta. Notwithstanding the accident which happened to this vessel on her way to Suez, she had made the voyage back most punctually; but, unfortunately, in going into the harbour of Bombay, she struck on a sunken rock, in consequence

আলোকের দ্বারা ঠিক পথ নির্ণয় করিতে না পারাতে জলমধ্যস্থ পাতরে ঠেকিয়াছিল। কথিত আছে যে শ্রীলশ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা কিঞ্চিৎকালপূর্ব্বে পথ প্রদর্শনার্থ বিলাতহইতে যে লাণ্টন প্রেরণ করিয়াছিলেন তাহা যদি স্থাপন হইত তবে এই দুর্ঘটনা ঘটিত না কিন্তু বোম্বাইর গবর্ণমেণ্টের কার্পণ্য প্রযুক্ত তাহা কর্ম্মে লাগান গেল না।

শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ভারতবর্ষের পূর্ব্বকার গবর্নর্ জেনরল শ্রীযুত মার্কুইস ওয়েলসলি সাহেবের অতি দৈন্যতা অবগত হইয়া সর্ব্বসম্মতিতে তাঁহাকে ২ লক্ষ টাকা দান করিয়াছেন। ঐ টাকা তাঁহার মহাজনেরদিগকে না দিয়া কেবল নিজভরণপোষণার্থ ব্যয় হইবে।

গত ৯ নবেম্বর তারিখে ইঙ্গলণ্ডের শ্রীশ্রীমতী রাণী লণ্ডননগরাধ্যক্ষের সঙ্গে ভোজনকরণার্থ নগরীয় সাধারণ বাটীতে গমন করিয়াছিলেন। তৎসময়ে তাবৎ রাস্তা ও অট্টালিকা জনতায় এমত পরিপূর্ণ হইয়াছিল যে তাহা একেবারে জনতাময়ই দৃষ্ট হইল। শ্রীশ্রীমতীর গমনসময়ে তাবৎ রাস্তাতেই লোকসকল পরমাহ্লাদিত হইয়া করধ্বনি ও জয়ধ্বনিকরত তাঁহাকে দর্শন করিতে লাগিল। কথিত আছে যে ঐ মহাভোজ এমত অপূর্ব্ব হয় যে ১৮১৪ সালে ৺প্রাপ্ত বাদশাহ ও ইউরোপের অন্যান্য রাজারদিগকে যে মহাভোজ দেওয়া গিয়াছিল তদপেক্ষাও উৎকৃষ্ট।

গত ১৫ নবেম্বর তারিখের কমিস্যনের দ্বারা পার্লিমেণ্টের বৈঠক আরম্ভ হইল এবং সকলের সম্মতিক্রমে শ্রীযুক্ত জে আবরক্রম্বি সাহেব পুনর্ব্বার সভাধিপত্য পদে নিযুক্ত হইলেন। এবং তাঁহার এক জন বিপক্ষ শ্রীযুত সর রাবর্ট পিল সাহেবও উক্ত শ্রীযুক্ত সাহেবের পূর্ব্বকার মিচ্ছিলের রীতি ব্যবহারবিষয়ক অনেক প্রশংসাকরত কহিলেন যে ঐ শ্রীযুক্ত সাহেবের উক্ত পদে পুনর্নিযুক্তহওনবিষয়ে যদি কোন বিবাদ হইত তথাপি অধিকাংশ ব্যক্তিকর্ত্তৃক তিনি মনোনীত হইতেন।

পরন্তু সপ্তাহের অবশেষকাল পার্লিমেণ্টের নূতন মেম্বরেরদের শপথকরণেতেই অবসান হইল।

শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা স্থির করিয়াছেন যে ইঙ্গলণ্ড দেশে আপনারদের সম্প্রতিকার ৪ টাকা সুদের যে কর্জ আছে তাহা আগামি ৩০ জুন তারিখে পরিশোধ করিবেন।

আমেরিকা দেশহইতে অতিশুভ সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। আমেরিকা দেশের লণ্ডননগরস্থ কুঠী আপনারদের দেনা পরিশোধ করিতে পারেন নাই এইক্ষণে বোধ হয় তাঁহারদের তাবৎ হুণ্ডীর দেনা সম্পূর্ণরূপে পরিশোধ হইবে। ফলতঃ আমেরিকা দেশস্থ বাণিজ্যকারিরা এই অতি বিভ্রাটসময়ে যেরূপ কর্ম্ম করিতেছেন তাহাতে সর্ব্বসাধারণ লোকই তাঁহারদের প্রশংসা করিতেছেন।

of being unable exactly to distinguish the lights which were ashore. It is said that the Court of Directors had previously sent out lanterns, which, had they been duly employed, would have prevented such an accident; but the parsimony of the Bombay Government has prevented their being brought into use.

The Honourable the Court of Directors understanding that the Marquis of Wellesley, the former Governor General of India, was reduced to great poverty, unanimously voted him the sum of 20,000*l*., which is to be applied to his personal use, and not to go to his creditors.

On the 9th November, Her Majesty proceeded in State to the Guildhall to dine with the Lord Mayor. The streets and houses appeared to form but one mass of living beings. Her Majesty was enthusiastically cheered, during the whole of her progress. The banquet is described as having been more splendid than that given in 1814, to the foreign Sovereigns and the Prince Regent.

On the 15th of November, Parliament was opened by Commission, and the Right Honourable J. Abercrombie was unanimously re-elected Speaker. Sir Robt. Peel congratulated him upon his conduct during the last session, and stated that even if there had been a contest, he must have been elected by a small majority. The remainder of the week was devoted to the swearing in of members.

The Court of Directors had determined to pay up the home bond debt, now bearing interest at four per cent., on the 30th of June next.

The advices from America were very satisfactory. The general opinion seemed to be, that almost all the bills drawn on the American Houses which suspended payment, would be paid in full. The conduct of the merchants in the United States has called down admiration from all parties.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

দৈবটনা।

পত্র প্রেরক হইতে। গত মঙ্গলবার অপরাহ্নে পুলপারে চিৎপুরের পথিমধ্যে এক একাদশ বর্ষ বয়স্কা স্ত্রীকে সিংহদিগের ব্যাঘ্র ধৃত করিয়াছিল ঐ কঠিন রক্তভক্ষক জন্তু ঐ দীনার গলদেশ ধারণপূর্ব্বক এমত দংশন করিয়াছিল যে পরে কিঞ্চিৎকাল জীবন ছিল বোধ হয় রক্ষক সন্ধ্যার পূর্ব্বে পূর্ব্বের ন্যায় পথিগমন করাইতেছিল যৎকালীন ঐ আঘাতিনীর বাটীর সম্মুখে ঐ ব্যাঘ্র যায় তৎকালীন তাহার পশ্চাৎ এক কুক্কুর শব্দ করিল তাহাতে ঐ রক্ষক কুক্কুর বধার্থ এক ব্যাঘ্রকে মোচন করিলে কুক্কুর তৎস্থানহইতে প্রস্থান করিল কিন্তু রক্ষকের মূঢ়তা হেতুক ঐ দীনার প্রাণ নাশ হইল।

এতন্নিমিত্ত গরানহাটার ডাক্তর রাইবট প্রেরিত হন কিন্তু ডাক্তর প্রাণ নাশানন্তর পঁহুছিলেন আমরা বোধ করি যে পোলীশাধ্যক্ষগণের ইহাতে দৃষ্টিপাত হইতে পারে বাবুদিগের অনিষ্টকারি জন্তু পোষণহেতুক দুঃখির অমঙ্গল ঘটিতে পারে আমি বলি তাহারা কি নিমিত্ত এমত অনিষ্টকারি জন্তু পোষেন যদ্যপি পোষেন তবে কেন পিঞ্জরহইতে মুক্ত করেন কিছু দিন হইল রাজা বৈদ্যনাথের হস্তিতে এক বগীচূর্ণ করিয়াছে

Spirit of the Native Papers.

Accident.

[From a Correspondent.]

On Tuesday afternoon last, a young girl of about 11 years old, residing in Chitpore Road, across the bridge, was attacked by one of the two tigers belonging to the *Singhee* family. The furious bloodthirsty beast seized the poor creature by the throat, and so lacerated her that she only survived a few hours after the melancholy catastrophe. It appears that the keeper as usual took the pair of them out for the evening salubrious walk, and as they were opposite the house of the deceased, a dog commenced barking at the animals, which [illegible] exasperated the stupid man, that [illegible] the tigers at the dog. The dog, however, made his escape, and the poor girl fell a victim to the foolishness of the keeper.

Dr. Ryper, of the Gurranhatta Dispensary, was sent for, but too late, when life was almost extinct. I trust this will catch the eyes of the Police authority. It fares very hard with the poor natives, if they are to be so exposed to the diabolical pleasures of the rich Baboos. Why, in the name of common sense, should they be tolerated to keep such animals? and if they be allowed, why and how dare they permit their quitting the cage and perambulate the public thoroughfares? A few days ago the elephant of *Buddinath Rajah* was the cause of a buggy flying in fragments.—*Com. Adv. Feb.* 2.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

নিম্নের লিখিত কতিপয় ছত্র স্বীয় বহুমূল্য দর্পণে অর্পণ করিয়া চিরোপকারিত করিবেন। বিহিত সম্বোধন পূর্ব্বকাবেদন যেহেতু কিয়দ্দিবস গত হইল শ্রীশ্রীযুতের আজ্ঞা প্রকাশ হইয়াছে যে কোম্পানি বাহাদুরের তাবৎ কর্ম্মালয়ের সকল কর্ম্মকারিরা প্রত্যহ বেলা দশ ঘটিকা সময়ের মধ্যেই উপস্থিত হইবেক ইহার অধিক হইলে তাহারদিগের কর্ম্ম হইতে চ্যুত অথবা বেতন কর্ত্তন করিবেন। মহাশয় বিবেচনা করুন এতদ্দেশীয় হিন্দু কেরাণীগণেরা দেড় ক্রোশ বা দুই ক্রোশ কাহার বা তিন ক্রোশ ব্যবধান হইতে কর্ম্মে উপস্থিত হইতে হয় তাহাতে পূর্ব্ব নির্দ্ধারিত সময়ের কিঞ্চিদুত্তীর্ণ হইলে প্রধান কর্ম্মকারি মহাশয় তাহার অধীন কর্ম্মকারিগণকে বিস্তর তর্জ্জন গর্জ্জন পূর্ব্বক কটূক্তি ও গালি গালাজ প্রদান করেন ইহা অতি অন্যায় সাহস হীন হিন্দুজাতি কি করিবেন বরং নিরুত্তর হইয়াই সহ্য করাই সৎপরামর্শ কিন্তু শীতকালের বেলায় হিন্দু কর্ম্মকারিদিগের নিত্য নিয়মিত ক্রিয়াসমাপনানন্তর দশ ঘটিকার মধ্যেই কর্ম্মে উপস্থিত হওয়া অতি উৎকট বোধ করিয়াছেন। যদ্যপি শ্রীশ্রীযুত স্বীয় করুণা প্রকাশ পূর্ব্বক এতদ্দেশীয় কর্ম্মকারিদিগের প্রতি কেবল শীতকালে দুই তিন মাসের নিমিত্ত অর্দ্ধ ঘটিকা বিলম্ব মার্জ্জনা করেন এবং অবশিষ্ট নবম মাস দশ ঘটিকার মধ্যেই সকলে স্বাং২ কর্ম্মে উপস্থিত হইবেন তাহা হইলে মহাহ্লাদপূর্ব্বক কর্ম্মকারি বর্গেরা কর্ম্মে সতর্ক হইয়া অর্দ্ধ ঘটিকার বিলম্বের কর্ম্মও পোষাইয়া দিতে পারে নতুবা তাহারদিগের জীবন নাশের সম্ভাবনা কিমধিকমিতি।

কস্যচিৎ সংবাদ পূর্ণচন্দ্রোদয়
প্রভৃতি অনেক পত্র পাঠকস্য।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদন মিদং গতবৎসর যে এক প্রেরিত পত্র দ্বারা গঙ্গাসাগরের মেলায় দুষ্টজনগণ কর্ত্তৃক যাত্রিগণ এবং ব্যবসায়িদিগের দুরবস্থা বিষয় দর্পণে প্রকটিত হইয়া প্রার্থনা ছিল যে ভবিষ্যৎ মেলার সময় যবন জাতি দারোগা না পাঠাইয়া অনেক ধর্ম্মশীল হিন্দু দারোগা প্রেরণ হইলে তথাকার মঙ্গল সম্ভাবনা এক্ষণে সে প্রার্থনা পূর্ণ হইয়াছে অর্থাৎ আমি এবৎসর মেলার সময় যাইয়া দেখিলাম শ্রীযুক্ত আনন্দচন্দ্র চট্টোপাধ্যায় নামক একজন দারোগাকে তথায় শ্রীযুত মাজিস্ট্রেট সাহেব প্রেরণ করিয়াছিলেন উক্ত দারোগা মহাশয়ের সচ্চরিত্রতা এবং কর্ম্মে দক্ষতা চাক্ষুষ প্রত্যক্ষ যাহা হইয়াছে লিখিতেছি পাঠক মহাশয়েরা বিবেচনা করিবেন। এই বৎসর তথাকার মেলায় প্রায় দুই লক্ষ যাত্রি লোক এবং ব্যবসায়ী প্রভৃতি গমন করিয়াছিল

Correspondence.

To the Editor of the Durpun.

Oblige me by publishing the following lines in your valuable *Durpun*. Some little time ago, an order was issued that all the Assistants in the Public Offices should be at their post at 10 o'clock in the morning, and if they were not present, they should either be dismissed from office, or their wages should be cut. Mr. Editor, I beg you to reflect, that many of the Hindoo clerks come from a distance of three, four, and six miles; if, therefore, they transgress the time that is fixed, even by a trifle, the head of the office gives them a very severe reprimand, accompanied sometimes with abuse. This is very unjust; but what can the cowardly Hindoos do? it is better for them to submit to it in silence. But in the cold weather, it will be extremely difficult for the Hindoo writers, after they have gone through the offices of their religion, to be at their offices exactly at 10 o'clock. If Government would graciously exert their benevolence, and grant the indulgence of half an hour to their Hindoo servants, during the two or three months of the cold weather; certainly, during the remaining nine *months*, they would attend punctually at ten o'clock. If this were conceded, the clerks would most cheerfully make up by their diligence for the half hour of indulgence; else they must perish.

A Reader of the Poorno Chundrodoy, and other Papers.

To the Editor of the Durpun.

Receive my salutations. Last year, a letter was published in the *Durpun*, stating the injury which the Pilgrims and Traders, at the Mela of Gunga Saugor, experienced from certain wicked individuals; and it was besought that, at the present Mela, instead of sending a Moosulman Darogah, a few excellent Hindoo Officers might be sent, which would give a pleasing prospect to the Mela. This prayer has been fulfilled. I went to the Mela this year, and found that the Magistrate had sent Anundchunder Chatterjee there, as Darogah. What I myself saw of the good conduct and ability of the Darogah, I now write, and leave it to the judgement of the reader. During the present season, between one and two lakhs of pilgrims, traders, and others, were assembled; but none of them suffered the same injury which was suffered last year, through a number

কিন্তু কাহারো পক্ষে পূর্ব্বপূর্ব্ব বৎসর যে প্রকার অত্যাচার দৃষ্ট জনগণ কর্তৃক হইয়া থাকিত তাহা না হইয়া সকলে সচ্ছন্দে নিরুদ্বেগে স্বং কর্ম্ম সমাধা করিয়া ঐ দারোগাকে ধন্যবাদ দিয়া পরমানন্দে স্বীয়২ স্থানে প্রত্যাগমন করিয়াছেন কোন প্রকার দাঙ্গা চুরি জোয়া খেলা প্রভৃতি দারোগা মহাশয়ের সুশাসিত প্রযুক্ত কিছুই না হওয়াতে কেবল তৎসক্রান্ত কতক গুলিন ব্যক্তির আশয় নৈরাশ হওয়াতে সুতরাং তাহারাই খিদ্যমান মাত্র। পূর্ব্বাপর দুষ্টের দমন শিষ্টের পালন যে এক কথা শুনিয়া আসিতেছি এবৎসর উক্ত দারোগা মহাশয়ের সুশাসিত কর্ম্মদ্বারা তাহা সম্যক প্রকারে তাঁহার প্রতি নির্দিষ্ট হইতেছে ইহা দুষ্ট জনগণ ভিন্ন যে সকল লোক তথায় গমন করিয়াছিলেন অবশ্য তাঁহারা স্বীকার করিবেন। যাহা হউক মাজিষ্ট্রেট শ্রীযুক্ত পাটন সাহেব গত বৎসরের প্রার্থনানুসারে অনুসন্ধান করিয়া ধর্ম্মশীল হিন্দু দারোগা গঙ্গাসাগরের মেলায় প্রেরণ করাতে তাঁহাকে বারম্বার ধন্যবাদ দিই এবং তাঁহার প্রতি এবং অন্যান্য মাজিষ্ট্রেট সাহেবদিগের প্রতি আমার এই নিবেদন যে হিন্দুর মেলায় ধর্ম্মশীল হিন্দু দারোগা এবং যবনের মেলায় ধর্ম্মশীল যবন দারোগা অনুসন্ধান করিয়া প্রেরণ করেন তাহা হইলে কখন কোন মেলায় বিভ্রাট উপস্থিত হইবেক না। অপর উক্ত চট্টোপাধ্যায় দারোগা মহাশয়ের প্রতি নিবেদন তিনি এবৎসর যে প্রকার ধর্ম্মশীল হইয়া রাজকর্ম্ম নির্ব্বাহ করিয়া সুখ্যাতি প্রাপ্ত হইয়াছেন সেইমত প্রকার সর্ব্বত্র কর্ম্ম কার্য্য করিতে থাকুন ইহা হইলে ইহকাল ও পরকাল উভয় কালে কোন কণ্টক ঠেকিতে হইবেক না যেন তাঁহার সুখ্যাতির বিষয় কর্ণ কুহরে ভাবে গদগদ হইয়া মনের বিচলিত না করেন নিবেদন মিতি।

কস্যচিৎ গঙ্গাসাগরের মেলার যাত্রিকস্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

নীচে লিখিত কএক পংক্তি আপনকার অমূল্য দর্পণৈক প্রান্তে স্থান দানে চিরু বাধিত করিবেন।

কোন এক মহাশয় রংপুর জিলার কালেক্টরির রোবকারির লিখিত কয়েক শব্দ সংগ্রহ করিয়া ছাপা করাইয়াছেন এবং তাহার প্রতি এই দোষ দেন যে তাবৎ লোক ঐ সকল শব্দ স্পষ্টরূপে বুঝিতে পারে না। বিলক্ষণ কিন্তু নিবেদন করি যে ঐ সকল শব্দের মধ্যে যে অনেক২ শব্দ কানুন ও গবর্ণমেণ্টের ইশতেহারে লিখিত আছে তাহা কি সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে নহে। এবং ইহাও তাঁহার বিবেচনা কর্ত্তব্য যে বঙ্গদেশে সহস্র বৎসরের ন্যূন হইবেক যবনাধিকার হইয়াছে তদবধি পারসিক ভাষা সকল এদেশের ভাষার সহিত মিশ্রিত রাজকার্য্য ব্যাপার এবং বণিক ব্যবহারে চলতেছে ইহার পূর্ব্বে যখন হিন্দুদিগের রাজত্ব ছিল তখন কি তাবৎ শব্দ বঙ্গ ভাষাতে ছিল না। কি ইহার পর ক্রমে২ পারস্য ভাষা উঠিয়া গেলে পুনরায় তদ্রূপ হইবেক না।

ফলতঃ জ্ঞাত নহি যে ঐ মহাশয় কোন্ ধর্ম্মাবলম্বী যদি হিন্দু হন তবে বঙ্গ ভাষা প্রচলিতের প্রতি পোষকতা অবশ্যই করিবেন যদি মোছলমান তবে সুতরাং অনিচ্ছুক হইবেন যদ্যপি ইউরোপীয় তবে এ ভাষা অভ্যাস না থাকাপ্রযুক্ত দ্বেষী হইয়াছেন কিন্তু সর্ব্ব ধর্ম্মাবলম্বি মহাশয়দিগকে স্বীকার করিতে হইবেক যে২ দেশের যে ভাষা অবশ্য সংস্কৃত মূলক এবং তদ্বিভক্তিতে বিভক্ত। আর যে মহাশয় ঐ রোবকারির লিখিত শব্দ সকলে দোষ ধরিয়াছেন। তাঁহার দোষ ধরাতেই যে আমরা দ্বেষী তাহা নহি কেননা যে স্থলে তাঁহার বিদ্যার গৌরব নীচের লিখিত ধনী ও ধনাগার ইত্যাদি

of wicked men; each one did that which he came to do, without interruption. Each one heaped blessings upon the Darogah, and then returned to his own home. Through the excellent discipline maintained by the Darogah, there was no rioting, or theft, or gambling. Only some base individuals who had come there with the worst intentions, were obliged to go away with regret, upon the disappointment of their hopes. We have heard of the encouragement of the good, and the repressing of the wicked; but, in this year, through the excellent management of this Darogah, we understand what this sentence means, and that all who were present upon the occasion, with the exception of a few wicked individuals, will comprehend. We praise Mr Paton, the Magistrate, for having, in compliance with the prayer of last year, made proper inquiries, and sent a holy Hindoo Darogah to the Mela of Gunga Saugor. And we would present this prayer to him, and to other Magistrates, that they would seek out and send righteous Hindoo Darogahs to Hindoo Melas, and righteous Mahomedan Darogahs to Mahomedan Melas. If this plan be adopted, there will nothing go wrong at any of the Melas. We would also beseech the Chatterjee Darogah, that he would continue every where to act upon the good principle upon which he has this year so righteously performed his public duties at the Gunga Saugor Mela. It he does so, it will be well with him, both in this world and the next. Let him not over-exult in this praise which has been given for his good conduct, and let not his mind be turned aside.

A Pilgrim at the Gunga Saugor Mela.

To the Editor of the Durpun.

Oblige me by publishing the few following lines in the *Durpun*. Some individual has collected some words from a Roobocarry of the Collector of Rungpore, and published them with this censure, that all men are unable easily to understand these words. Well; but allow me to say, that many of the words he objects to, are to be found in the public Laws and Proclamations; and are they not understood by the people? He ought also to reflect, that the Moosulmans have been in the possession of the country for nearly one thousand years. During this period, the language of the Mahomedans has been so mingled with the current language, as to have become quite common in all public and private transactions. Before that time, when the Hindoos possessed the sovereignty was not every idea expressed in the Bengalee language? And when the Persian language is abolished, will not the same thing take place again? In fact, I do not know to what class the writer belongs. If he were a Hindoo, he would, of course, encourage the Bengalee language. If a Mahomedan, he would, of course, be unwilling to do so. If he be an European, he is, of course, averse to the Bangalee language, because he is unacquainted with it. But all the public officers must acknowledge, that all the languages in every province originate with the Sungskrit, and have the same terminations. Again, the individual who objects to the words of this Roobocarry ought to remember, that we are by no means offended with his inquisition; for, his learning is fully manifested

শব্দ লিখনেই সমুচ্চায়োষ হইয়াছে বিশেষ সে গুণাকর মহাশয়ের এতাদৃশাচরণ করা অসম্ভব নহে যথা।

যোষন্য নবেতি গুণ প্রকাশং সতস্য নিন্দাং সততং করোতি। যথা কিরাতঃ করিকুম্ভজাতাং মুক্তাং পরিত্যজ্য বিভর্ত্তি গুঞ্জাং।

রোবকারির লিখিত শব্দ	রিফারমর সম্পাদক কর্তৃক সংশোধিত
ধনী	বিত্ত
ধনাগার	ধোনাগার
বার্ষিক কর	বার্ষীক কর
পঞ্চদশ	পঞ্চদষ
আহ্বান	আহ্যান
পঞ্চ বিংশতি	পঞ্চ বিংসতি
নবম শত	নবম সত
মৃত্যু	মৃত্ত

কস্যচিৎ রংপুর নিবাসিনঃ

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধনপূর্ব্বক নিবেদন মিদং আপনকার অতুল্য দর্পণে নীচের লিখিতব্য কয়েক পংক্তি স্থান দান দিয়া চিরবাধিত করিতে আজ্ঞা হয়।

১ দফা। আমরা কএক খানি পল্লীগ্রাম নিবাসি দীনগণ এক বিদ্যালয় বয়চির বানারস রোডে বৈঞ্চী গ্রামে স্থাপন জন্যে কয়েক সপ্তাহ হইল এক পত্র মহাশয়ের দর্পণে প্রেরণ করিয়াছিলাম আপনকার কৃপাসিন্ধু প্রভাবের গুণ মহাশয়ের দ্বারা দর্পণে অর্পণ করিয়া প্রকাশ করিয়াছিলেন। কিন্তু অস্মদাদির দুঃখ হরণ বিষয় কাহারো মনোযোগ হয় নাই।

২ দফা। সম্পাদক মহাশয় গো ভাগ্যবানের ভার ভগবানে বহেন যাহা জনশ্রুত আছে তাহা সত্য বোধ হইল আমরা আপন সন্তানগণের মূর্খত্ব দোষ ভঞ্জ হেতুক বারম্বার বিনতি করিতেছি কোন মিসনেরি কি খৃষ্টীয়ান কি ভাগ্যবান বাঙ্গালি ও ইউরোপিয়ান কোন মহাশয় নিজ এমত কোন অংশে দয়া প্রকাশ করিলেন না। যেদীনগণের উপকার হয় আমারদের জিলা হুগলির সাবেক মাজিষ্ট্রেট শ্রীযুত মেং স্মিথ সাহেব অনেক কীর্ত্তি করিয়া সাধুবাদ লইয়াছেন যদি বর্ত্তমান কালের আমারদের ধর্ম্মশীল শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব সানুকূল হইয়া কোন উপায় উক্ত বিদ্যালয় স্থাপনার্থ করেন তবে আমারদিগের চির স্মরণীয় হন তাঁহার গুণ কীর্ত্তন আমরা পুরুষানুক্রমে করি। এবং ৺ সমীপে মঙ্গল বাঞ্ছিত আছি আর থাকি।

৩ দফা। আমরা পাণ্ডুয়া পরগনার অন্তঃপাতি গ্রাম বৈঞ্চী ও হাথনি ও তালবোনা ও পোটবা ও বেড়েলা ও পাঁচগড়া এই কয়েক মৌজায় বর্ত্তমানকালের জএণ্ট শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের আমল অবধি সর্ব্বতোভাবে সুখী আছি ৺ সমীপে প্রার্থনা করি যে এই দয়াবান সাক্ষাৎ ধর্ম্ম বর্ত্তমানকালের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব কিছু দিন উপর উক্ত জিলায় থাকেন আমরা ৺ শ্রীরামচন্দ্রের রাজ্যের প্রজার তুল্য বাস করি।

৪ দফা। হে সম্পাদক মহাশয় দেশ হিতৈষী মহাশয়দিগের যদি কিঞ্চিৎ শ্রবণ হয় তবে অজ্ঞানালয় মূর্খ স্থান পবিত্র হয় দেশহিতৈষী মহাশয়দিগকে এই নিবেদন পরমেশ্বর তাঁহারদিগকে পরোপকারের নিমিত্ত সৃজন করিয়াছেন এ দীন দিগের প্রতি কেন সদয় না হন কিমধিকং নিবেদন ইতি।

কস্যচিৎ বৈঞ্চী ও হাথনি ইত্যাদি পল্লী গ্রামনিবাসি দীনহীন প্রজানাং।

---

by the word *Recnee* and *Dhunogar*. If he is extremely delighted with these words, his reprobation carries with it no disgrace.

As the shastrus says, he who is unacquainted with the qualities of a thing, always despises them, just as the ignorant driver of an elephant despises the jewel in the elephant's head, and contents himself with taking a necklace of polished wood.

Words used in the *Roobocarry*.	Words corrected by *Reformer*.
ধনী	বিত্ত
ধনাগার	ধোনাগার
বার্ষিক কর	বার্ষীক কর
পঞ্চদশ	পঞ্চদষ
আহ্বান	আহ্যান
পঞ্চ বিংশতি	পঞ্চ বিংসতি
নবম শত	নবম সত
মৃত্যু	মৃত্ত

To the Editor of the Durpun.

Receive my salutations, and confer upon me a perpetual obligation, by publishing these few lines in the *Durpun*.

1st. We are a few inhabitants of some country villages, and very poor. We sent for publication in the *Durpun* some weeks ago, praying for the establishment of a school in Boinchee, on the Great Benares Road, and you were so very obliging as to give it a place in that paper, but no one has exerted himself in order to remove our distress.

2d. There is a proverb among us, that God himself bears the burdens of the rich; and this appears to be now verified. We have repeatedly solicited that the mischief arising from the ignorance of our children might be removed, but no Missionary, or Christian, or wealthy Native, or European, has manifested any such compassion towards us. In order to assist the poor, the former Magistrate of our District, Mr Smith, performed many deeds, and has received corresponding praise. If our present Joint Magistrate would be equally benevolent, and establish such a seminary, he would be held in perpetual remembrance, and we would deliver his praise down to posterity, and pray to God for his prosperity.

3d. We are the inhabitants of Boinchee and Hathinee, and Talbona and Porba and Berella and Panchghurra, in the Pergunnah of Parooah; and from the time when our Joint Magistrate was appointed, we have lived in constant happiness, and our prayer to God is, that this, our excellent Magistrate, may remain for some time in our district, and we shall be like the happy subjects of Ramchunder.

4th. If those who have benevolent eyes towards the country, would listen to our supplication, this abode of ignorance would be purified, for God has created them, in order that they might confer blessings upon others. Why, therefore, are they not compassionate towards us.

A Resident of Boinchee and Hathinee.

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৵	৷৵	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩।০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st. Class,	0	2	0	6
2d. Class,	0	½	0	4
3d. Class,	3	12	4	0
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	13	0	13	0
4 per Cent loan,	2	4	2	0 Disct.

Bank Shares.

Bank of Bengal,..........Co.'s Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৭৯ সংখ্যা। বালম ২০।] ১৭ ফেব্রুআরি ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ৭ ফাল্গুণ। SATURDAY, FEBRUARY 17TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1179. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুম ক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২১ ফেব্রুআরি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব ব্রজকুমার সেটের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে বড় বাজারে সুপরিহাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গুদাম ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৷০ এক বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ব্রজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নীলু পালের বাটী ও ভূমি। উত্তর দিগে নকুলেশ্বর যাইতে এক গলি। পশ্চিম দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে মৃত কাশীনাথ বাবুর বাটী ও ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরের বড় বাজারে জগন্নাথের ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ১/১ এক বিঘা এক কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে

ইশতেহার।

ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ব্রজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগের একাংশে পাঁচু বসাকের ভূমি অপরাংশে পূর্ব্বোক্ত আসামীর ভূমি। পূর্ব্ব দিগের একাংশে আশুতোষ বাবুর ভূমি। অপরাংশে পূর্ব্বোক্ত আসামীর ভূমি। দক্ষিণ দিগে সরকারী রাস্তা।

৩ দফা। এবং কলিকাতা নগরে সুতানুটিতে যোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ২৪।১।৵ চব্বিশ বিঘা ছয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ব্রজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে বর্ঠিতলার রাস্তা। দক্ষিণ দিগে যোড়া বাগানের থানার রাস্তা। পশ্চিম দিগে চুনিলাল কাঁসারির বাটী ও ভূমি। উত্তর দিগে রামসুন্দর দের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরে যোড়া বাগানে সুতানুটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮॥৩।৵ আট বিঘা তের কাঠা দশ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ধোপা পুস্করিণীনামে বিখ্যাত এক পুস্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী ব্রজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে প্রসন্নকুমার ঠাকুরের বাটী ও মৃত হরিনারায়ণ বসাকের ভূমি ও গোলোক বসাক প্রভৃতির ভূমি ও শম্ভুচন্দ্র সরকার প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে জগমোহন মুখুয্যের ফুলবাগান অপরাংশে মৃত চন্দ্রকুমার ঠাকুরের ভূমি ও রাধিকামোহন বসাক ও রামহরি বসাকের ভূমি ও শিবু পাণ্ডার ভূমি ও কালু বসাকের ভূমি। পূর্ব্ব দিগের একাংশে নূতন বাজার নামে বিখ্যাত এক বাজার অপরাংশে চড়কডাঙ্গায় শিবতলা নামে বিখ্যাত স্থান ও বিশ্বনাথ নন্দির ভূমি ও মদন বসাকের ভূমি। পশ্চিম দিগে যোড়া বাগানে সরকারী নরদমার নিকটস্থ পূর্ব্বোক্ত সেটদিগের রায়তী ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বা

ইশতেহার।

রান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রামধন মুখুয্যে ও গোবিন্দচন্দ্র মুখুয্যের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ জিলা বারাসতে ভাবিলি শহর পরগনায় ভাবিলি শহরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩/ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুস্করিণী ও নানা প্রকার বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামধন মুখুয্যে ও গোবিন্দচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও দক্ষিণ দিগে রাজচন্দ্র চৌধুরীর ভূমি। পূর্ব্ব ও পশ্চিম দিগে শিবরাম তর্কপঞ্চাননের চৌবাড়ী ও কাঁটালপাড়ার ঠাকুরের ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানে শিবু ঠাকুরের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ৸০ পনর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামধন মুখুয্যে ও গোবিন্দচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ তাহার চতুর্দ্দিগে কাশীনাথ তর্কপঞ্চাননের ভূমি।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানে বারজ্র গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ।০ দশ কাঠা তাহাতে নানা প্রকার বৃক্ষ আছে তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামধন মুখুয্যে ও গোবিন্দচন্দ্র মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পূর্ব্ব দিগে বিশ্বনাথ চাটুয্যের বাটী ও ভূমি। উত্তর দিগে কৃষ্ণ বাবুর ভূমি। পশ্চিম দিগে ব্রজ ভট্টাচার্য্যের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত তামস হলরাইট সাহেব জর্জ ই

ইশতেহার।

ষ্টন অথবা জর্জ এলফিনষ্টন সাহেবের বিরুদ্ধে বেন্দিসয়োনৈ এক্সপোনাস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নিলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ হুগলি জিলায় অর্সা পরগনায় চুঁচুড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী তাহার মধ্যে এক দোতালা কুঠরী আছে এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬৷৪।৶ ছয় বিঘা চৌদ্দ কাঠা এগার ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে আস্তবল ও দুই পুস্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জর্জ ইষ্টন অথবা জর্জ এলফিনষ্টন সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে কোম্পানি বাহাদুরের বারিক অথবা কাওয়াজের মাঠ। দক্ষিণ দিগে এক ঠাকুর বাটী অথবা দেবালয় ও নারায়ণ ধোপার ভূমি। পশ্চিম দিগে কৃষ্ণমোহন শীলের বাগান বাটী।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/৩৶ এক বিঘা তিন কাঠা তের ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে আস্তবল আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জর্জ ইষ্টন অথবা জর্জ এলফিনষ্টন সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। পশ্চিম দিগে বারবর সাহেব ও বারকু বাবু ও অন্যের দের ভূমি। উত্তর দিগে পূর্ব্বোক্ত আসামীর বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গোলোক রায়ের পুস্করিণী।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।।০।/১০ দশ কাঠা সাড়ে পাঁচ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জর্জ ইষ্টন অথবা জর্জ এলফিনষ্টন সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে বারবর সাহেবের বাগান। পূর্ব্ব দিগে মৃত বারবুন সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত আসামীর বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

এতদ্দেশীয় কাগজ কলমপ্রভৃতি দ্রব্যের ইশ্‌তেহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচে লিখিতব্য দ্রব্য এক বৎসরের নিমিত্ত যোগাইবার কারণ ১৮৩৮ সালের বৃহস্পতিবার ৮ মার্চ তারিখে বা তাহার পুর্ব্বে মোহর করা প্রস্তাব গ্রাহ্য হইবেক। তাহা তাবৎ দ্রব্যের বিষয়ে বা কোন২ বিশেষ দ্রব্যের বিষয়ে প্রস্তাব করা যাইতে পারে এবং ষ্টেসনরি কমিটির শ্রীযুত মুহরির সাহেব সময়ে২ যত দ্রব্য চাহিবেন তাহাই যোগাইয়া দিতে হইবে কিন্তু তাহা সমুদায়ে নীচে লিখিতব্য সংখ্যার কম হইবে না।

যত দ্রব্য আবশ্যক হইবেক।

দ্রব্য	সংখ্যা	
দেশী মিডিএম আড়া কাগজ প্রথম প্রকার	২০০০	রিম
ঐ ঐ ঐ দ্বিতীয় প্রকার	৫০০	
ঐ ঐ ঐ তৃতীয় প্রকার	৫০	
ঐ ঐ ঐ চতুর্থ প্রকার	৪০০	
শ্রীরামপুরের রায়েল কাগজ	১২০০	
শ্রীরামপুরের মিডিএম কাগজ	২০০০	
চিনের ফুলিস্কেপ কাগজ	৩৫০	
চিনের চিঠীর কাগজ	৫০	
চিনের দোয়াইত	৫০	
চিনের রায়েল কাগজ	১০	
আরওয়ালি কাগজ	১০	
বাঙ্গলা তুলট কাগজ	২৫	
বাঙ্গলা কলম	৮০০০	
প্রথম প্রকার দেশীয় কালী	১০	সের
ঐ দ্বিতীয় প্রকার কালী	৩৫০	
দেশীয় কম চৌড়া ফিতা	২০০০	তুড়ন
দেশীয় চৌড়া ফিতা	১৫০	ঐ
দেশীয় পিনহোট মোটা	২০০	ঐ
ঐ ঐ পাতলা	৫০	ঐ
দেশীয় বালি	৫	মোন
দেশীয় লাল বাতি	১১০০০	তুড়ন
দেশীয় ওয়েফর	২০০০	বাক্স
কেতাব জেল্দ করার নিমিত্ত দেশীয় চামড়া	৬০০	
দেশি মোমজামা প্রথম প্রকার	২৫০০	থান
দেশি মোমজামা দ্বিতীয় প্রকার	২০০০	ঐ
ফরাসিস ফুলিস্কেপ কাগজ	২০	রিম
দেশি কাটরেজ পেপর	৩০	ঐ
মোমবাতি	৯০	সের

ডাকবাক্সির নিমিত্ত কাষ্ঠে মোড়া টিনের বাক্স ৬০০।

নীচে লিখিতব্য মাপের কাষ্ঠের বাক্স সমুদায়ে ৮০০।

	লম্বা	চৌড়া	উচ্চ
নং ১।	৩ ফুট	২ ফুট	১ ফুট ৮ ইং
নং ২।	২ ঐ ৮ ইং	১ ঐ ৭ ইং	১ ঐ ৫ ঐ
নং ৩।	২ ঐ ৬ ঐ	১ ঐ ৬ ঐ	১ ঐ ৪ ঐ
নং ৪।	২ ঐ ৩ ঐ	১ ঐ ৪ ঐ	১ ঐ ৩ ঐ
নং ৫।	২ ঐ	১ ঐ ২ ঐ	১ ঐ ১ ঐ
নং ৬।	১ ঐ ৬ ঐ	১ ঐ ২ ঐ	১ ঐ

নিয়ম।

১ দফা। ষ্টেসনরি আপিসে যে রকম নমুনা দেখান যাইবেক অথবা ষ্টেসনরি কমিটির সাহেবেরা যে নমুনা মঞ্জুর করিবেন তত্তুল্য জিনিস দিতে হইবেক।

২ দফা। ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেবের লিখিত দাওয়ার ফর্দ্দ চুক্তিকারককে দেওয়া গেলে তিন দিবসের মধ্যে জিনিস দাখিল করিতে হইবেক এবং ঐ সকল জিনিসের মূল্য তৎপর মাসের আরম্ভে দেওয়া যাইবেক।

৩ দফা। সরবরাহকারেরা ফর্দ্দ পাইয়া উপরি লিখিত তিন দিবসের মধ্যে পূর্ব্বোক্ত ফর্দ্দানুসারে জিনিস না দিতে পারিলে ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেব ঐ তিন দিবস গত হইলে আবশ্যক জিনিস সকল বাজারে ক্রয় করিয়া সরবরাহকারের নামে খরচ লিখিবেন।

৪ দফা। সরবরাহকারেরদের চুক্তি পত্রের দরখাস্তের সঙ্গে ও চুক্তি পত্র অনুসারে সরবরাহকারেরা কর্ম্ম করিবেন এমত কোন মাতবর কুঠীওয়ালা কিম্বা কোন সম্ভ্রান্ত ব্যক্তিরদের জামিন দিতে হইবেক এবং জামিনদারের এমত একরার করিতে হইবে যে তৃতীয় দফাতানুসারে বাজারে যে জিনিস পত্র খরীদ করা যাইবেক তাহার টাকা দিবেক এবং দ্বিতীয় দফা অনুসারে যদ্যপি আবশ্যক জিনিস দাখিল করিতে না পারে তবে ষ্টেসনরি কমিটির বিবেচনায় দুই শত টাকার অধিক না হয় এমত জরীমানা দিতে স্বীকার করিবেন এবং এই ইশতেহারের তৃতীয় দফার নিয়ম যতবার ভঙ্গ হইবে ততবার পূর্ব্বোক্ত গুনাহগার করা যাইবে।

৫ দফা। ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেব যদি ঠাহরেন যে জিনিস নমুনা হইতে মন্দ তবে তাহা ফিরাইয়া দিয়া তাহার পরিবর্ত্তে এই ইশ্‌তেহারের ২। ৩ দফার নিয়মানুসারে নমুনা সহী জিনিস তলপ করিয়া লইবেন।

৬ দফা। সকল জিনিস দেওনের দরখাস্ত ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেবের নিকট মোহর করা থাকিবেক এবং তাহা কমিটি সাহেবদিগের সম্মুখে খোলা যাইবেক।

আর২ বৃত্তান্ত হিন্দুর পর্ব্ব দিন ও রবিবার ব্যতিরেকে কোন দিন ১০ ঘণ্টা অবধি ৪ ঘণ্টা পর্য্যন্ত স্বয়ং ষ্টেসনিরি আপিসে উপস্থিত হইয়া অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

ষ্টেসনরি কমিটির হুকুমক্রমে
এচ এ অবর্ট
ষ্টেসনরি কমিটির একটিং ক্লার্ক।

খাজাঞ্চীর লালদীঘী
ষ্টেসনরি আপিস
৮ ফেব্রুআরি ১৮৩৮।

বাঙ্গলা ভাষায়।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ৷০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ৷৷০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

দিগ্‌দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

সংস্কৃত ভাষায়।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্তৃক সম্পন্ন হইয়া সুক্সিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোক সকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ সাং ১৮৩১ সালের শ্রীযুত গবর্ণমেণ্টকর্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে। প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মুনসেফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

নীচে লিখিতব্য মহাশয়রা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য দিয়াছেন।

শ্রীযুত জেমস শা সাহেব।
শ্রীযুত জোসেফ এলাই সাহেব।
শ্রীযুত এফ কাম্বেল সাহেব।
শ্রীযুত বাবু সরূপচন্দ্র সরকার চৌধুরী।
শ্রীযুত বাবু রাধানাথ দত্ত। বাগুণ্ডি।
মৈমনসিংহস্থ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র চৌধুরী ১৮৩৯ সালের জানুআরিপর্য্যন্ত।
শ্রীযুত বাবু হরনাথ রায় ১৮৩৮ সালের ৮ টাকা ও ১৮৩৯ সালের ১ টাকা।

শ্রীযুত ডাক্তর টেম্পল সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১২ টাকা।
শ্রীযুত জেমস শা সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ২৪ টাকা।
শ্রীযুত জোসেফ এলাই সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১৩ টাকা।
কুমারখালিস্থ শ্রীযুত বাবু শ্রীনাথ মজুমদার ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১৪ টাকা।
শ্রীযুত বাবু হরনাথ রায় ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ২১ টাকা।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun*, *for the current year*, from January 1st to December 31st, 1838, Eight Rupees each.

Jas. Shaw, Esq.
Mr. Jos. Elly.
F. Campbell, Esq.
Baboo Suroopchunder Sirkar Chowdry.
Baboo Radhanath Dutt, Bagundee.
Baboo Bhyrubchunder Chowdry, of Mymensing, to Jan. 1839.
Baboo Hurronath Roy in advance on 1839, 1 Rupee.

Dr. Temple, to Dec. 1837, 12 Rs.
Jas. Shaw, Esq. to Dec. 1837, 24 Rs.
Mr. Jos. Elly, to Dec. 1837, 13 Rs.
Baboo Shreenath Mojoomdar, Comercolly, to Dec. 1837, 14 Rs.
Hurronath Roy, to Dec. 1837, 21 Rs.

রাজকর্ম্মে নিয়োগ।

৭ ফেব্রুআরি ১৮৩৮।

ছুটি লইয়া বিলাত গমন শীল সিবিল সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ আর কেনাবে সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের গত নবেম্বর মাসের ২ তারিখের হুকুম নামাক্রমে যে ছুটি পান তদতিরিক্ত সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব কর্ত্তৃক অরিয়েণ্ট নামক জাহাজের প্রস্থান তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৯ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

ছুটি লইয়া বিলাত গমন শীল সিবিল সম্পর্কীয় শ্রীযুত এস জি স্মিথ সাহেব উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের গত ২৮ অক্টোবর ও গত ৭ দিসেম্বর তারিখের হুকুমনামাক্রমে যে ছুটি পান তদতিরিক্ত সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব কর্ত্তৃক কলিকাতা রাজধানীতে রাবর্ট স্মাল নামক জাহাজের প্রস্থান তারিখ পর্য্যন্ত অবস্থান করণার্থ অনুমতি পাইয়াছেন।

৯ ফেব্রুআরি।

নীচে লিখিতব্য সাহেবেরা ভারতবর্ষস্থ কোম্পানির সিবিল সম্পর্কীয় কর্ম্মে সেণ্টজর্জ নামক জাহাজ আড়কাটি ছাড়নের তারিখ অবধি ইস্তফা দিয়াছেন।

শ্রীযুত সরচার্লস মেটকাফ সাহেব এবং শ্রীযুত উলিয়ম ফেমিং ডিক সাহেব।

৫ ফেব্রুআরি।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত হেনরি জন থর্ণ্টন সাহেব কুমারখালির কুঠীর বাকি আদায়ের কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

গত ৩১ জানুআরি বুধবার এবং বর্ত্তমান মাসের ৩ তারিখ শনিবার কলিকাতা গেজেটে প্রকাশিত ১৮৩৮ সালের ৪ আইনের সম্পর্কে যে পর্য্যন্ত থাকে সেই পর্য্যন্ত তাহা অশুদ্ধ প্রযুক্ত রদ হইল।

২ ফেব্রুআরি।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেসন জজ শ্রীযুত এফ গোলসবরি সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্ত যে সময় প্রাপ্ত হইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিবসের ছুটি পাইয়াছেন।

৩ ফেব্রুআরি।

সদর দেওয়ানি ও নিজামত আদালতের একটিং জজ শ্রীযুত সি হার্ডিং সাহেব কর্ম্মে অবসর হইয়া বিলাত গমনার্থ দরখাস্ত করিতে বর্ত্তমান মাসের ৫ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

ময়মনসিংহের সিবিল ও সেসন জজ শ্রীযুত জি সি চিপ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত জে এম হে সাহেব কিম্বা তাঁহার অনুপস্থানে শ্রীযুত জে উইলর সাহেব জজের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

৬ ফেব্রুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এচ সি হামিলটন সাহেব জিলা বেহারের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকতর হইয়াছেন। ঐ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত ঐ জিলার একটিং কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এ টি ডিক সাহেব ঢাকার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা হিজলির ডেপুটি কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

বর্দ্ধমানের সিবিলসম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি এন চিক সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ সাত দিবসের ছুটি পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত টি হিউগন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ দরখাস্ত করিতে গত মাসের ২০ তারিখ অবধি আগামি মে মাসের ১ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

শ্রীযুত সি আর ষ্ট্রং সাহেব শ্রীযুত হিউগন সাহেবের অনুপস্থান পর্য্যন্ত তাঁহার কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন।

শ্রীহট্টের কালেকটরী খাজাঞ্চী শ্রীযুত রামসুন্দর দেব সরকারী টাকা তসরূপ করণে দোষ সাব্যস্ত হওয়াতে কয়েদের হুকুম পাইয়াছে এবং বঙ্গদেশের শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব হুকুম করিয়াছেন যে ঐ অপরাধি ব্যক্তি ১৮৩৩ সালের ২ আইনের ৪ ধারা অনুসারে উত্তরকালে কোম্পানির কোন কর্ম্ম করণে যোগ্য নহে এমত প্রকাশ করা যায়।

২৭ জানুআরি।

মান্দ্রাজস্থ অশ্বারূঢ় সৈন্যের পঞ্চম রেজিমেণ্টের কাপ্তান শ্রীযুত এ মেকলৌড সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত লেপ্তেনন্ত ডবস সাহেবের পরিবর্ত্তে মহীশূর রাজ্যে নগর প্রদেশের একটিং সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

১৭ জানুআরি।

শ্রীযুত ই উইলমট সাহেব মিরটের জাইণ্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

উত্তর পশ্চিম সীমার দিল্লিস্থ শ্রীযুত কষ্টম কালেকটর সাহেব হোরলের কর্ম্ম হইতে মুক্ত হওনার্থ বন্দোবস্ত করণের অনুমতি পাইয়াছেন।

২০ জানুআরি।

গোরক্ষপুরের উপরি জজ শ্রীযুত আর জে টেলর সাহেব জিলা গোরক্ষপুর হইতে মীর্জাপুরের উপরি জজের কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

২৪ জানুআরি।

১৮৩৫ সালের ৩ আইন অনুসারে স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত জি পি টামসন সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ যে ছুটী পাইয়াছিলেন তদতিরিক্ত দশ দিবসের ছুটি পাইয়াছেন।

২৭ জানুআরি।

শ্রীযুত এন বি এডমনষ্টোন সাহেব গাজিপুরের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে জে ডবলিউ টণ্টন সাহেব হমিরপুরের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জি টি লসিংটন সাহেব বরেলির একটিং মাজিস্ত্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত সি টি লিবা সাহেব আগ্রা প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

শ্রীযুত টি জে টরনর সাহেব শ্রীযুত ডবলিউ ফেন সাহেব উত্তমাশা অন্তরীপে গমন করাতে তাঁহার অনুপস্থান পর্য্যন্ত অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত সদর বোর্ড রেবিনিউর একটিং মেম্বর হইয়াছেন।

শ্রীযুত জে ডেবিডসন সাহেব রহেলখণ্ড প্রদেশের একটিং কমিস্যনর হইয়াছেন। এবং ফরুক্কাবাদের জজের চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত জে মর্সর সাহেবের প্রতি অর্পণ করিবেন।

ফতেপুরের শ্রীযুত জে টি রিবাজ সাহেব অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১৫ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত রিবাজ সাহেব স্বীয় কর্ম্মের ভার উক্ত জিলার একটিং জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত এস জে বিচর সাহেবের প্রতি অর্পণ করিবেন। বিচর সাহেব রিবাজ সাহেবের অনুপস্থান পর্য্যন্ত চলিত কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

CIVIL APPOINTMENTS.

7th February, 1838.

The Honourable the Deputy Governor of Bengal was pleased on the 3d ultimo, to grant to Mr. W. R. Kennaway, of the Civil Service, proceeding on Furlough, an extension of the leave of absence granted to him under the Orders of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces, dated the 2d November last, till the date of the departure of the Ship "*Orient*," which Vessel was left by the Pilot at Sea on the 29th ultimo.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to permit Mr. S. G. Smith, of the Civil Service, proceeding on Furlough, to remain at the Presidency, in extension of the leave of absence granted to him under the orders of the Honourable the Lieutenant Governor of the North Western Provinces, dated the 28th October and 7th December last, till the date of the departure of the Ship "*Robert Small.*"

9th February.

The following Gentlemen have been permitted to resign the East India Company's Civil Service, from the date on which the Pilot may quit the Ship "*St. George*" at Sea, viz.

The Honourable Sir Charles Theophilus Metcalfe, Bart., G. C. B.

Mr. William Fleming Dick.

5th February.

Mr. Assistant Surgeon Henry John Thornton is appointed to collect the Balances at the Commercolly Factory.

The Calcutta Gazettes, published on Wednesday, the 31st January last, and Saturday, the 3rd instant, are hereby cancelled, as far as Act, No. IV. of 1838, is concerned, in consequence of some errata.

The following officers have obtained leave of absence from their stations:

2d February.

Mr. F. Gouldsbury, Civil and Session Judge of West Burdwan, for ten days, on private affairs, in addition to the time allowed to join his station.

3d February.

Mr. C. Harding, Officiating Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for one month, on private affairs, from the 5th instant, preparatory to his applying for permission to retire from the Service and proceed to England.

Mr. G. C. Cheap, Civil and Session Judge of Mymunsing, for one month, on private affairs. Mr. J. M. Hay, or in his absence, Mr. J. Wheler, will conduct the current duties of the Judge's office.

6th February.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments:

Mr. H. C. Hamilton to be a Joint Magistrate and Deputy Collector in Zillah Behar. Mr. Hamilton will continue to officiate as Collector of that District, until further orders.

Mr. A. T. Dick to be Joint Magistrate and Deputy Collector of Dacca.

Baboo Kylas Chunder Dutt to be Deputy Collector in the District of Hidgelee, under Provisions of Regulation IX. of 1833.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. G. N. Cheek, the Assistant Surgeon attached to the Civil Station of Burdwan, for seven days, to visit the Presidency, from the 10th instant, on private affairs.

Mr. T. Hugon, Sub-Assistant to the Commissioner of Assam, on medical certificate, from the 20th ultimo to the 1st May next, preparatory to his applying for permission to proceed to Sea. Mr. C. R. Strong will act in the room of Mr. Hugon during his absence.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to determine that Ramsoonder Deb, late Treasurer of the Sylhet Collectorate, who has been convicted and sentenced to imprisonment for embezzlement of the public money, shall under Section IV. Regulation II. of 1813, be declared incapable of serving Government in future in any public capacity.

27th January.

Captain A. Macleod, of the 5th Regiment Madras Light Cavalry, is appointed to officiate as Superintendent of the Nuggur Division of the Mysore Territory, until further orders, in the room of Lieutenant Dobbs.

17th January.

Mr. E. Wilmot is appointed to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Meerut.

The Collector of Customs, North Western Frontier, Delhi, has been directed to make an arrangement for his relief from the duties of his appointment at Horul.

20th January.

Mr. R. J. Taylor, Additional Judge of Goruckpore, is transferred from Zillah Goruckpore to Mirzapore, and appointed Additional Judge in the latter District.

24th January.

Mr. G. P. Thompson, Special Commissioner under Act III. of 1835, has obtained leave of absence for ten days, in extension of the leave already granted him, to enable him to rejoin his station.

27th January.

Mr. N. B. Edmonstone to officiate as Magistrate and Collector of Ghazeepore.

Mr. J. J. W. Taunton to officiate as Magistrate and Collector of Humeerpore.

Mr. G. T. Lushington to officiate with the powers of a Magistrate and Collector in Bareilly.

Mr. C. T. LeBas to be an Assistant under the Commissioner of the Agra Division.

Mr. T. J. Turner to officiate as Member of the Sudder Board of Revenue, during the absence of Mr. W. Fane, on leave to proceed to the Cape of Good Hope, or until further orders.

Mr. J. Davidson to officiate as Commissioner of the Rohilkund Division. Mr. Davidson to make over charge of the current duties of the Judge's office at Furruckabad to Mr. J. Mercer, the Principal Sudder Aumeen of the District.

Mr. J. T. Rivaz, Judge of Futtehpore, has obtained leave of absence for one month, on his urgent private affairs, to commence from the 15th proximo.—Mr. Rivaz to make over charge of his office to Mr. S. J. Becher, the Officiating Joint Magistrate and Deputy Collector of the District, who will conduct the current duties thereof during Mr. Rivaz's absence.

সমাচার দর্পণ

শনিবার ১৭ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীযুত সর চার্লস মেটকাফ।

গত সপ্তাহে শ্রীলশ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেবকে অনেক স্থানে ভোজ দেওয়া গিয়াছে। ইহার পূর্ব্বে কখন দৃষ্ট হয় নাই যে ভারতবর্ষীয় কোন পদস্থ ব্যক্তির প্রতি সর্ব্বসাধারণের এমত অনুরাগ হইয়াছিল এবং তিনি ঈদৃশ অনুরাগেরই নিতান্ত যোগ্য বটেন· গতপূর্ব্ব বৃহস্পতিবারে বাঙ্গাল ক্লব শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে ভোজ দেন। শ্রীযুত মেটকাফ সাহেব উক্ত সভা স্থাপনাবধিই তাহার সভাপতি ছিলেন। মুদ্রাযন্ত্র মুক্তকরণের উপকার স্মরণার্থ যে বার্ষিক উৎসব হইয়া থাকে তাহা গত শুক্রবারে সম্পন্ন হইল। ঐ উপকার আমরা শ্রীলশ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেবের স্থানে প্রাপ্ত হইয়াছি ঐ উৎসবসময়ে শ্রীলশ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব উপস্থিত ছিলেন। এবং ঐ সভাস্থ যদ্রূপ বক্তৃতা হইল তদ্রূপ প্রায় পূর্ব্বে কখন শ্রুত হওয়া যায় নাই কিন্তু তৎসময়ে যে সকল বাক্‌কৌশল হইয়াছিল তাহা আমারদের প্রকাশকরণের স্থানবিরহ হইল। গত শনিবারে কলিকাতাস্থ অনেক সাহেবেরা একত্র হইয়া শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেবকে টৌনহালে অত্যুত্তম এক ভোজ দিলেন। তৎসময়ে কলিকতাস্থ প্রধান২ প্রায় ২৪০ জন সাহেব লোক উপস্থিত ছিলেন। তাহাতে শ্রীযুত সর চার্লস গ্রাণ্ট সাহেব সভাপতি হন।

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব গত বৃহস্পতিবারে সকল লোকের নিকটে বিদায় হইয়া খিদ্যমানভাবে জাহাজারোহণ করিলেন।

পশ্চিম প্রদেশে অতিদুর্ভিক্ষ।

আগ্রা আকবরহইতে এক পত্র আমরা গ্রহণ করিলাম তাহাতে দৃষ্ট হইল যে ঐ স্থানে বর্ত্তমান দুর্ভিক্ষপ্রযুক্ত লোকের এমত দুরবস্থা হইতেছে যে তদ্দ্বারা একেবারে হৃদয় বিদীর্ণ হয়।

অপর সাগরহইতে সম্বাদ শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে ঐ প্রদেশে ফসল এমত উত্তম হইয়াছে যে তদ্রূপ প্রায় দৃষ্ট হয় নাই এবং এইক্ষণে তত্রস্থ লোকেরা যেমন স্বচ্ছন্দে কালযাপন করিতেছে তেমন ভারতবর্ষের কোন প্রদেশে নহে।

আগ্রা আকবরের এক পত্রদ্বারা অবগত হওয়া গেল যে গড়মুক্তীশ্বরের ঘাট অবধি প্রয়াগপর্য্যন্ত দুর্ভিক্ষ হওয়াপ্রযুক্ত লোকের অত্যন্ত ক্লেশ হইয়াছে দীনহীন লোকেরা অতি ব্যাকুল হইয়া ইতস্ততো ভ্রমণ করিতেছে বিশেষতঃ ফতেগড়ে যৎপরোনাস্তি দুর্ভিক্ষ ও কষ্ট হইয়াছে। পূর্ব্বে হকিম মেন্দিআলি খাঁ ঐ স্থানে প্রত্যহ ৫০০ দীনদরিদ্রেরদিগকে আহার প্রদান করিতেন। ফতেগড়ের নিকটস্থ মেন্দি ঘাট অঞ্চল একেবারে মরু ভূমি প্রায় এবং চতুর্দিগস্থ গ্রামসকল শূন্য হইয়াছে। দৃষ্ট হইতেছে বহুতর লোক অনাহারে মারাগিয়াছে এবং কোন২ স্থানে শবের অসহ্য দুর্গন্ধ বাহির হইতেছে। লোকসকল আপনারদের আহারীয় দ্রব্য ফুরাইলে স্ব২ গ্রাম হইতে বাহির হয় কিন্তু কোথায় যাইবে স্থির করিতে পারে না। এইক্ষণে কানপুরে ১৫০০ লোক আহার পাইতেছে এবং শ্রীলশ্রীযুত গবরনর জেনরল তাহারদিগকে উপযুক্ত মত

SUMACHAR DURPUN.

SATURDAY, FEBRUARY 17TH. 1838.

Sir Charles Metcalfe.

A series of entertainments has been given during the past week to Sir Charles Metcalfe. On no occasion do we remember to have seen such a demonstration of public feeling in favour of any individual, however high his station in Indian society, and never was it more richly deserved. On Thursday last, the Bengal Club gave a splendid entertainment to Sir Charles, who had been from the beginning the President of their body. On Friday came on the anniversary of the liberation of the Press, which the country owes to Sir Charles's Administration. His Honor was present on the occasion, and we may say with truth, that a more eloquent meeting has not been held for a long time in Calcutta. We have no room for transcribing the speeches which were delivered on the occasion. Sir John Grant presided.

On Saturday, the general community of Calcutta gave a splendid entertainment at the Town Hall, to Sir Charles. About 240 gentlemen constituted the assembly, among whom were all the heads of Society in every department in Calcutta.

Sir Charles Metcalfe embarked on Tuesday morning, amidst the universal regrets of society in India.

Alarming Scarcity in the Upper Provinces.

We have copied elsewhere an article from the *Agra Ukhbar*, which announces the most heart-rending distress as existing at that station, in consequence of the prevailling scarcity.

We are happy to learn from Saugor, that the crops in those territories are finer than they were ever before seen; and that the people were happier and better off than in any Province in India.

From some papers published in the *Agra Ukhbar*, we learn that from Gurmooktishur Ghaut to Allahabad, the people are suffering the severest distress from famine, and are flying, they know not where, in the hope of obtaining food. At Futtehgur, the famine and distress are truly appalling. Hukeem Mendy, was in the habit of feeding 500 people daily. At Mendy Ghaut, a little beyond Futtehgur, the whole country is one dry plain; the villages are almost deserted in every direction, and many are found to have died of starvation. In some places the stench arising from dead bodies is insufferable. The people remove from their own villages when they have no food left, and depart, not knowing where they are likely to obtain it. About 1500 people are fed daily at Cawnpore. The Governor General had subscribed largely to relieve

আহারের নিয়ম করিয়া দিয়াছেন এবং এই আজ্ঞা করিয়াছেন যে বলবান ব্যক্তিরদিগকে সরকারী কর্ম্মে খাটান যাইবে।

চৌকিদার।

শ্রীযুত কাপ্তান বাক্সটর সাহেবের হেস্পিরসনামক যে জাহাজে বহুতর কুলিরা দেমরারা দেশে প্রেরিত হয় ঐ সকল কুলির উপরে যে চৌকিদারেরা নিযুক্ত ছিল সেই চৌকিদারেরদের উৎপাত এমত ব্যক্তির স্থানে শুনা গেল যে তিনি তাহা স্বচক্ষেই দেখিয়াছেন। কএক দিবস হইল ঐ জাহাজ গঙ্গাসাগর দিয়া প্রস্থান করে এবং পথিমধ্যে তাহার এক জন কুলি মরিয়াছে এবং কথিত আছে যে তাহার উপরে যে চৌকিদার ছিল সে ব্যক্তি ঐ কুলিকে নীচে রাখিয়াছিল উপরে যাইতে দেয় নাই। কএক ঘণ্টাপর্য্যন্ত ঐ কুলিকে তাহার অনিচ্ছাতে নীচে রাখাতে সে বারম্বার উপরে যাইবার নিমিত্ত প্রার্থনা করিল তথাপি উপরে যাইতে দেওয়া গেল না। পরে যে ব্যক্তির স্থানে এই সম্বাদ প্রাপ্ত হওয়া যায় তাহার উদ্যোগেই জাহাজের উপরিভাগে তাহাকে লওয়া গেল কিন্তু তাহার কিঞ্চিৎপরেই মরিল।

মহা বদান্যতা।

শ্রীযুক্ত সর চার্লস মেটকাফ সাহেব কলিকাতাহইতে প্রস্থানকরণের পূর্ব্বে পেরেণ্টস একেদেমির বিদ্যালয়ে সহস্র মুদ্রা প্রদান করিলেন। ইহার কিঞ্চিৎ পূর্ব্বে শ্রীযুত ডাইস সমরু সাহেবও ঐ বিদ্যালয়ে তত্তুল্য টাকা প্রদান করিয়াছেন।

ডাইস সমরু সাহেবের মোকদ্দমা।

পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন যে কিয়ৎকালাবধি সুপ্রিমকোর্টে শ্রীযুত কর্ণল ডাইস সাহেব এবং তাঁহার পুত্র শ্রীযুত ডাইস সমরু সাহেবের মোকদ্দমা চলিতেছিল। আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে এইক্ষণে ঐ মোকদ্দমা রফা হইয়াছে এবং ডাইস সমরু পিতার যাবজ্জীবন পর্য্যন্ত মুশাহেরা মাসিক ১৫০০ টাকা ও মোকদ্দমার খরচা ১০০০০ টাকা দিবেন এমত অঙ্গীকার করিয়াছেন। আমরা বোধ করি ঐ মুশাহেরা সম্পর্কীয় উক্ত সাহেব সাড়ে ৪ লক্ষ টাকা জমা রাখিয়াছেন।

মাথাভাঙ্গা জাহাজ।

গত বুধবার ৭ তারিখে মাথাভাঙ্গা জাহাজ কলিকাতাহইতে প্রস্থান করিল ঐ জাহাজে শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ ঠাকুর ও তৎপরিচারকেরা এবং শ্রীযুত কখেরল সাহেব ও তাঁহার পরিবারেরা আরোহণ পূর্ব্বক গমন করিলেন।

স্থলপথের উপরি ডাক।

গত সপ্তাহে ইঙ্গলণ্ড দেশহইতে যে ডাক পঁহুছে তদ্দ্বারা বোম্বাইহইতে প্রেরিতপত্রের উত্তর ইঙ্গলণ্ড দেশহইতে ১১৭ দিনের মধ্যে উপস্থিত হয়। ডাকের গমন ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে এমত শীঘ্র কখন দৃষ্ট হয় নাই।

শ্রীলশ্রীযুত লার্ড আকলণ্ড।

২০ জানুআরি তারিখে শ্রীলশ্রীযুক্ত লার্ড আকলণ্ড সাহেব গড়মুক্তীশ্বরে উত্তীর্ণ হন। শ্রীলশ্রীযুক্তের ছাউনিহইতে আগত পত্রদ্বারা অবগম হইল যে ঐ তাবদ্দেশে দুর্ভিক্ষপ্রযুক্ত মহাকষ্ট হইয়াছে এবং গবর্ণমেণ্ট সহস্র২ দীন দরিদ্রেরদিগকে কর্ম্ম দিয়া আহার দিতেছেন।

মান্দ্রাজে ওলাউঠা।

মান্দ্রাজের সম্বাদ পত্র দ্বারা জ্ঞাত হওয়া গেল যে ওলাউঠা রোগ ২৭ পল্টনস্থ

their miseries, and has ordered that all the able bodied men shall be employed on the public works.

Chowkeedars.

We have been informed by an eye witness of certain abuses of those Chowkeedars, who were put on guard over the Coolies shipped for Demerara, on board the *Hesperus*, Captain Baxter, which vessel dropped down the river a few days ago. One of the Coolies died; and it is alleged, that the man was refused permission by the Chowkeedars on guard to come up on deck. The coolee in question was, it appears, against his will, kept down below during several hours of the night, notwithstanding repeated applications by him to be permitted to breathe the fresh air —and within a few hours after he was, by the exertions and orders of our informant brought on deck, the poor creature died.—*Hurk.*

Magnificent Gift.

Sir Charles Metcalfe before his departure from Calcutta, presented the Parental Academic Institution with a munificent donation of 1000 Rs. A few days before this, Mr. Dyce Sombre presented the same Institution with a similar sum.

Mr. Dyce Sombre's Suit.

Our readers are aware that for some time past, there has been a suit pending in the Supreme Court, between Col. Dyce, and his son, Mr. Dyce Sombre. We are happy to learn that it is at length compromised; the young man having settled an annuity of 1500 Rs. a month upon his father, and agreed to pay 10,000 Rs. as the costs of the suit. We suppose that it is in reference to this annuity, that he has deposited the sum of four lakhs and a half of Rupees.

The Matabungah Flat.

On Wednesday last, the 7th instant, the *Matabungah* flat left Calcutta with Baboo Dwarkanauth Tagore and his attendants, and R. H. Cockerell, Esq. and family, as passengers.

The Overland Mails.

By the Mails which arrived last week, replies were received at Bombay to letters sent from thence in 117 days, which is the quickest communication ever known between India and Europe.

Lord Auckland.

Lord Auckland was at Gourmooktee-shur on the 20th of January. Letters from his Camp announce, that the country is in a dreadful state from famine. Government has given employment to one thousand poor people.

Cholera at Madras.

It appears from the Madras Papers, that the Cholera has been making dread-

সিপাহীরদের কুচ হওনসময়ে অনেককে সংহার করিয়াছে। ঐ রোগ চিতুরে আরম্ভ হইয়া প্রতিদিন কুচের সময়ে বৃদ্ধিহয় এবং ঐ পল্টন ত্রিপট্টীতে পঁহুছনসময়ে অতি প্রাদুর্ভূত হইয়াছিল। ঐ স্থানে প্রসিদ্ধ এক তীর্থ আছে কএক মাস হইল কতিপয় সহস্র যাত্রী উক্ত স্থানে ঐ রোগে মারা গিয়াছে এবং যে তারিখে ঐ পল্টন ত্রিপট্টীতে উপস্থিত হয় সেই তারিখেই ৮২ জন মারা পড়ে কিন্তু তদবধি রোগের কিঞ্চিৎ হ্রাস দৃষ্ট হইতেছে তথাপি আবালবৃদ্ধযুবা ও তাহারদের চাকর নাকর ইত্যাদি সর্ব্বসুদ্ধ ৩০০ ব্যক্তির ন্যূন নহে ঐ সংহারক রোগে মারা গিয়াছে।

আক্যাবে স্বাস্থ্যাশ্রয়।

গত বৎসরে আক্যাবে যে মারক হয় সে অতি ভয়ঙ্কর যে পল্টন ঐ স্থানে ছিল তাহার অর্দ্ধেক সিপাহী ও অর্দ্ধেক পল্টনীয় সাহেবেরা আরাকানের জ্বরগ্রস্ত ছিলেন এবং অনেক কাল পর্য্যন্ত তাহারদের চিকিৎসার্থ এতদ্দেশীয় এক ব্যক্তি চিকিৎসক ব্যতিরেকে অপর কেহ ছিল না।

আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে গবর্ণমেণ্ট আক্যাবে এক স্বাস্থ্যাশ্রয় স্থাপনার্থ ১২০০০ টাকা ব্যয় করিতে আজ্ঞা করিয়াছেন। ঐ আশ্রয় আক্যাবের বসতি হইতে দেড় বা দুই ক্রোশ অন্তরিত সমুদ্রতীরস্থ অত্যুচ্চ স্থানে স্থাপিত হইবে এবং ইউরোপীয় চিকিৎসক সাহেবেরা ঐ কল্পিত স্থানীয় জল বাতাসের প্রশংসা করেন।

বকসরে ডাকাইতি।

ডেলি নিউস সম্বাদ পত্রহইতে বকসরের ডাকাইতি বিষয়ক এক প্রস্তাব আমরা গত সপ্তাহে প্রকাশ করিয়াছিলাম কিন্তু এইক্ষণে শুনা যাইতেছে যে ঐ সম্বাদ স্বমূলক নহে বকসরের খাজানাখানাতে ২২৫০ টাকা ছিল তাহা ১০। ১২ জন ডাকাইত পড়িয়া লইয়া গিয়াছে বটে কিন্তু এমত বোধ হয় যে ঐ দস্যুরা চৌকীদার ও গারদের সিপাহীরদের সঙ্গে যোগ করিয়া ঐ ব্যাপার করে। যেহেতুক দস্যুরা ১০। ১২ জনের অধিক ছিল না। যদ্যপ চৌকীদার ও সিপাহীরা দেখিল যে ডাকাইত পড়িল তথাপি তাহারদের বাধা জন্মাইবার নিমিত্ত কোন প্রকার চেষ্টা করিল না।

ভূমি বাজেয়াপ্তকরণ।

মুরশিদাবাদ জিলায় শ্রীযুত স্পেসিয়ল কমিস্যনর সাহেবের আদালত।

নং ৩৮৯ জিলা বর্দ্ধমান।

নিষ্কর ভূমিবিষয়ক মোকদ্দমা।

দুর্গাপ্রসাদ বাঁড়ুয্যে অর্থাৎ পঞ্চানন বাঁড়ুয্যে গবর্ণমেণ্টের বিপরীতে আপীল করেন। দাওয়া মৌজা হসনাতে ১৭১ বিঘা ব্রহ্মোত্তর ভূমি।

১৮৩৭ সালের ৩১ জানুআরি তারিখে গবর্ণমেণ্টের পক্ষে শ্রীযুত কালেকটর সাহেব যে নিষ্পত্তি করেন তাহাতে উক্ত বাঁড়ুয্যে স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নিকটে আপীল করেন কিন্তু তিনি আপনার দাওয়া সাব্যস্তকরণার্থ কোন প্রমাণ না দিতে পারাতে শ্রীযুত কালেকটর সাহেবের নিষ্পত্তি মঞ্জুর রহিল এবং ঐ ভূমি করের যোগ্য হইল।

নং ৪০৭ জিলা বর্দ্ধমান।

গোলোকনাথ মজুমদার আপেলাণ্ট গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া ৩০৩ বিঘা লাখেরাজ ব্রহ্মোত্তর ভূমি।

১৮৩৭ সালের ফেব্রুআরি মাসে গোলোকনাথ মজুমদার ঐ ভূমি নিষ্কররূপে ভোগদখলকরণে আপনার যে পৈতৃক স্বত্ব আছে ইহার প্রমাণ দর্শাইতে না পারাতে শ্রীযুত কালেকটর সাহেব ঐ ভূমি বাজেয়াপ্ত করিলেন। পরে উক্ত মজুমদার স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নিকটে আপীল করেন কিন্তু তাঁহার পৈতৃক স্বত্বের কোন প্রমাণ ও দলীল দস্তাবেজ দর্শাইতে না পারাতে কালেকটর সাহেবের ডিক্রী বজায় থাকিল এবং ঐ ভূমি করযোগ্য হইল।

নং ৪৫৮ জিলা বর্দ্ধমান।

ঈশ্বরচন্দ্র মুখুয্যে আপেলাণ্ট গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া মৌজা চন্দ্রাতে ৩৩৭ বিঘা ব্রহ্মোত্তর ভূমি।

১৮৩৭ সালের জানুআরি মাসে ডেপুটি কালেকটর সাহেব ঐ ভূমির তজবীজ করিলেন এবং দাওয়াদার আপন দাওয়ার দলীল দস্তাবেজ না দর্শাইতে পারাতে ভূমি করযোগ্য স্থির করিলেন। স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নিকটে ঐ মোকদ্দমার আপীল হইল এবং তিনি ডেপুটি কালেকটর সাহেবের নিষ্পত্তি বজায় রাখিলেন।

নং ৪৬৪ জিলা বর্দ্ধমান।

মহারাণী কমলকুমারী আপেলাণ্ট গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া মৌজা রাণীগঞ্জ।

শ্রীযুত ডেপুটি কালেকটর সাহেব ঐ মৌজা করযোগ্য বলিয়া ডিক্রী করিলেন তাহাতে মহারাণী আপীল করিয়া কহিলেন যে দশসালা বন্দোবস্তের সময়ে এই মৌজার কর নির্দ্ধার্য্য হইয়া বার্ষিক উৎপন্ন ধর্ম্মকার্য্যে নিযুক্ত হয় কিন্তু এই কথার কোন বিশেষ প্রমাণ না পাওয়াতে স্পেসিয়ল কমিস্যনর সাহেব ডিক্রী করিলেন যে দশসালা বন্দোবস্তসময়ে ঐ ভূমির কর নির্দ্ধার্য্য হইয়াছিল না অতএব এইক্ষণে তাহা করযোগ্য স্থির করিলেন।

নং ৬২ জিলা ফরিদপুর।

রামতনু আপেলাণ্ট গবর্ণমেণ্ট রিস্পাণ্ডেণ্ট।

দাওয়া ৮০০০ বিঘা চরভূমি।

নদবনেশ্বরে নূতন চর ৫০,০০০ বিঘার মোকদ্দমা। ঐ ভূমির তাবৎ অংশ কিম্বা অধিকাংশ দশসালা বন্দোবস্তসময়ে জলমগ্ন ছিল। আপেলাণ্টের অধিকারের মধ্যে ঐ চরের ৮০০০ বিঘা আছে ১৮২৬ সালের জুলাই মাসে শ্রীযুত কালেকটর সাহেব এই মোকদ্দমার ডিক্রী করিয়াছিলেন। কিন্তু তাঁহার নিকটে পুনর্ব্বিবেচনার্থ ঐ মোকদ্দমা উপরিস্থ আদালতকর্ত্তৃক প্রেরিত হইয়াছিল এবং ১৮৩৭ সালের ডিসেম্বর মাসে চূড়ান্ত হুকুম প্রাপণার্থ ঐ মোকদ্দমা উপস্থিত হয় তাহাতে স্পেসিয়ল কমিস্যনর সাহেব গবর্ণমেণ্টের পক্ষে তাবৎ চরেরই ডিক্রী করিলেন।

(এক পত্রপ্রেরক হইতে)

নূতন গ্রন্থ।

আমরা শ্রুত হইলাম যে শ্রীলশ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরকর্ত্তৃক স্বীয় কতিপয় মোসলমান মিত্রগণানুরোধে পারস্য ভাষায় অনুবাদকরণে প্রবৃত্ত হইয়াছেন ত্বরায় প্রকাশ পাইবেক।

উক্ত পুস্তক মদরসা অর্থাৎ বিদ্যাগারে অতিব্যবহার্য্য হইবেক এবং যদ্যপি তাহাতে দেশ নক্সা সংযোগিত হয় তবে অধিকতর উপকারক হইবেক। এই গ্রন্থ রাজযন্ত্রে অথবা অন্যত্র মুদ্রাঙ্কন হওন ধার্য্য হয় নাই।

ful ravages in the 27th Regt. N. I. on its march. The disease commenced at Chittore, and increased at every day's march; the disease appeared to be at its height when the Regiment reached Tripetty. There is a celebrated shrine at that place, and a few months ago thousands of poor pilgrims fill victims to this disease. The day the Regiment arrived at Tripetty, no less than 82 beings were swept into eternity. The disease has since that time considerably abated, but the whole number of deaths in that Regiment, including followers, men, women and children, has not been less than three hundred.

Sanatarium at Akyab.

The mortality which has prevailed at Akyab during the last year, has been most frightful. More than half the Sepoys composing the Regiment stationed there, and more than half the officers were laid up with the Arracan fever, and for many days there was only one native Doctor to attend them. We are happy to learn, that Government have sanctioned the expenditure of 12 000 Rs. for the formation of a Sanatarium on the Island of Akyab. It is to be placed on an elevated spot near the sea shore, about two or three miles distant from the station of Akyab, which is considered by medical men, as an extremely healthy place.

Dacoity at Buxar.

We copied last week from the *Daily News*, an account of a dacoity at Buxar, and we now learn that the account was not correct. The treasure at the Buxar depot, amounting to 2250 Rs. was indeed attacked and carried off by a party of ten or twelve thieves; but there is reason to believe, that the guard and the Chowkedars were concerned in the robbery. The robbers did not amount to more than ten or twelve men; and although the robbery was witnessed by the Chowkedars and the Burkundazes, not one of them gave the alarm or ran for assistance.

RESUMPTION OF LANDS.

In the Moorshedabad Division of the Special Commissioner's Court.

No. 389.—ZILLAH BURDWAN.

Lakhiraj Case.

Doorgapurshad Banerjeea, alias Punchanun Banerjeea, appealed against Government for 171 Beegahs of Brummuttur Land, lying in Mouza Husnah.

On the 31st January, 1837, the Collector decided this case in favour of Government. Banerjeea appealed the case to the Special Commissioner's Court; but as he was unable to give proofs in support of his title, the decision of the Collector was confirmed, and the land declared liable to assessment.

No. 407.—ZILLAH BURDWAN.

Goloknath Mujoomdar appealed against Government for 303 Beegahs of Lakhiraj Brummuttur Lands.

In February, 1837, the Collector deprived the Mojoomdar of this land, on his failing to prove an hereditary title to hold it rent-free. The Mujoomdar appealed to the Special Commissioner, but as there was nothing on the records of the file to prove a heritable title, the Collector's decree was upheld, and the land ordered to be assessed.

No. 458.—ZILLAH BURDWAN.

Eshurchunder Mookerjee appealed against Government for 337 Beegahs of Brummuttur Land in Mouza Chundra.

The title to this land was examined by the Deputy Collector, who in, January, 1837, declared it liable to assessment, the claimant having failed to prove his claim to hold it free. The case was appealed to the Special Commissioner, who ordered the decision of the Deputy Collector to be upheld.

No 464.—ZILLAH BURDWAN.

Maha Ranee Kumul Komaree appealed against Government, for the possession of Mouza Raneegunge.

The Special Deputy Collector having decreed this Mouzah liable to assessment, the Maha Ranee appealed and pleaded, that the village had been assessed at the time of the decennial settlement, though the annual produce had been laid aside for religious purposes. As no proof was adduced of this, the Special Commissioner held that the village was not assessed at the time of the decennial settlement, and declared it liable to assessment.

No 62.—FURREEDPORE.

Ramtonoo appealed against Government for 8000 Beegahs of Aluvial Land.

This is a case of new formation in the Nudbuneshur, consisting of about 50,000 beegahs, the whole or greater part of which was under water at the time of the decennial settlement. The Appellant possesses about 8000 beegahs of this Chur. The case was decided by the Collector in July, 1826, but was sent back for further investigation, and was only brought up for judgement in December last year, when the Special Commissioner decreed the whole Chur to Government.

[From a Native Correspondent.]

New Work.

We hear, that a version into Persian of MacPherson's "*Geography of Hindoosthan*" will shortly make its appearance, by Maha Raja Kalikrishna, Bahadoor, C. M. R. A. S. P. S. &c. who, it is understood, has undertaken to oblige the request of his Mahomedan friends.

This Publication would be much of use in *Mudressahs* or Schools; and more so, should Maps be likewise introduced therein for references. It is not yet settled whether the Work to be printed from the Rajah's Press or elsewhere.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর পশ্চিম দেশে ভ্রমণার্থ অদ্য উক্ত শ্রীযুক্ত বাবু যাত্রা করিলেন।

অনেক মাস নিমিত্ত বাবু এই রাজধানী পরিত্যাগ করিলেন আমরা এক চিত্তে প্রার্থনা করি যে তাহার শারীরিক পীড়া ছিল তাহা এই ভ্রমণদ্বারা বিনাশ পাইবে শ্রীযুক্ত বাবুর এই স্থানে না থাকাতে কলিকাতার অ.নষ্ট হইবে যদ্যপি তিনি আমারদিগের উত্তম না হউন তথাচ আমারদিগের সর্ব্বগুণান্বিত বিখ্যাতের মধ্যে তিনি অত্যুত্তম নিজগুণ ও ধন দ্বারা ব্যবসায়িদিগের অতি প্রশংসনীয় সংপ্রতি বরেসায়ের মন্দী ভাব এসময়ে যে বাবু প্রশংসনীয় তাহা লোকদিগের উপকারার্থই জানিবে এবং সরলতাপূর্ব্বক দানহেতু অনেকের প্রাণবিনাশ হইতে রক্ষা করিবেন আর তাহার সৎজ্ঞান দ্বারা অনেককে কার্য্যপোযুক্ত করিয়াছেন বিদেশীয়দিগকে নিমন্ত্রণ করিয়া অকাপট্যে অতিথি সেবনার্থ এক অত্যুত্তম অট্টালিকা নির্ম্মাণ করিয়াছেন এবং তাহার অট্টালিকোপরি এক দিন গমন ও স্থিতি না করিয়াছেন এমত কোন বিদেশী কহিবেন সত্য ধর্ম্মে রত ও নির্ম্মলান্তঃকরণ এইহেতু অনেক সহায়হীন মনুষ্যকে অতি উচ্চ পদে নিযুক্ত করিয়াছেন এবং তাহার কাপট্য রহিত দানশীলতা দ্বারা পতিত অনেকং বিদ্যালয় উদ্ধার করিয়াছেন এই সকল হিতজনক কার্য্য দ্বারা বোধ হইতেছে যে অতি ধনাঢ্যের উপযুক্ত যে কর্ম্ম তাহা করিয়াছেন আমরা সাহস্যপূর্ব্বক কহিতেছি যে বাবুর অকাট্য দানশীলতা দ্বারা ৫ বর্ষ বয়স্ক অবধি সকলেই প্রশংসা করিতেছেন এইক্ষণে হিন্দুগণ মধ্যে ধর্ম্মনিষ্ঠ পরহিতৈষী মনুষ্য তদ্ভিন্ন আর দৃষ্ট হয় নাই।

আমরা এক চিত্তে পুনর্ব্বার প্রার্থনা করি যে ত্বরায় বাবু সুস্থ হউন নিতি মফঃসলে প্রবিষ্ট অনেক বন্ধু পাইবেন এবং বাবুর সচ্চরিত্র ও সদ্ব্যবহার দৃষ্টে মফঃস্বলস্থ তাবৎ বিষয় তাহাকে দেখাইবেন আর কৃতজ্ঞ বন্ধু ও অন্যান্য বন্ধুগণ তাহার আগমনাপেক্ষা রহিলেন কিন্তু আগমন হইলে তাহারা পরমাহ্লাদ করিবেন।—জ্ঞানান্বেষণ।

Spirit of the Native Papers.

Dwarkanauth Tagore, Esq.

We believe that Dwarkanauth Tagore leaves Calcutta this day, on a trip to the Upper Province.

As Dwarkanauth is likely to be absent from the presidency for a considerable number of months, we think we are justified in publicly expressing our hope that his health, which has lately been much impaired, will be completely restored by his trip. Calcutta will experience a heavy loss in Dwarkanauth Tagore. He is, if not our best, at least one of the very best of our public men. While his wealth, his influence, and personal character, have contributed largely to uphold the reputation of the mercantile classes of this city,—even at the most desolating crisis of our commercial history—his boundless private charities have rescued hundreds from perdition—his great intelligence has stimulated many of his countrymen to acts of worth ness,—his frank hospitality has ever rendered his house the most agreeable to which a stranger could be invited,—(and what stranger has not at one time or other spent a day at his charming country house?) his confidence in the good faith and intentions of Europeans, has induced him to enable numerous friendless persons to establish themselves in a honourable business,—and his discriminating liberality has helped to save many a valuable institution from decay, if it has not materially contributed to its prosperity. And all this has resulted from real goodness of heart, and a thorough understanding of the true us of riches. We can answer for it, from five years' personal acquaintance and close observations, that no paltry love of display or unbecoming avidity of fame have ever swayed Dwarkanauth in the exercise of his boundless munificence. The hand of this noble specimen of Hindoo worth, has had no other guide than a pure and elevated soul.

Once more we heartily offer Dwarkanauth Tagore our sincerest wishes for his speedy restoration to health. He will find in the Mofussil, many warm friends who, having tasted of his liberality and hospitality, will be most happy to shake him by the hand again, and many more, who know him but by reputation, eager to give him a taste of Mofussil cordiality. He *knows* that, on his return, he will be warmly welcomed by hundreds of his greatful and admiring fellow citizens.—*Engl. Feb. 5.*

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

যে কাল পর্য্যন্ত এদেশ যবনদিগের অধীন ছিল তৎকালিন তাহারদিগের দৌরাত্ম্য এতদ্দেশীয় লোক সকল অত্যন্ত ক্লেশ প্রাপ্তানন্তর সভ্য দেশীয় অধীন হইয়া এইক্ষণে অনেক রূপেই সুখে কাল যাপন করিতেছেন এবং এতদ্দেশীয় শাস্ত্র সকল লোপ হইয়া এতদ্দেশীয় ব্রাহ্মণাভিমানি ব্যক্তিদিগের কুমন্ত্রণাতে ঘৃণিত ব্যবস্থা সকল চলিত হইয়া ক্রমে দেশের অমঙ্গল যত উপস্থিত ছিল তাহার অনেক সভ্য দেশীয় রাজাদিগের সুমন্ত্রণায় পরম্পর মঙ্গল হইতেছে যথা সতী নিবারণ হওয়াতে অনেক স্ত্রী হত্যা নিবারণ হইয়াছে কিন্তু এতদ্দেশীয় বৈদ্য চিকিৎসকদিগের হস্ত হইতে যে প্রাণ রক্ষার কোন সৎউপায় এপর্য্যন্ত সভ্য দেশীয় মহাশয়দিগের কর্ত্তৃক এতদ্দেশীয় লোক সকলে প্রাপ্ত হইতেছেন না ইহাতেই অস্মদাদির অত্যন্ত খেদের বিষয় যেহেতুক এতদ্দেশীয় লোকসকলের মধ্যে যে ব্যক্তি অকৃতি হন তিনিই ঔষধের ডিপিয়া হস্ত করিয়া পূর্ব্বাবধি শুনিয়া আসিতেছেন যে শত মারি ভবেদ্বৈদ্য সহস্র মারি চিকিৎসক তাহাতেই প্রবৃত্ত হওয়া চিকিৎসাদ্বারা উদর পরিপোষণ কারণ এই যে প্রথমতঃ চিকিৎসককে ডাকিলেই যে এক মুদ্রার ন্যূন নহে দর্শানি পাওন রীতি আছে তদ্দ্বারাই তাহারদিগের কর্ম্ম চলে এই সকল অসভ্য অজ্ঞানি মূর্খ বৈদ্যসকল যমদূতের ন্যায় পীড়িত ব্যক্তিরদিগের আত্মীয়ের মন ব্যগ্রতাতে গমন করিয়া আত্মস্বার্থে অবিধি অশাস্ত্র ঔষধি প্রদানে লোকের প্রাণ হন্তা হইয়া থাকেন ইহাতে এতদ্দেশীয় লোকের জীবনের প্রতি যে কিরূপ অন্যায় হইতেছে তাহা জানিয়াও বিদ্বান্ চিকিৎসকের অভাবে এতদ্দেশীয় লোকেরা ঐ সকল চিকিৎসকের ঔষধ সেবন করাইয়া থাকেন কিন্তু ঐরূপ চিকিৎসকের ঔষধি সেবন যে কিরূপ লোকের অমঙ্গল দায়ক তাহা সকলেই জ্ঞাত আছেন অতএব এ বিষয়ের কোন সদুপায় না হইলে এদেশীয় লোকের প্রাণরক্ষার হেতু এতদ্দেশীয় লোকের বুদ্ধিদ্বারা কোনমতেই হইবার সম্ভাবনা নাই অতএব আমার প্রার্থনা বৃটিন গবর্ণমেণ্ট এ বিষয়ে বিশেষ মনোযোগ করেন মান্দ্রাজ রাজধানীতে ও কলিকাতা নগরে যে দুই মেডিকেল কালেজ হইয়াছে ইহাতে কতক উপকার হইবে যথার্থ বটে কিন্তু তাহাতে দেশস্থ সমস্ত লোকের উপকার হইতে পারিবেক না অতএব বৃটিস গবর্ণমেণ্ট এ বিষয়ের সদুপায় না করিলে এদেশস্থ লোকেরদের জীবনের ব্যাঘাত এইরূপ হইবে।

মফঃসলনিবাসিদিগের হিতাকাংক্ষিনঃ।

To the Editor of the Gyananneshun.

SIR,—So long as this country was under the sway of the Mahomedans, it suffered endless oppression. But since its subjugation by the civilized English, the inhabitants have lived in a state of tranquillity and peace. *The Shasters or the* writings of the learned being lost, the influence and advice of the Brahmins caused many injurious regulations to be brought into operation, which evil, however, the wisdom of our rulers is by degrees obviating: as for example, the destruction of many females has been prevented by the prohibition of Suttee. But no means have been, as yet, adopted by this Government, to save the lives of its subjects from the empiricism of the quacks of this country. This is a matter of the greatest regret to us. One who is unfit for every other line of business, betakes himself to the profession of a medical man. And as the old adage says, "the destruction of a hundred lives makes a physician, while that of a thousand makes a doctor," he gains his livelihood by dealing out death to his fellow creatures. As soon as the doctor is called in, he is always presented, as the custom is, with a rupee, to do him honour, which is the principal source of his income. These heartless and ignorant mountebanks, like so many messengers of death, attend the sick and administer some poisonous drugs. The want of experienced and learned doctors, obliges even the rich and respectable among our countrymen to employ these individuals, though they are fully aware of the evil effects arising from their quackery. I therefore, beg that Government will take this subject into their serious consideration. The establishment of a Medical College at Calcutta, and another at Madras, though calculated to produce some good, is wholly inadequate to the wants of a population consisting of no less than a hundred million of souls. Other and more vigorous measures are necessary, and I trust that our rulers will not fail to carry them into effect for the good of the people of the Mofussil.

A well wisher to the Mofussil Inhabitants.

শিমুলিয়া নিবাসি শ্রীরামধন ঘোষের দরখাস্ত নিবেদনমিদং।

আমার পিতা পিতামহাদি ৺ দুর্গাচরণ মিত্র মহাশয়ের আশ্রিত থাকিয়া এপর্য্যন্ত কাল যাপন করিয়া আসিতেছি তৎপরে আড়পুলি নিবাসি পিরালি শ্রীরামহরি মিত্রের কন্যা এবং কোগলকুড়ের হরেকৃষ্ণ সরকারের কন্যা আমি বিবাহ করাতে উপরি উক্ত ৺ দুর্গাচরণ মিত্রের পরিবারেরা আমাকে ত্যাজ্য করত পতিত করিয়া রাখিয়াছেন। পরে সে কালীন খানাকুল কৃষ্ণনগরের ৺ বলাইচাঁদ সর্ব্বাধিকারির কুল গ্রহণ আমাতে হয় তৎকালীন শ্রীযুত শ্রীনাথ সর্ব্বাধিকারী প্রভৃতি সকলে আমার বাটীতে আগমন করিয়া আহার ব্যবহার করেন তত্রাপি ৺ মিত্র মহাশয়ের পরিবারেরা আমাকে গ্রহণ না করিয়া পতিত করিয়া রাখিয়াছেন, কিন্তু উপরের লিখিত পিরালি রামহরি মিত্রের কন্যা এবং বাগবাজার নিবাসি প্রেমচাঁদ ধোপা এইক্ষণে সরকার খ্যাত। তাহার অপর কন্যা শ্রীযুত শান্তিরাম বসুজ দাদা মহাশয় বিবাহ করিয়া ধর্ম্ম সভার গ্রাহ্য হইয়াছেন, অতএব নিবেদন বসুজ দাদা মহাশয়ের এবং এ পতিত ব্যক্তির কুলক্রিয়ার করণ কারণ ঘর সমতুল্য, বরঞ্চ প্রেমচাঁদ সরকারের সহিত ক্রিয়া করাতে শ্রীযুত বসুজদাদা মহাশয় তাহাংশের বিষয়ে অত্যন্ত প্রশংসায় এতদ্বিধায়ে শ্রীযুত বসুজ দাদা মহাশয় ধর্ম্ম সভার গ্রাহ্য আর আমি ধর্ম্ম সভার ত্যাজ্য হইয়া পতিত হইলাম ইহার কারণ জানিতে না পারিয়া মিনতি পূর্ব্বক নিবেদন করিতেছি কুলীন ও ধার্ম্মিক মহাশয়েরা অনুগ্রহ পূর্ব্বক আমাকে পরিষ্কার করিতে আজ্ঞা হইবেক

৺ রামকানাই ঘোষের পুত্র
শ্রীরামধন ঘোষ।
সাং সুতানুটি।

THE PETITION OF RAMDHON GHOSE.

Living under the protection of my father, the late Doorgachurun Mittre, and my ancestors, I have hitherto passed my time. Afterwards I married the daughter of the Peerali Ramhurry Mittre, of Arpoolee, and the daughter of Horekrishno, Sirkar, of Hogulkooria. Having displeased the connections of Doorgachurun Mittre, they forsook me, and I fell. Soon after, I was received again into caste by Bolichand Surbadhikaree, of Krishnagore, and at the same time, Shreenath Surbhadhikaree, and others, came to my house and eat with me. Still the connections of the late Mittre have refused to restore me, and continue to regard me as an outcast; but my elder brother having married another daughter of the aforesaid Peerali Ramhurry Mittre, and another daughter of Premchand Dhoba, of Baugbazar, who is now called a Sirkar, he is received by the Dhurma Subha. I therefore, remark, that my matrimonial connections and those of my brother being the same, or rather his connection with Premchand Sirkar having, as far as caste is concerned, become still more objectionable; why is this my elder brother is received by the Dhurma Subha, while I am rejected by that body? Being unable to find any reason for this, I beg the Coolins and the [illegible] men to have compassion on me, and to exonerate me from all disqualifications.

Ramdhun Ghose, son of Ramkanaee Ghose of Sootanooty.

শ্রীযুত প্রভাকর কারকেষু।

নীচের লিখিতব্য কয়েক পংক্তি মহাশয়ের সন্নিধানে প্রেরণ করিতেছি প্রকাশ করিয়া সন্দেহ ভঞ্জন পূর্ব্বক বাধিত করিবেন।

To the Editor of the Probhakur.

I beg you to oblige me by publishing these few lines, and removing all my

এতন্মহানগরী মধ্যে হিন্দুধর্ম্ম রক্ষার্থ ধর্ম্মসভা নামে যদবধি এক মহাসভা স্থাপিত হয়। তদবধি এতন্নগর এবং তন্নিকটস্থ গ্রাম নিবাসি পূজ্য ও মান্য মহাশয়েরা উক্ত সমাজের রীত্যনুসারে স্ব২ ধর্ম্ম রক্ষা করিয়া আসিতেছেন। অত্যল্প দিবস গত হইল স্বর্গবাসি ৺ মহারাজা গোপীমোহন দেব বাহাদুরের আদ্য শ্রাদ্ধোপলক্ষে কলিকাতার বাগবাজার নিবাসি ধনরাশি ধর্ম্মসভার ত্যজ্য শ্রীযুত বাবু হরলাল মিত্রজ মহাশয় রাজ বাটীতে নিমন্ত্রিত হইয়াছিলেন। ইহাতে আমার জিজ্ঞাস্য যে বিচক্ষণবর সুবোদ্ধা শ্রীযুত রাজা রাধাকান্ত দেব বাহাদুর কি বিশেষ অভিনব নিয়মক্রমে উক্ত দোষি মিত্রজকে সভাস্থ করিয়া মাল্য চন্দন ও সামাজিকতাদি আহার ব্যবহার করত শ্রাদ্ধ কর্ম্ম সুসম্পন্ন করিয়াছিলেন। ফলতঃ আমার বিবেচনায় ঐ নিয়মাতিক্রম ধর্ম্ম বিরুদ্ধ কর্ম্ম দ্বারা রাজা বাহাদুরকে অবশ্যই সমাজের পরিত্যজ্য হইতে হয়।

পরন্তু অধুনা রাজা বাহাদুর কি বিশেষ অনির্ব্বচনীয় ব্যবস্থা প্রমাণে পুনর্ব্বার মিত্রজ মহাশয়কে স্বদল হইতে বহিষ্কৃত পুরঃসর আপন পবিত্র রূপে সর্ব্বত্র গণ্য হইয়া হিন্দুদিগের ধর্ম্ম কর্ম্মাদি জাতি বিষয়ের সৃষ্টি স্থিত সংহার কল্পের হর্ত্তা কর্ত্তা বিধাতা হইতেছেন এতাদৃগূঢ় মর্ম্ম নির্ণয়ার্থ নিতান্ত অক্ষম হইলাম। অতএব ধর্ম্মসভা সম্পাদক মহাশয় অনুগ্রহ পূর্ব্বক আপামিতে স্বকীয় সুচারু চন্দ্রিকা পত্রিকা প্রান্তাংশে এতদ্বিষয়ের সন্দেহসন্দোহ বিভঞ্জন করত এ আকিঞ্চনকে চিরাপ্যায়িত করিবেন ইতি।

দর্পণ ও চন্দ্রিকা প্রভৃতি অন্যান্য পত্র সম্পাদকেরা এই পত্রিকাকে স্ব২ পত্রে অনুবাদিত করিয়া বাধিত করিবেন ইতি।—প্রভাকর।

কস্যচিদ্বাগ্ধশ্চন্দ্রস্য।

doubts. Since the establishment of the Dhurma Subha in this city, for the preservation of the Hindoo religion, the worthy and respectable natives of the city and its neighbourhood, have preserved their religion according to the rules of that Society. Some days ago, on occasion of the first Shraddhu of the late Rajah Gopeemohun Deb, the wealthy Baboo Hurrolal Mittre, of Baugbuzar, although expelled from the Dhurmo Subha, was invited to the Rajah's residence. Now, I would inquire by what new law, the wise and judicious Radhacant Deb, invited the Mittre, with a stain upon him, to his house, and conferred the highest honours of the festival upon him. I should almost fancy that this irregular and unholy act of the Rajah, ought to subject him to expulsion from that body.

But by what new and unheard of law has the Rajah expelled this Mitre from his own party, and yet preserving the reputation of Orthodoxy, is become, in a measure, the creator, the preserver and the destroyer of the religion of the Hindoos, I cannot explain this mystery. I therefore entreat the Secretary of the Dhurma Subha, in a corner of his most excellent journal, to solve my doubts upon this subject, and to lay me under perpetual obligation. I beg the *Durpun, Chundrika*, and other Journals to publish this letter in their Papers.

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বর্ত্তমান মাসের দশম দিবসীয় ১১৭৮ সংখ্যক দর্পণে কস্যচিৎ রঙ্গপুর নিবাসিন ইতি স্বাক্ষরিত এক প্রেরিত পত্র প্রকাশিত হইয়াছে তদ্দৃষ্টে হৃদয়ঙ্গম হইল যে কিয়২ দিবস হইল কোন এক মহাশয় রঙ্গপুরস্থ কালেকটরি কাছারির রোবকারির লিখিত কয়েক শব্দ সংগ্রহ করিয়া মুদ্রাঙ্কিত করিবাতে লেখক মহাশয় স্বীয় দোষ উল্লংঘনার্থে উন্মত্তপ্রায় অবচনীয় বাক্য প্রয়োগ করিয়াছেন সে যাহা হউক। লেখক লেখেন বঙ্গদেশে সহস্র বৎসরের ন্যূন হইবেক যবনাধিকার হইয়াছে তদবধি যাবনিক ভাষাসকল এ দেশের ভাষার সহিত মিলিয়া রাজকীয় ব্যাপার এবং স্বকীয় ব্যবহারে চলিতেছে ইহার পুর্ব্বে যখন হিন্দুদিগের রাজত্ব ছিল তখন কি তাবৎ শব্দ ভাষাতে ছিল না ইত্যাদি উদাহরণের দ্বারা রোবকারির লিখিত শব্দ সকল অর্থাৎ আপন মত প্রবল করিয়াছেন অতএব লেখকের ভ্রান্তি রূপ উন্মত্ততার সংযুক্তিস্বরূপ ঔষধ প্রদানে বাধিত হইলাম।

হে রঙ্গপুর নিবাসি লেখক মহাশয় প্রচলিত পারস্য ভাষার পরিবর্ত্তের কারণ কেবল সাধারণের বোধার্থে গবর্ণমেণ্টের আদেশ হইয়াছে। ইহাতে কর সংগ্রাহক ও ধনাগার ইত্যাদি অব্যবহার্য্য শব্দ সকল লেখা কি প্রয়োজন রাখে। আর হিন্দু রাজ্য শাসনের কালীন যে অদৃশ্য ও অপ্রয়োজন বস্তু সকল ছিল তাহার নাম এইক্ষণে কি বঙ্গভাষায় প্রয়োগ হইতেছে না অর্থাৎ প্রয়োজনার্থেই শব্দের উৎপত্তি ও ভাষার উৎপত্তির মূল কারণ কেবল পরস্পর স্বদেশীয় মনুষ্য সকলের ঐক্যতাতেই হইয়াছে অতএব এমত শব্দ লেখাই উচিত যে সাধারণের বোধগম্য হয় ইহাতে কালেকটরী কাছারির রোবকারির লিখিত শব্দে দোষ লেখাতে আপনি ম্লেচ্ছ ইত্যাদি লিখিয়াছেন ইহাতে বিজ্ঞবর লেখক অবশ্যই ক্ষমা করিবেন

কস্যচিৎ শিক্ষকস্য।

Correspondence.

To the Editor of the Durpun.

In the No. 1178 of the *Durpun*, of the 10th of this month, a *letter purporting* to be written by a *Resident at Rungpore*, was published. From it I gather, that some time ago, some person gathered a number of words out of the Collector's Rubookary, and printed them; upon which, the writer to exonerate himself from blame, has, in the height of his passion, published some very abusive language. Be that as it may, the writer states, that the Moosulmans have governed the country for nearly a thousand years; and during this period the language of the Mahomedans has been mixed up with the language of the country, and brought both into public and private use. When before this period the Hindoos held the country, were not all the words used of the vernacular language? Thus he endavours to support his own views, and to defend the Rubookary. I have, therefore, applied the remedy of reason to his foolish observations; and feel obliged.

A writer of Rungpore says, that the object of Government in abolishing the use of Persian is, that the language in use should be intelligible to all. Upon this principle, why should such out-of-the way-words as Kur Sungrahuk, Dhunagar, and others be used? And are not many words now used in the Bengalee language, which have reference to things which were not known under the Hindoo dynasters; for necessity is the cause and origin of languages; which grow up by the common consent of all. Those words ought, therefore, to be used, which may be intelligible to all. [Here is a specimen of an unintelligible sentence; we wish some of our readers would translate the sentence we have omitted, into English, so that we may understand whom or what the writers points to].

A Learner

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

যিনি রাজা প্রতাপচন্দ্র বলিয়া যে ব্যক্তি পতাকা উড্ডীয়মান করত কলিকাতার মধ্যে ভ্রমণ করিতেছেন তিনি রাজা প্রতাপচন্দ্র কি না আমি নিশ্চয় বলিতে পারি না। কিন্তু নিজ রাজ বাটীর প্রাচীন লোকের বাক্য প্রমাণে বোধ হইতেছে মহারাজ প্রতাপচন্দ্রের মরণ ব্যাপার অত্যাশ্চর্য্য বটে তাহার বিস্তারিত এই যে অম্বিকা গমনের চারি দিবস পূর্ব্বে তাহার জ্বর হয় তাহাতে বারুবারিতেই থাকেন ঐ পীড়া শান্ত্যর্থ রাজ কবিরাজেরা অনেকে অনেক প্রকার ঔষধ দিয়াছিলেন। তাহার মধ্যে এক ব্যক্তি ঔষধের মধ্যে তীক্ষ্ণ বিষ দেন কিন্তু মহারাজ প্রতাপচন্দ্রের অতি প্রিয় পাত্র এক বৈদ্য পূর্ব্বেই জানিয়াছিলেন মহারাজকে তীক্ষ্ণ বিষ ভক্ষণ করাইবেন। অতএব ঔষধ প্রস্তুত করিয়া সাক্ষাতে আনিবামাত্র প্রিয় পাত্র কবিরাজ মহারাজকে চক্ষু ঠারিয়া নিষেধ করিলেন এই প্রকার উদ্যোগ তিন চারি বার হয় এবং বৃদ্ধ মহারাজ সাক্ষাতে বসিয়া ভক্ষণার্থ উপরোধ করেন তাহার কারণ এই যে গোপনীয় বিষ প্রয়োগের ব্যাপার বৃদ্ধ মহারাজের গোচর ছিল না। কিন্তু যুবরাজ কদাচ সে ঔষধ গ্রহণ করিলেন না এবং এক হস্তীর উপর তক্তা অন্য হস্তীতে অম্বারি বসাইতে হুকুম দিয়া তৎক্ষণাৎ গঙ্গাযাত্রা করিলেন।

গঙ্গাযাত্রার প্রসঙ্গ শুনিয়া শ্রীমতী ছোট বধূ রাণী যুবরাজকে স্বীয় মহলে আসিতে বলিয়া পাঠাইলেন তাহাতে যুবরাজ উত্তর করিলেন তাঁহার মহলে গেলেও আমার প্রাণ রক্ষা হইবেক না। অতএব ছোট রাণী যদি আমার সহিত গমন করিতে পারেন তবে আসুন নতুবা সময়ান্তরে যদি ভগবান করেন তবে সাক্ষাৎ হইবে এই গঙ্গাযাত্রা কালে ন্যূনাধিক সহস্র লোক নবীনবাগে একত্র হইয়াছিল। এবং বোধ করি প্রাণচন্দ্র বাবুও এ কথা অস্বীকার করিতে পারিবেন না যে প্রতাপচন্দ্র মহারাজ স্বভাবিক রূপে বারুবারি হইতে নামিয়া হস্ত্যারোহণ পূর্ব্বক অম্বিকাতে গমন করিয়াছিলেন।

রাজা অম্বিকাতে গিয়া পাঁচ দিবস ছিলেন তাঁহার পরে কেহ বলে মরিয়াছেন কেহ বলে জলে অদৃষ্ট হইয়াছেন কিন্তু মরণ বা অদর্শন যাহা হউক শ্রীযুত বসন্তলাল বাবু নিশ্চয় বলিতে পারেন। কেননা তৎকালে তিনি ও ব্রহ্মানন্দ গোস্বামী ও ঘাসী পুরোহিত এই তিন ব্যক্তি নিকট ছিলেন বৃদ্ধ মহারাজও অম্বিকায় যাইতে ছিলেন কিন্তু পথের মধ্যেই শুনিলেন রাজার অন্ত্যেষ্টিক্রিয়া শেষ হইল। অতএব সেই স্থান হইতে ফিরে গেলেন এবং রাজবাটীতে গিয়া বধূরাণীদিগের হস্তে যে সকল চাবি ছিল তাহা লইয়া কহিলেন যুবরাজ মরিয়াছেন।

তাহার পরে রাজবাটীর যেরূপ ব্যবহার আছে পরিবারের মধ্যে কেহ মরিলে স্ত্রীলোক রা একত্র বসিয়া নিয়মিত কয়েক দিন বক্ষ

To the Editor of the Durpun.

Whether the person who call himself Pretab Chund, and is raising his standard and wandering about Calcutta, is the real Pritab Chund or not, I cannot tell; but according to the evidence of *the old servants of that royal house, it* would appear, that the death of Muha Raj Pritab Chunder was a most astonishing affair. The particulars were these, that four days before going to Umbika, he was attacked with a fever; and he, therefore, remained in the Barodwaree. The physicians of the family gave him a great variety of medicines in order to remove his complaint; one of these learned leeches mixed some very vivid poison with his drugs. But a great favourite of the Raja, a physician, was acquainted with the fact, that the man intended to administer a sharp poison. The moment, therefore, the dose was prepared and brought before the Raja, the favourite physician made signs to the Raja not to take it. Similar efforts were made three or four times; and the old Raja, sitting before his son, importuned him to take it, because he was not acquainted with the secret villainy which was practised; but the young man continued to refuse it. And ordering musical instruments to be placed *on one elephant, and the Umbaree* on another, proceeded to the river.

His younger wife hearing that he had gone to the river, sent to beseech him to come to her residence; to this he replied, that life would not be preserved, even though he should go to her; if, therefore, my younger wife has strength to accompany me, let her come; otherwise, we shall meet, if God will it, in the next world. At this time of going down to the river, more than a thousand people had assembled at the New Garden; and we believe, that even Pranchand Baboo cannot deny that, the young Raja, descended of his own accord from the Barodwaree, and proceeded on an elephant, without difficulty, to Umbika.

He continued five days at Umbika; after which some said he was dead; others, that he had disappeared in the river. Whether he died or disappeared, Busunto Lall Baboo can tell exactly; for he, and Brumhanund Gossain, and Ghasee, the family priest, were near the young Raja at the time. The old Raja also was on his way to Umbika, when he heard that the funeral rites for his son had already been performed. He, therefore, retraced his steps; and on reaching his own residence, went to the widows of his son, told them that he was dead, and took from them all the keys.

After this, according to the custom of the family, on the occasion of a death, the females assembled together, and sat down, and began to beat their breasts. No further inquiry was made

স্থলে করাঘাত করেন সেই ব্যাপার আরম্ভ হইল। রাজার মরণ বিষয়ে আর কেহ আন্দোলন করেন নাই এখন পতাকাচিহ্নিত অনিশ্চিত রাজার আগমনেতে এই সকল বিষয় উত্থাপন হইতেছে। এবং ইহাও ব্যক্ত আছে যুবরাজের মরণের পর এক দিবস বাবু বাহির সর্ব্বমঙ্গলা পুষ্করিণীতে স্নানার্থ গমন করিয়াছিলেন কিন্তু চতুর্দ্দিগে লোকের করতালিধ্বনিতে পাল্কীর কপাট দিয়া সত্বর আসিতে হইয়াছিল যাহা হউক ফলে নিশানধারি ব্যক্তি বর্দ্ধমানে গেলে সাধারণ লোক দ্বারা অনেক সাহায্য পাইবেন। এবং রাজবাটীর প্রাচীন লোকেরাও তাঁহাকে পরীক্ষা করিতে পারেন আমার বোধ হয় অনিশ্চিত প্রতাপচন্দ্র প্রতাপচন্দ্রের মরণাবধারণার্থ যদি বর্দ্ধমানের হাকিমের নিকট সাক্ষ্য প্রমাণের আবেদন করেন তবে এ বিষয়ের অনেক আন্দোলন হইবেক এবং মরণের কারণ গুপ্তাভিপ্রায় সকলই ব্যক্ত করিতে পারিবেন।

ভ্রমণকারিণঃ।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

কালেং কালের গতি ও রীতি এবং রাজনীতি ও তাহার প্রকৃত পদ্ধতি প্রথমে যাহা প্রত্যক্ষ হয় পরে মন্ত্রিবর্গের কুমন্ত্রণা উপসর্গে প্রজার ভাগ্যে সুসৃষ্ট না হইয়া কুসৃষ্টতাতে কিঞ্চিৎকালের মধ্যেই অশেষ ক্লেশ ঘটাইতেছে। যেমন বর্ত্তমান দেশাধিপতির প্রতিনিধি স্বীয় মন্ত্রিপক্ষের পক্ষাবলম্বনে বিপক্ষ পক্ষ পাতির মুখাপেক্ষা না করিয়া যথার্থ পক্ষ লক্ষ করিয়া অগ্রে মন্ত্রণার আস্থা জন্মাইতে যে সকল ব্যবস্থা করেন পরে তাহার মধ্যে কোনং মন্ত্রণা এমত মন্ত্রণা হয় যে তাহাতে প্রজার প্রাণান্ত ও সর্ব্বনাশ করে। তাহার বিশেষ এই এক জিলা কশবা ও তাহার অন্তঃপাতি স্থানেং কএক বৎসরাবধি এমত হইয়াছে যে জ্বর বিকার রোগোপলক্ষে বহু জন শমন ভবনগমন করিয়াছেন অবশিষ্ট যাঁহারা জীবন বিশিষ্ট ঐ রোগে কষ্ট পাইতেছেন তদৃষ্টে ও জিলার বিচারাধিপতিরা সেই স্থানহইতে জিলাকে প্রস্থান করাইবার নিমিত্ত অনুষ্ঠান করিয়া গবর্নর কৌন্সেলে আবেদন পত্র প্রদান করাতে ঐ শ্রীযুত মন্ত্রণার সান্ত্বনা হেতু স্বদেশীয় বৈদ্যাগণের শ্রেষ্ঠ মন্ত্রণায় উক্ত জিলা বেষ্টিত বৃক্ষের প্রতি লক্ষ করিয়া অপক্ষপাতি ভ্রান্তি মন্ত্রিরোগশান্তি জন্য অগণ্য বৃক্ষ সকল ছিন্ন ভিন্ন ও ছেদন করিবার মানস প্রকাশ করিয়া দীন দরিদ্র ও ঐ বৃক্ষ সকলের উপস্বত্বোপজীবিদিগের জীবন জীবনে ভাসাইয়াছেন। কিন্তু এইক্ষণে লক্ষে বোধ হয় বরং পূর্ব্বাপেক্ষা দুর্ব্বল রোগ প্রবল হইয়া অমল মন্ত্রণায় কলঙ্ক দিয়াছে অর্থাৎ তাহাতে গুণ দর্শে নাই। সুতরাং শ্রীশ্রীযুতের নিকট আবেদন পত্র পাঠাইলে জিলা স্থানান্তরে স্থাপিত জন্য খিন্ন হইয়া শ্রীশ্রীযুতের অনুমতি করিতে হইবেক। এমতে জিজ্ঞাস্য ঐ সকল ব্যক্তি বিফল হইয়া স্থল না পাইয়া কাহার নিকটে রোদন করেন। ইহাতে লঘুবিবেচনায় দীনদিগের অনুমান লক্ষ মুদ্রা মূল্যের বৃক্ষের প্রতি করুণ প্রকাশে মনোযোগ করাই শ্রেষ্ঠ মন্ত্রণা ছিল এইক্ষণে প্রার্থনা শ্রীযুতের দয়ার দায়াবিদিগের প্রতি করুণানয়নে দৈন্যতা মোচনার্থ দৃষ্টি করেন কিমধিকং।

কস্যচিৎ যশোহর নিবাসি দেশোপকারেচ্ছাভিলাষিণঃ।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিনয়পূর্ব্বক সেলাম অসংখ্যায় নিবেদন মি

about the death of the young Raja. Now, the standard of the youth who calls himself the Raja having been raised, all these matters have been brought up again. And it is well known, that one day after the death of the young man, the Baboo went to bathe in the pond, called Surba-mungula; but as the people began to clap their hands on seeing him, he was obliged to close the doors of his Palankeen, and return home in haste. Be that as it may, as soon as the new man, with his standard, shall proceed to Burdwan, he will receive much support, and the ancient servants of the family will be able to determine his identity. I think, that if the Pretender would beg the Judges of Burdwan to make inquiry into the mode in which Prutab Chunder came by his end, the matter would be well sifted, and the mystery that surrounds his death would be fully cleared up.

A Traveller.

To the Editor of the Durpun.

In the course of time those rules and arrangements, which appeared good before our eyes, afterwards through the evil advice of bad men, instead of proving advantageous to the people, become injurious, and in a very short time, produce very great distress. Thus, the representative of the Governor General, taking the advice of his counsellors, and avoiding all appearance of partiality, and embracing that which was just, gave people confidence in the arrangements that were made, but afterwards some of this advice turned out to be so injurious that the people were reduced to the last stage of distress. As a proof of this I would affirm, that for several years it has happened in this place of Cusba, and in other parts of the district, that a great many people have died of fever, and other complaints. To relieve others, who although alive, are labouring under these complaints, the European gentlemen of the district have been making proposals for removing the chief station to some other place, and have made a request to this effect to the Governor in Council. With the view of relieving the distress by the advice of European physicians, they have been looking at the trees, with which the district is filled; and with the view of improving it, have commanded the trees to be cut down, and have thus ruined the prospects of all those who lived by the produce of them. But it now seems that the disease which appeared formerly to be weak, is now strong; and hence the new order has fallen into contempt—that is to say, it has produced no benefit. Of course, the gentlemen will send up word to the Government, and will reluctantly propose the removal of the station. I would ask, therefore, to whom the people may send their petitions. It would, therefore, have been wiser not to have cut down the trees, the value of which was equal to nearly a lakh of Rupees. We pray, therefore, the Government will have compassion upon the people, and relieve their distresses.

Certain Residents of Jessore.

To the Editor of the Durpun.

Receive my salutations, and oblige me

সং মহাশয়ের অতুল্য নির্ম্মল দর্পণে নীচের লিখিতব্য কয়েক পঁক্তি স্থানদান দিয়া বাধিত করিতে আজ্ঞা হয়।

১ দফা। নিবেদন আমরা ঘাটাল অঞ্চল নিবাসি কতকগুলিন বৈশ্যজাতী গবর্ণমেণ্টের স্বীয় বাণিজ্য রেশম ব্যবসায়ে কাল হরণ করিয়া অবশিষ্ট ব্রিটিস গবর্ণমেণ্টের বাকী দেনা হইলাম। সন ১৮৩৭ সালের মাহ জানুআরিতে এই অঞ্চলে শ্রীযুত মেং জোজেফ হোয়াইট সাহেব ইন্‌চার্য্য রেসিডেণ্ট আসিয়া নীচের লিখিত বেওরারা অবগত হইয়া যথার্থ তজবীজ করিয়া আমারদিগের বাকী হইতে মুক্ত করিয়া প্রাণদান দেন।

২ দফা। নিবেদন বাকী হইতে খালাস দেওয়ার প্রধান কারণ এই যে আমরা সরকার বাহাদুরের স্থানে যখন যত টাকা দাদন লইয়াছিলাম তাহা মফঃসল চাসি প্রজাকে গুটির কারণ তুত উপার্জ্জনের দাদন দিয়াছিলাম তাহারদিগের স্থানে আমারদিগের এইক্ষণে মতলগ টাকা বাকী ঐ চাসি লোক ফৌত ফেরার এবং আহওয়াল নিকম্ম বর্ত্তমান আছে। দীন হীন তদের স্থানে যে বাকী আদায় করি এমত কোন উপায় নাই।

৩ দফা। নিবেদন আমরা কোম্পানি বাহাদুরের একচাটিয়ার ব্যবসায় ও নিরিক দরের কোয়া ও রেশম সরকার বাহাদুরকে দিয়াছিলাম যখন যে আজ্ঞা প্রকাশ করিয়াছিলেন তাহাই মস্তক উপর লইয়া চাকরের তুল্য কর্ম্ম করিয়াছি আমারদের অনষ্টেতেও ইষ্টলাভ জ্ঞান করিয়াছি।

৪ দফা। এই প্রস্তাব বুঝিতে না পারাতে ত্যাগ করাগেল।

৫ দফা। নিবেদন আমরা মেং সেজ সাহেবের স্থানে যে খালাসি রসিদ পাইয়াছি ঐ রসিদ বলে ছলে রদ করিয়া খালাসি বাকী আদায় করিবার কোন মন্দ লোক সহায়ে বর্ত্তমান কালের হাল ইন্‌চার্য্য রেসিডেণ্ট মেং ডোএর সাহেব প্রবর্ত্ত হইয়া আমরা গরিব প্রজা আমারদিগের নিষ্পীড়ন জন্য সক্ষম হইয়াছিলেন ইহাতে যথোচিত কাতর ছিলাম।

৬ দফা। নিবেদন আমরা বহুতর কাতর হইয়া উপর উক্ত বেওরা সম্বলিত শ্রীযুত সাহেবান আলিসান বোর্ড সাল্ট অপিঅম কষ্টম বর্ত্তমান কালের ত্রেড মহাশয়ের বিচার পতি ধর্ম্মশীলগণের সমীপে গত ২৩ ডিসেম্বর অবধি দুই আবেদন পত্র অর্পণ করিবায় ঐ ধর্ম্মশীল সাহেব লোকেরা শুনিতেছি অনুগ্রহ প্রকাশিয়া হাল ইন্‌চার্য্য রেসিডেণ্ট সাহেবের প্রতি এমত হুকুম প্রকাশ করিয়াছেন যে মেং সেজ সাহেবের দস্তখত সহি মোহরে যে ব্যক্তি বাকী হইতে মুক্তি পাইয়াছে তাহার ঐ রসিদ দৃষ্টিমাত্র খালাস দিবা কোন প্রকারে গরিব প্রজা লোকের প্রতি অন্যায় করিবা না। সম্পাদক মহাশয় গো আমরা এইক্ষণে রাজার যথার্থ তজবীজ দেখিয়া আনন্দ সাগরে মগ্ন হইয়া বোর্ডকে ধন্যবাদ দিতেছি যে বোর্ড হইতে আমরা মান প্রাণ রক্ষা পাইলাম এই প্রজা লোকের কুশল সম্বাদ আপনকার পাঠক মহাশয়দিগের অবগত জন্য দর্পণ পার্শ্বে স্থানদান দিতে আজ্ঞা হয় কিমধিক মিতি। ১ ফেব্রুআরি।

কস্যচিৎ ঘাটাল মোড়ালের পাইকারান্ শ্রীবৃন্দাবন শুকুল ও শ্রীকৃষ্ণমোহন চক্রবর্ত্তী ওগয়রহ।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	I৶	ঐ
২ ক্লাস	II০	I০	ঐ
৩ ক্লাস	৩h০	I০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩II০	১৪I০	ঐ
৪ টাকার লোন	২	২I০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

by publishing the few following lines in the *Durpun.*

1st. We, the undersigned, are certain traders residing at Ghattal, and having past our time in supplying Government with silk, fell into arrears. In the year 1837, in the month of January, Mr. Joseph White having been put in charge of the Residency in this neighbourhood, came hither; and being made acquainted with the particulars below, made a just inquiry and released us from the burden of the arrears, and restored life to us.

2nd. The chief reason for releasing us from the charge of these arrears was this, that whatever money we received in advance from the Government, we distributed among the cultivators in advance, to enable them to obtain mulberries for raising the Cocoons. Those cultivators are now very greatly indebted to us; but many of the cultivators are dead, or are reduced to poverty, and there is no hope of obtaining back from them the money which was given in advance.

3d. We supplied the Government with Cocoons and with silk, according to the rules and prices established by their monopoly. Whatever orders were given, we immediately obeyed; we acted like faithful servants to them, and even when the orders were disadvantageous, freely obeyed them. All the silk which was raised by the Company

4th. [This paragraph is altogether unintelligible.]

5th. The discharge which we received from Mr. Sage, evil men have been endeavoring, by various means, to deprive us of; and the gentlemen now in charge, Mr. Dewar, appears to have taken that view of the subject. We are poor persons, and all these measures were intended to oppress us. We are, therefore, in very great terror.

6th. We being in this state of terror, made known, by application, all these particulars to the Board of Customs, Salt and Opium, and now of Trade, on the 24th of December, by means of two petitions; and we hear that these righteous gentlemen have mercifully ordered the gentleman now incharge, that all those persons who can shew a deed of release from Mr. Sage, under his official signature and seal, shall, upon the exhibition of that document, be immediately liberated; and that the poor people shall not be in any way oppressed. Mr. Editor, seeing this just decision of our rulers, we are overwhelmed with joy, and bless the Board who have preserved our lives and honor. We send you this agreeable intelligence regarding the poor people, and entreat you to give it a place in the *Durpun.*

Brindaban Sookul and Krishnomohun Chuckerbutty, and others, pykars of the Ghattal Factory.

Government Securities.

Old 5 Per Cent loan,					
1st. Class,	0	2	0	6	
2d. Class,	0	½	0	4	
3d. Class,	3	12	4	0	
Middle 5 per cent loan,	0	0	0	0	
New 5 per Cent,	12	0	13	0	
4 per Cent loan,	2	4	2	0	Disct.

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৮০ সংখ্যা। বালম ২০।] ২৪ ফেব্রুআরি ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ১৪ফাল্গুণ। SATURDAY, FEBRUARY 24TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1180. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুমক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব পিউরিটি মে সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে কলিঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী পিউরিটি মে সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে মনু্য খানসামার বাটী ও ভূমি। উত্তর দিগে রমজান আলির বাটী ও ভূমি। পশ্চিম দিগে মৌলবী গোলামের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে সরকারী রাস্তা।

এবং হরেক রকম মওয়াজিমা বিশেষতঃ মেজ চৌকি কৌচ পাল্কি পাল্কি গাড়ি এবং এক ঘোড়া প্রভৃতি পিউরিটি মে সাহেবের বিক্রয় হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু লছমণ দাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরে বড় বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /২ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী লছমণ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থানও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে শ্রীকৃষ্ণ কপূরের বাটী। পূর্ব্ব দিগে কোম্পানির গলি। পশ্চিম দিগে বৃন্দাবনদাস গুজরাটীর বাটী। দক্ষিণ দিগে গঙ্গারাম ক্ষত্রিয়ের বাটী।

২ দফা। এবং কলিকাতা নগরে হাড়কাটার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী লছমণ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সনাতন কাটোয়ার বাটী। পশ্চিম দিগে রঘুনাথ উড়িয়ার বাটী ও ভূমি। উত্তর দিগে তিনু উড়িয়ার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গলি।

৩ দফা। এবং কলিকাতা নগরে তেরেটি বাজারের চিনাপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিনকাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী লছমণ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগমোহন শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে পিচ সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে দেবী মুখুয্যের বাটী ও ভূমি। উত্তর দিগে গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব আতর বিবির বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে কলিঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী আতর বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কোম্পানির রাস্তা। দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত আসামীর বাটী ও ভূমি। পশ্চিম দিগে গলি। পূর্ব্ব দিগে বিবি হডসনের বাটী ও ভূমি।

এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।০ চারি কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী আতর বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে পূর্ব্বোক্ত আসামীর বাটী ও ভূমি। দক্ষিণ দিগে কলিবদ্দি ওস্তাগরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত বিবি হডসনের বাটী ও ভূমি। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত রিচার্ড হো কখেল সাহেব মৃত ভবানীপ্রসাদ ঘোষের বিধবা জয়মণি দাসী এবং পুত্র অথচ উত্তরাধিকারি হরিপ্রসাদ ঘোষের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে বাহির সীমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ ও রাইয়ত আছে ভূমি অনুমান ২॥০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর

ইশতেহার।

পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নেম্বা বাবুর বাগান। পশ্চিম দিগে সরকারী রাস্তা। উত্তর দিগে কোম্পানি বাহাদরের খাসভূমি। দক্ষিণ দিগে হরেকৃষ্ণ পিরালির বাগান।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেল্দবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জ্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয়া দুই বালমে জেলদবন্দি হইয়াছে। ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেব কর্ত্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রাঙ্কিত মূল্য ৪ টাকা।

ADVERTISEMENT

FOR ARTICLES OF

Country Stationery, &c.

Notice is hereby given, that Sealed Tenders will be received at this Office, on or before Thursday, the 8th of March, 1838, for the supply of the following articles, (either in one or more Tenders) for one year in such quantity as shall from time to time be required by the Clerk to the Committee of Stationery. The same not falling short of the quantities below specified.

Articles.	*Probable quantity which will be required.*	
Country Medium Sized Paper, 1st Quality,	2,000	Reams
Ditto ditto 2nd. ditto	500	do.
Ditto ditto 3rd. ditto	5	do.
Ditto ditto 4th. ditto	400	do.
Serampore Royal ditto	1,200	do.
Ditto Medium ditto	2 000	do.
China Foolscap ditto	350	do.
Ditto Chit ditto	50	do.
Ditto Inkstands,	50	
Ditto Royal ditto	10	Rms.
Arrally Paper,	20	do.
Blue Bengal Paper,	25	do.
Country Pens,	8,000	
Ditto Ink 1st. Quality,	10	Seers.
Ditto do. 2d. ditto	150	do.
Ditto Tape, narrow,	2,000	Dozens
Ditto do. broad,	150	do.
Ditto Paste Boards, thick,	200	do.
Ditto ditto, thin,	50	do.
Ditto Sand,	5	Mds
Ditto Sealing Wax,	11,000	Dozens.
Ditto Wafers,	2,000	Boxes.
Ditto Skins for binding books,	600	Skins.
Ditto Wax Cloth 1st Quality,	2500	Pieces.
Ditto ditto 2d ditto,	2000	do.
French Foolscap Paper,	20	Rms.
Country Cartridge Paper,	30	do.
Wax Candles,	30	Seers.
Tin Boxes for Banghy Packages, lining wooden cases, &c. at per corge,	600	Cases.

Wooden Cases of the following demensions.

	L. F. I.	B. F. I.	D. F. I.	
No. 1.	3 ,,	2 ,,	1 8	800 ditto
No. 2.	2 8	1 7	1 5	
No. 3.	2 6	1 6	1 4	
No. 4.	2 3	1 4	1 3	
No. 5.	2 ,,	1 2	1 1	
No. 6.	1 6	1 2	1 ,,	

CONDITIONS.

1st. The quality of the articles to be equal to the Musters now open for inspection at the Stationary Office, or to such other Musters as may be tendered and approved of, by the Committee of Stationery.

2d. The articles required are to be delivered within three days after a written demand from the Clerk to the Committee of Stationery, and the same will be paid for early in the following month.

3d. In the event of any failure on the part of the contractor to supply the articles required, within three days after a written demand as provided in the preceding clause, the Clerk to the Committee of Stationery shall, after the expiration of the said three days, be at liberty to purchase the articles required in the Bazar, and charge the same to the contractor.

4th. The proposal of contract to be accompanied by a written tender of security, for the due and faithful performance of the said contract, to be signed by some respectable firm or individual, and the said security shall engage to make good the value of the Stationery purchased in the Bazar, under the terms of clause 3rd. and to pay a penalty, not exceeding Rs. 200, at the discretion of the Committee for controulling the expenditure of Stationery, in the event of the articles required, not being delivered in conformity to clause 2nd. within three days from the date of demand; and for each breach of the said clause 3d. of this notification the same penalty shall be leviable.

5th. The Clerk of the Committee of Stationery shall be at liberty to reject all articles which may appear to him inferior to the Musters and to require others in lieu, by a written indent subject to the provisions of clause 2d. and 3d. of this notification.

6th. All the Tenders will be kept sealed with the Clerk of the Committee of Stationery and produced before the Committee, in whose presence they will be opened.

Further particulars may be known on personal application to the Stationery Office, any day (Sunday and Holidays excepted) between 10 and 4 o'clock.

By order of the Committee of Stationery,

H. A. AUBERT, *Acting Clerk Committee of Stationery.*

Export Warehouse, Tank Square,
Stationery Office, the 8th February, 1838.

এতদ্দেশীয় কাগজ কলমপ্রভৃতি দ্রব্যের ইশ্‌তেহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচে লিখিতব্য দ্রব্য এক বৎসরের নিমিত্ত যোগাইবার কারণ ১৮৩৮ সালের বৃহস্পতিবার ৮ মার্চ তারিখে বা তাহার পূর্ব্বে মোহর করা প্রস্তাব গ্রাহ্য হইবেক। তাহা তাবৎ দ্রব্যের বিষয়ে বা কোনং বিশেষ দ্রব্যের বিষয়ে প্রস্তাব করা যাইতে পারে এবং ষ্টেসনরি কমিটির শ্রীযুত মুহরির সাহেব সময়েং যত দ্রব্য চাহিবেন তাহাই যোগাইয়া দিতে হইবে কিন্তু তাহা সমুদায়ে নীচে লিখিতব্য সংখ্যার কম হইবে না।

যত দ্রব্য আবশ্যক হইবেক।

দেশী মিডিএম আড়া কাগজ প্রথম প্রকার	২০০০	রিম
ঐ ঐ ঐ দ্বিতীয় প্রকার	৫০০	ঐ
ঐ ঐ ঐ তৃতীয় প্রকার	৫০	ঐ
ঐ ঐ ঐ চতুর্থ প্রকার	৪০০	ঐ
শ্রীরামপুরের রায়েল কাগজ	১২০০	ঐ
শ্রীরামপুরের মিডিএম কাগজ	২০০০	ঐ
চিনের ফুলস্কেপ কাগজ	৩৫০	ঐ
চিনের চিটীর কাগজ	৫০	ঐ
চিনের দোয়াইত	৫০	
চিনের রায়েল কাগজ	১০	রিম
আরওয়ালি কাগজ	২০	ঐ
বাঙ্গলা ট্লু কাগজ	২৫	ঐ
বাঙ্গলা কলম	৮০০০	
প্রথম প্রকার দেশীয় কালী	১০	সের
ঐ দ্বিতীয় প্রকার কালী	১৫০	ঐ
দেশীয় কম চৌড়া ফিতা	২০০০	ডজন
দেশীয় চৌড়া ফিতা	১৫০	ঐ
দেশীয় পিসবোর্ড মোটা	২০০	ঐ
ঐ ঐ পাতলা	৫০	ঐ
দেশীয় বালি	৫	মোন
দেশীয় লার বাতি	১১০০০	ডজন
দেশীয় ওয়েফর	২০০০	বাক্স
কেতাব জেল্দ করার নিমিত্ত দেশীয় চামড়া	৬০০	
দেশি মোমজামা প্রথম প্রকার	২৫০০	থান
দেশি মোমজামা দ্বিতীয় প্রকার	২০০০	ঐ
ফরাসিস ফুলস্কেপ কাগজ	২০	রিম
দেশি কাটরেজ পেপর	৩০	ঐ
মোমবাতি	৩০	সের
ডাকবাঙ্গির নিমিত্ত কাষ্ঠে মোড়া টিনের বাক্স	৬০০।	

নীচে লিখিতব্য মাপের কাষ্ঠের বাক্স সমুদায়ে ৮০০।

	লম্বা	চৌড়া	উচ্চ
নং ১।	৩ ফুট	২ ফুট	১ ফুট ৮ ইং
নং ২।	২ ঐ ৮ ইং	১ ঐ ৭ ইং	১ ঐ ৫ ঐ
নং ৩।	২ ঐ ৬ ঐ	১ ঐ ৬ ঐ	১ ঐ ৪ ঐ
নং ৪।	২ ঐ ৩ ঐ	১ ঐ ৪ ঐ	১ ঐ ৩ ঐ
নং ৫।	২ ঐ	১ ঐ ২ ঐ	১ ঐ ১ ঐ
নং ৬।	১ ঐ ৬ ঐ	১ ঐ ২ ঐ	১ ঐ

নিয়ম।

১ দফা। ষ্টেসনরি আপিসে যে রকম নমুনা দেখান যাইবেক অথবা ষ্টেসনরি কমিটির সাহেবেরা যে নমুনা মঞ্জুর করিবেন তত্তুল্য জিনিস দিতে হইবেক।

২ দফা। ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেবের লিখিত দাওয়ার ফর্দ্দ চুক্তিকারককে দেওয়া গেলে তিন দিবসের মধ্যে জিনিস দাখিল করিতে হইবেক এবং ঐ সকল জিনিসের মূল্য তৎপর মাসের আরম্ভে দেওয়া যাইবেক।

৩ দফা। সরবরাহকারেরা ফর্দ্দ পাইয়া উপরি লিখিত তিন দিবসের মধ্যে পূর্ব্বোক্ত ফর্দ্দানুসারে জিনিস না দিতে পারিলে ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেব ঐ তিন দিবস গত হইলে আবশ্যক জিনিস সকল বাজারে ক্রয় করিয়া সরবরাহকারের নামে খরচ লিখিবেন।

৪ দফা। সরবরাহকারেরদের চুক্তি পত্রের দরখাস্তের সঙ্গে ও চুক্তি পত্র অনুসারে সরবরাহকারেরা কর্ম্ম করিবেন এমত কোন মাতবর কুঠীওয়ালা কিম্বা কোন সম্ভ্রান্ত ব্যক্তিরদের জামিন দিতে হইবেক এবং জামিনদারের এমত একরার করিতে হইবে যে তৃতীয় দফাঅনুসারে বাজারে যে জিনিস পত্র খরীদ করা যাইবেক তাহার টাকা দিবেক এবং দ্বিতীয় দফা অনুসারে যদ্যপি আবশ্যক জিনিস দাখিল করিতে না পারে তবে ষ্টেসনরি কমিটির বিবেচনায় দুই শত টাকার অধিক না হয় এমত জরীমানা দিতে স্বীকার করিবেন এবং এই ইশতেহারের তৃতীয় দফার নিয়ম যতবার ভঙ্গ হইবে ততবার পূর্ব্বোক্ত গুনাহগার করা যাইবে।

৫ দফা। ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেব যদি ঠাহরেন যে জিনিস নমুনা হইতে মন্দ তবে তাহা ফিরাইয়া দিয়া তাহার পরিবর্ত্তে এই ইশ্‌তেহারের ২। ৩ দফার নিয়মানুসারে নমুনা সহী জিনিস তলপ করিয়া লইবেন।

৬ দফা। সকল জিনিস দেওনের দরখাস্ত ষ্টেসনরি কমিটির অধ্যক্ষ সাহেবের নিকট মোহর করা থাকিবেক এবং তাহা কমিটি সাহেবদিগের সম্মুখে খোলা যাইবেক।

আরং বৃত্তান্ত হিন্দুর পর্ব্ব দিন ও রবিবার ব্যতিরেকে কোন দিন ১০ ঘণ্টা অবধি ৪ ঘণ্টা পর্য্যন্ত স্বয়ং ষ্টেসনিরি আপিসে উপস্থিত হইয়া অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

ষ্টেসনরি কমিটির হুকুমক্রমে

এচ এ অবর্ট

ষ্টেসনরি কমিটির একটিং ক্লার্ক।

খাতাবাটী লালদীঘী
ষ্টেসনরি আপিস
৮ ফেব্রুআরি ১৮৩৮।

বাঙ্গলা ভাষায়।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বপ্নের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীযুত আনরবল সরএড্‌বার্ড রয়ন সাহেব সাধারণ বিদ্যাধ্যাপনীয় জেনরল কমিটির প্রসীডেন্টী পদাভিষিক্ত হইয়াছেন।

শ্রীযুত ডেবিড স্কট সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি ভারতবর্ষস্থ কোম্পানির কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত জর্জ আদমস সাহেব ছুটি লইয়া বিলাত গমনের অনুমতি পাইয়াছেন।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত এস জি স্মিথ সাহেব এবং শ্রীযুত এফ ই রিড সাহেব বিলাত গমনার্থ রাবর্ট স্মাল নামক জাহাজে আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৩ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

শ্রীযুত জর্জ এডমনষ্টোন সাহেব মীর্জাপুরে শ্রীযুত উডকক সাহেবের অধীনে থাকিয়া পশ্চিম দেশীয় ভাষা শিক্ষা করিতে অনুমতি পাইয়াছেন।

ভুলুয়া ও চট্টগ্রামের নিমক এজেন্ট শ্রীযুত জি গফ সাহেব উত্তমাশা অন্তরীপে গমনার্থ রাবর্ট স্মাল নামক জাহাজে আরোহণ করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৩ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

ধর্ম্মোপদেশক শ্রীযুত হেনরি ফিসর সাহেব কলিকাতা রাজধানীর প্রধান ধর্ম্মোপদেশক ও জেলখানার ধর্ম্মোপদেশক হইয়াছেন। এই নিয়োগ বর্ত্তমান মাসের ৭ তারিখ অবধি চলিবেক।

ধর্ম্মোপদেশক শ্রীযুত এচ এস ফিসর সাহেব গত ডিসেম্বর মাসের ৬ তারিখঅবধি বহরমপুরের ধর্ম্মোপদেশক হইয়াছেন। শ্রীযুত ফিসর সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত কলিকাতা রাজধানীর ধর্ম্মোপদেশকতা কর্ম্ম করিতে থাকিবেন।

কলিকাতা রাজধানীর ধর্ম্মোপদেশকের রেজিষ্টর শ্রীযুত ডবলিউ এচ আবট সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মপ্রযুক্ত শ্রীযুত লার্ড বিসাপ সাহেবকর্ত্তৃক দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এম এ বিগনেল সাহেব শ্রীযুত আবট সাহেবের অনুপস্থান পর্য্যন্ত রেজিষ্টরী কর্ম্ম করিতে থাকিবেন।

১০ ফেব্রুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর ই কনলিফ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত ডুমর্গু সাহেবের পরিবর্ত্তে পাটনার একটিং কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি ডবলিউ ফুলর সাহেব গত মাসের ১৬ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত তিন দিবসের ছুটি পাইয়াছেন।

১৩ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব ১৪ সংখ্যক অর্থাৎ মুরসিদাবাদ প্রদেশের রেবিনিউ কমিস্যনর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

মৈমনসিংহের একটিং মাজিস্ত্রেট শ্রীযুত আর এম স্কিনর সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ দিবসের ছুটি পাইয়াছেন।

রাজশাহীর মাজিস্ত্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ এ লসিংটন সাহেব চিকিৎসকের সটিফিকটক্রমে দুই মাসের ছুটি পাইয়াছেন।

বাখরগঞ্জের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত আই আই জর্ডান সাহেব স্বীয় কর্ম্মস্থানে পহুছনার্থ যে ছুটি পাইয়াছিলেন তদাতিরিক্ত বর্ত্তমান মাসের ১৬ তারিখ অবধি ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

১৬ ফেব্রুআরি।

মেদিনীপুরের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত জি আদম সাহেব তামস গ্রিন্‌বিল নামক জাহাজ গমনের তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন। উক্ত সাহেব গত মাসের ৩০ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত ছুটি পাইয়া জাহাজারোহণ করিয়াছেন।

মৈমন সিংহের মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত এ কমিং সাহেব গত মাসের ২৭ তারিখে উত্তমাশা অন্তরীপহইতে কলিকাতা রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

১৪ ফেব্রুআরি।

কুমারখালির রেসিডেন্ট শ্রীযুত আর রিচার্ডসন সাহেব অস্বাস্থ্যপ্রযুক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

হয়দরাবাদের রেসিডেণ্ট শ্রীযুত লেপ্টেনন্ট কর্ণল জে ষ্টুয়ার্ট সাহেব বোম্বাইহইতে বর্ত্তমান মাসের ১ তারিখে উত্তমাশা অন্তরীপে গমনার্থ কারণাটিক জাহাজ আরোহণ করিয়াছেন।

৬ ফেব্রুআরি।

শ্রীযুত লেপ্টেনন্ট কর্ণল জে ষ্টুয়ার্ট সাহেব হয়দরাবাদের রেসিডেন্টী কর্ম্মের ভার গত মাসের ১২ তারিখে শ্রীযুত মেজর কামরণ সাহেবের প্রতি অর্পণ করিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

আস্তগ্রাম প্রদেশের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান এফ চামর্স সাহেব গত মাসের ৩০ তারিখে স্বীয় কর্ম্মের ভার চতুর্থ আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ব্রিগ সাহেবের প্রতি অর্পণ করিয়াছেন।

২৭ জানুআরি।

সাগরের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে জে টকর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি ১২ মাসের ছুটি পাইয়াছেন।

২৯ জানুআরি।

শ্রীযুত আর কাথকার্ট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত রুহেলখণ্ডের উপরি সেসন জজ এবং জিলা সাজাহানপুর ও বদেয়ানের একটিং সেসন জজ হইয়াছেন।

ফতেপুরের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এচ আরমষ্ট্রং সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ ১৮৩৭ সালের ৭ নবেম্বর তারিখের হুকুমক্রমে যে ছুটি পান তদতিরিক্ত ১৫ দিবসের ছুটি পাইয়াছেন।

৩১ জানুআরি।

নীচে লিখিতব্য সাহেবেরা স্বং কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

গোরক্ষপুরের জজ শ্রীযুত ওয়েবলি জকসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটি পাইয়াছেন। ঐ জিলার উপরি জজ শ্রীযুত আর জে টেলর সাহেব শ্রীযুত জকসন সাহেবের পরিবর্ত্তে একটিংরূপে কর্ম্মকরণের অনুমতি পাইয়াছেন।

হিসারের সদর আমীন শ্রীযুত আতাউল্লা খাঁ গত মাসের ২০ তারিখের হুকুমক্রমে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বাস্থ্যার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

উত্তর পশ্চিমাঞ্চলের আকৌণ্টান্ট শ্রীযুত এফ ও ওয়েলস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ১৫ দিবসের ছুটি পাইয়াছেন। একটিং সিবিল আডিটর ও ডেপুটি আকৌণ্টান্ট শ্রীযুত ই এচ মর্লণ্ড সাহেব শ্রীযুত ওয়েলস সাহেবের অনুপস্থানপর্য্যন্ত আকৌণ্টান্টী পদের ভার গ্রহণার্থ অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত সি আলেন সাহেব গত ডিসেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটি পান তদনুসারে উত্তর পশ্চিমাঞ্চলের সীমাহইতে ১৮৩৮ সালের ৪ জানুআরি তারিখে বোম্বাইর পথ দিয়া ইউরোপে যাত্রা করিয়াছেন।

CIVIL APPOINTMENTS.

14th February, 1838.

The Honourable Sir Edward Ryan, Kt., has taken his seat as President of the General Committee of Public Instruction.

Mr. David Scott has been permitted to resign the East India Company's Civil Service, from the 1st instant.

Mr. George Adams, of the Civil Service, is permitted to proceed to Europe on Furlough.

Messrs. S. G. Smith and F. E. Read, of the Civil Service, embarked for England on board the Ship "*Robert Small*," which Ship was left by the Pilot at Sea on the 13th instant.

Mr. George Edmonstone, Junior, is permitted to proceed to Mirzapore, and prosecute his study of the Oriental languages at that Station, under the Superintendence of Mr. W. Woodcock.

Mr. G. Gough, Salt Agent of Bulloah and Chittagong, embarked for the Cape of Good Hope on the Ship "*Robert Small*," which Vessel was left by the Pilot at Sea on the 13th instant.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to make the following appointments:

The Reverend Henry Fisher to be Senior Presidency Chaplain and Chaplain to the Jail. The appointments to take effect from the 7th ultimo.

The Reverend H. S. Fisher to be District Chaplain at Berhampore, from the 6th December last. Mr. Fisher will continue to officiate as Junior Presidency Chaplain, until further Orders.

Mr. W. H. Abbott, the Registrar of the Archdeaconry of Calcutta, has been permitted by the Right Reverend the Lord Bishop of Calcutta, to be absent for two months, on urgent private affairs.

Mr. M. A. Bignell will perform the duties of Registrar during Mr. Abbott's absence.

10th February.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointment:

Mr. R. E. Cunliffe to officiate, until further orders, as Collector of Patna, vice Mr. J. S. Dumergue, who is at present officiating in that office.

The following officer has obtained leave of absence from his station:

Mr. C. W. Fuller, Assistant Surgeon, attached to the Civil Station of Nuddea, for three days, in extension of the leave granted to him on the 16th ultimo.

13th February.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to make the following appointment:

Mr. W. B. Jackson to be Commissioner of Revenue of the 14th or Moorshedabad Division.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. R. M. Skinner, Officiating Magistrate of Mymunsing, for five days, on private affairs, in extension of that granted to him on the 2d instant.

Mr. F. A. Lushington, Assistant to the Magistrate and Collector of Rajeshahy, for two months, from the 14th ultimo, on medical certificate.

Mr. I. I. Jordan, Sudder Ameen and Moonsiff of Backergunge, an extension of leave of absence for fifteen days, from the 16th instant, to enable him to rejoin his Station.

16th February.

Mr. G. Adam, Joint Magistrate and Deputy Collector of Midnapore, until the sailing of the Ship "*Thomas Grenville*," on which vessel he has taken his passage for England, in extension of the leave granted to him on the 30th ultimo.

Mr. A. Cumming, Magistrate and Collector of Mynpooree, reported his return to his Presidency from the Cape of Good Hope on the 27th ultimo.

14th February.

Mr. R. Richardson, Resident at Commercolly, is permitted to be absent from his office for a period of one month, on account of ill health.

Lieutenant Colonel Stewart, Resident at Hydrabad, reported his embarkation for the Cape of Good Hope, on board the "*Carnatic*," from Bombay, on the 1st instant.

6th February.

Lieutenant Colonel J. Stewart reported his having delivered over charge of the Residency at Hydrabad, to Major Cameron, on the 12th ultimo.

Captain F. Chalmers, the Superintendent of the Ashtagram Division, delivered over charge of his office to Captain Briggs, the Fourth Assistant, on the 30th ultimo.

27th January.

The Reverend Mr. J. J. Tucker, Chaplain of Saugor, has obtained leave of absence for twelve months, to visit the Hills, on medical certificate, from the 10th instant.

20th January.

Mr. R. Cathcart is appointed to officiate, till further orders, as an Additional Session Judge, in Rohilkund, and to hold the Sessions in Zillahs Shahjehanpore and Budaon.

Mr. H. Armstrong, Magistrate and Collector of Futtehpore, has obtained fifteen day's leave of absence, in extension of the leave granted him under Orders of the 7th November, 1837, to enable him to rejoin his Station.

31st January.

The following officers have obtained leave of absence:

Mr. Webly Jackson, Judge of Goruckpore, for one month, on his private affairs, commencing from the 15th current. Mr. R. J. Tayler, the Additional Judge of the District, has been authorized to officiate for Mr. Jackson.

Atnoollah Khan, Sudder Ameen of Hissar, for one month, for the recovery of his health, in extension of the leave granted him under Orders, dated the 20th ultimo.

Mr. F. O. Wells, Accountant N. W. P. for fifteen days, on his private affairs. Mr. E. H. Morland, Officiating Civil Auditor and Deputy Accountant, has been directed to assume charge of the Accountant's Office during the absence of Mr. Wells.

Mr. C. Allen quitted the limits of the North Western Provinces in progress to Europe, via Bombay, on the 4th January, 1838, in conformity with the leave of absence granted him on the 23d December last.

নীচে লিখিতব্য মহাশয়রা বর্ত্তমান বৎসর অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য দিয়াছেন।

শ্রীযুত এফ কেম্বেল সাহেব।
শ্রীযুত মহারাজ রাধাকান্ত দেব।
শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর।
শ্রীযুত বাবু বৈদ্যনাথ বসাখ।
শ্রীযুত বাবু হরকুমার ঠাকুর।
শ্রীযুত বাবু রাধানাথ বসু।
শ্রীযুত বাবু উপেন্দ্রমোহন ঠাকুর।
শ্রীযুত বাবু রামরত্ন রায় চৌধুরী।
শ্রীযুত বাবু রামদাস বসু।
শ্রীযুত বাবু বিশ্বম্ভর সিংহ।
শ্রীযুত বাবু জগন্নাথ দাস।
শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় চৌধুরী।
শ্রীযুত বাবু মদনমোহন ঘোষ।
শ্রীযুত বাবু হলধর সেন।
শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র কোঙার।

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year,* from January 1st to December 31st, 1838, EIGHT Rupees each.

F. Campbell, Esq.
Muharajah Radhakant Deb.
Baboo Dwarkanath Tagore.
„ Buddenath Bysack.
„ Hurrocoomar Tagore.
„ Radhanath Bose.
„ Oopendrumohun Tagore.
„ Ramrutno Roy Chowdry.
„ Ramdass Bosoo.
„ Bishumbhur Sing.
„ Juggernath Dass.
„ Prankrishnoo Roy Chowdry.
„ Modhoo Soodun Ghose.
„ Hollodhor Sen.
„ Govindchunder Coor.

সমাচার দর্পণ

শনিবার ২৪ ফেব্রুআরি ১৮৩৮।

সুপ্রিম কোর্ট।

গত সোমবারে সুপ্রিম কোর্টে বৎসরের প্রথম সিজিন হইল। গ্রাণ্ড জুরী নিযুক্ত হওনের পর শ্রীযুত ফ্রান্সিস মেকনাটন সাহেব সভাপতি হইলেন। অপর শ্রীযুত সর জন গ্রাণ্ট সাহেব গ্রাণ্ড জুরীরদিগকে আহ্লাদপূর্ব্বক কহিলেন যে এই সিজিনের কর্ম্ম অতিলঘু আপনারদের বিচার্য্য কেবল চারিটি মোকদ্দমা আছে।

বসন্তরোগ।

কলিকাতায় বসন্তরোগের অত্যন্ত বৃদ্ধি হইয়াছে এই জনরব শুনিয়া টীকা দেওনের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব কোন২ সম্বাদপত্র সম্পাদকের নিকটে যে পত্র লিখিয়াছেন তাহার চুম্বক আমরা প্রকাশ করিলাম। এবং তদ্দৃষ্টে আহ্লাদিত হইলাম যে গত ১২ মাসের মধ্যে এতদ্দেশীয় ৩১৯০ জনকে টীকা দেওয়া গিয়াছে এই সংখ্যা পূর্ব্ববৎসরাপেক্ষা তিন ভাগের এক ভাগ অধিক। ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব লেখেন অদ্য পূর্ব্বাহ্নে আপনকার সম্বাদপত্রে পাঠ করিলাম যে কলিকাতায় বসন্তরোগের অতি প্রাদুর্ভাব হইয়াছে অতএব বক্তব্য যে এই বিষয়ে আমি বিলক্ষণ অনুসন্ধান করাতে শ্রীযুত কাপ্তান বর্চ সাহেবের দ্বারা জ্ঞাত হইলাম যে অন্যান্য বৎসরে এই রোগ যত হয় এই বৎসরে তাহার অধিক নহে। এক দিনের রিপোর্টে লেখে ঐ রোগী ১৭৮ ব্যক্তি ছিল তাহার মধ্যে এক জনও মারা যায় নাই এবং বড় বাজারে কিম্বা কোন প্রধান থানার এলাকায় ঐ রোগ দৃষ্ট হয় নাই কেবল শহরতলিতে দেখা যায় এবং যদ্যপি আমরা অনেক ব্যয় ও আয়াসের দ্বারা টীকা দেওনব্যবহার দেশীয় টীকা দেওনব্যবহারাপেক্ষা স্বাস্থ্যজনক করিতে উদ্যোগ করি তথাপি বোধ হয় যে দেশীয় বহুতর টীকাদায়কেরা বসন্তরোগ নগরের মধ্যে প্রবেশ করায়।

আমার পত্র লিখনের অভিপ্রায় এই যে ঐ জনরবের দ্বারা সর্ব্বসাধারণের অন্তঃকরণে যে অলীক উদ্বেগ জন্মিয়াছে তাহা দূর হয় অতএব আপনি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ করিবেন যে ইউরোপীয় ব্যবহারানুসারে টীকা দেওনার্থ দুই স্থান নিরূপণ হইয়াছে অর্থাৎ পার্ক ষ্ট্রিটের চিকিৎসালয় এবং শ্রীযুত ডাক্তর ওশাগনেসির অধীনে গরানহাটার চিকিৎসালয়। এই দুই স্থানে এবং চৌরঙ্গীর রাস্তার ধারে আমার ১ নং বাটীতে রবিবারব্যতিরেকে প্রতিদিন প্রাতঃকালে ৭ ঘণ্টাঅবধি দুই প্রহরপর্য্যন্ত টীকা দেওয়া যায় এবং টীকা দেওনের বীজ পাওয়া যায় এবং ডাক্তর সাহেবেরা ও যে কোন সাহেব সুস্থ ব্যক্তির শরীরহইতে টীকার বীজ লইতে ইচ্ছা করেন তাঁহারদিগকে আমি আহ্লাদপূর্ব্বক টাটকা বীজ দিতে প্রস্তুত আছি।

ইউনিয়ন বেঙ্ক শ্যার বিক্রয়।

অদ্য পূর্ব্বাহ্নে ইউনিয়ন বেঙ্কে ১০০০ টাকা করিয়া ৪৮ অংশ শ্যার সাহেবেরদের মধ্যে নীলাম হইল। ইহার মধ্যে ৫ শ্যার ১৮৩৭ সালের। অতএব দৃষ্ট হইল গত ৫ জানুআরি তারিখে যে ৮০০ নূতন শ্যার হইল তাহার মধ্যে ৭৫৭ শ্যার বিক্রয় হইয়াছে অবশিষ্ট ৪৩ শ্যার যাঁহারা তিনপর্য্যন্ত শ্যারধারী তাঁহারদের ছিল এবং এই শ্যারধারিরদের তাহা লওনের অধিকার ছিল না. কিন্তু অদ্যকার নীলামে যে লভ্য হইয়াছে তাহা ঐ শ্যারধারিরদের মধ্যে বিভক্ত হইবে। প্রথম যে দুই শ্যার নীলাম হইল তাহার প্রত্যেকে কোং ১৩১০ টাকা মূল্য। পরে শীঘ্র বৃদ্ধি হইয়া ১৩৭০ টাকাপর্য্যন্ত হইল। গড়ে ১৩৩৭ টাকা মূল্য হইল। পরে দৃষ্ট হইল ঐ বেঙ্কের অংশি সাহেবেরা আগামি জুন মাসে আরো ১০ লক্ষ টাকা লইয়া বেঙ্কের মূলধন বৃদ্ধি করিবেন তাহা হইলে বেঙ্কে ৫০ লক্ষ টাকা ধন ন্যস্ত হইবে এইক্ষণে ৪০ লক্ষপর্য্যন্ত আছে।

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবেক যে গত বৎসরের প্রলয়াগ্নিজন্য দরিদ্র লোকেরদের যে অশেষ ক্ষতি হয় তৎপ্রতিকারার্থ চাঁদার দ্বারা অনেক টাকা সংগ্রহ হইয়াছিল। ঐ টাকা বিতরণার্থ যে কমিটি নিযুক্ত হন তাঁহারদের রিপোর্ট সংপ্রতি আমরা পাইয়াছি তদ্দ্বারা অবগত হওয়া গেল যে চাঁদার সমুদায় টাকা ৪৬,০২৭ ৷৵১ তাহাহইতে ৩১৯০৬৸৶৮ টাকা দরিদ্র লোকের নানাপ্রকার উপকারার্থ ব্যয় হইয়াছে বিশেষতঃ ঐ টাকাতে ২৫৩২ দীন দরিদ্র লোকের পরিবারেরা উপকৃত হইয়াছে। যাহারদের খাপরেলের প্রয়োজন ছিল তাহারদিগকে ৯৩,০৬,৫৭৫ খাপরেল দেওয়া গিয়াছে। অপর উক্ত কমিটি ৮১৭ খাপরেলের ঘর প্রস্তুত করিয়া দিয়াছেন এবং ৮৭৬ ঘর খাপরেল দিয়া ছাইয়া দিয়াছেন ও ১৬০ ঘর খাপরেল দিয়া ছাওয়া যাইতেছে। এই সকল খরচের পর কমিটির হস্তে নগদ ১৪,৭১৩।৶১১ টাকা জমা আছে। এবং চাঁদায় স্বাক্ষরকারিরদের স্থানেও ১৯১৩ টাকা পাওনা আছে। অতএব সর্ব্বপ্রকারেই উক্ত ব্যাপার অতিপ্রশংসনীয় ও মঙ্গলদায়ক হইয়াছে।

গৃহদাহ।

এইক্ষণেই অগ্নিতে কলিকাতা শহর পুনর্ব্বার বিনষ্ট হইতে আরম্ভ হইল। গত মঙ্গলবারে খিদিরপুরের নিকট এমত আগুন লাগে যে তাহাতে দুই প্রধান বাজার নষ্টহওনের সম্ভাবনা ছিল এক বাজার ঘোষাল বাবুরদিগের অপর বাজার মিলিটরি আর্ফন সোসাইটীর। কিন্তু আলিপুর অঞ্চলের দমকল সময়মতে পঁহুছনেতে এবং সার্জন লোকের উদ্যোগেতে কেবল ১০০ গৃহ ভস্মসাৎ হইলে পর ঐ অগ্নি নিবৃত্ত হইল।

SUMACHAR DURPUN.

SATURDAY, FEBRUARY 24TH. 1838.

Supreme Court.

On Monday last, the first session of the Supreme Court was held for the year. After the Grand Jury had been empannelled, Mr. F. Macnaghten was chosen chairman. And Sir John Grant in addressing them said, that he was very happy to inform them, that their duty at the present sessions would be exceedingly light, as there were but four indictments for them to dispose of.

The Small Pox.

In consequence of a report that the small pox was raging in Calcutta to a very great extent, Dr. Stewart, the Superintendent of Vaccination, has addressed a letter to the Newspapers, from which we make the following extract. We are happy to learn that the number of natives who have been vaccinated in Calcutta, during the last 12 months, has been 3190. nearly one-third more than in any preceding year. Dr. Stewart says, "observing that there is mention made in your paper this morning, of the present alarming prevalence of fatal small-pox in Calcutta, I think it right to inform you, that I have made particular inquiry on the subject, and am informed by Captain Birch, that the disease does not prevail to a greater extent than it usually does at this season in Calcutta. As many as 178 cases were reported in one day this week, of which nine have proved fatal; but the disease is not at all in the Burra Bazar, nor in many of the most populous thannas, and is chiefly confined to the suburbs. There is reason to suspect that it is chiefly propagated and maintained by the Innoculators, who annually import the malady in spring, notwithstanding the efforts of our vaccine establishment to substitue the safer prophylatic.

"My reason for addressing you is, therefore, to allay the unreasonable apprehensions which such a report is likely to create, and to request of you to intimate that a vaccine depot has been established at both of the Town Dispensaries, namely, that in Park Street, and the one under Mr. R. O'Shaughnessy's charge in Garranhattah, and that vaccination is practised and lymph procurable at both these places, and at my own house, No. 1, Chowringhee road, every day but Sunday, from 7 in the morning till noon; as also that I will have much pleasure in supplying all medical men or families with proper and healthy subjects from whom to take fresh lymph at all times."

Sale of the Union Bank Shares.

At the Union Bank this morning, 48 shares of 1000 Co's. Rs. each, were put up to sale among the Proprietors. Five of those belonged to the former addition of 1837, so that of 800 Shares added on the 15th of January last, 757 have been taken; the remaining 43 belonging to Shareholders, who, not holding 4 Shares, were not entitled to take them up, but among whom the premium realized by this day's sale will be divided. The two first Shares brought 1310 Co's. Rs. each, and they then rose rapidly to 1370, the average being 1337 Rs. From the conversation which took place, the Proprietors seem determined to add 10 lacks more to the stock next June. This will make the paid up capital 50 lacks of Rs. it is now 40.—*Cour. Feb.* 16.

Subscription for the Fire.

Our readers will remember that on the occasion of the extensive fires last year, a very liberal subscription was opened for the relief of the poor. We have now received a Report of the Committee to whom the distribution of these funds was entrusted. It appears that out of a subscription of Rupees 46,027, 4 as. 1 pie, actually realized, not less than Rs. 31,906-13as. 8 p. have been disbursed in the performance of good offices to the sufferers. Two thousand five hundred and thirty-two persons or families have been assisted. Tiles to the number of 93,06,575 have been distributed to parties disposed to tile their own huts; 817 tiled huts have been built entire by the Committee; 876 have been tiled only, and 160 more are in progress of tiling. The balance left in the hands of the Committee is Rs. 14,713 11 as. 11 pie, and there is a sum of Rs. 1913 4 as. still to be received from subscribers. On the whole, this appears to us to be a highly creditable and satisfactory result.—*Eng.*

Fires.

Fires are already beginning to desolate Calcutta. One broke out on Tuesday, near Kidderpore, which it was feared would destroy two extensive bazars, one belonging to the Ghosal Baboos; and the other to the Military Orphan Society; but the timely arrival of the Engines belonging to the Allipore Division, and the exertions of the Serjeants, arrested its progress after 100 houses had been destroyed.

অতিশয় অন্যায়।

এক আশ্চর্য্য অন্যায়ের বিচার সংপ্রতি মাজিস্ত্রেট সাহেবের নিকট হইয়াছে তদ্বিশেষ গত সোমবার রাত্রিতে লালদীঘীর নিকটস্থ এক জন সাহেবের এক সরদার বেহারা আপন মুনীবের নিমিত্ত এক হিন্দুস্থানীয় স্ত্রী আনয়ন করিতে খিদিরপুরে গমন করিয়া পুনরাগমন কালে ঐ স্ত্রীকে সমভিব্যাহারে এক কেরাঞ্চি গাড়ি আরোহণে আসিতেছিল ইতিমধ্যে কিল্লার নিকট চারি জন পোলীসের বরকন্দাজ তাহারদিগের উপর আক্রমণ করত কেরাঞ্চিত গাড়ি সহিত তাহারদিগকে মনোহর দাসের পুষ্করিণীর নিকটস্থ থানায় পঁহুছিয়া ঐ সরদার বেহারা কেরাঞ্চি গাড়িহইতে উত্তীর্ণ হইয়া কলিয়ননামক জমাদারের নিকট গেল সে ব্যক্তি তৎকালে নিদ্রিত ছিল পরে তাহাকে জাগ্রত করিয়া বরকন্দাজেরা জমাদারকে কহিল যে এই বেহারা এই স্ত্রীকে ভুলাইয়া কেরাঞ্চি করিয়া লইয়া যাইতেছে কিন্তু ঐ স্ত্রী যে কে ব্যক্তি তাহা বেহারা বিলক্ষণরূপে পরিচয় দিল ইহাতে ঐ থানাদার তাহা না গ্রাহ্য করিয়া বরকন্দাজদিগকে অনুমতি করিল যে ঐ স্ত্রী ও বেহারা উভয়কে টৌন গারদে লইয়া যাও ইহাতে ঐ বেহারা কিঞ্চিৎ ভীত হইবাতে বরকন্দাজদিগের মধ্যে এক জন ইসারা করিয়া বেহারাকে কহিল যে যদ্যপি তুমি জমাদার সাহেবকে কিঞ্চিৎ উৎকোচ দিয়া সন্তুষ্ট করিতে পার তবে তোমার এ ক্লেশ দূর হইতে পারে ইহা শুনিয়া বেহারা কহিল যে কি দিতে হইবেক তাহাতে বরকন্দ উত্তর করিল যে পঁচিশ টাকা দিলে জমাদার তুষ্টহইবেন পরে কিঞ্চিৎ কাল বাদানুবাদ হইয়া জমাদার আট টাকায় সম্মত হইলেন ইহাতে বেহারা কহিল যে আমার সঙ্গে কিছুই টাকা নাই যদ্যপি আমার সহিত কোন লোক দেও তবে টাকা দিতে পারি পরে এক জন বরকন্দাজ তাহার সহিত গমন করিল ঐ বেহারা আপন মুনীবের বাটীতে গমন করিয়া তাবৎ বৃত্তান্ত মুনীবকে অবগত করাইল ইহা শ্রবণ করিয়া ঐ সাহেব তৎক্ষণাৎ বরকন্দাজকে আট টাকা প্রদান করিলেন পরে বরকন্দাজ ঐ টাকা লইয়া জমাদারকে দিলে জমাদার ঐ বেহারাকে ও ঐ স্ত্রীকে খালাস দিল পরদিবস ঐ বেহারা পোলীসে জমাদার ও বরকন্দাজদিগের বিরুদ্ধে নালিশ করিবাতে মোকদ্দমা সপ্রমাণ হওয়ায় মাজিস্ত্রেট সাহেব জমাদারের ১০০ এক শত টাকা ও বরকন্দাজদিগের প্রত্যেকে ৫০ পঞ্চাশ টাকা করিয়া দণ্ড করিলেন অথবা দুই মাস করিয়া কয়েদ থাকিবে।—চন্দ্রিকা।

সরক্যুলরের হুকুম।

নিজামত আদালতের ১৯৩ নং সরক্যুলরের হুকুমনামাতে এমত হুকুম হয় যে জজেরা ও তাঁহারদের অধীন আদালতের কর্ম্মকারকেরা তাবৎ জরিমানার টাকার রেজিষ্টরী রাখিবেন। এই হুকুমের অভিপ্রায় এই যে জরীমানার যে সকল টাকা আদালতে দাখিল হয় তাহাতে আমলারা কোন প্রতারণা না করিতে পারেন। কিন্তু এই আজ্ঞাকরণেতে জজ সাহেবেরদের ঐ প্রবঞ্চনা নিবারণের অন্যপ্রকার কোন হুকুম দেওনেরও নিবারণ নাই।

চব্বিশ পরগনার আমলা।

কিয়ৎকাল হইল হাবড়াতে একটা অতিনির্দ্দয় খুন হইয়াছিল বিশেষতঃ দারোগা রীত্যনুসারে ঐ খুনের তজবিজ ইত্যাদি করিয়া মাজিস্ত্রেট সাহেবের নিকটে রিপোর্ট করিয়াছিলেন তাহাতে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব আসামীরদিগকে কয়েদ করিতে এবং সাক্ষিরদের হাজির জামিন লইতে হুকুম দিলেন কিন্তু ঐ হুকুমনামাতে মাজিস্ত্রেট সাহেবের দস্তখৎ না হওনের পূর্ব্বে আমলারা ষড়যন্ত্র করিয়া ঐ হুকুম পরিবর্ত্তন করেন। তাহাতে এই বিষয় প্রকাশক চদ্দ বৎসরবয়স্ক এক বালক মাজিস্ত্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিয়া কহে যে নাজিরের লোক আমাকে ও আমার সাক্ষিরদিগকে অনেক তর্জন গর্জন করিয়াছে এবং প্রমাণের দ্বারা সাব্যস্থ হইল যে নাজিরের বক্সি এবং দুই জন পেয়াদা ঐ ব্যক্তির স্থানে কিছু টাকা লইয়াছে অতএব এইক্ষণে নাজির ও পেয়াদারা সঙ্কটাবস্থায় আছে। শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব এইক্ষণে অতিসাবধানে আছেন অতএব ভরসা হয় যে তিনি প্রতারক আমলারদিগকে শীঘ্র দূর করিয়া আদালত পরিষ্কার করিতে পারিবেন।

কাশীপুরের দারোগা।

কিঞ্চিৎকাল হইল কাশীপুরের দারোগা রিপোর্টে লেখেন যে কোন বাবুর একটা বাঘ পিঞ্জরহইতে ছুটাতে রক্ষকেরা ঐ ব্যাঘ্র রাস্তায় না যাইতে পারে এতদর্থ অনেক চেষ্টাও করিয়াছিল তথাপি ঐ হিংসু পশু রাস্তায় ধাবমান হইয়া এক বৃদ্ধা স্ত্রীকে ধরিয়া সংহার করিল। এইক্ষণে বোধ হয় ঐ রিপোর্ট সমুদায়ই অমূলক যেহেতুক কাশীপুরস্থ কোন বাবুর দুইটা ব্যাঘ্র আছে এবং রক্ষকেরা প্রতিদিন সায়ংকালে ঐ ব্যাঘ্র লইয়া রাস্তায় চরায়। এক দিন সন্ধ্যাকালে তাহার এক ব্যাঘ্র দশ বর্ষীয়া একটি কন্যাকে ধরিয়া বিনষ্ট করিল। পরে ঐ বাবু দারোগার হস্তে কিঞ্চিৎ পারিতোষিক দিয়া এবং হরনাথ পেস্কারের গেঁজে পূর্ণ করিলে প্রসন্ন হইয়া তাঁহারা মাজিস্ত্রেট সাহেবের নিকটে আরোপিত রিপোর্ট করিলেন। তাহাতে শ্রীযুত ফ্লইড় সাহেব এই মোকদ্দমার তজবীজকরণার্থ প্রেরিত হইয়া যথার্থরূপেই বোধ করিলেন যে ঐ ব্যাঘ্রকে বাবুর লোকেরা আপনারাই রাস্তায় লইয়া গিয়াছিল তাহাতে ব্যাঘ্র ঐ কন্যাকে বিনষ্ট করে। এনিমিত্ত দারোগার প্রতি হুকুম হইল যে ঐ বাঘ রাস্তায় পুনর্ব্বার দেখা গেলে তৎক্ষণাৎ মেরে ফেলা যাইবে এবং মাজিস্ত্রেট সাহেব ঐ পেস্কারকে অনেক তিরস্কার করিলেন।

চব্বিশ পরগনার নাজির অল্প দিন হইল কোন মোকদ্দমাতে সাক্ষিদিগকে মিথ্যা ওজর করিয়া হাজির না করাতে তাঁহার ১০ টাকা জরীমানা হইয়াছে।

কিয়দ্দিন হইল কলিকাতার ইটালিতে সিঁদ কাটিয়া এক চুরি হইল। তাহাতে মাণিকতলার থানার দারোগা ও বরকন্দাজেরা কিপ্রকারে ঐ চুরি হইল তাহা প্রকৃতরূপে কহিতে না পারাতে সংপ্রতি সসপেণ্ড হইয়াছেন।

দমকল।

কলিকাতার ইতস্ততোনিবাসি পাঠক মহাশয়েরা এই প্রস্তাব শুনিয়া আহ্লাদিত হইবেন যে তত্তৎস্থানের অগ্নিনির্ব্বাপার্থ ৬টা নূতন দমকল এইং স্থানে নিযুক্ত থাকিবে।

১ দমকল আলিপুরে সার্জন হরনবির অধীনে।

১ খিদিরপুরে সার্জন হারিসের অধীনে

১ ইটালিতে সার্জন ডাইসনের অধীনে

১ কালীঘাটে সার্জন ফ্লাইডের অধীনে

১ হাবড়াতে সার্জন ওয়াটকিন্সের অধীনে।

১ ভবানীপুরে।

A Case of daring extortion.

A case of daring extortion has lately been tried before the Magistrates, and of which the following is an outline. On Monday evening last, a sirdar bearer in the employ of a gentleman residing in Tank-square, went out to Kidderpore, for a Hindoostanee woman who was under the protection of his employer. On his way back accompanied by the lady, the keranchy they were in, was stopped by four burkundauzes at the sortie of the Fort. They then took the keranchy to the Police thana at Monohur Doss's tank. On their arrival at the thana, the bearer alighted from the keranchy, and the Jemadar of the place, whose name was Cullian, and who was asleep at the time, being awakened and informed of the particulars, charged the bearer with having seduced the woman that was in the keranchy. The bearer described who she was; but the thanadar affecting not to credit his statements, ordered his burkundauzes to march both the woman and the bearer to the Town Guard.

At this of course the bearer was a little startled. One of the burkundauzes then whispered in the bearer's ear that if he gave the Jemadar *Sahib* a trifling bonus, he would save a deal of trouble. Twenty-five rupees! was the trifle the burkundauze mentioned which would satisfy the Jemader Sahib. After a short dispute, the Jemadar agreed to accept of eight rupees. The bearer said that he had no money about him to fulfil his promise *instanter*, but if some body was sent with him he could soon get the sum settled upon. One of the burkundauzes was accordingly sent with the bearer; and when the latter got to his master's house he informed him of what had happened.

The gentleman then gave the bearer eight rupees, with which he returned to the said thanah, and on paying the same to the jemadar, the bearer and the woman were discharged out of custody.

By the evidence adduced in the case, the bearer having lodged a complaint the day following against the said burkundauzes and the jemadar, two of the former and the latter were convicted of the charge, and sentenced to pay a fine, the jemadar, of one hundred rupees, and the burkundauzes of fifty rupees each, or to be imprisoned for two calendar months.

Circular Orders.

Circular Order, No. 193, of the Nizamut Adawlut, directs that the Judges and the Courts subordinate to them, shall adopt a general Registry of fines. The object of the Court in making this order, is to provide against the misappropriation by the Amlahs of any sums which may be paid into Court. But this order does not preclude the Judge's adopting other measures to prevent fraud.

The Amlahs of the 24-Pergunnahs.

Some time ago a cruel murder was committed at Howrah. The Daroga, as usual, made his inquiry and report. The Magistrate ordered the defendants to be remanded, and the witnesses to be held on bail. But the Amlahs of the Court contrived to alter the order, before they obtained the Magistrate's signature to it. The informant, a lad of about 14 years of age, presented a petition, stating that some of the Nazir's people had tried to intimidate him and his witnesses, and it was thoroughly proved that money had been extorted from him by the Nazir's buxee and his two peons. The consequence is, that the Nazir and peons have been remanded. The Magistrate is now on the alert, and it is to be hoped that he will succeed in clearing his court of these Amlahs.

Cossipore Daroga.

Some time back, the Cossipore Daroga reported that a tiger belonging to a Baboo had escaped from his den, and though the Baboo's people did all in their power to prevent the tiger's getting into the street; it evaded them, and seized and devoured an old woman.

But the whole of this report turned out to be a fabrication. It appears that a wealthy Baboo at Cossipore has two tigers which are led through the streets in the evening by their keepers; that one of them one evening pounced upon a poor girl of ten years of age, and destroyed her. After this mishap the Baboo wet the *Daroga's* palm, and filled Hurnath, the peshkar's purse, and these two officers made a false report of the affair, and sent it into the Magistrate. Mr. Floyd, the supervisor, was deputed to examine into the matter, and he discovered that the girl was destroyed by the tiger, as the animal was led through the street. The Daroga was, therefore, ordered, if ever the tiger should again appear in the streets to destroy it. And the peshkar was severely reprimanded by the Magistrate.

The Nazir of the 24-Pergunnahs, having in a recent case, made some frivolous excuse for the non-attendance of some witnesses, was fined 10 Rupees.

A house breaking and robbery, were recently committed at Entally, and the Daroga of Maniktolah having been unable satisfactorily to account for it, has, with his burkundazes, been suspended.

Fire Engines.

It may be interesting to our readers who live in the suburbs to know, that six new Engines have been allowed for the district, and that they will be fixed in the following places :

One	Engine Alipore	under Serj.	Hornby.
One	Kidderpore, ...		Harris.
One	Entally, ...		Dyson.
One	Kalee Ghat, ...		Floyd,
One	Howrah, ...		Watkins.
One	Bhuwanipore, ...		———

অতিদুর্ঘটনা।

শ্রীযুত বাবু মতিলাল শীলের কলঘরের সম্মুখবর্ত্তি শ্রীযুত হিল সাহেবের কলঘরে সংপ্রতি এক দিন বেলা ১১ ঘণ্টাসময়ে অতিদুর্ঘটনা হয় বিশেষতঃ ঐ ঘরের খাপরেল চালের স্তম্ভ ভাঙ্গিয়া পড়াতে চাল পড়িয়া গেল। কথিত আছে ঐ ঘরের ভিতরে অনেক মজুর ছিল কিন্তু তাহারদের মধ্যে ৩ জন আঘাতী হইল অবশিষ্টেরা নিরাপদে রক্ষা পাইয়াছে. আঘাতি ব্যক্তিরা তৎক্ষণাৎ চিকিৎসালয়ে প্রেরিত হইল এবং তাহারদের এক ব্যক্তি সায়ংকালপর্য্যন্ত থাকিয়া প্রাণত্যাগ করিয়াছে।

মীর্জ্জাপুরের আদালত।

এইরূপ জনশ্রুতি শুনা যাইতেছে যে মীর্জ্জাপুরের প্রধান বাণিজ্য বন্দরে ভারি২ বাণিজ্যব্যাপার হওনপ্রযুক্ত তত্রস্থ জজ আদালতে বহুতর মোকদ্দমা উপস্থিত থাকাতে উপরি এক জন জজের আবশ্যকতা হইয়াছে। অনেক কালাবধি এইরূপ এক জন দ্বিতীয় জজ নিযুক্ত হওনের প্রয়োজন ছিল। যেহেতুক এক জন যত পরিশ্রমী ও বিজ্ঞ হউন না কেন তিনি যদি উপযুক্তমতেও প্রত্যেক মোকদ্দমার বিচার করেন তবে কখন একাকী মীর্জ্জাপুর আদালতের তাবৎ মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারেন না এবং মীর্জ্জাপুরের অতিসন্নিহিত সদর আদালত আছে তাহাতে মোকদ্দমাকারিরা অনায়াসে আপীল করিতে পারে অতএব আবশ্যক যে প্রত্যেক মোকদ্দমার অতিসূক্ষ্মরূপে তজবীজ করেন।

আসাম।

আসাম দেশহইতে এই সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে যে ২৯ জানুআরি তারিখে শ্রীযুত কমিসনর সাহেব ও শ্রীযুত মেজর ওয়াইট সাহেব সদিয়া স্থানে পঁহুছিয়াছেন। পিছিগাম জাতীয়েরদিগকে ধৃত করণার্থ শ্রীযুত লেপ্তেনন্ত মিলর সাহেব ৭৫ জন সিপাহী লইয়া মফঃসলে গমন করিয়াছেন। ঐ পিছিগামেরা অপর এক পর্ব্বতীয় লোকেরদের সঙ্গে যুদ্ধ করিতেছে।

লক্ষ্ণৌ।

মৃত মেহ্দিআলি খাঁর পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী গোলাম এহিয়া খাঁ অযোধ্যার রাজমন্ত্রিপদে নিযুক্ত হইয়াছেন। এই মহাশয় পূর্ব্বে শ্রীযুত ইঙ্গলণ্ডীয় রেসিডেণ্ট সাহেবের নিকটে অযোধ্যার রাজার উকীল ছিলেন। কথিত আছে যে মৌলবী সাহেব অতিবিজ্ঞ ও চালাক।

পশ্চিম দেশের দুর্ভিক্ষ।

পশ্চিমদেশীয় দুর্ভিক্ষের যে শেষ সম্বাদ পঁহুছিয়াছে সে অতিখেদ গ্রার নিকটবর্ত্তি কোন২ স্থানে অত্যল্প বৃষ্টি হইয়াছে কিন্তু অধিক শিশির পতনেতে শস্যের কিছু উপকার হইতেছে। পরন্তু অল্পকালের মধ্যে ভারি বৃষ্টি না হইলে আগামি গ্রীষ্ম কালে আহারপ্রাপণের কোন প্রত্যাশা নাই। বর্ষা না হওয়াতে এইক্ষণে পূর্ব্বাপেক্ষা শস্য অধিক দুর্মূল্য বিশেষতঃ টাকায় ২ সের গোম বিক্রয় হইতেছে। অনাহারে মুমূর্ষু দরিদ্র ব্যক্তিরদের উপকারার্থ আগ্রানিবাসি সাহেবলোকেরা যে উদ্যোগ করিয়াছেন তাহা অতিপ্রশংসনীয়। দরিদ্র ব্যক্তিরদের নিমিত্ত শ্রীযুত পাদরি চাম্বর্স সাহেব গির্জায় ধর্ম্মোপদেশ করাতে উপস্থিত সাহেব লোকেরা ১০০০ টাকা দান করিয়াছেন। তদ্ব্যতিরিক্ত যত কাল এতাদৃশ দুর্ভিক্ষ থাকিবে তত কাল ঐ সকল সাহেবেরা মাসে

Serious Accident.

About eleven o'clock a serious accident occurred in Mr. Hill's screw-house opposite to that of Baboo Muteelol Seel. The tiled roof of a part of the premises fell, in consequence of the pillars which supported it having given way unexpectedly. It is stated that there were several coolies under it, but three of them were considerably injured, and the rest escaped unhurt. They were soon after removed to the hospital for medical assistance, and one of them survived only till evening, when the poor man breathed his last.—*Beng. Hurk.*

Mirzapore Court.

It is rumoured, that in consequence of the great number of cases in the Judge's Court, at Mirzapore, owing to the extensive mercantile transactions carried on in that great emporium of trade, it has been found necessary to appoint a second Judge. This measure should have been adopted long ago, for it is impossible, that any one man, however intelligent and industrious he may be, could decide all the cases in the Mirzapore Court, if he bestowed on each the attention he ought to do, and which indeed he must do, as from its vicinity to the Sudder, an appeal is almost invariably made, whenever, it is allowable.—*Delhi Gaz.*

Assam.

We learn from Assam, that the Commissioner and Major White arrived at Sudiya on the 29th of January. Lieut. Millar with 75 men has gone out to capture the Peechee Gaum, who has been fighting with another tribe.

Lucknow.

The Moolvee Ghoolam Yuha Khan has been appointed Vizier to the King of Oude, in succession to the late Mehndy Ally Khan. He was formerly vakeel on the part of the Oude Government to the British Resident, and is said to be an active and intelligent man.

Famine.

The latest intelligence from the Western Provinces, relative to the famine which prevails there, is sufficiently gloomy. There has been a very slight fall of rain in the vicinity of Agra. Heavy dues at night have, in some measure, improved the crops; but nothing short of a heavy fall of rain, will secure a supply of food during the ensuing hot weather. The absence of rain has served still more to enhance the price of grain. Wheat is actually selling at two seers the Rupee.

The exertions made by the European residents for the relief of the starving, are most praiseworthy. At a sermon preached on their behalf by the Rev. Mr. Chambers, one thousand Rupees were raised; and two hundred and seventy Rupees have been subscribed

২৭০ টাকা চাঁদায় দান করিতে অঙ্গীকার করিয়াছেন। কিন্তু অতিখেদের বিষয় এই যে প্রতিদিন দরিদ্র ব্যক্তিরদিগকে যে ভক্ষণীয় বিতরণ হয় তাহাতে জনতার হুড়াহুড়িতে প্রায় বিঘটন হইয়া থাকে সংপ্রতিকার দুর্ঘটনাতে ১৫ জন প্রায় সকলই স্ত্রী ও বালক লোকের চাপাচাপিতে মারা গিয়াছে।

এই ব্যাপারের নিমিত্ত মীর্জ্জাপুরবাসি শ্রীযুত কালিন কামল সাহেব অতিবদান্যতাপূর্ব্বক ৩০০ টাকা প্রদান করিয়াছেন।

বুন্দেলখণ্ড অঞ্চলে প্রতিদিন শত২ লোক অনাহারে মরিতেছে। ঐ সকল অনাহারিরদের ক্লেশ নিবারণার্থ গবর্ণমেণ্ট দানদ্বারা কিম্বা রাজস্ব ক্ষমার দ্বারা কিঞ্চিন্মাত্র উপকার করেন নাই।

সর চার্লস মেটকাপ সাহেব।
[চন্দ্রিকাহইতে নীত।]

শ্রীযুত আনরবল সর চার্লস মেটকাপ সাহেব কলিকাতা রাজধানীতে আগমন করিয়া শ্রীযুত আনরবল সেক্সপিয়রের সাহেবের বাটীতে অবস্থানপূর্ব্বক তন্মহোদয় আহ্বান লিপ্যনুসারে শোভাবাজারস্থ শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর সহ সাক্ষাৎ করেন। রাজা বাহাদুর তথায় উপনীত হইবামাত্র শ্রীযুত আসন প্রদানে কুশল বার্ত্তা জিজ্ঞাসানন্তর এতদ্দেশহইতে বিলাতে শুভগমন কারণ রাজার প্রতি আশীর্ব্বচন পুরঃসর এতদ্দেশস্থ মুদ্রাযন্ত্র মুক্ত হওনে লৌকিক মঙ্গল সম্ভাবনা বিধায় দেশের হিতাহিত বার্ত্তা সর্ব্বদা অধিপতির কর্ণগোচর হইবার প্রধানোপায় বিষয়ক এক বক্তৃতা করিলেন। পরে রাজা বাহাদুর শ্রীযুতকে ধন্যবাদ করিয়া জলপথের আপদ সমূহোত্তীর্ণ হইয়া স্বদেশে সুখে আত্মীয় জনগণ সন্নিধান মর্য্যাদা সমূহে দীর্ঘায়ু হইয়া কাল যাপন করিয়া এতদ্দেশের উন্নতি ইচ্ছুক থাকুন। এইরূপ সম্ভাষণানন্তর বিদায় হইলেন।—পত্রপ্রেরক হইতে।

পত্র প্রেরকেরদের প্রতি।

কস্যচিৎ দর্পণ পাঠকস্য ইতি স্বাক্ষরিত পত্র অস্পষ্টাক্ষর প্রযুক্ত অনেক স্থানে অনেকাক্ষর বোধগম্য না হওয়াতে প্রকাশ করা হওয়া গেল না।

কেষাঞ্চিৎ চৌকি শালিখার অধীন সমস্ত প্রজাবর্গানাং ইতি স্বাক্ষরিত অতি দীর্ঘ দুই পত্র প্রেরিত হইয়াছে কিন্তু এক বিষয়ক পত্র বারম্বার প্রকাশ করণে আমারদের অনিচ্ছা প্রযুক্ত এবং অনেক বিষয়ক অনেক ব্যক্তির অনেক পত্র প্রকাশের অনুরোধ প্রযুক্ত তাহা প্রকাশ করণে অক্ষম হইলাম।

আদালতে চলিত পারস্য পরিবর্ত্তে বঙ্গভাষাবলি আগামি সপ্তাহে প্রকাশ হইবে।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

ব্রিটিস গবর্ণমেণ্টের অধিকারে প্রথমত এতদ্দেশীয় লোকেরা সাহেব লোকের নিকট অতি অশ্রদ্ধেয় ছিলেন সিবিল সাহেবেরা এতদ্দেশস্থ লোক সকলকে অত্যন্ত তুচ্ছ করিতেন। পরে শ্রীযুত লার্ড বেণ্টীঙ্ক সাহেব অনুগ্রহপূর্ব্বক সিবিল সাহেবদিগের ঐ দাম্ভিক স্বভাবের ভগ্ন করিয়াছেন সেই অবধি পূর্ব্বদেশীয় লোকদিগের কপাল ফিরিল। যেহেতু সদ্বিচারক দয়াশীল সাহেব রায় বাহাদুর উপাধির কর্ম্ম এতদ্দেশীয় লোকের প্রতি মুক্ত করিয়া লোক নিযুক্ত করিলেন অতএব এবিষয়ে ব্রিটিস গবর্ণমেণ্টের বিশেষতঃ শ্রীযুত লার্ড বেণ্টীঙ্কের নিকট ভারতবর্ষীয় লোকেরা যথার্থই বাধিত হইয়াছেন।

monthly, to be paid as long as the famine may last. It is however lamentable to perceive that many casualties arise in the daily distribution of food, from the rush which is made by the poor starving creatures. On a late occasion, no fewer than fifteen perished, chiefly women and children.

Mr. Colin Campbell, of Mirzapore has generously sent the sum of 300 Rupees.

In Bundlekhund hundreds are dying daily from starvation. Government have extended no relief to the poor, either by alms or by a remission of revenue.

[Sent by a Correspondent.]

SIR CHARLES METCALFE.

From the Chundrika.

The Honourable Sir C. T. Metcalfe, Bt., G. C. B., returning in this Presidency, took up his short residence at the mansion of the Honourable Mr. Shakespear, where he gave an audience to the Maha Rajah Kalee Krishen, Bahadoor, who was received by Sir Charles with much attention and regard, and was offered with a seat. Sir Charles then, on his own departure to England, blessed the Rajah in suitable terms. And added, that the liberty of the Indian Press, which is the best medium for often representing public grievances to the Supreme authorities, be generally known for worldly benefits. The Rajah thanked Sir Charles highly, and wished that he may, surmounting all dangers of a sea voyage, reach his native land, where His Honour may ever enjoy long and happy life in the circle of his noble family, with his manifesting love for the welfare of this Empire. After these social interlocutions, the Rajah retired.—*Printed litteratim.—Ed.*

To Correspondence.

The letter of *A Reader of the Durpun* is so indirectly written, that it cannot be read or comprehended.

The two letters about the *Sulkea Daroga* have been received, but as we do not wish to publish many letters on the same subject, and as we have a host of correspondence which we are entreated to insert, we must decline the Sulkea letter.

The List of Bengalee and Persian Court words, next week.

Correspondence.

To the Editor of the Durpun.

Formerly the Natives of this country were regarded with great mistrust by the European Officers of the British Government. The Civil Servants used to treat them with great contempt. But at length Lord William Bentinck lowered the proud crest of the gentlemen of that service; from that time, the fortunes of the people of the East have been improving; for this merciful and judicious ruler, opened the offices to which the titles of Ray Bahadoor are affixed to the people, and made many appointments. The Natives of India are therefore laid under great obligations on this account to the British Government, and particularly to Lord William Bentinck.

মুন্সেফ অবধি প্রধান সদর আমীন পর্য্যন্ত যে সকল ব্যক্তি পূর্ব্বে নিযুক্ত হইয়াছিলেন তাঁহারদিগের মধ্যে প্রায় সমস্তই উত্তম তবে দুই এক ব্যক্তির দোষ প্রকাশ হইয়াছে বটে কিন্তু তাহাতে গবর্ণমেণ্টের নিয়োগের প্রতি দোষার্পণ হয় না। যেহেতুক নিয়োগ সময়ে উত্তর চরিত্রাদি জানিয়া শুনিয়া কর্ম্ম দিয়াছেন পরে দুঃসর্গ দোষে বা অন্য কারণে দোষ তাঁহার হইয়াছে। কিন্তু এইক্ষণে কর্ম্ম নিয়োগের প্রবাহ যেরূপ বেগে চলিতেছে তাহাতে বোধ হয় আর গর্দ্দা বাছনির সম্পর্ক রহিল না তবে কাশীজোড়ার ব্রাহ্মণ যাহারা শ্রাদ্ধ বিবাহাদি ব্যাপারে হিন্দুদিগের বাটীতে রাহব হইয়া ভিক্ষা করে তাহারা কেন থাকে গবর্ণমেণ্ট তাহারদিগকেও ডেপুটি কালেকটর করিয়া এতদ্দেশে পাঠাইয়া দেউন। হায় কি আশ্চর্য্য কোথায় কোন গরিবের একটুকী নিষ্করভূমি আছে গবর্ণমেণ্ট তন্ন করিয়া তাহা বাহির করিতে পারেন আর যাহারা কোন ভাষাতেই পারক নহে অথচ সুস্বভাব কাহাকে বলে তাহা জানে না তাহারদিগের গুণ পরীক্ষা করিতেই অক্ষম হইলেন।

সম্প্রতি যে পাঁচ ডেপুটি কালেকটর নিযুক্ত হইলেন আমি তাঁহারদিগের সকলকেই জানি এবং সাহসপূর্ব্বক বলিতে পারি যদি গবর্ণমেণ্ট গুণচরিত্রাদি বিচার করেন তবে চারি পাঁচ ব্যক্তির অধিক উত্তম পাইবেন না। এদেশের ডেপুটি কালেকটরী কর্ম্মে বাঙ্গালা ভাষাই অধিক চলে কিন্তু নুতন ডেপুটি কালেকটরের মধ্যে অনেকে বাঙ্গালা ভাষাতে কথা কহিতে পারেন কি না সন্দেহ বিশেষতঃ অনেক লোক এমত আছেন টাকার উপর চক্ষু পড়িলেই তাঁহারা ধর্ম্মাধর্ম্ম ভুলিয়া যান। আমি এক লোকের কথা বলিতেছি তিনি পূর্ব্বে গবর্ণমেণ্টের ** কর্ম্মে নিযুক্ত ছিলেন তাহাতে মজুর ও গবর্ণমেণ্ট দুইদিগের মজুরেতে হস্তার্পণ করিয়াছেন মজুরেরা যথার্থ যাহা মজুরী পায় ঐ গুণপুরুষ তাহার একাংশ দিতেন আর গবর্ণমেণ্টেরদিগে এক টাকার অঙ্কে পাঁচ টাকা লিখিয়া বসিয়া থাকিতেন। এইরূপে তিনি বহু ধন উপার্জ্জন করিয়াছিলেন, কিন্তু পাপের ধন প্রায়শ্চিত্তে ব্যয় তাঁহার নাস্তিয় প্রায়শ্চিত্তেতেই সকল উড়িয়া গিয়াছে এইক্ষণে তিনিও সর্টিফিকেট দেখাইয়া ডেপুটি কালেকটর হইয়াছেন। অপর কয়েক ব্যক্তির গুণ আমি সংক্ষেপে কহি তাঁহারা ইঙ্গরেজী বাঙ্গালা পারসি কোন ভাষাতেই উত্তম নহেন কিন্তু টাকা উপার্জ্জনের বিষয়ে রাক্ষসের ন্যায় ব্যবহার ইহাতে রাজা প্রজার যথার্থ কিরূপে রক্ষা পাইবে।

ডেপুটি কালেকটরদিগের কর্ম্ম এই যে ফৈরাদী গবর্ণমেণ্ট আসামী প্রজা এই উভয়ের যথার্থ নিষ্পত্তি করিবেন তাহাতে গবর্ণমেণ্ট আপন পক্ষের লোক দিয়া হক বুঝিয়া নিতেছেন এই এক অন্যায় দ্বিতীয় যাহারদিগের যথার্থ অযথার্থ বিবেচনা নাই তাহারদিগের হস্তে রায় বাহাদুরি পদস্বরূপ তীক্ষ্ণাস্ত্র প্রদান করিতেছেন ইহাতে গবর্ণমেণ্ট কি প্রকারে সুখ্যাতি পাইবেন।

দেশস্থ লোকেরা উচ্চ পদ পাইতেছেন তাহাতে আমি অত্যন্ত আহ্লাদিত আছি পরমেশ্বর করুন অর্থ গ্রাহি বিদেশীয় রাজারদিগের সুমতি হউক প্রজা সকলকে দেশীয় প্রধান কর্ম্ম দিয়া সুখে রাখুন। কিন্তু অবিবেচনা

Among those who have been appointed to the offices of Moonsiff, Sudder Ameen and Principal Sudder Ameen, the great majority are proper men. Some few have been found to be unworthy, but this does not bring any censure on the general arrangement, for their character and qualifications were closely examined into before the appointments were made; the faults of these officers have subsequently grown out of their associations or from other causes. But the stream of appointments now flows so rapidly, that I fancy there can be little time for distinguishing the good from the bad. Why then say I, do the Cossijorah brahmuns, who wander from house to house, begging at every festival, remain unemployed. Why does not Government appoint them Deputy Collectors and send them into the country? How astonishing! When some poor fellow happens in some corner to enjoy a bit of rent-free land, Government make the most diligent exertions to discover it; and Government are unable to ascertain the qualifications of those who are learned in no language, and know not the meaning of the words 'good character.'

I know nearly the whole flock of Deputy Collectors, who have been recently appointed, and I can say confidently, that if Government were to examine carefully their pretensions that not more than four or five would be found worthy of the service. In the duties of a Deputy Collector the Bengalee language is particularly necessary, but I doubt whether many of those who have been appointed to the office are able even to speak Bengalee. There are many of them, who as soon as their eyes fall on money forget all the distinctions between right and wrong. I can say of one individual in particular, that he was formerly in the public employ, and contrived to make money both out of Government, and out of the labourers employed under him. He always took to himself one share of the wages of the poor labourers and in public accounts contrived to write down 5 Rupees for 1. Thus did he amass great wealth; but the money acquired by sin, is lost in the atonement. And his ill gotten wealth, has disappeared in his licentious atonement. Even he has been able to get a certificate, and sits down as a Deputy Collector. The character of the others I can describe briefly. They are strong neither in English, Bengalee nor Persian, but they are very monsters in amassing wealth. How in these circumstances can the rights of Government or their subjects be preserved?

The business of the Deputy Collector is this. In the cause in which Government is the plaintiff, and the subject the defendant, they have to decide according to equity. Government have appointed to this office their own creatures, and are thus obtaining their right. Is not this unjust? *Secondly.* Those who cannot distinguish between right and wrong, have the sharp weapon of the office of Ray Bahadoor put into their hands. How can Government acquire any credit from this?

I am delighted that the people of the country are appointed to high offices. May God grant that wisdom may be given to our foreign rulers, and that they may promote the welfare of the country by elevating its children to high situations. But the

পূর্ব্বক লোক নিযুক্ত করণেতে অনেক অনিষ্ট আছে অতএব আমার প্রার্থনা গবর্ণমেণ্ট গুণ চরিত্রাদি পরীক্ষা করিয়া নিযুক্ত করেন তাহা নহিলে বিদ্যার প্রতিও কেহ মনোযোগ করিবেন না এবং রাজা প্রজার যথার্থ ও রক্ষায় থাকিবেক না।

রাজা প্রজার মঙ্গলার্থী।

appointment of unworthy men, through want of judgment, must be a source of misery. I would pray our rulers therefore to examine the character and fitness of men before they are appointed. Unless this be done, no one will pay any attention to learning, and the rights of neither the ruler nor the subject will be preserved.

One desirous of keeping both.

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

একবৎসর গত হইল রেবিনিউ বোর্ডের এক সাধারণ বিজ্ঞাপন পত্রে দৃষ্ট হইয়াছিল এতদ্দেশীয় যে সকল ব্যক্তি দেশের মঙ্গলার্থ অর্থ দান করিবেন গবর্ণমেণ্ট তাঁহারদিগকে রাজা বাহাদুর উপাধি দিবেন তাহাতে আরো লেখা ছিল রাজা বাহাদুর উপাধি প্রদানের যে কারণ হইবে উপাধি প্রদানকালীন তাহাও প্রকাশ করা যাইবেক। তাহার পরে কয়েক ব্যক্তি ঐ উপাধি পাইয়াছেন কিন্তু গবর্ণমেণ্ট তাঁহারদিগের উপাধি প্রাপ্তির কোন কারণ প্রকাশ করেন নাই এবিষয়ে আমার বক্তব্য এই যে গবর্ণমেণ্ট স্বীকার করিয়াছেন কারণ প্রকাশ করিবেন তাহা না করণেতে অঙ্গীকার ভঙ্গ হয়। এবং লোকেরা মহা মনুষ্যের পদ প্রাপ্তির কারণ জানিয়া যে ঐরূপ কর্ম্মে অর্থ দান করিতেন তাহার বাধা জন্মে অতএব গবর্ণমেণ্টের ঐ অঙ্গীকার স্মরণ করা উচিত আর ইহাও জানিতে বাঞ্ছা যদি কোন ব্যক্তি কেবল কুকর্ম্ম দ্বারা অর্থোপার্জ্জন করিয়া দেশের মঙ্গলার্থ এক বিষয়ে কিঞ্চিৎ প্রদান করেন তবে কি তিনও রাজা বাহাদুর উপাধির যোগ্য হইবেন। যাহা হউক এবিষয়ে আমার অধিক লিখিবার অভিপ্রায় নয় কেবল জিজ্ঞাস্য এই যে দেশের মঙ্গলার্থ অর্থ ব্যয় করিলে যদি ব্যক্তিরা রাজা বাহাদুর পদ প্রাপ্তির পাত্র হয়েন তবে শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর কি অপরাধ করিলেন।

ঐ বাবু পূর্ব্বে কিরূপ সৎকর্ম্মেতে কবে কি দিয়াছেন আমি তাহা জানি না কিন্তু হিন্দুকালেজের সৃষ্টি অবধি ১২৪৪ সালের ২৫ মাঘ তারিখ পর্য্যন্ত বলিতে পারি যখন যে বিষয় উপস্থিত হইয়াছে বাবু দ্বারকানাথ ঠাকুর তাহাতে সর্ব্বাগ্রে অধিক দিয়া বসিয়া থাকেন বিশেষতঃ সম্প্রতি তাঁহার পশ্চিম যাত্রা দিনে ডিস্ত্রিক্ট চারিটেবল সোসৈটিতে যে লক্ষ টাকা দিয়াছেন আমার বোধ হয় এতদ্দেশীয় লোকের মধ্যে কেহ এরূপ মহা দান কখন কালে করেন নাই।

আমি এ বাবুর সৎকার্য্য অনেক জানি তাহার মধ্যে এক বিষয় বলি বিলাত হইতে সতীদাহ নিবারণের চূড়ান্ত হুকুম আসিলে পর যে দিবস ব্রহ্ম সভাগৃহে এতদ্দেশীয় লোকেরা সভা করেন সেই দিবস বাবু কটকের দুর্ভিক্ষের উপশমার্থ স্বয়ং চাঁদার প্রস্তাব উপস্থিত করিলেন। এবং যে কয়েক সহস্র টাকার চাঁদা হইল আপন তহবিল হইতে বাহির করিয়া পর দিনেই তাহা কটকে পাঠাইয়া দিলেন কিন্তু পরে ঐ টাকা সকল ও আদায় হয় নাই।

ধর্ম্ম সভা নিয়তই ব্রহ্মসভার দ্বেষ করিয়া থাকেন এবং তাঁহারা যে গোময় লেপ করিয়া সে স্থানে ভোজন পাত্র রাখিয়া পীড়িতে বসিয়া ভোজন করেন আর পুষ্প বিল্বপত্রাদি বহুমূল্য দ্রব্য দেবদেবীর উদ্দেশে ফেলিয়া দেন। তাহাতেই বলেন আপনারা পরম ধার্ম্মিক কিন্তু ধর্ম্মসভা প্রকৃত ধর্ম্মার্থ কিঞ্চিৎ ব্যয় করিয়াছেন কি না বলিতে পারি না। যদি কেহ বলেন সতী বিষয়ক চাঁদায় তাঁহারা অনেক ধন দিয়াছেন এ কথা যথার্থ বটে কিন্তু সে টাকা বেথি সাহেবের ও চন্দ্রিকাকারের উদরস্থ হইয়াছে। তাহার এক কপর্দ্দক প্রকৃত ধর্ম্মার্থে ব্যয় হয় নাই। গত বৎসর আমার অনেক

To the Editor of the Durpun.

About a year ago we learned from a Circular Order of the Revenue Board, that those Natives who might expend their money in public works, would receive from Government the title of Raja Bahadoor. It was also ordered, that the reasons for conferring these titles should be promulgated at the time when they might be conferred. Several persons have since that period obtained these titles; but Government have not made public the reason for conferring them. I would observe upon this, that after Government had promised to declare the reason of the title, at the time of giving it, they have broken their word by not doing so; and thus an obstacle has arisen to the performance of those great deeds, which were to be thus rewarded. It is proper therefore to recal this to the remembrance of Government. I also wish to know whether any individual, who after amassing wealth by nefarious means, spends a part of it for some public object, is worthy of the title of Raja Bahadoor. Be that as it may; I do not wish to enlarge upon this. I would simply enquire, that if a man be entitled to the rank of Raja Bahadoor for spending his money in promoting the welfare of the country, then what crime has Baboo Dwarkanath Tagore committed?

I do not know what sums the Baboo formerly expended on public objects, but I can speak of the time from the establishment of the Hindoo College to the 25th Maugh, 1244, whatever may have been proposed Baboo Dwarkanath Tagore has always given the most. More particularly the day before his departure for the Western Provinces, he gave a lakh of Rupees to the District Charitable Society; and I do not think that any of my countrymen have ever given so much on one occasion.

I know many of the virtuous actions of that Baboo; one of which I will mention. When final orders were received from England prohibiting the practice of Burning women, the Baboo on the first meeting of the Brumha Subha, brought forward in that assembly the subscription for the Cuttack sufferers, and, the whole sum which was subscribed, he dispatched the next day from his own Treasury to the scene of suffering, though subsequently all the subscriptions were not realized.

The Dhurma Subha is always attacking the Brumha Subha; and arrogates to itself the praise of superior holiness, though they set down their eating vessels in a place consecrated by cowdung, and sit down on a stool to their meals, and offer such invaluable articles as flowers and leaves to their goddesses. But I cannot say whether this body has ever laid out any money in real charity. If it be said that they gave much to the Suttee subscription. This is indeed true; but this money was spent on Mr. Bethie, and the Editor of the Chundrika; not one farthing of it was spent in objects of real benevolence. Last year

মিত্রেরা বলিয়াছিলেন দ্বারকানাথ ঠাকুরের হৌস আর থাকেনা অল্প দিনের মধ্যেই দেউলিয়া হইবে। কিন্তু আমি তাহা বিশ্বাস করি নাই এইক্ষণে ঐ বন্ধুগণ দেখুন তাঁহার ছয় সাত মাস পরেই বাবু হৌসকে স্বচ্ছন্দরূপ রাখিয়া দিষ্ট্রিক্ট্‌আফ্‌চেরিটেবেল সোসৈটিকে লক্ষ টাকা দিয়া বাষ্পীয় জাহাজে পশ্চিমে গমন করিলেন আমি শুনিতেছি বাবু পীড়িত হইয়া বায়ু সেবনার্থ যাত্রা করিয়াছেন এবং লক্ষ্ণৌতে কিঞ্চিৎকাল থাকিয়া গ্রীষ্মকালে হিমালয়ে অবস্থান করিবেন।

বর্দ্ধমান বাসি দর্পণ পাঠকস্য।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় বরাবরেষু।

মহীশূরের সুলতানেরদের রুসাপাগলার মহল।

এই বৎসরে মহীশূর ও সুলতানেরদের মধ্যে যে প্রকার ধন প্রাপ্তি ও প্রাণহানি হইয়াছে। রুসাপাগলা এবং আসল মহলপর্য্যন্ত এমত কখনই হয় নাই বিশেষতঃ সাহাজাদারা যে পর্য্যন্ত অপ্রাপ্তবয়স্ ছিলেন তাঁহারা প্রত্যেকে মাসিক দুই হাজার মুদ্রা করিয়া না পাইয়া কেবল খরচের উপযুক্ত পাইতেন তাহাতে অনেক লক্ষ মুদ্রা বাকি করিয়া ইদানীং গবর্ণমেণ্ট তাবৎ বেআজ ও বাট্টা প্রভৃতি হিসাব করিয়া যাঁহারা জীবৎ তাঁহারদিগকে এবং যাঁহারা পরলোক গত তাঁহারদের উত্তরাধিকারিরদিগকে সমভাবে বণ্টন করিয়া দিয়াছেন। সাহাজাদার পুত্র গোলামদস্তগির পরলোক প্রাপ্তি হইলে তাঁহার স্থাবরাস্থাবর ধন সম্পত্তির অপ্রাপ্ত বয়স্ক তাঁহার দুই পুত্র প্রাপ্ত হন কিন্তু তৎপর মাসেই সাহাজাদা সকুরুল্লা সাহেব লোকান্তরগত হন। তাঁহার বহুতর স্থাবরাস্থাবর স্বর্ণ রৌপ্য তৈজস ও আসবাবাদি এবং মণিমুক্তা যুক্ত আভরণাদি অতি প্রাচীন এবং ইদানীন্তন সুবর্ণ রৌপ্য মুদ্রাদি ও ভূমি সম্পত্ত্যাদি তাঁহার উত্তরাধিকারিরদের মধ্যে বণ্টন হইয়াছে। তৎপরে সাহাজাদা মনিরুদ্দিন সাহেবের পরলোক হয় তিনি বিস্তর ধন রাখিয়া গিয়াছেন কিন্তু একটি অপ্রাপ্ত বয়স্ক সন্তান ব্যতিরেকে অন্য পুত্র নাই। অতি চমৎকারের বিষয় এই যে সাহাজাদা সাহেবের মৃত্যু নিকট শুনিয়া তাঁহার মাতা শোকে ব্যাকুলা হইয়া পরলোক গমন করিলেন পরে স্বর্গত সাহাজাদা জননীর মরণানন্তর প্রাণত্যাগ করিলেন।

বিবাহ।

গত মাঘ মাসে ৺ টেপু সুলতানের দৌহিত্রীর সহিত শ্রীযুত টেপু সাহেব নামক তাঁহার একটি পৌত্র ছিল তাঁহার বিবাহ হইল এই বিবাহে যে প্রকার সমৃদ্ধি হইয়াছে এমত বিবাহ উক্ত পরিবারের মধ্যে তৎকাল হয় নাই সকল লোকই পূর্ব্বে কাণ খাড়া করিয়াছিল যে এই মহা সমৃদ্ধির বিবাহ কোন্ দেশে কাহার সহিত হয়। পরে ঐ পরিবারের মধ্যেই মামাত ভাই ও পিসতুত ভগিনীতেই বিবাহ সম্পন্ন হইল।

পরমপূজনীয় শ্রীযুত ধর্ম্মসভা সম্পাদক মহাশয় শ্রীচরণেষু।

বিবিধ বিদ্যা বিশারদ বিলক্ষণ বিচক্ষণ শ্রীমমহারাজ রাধাকান্ত দেব বাহাদুর পিতৃশ্রাদ্ধোপলক্ষে বাগবাজারস্থ প্রসিদ্ধ ধনির শ্রীযুত বাবু হরলাল মিত্রজ মহাশয়কে স্বদলে গ্রহণ করাতে গত মাঘস্য ষোড়শ দিবসে সভার জ্ঞাপনার্থ অস্মদাদিকর্ত্তৃক যে এক পত্র ভবন্নিকটে প্রেরিত হয় আপনি আমারদিগের প্রার্থনানুসারে সেই পত্র সর্ব্বত্র ঘোষণা করিলে সুদক্ষ দলাধ্যক্ষ সভাধ্যক্ষ মহাশয়েরা পূর্ব্ব পক্ষের পক্ষে পক্ষপাত পুরঃসর মীমাংসা কল্পে সুসিদ্ধান্তসিদ্ধ যে সদুত্তর লিখিয়াছেন তাহা গত গুরুবাসরীয় ১২৯৫ সংখ্যক চন্দ্রিকা পত্রে অবলোকন করিয়া পরমাশ্চর্য্য বোধ করিলাম যেহেতু অস্মল্লেখনের সহিত তদুত্তরের সংপূর্ণরূপেই বিরুদ্ধভাব লক্ষ হইতেছে যদিস্যাৎ ধর্ম্ম সমাজের পূর্ব্ব প্রচারিত নীতি বিহিত ক্রিয়া কদম্বের সংপূর্ণানুষ্ঠানের কিঞ্চিদ্বিপক্ষ ব্যবহার করিয়া রাজা বাহাদুর পবিত্ররূপে গ্রাহ্য হন তবে সমাজের পূর্ব্বাধ্যক্ষ দলপতি সুবিজ্ঞ বাবু শিবনারায়ণ ঘোষজ

many of my friends said, that Dwarkanath's house would not last; that in a few days it would become bankrupt. But I did not believe it. Now let these my friends remark, that in these five or six months, the Baboo has placed his house on a firm footing, and has given a lakh of Rupees to the District Charitable Society and proceeded himself on the Steamer. I hear the Baboo is gone to take the air for the recovery of his health; and that after remaining a little while at Lucknow, he will pass the next hot season in the Himaluya.

A Burdwan Reader of the Durpun.

To the Editor of the Durpun.

The Residence of Tippoo Sultan's family at Russapugla.

Such has been the accumulation of wealth, and the number of deaths among the members of Tippoo Sultan's family, as I think never occurred before. As long as the Princes were under age, they did not receive their fixed allowance of Two thousand Rupees a month, but merely sufficient for their maintenance. Hence a large sum had accumulated; which together with interest and batta, Government have equitably divided among those who survived, and among the heirs of those who were dead. Golam Dustugeer, the son of the Prince having died, his two minor sons became heirs to all his real and personal property. The next month, the Prince Sukooroola, departed this life; his vast property consisting of gold and silver vessels, pearls, jewellery, both old and new, and his ready money and lands, has been divided among his heirs. After this the Prince Muneeroodeen, also died. He also left a great deal of wealth; but only one minor son. It is a very singular circumstance that his mother, hearing of the approaching death of her son, became ill and died before him, and the son actually died after his mother.

Marriage.

In May last, the granddaughter of Tippoo Sultan, was married to a grandson of his, also of the name of Tippoo. This was the most magnificent marriage which had ever taken place in that family. Every one was before this agape to learn with whom this illustrious youth would be married but, at length, he was married to his own cousin in the same family.

To the Editor of the Durpun.

The wise, learned and celebrated Muha Raja Radhakant Deb, Bahadoor, having, on the occasion of his father's shraddu, received into his own party, the well known and wealthy Hurulall Mitter, on the 16th March we sent you a letter on the subject for the information of the Dhurma Subha, and it was universally made known by you; but the heads of parties, and the heads of that Subha, instead of giving a reply to our queries; have sent a remarkably reasonable article, which was published in last week's *Chundrika*, and the perusal of which has filled us with astonishment; for this article appears totally opposed to our letter. If the Raja, acting in a spirit totally subversive of the rules which have been recognized by the Subha, is still received by them as a holy and faultless member, then certainly Seeb Narayun Ghose, formerly one of the heads of this Society, and the head of a

মহাশয় কদাচ যুক্তিমতে দোষি মধ্যে গণ্য হইতে পারেন না। সাধারণের অবিদিত না থাকিবেক যে শোভা বাজারস্থ নৃপতিদলস্থ গোষ্ঠীপতি চক্রবর্ত্তীদিগকে নৃপনন্দনেরা কোন হেতুবশতঃ পরিত্যাগ করিলে সমাজের বিনা ঘোষণায় তদ্দিগকে নিজ দলে গ্রহণ করাতে ঘোষজ বাবু সভাধ্যক্ষত্ব পদ হইতে বহিষ্কৃত হয়েন। অতএব অধুনা এস্থলে স্থিররূপে প্রণিধান কর্ত্তব্য যে রাজা বাহাদুর প্রথমতঃ তদনুরূপ অধিপতি গণের অভিমত না লইয়া স্বেচ্ছাধীন মিত্রজ মহোদয়কে স্বদল ভুক্ত করত প্রাক্‌ নিয়মের বিপরীত করিয়া ঘোষজের ন্যায় অবিকল কর্ম্ম করাতে কি তত্তুল্য দোষভাজন হইতে পারেন না। আমরা অল্প বুদ্ধি সুতরাং সুবোদ্ধা অধ্যক্ষ মহাশয়েরা এবিষয়ে যে সিদ্ধান্ত করিয়াছেন তাহা অন্যথা করণে অক্ষম। ফলতঃ বহুদিন গত বলিয়া তাহার অনুসূচনার প্রয়োজনাভাব ইহা অস্মদাদির সামান্য বিবেচনায় নিতান্ত অযুক্ত যদিও তৎকালীন ভবিষ্য বিবেচনায় ভূপালের কিঞ্চিৎ ভ্রম হইয়া থাকে তথাচ এতদ্বিধায় তাঁহার যথা যোগ্য ভ্রম থাকাই আমারদিগের প্রার্থনীয়। তিনি তৎকালীন অভ্রম হইলে এইক্ষণে এতদ্রূপ অভ্রম হইতেন না। কেননা বর্ত্তমানাবস্থায় অবস্থিতে কলিকাতা মহানগরে তেঁহ সর্ব্বাপেক্ষা সুধী এবং অদ্বিতীয় ভ্রান্তি প্রযুক্তই হউক অথবা যথার্থই হউক তাঁহার মহা মহিমারূপ চারুচন্দ্রে এরূপ কলঙ্ক চিহ্ন প্রদান করা আমারদিগের অতিশয় অকর্ত্তব্য। ফলিতার্থ চারাবহাঁ কার্য্যঞ্চ বিচিত্রাগতিঃ। তথা দোষাবাচ্যা গুরোরপি॥ সে যাহা হউক তেঁহ অবশ্যই প্রথমে বিবেচনারূপ সুমার্জ্জিত মোহন মুকুরে উক্ত ক্রিয়ার মুখাবলোকন করিয়া থাকিবেন কিন্তু হরলাল বাবুর সন্ধি পত্রের প্রতি বিশেষ সন্দেহ হইতেছে। অতএব অনুকম্পা পুরঃসর অবিলম্বে সেই পত্র প্রকাশ্য পত্রে প্রকটন করত সমাধারূপ খড়্গ প্রহারে আমারদিগের মনোগত সন্দেহস্বরূপ প্রবল বৃক্ষ মূলকে একেবারে সংচ্ছেদন করণে কৃপণতা ভাব প্রকাশ করিবেন না নতুবা গত বৈঠকের মীমাংসাতে এ অকিঞ্চনদিগকে বঞ্চনা ব্যতীত অন্য কোন কারণোপলব্ধি হয় না।

অপিচ নিবেদন এই যে এই পত্র আপনার কমল করস্থ হইবামাত্র অনুকূলভাবে অশেষ সমুদয় অধ্যক্ষগণ সমীপে পুনঃপ্রেরণ পূর্ব্বক সুবিহিত বিবেচনা করিতে আজ্ঞা হইবেক ইত্যলং বিস্তরেণ। তারিখ ৮ ফাল্গুণ ১২৪৪ সাল।

শ্রীরূপশঙ্কর মিত্র।
শ্রীউপেন্দ্রনারায়ণ মিত্র।
শ্রীদেবশঙ্কর মিত্র।
শ্রীশম্ভুচন্দ্র মিত্র।
শ্রীবেণিমাধব মিত্র।
শ্রীরাজকৃষ্ণ মিত্র।
শ্রীগোপীমোহন বসু।
শ্রীবেণিপ্রসাদ মিত্র।
শ্রীশ্রীনাথ মিত্র।
সর্ব্ব সাং শিমুলিয়া।

এই পত্র দর্পণে অর্পণ করিয়া বাধিত করিবেন ইতি।

party, cannot according to any reason be reckoned among those who have transgressed. Ordinary people may not be ignorant that the family of the Raja in Sobha Bazar, having for some reason, cast out the illustrious Chukurbuttees, Seeb Narayun Ghose, without the consent of the Subha, having received them into his own party, was deposed from his office, of one of the heads of the Dhurma Subha. Here it is to be remarked, that the Raja Radhakant Deb, has in the same manner, without the consent of the Subha, of his own accord, received Hurulall Mitter into his own party, and has thus broken the rules of the Society, and is become equally liable to expulsion from it. We are ignorant men, and cannot therefore gainsay the determination which the heads of the Society have formed. They say, that the other transaction, happened long ago, and that there was no necessity for raking it up. But this appears to us contrary to reason. If on this occasion Raja Radhakant Deb, acted without much foresight of the consequences, yet we have no desire, but that his honour may remain. If he had not then been labouring under a mistake, he would not now have fallen into discredit. For at present, he is reckoned first in wisdom among all the great men of Calcutta. It is highly improper for us, to cast a stain on his glory. Whether he acted wrong through mistake, or from any other cause, what can we do? It is perhaps owing to the imperfection of our minds that we censure him. But it is said that the errors even of a spiritual guide need not be concealed. Be that as it may; he must have first looked at this action in the glass of reason; but, we have our doubts about the *agreement* with Hurulall Baboo. We beg, therefore, that this document may be published, that these our doubts may be removed; otherwise, we shall consider that the reply given at the last Subha will appear in our humble opinion as simply an evasion.

I beg that this letter may be sent for the information of the Members of the Subha to all those who are at the head of it.

Roopsunker Mitter.
Oopendernarayan Mitter.
Deb-unker Mitter.
Sumbhoochunder Mitter.
Baneemadhub Mitter.
Rajkissen Mitter.
Gopeemohun Bosoo.
Baneeprusad Mitter.
Shreenath Mitter.

Inhabitants at Simla.

Oblige us by publishing this letter in the *Durpun.*

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	১৶	ঐ
২ ক্লাস	॥০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩॥০	১৪॥০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st. Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disc't.

Bank Shares.

Bank of Bengal,........Co.'s Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৮১ সংখ্যা। বালম ২০।] ৩ মার্চ ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ২১ ফাল্গুণ। SATURDAY, MARCH 3D. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1181. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুমক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ।

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার-বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানার প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রাজকুমার সেট ও বুজকুমার সেট ও প্রেমবতী দাসীর বিরুদ্ধ ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরের বড়বাজারের সুপারি পটির শামিল ও তন্মধ্যস্থিত যে কএকটা একতালা ইষ্টক নির্ম্মিত গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।০ এক বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বুজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নীলু পালের বাটী ও ভূমি। উত্তর দিগে নকুলেশ্বরে গমনের রাস্তা। পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা। দক্ষিণ দিগে মৃত কাশীনাথ বাবুর বাটী ও ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরে বড় বাজারে জগন্নাথের ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি অনুমান ১।১ এক বিঘা এক কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বুজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগের একাংশে পাঁচু বসাকের ও অপরাংশে পূর্ব্বোক্ত আসামীরদের ভূমি। পূর্ব্ব দিগের একাংশে আশুতোষ বাবুর ভূমি ও অপরাংশে পূর্ব্বোক্ত আসামীরদের ভূমি। দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা।

৩ দফা। এবং কলিকাতা নগরের সূতানুটিতে যোড়া বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।১।৵ ছয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বুজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ষষ্ঠীতলার রাস্তা। দক্ষিণ দিগে যোড়া বাগানের থানার রাস্তা। পশ্চিম দিগে চুনলাল কাঁসারির বাটী ও ভূমি। উত্তর দিগে রামসুন্দর দের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরের সূতানুটিতে যোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮।১৩।৵ আট বিঘা তের কাঠা দশ ছটাক তাহাতে ধোপা পুষ্করণী নামে বিখ্যাত এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বুজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে প্রসন্নকুমার ঠাকুরের বাটী অপরাংশে মৃত হরিনারায়ণ বসাকের ভূমি ও গোলোক বসাক প্রভৃতির ভূমি ও শম্ভুচন্দ্র সরকার প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে জগন্মোহন মুখুয্যের ফুল বাগান ও অপরাংশে চন্দ্রকুমার ঠাকুরের ভূমি ও রাধাকামোহন বসাক ও রামহরি বসাকের বাটী ও শিবু পাণ্ডারবাটী ও কালু বসাকের বাটী। পূর্ব্ব দিগের একাংশে নূতন বাজার ও চড়ক ডাঙ্গার শিবতলা ও বিশ্বনাথ নন্দির বাটী ও মদন বসাকের বাটী। পশ্চিম দিগে সরকারী নর্দ্দমা পার যোড়া বাগানে পূর্ব্বোক্ত সেটদিগের রাইয়তী ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪.৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শকগ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রেসিডেণ্টসাহেবের হুজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয়া দুই বালমে জেলদবন্দি হইয়াছে। ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেব কর্ত্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রাঙ্কিত। মূল্য ৪ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪ ফেব্রুয়ারি ১৮৩৮।

শ্রীযুত জি আর বর্ণি সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি ভারতবর্ষীয় কোম্পানির সিবিল সম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

কলিকাতায় পরমিটের ডেপুটি কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১২ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

২১ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সর চার্লস মেটকাপ সাহেব ও শ্রীযুত ডবলিউ এফ ডিক সাহেব সেণ্ট জর্জনামক জাহাজ আরোহণে ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে আড়কাটি ছাড়িয়াছে

সুবে বাঙ্গালার শ্রীল শ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব বঙ্গরাজধানীস্থ সিবিলসম্পর্কীয় অথচ উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মে নিযুক্ত শ্রীযুত আলেকজান্দর কমিং সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটি লইয়া বিলাত গমনের অনুমতি দিয়াছেন।

বারাণসীর আফীণ এজেণ্ট শ্রীযুত জে ট্রটর সাহেব গত ডিসেম্বর মাসের ৬ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত এক পক্ষের ছুটি পাইয়াছেন।

২৩ ফেব্রুআরি।

শ্রীযুত চার্লস হার্ডিং সাহেব আগামি মাসের ২ তারিখঅবধি ভারতবর্ষীয় কোম্পানির সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন।

২১ ফেব্রুআরি।

কৌন্সেলের শ্রীল শ্রীযুত প্রেসিডেণ্ট সাহেব আসিষ্টাণ্ট চিকিৎসক ও শ্রীযুত টামস লেকি সাহেবকে ভাগলপুরের পোষ্টমাষ্টরী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

১৩ ফেব্রুআরি।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

১৮১৯ সালের ২ আইন ও ১৮২৮ সালের ৩ আইন অনুসারে মোকদ্দমার তজবীজকরণার্থে ত্রিহুতের ডেপুটি কালেক্টর শ্রীযুত সি টটনহম সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ বান্সিটার্ট সাহেব শ্রীযুত টটনহম সাহেবের অনুপস্থান-পর্য্যন্ত তৎকর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন।

১৬ ফেব্রুআরি।

পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেসন জজ শ্রীযুত এফ গোল্ডসবরি সাহেব স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ বর্ত্তমান মাসের ৬ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

২০ ফেব্রুআরি।

শ্রীযুত আর পি হারিসন সাহেব জিলা চট্টগ্রামের জাইণ্টমাজিস্ত্রেটী ও ডেপুটি কালেক্টরী কর্ম্ম করণের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত বাবু মাধবানন্দ ঘোষ ১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে জিলা কটকের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত বাবু বসন্ত রায় ঐ আইনঅনুসারে ঐ স্থানের। ঐ ঐ

শ্রীযুত আবদুল রোফ ঐ আইনঅনুসারে ঐ ঐ স্থানের ঐ ঐ

শ্রীযুত রাজা অতল বিহারী সিংহ রায় বাহাদুর ঐ ঐ

শ্রীযুত এস এম চিল সাহেব ঐ ঐ

শ্রীযুত বাবু কালাচাঁদ বসু ঐ ঐ

শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র ঐ ঐ

শ্রীযুত বাবু সেবাচন্দ্র দেও ঐ ঐ

শ্রীযুত বাবু শ্যামচন্দ্র সরকার ঐ ঐ

শ্রীযুত বাবু রাধানাথ দেও ঐ ঐ

শ্রীযুত বাবু রাধানাথ বসু ঐ ঐ

শ্রীযুত বাবু যাদবচন্দ্র সেট ঐ ঐ

শ্রীযুত বাবু রাজনারায়ণ বসাক ঐ ঐ

শ্রীযুত বাবু নীলকমল ঘোষ ঐ ঐ

CIVIL APPOINTMENTS.

14th February, 1838.

Mr. G. R. Berney has been permitted to resign the East India Company's Civil Service, from the 10th instant.

Mr. W. Bracken, Deputy Collector of Government Customs at Calcutta, is permitted to be absent from his office, from the 12th instant, for a period of one month, on private affairs.

21st February.

The Honourable Sir Charles Theophilus Metcalfe, Baronet, G. C. B, and Mr. W. F. Dick, of the Civil Service, embarked for England on board the Ship "St. George," which Ship was left by the Pilot at Sea on the 17th instant.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to permit Mr. Alexander Cumming, a Civil Servant of the Bengal Presidency, employed in the North Western Provinces, to proceed to England on Furlough, under medical certificate.

Mr. J. Trotter, Opium Agent at Benares, has obtained an extension of the leave granted to him, under date the 6th December last, for a further period of a fortnight.

23d February.

Mr. Charles Harding has been permitted to resign the East India Company's Civil Service, from the 2d proximo.

21st February.

The Honourable the President in Council is pleased to appoint Mr. Assistant Surgeon Thomas Leckie, Post Master at Bhaugulpore.

13th February.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. C. Tottenham, Deputy Collector of Tirhoot, for the conduct of Suits under Regulations II. of 1819 and III. of 1828, for one month, on medical certificate. Mr. W. Vansittart will officiate during Mr. Tottenham's absence.

16th February.

Mr. F. Gouldsbury, Civil and Session Judge of West Burdwan, for ten days, in extension of the leave granted to him on the 6th instant, to enable him to join his station.

20th February.

Mr. R. P. Harrison has been authorized to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in Zillah Chittagong.

Baboo Madhobanund Ghose is appointed a Deputy Collector under Regulation IX. 1833, in the Province of Cuttack.

Baboo Boosunt Raie do. do. under do. in do.

Ubdool Roaf do. do. under do. in do.

Rajah Atulbeharree Singh Roy Bahadoor do. do. under do. in do.

Mr. S. M. Chill do. do. under do. in do.

Baboo Kalachand Bose do. do. under do. in do.

Baboo Issurchunder Mitter do. do. under do. in do.

Baboo Shewa Chunder Dewa do. do. under do. in do.

Baboo Shamchunder Sirkar do. do. under do. in do.

Baboo Radhanath Day do. do. under do. in do.

Baboo Radhanath Bose do. do. under do. in do.

Baboo Jaudob Chunder Seth do. do. under do in do.

Baboo Rajnarain Bysak do. do. under do in do.

Baboo Neel Comal Ghose do. do. under do. in do.

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের রেবিনিউ ও সায়রের সায়েরী কমিস্যনর শ্রীযুত টি আর ডেবিডসন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ দুই বৎসরের ছুটি পাইয়াছেন।

রাজশাহীর একটিং মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব গত মাসের ২৩ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে উত্তমাশা অন্তরীপে গমনার্থ চারি মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব শ্রীযুত ডিরম সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত রাজশাহীর একটিং মাজিস্ত্রেটী ও কালেক্টরী কর্ম্ম করিবেন।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এচ রাদরফোর্ড সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত গত ২৬ অক্টোবর তারিখ অবধি গোয়ালপাড়া প্রদেশের কর্ম্মের ভার গ্রহণ করণের তারিখ অর্থাৎ বর্ত্তমান মাসের ১ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইন অনুসারে বর্দ্ধমানের ডেপুটি কালেক্টর শ্রীযুত আর টি ডবলিউ বেট সাহেব গত ডিসেম্বর মাসের ৩১ তারিখে স্বীয় কর্ম্ম পুনর্গ্রহণ করাতে তাঁহার ছুটির অসম্পূরণ কাল আপনার প্রার্থনা মতে রহিত হইল।

অশুদ্ধ শোধন। গত মাসের ২০ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত শ্রীযুত এস লেন সাহেব শ্রীযুত ডেণ্ট সাহেবের অনুপস্থান পর্য্যন্ত চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন তৎপরিবর্ত্তে শ্রীযুত এচ এস লেন সাহেব কর্ম্ম নির্ব্বাহ করিবেন ইত্যাদি পাঠ করিতে হইবে।

১২ ফেব্রুআরি।

লেপ্তনন্ত কর্ণল শ্রীযুত জে ষ্টুয়ার্ট সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে হয়দরাবাদের রেসিডেন্সী কর্ম্মের ভার শ্রীযুত মেজর কামরন সাহেবের প্রতি অর্পণ করিয়াছেন।

মান্দ্রাজস্থ আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ এম ফিলিক্স সাহেব হয়দরাবাদের একটিং রেসিডেণ্ট সাহেবের অধীনে থাকিয়া শ্রীযুত নেজামের সৈন্যের মধ্যে কর্ম্ম করিবেন।

১৫ ফেব্রুআরি।

শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর পদাতিক সৈন্যের ২৫ রেজিমেণ্টের লেপ্তেনন্ত শ্রীযুত এ সি রেণি সাহেবকে বর্ত্তমান সময় অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত সাবাতুর পোলিটিকাল এজেণ্টের একটিং আসিষ্টাণ্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

৫ ফেব্রুআরি।

শ্রীযুত এচ আরমষ্ট্রং সাহেব জিলা এটোয়ার একটিং জজ হইয়াছেন।

শ্রীযুত ই এচ সি মংটন সাহেব শ্রীযুত আরমষ্ট্রং সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত ফতেপুরের মাজিস্ত্রেট ও কালেক্টর হইয়াছেন।

৬ ফেব্রুআরি।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত ডবলিউ ইউয়র সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ ১৮৩৭ সালের ৬ ফেব্রুআরি তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৬ তারিখ অবধি আগামি অক্টোবর মাসের ১৬ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

শ্রীযুত জি ডি রেক্স সাহেব আলাহাবাদ প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট হইয়াছেন।

১৯ ফেব্রুআরি।

বর্ত্তমান মাসের ১৫ তারিখে পোলিটিকাল ডিপার্টমেণ্টে নীচে লিখিতব্য নিয়োগ হইয়াছে।

পদাতিক সৈন্যের ২৫ রেজিমেণ্টের লেপ্তেনন্ত শ্রীযুত রেণি সাহেব বর্ত্তমান সময় অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত সাবাতুর পোলিটিকাল এজেণ্ট সাহেবের একটিং আসিষ্টাণ্ট হইয়াছেন।

The following officers have obtained leave of absence from their stations:

Mr. T. R. Davidson, Commissioner of Revenue of the 11th or Patna Division, for two years, to proceed to the Cape of Good Hope, on medical certificate.

Mr. W. M. Dirom, Officiating Magistrate and Collector of Rajeshahy, for four months, to proceed to Singapore, on private affairs, in extension of the leave granted to him on the 23d ultimo. Mr. D. Pringle will officiate as Magistrate and Collector of Rajeshahy, during Mr. Dirom's absence, or until further orders.

Captain H. Rutherford, Principal Assistant to the Commissioner of Assam, an extension of leave of absence from the 26th October last to the 1st instant, being the date of his receiving charge of the Gowalparah Division.

Mr. R. T. W. Betts, Deputy Collector under Regulation IX. of 1833 in Burdawn, having returned to his duties on the 31st December last, the unexpired portion of his leave of absence has been cancelled at his request.

ERRATUM.—In the Gazette of the 20th ultimo—*For* "Mr. S. Lane will conduct the *current* duties during Mr. Dent's absence," *read* "Mr. H. S. Lane will conduct the duties, &c."

12th February.

Lieutenant Colonel J. Stewart delivered over charge of the Residency at Hydrabad to Major Cameron, on the 1st instant.

Mr. Assistant Surgeon H. M. Felix, of the Madras Establishment, is placed at the disposal of the Officiating Resident at Hydrabad, for employment in the Army of his Highness the Nizam.

15th February.

The Right Honourable the Governor General has been pleased to appoint Lieutenant A. C. Rainey, of the 25th Regiment Native Infantry, to officiate as an Assistant to the Political Agent at Subathu, during the present season, or until further orders.

5th February.

Mr. H. Armstrong is appointed to officiate as Judge of Zillah Etawah.

Mr. E. H. C. Monckton is appointed to officiate as Magistrate and Collector of Futtehpore, during the absence of Mr. H. Armstrong, at Etawah, or till further orders.

6th February.

On the 24th ultimo, Mr. W. Ewer, Judge of the Court of Sudder Dewanny and Nizamut Adawlut, obtained leave of absence from the 6th instant to the 16th October next, in extension of the leave granted him on the 6th February, 1837, on Medical Certificate, to proceed to the Hills.

Mr. G. D. Raikes is appointed to be an Assistant under the Commissioner of the Allahabad Division.

19th February.

The following appointment was made in the Political Department, under date the 15th instant.

Lieutenant A. C. Rainey, of the 25th Regiment Native Infantry, to officiate as an Assistant to the Political Agent at Subathoo, during the present season, or until further orders.

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসরের অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরিঅবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য ৮ টাকা দিয়াছেন।

শ্রীযুত কাপ্তান জে হানিৎটন সাহেব।
শ্রীযুত পারস্য ডিপার্টমেণ্ট।
শ্রীযুত দেওয়ান রামলোচন ঘোষ ১৮৩৮ সালের অক্টোবরপর্য্যন্ত।
শ্রীযুত বাবু হলধর ঘোষ।
শ্রীযুত বাবু রাজনারায়ণ দত্ত।
শ্রীযুত বাবু জয়কৃষ্ণ বসাক।
শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার।
শ্রীযুত বাবু রামলোচন মুখুয্যে।
শ্রীযুত বাবু রামকুমার দাস।
শ্রীযুত বাবু রামনারায়ণ দাস।

সমাচার দর্পণ

শনিবার ৩ মার্চ ১৮৩৮ সাল।

বর্ত্তমান বৎসরের প্রথমে আমারদের এই নিয়ম করিতে হইল যে দর্পণের মূল্য অগ্রে সংগ্রহ করা যায় এবং আমরা বৎসরে ১২ টাকাঅবধি ৮ টাকাপর্য্যন্ত ন্যূন মূল্য করিয়া কলিকাতা ও তদঞ্চলস্থ ২২০ জন গ্রাহক মহাশয়েরদিগকে পত্র দ্বারা জ্ঞাপনপূর্ব্বক উক্ত নিয়মে তাঁহারদের সম্মতিনিমিত্ত প্রার্থনা করিয়াছি। এইক্ষণে যে সকল মহাশয় আমারদের প্রস্তাবিত বিষয়ে অঙ্গীকার করিয়াছেন তাঁহারদের নিকটে আমরা কৃতজ্ঞতা স্বীকার করি আমারদের গ্রাহকের চতুর্থাংশ তন্মধ্যে কএক জন রাজা এবং ধনাঢ্য কেহ২ আমারদের এই নূতন নিয়মে সম্মত হন নাই এবং নূতন নিয়ম আরম্ভ করণার্থ যে সময় নির্দ্দিষ্ট হইয়াছিল এইক্ষণে সে সময় অতীত হইয়াছে অতএব আমরা ঐ মহাশয়েরদের নিকটে আর দর্পণ প্রেরণ করিতে পারি না।

পশ্চিম দেশীয় দুর্ভিক্ষের প্রতিকার।

সংপ্রতি পশ্চিম দেশে যে দুর্ভিক্ষ হইয়াছে তাহার উপশমকরণের বিবেচনার্থ গত বুধবার অপরাহ্ণে টৌনহালে এক সভা হয়। বিশেষতঃ অপরাহ্ণ পাঁচ ঘণ্টা সময়ে ১৫০ জনেরো অধিক কলিকাতাস্থ প্রধান২ সাহেব লোক ও এতদ্দেশীয় বহুতর সম্ভ্রান্ত ধনি মহাশয়েরা সভাগত হইয়াছিলেন তাহাতে শ্রীযুত লার্ড বিশাপ সাহেব সভাপতি হন।

উক্ত শ্রীযুক্ত সাহেব পশ্চিমদেশে দুর্ভিক্ষজন্য কষ্টের বিষয় প্রস্তাব করত কহিলেন যে ঐ অঞ্চলে সহস্র২ ব্যক্তি অনাহারে মারা যাইতেছে পরে গবর্ণমেণ্ট ঐ সকল দীন দুঃখিরদের ক্লেশোপশমের কিং উপায় করিয়াছেন এবং তদ্বিষয়ে সাধারণ ব্যক্তিরদের কিং উপায় কর্ত্তব্য ইহা ব্যাখ্যা করিলেন আরো শ্রীযুক্ত লার্ড বিশাপ সাহেব এতদ্দেশীয় বহুতর সম্ভ্রান্ত ব্যক্তিরদিগকে সভাস্থ দেখিয়া আহ্লাদ পূর্ব্বক কহিলেন যে আপনারদের দান দ্বারা ঐ সকল ব্যক্তিরদের দুঃখোপশমার্থ চেষ্টা করা কর্ত্তব্য।

পরে শ্রীযুত মাঙ্গলস সাহেব প্রথম নির্দ্ধারিত বিষয় প্রস্তাব করিয়া বক্তৃতা করত উক্ত ক্লেশ প্রতিকারার্থ গবর্ণমেণ্ট যে সকল উপায় করিয়াছেন তাহার বিবরণ ব্যাখ্যা করিলেন প্রথম গবর্ণমেণ্ট ৬০ লক্ষ টাকারো অধিক রাজস্ব ক্ষমা করিয়াছেন এবং ইহার মধ্যে আহ্লাদের বিষয় এই যে অনেক স্থানে ভারি২ জমিদারেরাও রাইয়তেরদিগকে তদ্রূপে খাজানা ক্ষমা করিয়াছেন দ্বিতীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে অনাহারি ব্যক্তিরদের মধ্যে বলবানেরদিগকে সরকারী কার্য্যে খাটাইয়া আ

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year*, from January 1st, to December 31st, 1838, EIGHT Rupees each.

Capt. J. Hannyngton.
The Persian Department.
Dewan Ramlochun Ghose, to Oct. 1838.
Baboo Holodhor Ghose.
" Rajnarayan Dutt.
" Joykrishnoo Bysack.
" Lukheenarayun Nylunkar.
" Ramlochun Mookerjee.
" Ramcoomar Dass.
" Ramnarayan Dass.

SUMACHAR DURPUN.

SATURDAY, MARCH 3D. 1838.

At the beginning of this year we were constrained to come to the resolution of making the subscription of the *Durpun* payable in advance; while at the same time we reduced the price of it from 12 Rupees to 8. We issued a notice to our Calcutta subscribers, about 220 in number, and entreated them to second our wishes. *We have now to return our* thanks to all those who have been so kind as to agree to our proposal. About one-fourth of the subscribers, including some Rajas, and other very rich men, have not sent in their consent; and the time having now elapsed which had been fixed for commencing the new arrangement, we have discontinued from this day to send the paper to them.

Meeting in Calcutta to relieve the Western Provinces.

On Wednesday afternoon, a meeting was held at the Town Hall, to consider the means of relieving the distress which prevails in the Western Provinces, from the existing famine. By five o'clock upwards of one hundred and fifty gentlemen had assembled, comprizing the principal inhabitants of the town, and a great many respectable natives.

The Lord Bishop was called to the chair. He expatiated upon the extreme distress which prevailed in the Western Provinces, where thousands were perishing for food; stated what Government had done to alleviate the *distress*, and what it behoved the public to do. His Lordship said he was happy to see so many natives assembled on the occasion, and exhorted them to come forward liberally with their donations.

Mr. Mangles then proposed the *first* Resolution; and in the course of his speech, detailed the efforts which Government had made to alleviate this distress. *First.* Government had remitted revenue to the amount of more than *sixty lakhs* of Rupees. And it is pleasing to learn that the great Zemindars have done the same, and in many instances, have carefully abstained from making any demand from their ryots.

হার দেওয়া যাইবে। পূর্ব্বে অল্প লোকের বিষয়ে এমত হুকুম হইয়াছিল কিন্তু ক্রমে ক্লেশের আতিশয্য হইলে পর মাজিস্ত্রেট সাহেবেরদের প্রতি এমত আজ্ঞা হইল যে তাঁহারা যত ইচ্ছা তত দীন দুঃখি লোকেরদিগকে অবাধে কার্য্যে খাটান তাঁহারা তাহারদিগকে যাহা দিবেন তাহা মজুরীর নিমিত্ত নহে কিন্তু তাহারদের আহার নির্ব্বাহার্থ। দেশীয় মূল রাস্তা প্রস্তুতকরণার্থ যে সাহেব লোকেরা নিযুক্ত আছেন তাঁহারদের প্রতি আজ্ঞা হইয়াছে যে ঐ রাস্তার কার্য্যে দীন দরিদ্র লোকেরদিগকে খাটাইবার নিমিত্ত মাসে ২০০০ টাকা ব্যয় করেন।

তৃতীয় শস্যের বাণিজ্য রক্ষাকরণার্থ গবর্ণমেণ্ট অনেকপ্রকার উদ্যোগ করিয়াছেন। দুর্ভিক্ষ প্রযুক্ত সামান্যত এই ফল জন্মিল যে সর্ব্বত্র অত্যাচার। দরিদ্র লোকের অনাহার প্রযুক্ত সুতরাং বলপূর্ব্বক আহার পাইবার উদ্যোগ করিতে লাগিল। প্রথমে রহেলখণ্ডে এইরূপ অত্যাচারের আরম্ভ হয় কিন্তু একটা বৃষ্টি হওয়াতে নিবৃত্তি হইল তৎপরে আলিগড় ও ফরক্কাবাদ জিলায় পরিশেষে দিল্লী জিলাতে ঐরূপ দৌরাত্ম্য হইতে লাগিল কিন্তু তাহা অতি কষ্টে নিবারিত হইল অনাহারি লোকেরা শস্যের গোলা এবং শস্য বোঝাই নৌকা এবং বৃঞ্জারি বলদ লুটিতে লাগিল। এমত সময়ে দুর্ভাগ্যক্রমে সকলের বোধ হইল যে এতদ্রূপ অত্যাচারের দণ্ড হইবে না কিন্তু গবর্ণমেণ্টের নিকটে ঐরূপ দৌরাত্ম্যের সম্বাদ পঁহুছিলে তাঁহারা কমিস্যনর সাহেবেরদিগকে থানা বৃদ্ধি করণের সম্পূর্ণ ক্ষমতা দিলেন এবং তাহাতে ঐ সাহেবেরা যে প্রতাপ ও পরাক্রম দর্শাইলেন তদ্দ্বারাই দেশ শান্ত ও সুস্থির হইল।

এই সকল উদ্যোগের ফল শুভ হইল। যদ্যপি কালে২ দেশের ক্লেশ বৃদ্ধি হইতে লাগিল এবং ভাবি ভব্যবিষয়ে অতি নিরাশ হইল তথাপি শস্যের মহাজনেরা লুটহইতে রক্ষা পাইয়া আপনারদের গোলা গঞ্জ খুলিয়া নির্ভয়ে বিক্রয় করিতে লাগিলেন তাহাতে শস্য দুর্ম্মূল্য না হইয়া বরং যৎকিঞ্চিৎ সুমূল্যও হইল কিন্তু অনেককাল গত না হইলে দেশ সম্পূর্ণরূপে সামলাইয়া উঠিতে পারিবে না যেহেতুক অনেক গো মহিষাদি মরিয়া গিয়াছে এবং কতক২ লোক দেশান্তরী হইয়াছে কতক বা অনাহারে ও রোগে মারা গিয়াছে।

ইহাও কথিত হইয়াছে যে ভারি২ জমিদারেরা দীনহীন লোকেরদের দুঃখ প্রতিকারার্থ নিজের ব্যয় অনেক টাকা করিতেছেন বিশেষতঃ ফরাক্কাবাদস্থ এতদ্দেশীয় লোকেরা আপনারদের সমাজে একটা বৃহৎ চাঁদা করিয়া অতিমনোযোগপূর্ব্বক চতুর্দ্দিকের দুস্থ লোকেরদের উপকারার্থ ব্যয় করিতেছেন।

শ্রীযুত মাঙ্গলস সাহেবের এই প্রস্তাবের পর শ্রীযুত বাবু রসময় দত্ত অগ্রসর হইয়া স্বদেশীয় মহাশয়েরদের প্রতি বিনয়পূর্ব্বক কহিলেন যে গবর্ণমেণ্টের যে কর্ত্তব্য কর্ম্ম তাহা করিয়াছেন এবং ইউরোপীয় সাহেবেরা আপনারদের কর্ত্তব্য কর্ম্ম অবশ্যই করিবেন এইক্ষণে এতদ্দেশীয় মহাশয়েরা এই বিষয়ে পরাঙ্মুখ না হন।

অনন্তর এই প্রস্তাব হইল যে পশ্চিম দেশে দুর্ভিক্ষজন্য অত্যন্ত কষ্টহওনের প্রকৃত সম্বাদ প্রাপণেতে এবং গবর্ণমেণ্ট দীন দরিদ্র লোকের ক্লেশ নিবারণার্থ অধিকতর রাজস্ব ক্ষমাকরণেতে এবং বলবান দরিদ্র ব্যক্তিরদিগকে আহার দেওনার্থ সরকারী কার্য্যে খাটায়নেতে সাধারণ ব্যক্তিরদের উচিত হয় যে তাঁহারা অগ্রসর হইয়া সাধ্যপর্য্যন্ত বৃদ্ধ ও বালক এবং নিতান্ত অসমর্থ ব্যক্তিরদের উপকারার্থ উপায় চেষ্টা

Secondly. Government have directed that the able bodied among the starving poor, shall be employed upon the public works. This was at first limited, but as the distress increased, the Magistrates were authorized to give employment to any extent to the people, not with the view of having any return for the money so expended, but with a view to the support of the people. The *officers employed in constructing the* grand trunk road, were empowered to expend 2,000 Rupees a month, in the employment of the destitute. *Thirdly.* Government have made great exertions to protect the trade in grain. The natural result of this distress, has been outrages of every kind. The poor *starving people have naturally resorted to force* to obtain food. These disorders broke out first in Rohilcund, but they were checked by a *fall of rain.* They then appeared in the Allyghur and Furruckabad districts, and lastly, in the Delhi territory; and it was with great difficulty suppressed. Stores of grain, boats loaden with grain, and Brinjarrah bullocks were successively attacked. Unhappily, an impression obtained currency, *that crimes of this description would* not be punished. As soon as these occurrences were reported, full authority was given to the Commissioners to increase the police establishments. The energy which was displayed on this occasion, restored peace and tranquillity. The consequences were happy. As the season advanced, although the distress increased, and the prospect became more gloomy, the grain merchants, being secure from plunder, opened their stores, and prices fell rather than rose. But it must be some time before the country can recover. The cattle have perished in numbers; the people have either emigrated, or have been swept off by disease.

It was also remarked that the rich Zemindars were expending large sums in the relief of the poor; and more particularly that the Native inhabitants of Furruckabad had formed themselves into an association, and were raising large subscriptions among themselves, and carefully expending it for the relief of those around them.

After Mr. Mangles had made this representation, Baboo Russomoy Dutt came forward, and entreated his own countrymen to come forward on this occasion. He said Government had done their duty; the Europeans would, doubtless, do theirs; it was for the Natives to shew that they were not backward.

It was then resolved, that authentic information having been received of the existence of extreme distress in the North Western Provinces, arising from famine; that Government having, with a view to relieve this distress, made large remissions of revenue, and directed that the able bodied should be employed at the public expense, it was highly desirable that private individuals should come forward, and afford the means of support, as far as possible, to

করেন। এই প্রস্তাবে সকলই সম্মত হইলেন।

পরে প্রস্তাব হইল যে এই ব্যাপার সম্পাদনার্থ দুই বেঙ্কে চাঁদার বহী রাখা যায় এবং সর্ব্বত্র চাঁদার ফর্দ্দ প্রেরণ করা যায় এবং সর্ব্বসাধারণ লোকের প্রতি বিশেষতঃ এতদ্দেশীয় মহাশয় ব্যক্তিরদের নিকটে এমত প্রার্থনা করা যায় যে পশ্চিম দেশে দুর্ভিক্ষনিমিত্ত যে অশেষ ক্লেশ হইতেছে তাহার উপশমার্থ তাঁহারা কিঞ্চিৎ২ দান করেন।

অপর শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর তৃতীয় প্রস্তাবকরত কহিলেন যে আমার এক জন মিত্র শ্রীযুত বাবু নীলমণি দেব ঐ কষ্টের সম্বাদ পাইয়া দীনহীন লোকেরদের আহারার্থ ৫০০ টাকা গবর্ণমেণ্টের নিকটে অর্পণ করিয়াছেন এবং শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুরও আজ্ঞা করিয়া যান যে ঐ ক্লেশোপশমার্থ কলিকাতার মধ্যে যদি কোন উদ্যোগ হয় তবে আমার খরচেও ৫০০ টাকা দেওয়া যাইবে।

পরে এই প্রস্তাব হয় যে চাঁদার টাকা সংগ্রহকরণ এবং বিবেচনাপূর্ব্বক তাহা ব্যয়করণের নিমিত্ত নীচে লিখিতব্য সাহেবেরা এক কমিটি নিযুক্ত হন।

শ্রীযুত টি হলরাইড শ্রীযুত ডবলিউ ডবলিউ বর্ড শ্রীযুত কাপ্তান বর্চ শ্রীযুত ডবলিউ মার্টিন শ্রীযুত টকর শ্রীযুত আর্চডিকন শ্রীযুত ডবলিউ প্রিন্সেপ শ্রীযুত জর্জ আলেকজান্দর শ্রীযুত পাদরি ফিসর শ্রীযুত বাবু রসময় দত্ত শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর শ্রীযুত বাবু রামকমল সেন শ্রীযুত রাজা রাধাকান্ত দেব শ্রীযুত বাবু নীলমণি দেব শ্রীযুত বাবু রষ্টমজি কওয়াসজি শ্রীযুত বাবু মতিলাল শীল শ্রীযুত জে ডবলিউ আলেকজান্দর শ্রীযুত লিণ্ডিমেন শ্রীযুত ই মাকনাটন শ্রীযুত ডাক্তর সেণ্টলিজর শ্রীযুত পাদরি চার্লস শ্রীযুত আলেকজান্দর কলবিন এবং শ্রীযুত এ ডিসুজা সাহেব।

এই প্রস্তাব সকলের গ্রাহ্য হইলে পর শ্রীযুত লার্ড বিশাপ সাহেব সকল মহাশয়েরদের প্রতি বিনয় করিলেন যে প্রত্যেক মহাশয় স্বেচ্ছাপূর্ব্বক যাহা দেন তাহা এইক্ষণেই চাঁদায় স্বাক্ষর করিলে ভাল হয়। তাহাতে ক্ষণেককালের মধ্যেই পনর হাজার টাকা স্বাক্ষর হইল। প্রথমে শ্রীযুত লার্ড বিশাপ সাহেব ও শ্রীযুত মাডক সাহেব ১০০০ টাকা করিয়া স্বাক্ষর করিলেন পরে শ্রীযুত জি চীপ সাহেব ও শ্রীযুত ডবলিউ প্রিন্সেপ ও শ্রীযুত জেম্স প্রিন্সেপ এবং শ্রীযুত কার সাহেব প্রত্যেকে ৫০০ টাকা। তৎপরে শ্রীযুত সর এডওয়ার্ড রয়ন সাহেব ও শ্রীযুত কর্ণেল পৌনি সাহেব এবং শ্রীযুত টি সি স্মিথ সাহেব প্রত্যেকে ৩০০ টাকা এবং শ্রীযুত এচ সেক্সপিয়র সাহেব ২০০ টাকা শ্রীযুত মাঙ্গল্স সাহেব ২৫০ টাকা। এবং তৎসময়ে শ্রীযুত সর এডবার্ড রয়ন সাহেব শ্রীযুত রষ্টমজি কওয়াসজির দ্বারা যে চাঁদা হইয়াছিল তাহার এক ফর্দ্দ দেখাইলেন। ঐ ফর্দ্দে এই সকল ভারি টাকার সহী ছিল।

গয়কবরের উকীল শ্রীযুত বেণীরাম উদিত রাম হিম্মত বাহাদুর ২০০০
শ্রীযুত রুষ্টমজি কওয়াসজি ১০০০
শ্রীযুত রুষ্টমজি কওয়াসজির পুত্র... ... ৫০০
কাণ্টনের দাদাভাই ও মাণিকজি রুষ্টমজি ৫০০
শ্রীযুত ওয়ালজি রুষ্টমজি ও কলনজি ... ৫০০
মির্জাপুরস্থ শ্রীযুত বাবু বংশীধর মনোহর দাস ২৫০
শ্রীযুত বাবু রমানাথ ঠাকুর ১০০

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ৬ ফেব্রুআরি তারিখে মিরটে পঁহুছেন। এবং তত্রস্থ পল্টনে বিহিত সম্ভ্রম পূর্ব্বক

the aged and the young, and to those who are too infirm to labor. This Resolution was unanimously agreed to.

It was next proposed, that with this object, a subscription be opened at both the Banks; that books be circulated, and the public, more especially the Native community, be invited to subscribe for the relief of the dreadful distress which prevails in the Western Provinces.

Baboo Prusunno Koomar then proposed the third Resolution; and said that his friend, Neelmony Day, on hearing of the distress, had sent up 500 Rupees to Government, to be appropriated to the relief of the sufferers; and that Baboo Dwarkanath Tagore had directed that a similar sum should be subscribed in his name, if any attempt were made in Calcutta for the relief of this distress.

The Resolution was, that the following gentlemen be appointed a Committee to realize subscriptions, and to dispose of them to the best advantage.

Mr. T. Holroyd, Mr. W. W. Bird, Capt. Birch, Mr. W. Martin, Mr. Tucker, the Archdeacon, Mr. W. Prinsep, Mr. George Alexander, Revd. Mr. Fisher, Russomoy Dutt, Prosunno Koomar Tagore, Ramcomul Sen, Radhacant Deb, Neelmoney Deb, Rustomjee Cowasjee, Muttylool Seal; Mr. J. W. Alexander, Mr. Lindeman, Mr. E. Macnaghten, Dr. St. Leger, Revd. Mr. Charles, Mr. Alexander Colvin, and Mr. A. DeSouza.

After this Resolution had been carried, the Lord Bishop begged each one to put down his name for as much as he wished to subscribe; and in the course of a few minutes, the sum of FIFTEEN THOUSAND RUPEES was subscribed. The Bishop and Mr. Maddock put down 1000 Rupees each. Mr. G. Cheap, Mr. W. Prinsep, Mr. James Prinsep and Mr. Carr, 500 Rupees each. Sir Edward Ryan, Col. Powney and Mr. T. Smith, 300 each. Mr H. Shakespear, 200; Mr. Mangles, 250. Sir Edward Ryan at the same time put in a paper which contained the subscriptions raised by Rustumjee Cowasjee, Esq. which contained the following munificent sums:

	Rs.
Beneram Uditram Hemut Bahadoor, Vakeel of the Guicowar,...	2000
Rustumjee Cowasjee, Esq...	1000
Rustumjee Cowasjee, Jun, Esq.	500
Dadabhoy and Manackjee Rustumjee, of Canton,...	500
Walljee Rustumjee and Cullunjee, ...	500
Baboo Bunseedur Monohor Dass, of Mirzapore,...	250
Baboo Romanath Tagore,...	100

The Governor General.

The Governor General reached Meerut on the 6th of February, and was received with all military honours. A

গৃহীত হইলেন। পরে অনেক স্থানে শ্রীলশ্রীযুক্ত ও শ্রীশ্রীমতী মিস ইডেনের ভোজে আহ্বান হইল। এবং তথায় দশ দিন অবস্থান করিয়া দিল্লীতে শ্রীলশ্রীযুক্তের গমন সম্ভাবনা ছিল।

আমরা শুনিয়া পরমাহ্লাদিত হইলাম যে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেব আগ্রার স্কুলবুক সোসাইটির উপকারার্থ ৫০০ টাকা এবং পশ্চিম প্রদেশের ক্লেশ নিবারণার্থ আগ্রাস্থ যে সমাজ নিযুক্ত হইয়াছেন তাঁহারদিগকে ৫০০ টাকা প্রদান করিয়াছেন।

হিন্দুস্থানীয় ভাষা।

কথিত আছে যে আগামি জানুআরি মাসের ১ তারিখ পর্য্যন্ত বঙ্গদেশের তাবৎ আদালত হইতে পারস্য ভাষা উঠাইয়া যাওনের সীমা স্থির হইয়াছে এবং তৎপরিবর্ত্তে দেশীয় ভাষা স্থাপিত হইবে অতএব এইক্ষণে সদর দেওয়ানী আদালত বিবেচনা করিতেছেন পারস্যের পরিবর্ত্তে তাঁহারা কোন ভাষা চলন করিবেন এবং উক্ত আছে যে ঐ আদালত হিন্দুস্থানীয় ভাষা মনোনীত করিয়া বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবরনর সাহেবকে পরামর্শ দিয়াছেন যে এই আপীল আদালতে তাবৎ মিছিলে হিন্দুস্থানীয় ভাষাতে কর্ম্ম নির্ব্বাহ হয়। এই আদালতের তাবৎ জজ ও উকীল ও আমলারা সকলই হিন্দুস্থানীয় ভাষা জানেন এবং বঙ্গভাষা চলনের এই প্রতিবন্ধক যে সদর দেওয়ানী আদালতের এলাকায় যত জিলা তাহার তিন অংশের একাংশে হিন্দুস্থানীয় ভাষা চলন আছে। বোধ হয় এই আদালতে হিন্দুস্থানীয় ভাষার দ্বারা বিলক্ষণ রূপে কার্য্য নির্ব্বাহ হইতে পারিবে। পাঠক মহাশয়েরা এই বিষয় শুনিয়া পরমাহ্লাদিত হইবেন যে অত্যল্প দিনের মধ্যে সরকারী তাবৎ কর্ম্ম হইতে পারস্য ভাষার ব্যবহার একেবারে উঠিয়া যাইবে।

লাটরির ভারি প্রাইজ।

বর্ত্তমান লাটরির খেলার শেষ দিবসে লক্ষটাকার প্রাইজ গবর্ণমেণ্টের কপালে উঠিল। শেষ দিবসে যে ৫০০ টিকিট ঐ কলে অর্পিত হয় তাহার মধ্যে ৯২ টিকিট অবিক্রীতপ্রযুক্ত গবর্ণমেণ্টের নিজের ছিল। কথিত আছে যে কোন কুনিয়ম প্রযুক্ত বর্ত্তমান বৎসরের লাটরির দ্বারা গবর্ণমেণ্টের কেবল ৫০০০ টাকা লাভ হইত কিন্তু সৌভাগ্যক্রমে এই ভারি প্রাইজ তাঁহারদের নামে উঠাতে অধিকতর লাভ হইয়াছে।

কটকের ডেপুটি কালেকটর।

গত শনিবারের কলিকাতা গেজেটের দ্বারা অবগত হওয়াগেল যে আর ২৪ জন ডেপুটি কালেকটর কটক জিলায় নিযুক্ত হইয়াছেন। ইহার পূর্ব্বে ঐ কর্ম্মে ১৮ জন নিযুক্ত হইয়াছিলেন। শুনাগেল সংপ্রতি যে সকল ব্যক্তি তৎকর্ম্ম প্রাপ্ত হইয়াছেন তাঁহারদের মধ্যে অনেকেই কলিকাতাস্থ পাঠশালায় সুশিক্ষিত যুব জন এবং তাহারদের মধ্যে শ্রেষ্ঠ বাবু রসময় দত্তের পুত্র শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত।

গয়লিয়র।

গয়লিয়র হইতে আগত পত্রে লেখে যে ঐ স্থানে অতি ভয়ঙ্কর দুর্ভিক্ষ হইয়াছে কত হাজার লোক অনাহারে মরিয়াছে এবং ইউরোপীয় সাহেব লোকেরা অত্যুৎসাহী হইয়া তাহারদের দুঃখোপশমার্থ উদ্যোগ করিয়াছেন বিশেষতঃ ঐ স্থানে রেসিডেণ্ট শ্রীযুত মেজর সদর্লণ্ড সাহেব মাসে ২০০ টাকা এবং তথাকার শ্রীযুত ডাক্তর সাহেব চাঁদা পত্রে ৮০ টাকা স্বাক্ষর করিয়াছেন।

series of entertainments was given to his Lordship and to the Miss Edens. His Lordship intended to proceed to Delhi in about ten days after.

We are happy to hear that Lord Auckland had sent 500 Rupees to the Agra School Book Society, and the same sum to the Agra Relief Society, instituted for the purpose of relieving the distress which prevails in the Western Provinces.

Hindoosthanee.

It is stated that the 1st of January next having been fixed for the final banishment of Persian from all the Courts in the Lower Provinces, and the substitution of the vernacular languages, the Court of Sudder Dewanny have been considering what language they may substitute for Persian. And it is said that they have fixed on Hindoosthanee, and recommended to the Governor of Bengal that this language shall be used in all the pleadings at this Court of Appeal. All the Judges are acquainted with Hindoosthanee, and all the vakeels and officers of Court. The difficulty of introducing Bengalee is, that in one-third of the Zillahs which are subject to the Sudder, the Hindoosthanee language prevails. Perhaps, upon the whole, the Hindoosthanee is the language in which business may be most easily transacted in this Court. Our readers will be delighted to find that Persian is so shortly to be entirely abolished in all the public establishments.

The Grand Prize of the Lottery.

On the last day's drawing of the present Lottery, the great prize of one lakh of Rupees fell to the Government; of the 500 tickets which were put into the wheel on the last day, ninety-two belonged to Government. Owing to some mismanagement or other, it is said that Government would not have realized more than five thousand Rupees by this present scheme, if they had not fortunately obtained this prize.

Deputy Collectors in Cuttack.

In last *Saturday's Calcutta Gazette,* we perceived that fourteen more Deputy Collectors have been appointed to the District of Cuttack; eighteen had been previously appointed. We understand that a number of the individuals now nominated consists of young men from the Seminaries of Calcutta; among these is Kylaschunder Dutt, the son of Baboo Russomoy Dutt.

Gwalior.

Letters from Gwalior state that the famine was raging at that place with great fury. Thousands had already died of starvation. The European gentlemen had come forward very nobly to the relief of the distressed. The Resident, Major Sutherland, gave 200 Rupees a month; the Surgeon 80 Rupees, to the subscription for relief.

আবা।

রাঙ্গণহইতে ১০ ফেব্রুআরি তারিখ পর্য্যন্তের সম্বাদ আগত হইয়াছে। আবার রাজাকে শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব যে পত্র লেখেন তাহা জানুআরি মাসের ৫ তারিখে ঐ স্থানে প্রেরণ হইয়াছিল কিন্তু তাহার কোন উত্তর পাওয়া যায় নাই। ইয়াণ্ডাবুর যে সন্ধিপত্র আছে তাহা নূতন রাজা প্রতিপালন করিবেন কি না তদ্বিষয়ে এইক্ষণপর্য্যন্তও সন্দেহ আছে। গত সপ্তাহের ইঙ্গলিসমেন সম্বাদপত্রে এক পত্র প্রকাশ হয় তদ্দ্বারা বর্ম্মার রাজদরবারে যে২ ঘটনা হইতেছে তাহা আমারদের প্রকৃত বোধ হইল যে বর্ম্মার যুদ্ধ নিবৃত্তহওনের পরে ইঙ্গলণ্ডীয়েরা যে সকল স্থল তাঁহারদের স্থানে পাইয়াছিলেন তাহা পুনর্ব্বার আক্রমণার্থ রাজা ও আমীরেরা ও দেশীয় প্রধান২ ব্যক্তিরা অতিব্যগ্র আছেন এবং যদি তাঁহারা যুদ্ধের দ্বারা তাহা অধিকারকরণ ক্ষম হন তবে এইক্ষণেই যুদ্ধ করিতে প্রস্তুত হইতেন কোন সন্দেহ নাই কিন্তু সংপ্রতি রাজা স্বীয় সিংহাসনবিষয়েও নিশ্চিন্ত নহেন। উত্তর দিগে শানেরাও রাজার বিরুদ্ধাচারী আছে এইপ্রযুক্ত বিলক্ষণরূপ অবকাশ না পাইলে ইঙ্গলণ্ডীয়েরদের বিরুদ্ধে কোন উদ্যোগ করিবেন না কিন্তু রাজা সিংহাসনে উপবিষ্ট হইলে পর নেপালের সরকারে গুপ্তভাবে এক জন উকীল প্রেরণ করিয়াছেন ঐ উকীল বৃদ্ধ এবং পূর্ব্বে ইঙ্গলণ্ডীয় পল্টনে হাওয়ালদারী কর্ম্মে ছিলেন। সর্ব্বতোভাবেই আমরা বোধ করি যে সংপ্রতি বর্ম্মারদের সঙ্গে যুদ্ধসম্ভাবনা নাই কিন্তু বর্ম্মার রাজার ও ঐ রাজদরবারি লোকেরদের ভাব দেখিয়া বোধ হয় যে বৎসরেক দুই বৎসরের মধ্যেই যুদ্ধ হইতে পারে।

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

এই পাঠশালার ছাত্রেরদের বিশেষ পরীক্ষা বিজ্ঞাপনের দ্বারা ১২ তারিখে আরম্ভ হইয়া ২৬ তারিখে সমাপন হইল যে মহাশয়েরা তথায় উপস্থিত ছিলেন তাঁহারদের মধ্যে শ্রীযুত রাজা রাধাকান্ত দেব ও রাজা কালীকৃষ্ণ বাহাদুর শ্রীযুত বাবু কাশীনাথ বসু যাদবচন্দ্র ঘোষ প্রেমচাঁদ চৌধুরী ও ঈশ্বরচন্দ্র গুপ্ত প্রভৃতি।

এবং ঐ সকল মহাশয়েরা বিদ্যার্থিরদের অল্পকালীন শিক্ষা দেখিয়া আপনারদের পরম সন্তোষ জ্ঞাপন করিলেন এই বিদ্যালয়ে ছাত্রেরা দশ সংপ্রদায় বিভক্ত থাকিয়া বিলক্ষণ রূপে শিক্ষিত হন। এই বিদ্যালয়ের সঙ্গে অপর এক পাঠশালাও আছে তাহাতে ইঙ্গরেজী পাঠশালার অনুসারে বাঙ্গালা শিক্ষা দেওয়া যায়।

বোধ হয় যে বার্ষিক অর্থাৎ সাধারণ পরীক্ষায় ছাত্রেরদিগকে পুরস্কার দেওন নিমিত্ত শীঘ্র দিন নির্দ্দিষ্ট হইয়া প্রকাশ হইবে বোধ হয় তৎসময়ে কোন সম্ভ্রান্ত ব্যক্তি তাহার পরীক্ষা লইবেন এবং বিদ্যাধ্যাপনার্থ উদ্যোগী দেশীয় তাবৎ ব্যক্তি তত্রসমাগত হইবেন।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

জলপথে উৎকোচের উৎপাত।

সর্ব্বসাধারণ সমীপে সম্পূর্ণরূপে সুবিদিত আছে যে পরমিট পঞ্জরা প্রভৃতি দুর্গম দুঃখ মার্গ রুদ্ধ হওনাবধি পথাগামী পর্য্যায় পরম পুলক পূর্ব্বক পরিপূর্ণ প্রকারে প্রফুল্ল হইয়াছে কিন্তু সম্প্রতি অস্মদীয় এক জন আত্মীয় বন্ধু কলিকাতানগর হইতে ঢাকা গমন কালে পথিমধ্যে যে প্রকার চমৎকার অন্যায়াচার ব্যবহার বিস্তার অবলোকন করিয়া তদ্বিবরণ আমাদিগের অবধারণার্থ লিখিয়া প্রেরণ করিয়াছেন তাহা আমরা অবিকল প্রকাশ করিতেছি বোধ করি পাঠক বর্গ মহাশয়েরা অবলোকনে আশ্চর্য্য বোধ করিবেন। ফলতঃ ইহা বিশেষ লক্ষণ অবধারণপূর্ব্বক শাসন কর্ত্তাদিগের এতদ্বিষয় নিবারণার্থ বিবেচনা বিস্তার করা নিঃসন্দেহ আবশ্যক।

আমার অতি অদ্ভুত বোধ হইল যে শ্রীযুত শাসনকর্ত্তা মহাশয়দিগের নলিন নয়নের নিকটেই অদ্য পর্য্যন্ত এমত আশ্চর্য্য অন্যায় ব্যাপার হইয়া থাকে এবং ইতঃপর্য্যন্ত কাহারো দৃষ্টি মধ্যে পতিত হয় নাই যে সরকারি জলপথে কর্ম্মকারি জনগণেরা নাবিকগণের বিশেষ নৌকারোহি গণের চক্ষে প্রচারণ ধূলি নিক্ষেপ করিয়া অনায়াসেই প্রকাশ্যে পয়সাদি চোটাইয়া লয় যেহেতু অনেকেই জ্ঞাত আছে যে স্থানে২ কোম্পানিকর্ত্তৃক যে সকল ঘুস্ঘাট স্থাপিত হইয়াছে তাহাতে প্রকৃতানুমতি এই প্রকার স্থির যে চলিত নৌকাদির প্রত্যেক দাঁড়ে।০ আনা করিয়া রাজকর গৃহীত হইবেক এবং এক খালের মধ্যে ৩।৪ অথবা ততোধিক ঘাট থাকিলে কেবল এক স্থানেই ঐ কর প্রদানানন্তর তথাকার এক অনুমতি পত্র লইলে অপরাপর ঘাটে ঐ পত্র দেখাইলেই নিষ্কৃতি পাইবেক। ফলতঃ আমি প্রথমতঃ বাগবাজারের ঘাট অবধিই ঐ রীতির বিপরীত ব্যবহার দৃষ্টি করিলাম কেননা যে নৌকায় আমি আরোহণ পূর্ব্বক খালের মধ্যে প্রবেশ করিলাম ঐ নৌকায় ২ দাঁড়ের অধিক ছিল না কিন্তু কর সংগ্রাহক নিরর্থক তর্জ্জনগর্জ্জনপূর্ব্বক নৌকাবাহকেরদিগকে ভয় দেখাইয়া বারো আনা কর লইলেন তৎপ্রদানের পূর্ব্বে আমরা তাহা জানিতে পারি নাই কিন্তু নাবিক নৌকায় উপস্থিত হইলে জিজ্ঞাসা করিবাতে প্রকাশ পাইল যে বার আনা কর লাগিল তাহাতে আমি অন্য লোক প্রেরণপূর্ব্বক জিজ্ঞাসা করিলাম যে তোমারদিগের এরূপ অন্যায় কর্ম্ম কেন তাহাতে উত্তর করিলেক যে আমরা কি ঘাস কাটিতে আসিয়াছি যাও আর গোল করিও না। কি করি জুয়ার বহিয়া যায় আর অল্প বিষয়ের নিমিত্ত কালব্যাজে অধিক ক্ষতি করিলে কি হইবেক ইহাই ভাবিয়া নিঃশব্দে নৌকা খুলিয়া দিলাম। পরে বেলিয়াঘাটায় খালে ঐ অনুমতি পত্র অর্থাৎ পাস দেখাইবাতে সে কহিলেক যে দস্তুরি কই তাহাতে আমারদিগের লোক কহিলেক যে যথার্থ কর প্রদান করিয়া আসিয়াছি আরবার দস্তুরি কিজন্য এই তাহার পাস দৃষ্টি কর তাহা না শুনিয়া তাহারা যে প্রকার কটূক্তি করিলেক যে তাহাতে তাহাকে ৵০ পয়সা প্রদান করিয়া প্রস্থান করিতে হইল যদ্যপিও তদ্বিষয় তন্ন২ করিয়া বিবেচনাপূর্ব্বক শেষ পর্য্যন্ত দেখা কর্ত্তব্য ছিল কিন্তু তুচ্ছ বিষয় লইয়া ভুল করতঃ কর্ম্ম ক্ষতি স্বীকার করিতে পারিলাম না। অপর শেষ ঘাটেও যৎকিঞ্চিৎ লাগিল তাহাও দিয়া গমন পরায়ণ হইলাম। ফলতঃ আমি কর্ম্মকর্ত্তা মহাশয়দিগকে এই বিষয় জ্ঞাত করিতেছি যে এই প্রকারে কিঞ্চিৎ২ লইয়া আপনারদিগের ভরণপোষণ করিয়া কোম্পানির কর সংগ্রহার্থে ঐ সকল কর্ম্মকারিরা ভার পাইয়াছে কি তাহারা কোম্পানি হইতে বেতন পায় অপর যাহা পায় তাহাই লাভ ইহা বিবেচনাপূর্ব্বক মহাশয় কোন বিহিত করণের চেষ্টা পাইলে ভাল হয় কেননা ভদ্রলোকের দুই চারি আনায় কিছু আইসে যায় না বটে ফলতঃ এই প্রকার ক্রমিক চলিত হইলে পশ্চাৎ মন্দ হইবার সম্ভাবনা বিশেষতঃ এ বিষয়ে আমারদিগেরই ক্ষতি বোধ না হইল কিন্তু দীন দরিদ্র ক্ষুদ্রজীবী যাহারা নৌকা বাহিয়া দিন নির্ব্বাহ করে তাহারদিগের দুই চারি আনা অধিক বোধ হয় কি না। বিশেষ তাহারদিগের এমত ক্ষমতা নাই যে কোন প্রকারে ইহা রহিতের চেষ্টা পায় মনে২ অন্যায় জানিয়া ও সর্পে ছুঁচা ধরিবার ন্যায় উৎকোচ প্রদান করিতে হয় কিন্তু তাহাতে তাহারদিগের কিপর্য্যন্ত প্রাণান্ত হয় তাহা ইহাতেই বিবেচনা হইতে পারে যে ঐ উপায়হীন লোকেরা ২ দিন যথেষ্ট পরিশ্রম করিলেও চারি আনা উপার্জ্জন করিতে পারে না কিন্তু উৎকোচ গ্রাহিদেগের এক চক্ষু রক্তিমা দেই মুক্ত হস্তে ৩ দিনের উপার্জ্জনের বস্তু পরিত্যাগ করিতে হয়। হায় কি অবিচার ঐ সকল ক্ষীণজীবিদরিদ্র ক্ষুদ্র প্রাণিগণের প্রাণান্তেশ্রম করিয়া উপার্জ্জন করিতে কি কঠিন হৃদয় কর্ম্মকারিগণের দয়াও হয় না কি আশ্চর্য্য।

Ava.

Letters have been received from Rangoon, to the 20th February. Col. Burney's letter to the Court of Ava was sent up on the 5th of January, but no reply had been received. It is yet a matter of doubt, whether the new King will acknowledge the treaty of Yaudaboo or not. From a paper which was published in the *Englishman* last week, we obtain an insight into what has been passing at the Burmese Court. The King, and his nobles, and the chief men in the country burn to obtain back the provinces which the English obtained at the peace; and there is no doubt that, if they could, they would immediately go to war to recover them; but the King is not quite firm upon his throne. The Shans in the North are troublesome; and he, therefore, postpones the making any efforts till affairs are ripe. He has sent, however, a secret emissary to the Court of Nepaul, since he attained the throne; he was an old Havildar in the English service. On the whole, we do not think that there will be any war immediately, though with the disposition of the King and the Court, we think that we shall not be two years without one.

Hindoo Benevolent Institution.

The Private Examination of the above Institution began (by advertisement,) on the 12th, and concluded on the 26th instant. On this occasion, among the visitants we observed, were,—Rajas Radhakant Deb and Kali Krishna Bahadoors; Baboos Cossinath Bose, Jadab Chunder Ghose, Premchand Chowdhury, Iswer Chunder Gupta, &c. &c., who expressed their approbation in witnessing the progress that the students have made in only a few morning school hours.

This Institution has ten classes, and imparts Scientific Education.

A *Pathshala* is attached to this Institution, where the knowledge of simple *Bengalee* Literature is gained, and regulated in the mode of English Schools.

An early day for Annual or Public Examination and distribution of Prizes will, it is inferred, be appointed, and noticed accordingly as to the time and locality, when we presume some high personages and all the friends to Native Erudition will honor with their presence.—*Courier, Feb. 28.*

Spirit of the Native Papers.

Every one knows, that since the difficulties, occasioned by the Transit Duties have been removed, travellers have enjoyed the highest happiness. But a friend of ours having recently gone from Calcutta to Dacca, has written to us, to publish an account of the singular outrages which he witnessed in the way. We publish it without alteration. We think it will surprize the reader.

It is the duty of our rulers to make particular inquiries, and to take steps for preventing them. I was surprized to find such unjust doings practised under the very eye of the public authorities; and that no one should have observed, that the public officers who are placed on the canals, contrive to cast dust in the eyes of the boatmen and travellers, and to fleece them of their money. Many must know that, at the toll ghats established by Government, the rule is, that a tax of four annas an oar shall be levied upon each boat; and that though there may be four or more ghats in one canal, the tax shall be paid at only one of them, where a pass will be given, which will prevent stoppages at other places. I began to see the violation of this rule at Baugh Bazar Ghat; for the boat on which I was had only two oars; but the tax gatherer, after a great deal of noise and threatening, frightened twelve annas out of the boatmen. We did not know of it till it was paid. But when the boatmen returned to the boat, we heard of the extortion. I sent to inquire of the tax gatherer why he acted so unlawfully. He replied; are we come hear to cut grass? Away with you, and make no more noise. What could we do? The tide was passing away, and we thought it would be unwise to lose time for so small a matter; so we moved on. On shewing the pass at the Bauleah Ghat, the tax gatherer asked where the dustooree was. Our poople replied, we have paid the regulated tax; why should we pay dustooree? Here is our pass. Instead of attending to this, he poured such a torrent of abuse on us, that we were glad to pay two annas to get off. Though it would have been proper to have prosecuted the business to the end, we were unable to make up our minds to the injury of our business upon so small a matter. At the last ghat also, we had something to pay, after which we got through. Now, I would inquire of the public authorities, whether these men are paid from the public funds, or are they put there to collect the tax, and to get their own remuneration in this manner from travellers? Whatever they gain is all profit; and this should be kept in mind, if you seek to obtain any remedy for it; for a rich man does not mind two or three annas; but if it fall into a rule, it will, in the end, be very inconvenient. I did not feel any great loss from this; but the poor boatmen who get a livelihood by their labor, must feel exceedingly such extortions; and they have no means of relieving themselves from such extortions. Though they know that it is unjust, they are obliged to submit to it; but you can easily judge to what straits they are reduced; that they can scarcely earn four annas in two days; but if those tax gatherers do but look with an enflamed eye on them, the poor creatures are obliged to pull out the value of three days labour. Alas—that these hard-hearted tax gatherers should not scruple to wrest from these men the pittance they have obtained with the sweat of their brow.

অপর বাতির খালের মধ্যে স্থানে২ যে লবণের চৌকী আছে তাহার দগেরও রীতি নীতি প্রভৃতি চমৎকার ব্যবহার প্রচলিত দৃষ্টে আমরা আশ্চর্য্যান্বিত হইয়াছি ঐব্যক্তিদিগের প্রতি ইহাই অনুমতি যে কেবল লবণ চৌরাদিরও তত্ত্বাবধারণ করিবে কিন্তু তাহারা তণ্ডুল ধান্য কলাই গুড় প্রভৃতি চাতুর্ব্বিধ খাদ্য দ্রব্যের দুষ্যাদির প্রতিও বিলক্ষণ প্রকারে তত্ত্বাদি করয়। শৃগালরাজার উপাখ্যান পুরাতন ইতিহাসশ্রুত ছিলাম কিন্তু সুন্দর বন প্রদেশে চাক্ষুষ প্রত্যক্ষ দেখিলাম তাহারা দীনগণের পক্ষে দ্বিতীয় দিবাকরতনয়সদৃশ দুর্দ্দশ্য হইয়াই বসিয়াছেন। আমি দেখিলাম যে নির্ব্বোধ ব্যক্তিদিগের নৌকাদি আটক করিয়া /০ ৵০ যাহা পায় ঠকাইয়া লয় এবং যাহারা প্রদানে প্রস্তুত না হয় তাহার দিগকে প্রকারে পরাস্ত করিয়া প্রহারাদিও করত মানসিক কর্ম্মনিষ্পন্ন করে লোকবিশেষের যদি কিছু করিতে না পারে তথাচ নৌকা আটক রাখিয়া ২। ৪ ঘণ্টা ক্লেশও দেয় সুতরাং কেহ২ অল্প বিষয়ের জন্য ক্ষতি স্বীকার না করিয়া কিঞ্চিৎ প্রদানে প্রস্তুত হয়। অতএব ইহা অতি আশ্চর্য্যের ব্যাপার যে বিনা কারণে ছলনা চাতুরী এবং প্রবঞ্চনা করিয়া সরকারি লোকেরাই পথিমধ্যে দিনের দস্যু সদৃশ দৃশ্য হইয়া বসিয়াছে এবং তদ্বিষয়ের কোন তত্ত্বাবধারণ ধর্ম্মাবতারগণের দ্বারা হয় নাই একারণ আমি প্রার্থনা করি যে মহাশয় এই আশ্চর্য্য দস্যুবৃত্তির উপাখ্যান আপনকার পত্রে প্রকাশপূর্ব্বক তাঁহারদিগের কর্ণ পথারূঢ় করত উপায়হীনগণের প্রতি সহকারিতা করিতে প্রস্তুত হইবেন অধিক কি লিখিব ইতিমধ্যে যদ্যপি এই সকল বিষয়ের কোন বিবেচনা হয় তবে আমি ভূরি২ প্রমাণ সন্দর্শন করাইতে প্রস্তুত আছি নিবেদনেতি।

The Salt Chowkeedars who are in the outer Canal, act in a manner to excite astonishment. They are appointed only to prevent salt smuggling, but they extend their researches equally to rice, paddy, peas and treacle. We had read in books of the Jackail who became a King; but we saw the story verified in the Sounderbuns. They are towards the poor like the regent of death. I found them stopping the boats of the unwary and taking one, two or three annas, or what they could get. Those who refused to pay them, they overcome, and beat until their desires were satisfied. If they can do nothing with the men, they stop the boat, for two or four hours, and give immense bother. Hence, almost every one, to prevent loss, agrees to make some little sacrifice. It appears singular, that these servants of the public, without any reason, should practise this dacoity in open day; and that no inquiry should be made on the subject by the authorities. I have, therefore, to beg that you will publish an account of these extortions in your paper, and bring them to public notice, and assist the oppressed. What more shall I write? If there be any disposition to examine into the matter, I am able to bring a multitude of proofs.—*Probodh Chundroday.*

প্রেরিতপত্র।

মহামহিম শ্রীযুত সমাচার দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

বিহিত সম্মান সহিত সমাবেদন মন্তপরং নিবেদন সম্পাদক মহাশয় আমরা এতদ্দেশের হিতার্থ কয়েক ছত্র গদ্য রচনা আপনকার পত্র মধ্যে প্রকাশার্থে প্রেরণ করিতেছি অনুগ্রহ প্রকাশে দর্পণৈক দেশে স্থানার্পণে পরম বাধ্য করিবেন।

সম্পাদক মহাশয় প্রায় বৎসর ত্রয়াতীত হইল এতদ্দেশীয় বালক বর্গকে ইঙ্গরাজী ও বঙ্গ ভাষায় শিক্ষা প্রদান জন্য শ্রীশ্রীযুতের দর্গের রাজ ভাণ্ডারের সম্পত্তির ব্যয় হইতে দুরূহ বিতরণে এক সুচারু বিদ্যামন্দির ঢাকা নগরে স্থাপিত হইয়াছে। তাহাতে অপর সাধারণ জনগণের সন্তানেরা বিদ্যার্জ্জনাকাংক্ষী হইয়া নিযুক্ত হওত স্বকার্য্য সাধন ধার্য্য করত ক্রমাগত অবিরত রত হইয়াছে তাহাতে এতৎ প্রদেশীয় জন সমূহের মনোমধ্যে এক প্রকার ভরসা জন্মিয়াছিল যে এমত শুভাকাংক্ষী বিদ্যা মন্দির নিরাপদে অন পদে সুসম্পাদে আর কিছু কাল স্থাপিত থাকিলে অবশ্যই দেশীয় বালক বা লোকগণের বিদ্যা লাভ হইয়া সাধারণের আনন্দ বর্দ্ধন ও মঙ্গল জন্য অবশ্যই হইত। তাহাতে অকস্মাৎ বজ্রাঘাত সদৃশ দুঃখাগ্নিতে দগ্ধমান হইতেছে। সম্পাদক মহাশয় শুনিলাম সাধারণ বিদ্যা বৃদ্ধ্যর্থক সভাপতি মহামতি মহাশয় বর্গের এই প্রকার অভিনব অনুমতি বলবত্তারূপে প্রবৃত্ত হইয়াছে যে ভাবিদ্যালয়াধ্যায়ি বালকবর্গের নিকট হইতে বেতন গৃহীত হইয়া অতঃপর তথাকার ব্যয়াদি নির্ব্বাহ হইবেক। হায় কি খেদের বিষয় আমরা বিশেষ জ্ঞাত আছি যে ঐ পাঠশালা মধ্যে যত সংখ্যক সুপাত্র ছাত্র বিদ্যাভ্যাস জন্যে নিযুক্ত আছে তাহার পঞ্চদশাংশই দীন সহায় হীন কেবল অন্যের বাসায় কোন সূত্র সন্ধানে বা সম্পর্ক বন্ধনে বাস করত যত্নপূর্ব্বক বিদ্যা রত্ন লাভাকাংক্ষী আছে। যাহারা আপন অশনাভাবেই বিরক্ত বিশেষ বসনাভাবে অব্যক্ত এমত দৈন্য বালক গণে যে কিপ্রকারে শিক্ষকের বেতন প্রদান পূর্ব্বক বিদ্যোপার্জ্জন করিতে শক্য হইবেক তাহার নিশ্চয় করিতে নিশ্চয়ই লেখনী অশক্য। কেননা নিযুক্ত বালকেরা অনেকেই নগরস্থ নহে তাহারদিগের চতুর্থাংশের তৃতীয়াংশ প্রায় অন্যান্য ভিন্ন দেশ হইতে ঢাকা নগরে আগত হইয়া কায় ক্লেশে অন্যবাসে উদর পোষণ করত বিদ্যাভ্যাসে রত হইয়াছে। তার তাহারদিগের যে কি প্রকারে বিদ্যা উপার্জ্জন হইবেক তাহা নিশ্চয়ই অকথ্য। অতএব ইহাই আশ্চর্য্য বোধ করিলাম যে কমিটির কি বিষ দৃষ্টি এ বিদ্যালয়স্থ বালকগণের পক্ষে নিক্ষেপ হইল তাহা আমরা নিতান্তই কথনাক্ষম। হিন্দুকের ধনাভাব নাই এবং কমিটির ও বিদ্যাদানে বিরত ভাব নাই তবে যে অকৃতাপরাধ এ প্রদেশস্থ বালকবর্গের মস্তকে বজ্রাঘাত হইবার লক্ষণ নিরীক্ষণ হইল তাহা কথনাক্ষম সম্পাদক মহাশয় যদি ধনাভাব হইয়া থাকে তাহাতে আমারদিগের স্মরণ হয় যে স্বর্গীয় মেট ফোর্ট সাহেব যিনি এতদ্দেশীয় এক প্রধান বিচার পতি ছিলেন তিনি এদেশের উপকারার্থ পুষ্কল ধন প্রদান করিয়া গিয়াছেন। তাহা হইতে বিদ্যালয়ের ব্যয়ার্থ কিঞ্চিৎ প্রদান করিলে হানি কি ইহাও দেশের প্রধান উপকার জন্য বটে। অতএব আমরা নিতান্ত মিনতিপূর্ব্বক আবেদন করিতেছি যে কমিটি এই বিষয়ে বিশেষ বিবেচনা বিস্তার না করিয়া কোন মীমাংসা না করেন। তাহা হইলে অল্প মধ্যেই বিদ্যালয়ের পঞ্চত্ব লাভ হইবেক ইহা আমরা বিশেষ বিশ্বাস পূর্ব্বক কহিতেছি বিশেষতঃ যাহারদিগের বিত্ত বতরণ ক্ষমতা থাকে তাহারা অনায়াসেই ব্যয় পূর্ব্বক যত্ন করত বিদ্যা রত্ন লাভ করে। কিন্তু দীন হীন ক্ষীণ জীব উপায় শূন্য সাধারণ গণের সন্তান বর্গের বিদ্যোপার্জ্জন করণ কঠিন তাহা বুঝিয়া শ্রীশ্রীযুত দেশাধিকারির অপার গুণ সম্ভার মহাশয়েরা সাধারণ বিদ্যা বৃদ্ধ্যর্থক নামক সভার সংস্থাপন করিয়াছেন। তাহার তাৎপর্য্য এই যে ধন প্রদানাক্ষম লোকের বালকদিগের বিদ্যোপার্জ্জনের উপায় করণ হেতুক সভা অতএব কি আশ্চর্য্য বিষয় যে এইক্ষণকার সভাপতি মহাশয়েরা তৎসভার যথার্থ অর্থের বিপরীত করিতে উদ্যত হইতেছেন। অতএব আমরা বিবেচনা করি যে মেম্বরেও সাহেবেরা অবধারণ করিবেন কিমধিকং নিবেদন মিতি।

অপর শ্রীযুত চন্দ্রিকা পূর্ণচন্দ্রোদয় প্রভাকর এবং হরকরা কুরিয়র ইংলিস মেন সম্পাদক মহাশয়েরা অনুগ্রহ পূর্ব্বক এই পত্রখানি স্ব২ পত্রে স্থান দানে কমিটি মহাশয়দিগের গোচর করিয়া চির বাধ্য করিবেন।

কস্যচিৎ বিদ্যালয়স্য হিতাকাংক্ষিণঃ।

Correspondence.

To the Editor of the Durpun.

We beg leave to say that we send you a few lines in prose, intended for the benefit of the country, which we beg you to oblige us by publishing in a corner of the *Durpun.*

Mr. Editor, it is now three years since a public institution was established at Dacca, at the expense of the State, for the purpose of instructing the Natives of the country in English and Bengalee, into which the children of the middling classes, who were anxious for learning, were received, and where their object was accomplished. This gave rise to hopes in the minds of the people, that if such an excellent seminary were to continue for some time, the children of the country would obtain an education, and the welfare and happiness of all would be promoted. But suddenly our hearts are pierced as with a thunderbolt. Mr. Editor, we hear that the General Committee of Instruction, has adopted this new rule, that the children admitted into the school should pay for their education, and that the expense of the Institution should be furnished from these funds. Alas! What cause for grief. We well know, that of the children who attend the Seminary, 15 in 16 are very indigent, who live for nothing at the houses of friends, while they prosecute their studies. How can children who are straitened for their food and clothing, provide for their education out of their own funds? Many of the students do not belong to the city; nearly three fourths of them have come from the surrounding country to reside in Dacca, and are filling their bellies at the houses of strangers. How they are to pay for their tuition? It is impossible for us to say. Neither can we devise how it happens that the evil eye of the Committee should have fallen on them. The Committee are in no want of funds; and they have no indisposition to impart instruction; how then does it happen that this thunderbolt has fallen upon the heads of the unoffending children? Mr. Editor, if the Committee be poor, we remember that the late Mr. Mitford, who was one of the Chief Judges of this town, left large funds for the benefit of the city; of this sum, there would be no impropriety in expending a small portion for the purposes of education. This would be to expend it on public objects. We, therefore, most humbly entreat that the Committee would not come to a decision, without taking this fact into consideration. If they do not consider it, the Seminary must become extinct. Those who have the means of spending money, will be able easily to obtain instruction from their own funds; it is for the poor and indigent children, who have no means of acquiring knowledge, that the rulers of the country have established the Seminary; and the object of the Committee is to provide education for those who have not the means of obtaining it. How then does it happen that the members of the Committee are acting contrary to the design of their association? We hope, therefore, that the matter will be taken into consideration, and that the *Chundrika*, and other papers—European and Native—will kindly give this letter a place in their columns, and lay us under a perpetual obligation.

A Lover of Seminaries.

মহামহিম মহৈশ্বর্য্যশালির শ্রীলশ্রীযুক্তেন্দ্রাদিদি ক্পতিসম মহারাজাধিরাজ মহতাপচন্দ্র রায় বাহাদুর প্রবল প্রতাপেষু।

দরখাস্ত।

পরগনে পাণ্ডুয়া মৌজে হাৎনি নিবাসি শ্রীঈশানচন্দ্র রায় দিগর মৌজে পোতবা নিবাসি শ্রীবংশীধর রায় দিগর মৌজে বেলেড় নিবাসি শ্রীগদাধর রায় দিং মৌজে তালবনা নিবাসি শ্রীরামগোপাল চট্টোপাধ্যায় দিং মৌজে উত্তরখণ্ড নিবাসি শ্রীরামচরণ চট্টোপাধ্যায় দিগর মৌজে চাম্পাহাটি নিবাসি শ্রীকৃষ্ণপ্রসাদ রায় দিং মৌজে গোওড়া নিবাসি শ্রীনীলকমল মুখোপাধ্যায় দিং মৌজে বৈঞ্চী নিবাসি শ্রীকমলাকান্ত শোভাকর ভট্টাচার্য্য প্রভৃতি গরিব প্রজাগণের অশেষ বিনতি স্তুতি পূর্ব্বক নাচে লিখিত কএক দফানুসারে দুঃখাবলাপে অবধান আজ্ঞা হয়।

১ দফা। নিবেদন হে মহারাজ রাজাধিরাজ বাহাদুর আমরা বহুকালাবধি পুরুষানুক্রমে মহারাজার অধিকারে নিষ্কর ভূমি ভোগ হেতুক কৃষি কর্ম্ম উপজীবিকায় কাল হরণ করিয়াছি এবং কাহার বা পিতৃপিতামহ মহারাজের সমুদ্র সংসারে মসজীবি জীবিকায় কাল হরণ করিয়াছেন বর্ত্তমান ইঙ্গলণ্ডীয় অধিকারে নিষ্কর ভূমি সকর হইতেছে ইহাতে উপজীবিকার পথ রুদ্ধ হইল।

২ দফা। নিবেদন আমরা বিদ্যাহীন এক প্রকার ঘোর অন্ধকারে নিমগ্ন আছি অস্মদাদির সন্তানদিগকে বর্ত্তমান কালের প্রচলিত বিদ্যা ধারণ করাইয়া আলোকালয়ে বাস করাই এমত বাসনা। হে ভূপাল আমারদিগের ক্ষমতাতে সে আশা পূর্ণা হইতে পারে না এপ্রযুক্ত

TO THE MUHA RAJ MUHATAP CHUNDER BAHADOOR.

The petition of Esanchunder Roy, and others, in the Pergunnah of Pundua, in the village of Hatnee; and of Bungseedhur Roy, and others, of the village of Potba; of Gudadhur Roy, and others, in the village of Beleiah; of Ramgopal Chotto, and others, in the village of Talbona; of Ramchurn Chotta, and others, in the village of Ootur Khund, of Kristno Prisad Roy, and others, of the village of Champahatty; of Neelkomul, and others, in the village of Goara; of Komalakantu Sobhakur, and others, in the village of Boichee. We beg you take it into your gracious consideration, the following account of our grievances.

1st. We have for many generations cultivated rent-free lands within your Estates, and have thus supported life; some of us, together without fathers and grandfathers, have earned a subsistence in your wide dominions, by the use of our pens. Under the present English Government, the rent-free lands are subjected to taxation; and thus our means of living are cut off.

2d. We are destitute of knowledge; involved in ignorance. We are anxious to impart to our children, the knowledge which is now in vogue, and thus to enable them to live in light. O lord of men, we cannot of

দুঃখার্ণবের কর্ণধার কেবল মহারাজকে জানিয়া আবেদন করিতেছি ত্রাণ করিতে আজ্ঞা হয়।

৩ দফা। উপরোক্ত দুস্তারতরঙ্গের আতঙ্ক হেতুক হজুরে নিবেদন আমারদিগের সন্তানগণকে রাজধানী বর্দ্ধমানে রাখিয়া বিদ্যাভ্যাস করাইতে ইচ্ছা করি তাহাতে অক্ষম যেহেতু এমত সংস্থান নাই যে পরিবার হইতে পৃথক করিয়া সন্তানদিগের বাসা খরচ যোগাই অতএব চুঁচুড়া ও বর্দ্ধমান ধামে যে বিদ্যালয় স্থাপন হইয়াছে তাহা অস্মদাদির পক্ষে বিফল হে ভূপতি দীনহীনের উপায় কেবল হজুরমাত্র

৪ দফা। নিবেদন হজুরের দেদীপ্যমান চন্দ্রকিরণ প্রভাতে অধিকারস্থ দীন দুঃখিরাও আলোক প্রাপ্ত হইয়া পরমেশ্বরের নিকটে ধন্যবাদ করিতেছে। হে মনোভিলাষ পূরক এই দীন হীন প্রজারদের উপকারার্থে বৈঞ্চি কোম্পানির প্রধান ডাক ঘরের নিকটে ইঙ্গরেজী ও বাঙ্গালা দুই বিদ্যাধ্যয়নার্থে এক বিদ্যালয় স্থাপন করিয়া দেন তবে অনেক দীন দুঃখির সন্তানেরা পশুত্ব হইতে মুক্ত হইয়া মনুষ্যত্ব প্রাপ্ত হয়।

৫ দফা। হজুরে নিবেদন অস্মদাদির বাসনা পূর্ণ জন্য কলিকাতাস্থ কৌন্সেলে এক আবেদন পত্র প্রেরণ করিয়াছি কিন্তু তাহাতেও মহারাজের দৃষ্টি ব্যতীত উপায় নাই।

৬ দফা। হজুরে নিবেদন রাজ সংসারের যে সকল অল্পায় বি তালুকদার তাঁহারদিগের এসকল বিষয়ে কোন প্রকারের মনোযোগের সম্ভাবনা নাই তাঁহারা বিষয় মদেই মত্ত পরোপকার পরম ধর্ম্ম চেষ্টা কোথায়।

৭ দফা। হজুরে নিবেদন উক্ত বৈঞ্চি গণ্ডগ্রাম কিন্তু পার্শ্বে২ অতি কুগ্রাম সকল বেষ্টন করি মহারাজার দয়াসিন্ধুর কণা পড়িলে সভ্যরূপ পবিত্র হয়।

৮ দফা। হজুরে নিবেদন মহারাজার রূপ গুণ যশ ও দয়া বর্ণন করিতে লেখনী পত্র বিরহ। হে মহারাজ কৃপাবলোকন দ্বারা সুধাসিন্ধু কণ দানে কুগ্রামস্থ দীনগণের পুনর্জন্ম দিতে আজ্ঞা হয়। উপরোক্ত বৈঞ্চী গ্রামে এক বিদ্যালয় স্থাপন হইলে আমারদিগের সন্তানগণ বিনা ব্যয়ে নিজগৃহে আহার করিয়া বিদ্যাভ্যাস করিতে পারে ইহা হজুরে নিবেদন করিলাম মহারাজাধিরাজ বাহাদুর কর্ত্তৃক দয়া করিয়া যথা বিধান আজ্ঞা হয়।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

গত কএক বৎসরাবধি এতদ্দেশীয় পুরুষেরদের যেরূপ বিদ্যানুশীলন হইতেছে তাহাতে ভারতবর্ষস্থ মিত্র সম্প্রদায় আহ্লাদিত হইতে পারেন এবং দেশহিতৈষি মহাশয়েরা যে প্রকার উদ্যোগ করিতেছেন তাহাতে বোধ করি যে আরো বিদ্যার মহানুশীলন হইতে পারিবে। কিন্তু দেখিয়া আমি অতি খেদিত হইলাম যে স্বদেশীয় লোকেরদের বিদ্যাভ্যাস বিষয়ে তাদৃশ মনোযোগ করেন না। কএক জন হিতৈষি সাহেব লোক ও বিবি সাহেবেরা স্ত্রী লোকেরদের বিদ্যা শিক্ষার্থে পাঠশালা স্থাপনার্থ উদ্যোগী হইয়াছেন কিন্তু দুই এক স্থানে অতি নীচ জাতীয় কএক জন বালিকা বস্ত্র ও অন্যান্য পারিতোষিকের নিমিত্ত তাঁহারদের পাঠশালাতে গমন করে কিন্তু অন্যান্য স্থানে তাঁহারদের ঐ উদ্যোগ বিফলই হইয়াছে।

ভারতবর্ষ সভ্য হওনার্থ বিবেচনা করিলে এই বিষয় অতিবিলপনীয় বটে। যদ্যপি পুরুষেরদের সঙ্গে২ স্ত্রীরদিগকে বিদ্যা শিক্ষা না দেওয়াযায় তবে দেশের সৌষ্ঠব হওনের অতি বিলম্ব হইবে। সকল দেশেই সর্ব্বকালেই পুরুষেরা স্ত্রীলোকের বাধ্য বটেন এবং ইহা যথার্থ বটে তবে স্ত্রীলোকেরা যদি সম্পূর্ণরূপে অজ্ঞানাবস্থায় থাকেন তবে পুরুষেরা কিরূপে সর্ব্বতোভাবে সভ্যতা প্রাপ্ত হইতে পারেন।

যে সময়ে লোকেরা দিবা রাত্রি গণ্ডগোলেই ক্ষেপণ করেন এবং পূজা নৃত্য গীতাদি নানা আত্ম সন্তোষক ব্যাপারে রত ছিলেন এই কাল ক্রমে গত হইতেছে কিন্তু ঐ সকল অলীক আনন্দকে সঙ্গে স্ত্রী

ourselves satisfy these wishes. Your are the Pilot in the ocean of difficulties; we pray to you for relief.

3d. Through dread of these difficulties, we represent that it is our desire to place our children at Burdwan, that they may obtain knowledge; but this we are unable to do; for we have not the means of keeping up a separate establishment for them, distinct from that of our families. Hence the Colleges which have been established at Chinsurah and Burdwan, are in respect to us useless. You alone can afford us relief.

4th. The poor and indigent who live in the rays of your favour, consider themselves fortunate. We beg you, therefore, to establish two schools; the one of English, the other of Bengalee, at Boeechee, near the Post Office; thus many children of the poor will be raised from a state of brutality to a state of manhood.

5th. We have sent an application to the Council in Calcutta, in the hope that our desires would be fulfilled; but unless you will look favourably upon it, it cannot succeed.

6th. We would represent that the smaller Talookdars within your Estate, pay no attention to these things. They are immersed in secular affairs; they have no anxiety for the relief of others.

7th. Boeechee is a large village, surrounded with a number of very inferior villages. If your Highness will cast the eye of your compassion upon them, they may become purified.

8th. All are acquainted with the fact, that since the abolition of the Transit Duties, all travellers have been greatly delighted. But one of our friends, recently going from hence to Dacca, saw a great many anomalous proceedings in the way, the particulars of which he has written to us, which we now publish without alteration. They will, probably, excite the astonishment of the reader.

To the Editor of the Durpun.

SIR,—The progress of education among the males in this country during these last few years, has been what every friend of India could wish, and the renewed exertions now making both by Government and philanthropic individuals, cannot but accelerate their improvement still more; but I am sorry to see the enlightened portion of my countrymen, still behold with indifference, the degraded condition of our females. A few benevolent European gentlemen and ladies, indeed, made some attempts to introduce female schools, but they have failed, excepting in one or two places, where a small number of the very lowest classes attend the schools for the sake of clothing and other rewards. This is a very melancholy picture for the civilization of India. Unless the amelioration of the males is followed by that of the females, I fear the mental advancement of the country will be thrown back to a still further period. It cannot be denied, I believe, that the females in every country and age exercise a great influence (very deservedly too) over the conduct of men; how, then, can our brethren expect to raise themselves in the scale of civilization, while their better halves remain in the state in which they are now in?

The time is fast going away when people used to spend their days and nights in the confusion and uproar of superstitious Poojahs, Shrauds, Nautches, and other sensual gratifications. The condition of the females was in a manner, suited to those vain enjoy-

লোকেরদের এক প্রকার ঐক্য ছিল ফলত স্ত্রী পুরুষ উভয়েরই সমান মানসিক অন্ধকার। কিন্তু এইক্ষণকার লোক ও শিশুগণ বিদ্যাধ্যয়ন করিতেছেন তাঁহারা অবশ্যই উচ্চ ও উত্তম কার্য্যে রত হইবেন। বাণিজ্য বা বিদ্যার্থে তাঁহারা ভিন্ন দেশেও গমন করিবেন। ঈশ্বরের প্রকৃত আরাধনার তুল্যরূপে তাঁহারা আপনারদের ধন ব্যয় করিবেন অতএব পুরুষেরদের এইরূপ অবস্থার পরিবর্ত্তন হইলে কি মূর্খ স্ত্রীরদের সঙ্গে তাঁহারদের সংপ্রীতি হইবেক। দিবসীয় মানসিক ও শারীরিক পরিশ্রমের পর পুরুষের যে সান্ত্বনা ও সাহায্যের আবশ্যকতা তাহা কি তিনি ঐ অজ্ঞান স্ত্রীর নিকটে পাইতে পারিবেন। ঐ স্ত্রীর নিকটে কি তিনি আপনার অন্তঃকরণীয় বার্ত্তা প্রকাশ করিতে পারিবেন। আপনারা অনেক সন্তানেরদের রক্ষণাবেক্ষণার্থ তাদৃশ স্ত্রীর নিকটে কি উপযুক্ত পরামর্শ পাইতে পারিবেন। এতদ্দেশীয় প্রাচীন রীত্যনুসারে পুরুষের উপরেই সাংসারিক তাবৎ ভার পড়ে অথচ স্ত্রী কেবল বসিয়া থাকিবেন অধিকন্তু প্রতিবাসি না পরিবারের মধ্যে বিবাদ জন্মায় এবং ঐ বিবাদ ভঞ্জনার্থ পুরুষেরদের কি পর্য্যন্ত সময় হরণ না হয়। সকলই অবগত আছেন যে ঐ স্ত্রীরদের বিবাদ কেবল অত্যল্প তুচ্ছ কারণেতে জন্মে এবং তদ্দ্বারা ভ্রাতা পিতৃব্য ও অন্যান্য বন্ধু বান্ধবের মধ্যে ঘোরতর বিচ্ছেদ হয় কখন২ মোকদ্দমাও ঘটে তাহাতে সর্ব্বস্বান্ত হয় ইহার কারণ কেবল স্ত্রীরদের মূর্খতা তাহারদিগকে উত্তমরূপে বিদ্যাভ্যাস করাউন এবং পৃথিবীস্থ বস্তু সকল দর্শাউন তবে মূর্খতা দূর হইবে অতএব আমি স্বদেশীয় মিত্রবর্গের প্রতি এই বিনীতি করি যে ইহার প্রতিকারক কোন উপায় স্থির করেন এই অকিঞ্চনের বোধ কলিকাতা বরাহনগর পানীহাটি চুঁচুড়া শান্তিপুর প্রভৃতি প্রধান২ গণ্ডগ্রামস্থ বিশিষ্ট মান্য ব্যক্তিরদের উচিত যে তাঁহারা সকলে একত্র হইয়া স্ত্রীরদের বিদ্যাভ্যাসার্থ এক২ পাঠশালা স্থাপন করেন। আমি জানি যে এই বিষয়ে অনেকের সম্মতি আছে কিন্তু কেহ অগ্রসর হন না। এক ব্যক্তি ইচ্ছা করেন যে অপর ব্যক্তি আরম্ভ করেন কিন্তু এতদ্রূপ টালমাটাল আর কতকাল পর্য্যন্ত করিবেন অতএব অতিসাহসপূর্ব্বক আমরা কেহ এইক্ষণে আরম্ভ করি কর্ম্ম উত্তম বটে এবং শ্রীপরমেশ্বরের প্রসাদে আরম্ভ করিলেই নিতান্ত সুফল দর্শিতে পারিবে। সম্পাদক মহাশয় আপনকার পাঠক মহাশয়েরদের অভিপ্রায় জ্ঞাত হইলে পুনর্ব্বার এই বিষয়ে আমি লেখনী ধারণ করিব।

কস্যচিৎ ব্রাহ্মণস্য

চুঁচুড়া ২৪ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

যে মোক্তারেরা আদালতে বা কাছারিতে উপস্থিত থাকেন প্রায় তাঁহারাই দরখাস্তের সওয়াল জওয়াব প্রভৃতি আদালতের কাগজপত্র বঙ্গভাষাতে প্রস্তুত করিয়া দেন এবং তাঁহারা আপনারদের সাধ্যানুসারে তাহাতে পারস্য কথা প্রবেশ করান তাঁহারা বোধ করেন যে ইহাতে জজ সাহেবেরদের সন্তোষ জন্মিবে তাঁহারদের স্মরণ নাই যে বাদি প্রতিবাদির বোধজনক কথাই লিখিতে হয় এইক্ষণে আদালতের মধ্যে বঙ্গভাষা সর্ব্বত্র চলিত হইবে অতএব উচিত হয় যথাসাধ্য পারস্য ভাষা বাঙ্গলা লিপি হইতে উঠান যায় কেবল যে কথা সর্ব্বসাধারণের বোধ হয় এবং প্রাচীন ব্যবহারে চলিয়া আসিতেছে কেবল সেই কথাই থাকিতে পারে। অতএব বাঙ্গালা লিপির মধ্যে যে তদ্রূপ সকল কথা লিখিত হইয়া থাকে তাহার এক ফর্দ্দ আমি প্রস্তুত করিলাম যে সকল কথা

ments. In fact, the mental darkness of both sexes corresponded with each other. But the educated portion of the present and rising generation will apply themselves to higher and nobler pursuits; they will visit foreign shores and countries for the purposes of commerce and science; they will spend their wealth in a manner suited to the stewardship of God. Will any body say, that the present female society will suit their altered conditions and refined taste? Can a husband expect to find that solace and relief in the bosom of an ignorant wife, of which he stands so much in need of, after the mental and corporeal fatigues of a day? To whom is he to open his mind, or apply for advice and co-operation in the difficult tax of managing a family of children? According to the *venerable old* custom in this country, a husband is expected to do every thing, while his wife remains idle or employed in tomenting a quarrel with the other members of the family, or with her neighbours, which does not take a small portion of her husband's time to settle amicably. Is it not known that such female quarrels, arising at first from trifling causes, lead to the seperation of brothers, uncles, and other near and dear relatives, and not unfrequently lead to law-suits, which ultimately become the ruin of a family? What is the course of all these? *Ignorance*, downright ignorance. Educate them properly—let them see the world, and all these evils will be removed. I humbly beseech my countrymen to consider the subject seriously, and devise some means to remedy the evil. In my humble opinion, I would suggest, that in large towns and populous places, such as Calcutta, Buranugger, Penuety, Chinsurah, Santeepore, &c., the respectable and enlightened classes should meet, and by common consent, establish female schools. I know a great many of them who are well inclined to this plan, but nobody likes to take the lead. One is waiting that another should commence it; but how long are we to go on in this manner, thinking and hesitating? Let us at once act boldly—our cause is good, and under the blessings of Providence, success will attend us—if we but commence it. I will take up the subject again, Mr. Editor, after I learn the sentiments of your readers.

Yours, &c.

A Brahmun.

Chinsurah, Feb. 24th, 1838.

To the Editor of the Durpun.

The Mooktears that attend the Courts and Kutcherrys are generally the persons that draw out Plaints, Answers and Durkhausts in Bengalee, in which they introduce as many Persian words as their ingenuity has taught them; presuming, no doubt, that they will be better understood by the presiding Judge; forgetting that they ought to write for the adverse party, who is not always acquainted with such terms. Now that the Bengalee language is to be generally introduced in the Courts, it is desirable that the Persian terms in Bengalee writing should be dropped (except such words as are commonly understood by every one, and have ancient usage, the English as well as the Persian,) I have, therefore, made out a list of the words which appear in Bengalee reading; those mark-

ধ্র নিকটে চিহ্ন দেওয়া গিয়াছে সেই কথা প্রায় থাকিতে পারে যেহেতুক তাহা প্রায় সকল লোকেরই গোচর আছে এবং যে সকল কথাতে চিহ্ন দেওয়া যায় নাই সেই কথার পরিবর্ত্তে সংস্কৃত ব্যবহার করিলে পূর্ব্ববৎ মন্দই হয় অতএব সামান্য বাঙ্গালা ভাষার ব্যবহার করণ ভাল। যদ্যপি কোন ব্যক্তি আমার এই পরামর্শে ঐক্য হন এবং স্বীয় অভিপ্রায় সর্ব্বসাধারণকে জ্ঞাপন করেন তবে পারস্যের পরিবর্ত্তে দেশের মধ্যে উত্তম বাঙ্গালা কথার সুনিয়ম হইতে পারিবে এবং যাঁহারা আমার এই পরামর্শে ঐক্য হন বা না হন তাঁহারা ইহাতে স্বং অভিপ্রায় লিখিবেন এই প্রযুক্ত ইহা দর্পণে প্রকাশার্থ প্রেরণ করিলাম।

বঙ্গভাষানুরক্তস্য।

২০ ফেব্রুআরি ১৮৩৮।

ed with an asterick should be retained, as generally well understood; and those not marked, might be as well and better expressed in common Bengalee, not Sunskrit, for that would be as bad again. If any person should enter into my view on the subject, and give his opinion to the public, a general improvement might be made by leaving out Persian where an equally good Bengalee word may be used. My suggestion is open to remarks by persons who agree, or who do not agree with me on this subject. I submit them for publication in the *Durpun.*

A Lover of Bengalee.

February 20th, 1838.

ইঙ্গরেজী ও পারস্য চলিত ভাষার অর্থ গৌড়ীয় ভাষায়।

ইঙ্গরেজী প্রচলিত ভাষা।

জজ	রিস্গেণ্ট
সেসিয়ন জজ	ডিক্রী
কমিসনর	ডিসমিস
কালেকটর	সমন্‌ট
ডেপুটি কালেকটর	প্রিসেপ্‌ট
মাজিষ্ট্রেট	ওয়ারণ্ট
জাইণ্ট মাজিষ্ট্রেট	ডিপকিট
আসিষ্টাণ্ট	কেরাণি
ডাক্তর	হৌস
বোর্ড রেবিনিউ	কামরা
কোর্ট আপীল	টর্নি
সদর দেওয়ানী	কোম্পানি
আপীল	সদর নিজামত
আপেলাণ্ট	

পারস্য প্রচলিত।

জিলা ও শহর*	তজবীজ*
সদর আমিন*	দরখাস্ত*
সদর আমিনআলা*	আসামী*
মুনসেফ*	ফরিয়াদী*
হাকিম*	আরজি*
সেরেস্তাদার*	জওয়াব*
পেস্কার*	জওয়াবল জওয়াব*
খাজাঞ্চী*	রদ্দ জওয়াব*
মুহরি*	সওয়াল*
নাজির*	পরওয়ানা*
বক্‌শি*	রসিদ*
দফাদার*	কৈফিয়ৎ*
আদালত*	সরেণও*
কাছারী*	মুৎফরক্কা*
ফয়সালা*	ইশ্‌তেহার*
নালিস*	খারিজ*
রুবকারী*	দাখিল*
মোকদ্দমা*	

চলিত পারস্য।	গৌড়ীয় ভাষায় অর্থ।
খোদাওন্দা*	ধর্ম্মাবতার
হুকুম*	আজ্ঞা
মঞ্জুর*	গ্রাহ্য
নামঞ্জুর*	অগ্রাহ্য
এস্তেফেসার	জিজ্ঞাসা
তমহিদ	বিস্তার বর্ণনা
পিজীরা	যোগ্য গ্রাহ্য
রেহাই	নিস্তার পরিত্রাণ মুক্ত
রুবরুই*	সমক্ষে সাক্ষাৎকার
মায়েনা	দৃষ্টি দেখা
তামতাম	একান্ন
তফরিক	পার্থক্য পৃথক্
কয়াস	জ্ঞানগম্য অনুমান
একেলাফ*	প্রভেদ উল্টা
মোগালেতা	মিথ্যা
গলত*	অশুদ্ধ
গোশগোজার.	কর্ণগোচর
রকুমাত	নানাবিধ
দাদগোস্ত্রা	হে বিচারকর্ত্তা
গরীবনওয়াজা*	দীনহীনঅনুগৃহীতা

চলিত পারস্য।	গৌড়ীয় ভাষায় অর্থ।
গরীবপরওর	দুঃখিপ্রতিপালক
বেওাজলমোলক	দেশাচার
আশালতন	স্বয়ং
ওকালতন	উকীলের দ্বারা
মুক্তারতন	মোক্তারের দ্বারা
বা সকার	মন্ত্রণাদায়ক
গাওয়া*	সাক্ষি সাক্ষ্য
কারপরদাজ*	কর্ম্মনির্ব্বাহক
জওজা	বণিতা পত্নী ভার্য্যা
শৌহর	স্বামী পতি
হিনহয়াৎ*	জীবদ্দশা
ফৌত	লোকান্তর পরলোক
এত্তেলা এয়ালাম*	সম্বাদ
জারী*	চলিত
আমানত*	গচ্ছিত
ওয়াপস*	ফেরত ফিরিয়া
সদর*	বাহ্য
মফঃসল*	অন্তর গোপন
জুলুম*	দৌরাত্ম্য
সাজা*	দণ্ড
জেহেলখানা*	কারাগার
কএদ*	বন্দ
গরজ মতলব*	প্রয়োজনিক মনোযায়ী
মৌরস*	পিতৃপুরুষ
ওয়ারিস*	উত্তরাধিকারী
সরাসত*	সত্তা
দখল*	ভোগ অধিকার
বেদখল*	ভোগরহিত অনধিকার
খরিদ*	ক্রয়
খরিদা*	ক্রয়করা
খরিদার*	ক্রয়কারক
মোতাহেম*	প্রতিবাদী
তকসীম*	বণ্টন বিভাগ
মাতবর*	মান্য
মাতবরি*	প্রত্যয়ী মান্যতা
তফরক তছরূপ*	ক্ষতি
গুজরান*	নির্ব্বাহ
হাজির*	উপস্থিত
গরহাজির*	অনুপস্থিত
লাওলদ	নিঃসন্তান*
হামল	গর্ভ*
হামেলা	গর্ভিণী*
মতবন্না	পোষ্যপুত্র*
আওলাদ	সন্তানাদি*
পরদানশিন	কুলবধূ*
জেওরাত	অলঙ্কারসকল*
মৌরুশী	পৈত্রিক*
দাদখা	বিচার প্রার্থনিক*
সঙ্গিন	গুরুতর*
রওশন*	দীপ্ত
শরিহন*	সমুদয়
মবশুল	প্রবর্ত্ত
তওানাই	ক্ষমতা
ওয়াজবলআরজ*	উচিত নিবেদন
মোক্তজায় ইনসাফ*	বিচার্য্য

চলিত পারস্য।	বাঙ্গালা সাধুভাষায় অর্থ।
তজলজল	কম্পান্বিত
সরসরি*	সামান্য
জাবেতা*	দাঁড়া রীতি
মদিউন*	ঋণগ্রস্ত
ফেরার*	পলাতক
বরপা*	উপস্থিত
ওরকে*	পরিচিত
নওাম্মেদ	নৈরাশ
আঁজা	দীপ্তমান
আসকারা	প্রকাশ
পেয়গাম	সম্বাদ
এন্তেকাল	হস্তান্তর
বেহুদা	অনর্থক
দস্তেয়াব	হস্তগত
একতরফা*	একপক্ষে
উম্মেদওয়ার*	প্রার্থনিক
সরোকার*	সংসুব
জাএজ*	সত্য প্রকৃত
নাজাএজ*	অপ্রকৃত
আহওয়াল*	সংস্থান
দফাওয়ারি*	বারম্বার পৃথক২
হকদার*	স্বার্থাধিকারী
কমফহম	অল্পবুদ্ধি
নাদান*	অজ্ঞান
আন্দাজ তখমিনন*	অনুমান
বলকুল*	তাবৎ সমুদায়
পয়মায়েস*	মাপ পরিমাণ
সুরু*	আরম্ভ
বেকস	অনাথা
বেওয়া	পতিহীনা
অবীরা	পতিপুত্রবিহীনা
আখের	শেষ
তোরফাএন	উভয়পক্ষ
সরাসর	সমুদায় সর্ব্বেব
মহসুফ	প্রশংসিত

চলিত পারস্য।	বাঙ্গলা ভাষায় অর্থ
নারাজ	অস্বীকার
নাহক	চক্রান্ত
শিকস্ত	ভগ্ন
জাল	কৃত্রিম
বেওতন	জন্মভূমিত্যাগ
মারফত	দ্বারা
তাগীদ	ত্বরা শীঘ্র
এরাদা	মানস
খলল	ব্যাঘাত
মবারক	শুভ
মোস্তরি	ক্রেতা
বায়া	বিক্রেতা
মনকুলা	অস্থাবর
গয়ের মনকুলা	স্থাবর
হাওয়ালা	সমর্পণ
নেস্ফানেস্ফ	আর্দ্ধার্দ্ধি
শোলস	তৃতীয়াংশের এক অংশ
পোক্তা	পক্বতা
হামশায়া	প্রশংসিত
এনফেশাল	নিষ্পত্তি
উম্মেদ	প্রার্থনা বাঞ্ছা
এজাজত	অনুমতি
শেকায়েত	কুচ্ছ নিন্দা
বাদহু	পরে
বেয়দরবয়	পরপর বিক্রয়
আওলন	প্রথমতঃ
মৌজুদ*	প্রস্তুত
তাজ্জব*	আশ্চর্য্য
ইয়াতবার	বিশ্বাস
বেইয়াতবার	অবিশ্বাস
দস্তবরদার*	হস্তোত্তোলন অর্থাৎ ক্ষান্ত
তালাব	পুষ্করিণী
গদীরা*	ক্ষুদ্র পুষ্করিণী
হরজ হরকত*	ব্যাঘাত
মশহুর*	রাষ্ট্র

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মুদ্রা প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইলেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ৷৷০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোকে তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জন ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরী সাহেবকর্তৃক রচিত তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ৩ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৶	ঐ
২ ক্লাস	৷৷০	৷০	ঐ
৩ ক্লাস	৩৷০	৷০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷০	১৪৷০	ঐ
৪ টাকার লোন	২	২৷০	ঐ

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ১৮০০—১৯০০ প্রিমিয়ম

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 0
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Dist.

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৮২ সংখ্যা। বালম ২০।] ১০ মার্চ ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ২৮ ফালগুণ। SATURDAY, MARCH 10TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1182. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারতবর্ষস্থ কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হকুমক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ.

খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

SUPREME COURT, CALCUTTA.

Russickchunder Seal, *Complainant.*
Alexander Millet, *Defendant.*

Notice is hereby given, that pursuant to a Decree made in this cause on the 12th day of January last, the following property will, on a day to be hereafter named, and of which due notice will be given, be sold by the Master at his office, in the said Court, in Calcutta, for the purposes in the said decree mentioned, viz.

All that Indigo Factory, called the Sootraghur Factory, situated on the banks of the River Hooghly, in the Mouzah of Santipore, in the district of Krishnaghur, consisting of 17 pairs of vats and the necessary implements and utensils for the manufacture of Indigo, and the Bungalow thereto belonging. The cultivation consists of about 2,000 biggahs of Neez Churland, and there is a likelihood of adding 2,500 biggahs more.

For particulars, apply at the Master's Office, or Messrs. Wight, Boyle and Thomas, the Complainant's Solicitors.

A. DOBBS, *Master.*

Master's Office, 27th February, 1838.

ইশতেহার।

কলিকাতার সুপ্রিম কোর্ট।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রসিকচন্দ্র শীল ফরিয়াদী ও আলেকজান্দর মিলেট সাহেব আসামী সেই মোকদ্দমার গত ১২ জানুআরি তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রীর অভিপ্রায় সিদ্ধ করণার্থ সম্পত্তি বিক্রয়ের যে তারিখ নির্দিষ্ট হইয়া সম্বাদ দেওয়া যাইবেক ঐ তারিখে কলিকাতার সুপ্রিম কোর্টের মাষ্টর আপীসে নীচে লিখিতব্য সম্পত্তি বিক্রয় হইবেক।

বিশেষতঃ জিলা কৃষ্ণনগরের মৌজে শান্তিপুর গঙ্গাতীরস্থিত সুতরা গড় কুঠী নামে বিখ্যাত এক নীলের কুঠী তাহাতে ১৭ জোড়া হৌদ এবং নীল প্রস্তুত করণের আবশ্যক সরঞ্জামসকল এবং এক বাঙ্গালা ও নিজচর ২০০০ বিঘা আবাদী ভূমি এবং এই প্রকার চাসকরণের সম্ভাবিত আর ২৫০০ বিঘা ভূমি।

এই বিক্রয়ের বেওরা মাষ্টর আপীসে অথবা ফরিয়াদীর উকীল শ্রীযুত ওয়াইট ও বয়ল ও তামস সাহেবের নিকট অন্বেষণ করিলে জানিতে পারিবেন।

এ ডবস মাষ্টর

মাষ্টর আপীস।
২৭ ফেব্রুআরি ১৮৩৮ সাল।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রামতনু মল্লিক প্রভৃতি ফরিয়াদী ও রামগোপাল মল্লিক প্রভৃতি আসামী পুনরুত্থাপিত সেই মোকদ্দমার গত ৬ আপ্রেল তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে গত ১৩ দিসেম্বর তারিখে মৃত রামগোপাল মল্লিকের ইস্টেটের মধ্যে নীচে লিখিতব্য যে সম্পত্তি বিক্রয় হয় নাই তাহা আগামি ১৯ মার্চ তারিখ বৃহস্পতিবারে বেলা দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের মাষ্টর আপীসে পবলিকসেলে অর্থাৎ নীলামে উক্ত ডিক্রীর অভিপ্রায় সিদ্ধার্থ বিক্রয় হইবেক।

লাট নং ১৫ A এবং কলিকাতা নগরের চিৎপুর রাস্তায় মাছুয়া বাজারের শামিল ও অন্তঃপাতিস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমিঅনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলোকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎপুরের রাস্তা। পশ্চিম দিগে মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি উত্তর দিগে সরকারী নর্দমা এবং পূর্ব্বোক্ত মৃত রামগোপাল মল্লিকের ভূমি ভোলানাথ বাবুর ভূমি রামপ্রসাদ সেনের ভূমি।

লাট নং ১৬। A কলিকাতা নগরের নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মৃত রামগোপাল মল্লিকের ভদ্রাসন বাটী। পশ্চিম দিগে প্রাণধন দত্তের বাটী। দক্ষিণ দিগে গোলোকচন্দ্র ধর ও মৃত গোবিন্দচন্দ্র ধরের বাটী। উত্তর দিগে সরকারী নর্দমা।

লাট নং ১৭। A কলিকাতা নগরে নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ১/১। এক বিঘা দেড় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী নর্দমা। উত্তর দিগে তেলির বাটী নামে বিখ্যাত বাটী। পশ্চিম দিগে গোবিন্দচাঁদ বাবু ক্ষত্রিয়ের বাটী। পূর্ব্ব দিগে বাবু ভোলানাথ ক্ষত্রিয়ের বাটী।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর আপিসে অথবা ফরিয়াদীর উকীল টি বিসুইনহো সাহেবের নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

এ ডবস
মাষ্টর

মাষ্টর আপিস।
২২ ফেব্রুআরি ১৮৩৮ সাল।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব যে মোকদ্দমায় ব্রজসচ্চিদানন্দ পণ্ডিত ফরিয়াদী ও কৃষ্ণচন্দ্র শূর ও আনন্দ দরবান ও গোবিন্দ মুখুয্যা ও কৃষ্ণমোহন ঘোষ ও নফরা কামার আসামী সেই মোকদ্দমায় বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে নফরা কামারের সম্পত্তি বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে সূতানুটিতে শ্যামবাজারের শামিল ও অন্তঃপাতিস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নফরা কামারের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর পূর্ব্ব দিগে মৃত রাজা গোপীমোহন দেবের ভূমি। দক্ষিণ দিগে হরপ্রসাদ ঘোষের ভূমি। পশ্চিম দিগে উর্ব্বেলিংটন স্ট্রিট।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ইশতেহার।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব হেনরি কাইট সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের কসাইটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ৪৪ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী হেনরি কাইট সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে গলি। উত্তর দিগে জে ওয়াইট সাহেবের বাটী। পশ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে হণ্টর সাহেবের অশ্বালয়।

এবং কলিকাতা নগরের ডিঙ্গাভাঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬১ ষোল কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী হেনরি কাইট সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গলি। দক্ষিণ দিগে সিমিরন সাহেবের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে মারলি সাহেবের বাটী ও ভূমি। পশ্চিম দিগে সরকারী রাস্তা।

এবং ৪ চারিখান পাল্কি গাড়ি ও ৪ চারিখান চেরেট ও কএক খান পাতর বিক্রয় হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মণিমাধব দত্ত ও শিবচন্দ্র দত্তের মরণোত্তর শম্ভুচন্দ্র দত্ত ও ঈশানচন্দ্র দত্ত রাজচন্দ্র দত্তের বিরুদ্ধে ফাইরহৈ ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনার বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ২৩/ বি

যা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার পাঁচ অংশের তিন অংশে ও তাহার পাঁচ অংশের তিন অংশে মধ্যে ও তাহার পাঁচ অংশের তিন অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মণিমাধব দত্ত ও শিবচন্দ্র দত্ত ও রাজচন্দ্র দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরেকৃষ্ণ শীলের বাগান। পূর্ব্ব দিগের একাংশে আসামীরদের ধান্য ভূমি অপরাংশে রাধামোহন গোস্বামির বাগাৎ। দক্ষিণ দিগের একাংশে রামহরি মুখুয্যের বাগান ও অপরাংশে মাণিক আঢ্যের ভূমি। উত্তর দিগে রাজকৃষ্ণ বাহাদুরের ও কাশীনাথ মুনসীর ভূমি।

সরিকের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৮ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিকের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বুজকুমার সেটের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরে বড় বাজারে সুপরিহাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত কএক গুদাম ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।০ এক বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নীলু পালের বাটী ও ভূমি। উত্তর দিগে নকুলেশ্বর যাইতে এক গলি। পশ্চিম দিগে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে মৃত কাশীনাথ বাবুর বাটী ও ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরের বড় বাজারে জগন্নাথের ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ১/১ এক বিঘা এক কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগের একাংশে পাঁচু বসাকের ভূমি অপরাংশে পূর্ব্বোক্ত আসামীর ভূমি। পূর্ব্ব দিগের একাংশে আশুতোষ বাবুর ভূমি। অপরাংশে পূর্ব্বোক্ত আসামীর ভূমি। দক্ষিণ দিগে সরকারী রাস্তা।

৩ দফা। এবং কলিকাতা নগরে সূতানুটিতে যোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ২৪।১।৵ চব্বিশ বিঘা ছয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে বস্তীতলার রাস্তা। দক্ষিণ দিগে যোড়া বাগানের থানার রাস্তা। পশ্চিম দিগে চুনিলাল কাঁসারির বাটী ও ভূমি। উত্তর দিগে রামসুন্দর দের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরে যোড়াবাগানে সূতানুটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮।।৩।।৵ আট বিঘা তের কাঠা দশ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ধোপা পুষ্করিণীনামে বিখ্যাত এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী বুজকুমার সেটের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে প্রসন্নকুমার ঠাকুরের বাটী ও মৃত হরিনারায়ণ বসাকের ভূমি ও গোলোক বসাক প্রভৃতির ভূমি ও শম্ভুচন্দ্র সরকার প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে জগমোহন মুখুয্যের ফুলবাগান অপরাংশে মৃত চন্দ্রকুমার ঠাকুরের ভূমি ও রাধিকামোহন বসাক ও রামহরি বসাকের ভূমি ও শিবু পাণ্ডার ভূমি ও কালু বসাকের ভূমি। পূর্ব্ব দিগের একাংশে নূতন বাজার নামে বিখ্যাত এক বাজার অপরাংশে চড়কডাঙ্গায় শিবতলা নামে বিখ্যাত স্থান ও বিশ্বনাথ নন্দির ভূমি ও মদন বসাকের ভূমি। পশ্চিম দিগে যোড়াবাগানে সরকারী নরদমার নিকটস্থ পূর্ব্বোক্ত সেটদিগের রাইয়তী ভূমি।

সরিকের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফসেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৫ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিকের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত জেমস হিগিনসনসাহেব মণিমাধব দত্তের উত্তরাধিকারী হরিমোহন দত্ত ও ত্রৈলোক্যমোহন দত্ত ও মৃত শিবচন্দ্র দত্তের উত্তরাধিকারিণী কমলকামিনী দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনার বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ২৩/ তেইশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার পাঁচ অংশের দুই অংশে ও তাহার পাঁচ অংশের দুই অংশের মধ্যে ও তাহার পাঁচ অংশের দুই অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত মণিমাধব দত্ত ও শিবচন্দ্র দত্তের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরেকৃষ্ণ সেটের বাগান। পূর্ব্ব দিগের একাংশে পূর্ব্বোক্ত আসামীরদের ধান্য ভূমি অপরাংশে রাধামোহন গোস্বামির বাগান। দক্ষিণদিগের একাংশে রামহরি মুখুয্যের বাগান। অপরাংশে মাণিক আঢ্যের ভূমি উত্তর দিগে রাজারাজকৃষ্ণ বাহাদুরের ও কাশীনাথ মুনসীর ভূমি।

সরিকের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

বিজ্ঞাপন।

স্বস্তি সমস্ত গুণাধার অপার মহত্ত্বপারাবার মহাশয় বর্গের প্রতি আমার নিবেদন। এই ভারতবর্ষে যাবৎ পর্য্যন্ত হিন্দু রাজারদের রাজত্ব ছিল তাবৎ হিন্দু ধর্ম্ম ও হিন্দু ভাষা অব্যাহতরূপে চলিতেছিল ভারতবর্ষীয় লোকেরা স্বপ্নেও জানিত না যে অন্য ধর্ম্ম বা অন্য ভাষা আছে। অনন্তর প্রায় দ্বাদশ শতবৎসর হইল এই পুণ্য ভূমিতে যবন সঞ্চারের সহিত যাবনিক ভাষা অর্থাৎ পারসীক ভাষা প্রবেশ করিয়া ক্রমে বর্দ্ধিষ্ণু হইয়া এই ভারতবর্ষের নানা প্রদেশে নানা গ্রামে নানা স্থানে কি ক্ষুদ্র জন কি মহাজন সকলকেই আক্রমণ করিয়াছে এবং আমারদের পূর্ব্ব ভাষা অর্থাৎ সংস্কৃতানুযায়ি সাধু ভাষার মধ্যে প্রায় অনেককে দূর করিয়া দিয়া তত্তৎস্থলে আপনারাই স্বতঃ সিদ্ধ হইয়াছে এইক্ষণে পাঁচটি শব্দ প্রয়োগ করিতে হইলে তাহার মধ্যে তিনটি কি দুইটি শব্দ এতদ্দেশীয় পাওয়া যায় আর সকলি পারসীয় শব্দ। এবং আমারদের ভাষার সহিত পারসীয় ভাষা এমত অভেদরূপে মিলিয়াছে যে ঐ ভাষাদ্বয়ের প্রভেদ করা প্রায় সকলেরি দুঃসাধ্য। কেবল যাঁহারা উত্তমরূপে পারসী জানেন তাঁহারাই আপনারদের ভাষা বাছিয়া লইতে পারেন অথবা যাঁহারা সংস্কৃত ভাষা অত্যুত্তমরূপে জানেন তাঁহারাই আপনারদের সাধু ভাষা হইতে পারসী ভাষা বাছিয়া দূর করিতে চাহেন কিন্তু ব্যবহারের অনথানুপপত্তিপ্রযুক্ত অগত্যা পারেন না নতুবা অন্য সামান্য লোকের শক্তি হয় না যে এই বঙ্গ ভাষার মধ্যে কোন্ শব্দ টি পারসীয় বা কোন্ শব্দ টি এতদ্দেশীয় ইহা জানিতে পারেন। এবং আমারদিগের বঙ্গ ভাষায় পত্রাদি লিখনে বা পরস্পর কথোপকথনে কৃচিৎ সাধু ভাষার সম্পর্ক পাওয়া যায় কিন্তু রাজকীয় লিখাপড়ায় কিম্বা বিচার বিষয়ক লিখন পঠনেতে সাধু ভাষার গন্ধও নাই। পূর্ব্বে হিন্দুরদের রাজত্ব কালে রাজকীয় তাবৎ বিষয়ই ছিল তাহার লেখা পড়া স্বস্বদেশ ভাষাতেই নির্ব্বাহ হইত সে সকল ভাষার মূল সংস্কৃত অতএব মনুমিতাক্ষরাদি সংস্কৃতগ্রন্থে রাজকীয় তাবৎ বিষয় ও ভাষা লিখিত আছে এইক্ষণে পারসী ভাষার পরিবর্ত্তে ঐ সাধু ভাষা দ্বারা রাজকীয় লিখন পঠন সম্পন্ন হইতে পারে অন্যথা যবনাধিকারের পূর্ব্বে কি প্রকারে তত্তৎ লিখাপড়া নির্ব্বাহ হইত। আমি ইত্যাদি বিবেচনা করিয়া অস্মদ্ভাষা সংক্রান্ত পারসী ভাষস্থলে পুনঃসাধুভাষা সংস্থাপন করিতে বহু পরিশ্রমে এই কোষ নির্ম্মাণ করিয়াছি ইহাতে অকারাদিক্রমে সূচী করিয়া তাবৎ শব্দ বিন্যাস করাগিয়াছে। এবং পারসী ভাষার অর্থ সাধুভাষায় নিরূপিত হইয়াছে এই কোষদ্বারা বঙ্গভাষার মধ্যে চির লুক্কায়িত পারসীভাষা ত্যাগ করিয়া স্বদেশীয় সাধুভাষায় সাধুলোক লিখন পঠন ও কথোপকথন ইচ্ছা করিলে করিতে পারিবেন এবং যিনি পারসী মাত্র জানেন তিনি এই কোষদ্বারা সাধু বঙ্গভাষাতে বিজ্ঞ হইতে পারিবেন অতএব এই মহোপকারক গ্রন্থ মুদ্রাঙ্কিত করিতে বাসনা করিয়াছি ইহা সকলের গোচরার্থে তাহার কিঞ্চিদংশ মুদ্রাঙ্কিত করিয়া আদর্শ স্বরূপ প্রকাশ করিলাম ইতি.

শ্রীজয়গোপাল শর্ম্মণঃ।

পারসী	সাধুভাষা
অকল	বুদ্ধি, জ্ঞান
অকলমন্দ	বুদ্ধিমান্
অক্ত	কাল
অজুরা	বেতন, পরিশ্রমের মূল্য
অজুহনমা	হেতুবাদ
অঞ্জীর	পেয়ারা, ডুমুর, ডুমুরবৃক্ষ
অতর	গন্ধদ্রব্য বিশেষঃ
অতরদান	গন্ধদ্রব্যাধার
অতরপাস	
অদল	দলহীন, সাদৃশ্য, মুদ্রার প্রতিবিম্ব
অদাবত	শত্রুতা, মাৎসর্য্য, মন্দেচ্ছা
অদালত	বিচার স্থান, বিচার
অনামত	সম্পূর্ণ, অখণ্ড
অনার	দাড়িম্ব
অন্দর	মধ্য, অন্তঃপুর
অন্দাজ	অনুমান,

ছন্দোমঞ্জরী ও বৃত্তরত্নাবলি।

এই উভয় সংস্কৃত গ্রন্থ উত্তম কাগজে ও উত্তম বাঙ্গালা অক্ষরে শ্রীরামপুরের মুদ্রা যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া সমুদায়ে ৩১ পৃষ্ঠা একখণ্ডে বদ্ধ হইয়াছে। এই পুস্তক পাঠ করিলে তাবৎ ছন্দের লক্ষণ জ্ঞান হইয়া অনায়াসে কবিতার ছন্দো বোধ এবং অনুশীলনে কবিতাশক্তিও হইতে পারে মূল্য ৷৷০ মাত্র। গ্রহণেচ্ছুক মহাশয়রা কলিকাতাস্থ সংস্কৃত কালেজের অধ্যাপক শ্রীযুত জয়গোপাল তর্কালঙ্কার ভট্টাচার্য্যের পটোলডাঙ্গার বাসাবাটীতে অথবা শ্রীরামপুরের ছাপাখানায় লোক প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।২৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইনও এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

২৮ ফেব্রুআরি ১৮৩৮।

শ্রীলশ্রীযুত প্রেসিডেন্ট সাহেব হজুর কৌন্সলে কোম্পানির কেরাণি শ্রীযুত আর বি থরনহিল সাহেব সরকারী কর্ম্ম নির্ব্বাহার্থ নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে তাঁহাকে বঙ্গ রাজধানীর কর্ম্মভুক্ত করিয়াছেন।

উত্তর পশ্চিমাঞ্চলের কর্ম্মভুক্ত সিবিল সম্পর্কীয় শ্রীযুত উলিয়ম ফেন সাহেব উত্তমাশা অন্তরীপে ও শ্রীযুত রিচার্ড উডবর্ড সাহেব ইঙ্গলণ্ড দেশে গমনার্থ ডুক অফ বক্লিউ নামক জাহাজ আরোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৪ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেবকর্ত্তৃক পুলোপিনাঙ্গের রেসিডেন্ট কৌন্সলী শ্রীযুত জে ডবলিউ সামন সাহেব গত অক্টোবর মাসের ১১ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ আগামি আপ্রেল মাসের ৬ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বঙ্গ রাজধানীস্থ ধর্ম্মোপদেশক শ্রীযুত জে সি প্রবি সাহেব ব্লাণ্ড নামক জাহাজারোহণে ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

২৭ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ এচ টিড সাহেব ১৮৩৩ সালের ৯ আইন অনুসারে মেদিনীপুর ও হিজলির ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত ই ডবলিউ পিট সাহেব ঐ আইনঅনুসারে ঐ স্থানের ঐ ঐ।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত ডব লউ ক্রেক্রাফ্ট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ২৪ দিবসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত আর টরনস সাহেব শ্রীযুত ক্রেক্রাফ্ট সাহেবের অনুপস্থান পর্য্যন্ত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

রাজশাহীর একটিং মাজিস্ত্রেট ও কালেক্টর অথচ জজের কর্ম্ম নির্ব্বাহক শ্রীযুত সি জে এচ গ্রেহম সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ দরখাস্ত করিতে কলিকাতা রাজধানীতে আগমন নিমিত্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

কটকের সরবেয়র সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্তেনন্ত জে ডবলিউ ফ্রেজর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১০ মার্চ তারিখ অবধি আগামী ১০ মে তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

পবনার আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ জে থরন্টন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

ময়মনসিংহের একটিং মাজিস্ত্রেট শ্রীযুত আর এম স্কিনর সাহেব যে ছুটি পাইয়াছিলেন তাহার সম্পূরণ কাল বর্ত্তমান মাসের ১৬ তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণকরাতে রহিত হইল।

মালদহের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব যে ছুটি পাইয়াছেন তাহার সম্পূরণকাল বর্ত্তমান মাসের ১৯ তারিখে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনেতে ঐ তারিখ অবধি রহিত হইল।

২৮ ফেব্রুআরি।

মৌহ্বানের ধর্ম্মোপদেশক শ্রীযুত জান বেল সাহেব বর্ত্তমান মাসের ২৭ তারিখে সিঙ্গাপুর হইতে কলিকাতা রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

৩ মার্চ।

বঙ্গ রাজধানীস্থ ধর্ম্মোপদেশক শ্রীযুত জান বেল সাহেব ছুটি লইয়া বিলাত গমনার্থ জিনোবিয়ানামক জাহাজের প্রস্থান তারিখঅবধি ছুটি পাইয়াছেন।

৭ মার্চ।

শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে জেনরল পোষ্ট আপীসের কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

CIVIL APPOINTMENTS.

28th February, 1838.

The Honourable the President in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. R. B. Thornhill, Writer, reported qualified for the Public Service.

The following gentlemen of the Civil Service, employed in the North Western Provinces, embarked on board the Ship, "*Duke of Buccleugh*," which vessel was left by the Pilot at Sea on the 24th instant:

Mr. William Fane for the Cape of Good Hope.

Mr. Richard Woodward for England.

Mr. R. B. Thornhill, Writer, is reported qualified for the Public Service, by proficiency in two of the Native Languages.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to grant to Mr. J. W. Salmond, Resident Councillor at Prince of Wales' Island, an extension of the leave granted him under date the 11th October last, to the 6th April next, to enable him to join his station.

The Revd. J. C. Proby, Chaplain on the Bengal Establishment, embarked for England on board the Ship, "*Bland*," which Ship was left by the Pilot at Sea on the 6th instant.

27th February.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to make the following appointments:

Mr. W. H. Tydd to be Deputy Collector, under Regulation IX. of 1833, in Midnapore and Hidgelee.

Mr. E. W. Pitt to be do. do. under do. in do and do.

The following officers have obtained leave of absence from their Stations:

Mr. W. Cracroft, Officiating Civil and Session Judge of the 24-Pergunnahs, for fourteen days, on Medical Certificate.—Mr. R. Torrens will conduct the duties during Mr. Cracroft's absence.

Mr. C. J. H. Graham, Officiating Magistrate and Collector of Rejeshahy, and in charge of the Judge's Office, for one month, on Medical Certificate, to proceed to the Presidency, preparatory to his applying to go to sea.

Lieutenant J. W. Fraser, Superintendent of the Cuttack Survey, from the 10th March till the 10th May next, on Medical Certificate.

Mr. H. J. Thornton, Assistant Surgeon of Pubna, for one month, on private affairs.

The unexpired portion of the leave of absence granted to Mr. R. M. Skinner, Officiating Magistrate of Mymunsing, has been cancelled from the 16th instant, the date on which he assumed charge of his appointment.

The unexpired portion of the leave of absence granted to Mr. J. Lamb, Assistant Surgeon of Malda, is cancelled from the 19th instant, the date on which he rejoined his Station.

28th February.

The Rev. John Bell, District Chaplain of Mhow, reported his return to the Bengal Presidency, from Singapore, on the 27th instant.

3d March.

The Rev. John Bell, Chaplain on the Bengal Establishment, is permitted to proceed to Europe on Furlough, to take effect from the date of sailing of the Ship "*Zenobia*."

7th March,

Mr. George Alexander assumed charge of the General Post Office on the 1st instant.

১৭ ফেব্রুআরি।

কমাউনের কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্তেনন্ত এ রামজে সাহেব চিকিৎসকের সার্টিফিকটক্রমে উত্তমাশা অন্তরীপে গমনার্থ কলকাতা রাজধানীতে আসিয়া দরখাস্ত করিতে ১ ফেব্রুআরি তারিখঅবধি আগামি ১ মে পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

১৯ ফেব্রুআরি।

পদাতিক সৈন্যের ৬৯ রেজিমেন্টের এনশাইন শ্রীযুত এম ই সরউইল সাহেব গত মাসের ২০ তারিখে অযোধ্যাস্থ সহকারি সৈন্যের মধ্যে যে নিযুক্ত হন তাহা রহিত হইল যেহেতুক বোধ হইল ঐ নিয়োগ ১৮৩১ সালের ২৪ সেপ্তেম্বর তারিখের জেনরল আর্ডরে সাধারণ হুকুমের বিরুদ্ধে।

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসরের অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরিঅবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য ৮ টাকা দিয়াছেন।

শ্রীযুত জে মর্টন সাহেব।
শ্রীযুত রায় কালীনাথ চৌধুরী।
শ্রীযুত বাবু উমেশচন্দ্র পালচৌধুরী।
শ্রীযুত জে মর্টন সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১২ টাকা।

17th February.

Lieutenant A. Ramsay, Assistant to the Commissioner in Kamaon, has leave of absence from the 1st February to the 1st May next, to visit the Presidency, preparatory to applying to proceed to the Cape of Good Hope, on Medical Certificate.

19th February.

The appointment of Ensign M. E. Sherwill, of the 69th Regiment Native Infantry, under date the 20th ultimo, to serve with the Oude Auxiliary Force, is hereby cancelled, it appearing to be at variance with the General Order, under date the 24th September, 1832.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year*, from January 1st, to December 31st, 1838, Eight Rupees each.

J. Morton, Esq.
Roy Kaleenath Chowdry.
Baboo Oomeschunder Pal Chowdry.

J. Morton, Esq. to Dec. 1837, 12 Rs.

সমাচার দর্পণ

শনিবার ১০ মার্চ ১৮৩৮ সাল।

শালিকার মুনসেফ।

সর্ব্বসাধারণ লোককে তুষ্ট রাখা অসাধ্য। গত সোমবারের চন্দ্রিকাতে এক পত্র প্রকাশ হইয়াছে তাহাতে আমারদিগকে অবিবেচক ও পক্ষপাতী লিখিয়া অনেক অনুযোগ করিয়াছেন। সামান্যত বোধ হয় যে সকল ব্যক্তি ঐ মুনসেফের বিরুদ্ধাচারী তাঁহারদিগের কর্ত্তৃক ঐ পত্র লিখিত হইয়া থাকিবে। এই বিষয়োপলক্ষে আমরা যাহা পূর্ব্বে করিয়াছিলাম তাহা এই যে ঐ মুনসেফের প্রতি নানা অভিযোগসূচক এক পত্র প্রাপ্ত হইয়া তাহা দর্পণে প্রকাশ করি এবং তাহার উত্তরস্বরূপ চন্দ্রিকাতে মুনসেফের পক্ষ হইতে এক পত্র প্রকাশ হয় তাহাও আমরা অনুবাদ করিয়া দর্পণে প্রকাশ করিয়াছি তৎপরে আমারদের নিকটে ঐ মুনসেফের দোসখ্যাপক অতিদীর্ঘ আর দুই পত্র প্রেরিত হয় কিন্তু তাহা আমরা প্রকাশ করিতে অস্বীকৃত হইলাম কারণ এক কেবল একস্থানীয় এক বিষয়ক প্রস্তাবে দর্পণ পূর্ণ করা উচিত নহে। যেহেতুক দেশের নানা স্থানহইতে প্রেরিতপত্র সমূহ দুই তিন সপ্তাহপর্য্যন্ত অপ্রকাশ্য রাখিয়া কেবল এক ব্যক্তি মুনসেফের বিরুদ্ধে দুই তিন অতিবৃহৎ পত্রদ্বারা দর্পণ পূর্ণ করিতে না পারিলেই হয় না। আমরা প্রথমে মুনসেফের বিপক্ষপত্র প্রকাশ করি শেষে সপক্ষপত্র প্রকাশ করিয়া আপনারদের অপক্ষপাতিত্ব ব্যবহার করিলাম ইহাতেও চন্দ্রিকার পত্রপ্রেরক আমারদের প্রতি যে বিরক্ত হইয়াছেন সে নিতান্তই অকারণ কিন্তু তাঁহারা আমারদিগকে যাহা ইচ্ছা তাহাই বলুন দুঃখ নাই ফলতঃ আমরা আর তদ্বিষয়ক প্রস্তাব দর্পণে প্রকাশ করিতে পারি না।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

ইঙ্গলণ্ড দেশহইতে স্থলপথে ১ জানুআরি তারিখের ডাকের পুলিন্দা বর্ত্তমান মাসের ৬ তারিখ মঙ্গলবারে কলিকাতায় পঁহুছে তদ্দ্বারা যে অতিগুরুতর সম্বাদ প্রাপ্ত হওয়া গেল তাহা এই। উত্তর আমেরিকার অন্তঃপাতি কানাডা প্রদেশ ইঙ্গলণ্ডীয় রাজ্যের অধীন ছিল তত্রস্থ

SUMACHAR DURPUN.

Saturday, March 10th. 1838.

The Sulkea Moonsiff.

It is impossible to please every body. A letter has this week been published in the *Chundrika*, which charges us with want of judgement and partiality. It would appear to have been written by those who are opposed to the present Moonsiff of Sulkea. The course which we adopted in this matter was this. We received a letter, charging that functionary with various malpractices, and we published it in the *Durpun*. A reply to this letter appeared soon after in the *Chundrika*, and we translated and published this also. Subsequently we received several other very long letters, reiterating the charges against that officer, but we refused to publish them; because we did not like to fill our paper with one subject, and that only of local interest. We cannot exclude letters from all other parts of the country, for a week or a fortnight, which we must do if we would publish all that is written against this single public officer. The writers of the letter in the *Chundrika* are very unjustly offended with us; because we have fully shewn our impartiality by giving publicity first to their statement against the Moonsiff, and then to his reply. But say what they may, we are determined not to occupy our paper again with the subject.

Latest European Intelligence.

The mails of the 1st of January reached Calcutta on Tuesday, the 6th of the present month.

The most important news received by this opportunity is, that the province of Canada, in North America, which belonged to England, is in a state of revolt. This Province has long been discontented with the mode in which

প্রজারা রাজবিদ্রোহী হইয়াছে। ঐ প্রজারা বহুকালাবধি ইঙ্গলণ্ডীয় কর্ত্তৃত্বকারিরদের কর্ত্তৃত্বে বিরক্ত ছিল এবং আপনারদের ক্লেশ নিবারণার্থ বাদশাহের মন্ত্রিরদের নিকটে অনেকবার দরখাস্ত করিয়াছিল পরিশেষে পার্লিমেণ্টেও আবেদন করে কিন্তু ঐ দরখাস্তে তাহারদের প্রার্থিত বিষয় সিদ্ধ না হওয়াতে তাহারা আরো বিরুদ্ধাচারী হইল। গত নবেম্বর মাসে এইরূপ রাজবিদ্রোহি দুই ব্যক্তিকে ধৃতকরণার্থ আজ্ঞা হইয়াছিল কিন্তু তৎপক্ষীয় লোকেরা তাহারদিগকে রক্ষা করিল এবং তৎক্ষণাৎ রাজদ্রোহরূপ অগ্নি একেবারে দেশময় ব্যাপিল তাবৎ অবাধ্য লোকেরা দলবদ্ধ হইল। তৎপ্রযুক্ত রাজকীয় সৈন্যেরা তাহারদিগকে ছিন্নভিন্ন করণার্থ প্রেরিত হওয়াতে দুইবার সাধারণ যুদ্ধ হয় একযুদ্ধে অবাধ্যেরদের ১০০ লোক দ্বিতীয়বার যুদ্ধে ৬০ জন মারা পড়িল এই রাজবিদ্রোহের সম্বাদ শুনিয়া ইঙ্গলণ্ডীয় শ্রীশ্রীমতী রাণীর মন্ত্রিরা নিশ্চয় করিলেন যে শীঘ্র ঐ স্থানে সৈন্য বৃদ্ধি করা যাউক। এই সম্বাদ অতিঅশুভ যেহেতুক শীঘ্র যুদ্ধের শেষ হইবে না এবং তাহাতে অনেক রক্তপাত ও অর্থ ব্যয় হইবে। যদ্যপি ঐ প্রদেশ পরাজিত হয় তথাপি তাহারদিগকে প্রকৃতরূপে বাধ্য রাখণার্থ বহুতর সৈন্যের আবশ্যকতা হইবে যদ্যপি যুদ্ধের শেষ ফল ইহা হয় তবে এমত হওনেরও অসম্ভাবনা নহে যে ঐ প্রদেশের লাগাও আমেরিকা দেশের তুল্য তাহারা স্বাধীন হইয়া উঠিবেক।

পার্লিমেণ্টের বৈঠক ফেব্রুআরি মাসের ১ তারিখে নির্দ্ধার্য্য হইয়াছিল কিন্তু রাজমন্ত্রিরা কানাডা প্রদেশহইতে এই সম্বাদ পাইয়া নিশ্চয় করিলেন যে ১৬ জানুআরি তারিখে বৈঠক করা যাইবে।

সেমিরামিসনামক অপর এক বাষ্পীয় জাহাজ ইঙ্গলণ্ডহইতে ২১ দিসেম্বর তারিখে এতদ্দেশে প্রেরিত হয়। তাহাতে প্রথম আজ্ঞা হয় ঐ জাহাজ বোম্বাইতে পাঠান যাইবে শেষে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর এই স্থির করিলেন যে ঐ জাহাজ অগৌণেই বঙ্গদেশে প্রেরণ করা [illegible] কারণ এই যে শ্রীলশ্রীযুত এমত জ্ঞাত হইতে ইচ্ছা করেন যে বৎসরের অতিপ্রতিকূলসময়ে বাষ্পীয় জাহাজ কলিকাতাহইতে সুয়েজে যাইতে পারে কি না।

ইঙ্গলণ্ডীয় শ্রীশ্রীমতী রাণীর পরিবার ও সংসারের নিমিত্ত পার্লিমেণ্ট বার্ষিক ব্যয় নির্দ্ধার্য্য করিয়া দিয়াছেন। এবং শ্রীশ্রীমতীর মাতার বার্ষিক যে মুশাহেরা ২ লক্ষ ২২ হাজার টাকা ছিল এইক্ষণে তাহা বাড়াইয়া ৩ লক্ষ টাকাপর্য্যন্ত স্থির করিয়া দিয়াছেন।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর।

শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ও শ্রীমতী মিস ইডেনপ্রভৃতি গত মাসের ১৬ তারিখে দিল্লীতে উত্তীর্ণ হন এবং তত্রস্থ তাবৎ পল্টন ও শ্রীযুত মেটকাফ সাহেব তাঁহারদিগকে গ্রহণার্থ বাহিরে অগ্রসর হইলেন এই মহানুভবেরা কএক দিবসাবধি দিল্লীশহরে অবস্থানকরত সুদৃশ্য বস্তুসকল তন্মধ্যে রাজবাটীও দেখিলেন বাদশাহের দরবারে শ্রীলশ্রীযুক্ত কোন্প্রকারে গৃহীত হইবেন এই বিষয়ে আপত্তি হওয়াতে বাদশাহের সঙ্গে সাক্ষাৎ করা হইল না। ফলতঃ পূর্ব্বে যে বড় সাহেবেরা দিল্লী বা তন্নিকটে গমন করিয়াছিলেন তন্মধ্যে বোধ হয় এই আপত্তিতে প্রায় কেহই তৈমুরবংশ্য বাদশাহের সঙ্গে সাক্ষাৎ করেন নাই। শ্রীলশ্রীযুক্ত দিল্লী নগরে অবস্থানসময়ে এক দরবার করিয়া তত্রস্থ তাবৎ ইউরোপীয় সাহেবেরদের সঙ্গে অপর এক দরবারে এতদ্দেশীয় শিষ্ট বিশিষ্ট সম্ভ্রান্ত মহাশয়েরদের সহিত সাক্ষাৎ করিলেন। অপর শ্রীলশ্রীযুক্ত ও সমভিব্যাহারি সাহেবেরদের শীঘ্র সীমলাতে প্রস্থানের কল্প ছিল।

its affairs were managed, and presented various petitions to the King's Ministers, and finally to Parliament; but they did not obtain the redress which they expected, and this rendered them still more discontented. In November last, orders were given to seize two of the disaffected; but their party rescued them, and the flame of revolt immediately burst forth. The insurgents collected themselves together in bodies. Her Majesty's troops proceeded to disperse them; and two engagements took place; in one of which one hundred, in the other, nearly sixty of the insurgents were left dead on the field. On hearing of the revolt, Her Majesty's Ministers immediately determined to increase the forces there. This is most disastrous intelligence. The war is not likely to be brought to a speedy termination; it will cost much blood and much treasure. Even if the province be fully conquered, it will require a large force to keep it in subjection; but it is not at all improbable that the issue of the present contest may be, that Canada will, like its neighbour in America, become independent. The meeting of Parliament had been fixed for the 1st of February, but in consequence of this intelligence from Canada, the ministry had determined to call it together on the 16th of January.

The *Semiramis*, another steamer, was despatched to India from England on the 21st December. She was ordered to proceed in the first instance to Bombay; but the Governor General has determined that she shall be sent round immediately to Bengal, in order that an experiment may be made to see whether, at the most unfavourable season of the year, a steamer can proceed from Calcutta to Suez.

Parliament had fixed the allowances to be granted to the Queen, for the support of her household and dignity, and they had also raised the income of her mother from 220,000 to three lakhs of Rupees a year.

The Governor General.

The Governor General and the Miss Edens reached Delhi on the 16th instant. All the troops of the station were drawn out, and Mr. Metcalfe proceeded to meet them. The noble party had spent several days in examining whatever was curious in and about the place; and among other buildings, visited the Imperial Palace. But in consequence of some difference in point of etiquette, his Lordship did not visit the Emperor. In fact, few of any of the Governor Generals have ever, during their stay in Delhi, visited the descendant of Timur. His Lordship, while at the station, held a Levee, which was attended by all the European gentlemen, and a durbar, at which a great number of rich and respectable Natives were presented to him. Lord Auckland and his party intended to proceed almost immediately to Simlah.—The *Agra Ukhbar* states a report, that Sir Henry Fane intended to return to England viâ Bombay, at the close of the year.

বলিহইতে বালক রক্ষা।

গুমশূরহইতে শ্রীযুত কাপ্তান কাম্বাল সাহেব এক পত্র প্রেরণ করেন তদ্দ্বারা অবগত হওয়া গেল যে কোন বল প্রদর্শন না করিয়া ঐ শ্রীযুত সাহেব অনায়াসে খোন্দজাতীয়েরদের হইতে ১০৩ বালক রক্ষা করিয়াছেন। ঐ অভাগ্য বালকেরদিগকে তাহারা বলিদানার্থ রাখিয়াছিল এবং ঐ সাহেব যদি তাহারদের উদ্ধার না করিতেন তবে অতিনির্দ্দয়তারূপে তাহারা অবশ্যই হত হইত সন্দেহ নাই। খোন্দজাতীয়েরদের মধ্যহইতে নরবলির নিষ্ঠুর ব্যবহার একেবারে সমূলোৎপাটন করিতে গবর্ণমেণ্ট নিতান্ত উদ্যোগী আছেন এবং আমারদের ভরসা হয় যে নিরন্তর চেষ্টা করিলে তাঁহারদের উদ্যোগের সাফল্য হইবে।

Rescue of Children from Death.

Letters have been received from Capt. Campbell in the Goomsor country, stating that without any demonstration of force, he has succeeded in rescuing from the Koonds, *one hundred and three children!* These unfortunate beings were kept for the purpose of being sacrificed, and if they had not thus been delivered by Capt. Campbell, would have been put to death in the most barbarous manner. The attention of the British Government is steadily directed to the eradication of this infamous practise of human sacrifice among the Koonds; and it is to be hoped, that by steady efforts they will fully succeed.

চিৎপুরের রাস্তায় জলসেচনার্থ চাঁদা।

চিৎপুরনিবাসি লোকেরদের মধ্যে রাস্তায় জলসেচনার্থ এক চাঁদা হইয়াছিল কথিত আছে যে গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে স্বাক্ষরকারি মহাশয়রা এক সভা করিয়া এমত নির্দ্ধার্য্য করেন যে ঐ চাঁদার টাকা কি নিয়মে ব্যয় করিবেন। আমরা ভরসা করি চাঁদপালের ঘাটে যেরূপ বাষ্পীয় কল আছে তদ্রূপ কল চিৎপুরে বসান যায় তাহা হইলে রাস্তায় জলসেচনার্থ শহরের ঐ পল্লিতে প্রচুর জল হইবে।

Chitpore Watering Fund.

A subscription has been raised among the residents in Chitpore, for the purpose of watering the roads; and it is said that a meeting of the subscribers has been ordered to be called by Government, to determine upon the expenditure of this sum. It is hoped that a Steam Engine, similar to that which exists at Chandpal Ghat, may be erected, which will amply supply that part of the town with water for the roads.

অনাহারে মুমূর্ষু ব্যক্তিরদের দুঃখপ্রতীকারার্থ চাঁদা।

পশ্চিমদেশস্থ অনাহারি ব্যক্তিরদের ক্লেশোপশমার্থ যে চাঁদা হইয়াছিল এক্ষণপর্য্যন্তও তাহাতে স্বাক্ষরাদি হইতেছে। গত সপ্তাহের দর্পণ মুদ্রিতহওনের পর শুনা গেল যে কলিকাতাস্থ কএক জন বাণিজ্যকারি ইউরোপীয় সাহেবেরা হাজার২ করিয়া টাকা ঐ চাঁদায় দান করিয়াছেন এবং কলিকাতাস্থ অনেক আপীসের এতদ্দেশীয় কেরাণিপ্রভৃতি কর্ম্মকারকেরা আপনারদের মধ্যে ঐ মহাকার্য্যের নিমিত্ত একটা চাঁদা করিয়া কিঞ্চিৎ২ দান করিয়াছেন এবং কথিত আছে সম্প্রতি পশ্চিম দেশে ঐ ক্লেশ দূরকরণার্থ ২৫ হাজার টাকা প্রেরিত হইয়াছে। অপর আগ্রাহইতে এক জন পত্রপ্রেরক লেখেন এইক্ষণে পশ্চিমাঞ্চলে এক ব্যক্তি দরিদ্র ১ টাকাতে এক মাসপর্য্যন্ত জীবন ধারণ করিয়া থাকিতে পারে। আমারদের ভরসা আছে যে এতদ্দেশীয় মহাশয়রা এই সাধুকার্য্য সম্পাদনবিষয়ে অনিচ্ছুক হইবেন না যেহেতুক শাস্ত্রানুসারে ক্ষুধার্ত্ত ব্যক্তিকে অন্নদানের তুল্য কোন মহাদান নাই। তদ্বিষয়ে ধনাঢ্য মহাশয়েরদের অবিলম্বেই মনোযোগ করিলে ভাল হয় কারণ প্রতিদিন দেশীয় শতং লোকেরা অনাহারে মারা যাইতেছে।

Subscriptions for the Relief of the Starving.

The subscription list for the relief of those who are perishing for food in the Western Provinces, continues to increase. Several large subscriptions of 1000 Rupees each have been sent in by the European merchants of Calcutta since our last issue. In many of the offices in Calcutta, the Native writers and servants have raised small subscriptions among themselves for this purpose. It is said that twenty-five thousand Rupees have been already despatched to the Western Provinces. A correspondent from Agra says, that one Rupee will keep a poor man alive for a month. We hope the rich Natives will not be backward on this occasion. According to the Shastras, there are few gifts more noble than that of food to those who are perishing of hunger. But their exertions must be immediate. Hundreds of their own fellow countrymen are dying daily of starvation.

সঞ্চয়ার্থ বেঙ্ক।

কলিকাতাস্থ সঞ্চয়ার্থ বেঙ্ক চারি বৎসর তিন মাস হইল স্থাপিত হইয়াছে। উক্ত বেঙ্কের ব্যাপারের দ্বারা এমত কৃতকার্য্যতা হইয়াছে যে তদ্রূপ পূর্ব্বে কোন ব্যক্তিরই অনুমান ছিল না। ঐ বেঙ্কে সওয়া চারি বৎসরের মধ্যে ২৩ লক্ষ ৫০ হাজার টাকা ন্যস্ত হয় এবং তাহাহইতে ৮ লক্ষ ৫০ হাজার টাকা বাহির করা যায় এইক্ষণে সর্ব্বসুদ্ধ অন্যূন ১৫ লক্ষ টাকা ন্যস্ত আছে।

The Saving's Bank.

The Saving's Bank at Calcutta has now been established four years and a quarter; and the success which has attended its operations have exceeded the most sanguine expectations. The sums which have been deposited in it during this period, have amounted to *twenty-three lakhs and a half* of Rupees; the amount withdrawn amounts to *eight lakhs and a half*; so that the real sum in deposit does not fall short of Fifteen lakhs.

সম্বাদ পত্র চালান।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীহইতে এতদ্দেশীয় যত সম্বাদ পত্র গত বৎসরের জানুআরি মাসের ১ তারিখে এবং বর্ত্তমান বৎসরের ফেব্রুআরি মাসের ১ তারিখে ডাকেরদ্বারা প্রেরণ হইয়াছে তাহার সংখ্যা আমরা ফ্রেণ্ডঅফইণ্ডিয়া সম্বাদ পত্রহইতে গ্রহণ করিলাম। এই সংখ্যাদ্বারা দৃষ্ট হইবে যে ডাকের দ্বারা প্ররিত কোন্ সম্বাদ পত্রের সংখ্যা বৃদ্ধি বা ন্যূন হইয়াছে। কিন্তু প্রত্যেক মুদ্রাযন্ত্রের নিজনগরের মধ্যে কত সম্বাদ পত্র প্রেরণ করা যায় তাহার সংখ্যা নির্দ্দিষ্ট করণের কোন উপায় দৃষ্ট হয় না।

	জানুআরি ১৮৩৭	ফেব্রুআরি ১৮৩৮
সমাচার দর্পণ বাঙ্গলা ইঙ্গরেজি	১৩২	১৩৬
বোম্বাই দর্পণ মারহাট্টা ও ইঙ্গরেজি	৪৩	৫৪
দিল্লী আখবর পারস্য	২৫	৩০
লুধিআনা আখবর ঐ	২৭	২৮
সুলতান আখবর ঐ	৩০	২৭
জান জেহান নামা ঐ	২০	২৬
বোম্বাই চাবুক ঐ	১২	২৫
মাহালেম আফ্রোজ ঐ	১৫	২৪
জ্ঞানান্বেষণ বাঙ্গলা ইঙ্গরেজি ..	৭	২১
চিনেপাটাম বৃত্তান্ত তৈলঙ্গ ভাষায়	২	১৯
বোম্বাই সমাচার	১৩	১৫
চন্দ্রিকা বাঙ্গলা	১২	১২
সংবাদ পূর্ণচন্দ্রোদয়	০	৮
দাসানবিমানী তামল ভাষায়	০	৭
জামি জামশীদ পারস্য	৫	০

ইউনিয়ন বেঙ্ক।

ইউনিয়ন বেঙ্কের অধ্যক্ষেরা সম্প্রতি এই নির্দ্ধার্য্য করিয়াছেন যে ঐ বেঙ্কে নিশ্চয় তিন মাসের নিমিত্ত যে টাকা ন্যস্ত করা যায় তাহার শতকরা ৪ টাকা সুদ না দিয়া ৫ টাকা করিয়া দিবেন।

শ্রীরামপুরের শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব

দেন্মার্কের শ্রীলশ্রীযুত বাদশাহের নিয়মানুসারে শ্রীলশ্রীযুত কর্ণল রেলিং সাহেব তৈলঙ্গবাড়ের গবর্নরী পদে নিযুক্ত হওয়। শ্রীরামপুরহইতে যাত্রা করিয়াছেন ও তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত হেন্সন সাহেব শ্রীরামপুরের গবর্নরী পদে নিযুক্ত হইয়াছেন ঐ শ্রীযুত হেন্সন সাহেব পুর্ব্বে তৈলঙ্গবাড়ের দ্বিতীয় কৌন্সলী ছিলেন এবং গত বৎসরের আরম্ভে তিনি স্বদেশে গমন করিয়াছিলেন। সংপ্রতি স্থলপথে ইঙ্গলণ্ড দেশহইতে যে ডাক পঁহুছিয়াছে তদ্দ্বারা অবগত হওয়া গেল যে শ্রীযুত হেন্সন সাহেব দিসেম্বর মাসে মালকম নামক জাহাজারোহণে বিলাতহইতে যাত্রা করিয়াছেন এবং বোধ হয় আগামি মাসে বা ঊর্দ্ধ সীমায় মে মাসে শ্রীরামপুরে সমুত্তীর্ণ হইবেন।

লৌহময় বাষ্পীয় জাহাজ।

সিন্ধুদেশীয় আমীরেরা সিন্ধু নদীতে যাতায়াতকরণার্থ লৌহময় এক বাষ্পীয় জাহাজের আকাংক্ষী ছিলেন তাহাতে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের আজ্ঞাতে তাহা প্রস্তুত হইয়া এইক্ষণে বোম্বাইতে প্রেরিত হইয়াছে কিন্তু আমীরেরদের এমত বোধ ছিল যে ঐ জাহাজের খরচ ২০ হাজার টাকার অধিক লাগিবেক না। পরন্তু তাহা প্রস্তুত করিতে ৮০ হাজার টাকা খরচ হইয়াছে এই নিমিত্ত তাঁহারা ঐ জাহাজ গ্রহণ করিবেন কি না সন্দেহ আছে।

চীন দেশ।

চীন দেশহইতে জানুআরি মাসের শেষপর্য্যন্তের সম্বাদ আগত হইয়াছে। ঐ

Circulation of Newspapers.

We copy from the *Friend of India,* the following account of the circulation by dawk, of all the Native newspapers which were published at Calcutta, Madras and Bombay, on the 1st of January last year, and on the 1st of February this year. It will serve to shew which paper has increased and which has diminished its circulation through the Post Office. Of the town circulation of these papers, we have not the means of giving any list.

	Jan. 1837. daily issues.	Feb. 1838. daily issues.
Sumachar Durpun, (*Bengalee and English.*)	132	136
Bombay Durpun, (*Mahratta and English.*)	43	54
Delhi Ukhbar, (*Persian.*) ...	25	30
Loodhiana Ukhbar, (*ditto.*) ...	27	28
Sultan Ukhbar, (*ditto.*)	30	27
Jan Jehan Nama, (*ditto.*) ...	20	26
Bombay Chabook, (*ditto.*) ...	12	25
Mahallem Afroze, (*ditto.*) ...	15	24
Gyananneshun, (*Bengalee and English.*)	7	21
Chinapatam Vertanta, (*Telogoo.*)	2	19
Bombay Sumachar, ...	13	15
Chundrika, (*Bengalee.*)	12	12
Sumbad Poorno Chundrodoy, ...	0	8
Dasanbemany, (*Tamil.*)	0	7
Jami Jamseed, (*Persian.*) ...	5	0

Union Bank.

The Union Bank has just determined to increase the interest which it allows upon money deposited for three months certain, from four to five per cent.

Governor of Serampore.

The King of Denmark has been pleased to appoint Mr. Hanson, Governor of Serampore, in the room of the Hon. Col. Rehling, who has just taken his departure for Tranquebar, of which place he has been appointed Governor. Mr. Hanson was formerly second in Council at Tranquebar, and went home at the beginning of last year. We perceive by the overland mails just received, that he took his departure in the month of December, in the *Malcolm,* and may, therefore, be expected to arrive here next month, or at the farthest in May.

Iron Steamer.

The Ameers of Sinde were desirous of having an Iron Steam Vessel to navigate the Indus, and the Court of Directors ordered one to be built, which has just arrived at Bombay. But the Ameers were led to suppose that the cost would be only 20,000 Rs., whereas this vessel has cost Rs. 80,000; and it is therefore questionable, whether they will now accept of it.

China.

Intelligence from China to the end of January has been received. It is just as disastrous as ever. In consequence of the vigilance of the Mandarins in preventing the landing of Opium, there

স্থানীয় বৃত্তান্ত পূর্ব্ববৎ অশুভই আছে। জাহাজহইতে আফীণ নামায়নের নিবারণবিষয়ে চীনীয় কর্ম্মকারকেরদের অতি সতর্কতাপ্রযুক্ত অত্যল্প আফীণ দাখিল হইয়াছে তাহার মূল্যও অতিন্যূন হইয়াছে এবং বর্ত্তমান বৎসরীয় নূতন আফীণ কলিকাতায় যে অল্প মূল্যে বিক্রয় হইল বোধ হয় ঐ আফীণ চীন দেশে পঁহুছিলে আরো ন্যূনমূল্য হইবে।

অযোধ্যা।

কথিত আছে যে অযোধ্যার রাজা বার্দ্ধক্য ও দৌর্ব্বল্যপ্রযুক্ত স্বীয় সিংহাসনে যুবরাজকে উপবেশনার্থ মানস করিয়াছেন।

রাজবিদ্রোহী সরদার।

মালবাদেশস্থ আবু পর্ব্বতে হিন্দুর এক প্রসিদ্ধ তীর্থ আছে তন্নিকটবর্ত্তি পর্ব্বতীয় এক জন সরদার এইক্ষণে কর দিতে অস্বীকৃত হইয়া আপনাকে স্বাধীন বলিয়া প্রকাশ করিয়াছে। তাহার দমনার্থ তিন পল্টন সৈন্য প্রেরিত হইয়াছে এবং ভরসা আছে যে তাহারা কৃতকার্য্য ও হইতে পারে।

আলাহাবাদ।

অনাবৃষ্টিপ্রযুক্ত আলাহাবাদের ভাটানে গঙ্গাতে এমত অল্প জল আছে যে অনেক বৎসর তদ্রূপ দৃষ্ট হয় নাই এবং কথিত আছে যে এই বৎসরে বর্ষাতে গঙ্গা পূর্ণা না হইলে কোন বাষ্পীয় জাহাজ আলাহাবাদে পঁহুছিতে না পারিয়া ভাটানে সাড়ে তিন তিন ক্রোশপর্য্যন্ত গিয়া স্থগিত হইবেক।

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

আমরা শ্রীলশ্রীযুক্ত গবর্ণমেণ্টের বিজ্ঞাপন সন্দর্শনে পরমাহ্লাদিত হইলাম যে কটক অঞ্চলে হিন্দুকালেজের অনেক গুলি বিজ্ঞব্যক্তিরা ডেপুটি কালেকটরী পদে নিযুক্ত হইয়াছেন আমরা বোধ করি যে সদর বোর্ড রিবিনিউ দ্বারা ইহারা নির্দ্দিষ্ট হইয়াছেন অতএব সদর বোর্ড রিবিনিউর অধ্যক্ষ গণের উত্তম বিবেচকতা হেতু ঐ বিজ্ঞ অধ্যক্ষবর্গ সমীপে কৃতজ্ঞতা স্বীকার করি যেহেতুক ইহা এতদ্দেশীয়দিগের ইঙ্গরেজী বিদ্যা স্থাপনার্থে অতিশয় প্রবৃত্তির কারণ হইল এবং সাধারণ জনগণের অন্তঃকরণে এই স্থির আছে যে অকর্ম্মণ্য অজ্ঞরা কেবল সহায়বল সহকারে রাজকীয় কার্য্যে নিযুক্ত হয় কিন্তু এইক্ষণে আমরা ভরসা করি যে সদর বোর্ড রেবিনিউর অধ্যক্ষগণের এই উত্তম বিজ্ঞত্ব ও বিবেচকতা ও নিয়ম হেতু সাধারণের যে কুৎসিত মতলব তাহা আর হইবে না এবং অধ্যক্ষবর্গও এই অপরাধ হইতে মুক্ত হইলেন আর এই নিযুক্ত গণের প্রতি নিয়োগেই আমরা অতিশয় আহ্লাদিত হই কেননা আমরা জ্ঞাত হইলাম যে রাজকার্য্যে জ্ঞানি ও সাধু ব্যক্তিই আহূত হইবেন আর এতদ্দেশীয়দিগের পারদর্শিত্বের পরীক্ষা হইবে।

এই কর গ্রহণ শ্রেণীতে নিয়োগ সন্দর্শনে আমারদিগের পরমাহ্লাদ জন্মাইল এবং চিরস্মরণার্থ ও হইল কিন্তু আমরা সদর দেওয়ানী আদালতের অধ্যক্ষগণের সহিত বিবেচনা করণে প্রবৃত্ত হইয়ে বিচার স্থানে প্রধান২ কর্ম্মকারকের নিয়োগে তাঁহারদিগের বিবেচনা কর্তৃত্বের ভার গ্রহণ করা অত্যাবশ্যক ও উচিত হয় এই নিয়ম দ্বারা যে জ্ঞানী ও সদ্বংশজাতকে কার্য্যে নির্দ্দিষ্ট করিবেন ইহাতে আমরা সন্দেহ করি না এবং ইহাতে অতি দুষ্য ও বিচারের প্রতিবন্ধক অনিষ্টকর যে উৎকোচ ও অন্যায্য ব্যবহার তাহাও রহিত হইবে।—জ্ঞানান্বেষণ।

ডাকাইতী।

পঞ্চদশ দিন গত হইল বারাকপুরের পূর্ব্বাংশ কাঁঠালে গণেশ পুরের ধনি এক কলুর বাটীতে ডাকাইতি হইয়াছে তাহাতে ঐ কলুর

had been but very few deliveries. The price of Opium had also fallen; and when the new drug of this year, which has been sold in Calcutta at so low a price, reached China, it was expected that prices would fall still lower.

Oude.

It is said that the King of Oude, in consequence of his increasing years and infirmities, has determined to abdicate the throne in favour of his son.

Refractory Chieftain.

In the vicinity of Mount Aboo, in Malwa, which is one of the most celebrated Teerthus of the Hindoos, a mountain chieftain has just refused to pay his revenue, and has declared himself independant. Three Regiments have been sent to reduce him to reason, and it is hoped that they will speedily succeed.

Allahabad.

In consequence of the continued drought, the river below Allahabad is lower than it has been for many years. It is said that till the river is again swelled by rain, none of the Steamers will be able to approach, within more than seven miles of Allahabad.

Spirit of the Native Papers.

We are very happy to observe from a Government Notification, that several young men, educated at the Hindoo College, have been appointed Deputy Collectors in the Cuttack Division. We understand that these candidates were nominated by the Sudder Board of Revenue, to whom we take this opportunity of expressing our grateful acknowledgements for the judicious selections, as it will be a great stimulus to the rising generation to cultivate the English language with attention. It is a prevailing opinion among them, that even in this metropolis, a person how ill fitted soever he may be to fill a Government situation, would easily pass off the strictest ordeal, were he backed by a patron. Such an opinion, we hope, will not be entertained regarding the measures of the Board, as the recent recognition of merit will fully exonerate them from the imputation. We rejoice in several of these recent appointments, because we are convinced that talent and integrity will now be called to work, and native fitness will be tested.

While we have thus the pleasure of recording our satisfaction for the appointments in the Revenue line, we cannot refrain but urge on the Judges of the Sudder Dewanny Adawlut, the importance of taking into their hands the privilege of nominating higher uncovenanted officers in the Judicial line. Such a measure we doubt not will bring in more talented and better principled men under them, and thereby check bribery and corruption which so often impair the course of justice.—*Gyananneshun.*

Dacoities.

We understand that about a fortnight ago, a Dacoity has been committed on the house of a rich oilman, in Kattalla,

নগদেও দ্রব্যাদিতে ২০০০ টাকা নিয়াগিয়াছে আমারদিগের সম্বাদ প্রেরক বলেন যে সেই বাটীতে স্থিতি করেন এমত এক মনুষ্য ঐ দস্যুপ্রতি প্রতিবন্ধক হইয়াছিলেন তন্নিমিত্ত ঐ দস্যুরা তাহাকে শমন ভবনে প্রেরণ করাইয়াছেন।

বর্ত্তমান বর্ষে শস্যের ন্যূনতা হেতু নগর বাসিগণের ভয় ছিল যে অতিশয় দস্যুর প্রাবল্য হইবে এক্ষণে তাহাই ঘটিল অতএব শাসনকর্ত্তাদিগের কর্ণগোচরার্থে আমারদিগের প্রকাশ করণের আবশ্যকতা এবং বোধ করি যে কর্ণগোচর হইলে মাজিষ্ট্রেটেরা এতন্নিবারণার্থ ঐ বিষয়ে মনোযোগ পূর্ব্বক চেষ্টা করিবেন।

উপরিস্থ লিখিত শেষ হইলে আমরা শুনিলাম যে গত শনিবারে নিমিতের এক ব্রাহ্মণের বাটীতে ডাকাইতি পড়িয়া এক জন ভৃত্য আর এক জন প্রধান পরিবারকে আঘাত করিয়াছে ঐ স্থানের জমিদার শ্রীযুত রাজকিশোর চৌধুরিকে মাজিস্ট্রেট সাহেব ঐ চোর গ্রেপ্তার করণার্থ এক পরওয়ানা দিয়াছেন আমরা জ্ঞাত আছি যে মফঃসলে এই রীতি আছে যে চোর গ্রেপ্তার করণার্থ জমীদারের উপর পরওয়ানা হয় যদি চোর ধরিতে না পারেন তবে তিনি দণ্ডার্হ হয়েন।—জ্ঞানান্বেষণ।

চাতুরী। তিন সপ্তাহ কিম্বা এক মাস গত হইল এতদ্দেশীয় এক ব্যক্তি মাষ্টর আলফ্রেড্ বেট সাহেবের নিকটে দালালরূপে যাইয়া এক আশ্চর্য্য চাতুরী ঘটাইয়াছে আমরা শুনিয়াছি যে ঐ প্রতারক অল্প [illegible] দিন এখানে আসিয়াছে এবং কলিকাতার রেশমের কর্ম্ম করে ইহার চতুরতার বিস্তার পশ্চাৎ বিস্তৃত হইবে মিসর্স এডাম স্কাট এবং কোম্পানির রেশমের প্রয়োজন ছিল তন্নিমিত্ত ঐ প্রতারক দালাল বেট সাহেবের বাটী হইতে ১৩০০ টাকার রেশম উক্ত সাহেবের বাটী লইয়া যাইল এবং মাষ্টর বেট সাহেবের এক জন সরকার দালালের সঙ্গে যাইয়া দেখিল যে উক্ত সাহেবের মুচ্ছদ্দির স্থানে ঐ সকল রেশম জমা করিয়া দিল পর দিন ঐ প্রতারক ঐ মুচ্ছদ্দির নিকট গমন করিয়া কহিল যে মাষ্টর বেট সাহেব তাহার রেশম ফিরাইয়া লইতে চাহিয়াছেন অনন্তর ঐ প্রতারক ঐ মুচ্ছদ্দির স্থানে রেশম লইয়া কোন স্থানে প্রস্থান করিল এপর্য্যন্ত তাহার উদ্দেশ হয় নাই যাহা হউক সম্প্রতি ঐ প্রতারকি ধৃত হইয়াছে।

জমিদারি এসোসিয়েশন্ নামক। গত রবিবার ৪ ঘন্টা সময়ে কলিকাতাস্থ ও এতন্নিকটস্থ জমীদারদিগের হিন্দু কালেজে এক সভা হইয়াছিল তাহাতে শ্রীযুত রাজা কালীকৃষ্ণ ও রাধাকান্ত ও রাজনারায়ণ রায় বাহাদুর শ্রীযুত বাবু রমানাথ ঠাকুর ও প্রসন্নকুমার ঠাকুর ও কালীনাথ রায় এবং অন্যান্য ভদ্র মনুষ্য উপস্থিত ছিলেন ঐ সভায় বাঙ্গালা ভাষায় বক্তৃতা হইয়াছিল এবং শ্রীযুক্ত রাজা রাধাকান্ত বাহাদুর সভাপতি হইয়াছিলেন তাহাতে এক অভিপ্রায় হইল যে টৌনহালে আর এক সভা হইবে দূত হইতে শ্রবণ করা গেল যে ঐ সভা এই বর্ত্তমান মাসে হইবে এই সভায় নানা মাননীয় উদ্দেশ বিষয়ে বক্তৃতা হইয়াছিল এবং

Gunneshpore, a little east of Barrackpore, and property in cash and ornaments to the amount of 2000 Rs. had been carried off. Our informant says that one of the inmates of the house in resisting those ruffians, fell a sacrifice to their cruelty.

It is meet that we should state for the information of the authorities, that in consequence of the failure of crops this year, a great fear is entertained by the villagers of dacoitees taking place, and several have actually occurred. *We* trust that the Magistrates will take precautionary measures and try to prevent the disaster.

Since writing the above, we hear that on Saturday last, another dacoity has taken place in *Nimtea*, in the house of a Brahmun, where a servant has been killed and a principal member of the family severely injured. The Magistrate has served Baboo Rajkissen Chowdry, the Zemindar of the village, with a purwaunah to apprehend the thieves. We hear that it is customary in the Moffussil to issue orders on the Zemindars to capture thieves, and in case of their failure, they are liable to punishment.—*Ibid.*

Swindling.

About three weeks or a month since, a case of swindling was practised by a native, who represented himself as a dullal, upon Mr. Alfred Betts, who, if we are rightly informed, has not been long in the country, and is carrying on the silk business in Calcutta. The circumstances of the case were briefly these:—

The *soi disant* dullal took from Mr. Betts, about 1300 rupees worth of silk piece goods, to the house of Messrs. Adam, Scott and Co, they being about to make a purchase of the same. A sircar in the employ of Mr. Betts went with the dullal and saw the goods delivered in charge of the banian to the house. The next day he went to the banian, and under the pretence that Mr. Betts had wanted them back, carried them away from him and was not to be heard for some days. This swindler, however, we understand, has at last been captured.—*Ibid.*

Zemindaree Association.

At four o'clock, on Sunday afternoon last, a second meeting of the Zemindars, resident at and about Calcutta, was held at the Hindoo College, at which Rajahs Kalikissen, Radhakant and Rajnarain, and Baboo Ramanauth Tagore, Prosonno Coomar Tagore, Kalinauth Roy, and many other respectable native gentlemen were present. The proceedings were conducted in Bengalee. Rajah Radhakant presided in the chair. A resolution was passed for calling a public meeting at the Town Hall, which our informant states, will take place in the course of the current month. Much enthusiasm was displayed by all present, and the formation of a society, under the above name, is now

এই সভা উপরিস্থ নামে সংস্থাপন হইবে ইহাতে সন্দেহ নাই যদ্যপি বলিবার আবশ্যকতা নাই তথাপি বলি এই সভার দ্বারা ভূমি সকল আপত্তি ও অবিচার হইতে মুক্ত হইবেক।—জ্ঞানান্বেষণ।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

মফঃসলের বিচার স্থানে যে গোপন ভাবে আশ্চর্য্যরূপ চাতুর্য্য চলে তাহার এক দৃষ্টান্ত ১৫ ফাল্গুন সোমবারে বর্দ্ধমানের আদালতে প্রকাশ হইয়াছে ১৫ বৎসর গত হইল এই প্রতারণাক্রমিক চলিয়া আসিতেছে ইহার মধ্যে কোন জজ সাহেব সন্ধান করেন নাই।

উক্ত তারিখে শ্রীযুত বার্লো সাহেব বিচার গৃহে প্রবেশ করিয়া সর্ব্বাগ্রে খাজাঞ্চির কার্য্য সন্ধান করিলেন তাহাতে কাগজাদি বিবেচনাতে দেখেন ঐ কয়েক বৎসরেতে ৭। ৮ জন খাজাঞ্চি কেহ ৫ কেহ ১০ হাজার টাকা ভাঙ্গিয়া পর চ্যুত হইয়াছেন। কিন্তু এক ব্যক্তির স্থানেও গবর্ণমেণ্টের টাকা আদায় হয় নাই পরে বিচক্ষণ জজ সাহেব আমলার দিগকে জিজ্ঞাসা করিবাতে আমলারা কহিলেন যখন যে খাজাঞ্চি দোষী হইয়াছে জজ সাহেবেরা তখন তাহাকে কয়েদ করিয়াছেন এবং মালামাল ক্রোক করিয়া টাকা আদায়ের হুকুম দিয়াছেন কিন্তু টাকা আদায় হইল কি না পরে সন্ধান করেন নাই।

শ্রীযুত বার্লো সাহেব এই কথা শ্রবণে শিরে হস্তার্পণ পূর্ব্বক বিবেচনা করিলেন আমলারদিগের চাতুর্য্যেতে এ কার্য্য গোপন ছিল অতএব সকল আমলাকেই ভালরূপে বিবেচনা করিবেন। সম্পাদক মহাশয় এস্থলে আপনি কি বোধ করেন ইহাতে বলা যাইতে পারে বর্দ্ধমানের বিচার চন্দ্রকে উৎকোচ রাহু বহুকালাবধি গ্রাস করিয়া রাখিয়াছে। আমলারা উৎকোচের আঘ্রাণেতে ব্যাঘ্রের ন্যায় ব্যবহার করেন তাহাতে রাজা প্রজার সর্ব্বনাশ হইলেও অধর্ম্ম জ্ঞান করেন না। আমার বোধ হয় জজ কালেকটর সাহেবেরা যদি পরিশ্রম পূর্ব্বক সূক্ষ্মরূপে দপ্তরখানার কাগজাত বিবেচনা করেন তবে অবশ্য দেখিতে পাইবেন আমলারা অনেক বিষয় উৎকোচ প্রবাহে প্রক্ষেপ করিয়া রাখিয়াছেন।

বর্দ্ধমানের রাজার সহিত বন্দোবস্তকালীন গবর্ণমেণ্ট মহারাণী বিষ্ণুকুমারীর বার্ষিক মুশাহেরা বলিয়া যে ৪৮ হাজার টাকা ছাড়িয়া দিয়াছিলেন ঐ মহারাণীর মরণের পর ন্যূনাধিক ৪০ বৎসর পর্য্যন্ত আমলারা ঘুস নিয়া তাহা প্রকাশ করেন নাই। এতকাল পরে তাহা প্রকাশ হইয়াছে এবং যদিও গবর্ণমেণ্ট রাণীয়ান বলিয়া অনুগ্রহপূর্ব্বক ঐ টাকা শ্রীমতী মহারাণী কমলকুমারীকে ও শ্রীমতী মহারাণী বসন্তকুমারীকে ছাড়িয়া দিয়াছেন তথাচ আমলারা যে গোপন রাখিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই। এতদ্ভিন্ন আরো ৪০ হাজার টাকা বন্দোবস্ত কালে গবর্ণমেণ্ট রাজাকে ছাড়িয়া দেন তাহার কারণ এই যে তৎকালে পোলীসের কার্য্য রাজার অধীন ছিল তাহার পরে বর্দ্ধমানে গবর্ণমেণ্টের পোলীস কতকাল বসিয়াছে তাহা আপনি জানেন। কিন্তু ঐ ৪০ হাজার টাকার কথা আমলারা উৎকোচের সঙ্গে জড়িয়া পেটের ভিতর রাখিয়া ছিলেন সম্প্রতি মহা ভয় বিকারে বমি করিয়া ফেলিয়াছেন এবং কালেক্টর সাহেবের বিচারে তাহার বিবেচনা হইতেছে।

সম্পাদক মহাশয় বর্দ্ধমান জিলা গবর্ণমেণ্টের কামধেনু স্বরূপ চেষ্টা করিলে অনেক পাইবেন। খেদের বিষয় এই যে আমলারা অদ্যাবৎ ফৌজদারী কালেকটরী সকল স্থান কে

beyond a doubt. Its object, it would appear, perhaps superfluous to say, would be to protect the lands and interests from oppression and injustice throughout.—*Ibid.*

Correspondence.

To the Editor of the Durpun.

The mode in which fraud is secretly carried on in the Courts in the Mofussil, was brought to light by the discovery which was made in the Burdwan Court, on the 15th Falgoon. This fraud has been perpetuated for fifteen years, and yet no Judge has been able to detect it.

On the day above named, Mr. Barlow on entering the Court, first inquired into the affairs of the Khajunchy; and on searching the papers, he found that during this period, seven or eight Native treasurers had escaped, some with five, some with ten thousand Rupees; but that no money had been recovered from any one of them. On inquiring of the Amlahs, they informed him that the treasurers had been placed in confinement whenever they had been detected in malpractises, that the European gentleman had seized their property and directed the money to be recovered from them; but that no inquiry had been made whether the money was ever recovered or not.

Mr. Barlow, on hearing this, placed his hand to his forehead, and determined in his mind, that these matters had been kept secret by the contrivance of the Amlahs; and that it was necessary to examine into their conduct. Mr. Editor, what would you judge upon such an occasion? Surely it may be said, that the moon of the Burdwan Courts has long been seized by Rahoo. The smell of bribes inspires the Amlahs with the disposition of tygers; and though corruption may lead to the ruin, both of Government and its subjects, they do not consider it an act of unrighteousness. I believe that if the Judge and Collector would take the pains to examine minutely into the papers of the Courts, they would certainly discover that the Amlahs have concealed many things, in consequence of the bribes they have received. When a settlement was made with the Raja of Burdwan, Government gave him an abatement of 48,000 Rupees, on account of the annual pension to Maha Ranee Vishnoo Koomaree. After her death, the Amlahs being well bribed, concealed that circumstance for more than forty years. At length it has been discovered, and although Government have now generously given up this sum to Maha Ranees Komul Koomaree and Busunt Koomaree, yet there can be no doubt that the matter had been concealed by the Amlahs. Besides this, 40,000 Rupees more were forgiven to the Raja, because he was obliged to pay the expense of the Police. After this, you know how long Government took the Police on themselves; but this matter of 40,000 Rupees the Amlahs, under the influence of bribes, kept to themselves; but now, through the great dread which has come upon them, they have vomited it up; and the question is at present under the consideration of the Collector.

Mr. Editor, the Zillah of Burdwan is like the fabled cow, which satisfies every wish; they have only to search to find. It is only to be regretted, that the Amlahs have de-

বল উৎকোচেতে অপবিত্র রাখিয়াছেন অতএব আমার প্রার্থনা প্রধান মহাশয়েরা আমলারদিগের কার্য্যেতে অতি সতর্করূপে দৃষ্টি রাখেন।

কস্যচিৎ দর্পণ পাঠকস্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নিবেদন মিদং ২৩ জানুআরি তারিখে রাজাজ্ঞা হয় যে বাঙ্গালি তাবৎ প্রদেশে রাজকীয় কর্ম্ম সকল দেশীয় ভাষাতে চলিবে এই সুনিয়ম হওয়াতে আমারদিগের অত্যন্ত আহ্লাদ হইয়াছে। যেহেতুক দেশের তাবল্লোকেই উত্তম সাধু ভাষা শিক্ষা করিতে প্রবৃত্ত হইবেন। ইহাতে চলন ভাষার অনেক সুধারা হইবেক অনেকানেক বিষয়ী মান্য গণ্য ধনাঢ্য বংশ প্রসূত মহাশয়েরা পূর্ব্বে ইঙ্গরাজী উৎকৃষ্ট জানিয়া স্বীয় ভাষা অপকৃষ্ট জ্ঞানে অভ্যাস করিতে ইচ্ছুক ছিলেন না। এইক্ষণে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ঐ ভাষা প্রচররূপ প্রবল হওয়াতে ঐ মহাশয় সকল যত্নবান হইয়া উক্ত বিষয়ের বৃদ্ধ করিতে ব্যগ্র হইবেন গবর্ণমেণ্টের দয়ালুতা অনুদিন প্রকাশ হইতেছে।

অপর এক অতি শুভানুভব হইতেছে যে এইক্ষণাবধি বঙ্গীয় নব বালকেরা ইঙ্গরাজী শিক্ষা করিতে বিশেষ ঐকান্ত চিত্ত না হইয়া স্বীয় ভাষার পোষক ব্যাকরণাদি মনঃসংযোগে প্রথমত অধ্যয়ন করেন তদ্ব্যতিরেকে প্রাকৃত ভাষার প্রাচুর্য্য প্রকৃষ্টরূপে প্রাপণ হয় না। আর সরকারী কর্ম্ম ভাল হইবে ইতি লোভে নবীন প্রবীণ সকলে এই উদ্যোগের উদ্যোগী হইলে বঙ্গ ভাষার অনুরাগ বিলক্ষণ হইয়া অযুক্ত ভাষার প্রসঙ্গ একেবারে সঙ্গ হইবেক।

ইদানীং অস্মন্মনোগত আরো এক বিষয় নিবেদন করি। ভবদ্দর্পণাবলোকন করত অস্মাদির যথেষ্ট লভ্য হইয়াছে অতএব আপনি যদি কৃপাদৃষ্টি চিত্ত হইয়া এপ্রদেশের প্রয়াগ কিম্বা ৺ কাশীধামে এক সংস্কৃত ও ভাষা পুস্তকাগার স্থাপন করেন তবে কর্ম্ম বশতঃ বঙ্গভূমি পরিত্যক্ত এতদ্দেশাদি নানা স্থান নিবাসি ব্যক্তি সমূহ সত্তানুসারে সাধু ভাষা বিন্যস্ত বাক্যাবলি গ্রন্থিত গ্রন্থ সকল অনায়াস লভ্যো অল্প ব্যয়ে পাইতে পারেন কিমধিক মলং পল্লবিতেনেতি লিপিরেষা মৌর ফাল্গুণস্যৈকাদশ দিবসা। কানপুর।

কস্যচিৎ বঙ্গীয়স্য।

filed the Civil, Criminal and Fiscal Courts by their bribery. I would, therefore, entreat the Europeans officers to look with much jealousy upon the conduct of the Amlahs.

A Reader of the Durpun.

To the Editor of the Durpun.

Receive my salutations. A public order was issued on the 23d of January, that the public business of the country should be conducted in the vernacular languages. This excellent arrangement has filled us with joy, for it will lead the Natives to learn good and pure Bengalee; and this will produce a reform of the current language. Many of the most rich and respectable families in the land, thinking the English language to be most excellent, and their own tongue to be very despicable, neglected to apply to Bengalee. But now Government having given great currency to this language, those gentlemen will feel more anxiety to apply to the study of it. The benevolence of Government becomes more apparent every day.

Another auspicious circumstance is, that from this time, the youth of Bengal, instead of giving all their time to the study of English, will give their minds to the Grammar, upon which their own language is founded. Without this, they can never thoroughly understand it. And when the old and young find that a knowledge of Bengalee promotes their views in the public service, their attention will be given to it; the Bengalee language will be much cultivated, and unreasonable languages will be forsaken.

We now beg to lay before you another wish of our minds. We have gained much by looking at the *Durpun.* If, therefore, you will compassionately establish a depot at Allahabad or Benares, for the sale of Bengalee and Sungskrit books, then those who have left their own country, on obtaining employment up here, will be able to obtain books written in excellent language, at a very cheap rate. What more need I write?

11th Falgoon, Cawnpore.

A Native of Bengal.

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নিবেদন মিদং আপনকার অমূল্য দর্পণে নীচে লিখিতব্য কএক পঁক্তি স্থান দান করিয়া চিরবাধিত করিতে আজ্ঞা হয়।

১ দফা। আমরা ঘাটাল থানার অন্তঃপাতি প্রজা থানা ঘাটালে অনেক পরাক্রান্ত দারোগা আসিয়াছিলেন। কিন্তু এক২ জন সৎলোক সহকারে প্রজার কুশল হইয়াছে। কএক বৎসর হইল অনেক দুঃখ আমারদের গিয়াছে আমরা সর্ব্বদা গোচর করিতে অশক্ত। সম্প্রতি কএক সপ্তাহ হইল শ্রীসৃষ্টিধর সিংহ উক্ত থানায় একটিং জমাদার হইয়াছেন। উক্ত ব্যক্তির আগমন অবধি কএক জন দস্যু দৃঢ় বদ্ধ জেজ্‌রাজ সমীপে প্রেরিত হইয়াছে। দর্পণ প্রকাশক মহাশয় গো পরমেশ্বর কিছু দিনের জন্য সৃষ্টিধরকে থানা ঘাটালে উক্ত পদে যদি নিযুক্ত রাখেন তবে সৃষ্টি রক্ষার চিহ্ন।

২ দফা। শুনিয়াছি উক্ত ব্যক্তিরা রাজ কর্ম্মে অতি অক্ষম বিশেষতঃ সৃষ্টিধর সিংহ ঐ থানায় পদাতি কর্ম্মে নিযুক্ত থাকিয়া শ্রীযুত গিলমোর সাহেবের আমলে ১২৪২ সালের ১৪ জ্যৈষ্ঠে এক চমৎকাররূপ দস্যু ধৃত করে ঐ দস্যুরা গুড়দহ গ্রামস্থ জগন্নাথ দলুই ও মথুর দলুই ও মথুর দর্জি ও সহদেব সিংহ দিগর ত্রিশ জন চৌদ্দ বৎসর কারা বদ্ধ আছে। ঐ দস্যুরা উক্ত থানার সরহদ্দ নন্দনপুর বেড়বাড়ি নামক গ্রামে গুরুপ্রসাদ চক্রবর্ত্তী দিগরের বাটীতে ১২৪২ সালের ৮ জ্যৈষ্ঠে পড়িয়া দ্রব্য সর্ব্বস্ব হরণ করিয়াছিল। সপ্তাহ পরে সৃষ্টিধর প্রেরিত হইয়া মালমুদ্ধ গ্রেপ্তার করিয়াছিল। দর্পণ প্রকাশক মহাশয় এমত দেশ হিতৈষী সৃষ্টিধর সিংহ উক্ত জমাদারী পদে নিযুক্ত থাকিলে প্রজার কি পর্য্যন্ত মঙ্গল মহাশয়ের পাঠক বর্গ বিবেচনা করিবেন।

৩ দফা। এই সৃষ্টিধর ঐ মিছিলে দস্যুগণের বাটী হইতে ৭৭ সংখ্যক অপহৃত দ্রব্য ধৃত করে ঐ সকল দ্রব্য ধৃত করণে চমৎকার বৃত্তান্ত লিখিতে লেখনী অশক্ত তথাপি এক প্রকার লিখি। জগন্নাথ দলুই প্রধান দস্যুর মাতার কটিদেশ হইতে ঐ অপহৃত দ্রব্য ধৃত করিয়াছিল। যদি বিচারপতিরা প্রজার হিতার্থে উক্ত ব্যক্তির কৃত কর্ম্ম বিশেষ অবগত হইতে ইচ্ছা করেন তবে উপরোক্ত সনের ঐ মিছিল রুবকারির মধ্যে দৃষ্টি করিলেই নিশ্চিত জানিতে পারিবেন।

কস্যচিৎ দীন হীনানাং।

tee, 1242, fell upon the house of Goorgopersad and others, in Nundunpoor Bubaree, and stripped it of every thing. A week after, Shristedhur was sent there, and seized them with the stolen property. Mr. Editor, if a man so fitted to do good to the country remains in this post of Jemadar, you may easily judge how advantageous it will be.

3rd. Shristedhur, on that occasion, seized seventy-seven articles of stolen property in the houses of the robbers. To describe the singular way in which this was accomplished, is beyond my power, yet I will try. He found some of the property on the person of the mother of the chief robber. If the rulers, in order to promote the welfare of the people, wish to ascertain the particulars of this action, they have only to look into the papers of the Court.

Residents at Ghattal.

To the Editor of the Durpun.

With submission we make our requests. We beg you to oblige us, by giving a place to the few following lines in your excellent *Durpun.*

1st. We are residents of Ghattal. In the Thanna of Ghattal, many powerful Daroghas formerly came; and some of them, through the aid of their subordinates, have been enabled to do good to the people. We were reduced to very great distress some years ago, which we had not always the means of making known. Some weeks ago, Shristedhu Sing, became the acting Jamadar of this Thannah. Since his arrival, a number of wicked persons have been seized, and sent into the Judge. Mr. Editor, if Providence should continue this Jamadar for some time at the Thannah of Ghattal, the country will be preserved.

2nd. We have heard that the persons above named are incapable of public business; but Shristedhur Sing, when employed as a peon at that Thannah, in the time of Mr. Gilmore, on the 24th Jystee, 1242, made a very extraordinary seizure of some dacoits. Those dacoits consisted of Juggurnauth, and Mothoor, and Mothoor Jazlor, and Suhudur Singh, and others, to the number of thirty, who have been condemned to fourteen years imprisonment. The dacoits, on the 8th Jys-

মহামহিম শ্রীযুত পণ্ডিতবর্গ মহাশয় সমীপেষু।

প্রশ্নঃ।

এতদ্বর্ষে গুরৌ সিংহরাশিস্থিতে গৌড় বঙ্গান্যতর দেশে উপনয়নাদি কর্ম্ম ভবিতুমর্হতি নবেত্যত্র নিশ্চায়ক শাস্ত্রানুসারেণ ব্যবস্থা লেখনীয়া ভবদ্ভিরনুগৃহ্যেতেতি।

অস্যোত্তরং॥

এতদ্বর্ষে গুরোঃ সিংহরাশ্যবস্থিতিনিমিত্তক কালাশুদ্ধৌ গৌড় বঙ্গান্যতরদেশে উপনয়নাদিকমঙ্গল কর্ম্ম ভবিতুং নার্হতীতি বিদুষাম্পরামর্শঃ।

অত্র প্রমাণং।

সর্ব্বসিংহগুরুর্বর্জ্যঃ কলিঙ্গে গৌড় গুর্জ্জরে ইতি মুহূর্ত্তচিন্তামণিবচনং সিংহস্থিতে দেবগুরৌ বিবাহং নেচ্ছন্তি বা ত্রাংযমুনাতটেষু। কলিঙ্গবঙ্গেষু মাগধেষু দোষঃ প্রযুক্তো ন তথান্যদেশ ইতি প্রয়োগ পারিজাত ধৃতাগস্ত্য বচনং। গোবিন্দরাজীয় নিবন্ধ ধৃতং সিংহরাশিগতে জীবে মঙ্গলং ন সমাচরেৎ। মাঘীমঘাবিযুক্তাপি গৌড়ে বঙ্গে চ গুর্জ্জর ইতি হারীত বচনং। রবি রাশি গতে জীবে মাঘী পৈত্রক্ষ বর্জ্জিতা। বিবাহাদি শুভং কুর্য্যাদগৌড়ং বঙ্গং খসং বিনেত্যাগস্ত্য বচনং। সিংহে দেবেন্দ্রপূজ্যেত্বথ মকরগতে বক্রগ চাতিচারে বৈধব্যং পাণিপীড়ে মৃতিরুপনয়নেপ্রাশনে নিঃস্বতা চ। যাত্রায়াং চৌরভীতিঃ প্রপঠনমফলং গৌড়দেশে বিশেষাম্মাঘী পৈত্রক্ষ হীনাপি চ মগধ খসে গুর্জ্জরে স্যাদনিষ্টমিতি মাণ্ডব্যসংহিতাবচনঞ্চ॥ নচমাঘ্যাং যদি মঘা নাস্তি সিংহেগুরুরকারণমিতি আর্ত্তধৃতশাস্ত্রাতপবচন বলাদেতদ্বর্ষে সিংহে গুরোরবস্থিতিনিমিত্তক কালাশুদ্ধির্নাস্তীতি বাচ্যং তদ্বচনস্য পূর্ব্বোক্ত গৌড় বঙ্গাদি দেশবিশেষ ঘটিতবচন স্বরসাদগৌড় বঙ্গাদ্যতিরিক্ত দেশ পরত্বাৎ নচ সিংহে গুরৌ সিংহলবে বিবাহো নেষ্টোথ গোদোত্তরতশ্চ যাবৎ। ভাগীরথী যাম্যতটঞ্চ দোষোনান্যত্র দেশে তপনেপি মেষ ইতি মুহূর্ত্তচিন্তামণি বচনং। তট্টীকাকৃত সিংহরাশিসম্বন্ধ সিংহাংশবর্জ্জনতাৎপর্য্যবশেন বর্ণিতং তদ্বলেনৈতদ্বর্ষে সম্প্রতি তদংশে গুরোরবস্থিতি বিরহেণ বিবাহাদিকং কার্য্যমিতি বাচ্যং হরিনাচারি তাগেপি বুভোদ্বাহাদিমঙ্গলং। ন নিষিদ্ধং যদি প্রোক্তে স্বাভ বা সংস্থিতোগুরুরিতি জ্যোতির্নিবন্ধ জ্যোতির্বিবরণ পুরুষার্থ চিন্তামণি প্রভৃতি বহুবিধ প্রামাণিক গ্রন্থধৃত কাশ্যপবচন তাৎপর্য্য বশেন রাশ্যন্তরস্যাপি সিংহাংশ প্রাপ্ত্যা বাক্যভেদাপত্ত্যা সিংহীয় সিংহাংশ এবদুষ্ট ইতি বক্তুমশক্যতয়া সিংহে সামান্যেঃ সিংহাংশে চ গুর্ব্ববস্থিতেঃ কালাশুদ্ধি

মহামহিম শ্রীযুত পণ্ডিতবর্গ সমীপেষু।

প্রশ্ন।

এবৎসর বৃহস্পতি সিংহ রাশিস্থিত হওয়াতে গৌড় বঙ্গ এই উভয় দেশে উপনয়নাদি কর্ম্ম হইতে পারে কি না ইহার শাস্ত্রানুসারে অনুগ্রহ পূর্ব্বক মহাশয়দিগকে ব্যবস্থা লিখিতে আজ্ঞা হয়।

উত্তর।

এবৎসরে বৃহস্পতির সিংহরাশিস্থিতি জন্য কালাশুদ্ধি প্রযুক্ত গৌড় ও বঙ্গ এই উভয় দেশেই উপনয়নাদিরূপ কর্ম্ম হইতে পারে না ইহা পণ্ডিতদিগের পরামর্শ।

ইহাতে প্রমাণ।

সর্ব্ব সিংহগুরুর্বর্জ্যঃ কলিঙ্গে গৌড়গুর্জ্জরে। বৃহস্পতিগ্রহ যখন সিংহরাশিতে সঞ্চারিত হইবেন তখন তাহার সকলাংশেই কলিঙ্গ গৌড় এবং গুজরাট দেশে কোনো কর্ম্মই কর্ত্তব্য নহে এই মুহূর্ত্ত চিন্তামণির বচন এবং সিংহস্থিতে দেবগুরৌ বিবাহং নেচ্ছন্তি যাত্রাং যমুনা তটেষু। কলিঙ্গ বঙ্গেষু মাগধেষু দোষা প্রযুক্তো নতথান্যদেশে। দেবগুরু অর্থাৎ বৃহস্পতি যদি সিংহরাশি প্রাপ্ত হন তবে যমুনা তটে এবং কলিঙ্গ বঙ্গ ও মগধ রাজ্যে বিবাহ ও যাত্রাকর্ম্ম পণ্ডিত মহাশয়েরা ইচ্ছা করেন না কিন্তু অন্য অন্য দেশে বিবাহ যাত্রাকর্ম্মে তাদৃশ দোষ কহেন না এই প্রয়োগ পারিজাত গ্রন্থ ধৃত অগস্ত্য বচন আর সিংহরাশিগতে জীবে মঙ্গলং ন সমাচরেৎ। মাঘী মঘা বিযুক্তাপি গৌড়ে বঙ্গে চ গুর্জ্জরে। জীব অর্থাৎ বৃহস্পতি যদি সিংহরাশিস্থিত হন তবে মাঘী পূর্ণিমাতে মঘা নক্ষত্র না থাকিলেও গৌড়বঙ্গ ও গুজরাট দেশে কোন মঙ্গল কর্ম্ম ব্যবহার করিবেক না এই গোবিন্দরাজের গ্রন্থ ধৃত হারীত ঋষির বচন। রবি রাশি গতে জীবে মাঘী পৈত্রক্ষ বর্জ্জিতা। বিবাহাদি শুভং কুর্য্যাৎ গৌড়ং বঙ্গং খসং বিনা। বৃহস্পতি রবি রাশি গত হইলে অর্থাৎ রবির গৃহ যে সিংহরাশি তাহাতে সঞ্চরিত হইলে মাঘীপূর্ণিমাতে পিতৃদৈবত্য ঋক্ষ অর্থাৎ মঘা নক্ষত্র যদ্যপি না থাকে তবে গৌড়বঙ্গ খস রাজ্যব্যতিরেকে বিবাহাদি শুভকর্ম্ম করিতে পারে এই অগস্ত্য বচন। সিংহে দেবেন্দ্র পূজ্যে অথ মকরগতে বক্রগে চাতিচারে বৈধব্যং পাণিপীড়ে মৃতিরুপনয়নে প্রাশনে নিঃস্বতা চ। যাত্রায়াং চৌরভীতিঃ প্রপঠনমফলং গৌড় দেশে বিশেষাম্মাঘী পৈত্রক্ষ হীনাপি চ মগধখসে গুর্জ্জরে স্যাদনিষ্টং। দেবেন্দ্র পূজ্য অর্থাৎ বৃহস্পতিগ্রহ যৎকালীন সিংহরাশি বা মকর রাশিস্থিত হন কিম্বা বক্রী বা অতিচারী হন তখন মাঘীপূর্ণিমাতে মঘা নক্ষত্র না থাকিলেও মগধে ও গুজরাটে বিশেষতো গৌড় রাজ্যে এই২ অনিষ্ট হয় বিবাহে বৈধব্য উপনয়নে মরণ অন্নপ্রাশনে দারিদ্র্য যাত্রায় চৌরভয় এবং বিদ্যারম্ভে অফল অর্থাৎ মূর্খ হয় এই মাণ্ডব্য সংহিতার বচনও ইহাতে প্রমাণ।

সম্ভাদকত্বাৎ সিংহেসিংহীয়াং শরিশে যেচ গুর্ব্ববস্থিতেদূষকতামভিধায় সর্ব্ব সিংহ গুরুর্ব্বর্জ্যঃ কলিঙ্গে গৌড়গুর্জ্জরে ইতি জ্যোতির্ব্বিবেকধৃত মুহূর্ত্ত চন্তামণি বচনেন সিংহীয়সকলাংশএব গৌড়াদি দেশে গুর্ব্ববস্থিতেঃ কালাশুদ্ধিনির্ব্বাহক ত্বাচ্চ। অপিচ কালাশুদ্ধি বিষয়ে প্রতিপ্রসব বচনানাং বাচস্পতিমিশ্রমতে অমূলকত্বেন দ্বৈতনির্ণয় গ্রন্থে বিষং ভুঙ্ক্ষ্ব মা চাণ্ডাল গৃহে ভুঙ্ক্ষ্ব ইতিবৎ সামান্য বচনস্যাত্যন্ত নিষেধ পরত্বোক্ত্যাচ বিধায়কত্বাভাবাত্তত্তদগ্রন্থকৃন্মতে সুতরামেতদ্বর্ষে উপনয়নাদেরকর্ত্তব্যত্বেবেতি॥

সিংহে যদা তিষ্ঠতি দেবপূজ্যো মোষং তদা বৎসরমামনন্তি। বৈধব্যমাপ্নোত্যচিরেণ কন্যা বিবাহিতা দেবপতেঃ সুতাপি॥ চারাতিচারবক্রাদ্যৈঃ পিতৃঋক্ষে গুরুর্যদা। মাঘীচৈব মঘাযুক্তা মহামোষঃ সউচ্যতে। ইতি কৃত্যচিন্তামণিধৃত ভুজবল ভীমবচনেন মাঘ্যাং যদি মঘা নাস্তি সিংহেগুরুরকারণমিত্যস্য বিরোধ পরিহারস্তুদেশবিশেষপরত্বয়ৈব ভবতীতিচ।

ধর্ম্ম সভাধ্যক্ষ শ্রীনিমাইচন্দ্র শিরোমণি শর্ম্মণাম্
ধর্ম্ম সভাধ্যক্ষ শ্রীশম্ভুচন্দ্র বাচস্পতি ঐ
ধর্ম্ম সভাধ্যক্ষ শ্রীহরিনাথ তর্কভূষণ ঐ
ধর্ম্ম সভাধ্যক্ষ শ্রীজয়গোপাল তর্কালঙ্কার শর্ম্মণাম্
ধর্ম্ম সভাধ্যক্ষ স্বর্ণকোট পণ্ডিত শ্রী রাম জয় শর্ম্মণাম্
ধর্ম্ম সভাধ্যক্ষ শ্রীরামমাণিক্য বিদ্যালঙ্কার শর্ম্মণাম্
ধর্ম্ম সভাধ্যক্ষ শ্রীশ্রীকান্ত তর্কপঞ্চানন ঐ
পাঠশালাস্থ শ্রীগঙ্গাধর তর্কবাগীশ ঐ
পাঠশালাস্থ শ্রীহরিপ্রসাদ তর্কবাগীশ ঐ
পাঠশালাস্থ শ্রীপ্রেমচাঁদ তর্কবাগীশ ঐ
পাঠশালাস্থ শ্রীসর্ব্বানন্দ ন্যায়বাগীশ ঐ
কাশী পাঠশালাস্থ ধর্ম্মশাস্ত্রি পাণ্ডেয়োপনামক শ্রীঈশ্বর দত্ত শর্ম্মণাম্
সদর দেওয়ানী পণ্ডিত শ্রীবিদ্যানাথ ঐ
নবদ্বীপনিবাসি শ্রীদেবীচরণ তর্কালঙ্কারঐ
তথা শ্রীমহেশচন্দ্র শর্ম্মণাম্
তথা শ্রীবিশ্বেশ্বর শর্ম্মণাম্
তথা শ্রীভোলানাথ শর্ম্মণাম্
তথা শ্রীমাধবচন্দ্র শর্ম্মণাম্
তথা শ্রীশ্রীরাম শর্ম্মণাম্
তথা শ্রীকৃষ্ণনাথ শর্ম্মণাম্
তথা শ্রীনবকুমার শর্ম্মণাম্
পূরণিয়া রাজ সভাধ্যক্ষ জ্যোতির্ব্বিন্দু মনু শর্ম্মণাম্ বরেলি নিবাসি শ্রীচেতচন্দ্র শর্ম্মণাম্
খিদিরপুর নিবাসি শ্রী ঈশ্বরচন্দ্র শর্ম্মণাম্
কুমারহট্ট নিবাসি শ্রীবনমালি শর্ম্মণাম্
খামারপাড়া নিবাসি শ্রীচণ্ডীপ্রসাদ ঐ
আড়পুলি নিবাসি শ্রীপার্ব্বতীচরণ ঐ
নৈহাটি নিবাসি শ্রীরামকমল ঐ
উত্তরপাড়া নিবাসি শ্রীউমাকান্ত ঐ
বালি নিবাসি শ্রীজগন্নাথ শর্ম্মণাম্
করালডাঙ্গা নিবাসি শ্রীভবদেব শর্ম্মণাম্
বাঁশবেড়িয়া নিবাসি শ্রীবৈকুণ্ঠনাথ ঐ
যশোহর নিবাসি শ্রীবিরূপাক্ষ শর্ম্মাণাম্
খড়দহনিবাসি কমিটি পণ্ডিত শ্রীহরচন্দ্রঐ
পাঞ্চালদেশ নিবাসি শ্রীজীবনরাম ঐ
সম্বুপার নিবাসি শ্রীরামশরণ শর্ম্মণাম্
পাঠশালাস্থ শ্রীযোগধ্যান শর্ম্মণাম্

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে যে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেলদ হইয়াছে তাহার মূল্য ৷৷০ আনা ধরা গিয়াছে।

পত্রধারা।

তন্মধ্যে, পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আ

যদি বল যে মাঘ্যাং যদি মঘা নাস্তি সিংহে গুরুরকারণং। মাঘীপূর্ণিমাতে যদি মঘা নক্ষত্র না থাকে তবে সিংহ রাশিস্থ যে বৃহস্পতি তিনি অকারণ হন এই স্মার্ত্ত ভট্টাচার্য্য ধৃত শাতাতপ বচন বল প্রযুক্ত এবৎসর সিংহ রাশিতে গুরুর অবস্থিত নিমিত্তক যে কালাশুদ্ধি তাহা নাই। তাহা কহিওনা কেননা পূর্ব্বোক্ত গৌড় বঙ্গাদি দেশ বিশেষ ঘটিত যে বচন সকল তাহার বলপ্রযুক্ত মাঘ্যাং যদি মঘা নাস্তি এবচনের গৌড় বঙ্গাদির অতিরিক্ত দেশে স্থল কহিতে হইবে।

কিঞ্চ যদি বল যে সিংহে গুরৌ সিংহলবে বিবাহো নেষ্টোহথ গোদোত্তরতশ্চ যাবৎ। ভাগীরথী যাম্যতটঞ্চ দোষো নান্যত্র দেশে তপনেপি মেষে। এই যে মুহূর্ত্ত চিন্তামণির বচন তাহাতে তাহার টীকাকার এমত তাৎপর্য্য ব্যাখ্যা করেন যে সিংহ রাশি সম্বন্ধি যে সিংহাংশ তাহাই ত্যাজ্য অতএব সেমতে এবর্ষে সম্প্রতি সিংহাংশে গুরুর অবস্থিতি নাই সুতরাং বিবাহাদি করিতে পারিবেক। তাহা কহিওনা কেননা হরি নীচারিভাগেপি ব্রতোদ্বাহাদি মঙ্গলং। ননিষিদ্ধং যদি স্বোচ্চে স্বভে বা সংস্থিতো গুরুঃ। যদি উচ্চগৃহে বা স্বগৃহে বৃহস্পতি গ্রহ স্থিত করেন তবে সিংহ বা নীচ বা শত্রুর অংশেও উপনয়ন বিবাহাদি মঙ্গল কর্ম্ম নিষিদ্ধ নয় এই জ্যোতির্ব্বিবেকও জ্যোতি বিবেক ও পুরুষার্থ চিন্তামণি প্রভৃতি বহুবিধ প্রামাণিক গ্রন্থধৃত যে কাশ্যপ বচন তাহার তাৎপর্য্যবশতঃ রাশ্যন্তরেরও সিংহাংশ প্রাপ্তিতে বাক্যভেদ ভয়প্রযুক্ত সিংহ রাশির যে সিংহাংশ তাহাই দুষ্ট ইহা কথনাশক্ততাপ্রযুক্ত সিংহরাশিতে বা সামান্যতঃ সিংহাংশে গুরু থাকিলেই কালাশুদ্ধির জনক হন এবং সিংহে সিংহীয়াংশ বিশেষেতে গুর্ব্ববস্থিতে দূষকতামভিধায় সিংহরাশিতে যে সিংহরাশির অংশ তাহাতে গুরু থাকিলে দোষ হয় ইহা বলিয়া পরে কহিতেছেন যে সর্ব্বসিংহগুরুর্বর্জ্যঃ কলিঙ্গে গৌড় গুর্জ্জরে। সিংহের যে কোন অংশে বৃহস্পতি থাকিলেই কলিঙ্গ গৌড় ও গুজরাট দেশে কালাশুদ্ধি হয় এই জ্যোতিবিবেকধৃত মুহূর্ত্ত চিন্তামণি বচন দ্বারা সিংহের সকল অংশেই গুরু থাকিলে গৌড়াদি দেশে কালাশুদ্ধির কারণ হন। আর বাচস্পতি মিশ্র মতে কালাশুদ্ধি বিষয়ে প্রতিপ্রসব বচনদিগের অমূলকত্ব প্রযুক্ত দ্বৈতনির্ণয়গ্রন্থে বিষং ভুঙ্ক্ষ্ব মা চাণ্ডালগৃহে ভুঙ্ক্ষ্ব। বরং বিষ ভোজন করিও কিন্তু চণ্ডালগৃহে ভোজন করিও না ইহার ন্যায় অর্থাৎ এস্থলে যেমন বিষ ভোজনে অনুমতি হইল চণ্ডালগৃহে ভোজনে অনুমতি না তেমন সামান্যবচনের অত্যন্ত নিষেধপরত্ব কহাতে কালাশুদ্ধিতেও শুভ কর্ম্মাদি বিহিত হইল না অতএব তত্তৎগ্রন্থকারের মতে সুতরাং এবৎসর উপনয়নাদি দেওয়া অকর্ত্তব্য ইতি।

সিংহে যদাতিষ্ঠতি দেবপূজ্যো মোষংতদা বৎসরমামনন্তি। বৈধব্যমাপ্নোত্যচিরেণ কন্যা বিবাহিতা দেবপতেঃসুতাপি। চারাতিচারবক্রাদ্যৈঃ পিতৃঋক্ষে গুরুর্যদা। মাঘীচৈব মঘাযুক্তা মহামোষঃ সউচ্যতে। দেবপূজ্য যে বৃহস্পতি তিনি যখন সিংহলগ্নে স্থায়ী হন তৎকালীন পণ্ডিতেরা সেবৎসরকে নিরর্থক কহেন কেননা তৎকালে যদি ইন্দ্রের কন্যা বিবাহিতা হন তবে তাঁহারও অতিশীঘ্র বৈধব্য হয়। আর সঞ্চার অতিচার বা বক্রাদি দ্বারা যদ্যপি গুরু মঘা নক্ষত্রে গমন করেন এবং মাঘীপূর্ণিমাতে মঘা নক্ষত্র না থাকে তবে সে বৎসরকে মহামোষ কহা যায় অর্থাৎ তদ্বর্ষে শুভকর্ম্ম অত্যন্ত নিষিদ্ধ হয় এই কৃত্য চিন্তামণিধৃত ভুজবলভীমের বচন দ্বারা মাঘ্যাং যদি মঘা নাস্তি সিংহে গুরুরকারণং এই বচনের বিরোধ পরিহার দেশ বিশেষেই হয়।

খ্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

বাঙ্গলা ডিক্সানরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বজ্ঞের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ সাং ১৮৩১ সালের শ্রীযুত গবর্ণমেণ্টকর্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে। প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মনসেফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথা ক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল মূল্য ১০ টাকা।

সংস্কৃত ভাষায়।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্তৃক সম্পন্ন হইয়া সূচিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোক সকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

দিগ্‌দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৬ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন হইয়া দুই বালমে জেলদবন্দি হইয়াছে। ঐ গ্রন্থের মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে।

সদগুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদগুণ ও বীর্য্যের মনোরঞ্জন ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরী সাহেবকর্তৃক রচিত তৃতীয় বার মুদ্রাঙ্কিত। মূল্য ৩ টাকা।

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৴	।৴	ঐ
২ ক্লাস	৷৷০	।০	ঐ
৩ ক্লাস	৩৸০	।০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷৷০	১৪।০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০	প্রিমিয়ম

সটীকমনুঃ।

সর্ব্ব জনের জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে উপরি লিখিত মূল্য প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক ইতি।

অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিত হইয়া দুই ভাগ করা গিয়াছে প্রথম ভাগে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব জেলদবন্দি হইয়াছে ইহার মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল আছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। অতএব এইক্ষণে এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসপণ্ডিতরচিত সপ্তকাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেলবন্দি হইয়া ২ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম ও উপরি লিখিত মুদ্রা প্রেরণ করিলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ডসকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

Government Securities.

Old 5 Per Cent loan,		
1st Class,	0 2	0 6
2d. Class,	0 ½	0 4
3d. Class,	3 12	4 [illegible]
Middle 5 per cent loan,	0 0	0 0
New 5 per Cent,	12 0	13 0
4 per Cent loan,	2 4	2 0 Disct.

Bank Shares.

Bank of Bengal,.........Co.'s Rs. 2,400—2,500

সমাচার দর্পণ

১১৮৩ সংখ্যা। বালম ২০।] ১৭ মার্চ ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ৫ চৈত্র। SATURDAY, MARCH 17TH. 1838. [মূল্য মাসে ১ টাকা।

No. 1183. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

ইশতেহার।

সমাচার দেওয়া যাইতেছে যে ভারত বর্ষক কোম্পানির বোয়ালিয়ার রেশমের কুঠী এবং অবশিষ্ট অবিক্রীত বানক আগামি মে মাসের প্রথমে বিক্রয় হইবেক।

এই বিক্রয়ের বিশেষ বেওরা পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

হাসিল নিমক ও আফীণ বোর্ডের হুকুমক্রমে।

জে ডবলিউ গ্রাণ্ট
খাতাবাড়ীর অধ্যক্ষ
খাতাবাড়ী ২২ জানুআরি ১৮৩৮ সাল।

সমাচার দেওয়া যাইতেছে যে যে মোকদ্দমায় রামতনু মল্লিক প্রভৃতি আসামি পুনরুত্থাপিত সেই মোকদ্দমায় গত ৬ আপ্রেল তারিখে যে ডিক্রী হয় সেই ডিক্রী অনুসারে গত ১৩ দিসেম্বর তারিখে মৃত রামগোপাল মল্লিকের ইস্টেটের মধ্যে নীচে লিখিতব্য যে সম্পত্তি বিক্রয় হয় নাই তাহা আগামি ১৯ মার্চ তারিখ বৃহস্পতিবারে বেলা দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের মাষ্টর আপিসে পবলিকসেলে অর্থাৎ নীলামে উক্ত ডিক্রীর অভিপ্রায় সিদ্ধার্থ বিক্রয় হইবেক।

লাট নং ১৫ A এবং কলিকাতা নগরের চিৎপুর রাস্তার মছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তৎসংক্রান্ত যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে রামসুন্দর মিত্রের বাটী ও ভূমি অপরাংশে গোলোকচন্দ্র ধরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে চিৎপুরের রাস্তা। পশ্চিম দিগে মৃত রামগোপাল মল্লিকের বাটী ও ভূমি উত্তর দিগে সরকারী নর্দমা এবং পূর্ব্বে ভুক্ত মৃত রামগোপাল মল্লিকের ভূমি ও লালাবাবুর ভূমি রামপ্রসাদ সেনের ভূমি।

লাট নং ১৬। A কলিকাতা নগরের নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মৃত রামগোপাল মল্লিকের ভদ্রাসন বাটী। পশ্চিম দিগে প্রাণধন দত্তের বাটী। দক্ষিণ দিগে গোলকচন্দ্র ধর ও মৃত গোবিন্দচন্দ্র ধরের বাটী। উত্তর দিগে সরকারী নর্দমা।

লাট নং ১৭। A কলিকাতা নগরে নৈতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বদ্ধ ভূমি অনুমান ১/১। এক বিঘা দেড় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী নর্দমা। উত্তর দিগে তেলির বাটী নামে বিখ্যাত বাটী। পশ্চিম দিগে গোবিন্দচাঁদ বাবু ক্ষত্রিয়ের বাটী। পূর্ব্ব দিগে বাবু ভোলানাথ ক্ষত্রিয়ের বাটী।

এই বিক্রয়ের বিশেষ বেওরা মাষ্টর আপিসে অথবা ফরিয়াদীর উকীল টি বি সুইনহো সাহেবের নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

এ ডবস
মাষ্টর

মাষ্টর আপিস।
২২ ফেব্রুআরি ১৮৩৮ সাল।

NOTICE.

Extensive Sale at Chandernagore, of all the Handsome Household Furniture, Jewellery, Silver Plate, Choice Wines, Carriages, Horses, Dogs, &c. &c. &c. belonging to the Estate of the late M. Razet, Esq.

To be Sold by Public Auction, at Chandernagore, on Thursday, March 22; 1838, at 10 A. M. precisely, by Monsieur Le Notaire de la Colonnie, all the extensive and valuable Household Furniture, &c. &c. belonging to the estate of the late M. Razet, Esq; consisting of handsome drawing and Dining Room Mahogany Tables, Chairs, Sophas, Pier Glasses, Pictures, Wall Shades, Dinner and Breakfast Porcelain Services, an excellent Billiard Table, &c. &c. &c.

Also, a quantity of Jewellery, set with Pearls and Diamonds, a large and elegant assortment of Silver Plate of about 6,000 Sa. Rs. weight, 250 Dozen of Superior Chateau Margeau and St. Julian Clarets of this year's importation; Sparkling Champaigns; very old Madeira of most delicious flavour; Beer; choice Liquors; and a quantity of Preserves, in fine condition, from the well known Collin, of Nantes.

A handsome Family Carriage, a Palanquin, ditto a Buggy, Palanquins, Horses, and two Dogs of an extraordinary size, well worth the attention of any person requiring a couple of good watch dogs.

Several maunds of Shell Lac and Lac Dye, with divers utensils for manufacturing the same.

Conditions of Sale, Cash; and the whole number of lots purchased to be paid for and taken away within three days after the Sale.

চন্দননগরে নীলাম।

চন্দননগরে ৺ প্রাপ্ত রাজে সাহেবের ইষ্টেটসম্পর্কীয় ঘরের তাবৎ অত্যুত্তম লওয়াজিমা দ্রব্য ও জহরাৎ ও রূপার বাসন ও উত্তম সরাপ ও গাড়ি ঘোড়া কুক্কুরপ্রভৃতি।

সম্বাদ দেওয়া যাইতেছে যে চন্দননগরে আগামি ১৮৩৮ সালের ২২ মার্চ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক ১০ ঘণ্টার সময়ে চন্দননগর শহরের শ্রীযুত নটেয়র সাহেব ঐ শহরের ৺ প্রাপ্ত রাজে সাহেবের ইস্টেটসম্পর্কীয় বহুমূল্য অনেক লওয়াজিমা দ্রব্য বিক্রয় করিবেন। তন্মধ্যে উৎকৃষ্ট হগ্নি কাষ্ঠনির্ম্মিত খানাখাইবার মেজ ও চৌকি ও কৌচ ও বড় আয়না ও ছবি ও দেওয়ালগিরি ও খানা ও হাজরির বাসন ও উত্তম বিলিয়ট খেলিবার মেজ এবং মুক্তা ও হীরকযুক্ত কতক আভরণ ও ছয় হাজার সিক্কার ওজন অতিবৃহৎ উত্তম রূপার বাসন ও ২৫০ আড়াই শত উত্তম শাটোমারগো ও সেনজুলিয়ান এই বৎসরের আমদানীর লাল সরাপ ও উত্তম সাম্পেন ও অতিপ্রাচীন মাদেরা ও বীর সরাপ ও উৎকৃষ্ট মিঠাসরাপ এবং নানাপ্রকার মিঠাই ও নাণ্ট শহরের অতিপ্রসিদ্ধ কলেন সাহেবের প্রস্তুত করা টীনের নানা দ্রব্য।

এবং অত্যুত্তম পাল্কি গাড়ি ও বগি ও পাল্কি গাড়ির ঘোড়া ও দুই অতি বৃহৎ কুক্কুর যাহারদের চৌকি দেওনের নিমিত্ত কুক্কুর রাখণের আবশ্যকতা তাঁহারদের এই কুক্কুরের বিষয়ে মনোযোগকরা উচিত কতক মোন চাপড়া গালা ও ঘৌ ও ঐ দ্রব্য প্রস্তুত করণার্থ নানা সরঞ্জাম।

নীলামের নিয়ম নগদ টাকায় তাবৎ লাট নীলামের তারিখের পর তিন দিনের মধ্যে টাকা দিয়া খালাস করিতে হইবেক।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৯ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রামনারায়ণ মুখুয্যের বিরুদ্ধে বেন্দিসহেনৈ একুপোনান নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা মেদিনীপুরে বগড়ি পরগনার বমনচোরার শামিল ও তন্মধ্যস্থিত বগড়ি নামে বিখ্যাত যে এক তালুক তাহার ১৫ ডিহিতে ৬৭৩ মৌজা আছে বিশেষতঃ ডিহি নিজ বমনচোরা ডিহি বাচুরা ডিহি কেদরা ডিহি বসন্তপুর ডিহি কমরা ডিহি রসকুণ্ড ডিহি উড়য়াসহী ডিহি করুই ডিহি গায়ঘটন ডিহি নয়াবসত ডিহি পাত্রপাড়া ডিহি ফুলবেড়য়া ডিহি পশ্চিম ডিহি আগরা ডিহি হাবিল তাহার অর্দ্ধেক অংশেতে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী রামনারায়ণ মুখুয্যের যে স্বত্ব ও অধিকার ও তদ্দর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২২ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব চার্লস ফরবেস্‌ লাল সাহেবের বিরুদ্ধে কাইরাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের মুরগিহাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি অনুমান ৬০ পনর কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী চার্লস ফরবেস্‌ লাল সাহেবের যে স্বত্ব ও অধিকার ও তদ্দর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জোন্স সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে যে ভূমি পূর্ব্বে মৃত রামগোপাল মল্লিকের ছিল এইক্ষণ বিশ্বম্ভর সেনের দখলে আছে। পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে রাজন রায়ণ বসাকের গোলা বাড়ী।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ছন্দোমঞ্জরী ও বৃত্তরত্নাবলি।

এই উভয় সংস্কৃত গ্রন্থ উত্তম কাগজে ও উত্তম বাঙ্গালা অক্ষরে শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে মুদ্রিত হইয়া সমুদায়ে ৩১ পৃষ্ঠা একখণ্ডে বদ্ধ হইয়াছে। এই পুস্তক পাঠ করিলে তাবৎ ছন্দের লক্ষণ জ্ঞান হইয়া অনায়াসে কবিতার ছন্দো বোধ এবং অনুশীলনে কবিতাশক্তিও হইতে পারে মূল্য ।০ মাত্র। গ্রাহক মহাশয়রা কলিকাতাস্থ সংস্কৃত কালেজের অধ্যাপক শ্রীযুত জয়গোপাল তর্কালঙ্কার ভট্টাচার্য্যের পাটো তাঁহার বাসাবাটীতে অথবা শ্রীরামপুরের ছাপাখানায় লোক প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

রাজকর্ম্মে নিয়োগ।

৭ মার্চ ১৮৩৮।

শ্রীযুত জে এস আষ্টেল সাহেব শ্রীযুত জাকসন সাহেবের কর্ম্মে ইস্তফা দেওন অবধি অর্থাৎ ১৮৩৬ সালের ১৮ নবেম্বর অবধি কোম্পানি বাহাদুরের কান্টনস্থ টাকার সরবরাহ কর্ম্মের প্রধান মেম্বরী পদে যে নিযুক্ত হইয়াছিলেন তাহা মঞ্জুর হইল।

শ্রীযুত এচ এম ক্লার্ক সাহেব ১৮৩৬ সালের ১৮ নবেম্বর অবধি কান্টনস্থ উপরি উক্ত দ্বিতীয় মেম্বরী পদে যে নিযুক্ত হইয়াছিলেন তাহা মঞ্জুর হইল।

১০ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সর চার্লস ডাইলি সাহেব ও শ্রীযুত জর্জ আদম সাহেব টামস গ্রেনবিলনামক জাহাজারোহণে ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

৭ মার্চ।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেবকর্ত্তৃক সেন্টআন্ড্রুর গির্জা ঘরের প্রধান ধর্ম্মোপদেশক শ্রীযুত জেমস চার্লস সাহেব স্বাস্থ্যার্থ বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি কলিকাতা রাজধানী হইতে গমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

১০ মার্চ

বঙ্গরাজধানীস্থ ধর্ম্মোপদেশক শ্রীযুত জান বেল সাহেব জিনোবিয়া জাহাজারোহণে ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

২৭ ফেব্রুআরি।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত বাবু জয়গোপাল বন্দ্যোপাধ্যায় ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে জিলা চব্বিশ পরগনার ডেপুটি কালেক্টর হইয়াছেন।

২ মার্চ।

হুগলির শ্রীযুত মাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত সি গ্রান্ট সাহেব গত আগষ্ট মাসের ১ তারিখে যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

৬ মার্চ।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবর্নর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আর বি থরনহিল সাহেব ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত বি পি সিঙ্গর সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধানুসারে মেদিনীপুরের ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত সেখ লুতফ আলি খাঁ বাহাদুর ঐ আইন অনুসারে বেহারের ঐ ঐ।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থান হইতে ছুটি পাইয়াছেন।

দিনাজপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই বেণ্টাল সাহেব স্বীয় কার্য্যোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত আর হেম্‌টন সাহেব শ্রীযুত বেণ্টাল সাহেবের অনুপস্থানে একটিং রূপে কর্ম্ম করিবেন।

বালেশ্বরস্থ সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ এস ডিকিন সাহেব গত ডিসেম্বর মাসের ২২ তারিখে স্বীয় কর্ম্মস্থানে পঁহুছনার্থ শ্রীযুত কমিস্যনর সাহেব কর্ত্তৃক যে ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

মালদহস্থ দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এ জাকসন সাহেব আগামি মহরমের বন্দ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

জিলা বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ফতেআলি খাঁ ও উপরি প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নিয়ামত আলী ও সদর আমীন শ্রীযুত মৌলবী আসরফ হসেন আগামি মহরমের বন্দ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

৯ মার্চ।

খুর্দার পাইকের কোম্পানির অধ্যক্ষ শ্রীযুত কাপ্তান ড্রুমন সাহেব হিমালয় পর্ব্বতে গমনার্থ ১৮৩৮ সালের ১ মার্চ অবধি ১৮৩৯ সালের ১ ফেব্রুআরিপর্য্যন্ত ১১ মাসের ছুটি পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত টি হোগন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ যে তারিখে জাহাজারোহণ করিবেন ঐ তারিখ অবধি ১০ মাসের ছুটি পাইয়াছেন।

২৮ ফেব্রুআরি।

পদাতিক সৈন্যের সপ্তম রেজিমেন্টের লেপ্তেনন্ত এবং ব্রিবেট কাপ্তান শ্রীযুত এচ হডলষ্টন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে শ্রীযুত এ রামজি সাহেবের অনুপস্থান পর্য্যন্ত কমাউনের আসিষ্টান্ট হইয়াছেন।

পদাতিক সৈন্যের ২৬ রেজিমেন্টের লেপ্তেনন্ত শ্রীযুত জে ডনকন সাহেব শ্রীযুত কর্ণেট সি জি ফেগন সাহেব কর্ম্মে ইস্তফা দেওনের অনুমতি পাওয়াতে সাগর ও নর্ম্মদা প্রদেশস্থ গবর্নর জেনরলের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত জে ডেবিডসন সাহেব বরেলিস্থ গবর্নর জেনরলের একটিং এজেন্ট হইয়াছেন।

২৭ ফেব্রুআরি ১৮৩৮।

মহীশূরের রাজার রাজ্যের কর্ম্ম নির্ব্বাহার্থ কমিস্যনর সাহেবের একটিং আসিষ্টান্ট শ্রীযুত এচ বি ডেবরু সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথেগমনার্থ পাঁচ মাসের ছুটি পাইয়াছেন।

১৫ ফেব্রুআরি।

শ্রীযুত জে লীন সাহেব শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবকর্ত্তৃক ১৮৩৭ সালের ১২ আগষ্ট তারিখে বিলাতগমনার্থ যে ছুটি পান তদনুসারে বর্ত্তমান মাসের ১ তারিখে উত্তর পশ্চিমাঞ্চলের সীমাহইতে বোম্বাইর রাস্তা দিয়া ইউরোপে যাত্রা করিয়াছেন।

১৭ ফেব্রুআরি।

নসিরাবাদের ধর্ম্মোপদেশক শ্রীযুত ডবলিউ পামর সাহেব সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ হেমন সাহেব গাজিপুরের ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ইটিসন সাহেব কানপুরের ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ব্রুক সাহেব মৌর ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত হইয়াছেন।

১৯ ফেব্রুআরি।

ফতেপুরের জজ শ্রীযুত জে টি রিবাজ সাহেব গত মাসের ২৭ তারিখের হুকুমক্রমে স্বীয় আবশ্যক কর্ম্মোপলক্ষে যে ছুটি পান তাহা বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি না হইয়া আগামি ১ মার্চ তারিখ অবধি আরম্ভ হইবেক।

মৈনপুরির জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত জে কিনলাক সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আপন কর্ম্মের ভার পরিত্যাগ করণের তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন।

সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে মাকগাবেষ্টন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ আগামি মাসের ১ তারিখ অবধি আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

আগ্রা প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি টি লিবাস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আলমোরা স্থানে গমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

২২ ফেব্রুআরি।

শ্রীযুত জে জে ডবলিউ টনটন সাহেব গত মাসের ২৯ তারিখঅবধি হমিরপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত জি পি টামসন সাহেব শ্রীযুত জাকসন সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত গোরক্ষপুরের একটিং জজ হইয়াছেন এবং তদতিরিক্ত ১৮৩৪ সালের ৩ আইন অনুসারে স্বীয় বর্ত্তমান স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্ম করিতে থাকিবেন এমত অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত আর সি গ্লিন সাহেবের অস্বাস্থ্যপ্রযুক্ত এবং তাঁহার এলাকার মধ্যে যেমন আদালতে কর্ম্মের বাহুল্য হওয়াতে শ্রীযুত গ্লিন সাহেব স্বীয় কর্ম্ম পুনগ্রহণ করিতে সমর্থ না হওন অবধি অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত

CIVIL APPOINTMENTS.

7th March, 1838.

Mr. J. H. Astell is confirmed in the appointment of Senior Member of the Honourable Company's Financial Agency at Canton, from the date of Mr. Jackson's resignation, viz. 18th November, 1836.

Mr. H. M. Clarke is confirmed in the appointment of Second Member of the Honourable Company's Financial Agency at Canton, from the 18th November 1836.

10th March.

Sir Charles D'Oyly, Baronet, and Mr. George Adams, of the Civil Service, embarked for England, on board the Ship, "*Thomas Grenville*," which Ship was left by the Pilot at Sea on the 8th instant.

7th March.

The Honourable the Deputy Governor of Bengal is pleased to grant to the Reverend James Charles, Senior Minister of St. Andrew's Church, one month's leave of absence from the Presidency, from the 10th instant, for the benefit of his health.

10th March.

The Reverend John Bell, Chaplain on the Bengal Establishment, embarked for England on board the Ship "*Zenobia*," which Ship was left by the Pilot at Sea on the 8th instant.

27th February.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointment :

Baboo Jygopaul Bonnerjea, to be Deputy Collector in the 24-Pergunnahs, under the provisions of Regulation IX. of 1833.

2d March.

The following Officer has obtained leave of absence from his station :

Mr. C. Grant, Magistrate and Deputy Collector of Hooghly, for one month, in extension of that granted to him on the 1st of August last.

6th March.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. R. B. Thornhill to be an Assistant under the Commissioner of the 18th or Jessore Division.

Mr. B. P. Singer to be Deputy Collector in Midnapore, under Regulation IX. of 1833.

Sheik Looft Ally Khan Bahadoor to be do. do. in Behar, under do.

The following Officers have obtained leave of absence from their stations :

Mr. E. Bentall, Magistrate and Collector of Dinagepore, for one month, on private affairs. Mr. R. Hampton will officiate during Mr. Bentall's absence.

Mr. W. S. Dicken, Assistant Surgeon, attached to the Civil Station of Balasore, an extension of leave of absence for seven days, from the 3rd ultimo, in addition to the leave for one month granted by the Commissioner on the 22d December last, to enable him to rejoin his station.

Mr. A. Jackson, Principal Sudder Ameen of Dinagepore, stationed at Malda, during the ensuing Mohurrem Vacation.

Moulavee Futteh Ullee Khan, Principal Sudder Ameen; Moulavee Neamut Ullee, Additional Principal Sudder Ameen, and Moulavee Ashruff Hoosain, Sudder Ameen in Zillah Behar, during the ensuing Mohurrem Vacation.

9th March.

Captain J. Drummond, commanding the Khoordah Paik Company, for eleven months, on medical certificate, from the 1st March, 1838, to 1st February, 1839, to visit the Himalaya Mountains.

Mr. T. Hugon, Sub-Assistant to the Commissioner of Assam, for ten months, to proceed to Sea, on medical certificate, from the date of the sailing of the Ship on which he may take his passage.

28th February.

Lieut. and Brevet Captain H. Huddleston, of the 7th Regiment N. I., is appointed to officiate as an Assistant to the Commissioner in Kumaoon during Lieutenant A. Ramsay's absence, on medical certificate.

Lieutenant J. Duncan, of the 26th Regiment Native Infantry, has been appointed to be an Assistant to the Agent to the Governor General in the Saugor and Nerbudda Territories, vice Cornet C. G. Fagan who has been permitted to resign that appointment.

Mr. J. Davidson is appointed to officiate as Agent to the Governor General at Bareilly.

27th February.

The Honourable H. B. Devereaux, Officiating Assistant to the Commissioner for the Government of the Territories of His Highness the Rajah of Mysore, has obtained five months leave of absence to proceed to Sea, on sick certificate.

15th February.

Mr. J. Lean quitted the limits of the N. W. P. in progress to Europe via Bombay, on the 1st instant, in conformity with the permission granted him on the 12th August, 1837 by the Honourable the Lieutenant Governor, to proceed to England on Furlough.

17th February.

The Reverend Mr. W. Palmer, Chaplain of Nusseerabad, is placed at the disposal of the Honourable the Deputy Governor of Bengal.

The Reverend Mr. A. Hammond is appointed to be Chaplain of Ghazeepore.

The Reverend Mr. Eteson is appointed to be Assistant Chaplain of Cawnpore.

The Reverend Mr. Brooke is appointed to officiate as Chaplain of Mhow.

19th February.

The leave of absence granted to Mr. J. T. Rivaz, Judge of Futtehpore, under orders dated the 27th ultimo, on urgent private affairs, is to commence from 1st March next, instead of the 15th of the current month.

Mr. J. Kinloch, Joint Magistrate and Deputy Collector of Mynpoory, is permitted to be absent from his station for one month, on his private affairs, from the date of his relinquishing charge of his duties.

Mr. J. McGaveston, Civil Assistant Surgeon of Meerut, has obtained leave of absence from the 1st proximo to the 1st December next, to visit the Hills, on medical certificate.

Mr. C. T. LeBas, Assistant under the Commissioner of the Agra Division, has obtained leave of absence for one month, to visit Almorah, on his private affairs.

22d February.

Mr. J. J. W. Taunton is appointed to be Magistrate and Collector of Humeerpore, from the 29th ultimo.

Mr. G. P. Thompson is appointed to officiate as Judge of Goruckpore, during the absence of Mr. Jackson, or till further orders, and directed to retain charge of his present appointment of Special Commissioner, under Act III. of 1834, in addition to the above.

In consequence of the certified illness of Mr. R. C. Glyn and the heavy press of

শ্রীযুত এম জে টিরণি সাহেব মিরটের একটিং জজ হইয়াছেন।

শ্রীযুত জি এচ এম আলেকজান্দর সাহেব শ্রীযুত টিরণি সাহেবের অনুপস্থানপর্য্যন্ত বুলন্দ সহরের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

শ্রীযুত জে নিব সাহেব বুলন্দশহরে কয়েদি ব্যক্তিরদের মোকদ্দমার তজবীজ করণার্থ নিযুক্ত হইয়াছেন।

২৪ ফেব্রুআরি।

গোরক্ষপুরের জজ শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব গত মাসের ৩১ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

মুজঃফর নগরের মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ ক্রাফোর্ড সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীযুত এচ ডবলিউ ডিন সাহেব শ্রীযুত ক্রাফোর্ড সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত মুজঃফর নগরের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন।

আলিগড়ের একটিং সিবিল সম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত জি পাটন সাহেব ঐ জিলার সিবিল সম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক হইয়াছেন।

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসরের অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরিঅবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য ৮ টাকা দিয়াছেন।

শ্রীযুত জে মিউর সাহেব ১৮৩৯ সালের মার্চপর্য্যন্ত ১০ টাকা।
শ্রীযুত কাপ্তান এফ জেনকিন্স সাহেব।
শ্রীযুত জে হমফ্রি সাহেব।
শ্রীযুত জে এন তামস সাহেব।
শ্রীযুত মহারাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর।
শ্রীযুত মহারাজা দেবীকৃষ্ণ বাহাদুর।
শ্রীযুত বাবু রমানাথ ঠাকুর।
শ্রীযুত বাবু শ্রীকান্ত রায় চৌধুরী।

শ্রীযুত জে হমফ্রি সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১৪ টাকা।
শ্রীযুত কাপ্তান এফ জেনকিন্স ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ৩৫ টাকা ।।০/১০
শ্রীযুত এ সি বাডওয়েল সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ১৫ টাকা।
শ্রীযুত জে এন তামস সাহেব ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ২৪ টাকা।
শ্রীযুত রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর ১৮৩৭ সালের দিসেম্বরপর্য্যন্ত ২৪ টাকা।
শ্রীযুত বাবু রাধানাথ মজুমদার ১৮৩৭ সালের মার্চপর্য্যন্ত ২৪ টাকা।
শ্রীযুত বাবু বলরাম সরকার ১৮৪০ সালের জুলাইপর্য্যন্ত ১০ টাকা।

সমাচার দর্পণ

শনিবার ১৭ মার্চ ১৮৩৮ সাল।

দুর্ভিক্ষোপশমার্থ চাঁদা।

দুর্ভিক্ষের প্রতিকারার্থ যে চাঁদা হইয়াছিল তাহাতে এইক্ষণ পর্য্যন্ত ভূরিং স্বাক্ষর করিয়া দান করিতেছেন। বারাসতনিবাসি এতদ্দেশীয় কতিপয় মহাশয়েরা ঐক্য হইয়া ১৫০ টাকা সংগ্রহপূর্ব্বক কলিকাতাস্থ কমিটির নিকটে প্রেরণ করিয়াছেন এই মহৎ কর্ম্মের দ্বারা ঐ মহাশয়েরা আপনারদিগকে অতিভদ্রতার আদর্শ দর্শাইলেন। শ্রীলশ্রীযুক্ত গবরনর সাহেব আজ্ঞা করিয়াছেন যে ঐ চাঁদাতে যত টাকা মফঃসলহইতে কলিকাতায় প্রেরিত হইবে ঐ সকল টাকা বিনা খরচে গবর্ণমেণ্টের ত্রেজুরীর দ্বারা প্রেরণ করা যাইবে এবং আরো এমত আজ্ঞা করিয়াছেন যে এই ব্যাপারোপলক্ষে যেখানে যত পত্রের আমদানী রপ্তানী তাহা ডাকমাসুলব্যতিরেকে হইবে।

business now pending in the Sessions Court in his jurisdiction, Mr. M. J. Tierney is appointed to officiate as Judge at Meerut till Mr. Glyn is able to resume charge of his office, or till further orders.

Mr. G. H. M. Alexander will officiate as Magistrate and Collector of Boolundshuhur, during Mr. Tierney's absence.

Mr. J. Neave is appointed to try the Commitments at Boolundshuhur.

24th February.

Mr. W. B. Jackson, Judge of Goruckpore, has obtained leave of absence for one month, in extension of the leave granted under Orders, dated 31st ultimo.

Mr. W. Crawford, Magistrate and Collector of Moozuffurnuggur, has obtained leave of absence for six months, on medical certificate.

Mr. H. W. Deane is appointed to officiate as Magistrate and Collector of Moozuffurnuggur, during Mr. Crawford's absence on leave, or till further orders.

Mr. G. Paton, M. D., Officiating Civil Assistant Surgeon of Allyghur, is appointed to be Civil Assistant Surgeon at that Station.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year,* from January 1st, to December 31st, 1838, EIGHT Rupees each.

J. Muir, Esq. to March, 1839, 10 Rs.
Capt. F. Jenkins.
J. Homfrey, Esq.
J. N. Thomas, Esq.
Muha Raja Krishnoochunder Bahadoor.
Muha Raja Dabee Kissen Bahadoor.
Baboo Romanath Tagore.
" Shreekant Roy Chowdry.

J. Homfrey, Esq. to Dec. 1837, 14 Rs.
Capt. F. Jenkins, to Dec. 1837, 35 Rs. 8 as. 6 p.
A. C. Bidwell, Esq. to Dec. 1837, 15 Rs.
J. N. Thomas, Esq. to Dec. 1837, 24 Rs.
Muha Raja Krishnoochunder Bahadoor, to Dec. 1837, 24 Rs.
Baboo Radhanath Moojoomdar, to March, 1837, 24 Rs.
Boloram Sirkar, to July, 1840, 10 Rs.

SUMACHAR DURPUN.

SATURDAY, MARCH 17TH. 1838.

The Famine Relief Fund.

The Famine Relief Fund continues to receive numerous subscriptions. The Natives at Barasut have set a noble example, by raising 150 Rupees, and transmitting it to the Committee in Calcutta. His Honour the Governor has also directed that all sums from the interior may be transmitted to Calcutta, through the public Treasuries, free of all charge. He has also permitted correspondence on the subject to be sent and received free of all charge. The distress which prevailed at Kurnaul

দুর্ভিক্ষপ্রযুক্ত কর্ণালে যে ক্লেশ হইয়াছে ইহার সম্বাদ কলিকাতাস্থ কমিটি পাইয়া তৎপ্রতিকারার্থ ঐ স্থানে ১০০০ টাকা প্রেরণ করিয়াছেন।

দুর্ভিক্ষ নিবৃত্তির চাঁদা।

আমরা শুনিয়া পরমাহ্লাদিত হইলাম যে বর্ত্তমান মাসের ১৫ তারিখ বৃহস্পতিবারপর্য্যন্ত এই চাঁদার দ্বারা ইউনিয়ন বেঙ্কে যে টাকা ন্যস্ত হয় তাহার সংখ্যা ৪০০০০। এই চাঁদার নিমিত্ত শ্রীযুত কর্ণল পৌনি সাহেব কিল্লাও শিলাখানাতে এবং ইশাপুরস্থ বারুদখানাতে ও দমদমাতে ও আপনার কর্ম্মকারক লোকেরদের মধ্যহইতে ৯২১ টাকা সংগ্রহ করিয়াছেন। এই বিষয়োপলক্ষে আরো লেখ্য যে পশ্চিম দেশে দুর্ভিক্ষ হওয়াপ্রযুক্ত রহেলখণ্ড জিলায় অত্যাচারের আতিশয্য হইয়া ফৌজদারী কর্ম্মের অতিবাহুল্য হইয়াছে এইনিমিত্ত শ্রীযুত লসিংটন সাহেব বরেলি জিলার উপরি মাজিষ্ট্রেট ও কালেকটর এবং শ্রীযুত কাথকার্ট সাহেব বদাউন ও শাহরণপুরের উপরি সেসন জজী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত কাথকার্ট সাহেব আলস্যপ্রযুক্ত দুইবার কর্ম্মচ্যুত হইয়াছিলেন কিন্তু এইক্ষণে তিনি এইনিমিত্ত পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত হইলেন তাঁহার স্বীয় দোষ উদ্ধারার্থ উপায় প্রাপ্ত হন।

শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুর।

দিল্লীতে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের অবস্থানসময়ে দিল্লীর শ্রীযুক্ত বাদশাহের পুত্র যুবরাজ শ্রীলশ্রীযুক্তের তাম্বুতে আসিয়া সাক্ষাৎ করিলেন তাহাতে যুবরাজ বিহিত সমাদরপূর্ব্বক গৃহীত হইলেন কিন্তু পশ্চাৎ বড় সাহেব যে ঐ রাজবাটীতে গিয়া শিষ্টাচারাদি করিয়াছেন এমত বোধ হয় না। ঐ প্রদেশস্থ অনেক ক্ষুদ্র স্বাধীন রাজারা আসিয়া বড় সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিলেন শ্রীলশ্রীযুক্তও তাঁহারদের নিকটস্থ হইয়া আলাপাদি করিয়াছেন দিল্লী শহরে শ্রীলশ্রীযুক্তের অধিষ্ঠানসময়ে শহর ও শহরতলিস্থ তাবৎ শিষ্ট বিশিষ্ট সম্ভ্রান্ত ব্যক্তিরা শ্রীলশ্রীযুক্তের নিকটাগত হইয়া অতিসম্ভ্রমপুরঃসর সাক্ষাৎ করিলেন তাহাতে শ্রীলশ্রীযুক্ত এমত কহিলেন যে দিল্লী শহরে আসিয়া এতদ্রূপ দর্শনে আমার পরম সন্তোষ জন্মিয়াছে। শেষাগত সম্বাদে অবগত হওয়া গেল যে এইক্ষণে বড় সাহেব দিল্লীহইতে কর্ণালে পঁহুছিয়াছেন এবং ঐ স্থান হইতে শাজাহানপুর দিয়া সীমলাতে যাত্রা করিবেন।

আলেকজান্দর কোং কুঠী।

অতিপ্রামাণিক ব্যক্তিরদের স্থানে শুনা যাইতেছে যে ঐ কুঠীর উপরে বেঙ্কের অতিভারি দাওয়াপ্রযুক্ত সাধারণ লোকের যে প্রাপ্য ছিল বোধ হয় তাঁহারদের ঐ ইষ্টেটহইতে আর কিছু প্রাপ্ত সম্ভাবনা নাই। ঐ কুঠী আপনারদের দেনার শতকরা ৬ টাকামাত্র হিসাবে পরিশোধ করিয়াছেন। পূর্ব্বে আমরা প্রকাশ করিতে বিস্মৃত হইয়াছিলাম যে ঐ কুঠীর এক জন অংশী বেলাড সাহেব গত বৎসরের নবেম্বর মাসে ইঙ্গলণ্ড দেশে লোকান্তরগত হইয়াছেন।

বাবু দ্বারকানাথ ঠাকুর।

শুনা যাইতেছে যে শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর মাতার ৺ প্রাপ্তি সম্বাদ শ্রবণ করিয়া বাষ্পীয় জাহাজারোহণে শীঘ্র প্রত্যাগমন করিতেছেন এইক্ষণে প্রতিদিন কলিকাতায় ঐ জাহাজের উপস্থান প্রতীক্ষা হইতেছে।

having been brought to the notice of the Calcutta Committee, they have transmitted a thousand Rupees to that station.

Famine Relief Fund.

We are happy to learn that the amount paid into the Union Bank for this Fund, up to Thursday, the 15th instant, was 40,000 Rs. Col. Powney has raised 921 Rs. for this purpose in the Arsenal Establishment, the Ishapore Gunpowder Establishment, among his own servants, and at Dum-Dum. Connected with this matter we may say, that in consequence of the scarcity, there has been a very great increase of crime in Rohilkund, and consequently there are heavy arrears of criminal business. Mr. Lushington has, therefore, been appointed an Additonal Magistrate and Collector of Bareilly, and Mr. Cathcart, Additional Judge, to hold the Sessions at Budaoon and Seharunpore. This latter gentlemen has been twice removed from his situation for negligence, and he has obtained this appointment to enable him to retrieve his character with Government.

The Governor General.

The Governor General, while at Delhi, was visited by the Heir Apparent of the King, who was received with due honors, but we do not find that the visit was returned. Several small independent Rajas also visited his Lordship, whose visits were returned. During his Lordship's stay in the city, every man of distinction in and about Delhi paid his respects, and Lord Auckland has declared himself very much pleased with his visit. He has quitted Delhi, and by the last accounts, had arrived at Kurnaul, from whence he would proceed through Shajehanpore to Simlah.

Messrs. Alexander and Co's. Estate.

We learn from good authority, that in consequence of the heavy demands made by the Bank upon this Estate, there is no probability of any other dividend being paid to the creditors. It has paid *Six* per cent. We forgot to notice sometime ago, that Mr. Ballard, formerly of this House, died in England in November last.

Baboo Dwarkanath Tagore.

It is understood that Baboo Dwarkanath Tagore is returning immediately to Calcutta on one of the Steamers, in consequence of the intelligence which had reached him of the death of his mother. The Steamer may be daily expected in Calcutta.

দুআনি।

শুনিয়া আপ্যায়িত হইলাম যে টাকশালে অনেক দুই আনি রূপার মুদ্রা প্রস্তুত হইয়াছে। তাহাতে লোকের বিলক্ষণ উপকার হইবেক।

ব্যবস্থাপক কমিস্যন।

শ্রীযুত জে সি সি সদর্লণ্ড সাহেব অর্থাৎ যে সাহেব আলেকজান্দর কোং কুঠীর অংশী এবং তৎপরে বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটরী ছিলেন তিনি সংপ্রতি ব্যবস্থাপক কমিস্যনের সেক্রেটরী হইয়াছেন। তাঁহার মাসিক বেতন ১২০০ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে। কথিত আছে যে মান্দ্রাজস্থ সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডি এলিয়ট সাহেব ব্যবস্থাপক কমিস্যনের মেম্বরীপদে নিযুক্ত হইয়াছেন এবং শ্রীযুত আমোস সাহেব যদি শীঘ্র উপস্থিত হন তবে বোধ হয় যে ব্যবস্থাপক কমিস্যনে কিঞ্চিৎকালের নিমিত্ত নিযুক্ত শ্রীযুত ইয়ং সাহেবের ঐ কর্ম্মে অবসর হইতে হইবেক ইহা হইলে অত্যন্ত অনিষ্ট হয় যেহেতুক এই কর্ম্মে উক্ত সাহেবের তুল্য তৎকর্ম্মদক্ষ ভারতবর্ষের মধ্যে প্রায় দুর্লভ।

উপরিউক্ত প্রস্তাব লিখনের পর শুনা গেল যে ব্যবস্থাপক কমিস্যনের সেক্রেটরী সাহেবের মাসিক বেতন ১২০০ টাকা নহে কিন্তু ৩০০০ টাকা। এবং পূর্ব্বকার সেক্রেটরী শ্রীযুত জান পিটর গ্রাণ্ট সাহেব আপনার অন্যান্য কর্ম্মের বেতন ব্যতিরেকে এই সেক্রেটরী কর্ম্মের নিমিত্ত মাসিক উপরি বেতন ৩০০ টাকা পাইতেন এবং এমতও শুনা যাইতেছে যে মান্দ্রাজের সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডি এলয়ট সাহেব ব্যবস্থাপক কমিস্যনের মেম্বর না হইয়া বোম্বাইর সিবিল সম্পর্কীয় শ্রীযুত নরেশ সাহেব হইবেন।

আটালাণ্টা বাষ্পীয় জাহাজ।

প্রতিমাসেই বাষ্পীয় জাহাজের যারযাতায়াতের বৃদ্ধি হইতেছে। আটালাণ্টা জাহাজ মার্চ মাসের ১ তারিখে ৬৬৩৬ পত্র লইয়া বোম্বাইহইতে প্রস্থান করিয়াছে। যদি এইরূপ গতায়াত বাষ্পীয় জাহাজের দ্বারা নিরন্তর হইতে থাকে তবে অল্পকালের মধ্যে এই পত্রসংখ্যার দ্বৈগুণ্যহওন অসম্ভব নহে।

কৃত্রিম মুদ্রা।

গত সোমবার পূর্ব্বাহ্ণে তেরেটি বাজারে পশ্চিমদেশীয় এক ব্যক্তি দুইটা কৃত্রিম কোং টাকা গবর্ণমেণ্টের সরাফের দোকানে ভাঙ্গাইতে গিয়াছিল। অল্প দিন পূর্ব্বে এই ব্যক্তি বা ব্যক্ত্যন্তর কর্ত্তৃক এতদ্রূপে ঐ সরাফ প্রতারিত হইয়াছিলেন এই নিমিত্ত তিনি সতর্ক হইয়া নিশ্চয় করিয়াছিলেন যে বিলক্ষণ পরীক্ষা না করিয়া কাহারো স্থানে একটি টাকাও লইব না। অতএব এই দুই টাকা সূক্ষ্মরূপে পরীক্ষার দ্বারা কৃত্রিম বোধ করিয়া তৎক্ষণাৎ পোলীসের লোককে ধরিয়া দিলেন। এবং ঐ ব্যক্তির বস্ত্র অনুসন্ধান করাতে আরো একটা কৃত্রিম টাকা পাওয়া গিয়াছে।—হরকরা।

শ্রীযুত বর্ড সাহেব।

অস্বাস্থ্যপ্রযুক্ত শ্রীযুত সেক্সপিয়র সাহেব কর্ম্মে অসমর্থ হওয়াতে কৌন্সলের শ্রীযুক্ত প্রেসীডেণ্ট সাহেব শ্রীযুত বর্ড সাহেবকে কৌন্সলে নিযুক্ত করিয়াছেন যেহেতুক শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডেরেক্টর্স সাহেবেরদের আজ্ঞা ছিল যে কৌন্সলের

Two Anna Pieces.

We are happy to learn that the Mint is at present employed in coining a large number of silver two anna pieces. Few measures would be more advantageous to the community.

Law Commission.

Mr. J. C. C. Sutherland, formerly of the House of Alexander and Co., and latterly the Secretary to the Committee of Public Instruction, has been appointed Secretary to the Law Commission. The salary is 1,200 Rs. a month. It is said that Mr. D. Elliott, of the Madras Civil Service, has been appointed a member, and as Mr. Amos is shortly expected, it is to be feared that these changes will remove Mr. Young from the temporary appointment in the Commission which he now holds. This will be matter of very great regret; for there is scarcely another individual to be found in India, so capable of filling this situation as Mr. Young.

Since writing the above, we learn that the salary of Secretary to the Law Commission is not 1 200 but 3,000 Rs. a month, and the late Secretary, Mr. John Peter Grant, received while he was acting in this appointment 300 Rs. a month, in addition to the salary of his other two appointments. We also learn that it is not Mr. D. Elliott, of the Madras Service, who is likely to become one of the Members of the Law Commission, but a Mr. Norris, of the Bombay Service.

The Atalanta.

Steam communication seems to increase every month. The *Atalanta* left Bombay on the 1st of March, with no fewer than 6,637 letters. If Steam communication can only be kept up with regularity, we should not be surprized to find this number very soon doubled.

Counterfeit Coins.

An up country native was detected, in passing two counterfeit Company's Rupees upon the Government money changer at Tereitta Bazar, on Monday morning last. The money changer, having not long since been imposed upon in a similar manner, and probably, by the same individual, as he thought, was not to be taken in so easily, as that circumstance taught him the lesson, never more to accept of another rupee, for exchange, without first examining it strictly. On the present occasion, the rupees being discovered to be counterfeit, the assistance of the Police was procured; and the person of the stranger being searched, a third rupee of the kind was found in his clothes.—*Hurk. March* 15.

Mr. Bird.

In consequence of the indisposition of Mr. Shakespear, and his inability to attend to business, the President in Council has called Mr. Bird to Council, he having been appointed by the

কোন পদ শূন্য হইলে প্রথমেই উক্ত সাহেব নিযুক্ত হইবেন।

শ্রীযুত আমোস সাহেব।

যে শ্রীযুত আমোস সাহেব শ্রীযুত মকালি সাহেবের পরিবর্ত্তে ভারতবর্ষস্থ কৌন্সলের চতুর্থ মেম্বর হন তিনি রোবর্টস নামক জাহাজারোহণে মান্দ্রাজপর্য্যন্ত পঁহুছিয়াছেন অল্প দিনের মধ্যেই কলিকাতায় উত্তীর্ণ হইবেন।

দস্যু ধৃত করণ।

২৭ ফেব্রুআরি তারিখে প্রায় নয় দশ ঘণ্টা রাত্রে কলমীজোলের থানার এলাকায় গুপিগঞ্জের ঘাটে এক দল দস্যু ধৃত হইয়াছে ঐ দলে ১৬ জন ছিল তাহারা দামোদর নদ পার হওন সময়ে চৌকিদারেরা তাহারদিগকে দেখিয়া চিনাতে ধৃত করণের উদ্যোগ করিল কিন্তু তাহারদের অপেক্ষা চৌকীদারেরদের সংখ্যা অল্প প্রযুক্ত দস্যুরা প্রায় পলায়নপর হইয়াছিল তৎপ্রযুক্ত চৌকীদারেরা ডঙ্কা কারলে গ্রামস্থ অনেক লোক একত্র হইল ঐ সাহায্যে তাহারদের ১২ জন অস্ত্রশস্ত্রযুক্ত গ্রেপ্তার হইল। ঐ এলাকার দারোগা তদারক করিয়া অবগত হইলেন যে ঐ সকল লোক কলিকাতা নিবাসি এবং বোধ হয় দারোগা এমতও শুনিয়াছেন যে কলিকাতা হইতে ঘাটালে শ্রীযুত ওয়াটসন সাহেবের কুঠীতে ২০০০ টাকা প্রেরিত হইতেছিল দস্যুরা কুঠীতে পড়িয়া ঐ টাকা লুটকরণার্থ কলিকাতা হইতে গিয়াছিল।—বাঙ্গাল হেরাল্ড।

সলিমান সেকো।

প্রায় দুই সপ্তাহ হইল ৺ প্রাপ্ত দিল্লীর বাদশাহের ভ্রাতা সলিমান সেকো ন্যূনাধিক ৮২ বৎসরবয়স্ক হইয়া আগ্রাতে লোকান্তরগত হইয়াছেন। তিনি ব্রিটিস গবর্ণমেণ্টহইতে কোন মুশাহেরা প্রাপ্ত হন নাই কিন্তু অযোধ্যার রাজার স্থানে বৃত্তিস্বরূপ মাসিক ৬০০০ টাকা করিয়া প্রাপ্ত হইতেন ঐ রাজা পূর্ব্বে তৈমুরবংশ্য রাজবাটীর এক জন কর্ম্মকারক ছিলেন। ঐ বৃত্তি গবর্ণমেণ্টের দ্বারা অর্পিত হইত। পূর্ব্বে কোন কুব্যবহারপ্রযুক্ত তাঁহার যে এক পৌত্র বাটীহইতে বহিষ্কৃত ছিলেন তিনি ঐ পিতামহের মৃত্যুর পরে আসিয়া আগ্রার সৈন্যাধ্যক্ষ শ্রীযুত ব্রিগেডিয়র কাটরাইট সাহেবের নিকটে আবেদন করিলেন যে আমি আপনার পৈতৃক বাটীর মধ্যে যাইতে প্রার্থনা করি তাহাতে ঐ সাহেব অতিঅবিচারপূর্ব্বক কএক জন সিপাহী সঙ্গে দিয়া বলদ্বারা তাঁহাকে রাজবাটীতে পাঠাইলেন তৎপ্রযুক্ত সলিমান সেকোর পরিবারেরা অপমানিত ও বিরক্ত হইয়া শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরলের নিকটে নালিস করিয়াছেন।

গুটিপোকা।

গত বৎসরে ফ্রান্সদেশীয় বোনিটনামক এক জাহাজ কলিকাতায় আসিয়াছিল ঐ জাহাজস্থ এক জন সাহেব ফ্রান্স দেশে গুটিপোকা উৎপাদনার্থ মনস্থ করিয়া কতক ডিম বোতলে কতক টীনের বাক্সে করিয়া লইয়া গিয়াছিলেন তাহা অতি যত্নপূর্ব্বক লইয়া যাওয়াতে ঐ সকল ডিম প্রায় সকলই অস্ফুটরূপে ফ্রান্স দেশে পঁহু

Court of Directors to succeed upon the occurrence of the first vacancy.

Mr. Amos.

Mr. Amos, who has been appointed to succeed Mr. Macaulay, as the Fourth Ordinary Member of the Council of India, has arrived at Madras, on the *Roberts*, and may shortly be expected to reach Calcutta.

Capture of Dacoits.

Between nine and ten o'clock on the night of the 27th of February last, a gang of dacoits were captured, at the ghaut of Goopeegunge, within the thannah of Culmeejole. They were sixteen in number, and were noticed by the chowkeedars of the place, on their crossing the Damoodar. The chowkeedars discovered that they were provided with arms of almost every kind. The chowkeedars attempted to stop them, but the number of the latter being greater than that of the former, they had very nearly succeeded in making their escape when the chowkeedars giving the alarm by beat of drum, many of the inhabitants of the village assembled, and by their assistance twelve of the ruffians were secured, together with their weapons. On investigation being made by the darogah of the division subsequently, it has transpired that the prisoners were all inhabitants of Calcutta, and it was supposed that they, perhaps, being aware of 2,000 Rs. being sent from thence to Mr. Watson's factory at Ghataul, were proceeding thither, for the purpose of robbing that factory.—*Beng. Herald.*

Prince Sooleeman Shokoh.

The Prince Sooleeman Shokoh, the brother of the late King of Delhi, died at Agra, about a fortnight ago, at the age of eighty-two. He received no allowance from the British Government, but a pension of 6000 Rupees a month from the King of Oude, who was formerly a servant in the house of Timur. This sum was paid to him through the British Government. On the occasion of his death, one of his grand-sons who had been discarded from the house for misconduct, applied to Brigadier Cartwright, who commands at Agra, and the Brigadier most injudiciously sent a party of Sepoys to obtain him an entrance by force into the house. The family of the deceased are highly indignant at this insult, and have laid their complaint on the subject to the Governor General.

Silk Worms.

Last year there was a French Vessel of war, the *Bonite*, in the river here; one of the gentlemen attached to which determined to take some silk worm eggs from India, in order that the worm might be propagated in France. Some of the eggs were taken home in bottles, and some in tin. In consequence of the great care which he took of them, they nearly all arrived in France without being hatched. They have been

ছিয়াছিল। তত্রস্থ বিজ্ঞ ব্যক্তিরা তাহা পরীক্ষা করিয়া দেখিলেন যে ঐ তাবৎ তিমই উত্তমাবস্থায় আছে।

examined by men of science, and are declared to be in a high state of preservation.

মীর্জাপুরে বেঙ্ক।

কিয়দ্দিবস হইল কলিকাতায় এক সম্বাদপত্রে প্রকাশ হইয়াছিল যে শ্রীযুত বাথরস সাহেব মীর্জাপুরে যে নূতন বেঙ্ক স্থাপন করিয়াছেন তাহাতে সম্পূর্ণরূপে কার্য্য চলিতেছে। পরে কোন২ ব্যক্তি ঐ প্রস্তাবিত বিষয়ে আপত্তি করিয়াছিলেন কিন্তু এইক্ষণে শুনা যাইতেছে যে ঐ বেঙ্ক বিনা মিয়াদে যে হুণ্ডী করিয়াছিলেন তাহা ইউনিয়ন বেঙ্ক লইয়া টাকা দেওনের বন্দোবস্ত করিয়াছিলেন অতএব ঐ হুণ্ডী এইক্ষণে কলিকাতায় চলিতেছে।

মীর্জাপুরে টাকার তাবদ্ব্যাপার তত্রস্থ সরাফেরদের অধীন আছে এবং প্রত্যেক কার্য্যের দ্বারা তাঁহারা অধিক লভ করিতেছেন নূতন বেঙ্ক স্থাপনের অভিপ্রায় এই যে অল্প লাভ করিয়া তাঁহারা অতি ভারি কার্য্যসকল নির্ব্বিঘ্নে সফল করেন।

The Mirzapore Bank.

Some time ago it was stated in one of the Calcutta papers, that the New Bank at Mirzapore, which has been established by Mr. Bathurst, was in full operation. This statement was afterwards contradicted. But we now learn, that a Bill drawn by the Bank, and made payable at sight at the Union Bank, has been negociated in Calcutta. The entire money market at Mirzapore is in the hands of the Shroffs, who make an enormous charge upon every transaction; and the object of the New Bank is to do a large and safe business upon lower terms.

পালির মারক।

পালির নিকটহইতে যে পত্র আগত হইয়াছে তাহাতে লেখে যে পালিনগরে অনেককাল ব্যাপিয়া যে সংহারক মারক চলিতেছে তৎপ্রযুক্ত নগরীয় সৌষ্ঠব বহু বিনষ্ট হইয়া একেবারে অরণ্যপ্রায় হইয়াছে। এইক্ষণেও ঐ রোগ অদৃশ্য হয় নাই কিন্তু গত বৎসরে যে ভয় জন্মিয়াছিল তাহা প্রায় দূর হইয়াছে। ইউরোপীয় চিকিৎসক সাহেবেরা এইক্ষণকার ঐ রোগ শঙ্কাজনক বা স্পর্শাক্রামক বোধ করেন না। মেরওয়ারা স্থানে বসন্ত রোগের অতি প্রাদুর্ভাবহওয়াতে শত২ লোক মারা যাইতেছে। বর্ত্তমান বৎসরে ইউরোপীয় সাহেব লোকেরাও ঐ রোগাক্রান্ত হইয়াছেন এবং কাপ্তান কুকসন ও কাপ্তান বয়রগন সাহেব ঐ রোগে মারা পড়িয়াছেন।

Palee.

Letters from the neighbourhood of this place state, that in consequence of the continued prevalence of the pestilence, this once flourishing place is almost entirely deserted. The disease still lingers there; but the dread which it inspired last year has subsided, and the European gentlemen do not consider it dangerous or contagious. The small-pox was raging in Mairwharra and carrying off many hundreds. This disease has this year attacked even the Europeans; and two gentlemen, Capt. Cookson and Capt. Boisragon, have fallen victims to it.

রাঙ্গুণে এমত জনরব উত্থিত হইয়াছে যে বুহ্মদেশীয় ও শানেরদের মধ্যে বিরোধ উপস্থিত হইয়াছে এবং ঐ উপদ্রব নিবারণার্থে বুহ্মদেশীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক সৈন্য প্রেরিত হইয়াছে। কথিত আছে যে বাসীন হইতে সৈন্যরদিগকে আনাইয়া রাজধানীতে যাইতে হুকুম হইয়াছে। আমরা শুনিয়াছিলাম যে শানেরদের সঙ্গে সন্ধি হইয়াছে তথাপি বোধ হয় ঐ করদায়ি প্রজারা রাজপরিবর্ত্তনেতে এইক্ষণপর্য্যন্তও অসন্তুষ্ট আছে তাহারদের বৈরক্তির আরো এই বিশেষ কারণ যে তাহারদের অতিপ্রিয় পাত্র বতমু মেঙ্গজাকে তাঁহার বৈমাত্র ভ্রাতা আবার রাজা কয়েদ করিয়া রাখিয়াছেন। এই বিষয়ে মৌলমেনের নিকটবর্ত্তি শান প্রদেশহইতে কোন বিশেষ সম্বাদ প্রাপ্ত হওয়া যায় নাই। ইহাও শ্রুত হওয়া গিয়াছে যে প্রজারদের স্থানে কর না লওনবিষয়ে নূতন রাজার মতান্তর হইয়াছে এবং অগোণেই রাঙ্গুণ হইতে অনেক টাকা সংগ্রহকরণের আজ্ঞা করিয়াছেন যদি এই কথা সমূলক হয় তবে তদ্দ্বারা রাজার কিঞ্চিৎ অযশ হইবেক।—মৌলমীন ক্রানিকল।

Rangoon.

Rumours are afloat at Rangoon of a rupture between the Burmese and the Shans, and of troops having been despatched by the Government to put down the insurrection. It is also said that troops have been re-called from Bassein, and marched towards the Capital. We had heard that quiet had been effectually restored among the Shans, but, perhaps, many of these tributaries may still be discontented at the change of Government, especially as their favourite Governor, the Bothmoo Mengza, is held in durance vile, by his half brother, the King of Ava. We have heard nothing on the subject from the neighbouring Shan State.

We further learn that it has pleased the new King to change his mind in regard to taxing his subjects, and that a considerable sum of money has been required to be raised in Rangoon without delay. If this be true, it will cast a small shade on the popularity of His Majesty.—*Moul. Chron. Feb. 17.*

পরীক্ষাদ্বয়।

হিন্দু ফ্রিস্কুল।

গত ১২ তারিখে সপ্তম বর্ষীয় পরীক্ষা এবং পারিতোষিক পুস্তক চয় বিতরণ টৌনহালে পশ্চাল্লিখিত মহাশয়গণ সম্মুখে হইয়াছিল যথা কাপ্তান রিচার্ডসন সাহেব ও কাপ্তান মার্সাল সাহেব ও ডি হেয়ার সাহেব ও জে মিডিলটন সাহেব ও আর ডাইস সাহেব ও শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর এবং শ্রীযুত বাবু মতিলাল শীল প্রভৃতি।

বালকদিগের পরীক্ষক কাপ্তান রিচার্ডসন সাহেব ও হেয়ার সাহেব ও মিডিলটন সাহেব এবং রাজা কালীকৃষ্ণ বাহাদুর হইয়া ছাত্রদিগের বিদ্যোপার্জ্জনে অতিশয় তুষ্ট হইলেন। পরে গ্রন্থ সকল রাজা বাহাদুর কর্ত্তৃকপ্রদত্ত হইলে শ্রীযুত রাজা বাঙ্গালা ভাষায় সুচারু বক্তৃতা করিয়া ভূরি২ প্রশংসার মধ্যে উপবিষ্ট হইলেন।

পরে কাপ্তান রিচার্ডসন ও হেয়ার এবং মিডেলটন সাহেবেরা স্বীয়াভিপ্রায়ে সংক্ষেপ বক্তৃতা করিলেন।

বেলা দুই প্রহর ২ টার সময়ে সভা ভঙ্গ হয়।

Examinations—Hindoo Free School.

On the 12th instant, the 7th Annual Examination and distribution of Prize Books, took place at the Town-Hall, before the following Gentlemen:—Captains D. L. Richardson, Marshall; D. Hare, J. Middleton, R. Dias, Esqrs.; Maha Raja Kalikrishna Bahadoor, Baboo Moteelal Seal, &c. &c.

The boys were examined by Capt. Richardson, Messrs. Hare, Middleton, and Raja Kalikrishna, who expressed highly of the improvement in conducting the interesting business of the day. Afterwards the Prizes were awarded by the Rajah, who rose and addressed the students in *Bengalee*, and sat amidst of great applause.

Capt. Richardson, and Messrs. Hare and Middleton delivered their respective sentiments in short speeches also. The company dispersed at 2 P. M.

হিন্দু বিনিবোলেণ্ট ইনষ্টিটিউসন।

ইহার বার্ষিকী পরীক্ষা এবং পারিতোষিক পুস্তক বিতরণ ব্যাপার এই মাসের ১৩ তারিখে শ্রীধর বিসোপে হইলে শ্রীশ্রীযুত কলিকাতার লার্ড বিসোপ সাহেব সভাপতিত্ব পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত আর্চডিকন ডালটরী সাহেব শ্রীযুত হেয়ার সাহেব ও শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর সহায়তায় তথাকার বালকগণের পঠিত গ্রন্থের বিবিধ প্রসঙ্গ প্রশ্ন করিলেন তাহাতে তাহারা সদুত্তরপ্রদানে প্রশংসা হইল।

উক্ত সভায় সমাগত মধ্যে দৃশ্য শ্রীযুত আর্চডিকন সাহেব ও পাদরী শ্রীযুত ফিসর সাহেব ও শ্রীযুত সি কে রাবিসন সাহেব ও শ্রীযুত ডি হেয়ার সাহেব ও শ্রীযুত এ এফ স্মিথ সাহেব ও শ্রীযুত আর ডাইস সাহেব ও শ্রীযুত এম সিরেট সাহেব ও শ্রীযুত মহারাজ রাধাকান্ত দেব ও শ্রীযুত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর প্রভৃতি

অপর পুস্তক নিচয় শ্রীযুত আর্চডিকন সাহেবের দ্বারা ছাত্রদিগের হস্তে প্রদত্ত হইলে শ্রীশ্রীযুত লার্ড বিসোপ সাহেব এক হিতবাক্য পুরিত বক্তৃতা করণক শ্রীযুত রাজাকে এবং সাধারণ জন সমূহকে এরূপ ভদ্র প্রকরণে অগণ্য ধন্যবাদ করিলেন।

শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর কথিত পাঠশালা পক্ষে সপক্ষ হইয়া শ্রীশ্রীযুতের নিকেতন প্রতি হায়ন প্রদান এবং সাহায্য মনোযোগ বিধান কারণ বহু সাধুবাদ করিলেন।

বেলা ঠিক ৩ ঘণ্টায় কার্য্যান্তে বৈঠক শেস হইল।

পত্র প্রেরক হইতে প্রাপ্ত।

Hindoo Benevolent Institution.

The yearly Examination and giving of Prizes, held at the Bishop's Palace, on the 13th of this month, when the Right Revd. the Lord Bishop of Calcutta took the Chair.

The Venerable Archdeacon Dealtry in support of Messrs. Hare, Dias and Rajah Kalikrishna Bahadoor began to question several subjects out of the Books read by the Pupils attached thereto; who solved them cleverly and obtained praise.

The audience consisted of the Archdeacon; Rev. Mr. Fisher; C. K. Robison, D. Hare, A. F. Smith, R. Dias, M. Siret, Esqrs.; Doctors Webb and Lowry; Maha Raja as Radhakant Deb and Kalikrishna Bahadoors, &c. &c.

The reward of books having been handed to the boys by the Archdeacon, the Bishop made a fine ethical speech, and congratulated the Rajah and community at large for their support in such laudable a purpose.

Raja Kalikrishna returned thanks of the Institution, and that for His Lordship's annually accommodating the Examination with his Palace and patronage. The meeting broke just at 3 o'clock.—[*From a Correspondent*]

এক ভাবিসমাজের পাণ্ডুলিপি তাহার নাম হইবেক ভূম্যধিকারি সভা।

১ এই সভার অভিপ্রায় প্রথম ভূম্যধিকারি বর্গের সাধারণ উপকার বৃদ্ধি করণ।

২ দ্বিতীয় বর্ণ জাতি জন্মস্থান কিম্বা শাস্ত্রের প্রভেদ ব্যতিরেক ভূমি সম্পর্কীয় সর্ব্বপ্রকার লোকের সহিত পরস্পর সৃহৃদ্যতা ও মিত্রতা বর্দ্ধন।

৩ তৃতীয় ভূমির লাভ সংক্রান্ত সকল বিষয়ের সম্বাদ বিস্তার কারণ।

৪ চতুর্থ ভূম্যধিকারিদিগের পরস্পর ভেদও বিবাদ ভঞ্জন এবং নিষ্পত্তি করণ।

৫ পঞ্চম আপন২ বিষয় রক্ষার্থে রাজ্যের দাওয়ার যথার্থ সীমা স্থির করিতে যত্ন করণ।

৬ ষষ্ঠ ভূমি সম্পর্কীয় সকল লোকের স্বত্ব হানিজনক ব্যবস্থা অর্থাৎ আইন প্রচার হইলে রাজ স্থানে বিনয়পূর্ব্বক নিবেদন করণ।

৭ সপ্তম ভূম্যধিকারি এবং ভূমি সংক্রান্ত ব্যক্তির স্বত্ব রক্ষার্থে কোন নূতন

Prospectus of a Society to be called the Landholders' Society.

1st. The objects of this Society are to promote the general interests of Landholders.

2nd. To promote cordial and friendly communication between all classes interested in land, without distinction of colour, caste, birth place, or religion.

3d. To diffuse information on all subjects connected with the interest of the soil.

4th. To compose and settle differences and disputes amongst Landholders.

5th. To endeavour to obtain a legal limitation to the claims of the State, for the better securing of titles.

6th. To make respectful representations to Government when any regulation shall be promulgated injurious to the general interest of all connected with the soil.

7th. In the same manner to ask for such new enactments as may be deem-

ব্যবস্থা আবশ্যক বোধ হইলে ঐ ব্যবস্থার নিমিত্ত প্রার্থনা করণ।

অষ্টম ঐ ব্যক্তি সকলের অপকারজনক যে সকল ব্যবস্থা প্রচলিত আছে তাহার লোপ প্রার্থনা করণ।

৯ নবম যখন এমত বোধ হইবে যে কোন ব্যক্তির বিষয় উৎপাত গ্রস্ত হইলে সর্ব্ব সাধারণের বিষয় উৎপাতগ্রস্ত হইবে তখন ঐ ব্যক্তির প্রতি সভার আনুকূল্য বিস্তার করিয়া তাহার বৃত্তান্ত দেশাধিপতির নিকট আবেদন করণ।

১০ দশম এইক্ষণে পুনর্গ্রহণের অর্থাৎ বাজেয়াপ্তের ব্যাপার যে উপস্থিত হইয়াছে এবং ঐ রূপ আর কোন অত্যাচার অথবা চিরস্থায়ি নিয়ম অতিক্রম হইলে যথা বিধি তাহার প্রতিকার করণ।

১১ একাদশ উত্তর পশ্চিম প্রদেশে চিরস্থায়ি নিয়ম অর্থাৎ মোকররি বন্দোবস্ত কারতে ঘোষণা দ্বারা অঙ্গীকার ছিল ঐ অঙ্গীকার যাহাতে পরিপূর্ণ করেন তাহার নিমিত্ত যত্নবান্ হওন।

১২ দ্বাদশ রাজধানীর ধর্ম্মাধিকরণে অর্থাৎ আদালতে ও রাজকর্ম্ম স্থানে অর্থাৎ সরকারি দপ্তর খানায় দূরদেশবাসি ভূম্যধিকারিদিগের কার্য্যে সাহায্য করণ এবং সচরাচররূপে তাহারদিগকে সভাসম্পর্কীয় তাবৎ বিষয়ে সৎপরামর্শ প্রদান।

১৩ উপরি লিখিত অভিপ্রায় সিদ্ধিকরণার্থ এই প্রস্তাব হইতেছে যে নীচের লিখিত কর্ম্মকর্ত্তাদিগকে নিযুক্ত করা যায়।

১৪ দ্বাদশ ব্যক্তির এক সম্প্রদায় অর্থাৎ কমিটি গুলিবাঁট দ্বারা মনোনীত করা যাইবে প্রতিবৎসরান্তে চারিজন করিয়া পর্য্যায়ক্রমে নির্গত হইবেন এবং তাঁহারদিগের স্থান গুলিবাঁট দ্বারা পরিপূর্ণ হইবে। ঐ সকল ব্যক্তি পুনর্ব্বার মনোনীত হইতে পারিবেন।

১৫ আবশ্যক হইলে কমিটি আপন সংখ্যা বৃদ্ধি করিতে সক্ষম হইবেন কিন্তু আগামি সাধারণ বৈঠকের সম্মতি অপেক্ষা করিবে।

১৬ ঐ কমিটি স্বীয় সংখ্যা হইতে এক জন প্রেসিডেণ্ট অর্থাৎ সভাধ্যক্ষ ও বাইস প্রেসিডেণ্ট অর্থাৎ প্রতিনিধিসভাধ্যক্ষ ও ধনাধ্যক্ষ মনোনীত করিবেন।

১৭ উভয় পক্ষের মত তুল্য হইলে যে পক্ষে সভাধ্যক্ষ অথবা তাঁহার অবর্ত্তমানে প্রতিনিধি সভাধ্যক্ষ মত দিবেন সে পক্ষ প্রবল হইবে।

১৮ তাবৎ মতামত গুটিকাপাত দ্বারা স্থির হইবেক।

১৯ সেক্রেটরি অর্থাৎ কর্ম্ম সম্পাদক ও আসিষ্টাণ্ট সেক্রেটরি অর্থাৎ সহকারি সম্পাদক কমিটি কর্ত্তৃক নির্দ্ধারিত ও অধিকাংশ সভ্য দ্বারা নিযুক্ত হইবেন।

২০ কমিটির সম্মতি লইয়া সেক্রেটরি আপন আমলা নিযুক্ত করিবেন ও তাঁহারদিগের স্থানে প্রতিমাসে হিসাব মঞ্জুর করাইবেন।

২১ সভার দপ্তরখানায় সরকারী আইন ও অন্য আবশ্যক পুস্তক ও কাগজপত্র রাখা যাইবেক।

২২ প্রতি মাসের প্রথম সোমবারে কমিটির এক বৈঠক হইবে আর বিশেষ প্রয়োজন মতে কমিটির ব্যক্তিদ্বয় কিম্বা সভার পঞ্চজন কর্ত্তৃক আহূত হইলে বৈঠক হইবে।

২৩ কমিটির বৈঠকে পাঁচ জন সভ্য উপস্থিত হইলে তাঁহারা সভার কার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাবান হইবেন।

২৪ প্রতি ত্রৈমাসিক কমিটি কর্ত্তৃক এক দিন স্থির হইয়া সভ্যগণের এক সর্ব্বসাধারণ বৈঠক হইবে।

২৫ সভ্যগণের গ্রহণ ও বহিষ্করণ

ed important to the interests of the Landholders and others connected with the soil.

8th. To ask for the repeal of all existing laws that may be prejudicial to the same classes.

9th. To extend the assistance of the Society to individuals when we think a *general principle is involved, in order* that such cases may be appealed to superior authorities.

10th. To defend ourselves by legal means against the Resumption Measures now in progress, and any further attacks of the same nature, or any encroachment upon the principles of the permanent settlement.

11th. To contend for the fulfilment of the pledge, by proclamation, to extend the permanent settlement to the North West Provinces.

12th. To assist Landholders living at a distance in their business with the Courts and Public Offices of the Presidency, and generally to furnish them with advice on all matters properly connected with the objects of the Society.

13th. To carry into effect the above objects, *it is proposed that the following* officers be chosen.

14th. A Committee of twelve persons to be elected by ballot, four to go out by rotation at the expiration of each year, and their places to be filled by ballot. The same persons may be re-elected.

15th. The Committee to be empowered *to add to their number, if expedient,* subject to confirmation by the next General Meeting.

16th. The Committee shall choose out of their number a President, Vice-President, and Treasurer.

17th. The President, or in his absence the Vice-President, to have the casting vote in all divisions, where the numbers shall be equal.

18th. All divisions to be settled by ballot.

19th. The Secretary and Assistant Secretary to be nominated by the Committee, and appointed by a majority of the Members.

20th. The Secretary to find his own establishment, subject to the approval of the Committee, who will pass his account monthly.

21st. The Public Regulations, and such other books or papers as may be *necessary, to be kept at the Office of* the Society.

22nd. A Meeting of the Committee to take place the first Monday in every month; and whenever called especially by any two of the Committee, or any five Members of the Society.

23rd. Any five of the Members of the Committee when present at a Meeting will form a quorum to conduct the business of the Society.

24th. *A General Meeting of the* Members to be held quarterly, on a day appointed by the Committee.

25th. The election and expulsion of Members, and all questions whatever

এবং সভা সম্পর্কীয় সমস্ত বাদানুবাদ অধিকাংশের দ্বারা নিষ্পত্তি হইবেক।

২৬ কোন সভ্যব্যক্তি সভা হইতে বিরত হইতে বাসনা করিলে এক মাস পূর্ব্বে সম্বাদ দিবেন।

২৭ কোন সভ্যের মৃত্যু হইলে তাঁহার এক জন উত্তরাধিকারী অপর দায়াদের অনুমতি লইয়া পৈতৃক স্বত্বানুসারে সভ্যস্বরূপে মনোনীত হইতে পারিবেন এবং নূতন প্রবেশের দক্ষিণা তাঁহাকে দিতে হইবেক না।

২৮ কোন ব্যক্তি সভার সামাজিক হইতে বাসনা করিলে সেক্রেটরি দ্বারা কমিটিকে নিবেদন করিবেন।

২৯ সভার সমাজিক পদাভিলাষি ব্যক্তির অন্য কোন গুণাপেক্ষা করে না কেবল সভার অভিপ্রায় সিদ্ধ হয় এমত বাসনা থাকিলে সভ্য যোগ্য হইবেন।

৩০ সভ্য ব্যক্তি লিখিত প্রতিনিধি দ্বারা সাধারণ বিষয়ে সম্মতি দিতে পারিবেন।

৩১ কমিটির আজ্ঞানুসারে অনুপস্থিত সভ্যগণের পক্ষে প্রতিনিধি অর্থাৎ মোক্তারগণ বৈঠকে উপস্থিত হইতে পারিবেন।

৩২ প্রত্যেক সভ্যকে সভা প্রবেশ নিমিত্তক পঞ্চ মুদ্রা দক্ষিণা দিতে হইবেক এবং বার্ষিক চাঁদা বিংশতি মুদ্রা প্রতি বৎসর আগামি দিতে হইবেক।

৩৩ সভার অভিপ্রায় বৃদ্ধি করণেচ্ছুক সভ্য ব্যক্তি কিম্বা অন্য লোক যে অর্থ প্রদান করিবেন তাহা গ্রহণ করিতে কমিটি ক্ষমতাবান হইবেন।

৩৪ কমিটিকে ব্যগ্ররূপে অনুরোধ করা যাইবেক যে তাঁহারা ভারতবর্ষের ইঙ্গরেজের রাজ্যের প্রতি জিলাতে শাখা কমিটি সংস্থাপনার্থ যত্ন করিবেন যেহেতুক তদ্দ্বারা সভার অভিপ্রেত সকল বিষয়ের সমাচার পরস্পর জ্ঞাপন করা যাইবেক।

৩৫ কোন ব্যক্তি চাঁদার টাকা না দিলে সভায় সম্মতি দিতে পারিবেন না।

৩৬ কমিটির আজ্ঞানুসারে মূল ধন কোন ব্যাঙ্কে রাখা যাইবে কিম্বা তাঁহারদিগের বিবেচনা মতে অন্য কোন নির্ব্বিঘ্ন স্থানে রাখা যাইবে।

৩৭ নিত্য ব্যয় সেক্রেটরি ও দুই জন সভ্য স্বাক্ষর করিলে পাইবেন।

৩৮ অনিত্য ব্যয় কমিটির আজ্ঞানুসারে তাঁহারদিগের কার্য্য বিবরণের বহীতে লেখা হইলে পাইবেন।

৩৯ সেক্রেটরি প্রত্যেক মাসিক বৈঠকের বিবরণ সভাপতির স্বাক্ষর করাইয়া ইঙ্গরেজী ও বাঙ্গালা ভাষায় রাখিবেন আর সভ্যদিগের অনায়াস দৃষ্টি গোচর কারণ গবর্ণমেণ্ট কিম্বা সরকারী কর্ম্মচারির সহিত সাধারণ বিষয় নিষ্পত্তির সকল কাগজপত্রের নির্ঘণ্ট করিয়া রাখিবেন।

৪০ সভার সামাজিকগণের অথবা অপর ব্যক্তির মধ্যে বিবাদ উপস্থিত হইলে সভার এক কিম্বা অধিক সামাজিককে মধ্যস্থ স্থির করিতে পারিবেন ঐ মধ্যস্থেরা সভার অভিপ্রেত বিষয় সকল নিষ্পত্তি করিবেন।

রাজা শ্রীরাধাকান্ত বাহাদুর সভাপতেঃ।

relating to the concerns of the Society, may be directed by a majority.

26th. When a Member may wish to retire, he is to give one month's previous notice.

27th. In case of death any one of the heirs and representatives of a deceased Member shall, with the consent of the co-heirs, have a hereditary right to be elected as a Member and be exempt from any fresh entrance fee.

28th. Every person desirous of becoming a Member of the Society must apply *to the Committee through their* Secretary.

29th. *The only qualification necessary* to be eligible for election as Member, is a desire on the part of the candidate to promote the general objects of the Society.

30th. A Member may vote by written proxy on general questions.

31st. Mooktiars of absent Members may attend meetings by permission of the Committee.

32nd. Each Member to pay an entrance fee of five rupees, and an Annual Subscription, in advance, of 20 Rs.

33d. The Committee is authorized to receive donations to any amount from any Member or other person willing to promote the objects of the Society.

34th. The Committee are to be earnestly recommended to endeavour to establish branch Societies in every district of the British Indian Empire, with the view of establishing regular communications on all subjects connected with the object of the Society.

35th. No person to vote unless his subscription be paid up.

36th. The funds to be kept in a Bank as may be ordered by the Committee from time to time, or otherwise invested at their discretion.

37th. Current expenses to be drawn by the Secretary countersigned by two of the Members.

38th. *Extraordinary expenses only* by order of the Committee entered in their Proceedings.

39th. Secretary to keep Proceedings at each Monthly Meeting, in English and Bengalee, duly signed by the Chairman of the Committee, and to keep an index of all communications with Government or Public Officers which may decide general principles for easy reference of Members.

40th. Members of the Society and others having disputes may refer them to one or more Members of the Committee, who will arbitrate on matters connected with the objects of the Society.

RAJAH RADHAKANT BAHADOOR,
Chairman.

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

পরমপূজনীয় শ্রীযুত চন্দ্রিকা প্রকাশক
মহাশয় শ্রীচরণেষু।

২৪ ফেব্রুআরির দর্পণে বর্দ্ধমান বাসি দর্পণ পাঠকস্য ইতি স্বাক্ষরিত এক পত্র প্রকাশ হয় তাহার তাৎপর্য্য শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুরের তুল্য দাতা এতদ্দেশে আর কেহ জন্মেনাই পরোপকার অনেক করিয়াছেন তথাচ তাঁ

Spirit of the Native Papers.

In the *Durpun* of the 24th February, a letter was published purporting to come from a Reader of that paper at Burdwan; the object of which was to shew that so liberal a man as Dwarkanath Tagore was never before born in this country. He has assisted many; why, then, have not Government conferred

হার রাজা উপাধি গবর্ণমেণ্ট কর্ত্তৃক কেন হইল না। দ্বিতীয় ধর্ম্মসভাস্থ ব্যক্তি সকল কেবল পবিত্র স্থানে পবিত্রান্ন ভোজন মাত্র করেন দেবদেবীকে ফুল বিল্বপত্র দেন আর সাধারণোপকার ইঁহারা কিছুই করেন না ইত্যাদি যাহা লিখিয়াছেন ঐ কথা যদি কেবল বাঙ্গালা সমাচার পত্রে প্রকাশ হইত তবে উত্তর দিবার আবশ্যক থাকিত না কেননা এতদ্দেশে হিন্দুবংশী মহারাজ কৃষ্ণচন্দ্র রায় এবং বর্দ্ধমানাধিপতি নাটোরের রাজা মহারাজ নবকৃষ্ণ বাহাদুর দেওয়ান রামচরণ রায় দেওয়ান গঙ্গাগোবিন্দ সিংহ যশোহর নিবাসী মহারাজ শ্রীকণ্ঠ রায় বাহাদুর দেওয়ান কৃষ্ণরাম বসু বাবু মদনমোহন দত্ত ও মহারাজ সুখময় রায় বাহাদুর বাবু গঙ্গানারায়ণ সরকার প্রভৃতির দাতৃত্ব শক্তি ও কীর্ত্তি সকলেই জানেন গয়াধামের রামশিলা প্রেতশিলা ও চন্দ্রনাথ পর্ব্বতের সোপান এবং কলিকাতাবধি শ্রীশ্রীক্ষেত্রধাম পর্য্যন্ত রাস্তা ও সেতু এতে কত লক্ষ টাকা ব্যয় ইহার বৃত্তান্ত কি ঐ পত্র প্রেরকের কর্ণ কুহরে প্রবিষ্ট হয় নাই। যদি বল বহুকাল গত হইয়াছে ইহা সত্য কিন্তু তাঁহার উচিত ছিল না যে কস্মিনকালে কেহ করেন নাই এমত লেখেন অতএব পূর্ব্বের সঙ্গে তুল্য না হউক পরের কথা দুই তিন লক্ষ টাকা ব্যয় একং কর্ম্মোপলক্ষে করিয়াছেন এমত মনুষ্যও অনেক হইয়া গিয়াছেন এইক্ষণে লক্ষ বা ৫০ হাজার টাকা ব্যয় করিয়া শ্রাদ্ধাদি কর্ম্ম সম্পন্ন করিয়াছেন ইহা তত্ত্ব করিলে অনেক পাইবেন। অপর ইঙ্গরাজদিগের ধারা মতে যে সকল চাঁদা হইয়াছে তাহাতেও ঠাকুর বাবু ভিন্ন অনেক হিন্দু ধার্ম্মিক টাকা দান করিয়াছেন পত্র প্রেরক সেই সকল অনুসন্ধান করিয়া লোকলোকে জানিতে পারিবেন। অপর ডিষ্ট্রিক্ট চেরিটেবিল সোসাইটির নিমিত্ত এক লক্ষ টাকা দান করিয়া গিয়াছেন ইহা এক ব্যক্তিকে দিয়াছেন এমত নহে নগর মধ্যে অন্ধ আতুর সহায় হীন দীন দুঃখীদিগের উপকারার্থে যে সমাজ স্থাপিত আছে তাহাতে অনেকে দান করিয়াছেন সেই তহবিলে এক লক্ষ টাকা দিয়াছেন কিন্তু আমি শুনিয়াছি ঠাকুর বাবু আপন অভিপ্রায় লিখিয়া গিয়াছেন মাত্র তাঁহার বিষয় নির্ব্বাহকদিগের উপর ভার আছে তাঁহারা দিবেন কিন্তু কবে দিবেন সে টাকা হইতে কাণা খোঁড়ারদিগের উপকার কবে হইবে তাহার নিশ্চয় হয় নাই। বৈকুণ্ঠবাসি বাবু রামদুলাল সরকার দুই লক্ষ টাকা পুত্রদিগের নিকট স্বতন্ত্র রাখিয়া গিয়াছেন ঐ ধনের বৃদ্ধি হইতে দীন দরিদ্রগণ আহার পাইবেক তাহাতে নগর বা পল্লীগ্রামস্থের বিশেষ নাই আর ক্ষুধার্ত্ত বলিয়া বেলগে ছিয়ার বাগানে উপস্থিত হইলে ক্ষুধা নিবৃত্ত করিয়া দেন ইহাতে কত লোকের উপকার হইতেছে তাহা কি ঐ মহাশয় জানেন না তিনি ঠাকুর বাবুর প্রশংসা শত মুখে করুন তাহাতে খেদ করি না কিন্তু এতদ্দেশে আর এমত কেহ নাই ইহা লেখা উচিত ছিল না। তবে যদি রাজা বাহাদুর উপাধি ঠাকুর বাবুর হয় নাই এই জন্য খেদ করিয়া লিখিয়া থাকেন কিন্তু এ খেদ করা বৃথা গবর্ণমেণ্টে ঠাকুর বাবুর পরিচয় দিয়া যে কেহ মান সেখাইয়া মান বৃদ্ধি করাইবেন সে তাঁহার বৃত্তি দ্বারকানাথ বাবু গবর্নর জেনরল চিফ জষ্টিস প্রভৃতি বড় প্রধান সাহেব লোক আছেন ইঁহারদিগের তাবতের সহিত হাস্যতাম অর্থাৎ আহার ব্যবহার অনেক করিয়াছেন তাঁহার রীতি চরিত্র দাতৃত্ব সকলে জানেন তাঁহার রাজা উপাধি হওনের অবশ্যই কোন ব্যাঘাত থাকিবেক নচেৎ কেন হইল না অনুমান হয় তাহাতে ঠাকুর বাবু ক্ষুণ্ণ নহেন কেন

upon him the title of Raja? *Secondly*, the writer affirms that the Members of the Dharma Sabha confine themselves to the eating of holy food in a holy place, and offering up flowers to the gods and goddesses, but that they do no good to others. If these assertions had been published only in a Native newspaper, there would have been no necessity for replying to them, for in this country every one must be well acquainted with the liberality which was manifested by Maha Raja Krishnu Chunder Roy, the Rajas of Burdwan, the Raja of Nattore, the late Raja Nubu Krishnu Bahadoor, Dewan Ramchurn Roy, Dewan Gunga Govindu Singh, Maha Raja Shree Kunt Roy, of Jessore, Dewan Krishnu Ram Bose, Baboo Mudun Mohun Dutt, Maha Raj Sookhmoy, and Baboo Gunganarayun Sirkar. These are some of their acts of liberality; the building of Ramseela and Pretseela, at Guya; the excavation of steps up the hill Chundernath; the construction of a road from Calcutta to Jugurnath Pooree, and of bridges on that line. Has the writer of that letter never heard how many lakhs of Rupees these works have cost? If you say that these deeds were done long ago, this is true; but the writer should not have said that no one has ever exhibited such liberality as Dwarkanath Tagore. Even if the former liberality of the Hindoos will not bear a comparison with that of Dwarkanath, we can point out many who in more modern times, have expended, in single acts, two or three lakhs of Rupees. And if inquiry be made, it will be found that there are many who expend 50,000 Rupees or 100,000 Rs. upon Shraddus. Moreover, to the subscriptions which have been made in the English mode, many holy Hindoos, besides the Thakoor Baboos, have given liberally. The lakh of Rupees that has been given to the District Charitable Society, has not been given to one individual,* but it has been made over to a Society which proposes the relief of many blind, infirm and destitute. But I hear that the Baboo has simply given his wishes on the subject in writing; leaving the business to be afterwards settled by his agents, who are to pay the money. But when this sum is to be paid, and when the lame and the blind are to benefit from it, we cannot learn. The late Ramdoolal Sirkar left two lakhs of Rupees, as a distinct fund, with his sons, the interest of which was to be applied to the wants of the destitute. In the distribution of this sum, no distinction is made between residents in the town or in the country. If any man goes to the garden of Belgachee, and simply pleads hunger, his wants are supplied. Cannot the writer calculate how many poor have been relieved from this source? Let him proclaim the praises of the Thakoor Baboos with a hundred mouths, I will not object to it; but he must not say that such a man for liberality never existed before. Perhaps he has written under the influence of regret, that the Baboo has not been invested with any title; he ought not to regret this. It would be idle for any man to think of augmenting the honour of Dwarkanath by bringing this act of his liberality before Government. He has already eaten with the Governor General, the Chief Justice, and the first men in the land. Every one, therefore, must be acquainted with his habits, as well as with his liberality. There must be some obstacle to his obtaining the title of Raja; else why has he not obtained it? We do not fancy that the Tagore Baboo is at all vexed at this; for he has enjoyed such intercourse with the European gentlemen as no Native has ever yet enjoyed; this satisfies his desires.

* The gift of a lakh of Rupees to one individual is reckoned more meritorious among the Hindoos, than the distribution of such a sum among many.

না ইঙ্গরাজেরদের এতদ্দেশীয় কোন ভাগ্যবানের সহিত যে ব্যবহার না হইয়াছে তাহা ঠাকুর বাবুর সহিত হইয়াছে ইহাতেই তাঁহার সুখ নিবৃত্তি আছে। মহাশয় এ বিষয় চন্দ্রিকার প্রকাশ করিবেন দর্পণকার মহাশয় স্বীয় পত্রে স্থান দিয়া তাঁহার ইঙ্গরাজ পাঠকদিগকেও অবগত করাইবেন নিবেদন ইতি।—চন্দ্রিকা।

প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

শ্রীযুত গোবিন্দচন্দ্র জোয়ারদারের অধীন কুমারখালিতে এক ইঙ্গরেজী পাঠশালায় আমরা কএক জন দীনহীন ছাত্র আপনকার নিকটে অতি বিনয় পূর্ব্বক নিবেদন করিতেছি যে নীচে লিখিতব্য কতিপয় পংক্তি সংশোধন পূর্ব্বক দর্পণে অর্পণ করিয়া বাধিত করেন এইক্ষণে তিন মাস হইল আমরা ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুর শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সাহেবের ১৮৩৭ সালের ২৬ অক্টোবর তারিখে উত্তর পশ্চিমাঞ্চলে যাত্রা সময়ে নিবেদন করিয়াছিলাম যে আমরা যে বিদ্যালয়ে নিযুক্ত আছি গবর্ণমেণ্ট তাহার সাহায্য করেন তাহাতে শ্রীলশ্রীযুক্তের নিজ সেক্রেটরী শ্রীযুত আর কলবিন সাহেবের স্থানে অযোগ্যে উত্তর প্রাপ্ত হইলাম। তাহা আপনার নিকটে জ্ঞাপনার্থ প্রেরণ করিতেছি।

কুমারখালি
১৮৩৭ সাল ৮ অক্টোবর।

শ্রীযুত আনন্দচন্দ্র মজুমদার প্রভৃতি বরাবরেষু।

বর্ত্তমান তারিখে আপনারা পাঠশালার সাহায্যার্থ যেং আবেদন করিয়াছেন তাহা আমি শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরলের নিকটে নিবেদন করিয়াছি তাহাতে শ্রীলশ্রীযুক্ত এই হুকুম করিয়াছেন যে তিনি আপনারদের আবেদন স্মরণ রাখিয়া তদ্বিষয়ে বিদ্যাধ্যাপনীয় কমিটির বিবেচনা অবগত হইবেন।

কিন্তু শ্রীলশ্রীযুক্ত বিবেচনা করেন যে গবর্ণমেণ্ট যে সকল পাঠশালার সাহায্য করেন যে কেবল সদর স্থানের নিকটবর্ত্তি যেহেতুক ঐ সকল স্থানে অনেক ইউরোপীয় সাহেব লোকেরা বাস করেন এবং তাঁহারদের দ্বারা তত্তৎ পাঠশালার উপযুক্ত রূপে তত্ত্বাবধারণ হইতে পারে।

জে আর কলবিন
নিজ সেক্রেটরী।

হে সম্পাদক মহাশয় শ্রীযুত কলবিন সাহেবের কথাক্রমে শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিকটে আবেদিত প্রস্তাবের এক নকল ও তাহার উত্তর ১৮৩৭ সালের ৭ নবেম্বর তারিখে বিদ্যাধ্যাপনীয় কমিটির নিকটে আমরা প্রেরণ করিয়াছিলাম কিন্তু আমারদের অদৃষ্টক্রমে তদ্বিষয়ে এইপর্য্যন্ত আর কোন উত্তর প্রাপ্ত হইলাম না। বোধ হয় আমারদের আবেদিত বিষয় অতি ক্ষুদ্র প্রযুক্ত বিদ্যাধ্যাপনীয় কমিটির নিকটে প্রেরণ করিতে শ্রীলশ্রীযুক্ত বিস্মৃত হইয়া থাকিবেন অতএব এত অকিঞ্চনেরদের এই বিষয়ের উত্তর প্রাপণাশয়ে আপনকার নিকটে এই কএক পংক্তি পাঠাইতেছি ভরসা করি যে আপনকার দর্পণ দ্বারা এই বিষয় শ্রীলশ্রীযুক্তের দৃষ্টি গোচর হইতে পারে এবং বিদ্যাধ্যাপনীয় মহানুভব সাহেবেরদেরও এই বিষয়ে দৃকপাত হইতে পারে। হে সম্পাদক মহাশয় শ্রীযুক্ত সেক্রেটরী সাহেবের উত্তরের শেষাংশে যে প্রতিবন্ধক লিখিয়াছেন তাহা সত্য বটে এবং যদ্যপি কুমারখালির রেশমের কুঠী বিক্রয় হয় তবে আমারদের এই পাঠশালার ব্যাপার কোন ইউরোপীয় সাহেবের গোচর হই

Correspondence.

To the Editor of the Durpun.

SIR,—We, the undersigned, poor scholars of a private English School at Commercolly, under the management of Gobindo Chunder, Joardar, most humbly and respectfully solicit the favour of your kindly correcting and inserting these following lines in your *Durpun*, and thereby greatly oblige us.

That it is now more than three months since we had taken the liberty of presenting here a petition to His Lordship, Lord Auckland, the Governor General of India, on his way to the North Western Provinces, on the 26th October, 1837, requesting for Government support to the School we are attached in, and to which we were fortunate enough of obtaining an immediate reply, under the signature of His Lordship's Private Secretary, Mr. J. R. Colvin, of which we give a copy below for your information.

"*Off Commercolly, Oct. 26th,* 1837.
Aunund Chunder Moojoomdar and others.

Having laid an application of the present date, for support to a School at this place before the Governor General, I am desired by His Lordship to state, in reply, that he will bear your request in mind, and obtain in it the opinion of the Committee of Public Instruction.

His Lordship apprehends, however, that support of Schools by the Government must as yet be confined to principal stations, where the continued residence of European Public Officers, and receiving a regular and effective superintendence.

I am, yours obediently.
(Signed) J. R. COLVIN,
Private Secretary."

Mr. Editor, according to Mr. Colvin's saying, we have forwarded a copy of our Petition to the Governor General, with the reply received in it, to the Secretary of the Committee of Public Instruction, at Calcutta, on the 7th November, 1837, but as we have misfortunately not yet heard any thing from the Committee; and perceiving that, perhaps, the very trifle subject of our petition, might have not been referred by His Lordship to the Committee of Public Instruction, as was ordered in the above reply; we, therefore, with a anxious hope of obtaining the request of our poor Petition, are obliged to write to you these few lines, in order of bringing once more the trifle subject of our Petition, through the medium of your valuable *Durpun*, to the favourable notice of His Lordship, and also to the propitious consideration of the liberal minded gentlemen of the Committee of Public Instruction.

Mr. Editor, the reason assigned in the concluding part of the Secretary's reply, is true; and that in case of the Honourable Company's Commercolly Silk Factory being lately sold, our School is not in the immediate face of any European Public Officer; but we beg leave to observe that the distance

তে পারে না কিন্তু আমরা নিবেদন করি যে পবনা জিলার সদর মোকামে অনেক ইউরোপীয় সাহেব লোকেরা বাস করেন এবং ঐ স্থান হইতে এই স্থান ৬ ক্রোশ মাত্র অন্তর অতএব আমারদের এই পাঠশালার ব্যাপার মধ্যে২ সময়মতে পরীক্ষাদি তত্ত্বাবধারণ কোন ইউরোপীয় সাহেব আসিয়া অবশ্য করিতে পারেন।

শ্রীআনন্দচন্দ্র মজুমদার ও ন্যূনাধিক
৬৪ জন দীনহীন ছাত্রগণ।

কুমারখালি ৯ জানুআরি ১৮৩৮।

পুনশ্চ শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের নিকটে আমরা যে দরখাস্ত দিয়াছিলাম তাহা বোধ করি এইক্ষণে শ্রীযুত কলবিন সাহেবের নিকটে আছে তাহা আমারদিগের প্রত্যর্পিত হয় নাই কিন্তু অতি দীর্ঘ প্রযুক্ত তাহার এক প্রতিলিপি আপনকার নিকটে প্রেরণ করি নাই।

---

between this place and that of the continued residence of several European Public Officers, the Zillah Station of Pubna, is only 12 miles, which may, we think, be an easy journey for an European Officer to attend for the occasional and periodical superintendence and examination of the School we belonging to.

We remain, with due respect to be, Sir,
Your most obedient humble servants,
Anundo Chunder Moojoomdar and upwards of 64 Poor Scholars.
Coomercolly, 9th January, 1838.

P. S. As our original Petition to the Governor General may still be in the hands of Mr. Colvin, who had not returned it to us, we do not think it expedient to trouble you with a whole copy of it, being a long one.
— Published verbatim.—*Ed.*

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিনয় সম্বোধনপূর্ব্বক নিবেদন মিদং শ্রীশ্রীমতী মহারাজ্ঞী ভারতবর্ষ রাজ্যের দক্ষিণাঞ্চলস্থ বহু[illegible]ের ভূম্যুপস্বত্বভোগী অর্থাৎ সাবেক জমীদার তালুকদার এবং দীনহীন প্রজাবর্গের দুরবস্থা দূরার্থে এবং অস্মদাদির পরম হিতৈষী গবর্ণমেণ্টের প্রচুর ক্ষতি নিবারণার্থে লিখিতব্য পশ্চাল্লিখিত পংক্তি সমূহ তদ্ভূত বিবরণে বর্ণিত পূর্ব্বক আপনকার সমীপে প্রেরণ করিতেছি মনোযোগ করিয়া অবিকল দর্পণে স্থানদানে রাজা এবং প্রজা উভয় পক্ষোপকার করিবেন।

জিলা চব্বিশ পরগনার মধ্যে অনেকানেক তালুক রাজকর বাকীর নিমিত্ত কালেক্টর সাহেব নীলাম হবে খাস করিয়াছেন অর্থাৎ উপরোক্ত অঞ্চলস্থ যে সকল তালুক সন ১২৪০ সালে লবণাম্বু সমুদ্রের প্রবল বন্যার প্রবাহে ডুবিত হয় অন্যান্য ক্রেতা সকল তদ্দৃষ্টে ক্রয় অনিচ্ছুক হইলে যৎকিঞ্চিন্মূল্যে সরকারের বিক্রয়ের নির্দ্ধারিত দর টেনপরসেণ্ট হিসাবে যাহার প্রকৃত মূল্য ন্যূনাতিরেক বিংশতি হাজার টাকা তাহা হাজার বারশত টাকা মূল্যে উক্ত সাহেব গবর্ণমেণ্টের নামে ক্রয় করেন যে রক্ষক সেই ভক্ষক চারা কি হায়২ তাহাতেও তালুকদারগণ নিষ্কৃতি হইতে পারেন নাই। যেহেতুক উক্ত অন্যায় মূল্য মুনহা বাদে বাকীর অবশিষ্টাংশ আদায়ের নিমিত্ত তাহারদিগের পৈতৃক এবং স্বোপার্জ্জিত অন্যান্য স্থাবরাস্থাবর বিষয় তদ্গৃহাসন প্রভৃতি সরকারের সবজিক্রমে বিক্রয় করিয়া গৃহ দগ্ধ তৃণের ন্যায় যত আদায় করিতে পারিয়াছেন তাহার ত্রুটি করেন নাই। তাহা চরম নির্ব্বাহ বিধি উক্ত সাহেবের ভারি শ্রমের ফল গবর্ণমেণ্টের লভ্যের মধ্যে এই দেখিতেছি যে কেবল দীন তালুকদারদিগের এবং তদধিক দুঃখি প্রজাবর্গের উমাস্তি হওয়াতে বিষয় বিয়োগ শোকসাগরে নয়ন সলিলের প্রবাহেতে গবর্ণমেণ্টের দয়াশীল অনুরাগরূপ তরণি ভাসিয়া যাইতেছে এতাবন্মাত্র বরং মহানিষ্ট হইতেছে তাহা বোধ করি অবশ্য তাঁহারদিগের গোচর হইতেছে তথাপি তাহার কোন সদুপায় প্রকাশাভাবে সাহসে কিঞ্চিৎ গবর্ণমেণ্টের সুগোচরার্থে লিখিতেছি তাঁহারা কালেক্টর আফিসের সেরেস্তা তদারক দ্বারা অবশ্য দেখিবেন যে ঐ সকল মহালে খাস তহশীলার্থে সাজোয়াল নিয়োগাবধি কোন্ মহালের কত টাকা মোট জমা তাহার মধ্যে কত টাকা কত দিনে আদায় হইয়াছে এবং বাকী কত পড়িয়াছে সেই বাকীর মহৎকারণ কি তাহা সাজোয়ালদিগের মহালের অবস্থা সক্রান্ত রিপোর্টে বিলক্ষণরূপে প্রকাশ আছে। ফলতঃ তাহার দ্বারা গবর্নর্ কৌন্সলে তালুকদারদিগের বাকীর অর্থাৎ খাজানার সরবরাহের অশক্তার হেতু স্পষ্ট বোধ হইবে। অতএব হে দর্পণ প্রকাশক মহাশয় আপনকার সমীপে আবেদন করিতেছি গবর্ণমেণ্টের উচিত যে উক্ত বিবরণ সকল যথার্থ মনোযোগে গ্রহণ করিয়া যেং তালুকদারদিগের মহাল দৈবোপদ্রবে অনুর্ব্বরাপ্রযুক্ত রাজস্ব পূর্ণ আদায় সম্ভাবনাভাব তত্তৎ মহালের অবস্থানুযায়ী তাহারদিগের সহিত উচিত মত পুনঃবন্দবস্ত করিয়া তাহারদিগকে স্বীয়২ বিষয়ে পুনস্থাপন করেন। তাহাতে যদ্যপি এমত বোধ করেন যে তাহারদিগকে বহাল করিলে ভবিষ্যতে তাহারা এবং অন্যান্য বর্ত্তমান তালুকদারেরা বিষয় পুনঃপ্রাপণাশয়ে কোম্পানির রাজস্বানিষ্ট করিবেক ইহা অত্যযুক্তি কেননা ধর্ম্মতঃ অর্থাৎ আইন মত এবং লোকতও বটে যে যাহারদিগের বিষয় দৈবাধীন অলাভজনক হইয়াছে তাহারদিগকে রক্ষা করা রাজার অতি কর্ত্তব্য তদ্ভিন্ন যাহারা স্বেচ্ছাধীন আত্মসুখ ভোগার্থে কোম্পানির খাজনা লোকসান করিয়া বাকীদার হইলে নীলামের দ্বারা বিষয়চ্যুত হইয়াছে তাহারদিগকে কৃপা অথবা ক্ষমা করিতে কোন বিধান নাই তবে তাহার সন্দেহ কি।

গবর্ণমেণ্টের রাজস্ব সম্পর্কীয় বিজ্ঞবর সাহেবেরা উপরোক্ত খাস মহাল সকলে তহশীলার্থে সাজোয়াল নিয়োগের নিয়ম বড় লভ্যজনক বোধ করিয়াছেন কেননা সাবেক তহশীলদারদিগকে মালীকানা মুশাহেরা বাবতে শতকরা ত্রিশ টাকা করিয়া দিতে হইয়াছিল তাহার তিনঅংশের একাংশ অর্থাৎ যত আদায় হইবেক তাহা হইতে টেনপরসেণ্টের হিসাবে উক্ত সাজোয়ালদিগের কমিসন নির্দ্ধারিত করিয়াছেন। কিন্তু হায়২ হে দর্পণ প্রকাশক মহাশয় উক্ত বিজ্ঞতম সাহেবেরা বিবেচনা করিলেন না যে সাবেক তালুকদারেরা উক্ত মালীকানা মুসাহেরা পাইতেন এবং গবর্ণমেণ্ট কর্ত্তৃক তাহারদিগকে এমত ক্ষমতা প্রদত্ত ছিল যে তাহারা স্বীয়২ বিষয়ের দান বিক্রয়ের স্বত্বাধিকারী হইয়াছিলেন যাহাতে প্রাণপণ সাধ্যে বিষয় ও রাজা উভয় রক্ষা করিয়া কিস্তিবকিস্তি তৌজী মত রাজস্ব যোগানের কসুর করিতেন না তাহাতেও দৈবোৎপাতে রাজস্ব অসংস্থানে অধিকাংশ বাকী বৃদ্ধি হইয়া বিষয় হত হইয়াছেন অতএব তাহারদিগের অধিক সাজোয়ালের দ্বারা তহশীলে রাজস্ব কি আদায় হইতে পারে বুঝিতে পারি নাই। যেহেতুক দৈবোৎপাতগ্রস্ত মহাল সকলে রাজস্ব অত্যল্পাংশ আদায় হয় তাহা হইতে তাহারদিগের কমিসন যৎকিঞ্চিৎ প্রাপ্য হয় তাহাতে তাঁহারদিগের বাসা খরচ অনাটন তন্মধ্যে তাহারদিগের পরিবার ভরণপোষণও আছে। অতএব তাহারদিগের মধ্যে যে কেহ সজ্জন এবং ধর্ম্মাবলম্বী তাহারা কিছু দিন তিষ্ঠিয়া সুতরাং আত্মদায় নির্ব্বাহাধীন হইয়া সাজোয়ালী পদে নমস্কার করিয়া প্রস্থান করেন কিন্তু এমত জন অতি দুর্লভ যত সাজোয়াল হইয়াছে প্রায় তাবজ্জন তাহারা স্বস্বআকাংক্ষা তাহাতে ধর্ম্মাধর্ম্ম জ্ঞানাভাব যে প্রজার শতাধিক টাকা দেনা তাহার স্থানে পঁচিশ ত্রিশ টাকা উৎকোচ গ্রহণ করিয়া সরকারের বাকী আদায় সেকস্ত বলিয়া নিকাশ দেয় পরলোকের স্থানে নিকাশ আছে বোধ করে না। এই প্রকার প্রায় তাবৎ প্রকার সাজোয়ালের সহিত বন্দবস্তপূর্ব্বক কিছু দিন তিষ্ঠিয়া পরে সাজোয়ালের বারম্বার আশা নদী বৃদ্ধি নিবারণাশক্তে স্থানান্তর পলায়ন পরায়ণ করে। ইহাতে যে গবর্ণমেণ্টের ভূরি২ রাজস্ব ক্ষতি হইতেছে তাহার কিছুই কি উক্ত রাজস্ব সংক্রান্ত বিজ্ঞতম সাহেবেরা অনুধাবন করেন নাই। যাহা হউক এবিষয়ে আরো অনেক প্রকার রাজা এবং প্রজা উভয়ের অনিষ্ট হইতেছে এবং সম্ভাবনাও আছে তাহা তাবদ্বর্ণনে লিপি বাহুল্য কথক যাহা লিখিলাম ভরসা করি গবর্ণমেণ্টের শ্রবণগোচর অবশ্য তাঁহারদিগের সুমনোযোগ হইতে পারে। যাহাতে অস্মদাদির মহোপকার রাজাধিপতির এবং দেশীয় প্রাচীন কালীনের দীন তালুকদারদিগের এবং তদনুরূপ ক্ষুদ্র দীন দুঃখি প্রজাবর্গের সর্ব্বতোভাবে শুভদায়ক অবশ্য হইতে পারিবে কিমধিকমিতি।

অন্যান্য সম্বাদ সম্পাদক মহাশয়েরদের প্রতি বিহিত বিনয়ান্তে নিবেদনমেতৎ তাঁহারা অত্র লিপি অবগমোত্তর রাজা প্রজার উভয়ের কল্যাণাকাংক্ষীয় তাঁহারদিগের স্বীয়২ কাগজে অর্পণ করিয়া অনুরাগ বিস্তার করিবেন এবং এ অকিঞ্চনকে যাবজ্জীব বাধিত করিবেন ইতি।

জনোপকারাভিলাষি শ্রীশম্ভুনাথ দাস পা
ঠকস্যকাশীপুর প্রবাসিনঃ

To the Editor of the Durpun.

I send you these few lines, in order to remove the distress which has overtaken the ancient Zemindars, Taloodars, and the poor in the southern part of the Indian Empire of Her Majesty, the Queen of England, and to prevent very great loss from falling upon our benevolent Government. I beg you to oblige us by publishing them, as sent to you, in a corner of the *Durpun;* that the welfare both of Prince and subject may be promoted.

In the district of the 24-Pergunnahs, the Collector has brought under the Khas management of Government, many estates which had been exposed to sale for arrears. That is to say, the estates in that neighbourhood, which were submerged by the inundation of the sea, in 1240, having been put up to auction, and there being no bidders at the sale, the Collector has purchased them, in the name of Government, for a very trifling sum, at the specified rate of ten per cent.; that is, estates worth 20,000 Rupees, have been purchased for 1,000 or 1,200 Rupees. He that was appointed to guard the flock, devours them; what can be done? Yet even after this, the Talookdars are not free. For this unjust price which the estates have fetched, having been deducted from the arrears, a balance is still left; for the realization of which, they have exposed to sale, the hereditary and self acquired property, the real and personal property, and even the houses of the Zemindars, and have thus collected whatever it was possible to get. This is the last act. The only profit which we can see that Government derives from the great labours of this gentleman is, that the poor Talookdars, and the destitute are ruined; that immersed in an ocean of grief they give themselves up to weeping. Is this the compassion of Government? All this produces great distress, which cannot be unknown to the authorities. But as there appears to be no remedy applied, I would offer a little advice on the subject. Let an inquiry be made at the Collector's Office; and let it be ascertained, since the appointment of a Sezawal to make the Khas collections, how much has been realized from each Muhal in the whole; how much of this sum has been collected in how much time; what is the extent of the arrears; what is the chief reason of these arrears? All this may be understood on examining the Sezawal's reports. Thus Government will be able to learn, why the Zemindars were unable to make good their payments. I beg, therefore, to submit to you, that it is the duty of Government to make themselves acquainted with these particulars, and re-establish in their estates those Zemindars, whose lands, in consequence of the inundation, did not yield them the means of paying the revenue; and to make a proper engagement with them. If it be supposed that, by re-establishing them, they and other Talookdars, may, in future, create a loss to the government simply for their own advantage, this suspicion is very unreasonable; for, both according to religion and policy, it is the duty of the ruler to extend his protection to those whose estates have become unprofitable by circumstances beyond their control. But there is no rule which obliges Government to take compassion on those who, being independent, have in promoting their own pleasure fallen into arrears, and have lost their estates.

The wise gentlemen connected with the collection of the revenues, have considered that great profit may be derived from appointing a Sezawal to collect the revenues from the Khas Mehals. For they were obliged to pay the old Tuhseeldars thirty per cent. for their Mosahira; but now the Sezawals receive only ten per cent. upon the actual collections. But alas, Mr. Editor, these wise gentlemen did not consider that the old Talookdars received this Malikana as their pay; and that Government authorized them to sell or to give away their possessions; and hence, with their whole souls, they preserved both their own property and their tenants, and paid up their rents regularly, and would not have allowed the revenue to fall into arrears. But being unable to obtain their rents from sudden calamity, the revenue has fallen into arrears, and they have been ruined. How then will the Suzawals be able to collect more than they did, we cannot comprehend. For in Mahals subject to this calamity, but little revenue can be obtained; out of this little they will have their commission to receive; which will scarcely be sufficient for their support, much less for that of their families. Those among them, therefore, who may be virtuous and righteous, will, after remaining some time, and finding themselves unable to live, make a low bow to the situation; but of such characters few can be found. Almost all the Suzawals who have been appointed, only seek their own advantage, and know not the distinction between virtue and vice. From the ryut who may owe more than a hundred Rupees, they will take perhaps a bribe of 25 or 30 Rupees, and give him a discharge upon the plea, that the public dues are not recoverable; they do not dream of the account they will be obliged to render in the next world. In this manner, the ryuts after having made an engagement with the Sezawal, remain for some time, and finding at length that they cannot meet the increasing desires of the Sezawal, decamp. Do not the public authorities take into consideration the extensive loss of revenue which this system must entail? Be that as it may. In numerous other respects there is much inconvenience entailed, both on the rulers and the people; and more will occur which it would be too long to detail. What I have written will, I hope, engage the attention of Government; and thus bring relief to us, and to our rulers, and to the ancient poor Talookdars, as well as to the destitute ryut.

We would pray the Editors of other papers, who desire to promote the welfare of the country, to insert these lines in their Journals, and thus to confer an obligation on us.

Sumbhoonat Dass, of Cossipore,
desirous of the good of the Country.

সমাচার দর্পণ

১১৮৪ সংখ্যা। বালম ২০।] ২৪ মার্চ ১৮৩৮ সাল শনিবার ১২৪৪ সাল ১২ চৈত্র। SATURDAY, MARCH 24TH. 1838. [মূল্য মাসে ১ টা

No. 1184. VOL. XX.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee month

ইশতেহার।

NOTICE

Is hereby given, that the Bauleah Silk Factory, and the whole of the remaining unsold Silk Filatures belonging to the East India Company, will be put up for Public Sale, on an early day in the month of May next.

Further particulars will be published hereafter.

By Order of the Board of Customs, Salt and Opium.

J. W. GRANT,
E. W. H. Kr.

Export Warehouse,
22d January, 1838.

সরিফসেল।

সমচার দেওয়া যাইতেছে যে আগামী ২৯ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রাজকুমার সেট ও বৃজকুমার সেট ও প্রেমবতী দাসীর বিরুদ্ধে ফাই রাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরের বড়বাজারের সুপারি হাটার শামিল ও তন্মধ্যস্থিত যে একএকটা একতালা ইষ্টক নির্ম্মিত গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।০ এক বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বৃজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নীলু পালের বাটী ও ভূমি। উত্তর দিগে নকুলেশ্বরে গমনের রাস্তা। পশ্চিমদিগে কোম্পানি বাহাদুরেররাস্তা। দক্ষিণদিগে মৃত কাশীনাথ বাবুর বাটী ও ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরে বড়বাজারে জগন্নাথের ঘাটের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি অনুমান ১/১ এক বিঘা এক কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বৃজকুমার সেট ও প্রেমবতি দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিতকাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও উত্তর দিগের একাংশে পাঁচু বসাকের ও অপরাংশে পূর্ব্বোক্ত আসামীরদের ভূমি। পূর্ব্ব দিগের একাংশে আশুতোষ বাবুর ভূমি অপরাংশে পূর্ব্বোক্ত আসামীরদের ভূমি। দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা।

৩ দফা। এবং কলিকাতা নগরের সুতানুটিতে যোড়া বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি অনুমান ২৪।১।৵ চব্বিশ বিঘা ছয় কাঠা ছয় ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বৃজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ষষ্ঠীতলার রাস্তা। দক্ষিণ দিগে যোড়া বাগানের থানার রাস্তা। পশ্চিম দিগে চুনিলাল কাঁসারির বাটি ও ভূমি। উত্তর দিগে রামসুন্দর দের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরে সুতানুটিতে যোড়া বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮।১৩।৴ আট বিঘা তের কাঠা দশ ছটাক তাহাতে খোপা পুষ্করিণী নামে বিখ্যাত এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজকুমার সেট ও বৃজকুমার সেট ও প্রেমবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও রিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগের একাংশে প্রসন্ন কুমার ঠাকুরের বাটী অপরাংশে মৃত হরিনারায়ণ বসাকের ভূমি ও গোলোক বসাকপ্রভৃতির ভূমি ও শম্ভুচন্দ্র সরকার প্রভৃতির ভূমি। উত্তর দিগের একাংশে জগমোহন মুখুয্যের ফল বাগান ও অপরাংশে চন্দ্রকুমার ঠাকুরের ভূমি ও রাধিকামোহন বসাক ও রামহরি বসাকের বাটী ও শিবু পাণ্ডার বাটী ও কালু বসাকের বাটী। পূর্ব্ব দিগের একাংশে নূতন বাজার ও চড়ক ডাঙ্গার শিবতলা ও বিশ্বনাথ নন্দির বাটী ও মদন বসাকের বাটী। পশ্চিম দিগে সরকারী নর্দ্দমা পার য়োড়াবাগানে পূর্ব্বোক্ত সেট দিগের রাইয়তি ভূমি।

সরিকের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ২৯ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব বাবু লছমন দাসের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ একস্পোনাস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরে বড় বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গ্রহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /২ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর কর্ব্বোক্ত আসামী লছমন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে শ্রীকৃষ্ণ কর্পুরের বাটী। পূর্ব্ব দিগে কোম্পানির গলি। পশ্চিম দিগে বৃন্দাবনদাস গুজরাতির বাটী. দক্ষিণ দিগে গঙ্গারাম ক্ষত্রিয়ের বাটী।

২ দফা। এবং কলিকাতা নগরে হাড়কাটার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী লছমন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সনাতন কাটোয়াবোটি। পশ্চিম দিগে রঘুনাথ উড়িয়ার বাটী ও ভূমি। উত্তর দিগে তিনু উড়িয়ার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গলি।

৩ দফা। এবং কলিকাতা নগরে তেরেটি বাজারের চিনাপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসতবাটি নং ২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী লছমন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগমোহন শীলের বাটী ও ভূমি। পশ্চিম দিগে পিচ সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে দেবী মুখুয্যের বাটী ও ভূমি। উত্তর দিগে গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৫ আপ্রেল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত রিচার্ড হো কখেল সাহেব মৃত ভবানীপ্রসাদ ঘোষেরপুত্র অথবা উত্তরাধিকারী হরিপ্রসাদ ঘোষ এবং তাঁহার বিধবা স্ত্রী শ্রীমতী জয়মণী দাসীর বিরুদ্ধে ফাই রাই ফেসিয়াস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। এবং জিলা চব্বিশ পরগনার তিল জলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ ও ভূমি অনুমান ১৫ পনর বিঘা তাহা কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রা[illegible] দক্ষিণ দিগে কানু খানসামার বাগান। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত ভবানীপ্রসাদ ঘোষের অপর এক বাগান। পূর্ব্ব দিগে ক্লায়র সাহেবের বাগাৎ ভূমি।

২ দফা। এবং জিলা চব্বিশ পরগনার জ্ঞাননগরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ১০/ দশ বিঘা তাহা কিছু [illegible] উক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আ[illegible] মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপ[illegible] খিত কাল ও স্থান ও নিয়মানু[illegible] ক্রীত হইবেক। তাহা এইরূপে [illegible] মাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দি[illegible] র্ব্বোক্ত ভবানীপ্রসাদ ঘোষের বাগা[illegible] ক্ষিণ দিগে বংশী পোদ্দারের বাগ[illegible] ত্তরদিগে সরকারী রাস্তা।

৩ দফা। এবং জিলা চব্বিশ প[illegible] পুরাণা বৈঠকখানার শামিল ও [illegible] স্থিত যে এক একতালা ইষ্টক নি[illegible] র এবং তাহার সঙ্গে যে এক খ[illegible] ভূমি অনুমান ১৸০ এক বিঘা [illegible] তাহা কিছু কমী হউক বা বেশ[illegible] হাতে ও তাহার মধ্যে ও তাহা[illegible] পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্র[illegible] ষের যেস্বত্ব ও অধিকার ও সম্পর্ক [illegible] তাহা উপরে লিখিত কাল ও স্থান [illegible] য়মানুসারে বিক্রীত হইবেক। [illegible] রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূ[illegible] চৈতন্যচরণ বসাকের বাগান। [illegible] গে সরকারী রাস্তা। দক্ষিণ দিগে [illegible] মুখুয্যের বাগান। উত্তর দিগে [illegible]

৪দফা। এবং কলিকাতার বা[illegible] সার শামিল ও তন্মধ্যস্থিত যে [illegible] ও বন্দ বাগাৎ ভূমি এবং তাহ[illegible] পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ [illegible] মি অনুমান ২॥০ দুই বিঘা [illegible] তাহা কিছু কমী হউক বা বেশী [illegible] হাতে ও তাহার মধ্যে ও তাহার [illegible] পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্র[illegible] ষের যে স্বত্ব ও অধিকার ও সম্[illegible] তাহা উপরে লিখিত কাল ও স্থান [illegible] য়মানুসারে বিক্রীত হইবেক। [illegible] রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ [illegible] নেক্কা বাবুর বাগান। পশ্চিম দি[illegible] রাস্তা। উত্তর দিগে কোম্পানি[illegible] র খানের ভূমি। দক্ষিণ দিগে [illegible] পিরালির বাগান ও সরকারী [illegible]

[illegible] এবং [illegible] চব্বিশ পরগনা [illegible] শামিল ও তন্মধ্যস্থিত [illegible] নির্ম্মিত গৃহ বসত [illegible] যে এক খণ্ড ও বন্দ ভূ[illegible] ৫০ পঞ্চাশ বিঘা তাহা কিছু [illegible] বা বেশী হউক তাহাতে ও তা[illegible] ও তাহার উপর পূর্ব্বোক্ত আ[illegible] মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব [illegible] অধিকার ও সম্পর্ক আছে তাহা উপ[illegible] লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে [illegible]ত হইবেক। তাহা এইরূপে চতুঃসী[illegible] বিশেষতঃ উত্তর দিগে ভবানীচরণ [illegible]দারের বাগান। দক্ষিণ দিগে গলি। [illegible]শ্চিম দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগে [illegible] নর্দ্দমা।

[illegible] দফা। এবং জিলা চব্বিশ পরগনার [illegible] চন্দন পুকুরের শামিল ও তন্মধ্য[illegible] যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনু[illegible] ৪০ চল্লিশ বিঘা তাহা কিছু কমী হ[illegible] বা বেশী হউক তাহাতে ও তাহার [illegible] তাহার উপর পূর্ব্বোক্ত আসামী [illegible] ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অ[illegible]কার ও সম্পর্ক আছে তাহা উপরে লি[illegible] কাল ও স্থান ও নিয়মানুসারে বি[illegible]ত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমা [illegible] বিশেষতঃ পূর্ব্ব দিগে মুন্সী আমীরের [illegible] ব্যক্তির ধান্য ভূমি। উত্তর দিগে [illegible]রী রাস্তা। দক্ষিণ দিগে প্রাণকৃষ্ণ বি[illegible] ভূমি। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত [illegible] মুন্সী আমীরের ধান্য ভূমি।

[illegible]। এবং জিলা চব্বিশ পরগনার [illegible]পুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক [illegible] বন্দ ধান্য ভূমি অনুমান ৭/ সাত [illegible] তাহা কিছু কমী হউক বা বেশী [illegible] তাহাতে ও তাহার মধ্যে ও তা[illegible] উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানী[illegible] ঘোষের যে স্বত্ব ও অধিকার ও [illegible] আছে তাহা উপরে লিখিত কাল [illegible]ন ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

[illegible] দফা। এবং জিলা চব্বিশ পরগনার [illegible]গরের শামিল ও তন্মধ্যস্থিত যে [illegible] ও বন্দ ভূমি অনুমান ৪ চারি [illegible] তাহা কিছু কমী হউক বা বেশী [illegible] তাহাতে ও তাহার মধ্যে তাহার [illegible] পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ [illegible] যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আ[illegible] উপরে লিখিত কাল ও স্থান ও [illegible]সারে বিক্রীত হইবেক

[illegible] দফা। এবং জিলা চব্বিশ পরগনার [illegible] শামিল ও তন্মধ্যস্থিত যে এক [illegible] বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা [illegible] কিছু কমী হউক বা বেশী হউক [illegible]তে ও তাহার মধ্যে ও তাহার উপর [illegible] আসামী মৃত ভবানীপ্রসাদ ঘো[illegible] স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে [illegible] উপরে লিখিত কাল ও স্থান ও নি[illegible]সারে বিক্রীত হইবেক। তাহা এই[illegible] চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও [illegible] রাধানাথ সরকারের বাগাৎ [illegible] উত্তর দিগে কমলী জেলেনীর বা[illegible] ও ভূমি। পশ্চিম দিগে বারাকপুরের [illegible]

[illegible] দফা। এবং কলিকাতা ময়না ডা[illegible] শামিল ও তন্মধ্যস্থিত যে এক এক [illegible] ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী এবং [illegible] সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অ[illegible] ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক [illegible] হউক তাহাতে ও তহার মধ্যে ও [illegible] উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভ[illegible] ঘোষের যে স্বত্ব ও অধিকার [illegible] আছে তাহা উপরে লিখিত কা[illegible] স্থান ও নিয়মানুরে বিক্রীত হইবেক [illegible] এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ [illegible] দিগে বলরাম ঘোষের রাস্তা। পূর্ব্ব [illegible] ক্রীর বাটী ও ভূমি। পশ্চিম দিগে শিবপ্রসাদ ঘোষের পুষ্করিণী। উত্তর দিগে শিবচন্দ্র চৌধুরীর বাটী ও ভূমি।

১১ দফা। এবং কলিকাতা নগরের শ্যামবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টকনির্ম্মিত গাড়ির ঘর ও আস্তবল এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ ও পশ্চিম দিগে উদয়নারায়ণ বসাকের ভূমি। পূর্ব্ব দিগে বুক্কেন্দ্র সেনের বাটী ও ভূমি। উত্তর দিগে বলরাম ঘোষের রাস্তা।

১২ দফা। এবং কলিকাতা নগরের শ্যামবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে তারাচাঁদ ন্যায়বাগীশের টোল পূর্ব্ব দিগে ৺ রাজা গোপীমোহন দেবের ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা। উত্তর দিগে নপরা কামারের বাটী ও ভূমি।

১৩ দফা। এবং কলিকাতা নগরের উএলিংটন রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও দক্ষিণ দিগে বসাক দিগের ভূমি। উত্তর দিগে গোবর্দ্ধন কলুর ভূমি। পূর্ব্ব দিগে উএলিংটন স্ট্রিট।

১৪ দফা। এবং পুরাণা বৈঠকখানার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে পুরাণা বৈঠকখানার রাস্তা। পশ্চিম দিগে লাল সাহেবের ভূমি দক্ষিণ দিগে রূপলাল মল্লিক প্রভৃতির ভূমি। উত্তর দিগে গোপালচন্দ্রের ভূমি।

১৫ দফা। এবং পুরাণা বৈঠকখানার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিম দিগে রাজীব জমাদারের ভূমি। দক্ষিণ দিগে মদন রক্ষিতের ভূমি। পূর্ব্ব দিগে জাকসন সাহেবের ভূমি।

১৬ দফা। এবং পূর্ব্বোক্ত কলিকাতার পুরাণা বৈঠকখানার রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /০ পাঁচ ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিকে কোম্পানির রাস্তা। পূর্ব্ব দিগে রমজান হাড়ির ভূমি। পশ্চিম দিগে সরকারী গলি উত্তর দিগে এমামহুসেনের দরগা।

১৭ দফা। এবং জিলা চব্বিশ পরগনার টালার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান /১।০ এক বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে ভারতী ভট্টাচার্য্যের বাটী ও ভূমি। উত্তর দিগে যুধিষ্ঠির শূরের ঠাকুর বাটী। পশ্চিম দিগে লক্ষ্মীনারায়ণ ঘোষের ভূমি। পূর্ব্ব দিগে বারাকপুরের রাস্তা।

১৮ দফা। এবং জিলা চব্বিশ পরগনার টালার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১৸০ এক কাঠা বার ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে দ্বারকানাথ মিত্রের বৈঠকখানা। উত্তর দিগে ভুবন বসাকের ভূমি। দক্ষিণ দিগে সরকারী গলি। পূর্ব্ব দিগে বারাকপুরের রাস্তা।

১৯ দফা। এবং সুবে বাঙ্গালায় ঢাকা জিলায় জলালপুর পরগনার ইসলাম পুর বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫ পাঁচ বিঘা তাহা কীছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে মহম্মদ আলী দারোগার বাটী ও ভূমি। দক্ষিণ দিগে সরকারী রাস্তা। পূর্ব্ব দিগের একাংশে কৃষ্ণচন্দ্র বণিকের বাটী ভূমি। অপরাংশে মন্নু খানসামার বাটী ও ভূমি। পশ্চিম দিগে গলি।

২০ দফা। এবং জিলা ঢাকার বাঙ্গলা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে বুড়ি গঙ্গা। উত্তর দিগে বলরাম পোদ্দার প্রভৃতির বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে সরকারী রাস্তা। পশ্চিম দিগে জীবনকৃষ্ণ বাবুর বাটী ও ভূমি।

২১ দফা। এবং জিলা বাকরগঞ্জের পরগনে বুজর গোমেদপুরের শামিল ও তন্মধ্যস্থিত বুড়া মজুমদার নামে বিখ্যাত যে তালুক তাহাতে নীচে লিখিতবং এক মৌজা অথবা কিসমৎ আছে বিশেষতঃ জোয়ার বুড়া মজুমদার ও জোয়ারকানা ও জোয়ার রামনগর ও কিসমৎ নয়ামতি ও জোয়ার করুণা ও জোয়ার কালাবি ও জোয়ার বুটিকন্যা ও জোয়ার চনিয়া বনিয়া ও কিসমৎ কালিকাপুর ও কিসমৎ আদুয়া ও কিসমৎ দবলাখালি ও কিসমৎ আমড়াগাছিয়া ও জোয়ার বলাই কাটি ও কিসমৎ আনায়াপুর ও জোয়ার আতরাগাছিয়া ও কিসমত মনারন ও কিসমৎ জিরমনা ও কিসমৎ বদরপুর ও কিসমৎ গবুয়া ও কিসমৎ পয়তান ও কিসমৎ অভয় নালা ও কিসমৎ চৌর্দ্ধবাড়িয়া ও হাওয়া লাস অথবা আলয়পুর ও আতরাগাছা ও আমুয়া ও কলিপুর ও ঝাম্বেলা ও সসিমণি ও নিমচ ও অন্যান্য মৌজা কিসমত প্রভৃতি পূর্ব্বোক্ত ভবানীপ্রসাদ ঘোষ জীবদ্দশায় খরীদ করিয়াছিলেন এবং তাঁহার মৃত্যুরপর তাঁহার পুত্র হরিপ্রসাদ ঘোস পিতার বিষয় হইতে ঐ মৃত ব্যক্তির নামেই হউক কিম্বা অন্য ব্যক্তি বা ব্যক্তিদিগের নামে খরীদ করিয়াছিলেন। তাহাতে ও তাহার মধ্যে ও তাহার পূর্ব্বে পূর্ব্বোক্ত আসামী মৃত ভবানীপ্রসাদ ঘোষের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৯ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রামকৃষ্ণ কলুর বিরুদ্ধে বেন্দিসিয়নৈ এক্সপোনাস নামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ কলিকাতা নগরের বড়বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ৩৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কলুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে রামকৃষ্ণ কলুর অপর এক বাটী। পূর্ব্ব দিগে এক গলি। দক্ষিণ দিগে শিবচন্দ্র কলুর বাটী ও ভূমি। উত্তর দিগে গোপাল পালের বাটী ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরের বড় বাজারের ময়রা পটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ১২৫ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪।।০ চারি বিঘা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কলুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ময়রা পটির রাস্তা। পশ্চিম দিগে রাধিকামোহন বসাকের বাটী ও

ভূমি। উত্তর দিগে রাজকৃষ্ণ সেটের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গলি।

৩ দফা। কলিকাতা নগরের পুরাণা চানা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে কএকটা একতালা ইষ্টকনির্ম্মিত শ্রেণীবদ্ধ গুদাম নং ৭২। ৭৩। ৭৪। ৭৫। ৭৬ ৭৭। ৭৮ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৩ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কল্যের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে চীনা বাজারের রাস্তা। দক্ষিণ দিগে গোবর্দ্ধন দত্তের গুদাম। উত্তর দিগে পূর্ব্বোক্ত গোবর্দ্ধন দত্তের গুদাম। পূর্ব্ব দিগে ফিনল সাহেবের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরের তুলা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৷।০ দশ কাটা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপরে পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কল্যের যে স্বত্ব ও অধিকার ও সম্মর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে মতিচাঁদ বাবুর বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে কৃষ্ণপ্রসাদ সেটের বাটী ও ভূমি। উত্তর দিগে তুলাবাজারের গলি। দক্ষিণ দিগে পূর্ব্বোক্ত রামকৃষ্ণ কল্যের বাটী ও ভূমি।

৫ দফা। এবং কলিকাতা নগরের বহু বাজারের কপালি টোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং১৭ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কম হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কল্যের যে স্বত্ব ও অধিকার ও সম্মর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে এথান্স সাহেবের বাটী ও ভূমি। পশ্চিম দিগে কাশী সরদারের বাটী ও ভূমি। পূর্ব্বদিগে মধুসূদন শার বাটী ও ভূমি। উত্তর দিগে মদন দাসের বাটী ও ভূমি।

৬ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক পুরণা একতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসত বাটী নং ৭ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কল্যের যে স্বত্ব ও অধিকার ও সম্মর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে এক গলি। উত্তর দিগে কাশী সরদারের ভূমি। পশ্চিম দিগে মতিলাল মল্লিকের বাটী ও ভূমি। পূর্ব্বদিগে এক গলি।

৭ দফা। এবং চব্বিশ পরগনার তিলজলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে এক পুষ্করিণী ও নানা জাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ৮/ আট বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কল্যের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গোলাম মুনশীর ভূমি। পশ্চিম দিগে সদাসুখ রায়ের বাগাৎ ভূমি। দক্ষিণ দিগে নূতন খাল। উত্তর দিগে পূর্ব্বোক্ত গোলাম মুনশীর ভূমি।

৮ দফ। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ৪/ চারি বিঘা তাহাতে নানা জাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রামকৃষ্ণ কল্যের যে স্বত্ব ও অধিকার ও সংপর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নূতন খাল পশ্চিম দিগে তুফান আলির ভূমি। দক্ষিণ দিগে বিবি পাউরণ জায়ার ভূমি। উত্তর দিগে মুনশী হামেদের ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

ছন্দোমঞ্জরী ও বৃত্তরত্নাবলি।

এই উভয় সংস্কৃত গ্রন্থ উত্তম কাগজে ও উত্তম বাঙ্গালা অক্ষরে শ্রীরামপুরের মুদ্রা যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া সমুদায়ে ৩১ পৃষ্ঠা একখণ্ডে বদ্ধ হইয়াছে। এই পুস্তক পাঠ করিলে তাবৎ ছন্দের লক্ষণ জ্ঞান হইয়া অনায়াসে কবিতার ছন্দো বোধ এবং অনুশীলনে কবিতাশক্তিও হইতে পারে মূল্য ।০ মাত্র। গ্রাহকেচ্ছুক মহাশয়রা কলিকাতাস্থ সংস্কৃত কালেজের অধ্যাপক শ্রীযুত জয়গোপাল তর্কালঙ্কার ভট্টাচার্য্যের পটোলডাঙ্গার বাসাবাটীতে অথবা শ্রীরামপুরের ছাপাখানায় লোক প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়কগবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রেসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩ মার্চ ১৮৩৮।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডেপুটি গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেকটর হইয়াছেন কিন্তু অন্য হুকুম না হওন পর্য্যন্ত নওয়াখালির একটিং জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটি কালেক্টরী কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি মার্টিন সাহেব ১৮৩৩ সালের ৯ আইন অনুসারে জিলা মেদিনীপুরের ডেপুটি কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্ম স্থান হইতে ছুটি পাইয়াছেন।

মেদিনীপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত এ ডিক সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত টি সি ট্রাটর সাহেব শ্রীযুত ডিক সাহেবের অনুপস্থানে এ পদের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শাহাবাদের সিবিল ও সেসন জজ শ্রীযুত ডবলিউ ডেণ্ট সাহেব গত জানুআরি মাসের ১৬ তারিখে স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্ত যে ছুটি পান তদতিরিক্ত ৪ দিবসের ছুটি পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেসন জজ শ্রীযুত এফ গুলসবরি সাহেব গত মাসের ১৬ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত ৬ দিবসের ছুটি পাইয়াছেন।

জিলা মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত এচ আথর্টন সাহেব বর্ত্তমান মাসের ১৪ তারিখ অবধি এক মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত এ গ্রোট সাহেব শ্রীযুত আথর্টন সাহেবের অনুপস্থানে অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত ঐ সকল কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুরশিদাবাদের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ খুরসিদ আগামি মহরমের বন্ধ পর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

পূরণিয়ার সদর আমীন শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার আগামি মহরমের বন্দাতিরিক্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

১৬ মার্চ।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ এ লসিংটন সাহেব যে ছুটি পাইয়াছিলেন তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২৪ তারিখে যে বাষ্পীয় জাহাজ কলিকাতা হইতে প্রস্থান করিবেক ঐ জাহাজের দ্বারা স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনার্থ ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

ছোট আদালতের প্রধান কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ বৃসকি সাহেব ডাক্তরের সার্টিফিকটক্রমে গত আগষ্ট মাসের ১২ তারিখে যে আট মাসের ছুটি পাইয়াছিলেন তাহার অসম্পূর্ণকাল তাঁহার প্রার্থনা মতে আগামি মাসের ১ তারিখে স্বীয় কর্ম্ম পুনগ্রহণ করিবেন এই অভিপ্রায়ে রহিত হইল।

৬ মার্চ।

গত জানুআরি মাসের ৩১ তারিখে প্রকাশিত ইশতেহারে শ্রীযুত সি আলেন সাহেবের উত্তর পশ্চিমাঞ্চল হইতে বোম্বাই যাত্রকরণের তারিখ ৪ জানুআরি না হইয়া ১৪ হইবেক।

২৮ ফেব্রুআরি।

শ্রীযুত জি পি তামসন সাহেব গোরক্ষপুরের জজ হইয়াছেন। ঐ সাহেব ১৮৩৫ সালের ৩ আইনের বিধানুসারে স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর মণ্টগমরি সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি বারাণসীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন। ঐ সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত আলাহাবাদের একটিং মাজিষ্ট্রেটী ও কালেকটরী কর্ম্ম করিতে থাকিবেন।

বারাণসীর কমিস্যনর শ্রীযুত এফ করি সাহেব গত নবেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত ১০ দিবসের ছুটি পাইয়াছেন।

বর্ত্তমান মাসের ৬ তারিখে আলাহাবাদের কমিস্যনর সাহেবের আসিষ্টান্টী কর্ম্মে নি

CIVIL APPOINTM[illegible]

13th March, 1838.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. C. T. Davidson to be Magistrate and Collector of Purneah, but will continue to officiate as Joint Magistrate and Deputy Collector of Noacolly till further orders.

Mr. C. Martin to be Deputy Collector under Regulation IX. of 18[illegible] in Zillah Midnapore.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. A. Dick, Civil and Session Judge of Midnapore, for one month, on private affairs. Mr. T. C. Trotter will conduct the current duties of that office during Mr. Dick's absence.

Mr. W. Dent, Civil and Session Judge of Shahabad, for four days, in extension of the leave granted to him on the 16th January last, to enable him to rejoin his station.

Mr. F. Gouldsbury, Civil and Session Judge of West Burdwan, for six days, in addition to the leave granted to him on 16th ultimo.

Mr. H. Atherton, exercising the powers of a Joint Magistrate and Deputy Collector in Zillah Midnapore, for one month, on medical certificate, from the 14th instant. Mr. A. Grote will exercise those powers in Mr. Atherton's absence, or until further orders.

Moulavee Mohomed Khurshed, Sudder Ameen in Moorshedabad, during the ensuing Mohurrem Vacation.

Baboo Lukheenarain Nyalunkar, S. Ameen in Purneah, for ten days beyond period of the ensuing Mohurrum Vacat[illegible]

16th March.

Mr. F. A. Lushington, Assistant to the Magistrate and Collector of Rajeshal[illegible] extension of leave of absence, to enabl[illegible] to join his Station by the next Ste[illegible] which will leave Calcutta on or abo[illegible] 24th instant.

The unexpired portion of the lea[illegible] sence granted to Mr. C. W. Brietzcke, Commissioner of the Court of Reque[illegible] the 12th August last, on medical certi[illegible] for eight months, is cancelled at [illegible] from the 1st proximo, the [illegible] purposes to resume charge [illegible]

6th Mar[illegible]

In the Notification, un[illegible] the [illegible] January last, of the date on [illegible] Allen quitted the limits of [illegible] ern Provinces, in progress [illegible] the *4th* January, 1838, rea[illegible] *uary*, 1838.

28th Februa[illegible]

Mr. G. P. Thompson to [illegible] of [illegible]ruckpore. Mr. Thomson [illegible] exercise his functions as a Spe[illegible] sioner under Act III. of 1[illegible]

Mr. R. Montgomery [illegible] trate and Deputy Collector [illegible] the 1st instant. Mr. Mor[illegible] will [illegible]tinue to officiate, till furth[illegible] gistrate and Collector of [illegible]abad.

Mr. F. Currie, Commiss[illegible] of the [illegible]res Division, has obtained [illegible] for ten days, in extension of [illegible] ed to him under date the 2[illegible]

Mr. G. D. Raikes appo[illegible] under the Commissione[illegible]

শ্রীযুত টি জে রেঞ্জ সাহেব গত জানুআরি মাসের ৩১ তারিখঅবধি কলিকাতা রাজধানীতে থাকনের অনুমতি পাইয়াছেন।

উত্তর পশ্চিমাঞ্চলের আকৌণ্টাণ্ট শ্রীযুত এফ ও উএলস সাহেব গত মাসের ৩১ তারিখে অবধি ১৫ দিবসের ছুটি পান তাহা তাঁহার প্রার্থনা মতে রহিত হইল।

১ মার্চ।

মিরটের জজ শ্রীযুত আর সি গ্লিন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ডেরার উত্তর পর্ব্বতে গমনার্থ আগামি ১ আপ্রেল তারিখ অবধি ছয় মাসের ছুটি পাইয়াছেন। শ্রীযুত গ্লিন সাহেব ঐ তারিখপর্য্যন্ত স্বীয় কর্ম্ম করিতে থাকিবেন অতএব শ্রীযুত টিরনি সাহেবের ২২ তারিখে মিরটের একটিং রূপে জজের যে কর্ম্ম নির্ব্বাহ করিতে হুকুম হইয়াছিল তাহা রহিত হইল।

১৪ মার্চ।

ঠগধৃত করণার্থ জেনরল সুপরিণ্টেণ্ডেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত এন লুইশ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্র পথে গমনার্থ কলিকাতা রাজধানীতে আসিয়া দরখাস্ত করিতে বর্ত্তমান মাসের ২০ তারিখ অবধি ছুটি পাইয়াছেন।

ঠগধৃত করণীয় জেনরল সুপরিণ্টেণ্ডেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনন্ট সি এচ টামস সাহেব ফেব্রুআরি মাসের ১৮ তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণ করাতে আগামি ১ আপ্রেল পর্য্যন্ত তাঁহার ছুটির সম্পূরণকাল রহিত হইল।

আবার রেসিডেণ্ট শ্রীযুত লেপ্টেনন্ট কর্ণেল বর্ণি সাহেব কর্ণওয়াল নামক জাহাজারোহণে বঙ্গ রাজধানী হইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

উত্তর পশ্চিমাঞ্চলের শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ট গবরনর সাহেবের অধীনে কোয়েল প্রদেশের সিবিল সম্পর্কীয় কর্ম্মকারক শ্রীযুত টামস পারি উডকক সাহেব ও বোম্বাইর সুয়েজ রাস্তা দিয়া কোম্পানি বাহাদুরের আটালাণ্টা জাহাজারোহণে বর্ত্তমান মাসের ১১ তারিখে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন।

১৮ ফেব্রুআরি।

সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ বি টি সাহেব আলাহাবাদের পোষ্ট মাষ্টর হইয়াছেন।

সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ গার্ডন সাহেব মীর্জাপুরের পোষ্ট মাষ্টর হইয়াছেন।

সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি পাটন সাহেব আলি গড়ের পোষ্ট মাষ্টর হইয়াছেন।

সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে গস সাহেব ফতেগড়ের পোষ্ট মাষ্টর হইয়াছেন।

সিবিল সম্পর্কীয় আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জাকসন সাহেব গাজিপুরের পোষ্ট মাষ্টর হইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে বি ডিকসন সাহেব সাগরের পোষ্ট মাষ্টর হইয়াছেন।

ব্রিগেডিয়র মেজর কাপ্তান শ্রীযুত এচ হে সাহেব বরেলির পোষ্ট মাষ্টর হইয়াছেন।

১ রেজিমেণ্ট লোকল হর্স সৈন্যের লেপ্টেনণ্ট শ্রীযুত জে স্কিনর সাহেব হানসির পোষ্ট মাষ্টর হইয়াছেন।

নীচে লিখিতব্য মহাশয়েরা বর্ত্তমান বৎসরের অর্থাৎ ১৮৩৮ সালের ১ জানুআরি অবধি ৩১ দিসেম্বর তারিখপর্য্যন্তের দর্পণের মূল্য ৮ টাকা দিয়াছেন।

আর ডবলিউ আলেন সাহেব।
সৈয়দ গোলাম হৈদর
বাবু খুদিরাম চক্রবর্ত্তি।
বাবু চণ্ডীচরণ ঘোস।
বাবু শামচাঁদ মণ্ডল।

বাবু খুদিরাম চক্রবর্ত্তি। ১৮৩৭ সাল ডিসেম্বর পর্য্যন্ত ২৪ টাকা

ভ্রম শোধন। এই মাসের ৩ তারিখের দর্পণে প্রকাশ করা গিয়াছিল যে শ্রীযুত বাবু রামকুমার দাস আগামি ৮ টাকা প্রেরণ করিয়াছেন কিন্তু ঐ নাম রামকুমার না হইয়া রাজকুমার হইবেক।

Division, under date the 6th instant, has been permitted to remain at the Presidency for one month, from 31st January last.

The leave of absence for fifteen days granted to Mr. F. O. Wells, Accountant N. W. Provinces, on the 31st ultimo, is cancelled at the request of that officer.

1st March.

Mr. R. C. Glyn, Judge of Meerut, has obtained leave of absence for six months from the 1st April next, on medical certificate, for the purpose of visiting the Hills North of Deyrah. Mr. Glyn will retain charge of his office till that date, and consequently the appointment of Mr. Tierney, under orders of 22d ultimo, to officiate as Judge of Meerut, is cancelled.

14th March.

Captain N. Lowis, an Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, has obtained leave of absence from the 20th instant, to visit the Presidency, with a view to applying for leave to proceed to Sea, on medical certificate.

Lieutenant C. H. Thomas, an Assistant to the General Superintendent of the Operations for the Supression of Thuggee, having returned to his duties on the 18th February, his leave of absence from that date to the 1st of April next, has been cancelled.

Lieutenant Colonel Burney, Resident at Ava, reported his departure from Bengal on board the Barque "Cornwall," which vessel was left at Sea by the Pilot on the 8th instant.

Mr. Thomas Parry Woodcock, of the Civil Service, employed at Koel, under the Lieutenant Governor, North Western Provinces, proceeding on Furlough to England via Bombay and Suez, embarked from Bombay on board the Honourable Company's Steamer "*Atalanta*," on the 11th inst.

28th February.

Mr. Civil Assistant Surgeon A. Beattie to be Post Master at Allahabad.

Mr. Civil Assistant Surgeon W. Gordon, M. D., to be Post Master at Mirzapore.

Mr. Civil Assistant Surgeon G. Paton, M. D., to be Post Master at Allygur.

Mr. Civil Assistant Surgeon J. Goss to be Post Master at Futtehgurh.

Mr. Civil Assistant Surgeon J. Jackson to be Post Master at Ghazeepore.

Mr. Civil Assistant Surgeon J. B. Dickson, in charge of Civil Medical Duties, to officiate as Post Master at Saugor.

Brigade Major Captain H. Hay to be Post Master at Bareilly.

Lieut. and Adjutant J. Skinner, 1st Local Horse, to be Post Master at Hansi.

The Editor begs to acknowledge the following Subscriptions for the *Durpun, for the current year,* from January 1st, to December 31st, 1838, EIGHT Rupees each.

R. W. Allan, Esq.
Syed Golam Hyder.
Baboo Khoodeeram Chuckerbutty.
„ Chundichurn Ghose.
„ Samchand Mundel.

Baboo Khoodeeram Chuckerbutty, to Dec. 1837, 24 Rs.

ERRATA.

In our paper of the 3rd instant, we acknowledged to have received 8 Rs. from *Ramcoomar Dass*, this is an error; the amount was received from Baboo *Rajcoomar Dass*.

সমাচার দর্পণ

শনিবার ২৪ মার্চ ১৮৩৮ সাল।

পূর্ব্বোক্ত প্রস্তাবানুসারে জমিদারেরদের এক সভা স্থাপনার্থ গত সোমবারে অপরাহ্ন চারি ঘণ্টাসময়ে শিষ্টবিশিষ্ট মান্য জমিদারেরদের এক বৈঠক হয়। ঐ সভাতে উপস্থিত মান্যবরেরা বিশেষতঃ শ্রীযুত বাবু কানাইলাল ঠাকুর শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মুখোপাধ্যায় শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর শ্রীযুত বাবু উমানন্দন ঠাকুর শ্রীযুত বাবু উদয়চাঁদ বসাক শ্রীযুত বাবু কাশীপ্রসাদ ঘোষ শ্রীযুত বাবু প্রমথনাথ দেব শ্রীযুত বাবু রঘুরাম গোস্বামী শ্রীযুত রাজা রাজনারায়ণ বাহাদুর শ্রীযুত বাবু অভয়াচরণ বন্দ্যোপাধ্যায় শ্রীযুত বাবু মথুরানাথ মল্লিক শ্রীযুত রাজা বরদাকণ্ঠ রায় শ্রীযুত রাজা রাধাকান্ত বাহাদুর শ্রীযুত বাবু শ্যামলাল ঠাকুর শ্রীযুত বাবু প্রেমচাঁদ চৌধুরী শ্রীযুত বাবু রাজকৃষ্ণ রায় চৌধুরী শ্রীযুত বাবু সত্যচরণ ঘোষাল ও তদ্ভ্রাতৃবর্গ শ্রীযুত বাবু রামকমল সেন শ্রীযুত মুনশী আমীর শ্রীযুত বাবু ভগবতীচরণ মিত্র শ্রীযুত বাবু রামরত্ন রায় শ্রীযুত বাবু গোপাললাল ঠাকুর শ্রীযুত বাবু কালীনাথ রায় চৌধুরী।

তদ্ব্যতিরেকে শ্রীযুত ডিকিন্স সাহেব শ্রীযুত প্রিন্সেপ সাহেব শ্রীযুত ডেবিড হেয়র এবং অন্যান্য কতিপয় মহাশয় উপস্থিত ছিলেন।

পরে শ্রীযুত রাজা রাধাকান্ত বাহাদুর সভাধিপত্যে নিযুক্ত হইয়া কহিলেন যে এই সভাধিপত্য সম্ভ্রম নবদ্বীপাধিপতি মহারাজকে দেওয়া উচিত হয় যেহেতুক তিনি বঙ্গদেশের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রাচীন জমিদার বংশ্য ঐ রাজার এই সভাতে সমাগমের অপেক্ষা ছিল কিন্তু এইক্ষণে তাঁহার অনুপস্থিতি প্রযুক্ত পরে লক্ষণীয় যশোহরের রাজা শ্রীযুত বরদাকণ্ঠ রায় যেহেতুক তিনি তৎপর কালীন প্রাচীন জমিদার বংশ্য পরন্তু সভাস্থ মহাশয়েরা আমাকে এই সম্ভ্রম প্রদান করিলেন অতএব আমি অত্যাহ্লাদ পূর্ব্বক তাহা গ্রহণ করি। পরে রাজা কহিলেন যে ইঙ্গলণ্ডীয়েরদের রাজ শাসনের অধীনে প্রথমতঃ লোক সকল বিলক্ষণ সুখে কালযাপন করিতেন কিন্তু এইক্ষণে ভূমি বাজেয়াপ্ত করণ বিষয়ে অত্যন্ত ভয় জন্মিয়াছে এবং ভূম্যধিকারিরাও উদ্বিগ্ন আছেন। পক্ষান্তরে গর্ণমেণ্ট প্রজারদের হিতার্থ কি কার্য্য করিয়াছেন কএক বৎসর হইল যখন দেশের কোনং অংশ বন্যাপ্রযুক্ত উপক্রত হইল তাহাতে গবর্ণমেণ্ট কিঞ্চিৎ কালের নিমিত্ত আপনারদের দাওয়া স্থগিত রাখিয়াছিলেন কিন্তু পরে সুদ সমেত উসুল করিলেন তাহাতে অনেক জমিদারী ভ্রষ্ট হইল ও প্রজারদের অত্যন্ত ক্লেশ ঘটিল। প্রজারদের যে সকল অনিষ্ট বিষয়ে অভিযোগ হয় তন্মধ্যে প্রধান অনিষ্টকর নিষ্কর

SUMACHAR DURPUN.

SATURDAY, MARCH 24TH. 1838.

Meeting of Landholders.

In pursuance of a requisition, upwards of two hundred of the most respectable Zemindars assembled at the Town Hall, on Monday last, at 4 P. M. in order to form a Landholder's Society. Among those present were the following distinguished individuals:—

Baboos Counyloll Tagore; Prusonnocoomar Tagore; Ramanauth Tagore; Luckynarian Mookerjee; Rajah Kalikissen; Woomanundun Tagore; Oodeychund Bysak; Cassipersaud Ghose; Promothonauth Day; Rogoram Gossain; Rajah Rajhnarain Roy; Obeychurn Bonerjee; Moorthanauth Mullik; Rajah Burrodacaunt Roy; Rajah Radacant Deb; Shamloll Tagore; Premchand Chowdry, Rajkrishna Roy Chowdry; Suttichurn Ghosal, and brothers; Ramcomul Sein; Moonsheo Ameer; Baggabitichurn Mitter; Ramrutten Roy; Gopaul Loll Tagore; and Collynauth Roy.

There were likewise present Mr. T. Dickens, Mr. G. Prinsep, Mr. David Hare, and several other gentlemen. With the exception of Mr. Dickens's speech all all the proceedings were in Bengalee.

Rajah Radhacaunth Bahadoor being called to the chair, stated that the honor which had been conferred on him was due in the first instance to the Rajah of Nuddeah, whose family was the most ancient among the Zemindars of Bengal; but this Rajah although he had been expected, was not present at the meeting. In his absence he thought the chair was due to Rajah Borradacaunth Roy, whose family stood next in point of antiquity. But as the meeting had done him the honor of calling him to the chair, he would thank fully accept it. Under the British rule, he observed, the people had continued to live happily, until certain regulations connected with the resumption operations had been promulgated, which made all very anxious, and a gloom had been cast on the landholders. On the other hand, what good had the Government done for the people? When some years ago, inundation laid waste the southern parts of the country, the Government suspended its demand for some time, but afterwards recovered it with interest, which measure ruined many estates and gave considerable

ভূমি বাজেয়াপ্ত করণ। অতএব সময় মতে আমারদের এক সমাজ স্থাপন করা উচিত হয় এইরূপ সমাজের দ্বারা উপকার কেবল কলিকাতার মধ্যে হইবে এমত নহে কিন্তু তাবৎ দেশেরই হইবেক যেহেতুক দেশের নানা জিলার সঙ্গে এই সমাজের লিখন পঠন চলিতে পারিবে। গবর্ণমেণ্টের নিকটে প্রায় নিয়তই দরখাস্ত করিতে হইয়াছে এবং যদ্যপি কোন ব্যক্তি ভ্রমপ্রযুক্ত ঐ দরখাস্তে কোন বৈলক্ষণ্য করিয়া থাকে তবে এই সমাজের দ্বারা তাহা সংশোধন হইতে পারে এবং এই সমাজের দ্বারা যাহার যে অনিষ্ট বিষয় অনায়াসে গবর্ণমেণ্টের নিকটে জ্ঞাপন করা যাইতে পারে। এমত উক্ত আছে যে এক গাছি তৃণ অঙ্গুলির দ্বারা অনায়াসে ছিন্ন হইতে পারে কিন্তু অনেক তৃণ একত্র করিলে তদ্দ্বারা মত্ত হস্তি বন্ধন করিতে পারা যায় অতএব প্রজা লোকের ঐক্য বাক্য হওয়া অতি উচিত এবং গবর্ণমেণ্টের কর্ম্মকারকেরদের উপর চৌকি দেওনের নিমিত্ত এবং গবর্ণমেণ্টের নিকটে আমারদের দরখাস্ত জ্ঞাত করণের নিমিত্ত এমত এক সমাজ স্থাপন করা উপযুক্ত বোধ হয়।

তৎপরে শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর প্রস্তাব করেন এবং তাহাতে শ্রীযুত রাজা রাজনারায়ণ রায় বাহাদুর প্রতিপোষকতা করেন তাহা এই যে ভূম্যধিকারি সভা নাম্নী এক সভা হইয়া তাহার নিয়ম সকল নির্দ্ধার্য্য করা যাউক তাহাতে সকলই সম্মত হইলেন।

পরে শ্রীযুত সভাপতির অভিপ্রায়ানুসারে শ্রীযুত ডিকিন্স সাহেব সভার নির্ব্বন্ধ ইঙ্গরেজী ভাষায় পাঠ করিলেন তৎপরে শ্রীযুত সভাপতি ঐ নির্ব্বন্ধ পত্র বঙ্গভাষাতে পাঠ করিলেন।

তৎপরে শ্রীযুত রাজা রাজনারায়ণ রায় বাহাদুর দ্বিতীয় প্রস্তাব করেন তাহাতে শ্রীযুত বাবু রামকমল সেন যে প্রতিপোষকতা করেন তাহা এই এইক্ষণে যে সকল নির্ব্বন্ধ পাঠ করা গেল তাহা এই সভার নিয়মস্বরূপ নির্দ্দিষ্ট হউক।

অনন্তর শ্রীযুত ডিকিন্স সাহেব সভাতে যে বক্তৃতা করিলেন তদ্বিষয়ে আমরা এইক্ষণে এইমাত্র কহিতে পারি যে ঐ সাহেবের বক্তৃতার মধ্যে সৌভাগ্যক্রমে আমরা যাহা শুনিয়াছি তন্মধ্যে সর্ব্বাপেক্ষা এই বক্তৃতা উত্তম। তিনি উপস্থিত এতদ্দেশীয় মহাশয়দিগকে অতি ধৈর্য্য গাম্ভীর্য্যরূপে কহিলেন যে এক্রূপে আপনকারদিগের সমাজে একত্র হওয়াতে মহোপকার হইবেক এবং তৎপরে এইরূপ ঐক্য বাক্য হওনেতে যে পরাক্রম জন্মিবে সেই পরাক্রমানুসারে বিবেচনা সিদ্ধ কার্য্য করিতে পরামর্শ দিলেন। ঐ শ্রীযুক্ত বিজ্ঞবর সাহেবের সদ্বক্তৃতা শ্রবণ করিয়া আমারদের এমত লালসা হইল যে শ্রোতারদের অন্তঃকরণের মধ্যেও শ্রীযুত সাহেবের তুল্য উৎসাহ জন্মে। তাঁহার বক্তৃতা স্মরণীয় বটে আমরা তাঁহার বক্তৃতার স্থূলাংশ স্মরণ পূর্ব্বক যথাসাধ্য আহরণ করিয়া কল্য মুদ্রাঙ্কিত করিব।

অপর শ্রীযুত বাবু রামকমল সেন কহিলেন যে উক্ত সাহেবের বক্তৃতা যাঁহারা বুঝিয়াছেন তাহাতে অবশ্য তাঁহারদের সন্তোষ ও জ্ঞান জন্মিয়াছে কিন্তু এই বৈঠকের তাবৎ ব্যাপার বঙ্গ ভাষাতে প্রকাশ করিতে আমারদের কল্প আছে এই প্রযুক্ত বিবরণ কথনের তাদৃশ আবশ্যকতা নাই। তৎপরে শ্রীযুত দেওয়ান এই প্রস্তাব করিলেন যে কর্ম্ম নির্ব্বাহার্থ নীচে

trouble to the people. The resumption of rent-freelands was however the greatest grievance they had to complain of, and circumstances pointed out the expediency of forming a society the benefit of which would be felt not only in Calcutta, but all over the country, by forming communications with the different districts and this society. Representations were always necessary to be made to Government; in these proceedings if any one adopted an erroneous course, the society afforded a ready means of correction, and through it grievances could be easily brought to the notice of the proper authorities. It was a common saying among the people that straw could be easily broken by the finger when in separate blades; but if several blades be united together and formed into a rope, it was capable of confining even a wild elephant and reducing it into subjection. Union among the people was therefore highly necessary, and the establishment of such a society was much called for in order to keep a watch over the measures of Government and its functionaries, and for the purpose of making representations to it.

1st Resolution moved by Rajah Kalikissen Bahadoor, and seconded by Rajah Rajhnarain,—'That a society to be called the Landholders' Society be formed and arranged.' Carried unanimously.

Mr. Dickens, in compliance with the wish of the chairman, read the rules in English to the meeting, after which they were read by the chairman in Bengalee.

2nd Resolution moved by Rajah Rajnarain Roy, seconded by Baboo Ramcomul Sen,—'That the rules now read be adopted as the rules of this society.'

Mr. Dickens addressed the meeting in a speech, of which says the Englishman we shall at present only permit ourselves to say, that it was one of the best—if not the very best—it has been our fortune to hear him deliver. He calmly and temperately exhibited to the Native gentlemen present, the advantages which might accrue to them from the association, and exhorted them to a discreet use of the power which their union would place in their hands. We confess that we did not hear the learned gentleman, without a passing wish that the spirit by which he was animated, might infuse itself into the bosoms of his hearers. His speech ought not to be lost. We shall make an endeavour to recall its most striking passages, and record them to-morrow.

Baboo Racomul Sen then observed that those who had understood the last speaker had no doubt been much informed and benefitted; but as it was intended to publish the whole of the proceedings of this meeting in Beugally, it was needless for him now to enter in to the subject. He then moved, seconded

লিখিতব্য মহাশয়েরা কমিটি স্বরূপ নিযুক্ত হন বিশেষতঃ শ্রীযুত ডিকিন্স সাহেব ও শ্রীযুত জর্জ প্রিন্সেপ সাহেব ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর ও শ্রীযুত রাজা রাজনারায়ণ রায় বাহাদুর ও শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর ও শ্রীযুত বাবু আশুতোষ দেব ও শ্রীযুত বাবু রামরত্ন রায় ও শ্রীযুত বাবু রামকমল সেন ও শ্রীযুত মুনশী আমীর ও শ্রীযুত কুমার সত্যচরণ ঘোষাল ও শ্রীযুত রাজা রাধাকান্ত বাহাদুর। এই প্রস্তাবে শ্রীযুত বাবু রায় কালীনাথ চৌধুরী পোষকতা করাতে সকলই সম্মত হইলেন।

শ্রীযুত বাবু সত্যচরণ ঘোষাল তৃতীয় প্রস্তাব করেন তাহাতে শ্রীযুত প্রতিপোষকতা করেন তাহা এই যে সকল মহাশয়রা এই সভার অন্তঃপাতী হইতে ইচ্ছা করেন তাঁহারদের নাম লিখিবার নিমিত্ত এক গ্রন্থ প্রস্তুত করা যায়।

অপর সায়াহ্ন সাড়ে পাঁচ ঘণ্টা সময়ে শ্রীযুত সভাপতির নিকটে বাধ্যতা স্বীকারপূর্ব্বক সভা ভঙ্গ হইল।

হুগলির কালেজ।

বিদ্যাধ্যাপনীয় কমিটির শ্রীযুত সর এডবার্ড রয়ন শ্রীযুত মাঙ্গলস সাহেব ও শ্রীযুত উআলটর্স সাহেব ও শ্রীযুত মিলট ও শ্রীযুত গ্রণ্টে ও শ্রীযুত করনল যং ও শ্রীযুত কাং বরচ ও এতদ্দেশীয় কতিপয় মহাশয়রা এবং তাঁহারদের সেক্রেটরী শ্রীযুত জে সি সি সদর্লণ্ড সাহেব ও শ্রীযুত ডেবিড হের সাহেব ও অন্যান্য সাহেবেরা গত শনিবারের প্রতিঃকালে চাঁদপালের ঘাট হইতে বাষ্পীয় জাহাজারোহণে বেলা ১১ ঘণ্টা সময়ে হুগলিতে উত্তীর্ণ হইলেন। এবং ঐ কালেজ সম্পর্কীয় শ্রীযুত ডাক্তর ওয়াইস সাহেব ও শ্রীযুত সদর্লণ্ড সাহেব ও মাজিস্ত্রেট শ্রীযুত সামুয়েলস সাহেব ও কালেকটর শ্রীযুত ব্লাই সাহেব ও তত্রস্থ পল্টন সম্পর্কীয় সাহেবেরা অতি সমাদর পূর্ব্বক ঐ শ্রীযুক্ত সাহেবেরদিগকে গ্রহণ করিলেন।

বিদ্যালয়ের নীচ প্রকোষ্ঠস্থ ক্ষুদ্র সংপ্রদায় ছাত্রেরদের আবৃত্তিকরণেতে এবং কোন২ বাক্যার্থ জিজ্ঞাসাতে ও ভূগোল বিবরণ জিজ্ঞাসাতে পরীক্ষা হইল। তৎপরে দর্শক সাহেবেরা বিদ্যালয়ের উপরি প্রকোষ্ঠে গমন করিলেন এবং শ্রীযুত সর এডবার্ড রয়ন সাহেব ও শ্রীযুত মাঙ্গলস সাহেব ও শ্রীযুত জে সি সদর্লণ্ড সাহেব এবং শ্রীযুত ডাক্তর গ্রাণ্ট সাহেব প্রধান২ সংপ্রদায়েরদের ইঙ্গলণ্ডীয় ইতিহাসের ও ভূগোল বিদ্যা ও গণিত বিদ্যার যথার্থরূপে পরীক্ষা লইলেন। এবং যদ্যপি এই বিদ্যালয় স্থাপন অনেক কাল হয় নাই তথাপি অল্পকালের মধ্যে বিদ্যার্থিরদের ক্রমশো বিদ্যা বর্দ্ধনেতে সকলই অতিসন্তুষ্ট হইলেন। অনন্তর কতিপয় ছাত্রেরা অতিসুচারুরূপে স্বহস্তে প্রস্তুত করা পৃথিবীর নানা ভাগের নক্সা দর্শাইলেন। অপর এতদ্দেশীয় ভাষা সুশিক্ষিত সংপ্রদায়ের মধ্যে অতিপ্রশংস্য জবন বালকেরদিগকে নগদ টাকায় পুরস্কার প্রদত্ত হইল। তৎপরে ইঙ্গরেজী সুশিক্ষিত সংপ্রদায়কে যথাযোগ্য পুস্তক পুরস্কার দত্ত হইল।

অনন্তর কমিটির সাহেবেরা এক প্রকোষ্ঠে প্রবিষ্ট হইয়া ঐ বিদ্যালয়ের কার্য্য বিষয়ে অনেক প্রকার নিয়ম নির্দ্ধার্য্য করিলেন।

by Roy Calynauth Chowdry, that the following gentlemen be elected as a committee for the present year, viz. Messrs. T. Dickens and G. Prinsep, Baboos Prosonocomar Tagore, Dwarkanath Tagore, Rajah Rajnarain Roy, Rajah Kaly Kishen Bahadoor, Baboo Ashootosh Day, Ramrutton Roy, Ramcomul Sein, Moonshee Ameer, Cowar Sutticburn Ghosal, and Rajah Radhacaunth Deb, carried *nem. con.*

3rd Resolution moved by Baboo Sutticburn Ghosal, and seconded by ——,—'That a book be opened, in which all presons who wish to become members, shall subscribe their names.'

The meeting separated at about half past five, after a vote of thanks to the chairman.—*Engl. Marca20.*

Examination of the Pupils of the Hooghly College.

Sir Edward Ryan, Mr. R. D. Mangles, Mr. Walters, Mr. Millet, Dr. Grant, Col. Young, Captain Birch, Baboo Prosonno Coomar Tagore, and Baboo Ram Comul Sen, composing the Committee of Public Instructions, and their Secretary, Mr. J. C. C. Sutherland, accompanied by Mr. David Hare, and some other gentlemen, embarked early Saturday morning at Chandpaul Ghaut, on a Steamer, and proceeded to Hooghly; where they arrived at about 11 A. M. and were received by Dr. Wise, Mr. Jas. Sutherland, of the College, Mr. Samuells, the Magistrate, Mr. Belli, the Collector, and several military gentlemen of the Station.

The Junior Classes occupying the first floor of the school were first visited and examined in reading, with explanations of the passages th read and in Geography. The visitors then proceeded to visit the senior classes on the upper floor, of which the first underwent a strict examination conducted chiefly by Sir E. Ryan, Mr. Mangles, Mr. J. C. C. Sutherland, and Dr. Grant. The branches in which they were examined were the History of England, Geography, and Arithmetic. Considering the short period the institution has been established, the progress of the pupils afforded great satisfaction. There were also several Maps of India drawn by the boys exhibited, which appeared very creditably executed. The prizes consisting entirely of money, were delivered to the most meritorious students of the Oriental Department, the Mahomedan youths. After which prizes consisting of appropriate books were distributed to the successful candidates in the English Department.

The Members of the Committee then retired to an adjoining room and passed several resolutions for the management of the institution. Here they received

তাঁহারদের নিকটে প্রথম সংপ্রদায়েরা এই প্রার্থনা করিলেন যে আমারদের প্রতি অনুমতি হয় যে তিন দিন সায়ংকাল এখানকার পুস্তকালয় মুক্ত থাকে তন্নিমিত্ত বাত্তীর খরচ আমরা নিজহইতে করিতে পারি। কমিটির সাহেবেরা তাঁহারদের এই অতিপ্রশংসা উদ্যোগে প্রসন্ন হইয়া তাহাতে স্বীকৃত হইলেন এবং আজ্ঞা করিলেন যে কালেজের খরচ হইতেই বাত্তীর খরচ দেওয়া যাইবে।

এই পরীক্ষাতে হুগলিনিবাসী অত্যল্প লোক ছিলেন এবং কলিকাতাহইতে যে সকল দর্শক সাহেবেরা আগত হইয়াছিলেন তাঁহারা উক্ত পরীক্ষাতে আপ্যায়িত হইয়া তদ্দিবসের অপরাহ্ন সময়ে প্রত্যাগমন করিলেন।

শ্রীযুত আমোস সাহেব।

শ্রীযুত আমোস সাহেব শ্রীযুত মকালি সাহেবের পরিবর্ত্তে গত সোমবারে কৌন্সলী কর্ম্মে অভিষিক্ত হইলেন এবং তদুপলক্ষে রীতিমত কিল্লাহইতে সেলামী তোপ হইল।

সেক্স পিয়রসাহেব।

আমরা অত্যন্ত খেদিত হইয়া প্রকাশ করিতেছি যে কৌন্সলের মেম্বর সেক্স পিয়র সাহেব গত বুধবারে ৫২ বৎসর বয়স্ক হইয়া লোকান্তর গত হইয়াছেন। উক্ত সাহেব ৩৪ বৎসরপর্য্যন্ত কোম্পানির কর্ম্মকারক ছিলেন এবং মফঃসলে রাজকীয় নানা কর্ম্ম করত গবর্ণমেণ্টের আদালতসক্রান্ত সেক্রেটরী হইয়া পরে সদর দেওয়ানী আদালতে নিযুক্ত থাকেন পরিশেষে সুপ্রিম কৌন্সলে প্রবিষ্ট হইয়াছিলেন।

দুর্ভিক্ষ প্রতিকারার্থ চাঁদা।

পশ্চিমদেশীয় দুর্ভিক্ষপ্রযুক্ত যে সকল দীন দরিদ্রেরা মুমূর্ষু হইতেছে তাহারদের দুঃখ প্রতিকারার্থ ইউনিয়ন বেঙ্কে গত বৃহস্পতিবার কালপর্য্যন্ত ৫০০০০ টাকা জমা হইয়াছিল। দেশের নানা স্থানে ভদ্র লোকেরা চাঁদাকরণের অতিপ্রশংসারূপে উদ্যোগ করিতেছেন। গত সপ্তাহে এই নিমিত্ত বহরমপুরে এক বৈঠক হয় যে তাহাতে ঐ অঞ্চলস্থ অনেক ধনাঢ্য ও সম্ভ্রান্ত মহাশয়রা সমাগত হইয়া অতিবদান্যতাপূর্ব্বক উক্ত ক্লেশ নিবারণার্থ চাঁদা করেন। এবং মানভূম নিবাসি এতদ্দেশীয় মহাশয়েরা শ্রীযুত কাপ্তান হেনিংটন সাহেবের অনুরোধে এক চাঁদা করিয়া খুচরা দান করিয়াছেন বটে কিন্তু তাঁহারা সাধ্যানুসারে করিয়াছেন অতএব ঐ দানের অতিপ্রশংসা আছে। যেহেতুক বার্ষিক ৫০ হাজার টাকা উৎপন্ন এমত ধনাঢ্য জমিদার ব্যক্তির ৫০০ টাকা দানাপেক্ষা মাসে ৮ কি ১০ টাকা উপার্জনকারি গরিব ব্যক্তির এই চাঁদাতে এক টাকা দানও অধিক প্রশংস্য। আমরা শুনিয়া পরমাহ্লাদিত হইলাম সংপ্রতি লুধিয়ানা মিরট কর্ণাল এবং সীমলাতে বৃষ্টি হইয়াছে তৎপ্রযুক্ত ঐ অঞ্চলে শস্যের মূল্য আর বৃদ্ধ হইতে পারে নাই।

সুপ্রিমকোর্টে আশ্চর্য্য এক মোকদ্দমা।

গত সপ্তাহে সুপ্রিমকোর্টে আশ্চর্য্য এক মোকদ্দমা উপস্থিত হয়। বিশেষতঃ বিবিহুরন নামে এক স্ত্রীর খয়রুল্লানামক ব্যক্তির সঙ্গে বিবাহ হয় উভয়ই মুসলমান। তাহারদের পরস্পর এই নিয়মপত্র হয় যে খয়রুল্লা ঐ স্ত্রীকে ৪০০০ টাকা দিবেন তাহার মধ্যে ২০০০ টাকা স্ত্রী দাওয়া করিবামাত্র দিবেন আর দুই হাজার টাকা বিবাহ সম্বন্ধের মধ্যে

an application from the pupils of the first class, soliciting permission to be allowed to open the College Library in the evening three times a week, and offering to bear the expenses of light for themselves. Considering the laudable zeal displayed by the youthful students in this request, the committee were pleased, not only to grant their prayer, but also to direct that the expense consequent on the measure be borne by the funds of the institution.

Very few of the inhabitants of Hooghly were present on the occasion, and the visitors from Calcutta returned in the afternoon, much pleased with the day's occupation.—*Hurk. March* 21.

Mr. Amos.

The Hon. Mr Amos, the successor of Mr. Macaulay, took his seat in Council on Monday, with the customary salute from the Ramparts of Fort William.

Mr. Shakespear.

It is with sentiments of deep regret that we have to announce the death of the Hon. Mr. Shakespear, Member of Council, on Wednesday last, at the age of 52. Mr. Shakespear had been in the Hon. Company's employ for thirty-four years; and after passing through various offices in the Mofussil, was appointed Judicial Secretary to Government, from whence he was removed first to the Sudder Dewanny Adawlut, and then to the Supreme Council.

Famine Relief Fund.

The sum received into the Union Bank for the relief of the famishing poor in the Western Provinces, up to Thursday evening, was 50,000. Various laudable efforts have been made in different parts of the country to raise subscriptions. A meeting was held at Berhampore at the close of the last week for this purpose, which was numerously attended by the wealthy and respectable Natives in the neighbourhood, who very liberally subscribed to the fund. The Natives in Manbhoom, at the instance of Capt. Hannyngton, have also sent in a subcription, consisting, it is true, of small sums, but they have given according to their means, and deserve very great credit for the liberality. A poor man with 8 or 10 Rupees a month, who gives 1 Rupee towards this fund, does more than a rich Zemindar with a rent roll of 50,000 Rupees a year, who gives 500.

We are happy to learn that rain has fallen at Loodiana, Meerut, Kurnaul and at Simlah; which had kept down in some measure the price of grain.

Singular Case in the Supreme Court

A very singular case was brought forward in the Supreme Court last week. One *Beebee Hooran* had been married to one *Shaik Kyroolla*; both being Mahomedans. The contract between them was that *Kyroolla* should pay his wife 4,000 Rupees, namely, 2,000 Rupees on demand, and 2,000 more during wedlock, and that he should not marry another wife without her con-

কোন এক সময়ে দিতে হইবে এবং আরো নিয়ম ছিল যে ঐ স্ত্রীর অনুমতিব্যতিরেকে অন্য কোন স্ত্রীকে বিবাহ করিতে পারিবেন না কিন্তু ঐ নিয়মে চারিমাস একত্র থাকনের পরে খয়রুল্লা ঐ স্ত্রীকে তাহার পিত্রালয়ে প্রেরণ করিয়া অন্য দুই স্ত্রীকে বিবাহ করে এইক্ষণে সেই স্ত্রী আপনার প্রাপ্য নিমিত্ত এবং ঐ নিয়ম উল্লংঘক স্বামির প্রতারণা হওনের নিমিত্ত নালিশ করিয়াছে ইহাতে সুপ্রিম কোর্টের এই নিষ্পত্তি হইল যে খয়রুল্লা ঐ স্ত্রীকে ২০০০ টাকা দিবেক এবং যেতারিখে বিদায় করে সেই তারিখঅবধি মাসে ১০ টাকা করিয়া যাবজ্জীবন ভরণপোষণার্থ দিবেক।

এতদ্দেশীয় লোকের বদান্যতা।

আমরা শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে ধনাঢ্য দুই মহাশয় শ্রীযুত বাবু মতিলাল শীল ও শ্রীযুত বাবু মাধবদত্ত চিৎপুরস্থ নূতন রাস্তার নর্দ্দমা কলুটোলার রাস্তা দিয়া মাঝের রাস্তাপর্য্যন্ত প্রস্তুতকরণের ব্যয় নিজে করিতে অঙ্গীকার করিয়াছেন।

বাঙ্গাল বেঙ্ক।

গত শনিবারে বাঙ্গাল বেঙ্কের অধ্যক্ষেরা বৈঠক করিয়া এই নিয়ম করিয়াছেন যে বেঙ্কের সেরেশতার যে খরচ ৮৪ হাজার টাকা হইয়া থাকে তাহা লক্ষ টাকাপর্য্যন্ত বৃদ্ধি করিবেন তাহার অভিপ্রায় এই যে শ্রীযুত অডনি সাহেব কোন সময়ে উপস্থিত নাথাকাতে এক ব্যক্তি ডেপুটি সেক্রেটরীর কর্ম্মে নিযুক্ত থাকিয়া তৎকর্ম্ম নির্ব্বাহ করেন।

কথিত আছে যে গত মঙ্গলবারে কলিকাতায় এক বৈঠক কতিপয় সাহেব লোকেরা সম গত হইয়া এক নূতন বেঙ্ক স্থাপনের নির্দ্ধার্য্য করিলেন।

ব্রহ্মদেশ।

এক পল্টন গোরা ও এক পল্টন এতদ্দেশীয় সিপাহীরদিগকে অগৌণে মান্দ্রাজ হইতে মৌলমেনে যাইতে হুকুম হইয়াছে অতএব মৌলমেনে এইরূপে ইঙ্গলণ্ডীয় সৈন্য বৃদ্ধি হওয়াতে ভরসা করি যে ব্রহ্মদেশীয়েরদের যুদ্ধবিষয়ক উৎসাহের ন্যূনতা হইবে।

ডাক্তর শ্রীযুত রিচার্ডসন সাহেব সংপ্রতি ব্রহ্মদেশহইতে এতদ্দেশে আসিয়াছেন এবং ঐ দেশে রাজকীয় কর্ম্মে অনেক বৎসরাবধি নিযুক্ত থাকাতে তদ্দেশীয় লোকের রীতি ব্যবহার উত্তমরূপে জ্ঞাত আছেন এবং রাজা ও রাজদরবারের যে সকল অভিপ্রায় তিনি যেরূপ অবগত আছেন বোধ হয় তদ্রূপ অপর কোন সাহেব নহেন। ঐ সাহেব এমত কহেন যে সর্ব্বতোভাবেই বর্ম্মারদের যুদ্ধ করণের মানস আছে এবং যখন ইঙ্গলণ্ডীয়েরদের যুদ্ধার্থ উদ্যোগ করণের কিঞ্চিন্মাত্র শৈথিল্য দেখিবেন তৎক্ষণেই য়াণ্ডাবুর সন্ধিপত্রক্রমে যে ব্রহ্মদেশ ইঙ্গলণ্ডীয়েরা প্রাপ্ত হইয়াছেন তাহা পুনর্ব্বার অধিকার করিতে উদ্যোগকরণের ত্রুটি করিবেন না।

সেতারার রাজমন্ত্রী।

কিয়ৎকাল হইল ভারতবর্ষের পশ্চিম অঞ্চলস্থ কএক জন নীচ লোক ষড়যন্ত্র করিয়া সেতারার রাজমন্ত্রিরদের নামে মিথ্যাপবাদের অভিযোগ করিয়াছিল এবং বোম্বাইর গবর্ণমেণ্ট ঐ অভিযোগ সত্য বোধ করিয়া মন্ত্রিরদিগকে কয়েদ করিয়াছিলেন। কএক জন ষড়যন্ত্রকারি ব্যক্তি ব্যতিরেকে দেশস্থ তাবৎ লোক ঐ অভিযোগ অমূলক জ্ঞান করিয়া তাঁহার

sent; but after they had lived together for four months, he sent her home to her family and married two other wives. She now sued him for the amount of her dowry, and for damages in consideration of his breach of contract. The Court decided that he should pay her 2,000 Rupees, and allow her at the rate of 10 Rupees per month for her maintenance, from the date of his having dismissed her.

Native Liberality.

We are happy to hear that two wealthy Natives, Baboo Mootee Lall Seel and Baboo Madhub Dutt, have taken upon themselves the expense of continuing the new Chitpore Road Aqueduct, along new Colootolah Street, as far as the central road.

Bank of Bengal.

On Saturday last, a meeting of the proprietors of the Bengal Bank was held, when it was determined to increase the expense of the Establishment from Rs. 84,000 to 100,000. The chief object of this increase is to appoint a Deputy Secretary, who may fill Mr. Udny's place, when he may be unavoidably absent.

It is said that a meeting was held in Calcutta, on Tuesday last, of some gentlemen, who intend to establish a New Bank.

Burmah.

One European and one Native Regiment is immediately to be sent from Madras to Moulmein. The English troops at that station being thus strengthened, it is to be hoped that the desire of the Burmese for war will be much abated. Dr. Richardson, who has just come round from thence, has been employed for many years in the political line in that country. He is perfectly acquainted with the habits of the people, and knows more, perhaps, than any other man about the intentions of the King and his Court. His opinion is, that their intentions are entirely hostile, and that as soon as there is any relaxation of our preparations for war, they will endeavor to regain the provinces which we took from them by the treaty ot Yandaboo.

The Raja of Satara's Ministers.

Some time ago, a number of Natives of the lowest character in the West of India, formed a conspiracy against the Raja of Satara's Ministers, and brought false charges against them, which the Bombay Government believing to be true, put them in confinement. All the Natives of the province except the conspirators, considered the charges to be unfounded, and the confinement

দের কয়েদ হইয়া অতি অন্যায় বোধ করিলেন কিন্তু তাহার প্রতিকার করণের কোন উপায় ছিল না। এইক্ষণে শুনিয়া পরমাহ্লাদিত হওয়া গেল যে সুপ্রিম গবর্নমেণ্ট ঐ মন্ত্রিরদিগকে অগৌণে মুক্তকরণের আজ্ঞা করিয়াছেন এবং বোম্বাইর গবরনর শ্রীলশ্রীযুক্ত সর রাবর্ট গ্রাণ্ট সাহেব স্বয়ং সেতারায় গমনপূর্ব্বক মোকদ্দমার বিচার করত তাঁহারদিগকে মুক্ত করিবেন এমত স্থির হইয়াছে।

পারসীয় লোকের ইঙ্গলণ্ড দেশে গমন।

বোম্বাইহইতে এই সম্বাদ প্রাপ্ত হওয়া গেল যে পারসীয় দুই যুব ব্যক্তি সম্প্রতি বোম্বাইহইতে যে জাহাজ ইঙ্গলণ্ডদেশে প্রস্থান করিয়াছে তদারোহণে গমন করিয়াছে অভিপ্রায় এই যে তাহারা ইউরোপীয় নানা বিদ্যাধ্যয়ন ও ইঙ্গরেজী ভাষা শিক্ষা করে এবং তাহারদের অনেক কুটুম্বেরা বোম্বাইতে জাহাজ নির্ম্মাণের ব্যবসায় করিয়া থাকে অতএব ইহারদের এমতও অভিপ্রায় আছে ইঙ্গলণ্ডদেশে থাকিয়া জাহাজ নির্ম্মাণ বিষয়ে নিপুণ হয়।

প্রেরিতপত্র।

শ্রীযুত সমাচার দর্পণ প্রকাশক মহাশয়েষু।

এই কএক পংক্তি দর্পণে অর্পণ করিয়া বাধিত করিবেন।

৩ চৈত্র বৃহস্পতিবারের চন্দ্রিকাপত্রে কোন পক্ষপাতিদ্বিজাতিকর্ত্তৃক কস্যচিদ্বিষয়িবিজ্ঞস্য এই নামাঙ্কিত যে পত্র প্রকাশিত হইয়াছে তাহাতে বোধহয় যে পত্রপ্রকাশক নির্বিষয়ী বিষয়ী ফলতঃ পণ্ডিতাভিমানী যেহেতু পূর্ব্বাপর বিবেচনাকরিয়া বোধ হইতেছে পত্রপ্রকাশকের জ্যোতিষস্মৃতি উভয়শাস্ত্রে তুল্যবিদ্যা এবং ব্যবহার বিশেষে বিশেষবিজ্ঞতা স্মৃতিবিদ্যা প্রকাশিকা স্মার্ত্তভট্টাচার্য্যমতে শূদ্রত্বপ্রাপ্ত ইদানীন্তনক্ষত্রিয়জাতির উপনয়নবিষয়ে পক্ষপাতিতা। জ্যোতির্বিদ্যাপ্রকাশক অনেকানুমান নিজপত্রে প্রকাশ করিয়াছেন তন্মধ্যে প্রথমানুমান যে শ্রীযুক্ত বাবু রাধাকৃষ্ণ মিত্রের পৌত্রীর বিবাহ হইয়াছে তাহাতে শ্রীযুক্ত শম্ভুচন্দ্র বাচস্পতি ভট্টাচার্য্য সিংহস্থ বৃহস্পতি প্রযুক্ত কালাশুদ্ধি দোষোপন্যাস করিলে কি ঐ মিত্রবাবু শুনিতেন না যেহেতু মিত্র বাবু শ্রীযুক্ত আশুতোষ দেব বাবুর ভগিনীপতি ভট্টাচার্য্য দেব বাবুর বাটীর ধর্ম্ম কর্ম্ম নির্ব্বাহক অধ্যক্ষ তাঁহার বাক্য সে স্থানে অতিমান্য ইত্যাদি। ঐ অনুমান সম্মানের বিশেষ মান হয় না। যেহেতু আমরা শুনিয়াছি যে উক্ত ভট্টাচার্য্য দেববাবুর বাটীতে যেরূপ অধ্যক্ষ ধর্ম্মসভাতেও তাদৃশ বটেন তথাপি উঁহার অনভিমত স্মার্ত্ত ভট্টাচার্য্যের নিষেধিত ইদানীন্তন ক্ষত্রিয়ের উপনয়ন বিষয়ে অনুমতিপত্র ধর্ম্মসভা হইতে কিরূপে নির্গত হইল। অতএব অনুমান অপ্রমাণ করিয়া লিখনাদি প্রমাণাবলম্বন করা কর্ত্তব্য বিশেষ বিবাহ বিষয়ে কালাশুদ্ধি বিবেচনা বিশেষরূপে প্রায়ই করে না এ ব্যবহার পূর্ব্বাপর প্রসিদ্ধ বটে উপনয়ন বিষয়ে কালাশুদ্ধি সন্দেহ হইলেও পূর্ব্বে কেন উপনয়ন দিত না। এইক্ষণে কিন্তু এইটি নূতন প্রকাশ হইল ব্রাত্যতা ভয় প্রযুক্ত উপনয়ন দেওয়া এবং দ্বিত্রিবার পুরুষোত্তম গমনানন্তর

to be unjust; but no redress was obtained. We now hear with much pleasure, that the Supreme Government have ordered the immediate release of these men, and that Sir Robert Grant, the Governor of Bombay, has determined to proceed in person to Satara, to investigate the case, and to deliver them from bondage.

Departure of Parsees for England.

We learn from Bombay, that two Parsee youths have taken their passages from Bombay for England, in a vessel which is just about to sail. Their object is to perfect themselves in European knowledge, and in the English language, and also to make themselves masters of the art of ship-building, in which their relatives are engaged at Bombay.

Correspondence.

To the Editor of the Durpun.

Oblige me by publishing these few lines in the *Durpun.*

On Thursday, the 3rd Choitra, a letter written by some partial Bahmun, and signed 'a wise man of business,' was published in the *Chundrika;* from which it would appear that the writer is a man of business, but without property, and a self styled learned man;" for on examing what he has penned, it would appear that he is equally as learned in the astronomical as in the law shastrus, and well versed in certain lines of business. According to the great law authority of Roghoo Nundun, the Kshetriyus are to be regarded as Soodras; what he has written there regarding their being invested with the Pojta is sheer partiality; this shews how much he knows of law. He has also published various suppositious cases, which exhibit the extent of his astronomical knowledge. His first supposition his, that the grand-daughter of Baboo Radaa Kissen Mitter has been married this year; if, therefore, Sumbhoo Chunder Bachuspulee had said that, in consequence of the position of Jupiter in the constellation of the Lion, the time was unpropitious, would not the Baboo have heard it, for he is the brother in-law of Baboo Asootosh Deb; the Bachusputee, is the spiritual director of the house of the Deb Baboo and his advice is much attended to there But such a supposition cannot be considered as proof; for we have heard that the Bachusputee, is just as much regarded in the Dhurmu Subha, as he is in the house of his patron. How then contrary to his opinion was a precept issued from that Subha, authorizing the investiture of Kshetriyus, in opposition to the law of Roghoo Nundun? Such suppositions ought not to be received, equal as proofs to written precepts. More particulary in the matter of marriages, there are very few who attend to propitious or unpropitious seasons; and this practise of disregarding times and seasons is of very ancient standing. But as it regards investiture with the sacred cord, this ceremony has never been performed, if there was any thing inauspicious in the times. The present, therefore, is a new rule. But to censure the delay of investiture, because the ceremony would, be

পুনর্গমন করা বিষয়ে দোষ ধরাধরি কেবল ছড়াছড়িমাত্র শাস্ত্র বিবেচনা করিলে ছাড়াছাড়ির বিষয় নাই মিথ্যা তাড়াতাড়ি করিলে কি হইবেক হরিহরি কি কলিকাল ইতি।

গঙ্গাতীরস্থস্য কস্যচিৎ কায়স্থস্য

মহামহিম শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

আপনকার ১১৮০ সংখ্যা দর্পণে ঘাটাল নিবাসি সরকারী রেশমের বাণিজ্য কুঠীর বৃন্দাবন শুকুল প্রভৃতি কএকজন পাইকারের পত্রদৃষ্টে অবগম হইল যে ঐ কুঠীর কর্ম্ম রহিত হওনের পর ১৮৩৬ সালে মেং ডব্লিউ সেজ সাহেব কর্ত্তৃক যে কএকজন পাইকার ফারখতি প্রাপ্ত হয় তাহা অপকৃত করণার্থ বর্ত্তমান ইনচার্জ রেসিডেন্স শ্রীযুত জে ও ডোএব সাহেবকে কএক জন পরামর্শ দিয়া ছিলেন তাহা বোর্ড কর্ত্তৃক রহিত হইয়াছে তাহার উত্তর দেওয়া আমার আবশ্যক। সে এইযে ১৮৩৭ সালের শেষে যখন ঐ কুঠীর ও দ্বারহাটার কুঠীর আহনা উসুলের কর্ম্ম উক্ত শ্রীযুক্তের হস্তে আইল তৎকালীন নানা তর্কানুসন্ধানের দ্বারা অনুভব হইল যে ঐ কুঠীর দেনার মধ্যে পূর্ব্বতন সরকারের কর্ম্মকারকেরদের চাতুরীতে অনেক ভাগ মৃত বৃদ্ধ ব্যক্তিরদের নামে কিয়দ্ভাগ অপরিচিত কিম্বা অস্বীকৃত ব্যক্তিরদের নামে লিখিত হইয়াছে এবং শেষাবস্থায় যে কএক জন ফারখতি পাইয়াছে তাহাও সরলতাপূর্ব্বক হয় নাই যেহেতুক তাহাতে এমত দৃষ্ট হইল যে অনেক ব্যক্তির স্থানে প্রকৃত বাকি অধিক টাকা থাকিতে এবং ঐ বাকিদারের প্রচুর সম্পত্তি থাকিতেও অত্যল্প টাকার ফারখত দেওয়া গিয়াছে। তাহার প্রমাণ এই যে আনন্দরাম মহাপাত্র ২৭৭৷৵৩ টাকার বাকিদার ফারখতি ৭ টাকার। রামকান্ত মণ্ডল ২৪২৷৵৩ টাকার বাকিদার ফারখতি ৪ টাকার। কাশীনাথ চট্টোপাধ্যায় ৩৩৯৷৷৮ বাকিদার ফারখতি ৭৷৹ টাকার রামকান্ত মাজী ৩৭২৸৵১০ বাকিদার ফারখতি ৮ টাকার ইহা ব্যতিরেকে আরো অনেক লোক এইরূপ ফারখতি পাইয়াছে বরং অদ্যাপিও এইরূপ ফারখতি পাইবার আকাঙ্ক্ষায় কএক জন ভ্রমণ করিতেছে তাহা ২৪ ফেব্রুআরি তারিখে বোর্ডে ব্যক্ত আছে. কিন্তু ঐ প্রকার ফারখতি সম্পন্ন ব্যক্তিরদের হস্তে যখন শ্রীযুতের অবলোকন হইল তৎকালীন বোর্ডকে ১২ দিসেম্বর তারিখে জিজ্ঞাসা করিলেন যে পূর্ব্বতন ইনচার্জ রেসিডেণ্ট সাহেব বোর্ডের অনুমতিপূর্ব্বক এই কর্ম্ম করিয়াছেন কি না। তাহাতে ২১ দিসেম্বর তারিখে বোর্ড কহেন যে এমত ক্ষমতা দেওয়া যায় নাই। তৎপরে পুনর্ব্বার পাইকারেরদের দরখাস্ত রিপোর্টের দ্বারা ১০ জানুআরি তারিখে বোর্ডে প্রেরিত হইল ১৮ জানুআরি তারিখে তলব করিয়া মানা করেন সুতরাং আর কোন চেষ্টাই নাই অতএব এই বিষয়ে দোষ কাহারো নাই। প্রার্থনা যে অনুগ্রহ প্রকাশ করিয়া এই পত্রখানি অবিকল প্রকাশ দ্বারা বাধিত করেন। ১৮৩৮ সাল ১১ মার্চ।

কস্যচিৎ বিশেষাবগতস্য।

শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

১ দফা। চব্বিশ পরগনার বারাকপুর নামে একখানি গ্রাম আছে ঐ গ্রামের জমিদার এইক্ষণে শহর কলিকাতার শ্রীযুত বাবু রাধামাধব বন্দ্যোপাধ্যায়।

২ দফা। প্রায় দুই বৎসর গত হইল ঐ উপরের লিখিত গ্রামের মধ্যে আদুরি নামে এক বেওয়া বাস করিয়া থাকিত এবং তাহার কিঞ্চিৎ ধন থাকাতে কএক জন গ্রামবাসি মন্দ লোক তাহাকে রাত্রিযোগে তাহার দরওয়াজা ভাঙ্গিয়া সকল সম্পত্তি হরণ করিয়া তাহাকে মুখে কাপড় জড়াইয়া খুন করিয়া সেই ঘরে আগুন জ্বালাইয়া পোড়াইতে দারোগা ও ফাঁড়িদার একত্র হইয়া গ্রামবাসি লোকেরদিগের সহিত সাজোস করিয়া মিটমাট করাইয়া দিলেক এমত্ব আশ্চর্য্য যে মাজিষ্ট্রেট সাহেবের পাহারাকের ভিতর এমত ভারি ব্যাপার

বোম্বাই দর্পণে লেখে যে আমারদের মধ্যে বোম্বাইতে কএক দিন অবধি শ্রীল শ্রীযুক্ত লাহোরাধিপতির সভাসদ দৈবজ্ঞ পণ্ডিত উত্তম স্বরূপ নির্ম্মল বুদ্ধি শঙ্কর নাথ যশী অবস্থান করিতেছেন। এই অতি সুবিজ্ঞ বিচক্ষণ মহাশয়ের জন্মস্থান তেলিচেরি ঐ স্থানহইতে ন্যূনাধিক বিংশতি বৎসর হইল তীর্থ যাত্রা করত কাশী দর্শন করিয়া জ্বালামুখীতে গমন করিয়াছিলেন পরে দৈবজ্ঞতা কর্ম্মে নৈপুণ্য শুনিয়া তাঁহাকে মহারাজ রণজিৎ সিংহ লাহোরের দরবারে আহ্বান করিলেন। ঐ শঙ্করনাথ যশী গঙ্গাসাগরে যাত্রা করত কলিকাতায় উত্তীর্ণ হইয়া শ্রীযুক্ত ডাক্তর উইলসন সাহেব ও অন্যান্য বিজ্ঞ সাহেবেরদের সঙ্গে আলাপাদি করিলেন। অপর দৃষ্ট হইল যে লাহোরের রাজার অধীনে থাকিয়া নানা রাজকীয় এবং যুদ্ধসম্পর্কীয় ব্যাপারও নির্ব্বাহ করিয়াছিলেন তাহার এক নিদর্শন এই যে পিণ্ডারিরদের সঙ্গে যুদ্ধ করত তাঁহার এক স্থানে আঘাত হইয়াছিল তাহা দর্শাইয়া থাকেন ন্যূনাধিক তিন বৎসর হইল মহারাজ রণজিৎ সিংহের অনুমতি ক্রমে তিনি স্বীয় বাটীতে গমন করেন এবং মহারাজের অনুরোধে শ্রীলশ্রীযুত লার্ড উলি

Remission of Taxes under the Bombay Presidency.

We are happy to learn from the *Bombay Durpun,* that Government have recently remitted the house-tax in the Concan; it yielded only 3000 Rs. a year. The same paper entreats that Government would also remit another tax of half a lakh of Rupees a year, which is of a very singular character. It appears that under the former Mahratta Government, the pirates of Abyssinia were in the habit of plundering the coasts, and the Peshwa being unable to repel them, was obliged to pay an annual tribute, and for this purpose levied a pirate tax of 50,000 Rs. a year upon certain districts. This tax the English Government have continued to levy, though in consequence of their power at sea, there is no farther fear of pirates.

Trade of the Indus.

We are happy to learn, that some enterprizing Parsee Merchants of Bombay have just taken some English goods from that place up the Indus to Loodiana, where they have sold so advantageously, that the merchants are encouraged to continue the trade. This is the first instance of any trade of this kind on the Indus; and it is to be hoped that the river being thus opened, a very large commerce in Europe goods will grow up upon it.

Shunker Nauth Joshee.

The *Bombay Durpun* states. We have had among us, for some time past, Ootum Swuroop Niridulboodhee Shunker Nauth Joshee, a Pundit and Astrologer of Runjeet Sing, the Ruler of Lahore. This well-informed and intelligent person is a native of Tellichery, from which place he went about twenty years ago on a pilgrimage to Benares, and thence proceeded to Jwallamookhee, from which place he was invited to the court of Lahore, by Runjeet Sing, who had heard much of his learning in astrology. He cultivated the friendship of Dr. Wilson and other eminent persons in Calcutta, to which he paid a visit on his pilgrimage to Gunga Sagur. It seems that he has been employed on various occasions both in the civil and military affairs of the Sheik chief, in proof of which he bears a wound which he received in a skirmish with the Pindarees. About three years ago he procured the permis-

…করণার্থ তাঁহাকে অনুমতি দেন এবং ঐ তাঁহাকে এক পরওয়ানা লেখেন যে তাবৎ ইঙ্গরেজ তাঁহার সাহায্য ক…

…বাটীর হইতে লাহোর… …ছেন।

…ভারতবর্ষের মধ্যে …দেশীয় অনেক রাজ… …রূপে গৃহীত হইয়াছেন …তাঁহার সাক্ষাৎ হই… …রদের সকলেরই অতিস্নেহ …য়াছেন। এবং যে সাহেব লো…রে …হইতে তাঁহার আলাপ হইয়াছে তাঁহাকে প্রশংসা পত্র দিয়াছেন …ও শ্রীশ্রীযুক্ত গবর্নর সাহেব ও কৌন্সেলের মেম্বর সাহেবেরদের …তিনি সাক্ষাৎ করিয়াছেন এবং ঐ আঙ্গুরিয়ার রাজা ও শ্রীযুত সেট জ…জিজিভাই এবং এতদ্দেশীয় অ…নেক ব্যক্তি দৈবজ্ঞতা বিষয়ে তাঁহার …দ জ্ঞান ও নৈপুণ্য বিবেচনা করি…য়া অনেক উপঢৌকন প্রদান করিয়াছেন …র ৪৯ বৎসর বয়ঃক্রম এইক্ষণে ম…নস্থ আছে যে তিনি লাহোরে পঁহুছিয়া …কাশীতে কালযাপন করেন পূর্ব্বে …সে স্থানে এক মন্দির ও কএক দে…ব স্থাপন করিয়াছেন

রাজা প্রতাপচন্দ্র।

অবগত হওয়া গেল যে বর্দ্ধমানের রাজপদ ও রাজ্যের দাওয়াদার রাজা প্রতাপচন্দ্র গবর্ণমেণ্টের স্থানে এমত অনুমতি প্রাপ্ত হইয়াছেন যে তিনি বর্দ্ধমানে গমন করিয়া আপনার রাণীরদের সঙ্গে এবং ঐ মহাবংশ্য অন্যান্য ব্যক্তিরদের সঙ্গে আলাপাদি করিতে পারেন। যদ্যপি শ্রীমতী রাণীরা তাঁহাকে পরিচয়াদি স্বীকৃতা হন তবে বোধ করি যে তিনি উক্ত পদ ও রাজ্যের নিমিত্ত অগৌণেই মোকদ্দমা আরম্ভ করিবেন। শুনাগেল এই বিষয়ে গবর্ণমেণ্ট বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত অগেলবি সাহেবকে এমত পত্র লিখিয়াছেন যে তিনি এমত উদ্যোগ করেন যে কোন দাঙ্গা না হয়। এবং প্রতাপচন্দ্র যাহা করিবেন তাহার বিরুদ্ধে তিনি কোন বিষয়ে হস্তক্ষেপ করিবেন না ইহা যথার্থ ও উচিত বটে ইহার পূর্ব্বেই এমত করিলে ভাল হইত। এইক্ষণে বর্দ্ধমানে প্রতাপচন্দ্রের যাত্রাতে লোকেরদের মধ্যে …ন্যায় মহাগোল উপস্থিত হইয়াছে এবং আমরাও কহিতে পারি যে এমত আশ্চর্য্য ও সুশ্রাব্য ব্যাপার ইহার পূর্ব্বে কখন শুনা যায় নাই।

কোন পত্র প্রেরক হইতে।

নিউ হিন্দু স্কুল

বার্ষিকী পরীক্ষা এবং পারিতোষিক বিতরণ টৌনহালে গত শনিবারে পূর্ব্বাহ্নে ১১ ঘটিকায় অত্যল্প ইঙ্গরাজ এবং বাঙ্গালী মহাশয়গণ সম্মুখে হইয়াছিল। এই সভা মধ্যে আমরা মেং হেয়ার সাহেব ও শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর এবং মেং ডাইস সাহেবকে অবলোকন করিলাম।

ছাত্রগণ মেং হেয়ার সাহেব ও শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর কর্তৃক স্পেলিং ও গ্রামার ও ইতিহাস এবং ক্ষেত্রপরিমাণ বিদ্যার গ্রন্থধৃত প্রশ্নদ্বারা পরীক্ষিত হইলেন এই মহাশয়েরা প্রত্যেক বালকের গুণযোগিতা দর্শনে বিশেষতঃ প্রথমশ্রেণীস্থ এক সুন্দর শিশুর পদবিচ্ছেদ জ্ঞানে এবং সুচারু উচ্চারণ শ্রবণে স্বস্বানন্দতা প্রচার করিলেন। প্রত্যেকাবলী নিয়ো…

sion of Runjeet Sing to visit his family, and at the request of the Maharaja obtained an audience of Lord W. Bentinck, who provided him with a pass recommending him to the protection of all the British officers.

Shunkurnauth Joshee now returns to Lahore, He has travelled in almost every part of India, and has been honoured at the Durbars of many Native Princes. He seems to leave a favourable impression on the minds of all who have an opportunity of becoming acquainted with him, as may be seen by the numerous testimonials given to him by gentlemen with whom he came in contact. He has been honoured with an interview with the Governor, the Members of Council, &c.; has received handsome presents from his Highness the Angria, Shett Jemsetjee Jeejeebhoy, and several native gentlemen, whom he has astonished by the profundity of his astrological studies. He is now in his 49th year, and seems anxious, after his return to Lahore, to pass the remainder of his life at Benares, where he has erected a handsome temple, and some other religious works.

Pratab Chand.

We understand that *Pratab Chand*, the claimant of the Burdwan Rajship and Raj, has obtained an order from Government, permitting his return to Burdwan, and allowing interviews with the Ranees, his reported wives, and the other members of this noble Hindoo family. In the event of his being recognised by the Ranees, his alleged wives, we presume proceedings will be had to determine his claim to the estates and titles. The letter of Government, we are told, simply directs Mr. Ogilvy, the Magistrate, to keep the peace, and not to interfere in any other way with the proceedings of *Pratab Chand*. This measure is one of justice and expediency. It is a pity it has been deferred so long. The visit of *Pratab Chand* to Burdwan creates much interest among the Natives, and sooth to speak, the case altogether is one of the most singular and interesting we remember to have heard of.—*Cal. Cour. March 29.*

[*From a Correspondent.*]

NEW HINDOO SCHOOL.

The annual examination and distribution of prizes took place at the Town Hall, on Saturday last, at 11 o'clock in the forenoon, before very few European and Native gentlemen. In the group we recognized, were Mr. David Hare, Maha Rajah Kalikrishna Bahadoor and Mr. R. Dias.

The students were examined by Mr. Hare and Rajah Kalikrishna in Spelling, Grammar, History, Geography, and Geometry, who afterwards kindly expressed their high approbation in witnessing the respective progress of the boys, and specially in hearing the punctuation and pronounciation of a

জিত শিষ্যদিগের প্রত্যাগমন কালে শ্রীযুত হেয়ার সাহেব পৌরস্কারিত পুস্তক পুরা পরীক্ষোত্তীর্ণ ছাত্রনিবহকে প্রদান করিলেন।

কতিপয় অন্তেবাসী অগ্রসর পুরঃসর অধোলিখিত নাট্যকৌতুক মনোহর রূপে সম্পন্ন করিল।

অদৃষ্ট	বিজয়চন্দ্র বসু।
বিভাবরী	উমেশচন্দ্র বসু।
ধর্ম্ম	উমেশচন্দ্র বসু।
তামুকূট	ক্ষেত্রমোহন বসাক।

তৎপরে মেং হেয়ার সাহেব শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর দ্বারা অনুরোধিত হইয়া সাহসদায়ির বাণী শ্রেণী সম্বোধন করণক ব্যক্ত করিলেন এবং শ্রীযুত রাজা ও সাহেব তৎকালীয় কার্য্যনিষ্পাদন কারণ যে পর্য্যাপ্ত আনন্দোপলব্ধি করিলেন তাহা ও করিয়া আগামী বৎসরে শিষ্যদিগের অধিকতর বিদ্যোপার্জন হয় এমত বাঞ্ছা করিলেন।

ইহাতে শ্রীযুত ——— ———
স্কুলের অধ্যক্ষ সমূহ পক্ষে সমাগত মহানুভবদিগকে সাধুবাদ করিলেন।

বেলা দুই প্রহর একটার সময় সভা ভঙ্গ হয়।

পত্র প্রেরকেরদের প্রতি।

কেবাঞ্চিৎ মুরশিদাবাদ নিবাসিন মথুরানাথ বাবুইতি স্বাক্ষরিত পত্র এবং কেষাঞ্চিৎ পর হিতাকাঙ্ক্ষিণ ইতি স্বাক্ষরিত পত্র বিবেচ্যার্থ আছে।

কস্যচিৎ দর্পণ পাঠকস্য ইতি স্বাক্ষরিত পত্র প্রকাশ করা যাইবে।

মুরশিদাবাদহইতে অনামক এক পত্র প্রেরিত হইয়াছে তাহা এবং কস্য যশোহর নিবাসি গরিব লোকস্য ইতিস্বাক্ষরিতপত্র বিবেচনাধীন রহিল।

কস্যচিৎ চন্দ্রিকা ও দর্পণ পাঠকস্য ইতি স্বাক্ষরিত পত্র এবং কস্যচিৎ যুবজনস্য ইত্যঙ্কিত পত্র অর্পণ করা যাইবেক।

শ্রীবঙ্গবিহারি বিলসাধ সরকার ইতি স্বাক্ষরিত পত্র এবং কস্যচিৎ শ্রীগৌরমোহনবসো ইত্যঙ্কিত পত্র এবং চুম্বকরুবকারী অর্পণীয় বটে।

হিন্দুদলস্থস্য ইত্যঙ্কিত পত্র এবং রূপশঙ্কর মিত্রপ্রভৃতি স্বাক্ষরিত পত্র প্রকাশে আর কোন ফল দৃষ্ট হয় না।

মণ্ডলঘাট পরগনার প্রজাগণস্য ইতি স্বাক্ষরিত পত্র এবং K. N. B. ইত্যঙ্কিত পত্র ও এক রোবকারি ও কস্যচিৎ দর্পণদর্শি ব্রাহ্মণস্য ইত্যঙ্কিত পত্র প্রকাশ করা যাইবে।

শ্রীরাধানাথচক্রবর্ত্তী শ্রীমধুসূদন মুখোপাধ্যায় প্রভৃতি স্বাক্ষরিত অভিপ্রায় পত্র অনর্পণীয়।

কস্যচিৎ জিলা নিবাসি সদরআমিনী পদের শুভানুধ্যায়িন ইতি স্বাক্ষরিত পত্র প্রকাশনীয় বটে।

কস্যচিৎ চুচুড়ানিবাসি প্রজাবর্গস্য ইতিস্বাক্ষরিত পত্র এবং P. R. ইত্যঙ্কিত পত্র বিবেচনাধীন।

এবং ধর্ম্মসভার দলাদলি বিষয়ক পত্র প্রকাশে আর কোন ফল নাই বোধ হয়।

কস্যচিৎ শঙ্করপুরনিবাসি প্রজাস্থ ইতিস্বাক্ষরিত পত্র বিবেচনা করা যাইবে।

আরো দশ বারখান পত্র রহিল আগামিতে উত্তর দেওয়া যাইবে।

ভ্রম।

ইংরাজী ১৮৩৮ সনের ২৪মার্চ দিবসীয় দর্পণে মৌলবি আবদুলালি নামক এক ব্যক্তির বিরুদ্ধে ডিক্রির টাকা সংগ্রহ কারণ সদর আদালত হইতে তাহার একখণ্ড তালুক নিলাম হইবার চূড়ান্ত হুকুম হওয়াতে ২৫ ফাল্গুণ নীলামের দিন স্থির হইয়াছিল পরে এলাবক্স নামক একব্যক্তি মৌরশীপাট্টাদারা আপত্তি উত্থাপন করাতে উক্তনীলাম স্থগিত হয় এতৎপ্রকার অভিযোগ চাকার শ্রীযুতসেসন জজসাহেবের প্রতিকেবল আমার আত্মীয় ব্যক্তির অনবধানপ্রযুক্ত করা গিয়াছিল এইক্ষণে বিশেষ অনুসন্ধানে জানা…

good looking young lad in the first class. On the retirement of the pupils belonging to each class, Mr. Hare gave them prizes according to merits noted in the register book.

Some of the boys then came forward and acted well the following parts:

Fortune,.... Bijoychunder Bose.
Night, ... Omeschunder Bose.
Virtue, ... Omeschunder Bose,
The Segar....Khettermohun Basak.

After this, Mr. Hare having been desired by the Rajah Kalikrishna to address the boys with some encouraging phrases, rose and declared the pleasures which the Rajah and himself found in partaking the interesting business of the day; and hoped to see the pupils more liberally educated in the year following.

Baboo ———— returned thanks on the part of the managers of the school, to those gentlemen that honored with their presence.

The company separated at 1. P. M.

To Correspondents.

The following letters are under consideration:—"*Certain Residents in Moorshedabad,*" "*Mothooranath Baboo,*" and "*One desirous of the good of others.*"

"*A Reader of the Durpun*" shall appear.

An unsigned letter from Moorshedabad, and a letter signed "*Certain poor men of Jessore*" are under consideration.

"*A Reader of both Durpun and Chundrika,*" and "*A Youth,*" we propose to publish.

"*Bungobeharee, a bill Sirkar;*" "*Gourmohun Bose;*" and "An Extract from a Roobukaree" will appear at leisure.

There appears no occasion for publishing "*A Hindoo Partizan,*" and "*Roop Shunkur Mitter,*" *and others.*

We shall also publish "*the People of Mundle ghat;*" "*K. N. B.;*" and the Roobukaree; and a "*Brahmun who sees the Durpun.*"

"*Raudhaa Chukerbutty, Modhoosoodun Mookerjee, and others,*" is declined. "*A Zillah Resident who thinks of the welfare of a Sudder Ameen,*" will appear.

The following are under consideration: "*Residents of Chinsurah*" and "*P. R.*"

We decline to publish any thing more regarding the disputes in the Dhurma Subha.

"*The Residents of Sunkerpore*" is under consideration.

We have ten or twelve more letter which will be noticed next week.

ERRATA.

In the *Durpun* of the 24th March, it was stated, that an order was issued from the Sudder Adawlut, to sell a certain Talook of Moulvee Abdool Aly, in satisfaction of a decree; and that the 25th Falgoon was fixed for the sale; and that Ela Bux then came forward and objected to the sale on the ground that he had a perpetual lease of the estate, on which ground the sale was countermanded. The blame of this proceeding, was, through the carelessness of my friends who furnished the information, thrown on the

গেল যে উক্ত বিচার ঢাকার প্রধান সদর আমীন কর্ত্তৃক হয় অতএব ভ্রমজন্য দোষ মার্জ্জনার্থ উপরে লিখিত কএকটি পংক্তি আপন আগামি শনি বাসরীয় দর্পণে প্রকাশ করিবেন

Session Judge of Dacca; but after more particular enquiry it is understood, that the Principal Sudder Ameen was the individual who stopped the sale. Oblige me by publishing this in the *Durpun*, and overlooking my error.

প্রেরিতপত্র।

মহামহিম শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয়েষু।

আমারদিগের ফরিদপুর জিলাতে একটিও ইঙ্গরেজী পাঠশালা না থাকাতে ইঙ্গরেজী বিদ্যা শিক্ষার কোন উপায় নাই ঢাকা শহরে আছে বটে কিন্তু সে অতি দূর প্রযুক্ত এবং যোত্রহীন ব্যক্তিরদের বাসা খরচের অপ্রতুল প্রযুক্ত তথায় থাকিয়া বিদ্যাভ্যাস করিতে অক্ষম অতএব এই সঙ্কট দৃষ্টি করিয়া এই জিলার রাজকর্ম্মকারক মহাশয় শ্রীযুক্ত মৌলবী আবাসআলি এবং জাইণ্ট মাজিস্ত্রেট শ্রীযুত রাবর্ট গ্রেট সাহেব এই অঞ্চলে বিদ্যালয় স্থাপনার্থ এক চাঁদা করিয়াছিলেন কিন্তু তাহাতে এমত অর্থ সংগ্রহ হইল না যে তদ্দ্বারা ঐ ব্যাপার সম্পন্ন হয়। অতএব আমরা শুনিয়া পরমাহ্লাদিত ছিলাম যে সদর বোর্ডের মেম্বর শ্রীযুত হেনরি ওয়াল্টর্স সাহেবের নিকটে ঐ শ্রীযুত মৌলবী এই বিষয় প্রস্তাব করাতে শ্রীযুক্ত সাহেব বিলক্ষণ উৎসাহ পূর্ব্বক কহিলেন যে যে জিলায় বিদ্যালয় নাই সেই জিলার নিষ্কর ভূমির কর সংগ্রহের দ্বারা তথায় বিদ্যালয় স্থাপন করিতে জিলার কালেক্টর সাহেবকে অনুমতি দেওনার্থ সদর বোর্ডের সাহেবেরা সম্মত আছেন কিন্তু এপর্য্যন্ত তাহার কোন চিহ্ন দৃষ্ট হয় নাই অতএব আপনি অনুগ্রহপূর্ব্বক এই প্রস্তাব দর্পণস্থ করিলে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর ও সদর বোর্ডের শ্রীযুক্ত সাহেবেরদের কৃপা দৃষ্টিপাতে শীঘ্র এক বিদ্যালয় স্থাপন হইলে এই অঞ্চলস্থ অজ্ঞানান্ধ ব্যক্তিরা জ্ঞান চক্ষুঃ প্রাপ্ত হইয়া কৃতার্থ হয় ইতি।

ফরিদপুর জিলাস্থ বিদ্যার্থি প্রজানাং।

Correspondence.

To the Editor of the Durpun.

In consequence of there being no School at Furreedpore for teaching English, there are no means of learning that language. There is one at Dacca, it is true; but it is so far, and the poor are so unable to pay for a residence in that town, that we cannot proceed thither to acquire learning. Seeing these difficulties, Moulavee Abas Ali, one of the functionaries of this district, and the Joint Magistrate, Mr. Robert Garret, set on foot a subscription for the establishment of a School. We were therefore happy to hear that the Moulavee, having made the circumstance known to Mr. Walters, the Member of the Revenue Board, he said with much confidence, that the Members of the Board were willing to authorise the Collector to establish a school where none existed, out of the revenues acquired from the rent free lands. But no token of it as yet appears. Will you, therefore, publish this in the *Durpun*, that the Governor General and the Revenue Board may look with compassion on us, and a School may be established here, and those who are in darkness may have their eyes open to the truth and be satisfied.

Residents at Furreedpore desirous of learning.

মহামহিম শ্রীযুক্ত সমাচার দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

বহুবিধ সেলাম পুরঃসর নিবেদনমেতৎ আপনকার আনুকূল্যতার দ্বারা নানা দেশীয় দুষ্টদিগের দৌরাত্ম্য শ্রীযুত মেজেষ্ট্রেট সাহেবদিগের কর্ণগোচর হওয়াতে ঐ প্রবল প্রতাপ সাহেব মহাশয় দিগের দুষ্টদলনীয় সুশৃঙ্খলাতে ঐ দৌরাত্ম্য নিবারণ হইয়াছে এপ্রযুক্ত আমি প্রার্থনা করিতেছি যে নীচের লিখিত কয়েক পংক্তি বহুজনের ধনপ্রাণ রক্ষার্থ নজ দর্পণৈক পার্শ্বে স্থান দানে দস্যুহস্ত হইতে কথকগুলিন প্রাণী রক্ষা করিতে আজ্ঞা হয় সম্পাদক মহাশয় গত বৎসারবধি প্রচণ্ড তপন তাপেতেই লোক সকল তাপিত ও জীবন বিহীন আছে অধিকন্তু ইদানীং মড়ার উপর খাঁড়ার প্রহার হইতেছে অর্থাৎ জেলা বর্দ্ধমানের অন্তঃপাতি জৌগ্রাম নামক গ্রামে কতকগুলিন চোর অর্থাৎ নবাই বাগদী ও পীতাম্বর মাজী ও কলমদ্দিন মোছলমান এইতিন জন আর বেচারাম পাল ইনি পূর্ব্বে সদ্গোপ ছিলেন এইক্ষণে বাগদীকে জাতি দিয়াছেন এই চারিজনে একত্র দলবদ্ধ হইয়া পূর্ব্বে প্রায় প্রতি রজনীতে চুরি করিতেন এবং ঐ চৌর্য্য বৃত্তির দ্বারা যাহা উপার্জন হইত তাহা আপনারা অর্দ্ধেক লইত ও বক্রী অর্দ্ধেক তাহার দিগের মুরব্বি অর্থাৎ ঐ গ্রামের দত্ত মহাশয়কে দিতেন দৈবাৎ কোন স্থানে ধৃত হইলে ঐ দত্ত বাবুজি মহাশয় ভয় দৈত্রতার দ্বারা অর্থাৎ যে গৃহস্থের বাটী চুরি হইত তাহাকে কহিতেন যে খবরদার এ কথা পুলিশে গোচর হইলে তোমার যথা সর্ব্বস্ব যাইবেক এবং তোমাকে হলফ করিতে হইবেক অতএব জ্ঞাত ও পরে ঐ দুষ্টদলকে ছাড়াইয়া দিতেন এইক্ষণে সকল গৃহস্থ আপন ২ দ্রব্যাদি সাবধানপূর্ব্বক রাখাতে ঐ চোরেরা স্বীয় বৃত্তির ন্যূনতা দেখিয়া এই নিয়ম করিয়াছে যে রাত্রি দুই প্রহরের পর গৃহস্থের বাটীতে অগ্নি দেয় পরে ঐ অগ্নি প্রজ্বল হইলে গৃহস্থেরা ব্যাকুল হইয়া ফেরে ইতি মধ্যে ঐ চোরেরা আপনারদিগের মানস পূর্ণ করিয়া দত্ত বাবুজি মহাশয়ের নিকট প্রস্তুত হয় এমতে ঐ গৃহস্থ এক কালীন ধনে ও প্রাণে মারা যায় অতএব মহাশয় এই বৃত্তান্ত জেলা বর্দ্ধমানে নিযুক্ত মেজেষ্ট্রেট সাহেব মহাশয়ের কর্ণগোচর করাইলে বোধ করি যে তিনি ইহার অনুসন্ধান অবশ্য করিতে পারেন এবং ইহা হইলে ঐ গ্রামবাসী সকলে ধনে প্রাণে রক্ষা পাইতে পারে যদি বলেন গ্রামবাসিরা কোন প্রকারে মাজিষ্ট্রেট সাহেবের নিকট কেন না করে উত্তর ঐ দত্ত বাবুজি মহাশয় প্রভৃতি দুষ্টদিগের ভয়ে পারে না এস্থলে আমার প্রার্থনা এই যে যে পর্য্যন্ত বৃষ্টি না হয় সে পর্য্যন্ত ঐ দুষ্টেরা রজনীযোগে পুলিসের জিম্মা থাকে কিমধিকং নিবেদনমিতি সন ১২৪৪ সাল তারিখ ১২ চৈত্র শনিবার।

কস্যচিৎ জৌগ্রাম নিবাসী কায়স্থস্য

To the Editor of the Durpun.

Through your exertions, the oppressions of individuals in various parts of the country are brought to the knowledge of the Magistrates; and those powerful and vigorous gentlemen, through their admirable arrangements for repressing the wicked, are enabled to prevent those oppressions. I therefore pray you, that you would publish the few following lines, intended to preserve the lives and property of many individuals, in the *Durpun*, and thus extricate us from the hands of the wicked. Mr. Editor, since the last year, men have been subject to great inconvenience from the excess of heat, and from the want of rain; but new calamities are still coming upon us. In the village of Jou, in the district of Burdwan, a body of robbers, Nobae Bagdee, Petumber Manjee, and Kulumuddeen, a Moosulman, with Becharam Pal, who was formerly a Sutgup, but is now become a Bagdee, are banded together, and formerly used to commit robberies almost every night. Whatever they were able thus to collect, was divided into two shares; half went to them, and half to a powerful family of Dutts, in the village. Whenever they were discovered, the Dutts, partly through fear, partly through persuasion, got them off, by going to the person who had been robbed, and telling [illegible] make it known to the [illegible] plunder him of every th[illegible] to make oath. But as t[illegible] on their guard, the vil[illegible] gains reduced, have det[illegible] the houses in the vi[illegible] When the fire has seiz[illegible] mates become distracted, an[illegible] seize the occasion to fulfil thei[illegible] then appear before the Dutts. [illegible] villager loses his all. If these [illegible] reach the ears of the Magistrate [illegible] wan, we think he will certainly exam[illegible] the business, and in that case, the [illegible] will be relieved from the loss of li[illegible] perty. If you say, why do not th[illegible] present a petition to the Magistrate [illegible] reply, that they dare not do it throu[illegible] of the villains, and of their supporte[illegible] Dutts. Our prayer is, that until [illegible] some showers of rain, these evil [illegible] may be under the surveillance of th[illegible] *12th Choitra*, 1244.

A Kayust of Jou

মহামহিম শ্রীযুত দর্পণ সম্পাদক মহাশয় সমীপেষু।

জিলা মেদিনীপুর নিবাসি রাজা ও জমিদার প্রভৃতির মুক্তারদিগের নিবেদন। আমরা বহু কালাবধি মোক্তারী কর্ম্ম করিয়া থাকি তাহাতে কোন উপযুক্ত কালেকটর ও মাজিষ্ট্রেট জিলা মেদিনীপুরে না আসাতে আমারদিগের উপর বহুবিধ দৌরাত্ম্য ঐ সকল হাকিম সম্পর্কীয় কর্ম্মকারকেরদের দ্বারা হইয়া আমরা আপন২ স্থান ভ্রষ্ট হইতে উদ্যত হইয়াছিলাম অর্থাৎ মহম্মদ হুসেন নামক এক জন জবনে ঐ কালেকটরী সিরিশতাদারী কর্ম্মে সন ১২৩৫ সালে নিযুক্ত হইয়া সন ১২৪২ সাল পর্য্যন্ত বহাল থাকিয়া উৎকোচাদির দ্বারা নগদ সম্পত্তি ও তালুক ও লাখেরাজ ভূমি কত লয় তাহার সংখ্যা করিতে পারি না। ফলতঃ দৃষ্টতঃ ছয় সাত লক্ষ টাকার সম্ভাবনা। তাহাতে আশ্চর্য্য এই যে চোর ডাকাইতেরা সোণ রূপার জিনিস লইয়া হাপাইতে পারে না কিন্তু এ চমৎকার ডাকাইত যে তালুকাত ও লাখেরাজ ভূম খুব লইয়া হজম করে হাকিমান লোকেরা দেখিয়াও দেখেন না। অতএব আমরা অত্যন্ত দুঃখী হইয়া ঐ সকল বিষয় উত্থাপন উৎকালীন হাকিমানের নিকটে করিলে কেমনি দুরদৃষ্ট যে তাহা ঐ ডাকাইতের হাতেই পড়িত। এইপ্রযুক্ত এ অসহ্য বিষয়ও সহ্য করিয়া ক্ষান্ত ছিলাম এইক্ষণে আমারদের সৌভাগ্য ক্রমে শ্রীযুত ফারদ্রিক ডোনেলি সাহেব জিলায় কালেকটরী পদাভিষিক্ত হইয়া সিরিশতায় গোলযোগ যাহা সর্ব্বত্র ব্যক্ত আছে তাহা সুতক্ষরের ন্যায় নিকাশ এবং পূর্ব্বকার এসকল কর্ম্মকারকের দের অত্যাচার দূরকরণের অভিপ্রায় করাতে আমার ক্রমে২ আপন২ মুনিবের প্রতি অত্যাচারের বিচার প্রার্থনাতে শতাংশের একাংশ মাত্র নালিশকরাতে ঐ শ্রীযুত সাহেব মনোযোগ পূর্ব্বক তাহার বিচার আরম্ভ করিয়া ছিলেন তাহাতে আমারদের মুনিবের এক বিবরে ঐ মহম্মদ হুসেন শিরিস্তাদার যে মবলগে ৭১৩৫ টাকা ঘুসলয় তাহার খাতাবহী তদাদি দৃষ্টি করিয়া এবং অন্যান্য রাজা ও জমিদার প্রভৃতির খাতাবহী তলপ করাতে আমারা কএকজন রাজার ও জমিদারের খাতাবহী ঐ শ্রীযুত সাহেবের নিকটে দাখিল করিয়া ছিলাম তদ্দৃষ্টে ঐ সিরিশতাদার ও অন্যান্য আমলার নামে কিঞ্চিৎ ন্যূন ৩ লক্ষ টাকা বাহির হয় তাহাতে আমার সকলই আহ্লাদিত ছিলাম যে বুঝি আমারদিগের অদৃষ্ট ক্রমে ঐ বিচক্ষণবর হাকিমের আগমনে আমারদের প্রতি চিরকালীন দৌরাত্ম্য দূর হয়। তাহাতে ঐ সিরিশতাদারের অ

To the Editor of the Durpun.

The petition of the Mooktears of th[illegible] jah and Zemindars of Midnapore. We long been engaged as agents of the holders; but in consequence of our h[illegible] had no proper Magistrate and Collect[illegible] were subjected to so much oppression public officers, that we were ready to [illegible] up our situations. More particularly, M[illegible] homed Hossein was appointed Shrista[illegible] of the Collector, in 1235; and contin[illegible] to enjoy it till 1242, obtained, throug[illegible] bery and corruption, such a quantity [illegible] ready money, and Talooks, and rent-fre[illegible] lands, that we cannot enumerate them all. I[illegible] fact, his gains cannot have fallen short of si[illegible] or seven lakhs of Rupees. But is it not as[illegible] tonishing that when thieves purloin gold o[illegible] silver articles, they are scarcely able to co[illegible] ceal their plunder; but this robbery is sin[illegible] gular from the fact, that the robber was abl[illegible] so well to digest the estates and rent-fre[illegible] lands which he had swallowed; and that th[illegible] rulers should have looked on with indiffer[illegible] ence. We, therefore, being reduced to grea[illegible] distress, made our complaints on thi[illegible] ground to our rulers; but through our evi[illegible] fortune, our petitions fell into the hands o[illegible] this very man. We, therefore, were obliged t[illegible] remain quiet and put up with these insuffer[illegible] able grievances. Now our good fortune ha[illegible] brightened, and Mr. Donelly has been appointed to the district; has most ably restore[illegible] to order this district, of which the disorganization was known to all; and is seeking how he may correct the evils arising from the oppressions of those officers. Hence, we having applied for redress for the injurie[illegible] which our masters had sustained; and having brought forward only the hundreth part of our complaints, that gentleman diligently set himself to the investigation; and in one instance alone, we charged Mahomed Hussein with having received a bribe of 7,135 Rs., and upon an examination of his own account books, and those of the Rajahs and Zemindars, we were enabled to lay [illegible] counts before the Magistrate. And [illegible] lakhs of Rupees were p[illegible] Shristadar and his officers. [illegible] fore, in joyful expectation, [illegible] of this gentleman [illegible]

ান অবন তত্তুল্য ডাকাইত ত র্ম নিযুক্ত আছে তাহারা ঐক্য রেবিতে আমারদের ঐ সকল পীলে শ্রীযুক্ত কটকের কমিস্য নিকটে অর্পণ করিয়াছে। কি গের দুর্ভাগ্যক্রমে ঐ শ্রীযুক্ত বেবেচনা করেন অতএব প্রার্থ বিষয় সুক্ষ্ম বিচার করিয়া অত্যন্ত াচারগ্রস্ত ব্যক্তির দিগকে রক্ষা করেন।

জিলা মেদিনীপুরস্থ জমিদার ও মোক্তার প্রজাবর্গাণাং।

শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নেলামাবেদন মিদং পারসীর পরিবর্ত্তে বাঙ্গলাভাষা আদালতে প্রচলিত হওয়া আদেশ হওয়াতে এতদ্দেশীয় অনেকেই বিশেষত হিন্দু মাত্রই হর্ষযুক্ত হইয়া বারম্বার মুক্তকণ্ঠে শ্রীযুত রাজ্যাধিপতিকে ধন্যবাদ দিতেছেন কিন্তু ইহার মধ্যে আমারা এই এক বিষয় জিজ্ঞাস্য যে এক্ষণে যাঁহার নূতন মুনসেফ কি সদর আমীনের পদে নিযুক্ত হইবেন তাঁহারা বাঙ্গলা ভিন্ন সুদ্ধ পারসী ভাষা জানিলে উক্তমত পদে নিযুক্ত হইতে প্রিবেন কি না যদি কেবল পারসী ভাষা জ্ঞ নিযোগ কর্ত্তব্য হয় তবে আদেশ বি কর্ম হইবেক যদি তাহা না হয় অর্থাৎ বাঙ্গ অনভিজ্ঞ হইলে কথিত পদে নিযোগ কর্ত্তব্য না হয় তবে সে আজ্ঞা উল্লঙ্ঘন হই সম্ভাবনা উপস্থিত তদ্বিস্তারিত এই যে জিলা ২৪ পরগনার অন্তঃপাতি রসার বর্ত্তমান মুনসেফর পরিবর্ত্তে যে এক জন জনকে তৎ নিযুক্ত করিতে উক্ত জিলার শ্রীযুত জজ সাহেব সদর দেওয়ানিতে অনুরোধ করিয়া লিপি প্রেরণ করিয়াছেন সে ব্যক্তি কেবল পারসী বাঙ্গলা লিখন পঠন দূরে থাকুক সামান্য কথোপকথন করিতে কি বুঝিতে নিতান্ত অক্ষম অতএব আদালতের কর্ম্মে বাঙ্গলা ভাষা লেখা পড়া যাহা বহু দিন আন্দোলনান্তে স্থাপন হওয়ার চূড়ান্ত আদেশ হইয়াছে তাহা উক্ত ব্যক্তি দ্বারা উত্তমরূপে নির্ব্বাহ হওয়া কোন মতে সম্ভবে না এবং শ্রীযুত জজ সাহেব বা কি বিবেচনায় এমত ব্যক্তিকে মুনসেফী কর্ম দিতে প্রবৃত্ত হইয়াছেন ইহার মর্ম্ম বুঝা ভার। ইহাতে যদি কোন মহাশয় এমত কহেন যে তবে আমার মতে কোন ক্রমে এতাদৃশ ব্যক্তির উক্তমত পদ প্রাপ্ত হইবার সম্ভাব না থাকিল না কিন্তু আমার সে অভিপ্রায় নহে মানস এই যে বর্ণ বিচার না করিয়া যাঁহারা বাঙ্গলা ভাষায় পারদর্শী এবং ধর্ম্মিষ্ঠ হইবেন তাঁহারাই অভিনব নিযোগী হন অপর বর্ত্তমান মুনসেফ কি সদর আমীন দিগের প্রতি আমার কিছু বক্তব্য নাই যিনি যেমত অবস্থায় আছেন তিনি সেই মত থাকুন পশ্চাৎ তাঁহারা কর্ম্ম অবসর কিম্বা কর্ম্মচ্যুত হইলে তাঁহারদিগের পরিবর্ত্তে যে প্রকার নীতি বর্ত্ম কথিত হইল তাহাই হয় এই মর্ম্মানুসারে এক অনুজ্ঞাপত্র শ্রীযুত রাজ্যাধিপতি কর্ত্তৃক সর্ব্বত্র প্রকাশ পাইলে পূর্ব্বের আদেশ সম্যক প্রকারে বলবৎ থাকিয়া পরম যশস্বী হন এই আমার প্রার্থনা মাত্র ইতি।

কস্যচিৎ দেশ মঙ্গলাকাঙ্ক্ষিণঃ

মহামহিম শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

সহরচন্দন নগরের প্রজাবর্গের নিবেদন বিস্তারিত নীচে লিখিতেছি আমারদিগের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া মহাশয়ের নির্ম্মল দর্পণৈকপার্শ্বে অনুবন্ধিত করিয়া চিরবাধিত করিবেন উক্ত সহরের প্রজাবর্গের সৌভাগ্য [illegible] তিয়র্স সাহেব এই সহরের [illegible] হইয়া আসিবাতে পরম [illegible] অর্থাৎ এসহরে ডাকাতি চুরি [illegible] ইহার বিশেষ কারণ এই যে সা[illegible] পোলিসের থানাদারের জমাদার [illegible] ও পাইকান সকলকে সর্ব্বদা

grievances would be removed. But the associates of the Shristadar, equal to himself in these practices, who are now employed in high situations, have united together, and sent an appeal of our complaint to the Commissioner of Cuttack. We know not how this gentleman, through our evil destiny, may decide the case. But we hope he will thoroughly examine into it, and save the poor and oppressed from destruction.

The Mooktears of the Zemindars of Midnapore

To the Editor of the Durpun.

In consequence of the orders issued for adopting Bengalee in lieu of Persian in the business of the Courts, many in this country and paticularly the Hindoos, are filled with delight, and are continually praying for blessings on the rulers of the country. But I want information on this one point, whether those that may be nominated Moonsiffs and Sudder Ameens will obtain those appointments if they are ignorant of Bengalee, and acquainted only with Persian. If they are to be appointed only on acquaintance with Persian, then the orders of Government will be violated. If they are to be considered as unfit for these situations, if they are not acquainted with Bengalee, then the orders must be set aside. [This is quite unintelligible.] I will cite an example. In the Zillah of the 24-Pergunnahs, the Judge has recommended to the Sudder Dewanny Adawlut to appoint a Moosulman Moonsiff, in the place of the present Moonsiff of Rosa. The Moosulman is acquainted only with Persian he cannot even understand or write Bengalee. How can the rule, which after long discussion has been now established regarding the use of the Bengalee language in the Courts, be carried into execution by such an individual? Upon what principle has the Judge thought proper to nominate such an individual for the post of Moonsiff? If any one should say, that in my opinion, such a class of persons ought not to be appointed to such situations; such, however, is not my wish. My anxiety is that, without any respect of creed, all those who are well acquainted with Bengalee, and are men of good character, should be appointed to these posts as they fall vacant. I have nothing to say to existing Moonsiffs or Sudder Ameens. Let each one remain in the situation he now occupies. But why they have resigned or have been dismissed, let the rules to which I have alluded be enforced regarding their successors. If a proclamation to this effect were published from authority, the new rule which has been promulgated would be maintained in force. This will bring much credit to Government. This is my prayer.

A well-wisher of the country.

To the Editor of the Durpun.

We send you the request of the inhabitants of Chandernagore; and we beg you to publish it in the *Durpun*, and thus to lay us under perpetual obligations. Through the good fortune of the inhabitants of this town, Mousieur Thiers has been appointed Magistrate, which has been an auspicious circumstance for all. Thefts and robberies have disappeared; and the reason is, that this [illegible] is constantly on the alert to keep the Police Jemadars, Burkundazes and Paiks to their duty. Every one knows, that whenever it becomes a maxim with Government to exercise a due control over the Police Of-

তম্বি করিয়া থাকেন সর্ব্বজন প্রসিদ্ধ এবং বুদ্ধিনীতে এই পোলিসের আমলা দিগের পর শাসন থাকিলে চুরি ডাকাতি হয় না মেজেষ্টর সাহেবের এদৃষ্ট সর্ব্বদা আছে কোন অংশে ধর্ব্বতা নাই এসহরের সদর মফঃসল রাস্তা সকল অতি পরিষ্কার রাখিয়াছেন এবং জঙ্গল যে সকল ছিল তাহাও পরিষ্কার হইয়াছে ইহাতে প্রজাবর্গের প্রায় শারীরিক ব্যামোহ নাই সচ্ছন্দরূপে আছে সাহেব মৌছুপ অতি সুবিচারক বুদ্ধিমান অতিশয় স্বভাষার ভাষা ব্যতিরেক অন্য ভাষা অজ্ঞাত তত্রাপি বুদ্ধির প্রাখর্য্যক্রমে এনটর পিটর দ্বারা সকল মোকদ্দমার তদবিতদন্ত বুঝিয়া যথার্থ বিবেচনা করিয়া থাকেন কোনমতে বেআইন হুকুম দেন না মানিব্য লোকেরদের সম্মান করিয়া থাকেন কিন্তু দণ্ডার্হ হইলে রেয়াইৎ করেন না এমত বুদ্ধিমান এবং বড়লোকের সন্তান সুশীল ইহার উপযুক্ত এ কর্ম্ম নহে ইহা হইতে কোন বড়কর্ম্ম ফরাশীষ গবর্ণর মেন্ট ইহাকে দেন তাহা হইলে ইঁহার উপযুক্ত হইতে পারে দর্পণ প্রকাশক মহাশয় গো আমারদিগের ভাগ্যবশত এমত হাকিম আমরা পাইয়াছি এক্ষণে প্রার্থনা করি ইঁহার উচ্চ পদ হইয়া চিরস্থায়িতা হয় ইতি সন ১২৪৪ সাল তারিখ ৯ চৈত্র।

এতদ্দেশীয় বাঙ্গালা সমাচার পত্র সম্পাদক মহাশয় বর্গের প্রতি নিবেদন।

দেশোপকারক শ্রীযুত দর্পণ প্রকাশক মহাশয় সমীপেষু।

বিহিত সম্বোধন পূর্ব্বক নিবেদনমিদং এতন্মহানগর কলিকাতা মধ্যে কিয়দ্দিবস পূর্ব্বে বাঙ্গালা সমাচার পত্রের প্রাচুর্য্য হইয়াছিল মধ্যে কিয়ৎকাল ম্লায়মান থাকিয়া এক্ষণে পুনর্ব্বার পূর্ব্বের ন্যায় বৃদ্ধি দৃষ্ট হইতেছে যে এইক্ষণেকত বাঙ্গালা ভাষার সম্বাদ পত্র অর্থাৎ সমাচার দর্পণ জ্ঞানান্বেষণ সমাচার চন্দ্রিকা সংবাদ পূর্ণচন্দ্রোদয় সংবাদ প্রভাকর সংবাদ গুণাকর সংবাদ সুধাসিন্ধু বঙ্গদূত প্রভৃতি বঙ্গভাষায় নিয়মিত মত উত্তমরূপ চলিতেছে ইহাতে অস্মদ্দেশীয় সমাচার পত্রের একপ্রকার শ্রীবৃদ্ধি কহিতে হইবেক। যাহা হউক এবং প্রকার রীত্যনুসারে পূর্ব্বোক্ত পত্র সকল প্রচলিত থাকিলে এতদ্দেশীয় ও অন্যদেশীয় বিশেষতঃ বাঙ্গালি দিগের জ্ঞানধন দিব্য বুদ্ধি বৃদ্ধি হইবার সম্ভাবনা বটে কিন্তু ইংলণ্ড দেশের সহস্রাংশের একাংশও এতদ্দেশে প্রচলিত নাই ফলতঃ এদেশের অবস্থা বুঝিয়া যাহা আছে তাহাই যথেষ্ট কহিতে হইবেক। অপরঞ্চ কোন২ সম্বাদ পত্র কত সংখ্যক লোক গ্রহণ করেন যদ্যপি পূর্ব্বোক্ত সংবাদ পত্র সম্পাদক মহাশয়েরা করুণা প্রকাশপূর্ব্বক কিঞ্চিৎ কষ্ট স্বীকার করিয়া স্বীয়২ সম্বাদ পত্রের গ্রাহক বর্গের নামধাম সম্বলিত এক২ তালিকা প্রকাশ করেন তবেই নিশ্চয় হইতে পারে যে এতদ্দেশীয় সংবাদ পত্রে কত সংখ্যক লোক সাহায্য প্রদান করেন তাহা প্রকাশ হইলে অনেকের অশেষোপকার হইবার সম্ভাবনা অতএব বিনতিপূর্ব্বক নিবেদন মহাশয় এবং অন্যান্য ইংরাজী ও বাঙ্গলা পত্র সম্পাদক মহাশয়েরা কৃপাপূর্ব্বক এইপত্র স্বীয় স্বীয়২ পত্রে উত্তোলন করত আমার ইষ্টাসিদ্ধ করিয়া বাধিত করিতে আজ্ঞা হইবেক কিমধিক মিতি তাং ৪ চৈত্র সন ১২৪৪ সাল।

কস্যচিৎ বিজ্ঞাপন প্রকাশাভিলাষি দর্পণ পাঠকস্য

বাঙ্গলা সমাচার পত্রের মর্ম্ম।

অত্যুত্তমজ্ঞানী সর্ব্বসাধারণে সুজ্ঞাত ও সুখ্যাত সমস্ত এতদ্দেশীয় জনসমূহের সভ্যতা সম্প্রাপ্ত্যর্থ সচেষ্টিত এবং আসিয়াটিক সোসাইটির সিক্রেটর ছিলেন যে অতিমান্য শ্রীলশ্রীযুক্ত ডাক্তর উইলসন সা

ficers, thefts and robberies are prevented. The Magistrate keeps his eye continually on them, and never neglects this duty. All the great and small roads in the town are kept clean and in good order; the jungle has been removed, which has tended to improve the health of the inhabitants, who now suffer no bodily inconvenience. This gentleman is very wise and judicious. Though he is not acquainted with any but his native tongue, yet through his natural ability, he makes himself acquainted with every thing by means of an interpreter, and is enabled to come to a just decision; nothing unlawful is ever decreed. The respectable individuals receive due honor; but he never allows those who are worthy of punishment to escape. He is wise, mild, descended from a good family; and the situation he now holds is, therefore, beneath him. If the French Government would invest him with some higher appointment, it would only be right towards him. Mr. Editor, it is through our good fortune that we have received such a Magistrate. We now pray that he may be promoted to some high [illegible]ation, and perpetually continue in it. *9th Choitra, 1244.*

ADDRESS TO THE EDITORS OF THE NATIVE PAPERS.

To the Editor of the Durpun.

In this great city of Calcutta, the Native papers some time ago attained a great increase; but afterwards they were for some time in a drooping state; they have now been increased almost to their former scale. Our various papers, the *Durpun*, the *Gyananneshun*, the *Chundrika*, the *Sun bad Poorna-chundrodoyu*, the *Prubhakur*, the *Goonakur*, the *Soodha Sindhoo*, the *Bungudoot*, and others, are now published with perfect regularity. We may therefore consider our papers as having been increased in dignity Be that as it may, if these papers continue upon the present footing, the inhabitants of this country, and of other countries, but more particularly of Bengal, will experience an increase of their wisdom and knowledge. Yet the papers in this country have not a thousandth part of the circulation of papers in England; but considering the circumstances of the country, we consider our circulation as great. But we want to know how many subscribers there are to each paper. If the Editors of the papers will graciously agree to this labour, and give us in their journals the name and residence of each subscriber, we shall then be able to determine what support the natives of the country give to the papers. The publication of this would be an immense advantage to many. I would, therefore, intreat you and the other English and Native papers to insert this letter graciously in their journals, and oblige me by meeting my wishes.

A Reader of the Durpun.

Spirit of the Native Papers.

The news of the arrival of Dr. Wilson's bust at the museum of the Asiatic Society induced us to visit it a few days ago; but we are grieved to say we were much disappointed, as it bears no good resemblance

হের তাঁহার প্রতিমূর্ত্তি প্রতিবিম্বিত হইয়া আসিএটিক্ সোসাইটিতে সংপ্রেষিত হইয়াছে কিন্তু আমারদিগের ক্ষোভের বিষয় এই যে যথার্থ সুন্দররূপে তাঁহারস্বরূপাবয়ব সংপ্রকাশিত হয় নাই কিন্তু এতদ্দেশীয় অধ্যক্ষবর্গীয়ানুমত্যনুসারে শ্রীযুক্ত মেষ্টর বীচি সাহেব কর্ত্তৃক যে ঐ সুধীর সুবিখ্যাত মহাশয়ের যথার্থ স্বরূপ সমরূপ প্রতিবিম্বিত হইয়া হিন্দু কালেজে সংস্থাপিত আছে তদ্দর্শনে আমারদিগের বোধ হয় যে সেই সুধীর সুভব্য সাহেব সহ সাক্ষাৎ সংকথনাদি হইতেছে উক্ত সধীর সমূহের মানস সরোরুহ সুপ্রকাশ সূর্য্য সম যে উক্ত সাহেব অপরিহার্য্য অনিবার্য্য স্বীয় গুণ সমূহ সংযোজন সমূহ সংস্থাপন করিয়া বিদ্যালয়ের অধ্যক্ষতা পরিত্যাগ পুর্ব্বক বিলাত গমন করিয়াছেন তাঁহার প্রতিমূর্ত্তি সন্দর্শন আমারদিগের অতিশয় আহ্লাদজনক এবং শ্রীযুত মেষ্টর চেনট্রিদ্বারা যে সকল অতি চমৎকৃত প্রতিমূর্ত্তি ক্ষোদিতা হইয়াছে তাহা অতি গৌরব করণার্হ বটে কিন্তু উক্ত সাহেবের প্রতিমূর্ত্তি অতি চমৎকৃত হইয়াও তদপেক্ষা হেয় বোধ হইতেছে আর তিনি যে সকল বিদ্যালয়ের প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত করিয়াছেন তাহাতে কবিতাকারক স্বরূপ বলিয়াছেন আমরাও তদ্রূপ বলি যথা বিচিত্র চিত্রিতরূপ-সুচিত্রবদন। দৃশ্যমাত্র হয় নয় যথার্থ কথন। শিল্পকারের গুণগণ এই জ্ঞান হয়। সাক্ষাতেতে এই মুখে যেন কথাকয়। — [illegible]

প্রাত্যহিক পত্র সংদৃষ্টে আমরা অতিশয় আহ্লাদিত হইলাম তাহাতে প্রকাশিত হইয়াছে যে সংপ্রতি বিদ্যাশিক্ষার্থ জেনেরেল কমিটির ইসিক্রেটরী পদে নিযুক্ত আছেন যে শ্রীযুত আই সি সি সদরলেণ্ড সাহেব ইনি এতৎকার্য্যের উপযুক্ত ও অতি বিজ্ঞ ইহাঁর লা কমিসানরের সেক্রেটরি পদে নিযুক্ত হইবার কল্পনা হইয়াছে এই কার্য্যে এতদ্দেশাগত মধ্যে ইহাঁ ব্যতিরিক্ত অন্য উপযুক্ত দৃষ্ট হয় না এতৎকার্য্যে উক্ত সাহেবের নিয়োগাবধারণ করণ হেতু শ্রীলশ্রীযুক্ত প্রতিনিধি গবরনরের অতিশয় বিবেচকতা প্রকাশ পাইয়াছে আমরা ভরসা করি যে শ্রীযুক্ত আই সি সি সদরলেণ্ড সাহেব এই অতি গুরুতর কার্য্য অনায়াসে নির্ব্বাহ করিতে পারিবেন অতএব শ্রীযুক্ত গবর্ণমেণ্টের বিদ্যালয় সম্পর্কীয় বন্ধুগণের প্রতি বলি যে তাঁহারা এই সময়ে উক্ত সাহেব সমীপে জেনেরেল কমিটির একমেম্বর পদে তিনি স্থিতি করেন এমত প্রার্থনায় আবেদন করণে আলস করিবেন না যাঁহারা কোর্ট আপ ডিরক্টর্সে উক্ত সাহেবের রাজকার্য্যে নিয়োগ প্রার্থনা করিয়াছিলেন তাঁহারদিগের এই সম্বাদ অতিশয় আহ্লাদার্থ হইয়াছে।

আমরা পরমাহ্লাদপুর্ব্বক পাঠকবর্গদিগের বিজ্ঞাপন করিতেছি যে কিছু দিন গত হইল আমারদিগের মেজেষ্ট্রেটের কোন আত্মীয়দ্বারা এক ক্ষুদ্র পুস্তক প্রস্তুত হইয়াছিল এক্ষণে গুণাকর সম্পাদকদ্বারা তাহার বঙ্গভাষায় তর্জ্জমা হইয়াছে এই পুস্তক অতি গভীরার্থ যুক্ত ও উত্তম সংশোধিত হইয়াছে আর বিদ্যাশিক্ষোপযোগি সহায় হইয়াছে এবং বাঙ্গালা অক্ষরের ভুল নাই ও লেখাও উত্তম হইয়াছে এই পুস্তক সমাদরপুর্ব্বক ব্যবহার্য্য হইবে কেন না ইহাতে শিক্ষাকরণে উত্তম নীতি আছে আমরা বোধ করি যে শ্রীযুক্ত মেজেষ্ট্রেট সাহেব বিতরণ করণার্থ স্বীয়ার্থ ব্যয়দ্বারা প্রস্তুত করাইয়াছেন এই গ্রন্থ সন্দর্শনে আমরা কহিতে শক্য হই যে মেজেষ্ট্রেট সাহেব এতদ্দেশীয় দিগের শিক্ষার এক বন্ধু এবং ভাষার প্রদায়ক হইয়াছেন।

Wilson, whose name is familiar to our readers, as the late Secretary of the Asiatic Society, and a warm advocate in the cause of native improvement. The likeness which Mr. Beechy took of this renowned literary character, at the special instruction of the leading members of the native community, is so very striking, that whenever we behold his picture at the College Hall, we fancy we are conversing with that celebrated orientalist. It is well known, that persons who knew Dr. Wilson before, have quitted the College Hall, exclaiming invariably. "How much the exquisitely characteristic and striking picture of Dr. Wilson delighted us." With due deference to the acknowledged skill of Mr. Chantry, we think that this bust is far inferior to many of his splendid productions which now embellish the richest institutions in several parts of the world. We are of the same opinion with the poet who very judiciously remarks.

"'Tis not a lip or cheek we beauty call.

But the joint force and full result of all."

—Gyananeshun.

We are happy to see notified in the daily papers, that Mr. J. C. C. Sutherland, present Secretary of the General Committee of Public Instruction, is to be elevated to the Secretaryship of the Law Commission, a situation which we think cannot be better filled by any individual in this part of India. This appointment does much credit to the judgement and discretion of our much respected Deputy Governor. We are perfectly satisfied that Mr. Sutherland will be able to do ample justice to the most important and responsible duties which his present situation may impose upon him.—We embrace this opportunity to suggest to our friends and persons connected with the Government Schools, to loose no time in presenting him an address, and at the same time requesting him to continue his Membership in that most useful Committee to which he belonged, if we mistake not, from its very formation. The news of Mr. Sutherland's promotion will afford no small gratification to such of our countrymen as have petitioned the Court of Directors to restore him to the civil service of which he was an ornament for a long period.—*Ibid.*

We have much pleasure in being able to bring to the notice of our readers, that the Pamphlet on Education which was published sometime ago, by a relative of our worthy chief Magistrate, is now translated into the Bengalee language by the Editor of the *Gunakur*. This little book was originally written in an intelligent spirit and with much correct observation, and manifests a true philosophical tone, rarely to be met with in similar works. The Bengalee too with the exceptions of a few topographical errors is unusually good. We hope the work will be perused with interest, as it contains several good hints on education. We understand that our Magistrate has published the translation at his own expence for gratuitous distribution. This act, together with several others which it has been our lot to notice, is sufficient to shew that our chief Magistrate is a friend to native education, and an encourager of the vernacular language.—*Ibid*

ফিরিস্তি খয়রাত যাহা মোং পুরুলিয়ার কাছারীতে মানভূম শ্রীযুত আসিষ্টান্ট এজেণ্ট গবরনর সাহেব বাহাদুরের আপীসের আমলা সকল পশ্চিম দেশে দুর্ভিক্ষ স্থানের অন্নের দরে উপকারার্থ বিতরণ করেন ইতি। সন ১৮৩৮। ৮ মার্চ।

স্বাক্ষরকারিরদের নাম	টাকা	আনা
শ্রীজনার্দ্দন মুন্সী মোক্তার	১	
শ্রীরামচন্দ্র সরকার মোক্তার	১	
শ্রীগঙ্গারাম রায় মোক্তার	১	
শ্রীবদি পাইনারেক	১	
শ্রীগৌরীচরণ পুইতণ্ডী	১	
শ্রীরামকুমার চাটুর্য্যে মোক্তার	১	
শ্রীরাধাপ্রসাদ ঘোষ মোক্তার	১	
শ্রীবিশ্বনাথ ঘোষ মোক্তার	১	
শ্রীরামসুন্দর ভিক্ষুক ব্রাহ্মণ	৭	
শ্রীহাড় খাঁ চাপড়াশি		১০
শ্রীহারাধন সরকার উমেদওয়ার	১	
শ্রীরামবিহারি বসু মোক্তার	১	
শ্রীগোপাল সরকার মোক্তার	১	
শ্রীবিশ্বনাথ রায় মোক্তার	১	
শ্রীমধুসূদন বক্সী মোক্তার	১	
শ্রীকমল সরকার মোক্তার	১	
শ্রীউদয়চন্দ্র বসু মুহুরীর	১	
শ্রীরত্নকুমার মিশ্র মোক্তার	১	
শ্রীনীলকমল চৌধুরী মোক্তার	১	
শ্রীগণেশচন্দ্র মুহুরীর	১	
শ্রীচাঁদ নন্দ উমেদওয়ার		১০
শ্রীদিগম্বর সরকার বক্সী		১০
শ্রীসূর্য্যনারায়ণ মিশ্র মোক্তার	১	
শ্রীরামকানাই সরকার মোক্তার	১	০
নওয়াগড়ের শ্রীগো [illegible]	২	
শ্রীজগমোহন চৌধুরী মোক্তার		০
শ্রীমধুসূদন গাঙ্গুলী জমাদার	১	
শ্রীমুরাদ আলী উমেদওয়ার		৵০
শ্রীআবদুল বাসদ মোক্তার	২	
শ্রীতুলসীরাম মোক্তার	১	
শ্রীমথুরানাথ ঘোষ মোক্তার	১	
শ্রীআনন্দচন্দ্র বল্লভ মিত্র পেস্কার	২	
শ্রীভৈরবচন্দ্র মিত্রী মুহুরীর	১	
শ্রীজগবন্ধু ঘোষ মুহুরীর	১	১০
শ্রীমথুর বর্দ্ধন মুহুরীর	১	
শ্রীশ্রীনিবাস সরকার মহাফেজ	১	
ডাক্তার মুনসেফ শ্রীরামচাঁদবসু		৫০
শ্রীকার্ত্তিক চট্টো উমেদওয়ার		১৵০
শ্রীনিমাইচরণ সিংহ মোক্তার	১	
শ্রীকরম আলী		০।
শ্রীমুক্তারাম চট্টো মোক্তার	১	
শ্রীযুত মথুরানাথ মিত্র দেওয়ান	৪	
শ্রীমধুসূদন রায় পেস্কার	১	৷০
শ্রীমধুসূদন বসু মুহুরীর	১	
শ্রীকৃষ্ণচন্দ্র বিশ্বাস		১০
শ্রীঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়		।১০
শ্রীগোপাল সিংহ দারোগা	১	১০
শ্রীহীরালাল অধনা মহাফেজ	১	৷০
প্রজা শ্রীনারায়ণ সিংহ		।০
শ্রীনাইপাতর		৷০
শ্রীসরূপ মিত্র উমেদওয়ার		১০
শ্রীনফর সরকার মোক্তার		১০
শ্রীবেণিমাধব রায় মুহুরীর	১	
শ্রীমদন গাঙ্গুলী		১০
শ্রীমধুসূদন কেরাণি	৩	
শ্রীমাধব কেরাণি	১	
শ্রীগুরুদয়াল বেহারা	১	
শ্রীমোহন বেহারা		।০
শ্রীকাঙ্গালু বেহারা		৶০
শ্রীমনসা বেহারা		৴০
শ্রীছোট সরদার বেহারা		৴০
শ্রীবেথোরি		১০

কোম্পানির কাগজ।

পুরাতন ৫ টাকার লোন			
১ ক্লাস	৶	৵	ঐ
২ ক্লাস	৷০	১০	ঐ
৩ ক্লাস	৩৸০	১০	ঐ
মধ্যম ৫ টাকার লোন	০	০	ঐ
নূতন ৫ টাকার লোন	১৩৷০	১৪৷০	ঐ
৪ টাকার লোন	২	২।০	ঐ

বেঙ্ক সেয়র।

বাঙ্গাল বেঙ্ক	১৮০০—১৯০০	প্রিমিয়ম

শ্রীরঞ্জীৎ মেহতর	[illegible]
শ্রীমহিফু চাপড়াশী	[illegible]
শ্রীমনু চাপড়াশী	[illegible]
করম আলাসি	[illegible]
নফেরচাড় খাঁ চাপড়াশি	[illegible]

সিকক টা [illegible]

ফিরিস্তি খয়রাত যাহা মোং দিনাজপুর শ্রীযুত সাহেব এজেণ্ট গবরনর জেনরল বাহাদুরের আপীসের আমলা সকল পশ্চিম দেশের দুর্ভিক্ষ স্থলের অন্নের উপকারার্থ বিতরণ করেন। সন ১৮৩৮ সাল ৮ তারিখ ৮ মার্চ

নাম আমলা	উহারদের সাহায্য টাকা
শ্রীযুত বাবু দীননাথ চট্টোপাধ্যায় সেরেস্তাদার	৮
শ্রীযুত বাবু তারিণীচরণ মুখোপাধ্যায় ঐ	৫
শ্রীযুত বাবু ঈশানচন্দ্র মুখোপাধ্যায় ঐ	১
শ্রীযুত রামচন্দ্র চট্টোপাধ্যায় ঐ	৫
শ্রীযুত মদনমোহন পাল ঐ	২
শ্রীযুত গঙ্গানারায়ণ পাল ঐ	[illegible]
শ্রীযুত মুন্সী মোহনলাল হেড মুন্সী পোলিটিকাল এজেণ্ট	[illegible]
শ্রীযুত মুন্সী জয়বিহারিলাল মোক্তার ফৌজদারী	[illegible]
শ্রীযুত মুন্সী প্রসন্নলাল সিংহ পেস্কার কালেকটরী	[illegible]
শ্রীযুত বালকলাল সিংহ মুহুরীর কালেকটরী	[illegible]
শ্রীযুত নিলচাঁদ সিংহ মুহুরীর কালেকটরী	[illegible]
শ্রীযুত জওয়াহিরলাল মুহুরীর দেওয়ান	[illegible]
শ্রীযুত নেওয়াজিলাল মুহুরীর ফৌজদারী	[illegible]
শ্রীযুত ইমিতলাল ঐ	[illegible]
শ্রীযুত মুন্সী প্রসন্নলাল সিরিস্তাদার দেওয়ানী	১৪
শ্রীযুত মৌলবিপীরবকসমুহুরীর ফৌজদারী	১
শ্রীযুত রাজচন্দ্র চৌধুরী হেড মুহুরীর কালেকটরী	১
শ্রীযুত মনুওর আলী মুহুরীর	১
শ্রীযুত হনুমান সহায় নায়েব মহাফেজ	[illegible]
শ্রীযুত অর্জুনরাম রায় মোক্তার	১০/
শ্রীযুত শ্রীনন্দলাল পাঁড়ে জমাদার পোলিস	১
শ্রীযুত দৌলৎরাম দেওয়ান মোক্তার	১
শ্রীযুত ভৈরব সিংহ জমাদার	১
শ্রীযুত প্রভুনারায়ণ মোক্তার	১
শ্রীফকরদ্দীন দপ্তরী	১
শ্রীযুত লালা রামসহায় ও শ্রীযুত জয়নারায়ণ মোক্তার	১
শ্রীযুত লালা জওয়াহিরলাল ঐ	১
শ্রীযুত লালা গজরাজ সিংহ ও শ্রীযুত উজুদ্বিলাল ঐ	[illegible]
শ্রীযুত লালা উমরিতলাল ঐ	১
শ্রীযুত নন্দরাম দত্ত ঐ	১
শ্রীযুত রামকানাই রায় ঐ	১
শ্রীযুত রঘুবর সিংহ দেওয়ান রাজা সুরগুজা	৫
শ্রীযুত বলদেব সিংহ মালিক মৌজে রামকোনা	১
শ্রীযুত শঙ্করবক্স মোক্তার	১
শ্রীযুত কর্ত্তারাম ঐ	১
শ্রীযুত হরি সিংহ এলাকাদার সুরগুজা	১
শ্রীযুত বরিআও সিংহ ঐ	১
শ্রীযুত লাল লোকনাথ সিংহ জমিদার মৌজে কেরা দিগর মতাজক ছোট নাগপুর	২

Government Securities.

Old 5 Per Cent loan,				
1st Class,	0	2	0	6
2d. Class,	0	1	0	4
3d. Class,	3	12	4	
Middle 5 per cent loan,	0	0	0	0
New 5 per Cent,	12	0	13	0
4 per Cent loan,	2	4	2	0

Bank Shares.

Bank of Bengal	[illegible]